ওঁ নমো ভগবতে বাসুদেবায়।

শ্রীমদ্ভগবদ্গীতা

মূল, অন্বয়, তৎসহ 'গীতা-বোধ-বিবর্দ্ধিনী' সংস্কৃত ব্যাখ্যা, বাঙ্গালা
প্রতিশব্দ, বাঙ্গালা ব্যাখ্যা, শঙ্করাচার্য্য, রামানুজ, হনুমান্ ও
বলদেবকৃত টীকা, আনন্দগিরি, শ্রীধর, মধুসূদন, নীলকণ্ঠ
ও বিশ্বনাথকৃত টীকা, যামুনমুনিকৃত 'গীতার্থসংগ্রহ'
ও বঙ্গানুবাদ, 'গীতার্থ-সার-দীপিকা' নামে প্রবি-
স্তৃত বাঙ্গালা তাৎপর্য্য, নানা শাস্ত্রীয় প্রমাণ
ও বহুবিধ টিপ্পনী সমেত।

বহু সদ্গুণালঙ্কৃত কাশিমবাজার অধিপতি শ্রীমন্ মহারাজ মণীন্দ্রচন্দ্র নন্দী
বাহাদুরের ব্যয়ে মুদ্রিত ও প্রচারিত।

তৃতীয় ষট্ক — জ্ঞানযোগ।

শ্রীযুক্ত দামোদর মুখোপাধ্যায় বিদ্যানন্দ এম, আর, এ, এস
কর্ত্তৃক সম্পাদিত ও

কলিকাতা, [illegible] প্রেস হইতে [illegible] প্রকাশিত।

কলিকাতা, ৩০৯ নং অপার চিৎপুর রোড,
“কৃষ্ণপ্রেসে”
শ্রীচতুর্ভুজ ভট্টাচার্য্য দ্বারা মুদ্রিত।

ত্রয়োদশোঽধ্যায়ঃ।

অর্জ্জুন উবাচ।

প্রকৃতিং পুরুষং চৈব ক্ষেত্রং ক্ষেত্রজ্ঞমেব চ।
এতদ্বেদিতুমিচ্ছামি জ্ঞানং জ্ঞেয়ঞ্চ কেশব ॥ ১ ॥

অন্বয়।—অর্জ্জুনঃ উবাচ (কথয়ামাস), হে কেশব। প্রকৃতিং (ত্রিগুণাত্মিকাং) পুরুষং (জীবং) চ এব ক্ষেত্রং ক্ষেত্রজ্ঞং এব চ জ্ঞানং জ্ঞেয়ং (জ্ঞাতব্যং) চ এতৎ [সর্ব্বং] বেদিতুং (জ্ঞাতুং) ইচ্ছামি (অভিলষামি) ॥ ১ ॥

প্রতিশব্দ।—অর্জ্জুন বলিলেন, হে কেশব! প্রকৃতি ও পুরুষ, ক্ষেত্র ও ক্ষেত্রজ্ঞ এবং জ্ঞান ও জ্ঞেয় এই [সমস্ত] জানিবার নিমিত্ত ইচ্ছা করি ॥ ১ ॥

ব্যাখ্যা।—অর্জ্জুন বলিলেন, হে কেশব! প্রকৃতি, পুরুষ, ক্ষেত্র, ক্ষেত্রজ্ঞ, জ্ঞান এবং জ্ঞেয় এই সকলের প্রকৃত তত্ত্ব জানিতে ইচ্ছা করি ॥ ১ ॥

বক্তব্য।—[এই শ্লোক এতদ্দেশ প্রচলিত শ্রীমদ্ভগবদ্গীতার প্রায় কোন সংস্করণেই নাই, এবং পূজ্যপাদ শঙ্করাচার্য্য, আনন্দগিরি, রামানুজাচার্য্য, হনুমান্, শ্রীধর প্রভৃতি কোন মহাত্মাই ইহার কোন ভাষ্য বা টীকা রচনা করেন নাই। বোম্বাই প্রদেশের কোন কোন সংস্করণে এই শ্লোক নিবদ্ধ আছে। আমাদিগের নিকটস্থ হস্তলিখিত একখানি সুপ্রাচীন পুঁথিতেও এই শ্লোক দৃষ্ট হইতেছে। বোম্বের একখানি পুস্তকে এই শ্লোক প্রক্ষিপ্ত বলিয়া অভিহিত হইয়াছে। পূজ্যপাদ শ্রীমদ্রাঘবেন্দ্রযতি এই শ্লোককে গ্রহণ করিয়াছেন, এবং ইহার বিবৃতি করিয়াছেন। নিম্নে যতিমহাত্মার বিবৃতি উদ্ধৃত হইল। গীতার শ্লোক সংখ্যা সাতশত বলিয়া সর্ব্বত্র প্রচার আছে। সুতরাং ইহাকে কোন ভাষ্য ও টীকাকার মহাত্মা তাহা স্বীকার করিয়াছেন। (এই

[illegible] স্বামীর সূচনা দ্রষ্টব্য) এই শ্লোক গ্রহণ না করিলে গীতার শ্লোক ৬৯৯ মাত্র হয়; সুতরাং এক শ্লোকের অভাব দৃষ্ট হয়। তথাপি তাঁহারা ও টীকাকার মহাত্মাগণ এ শ্লোকের আলোচনা কেন করেন নাই তাহা দুর্জ্ঞেয়। এই শ্লোক এ স্থলে রাখিলে কোনরূপ অসঙ্গতি ঘটে না। এই গীতা শাস্ত্রের যে যে স্থলে শ্রীভগবান্ কোন গুরুতর তত্ত্ব কথার অবতারণা করিয়াছেন, তৎপূর্ব্বেই তৎসম্বন্ধে আকাঙ্ক্ষাত্মক প্রশ্ন দৃষ্ট হইয়া থাকে। এস্থলেও সেইরূপ প্রশ্নের সমাবেশ কোন রূপেই যুক্তিবিরুদ্ধ নহে। অর্জ্জুন কৃত প্রশ্নের উত্তরে শ্রীভগবান্ আত্মতত্ত্ব বিষয়ক দুরবগাহ তত্ত্বকথার মীমাংসায় প্রবৃত্ত হইতেছেন, এই পদ্ধতিই গীতা শাস্ত্রে ধারাবাহিক রূপে অবলম্বিত রহিয়াছে। গীতা মাহাত্ম্যে লিখিত আছে; "সর্ব্বোপনিষদো গাবো দোগ্ধা গোপাল নন্দনঃ। পার্থো বৎসঃ সুধীর্ভোক্তা দুগ্ধং গীতামৃতং মহৎ॥" (ইহার তাৎপর্য্য পরিশিষ্ট দ্রষ্টব্য) এই স্থলে অর্জ্জুনকে বৎসরূপে উল্লেখ করা হইয়াছে। এই উপমার সার্থকতা এই যে, পয়স্বিনী গাভী আপনি দুগ্ধ প্রদান করে না, বৎস আকর্ষণ করিলে দুগ্ধ নিঃসৃত হয়। গীতারূপ পয়স্বিনী পার্থরূপ বৎস কর্ত্তৃক আকৃষ্ট হইয়াছে এবং গোপনন্দন রূপ শ্রীভগবান্ তাহা দোহন করিয়া জগতে প্রদান করিয়াছেন। সুতরাং বৎসের যেরূপ মাতৃস্তনে দুগ্ধ আনয়নের নিমিত্ত সবেগে মুখের উত্তোলনা করিতে হয়, তদ্রূপ বারংবার বিবিধ প্রশ্ন দ্বারা শ্রীভগবানকে তত্ত্বজ্ঞানামৃত প্রদান করা সম্বন্ধে উত্তেজিত করা অর্জ্জুনের পক্ষে অসঙ্গত নহে। বিশেষতঃ এই ত্রয়োদশ অধ্যায়ে অতি গুরুতর তত্ত্বের অবতারণা হইতেছে। অপিচ ইহা এক নূতন ষট্‌কের প্রারম্ভ স্থল। এ স্থানে অর্জ্জুন কৃত প্রশ্ন অত্যাবশ্যক। ইহার সূচনায় অর্জ্জুন কৃত কোন প্রশ্নের বিন্যাস না থাকিলে অঙ্গহীন বলিয়া বোধ হয়।]

রাঘবেন্দ্র কৃত বিবৃতি।—পূর্ব্বষট্‌কদ্বয়োক্তার্থসংগ্রহপরোঽয়মধ্যায়ঃ। তথাহি, যৎ প্রথমষট্‌কে ত্রৈগুণ্যবিষয়া বেদা ইত্যাদিনা প্রাচুর্য্যেণ জ্ঞানসাধন মাষষ্ঠসমাপ্তেরুক্তং। যচ্চ তত্র দ্বিতীয়েঽধ্যায়ে ন ত্বেবাহং জাতু নাসমিত্যাদিনা অনাদিনিত্যত্বাদিনা জীবস্বরূপমুক্তং। যচ্চ দ্বিতীয় ষট্‌কে ভগবৎস্বরূপমুক্তং যদপি সপ্তমে ভূমিরাপ ইত্যাদিনা ক্ষেত্রজ্ঞ শক্তিতঃ ভগবতো ঽঙ্গানমুক্তং তদিদং সর্ব্বং ত্রয়োদশে সর্ব্বমুমুক্ষোবোধার্থম্ সংক্ষিপ্যাস্মিন্নধ্যায়ে প্রশ্নপূর্ব্বকম্ প্রদর্শয়তে প্রকৃতিমিত্যাদিনা। পুরুষম্ জীবম্, জ্ঞানম্ জ্ঞানসাধনং॥ ১॥

নীলকণ্ঠ।—প্রকৃতিমিতি॥ ১॥

তাৎপর্য্য।—অতীত ষট্‌কদ্বয়ের অর্থাবধারণ অর্থাৎ নানাস্থানে বিক্ষিপ্ত নানাভাব একত্র সংগ্রহ করাই বর্ত্তমান (ত্রয়োদশ) অধ্যায়ের লক্ষ্য। প্রথম ষট্‌কে "ত্রৈগুণ্য বিষয়াবেদা" (২য় অধ্যায় ৪৫ শ্লোক) হইতে ষষ্ঠ অধ্যায়ের সমাপ্তি পর্য্যন্ত জ্ঞান সাধনের আবশ্যকতা প্রচুররূপে কথিত হইয়াছে। অপিচ "নত্বেবাহং জাতুনাসং" (২য় অধ্যায় ১২ শ্লোক) ইত্যাদি বাক্য দ্বারা জীবের অনাদিত্ব ও নিত্যস্বরূপত্ব কীর্ত্তিত হইয়াছে। অপিচ

দ্বিতীয় ষট্‌কে অর্থাৎ সপ্তম হইতে দ্বাদশ পর্য্যন্ত অধ্যায় নিচয়ে শ্রীভগবানের স্বরূপ ব্যাখ্যাত হইয়াছে। সপ্তম অধ্যায়স্থিত "ভূমিরাপোঽনলোবায়ুঃ" (৪ শ্লোক) ইত্যাদি বাক্যে ক্ষেত্রজ্ঞ শব্দাভিহিত শ্রীভগবানের আবাস স্থান নিরূপিত হইয়াছে। ইত্যাদি ভাব বিকীর্ণরূপে নানাস্থানে পরিব্যক্ত হইয়াছে। এক্ষণে সংক্ষেপে তৎসমস্তের মর্ম্মাহরণ পূর্ব্বক এক স্থানে নির্দ্ধারণ করিবার অভিপ্রায়ে অর্জ্জুনকৃত এই প্রশ্নের অবতারণা হইয়াছে।

অর্জ্জুন পূর্ব্বে বিবিধভাবে ভগবানের উপদেশ সমূহ শ্রবণ করিয়া আসিতেছেন। কিন্তু তত্ত্বাবতের সামঞ্জস্য পূর্ব্বক চরম জ্ঞাতব্য পরিজ্ঞানের নিমিত্ত বলবতী বাসনার উদ্ভব হওয়া সুসঙ্গত। সেইরূপ বাসনার প্রাবল্যে তিনি জিজ্ঞাসিতেছেন, হে কেশব! তুমি চিরদিনই দুষ্টদমনে ও অসুরহননে সিদ্ধহস্ত। আমার অজ্ঞানরূপ অসুর এবং পরম শত্রু তুমি নাশ করিয়াছ। অতএব তুমিই পুনরায় প্রকৃতি ও পুরুষের তত্ত্ব, ক্ষেত্র ও ক্ষেত্রজ্ঞের নিরূপ[illegible] কোন্তেয়! কতত্রাণাৎ [illegible]পদেশ প্রদান করিয়া [illegible] এবং জ্ঞান ও জ্ঞেয় পদার্থ সম্বন্ধে [illegible] কথাতে [illegible]চার্থ কর।

পূর্ব্বে দ্বাদশ অধ্যায়ের উপসংহার কালে কতিপয় শ্লোকে শ্রীভগবান্ [illegible] সকল তত্ত্বোপদেশ প্রদান করিয়াছেন, তাহাতে অর্জ্জুন স্বকীয় চিত্তবৃ[illegible] সমূহকে সম্পূর্ণরূপে আয়ত্তাধীন করিবার আবশ্যকতা অনুভব করিয়াছেন এবং মনকে সর্ব্ব ব্যাপার হইতে বিনিবৃত্ত করিয়া একান্তভাবে ভগবদভিমুখ করিবার প্রয়োজনীয়তা উপলব্ধি করিয়াছেন। কিন্তু তদ্দ্বারা এই দেহ ব এই দেহমধ্যস্থ জীবের সম্বন্ধে কোনই পরিজ্ঞান হইতেছে না। প্রকৃতি এবং পুরুষের সম্মিলনে এই সৃষ্টি প্রবাহ ধারাবাহিক রূপে চলিয়া আসিতেছে। তাহার মর্ম্ম জানিতে অবশ্যই একান্ত আগ্রহ জন্মিতে পারে। এবং লব্ধজ্ঞানের দ্বারা জ্ঞাতব্যের সহিত সম্বন্ধস্থাপনের অবশ্যই আগ্রহ জন্মিতে পারে। সেই আগ্রহের নিমিত্তই অর্জ্জুনের এই প্রশ্ন ॥ ১ ॥

পূজ্যপাদ শ্রীমৎ শ্রীধরস্বামীর প্রারম্ভ বাক্য। ভক্তগণের আমি উদ্ধার কর্ত্তা, ভগবান্ পূর্ব্বে এইরূপ যে প্রতিজ্ঞা করিয়াছেন, এক্ষণে ত্রয়োদশাধ্যায়ে তৎ[illegible]র নিমিত্ত তত্ত্বজ্ঞান বিবৃত করিতেছেন।

পূজ্যপাদ শ্রীমদ্বলদেব বিদ্যাভূষণের প্রারম্ভ বাক্য। যে সকল [illegible] [illegible] ষট্‌কে কথিত হইয়াছে, তাহাই এই অন্তিম ষট্‌কে বিশদীকৃত [illegible]

তেছে। পূর্ব্বোপদিষ্ট ভক্তিমার্গে জ্ঞানই দ্বারস্বরূপ। এই হেতু ত্রয়োদশাধ্যায়ে দেহ, জীব এবং ঈশ্বরের বিজ্ঞান কথিত হইতেছে।

পূজ্যপাদ শ্রীমন্মধুসূদনের প্রারম্ভ বাক্য। ধ্যানাভ্যাসের দ্বারা আয়ত্তীকৃত মন সহকারে যোগপরায়ণগণ যদি কিছু নির্গুণ নিষ্ক্রিয় পরম জ্যোতি পদার্থ দেখিতে সমর্থ হন, তাহাই তাঁহারা দেখিতে থাকুন। কিন্তু আমাদিগের পক্ষে কালিন্দীকূলে বিচরণশীল পুরুষ যেন চিরদিন লোচন চমৎকারিত্ব বিধান করেন।

পূজ্যপাদ শ্রীমদ্বিশ্বনাথের প্রারম্ভবাক্য। যে ভগবদ্ভক্তির কৃপায় জ্ঞানাদি সাধন সহকারে ব্রহ্মনিষ্ঠার সার্থকতা লাভ করা যায়; সেই ভগবদ্ভক্তিকে নমস্কার। এই তৃতীয় ষট্‌কে জ্ঞানমিশ্রা ভক্তির তত্ত্ব নিরূপিত হইতেছে। তন্মধ্যে সুকৌশলে কেবল ভক্তির উৎকর্ষও পরিকীর্ত্তিত হইতেছে। ত্রয়োদশাধ্যায়ে শরীর, জীবাত্মা, পরমাত্মা, জ্ঞানের সাধন এবং প্রকৃতি পুরুষের তত্ত্ব বিবেচিত হইতেছে।

——:(০):——

শ্রীভগবানুবাচ।

ইদং শরীরং কৌন্তেয়! ক্ষেত্রমিত্যভিধীয়তে।
এতদ্‌যো বেত্তি তং প্রাহুঃ ক্ষেত্রজ্ঞমিতি তদ্বিদঃ ॥২॥

অন্বয়।—শ্রীভগবান্ উবাচ, হে কৌন্তেয়! ইদং শরীরং ক্ষেত্রং ইতি অভিধীয়তে (কথ্যতে) যঃ এতৎ (ক্ষেত্রং) বেত্তি (মম ইতি মন্যতে) তদ্বিদঃ (ক্ষেত্রক্ষেত্রজ্ঞয়োর্ব্বিবেকিনঃ) তং ক্ষেত্রজ্ঞং ইতি প্রাহুঃ (বদন্তি) ॥ ২ ॥

প্রতিশব্দ।—শ্রীভগবান্ বলিলেন, হে কৌন্তেয়! এই শরীর ক্ষেত্র এইরূপ অভিহিত হয়। যিনি এই ক্ষেত্রকে আমার বলিয়া অনুভব করেন, ক্ষেত্র-ও-ক্ষেত্রজ্ঞের-বিবেকিগণ তাঁহাকে ক্ষেত্রজ্ঞ এইরূপ বলেন ॥ ২ ॥

ব্যাখ্যা।—শ্রীভগবান্ বলিলেন, হে কৌন্তেয়! এই ভোগায়তন দেহ ক্ষেত্র নামে অভিহিত হইয়া থাকে, এবং যিনি এতন্মধ্যস্থ হইয়া ইহাকে আমার আমি ইত্যাদি রূপে অনুভব করেন, তত্ত্ববিদ্গণ তাঁহাকে ক্ষেত্রজ্ঞ বলিয়া থাকেন ॥ ২ ॥

শঙ্করাচার্য্য।—সপ্তমেঽধ্যায়ে সূচিতে দ্বে প্রকৃতী ঈশ্বরস্য ত্রিগুণাত্মিকাষ্টধা ভিন্নাঽপরা সংসারহেতুত্বাৎ, পরা চান্যা জীবভূতা ক্ষেত্রলক্ষণা ঈশ্বরাত্মিকা যাভ্যাং প্রকৃতিভ্যাং ঈশ্বরো জগদুৎপত্তিস্থিতিলয়হেতুত্বং প্রতিপদ্যতে, তত্র ক্ষেত্রক্ষেত্রজ্ঞলক্ষণপ্রকৃতিদ্বয়নিরূপণদ্বারেণ তদ্বত ঈশ্বরস্য তত্ত্বনির্দ্ধারণার্থং ক্ষেত্রাধ্যায় আরভ্যতে। অতীতানন্তরাধ্যায়ান্তে চ অদ্বেষ্টা সর্ব্বভূতানামিত্যাদিনা যাবদধ্যায়পরিসমাপ্তিস্তাবত্তত্ত্বজ্ঞানিনাং সন্ন্যাসিনাং নিষ্ঠা যথা তে বর্ত্তন্তে ইত্যেতদুক্তং কেন পুনস্তে তত্ত্বজ্ঞানেন যুক্ত [illegible]থোক্তধর্ম্মাচরণাৎ ভগবতঃ প্রিয়াঃ ভবন্তীত্যেবমর্থশ্চায়মধ্যায় আরভ্যতে প্রকৃতিশ্চ ত্রিগুণা[illegible] সর্ব্বকার্য্যকরণবিষয়াকারেণ পরিণতা পুরুষস্য ভোগাপবর্গার্থকর্ত্তব্যতয়া দেহেন্দ্রিয়াদ্যাকারেণ সংহন্যতে সোঽয়ং সংঘাত ইদং শরীরং, তদেতৎ ভগবানুবাচ ইদমিতি। ইদং ইতি সর্ব্বনাম্নোক্তং বিশিনষ্টি শরীরমিতি। হে কৌন্তেয়! ক্ষতত্রাণাৎ ক্ষয়াৎ ক্ষরণাৎ ক্ষেত্রবদ্বাস্মিন্ কর্ম্মফলনির্ব্বৃত্তেঃ ক্ষেত্রমিতীতিশব্দঃ এবংশব্দপদার্থকঃ ক্ষেত্রমিত্যেবমভিধীয়তে কথ্যতে এতৎ শরীরং ক্ষেত্রং যোবেত্তি বিজানাতি আপাদতলমস্তকং জ্ঞানেন বিষয়ীকরোতি স্বাভাবিকেন ঔপদেশিকেন বা বেদনেন বিষয়ীকরোতি বিভাগশস্তং বেদিতারং প্রাহুঃ কথয়ন্তি ক্ষেত্রজ্ঞ ইতিশব্দঃ এবংশব্দপদার্থক এব পূর্ব্ববং ক্ষেত্রজ্ঞ ইত্যেবমাহুঃ কে তদ্বিদস্তৌ ক্ষেত্রক্ষেত্রজ্ঞৌ যে বিদন্তি তদ্বিদঃ ॥২॥

আনন্দগিরি।—প্রথমমধ্যমযোঃ ষটকয়োস্তং তৎপদার্থাবুক্তৌ অন্তিমস্তু ষটকোবাক্যার্থনিষ্ঠঃ সম্যগ্ধীপ্রধানোঽধুনারভ্যতে তত্র ক্ষেত্রাধ্যায়মন্তিমষটকাদ্যমবতিতারয়িষুর্ব্যবহিতং বৃত্তম্ কীর্ত্তয়তি সপ্তমইতি। প্রকৃতিদ্বয়স্য স্বাতন্ত্র্যম্ বারয়তি ঈশ্বরস্যেতি ভূমিরিত্যাদিনোক্তা সত্ত্বাদিরূপা প্রকৃতিরপরেত্যত্র হেতুমাহ সংসারেতি। ইতস্ত্বন্যামিত্যাদিনোক্তাম্ প্রকৃতিমনুক্রামতি পরাচেতি। পরত্বে হেতুং সূচয়তি ঈশ্বরাত্মিকেতি। কিমর্থমীশ্বরস্য প্রকৃতিদ্বয়মিত্যাশঙ্ক্য কারণত্বার্থমিত্যাহ যাভ্যামিতি। বৃত্তমনূদ্য বর্ত্তিষ্যমাণাধ্যায়ারম্ভপ্রকারমাহ তত্রেতি। ব্যবহিতেন সম্বন্ধমুক্ত্বাঽব্যবহিতেন তং বিবক্ষুরব্যবহিতমনুবদতি অতীতেতি। নিষ্ঠোক্তেতি সম্বন্ধঃ। নিষ্ঠামেব ব্যাচষ্টে যথেতি। বর্ত্তন্তে ধর্ম্মজাতমনুতিষ্ঠন্তি তথা পূর্ব্বোক্তেন প্রকারেণ সর্ব্বমুক্তমিতি যোজনা। অব্যবহিতমেবমনূদ্য তেনোত্তরস্য সম্বন্ধং সঙ্গিরতে কেনেতি। তত্ত্বজ্ঞানোক্তেরুক্তার্থেন সমুচ্চয়ার্থশ্চকারঃ। জীবানাং সুখদুঃখাদিভেদভাজাং প্রতিক্ষেত্রম্ভিন্নানাং নাক্ষরেণৈক্যমিত্যাশঙ্ক্য সংসারস্য আত্মধর্ম্মম্ নিরাকৃত্য সংঘাতনিষ্ঠত্বং বক্তুং সংঘাতোৎপত্তিপ্রকারমাহ প্রকৃতিশ্চেতি। ভোগশ্চাপবর্গশ্চার্থৌ তয়োরেব কর্ত্তব্যতয়েতি যাবৎ। নবনবশ্লোকে শরীরনির্দ্দেশাৎ তস্যোৎপত্তিঃ [illegible] কিমিতি সংঘাতস্তোচ্যন্তে তত্রাহ সোঽয়মিতি। উক্তেঽর্থে ভগবদ্বচনমবতারয়তি তদেত-

দিতি। তত্র দ্রষ্টৃত্বেন সংঘাতদৃশ্যাদন্যমাত্মানম্ নির্দ্দিশতি ইদমিতি। উক্তং প্রত্যক্ষদৃশ্যবিশিষ্টং কিঞ্চিদিতশেষঃ। শরীরস্যাত্মনোঽন্যত্বং ক্ষেত্রনামনিরুক্ত্যা ক্রতে ক্ষতেত। ক্ষয়োনাশঃ ক্ষরণমপক্ষয়ঃ যথা ক্ষেত্রে বীজমুপ্তং ফলতি তদ্বদিত্যাহ ক্ষেত্রবদ্বেতি। ক্ষেত্রপদাদুপরিস্থিতমিতি পদং ক্ষেত্রশব্দবিষয়মন্যথা বৈয়র্থ্যাদিত্যাহ ইতি শব্দইতি। ক্ষেত্রমিত্যেবমনেন ক্ষেত্রশব্দেনেত্যর্থঃ। দৃশ্যং দেহমুক্ত্বা ততোঽতিরিক্তং দ্রষ্টারমাহ এতদিতি। স্বাভাবিকং মনুষ্যোঽহমিতি জ্ঞানং ঔপদেশিকং দেহোনাত্মা দৃশ্যত্বাদিত্যাদিবিভাগশঃ স্বতোঽতিরিক্তত্বেনেত্যর্থঃ। ক্ষেত্রমিত্যত্রেতিশব্দবদত্রাপীতিশব্দস্য ক্ষেত্রজ্ঞশব্দবিষয়ত্বমাহ ইতি শব্দইতি। ক্ষেত্রজ্ঞইত্যেবং ক্ষেত্রজ্ঞশব্দেন তং প্রাহুরিতি সম্বন্ধং প্রবক্ষ্যন্ প্রশ্নপূর্ব্বকমাহ কে ইত্যাদিনা॥ ২॥

রামানুজ।—পূর্ব্বস্মিন্ ষট্কে পরমপ্রাপ্যস্য পরস্য ব্রহ্মণো ভগবতো বাসুদেবস্য প্রাপ্ত্যুপায়ভূত ভক্তিরূপভগবদুপাসনাঙ্গভূতং প্রাপ্তুঃ প্রত্যগাত্মনো যাথাত্ম্যদর্শনম্ জ্ঞানযোগকর্ম্মযোগলক্ষণনিষ্ঠাদ্বয়সাধ্যমুক্তম্। মধ্যমে চ পরমপ্রাপ্যভূত ভগবত্তত্ত্বযাথাত্ম্যতন্মাহাত্ম্যজ্ঞানপূর্ব্বৈকান্তিকাত্যন্তিকভক্তিযোগনিষ্ঠা প্রতিপাদিতা অতিশয়িতৈশ্বর্য্যাপেক্ষাণামাত্মকৈবল্যমাত্রপেক্ষাণাং চ ভক্তিযোগস্তত্তদপেক্ষিত সাধনমিতি চোক্তম্। ইদানীমুপরিতনষট্কে প্রকৃত পুরুষতৎসংসর্গরূপ প্রপঞ্চেশ্বরযাথাত্ম্যকর্ম্মজ্ঞানভক্তিস্বরূপতদুপাদানপ্রকারাশ্চ ষট্কদ্বয়োদিতা বিশোধ্যন্তে। তত্র তাবত্ত্রয়োদশে দেহাত্মনোঃ স্বরূপং দেহযাথাত্ম্যশোধনং দেহবিযুক্তাত্মপ্রাপ্ত্যুপায়বিবিক্তাত্মস্বরূপসংশোধনং তথাবিধস্যাত্মনশ্চাচিৎসংবন্ধনহেতুস্ততো বিবেকানুসন্ধানপ্রকারশ্চোচ্যন্তে। ইদং শরীরং দেবোঽহং মনুষ্যোঽহং স্থূলোঽহং কৃশোঽহমিত্যাত্মনা ভোক্ত্রা সহ সামানাধিকরণ্যেন প্রতীয়মানং ভোক্তুরাত্মনোঽর্থান্তরভূতং তস্য ভোগক্ষেত্রমিতি শরীরযাথাত্ম্যবিত্তিরভিধীয়তে এতদবয়বশঃ সংঘাতরূপেণ চেদমহং বেদ্মি ইতি যো বেত্তি তং বেদ্যভূতাদস্মাদ্বেদিতৃত্বেনার্থান্তরভূতং ক্ষেত্রজ্ঞ ইতি তদ্বিদঃ আত্মযাথাত্ম্যবিদঃ প্রাহুঃ। যদ্যপি দেহব্যতিরিক্ত ঘটাদ্যর্থানুসন্ধানবেলায়াং দেবোঽহং মনুষ্যোঽহং ঘটাদিকং জানামীতি দেহসামানাধিকরণ্যেন জ্ঞাতারমাত্মান মনুসংধত্তে তথাপি দেহানুভববেলায়াং দেহমপি ঘটাদিকমিব ইদমহং বেদ্মীতি বেদ্যতয়া বেদিতা অনুভবতীতি বেদিতুরাত্মনো বেদ্যতয়া শরীরমপি ঘটাদিবদর্থান্তরভূতম্ তথা ঘটাদেরিব বেদ্যভূতাচ্ছরীরাদপি বেদিতা ক্ষেত্রজ্ঞোঽর্থান্তরভূতঃ সামানাধিকরণ্যেন প্রতীতিস্তু বস্তুতস্তু শরীরস্য গোত্বাদিবদাত্মবিশেষণৈকস্বভাবতয়া তদপৃথক্সিদ্ধেরুপপন্না। তত্র বেদিতুরসাধারণাকারস্য চক্ষুরাদি করণাবিষয়ত্বাদ্যোগসংস্কৃত মনোবিষয়ত্বাচ্চ প্রকৃতি সন্নিধানাদেব মূঢ়াঃ প্রকৃতাকারমেব চ বেদিতারং পশ্যন্তি তথাচ বক্ষ্যতি।" উৎক্রামন্তং স্থিতং বাপি ভুঞ্জানং বা গুণান্বিতং। বিমূঢ়া নানুপশ্যন্তি পশ্যন্তি জ্ঞানচক্ষুষঃ।" ইতি॥ ২॥

হনুমান্।—ভূম্যাদি অত্রিবিধা প্রকৃতিরিত্যপরেশ্বরস্য শক্তিরূপা প্রতিপাদিতা ভূমিরাপোইত্যাদিনাগ্রন্থেনেশ্বরস্য স্বরূপভূতা জীবভূতাচ পরা প্রকৃতিঃ প্রতিপাদিতা অপরেয়মিতস্ত্বন্যাং ইত্যাদিনা গ্রন্থেন, তত্র তৎপ্রকৃতিদ্বয়ং ক্ষেত্র ক্ষেত্রজ্ঞ রূপমিশ্বরস্য স্বরূপাববোধার্থমেব যথাবদর্জ্জুনায় বক্ষ্যামীতি সর্ব্বং তদিদিতি প্রবৃত্তং ক্ষেত্রজ্ঞং নির্দ্দিশতি॥ ২। ৩॥

শ্রীধর।—ভক্তানামহমুদ্ধর্ত্তা সংসারাদিত্যবাদি যৎ। ত্রয়োদশেহথ তৎসিদ্ধৌ তত্ত্বজ্ঞানমুদীর্য্যতে॥ "তেষামহং সমুদ্ধর্ত্তা মৃত্যুসংসারসাগরাৎ। ভবামি ন চিরাৎ পার্থে"তি পূর্ব্বং প্রতিজ্ঞাতং ন চাত্মজ্ঞানং বিনা সংসারোদ্ধরণং সম্ভবতীতি তত্ত্বজ্ঞানোপদেশার্থং প্রকৃতিপুরুষবিবেকাধ্যায় আরভ্যতে, তত্র যৎ সপ্তমাধ্যায়ে অপরা চেতি প্রকৃতিদ্বয়মুক্তং যয়োরবিবেকাজ্জীবভাবমাপন্নস্য চিদংশস্যায়ং সংসারঃ, যাভ্যাঞ্চ জীবোপভোগার্থমীশ্বরস্য সৃষ্ট্যাদিষু প্রবৃত্তিস্তদেব প্রকৃতিদ্বয়ং ক্ষেত্রক্ষেত্রজ্ঞশব্দবাচ্যং পরস্পরবিভক্তং তত্ত্বতো নিরূপয়িষ্যন্ শ্রীভগবানুবাচ ইদমিতি। ইদং ভোগায়তনং শরীরং ক্ষেত্রমিত্যভিধীয়তে সংসারস্য প্ররোহভূমিত্বাৎ এতদ্যোবেত্তি অহং মমেতি মন্যতে, তং ক্ষেত্রজ্ঞং প্রাহুঃ কৃষীবলবত্তৎফলভাক্ত্বাৎ তদ্বিদঃ ক্ষেত্রক্ষেত্রজ্ঞয়োর্ব্বিবেকজ্ঞাঃ॥ ২॥

বলদেব।—কথিতাঃ পূর্ব্বষট্কাভ্যামর্থাজ্জীবাদয়োহত্র যে। স্বরূপাণি বিশোধ্যন্তে তেষাং ষট্কেহন্তিমে স্ফুটম্॥ ভক্তৌ পূর্ব্বোপদিষ্টায়াং জ্ঞানং দ্বারং ভবত্যতঃ। দেহজীবেশবিজ্ঞানং তদ্বক্তব্যং ত্রয়োদশে॥ আদ্যষট্কে নিষ্কামকর্ম্মসাধ্যং জীবাত্মজ্ঞানং পরমাত্মজ্ঞানোপযোগিতয়া দর্শিতং। মধ্যষট্কে তু ভক্তিশব্দিতং পরমাত্মোপাসনং তন্মহিমনিগদপূর্ব্বকঃ উপদিষ্টং। তচ্চ কেবলং তত্ত্বশ্রুতাকরং সত্ত্বং প্রাপকং। আর্ত্তাদীনাং তু তমুপাসীনানামার্ত্তিবিনাশাদিকরং তদেকান্তিপ্রসঙ্গেন কেবলং সত্ত্বং প্রাপকঞ্চ। যোগেন জ্ঞানেন চোপসৃষ্টং স্বৈশ্বর্য্য প্রধানতদ্রূপোপলম্ভকং মোচকং চেত্যুক্তং। তথাস্মিন্নন্ত্যষট্কে প্রকৃতিপুরুষতৎসংযোগতৎকজগত্তদীশ্বরস্বরূপাণি কর্ম্মজ্ঞানভক্তিস্বরূপাণি চ বিবিচ্যন্তে। জ্ঞানবৈশদ্যায় এতাবত্ত্রয়োদশেহস্মিন্নধ্যায়ে দেহজীবপরেশস্বরূপাণি বিবেচনীয়ানি দেহাদিবিবিক্তস্যাপি জীবাত্মনো দেহসম্বন্ধহেতুস্তদ্বিবেকানুসন্ধিপ্রকারশ্চ বিমর্শনীয়ঃ। তদিদমর্থজাতমভিধাতুং ভগবানুবাচ ইদমিতি। হে কৌন্তেয় ইদং সেন্দ্রিয়প্রাণং শরীরং ভোক্তুর্জীবস্য ভোগ্যসুখদুঃখাদিপ্ররোহকত্বাৎ ক্ষেত্রমিত্যভিধীয়তে তত্ত্বজ্ঞৈঃ। এতচ্ছরীরং দেবোহহং মানবোহহং স্থূলোহহং কৃশোহহমিত্যজ্ঞৈরাত্মভেদেন প্রতীয়মানমপি যঃ শয্যাসনাদিবদাত্মনো ভিন্নমাত্মভোগমোক্ষসাধনঞ্চ বেত্তি তং বেদ্যাচ্ছরীরাত্তদ্বেদিতৃতয়া ভিন্নং তদ্বিদঃ ক্ষেত্রক্ষেত্রজ্ঞস্বরূপজ্ঞাঃ ক্ষেত্রজ্ঞ ইতি প্রাহুঃ। ভোগমোক্ষসাধনত্বং শরীরস্যোক্তং শ্রীভাগবতে। "অদন্তি চৈকং ফলমস্য গৃধ্রা গ্রামেচরা একমরণ্যবাসাঃ। হংসা য একং বহুরূপমিজ্যৈর্মায়াময়ং বেদ স বেদ বেদ" মিতি। শরীরাত্মবাদী তু ক্ষেত্রজ্ঞো ন ক্ষেত্রত্বেন তজ্জ্ঞানাভাবাৎ॥ ২॥

মধুসূদন।—"ধ্যানাভ্যাসবশীকৃতেন মনসা তন্নির্গুণং নিষ্ক্রিয়ং জ্যোতিঃ কিংচন যোগিনো যদি পরং পশ্যন্তি পশ্যন্তু তে। অস্মাকং তু তদেব লোচনচমৎকারায় ভূয়াচ্চিরং কালিন্দীপুলিনেষু যৎ কিমপি তন্নীলং তমোধাবতি॥ প্রথমমধ্যষট্কয়োস্তত্ত্বং পদার্থাবুক্তাবুত্তরস্য ষট্কো বাক্যার্থনিষ্ঠঃ সম্যগধী প্রধানোহধুনারভ্যতে, তত্র তেষামহং সমুদ্ধর্ত্তা মৃত্যুসংসারসাগরাদ্ভবামীতি প্রাগুক্তং, ন চাত্মজ্ঞানমন্তরেণাম্ভূতোরাত্মজ্ঞানং বিনোদ্ধরণং সংভবতি অতো যাদৃশেনাত্মজ্ঞানেন মৃত্যুসংসারনিবৃত্তির্যেন চ তত্ত্বজ্ঞানেন যুক্তস্যাদ্বেষ্টৃত্বাদিগুণশালিনঃ সংন্যাসিনঃ প্রাগ্ব্যাখ্যাতাস্তদাত্মতত্ত্বজ্ঞানং বক্তব্যং তচ্চাদ্বিতীয়েন পরমাত্মনা সহ জীবস্যাভেদমেব বিষয়ীকরোতি তদ্ভেদভ্রমহেতুত্বাৎ সর্ব্বানর্থস্য তত্র জীবানাং সংসারিণাং প্রতিক্ষেত্রং ভিন্নানামসংসারিণৈকেন পরমাত্মনা কথমভেদঃ স্যাদিত্যাশঙ্কায়াং

সংসারস্য ভিন্নত্বস্য চাবিদ্যাকল্পিতানাত্মধর্ম্মত্বান্ন জীবস্য সংসারিত্বং ভিন্নত্বং চেতি বচনীয়ং, তদর্থং দেহেন্দ্রিয়ান্তঃকরণেভ্যঃ ক্ষেত্রেভ্যো বিবেকেন ক্ষেত্রজ্ঞঃ পুরুষোজীবঃ প্রতিক্ষেত্রমেক এব নির্ব্বিকারঃ ইতি প্রতিপাদনায় ক্ষেত্রজ্ঞবিবেকঃ ক্রিয়তেঽস্মিন্নধ্যায়ে, তত্র যে দ্বে প্রকৃতী ভূম্যাদিক্ষেত্ররূপতয়া জীবরূপক্ষেত্রজ্ঞতয়া চাপরপরশব্দবাচ্যে সপ্তমাধ্যায়ে সূচিতে তদ্বিবেকেন তত্ত্বং নিরূপয়িষান্ শ্রীভগবানুবাচ ইদমিতি। ইদং ইন্দ্রিয়ান্তঃকরণসহিতং ভোগায়তনং শরীরং, হে কৌন্তেয়! ক্ষেত্রমিত্যভিধীয়তে সর্ব্বস্যৈবাস্মিন্নহমসকৃৎকর্ম্মণঃ ফলস্য নিবৃত্তিঃ এতদ্যোবেত্তি অহং মমেত্যভিমন্যতে তং ক্ষেত্রজ্ঞমিতি প্রাহুঃ কৃষীবলবত্তৎফলভোক্তৃত্বাৎ তদ্বিদঃ ক্ষেত্রক্ষেত্রজ্ঞয়োর্ব্বিবেকবিদঃ। (অত্র চাভিধীয়ত ইতি কর্ম্মণি প্রয়োগেণ ক্ষেত্রস্য জড়ত্বাৎ কর্ম্মত্বং ক্ষেত্রজ্ঞশব্দে চ দ্বিতীয়াং বিনৈবেতি শব্দমাহরন্ স্বপ্রকাশত্বাৎ কর্ম্মত্বাভাবমভিপ্রৈতি, তত্রাপি ক্ষেত্রং যৈঃ কৈশ্চিদপ্যভিধীয়তে ন তত্র কর্ত্তৃগতবিশেষাপেক্ষা ক্ষেত্রজ্ঞং তু কর্ম্মত্বমন্তরেণৈব বিবেকিন এবাহুঃ স্থূলদৃশামগোচরত্বাদিতি কথয়িতুং বিলক্ষণবচনব্যক্তৌ কত্র কর্ত্তৃপদোপাদানেন চ নির্দ্দিশতি ভগবান্) ॥ ২ ॥

নীলকণ্ঠ।—নন্থ "অব্যক্তোঽয়মচিন্ত্যোঽয়মবিকার্য্যোঽয় মুচ্যতে" ইতি "নিত্যঃ সর্ব্বগতঃ স্থাণুরচলোঽয়ং সনাতন" ইতি দ্বিতীয়ে ত্বংপদার্থ স্বরূপমুক্তং, তথা দ্বাদশে "যে ত্বক্ষর মনির্দ্দেশ্যমব্যক্তং পর্য্যুপাসতে, সর্ব্বত্রগ মচিন্ত্যঞ্চ কূটস্থমচলং ধ্রুব" মিতি তৎপদার্থস্বরূপমুক্তং, ন তয়োর্ভেদঃ সম্ভবতি লক্ষণৈক্যাৎ, লক্ষণং হি তয়োরব্যক্তত্বমচিন্ত্যত্বমচলত্বং চেত্যাদি সমানং, নচ দ্বয়োঃ সর্ব্বগতত্বং সম্ভবতি অন্যোন্য ব্যাবৃত্তত্বেনাসর্ব্বগতত্বাপত্তেঃ, নচ লক্ষণভেদাভাবেঽপি তত্তদাত্মগতা বিশেষাঃ সন্তি যে মুক্তাত্মনাং জীবেশয়োশ্চান্যোন্য ভেদমাহন্তি স্বাত্মানঞ্চ স্বাশ্রয়াৎ স্বয়মেব ব্যাবর্ত্তয়ন্তীতি বাচ্যং বিশেষাণাং সত্ত্বে প্রমাণাভাবাৎ, নন্থমা সন্তু বিশেষাঃ বন্ধমোক্ষাদিব্যবস্থান্যথানুপপত্ত্যা তু নির্ব্বিশেষেষ্বপি পুরুষেষু ভেদঃ সিদ্ধ্যতি যথোক্তং সাংখ্যবৃদ্ধৈঃ, "জন্মমরণকারণানাং প্রতিনিয়মাদযুগপৎ প্রবৃত্তেশ্চ পুরুষবহুত্বং সিদ্ধং ত্রৈগুণ্যবিপর্য্যয়াচ্চৈবেতি" জন্মাদি ব্যবস্থাতঃ যুগপৎ প্রবৃত্ত্যদর্শনাৎ সাত্ত্বিকরাজসাদিভেদাচ্চ ন পুরুষৈক্যমিত্যর্থঃ ন ব্যাপকানেকাত্মবাদে ভোগসাঙ্কর্য্যপ্রসঙ্গাৎ, নহ্যেকত্রান্তঃকরণে সুখাদিরূপেণ পরিণতে তৎপ্রতিসংবেদী এক এব চেতন ইতি নিয়মিতুমশক্যং সর্ব্বেষাং সান্নিধ্যাবিশেষে প্রতিসংবেদনাপত্তেরবর্জ্জনীয়ত্বাৎ শ্রোত্রস্যৈকস্যাপি কর্ণশষ্কুলীরূপোপাধিভেদাদিবান্তঃকরণরূপোপাধিভেদাৎ একস্যাপ্যাত্মনঃ শব্দগ্রহব্যবস্থাবজ্জন্মাদি ব্যবস্থাপি সেৎস্যতীতি ন পুরুষবহুত্বং বক্তব্যং, ততশ্চ জীবেশয়োর্লক্ষণৈক্যাদভেদে সিদ্ধে কিমুত্তরগ্রন্থেনেতি তৎপ্রতিপাদনার্থেনেতি চেৎ সত্যং "যত্র ত্বস্য সর্ব্বমাত্মৈবাভূত্তৎ কেন কং পশ্যেৎ" ইতি শ্রুতে র্ব্বিদ্যাবস্থায়াং ভেদাভাবেঽপি অবিদ্যাবস্থায়াং "অন্তঃপ্রবিষ্টঃ শাস্তা জনানাং, এষহ্যেব সাধুকর্ম্ম কারয়তি তং যমেভ্যো লোকেভ্য উন্নিনীষত" ইতি ব্যবহারদশায়াং শাস্তৃশাসিতৃভাবেন কর্ত্তৃকারয়িতৃভাবেন চ প্রসক্তস্য জীবেশ্বরয়োর্ভেদস্য নিরাসার্থত্বাৎ উত্তরগ্রন্থস্যারম্ভ উপপদ্যতে, তত্রাস্মৎপদোক্তেন তৎপদার্থেন ন স্বহাস্যাভেদং বক্তুং যোগ্যতার্থে ভাস্যভাসক ভাবেন ক্ষেত্রাৎ ক্ষেত্রজ্ঞস্য কুম্ভাত্তাম্বত ইব বিবেকং দর্শয়তি ইদমিতি। ইদমাত্মত্বেন ভাস্যং ঘটাদ্যহঙ্কারান্তং শরীরং বিশরণধর্ম্মি হে কৌন্তেয়! ক্ষেত্রং ক্ষিণোত্যাত্মানমবিদ্যয়া ত্রায়তে চ

বিস্তয়েতি ক্ষেত্রং কর্ম্ম বীজপ্ররোহস্থানং ক্ষেত্রশব্দেনোচ্যতে, এতদ্যো বেত্তি ভাসয়তি চিদাত্মানং ক্ষেত্রজ্ঞ ইত্যন্বর্থসংজ্ঞং প্রাহুঃ, কে প্রাহুঃ তদ্বিদঃ ক্ষেত্রক্ষেত্রজ্ঞবিদঃ এতেন গচ্ছামি পশ্যামি ভুঞ্জে ইতি অনুভবাৎ দেহেন্দ্রিয়াহঙ্কারাঃ প্রতীতিতো ভাসককোটিনিবিষ্টা ইব ভান্তি তথাপি তেষাং তত্ত্বতো ভাস্যত্বলক্ষণো নাত্মভাবঃ সিদ্ধঃ ॥ ২ ॥

বিশ্বনাথ।—নমোঽস্তু ভগবদ্ভক্তৌ কৃপয়াস্বাংশলেশতঃ। জ্ঞানাদিষ্বপি তিষ্ঠেত্তৎ সার্থকীকরণা যয়া ॥ ষট্‌কে তৃতীয়েঽত্র ভক্তিমিশ্রং জ্ঞানং নিরূপ্যতে। তন্মধ্যে কেবলাভক্তিরপি ভঙ্গ্যা প্রক্রম্যতে ॥ ত্রয়োদশে শরীরঞ্চ জীবাত্মপরমাত্মনোঃ। জ্ঞানস্য সাধনং জীবঃ প্রকৃতিশ্চ বিবিচ্যতে ॥ তদেবং দ্বিতীয়ে ষট্‌কে কেবলয়াভক্ত্যা ভগবৎপ্রাপ্তিঃ ততোঽন্যা অহংগ্রহোপাসনাদ্যা ত্রিস্র উপাসনাশ্চোক্তাঃ। অথ প্রথমষট্‌কোদিতানাং নিষ্কাম কর্ম্মযোগিনাং ভক্তিমিশ্র জ্ঞানাদেব মোক্ষস্তচ্চ জ্ঞানং সংক্ষেপাদুক্তমপিপুনঃ ক্ষেত্র ক্ষেত্রজ্ঞাদি বিবেচনেন বিবরিতুং তৃতীয়ং ষট্‌কমারভতে। তত্র কিং ক্ষেত্রং কঃ ক্ষেত্রজ্ঞঃ ইত্যপেক্ষায়ামাহ ইদমিতি ইদং সেন্দ্রিয়ং ভোগায়তনং শরীরং ক্ষেত্রং সংসারবৃক্ষস্য প্ররোহভূমিত্বাৎ। তং যো বেত্তি বদ্ধদশায়ামহংমমেত্যভিমন্যমানঃ স্বসম্বন্ধিত্বেন এব জানাতি, মোক্ষদশায়ান্তু অহং মমেত্যভিমানরহিতঃ স্বসম্বন্ধ রহিতমেব যো জানাতি তং উভয়াবস্থং জীবং ক্ষেত্রজ্ঞমিতিপ্রাহুঃ কৃষীবলবৎ স এব ক্ষেত্রজ্ঞ শুভফলভোক্তাচ। যদুক্তং ভগবতা "অদন্তি চৈকঃ ফলমস্য গৃধ্রা গ্রামেচরা একমরণ্যবাসাঃ। হংসা য একং বহুরূপমিজ্যৈ র্মায়াময়ং বেদ সবেদ বেদং।" অস্যার্থঃ গৃধ্রন্তীতি গৃধ্রাঃগ্রামেচরাঃ বদ্ধজীবাঃ অস্য বৃক্ষস্যৈকং ফলং দুঃখং অদন্তি পরিণামতঃ স্বর্গাদেরপি দুঃখরূপত্বাৎ। অরণ্যবাসা হংসা মুক্তজীবা একফলং সুখমদন্তি সর্ব্বথা সুখরূপস্য অপবর্গস্যাপি এতজ্জন্যত্বাৎ। এবমেকমপি সংসারবৃক্ষং বহুবিধ নরকস্বর্গাপবর্গপ্রাপকত্বাদ্বহুরূপং মায়াশক্তিসমুদ্ভূতত্বাৎ মায়াময়ং, ইজ্যৈঃ পূজ্যৈ গুরুভিঃ কৃত্বা যো বেদেতি তদ্বিদঃ ক্ষেত্রক্ষেত্রজ্ঞয়োর্বেদিতারঃ ॥ ২ ॥

তাৎপর্য্য।—অর্জ্জুনকৃত প্রশ্নের উত্তর প্রদানার্থ এই শ্লোকের অবতারণা। ক্ষেত্র, ক্ষেত্রজ্ঞ প্রভৃতি গভীর প্রসঙ্গের আলোচনায় এই অধ্যায় পর্য্যবসিত হইবে।

পূজ্যপাদ শ্রীমচ্ছঙ্করাচার্য্য ও শ্রীমদানন্দগিরির অভিপ্রায়। সপ্তম অধ্যায়ে সূচিত হইয়াছে যে, ঈশ্বরের পরা ও অপরা ভেদে দুই প্রকৃতি; সেই প্রকৃতি সত্ত্বরজতমভেদে ত্রিগুণাত্মিকা, এবং পঞ্চতন্মাত্র, মন, বুদ্ধি, অহঙ্কার ভেদে অষ্ট প্রকার। (৭ম অধ্যায় ৪ শ্লোকের তাৎপর্য্য ও তত্রত্য টীপ্পনী এবং ১৪। ৩৭। ২০১ পৃষ্ঠার টীপ্পনী দ্রষ্টব্য।) অপরা প্রকৃতি সংসারের হেতুভূতা, পরা প্রকৃতি জীবভূতা এবং ঈশ্বরাত্মিকা। পরা ও অপরা এই দুই প্রকৃতিকে অবলম্বন করিয়া ঈশ্বর জগতের উৎপত্তি স্থিতি ও লয় সম্পাদন করিয়া থাকেন। উক্ত সপ্তমাধ্যায়ে অপরা ও পরা প্রকৃতি-

দ্বয়ের ক্ষেত্র ও ক্ষেত্রজ্ঞরূপ লক্ষণ নির্দ্দেশ করিয়া অধুনা উক্ত প্রকৃতিদ্বয়ে আশ্রয় স্বরূপ শ্রীভগবানের তত্ত্ব নির্ণয়ার্থ ত্রয়োদশ অধ্যায় আরব্ধ হইতেছে অচিরসমাপ্ত অধ্যায়ের অদ্বেষ্টাদি শ্লোক হইতে অধ্যায় সমাপ্তি পর্য্য কয়েক শ্লোকে তত্ত্বজ্ঞানসম্পন্ন সন্ন্যাসিদিগের স্বভাব পরিকীর্ত্তিত হইয়াছে তাদৃশ তত্ত্বজ্ঞানসম্পন্ন নিষ্ঠাবানগণ কোন্ তত্ত্বজ্ঞানের দ্বারা যুক্ত হই যথোক্ত ধর্ম্মের অনুষ্ঠান করিয়া ভগবানের প্রীতিপাত্র হইয়া থাকে তাহারও রহস্য এই অধ্যায়ে পরিস্ফুট হইবে। প্রকৃতি ত্রিগুণাত্মিকা এবং সর্ব্বকার্য্য সম্পাদনসমর্থারূপে পরিণতা; পুরুষের ভোগ এবং অপব উভয় সাধনই কর্ত্তব্য, এই উদ্দেশ্য সংসাধনের নিমিত্ত প্রকৃতি দ্বারা দেহে ন্দ্রিয়াদির সম্মিলন হয়। সেই সংঘাত পদার্থই এই শরীর, এই তত্ত্ব পরিস্ফুট করিবার নিমিত্ত ভগবান্ এই শ্লোক আরম্ভ করিয়াছেন। মূলে "ইদং" এই সর্ব্বনাম পদের প্রয়োগ আছে। তাহার অর্থ "এই" এ সর্ব্বনামের অর্থ বিশেষরূপে বুঝাইবার নিমিত্ত অব্যবহিত পরেই শরীরের উল্লেখ করা হইতেছে। "কৌন্তেয়" সম্বোধন বাচক। এই সংসাররূপ কর্ম্ম বন্ধনের নিবৃত্তি সূচক, ক্ষতত্রাণার্থ ক্ষয়ার্থ অথবা ক্ষরণার্থ কিম্বা উপ্তবীজ যাহাতে ফলিত হয় সেই ক্ষেত্রবৎ ভাবে ক্ষেত্র এইপদ প্রযুক্ত হইয়াছে। মূলস্থিত "ইতি" শব্দ "ইহাই" অর্থ প্রকাশ করিতেছে। এই ক্ষেত্রস্বরূপ শরীরের তত্ত্ব যিনি জানেন অর্থাৎ ইহার পাদতল হইতে মস্তক পর্য্যন্ত প্রত্যেক তত্ত্ব জ্ঞানের দ্বারা সম্যক্ রূপে উপলব্ধি করেন, অথবা স্বভাবসিদ্ধ জ্ঞানে কিম্বা উপদেশলব্ধ জ্ঞান সহকারে এতদ্বিষয়ক তত্ত্ব প্রণিধান করিয়া থাকেন, সেই বিজ্ঞকে ক্ষেত্রজ্ঞ বলে। যদি জিজ্ঞাসা করা হয় যে কাহারা বলে? তদুত্তরে ইহাই বক্তব্য এই যে, যে অভিজ্ঞগণ এই শরীররূপ ক্ষেত্রের তত্ত্ব সম্যক্‌রূপে অবগত আছেন, তাঁহারাই তদ্বিজ্ঞকে ক্ষেত্রজ্ঞ শব্দে অভিহিত করিয়া থাকেন। এ স্থলেও "ইতি" শব্দ পূর্ব্ববৎ এবং শব্দার্থবাচক।

পূজ্যপাদ শ্রীমদ্রামানুজাচার্য্যের অভিপ্রায়। প্রথম ষট্‌কে পরম প্রাপ্য পরব্রহ্ম স্বরূপ বাসুদেবকে প্রাপ্তির উপায়ভূত, ভগবদুপাসনার অঙ্গস্বরূপ, প্রত্যগাত্মার যাথাত্ম্য দর্শন অর্থাৎ তদ্বিষয়ক জ্ঞান কর্ম্মযোগ ও জ্ঞানযোগ-দ্বয়ের সাধ্য ইহাই কথিত হইয়াছে। তদনন্তর মধ্যম ষট্‌কে পরমপ্রাপ্য-

ভূত ভগবত্তত্ত্ব যাথাত্ম্য সেই ভগবানের মাহাত্ম্যপ্রণিধানসহকৃত একান্ত ভক্তিনিষ্ঠা সাধ্য ইহাই প্রতিপাদিত হইয়াছে। ইহাও প্রদর্শিত হইয়াছে যে, যাঁহারা অতিশয় ঐশ্বর্য্যের কামনা করেন, অথবা যাঁহারা কেবলমাত্র কৈবল্য কামনা করেন, তদুভয় প্রকার সাধকই ভক্তিযোগ সহকৃত তত্তৎ ফললাভার্থ সাধনাদ্বারা অভীষ্ট প্রাপ্ত হইয়া থাকেন। প্রকৃতি, পুরুষ, তৎসংসর্গ জাত এই প্রপঞ্চ, ঈশ্বর যাথাত্ম্য, কর্ম্ম জ্ঞান ও ভক্তির স্বরূপ এবং তাহার প্রকার ভেদ সম্বন্ধে অতীত ষট্কদ্বয়ে যে সকল তত্ত্ব বিবৃত হইয়াছে তাহাই অধুনা শেষ ষট্কে স্পষ্টীকৃত হইতেছে। তন্মধ্যে এই ত্রয়োদশ অধ্যায়ে দেহ এবং আত্মার স্বরূপ, দেহের প্রকৃত ভাবের পরিজ্ঞান, দেহ বিযুক্ত আত্মাববোধের উপায়, দেহ সম্পর্ক রহিত আত্মার তত্ত্ব পরিজ্ঞানের উপায়, বিবিক্ত আত্মার অচিৎসংবন্ধন হেতু, তদনন্তর বিবেকানুসন্ধানের প্রকারাদি বিষয় কথিত হইতেছে।

পূজ্যপাদ শ্রীমদ্ধনুমানের অভিপ্রায়। ভূমি প্রভৃতি অষ্টবিধা পরমেশ্বরের অপরা প্রকৃতির শক্তি ইহা প্রতিপাদিত হইয়াছে। (৭ম অধ্যায় ৪ শ্লোক দ্রষ্টব্য) পূর্ব্বে ইহাও প্রতিপাদিত হইয়াছে যে, পরা প্রকৃতি ঈশ্বরের স্বরূপভূতা এবং জীবভূতা। (৭ম অধ্যায় ৫ শ্লোক দ্রষ্টব্য) এই প্রকৃতিদ্বয় যে ক্ষেত্র ও ক্ষেত্রজ্ঞ রূপ ঈশ্বরের স্বরূপ এই তত্ত্ব সেই স্থানে পরিব্যক্ত করিয়া শ্রীভগবান্ স্থানান্তরে তাহা বিশদরূপে ব্যাখ্যাত করিবার প্রতিজ্ঞা করিয়াছিলেন। এক্ষণে ত্রয়োদশাধ্যায়ে তাহাই বিশেষরূপে নির্দ্দেশ করিতেছেন।

পূজ্যপাদ শ্রীমৎ শ্রীধর স্বামীর অভিপ্রায়। শ্রীভগবান্ পূর্ব্বে প্রতিজ্ঞা করিয়াছেন যে "তেষামহং সমুদ্ধর্ত্তা মৃত্যুসংসারসাগরাৎ। ভবামি ন চিরাৎ পার্থ ময্যাবেশিতচেতসাং।" (১২শ অধ্যায় ৭ শ্লোক) কিন্তু আত্ম-জ্ঞান ব্যতীত সংসার হইতে উদ্ধার লাভের কোনই উপায় নাই। এই জন্য তত্ত্বজ্ঞানের উপদেশ প্রদান করিবার অভিপ্রায়ে প্রকৃতি পুরুষ পরি-জ্ঞান বিষয়ক এই অধ্যায়ের আরম্ভ করিতেছেন। সপ্তমাধ্যায়ে অপরা ও পরা ভেদে যে প্রকৃতিদ্বয় উক্ত হইয়াছে, তদুভয়ের অবিবেকিতা হেতু জীব-ভাবপ্রাপ্ত চিদংশের এই সংসার দশা ঘটিয়া থাকে; জীবের উপভোগের নিমিত্ত তদুভয় প্রকৃতিকে অবলম্বন করিয়া ঈশ্বরের সৃষ্টাদি কার্য্যে প্রবৃত্তি;

সেই প্রকৃতিদ্বয় পরস্পর বিভিন্ন, এবং ক্ষেত্র ও ক্ষেত্রজ্ঞ পদ বাচ্য, এইতত্ত্ব পরিব্যক্ত করিবার অভিপ্রায়ে এই শ্লোকে শ্রীভগবান্ বলিতেছেন যে, এই ভোগায়তনরূপ শরীর ক্ষেত্রনামে অভিহিত হইয়া থাকে। কারণ ইহা সংসাররূপ অঙ্কুরের উৎপত্তি স্থানস্বরূপ। এই শরীরকে যিনি জানেন, অর্থাৎ ইহাতে "আমি" "আমার" ইত্যাকার বোধ করেন, ক্ষেত্রক্ষেত্রজ্ঞ সম্বন্ধে জ্ঞানবানগণ তাঁহাকে ক্ষেত্রজ্ঞ বলিয়া থাকেন। কৃষিজীবিগণ যেরূপ স্ব স্ব ভূমির ফলভোগ করিয়া থাকেন, তদ্রূপ ক্ষেত্রজ্ঞও এই শরীর-রূপ ক্ষেত্রজাত ফল ভোগ করিয়া থাকেন।

পূজ্যপাদ শ্রীমদ্বলদেবের অভিপ্রায়। এই গ্রন্থের প্রথম ষট্‌কে নিষ্কাম কর্ম্মসাধ্য জীবাত্ম তত্ত্বজ্ঞানের কথা পরিব্যক্ত হইয়াছে, এবং তাহাই যে পরমার্থ প্রাপক ইহাও প্রদর্শিত হইয়াছে। মধ্য ষট্‌কে মহিমা নির্দ্দেশ পূর্ব্বক ভক্তি নামাভিধেয় পরমাত্মার উপসনার প্রণালী বিবৃত হইয়াছে। ইত্যাকার জ্ঞানের দ্বারা সৎপদার্থের অববোধ হয়, শোক দুঃখ অন্তরিত হয়, এবং পরমা গতি প্রাপ্ত হওয়া যায়। তদনন্তর এই শেষ ষট্‌কে ইহাই প্রদর্শিত হইতেছে যে, প্রকৃতি পুরুষের সংযোগে এই জগতের উদ্ভব হইয়া থাকে। অপিচ ঈশ্বরের স্বরূপ এবং কর্ম্ম জ্ঞান ও ভক্তির স্বরূপ এই ষট্‌কে বিবেচিত হইতেছে। জ্ঞানকে বিশদ করিবার অভিপ্রায়ে এই ত্রয়োদশা-ধ্যায়ে দেহ, জীব ও ঈশ্বরের স্বরূপ আলোচিত হইতেছে। জীবাত্মা দেহ হইতে পৃথক হইলেও দেহের সহিত সম্বন্ধ বিশিষ্ট, এই জীবাত্মা বিষয়ক বিবেক সহকৃত অনুসন্ধান ইত্যাকার তত্ত্ব এই স্থলে বিবেচনীয়। এই সকল অভিপ্রায়ে শ্রীভগবান্ এই শ্লোকে বলিতেছেন যে,হে কৌন্তেয়! এই ইন্দ্রিয় প্রাণ সহকৃত শরীর ভোগকর্ত্তা জীবের ভোগ্য সুখদুঃখের অঙ্কুরোৎপাদক ভূমি স্বরূপ,এইজন্য তত্ত্বজ্ঞগণ ইহাকে ক্ষেত্রনামে অভিহিত করিয়া থাকেন। এই শরীরে "আমি দেবতা", "আমি মানব", "আমি স্থূল", "আমি কৃশ" ইত্যাদি প্রকারে প্রকৃততত্ত্ববিষয়ে অনভিজ্ঞগণ কর্ত্তৃক আত্মভেদ প্রতীয়মান হইলেও যিনি শয্যাসনাদির ন্যায় আত্মার ভিন্নত্ব এবং তাঁহার ভোগ ও মোক্ষসাধনের বৃত্তান্ত অবগত আছেন, অর্থাৎ বেদ্য শরীরের বেদিতা অর্থাৎ জ্ঞাতারূপে পার্থক্যভাব সম্যক্ উপলব্ধি করিয়াছেন, সেই অভিজ্ঞকে ক্ষেত্রও ক্ষেত্রজ্ঞের স্বরূপজ্ঞগণ ক্ষেত্রজ্ঞ নামে অভিহিত করেন। এই শরীরই

যে ভোগ ও মোক্ষের সাধন তৎসম্বন্ধে শ্রীমদ্ভাগবতে নিম্নলিখিত উক্তি পরিদৃষ্ট হয়। "অদন্তি চৈকং ফলমস্য গৃধ্রাঃ গ্রামেচরা একমরণ্যবাসাঃ। হংসা য একং বহুরূপমিজ্যৈর্মায়াময়ং বেদ স বেদ বেদং ॥" (শ্রীমদ্ভাগবত ১১শ স্কন্ধ ১২শ অধ্যায় ২১ শ্লোক) ইহার ভাবার্থ, কামনা পরায়ণ গ্রামচর গৃধ অর্থাৎ মানবগণ সেই বৃক্ষের দুঃখরূপ এক ফল ভোগ করে, এবং অরণ্যবাসী হংস অর্থাৎ কামনাশূন্য সন্ন্যাসিগণ তাহার সুখরূপ আর এক ফলভোগ করেন। তিনি এক হইলেও বিচিত্রশক্তি প্রভাবে বহুরূপ ও মায়াময়, এই তত্ত্ব যিনি গুরূপদেশের দ্বারা জানিতে পারেন তিনিই যথার্থ বেদজ্ঞ। যাঁহারা শরীরকেই আত্মা বলিয়া জ্ঞান করেন, তাঁহাদিগকে ক্ষেত্রজ্ঞ বলা যায় না। কারণ তাঁহারা দেহকে ক্ষেত্ররূপে জ্ঞান করেন না।

পূজ্যপাদ শ্রীমন্মধুসূদন সরস্বতীর অভিপ্রায়। প্রথম ও দ্বিতীয় ষট্‌কে তৎ ও ত্বম্ পদার্থের বিষয় (৪২।৪৩পৃষ্ঠার টীপ্পনী দ্রষ্টব্য) পরিব্যক্ত হইয়াছে। বাক্যার্থ প্রতিপাদক ও প্রধানতঃ বুদ্ধিসঙ্গত শেষষট্‌কের অধুনা আরম্ভ হইতেছে। পূর্ব্বে "তেষামহংসমুদ্ধর্ত্তা" (১২শ অধ্যায় ৭শ্লোক) ইত্যাদি বাক্য শ্রীভগবান্ কীর্ত্তন করিয়াছেন। কিন্তু অজ্ঞানরূপ মৃত্যুসাগর হইতে আত্মজ্ঞান ব্যতীত উদ্ধারের কোনই সম্ভাবনা নাই। অতএব যাদৃশ আত্মজ্ঞান জন্মিলে মৃত্যুকবলিত সংসারসাগর হইতে উদ্ধার হওয়া যায়, এবং অদ্বেষ্টৃত্বাদি পূর্ব্বকথিত গুণশালী সন্ন্যাসিগণ যে আত্মজ্ঞানের প্রভাবে উন্নতির পথে অগ্রসর হইয়াছেন, এবং পূর্ব্বে তদ্বিষয়ে যে ব্যাখ্যা বিন্যস্ত হইয়াছে, সেই আত্মজ্ঞানের বিষয় অধুনা বর্ণনীয়। সেই জ্ঞান প্রভাবে পরমাত্মার সহিত জীবের অভেদভাবের অববোধ হয়। জীব ও পরমাত্মা বিষয়ে প্রভেদজ্ঞান যাবতীয় অশুভের নিদানভূত। যদি এ স্থলে প্রশ্ন করা যায় যে, প্রতি ক্ষেত্রে অর্থাৎ স্বতন্ত্র স্বতন্ত্র দেহে স্বতন্ত্ররূপে অধিষ্ঠিত সংসারাবদ্ধ জীবের সংসারবন্ধরহিত একস্বরূপ পরমাত্মার সহিত অভেদ ভাব কিরূপে সম্ভবে ? এইরূপ প্রশ্নের উত্তরে ইহাই কথিত হইতেছে যে, বহুধা বিভক্ত অবিদ্যাকল্পিত সংসার অনাত্মধর্ম্মের প্রাবল্যে ভিন্ন ভিন্নরূপে উপলব্ধ হয়। কিন্তু জীব সে ধর্ম্মের অধীন নহেন। এজন্য জীবের সংসারিত্ব বা ভিন্নত্ব স্বীকার করা যায় না। দেহ, ইন্দ্রিয় ও অন্তঃকরণ স্বরূপ ক্ষেত্র হইতে বিবেক সহকারে ক্ষেত্রজ্ঞ পুরুষ প্রতি ক্ষেত্রেই একই আত্মার বিদ্য-

মানতা উপলব্ধি করিয়া থাকেন, এই তত্ত্ব বুঝাইবার নিমিত্ত বর্ত্তমান অধ্যায়ে শ্রীভগবান্ ক্ষেত্রজ্ঞ নিরূপণে প্রবৃত্ত হইয়াছেন। পূর্ব্বে সপ্তমাধ্যায়ে অপরা ও পরাভেদে যে দুই প্রকৃতির কথা সূচিত হইয়াছে, তাহারই একটি ভূমি প্রভৃতিভাবে ক্ষেত্ররূপ, এবং অপরটী জীব ভাবে ক্ষেত্রজ্ঞ রূপ। এক্ষণে বিচার সহকারে এই তত্ত্ব নিরূপণ পূর্ব্বক বুঝিতে হইবে যে, হে কৌন্তেয়! এই যে ভোগায়তন শরীর ইহাই ক্ষেত্র। ইহাকে যিনি জানেন, অর্থাৎ "আমি", "আমার" ইত্যাকার বোধসম্পন্ন, তাঁহাকে বিদ্বানগণ ক্ষেত্রজ্ঞ নামে অভিহিত করেন। কৃষিজীবিগণ যেমন ক্ষেত্রোৎপন্ন ফলভোগ করিয়া থাকেন, তিনিও তদ্রূপ শরীরোৎপন্ন কর্ম্মফল ভোগ করিয়া থাকেন। মূলে "অভিধীয়তে" এই কর্ম্মণিবাচ্যের*ক্রিয়া প্রযুক্ত হইয়াছে; ক্ষেত্র শব্দে কর্ম্মে দ্বিতীয়া বিভক্তি প্রযুক্ত হইয়াছে। ক্ষেত্র জড়ধর্ম্মাক্রান্ত; এই জন্যই কর্ত্তারূপে প্রযুক্ত হয় নাই। কিন্তু ক্ষেত্রজ্ঞ স্বপ্রকাশ, অতএব তাহাতে দ্বিতীয়াবিভক্তি প্রযুক্ত না হওয়ায় কর্ম্মত্বের অভাব সূচিত হইয়াছে। অভিধীয়তে ক্রিয়ার কোন নির্দ্দিষ্ট কর্তৃপদ শ্লোকে নাই। ইহার তাৎপর্য্য এই যে, যে কেহই জড় ধর্ম্মাক্রান্ত শরীর রূপ পদার্থকে ক্ষেত্র নামে অনায়াসে নির্দ্দেশ করিতে পারেন। কিন্তু ক্ষেত্রজ্ঞ নির্দ্দেশ করিবার শক্তি সাধারণ কোন লোকের নাই। যে ব্যক্তি বিবেক সংস্কৃত জ্ঞান প্রভাবে তত্ত্বজ্ঞ, তিনিই ক্ষেত্রজ্ঞ নির্দ্ধারণে সমর্থ; যাঁহারা স্থূলদর্শী এই তত্ত্ব তাঁহা-

* বাচ্য।—বাচ্য তিন প্রকার। কর্তৃবাচ্য, কর্ম্মবাচ্য, ও ভাববাচ্য। কর্তৃবাচ্যে কর্ত্তার প্রথমা বিভক্তি ও কর্ম্মে দ্বিতীয়া বিভক্তি হয়, এবং কর্তৃবাচ্যের ক্রিয়া কর্ত্তার একত্বাদি অনুসারে প্রযুক্ত হইয়া থাকে। কর্ম্মবাচ্যে কর্ত্তার তৃতীয় বিভক্তি, কর্ম্মে প্রথমা বিভক্তি, এবং আত্মনেপদবিশিষ্ট কর্ম্মবাচ্যের ক্রিয়ার কর্ম্মের একত্বাদি অনুসারে প্রয়োগ হয়। ভাববাচ্য প্রায় কর্ম্মবাচ্যের তুল্য। তাহাতে কর্ম্মপদের প্রয়োগ থাকে না, কর্ত্তার তৃতীয় বিভক্তি এবং ক্রিয়া কর্ম্মবাচ্যের ন্যায় হয়। কিন্তু তাহা সর্ব্বদাই একবচনান্ত প্রযুক্ত হইয়া থাকে। কর্ত্তায় প্রথমা বিভক্তির সূত্র যথা, "ল্যর্থাম্মুক্ত্বোক্তার্থে প্রী। লেরর্থে সম্বোধনে তৈরুক্তার্থে কে সতি চ প্রীস্যাৎ।" (মুগ্ধবোধ কারক পাদ ১ম সূত্র) অর্থাৎ লিঙ্গার্থে, সম্বোধনে, এবং প্রত্যয় দ্বারা উক্তার্থ কারকে প্রথমা বিভক্তি হয়। কর্ম্মে দ্বিতীয়া বিভক্তির সূত্র যথা "কর্ম্মক্রিয়াবিশেষণাভিনিবিশাধিশীঙ্স্থাসম্বধ্বুপাবস ডং ঢঃ দ্বী। কার্য্যং ক্রিয়াবিশেষণমভিনিবিশাদের্ডঞ্চ ঢসংজ্ঞং স্যাৎ তত্রদ্বী।" কর্ম্মকারক ও ক্রিয়া বিশেষণে……দ্বিতীয়া বিভক্তি হয়। (মুগ্ধবোধ কারকপাদ ২য় সূত্র) কর্ত্তায় তৃতীয় বিভক্তির সূত্র যথা, "সাধনহেতুবিশেষণভেদকংধং কর্ত্তা যত্রী।" সাধন অর্থাৎ করণ, হেতু, বিশেষণ, ভেদক এবং অযুক্ত কর্ত্তায় তৃতীয় বিভক্তি হয়। (মুগ্ধবোধ কারক পাদ ৯ম সূত্র) উদাহরণ। কর্তৃবাচ্য, "কৃষ্ণঃ কল্যাণং করোতু" কর্ম্মবাচ্য, "ময়া কৃষ্ণো দৃশ্যতে।" ভাববাচ্য, "মুনিনা শয্যতে।"

দিগের অগোচর; এই অভিপ্রায় পরিস্ফুট করিবার জন্য ক্ষেত্রজ্ঞ স্থলে "প্রাহুঃ" ক্রিয়ার তদ্বিদঃ এই বিশিষ্ট কর্তৃপদ প্রযুক্ত হইয়াছে।

পূজ্যপাদ শ্রীমন্নীলকণ্ঠের অভিপ্রায়। এই গ্রন্থের দ্বিতীয়াধ্যায়ে "অব্যক্তোঽয়মচিন্ত্যোঽয়মবিকার্য্যোঽয়ং মুচ্যতে। নিত্যঃসর্ব্বগতঃ স্থাণুরচলোঽয়ং সনাতনঃ।" (২য় অধ্যায় ২৫ শ্লোক) ইত্যাদি বাক্যে ত্বংপদার্থের স্বরূপ উক্ত হইয়াছে। তদনন্তর দ্বাদশাধ্যায়ে "যে ত্বক্ষরমনির্দ্দেশ্য মব্যক্তং পর্য্যুপাসতে। সর্ব্বত্রগমচিন্ত্যঞ্চ কূটস্থমচলং ধ্রুবং।" (৩ শ্লোক) ইত্যাদি বাক্যে তৎ পদার্থের স্বরূপ উক্ত হইয়াছে। তদুভয়ের মধ্যে ভেদভাব সম্ভব নহে। কারণ উভয়েরই লক্ষণ এক প্রকার। অর্থাৎ উভয়েরই অব্যক্তত্ব, অচিন্ত্যত্ব প্রভৃতি লক্ষণ সমান। উভয়ের সর্ব্বগতত্ব সম্ভব নহে এরূপ আপত্তিও করা যায় না; অন্যোন্য ব্যাবৃত্তি দ্বারা অসর্ব্বগতত্বের আপত্তি হইতেছে। যদি বলা যায়, লক্ষণগত বিভিন্নতা না থাকিলেও তৎ ও ত্বম্ পদার্থে আত্মগত বিশেষ আছে। কারণ জীব, ব্রহ্ম এবং মুক্তাত্মা প্রভৃতি পার্থক্য দৃষ্ট হইয়া থাকে। এরূপ আপত্তি অসঙ্গত। কারণ বিশেষভেদ সম্বন্ধে কোন প্রমাণ বর্ত্তমান নাই। যদি বলা যায়, কোন বিশেষ ভেদ না থাকিলেও বন্ধ মোক্ষ প্রভৃতি ভেদ পরিদৃশ্যমান, সুতরাং নির্বিশেষ পুরুষের সম্বন্ধেও ইহা অবশ্য স্বীকার্য্য। বৃদ্ধ সংখ্যাচার্য্য বলিয়াছেন, "জন্মমরণকারণাং প্রতি নিয়মাদযুগপৎ প্রবৃত্তেশ্চ পুরুষবহুত্বং সিদ্ধং ত্রৈগুণ্যবিপর্য্যয়াচ্চৈবেতি।" ইহার ভাবার্থ এই যে, জন্ম মরণরূপ ঘটনা দ্বারা এবং সাত্বিকরাজসিক গুণের বৈলক্ষণ্য দ্বারা পুরুষের বহুত্ব সিদ্ধ হইতেছে। তদুত্তরে ইহাই বক্তব্য যে, একই অন্তঃকরণে যদি সুখদুঃখাদি বিবিধ বিরোধি ভাবের আবির্ভাব হয়, তাহাহইলে একমাত্র জীবের চৈতন্যশক্তি তাহাদিগকে নিয়মাধীন ও সংযমন করিতে সমর্থ হইয়া থাকে। শ্রোত্র এক হইলেও তাহার কর্ণ, শষ্কুলী প্রভৃতি নানা প্রকার উপাধি পরিদৃষ্ট হয়, কিন্তু শব্দগ্রহণরূপ কার্য্য এক ভাবেই সম্পন্ন হইয়া থাকে। তদ্রূপ আত্মার অন্তঃকরণরূপ উপাধি ভেদে জন্ম মরণাদি ব্যবস্থা থাকিলেও বস্তুতঃ তিনি এক, এবং তাঁহার বহুত্ব-কল্পনা অমূলক। জীবেশ্বরের অভেদভাব যদি সিদ্ধই হইল, তবে এই গ্রন্থের উত্তর ভাগের প্রয়োজন কি? উত্তর এই যে বিদ্যাবস্থায় ভেদ না থাকিলেও অবিদ্যাবস্থায় বিবিধ ভেদ দৃষ্টি অবশ্যম্ভাবী। অপিচ

শ্রুতি বলিয়াছেন, "অন্তঃপ্রবিষ্টঃশাস্তা জনানাং" ইহার ভাবার্থ, আত্মা জীবের অন্তরে প্রবিষ্ট হইয়া শাসকরূপে অবস্থিত। "এষহ্যেব সাধুকর্ম্ম কারয়তি তং যমেভ্যো লোকেভ্য উন্নিনীষত।" অর্থাৎ এই আত্মাই সকলকে সাধু কর্ম্ম সম্পাদন করাইয়া থাকেন, এবং তিনিই সকলকে এই লোক হইতে উদ্ধার করেন। ব্যবহারিকদশায় জীবেশ্বরের এইরূপ শাস্য শাসক, কর্ত্তৃত্ব তৎপ্রযোজকত্ব রূপ ভ্রম দৃষ্ট হয়। সেই ভ্রম নিরাশ করিবার নিমিত্ত উত্তর গ্রন্থের প্রয়োজনীয়তা। আত্মা ভাস্য ভাসক ভাবে ক্ষেত্র ও ক্ষেত্রজ্ঞ সম্বন্ধ স্থাপন করিয়া বর্ত্তমান রহিয়াছেন। কুম্ভ ও সূর্য্যের ন্যায় ক্ষেত্র হইতে ক্ষেত্রজ্ঞের বিবেক এই অধ্যায়ে প্রদর্শিত হইতেছে। এই অনাত্মহেতু ভাস্য ঘটাদি হইতে অহঙ্কার পর্য্যন্ত যে শরীর, অর্থাৎসামান্য জড় হইতে মনের ক্রিয়া পর্য্যন্ত যাবতীয় পদার্থ ক্ষেত্র। অবিদ্যা দ্বারা আত্মার ক্ষয় সাধন করে এবং বিদ্যা দ্বারা তাঁহার ত্রাণসাধন করে এইজন্যই শরীরের নাম ক্ষেত্র হইয়াছে এই ক্ষেত্র কর্ম্মবীজের অঙ্কুরোৎপত্তির ভূমি। যিনি ইহার তত্ত্ব জানেন, অর্থাৎ ভাসকরূপে ইহার যথার্থভাব প্রকটিত করিয়া ইহাকে উদ্ভাসিত করেন, সেই চিদাত্মাকেই ক্ষেত্রজ্ঞ বলা হয়। "আমি দেখিতেছি" "আমি যাইতেছি' 'আমি ভোগ করিতেছি' ইত্যাকার অনুভব দ্বারা দেহেন্দ্রিয়ও অহঙ্কার আত্মার ভাব ও কার্য্য বলিয়া প্রতীত হইয়া থাকে। কিন্তু দেহেন্দ্রিয়াদির সেই সকল অভিমানমূলকভাব আত্মার ভাব নহে। ক্ষেত্র ক্ষেত্রজ্ঞ জ্ঞান দ্বারা ইহাই সিদ্ধ হইয়া থাকে।

পূজ্যপাদ শ্রীমদ্বিশ্বনাথের অভিপ্রায়। দ্বিতীয় ষট্‌কে কেবল ভক্তির দ্বারা ভগবৎ প্রাপ্তির উপায় কথিত হইয়াছে। প্রথম ষট্‌কে যে নিষ্কাম কর্ম্মানুষ্ঠানের উপদেশ প্রদত্ত হইয়াছে, তদনুষ্ঠানকারী যোগিদিগের জ্ঞান দ্বারাই মোক্ষ হইয়া থাকে। সেই জ্ঞানের প্রসঙ্গ সংক্ষেপে উক্ত হইয়াছে সত্য, কিন্তু পুনরায় ক্ষেত্রক্ষেত্রজ্ঞাদির তত্ত্ব নিরূপণ দ্বারা সেই জ্ঞানের বিবরণ বিশদ করিবার অভিপ্রায়ে তৃতীয় ষট্‌ক আরব্ধ হইতেছে। শ্লোক ব্যাখ্যা পূর্ব্ববৎ। পূজ্যপাদ বলদেব কৃত উল্লিখিত ভাগবতোক্ত শ্লোক এ স্থলে উদ্ধৃত হইয়াছে। তাহার পুনরুল্লেখ অনাবশ্যক।

উল্লিখিত ভগবৎ শ্লোক উপলক্ষে শ্রীমদ্ভাগবতের পূর্ব্বোদ্ধৃত শ্লোকের পূর্ব্বাংশ অতিশয় মনোরম, এজন্য এস্থলে তাহা উদ্ধৃত হইতেছে। "অয়ং

হি বীজ স্ত্রিবৃদব্জযোনিরব্যক্তএকো বয়সা স আদ্যঃ। বিশ্লিষ্ট শক্তির্বহুধেব ভাতি বীজানি যোনিং প্রতিপদ্য যদ্বৎ॥ যস্মিন্নিদং প্রোতমশেষমোতং পটোযথা তন্তুবিতানসংস্থঃ॥ য এব সংসারতরুঃ পুরাণঃ কর্ম্মাত্মকঃ পুষ্প-ফলে প্রসূতে। দ্বে অস্যবীজে শতমূল স্ত্রিনালঃ পঞ্চস্কন্ধঃ পঞ্চরসঃ প্রসূতিঃ। দশৈকশাখো দ্বিসুপর্ণনীড় স্ত্রিবল্কলো দ্বিফলোঽর্কং প্রবিষ্টঃ॥ অদন্তিচৈকং ফল মস্য গৃধ্রা গ্রামেচরা একমরণ্য বাসাঃ। হংসা যএকং বহুরূপমিজ্যৈ র্মায়াময়ং বেদ সবেদ বেদং॥ এবং গুরূপাসনয়ৈকভক্ত্যা বিদ্যা কুঠারেণ শিতেন ধীরঃ। বিবৃশ্চ্য জীবশয়মপ্রমত্তঃ সম্পদ্য চাত্মান মথ ত্যজাস্ত্রং॥"

(শ্রীমদ্ভাগবত ১১শ স্কন্ধ ১২শ অধ্যায় ১৮—২২ শ্লোক) ইহার ভাবার্থ যথা; ক্ষেত্রপতিত একবীজ যেরূপ বহু আকারে উদ্ভুত হয়, তদ্রূপ এই জীব আদিতে এক অব্যক্ত হইলেও কাল সহকারে বহুভাবে বিভক্ত শক্তিযুক্ত হইয়া ত্রিগুণ রূপ পদ্মকে কারণরূপে আশ্রয় করতঃ বহুরূপে পরিণত হইলেন। সূত্র যেরূপ ওতপ্রোতভাবে বস্ত্রে ব্যাপ্ত, সেইরূপ এই ঈশ্বরও ওতপ্রোত ভাবে এই বহু ভাবাপন্ন বিশ্বে ব্যাপ্ত রহিয়াছেন। এই অনাদি কর্ম্মাত্মক সংসারবৃক্ষ ভোগ মোক্ষ রূপ দুইটী পুষ্প ও ফল প্রসব করে। পুণ্য এবং পাপ এই দুইটী এই বৃক্ষের বীজ, অনন্ত বাসনা ইহার অনন্তমূল, গুণত্রয় ইহার তিনটী কাণ্ড এবং পঞ্চ মহাভূত ইহার স্কন্ধ (গুঁড়ি); শব্দাদি বিষয় পঞ্চ এই তরুর রস, একাদশ ইন্দ্রিয় ইহার সুবিস্তৃত শাখা। এই মহামহীরুহের সুবিস্তৃত শাখায় জীবাত্মা এবং পরমাত্মারূপী পক্ষীদ্বয় বাস করে। বাত শ্লেষ্মা পিত্ত ইহার তিনটি বল্কল, এবং সুখ ও দুঃখ ইহার সুপক্ক ফল। এই মহাবৃক্ষ উচ্চতায় সূর্য্যমণ্ডল পর্য্যন্ত স্পর্শ করিয়াছে, তদূর্দ্ধে ইহার আর গতি নাই। কামনা পরায়ণ গ্রামবাসী গৃহস্থগণ ইহার দুঃখ রূপ ফল ভোগ করিয়া থাকে; অরণ্যবাসী বিবেকিগণ ইহার সুখরূপ ফল ভোগ করেন। যিনি গুরূপদেশ প্রভাবে এক অর্থাৎ মায়া প্রভাবে বহু এই সংসারতত্ত্বকে জানিতে পারিয়াছেন, তিনিই যথার্থ বেদবিৎ। অতএব তুমি সদ্‌গুরুর উপাসনা প্রভাব জনিত ঐকান্তিকী ভক্তি সহকারে বিদ্যারূপ শানিত কুঠার দ্বারা জীবোপাধিকে ছেদন করিয়া তদনন্তর সেই কুঠার-কেও অর্থাৎ বিদ্যাকেও ত্যাগ কর। কারণ তখন আর কোন সাধনেরই প্রয়োজন নাই॥ ২॥

ক্ষেত্রজ্ঞঞ্চাপি মাং বিদ্ধি সর্ব্বক্ষেত্রেষু ভারত।
ক্ষেত্রক্ষেত্রজ্ঞয়োর্জ্ঞানং যত্তজ্জ্ঞানং মতং মম ॥ ৩ ॥

অন্বয়।—হে ভারত! সর্ব্বক্ষেত্রেষু অপি মাং চ ক্ষেত্রজ্ঞং বিদ্ধি (জানীহি) ক্ষেত্রক্ষেত্রজ্ঞয়োঃ যৎ জ্ঞানং তৎ জ্ঞানং [ইদং] মম মতং (অভিমতং) ॥ ৩ ॥

প্রতিশব্দ।—হে ভারত! সকল ক্ষেত্রেই আমাকেই ক্ষেত্রজ্ঞ জানিও। ক্ষেত্রক্ষেত্রজ্ঞের [বিষয়ে] যে জ্ঞান, তাহাই জ্ঞান, [ইহাই] আমার অভিমত ॥ ৩ ॥

ব্যাখ্যা।—হে ভারত! যাবতীয় ক্ষেত্রেই আমাকেই তদধিষ্ঠিত ক্ষেত্রজ্ঞ বলিয়া জানিবে; এই ক্ষেত্র এবং ক্ষেত্রজ্ঞবিষয়ক যে জ্ঞান, তাহাই প্রকৃত জ্ঞান, ইহাই আমার অভিমত ॥ ৩ ॥

শঙ্করাচার্য্য।—এবং ক্ষেত্রক্ষেত্রজ্ঞাবুক্তৌ কিমেতাবন্মাত্রেণ জ্ঞানেন জ্ঞাতব্যাবিতি নেত্যুচ্যতে ক্ষেত্রজ্ঞমিতি। ক্ষেত্রজ্ঞম্ যথোক্তলক্ষণঞ্চাপি মাং পরমেশ্বরমসংসারিণং বিদ্ধি জানীহি, যোঽসৌ সর্ব্বক্ষেত্রেষ্বেকঃ ক্ষেত্রজ্ঞোব্রহ্মাদিস্তম্বপর্য্যন্তানেকক্ষেত্রোপাধিপ্রবিভক্তস্তম্ নিরস্তসর্ব্বোপাধিভেদং সদসদাদিশব্দপ্রত্যয়াগোচরং বিদ্ধীত্যভিপ্রায়ঃ হে ভারত! যস্মাৎ ক্ষেত্রক্ষেত্রজ্ঞেশ্বরযাথাত্ম্যব্যতিরেকেণ ন জ্ঞানগোচরমন্যদবশিষ্টমস্তি, তস্মাৎ ক্ষেত্রক্ষেত্রজ্ঞয়োর্জ্ঞেয়ভূতয়োঃ যৎ জ্ঞানং ক্ষেত্রক্ষেত্রজ্ঞৌ যেন জ্ঞানেন বিষয়ীক্রিয়েতে তৎ জ্ঞানং সম্যগ্জ্ঞানমিতি মতমভিপ্রেতমিত্যভিপ্রায়ে মেশ্বরস্য বিষ্ণোঃ। নন্থ সর্ব্বক্ষেত্রেষ্বেক এব ঈশ্বরো নান্যস্তদ্ব্যতিরিক্তোভোক্তা বিদ্যতে চেত্তত ঈশ্বরস্য সংসারিত্বং প্রাপ্তং ঈশ্বরব্যতিরেকেণ বা, সংসারিণোঽন্যস্যাভাবাৎ সংসারাভাবপ্রসঙ্গস্তচ্চো ভয়মনিষ্টং বন্ধমোক্ষতদ্ধেতুশাস্ত্রানর্থক্যপ্রসঙ্গাৎ প্রত্যক্ষাদিপ্রমাণবিরোধাচ্চ, প্রত্যক্ষেণ তাবৎ সুখদুঃখতদ্ধেতুলক্ষণঃ সংসার উপলভ্যতে জগদ্বৈচিত্র্যোপলব্ধেশ্চ ধর্ম্মাধর্ম্মনিমিত্তঃ সংসারোঽনুমীয়তে সর্ব্বমেতদনুপপন্নমাত্মেশ্বরৈকত্বে ন জ্ঞানাজ্ঞানয়োরন্যত্বেনোপপত্তেঃ "দূরমেতে বিপরীতে বিষূচী" অবিদ্যা যা চ বিদ্যেতি জ্ঞানাজ্ঞানে তথা চ তয়োর্ব্বিদ্যাবিদ্যাবিষয়য়োঃ ফলভেদোঽপি বিরুদ্ধো নির্দ্দিষ্টঃ শ্রেয়শ্চ প্রেয়শ্চেতি বিদ্যাবিষয়ঃ শ্রেয়ঃ প্রেয়স্ত্ববিদ্যাকার্য্যমিতি। তথা চ ব্যাসঃ,—"দ্বাবিমাবথ পন্থানাবি"ত্যাদি ইমৌ দ্বাবেব পন্থানাবিত্যাদি "চেহ চ দ্বে নিষ্ঠে উক্তে অবিদ্যা চ সহ কার্য্যেণ বিদ্যয়া হাতব্যে"তি শ্রুতিস্মৃতিন্যায়েভ্যোঽবগম্যতে, শ্রুতয়স্তাব "দিহ চেদবেদীদথ সত্যমস্তি ন চেদিহাবেদীন্মহতী বিনষ্টিস্তমেবং বিদ্বানমৃত ইহ ভবতি, নান্যঃ পন্থা বিদ্যতেঽয়নায়, আনন্দং ব্রহ্মণো বিদ্বান্ বিভেতি কুতশ্চন অবিদুষস্তথ তস্য ভয়ং ভবত্যবিদ্যায়ামন্তরে বর্ত্তমানোব্রহ্ম বেদ ব্রহ্মৈ

ভবতি অন্যোসাবন্যোহহমস্মীতি ন স বেদ যথা পশুরেবং স দেবানামাত্মবিদ্যঃ স ইদং সর্ব্বং ভবতি
যথা চর্ম্মবদি"ত্যাদ্যাঃ সহস্রশঃ। স্মৃতয়শ্চ "অজ্ঞানেনাবৃতং জ্ঞানং তেন মুহ্যন্তি জন্তবঃ ইহৈব
তৈর্জ্জিতঃ স্বর্গোযেষাং সাম্যে স্থিতং মনঃ, সমং পশ্যন্ হি সর্ব্বত্র" ইত্যাদ্যাঃ। ন্যায়তশ্চ "সর্পান্
কুশাগ্রাণি তথোদপানং জ্ঞাত্বা মনুষ্যাঃ পরিবর্জ্জয়ন্তি। অজ্ঞানতস্তত্র যান্তীতি কেচিৎ জ্ঞানে ফলং
পশ্য যথা বিশিষ্টং"। তথা চ দেহাদিষ্বনাত্মস্বাত্মবুদ্ধিরবিদ্বান্ রাগদ্বেষাদিযুক্তোধর্ম্মাধর্ম্মানুষ্ঠানকৃৎ
জায়তে ম্রিয়তে চেত্যবগম্যতে দেহাদিব্যতিরিক্তাত্মদর্শিনোরাগদ্বেষাদি প্রহাণাপেক্ষয়া ধর্ম্মাধর্ম্ম-
প্রবৃত্ত্যুপশমান্মুচ্যন্ত ইতি ন কেনচিৎ প্রত্যাখ্যাতুং শক্যং ন্যায়তস্তত্রৈবং সতি ক্ষেত্রজ্ঞস্যেশ্বরস্যৈব
সতোঽবিদ্যাকৃতোপাধিভেদতঃ সংসারিত্বমিব ভবতি, যথা দেহাদ্যাত্মত্বমাত্মনঃ সর্ব্বজন্তূনাং হি
প্রসিদ্ধোদেহাদিষ্বনাত্মভাবোনিশ্চিতোঽবিদ্যাকৃতোযথা স্থাণৌ পুরুষনিশ্চয়োন চৈতাবতা পুরুষধর্ম্মঃ
স্থাণৌ ভবতি স্থাণুধর্ম্মোবা পুরুষস্য, তথা ন চৈতন্যং ধর্ম্মোদেহস্য দেহধর্ম্মোবা চৈতন্যস্য এবং
সুখদুঃখমোহাত্মকত্বাদিরাত্মনোন যুক্তোঽবিদ্যাকৃতত্বাবিশেষাজ্জরামৃত্যুবন্নাতুল্যত্বাদিতি চেৎ স্থাণু-
পুরুষৌ জ্ঞেয়াবেব সন্তৌ জ্ঞাত্রান্যোন্যস্মিন্নধ্যস্তাববিদ্যয়া দেহাত্মনোস্তু জ্ঞেয়জ্ঞাত্রোরেবেতরেতরা-
ধ্যাসইতি ন সমোদৃষ্টান্তোঽতোদেহধর্ম্মোজ্ঞেয়োঽপি জ্ঞাতুরাত্মনো ভবতীতি চেন্নাত্মচৈতন্যাদি-
প্রসঙ্গাদ্‌যদি হি জ্ঞেয়স্য দেহাদেঃ ক্ষেত্রস্য ধর্ম্মাঃ সুখদুঃখমোহেচ্ছাদয়োঽপি কেন চ জ্ঞাতুরাত্মনো-
ভবন্তি অবিদ্যাধ্যারোপিতা জরামরণাদয়স্তু ন ভবন্তীতি বিশেষহেতুর্বক্তব্যোন ভবন্তীত্যনুমানম-
বিদ্যাধ্যারোপিতত্বাজ্জরাদিবদিতি হেয়ত্বাদুপাদেয়ত্বাচ্চেত্যাদি, তত্রৈবং সতি কর্ত্তৃত্বভোক্তৃত্বলক্ষণঃ
সংসারোজ্ঞেয়স্থোজ্ঞাতর্য্যবিদ্যয়াধ্যারোপিত ইতি ন তেন জ্ঞাতুঃ কিঞ্চিৎ দুষ্যতি, যথা বালৈরধ্যা-
রোপিতেনাকাশস্য তলমলবত্ত্বাদিনা, এবঞ্চ সতি সর্ব্বক্ষেত্রেষ্বপি সতো ভগবতঃ ক্ষেত্রজ্ঞস্যেশ্বরস্য
সংসারিত্বং গন্ধমাত্রমপি ন শক্যং ন হি কচিদপি লোকেঽবিদ্যাধ্যস্তেন ধর্ম্মেণ কস্যচিদুপকারো-
ঽপকারোবা দৃষ্টোযত্তুক্তং ন সমোদৃষ্টান্ত ইতি তদসৎ কথমবিদ্যাধ্যাসমাত্রং হি দৃষ্টান্তদার্ষ্টান্তিকয়োঃ
সাধর্ম্ম্যং বিবক্ষিতং, তন্ন ব্যভিচরতি যত্তু জ্ঞাতরি ব্যভিচরতীতি মন্যসে তস্যাপ্যনৈকান্তিকত্বং
দর্শিতং জরাদিভিরবিদ্যাবত্ত্বাৎ ক্ষেত্রজ্ঞস্য সংসারিত্বমিতি চেন্ন অবিদ্যায়াস্তামসত্বাত্তমসোহি প্রত্যয়
আবরণাত্মকত্বাদবিদ্যাবিপরীতগ্রাহকঃ সংশয়োপস্থাপকোবা অগ্রহণাত্মকোবা বিবেকপ্রকাশভাবে
তদভাবাত্তামসে চাবরণাত্মকে তিমিরাদিদোষে সতি অগ্রহণাদেরবিদ্যাত্রয়স্যোপলব্ধেঃ অত্রাহৈবং
তর্হি জ্ঞাতৃধর্ম্মোঽবিদ্যা ন করণে চক্ষুষি তৈমিরকত্বাদিদোষোপলব্ধের্যত্তু মন্যসে জ্ঞাতৃধর্ম্মোবিদ্যা
তদেব চাবিদ্যাধর্ম্মবত্ত্বং ক্ষেত্রজ্ঞস্য সংসারিত্বং তত্র যদুক্তমীশ্বর এব ক্ষেত্রজ্ঞোন সংসারীত্যেতদ-
যুক্তমিতি তন্ন যথা করণে চক্ষুষি বিপরীতগ্রাহকাদিদোষস্য দর্শনান্ন বিপরীতাদিগ্রহণং তন্নিমিত্তকং
তৈমিরকত্বাদিদোষোগ্রহীতুশ্চক্ষুষঃ সংস্কারেণ তিমিরেঽপনীতে গ্রহীতুরদর্শনান্ন গ্রহীতুর্ধর্ম্মোযথা
তথা সর্ব্বত্রৈবাগ্রহণবিপরীতসংশয়প্রত্যয়াস্তন্নিমিত্তাঃ করণস্যৈব কস্যচিৎ ভবিতুমর্হতি ন জ্ঞাতুঃ
ক্ষেত্রজ্ঞস্য সংবেদ্যত্বাচ্চ তেষাং প্রদীপপ্রকাশবন্ন জ্ঞাতৃধর্ম্মত্বং সংবেদ্যত্বাদেব স্বাত্মব্যতিরিক্তসংবেদ্যত্বং
সর্ব্বকরণবিয়োগে চ কৈবল্যে সর্ব্ববাদিভিরবিদ্যাদিদোষবত্ত্বানভ্যুপগমাদাত্মনো যদি ক্ষেত্রজ্ঞস্যা-
গ্ন্যুষ্ণবৎ স্বোধর্ম্মস্তেন ন কদাচিদপি তেন বিয়োগঃ স্যাদবিক্রিয়স্য চ ব্যোমবৎ সর্ব্বগতস্যামূর্ত্ত-

বিদ্যা সতাং পরিহর্ত্তব্যেতি নন্থ মমৈবাবিদ্যা জানাসিতর্হি বিদ্যাস্তদ্বন্তঞ্চাত্মানং জানাসি নতু প্রত্য-ক্ষেণানুমানেন চেজ্জানাসি কথং সম্বন্ধগ্রহণং ন হি তব জ্ঞাতুর্জ্ঞেয়ভূতয়াবিদ্যয়া তৎকালে সম্বন্ধো-গ্রহীতুং শক্যতে অবিদ্যায়াবিষয়ত্বেনৈব জ্ঞাতুরুপযুক্তত্বান্ন চ জ্ঞাতুরবিদ্যায়াশ্চ সম্বন্ধস্য যোগৃহীতা জ্ঞানঞ্চান্যৎ তদ্বিষয়ং সম্ভবত্যনবস্থাপ্রাপ্তের্যদি জ্ঞাতাপি জ্ঞেয়সম্বন্ধোজ্ঞায়েতান্যোজ্ঞাতা কল্প্যঃ স্যাত্তস্যাপ্যন্যস্তস্যাপ্যন্য ইত্যনবস্থাপরিহার্য্যা জ্ঞেয়ান্যত্বা জ্ঞেয়ং জ্ঞেয়মেব তথা জ্ঞাতাপি জ্ঞাতৈব ন জ্ঞেয়স্তবতি; যদা চৈবমবিদ্যা দুঃখিত্বাদ্যৈর্ন জ্ঞাতুঃ ক্ষেত্রজ্ঞস্য কিঞ্চিৎ দুষ্যতি, নন্বয়মেব দোষোযৎ দোষবৎ ক্ষেত্রবিজ্ঞাতৃত্বং ন বিজ্ঞানস্বরূপস্যৈবাবিক্রিয়স্য বিজ্ঞাতৃত্বোপচারাৎ যথোষ্ণতামাত্রেণাগ্নেস্ত-প্তিক্রিয়োপচারস্তদ্বদ্‌যথাত্র ভগবতা ক্রিয়াকারকফলাত্মত্বাভাব আত্মনি স্বতএব দর্শিতঃ, অবিদ্যা-ধ্যারোপিতৈরেব ক্রিয়াকারকাদ্যাত্মন্যুপচর্য্যতে তথা তত্র তত্র য এবং বেত্তি হন্তারং, প্রকৃতেঃ ক্রিয়মাণানি গুণৈঃ কর্ম্মাণি সর্ব্বশঃ, নাদত্তে কস্যচিৎ পাপমিত্যাদিপ্রকরণেষু দর্শিতস্তথৈব চ ব্যাখ্যাতমস্মাভিরুত্তরেষু চ প্রকরণেষু দর্শয়িষ্যামো হন্ত তর্হ্যাত্মনি ক্রিয়াকারকফলাত্মতায়াঃ স্বতো-হভাবেঽবিদ্যয়া চাধ্যারোপিতত্বে কর্ম্মণ্যবিবংস্বকর্ত্তব্যান্যেব নবিদুষামিতি প্রাপ্তং, সত্যমেবং প্রাপ্তমে-তদেব চ ন হি দেহভৃতা শক্যমিত্যত্র দর্শয়িষ্যামঃ সর্ব্বশাস্ত্রার্থোপসংহারপ্রকরণে চ সমাসেনৈব কৌন্তেয়! নিষ্ঠা জ্ঞানস্য চাপরেত্যত্র বিশেষতোদর্শয়িষ্যামঃ অলমিহ বহুপ্রপঞ্চেনেত্যুপসং-হ্রিয়তে ॥ ৩ ॥

আনন্দগিরি।—দৃশ্যানাং দুঃখাদীনাং ভেদকানাং যাবদ্দেহভাবিনামনাত্মধর্ম্মত্বসিদ্ধয়ে দ্রষ্টারং দেহাদন্যমুক্ত্বা সাংখ্যানামিব তাবন্মাত্রেণ মুক্তিনিবৃত্তয়ে তস্য সর্ব্বদেহেষ্বেক্যোক্তিপূর্ব্বকং স্বেন পরমার্থেনাক্ষরেণৈক্যং বৃত্তমনুস্থ প্রশ্নদ্বারা দর্শয়তি এবমিত্যাদিনা। যথোক্তলক্ষণং দৃশ্যাদ্দে-হান্নিকৃষ্টং দ্রষ্টারমিত্যর্থঃ, চাপীতি নিপাতৌ জীবস্যাক্ষরত্বজ্ঞানস্য দেহাদন্যত্বজ্ঞানেন সমুচ্চয়ার্থৌ ভিন্নক্রমৌ ন ক্ষেত্রজ্ঞং সাংখ্যবদ্দৃশ্যাদন্যদেব বিদ্ধি কিন্তু মাঞ্চাপি বিদ্ধীতি সম্বধ্যতে। যঃ সর্ব্বক্ষে-ত্রেষু একঃ ক্ষেত্রজ্ঞঃ তং মামেব বিদ্ধীতি সম্বন্ধং সূচয়তি সর্ব্বেতি। তত্তৎক্ষেত্রোপাধিকভেদভাজঃ তত্তজ্জন্যধীগোচরস্য কথং তদ্বিপরীতব্রহ্মত্বধীরত্যাশঙ্ক্যাহ ব্রহ্মাদীতি। উত্তরার্দ্ধং বিভজতে যস্মা-দিতি। তদেব বিশিনষ্টি ক্ষেত্রেতি। ন চ ভেদবিষয়ত্বান্ন সম্যগজ্ঞানং তদিতিযুক্তং তস্য বিবেকজ্ঞানস্য বাক্যার্থজ্ঞানদ্বারা মোক্ষোপায়িকত্বেন সম্যক্ত্বাসিদ্ধিরিতি ভাবঃ। জীবেশ্বরয়োরেকত্বমুক্তমাক্ষিপতি নম্বিতি। জীবেশ্বরয়োরেকত্বে জীবস্যেশ্বরে বা তস্য জীবে নান্তর্ভাবোনাদ্যোজীবস্য পরস্মাদন্যস্যাভাবে সংসারস্য নিরালম্বনত্বানুপপত্ত্যা পরস্যৈব তদাশ্রয়ত্বপ্রসঙ্গাদিত্যর্থঃ। অপহতপাপ্মত্বোঽভিচকাশীতি শ্রুতেন তস্য সংসারিতেত্যাশঙ্ক্য দ্বিতীয়ং দূষয়তি ঈশ্বরেতি। জীবে চেদীশ্বরোঽন্তর্ভবতি তদাপি তত্তোঽন্যসংসার্য্যভাবস্তস্য চ সংসারানিষ্টঃ সংসারোজগত্যন্তং গচ্ছেদিত্যর্থঃ। প্রসঙ্গদ্বয়স্যেষ্টত্বং নি-রাচষ্টে তচ্চেতি। সংসারাভাবে তয়োরন্যঃ পিপ্পলম্ স্বাদ্বত্তীত্যাদিবন্ধশাস্ত্রস্য তদ্ধেতুকর্ম্মবিষয়-কর্ম্মকাণ্ডস্য চানর্থক্যমীশ্বরাশ্রিতে চ সংসারে তদভোক্তৃত্বশ্রুতেঃ জ্ঞানকাণ্ডস্য মোক্ষতদ্ধেতুজ্ঞানার্থ-স্যানর্থক্যমেতোন প্রসঙ্গয়োরিষ্টতেত্যর্থঃ। সংসারাভাবপ্রসঙ্গস্যানিষ্টত্বে হেত্বন্তরমাহ প্রত্যক্ষাদীতি। তত্র প্রত্যক্ষবিরোধম্ প্রকটয়তি প্রত্যক্ষেণেতি। আদিশব্দোপাত্তমনুমানবিরোধমাহ জগদিতি।

বিমতং বিচিত্রহেতুকম্ বিচিত্রকার্য্যত্বাৎ প্রসাদাদিবদিত্যর্থঃ। প্রত্যক্ষানুমানাগমবিরোধাদযুক্ত-মৈক্যমিত্যুপসংহরতি সর্ব্বমিতি। ঐক্যেঽপি সংসারত্বমবিদ্যাতো বিদ্যাতোঽসংসারিত্বমিতি বিভা-গান্নানুপপত্তিরিত্যুত্তরমাহ নেত্যাদিনা। তয়োঃ স্বরূপতোবিলক্ষণত্বে শ্রুতিমাহ দূরমিতি। অবিদ্যা যা চ বিদ্যেতি প্রসিদ্ধেএতে বিদ্যাবিদ্যে দূরং বিপরীতে অত্যন্ত বিরুদ্ধে ইত্যর্থঃ। বিষূচী নানাগতী ভিন্নফলে ইত্যর্থঃ। স্বরূপতোবিরোধবৎ ফলতোঽপি সোঽস্তীত্যাহ তথেতি। ফলভেদোক্তিমেব ব্যনক্তি বিদ্যেতি। তয়োর্দ্বিধাবিলক্ষণত্বে বেদব্যাসস্যাপি সম্মতিমাহ তথাচেতি। উক্তেঽর্থে ভগব-তোঽপি সম্মতিমুদাহরতি ইহচেতি। দ্বয়োরপি নিষ্ঠয়োস্তুল্যামুপাদেয়ত্বমিতি শঙ্কাং শাতয়তি অবিদ্যা চেতি। অবিদ্যা সকার্য্যা হাতব্যেত্যত্র শ্রুতিমুদাহরতি শ্রুতয়স্তাবদিতি। ইহেতি জীবদবস্থোচ্যতে, চেচ্ছব্দোবিদ্যোদয়দৌর্লভ্যদ্যোতী, অবেদীদহং ব্রহ্মেতি বিদিতবানিত্যর্থঃ। অথ বিদ্বানন্তরমেব সত্যমবিতথম্ পুনরাবৃত্তিবর্জ্জিতম্ কৈবল্যম্ স্যাদিত্যাহ অথেতি। অবিদ্যাবিষয়েঽপি শ্রুতিমাহ নচেদিতি। জন্মমরণাদিরূপা সংসৃতির্বিনষ্টিঃ তস্যামহত্ত্বং সম্যগ্জ্ঞানং বিনা নিবর্ত্তয়িতুমশক্যত্বং। বিদ্যাবিষয়ে শ্রুত্যন্তরমাহ তমেবমিতি। পরমাত্মানং প্রত্যক্তেন যঃসাক্ষাৎকৃতবান্ সদেহে জীবন্নেব মুক্তোভবতীত্যর্থঃ। বিদ্যাং বিনাপি হেত্বন্তরতোমুক্তিমাশঙ্ক্যাহ নেতি ভয়হেতুমবিদ্যাম্নিরাকুর্ব্বতী তজ্জন্তয়মপিনিরস্যতি বিদ্বান্ইতি। অত্র বাক্যান্তরমাহ বিদ্বানিতি। অবিদ্যাবিষয়ে বাক্যান্তরমাহ অবিদ্বইতি। প্রতীচ্যেকরসে স্বল্পমপি ভেদং মন্যমানস্য ভেদদৃষ্ট্যন্তরমেব সংসারধ্রৌব্যমিত্যর্থঃ। তত্রৈব শ্রুত্যন্তরমাহ অবিদ্যায়ামিতি। তন্মধ্যেতৎপরবশতয়া স্থিতাস্ত তমজানন্তোদেহাত্মত্বিমানব-ন্তোমূঢ়াঃ সংসরন্তীত্যর্থঃ। বিদ্যাবিষয়ে শ্রুত্যন্তরমাহ ব্রহ্মেতি। অবিদ্যাবিষয়ে শ্রুত্যন্তরমাহ অন্যোঽসাবিতি। ভেদদৃষ্টিমতুদা তন্নিদানমবিদ্যেত্যাহ নেতি সচ মনুষ্যাণাং পশুবদ্দেবাদীনাং প্রেষ্যতাং প্রাপ্নোতীত্যাহ যথেতি। বিদ্যাবিষয়ে বাক্যান্তরমাহ আত্মবিদিতি। ইদং সর্ব্বং প্রত্যগভূতং পূর্ণং ব্রহ্মেত্যর্থঃ। জ্ঞানাদেব তু কৈবল্যমিত্যত্র শ্রুত্যন্তরমাহ যদেতি। নখল্বাকাশং চর্ম্মবন্মানবোবেষ্টয়িতুমীষ্টে তথা পরমাত্মানং প্রত্যক্ত্বেনানুভূয় ন মুচ্যতে ইত্যর্থঃ আদিশব্দেনায়ুক্তা-বিদ্যাবিদ্যাফলভেদার্থাঃ শ্রুতয়োগৃহ্যন্তে। তাসাম্ভূয়স্ত্বেন প্রামাণ্যং সূচয়তি সহস্রশইতি। বিদ্যাবিদ্যাবিষয়ে স্মৃতিমুদাহরতি স্মৃতয়শ্চেতি। তত্রাবিদ্যাবিষয়ং বাক্যমাহ অজ্ঞানেনেতি। বিদ্যাবিষয়ং বাক্যদ্বয়ং দর্শয়তি ইহেত্যাদিনা। বিদ্যাফলমনর্থধ্বস্তিরবিদ্যাফলমনর্থাপ্তিরিত্যেত-দন্বয়ব্যতিরেকাখ্যন্যায়াদপি সিধ্যতীত্যাহ ন্যায়তশ্চেতি। তত্রৈব পুরাণসম্মতিমাহ সর্পানিতি। উদপানং কূপং যথাস্বজ্ঞানে বিশিষ্টং ফলং স্যাত্তথা পথ্যেতি যোজনা। ন্যায়তশ্চেত্যন্বয়ব্যতিরেকাখ্যং ন্যায়মুক্তং বিবৃণোতি তথাচেতি। তত্রাদাবন্বয়মাচষ্টে দেহাদিষ্বিতি। অনাদ্যনির্ব্বাচ্যাবিদ্যাকলুষিত-দাত্মা দেহাদাবনাত্মন্যাত্মবুদ্ধিমাদধাতি তদনুক্তোরাগাদিনা প্রের্য্যতে তৎপ্রযুক্তং কর্ম্মাকরোতি তৎকর্ত্তা চ যথা কর্ম্মনূতনং দেহমাদত্তে পুরাতনং ত্যজতীত্যেবমবিদ্যাবত্ত্বে সংসারিত্বং সিদ্ধমিত্যর্থঃ। ব্যতিরেকমিদানীং দর্শয়তি দেহাদীতি। শ্রুতিযুক্তিভ্যাং ভেদে জ্ঞাতে রাগাদিধ্বস্ত্যা কর্ম্মোপর-মাদশেষসংসারাসিদ্ধিরিত্যবিদ্যারাহিত্যে বন্ধাস্তিরিত্যর্থঃ। উক্তান্বয়াদেরন্যথাসিদ্ধিং শিথিলয়তি ইতিনেতি উক্তান্বয়ব্যতিরেকাভ্যা কেনচিদপি ন্যায়তোন শক্যং প্রত্যাখ্যাতুং তদন্যথাসিদ্ধিসাধকাভা-

অর্থাৎ তৎকর্ত্তৃক অসংস্পৃষ্ট। উক্ত আছে যে, "নিঃসঙ্গস্য সসঙ্গেন কূটস্থস্য বিকারিণা। আত্মনোঽনাত্মনা যোগো বাস্তবো নোপপদ্যতে" অর্থাৎ সঙ্গযুক্ত বিকার ধর্ম্মশীল অনাত্মবস্তুর সহিত সঙ্গরহিত কূটস্থ আত্মার বাস্তবসংযোগ সম্ভব নহে। শ্রুতিও বলিয়াছেন, "আদিত্যবর্ণং তমসঃ পরস্তাৎ" (শ্বেতাশ্বতরোপনিষৎ ৩য় অঃ ৮ শ্রুঃ) ইহার ভাবার্থ এই যে, যিনি বস্ত্বন্তরের সহায়তা ব্যতীত স্বকীয় জ্যোতিতে স্বয়ং দীপ্তিমান, সেই ব্রহ্ম জড় পদার্থের অতীত। সেই ব্রহ্ম জড়াতীত ও স্বয়ং তেজোময়, এই জন্যই তিনি জ্ঞানময়। অর্থাৎ তিনি স্বয়ং চিদ্‌বৃত্তিরূপে অভিব্যক্ত পরমাত্মা। অতএব তাঁহাকেই জ্ঞেয় বলিয়া অবধারণ করিতে হইবে। অজ্ঞেরা তাঁহার তত্ত্ব গ্রহণে অসমর্থ; জ্ঞানিগণই তাঁহার তত্ত্বাবধারণে সমর্থ। যাঁহারা পূর্ব্বকথিত অমানিত্বাদি রূপ জ্ঞান সম্পন্ন, তাঁহারাই পরমজ্ঞেয় বস্তুর তত্ত্বনিরূপণে অধিকারী। পূর্ব্বকথিতরূপ অমানিত্বাদি সাধন সহকারে ব্রহ্মাববোধ জন্মিয়া থাকে। যদি মনে করা যায় যে, তিনি সাধন দ্বারা লভ্য, সুতরাং হয় তো বা তিনি স্থানান্তরে অবস্থিত। তদুত্তরে কথিত হইতেছে যে, তিনি সকল প্রাণীর হৃদয় প্রদেশে বুদ্ধি বৃত্তিতে অধিষ্ঠিত। তিনি সর্ব্বত্র সামান্যাকারে অধিষ্ঠিত আছেন; তথাপি ইহাই বক্তব্য যে, তিনি জীববর্গের হৃদয় প্রদেশে বুদ্ধি বৃত্তিতেই বিশেষরূপে অবস্থিত রহিয়াছেন। তিনি জীবরূপে ও অন্তর্য্যামিরূপে সকল জীবের হৃদয়ে নিত্যাধিষ্ঠিত। সূর্য্যরশ্মি সর্ব্বত্র বিকীর্ণ হইলেও যেরূপ দর্পণ ও উজ্জ্বল সূর্য্যকান্তমণি প্রভৃতিতে বিশেষরূপে প্রতিভাত হইয়া থাকে, সেইরূপ পরমাত্মা সর্ব্বত্র পরিব্যাপ্ত হইলেও জীববর্গের হৃদয়প্রদেশে বিশেষরূপে প্রতিষ্ঠিত রহিয়াছেন। যিনি হৃদয়ে নিত্যাধিষ্ঠিত, তিনি বস্তুতঃ অব্যবহিতঃ; কিন্তু ভ্রান্তি প্রযুক্ত অজ্ঞজনেরা তাঁহাকে ব্যবহিত বলিয়া জ্ঞান করে। সর্ব্বপ্রকার ভ্রমের কারণ স্বরূপ অজ্ঞানের নিবৃত্তি হইলেই তাঁহাকে প্রাপ্ত হওয়া যায়।

পূজ্যপাদ শ্রীমদ্রামানুজাচার্য্যের অভিপ্রায়। ব্রহ্ম দীপ, আদিত্য, মণি প্রভৃতি জ্যোতিষ্মান্ পদার্থেরও প্রকাশক। তিনি দীপাদিত্যাদি আত্মপ্রভারূপ আলোক প্রকাশ করিয়া থাকেন। সেই আলোক দ্বারা দীপাদি সন্নিহিত অন্ধকার মাত্র নাশ করে। তাহাদিগের প্রকাশকত্ব ধর্ম্মের এই স্থানেই পর্য্যবসান। বিষয়েন্দ্রিয়ের বিরোধী অন্ধকার মাত্র

দীপাদি দ্বারা বিনষ্ট হয়। কিন্তু পরম জ্যোতির্ম্ময় ব্রহ্মের প্রভাবে সর্ব্ব-প্রকার অন্ধকার নির্ম্মূল নিঃশেষিত হইয়া থাকে। তমঃশব্দ দ্বারা সূক্ষ্মা-বস্থাপন্না প্রকৃতি বুঝায়। ব্রহ্ম তাহারও অতীত। (অবশিষ্টাংশ পূর্ব্ববৎ)

পূজ্যপাদ শ্রীমন্নীলকণ্ঠের অভিপ্রায়। উল্লিখিত প্রকারে জ্ঞেয় বস্তুর তটস্থ লক্ষণ নির্দ্দেশ পূর্ব্বক এক্ষণে তাঁহার স্বরূপ লক্ষণ কীর্ত্তিত হইতেছে। সেই জ্ঞেয় পদার্থ আদিত্যাদি বাহ্য জ্যোতিষ্ক সমূহের এবং বুদ্ধি প্রভৃতি আন্তরিক প্রভান্বিতগণের জ্যোতিস্বরূপ। আদিত্যাদি বাহ্য জগতে আলোক বিকীরণ করিয়া থাকেন, বুদ্ধি প্রভৃতি অজ্ঞানান্ধকার নাশ করিয়া অন্তরকে আলোকিত করিয়া থাকে। পরব্রহ্ম সর্ব্বালোকের আলোক। অজ্ঞান হইতেই ভূতগ্রামের উদ্ভব। ব্রহ্ম সেই অজ্ঞান হইতে দূরাবস্থিত। জ্যোতিঃশাস্ত্রে প্রসিদ্ধ আছে যে, সূর্য্য রশ্মি দ্বারা তৎস্বজা-তীয় চন্দ্র অবভাসিত হইয়া থাকে। এস্থলে জ্ঞেয় বস্তুকে সর্ব্বজ্যোতিষ্কের অবভাসকরূপে উল্লেখ করায় সন্দেহ হইতে পারে যে, তিনিও কি তবে তৎসমস্তের একপ্রকার অলৌকিক সজাতীয় জ্যোতি? তদুত্তরে ইহাই বক্তব্য যে, তিনি জ্ঞান স্বরূপ এবং কোন ভৌতিক জোতিষ্মান্ পদার্থের অনুরূপ নহেন। সেই জ্ঞানাবৃত জ্ঞেয় বস্তুই প্রাপ্য পদার্থের মধ্যে ইষ্টতম। তিনি পূর্ব্বকথিতরূপ অমানিত্বাদি জ্ঞানসাধন দ্বারা লভ্য। তবে কি তিনি গ্রামান্তরের ন্যায় দেশান্তরের দ্বারা ব্যবহিত, অথবা বাল্যাত্যয়ে যৌবনা-গমে যেরূপ অবস্থান্তর সংঘটিত হয়, তদ্রূপ কাল দ্বারা ব্যবহিত? ইত্যা-কার আশঙ্কার উত্তরে কথিত হইতেছে যে, তিনি সকলের হৃদয়েই সতত অধিষ্ঠিত। স্বয়ং আত্মরূপে সর্ব্বভূতাবস্থিত হইয়া অন্তর্দৃষ্টি দ্বারা সকলবস্তুর প্রকাশক রূপে অবস্থিত ॥ ১৮ ॥

—(০)—

ইতি ক্ষেত্রং তথা জ্ঞানং জ্ঞেয়ঞ্চোক্তং সমাসতঃ।
মদ্ভক্ত এতদ্বিজ্ঞায় মদ্ভাবায়োপপদ্যতে ॥ ১৯ ॥

অন্বয়।—ইতি (ইত্থং) ক্ষেত্রং (শরীরং) তথা জ্ঞানং (অমানি-ত্বাদিকং) জ্ঞেয়ং (ক্ষেত্রজ্ঞং) চ সমাসতঃ (সংক্ষেপেণ) উক্তং (কথিতং)

মদ্ভক্তঃ (মদ্ভজনশীলঃ) এতৎ বিজ্ঞায় (বিশেষেণ জ্ঞাত্বা) মদ্ভাবায় (মোক্ষায়) উপপদ্যতে (উপযুক্তো ভবতি) ॥ ১৯ ॥

প্রতিশব্দ।—এইরূপে ক্ষেত্র ও জ্ঞান এবং জ্ঞেয় সংক্ষেপে উক্ত-হইল; আমার-ভক্ত এই-তত্ত্ব বিশেষরূপে-জানিয়া মোক্ষের-নিমিত্ত যোগ্য-হয় ॥ ১৯ ॥

ব্যাখ্যা।—এইরূপে ক্ষেত্ররূপ শরীর অমানিত্বাদি জ্ঞান এবং জ্ঞেয় ক্ষেত্রজ্ঞস্বরূপ সংক্ষেপে তোমার নিকট বিবৃত করিলাম; আমার ভক্ত এই গূঢ়তত্ত্ব বিশেষরূপে অবধারণ করিয়া মদ্ভাব অর্থাৎ মোক্ষলাভের যোগ্য হইয়া থাকেন ॥ ১৯ ॥

শঙ্করাচার্য্য।—তত্রৈব হি এবং বিস্তারতে যথোক্তার্থোপসংহারার্থোঽয়ং শ্লোক আরভ্যতে ইতি ক্ষেত্রমিতি। ইত্যেবং ক্ষেত্রং মহাভূতাদি ধৃত্যন্তং, তথা জ্ঞানমমানিত্বাদি, তত্ত্বজ্ঞানার্থদর্শনপর্য্যন্তং, জ্ঞেয়ং যজ্জ্ঞিত্যাদি তমসঃ পরমুচ্যত ইত্যেবমন্তমুক্তং সমাসতঃ সংক্ষেপতঃ, এতাবান্ সর্ব্বোহি বেদার্থো গীতার্থশ্চোপসংহৃত্যোক্তেঽস্মিন্ সম্যক্ দর্শনে কোঽধিক্রিয়ত ইত্যুচ্যতে মদ্ভক্তো ময়ীশ্বরে সর্ব্বজ্ঞে পরমগুরৌ বাসুদেবে সমর্পিতসর্ব্বাত্মভাবে যৎ পশ্যতি শৃণোতি স্পৃশতি বা সর্ব্বমেব ভগবান্ বাসুদেব ইত্যেবং গ্রহাবিষ্টবুদ্ধির্মদ্ভক্তঃ সন্ এতৎ যথোক্তং সম্যক্ দর্শনং বিজ্ঞায় মদ্ভাবায় মম ভাবো মদ্ভাবঃ পরমাত্মভাবস্তস্মৈ পরমাত্মভাবায়োপপদ্যতে যুজ্যতে ঘটতে মোক্ষং গচ্ছতি ॥১৯॥

আনন্দগিরি।—তত্রানুভবমনুকূলয়তি তত্রৈবেতি। তত্পদার্থশুদ্ধ্যর্থং সবিকারং ক্ষেত্রং পদবাক্যার্থবিবেক সাধনঞ্চামানিত্বাদি তৎপদার্থঞ্চ শুদ্ধং তদ্ভাবো বাক্যার্থমুক্তং। তেষাং ফলমুপসংহরতি যথোক্তেতি। পূর্ব্বার্দ্ধং বিভজতে ইত্যেবমিতি। বক্তব্যান্তরে সতি কিমিতি ত্রিতয়মেব সংক্ষিপ্যোপসংহৃতং তত্রাহ এতাবানিতি। উত্তরার্দ্ধমাকাংক্ষাদ্বারাবতারয়তি অস্মিন্নিতি। ঈশ্বরে সমর্পিতসর্ব্বাত্মভাবমেবাভিনয়তি যৎপশ্যতীতি। বিজ্ঞায় লব্ধেত্যর্থঃ ॥ ১৯ ॥

রামানুজ।—এবং "মহাভূতান্যহঙ্কার" ইত্যাদিনা "সংঘাতশ্চেতনাধৃতি" ইত্যনেন ক্ষেত্রতত্ত্বং সমাসেনোক্তম্ "অমানিত্বং" ইত্যাদিনা "তত্ত্বজ্ঞানার্থদর্শনম্" ইত্যন্তেন জ্ঞাতব্যস্যাত্মতত্ত্বস্য জ্ঞানসাধনমুক্তং, "অনাদিমৎপরং" ইত্যাদিনা "হৃদি সর্ব্বস্য বিষ্ঠিতম্" ইত্যন্তেন জ্ঞেয়স্য ক্ষেত্রজ্ঞস্য যাথাত্ম্যম্ চ সংক্ষেপেণোক্তম্। মদ্ভক্ত এতৎ ক্ষেত্রযাথাত্ম্যম্ ক্ষেত্রাদ্বিবিক্তাত্মস্বরূপপ্রাপ্ত্যুপায়যাথাত্ম্যম্ চ বিজ্ঞায় মদ্ভাবায়োপপদ্যতে মম যো ভাবঃ স্বভাবঃ অসংসারিত্বম্ অসংসারিত্বপ্রাপ্তয়ে উপপন্নোভবতীত্যর্থঃ ॥ ১৯ ॥

হনুমান্।—মম ভাবায় মোক্ষম্ গচ্ছতি ॥ ১৯ ॥

শ্রীধর।—উক্তং ক্ষেত্রাদিকমধিকারিফলসহিতমুপসংহরতি ইতীতি। ইত্যেবং ক্ষেত্রং

মহাভূতাদি ধৃত্যন্তং, তথা জ্ঞানঞ্চ অমানিত্বাদি তত্ত্বজ্ঞানার্থদর্শনান্তং, জ্ঞেয়ঞ্চ অনাদিমৎ পরং ব্রহ্মে-ত্যাদি বিষ্ঠিতমিত্যন্তং বশিষ্ঠাদিভির্বিস্তরেণোক্তং সর্ব্বমপি ময়া সংক্ষেপেণোক্তং, এতচ্চ পূর্ব্বা-ধ্যায়োক্তলক্ষণোমদ্ভক্তোবিজ্ঞায় মদ্ভাবায় ব্রহ্মত্বায়োপপদ্যতে যোগ্যোভবতি ॥ ১৯ ॥

বলদেব।—উক্তং ক্ষেত্রাদিকম্ তজ্জ্ঞানফলসহিতমুপসংহরতি ইতি ক্ষেত্রমিতি। মহা-ভূতানীত্যাদিনা চেতনাধৃতিরিত্যন্তেন ক্ষেত্রস্বরূপমুক্তম্। অমানিত্বমিত্যাদিনা তত্ত্বজ্ঞানার্থদর্শন-মিত্যন্তেন জ্ঞেয়স্য ক্ষেত্রজ্ঞদ্বয়স্য জ্ঞানং তৎসাধনমুক্তম্। অনাদি মৎপরমিত্যাদিনা হৃদি সর্ব্বস্য ধিষ্ঠিতমিত্যন্তেন জ্ঞেয়ং ক্ষেত্রজ্ঞদ্বয়ম্ চোক্তং ময়া এতত্রয়ং বিজ্ঞায় মিথো বিবেকেনাবগত্য মদ্ভাবায় মৎপ্রেম্নে মৎস্বভাবায় বা সংসারিত্বায় কল্পতে যোগ্যো ভবতি মদ্ভক্তঃ ॥ ১৯ ॥

মধুসূদন। উক্তং ক্ষেত্রাদিকমধিকারিণং ফলং চ বদন্নুপসংহরতি, ইতি অনেন পূর্ব্বোক্তেন প্রকারেণ ক্ষেত্রং মহাভূতাদিধৃত্যন্তং, তথা জ্ঞানং অমানিত্বাদি তত্ত্বজ্ঞানার্থদর্শনান্তং, জ্ঞেয়ং চ অনাদিমৎপরং ব্রহ্ম বিষ্ঠিতমিত্যন্তং, শ্রুতিভ্যঃ স্মৃতিভ্যশ্চাকৃষ্য ত্রয়মপি মন্দবুদ্ধ্যনুগ্রহায় ময়া সঙ্ক্ষেপেণোক্তং এতাবানেব হি সর্ব্ববেদার্থোগীতার্থশ্চ, অস্মিংশ্চ পূর্ব্বাধ্যায়োক্ত লক্ষণো মদ্ভক্ত এবাধিকারীত্যাহ, মদ্ভক্তঃ ময়ি ভগবতি বাসুদেবে পরমগুরৌ সমর্পিতসর্ব্বাত্মভাবোমদেক শরণঃ স এতদযথোক্তং ক্ষেত্রং জ্ঞানং জ্ঞেয়ং চ বিজ্ঞায় বিবেকেন বিদিত্বা মদ্ভাবায় সর্ব্বানর্থশূন্য-পরমানন্দভাবায় মোক্ষায়োপপদ্যতে মোক্ষং প্রাপ্তুং যোগ্যোভবতি "যস্য দেবে পরাভক্তির্যথা দেবে তথা গুরৌ। তস্যৈতে কথিতা হ্যর্থাঃ প্রকাশন্তে মহাত্মন" ইতি শ্রুতেঃ। তস্মাৎ সর্ব্বদা মদেক-শরণং সন্নাত্মজ্ঞানসাধনান্যেব পরমপুরুষার্থলিপ্সুরনুবর্ত্তেত তুচ্ছবিষয়ভোগস্পৃহাং হিত্বেত্যভি-প্রায়ঃ ॥ ১৯ ॥

নীলকণ্ঠ।—উক্তমর্থজাতমুপসংহরতি ইতীতি। ক্ষেত্রং মহাভূতাদি ধৃত্যন্তম্ জ্ঞানং জ্ঞানসাধনং অমানিত্বাদি তত্ত্বজ্ঞানার্থদর্শনান্তম্ জ্ঞেয়ং অনাদিমৎপরমিত্যাদি ধিষ্ঠিতমিত্যন্তং শ্রুতিভ্যঃ স্মৃতিভ্যশ্চ সমাসতঃ সংক্ষেপত উক্তং মদ্ভক্তঃ এতত্রয়ং বিজ্ঞায় মদ্ভাবায় ব্রহ্মভাবায়োপ-পদ্যতে যুক্তো ভবতি ভক্তৈব প্রাপ্যং ব্রহ্ম যৎপ্রাপ্য ব্রহ্মৈব ভবতি তথা চ শ্রুতিঃ, "যস্যদেবে পরা ভক্তির্যথাদেবে তথা গুরৌ। তস্যৈতে কথিতা হ্যর্থাঃ প্রকাশন্তে মহাত্মনঃ।" ইতি "ব্রহ্মবেদ ব্রহ্মৈব ভবতী" তিবা ॥ ১৯ ॥

বিশ্বনাথ।—উক্তং ক্ষেত্রাদিকং অধিকারিফলসহিতমুপসংহরতি ইতীতি। ক্ষেত্রং মহাভূতাদি ধৃত্যন্তং। জ্ঞানং অমানিত্বাদি তত্ত্বজ্ঞানার্থদর্শনান্তং। জ্ঞেয়ং জ্ঞানগম্যঞ্চ অনাদী-ত্যাদি ধিষ্ঠিতমিত্যন্তং। একমেব তত্ত্বং ব্রহ্ম ভগবৎ পরমাত্মা শব্দবাচ্যঞ্চ সংক্ষেপেণোক্তং ভক্তো মজ্জ্ঞানী মদ্ভাবায় মৎসাযুজ্যায়। যদ্বা মদ্ভক্তঃ মদৈকান্তিকোদাসঃ এতদ্বিজ্ঞায় মৎপ্রভো রেতাদৃগ-দৈশ্বর্য্যমিতিজ্ঞাত্বা ময়ি ভাবায় প্রেম্নে উপপদ্যতে উপপন্নো ভবতি ॥ ১৯ ॥

তাৎপর্য্য।—পূর্ব্বোল্লিখিত ক্ষেত্রাদিবিষয়ক জ্ঞানের অধিকারী নির্দ্দেশ পূর্ব্বক ফলকীর্ত্তন সহকৃত উপসংহার হইতেছে। পূর্ব্বে মহাভূত হইতে

ধৃতি পর্য্যন্ত বাক্যে ক্ষেত্রের স্বরূপ (৬।৭ শ্লোক), তাহার পর অমানিত্ব হইতে তত্ত্ব দর্শন পর্য্যন্ত বাক্য সমূহের দ্বারা জ্ঞানের লক্ষণ (৮।১২ শ্লোক) এবং তদনন্তর অনাদিমৎ হইতে বিষ্ঠিতং পর্য্যন্ত বাক্যসমূহে জ্ঞেয় বস্তুর তত্ত্ব (১৮ শ্লোক) নির্দ্দিষ্ট হইয়াছে। মন্দবুদ্ধি মানবগণের শ্রুতি প্রভৃতি শাস্ত্রসমূহের মতানুসারে বোধোৎপাদনের নিমিত্ত সংক্ষিপ্তভাবে শ্রীভগবান্ পূর্ব্বে ক্ষেত্র, জ্ঞান এবং জ্ঞেয় বস্তুর নির্দ্ধারণ করিয়াছেন। যে অভিপ্রায় তিনি পূর্ব্বে প্রকটিত করিয়াছেন, তাহাই সর্ব্ববেদের ও গীতার সারার্থ স্বরূপ। পূর্ব্বাধ্যায়ে যে ভগবদ্ভক্তের প্রসঙ্গ বিবৃত হইয়াছে, তাঁহারাই এই সকল বিষয়ের তত্ত্বলাভে অধিকারী। এই জন্যই শ্রীভগবান্ এস্থলে বলিতেছেন যে, যে ভক্তের সর্ব্বান্তঃকরণ বৃত্তি বাসুদেবস্বরূপ আমাতে একান্তভাবে সমর্পিত হইয়াছে, তিনিই পূর্ব্বকথিতরূপ ক্ষেত্র, জ্ঞান ও জ্ঞেয় বস্তুর তত্ত্ব বিবেক সহকারে পরিজ্ঞাত হইয়া মদ্ভাব অর্থাৎ সর্ব্বানর্থ পরিশূন্য পূর্ণানন্দ লাভরূপ মোক্ষের অধিকারী হইয়া থাকেন। শ্রুতি বলিয়াছেন, "যস্য দেবে পরাভক্তির্যথা দেবে তথা গুরৌ। তস্যৈতে কথিতা হ্যর্থাঃ প্রকাশন্তে মহাত্মনঃ।" (শ্বেতাশ্বরোপনিষৎ ৬ষ্ঠ অধ্যায় ২৩ শ্রুতি) ইহার ভাবার্থ এই যে, যাঁহার পরমেশ্বরে পরাভক্তি, এবং দেবতা ও গুরুতে সমজ্ঞান তাঁহার নিকট এই তত্ত্ব প্রকাশ করিলে তিনি ইহা প্রণিধান করিবেন। (৯ম অধ্যায় ১৪ শ্লোক তাৎপর্য্য দ্রষ্টব্য) অতএব নিরন্তর একমাত্র আমারই শরণাগত হইয়া পরম পুরুষার্থলিপ্সুগণ আত্মজ্ঞানলাভার্থ প্রয়াসপর হইবেন; অকিঞ্চিৎকর বিষয়ভোগ স্পৃহা তাঁহাদিগের সর্ব্বথা পরিবর্জ্জনীয় ॥ ১৯ ॥

---:•:---

প্রকৃতিং পুরুষঞ্চৈব বিদ্ধ্যনাদী উভাবপি।
বিকারাংশ্চ গুণাংশ্চৈব বিদ্ধি প্রকৃতিসম্ভবান্ ॥ ২০ ॥

অন্বয়। প্রকৃতিং পুরুষং চ এব উভৌ অপি অনাদী (আদিরহিতে) বিদ্ধি (জানীহি) বিকারান্ (ইন্দ্রিয়াদীন্) চ গুণান্ (সত্ত্বাদীন্) চ প্রকৃতিসম্ভবান্ বিদ্ধি (জানীহি) ॥ ২০ ॥

প্রতিশব্দ।—প্রকৃতি এবং পুরুষ উভয়কেই অনাদি জানিবে ; ইন্দ্রিয়াদি ও সত্বাদি-গুণসমূহকেও প্রকৃতি-হইতে-সম্ভূত জানিবে ॥ ২০ ॥

ব্যাখ্যা।—প্রকৃতি এবং পুরুষ এতদুভয়কেই অনাদি বলিয়া জানিবে ; এবং বিকারী ইন্দ্রিয়াদি ও সত্বাদি গুণ সমূহকে প্রকৃতি সঞ্জাত বলিয়া জানিবে ॥ ২০ ॥

শঙ্করাচার্য্য।—তৎ সপ্তমে ঈশ্বরস্থ দ্বে প্রকৃতী উপন্যস্তে পরাপরে ক্ষেত্রক্ষেত্রজ্ঞলক্ষণে, এতং যোনীনি ভূতানীতি চোক্তং ক্ষেত্রক্ষেত্রজ্ঞপ্রকৃতিদ্বয়যোনিত্বং কথং ভূতানামিত্যয়মর্থোঽধুনোচ্যতে প্রকৃতিমিতি। প্রকৃতিং পুরুষঞ্চৈবেশ্বরস্থ প্রকৃতী তৌ প্রকৃতিপুরুষাবুভাবপ্যনাদী ন বিদ্যতে আদির্যয়োস্তাবনাদী নিত্যত্বাদীশ্বরস্থ তৎপ্রকৃত্যোরপি যুক্তং নিত্যত্বেন ভবিতুং, প্রকৃতিদ্বয়বত্ত্বমেব হি ঈশ্বরস্যেশ্বরত্বং যাভ্যাং প্রকৃতিভ্যাং ঈশ্বরোজগদুৎপত্তিস্থিতিপ্রলয়হেতুস্তে দ্বে অনাদী সত্যৌ সংসারস্থ কারণং। ন আদী অনাদী ইতি তৎপুরুষসমাসং কেচিদ্বর্ণয়ন্তি তেন হি কেবলেশ্বরস্থ কারণত্বং সিধ্যতি। যদি পুনঃ প্রকৃতিপুরুষাবেব নিত্যৌ স্যাতাং তৎকৃতমেব জগন্নেশ্বরস্থ জগতঃ কর্ত্তৃত্বং, তদসং প্রাক্ প্রকৃতিপুরুষয়োরুৎপত্তেরীশিতব্যাভাবাৎ ঈশ্বরস্যানীশ্বরত্বপ্রসঙ্গাৎ সংসারস্থ নির্নিমিত্তত্বে নির্ম্মোক্ষত্বপ্রসঙ্গাৎ শাস্ত্রানর্থক্যপ্রসঙ্গাৎ বন্ধমোক্ষাভাবপ্রসঙ্গাচ্চ, নিত্যত্বে পুনরীশ্বর প্রকৃত্যোঃ সর্ব্বমেতদুপপন্নং ভবেৎ। কথং বিকারাংশ্চগুণাংশ্চৈব বক্ষ্যমাণান্ বুদ্ধ্যাদিদেহেন্দ্রিয়াস্তান্ গুণাংশ্চ সুখদুঃখমোহপ্রত্যয়াকারপরিণতান্ বিদ্ধি জানীহি প্রকৃতিসম্ভবান্ প্রকৃতিরীশ্বরস্থ বিকারকারণং শক্তিঃ গুণাত্মিকা মায়া সা সম্ভবোযেষাং বিকারাণাং গুণানাঞ্চ তান্ বিকারান্ গুণাংশ্চ বিদ্ধি জানীহি প্রকৃতিসম্ভবান্ প্রকৃতিপরিণামান্ ॥ ২০ ॥

আনন্দগিরি।—প্রকৃতিমিত্যাদি বক্ষ্যমাণমনন্তরপূর্ব্বগ্রন্থসম্বন্ধীত্যাশঙ্ক্য ব্যবহিতেন সম্বন্ধার্থং ব্যবহিতমনুবদতি তত্রেতি। তয়োশ্চ প্রকৃত্যোরুক্তভূতকারণত্বমিত্যাহ এতদিতি। ভূতানামিব প্রকৃত্যোরপি প্রকৃত্যন্তরাপেক্ষয়ানবস্থানাম্ন ভূতযোনিতেতি শঙ্কতে ক্ষেত্রেতি। তত্রাকৃতাভ্যাগমাদিবারণায় বন্ধস্থ নিদানজ্ঞানার্থমাত্মনোবিক্রিয়াবত্ত্বাদি দোষনিরাসার্থঞ্চ প্রকৃতিপুরুষয়োরনাদিত্বং ক্ষেত্রত্বেনোক্তাং প্রকৃতিং প্রকৃতিবিকারভাবত্বঞ্চ দর্শয়তি অয়মর্থ ইতি। সচ যোযৎস্বভাবশ্চেত্যুদ্দিষ্টং ব্যাচষ্টে প্রকৃতিমিতি। ঈশ্বরস্যাপরা প্রকৃতিরত্র প্রকৃতিশব্দেনোক্তা পরাতু প্রকৃতির্জীবাখ্যা পুরুষশব্দেন বিবক্ষিতেতি ব্যাকরোতি ঈশ্বরস্যেতি। তয়োরনাদিত্বং ব্যুৎপাদয়তি নেত্যাদিনা। তত্র যুক্তিমাহ নিত্যত্বাদীশ্বরস্যেতি। ঈশ্বরস্যোক্তপ্রকৃতিদ্বয়বত্ত্বং কথমিত্যাশঙ্ক্যাহ প্রকৃতীতি। তস্য জগজ্জন্মাদৌ স্বাতন্ত্র্যমেব ঈশ্বরত্বং ন প্রকৃতিদ্বয়বত্ত্বমিত্যাশঙ্ক্যাহ যাভ্যামিতি। প্রকৃত্যোরনাদিত্বং কুত্রোপযুক্তমিত্যাশঙ্ক্যাহ তে ইতি। মতান্তরমাহ নেত্যাদিনা। তয়োর্মূলকারণত্বাভাবে কস্য তদেষ্টব্যমিত্যাশঙ্ক্যাহ তেন হীতি। প্রকৃত্যোরেব মূলকারণত্বে শ্রুতিস্মৃতিসিদ্ধমীশ্বরস্য তথাত্বং ন স্যাদিত্যাহ যদীতি। প্রকৃতিদ্বয়স্য কার্য্যত্বপক্ষং প্রত্যাহ তদ-

সদিতি। কিঞ্চ প্রকৃতিদ্বয়মনপেক্ষ্য ঈশ্বরস্য সংসারহেতুত্বে স্বাতন্ত্র্যামুক্তানামপি ততঃ সংসারাপত্তের-নিষেধান্মোক্ষশাস্ত্রাপ্রামাণ্যমতস্যৈব সংসারহেতুত্বেত্যাহ সংসারস্যেতি। নিমিত্তত্বং প্রকৃতি-দ্বয়াপেক্ষামৃতে পরস্যৈব নিমিত্তত্বমিতিযাবৎ। কিঞ্চ কার্য্যত্বে প্রকৃত্যোস্তদুদয়াৎ পূর্ব্বং বন্ধাভাবে তদ্বিশ্লেষাত্মনোমোক্ষস্যাভাবাৎ কদাচিদ্বন্ধাভাবে পুনস্তদ প্রসঙ্গান্ন প্রকৃতিদ্বয়স্য কার্য্যতেত্যাহ বন্ধেতি। প্রকৃত্যোর্মূলকারণত্বেনানুপপত্তিরিত্যাহ নিত্যত্বইতি। স্বপক্ষে দোষাভাবং প্রশ্ন-পূর্ব্বকং প্রপঞ্চয়তি কথমিত্যাদিনা। সম্ভবঃসত্তাপ্রাপকোহেতুঃ। প্রকৃতেরনাদিত্বে বিকারাণাং গুণানাঞ্চ তৎকার্য্যত্বাদাত্মনোনির্ব্বিকারত্বং নির্গুণত্বঞ্চ সিধ্যতীতিভাবঃ॥ ২০॥

রামানুজ।—অথাত্যন্তবিভক্তস্বভাবয়োঃ প্রকৃত্যাত্মনোঃ সংসর্গস্যানাদিত্বম্ সংসৃষ্টয়ো-র্দ্বয়োঃ কার্য্যভেদঃ সংসর্গহেতুশ্চোচ্যতে। প্রকৃতিপুরুষাবুভাবন্যোন্যসংসৃষ্টাবনাদীতি বিদ্ধি। বন্ধহেতুভূতান্ বিকারানিচ্ছাদ্বেষাদীন্ অমানিত্বাদিকাংশ্চ গুণান্ মোক্ষহেতুভূতান্ প্রকৃতিসংভবান বিদ্ধি। পুরুষেণ সংসৃষ্টেয়মনাদিকালপ্রবৃত্তা ক্ষেত্রাকারপরিণতা প্রকৃতিঃ স্ববিকারৈঃ ইচ্ছাদ্বে-ষাদিভিঃ পুরুষস্য বন্ধহেতুর্ভবতি। সৈবামানিত্বাদিভিঃ স্ববিকারৈঃ পুরুষস্যাপবর্গহেতুর্ভব-তীত্যর্থঃ॥ ২০॥

হনুমান্।—প্রকৃতি মব্যক্তম্ পুরুষম্ ক্ষেত্রজ্ঞং বিকারান্ বুদ্ধ্যহঙ্কারতন্মাত্রদেহেন্দ্রিয়াদীং-শ্চ সত্ত্বাদীন্ সুখদুঃখমোহাকারপরিণতান্ তত্র বহিত্রয়ম্ বিভাব্যতে। যথার্থোপসংহারার্থোহয়ং শ্লোকঃ আরভ্যতে বিদ্ধি প্রকৃতিঃ সম্ভবাযেষাং॥ ২০॥

শ্রীধর।—তদেবং তৎক্ষেত্রং যচ্চ যাদৃক চেত্যেতাবৎ প্রপঞ্চিতমিদানীন্তু যদ্বিকারি যতশ্চ যৎ স চ যোযৎপ্রভাবশ্চেত্যেতৎ পূর্ব্বপ্রতিজ্ঞাতমেব প্রকৃতিপুরুষয়োঃ সংসারহেতুত্বকথনেন প্রপঞ্চয়তি প্রকৃতিমিতিপঞ্চভিঃ। তত্র প্রকৃতিপুরুষয়োরাদিমত্ত্বে তয়োরপি প্রকৃত্যন্তরে ভাব্য-মিত্যনবস্থাপত্তিঃ স্যাদতস্তাবুভাবনাদী বিদ্ধি অনাদেরীশ্বরস্য শক্তিত্বাৎ প্রকৃতেরনাদিত্বং পুরুষোহপি তদংশত্বাদনাদিরেব অত্র চ পরমেশ্বরস্য তচ্ছক্তীনাঞ্চানাদিত্বং শ্রীমচ্ছঙ্করভগবদ্ভাষ্যকৃদ্ভিরতি প্রবন্ধেনোপপাদিতমিতি গ্রন্থবাহুল্যান্নস্মাভিঃ প্রপঞ্চ্যতে। বিকারাংশ্চ দেহেন্দ্রিয়াদীন্ গুণাংশ্চ গুণপরিণামান্ সুখদুঃখমোহাদীন্ প্রকৃতেঃ সংভূতান্ বিদ্ধি॥ ২০॥

বলদেব।—এবং মিথোবিবিক্তস্বভাবয়োরনাদ্যোঃ প্রকৃতিজীবয়োঃ সংসর্গস্যানাদি-ব্যালিকত্বম্ সংসৃষ্টয়োস্তয়োঃ কার্য্যভেদস্তৎসংসর্গস্যানাদিকালিকস্য হেতুশ্চ নিরূপ্যতে প্রকৃতিমিত্যা-দিভিঃ। অপিরবধৃতৌ। মিথঃসংপৃক্তৌ প্রকৃতিপুরুষাবুভাবনাদী এব বিদ্ধি অনাদী মদীয়শক্তি-ত্বান্নিত্যাবেব জানীহি তয়োর্মচ্ছক্তিত্বম্ তু পূরৈবোক্তং ভূমিরাপইত্যাদিনা। অনাদী সংসৃষ্ট-য়োরপি তয়োঃ স্বরূপভেদোহস্তীত্যাশয়েনাহ। বিকারান্ দেহেন্দ্রিয়াদীন্ গুণাংশ্চ সুখদুঃখমোহান্ প্রকৃতিসম্ভবান্ ন তু জৈবান্ বিদ্ধীতি ক্ষেত্রাত্মনা পরিণতায়াঃ প্রকৃতেরন্যো জীব ইতি দর্শিতং॥২০॥

মধুসূদন। তদনেন গ্রন্থেন তৎ ক্ষেত্রং যচ্চ যাদৃক্ চেত্যেতদ্ব্যাখ্যাতং, ইদানীংযদ্বিকারি যতশ্চ স চ যোযৎপ্রভাবশ্চেত্যেতাবদ্ব্যাখ্যাতব্যং, তত্র প্রকৃতিপুরুষয়োঃ সংসারহেতুত্ব কথনেন যদ্বিকারি যতশ্চ যদিতি প্রকৃতিমিত্যাদি দ্বাভ্যাং প্রপঞ্চ্যতে, স চ যোযৎপ্রভাবশ্চেতি তু পুরুষ।

ইত্যাদিবাক্যাভ্যামিতি বিবেকঃ, তত্র সপ্তমে ঈশ্বরস্য দ্বে প্রকৃতী পরাপরে ক্ষেত্রক্ষেত্রজ্ঞলক্ষণে উপন্যস্য এতদ্যোনীনি ভূতানীত্যুক্তং। তত্রাপরা প্রকৃতিঃ ক্ষেত্রলক্ষণা, পরা তু জীবলক্ষণেতি তয়োরনাদিত্বমুক্ত্বা তদুভয়যোনিত্বং ভূতানামুচ্যতে প্রকৃতির্মায়াখ্যা ত্রিগুণাত্মিকা পারমেশ্বরী শক্তিঃ ক্ষেত্রলক্ষণা যা প্রাগপরা প্রকৃতিরিত্যুক্তা, যা তু পরা প্রকৃতির্জীবাখ্যা প্রাগুক্তা স ইহ পুরুষ ইত্যুক্তইতি ন পূর্ব্বাপরবিরোধঃ। প্রকৃতিং পুরুষঞ্চ উভাবপি অনাদী এব বিদ্ধি ন বিদ্যতে আদিঃ কারণং যয়োস্তৌ, তথা প্রকৃতেরনাদিত্বং সর্ব্বজগৎকারণত্বাৎ তস্যা অপি কারণস্যাপেক্ষত্বেহনবস্থাপ্রসঙ্গাৎ পুরুষস্যানাদিত্বং তদ্ধর্ম্মাধর্ম্মপ্রযুক্তত্বাৎ কৃৎস্নস্য জ্যাতঃ হর্ষশোকভয়সংপ্রতিপত্তেঃ। অন্যথা কৃতহান্যকৃতাভ্যাগমপ্রসঙ্গাৎ, যতঃ প্রকৃতিরনাদিঃ অতস্তস্যা ভূতযোনিত্বমুক্তং প্রাগুপপদ্যত ইত্যাহ, বিকারাংশ্চ ষোড়শ পঞ্চমহাভূতান্যেকাদশেন্দ্রিয়াণি চ গুণাংশ্চ সত্ত্বরজস্তমোরূপান্ সুখদুঃখমোহান্ প্রকৃতিসম্ভবানেব প্রকৃতিকারণকানেব বিদ্ধি জানীহি॥ ২০॥

নীলকণ্ঠ —এবং ক্ষেত্রং শরীরাখ্যমব্যক্তমুক্তং তৎপ্রকারাশ্চ মহদাত্মাস্ত্রয়োবিংশতিঃ, তদ্বিকারা ইচ্ছাদয়ো জ্ঞানাজ্ঞানশব্দিতা অমানিত্বমানিত্বাদয়ঃ, পুরুষশ্চ উক্তঃ; ইদানীং ক্ষেত্রক্ষেত্রজ্ঞয়োর্মধ্যে যস্মাদ্ যজ্জায়তে তচ্চ ক্ষেত্রজ্ঞস্য প্রভাবশ্চেতি বক্তব্যং, তত্রাদৌ বিবৃণোতি ত্রিভিঃ প্রকৃতিমিতি। সপ্তমাধ্যায়ে অষ্টধা যা প্রকৃতিরপরা উক্তাসা তত্র প্রকৃতিঃ যাতু জীবভূতা পরা প্রকৃতিরুক্তা সাত্রপুরুষ শব্দেনোচ্যতে, এতৌ হি সম্পৃক্তৌ সংসারং জনয়তঃ, বিয়োগশ্চ তয়োর্মোক্ষঃ, তত্রতৌ উভাবপ্যনাদী বিদ্ধি তয়োরাদিমত্ত্বে সংসারস্যাকস্মিকত্বাপাতাৎ কৃতহান্যকৃতাভ্যাগমপ্রসঙ্গশ্চেত্যন্যত্র বিস্তরঃ, বিকারান্ ইচ্ছাদীন্ গুণাদীন্ বুদ্ধীন্দ্রিয়াদীংশ্চ প্রকৃতিসম্ভবান্ বিদ্ধি॥ ২০॥

বিশ্বনাথ।—পরমাত্মানমুক্ত্বা ক্ষেত্রজ্ঞশব্দবাচ্যং জীবাত্মানং কুতস্তস্য মায়াসংশ্লেষঃ কদারভ্য অভূদিত্যপেক্ষায়ামাহ প্রকৃতিং মায়াং পুরুষং জীবঞ্চ উভাবপি অনাদীঃ ন বিদ্যতে আদিঃ কারণং যয়োঃ তথাভূতৌ বিদ্ধি অনাদেরীশ্বরস্য মম শক্তিত্বাৎ। "ভূমিরাপোহনলোবায়ুঃ খংমনো বুদ্ধিরেবচ। অহঙ্কার ইতীয়ং মে ভিন্না প্রকৃতিরষ্টধা। অপরেয়মিতস্ত্বন্যাং প্রকৃতিং বিদ্ধিমে পরাং। জীবভূতাং মহাবাহো যয়েদং ধার্য্যতে জগৎ।" ইতিমদুক্তে মায়াজীবয়োরপি মৎশক্তিত্বেন অনাদিত্বাৎ তয়োঃ সংশ্লেষোহপ্যনাদি রিতিভাবঃ। তত্রমিথঃ সংশ্লিষ্টয়োরপি তয়োর্ব্বস্তুতঃ পার্থক্যমস্ত্যেব ইত্যাহ বিকারাংশ্চ দেহিন্দ্রিয়াদীন্ গুণাংশ্চ গুণপরিণামান্ সুখদুঃখশোকমোহাদীন্ প্রকৃতিসম্ভূতান প্রকৃত্যুদ্ভূতান্ বিদ্ধি ক্ষেত্রাকারপরিণতায়াঃ প্রকৃতেঃ সকাশাদ্ভিন্নমেবজীবং বিদ্ধীতিভাবঃ॥ ২০॥

তাৎপর্য্য।—বর্ত্তমান অধ্যায়ের ৪র্থ শ্লোকে "যদ্বিকারি যতশ্চ" এবং "স চ যো যৎপ্রভাবশ্চ" এই কয় বাক্যে যেরূপে ক্ষেত্রাদির তত্ত্ব পরিব্যক্ত করিবার প্রসঙ্গ উল্লিখিত হইয়াছে তাহাই এক্ষণে নির্দ্দিষ্ট হইতেছে। অতঃ-

পর শ্লোকদ্বয়ে প্রকৃতি ও পুরুষকে সৃষ্টি কার্য্যের মূলস্বরূপে নির্দ্দেশ করিয়া "যদ্বিকারি ও যতশ্চ" এই প্রসঙ্গের মীমাংসা প্রদত্ত হইতেছে। তদনন্তর পুরুষ ইত্যাদি (২২ শ্লোক) শ্লোকদ্বয়ে "স চ যঃ এবং যৎ প্রভাবশ্চ" এই দুই বাক্যের সদুত্তর প্রদত্ত হইবে। সপ্তমাধ্যায়ের ৪।৫ শ্লোকে প্রকৃতির পরা ও অপরাভেদে ক্ষেত্র ও ক্ষেত্রজ্ঞস্বরূপ দুইভাব উপন্যস্ত হইয়াছে। উক্ত সপ্তমাধ্যায়ে প্রকৃতি বিবরণের অব্যবহিত পরেই কথিত হইয়াছে যে, "এতদ্‌যোনীনিভূতানি" (৬ শ্লোক)। তথাচ, যে অপরাপ্রকৃতির উল্লেখ করা হইয়াছে, তিনিই ক্ষেত্রলক্ষণা এবং যে পরা প্রকৃতির উল্লেখ হইয়াছে, তিনিই জীবলক্ষণা। এই দুই প্রকৃতিই ভূতসমূহের যোনিস্বরূপ অর্থাৎ এই দুই প্রকৃতিকে অবলম্বন করিয়া ভূতসমূহ আবির্ভূত হইয়া থাকে। সত্ত্বরজতম এই ত্রিগুণাত্মিকা মায়ানামধারিণী প্রকৃতি পরমেশ্বরেরই শক্তি। পূর্ব্বে অপরা নামে যে প্রকৃতির উল্লেখ করা হইয়াছে, তিনিই ক্ষেত্র লক্ষণা। এবং জীবভূতা যে পরা প্রকৃতির উল্লেখ করা হইয়াছে, তাহাই এতৎ শ্লোকোক্ত পুরুষস্বরূপা। পূর্ব্বে সপ্তমাধ্যায়ে পরা এবং অপরা প্রকৃতিদ্বয়কে ভূতসমূহের যোনিস্বরূপে নির্দ্দেশ করা হইয়াছে। এক্ষণে প্রকৃতি এবং পুরুষকে তত্তাবতের কারণ রূপে উল্লেখ করা হইতেছে। ইহাতে আপাতত বিরোধ ঘটিতেছে বলিয়া আশঙ্কা উপস্থিত হইতে পারে। কিন্তু বস্তুতঃ আশঙ্কার কোন অবসর নাই। কারণ যিনি জীবরূপা পরা প্রকৃতি, তিনিই পুরুষের স্বরূপ। এই প্রকৃতি এবং পুরুষ উভয়কেই অনাদি বলিয়া জানিবে। যে হেতু এই উভয়ের আদি অর্থাৎ কারণ কিছুই নাই। এই প্রকৃতিদ্বয় নিত্যরূপে ঈশ্বরের সহিত যুক্ত, এবং এই প্রকৃতি দ্বয়ই ঈশ্বরের ঈশ্বরত্ব। তদভাবে অর্থাৎ প্রকৃতিদ্বয় বিরহিত হইয়া ঈশ্বর সৃষ্টি কার্য্য সাধনে অক্ষম। কেহ কেহ মূলস্থিত অনাদি পদের তৎপুরুষ সমাস অবধারণ করিয়া পরা ও অপরা প্রকৃতিদ্বয়কে আদি নহে বলিয়া স্থির করিয়াছেন। সেরূপ অর্থ গ্রহণ করিলে কেবলমাত্র ঈশ্বরকেই সৃষ্টি কার্য্যের কারণ বলিয়া স্বীকার করিতে হয়। এরূপ মীমাংসা অসঙ্গত। কারণ তাহা হইলে প্রকৃতি পুরুষের উৎপত্তির পূর্ব্বে ঈশ্বরের নিয়ন্তৃত্ব শক্তির প্রয়োগ স্থলের অভাব হয়; ঈশ্বরের উপর অনীশ্বরত্বের আরোপ ঘটে, সংসারের নিমিত্তহীনতা হেতু মোক্ষ সাধকত্বের অসম্ভাবনা উপস্থিত হয়, শাস্ত্রীয় প্রমাণ সমূহের

বরোধ ঘটে; এবং জীবের বন্ধ ও মোক্ষ অসিদ্ধ হইয়া পড়ে। ঈশ্বর এবং প্রকৃতিকে নিত্যরূপে স্বীকার করিলে উল্লিখিতরূপ কোন বিরোধের আশঙ্কা থাকে না। অতএব, যেহেতু প্রকৃতিই সর্ব্বজগতের কারণস্বরূপা সুতরাং তিনি অনাদি ইহাই সিদ্ধ হইতেছে। প্রকৃতি অনাদি, অতএব তাঁহাকে পূর্ব্বে যে ভূতযোনিরূপে উল্লেখ করা হইয়াছে, তাহাতে অসঙ্গতি কিছুই নাই। অতএব একাদশেন্দ্রিয় বিজড়িত পঞ্চমহাভূতময় এই দেহাদি প্রপঞ্চ সেই প্রকৃতি হইতে সমুদ্ভূত বলিয়া জানিবে। সুখদুঃখ মোহস্বরূপ সত্ত্ব রজ তম এই গুণ এই সেই প্রকৃতি হইতেই সঞ্জাত বলিয়া বুঝিবে ॥২০॥

—:০:—

কার্য্যকারণকর্ত্তৃত্বে হেতুঃ প্রকৃতিরুচ্যতে।
পুরুষঃ সুখদুঃখানাং ভোক্তৃত্বে হেতুরুচ্যতে ॥ ২১ ॥

অন্বয়।—কার্য্যকারণকর্ত্তৃত্বে (কার্য্যকারণোৎপাদকত্বে) প্রকৃতিঃ হেতুঃ (কারণং) উচ্যতে (কথ্যতে) পুরুষঃ (জীবঃ) সুখদুঃখানাং ভোক্তৃত্বে (উপলব্ধৃত্বে) হেতুঃ (কারণং) উচ্যতে (কথ্যতে) ॥ ২১ ॥

প্রতিশব্দ।—কার্য্য-কারণের-কর্ত্তৃত্বে প্রকৃতি কারণরূপে কথিত-হয়, জীব সুখ-দুঃখের ভোক্তৃত্বে হেতু উক্ত-হয় ॥ ২১ ॥

ব্যাখ্যা।—প্রকৃতি কার্য্যকারণরূপ শরীরেন্দ্রিয়ের উৎপাদনে হেতু বলিয়া কথিত হয়, এবং জীব সুখ দুঃখ ভোগের কারণরূপে উক্ত হয় ॥ ২১ ॥

শঙ্করাচার্য্য।—কে পুনস্তে বিকারা গুণাশ্চ প্রকৃতিসম্ভবাঃ কার্য্যেতি। কার্য্যকারণকর্ত্তৃত্বে কার্য্যং শরীরং কারণানি তৎস্থানি ত্রয়োদশ দেহস্যারম্ভকাণি ভূতানি বিষয়াশ্চ প্রকৃতিসম্ভবা বিকারাঃ পূর্ব্বোক্তা ইহ কার্য্যগ্রহণেন গৃহ্যন্তে, গুণাশ্চ প্রকৃতিসম্ভবাঃ সুখদুঃখমোহাত্মকাঃ কারণাশ্রয়ত্বাৎ কারণগ্রহণেন গৃহ্যন্তে তেষাং কার্য্যকারণানাং কর্ত্তৃত্বমুৎপাদকত্বং যত্তৎ কার্য্যকারণকর্ত্তৃত্বং তস্মিন্ কার্য্যকারণকর্ত্তৃত্বে হেতুঃ কারণমারম্ভকত্বেন প্রকৃতিরুচ্যতে এবং কার্য্যকারণকর্ত্তৃত্বেন সংসারস্য কারণং প্রকৃতিঃ. কার্য্যকারণয়োঃ কর্ত্তৃত্ব ইত্যস্মিন্নপি পাঠে কার্য্যং যদ্যস্য বিপরিণামস্তত্তস্য কার্য্যং বিকারঃ বিকারিকারণং তয়োর্ব্বিকারবিকারিণোঃ কার্য্যকারণয়োঃ কর্ত্তৃত্ব ইতি তাম্বেব কার্য্যকারণান্যুচ্যন্তে অথবা ষোড়শ বিকারাঃ কার্য্যং সপ্ত প্রকৃতিবিকৃতয়ঃ কারণন্তান্যেব কার্য্যকার-

ণানি উচ্যন্তে তেষাং কর্তৃত্বে হেতুঃ প্রকৃতিরুচ্যতে আরম্ভকত্বেনৈব পুরুষস্য সংসারস্যকারণং যথা স্যাত্তদুচ্যতে "পুরুষঃ জীবঃ ক্ষেত্রজ্ঞঃ ভোক্তা" ইতি পর্য্যায়ঃ সুখদুঃখানাং ভোগানাং ভোক্তৃত্বে উপলব্ধৃত্বে হেতু রুচ্যতে কথং পুনরনেন কার্য্যকারণকর্তৃত্বেন সুখদুঃখভোক্তৃত্বেন চ প্রকৃতিপুরুষয়োঃ সংসারকারণত্বমুচ্যত ইতি অত্রোচ্যতে কার্য্যকারণসুখদুঃখরূপেণ হেতুফলাত্মনা প্রকৃতেঃ পরিণামাভাবে পুরুষস্য চৈতন্যস্য সতি তদুপলব্ধৃত্বে কুতঃ সংসারঃ স্যাৎ, যদা পুনঃ কার্য্যকারণহেতুফলাত্মনা পরিণতয়া তয়া প্রকৃত্যা ভোগ্যয়া পুরুষস্য তদ্বিপরীতস্য ভোক্তৃত্বেনাবিদ্যারূপঃ সংযোগঃ স্যাত্তদা সংসারঃ স্যাদিত্যতোযৎ প্রকৃতিপুরুষয়োঃ কার্য্যকারণকর্তৃত্বেন সুখদুঃখভোক্তৃত্বেন চ সংসারকারণত্বমুক্তং তৎ যুক্তমুক্তং, কঃ পুনরয়ং সংসারোনাম সুখদুঃখসম্ভোগঃ সংসারঃ পুরুষস্য চ সুখদুঃখানাং সম্ভোক্তৃত্বং সংসারিত্বমিতি ॥ ২১ ॥

আনন্দগিরি।—বিকারাণাং প্রকৃতেশ্চ স্বরূপমাকাংক্ষাদ্বারা নির্দেষ্টুমুত্তরশ্লোকপূর্ব্বার্দ্ধং পাতয়তি কেপুনরিতি। পুরুষস্যানাদিত্বকৃতবন্ধহেতুত্বমাহ পুরুষইতি। পূর্ব্বার্দ্ধং ব্যাচষ্টে কার্য্যমিত্যাদিনা। জ্ঞানেন্দ্রিয়পঞ্চকং কর্ম্মেন্দ্রিয়পঞ্চকং মনোবুদ্ধিরহঙ্কারশ্চেতি ত্রয়োদশকরণানি তথাপি ভূতানাং বিষয়াণাঞ্চাগ্রহণাৎ কথঞ্চৈষাং প্রকৃতিকার্য্যতেত্যাশঙ্ক্যাহ দেহেতি। তথাপি গুণানামিহাগ্রহনান্ন প্রকৃতিকার্য্যত্বং তত্রাহ গুণাশ্চেতি। উক্তরীত্যা নিষ্পন্নমর্থমাহ এবমিতি। পাঠান্তর মনূদ্য ব্যাখ্যাপূর্ব্বকমর্থাভেদমাহ কার্য্যেত্যাদিনা। ব্যাখ্যান্তরমাহ অথবেতি। একদশেন্দ্রিয়াণি পঞ্চ বিষয়াইতি ষোড়শসংখ্যকবিকারোঽত্র কার্য্যশব্দার্থঃ মহদহংকারৌ ভূততন্মাত্রাণীতি প্রকৃতিবিকৃতয়ঃ সপ্তকারণং তেষাং আরম্ভকত্বেন কর্তৃত্বেন হেতুরাশ্রয়োমূল প্রকৃতিরিত্যর্থঃ। উত্তরার্দ্ধস্য তাৎপর্য্যমাহ পুরুষশ্চেতি। তস্য পরমাত্মত্বং ব্যবচ্ছিনত্তি জীবইতি। তস্য প্রাণধারণনিমিত্তস্য তদর্থঞ্চেতনমাহ ক্ষেত্রজ্ঞইতি। তস্যানৌপাধিকত্বং বারয়তি ভোক্তেতি। তয়োঃ সংসারকারণত্বমুপপাদয়িতুং শঙ্কয়তি কথমিতি। অন্বয়ব্যতিরেকাভ্যাং তয়োস্তথাত্বমিত্যাহ অত্রেতি। তত্র ব্যতিরেকং দর্শয়তি কার্য্যেতি। নহি নিত্যমুক্তস্যাত্মনঃ স্বতঃ সংসারোঽস্তীত্যর্থঃ। ইদানীমন্বয়মাহ যদেতি। অন্বয়াদিফলমুপসংহরতি অতইতি। আত্মনোঽবিক্রিয়স্য সংসরণং নোচিতমিত্যাক্ষিপতি কঃ পুনরিতি। সুখদুঃখান্যতরসাক্ষাৎকারোভোগঃ সচাক্রিয়স্যৈব দ্রষ্টুঃ সংসারঃ তথাবিধং ভোক্তৃত্বমস্য সংসারিত্বমিত্যুত্তরমাহ সুখেতি। শ্লোকব্যাখ্যাসমাপ্তাবিতি শব্দঃ ॥ ২১ ॥

রামানুজ।—সংসৃষ্টয়োঃ প্রকৃতি পুরুষয়োঃ কার্য্যভেদমাহ। কার্য্যং শরীরং কারণানি সমনস্কানীন্দ্রিয়াণি তেষাং ক্রিয়াকারিত্বে পুরুষাধিষ্ঠিতা প্রকৃতিরেব হেতুঃ পুরুষাধিষ্ঠিতক্ষেত্রাকারপরিণতপ্রকৃত্যাশ্রয়া ভোগসাধনভূতা ক্রিয়া ইত্যর্থঃ। পুরুষস্য ত্বধিষ্ঠাতৃত্বমেব তদপেক্ষয়াধিকং "কর্ত্তা শাস্ত্রার্থবত্ত্বাদি"ত্যাদিকম্ উক্তং শরীরাধিষ্ঠানপ্রযত্নহেতুত্বমেব হি পুরুষস্য কর্তৃত্বং প্রকৃতিসংসৃষ্টঃ পুরুষঃ সুখদুঃখানাং ভোক্তৃত্বে হেতুঃ সুখদুঃখানুভবাশ্রয়ঃ ইত্যর্থঃ। এবমন্যোন্যসংসৃষ্টয়োঃ প্রকৃতিপুরুষয়োঃ কার্য্যভেদ উক্তঃ ॥ ২১ ॥

হনুমান্।—পুরুষঃ প্রকৃতিস্থোঽহীতি ॥ ২১ ॥

শ্রীধর।—বিকারাণাং প্রকৃতিসম্ভবত্বং দর্শয়ন্ পুরুষস্য সংসারহেতুত্বং দর্শয়তি কার্য্যেতি

কার্য্যং শরীরং কারণানি সুখদুঃখসাধনানীন্দ্রিয়ানি তেষাং কর্তৃত্বে তদাকারপরিণামে প্রকৃতির্হেতু-রুচ্যতে কপিলাদিভিঃ পুরুষোজীবস্তু তৎকৃতসুখদুঃখানাং ভোক্তৃত্বে হেতুরুচ্যতে। অয়ং ভাবঃ যদ্যপ্যচেতনায়াঃ প্রকৃতেঃ স্বতঃ কর্তৃত্বং ন সম্ভবতি, তথা পুরুষস্যাপ্যবিকারিণো ভোক্তৃত্বং ন সম্ভবতি তথাপি কর্তৃত্বং নাম ক্রিয়ানির্ব্বর্ত্তকত্বং তচ্চাচেতনস্যাপি চেতনাদৃষ্টবশাৎ চৈতন্যাধিষ্ঠিত-ত্বাৎ সম্ভবতি যথা বহ্নেরূর্দ্ধজ্বলনং বায়োস্তির্য্যগ্‌গমনং বৎসাদৃষ্টবশাৎ স্তন্যপয়সঃ ক্ষরণমিত্যাদি, অতঃ পুরুষসন্নিধানাৎ প্রকৃতেঃ কর্তৃত্বমুচ্যতে ভোক্তৃত্বঞ্চ সুখদুঃখসংবেদনং তচ্চ চেতনধর্ম্ম এবেতি প্রকৃতিসন্নিধানাৎ পুরুষস্য ভোক্তৃত্বমুচ্যত ইতি॥ ২১॥

বলদেব।—অথ সংসৃষ্টয়োস্তয়োঃ কার্য্যভেদমাহ কার্য্যেতি। শরীরং কার্য্যং। জ্ঞান-কর্ম্মসাধকত্বাদিন্দ্রিয়াণি কারণানি। কর্তৃত্বে তত্তদাকারস্বপরিণামে প্রকৃতির্হেতুঃ। পুরুষঃ প্রকৃতিস্থো হীত্যগ্রিমাৎ স্বসংসর্গেণ সচেতনাং প্রকৃতিং পুরুষোহধিতিষ্ঠতি তদধিষ্ঠিতা তু সা তৎকর্ম্মানুগুণ্যেন পরিণমমানা তত্তদ্দেহাদীনাং স্রষ্ট্রীতি। প্রকৃত্যর্পিতানাং সুখাদীনাং ভোক্তৃত্বে পুরুষো হেতুঃ তেষাং ভোগে স এব কর্ত্তেত্যর্থঃ। প্রকৃত্যধিষ্ঠাতৃত্বং সুখাদিভোক্তৃত্বঞ্চ পুরুষস্য কার্য্যং। তচ্চ শরীরাদিকর্তৃত্বং তু তদধিষ্ঠিতায়াঃ প্রকৃতেরিতি পুরুষস্যৈব কর্তৃত্বং মুখ্যং। এবমাহ সূত্র-কারঃ। "কর্ত্তা শাস্ত্রার্থবত্ত্বাদি"ত্যাদিভিঃ। পরেশস্য হরেরধিষ্ঠাতৃত্বং তু সর্ব্বত্রাবর্জ্জনীয়মিত্যুক্তং বক্ষ্যতে চ॥২১॥

মধুসূদন।—বিকারাণাং প্রকৃতিসম্ভবত্বং বিবেচয়ন্ পুরুষস্য সংসারহেতুত্বং দর্শয়তি। কার্য্যেতি। কার্য্যং শরীরং কারণানীন্দ্রিয়াণি তৎস্থানি ত্রয়োদশদেহারম্ভকাণি ভূতানি বিষয়াশ্চেহ কার্য্যগ্রহণেন গৃহ্যন্তে, গুণাশ্চ সুখদুঃখমোহাত্মকাঃ করণাশ্রয়ত্বাৎ করণগ্রহণেন গৃহ্যন্তে তেষাং কার্য্যকরণানাং কর্তৃত্বে তদাকারপরিণামে হেতুঃ কারণং প্রকৃতিরুচ্যতে মহর্ষিভিঃ। কার্য্যকারণেতি দীর্ঘপাঠেঽপি স এবার্থঃ। প্রকৃতেঃ সংসারকারণত্বং ব্যাখ্যায় পুরুষস্যাপি যাদৃশং তত্তদাহ পুরুষঃ ক্ষেত্রজ্ঞঃ পরা প্রকৃতিরিতি প্রাগ্ব্যাখ্যাতঃ স সুখদুঃখমোহানাং ভোগ্যানাং সর্ব্বেষামপি ভোক্তৃত্বে বৃত্ত্যুপরক্তোপলম্ভত্বে হেতুরুচ্যতে॥ ২১॥

নীলকণ্ঠ।—উভয়োরপি সংসারম্ প্রতি কারণত্বে দ্বারমাহ কার্য্যেতি। কার্য্যং শরীরম্ তদারম্ভকানিভূতানি বিষয়াশ্চ কারণম্ ত্রয়োদশেন্দ্রিয়াণি, তদাশ্রিতাশ্চ সুখদুঃখমোহাত্মকা গুণাশ্চ, করণমিতি পাঠেঽপি স এবার্থ এতয়োঃ কার্য্যকারণয়োঃ কর্তৃত্বে নিমিত্তে সতি কর্তৃত্বেনেত্যর্থঃ হেতুঃ সংসারস্য কারণং প্রকৃতির্ভবতি, যথা পুরুষঃ সুখদুঃখানাং ভোক্তৃত্বেন সংসারস্য হেতুরিতি যদি হি কার্য্যকারণসুখদুঃখরূপে হেতুফলাত্মনা প্রকৃতির্নপরিণমেৎ তদা পুরুষঃ কিমুপলভেত অনুপলব্ধা বা কথংসংসারী স্যাৎ অনুপলব্ধা প্রকৃতিঃ কুত্রোপযুজ্যতে তস্মাদুপলভ্যোপলব্ধৃ-সংযোগঃ সংসারকারণমিতি, যথাভাষ্যং ব্যাখ্যানং যদ্বা পুরুষস্য কার্য্যত্বে কারণত্বে কর্তৃত্বে চ প্রকৃতিরেব পুরুষতাদাত্ম্যং প্রাপ্তা হেতুর্ভবতি, বহ্নিতাদাত্ম্যং প্রাপ্তম্ লৌহং বহ্নেশ্চতুষ্কোণত্বা-দাবিব হেতুর্ভবতি, তথা প্রকৃতেঃ সুখদুঃখভোক্তৃত্বে স্বচ্ছায়াপ্রদানে পুরুষঃ কারণং বহ্নিরিব লৌহস্য স্বচ্ছায়াপ্রদানেন দগ্ধৃত্বে তথা হি কার্য্যত্বাদয়ঃ প্রাকৃতদেহেন্দ্রিয় বুদ্ধি ধর্ম্মাঃ সত্তাশ্চদাত্মতা-

রোপ্যান্তে গৌরোঽহং মনুষ্যপুত্রোঽহং খঞ্জোঽহং করোম্যহমকার্ষমহমিতি তথা চিচ্ছায়াপন্নাবুদ্ধিঃ চেতয়াম্যহং সুখদুঃখাদীনুপলভে ইতি মন্যতে, সোঽয়ং প্রকৃতিপুরুষয়োরন্যোন্যধর্ম্মাধ্যাসঃ সংসারস্য কারণমিত্যুপপাদিতং ভবতি, সাংখ্যাভিমতং পুরুষস্য ভোক্তৃত্বমপি নিরস্তং ভবতি অন্যথা প্রকৃতিঃ কর্ত্রী পুরুষো ভোক্তেতি কর্তৃত্বভোক্তৃত্বয়োর্ব্বৈয়ধিকরণ্যমাপদ্যতে ন চ ভোক্তুঃ পুরুষস্য নির্বিকারত্বমপি বক্তুং শক্যমিত্যন্যত্র বিস্তরঃ (দ্বন্দ্বান্তে শ্রূয়মানং পদম্ প্রত্যেকং অভিসম্বধ্যত ইতি ত্বপ্রত্যয়স্য পূর্ব্বাভ্যামভিসম্বন্ধে কার্য্যত্বং কারণত্বম্ কর্তৃত্বং চেতি বিগ্রহঃ দ্বন্দ্বৈকবত্ত্বাবশ্চ প্রাতিপদিকার্থ্যলিঙ্গপরিমাণ বচনমাত্রে প্রথমেত্যাদিবৎ) ॥ ২১ ॥

বিশ্বনাথ।—তস্য মায়াসংশ্লেষং দর্শয়তি কার্য্যং শরীরং কারণানি সুখদুঃখ সাধনানীন্দ্রিয়াণি কর্ত্তার ইন্দ্রিয়াধিষ্ঠিতারো দেবাঃ তত্র তথাধ্যাসেন পুরুষস্য তদ্ভাবাপত্তৌ হেতুঃ প্রকৃতিস্থো স্যাৎ প্রকৃতিরেব পুরুষসংসর্গাৎ কার্য্যাদিরূপেণ পরিণতা স্যাৎ অবিদ্যাক্ষয়াৎ স্ববৃত্ত্যা তদধ্যাস প্রদাচ স্যাদিত্যর্থঃ। তৎকৃত সুখদুঃখানাং ভোক্তৃত্বেতু পুরুষোজীব এবহেতুঃ। অয়ং ভাবঃ যদ্যপি কার্য্যত্বকারণত্বকর্তৃত্বভোক্তৃত্বানি প্রকৃতিধর্ম্মাঃ এবম্যুস্তদপি কার্য্যত্বাদিষু জড়াংশপ্রাধান্যাৎ সুখদুঃখসংবেদনরূপে ভোগেতু চৈতন্যাংশপ্রাধান্যাৎ প্রধানেন ব্যপদেশা ভবন্তীতি ন্যায়াৎ। কার্য্যত্বাদিষু প্রকৃতি হেতুর্ভোক্তৃত্বেতু পুরুষো হেতুরিত্যুচ্যতে ইতি ॥ ২১ ॥

তাৎপর্য্য।—পূর্ব্ব শ্লোকে বিকারসমূহের অর্থাৎ পঞ্চমহাভূত ও একাদশেন্দ্রিয়াদির প্রকৃতি সম্ভবত্ব নির্দ্দেশপূর্ব্বক অধুনা পুরুষের সংসার হেতুত্ব প্রদর্শন করিতেছেন। এই শরীর কার্য্য স্বরূপ। সুখদুঃখাদির সাধন ইন্দ্রিয়বর্গ কারণ স্বরূপ। এই শরীরেন্দ্রিয়াদির কর্তৃত্বে এবং তত্তাবত্তের তদাকার প্রাপ্তি বিষয়ে প্রকৃতিই হেতুভূত, ইহাই কপিলাদি (১৬৯০।১৮৬৯ পৃষ্ঠার টীপ্পনী দ্রষ্টব্য) সিদ্ধ পুরুষগণের সম্মত। এই শরীরেন্দ্রিয় সংঘাত অবলম্বন করিয়া প্রকৃতি যে কার্য্য সমুদ্ভব করিয়া থাকেন, জীবরূপী পুরুষ তাহার ভোক্তৃত্বে হেতু স্বরূপ। যদি বলা যায় যে, প্রকৃতি অচেতনরূপা, সুতরাং তাঁহার স্বতঃ কর্তৃত্ব সম্ভবপর নহে, তদুত্তরে ইহাই বক্তব্য যে, এস্থলে ক্রিয়া সম্পাদনরূপ কার্য্য প্রদর্শনার্থ কর্তৃত্বের প্রসঙ্গ অবতারিত হইয়াছে। অচেতন পদার্থও স্বতঃ নির্দ্দিষ্ট ক্রিয়া সম্পাদন করিয়া থাকে। অগ্নি ঊর্দ্ধে গমন করে, বায়ু সতত গতিশীল, বৎস সন্নিকটে আসিলে পয়স্বিনীর স্তন হইতে দুগ্ধ নিঃসৃত হয়। ইত্যাদি স্থলে অচেতনেরও ক্রিয়ানির্ব্বাহিকা শক্তি দৃষ্ট হইয়া থাকে। চেতনের সহিত সম্মিলনে অচেতনও ক্রিয়াশীল হইয়া থাকে। পুরুষ অর্থাৎ জীব চেতন। সেই চেতনের সহিত মিলিতা হইয়া অচেতন প্রকৃতিও কার্য্যশীলা হইয়া থাকেন। এই দেহকে

াশ্রয় করিয়া যে পুরুষ বিদ্যমান আছেন, তিনি নিত্য অবিকারী, এবং নপরিণামী। সেই চৈতন্য স্বরূপ নিত্য পুরুষকে ভোক্তারূপে হর্ষ বিষাদ খে দুঃখাদি উপভোগ কেন করিতে হয়, এবং কেনই বা তাঁহাকে এই ংসারে আবদ্ধ হইয়া থাকিতে হয়, ইহার কারণানুসন্ধান করিলে ইহাই নুমিত হয় যে, অচেতনা প্রকৃতি এবং চেতন জীব এতদুভয়ের সহিত যখন বিদ্যার সম্মিলন ঘটে, তখনই এই সংসার দশার উদ্ভব হয়; তখনই ীব আপন স্বভাব পদ ও ক্ষমতা ভুলিয়া বদ্ধ হইয়া পড়েন, এবং আপনাকে খেদুঃখাদি ও তদ্ভোগ নিরত জ্ঞান করেন। জ্ঞানালোকে এই মোহান্ধকার র হইলে অর্থাৎ অবিদ্যার আবরণ উন্মুক্ত হইলে জীবের সংসার দশা পগত হয় এবং ভোক্তৃত্বেরও অবসান হয়। এই শ্লোকোক্তভাবের অনু- ল বোধে শ্রীমদ্ভাগবত হইতে শ্লোকত্রয় উদ্ধৃত হইতেছে। "এবং পরাভি- ্যানেন কর্তৃত্বং প্রকৃতেঃ পুমান্। কর্ম্মসু ক্রিয়মাণেষু গুণৈরাত্মনি মন্যতে। দস্য সংসৃতির্বন্ধঃ পারতন্ত্র্যঞ্চ তৎকৃতং। ভবত্যকর্ত্তুরীশস্য সাক্ষিণো নিবৃতাত্মনঃ॥ কার্য্যকারণকর্ত্তৃত্বে কারণং প্রকৃতিং বিদুঃ। ভোক্তৃত্বে সুখ- ঃখানাং পুরুষং প্রকৃতেঃ পরং॥" (শ্রীমদ্ভাগবত ৩য় স্কন্ধ ২৬ অধ্যায় ৬।৭।৮ শ্লাক) ইহার ভাবার্থ যথা, প্রকৃতির গুণ সমূহের দ্বারা যে সকল কার্য্য নুষ্ঠিত হয়, তাহা প্রকৃতিতে অধ্যাস হওয়ায় তদ্দ্বারা পুরুষ আপনাকেই নই সমস্ত কার্য্যের কর্ত্তা বলিয়া অভিমান করেন। পুরুষ কোন কর্ম্মের র্ত্তা নহেন, তিনি কেবল সাক্ষী মাত্র এবং নিত্যসুখময়, কিন্তু এই রূপ র্ত্তৃত্বাভিমানেই তাঁহার জন্ম মৃত্যুরূপ সংসারদশা, কর্ম্মবন্ধন এবং ভোগরূপ রাধীনতা উপস্থিত হইয়া থাকে। কার্য্য অর্থাৎ দেহ, কারণ অর্থাৎ ইন্দ্রিয়- র্গ এবং কর্ত্তৃত্ব বিষয়ে প্রকৃতিই কারণরূপে নির্দ্দিষ্ট হইয়া থাকেন, এবং খদুঃখের ভোক্তৃত্ব বিষয়ে প্রকৃতির অতীত পুরুষই কারণ বলিয়া উক্ত েন। কারণ উভয়ই অহঙ্কারকৃত হইলেও কার্য্যাদি জড়বিষয়, এজন্য তাহাতে প্রকৃতিরই কর্ত্তৃত্ব। কিন্তু সুখদুঃখভোগ জ্ঞানের কার্য্য এই নিমিত্ত তাহাতে চতন্যরূপ পুরুষেরই প্রাধান্য। ভগবান্ কপিল স্বীয় জননীর নিকট উপদেশ ছলে এই তত্ত্ব পরিব্যক্ত করিয়াছিলেন। পূজ্যপাদ ভাষ্যকার শ্রীমন্মধ্বাচার্য্য হা এই শ্লোকে উদ্ধৃত করিয়াছেন।

এই শ্লোকোপলক্ষে পূজ্যপাদ বলদেব নিম্নলিখিত বেদান্ত সূত্র উদ্ধৃত

করিয়াছেন। "কর্ত্তা শাস্ত্রার্থবত্ত্বাৎ" (বেদান্তদর্শন ২য়অধ্যায় ৩য় পাদ ৩৩ সূত্র) ইহার তাৎপর্য্য এই যে, জীবই কর্ত্তা কারণ বুদ্ধি অচেতন এবং তাহার বোধ নাই। অতএব তাহার কর্তৃত্ব সম্ভব হয় না। সুতরাং জীবকেই কর্ত্তারূপে নির্দ্দেশ করা হয় ; এবং তাহাতে বিধি নিষেধ শাস্ত্রের সাফল্য বা প্রামাণ্য সংরক্ষিত হয়। সমালোচ্য শ্লোকে প্রকৃতিকে কর্তৃত্বের হেতু এবং পুরুষকে ভোক্তৃত্বের হেতুরূপে নির্দ্দেশ করা হইয়াছে। কিন্তু উপরোদ্ধৃত বেদান্ত বচনে পুরুষ অর্থাৎ জীবকেই কর্ত্তারূপে গ্রহণ করা হইয়াছে। আপাততঃ এতদুভয়োক্তি সামঞ্জস্য হীন বলিয়া মনে হইতে পারে। কিন্তু বিবেচনা করিয়া দেখিলে উপলব্ধ হইবে যে; পুরুষ অধিষ্ঠাতারূপে প্রকৃতির সহিত লিপ্ত এবং সুখদুঃখাদির ভোক্তৃত্বও তাঁহারই কার্য্য। শরীরাদি ব্যাপারে প্রকৃতির কর্তৃত্ব থাকিলেও পুরুষই যে তত্তাবতের মুখ্যকর্ত্তা, তাহা অবশ্য স্বীকার্য্য। পরমেশ্বরের সকল ব্যাপারে অধিষ্ঠাতৃত্ব অবিসংবাদিত। সুতরাং শরীরেন্দ্রিয়ের উপর প্রকৃতির কর্তৃত্ব অবধারিত থাকিলেও তদুপরেও যে সর্ব্বকর্ত্তা শ্রীহরির কর্তৃত্ব রহিরাছে তাহার কোনই সন্দেহ নাই। বেদান্ত দর্শনে অতঃপর আরও তিন সূত্র দ্বারা জীবের কর্তৃত্ব প্রতিপাদিত হইতে পারে।

মূলে দুইবার "উচ্যতে" পদ ব্যবহৃত হইরাছে। তদুপলক্ষে পূজ্যপাদ শ্রীমদ্রাঘবেন্দ্রযতি বলিয়াছেন যে, প্রকৃতি অর্থাৎ দেবী এবং পুরুষ অর্থাৎ ভগবানের কার্য্যকারিতার যে বিশেষত্ব আছে, তাহাই প্রদর্শন করিবার জন্য দুইবার উচ্যতে পদ প্রযুক্ত হইয়াছে। ভগবান্ সকল ব্যাপারেই হেতু স্বরূপ, সুতরাং কার্য্যকারণরূপ কর্তৃত্বে তাঁহার হেতুত্ব থাকিলেও এবং সুখদুঃখাদি দান ব্যাপারে প্রকৃতিদেবীর হেতুত্ব থাকিলেও কার্য্যকারণের কর্তৃত্বে প্রকৃতির অধিক প্রবৃত্তি এবং সুখদুঃখদানাদিতে তাঁহার অল্প প্রবৃত্তি। এই জন্যই প্রকৃতিকে কার্য্যকারণের এবং ভগবানকে সুখদুঃখ দানের হেতুরূপে নির্দ্দেশ করা হইয়াছে ॥ ২১ ॥

—(০)—

☞ পাঠান্তর।—কার্য্যকরণকর্তৃত্বে।

পুরুষঃ প্রকৃতিস্থো হি ভুঙ্ক্তে প্রকৃতিজান্ গুণান্।
কারণং গুণসঙ্গোঽস্য সদসদ্‌যোনিজন্মসু ॥ ২২ ॥

অন্বয়। হি (যস্মাৎ) পুরুষঃ (জীব) প্রকৃতিস্থঃ (মায়োপগতঃ) [সন্] প্রকৃতিজান্ (প্রকৃতিসম্ভবান্) গুণান্ (সুখদুঃখাদীন্) ভুঙ্‌ক্তে (উপলভতে) অস্য (জীবস্য) সদসদ্‌যোনিজন্মসু (উৎকৃষ্ট নিকৃষ্টযোনৌ জন্মপরিগ্রহেষু) গুণসঙ্গঃ (বিষয়াভিলাষঃ) কারণং (হেতুঃ)। ২২।

প্রতিশব্দ।—যে-হেতু জীব প্রকৃতি-গত [হইয়া] প্রকৃতি-হইতে-জাত সুখদুঃখাদিকে ভোগ-করে, এই জীবের উৎকৃষ্ট-নিকৃষ্ট-যোনিতে-জন্ম-পরিগ্রহ-বিষয়ে বিষয়াভিলাষই কারণ ॥ ২২ ॥

ব্যাখ্যা।—অপিচ জীব প্রকৃতিগত হইয়াই প্রকৃতিসম্ভূত সুখ-দুঃখাদি গুণ সমূহকে উপভোগ করে; এই জীব যে উৎকৃষ্ট এবং নিকৃষ্ট যোনিতে জন্ম পরিগ্রহ করে, তদ্বিষয়ে বিষয়াসক্তিই কারণ ॥ ২২ ॥

শঙ্করাচার্য্য।—যৎ পুরুষস্য সুখদুঃখানাং ভোক্তৃত্বং সংসারিত্বমিত্যুক্তং তস্য তৎ কিন্নিমিত্তমিত্যুচ্যতে পুরুষ ইতি। পুরুষোভোক্তা প্রকৃতিস্থঃ প্রকৃতাববিদ্যালক্ষণায়াং কার্য্যকারণরূপেণ পরিণতায়াং স্থিতঃ প্রকৃতিস্থঃ প্রকৃতিমাত্মত্বেন গত ইত্যেবং হিযস্মাৎ তস্মাদ্ভুঙ্‌ক্তে উপলভ্যত ইত্যর্থঃ। প্রকৃতিজান্ প্রকৃতিতোজাতান্ সুখদুঃখমোহাকারাভিব্যক্তান্ গুণান্ সুখী দুঃখী মূঢ়ঃ পণ্ডিতোঽহমিত্যেবং সত্যামপ্যবিদ্যায়াং সুখদুঃখমোহেষু গুণেষু ভুজ্যমানেষু যঃ সঙ্গ আত্মভাবঃ সংসারস্য স প্রধানং কারণং জন্মনঃ "স যথাকামোভবতি তৎক্রতুর্ভবতী"ত্যাদিশ্রুতেঃ। তদেতদাহ কারণং হেতুর্গুণসঙ্গঃ গুণেষু সঙ্গোঽস্য ভোক্তুঃ সদসদ্যোনিজন্মসু সত্যশ্চাসত্যশ্চ যোনয়ঃ সদসদ্যোনয়স্তাসু সদসদযোনিষু জন্মানি তানি সদসদ্‌যোনিজন্মানি তেষু সদসদ্‌যোনিজন্মসু বিষয়ভূতেষু কারণং গুণসঙ্গোঽথবা সদসদ্যোনিজন্মস্বস্য সংসারস্য কারণং গুণসঙ্গ ইতি সংসারপদমধ্যাহার্য্যং। সদ্যোনয় দেবাদিযোনয়ঃ অসদ্যোনয়ঃ পশ্বাদিযোনয়ঃ সামর্থ্যাৎ সদসদ্যোনয়োমনুষ্যযোনয়োঽপ্যবিরুদ্ধা দ্রষ্টব্যাঃ এতদুক্তংভবতি প্রকৃতিস্থত্বাখ্যাবিদ্যাগুণেষু চ সঙ্গঃ কামঃ সংসারস্য কারণমিতি তচ্চ পরিবর্জ্জনায়োচ্যতে অস্য চ নিবৃত্তিকারণং জ্ঞানবৈরাগ্যে সসন্ন্যাসে গীতাশাস্ত্রে প্রসিদ্ধং তচ্চ জ্ঞানং পুরস্তাদুপন্যস্তং ক্ষেত্রক্ষেত্রজ্ঞবিষয়ং যৎ জ্ঞাত্বামৃতমশ্নুত ইত্যুক্তমন্যাপোহেনাতদ্ধর্ম্মাধ্যারোপেণ চ ॥ ২২ ॥

আনন্দগিরি।—শ্লোকান্তরং প্রশ্নোত্তরত্বেনাবতারয়তি যদিতি। নিমিত্তং বক্তুমাদৌ সংসারিত্বমস্যাবিদ্যৈক্যাধ্যাসাদিত্যাহ পুরুষইতি যস্মাৎ প্রকৃতিমাত্মত্বেন গতস্তস্মাদ্ভুঙ্ক্তে ইতি যোজনা। গুণ বিষয়ং ভোগমভিনয়তি সুখীতি। অবিদ্যায়া ভোগহেতুত্বে কিং কারণান্বেষণয়েত্যাশঙ্ক্যাহ সত্যামপীতি। সঙ্গস্য জন্মাদৌ সংসারে প্রধানহেতুত্বে মানমাহ যথেতি। উক্তেহর্থে দ্বিতীয়ার্দ্ধমবতার্য্য ব্যাচষ্টে তদেতদিত্যাদিনা। সাধ্যাহারং যোজনান্তরমাহ অথবেতি। সদসদ্যোনীর্ব্বিবিচ্য ব্যাচষ্টে সন্তোনয় ইতি। যোনিদ্বয়নির্দ্দেশাৎ মধ্যবর্ত্তিন্যোমনুষ্যযোনয়োঽপি ধ্বনিতা ইত্যাহ সামর্থ্যাদিতি। সঙ্গস্য সংসারকারণত্বেনাবিদ্যায়াস্তৎকারণত্বমেকস্মাদেব হেতোস্তদুপপত্তেরিত্যাশঙ্ক্যাহ এতদিতি। অবিদ্যোপাদানং সঙ্গোনিমিত্তমিত্যুভয়োরপি কারণত্বং সিধ্যতীত্যর্থঃ। দ্বিবিধহেতূক্তের্বিবক্ষিতং ফলমাহ তচ্চেতি। সংসর্গস্যাজ্ঞানস্য স্বতোনিবৃত্তেস্তন্নিবর্ত্তিকং বাচ্যমিত্যাশঙ্ক্যাহ অস্যেতি। বৈরাগ্যে সতি সন্ন্যাসস্তৎপূর্ব্বকঞ্চ জ্ঞানং সঙ্গজ্ঞাননিবর্ত্তকমিত্যর্থঃ। উক্তে জ্ঞানে মানমাহ গীতেতি। অধ্যায়াদৌ চোক্তং জ্ঞানমুদাহৃতমিত্যাহ তচ্চেতি। তদেব জ্ঞানং যজ্জ্ঞাত্বেত্যাদিনা ন সত্তন্নাসদিত্যন্তেনাত্মনিষেধেন সর্ব্বতঃ পাণিপাদমিত্যাদিনাচাতদ্ধর্ম্মাধ্যাসেনোক্তমিত্যাহ যজ্জ্ঞাত্বেতি ॥ ২২ ॥

রামানুজ।—পুরুষস্য স্বতঃ স্বানুভবৈকসুখস্যাপি বৈষয়িকসুখদুঃখোপভোগহেতুত্বমাহ। গুণশব্দঃ স্বকার্য্যেষ্বৌপচারিকঃ। স্বতঃ স্বানুভবৈকসুখঃ পুরুষঃ প্রকৃতিস্থঃ প্রকৃতিসংসৃষ্টঃ প্রকৃতিজান্ গুণান্ প্রকৃতিসংসর্গোপাধিকান্ সত্ত্বাদিগুণকার্য্যভূতান্ সুখদুঃখাদীন্ ভুঙ্ক্তে অনুভবতি। প্রকৃতিসংসর্গে হেতুমাহ পূর্ব্বপূর্ব্বপ্রকৃতিপরিণামরূপ দেবমনুষ্যাদিযোনিবিশেষেষু স্থিতোঽয়ং পুরুষঃ তত্তদ্যোনিপ্রযুক্তসত্ত্বাদিগুণময়েষু সুখাদিষুসক্তস্তৎসাধনহেতুভূতেষু পুণ্যপাপকর্ম্মসু প্রবর্ত্ততে ততস্তৎ পুণ্যপাপ ফলানুভবায় সদসদ্যোনিষু সাধ্বসাধুযোনিষুজ্জায়তে। ততশ্চ কর্ম্মারভতে ততশ্চ জায়তে যাবদমানিত্বাদিকানাত্মপ্রাপ্তিসাধনভূতান্ গুণান্ সেবতে তাবদেব সংসরতি তদিদমুক্তং "কারণং গুণ সঙ্গোঽস্য সদসদ্যোনি জন্মসু" ইতি ॥ ২২ ॥

হনুমান্।—পুরুষঃ প্রকৃতি স্থহি ॥ ২২ ॥

শ্রীধর।—তথাপ্যবিকারিণোজন্মরহিতস্য চ ভোক্তৃত্বং কথমিত্যত্রাহ পুরুষ ইতি। হি যস্মাৎ প্রকৃতিস্থস্তৎকার্য্যে দেহে তাদাত্ম্যেন স্থিতঃ পুরুষঃ অতস্তজ্জনিতান্ সুখদুঃখাদীন্ ভুঙ্ক্তে অস্য চ পুরুষস্য সতীষু দেবাদিযোনিষু অসতীষু তির্য্যগাদিযোনিষু যানি জন্মানি তেষু গুণসঙ্গো গুণৈঃ শুভাশুভকর্ম্মকারিভিরিন্দ্রিয়ৈঃ সঙ্গঃ কারণমিত্যর্থঃ ॥ ২২ ॥

বলদেব।—প্রকৃত্যধিষ্ঠানে সুখাদিভোগে চ পুরুষস্যৈব কর্ত্তৃত্বমিত্যেতৎ স্ফুটয়তি। তস্য প্রকৃতিসংসর্গে হেতুঞ্চ দর্শয়তি পুরুষ ইতি। চিৎসুখৈকরসোঽপি পুরুষোঽনাদিকর্ম্মবাসনয়া প্রকৃতিস্থস্তামধিষ্ঠিতস্তৎকৃতদেহেন্দ্রিয়ঃ প্রাণবিশিষ্টঃ সন্নেব তৎকৃতান্ গুণান্ সুখাদীন্ ভুঙ্ক্তেঽনুভবতি কেত্যাহ সদিতি। সতীষু দেবমানবাদিষু অসতীষু পশুপক্ষ্যাদিষু চ সাধ্বসাধুরচিতাসু যোনিষু যানি জন্মাদীনি তেষ্বিতি। তত্র তত্র পুরুষস্যৈব কর্ত্তৃত্বং তৎসংসর্গেহেতুমাহ কারণমিতি গুণসঙ্গোঽনাদিগুণময়বিষয়স্পৃহা। অয়মর্থঃ। অনাদির্জীবঃ কর্ম্মরূপানাদিবাসনারক্তঃ স চ ভোক্তৃ-

স্বাস্তোগ্যান্ বিষয়ান্ স্পৃহয়ংস্তদার্পকামনাদিসন্নিহিতাঃ প্রকৃতিমাশ্রয়িষ্যতি যাবৎ সংপ্রসঙ্গাত্তত্ত্বাসনা ক্ষীয়তে। তৎক্ষয়ে তু পরাত্মধামস্থখানি ভুঙ্‌ক্তে "সোঽশ্নুতে সর্ব্বান্ কামান্ সহ ব্রহ্মণা বিপশ্চিতে"ত্যাদি শ্রুতিভ্য ইতি। যত্তু প্রকৃতেরিত্যাদেঃ কার্য্যকারণেত্যাদেঃ প্রকৃতৈেব চেত্যাদের্নান্তং গুণেভ্য ইত্যাদেশ্চাপাততার্থগ্রাহিভিঃ সাংখ্যৈঃ প্রকৃতেরেব কর্ত্তৃত্বমুক্তং তৎকিল রভসাভিধানমেব লোষ্ট্রকাষ্ঠবদচেতনায়াস্তস্থাস্তত্ত্বাসংভাবাৎ। উপাদানাপরোক্ষচিকীর্ষাকৃতিমত্ত্বং খলু কর্ত্তৃত্বং তচ্চ চেতনস্থৈবেতি শ্রুতিরাহ। "বিজ্ঞানং যজ্ঞং তনুতে কর্ম্মাণি তনুতেঽপি চ। এষ হি দ্রষ্টা স্প্রষ্টা শ্রোতা রসয়িতা ঘ্রাতা মন্তা বোদ্ধা কর্ত্তা বিজ্ঞানাত্মা পুরুষ" ইত্যাদিকং যচ্চ পুরুষসন্নিধানাচ্চৈতন্যাধ্যাসাত্তস্থাস্তত্ত্বমিত্যাহুস্তন্ন। যৎ সংনিধ্যাধ্যস্তচৈতন্যাত্তস্যাঃ কর্ত্তৃত্বং তত্তস্যৈব সংনিহিতস্যেতি সুবচত্বাৎ। ন খলু তপ্তায়সো দগ্ধৃত্বময়োহেতুকমপি তু বহ্নিহেতুকমেব দৃষ্টং। ন চ চলতি জলং ফলতি তরুরিতিবজ্জড়ায়াস্তস্যাস্তত্ত্বসিদ্ধিঃ। জলাদিষ্বন্তর্যাম্যাধিষ্ঠিতত্বেনেষ্টাসিদ্ধেঃ বিধায়কশ্রুতিবাক্যোপাচ্চৈতদেবং ন হি জড়াপ্রকৃতিমুদ্দিশ্য স্বর্গাদিফলকং জ্যোতিষ্টোমাদিমোক্ষফলকং ধ্যানঞ্চ স্মৃতির্ব্বিধত্তেঽপি তু চেতনমেব ভোক্তারমুদ্দিশ্যেতি পুরুষস্যৈব কর্ত্তৃত্বং তচ্চ প্রকৃতেরিতি যদুক্তং তত্তু তদ্বৃত্তিপ্রাচুর্য্যাদেব করেণ বিভ্রতি পুরুষে করো বিভর্ত্তীতি ব্যপদেশস্তথা প্রকৃত্যা কুর্ব্বতি পুরুষে প্রকৃতিঃ করোতীতি স ভবেদিত্যেকে প্রাকৃতৈর্দেহাদিভির্যুক্তস্যৈব পুরুষস্য যজ্ঞযুদ্ধাদিকর্ম্মকর্ত্তৃত্বং ন তু তৈর্বিযুক্তস্য শুদ্ধস্যেত্যতঃ প্রকৃতেস্তদিত্যপরে ॥ ২২ ॥

মধুসূদন।—যৎ পুরুষস্য সুখদুঃখভোক্তৃত্বং সংসারিত্বমিত্যুক্তং তস্য কিম্ নিমিত্তমিত্যুচ্যতে প্রকৃতির্ম্মায়া তাং মিথ্যৈব তাদাত্ম্যেনোপগতঃ প্রকৃতিস্থঃ হি এব পুরুষঃ ভুঙ্‌ক্তে উপলভতে প্রকৃতিজান্ গুণান্ অতঃ প্রকৃতিজগুণোপলম্ভহেতুষু সদসদ্যোনিজন্মসু সদ্যোনয়োদেবাদ্যাস্তেষু হি সাত্ত্বিকমিষ্টং ফলং ভুজ্যতে অসদ্যোনয়ঃ পশ্বাদ্যাস্তেষু হি তামসমনিষ্টং ফলং ভুজ্যতে সদসদ্যোনয়োধর্ম্মাধর্ম্মমিশ্রত্বাৎ ব্রাহ্মণাদ্যা মনুষ্যাস্তেষু হি রাজসং মিশ্রং ফলং ভুজ্যতে অতস্তত্রাস্য পুরুষস্য গুণসঙ্গঃ সত্ত্বরজস্তমোগুণাত্মকপ্রকৃতিতাদাত্ম্যাভিমান এব কারণং ন তু সঙ্গস্য তস্য স্বতঃ সংসার ইত্যর্থঃ, অথবা গুণসঙ্গঃ গুণেষু শব্দাদিষু সুখদুঃখমোহাত্মকেষু সঙ্গোঽভিলাষঃ কাম ইতি যাবৎ স এবাস্য সদসদ্যোনিজন্মসু কারণং "স যথাকামোভবতি তৎ ক্রতুর্ভবতি যৎ ক্রতুর্ভবতি তৎ কর্ম্ম কুরুতে যৎ কর্ম্ম কুরুতে তদভিসম্পদ্যত" ইতি শ্রুতেঃ অস্মিন্নপি পক্ষে মূলকারণত্বেন প্রকৃতিতাদাত্ম্যাভিমানোদ্রষ্টব্যঃ ॥ ২২ ॥

নীলকণ্ঠ।—নমু যথা বৌদ্ধংকর্ত্তৃত্বং পুংসি আরোপ্যত এবং পৌংস্নং ভোক্তৃত্বং বুদ্ধাবদিত্যেতং ভ্রমং বারয়তি পুরুষ ইতি। হি প্রসিদ্ধং প্রকৃতিস্থঃ দেহেন্দ্রিয়মনঃ সঙ্ঘাতমধ্যারূঢ়স্তত্তাদাত্ম্যঙ্গতঃ ইত্যর্থঃ, প্রকৃতিজান্ সুখদুঃখমোহাত্মকান ভুঙ্‌ক্তে উপলভতে যদা তু সুপ্তিসমাধিমূর্চ্ছাদৌ প্রকৃতিস্থত্বং নাস্তি সুখদুঃখাদীনুপলভতে তেন উপাধিগতান্যেব সুখাদীনি তদভাবেন প্রতীয়ন্ত ইতি সিদ্ধং, শ্রুতিরপি, "আত্মেন্দ্রিয় মনোযুক্তং ভোক্তেত্যাহুর্ম্মনীষিণঃ।" ইন্দ্রিয় মনোযোগাদেবাত্মনি ভোক্তৃত্বং দর্শয়ন্তী শুদ্ধস্য কেবলস্য ভোক্তৃত্বং নাস্তীতি দর্শয়তি, কুত তর্হ্যভোক্তুরপ্যস্য প্রকৃত্যা বন্ধ ইতি তত্রাহ কারণমিতি, অস্য পুরুষস্য সদসদ্যোনিজন্মসু তত্র সদ্যোনিজন্মানো

দেবাঃ অসদ্‌যোনি জন্মানস্তির্য্যঞ্চ স্থাবরাশ্চ সদসদ্‌যোনিজন্মানো মনুষ্যাঃ এতেষু ত্রিষ্বপি জন্মসু প্রাপ্যেষু অস্য পুংসঃ গুণসঙ্গঃ সুখাদিষু অভিষঙ্গঃ কারণং হেতুঃ তথাহি সাত্ত্বিকা দেবা ভবন্তি, রাজসামনুষ্যাস্তামসাশ্চ পশবঃ, তেষাং তত্তদ্‌যোনিপ্রাপ্তৌ তত্তদ্‌গুণ প্রাধান্যমেব কারণং, বক্ষ্যতি চ "উৰ্দ্ধং গচ্ছন্তি সত্ত্বস্থা" ইত্যাদি, যদ্বা প্রকৃতিস্থো বিদ্বানবিদ্বান বা গুণান্ ভুঙ্‌ক্তে পশ্বাদিভিশ্চা-বিশেষাদিতি ন্যায়াৎ তৎ কিং বিদ্বানিবাবিদ্বানপি কুতোন মুচ্যতে অবিদ্বানিববিদ্বান্ বা কুতো ন বধ্যতে ইত্যাশঙ্ক্যাহ কারণমিতি গুণেষু দেহেন্দ্রিয়বিষয়েষু সঙ্গঃ অহমিদং মমেদমিত্য ভনিবেশঃ স এব জন্মকারণং বিদুষাস্ত তদভাবান্ন জন্ম, সমানেঽপি দেহসম্বন্ধে যদা যক্ষোদেহাভিমানং ধত্তে, তদা স এব দেহপীড়য়া পাড্যতে নতু দেহপতির্জীবঃ যদা তু অয়ং দেহাভিমানং ধত্তে তদা নেতরঃ ইতি প্রসিদ্ধং সঙ্গস্য বন্ধকত্বং নতু সান্নিধ্যভাবং বন্ধকং, অতো বিদ্বদবিদুষোঃ সমানেঽপি দেহসম্বন্ধে সঙ্গতদভাবকৃতো মহাবিশেষ ইতি ভাবঃ॥ ২২॥

বিশ্বনাথ।—কিন্তু তত্রানাত্মবিদ্যাকৃতেনাধ্যাসেন এব কর্তৃত্ব ভোক্তৃত্বাদিকং তদীয়মপি ধর্ম্মং স্বীয়ং মন্যতে। তত এবাস্য সংসার ইত্যাহ পুরুষ ইতি প্রকৃতিস্থঃ প্রকৃতিকার্য্যদেহে তাদাত্মেন হি স্থিতঃ। প্রকৃতিজান্ অন্তঃকরণধর্ম্মান্ শোকমোহসুখদুঃখাদীন্ গুণান্ স্বীয়ানেবাভিমন্যমানো ভুঙ্‌ক্তে তত্রকারণং গুণসঙ্গঃ গুণময়দেহেষু অস্যাসঙ্গস্তাপ্যাত্মনঃ সঙ্গোঽবিদ্যাকল্পিতঃ ক্ব ভুঙ্‌ক্তে ইত্যপেক্ষায়ামাহ সতীষু দেবাদিযোনিষু অসতীষু তির্য্যগাদি যোনিষু শুভাশুভকর্ম্মকৃতাসু যানি জন্মানি তেষু॥ ২২॥

তাৎপর্য্য — পূর্ব্ব শ্লোকে পুরুষের সুখদুঃখ ভোক্তৃত্বের উল্লেখ করা হইয়াছে। কেন তাঁহার এরূপ ঘটে, তাহাই বর্ত্তমান শ্লোকে পরিব্যক্ত হইতেছে। পরা প্রকৃতিরূপ জীব বা পুরুষ প্রকৃতিতে অধিষ্ঠিত। এই প্রকৃতি অবিদ্যা এবং কার্য্যকারণরূপে অবস্থিতা। ভোক্তা পুরুষ অবিদ্যা ধর্ম্মাক্রান্ত প্রকৃতিতে অবস্থিত। এই প্রকৃতি হইতে নানাবিধ গুণ অর্থাৎ ভাব বা অবস্থার উদ্ভব হইয়া থাকে। আমি সুখী বা দুঃখী, আমি পণ্ডিত বা মূর্খ, আমি ধনী বা দরিদ্র ইত্যাকার বিবিধ মোহাভিমানাদি অবিদ্যা লক্ষণাক্রান্তা প্রকৃতি হইতে উদ্ভুত হইয়া থাকে। পুরুষ প্রকৃতিতে অব-স্থিত হইয়া ইত্যাকার গুণধর্ম্মাদি ভোগ করিয়া থাকেন। পুরুষ আত্ম-জ্ঞান পরিহীন হইয়া প্রকৃতি জাত যে সকল গুণবা অবস্থা স্বয়ংভোগ করিতেছি বোধে উপভোগ করিয়া থাকে, তাহাই তাহার সংসাররূপ বন্ধনের ও জন্মের কারণ হইয়া থাকে। অর্থাৎ পুরুষ স্বয়ং কোন সুখ দুঃখাদি ভোগ না করিলেও প্রকৃতির সহিত সম্বন্ধ হেতু এবং অবিদ্যার প্রভাব বশতঃ তৎ সমস্ত দশা স্বয়ং ভোগ করিতেছি বলিয়া উপলব্ধি

করে। এইরূপ ভোগই তাহার বারংবার সংসার বন্ধনের হেতুভূত হইয়া থাকে। এই কারণেই অর্থাৎ অবিদ্যারূপ মোহান্ধকারাচ্ছন্নতা জনিত ভোক্তৃত্বাভিমান হেতু পুরুষের সৎ এবং অসৎ যোনিতে জন্ম ঘটিয়া থাকে। এইরূপ প্রকৃতির গুণসঙ্গহেতু পুরুষের দেবাদি সৎ যোনিতে জন্ম অথবা তির্য্যগাদিরূপ অসৎ যোনিতে জন্ম হয়। প্রকৃতি জাত গুণসঙ্গহেতু মায়া মোহাদি মিথ্যাবরণে আবৃত পুরুষ সত্ত্ব রজ তমঃ এই গুণত্রয়ের ন্যূনাধিক্য অনুসারে বিভিন্ন প্রকার ফলভোগ করিয়া থাকেন, এবং বিভিন্ন প্রকার যোনিতে তাঁহার আবির্ভাব হইয়া থাকে। সত্ত্বগুণের প্রাধান্য হইলে তাঁহার দেবতাদিরূপ সত্ত্বগুণ সম্পন্ন সৎ যোনিতে জন্ম হয়, এবং তমো-গুণের প্রাধান্য হইয়া পশ্বাদি তমোবহুল যোনিতে তাঁহার জন্ম ঘটিয়া থাকে। উভয় গুণের সংমিশ্রণরূপ রজোগুণের প্রাধান্য হইলে তাঁহার মনুষ্য যোনিতে জন্ম হয়। এইরূপ সংসার বন্ধন মুক্তির এক মাত্র উপায় জ্ঞান। সর্ব্বকর্ম্ম সন্ন্যাস দ্বারা জ্ঞানের উদ্ভব হইয়া থাকে; ইহা গীতা শাস্ত্রে বারংবার পরিকীর্ত্তিত হইয়াছে। সেই জ্ঞানের মাহাত্ম্য অচির পূর্ব্বে বিশদরূপে প্রকটিত হইয়াছে। জ্ঞান প্রভাবে অবিদ্যার মোহান্ধকার অপগত হইলে এ সকলই মিথ্যা বলিয়া উপলব্ধ হইবে; এবং তখনই পুরুষ সংসার নির্ম্মুক্ত হইয়া মোক্ষাধিকারী হইবেন। শ্রুতি বলিয়াছেন, "স যথাকামো ভবতি তৎক্রতুর্ভবতি যৎক্রতুর্ভবতি তৎ কর্ম্ম কুরুতে যৎ কর্ম্ম কুরুতে তদভিসম্পদ্যতে" ইহার ভাবার্থ, পুরুষ যেরূপ কামনা পরায়ণ হইয়া থাকেন, তদনুরূপ যজ্ঞানুষ্ঠানকারী হন; যেরূপ যজ্ঞানুষ্ঠান করেন, তদনুরূপ কর্ম্ম সম্পাদন করিয়া থাকেন; যেরূপ কর্ম্ম করেন, সেই রূপ ফলপ্রাপ্ত হন।

প্রত্যুত পুরুষ স্বয়ং নির্লিপ্ত ও উদাসীন হইলেও কার্য্য কারণ রূপা প্রকৃতির সহিত সম্মিলনের পর আপনাকে প্রকৃতিজাত সুখদুঃখাদির ভোক্তা বলিয়া বোধ করেন। জগতের যাবতীয় সুখ দুঃখ সত্ত্বাদি গুণ হইতে জাত। এই গুণধর্ম্মানুসারে অবিদ্যার আবরণে আবৃত পুরুষ আপনাকে বিবিধ সুখ দুঃখাদির অধীন জ্ঞান করেন। আদি কাল হইতে মোক্ষ লাভ পর্য্যন্ত নিরন্তর পুরুষকে উল্লিখিতরূপে ভোগের অধীন থাকিয়া গুণধর্ম্মা-নুরূপ সাধু বা অসাধু যোনিতে জন্ম পরিগ্রহ করিতে হয়। যতক্ষণ

পূর্ব্ব কথিতরূপ অমানিত্বাদি মোক্ষ বিধায়ক ধর্ম্মের আবির্ভাব হেতু জ্ঞানের উন্মেষ না হয়, ততক্ষণ পর্য্যন্ত পুরুষের এই বন্ধনের অবসান নাই। পূর্ব্বে তাঁহাকে যত জন্ম গ্রহণ করিতে হইয়াছে, এবং পরেও যত জন্ম গ্রহণ করিতে হইবে. তত্তাবতই এই সুদৃঢ় নিয়মের অধীনতায় ঘটিয়াছে। মূলে "হি" পদের প্রয়োগ আছে। পূর্ব্ব শ্লোক কথিত বিষয়ের কারণ প্রদর্শন জন্যই ইহা প্রযুক্ত হইয়াছে।

এই শ্লোকের মর্ম্মার্থ সুগম করিবার অভিপ্রায়ে পূজ্যপাদ শ্রীমদ্বলদেব নিম্নলিখিত রূপ বিচারের বিন্যাস করিয়াছেন। অনাদি জীব অনাদি বাসনার অধীন হইয়া কর্ম্মানুরূপ ফলাফলে বদ্ধ হইয়া থাকে। স্বকীয় ভোক্তৃত্ব-হেতু সেই জীব ভোগ্য কাম্যসমূহ প্রাপ্তির অভিলাষে প্রকৃতিকে আশ্রয় করিয়া থাকেন। যতদিন সৎ প্রসঙ্গের আলোচনায় এইরূপ ভোগ বাসনার অবসান না হয়, তাবৎ এই ভাবেই প্রকৃতিকে আশ্রয় করিয়া চলিতে হয়। সেই ভোগবাসনার ক্ষয় হইলেই জীব পরমধামলভ্য সুখসমূহ উপভোগ করে। শ্রুতি বলিয়াছেন, "সোঽশ্নুতে সর্ব্বান্ কামান্ সহ ব্রহ্মণাবিপশ্চিতঃ" ইহার ভাবার্থ এই যে, ব্রহ্মের সহিত জীব সকল কাম্যভোগ করিয়া থাকেন। এই গীতা শাস্ত্রে "প্রকৃতেঃ ক্রিয়মাণানি" (৩য় অধ্যায় ২৭ শ্লোক) "কার্য্যকারণ কর্ত্তৃত্বে" (১৩ অধ্যায় ২১ শ্লোক) প্রকৃত্যৈবচ কর্ম্মাণি" (১৩ অধ্যায় ২৯ শ্লোক) "নান্যং গুণেভ্যঃ কর্ত্তারং" (১৪শ অধ্যায় ১৯ শ্লোক) ইত্যাদি শ্লোকে সরল ও আপাত অর্থগ্রাহী সাংখ্য মতানুবর্ত্তিগণ প্রকৃতিতেই কর্ত্তৃত্বের আরোপ করিয়াছেন। কিন্তু পূর্ব্বাপর বিবেচনা করিয়া দেখিলে এরূপ আরোপ সঙ্গত হয় না। কারণ লোষ্ট্রকাষ্ঠ প্রভৃতির ন্যায় অচেতনা প্রকৃতির কর্ত্তৃত্ব সম্ভবপর নহে। কর্ম্ম সম্পাদনেচ্ছা ও তৎসাধন ক্ষমতাই কর্ত্তৃত্ব তাহা চেতনের ধর্ম্ম। শ্রুতি বলিয়াছেন, "সেই পুরুষই সকল কর্ম্ম সম্পাদন করিয়া থাকেন। তিনিই দ্রষ্টা, স্রষ্টা, শ্রোতা, ঘ্রাণকর্ত্তা, বোদ্ধা, কর্ত্তা।" যদি বলা যায় যে, পুরুষের সহিত সম্মিলন হইলে চেতনের অধ্যাস হেতু অচেতনা প্রকৃতি কর্ত্তৃত্ব প্রাপ্ত হইয়া থাকে, তাহা হইলে সে মীমাংসাও সঙ্গতরূপে গৃহীত হইতে পারে না। কারণ সন্নিহিত চেতন পুরুষের অধ্যাস হইলেও অচেতন প্রকৃতির কর্ত্তৃত্ব সম্ভব হয় না, ইহা সুস্পষ্টরূপে অনুভব করা যাইতে পারে। অগ্নিসান্নিধ্যহেতু লৌহখণ্ড

উত্তপ্ত হইয়া থাকে, কিন্তু তাহার নিজের দাহিকা শক্তি নাই মূল অগ্নিরই দহন ক্ষমতা দৃষ্ট হয়; অতএব দৃষ্টতঃ তপ্তলৌহখণ্ড দাহশক্তি সম্পন্ন হইলেও অগ্নিই সে শক্তির হেতু। যদি বলা যায়, জল চলিতেছে, বৃক্ষ ফলিতেছে, ইত্যাদি রূপে জলবৃক্ষাদি জড়ের যেরূপ কর্তৃত্ব সমর্থিত হইয়া থাকে, অচেতনা প্রকৃতিরও সেইরূপ কর্তৃত্ব অসম্ভব হইবে কেন? তদুত্তরে ইহাই বক্তব্য যে, জলাদির মধ্যে অন্তর্য্যামীরূপে চেতনের অধিষ্ঠান আছে, এই জন্যই উল্লিখিত আপত্তি সঙ্গত নহে। অপিচ এ সম্বন্ধে শ্রৌত প্রমাণও আছে। স্মৃতিশাস্ত্রেও জ্যোতিষ্টোমাদি কর্ম্ম কাণ্ডের যে বিধান আছে এবং ধ্যানাদি যে সকল মোক্ষ বিধায়ক কর্ম্মের ব্যবস্থা আছে, তত্তাবৎ জড়া প্রকৃতিকে লক্ষ্য করিয়া বিহিত হয় নাই; চেতন স্বরূপ ভোক্তা অর্থাৎ পুরুষই তত্তাবৎ ক্রিয়ার লক্ষ্য। এতাবতা পুরুষেরই কর্তৃত্ব সিদ্ধ হইতেছে। অতএব পূর্ব্ব শ্লোকে প্রকৃতির স্কন্ধেই যে কার্য্য কারণরূপ কর্তৃত্ব আরোপিত হইয়াছে, তাহা প্রকৃতির সাক্ষাৎ সম্বন্ধে কর্ম্ম সম্পাদনরূপ কর্তৃত্ব দর্শনেই নির্দ্দিষ্ট হইয়াছে। কিন্তু বস্তুতঃ সে কর্তৃত্ব প্রকৃতির বৃত্তি মাত্র, যথার্থ কর্তৃত্ব পুরুষেরই। কেহ বলেন, যেমন সাধারণতঃ হস্ত দ্বারা মনুষ্যের ক্রিয়া সম্পন্ন হয়, অতএব লোকে হস্ত কার্য্য করিয়াছে বলিয়া হস্তের উপরই কর্তৃত্ব নির্দ্দেশ করে। অথচ বুঝিয়া দেখিলে বুঝা যায় যে, প্রকৃত কর্ত্তা মনুষ্য, হস্ত কেবল সাধন মাত্র। সেইরূপ পুরুষ প্রকৃতি দ্বারাই কর্ম্ম সম্পন্ন করেন, এই জন্যই যথার্থ কর্তৃত্ব প্রকৃতির না হইলেও লোকে প্রকৃতিকেই কর্ত্তা বলিয়া থাকেন। আবার কেহ বলেন, প্রাকৃত দেহাদির সহিত সংযোগ বশতই পুরুষ যজ্ঞাদি ও যুদ্ধাদি কর্ম্ম সম্পাদনে সমর্থ হইয়া থাকেন। কিন্তু প্রকৃতিবিযুক্ত শুদ্ধাবস্থায় তিনি নিষ্ক্রিয়। এই জন্য প্রকৃতিই কর্ত্তা বলিয়া নির্দ্দিষ্ট হইয়া থাকে।

বেদান্ত শাস্ত্রেও ঈশ্বরের প্রকৃত কর্তৃত্ব সম্বন্ধে নিম্নোদ্ধৃত কতিপয় সূত্র নিবদ্ধ আছে। "কর্ত্তা শাস্ত্রার্থবত্ত্বাৎ" "বিহারোপদেশাৎ" "উপাদানাৎ" "ব্যপদেশাচ্চ ক্রিয়ায়াং ন চেন্নির্দ্দেশবিপর্য্যয়ঃ" (বেদান্ত দর্শন ২য় অধ্যায় ৩য় পাদ ৩৩।৩৪।৩৫। সূত্র) বুদ্ধির চেতনা নাই; সুতরাং জীবই কর্ত্তা। এবং তদ্বিষয়েই শাস্ত্রের প্রামাণ্য রক্ষিত হয়। জীব স্বপ্নাবস্থায় বিহার ও বিচরণ করেন, এজন্যও জীবের কর্তৃত্ব সিদ্ধ হয়। জীব ইন্দ্রিয়বর্গকে

গ্রহণ করিয়া সুপ্ত হন, অতএব জীবই কর্ত্তা। শ্রুতি বলেন, বিজ্ঞান শব্দে জীবই কর্ত্তা ; কারণ জীবে যে বিজ্ঞান শব্দ প্রযুক্ত হইয়াছে, তাহাতে বিজ্ঞানে এই কর্তৃকারকের প্রয়োগ হইয়াছে, করণ কারকের প্রয়োগ হয় নাই॥ ২২ ॥

—:০:—

উপদ্রষ্টানুমন্তা চ ভর্ত্তা ভোক্তা মহেশ্বরঃ।
পরমাত্মেতি চাপ্যুক্তো দেহেঽস্মিন্ পুরুষঃ পরঃ॥ ২৩॥

অন্বয়।—অস্মিন্ দেহে পুরুষঃ পরঃ (ভিন্নঃ) উপদ্রষ্টা (সাক্ষী) অনুমন্তা (অনুমোদিতা) ভর্ত্তা (পোষয়িতা) ভোক্তা (পালকঃ) মহেশ্বরঃ (সর্ব্বস্বামী) পরমাত্মা চ ইতি অপি উক্তঃ (কথিতঃ) ॥২৩॥

প্রতিশব্দ।—এই দেহে পুরুষ ভিন্ন, সাক্ষী, অনুজ্ঞাতা, ভরণকর্ত্তা, ভোক্তা, মহেশ্বর, এবং পরমাত্মা এইরূপেই উক্ত হন ॥ ২৩॥

ব্যাখ্যা।—এই দেহে অবস্থিত হইয়াও পুরুষ ইহা হইতে ভিন্ন, ইহার সাক্ষী, অনুমোদক, ভর্ত্তা, ভোক্তা এবং সর্ব্বস্বামী পরমাত্মা প্রভৃতিরূপে কথিত হন ॥ ২৩ ॥

মধুসূদন।—ন কেবলমসঙ্গস্বভাবত্বাদাত্মা নোপলিপ্যতে প্রকাশকত্বাদপি প্রকাশ্যধর্ম্মৈর্ন লিপ্যত ইতি সদৃষ্টান্তমাহ যথেতি। যথা রবিরেকএব কৃৎস্নং সর্ব্বমিমং লোকং দেহেন্দ্রিয়সঙ্ঘাতং রূপবদ্বস্তুমাত্রমিতি যাবৎ প্রকাশয়তি ন চ প্রকাশ্যধর্ম্মৈর্লিপ্যতে, ন বা প্রকাশ্যভেদাদ্ভিদ্যতে, তথা ক্ষেত্রী ক্ষেত্রজ্ঞ একএব কৃৎস্নং ক্ষেত্রং প্রকাশয়তি হে ভারত! অতএব ন প্রকাশ্যধর্ম্মৈর্লিপ্যতে ন বা প্রকাশ্যভেদাদ্ভিদ্যত ইত্যর্থঃ। "সূর্য্যোযথা সর্ব্বলোকস্য চক্ষুর্ন লিপ্যতে চাক্ষুষৈর্ব্বাহ্যদোষৈঃ। একস্তথা সর্ব্বভূতান্তরাত্মা ন লিপ্যতে লোকদুঃখেন বাহ্যঃ" ॥ ইতি শ্রুতে ॥ ৩৪ ॥

নীলকণ্ঠ।—ন করোতি ন লিপ্যত ইতি দ্বয়মপি দৃষ্টান্তান্তরেণ প্রতিপাদয়তি যথেতি যথা সূর্য্যঃ স্বসত্তামাত্রেণ বিশ্বং প্রকাশয়তি নতু ব্যাপারাবিষ্টতয়া কুবিন্দ ইব পটং, যথা চৈষ প্রকাশ্যধর্ম্মৈর্গন্ধাদিভির্নলিপ্যতে এবময়ং ক্ষেত্রী ক্ষেত্রজ্ঞঃ সূর্য্যবদেক এব সন্ অনেকধা ভূতক্ষেত্রং মহাভূতানীত্যাদিনা চতুর্ব্বিংশতিতত্ত্বাত্মকমিচ্ছাদ্বেষাদিবিকারযুক্তং তৎস্বসত্তামাত্রেণ প্রকাশয়তি হে ভারত! নতু ব্যাপারাবিষ্টতয়া তৎ সম্পাদয়তি তদ্ধর্ম্মৈর্ব্বা পুণ্যপাপাদিভির্নলিপ্যতে সূর্য্যদৃষ্টান্তেন একত্বমকর্ত্তৃত্বপ্রযুক্তমলেপত্বঞ্চ দর্শিতম্, তথা চ শ্রুতয়ঃ "যথাহ্যয়ং জ্যোতিরাত্মাবিবস্বানপোভিন্নাবহুধৈকোঽনুগচ্ছন্ উপাধিনা ক্রিয়তে ভেদরূপোদেবঃ ক্ষেত্রেষ্বেবমজোঽয়মাত্মা। সূর্য্যো যথা সর্ব্বলোকস্য চক্ষুর্নলিপ্যতে চাক্ষুষৈর্ব্বাহ্যদোষৈঃ একস্তথা সর্ব্বভূতান্তরাত্মা ন লিপ্যতে লোকদুঃখেন বাহ্য" ইতি ॥ ৩৪ ॥

বিশ্বনাথ। প্রকাশকত্বাৎ প্রকাশ্যধর্ম্মৈর্নযুজ্যতে ইতি সদৃষ্টান্তমাহ যথেতি। রবির্যথা প্রকাশকঃ প্রকাশ্যধর্ম্মৈর্নযুজ্যতে তথা ক্ষেত্রী পরমাত্মা। "সূর্য্যো যথা সর্ব্বলোকস্য চক্ষুর্নযুজ্যতে চাক্ষুষৈর্ব্বাহ্যদোষৈঃ। একস্তথা সর্ব্বভূতান্তরাত্মা নলিপ্যতে লোকদুঃখেন বাহ্য" ইতি শ্রুতেঃ ॥ ৩৪ ॥

তাৎপর্য্য।—পূর্ব্বশ্লোকে আত্মার প্রলেপ সম্ভাবনা শূন্যতার বিষয় দৃষ্টান্ত সহকারে পরিব্যক্ত হইয়াছে। অধুনা অন্য এক দৃষ্টান্ত দ্বারা ইহাই ব্যক্ত করা হইতেছে যে, আত্মা সর্ব্বভূতের প্রকাশক হইলেও তৎপ্রকাশিত পদার্থপুঞ্জের সহিত তাঁহার সংযোগের কোনই সম্ভাবনা নাই। নভোমণ্ডলে প্রতিদিন উষা সমাগমে যে দিনদেবের অত্যুজ্জ্বল মূর্ত্তি পরিদৃষ্ট হয়, তিনি এক হইলেও বিশ্বের যাবতীয় পদার্থের প্রকাশক। সেই মরীচিমালীর কিরণ প্রকাশে অন্ধকারের আবরণ সুদূরে পলায়ন করে এবং পদার্থ পুঞ্জের মূর্ত্তি প্রকাশিত হয়। দিনমণি এক হইলেও সর্ব্বপ্রকাশক, সর্ব্বত্র আলোক দাতা, এবং সর্ব্ব পদার্থে বিকীর্ণ। তথাপি কোন পদার্থের সহিত তাঁহার সংযোগ নাই, কোন পদার্থের ধর্ম্ম বা ভাব তিনি পরিগ্রহ করেন না। আত্মাও সেইরূপ সর্ব্ব প্রকাশক হইলেও কোন পদার্থের সহিত সংযুক্ত নহেন। সমালোচ্য শ্লোকের দৃষ্টান্ত দ্বারা আত্মার দুইটী তত্ত্ব বিশদীকৃত হইতেছে। প্রথম রবির ন্যায় আত্মাও কোন পদার্থেই লিপ্ত নহেন; দ্বিতীয়, সূর্য্য বিভিন্ন পদার্থ হইয়া নানারূপ পদার্থের প্রকাশক হইলেও সকল সময়ে একই থাকেন, নানা ভাবাপন্ন হন না। আত্মাও তদ্রূপ এক এবং সমভাবাপন্ন। কঠোপনিষদেও এসম্বন্ধে নিম্নলিখিত কয়েকটী সুমধুর বচন আছে। নিম্নে তাহা উদ্ধৃত হইল। "অগ্নির্যথৈকো ভুবনং প্রবিষ্টো রূপং রূপং প্রতিরূপো বভূব। একস্তথা সর্ব্বভূতান্তরাত্মা রূপং রূপং প্রতিরূপো বহিশ্চ॥ বায়ুর্যথৈকো ভুবনং প্রবিষ্টো রূপং রূপং প্রতিরূপো বভূব। একস্তথা সর্ব্বভূতান্তরাত্মা রূপং রূপং প্রতিরূপো বহিশ্চ॥ সূর্য্যো যথা সর্ব্বলোকস্য চক্ষুর্নলিপ্যতে চাক্ষুষৈর্বাহ্যদোষৈঃ। একস্তথা সর্ব্বভূতান্তরাত্মা ন লিপ্যতে লোকদুঃখেন বাহ্যঃ॥" (কঠোপনিষৎ ৫ম বল্লী ৯।১০।১১ শ্রুতি) ভাবার্থ যথা; যেমন একই অগ্নি ভুবনে প্রবেশ করিয়া পদার্থ সমূহের রূপানুসারে ভিন্ন ভিন্ন রূপধারী হইয়াছেন, তদ্রূপ একই আত্মা নানা প্রকার পদার্থ ভেদে নানাবিধ রূপ হইয়াছেন অথচ সকলের বাহিরেও আছেন। যেমন একই বায়ু ভুবনে প্রবিষ্ট হইয়া বস্তু সমূহের অনুরূপ রূপ প্রাপ্ত হইয়াছেন, তদ্রূপ একই আত্মা বিবিধ বস্তু ভেদে বিবিধরূপ প্রাপ্ত হইয়াছেন, অথচ তাহাদের বাহিরেও বর্ত্তমান আছেন। সর্ব্বলোকচক্ষু সূর্য্য যেমন চাক্ষুষ বাহ্য শুচি বা অশুচি বস্তুর

দোষ গুণে লিপ্ত হন না, তদ্রূপ একই পরমাত্মা সর্ব্বভূতগত হইয়াও তাহাদের দুঃখের দ্বারা লিপ্ত হন না।"

আত্মতত্ত্বাববোধের অনুকূল বিবেচনায় আমরা এস্থলে বেদান্ত দর্শন হইতে চারিটি সূত্র উদ্ধৃত করিতেছি। যথা; "অবিরোধশ্চন্দনবৎ।" "অবস্থিতিবৈশেষ্যাদিতি চেন্নাভ্যুপগমাদ্ধৃদি হি।" "গুণাদ্বালোকবৎ।" "ব্যতিরেকো গন্ধবৎ।"(বেদান্ত দর্শন ২য় অধ্যায় ৩য় পাদ ২৩। ২৪। ২৫। ২৬ প্রভৃতি) এই সূত্র নিচয়ের ভাবার্থ যথা; আত্মা সূক্ষ্ম হইলেও চন্দন স্পর্শ দৃষ্টান্ত দ্বারা তাঁহার দেহব্যাপী কার্য্যকারিতার বাধ হয় না। কিন্তু চন্দনের প্রত্যক্ষভাবে একস্থানে অবস্থান হেতু আত্মার সহিত তাহার দৃষ্টান্ত হইতে পারে না, এরূপ আশঙ্কা অমূলক। কারণ ইহা নিশ্চিত আছে যে, আত্মা হৃদয়ে অবস্থিত। দীপ অল্প হইলেও তাহার প্রভা যেমন সমগ্র গৃহ ব্যাপিয়া থাকে, তদ্রূপ আত্মচৈতন্য অণু হইলেও তাহা সর্ব্বব্যাপী এবং তদ্দ্বারা দেহ কার্য্যক্ষম হয়। গন্ধ যেমন পুষ্পাদি আশ্রয় দ্রব্য ব্যতিরেকেও থাকিতে পারে এবং বিস্তৃত হয়, তদ্রূপ আত্মচৈতন্যও আশ্রয় ব্যতীত সমস্ত দেহে বিস্তৃত হইতে পারে * ॥ ৩৪ ॥

---

* এই সূত্র চতুষ্টয় উপলক্ষে যে যে রূপ বিচারের আবির্ভাব হইতে পারে, ভগবান্ শঙ্করাচার্য্য কৃত শারীরক ভাষ্যে তাহা উত্থাপিত হইয়াছে। এই জন্য নিম্নে সেই ভাষ্য উদ্ধৃত হইতেছে। "যথাহি হরিচন্দনবিন্দুঃ শরীরৈকদেশ সম্বন্ধোঽপি সন্ সকল দেহব্যাপিনমাহ্লাদং করোতি, এবমাত্মাপি দেহৈকদেশস্থঃসকল দেহব্যাপিনীমুপলব্ধিং করিষ্যতি, ত্বক্ সম্বন্ধাচ্চাস্য সকলশরীরগতাবেদনা ন বিরুধ্যতে, ত্বগাত্মনোর্হি সম্বন্ধঃ কৃৎস্নায়াং ত্বচিবর্ত্ততে, ত্বক্ চ কৃৎস্নশরীরব্যাপিনীতি ॥ ২৩॥ অত্রাহ। যদুক্তমবিরোধশ্চন্দনবদিতি তদযুক্তং, দৃষ্টান্তদার্ষ্টান্তিকয়োরতুল্যত্বাৎ। সিদ্ধে হ্যাত্মনোদেহৈকদেশস্থত্বে চন্দন দৃষ্টান্তো ভবতি। প্রত্যক্ষন্তু চন্দনস্যাবস্থিতি বৈশেষ্যমেকদেশস্থত্বং সকলদেহাহ্লাদনঞ্চ। আত্মনঃ পুনঃ সকলদেহোপলব্ধিমাত্রং প্রত্যক্ষং নৈকদেশবর্ত্তিত্বম্। অনুমেয়ন্তু তদিতি। যদ্যপ্যুচ্যেত, ন চাত্রানুমানম্ সম্ভবতি। কিমাত্মনঃ সকলশরীরগতা বেদনা ত্বগিন্দ্রিয়স্যেব সকলদেহ ব্যাপিনঃ সতঃ কিম্ বা বিভোর্নভস ইব আহোস্বিচ্চন্দনাবদণোরিবাণোরেক দেহস্থস্যেতি সংশয়ানিবৃত্তেরিতি। অত্রোচ্যতে। নায়ং দোষঃ। কস্মাৎ? অভ্যুপগমাৎ। অভ্যুপগম্যতে হ্যাত্মনোঽপি চন্দনস্যেব দেহৈক দেশবৃত্তিত্বমবস্থিতিবৈশেষ্যম্। কথমিতি। উচ্যতে। হৃদিহ্যেষ আত্মাপঠ্যতে বেদান্তেষু 'হৃদিহ্যেষ আত্মা' 'সবাএষ আত্মা' হৃদি কতম আত্মা "যোঽয়ং বিজ্ঞানময়ঃ প্রাণেষু হৃদ্যন্তর্জ্যোতিঃ পুরুষঃ" ইত্যাদ্যুপদেশেভ্যঃ। তস্মাৎ দৃষ্টান্তদার্ষ্টান্তিকয়োরবৈষম্যাদযুক্তমেবৈতদবিরোধশ্চন্দনবদিতি ॥ ২৪ ॥ চৈতন্যগুণব্যাপ্তের্ব্বাঽণোরপি সতো জীবস্য সকলদেহব্যাপি কার্য্যং ন বিরুধ্যতে। যথা লোকে মণিপ্রদীপপ্রভৃতীনামপবরকৈকদেশ বর্ত্তিনামপি প্রভাঽপবরকব্যাপিনী সতী কৃৎস্নেঽপবরকে কার্য্যং করোতি তদ্বৎ। স্যাৎ কদাচিচ্চন্দনস্য সাবয়বত্বাৎ সূক্ষ্মাবয়ববিসর্পনেনাপি সকলদেহ আহ্লাদয়িতৃত্বং ন ত্বণোর্জীবস্যাবয়বাঃ সন্তি যৈরয়ং সকলং দেহংবিপ্র

ক্ষেত্রক্ষেত্রজ্ঞয়োরেবমন্তরং জ্ঞানচক্ষুষা।
ভূতপ্রকৃতিমোক্ষঞ্চ যে বিদুর্যান্তি তে পরং ॥ ৩৫ ॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং
ভীষ্মপর্ব্বণি শ্রীভগবদ্গীতাসূপনিষৎসু ব্রহ্মবিদ্যায়াং
যোগশাস্ত্রে শ্রীকৃষ্ণার্জ্জুনসংবাদে বিজ্ঞান-
যোগো নাম ত্রয়োদশোঽধ্যায়ঃ।

—(•)—

অন্বয়।—এবং ক্ষেত্রক্ষেত্রজ্ঞয়োঃ (শরীরশরীরিণোঃ) অন্তরং (ভেদং) জ্ঞানচক্ষুষা (বিবেকসম্পন্নচক্ষুষা) যে (জ্ঞানিনঃ) বিদুঃ (জানন্তি) ভূতপ্রকৃতিমোক্ষং (ভূতানাং প্রকৃতিসকাশাৎ মোক্ষোপায়ং) চ [বিদুঃ] তে পরং (ব্রহ্ম) যান্তি (প্রাপ্নুবন্তি) ॥ ৩৫ ॥

প্রতিশব্দ।—এইরূপ ক্ষেত্রক্ষেত্রজ্ঞের ভেদকে জ্ঞান-চক্ষু-দ্বারা যে জ্ঞানিগণ জানেন, এবং ভূতগণের-প্রকৃতির-নিকট-হইতে মোক্ষোপায় [জানেন] তাঁহারা ব্রহ্মকে প্রাপ্ত-হন ॥ ৩৫ ॥

ব্যাখ্যা।—যে জ্ঞানিগণ পূর্ব্বোক্ত প্রকারে ক্ষেত্রক্ষেত্রজ্ঞের ভেদ বিবেকজ্ঞানসম্পন্ন চক্ষুদ্বারা দর্শন করিতে পারেন, এবং প্রকৃতি হইতে ভূতগণের মোক্ষোপায়কে জানেন, তাঁহারা পরমার্থস্বরূপ ব্রহ্মকে প্রাপ্ত হইয়া থাকেন ॥ ৩৫ ॥

সর্পতীত্যাশঙ্ক্য গুণাদ্বা লোকবদিত্যুক্তম্। কথং পুনর্গুণো গুণিব্যতিরেকেণান্যত্র বর্ত্তেত। নহি পটস্য শুক্লো গুণঃ পটব্যতিরেকেণান্যত্র বর্ত্তমানো দৃশ্যতে। প্রদীপপ্রভাবদ্ভবেদিতি চেৎ, ন। তস্যা অপি দ্রব্যত্বাভ্যুপগমাৎ। নিবিড়াবয়বং হি তেজোদ্রব্যং প্রদীপঃ, প্রবিরলাবয়বং তেজোদ্রব্যমেব প্রভেতি। অত উত্তরং পঠতি। ২৫। যথা গুণস্যাহপি সতো গন্ধস্য গন্ধবদ্দ্রব্যব্যতিরেকেণান্যত্র বৃত্তির্গন্ধবদপ্রাপ্তেষ্বপি কুসুমাদিষু গন্ধবৎসু গন্ধোপলব্ধেঃ, এবমণোরপি সতো জীবস্য চৈতন্যগুণব্যতিরেকো ভবিষ্যতি। অতশ্চানৈকান্তিকমেতদ্-গুণত্বাদ্রূপাদিবদাশ্রয়বিশ্লেষানুপপত্তিরিতি গুণস্যৈব সতো গন্ধস্যাশ্রয়বিশ্লেষদর্শনাৎ। গন্ধস্যাপি সহৈবাশ্রয়েণ বিশ্লেষ ইতি চেৎ। ন। যস্মান্মূল দ্রব্যাদবিশ্লেষস্তস্য ক্ষয়প্রসঙ্গাৎ। অক্ষীয়মাণমপি তৎ পূর্ব্বাবস্থাতো গম্যতে

শঙ্করাচার্য্য।—সমস্তাধ্যায়ার্থোপসংহারার্থোঽয়ং শ্লোকঃ ক্ষেত্রক্ষেত্রজ্ঞয়োরিতি। ক্ষেত্রক্ষেত্রজ্ঞয়োর্যথাব্যাখ্যাতয়োরেবং যথাপ্রদর্শিতপ্রকারেণ অন্তরমিতরেতরবৈলক্ষণ্যবিশেষং জ্ঞানচক্ষুষা শাস্ত্রাচার্য্যোপদেশজনিতমাত্মপ্রত্যায়কং জ্ঞানং চক্ষুস্তেন জ্ঞানচক্ষুষা ভূতপ্রকৃতিমোক্ষঞ্চ ভূতানাং প্রকৃতিরবিদ্যালক্ষণাব্যক্তাখ্যা তস্যা ভূতপ্রকৃতের্ম্মোক্ষণমভাবগমনঞ্চ যে বিদুর্বিজানন্তি, যান্তি গচ্ছন্তি তে পরং পরমাত্মতত্ত্বং ব্রহ্ম ন পুনর্দ্দেহমাদদতি ইত্যর্থঃ॥ ৩৫॥

ইতি শ্রীগোবিন্দভগবৎপূজ্যপাদশিষ্য পরমহংসপরিব্রাজকাচার্য্য শ্রীমচ্ছঙ্কর ভাগবতকৃতৌ গীতাভাষ্যে ত্রয়োদশোঽধ্যায়ঃ।

আনন্দগিরি।—অধ্যায়ার্থং সফলমুপসংহরতি সমস্তেতি। বিশেষকৌটস্থ্যপরিণামাদি লক্ষণস্তদেবমমানিত্বাদিনিষ্ঠতয়া ক্ষেত্রক্ষেত্রজ্ঞযাথাত্ম্যবিজ্ঞানবতঃ সর্ব্বানর্থনিবৃত্ত্যা পরিপূর্ণপরমানন্দাবির্ভাবলক্ষণপুরুষার্থসিদ্ধিরিতিসিদ্ধং॥ ৩৫॥

ইতি শ্রীমৎপরমহংসপরিব্রাজকাচার্য্য শুদ্ধানন্দপূজ্যপাদশিষ্য-ভগবদানন্দগিরি বিরচিতে শ্রীভগবদ্গীতাভাষ্যবিবেচনে ত্রয়োদশোঽধ্যায়ঃ।

রামানুজ।—ক্ষেত্রেতি। এবমুক্তেন প্রকারেণ ক্ষেত্রক্ষেত্রজ্ঞয়োরন্তরং বিশেষম্ বিবেকবিষয়জ্ঞানাখ্যেন চক্ষুষা যে বিদুঃ ভূতপ্রকৃতয়োর্ম্মোক্ষং চ তে পরং যান্তি। তে নির্ম্মুক্তবন্ধনমাত্মানং প্রাপ্নুবন্তি। এবমুক্তেন প্রকারেণ মোক্ষ্যতেঽনেনেতি মোক্ষঃ অমানিত্বাদিকমুক্তমোক্ষসাধনমিত্যর্থঃ। ক্ষেত্রক্ষেত্রজ্ঞয়োর্ব্বিবেকবিষয়েণ উক্তেন জ্ঞানেন তয়োর্ব্বিবেকং বিদিত্বা ভূতপ্রকৃতিমোক্ষোপায়মমানিত্বাদিকঞ্চাবগম্য যে আচরন্তি তে নির্ম্মুক্তবন্ধাঃ স্বেন রূপেণাবস্থিতমনবচ্ছিন্ন লক্ষণমাত্মানং প্রাপ্নুবন্তীত্যর্থঃ॥ ৩৫॥

ইতি শ্রীমদ্রামানুজাচার্য্য বিরচিতে গীতাভাষ্যে ত্রয়োদশোঽধ্যায়ঃ।

অন্যথা তৎপুষ্পাবয়বৈশ্চ কন্তুর্য্যাদিভিস্তীর্যেত। স্যাদেতৎ। গন্ধাশ্রয়াণাং বিশ্লিষ্টানামবয়বানামল্পত্বাৎ সন্নপি বিশ্লেষো নোপলক্ষ্যতে, সূক্ষ্মাহি গন্ধপরমাণবঃ সর্ব্বতো বিপ্রসৃতা গন্ধবুদ্ধিমুৎপাদয়ন্তি নাসিকাপুট মনুপ্রবিশন্ত ইতি চেৎ, ন, অতীন্দ্রিয়ত্বাৎ পরমাণুনাং স্ফুটগন্ধোপলব্ধেশ্চ, নাগকেশরাদিষু। নচলোকে প্রতীতির্গন্ধবদ্দ্রব্যমাঘ্রাতমিতি, গন্ধ এবাঘ্রাত ইতি তু লৌকিকাঃ প্রতীযন্তি রূপাদিষ্বাশ্রয় ব্যতিরেকানুপলম্ভাদ্গন্ধস্যাপ্যযুক্ত আশ্রয় ব্যতিরেক ইতি চেৎ, ন, প্রত্যক্ষত্বাদনুমানাপ্রবৃত্তেঃ। তস্মাদ্যদ্যথা লোকে দৃষ্টং তৎ তথৈবানুমন্তব্যং নিরূপকৈর্নান্যথা। নহি রসো গুণো জিহ্বয়োপলভ্যত ইত্যতো রূপাদয়োঽপি গুণা জিহ্বয়ৈবোপলভ্যেরন্নিতি নিয়ন্তুং শক্যতে॥ ২৬॥

যেমন শরীরের একস্থানে এক বিন্দু চন্দন স্থাপিত হইলে সর্ব্বশরীরব্যাপী আহ্লাদ জন্মে, সেইরূপ দৈহিক—দেহস্থ আত্মাও সকল দেহব্যাপী বেদনাদির উপলব্ধি (অনুভব) করেন। ত্বক্ সম্বন্ধ থাকায় এরূপ উপলব্ধি

হনুমান্‌।—ভূতপ্রকৃতির্মায়া তস্যা মোক্ষো ভূতপ্রকৃতিমোক্ষস্তং ॥ ৩৫ ॥

ইতি শ্রীমদ্ধনুমদীয়ে পৈশাচ ভাষ্যে ত্রয়োদশোঽধ্যায়ঃ।

শ্রীধর।—অধ্যায়ার্থমুপসংহরতি ক্ষেত্রক্ষেত্রজ্ঞয়োরিতি। এবমুক্তপ্রকারেণ ক্ষেত্রক্ষেত্রজ্ঞয়োরন্তরং ভেদং বিবেকজ্ঞানলক্ষণেন চক্ষুষা যে বিদুঃ, তথা যেনমুক্তা ভূতানাং প্রকৃতিস্তস্যাঃ সকাশাৎ মোক্ষং মোক্ষোপায়ং ধ্যানাদিকঞ্চ যে বিদুস্তে পরং পদং যান্তি। বিবিক্তৌ যেন তত্ত্বেন মিশ্রৌ প্রকৃতিপূরুষৌ। তং বন্দে পরমানন্দং নন্দনন্দনমীশ্বরং ॥ ৩৫ ॥

ইতি শ্রীমদ্ভগবদ্গীতায়াং স্বামিকৃতটীকায়াং ত্রয়োদশোঽধ্যায়ঃ।

বলদেব।—অধ্যায়ার্থমুপসংহরন্ তজ্জ্ঞানফলমাহ ক্ষেত্রেতি। ক্ষেত্রেণ সহ তয়োঃ ক্ষেত্রজ্ঞয়োর্জীবেশয়োরেবং মদুক্তবিধয়ান্তরং ভেদং জ্ঞানচক্ষুষা বৈধর্ম্ম্যবিষয়কপ্রজ্ঞানেত্রেণ যে বিদুঃ তথাভূতানাং প্রকৃতেঃ সকাশান্মোক্ষং চ তৎসাধনমমানিত্বাদিকং যে বিদুস্তে প্রকৃতেঃ পরং সর্ব্বোৎকৃষ্টং পরব্যোমাখ্যং মৎপদং যান্তীতি। জীবেশৌ দেহমধ্যস্থৌ তত্রাদ্যো দেহধর্ম্মযুক্। বধ্যতে মুচ্যতে বোধাদিতি জ্ঞানং ত্রয়োদশাৎ ॥ ৩৫ ॥

ইতি শ্রীমদ্বলদেব কৃতে শ্রীভগবদ্গীতোপনিষদ্ভাষ্যে ত্রয়োদশোধ্যায়ঃ।

মধুসূদন।—ইদানীমধ্যায়ার্থং সফলমুপসংহরতি। ক্ষেত্রক্ষেত্রজ্ঞয়োঃ প্রাগ্ব্যাখ্যাতয়োরেবমুক্তেন প্রকারেণান্তরং পরস্পরবৈলক্ষণ্যং জাড্যচৈতন্যবিকারিত্বনির্ব্বিকারত্বাদিরূপং জ্ঞানচক্ষুষা শাস্ত্রাচার্য্যোপদেশজনিতাত্মজ্ঞানরূপেণ চক্ষুষা যে বিদুর্ভূতপ্রকৃতিমোক্ষঞ্চ ভূতানাং সর্ব্বেষাং প্রকৃতিরবিদ্যা মায়াখ্যা তস্যাঃ পরমার্থাত্মবিদ্যয়া মোক্ষমভাবগমনঞ্চ যে বিদুর্জ্জানন্তি, যান্তি তে পরং পদাত্মবস্তুস্বরূপং কৈবল্যং ন পুনর্দ্দেহমাদদত ইত্যর্থঃ। তদেবমমানিত্বাদিসাধননিষ্ঠস্য ক্ষেত্রক্ষেত্রজ্ঞবিবেকবিজ্ঞানবতঃ সর্ব্বানর্থনিবৃত্ত্যা পরমপুরুষার্থসিদ্ধিরিতি সিদ্ধম্ ॥ ৩৫ ॥

ইতি শ্রীমৎপরমহংসপরিব্রাজকাচার্য্য শ্রীবিশ্বেশ্বরসরস্বতী শ্রীপাদশিষ্য-শ্রীমধুসূদনবিরচিতায়াং গীতার্থগূঢ়দীপিকায়াং প্রকৃতিপুরুষ বিবেকযোগো নাম ত্রয়োদশোধ্যায়ঃ।

অবিরুদ্ধ। ত্বগাত্মসম্বন্ধ সমুদয় ত্বকে থাকে, ত্বক সর্ব্বশরীরব্যাপিনী, সেই কারণে সেই স্থানে শীতোষ্ণ উপলব্ধি সম্পন্ন হয়। এইস্থলে কেহ কেহ বলিবেন, আপত্তি করিবেন, চন্দনের দৃষ্টান্ত অযুক্ত। যেহেতু উহা দার্ষ্টান্তিকের সমান নহে। যদি আত্মার একদেশস্থতা সিদ্ধ হইত, তাহা হইলে ঐ দৃষ্টান্ত সঙ্গত হইত। (অদ্যাপি আত্মার দেহৈকদেশস্থতা নির্ণীত হয় নাই) চন্দনের অবস্থিতি বৈশেষ্য অর্থাৎ নির্দ্দিষ্ট স্থানে অবস্থান প্রত্যক্ষ, সকল দেহাহ্লাদকতাও প্রত্যক্ষ, কিন্তু আত্মার সকল দেহোপলব্ধি প্রত্যক্ষ, এক দেশস্থতা অপ্রত্যক্ষ। [অণু……রিতি] তাহা অনুমেয়, এ কথা বলাও যায় না। অনুমান অসম্ভব। (আত্মা অণু, তৎপ্রতি হেতু, ব্যাপিকার্য্যকারিত্ব, তাহার পক্ষে চন্দন বিন্দু। এ অনুমান অযুক্ত)। সকল দেহব্যাপিনী বেদনা কি আত্মা সকল দেহব্যাপী ত্বগিন্দ্রিয়ের ন্যায় ব্যাপী বলিয়া অনুভূতা হয়? অথবা আকাশের ন্যায় সর্ব্বব্যাপী বলিয়া? অথবা চন্দন বিন্দুর দৃষ্টান্তে একদেশস্থ

নীলকণ্ঠ।—অধ্যায়ার্থং কৃৎস্নমুপসংহরতি ক্ষেত্রেতি—ক্ষেত্রক্ষেত্রজ্ঞয়োঃ পূর্ব্বোক্তয়োরেবম্ উক্তরীত্যা অন্তরং ভেদং জড়ত্বাজড়ত্বকর্তৃত্বাকর্তৃত্ব কারিত্বাকারিত্ব কৃতং বৈলক্ষণ্যং জ্ঞানচক্ষুষা শাস্ত্রাচার্য্যোপদেশাত্ম প্রত্যয়জনিতেন জ্ঞানচক্ষুষা যে বিদুস্তে পরং মোক্ষং যান্তি প্রাপ্নুবন্তি কিং সাংখ্যানামিব অস্মাকমপি গুণপুরুষান্তরজ্ঞানাদেব কৈবল্যমুচ্যতে ইত্যাশঙ্ক্যাহ ভূতপ্রকৃতিমোক্ষ-মিতি ভূতানাং বিয়দাদীনাং প্রকৃতিরুপাদানং ত্রিগুণাত্মিকা অবিদ্যা তস্যা বিদ্যয়া মোক্ষং নিরন্বয়োচ্ছেদঞ্চ যে বিদুঃত এব পরং যান্তি নতু ক্ষেত্রক্ষেত্রজ্ঞয়োরন্তরমাত্রবিদ ইত্যর্থঃ, যদ্যেকা সত্যা বিম্বীচ প্রকৃতিস্তর্হি বিভূনামলুপ্তদৃশাং বহূনাং পুরুষাণাং মুক্তানামপি এতদ্দর্শনমপরিহার্য্যং তথা চ তেষামপি বন্ধপ্রসক্তিঃ যদি তু মিথ্যাতর্হি তস্য বাত্মসাক্ষাৎকারোজাতস্তদ্দৃষ্ট্যাসর্ব্বথৈব-রজ্জুরগবন্মাদিষ্ঠাকালত্রয়েঽপি নাস্তি ইতরেষাং ত্বনাদিরনন্তাঽস্ত্বেবেতি বক্তুং শক্যম্, তস্মান্ন প্রকৃতিপুরুষান্তরজ্ঞানমাত্রাৎ কৈবল্যং কিন্তু প্রকৃতিবাধেন পুরুষজ্ঞানাৎ সর্পবাধেন রজ্জুদর্শনাৎ ভয়নিবৃত্তিবদ্বন্ধনিবৃত্তিরিতি সিদ্ধম্ ॥ ৩৫ ॥

ইতি শ্রীমৎপদবাক্যপ্রমাণমর্য্যাদাধুরন্ধরচতুর্ধরবংশাবতংস শ্রীগোবিন্দসূরিসূনোঃ শ্রীনীলকণ্ঠস্য কৃতে ভারতভাবদীপে ভীষ্মপর্ব্বণি ভগবদ্গীতার্থপ্রকাশে ত্রয়োদশোঽধ্যায়ঃ।

বিশ্বনাথ।—অধ্যায়ার্থমুপসংহরতি। ক্ষেত্রেণ সহ ক্ষেত্রজ্ঞয়ো জীবাত্মপরমাত্মনো যথাভূতানাং প্রাণিনাং প্রকৃতেঃ সকাশান্মোক্ষং মোক্ষোপায়ং ধ্যানাদিকঞ্চ যে বিদুস্তে পরং যান্তি। দ্বয়োঃ ক্ষেত্রজ্ঞয়োর্ম্মধ্যে জীবাত্মা ক্ষেত্রধর্ম্মভাক্। বধ্যতে মুচ্যতে জ্ঞানাদিত্যধ্যায়ার্থ ঈরিতঃ ॥৩৫॥

ইতি সারার্থবর্ষিণ্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং। ত্রয়োদশোঽয়ং গীতাসু সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥

ও অল্প বলিয়া? এ সংশয় নিবৃত্ত হয় না। অর্থাৎ সংশয়িত অনুমান অগ্রাহ্য। [অত্রো .....বদিতি] প্রতিবাদী এই বিষয়ের প্রত্যুত্তর বা প্রোক্ত আপত্তির খণ্ডন বলিতেছেন—চন্দন বিন্দুর দৃষ্টান্ত সদোষ নহে। হেতু এই যে, তাহা স্বীকার আছে। চন্দন বিন্দুর ন্যায় আত্মারও দেহৈকদেশে অবস্থান কথিত হইয়াছে। কোথায়? তাহা বলিতেছি। আত্মা হৃদয় দেশে অবস্থান করেন, ইহা বেদান্ত শাস্ত্রে পঠিত হইয়াছে। যথা "আত্মা হৃদয়ে।" "সেই প্রসিদ্ধ আত্মা।" "হৃদয়ে কোন্ আত্মা?" "প্রাণের মধ্যে যিনি বিজ্ঞানময়" "হৃদয়ে যিনি অন্তর্জ্যোতিঃ পুরুষ" ইত্যাদি। অতএব চন্দন দৃষ্টান্ত বিষম দৃষ্টান্ত নহে। যেহেতু বিষম দৃষ্টান্ত নহে, প্রত্যুত সম দৃষ্টান্ত, সেই হেতু চন্দন দৃষ্টান্ত অবিরুদ্ধ। জীব অণু (সূক্ষ্ম) হইলেও চৈতন্য গুণের ব্যাপ্তিতে সকল দেহ ব্যাপী কার্য্য সম্পন্ন হইতে পারে। যেমন রত্ন ও প্রদীপ এক স্থানে থাকে; কিন্তু তাহার প্রভা গৃহ ব্যাপিনী হইয়া হইয়া সমুদায় প্রকাশ্য প্রকাশ করে, সেইরূপ, আত্মা অণু ও এক স্থানাবস্থিত হইলে ও তাহার চৈতন্যগুণ সর্ব্বদেহে ব্যাপ্ত হয়, তাই সকল দেহব্যাপিনী বেদনা যুগপৎ অনুভূত হয়। চন্দন সাবয়ব তাহার সূক্ষ্মাংশ (পরমাণু) সকল দেহে প্রসর্পিত হইয়া পরিতৃপ্ত করে, কিন্তু জীব অণু ও নিরবয়ব, তাহার প্রসর্পণ যোগ্য সূক্ষ্মাংশ নাই, সে জন্য অপ্রশস্ত চন্দন দৃষ্টান্ত ত্যাগ করিয়া "গুণাদ্বা" সূত্র বলা হইল। বলিতে পার গুণগুণী পরিত্যাগ করিয়া কি প্রকারে অন্যত্র থাকিতে পারে? বস্ত্রের শুক্ল গুণ কি বস্ত্রত্যাগ করিয়া অন্যত্র বৃত্তিমান্ হয়? অবস্থিতি করে? দীপ প্রভার কথা বলিবে, তাহাও পারিবে না। কেন না, তাহাও দ্রব্য গুণ নহে। কারণ, নিবিড়াবয়ব তেজের নাম দীপ, আর বিরলাবয়ব তেজের নাম প্রভা। এই

তাৎপর্য্য।—এক্ষণে তত্ত্ব জ্ঞানের ফল প্রদর্শন পূর্ব্বক অধ্যায়ের উপসংহার হইতেছে। এই অধ্যায়ের প্রথম হইতে ক্ষেত্র ক্ষেত্রজ্ঞের পার্থক্য নানা ভাবে বিবৃত হইয়াছে, এবং জ্ঞানের সাধন ও ফলাফল বিবিধ প্রকারে কীর্ত্তিত হইয়াছে। যিনি জ্ঞান চক্ষু দ্বারা অর্থাৎ শাস্ত্রাচার্য্যোপদেশের অনুসরণক্রমে সাধন ও অনুষ্ঠান সহকারে বিহিত আত্মজ্ঞান লাভ করিয়া ক্ষেত্র ও ক্ষেত্রজ্ঞের স্বাতন্ত্র সম্যক্‌রূপে প্রণিধান করিয়াছেন; অপিচ যিনি ভূত সমূহের প্রকৃতি অর্থাৎ তত্তাবৎ যে কেবল মাত্র প্রকৃতিরই কার্য্য, অবিদ্যা বা মায়ার প্রভাবে আমরা সত্য ও সারস্বরূপ জ্ঞান করিলেও পরমার্থতঃ তৎসমস্ত অসার ও অলীক বুঝিয়া মোক্ষের উপায় নির্ণয় করিতে সক্ষম হইয়াছেন, তিনি চরমে পরব্রহ্মকে প্রাপ্ত হইয়া থাকেন। তাঁহাকে পুনরায় দেহধারণ করিয়া জন্মমরণরূপ ক্লেশ স্বীকার করিতে হয় না। এতাবতা ইহাই সার স্বরূপে গ্রহণ করিতে হইবে যে, অমানিত্বাদি সাধন সম্পন্ন হইয়া যাঁহার হৃদয় জ্ঞানালোকে উদ্ভাসিত হইয়াছে, সেই ব্রহ্মপরায়ণ ব্রহ্মজ্ঞ, ক্ষেত্র-ক্ষেত্রজ্ঞ বিষয়ক বিবেকসম্পন্ন মহাত্মা সর্ব্বানর্থ পরিশূন্য হইয়া পরমপুরুষার্থ লাভ করিয়া থাকেন।

মূলে যে "মোক্ষ" শব্দ আছে, পূজ্যপাদ ভাষ্যকার শঙ্করাচার্য্য প্রভৃতি তাহা অভাব বা গমনার্থে গ্রহণ করিয়াছেন। বিদ্যার আবির্ভাব হইলে অবিদ্যার অভাব হইয়া থাকে। অথবা জ্ঞানাগমে মায়ারূপিণী অব্যক্ত প্রকৃতি গমন করিয়া থাকে ॥ ৩৫ ॥

আপত্তির খণ্ডনার্থ সূত্রবলা হইতেছে যেমন গন্ধগুণ গন্ধবদ্ দ্রব্যের ব্যতিরেকে অর্থাৎ গন্ধবদ্ দ্রব্য হইতে বিশ্লিষ্ট হইয়া অন্য স্থানে ব্যাপ্ত হয়, যেমন পুষ্পের অপ্রাপ্তিস্থলেও গন্ধ গুণকে পাওয়া যায়, সেইরূপ, জীব অণু হইলেও তাঁহার চৈতন্য গুণের ব্যতিরেক (অন্য স্থানে সংক্রম) হইতে পারে। অতএব গুণত্বাৎ হেতুটী অনৈকান্তিক। (গুণ আশ্রয় ত্যাগ পূর্ব্বক কুত্রাপি যায় না, ব্যাপ্ত হয়না, ইহা নিয়মত বা সার্ব্বত্রিক নহে। কেননা গন্ধ গুণে ঐ নিয়মের ব্যভিচার দেখা যায়)। যেহেতু গন্ধ গুণকে আশ্রয়ত্যাগ করিতে দেখা যায়, সেই হেতু গুণের আশ্রয় বিশ্লেষ অযুক্ত, ইহাও অসার্ব্বত্রিক। গন্ধও স্বয়ং আশ্রয় দ্রব্যের সহিত বিশ্লিষ্ট হয়, (গন্ধ পরমাণু বিশিষ্ট হয়, তদাশ্রয়ে গন্ধ থাকে), একথা বলিতে পার না। কেন না, যে মূল দ্রব্য হইতে গন্ধবৎ পরমাণু বিশ্লিষ্ট হয় বলিবে, ক্রমে সেই মূল দ্রব্যের ক্ষয় হওয়া মানিতে হইবে। কিন্তু দেখা যায়, মূলদ্রব্যের কিছু মাত্র ক্ষয় হয় না। ক্ষয় হইলে পূর্ব্বাপেক্ষা হীন গুরুত্বাদি হইতে (আয়তন ও ওজন কমিত)। [স্যাদেতৎ... ..বুদ্ধি] বলিতে পার গন্ধাধার অংশ (পরমাণু) সকল বিশ্লিষ্ট হয় কিন্তু অত্যল্প অল্প (সূক্ষ্ম)

পূজ্যপাদ শ্রীমৎ শ্রীধর স্বামীর উপসংহার বাক্য। যাঁহার দ্বারা সংমিশ্রিত প্রকৃতি পুরুষের তত্ত্ব বিবিক্ত হইয়াছে, সেই পরমানন্দ স্বরূপ নন্দনন্দন পরমেশ্বরকে বন্দনা করি।

পূজ্যপাদ শ্রীমদ্বলদেব বিদ্যাভূষণের উপসংহার বাক্য। জীব এবং ঈশ্বর উভয়েই এই দেহে অধিষ্ঠিত। তন্মধ্যে জীব দেহধর্ম্মযুক্তরূপে বদ্ধ হইয়া থাকে, এবং জ্ঞানোদয়ে মুক্ত হয়, ত্রয়োদশাধ্যায়ে এই জ্ঞান পরিব্যক্ত হইয়াছে।

পূজ্যপাদ শ্রীমদ্বিশ্বনাথের উপসংহার বাক্য। ক্ষেত্রজ্ঞদ্বয়ের মধ্যে ক্ষেত্রধর্ম্মভোগী জীবাত্মা বদ্ধ এবং জ্ঞানোদয়ে তিনি মুক্ত, ইহাই ত্রয়োদশাধ্যায়ে নিরূপিত হইয়াছে।

ত্রয়োদশ অধ্যায়ের তাৎপর্য্য সমাপ্ত।

যামুন মুনি।—দেহস্বরূপমাত্মাপ্তি হেতুরাত্মবিশোধনং। বন্ধহেতুর্বিবেকশ্চ ত্রয়োদশ উদীর্য্যতে॥

তাৎপর্য্য।—দেহের স্বরূপ, আত্ম প্রাপ্তির হেতু, আত্ম বিশোধন, বন্ধহেতুর বিবেক এই সকল তত্ত্ব ত্রয়োদশ অধ্যায়ে আলোচিত হইয়াছে।

বলিয়া তাহা লক্ষ্য হয় না। এই স্থলে আমাদের বক্তব্য, গন্ধ পরমাণু সর্ব্বদিকে প্রসৃত (বিশ্লিষ্ট হইয়া ব্যাপ্ত) হয়, সে সকল নাসাপথে প্রবেশ পূর্ব্বক গন্ধজ্ঞান জন্মায় একথা বলিবার উপায় নাই। কেন না পরমাণু মাত্রেই অতীন্দ্রিয়, ও কোন ইন্দ্রিয়ের বিষয় নহে অথচ নাগ কেশরাদিতে ব্যক্তগন্ধ উপলব্ধ হইয়া থাকে অপিচ, গন্ধাশ্রয় দ্রব্য আঘ্রাত হইতেছে, এইরূপ প্রতীতি কোনও পুরুষের হয় না। প্রত্যুত গন্ধ আঘ্রাত হইতেছে, এইরূপ প্রতীতিই হয়। [রূপাদি প্রকাতে] আশ্রয় পরিত্যক্ত রূপ উপলব্ধ হয় না জ্ঞান গোচর হয় না, তদ্দৃষ্টান্তে গন্ধেরও আশ্রয় ব্যতিরেক হয় না, একথা বলিবার অযোগ্য। গন্ধের আশ্রয় ব্যতিরেক (বিশ্লেষ) প্রত্যক্ষ; সেই কারণে তাহা অনুমানের অবিষয়। এই সকল কারণে বলিতে হয়, মানিতে হয়, যেমন দেখা যায়, তেমনই অনুমান করা কর্ত্তব্য। রসগুণ তাহা রসনেন্দ্রিয়ের দ্বারা জানা যায়, রূপাদিও গুণ সুতরাং রূপাদিও জ্ঞানের দ্বারা জানা যাইবেক, এমন কোন নিয়ম নাই।—শ্রীযুক্ত পণ্ডিত কালীবর বেদান্তবাগীশ।

চতুর্দ্দশোঽধ্যায়ঃ।

—(০)—

শ্রীভগবানুবাচ।

পরং ভূয়ঃ প্রবক্ষ্যামি জ্ঞানানাং জ্ঞানমুত্তমম্।
যজ্‌জ্ঞাত্বা মুনয়ঃ সর্ব্বে পরাং সিদ্ধিমিতো গতাঃ ॥১॥

অন্বয়।—শ্রীভগবান্ উবাচ (কথয়ামাস) জ্ঞানানাং উত্তমং (শ্রেষ্ঠং) পরং (পরমাত্মবিষয়ং) জ্ঞানং ভূয়ঃ (পুনঃ) প্রবক্ষ্যামি যৎ জ্ঞাত্বা সর্ব্বে মুনয়ঃ ইতো (দেহবন্ধনাৎ) পরাং সিদ্ধিং (মোক্ষং) গতাঃ (প্রাপ্তাঃ) ॥ ১ ॥

প্রতিশব্দ।—শ্রীভগবান্ বলিলেন, সকল-জ্ঞানের শ্রেষ্ঠ পরমাত্ম-বিষয়ক জ্ঞান পুনর্ব্বার বলিব, যাহা জানিয়া সকল সন্ন্যাসী দেহ-বন্ধনের-পর পরম সিদ্ধিকে প্রাপ্ত-হইয়াছেন ॥ ১ ॥

ব্যাখ্যা।—শ্রীভগবান্ বলিলেন, যে জ্ঞান সর্ব্বাপেক্ষা শ্রেষ্ঠ এবং যাহা পরমাত্মবিষয়ক পূর্ব্বে নানাভাবে বলিলেও এক্ষণে পুনর্ব্বার সেই জ্ঞান আমি তোমাকে বলিব; এই জ্ঞানের অববোধ দ্বারা সন্ন্যাসিগণ এই দেহ বন্ধন হইতে মুক্ত হইয়া পরমা সিদ্ধি লাভ করিয়াছেন ॥১॥

শঙ্করাচার্য্য।—সর্ব্বমুৎপাদ্যমানং ক্ষেত্রক্ষেত্রজ্ঞসংযোগাদুৎপদ্যত ইতি উক্তং, তৎ কথমিতি তৎপ্রদর্শনার্থং পরং ভূয় ইত্যাদিরধ্যায় আরভ্যতে, অথবা ঈশ্বরপরতন্ত্রয়োঃ ক্ষেত্রক্ষেত্রজ্ঞয়োর্জ্জগৎকারণত্বং, ন তু সাংখ্যানামিব স্বতন্ত্রয়োরিত্যেবমর্থং প্রকৃতিস্থত্বং গুণেষু চ সঙ্গঃ সংসারকারণমিত্যুক্তং, কস্মিন্ গুণে কথং সঙ্গঃ কে বা গুণাঃ কথং বা বধ্নন্তীতি গুণেভ্যশ্চ মোক্ষণং কথং স্যাৎ মুক্তস্য চ লক্ষণং বক্তব্যমিত্যেবমর্থঞ্চ শ্রীভগবানুবাচ পরমিতি। পরং জ্ঞানমিতি ব্যবহিতেন সম্বন্ধঃ। ভূয়ঃ পুনঃ পূর্ব্বেষু সর্ব্বেষু অধ্যায়েষু অসকৃদুক্তমপি প্রবক্ষ্যামি তচ্চ পরং পরবস্তুবিষয়ত্বাৎ, কিং তৎ জ্ঞানং সর্ব্বেষাং জ্ঞানানামুত্তমং উত্তমফলত্বাৎ জ্ঞানানামিতি, নামানিত্বাদীনাং কি তর্হি যজ্ঞাদিজ্ঞেয়বস্তুবিষয়াণাং ইতি তানি ন মোক্ষায়েদন্তু মোক্ষায়েতি পরোত্তমশব্দাভ্যাং

স্তৌতি শ্রোতৃবুদ্ধিরুচ্যুৎপাদনার্থং, যৎ জ্ঞাত্বা যৎ জ্ঞানং জ্ঞাত্বা প্রাপ্য মুনয়ঃ সন্ন্যাসিনোমননশীলাঃ সর্ব্বে পরাং সিদ্ধিং মোক্ষাখ্যাং ইতোঽস্মাদ্দেহবন্ধনাদূর্দ্ধং গতাঃ প্রাপ্তাঃ ॥ ১ ॥

আনন্দগিরি।—ক্ষেত্রক্ষেত্রজ্ঞসংযোগস্য সর্ব্বোৎপত্তিনিমিত্তত্বমজ্ঞাতং জ্ঞাপয়িতুমধ্যায়ান্তরমবতারয়ন্নধ্যায়য়োরুত্থাপ্যোত্থাপকত্বরূপাং সঙ্গতিমাহ সর্ব্বমিতি। বিধান্তরেণাধ্যায়ারম্ভং সূচয়তি অথবেতি। তদেববক্তু মুক্তমনুবদতি ঈশ্বরেতি। প্রকৃতিস্থত্বং পুরুষস্য প্রকৃত্যা সহৈকাধ্যাসঃ তস্যৈব গুণেষু সঙ্গোঽভিনিবেশঃ। যড়্বিধামাকাংক্ষাং নিক্ষিপ্য তদুত্তরত্বেনাধ্যায়ারম্ভে পূর্ব্ববদেব পূর্ব্বাধ্যায়সম্বন্ধসিদ্ধিরিত্যাহ কস্মিন্নিতি। পূর্ব্বোক্তেনার্থেনাস্যাধ্যায়স্য সমুচ্চয়ার্থশ্চকারঃ। পরমিত্যস্য ভাবিকালার্থত্বং ব্যাবর্ত্তয়িতুং সঙ্গতিমাহ পরমিতি। ভূয়ঃশব্দস্যাধিকার্থত্বমিহ নাস্তীত্যাহ পুনরিতি। পুনঃশব্দার্থমেব বিবৃণোতি পূর্ব্বেষ্বিতি। পুনরুক্তিস্তর্হ্যাশঙ্ক্য সূক্ষ্মত্বেন দুর্ব্বোধত্বাৎ পুনর্ব্বচনমর্থবদিত্যাহ তচ্চেতি। বিশেষাং প্রশ্নদ্বারা নির্দ্দিশতি কিন্তদিতি। নির্দ্ধারণার্থাং ষষ্ঠীমাদায় তস্য প্রকর্ষং দর্শয়তি সর্ব্বেষামিতি। পরমুত্তমমিতি পুনরুক্তিমাশঙ্ক্য বিষয়ফলভেদান্নৈবমিত্যাহ উত্তমেতি। জ্ঞানং জ্ঞেয়মিত্যাদৌ জ্ঞানশব্দেনামানিত্বাদীনামুক্তত্বাত্তন্মধ্যে চ জ্ঞানস্য জ্ঞানানামিতি সাধ্যত্বেনোত্তমত্বান্ন তস্য বক্তব্যতেত্যাশঙ্ক্যাহ জ্ঞানানামিতি। নামানিত্বাদীনাং গ্রহণমিতিশেষঃ, ইতিশব্দাদূর্দ্ধং পূর্ব্ববদেব শেষোদ্রষ্টব্যঃ। যথোক্তজ্ঞানাপেক্ষয়া কৃতস্তজ্জ্ঞানস্য প্রকর্ষস্তত্রাহ তানীতি। স্তুতিফলমাহ শ্রোতৃবুদ্ধীতি। জ্ঞানং জ্ঞাত্বা জ্ঞানস্য জ্ঞেয়তোপগমাদনবস্থেত্যাশঙ্ক্যাহ প্রাপ্যেতি। মুনিশব্দস্য চতুর্থাশ্রমবিষয়ত্বে তন্মাত্রাদেব জ্ঞানাযোগাৎ কুতস্তেষাং মুক্তিরিত্যাশঙ্ক্যাহ মননেতি। সিদ্ধের্জ্জানত্বং পরামিতি বিশেষণাদ্ব্যাবর্ত্ত্য মুক্তিত্বমাহ মোক্ষাখ্যামিতি। দেহাখ্যস্য বন্ধনস্যাধ্যক্ষত্বমাহ অস্মাদিতি। ১।

রামানুজ।—ত্রয়োদশে প্রকৃতিপুরুষয়োরন্যোন্যসংসৃষ্টয়োঃ স্বরূপযাথাত্ম্যং বিজ্ঞায়ামানিত্বাদিভির্ভগবদ্ভক্ত্যনুগৃহীতৈর্ব্বন্ধান্মুচ্যত ইত্যুক্তং। তত্র বন্ধহেতুঃ পূর্ব্ব পূর্ব্বসত্ত্বাদিগুণময়সুখাদিসঙ্গইতিচাভিহিতং কারণং গুণসঙ্গোঽস্য সদসদ্যোনিজন্মসিতি। অথেদানীং গুণানাং বন্ধহেতুতা প্রকারো গুণনিবর্ত্তন প্রকারশ্চোচ্যতে শ্রীভগবানুবাচ। পরং ভূয় ইতি। পরং পূর্ব্বোক্তাদন্যৎ প্রকৃতিপুরুষান্তর্গতমেব সত্ত্বাদিগুণবিষয়ং জ্ঞানং ভূয়ঃ প্রবক্ষ্যামি তচ্চ জ্ঞানং সর্ব্বেষাং প্রকৃতিপুরুষবিষয়জ্ঞানানামুত্তমং যদ্জ্ঞানং জ্ঞাত্বা সর্ব্বে মুনয়ঃ তন্মননশীলাইতঃ সংসারাৎ পরাং সিদ্ধিং গতাঃ পরাং শুদ্ধাত্মস্বরূপপ্রাপ্তিরূপাং সিদ্ধিং গতাঃ ॥ ১ ॥

হনুমান্।—স্বতন্ত্রপরতন্ত্রয়োঃ ক্ষেত্রক্ষেত্রজ্ঞয়োঃ জগৎকারণং নতু সাংখ্যানামিব গুণেষু চ সঙ্গঃ সংসারকারণমিত্যুক্তং গুণেষু কথং সঙ্গঃ কোবা গুণঃ কথং বধ্নাতি গুণেভ্যশ্চ মোক্ষং কথং বাপ্নোদিত্যেতৎ প্রতিপাদনার্থমুক্তলক্ষণাং বক্তব্যমিত্যেতদর্থঞ্চ শ্রীভগবানুবাচ। পরং প্রকৃষ্টং ভূয়ঃ পুনরপি জ্ঞানানাং ইতোদেহবন্ধনাৎ ॥ ১ ॥

শ্রীধর।—পুংপ্রকৃত্যোঃ স্বতন্ত্রত্বং বারয়ন্ গুণসঙ্গতঃ। প্রাহ সংসারবৈচিত্র্যংবিস্তরেণ চতুর্দ্দশে। "যাবৎ সংজায়তে কিঞ্চিৎ সত্ত্বং স্থাবরজঙ্গমং। ক্ষেত্রক্ষেত্রজ্ঞসংযোগাত্তদ্বিদ্ধি"ত্যুক্তং, স চ ক্ষেত্রক্ষেত্রজ্ঞয়োঃ সংযোগোনিরীশ্বরসাংখ্যানামিব ন স্বাতন্ত্র্যেণ কিন্ত্বীশ্বরেচ্ছয়ৈবেতি কথন-

র্ব্বিকং কারণং গুণসঙ্গোঽস্য সদসদ্যোনিজন্মস্বিত্যনেনোক্তং সত্ত্বাদি গুণকৃতং সংসারবৈচিত্র্যং প্রপঞ্চয়িষ্যন্নেবংভূতং বক্ষ্যমাণমর্থং স্তৌতি পরং ভূয় ইতি দ্বাভ্যাং। পরং পরমাত্মনিষ্ঠং জ্ঞায়তেঽনেনেতি জ্ঞানমুপদেশং ভূয়োঽপি তুভ্যং প্রকর্ষেণ বক্ষ্যামি। কথম্ভূতং জ্ঞানানাং তপঃকর্ম্মাদিবিষয়াণাং মধ্যে উত্তমং মোক্ষহেতুত্বাৎ। তদেবাহ যজ্জ্ঞাত্বা মুনয়োমননশীলাঃ সর্ব্বে ইতোদেহবন্ধনাৎ পরাং সিদ্ধিং মোক্ষং প্রাপ্তাঃ ॥ ১ ॥

বলদেব।—গুণাঃ স্যুর্ব্বন্ধকাস্তে তু পরিচেয়াঃ ফলৈস্ত্রয়ঃ। মদ্ভক্ত্যা তন্নিবৃত্তিঃ স্যাদিতি প্রাক্তং চতুর্দশে॥ পূর্ব্বাধ্যায়ে মিথঃসংপৃক্তানাং প্রকৃতিজীবেশ্বরাণাং স্বরূপাণি বিবিচ্য অমানিত্বাদিধর্ম্মৈর্ব্বিশিষ্টঃ প্রকৃতিবন্ধাদ্বিমুচ্যতে বন্ধহেতুশ্চ গুণসঙ্গ ইত্যুক্তং। তত্র কে গুণাঃ কস্মিন্ গুণে কথং সঙ্গঃ কস্য গুণস্য সঙ্গাৎ কিং ফলং গুণসঙ্গিনঃ কিম্বা লক্ষণং কথং বা গুণেভ্যো মুক্তিরিত্যপেক্ষায়াং বক্ষ্যমাণমর্থং আত্মরুচ্যুৎপত্তয়ে ভগবান্ স্তৌতি পরমিতি দ্বাভ্যাং। পরং পূর্ব্বোক্তাৎ প্রকৃতিজীবান্তর্গতমেব গুণবিষয়কং জ্ঞানং ভূয়ো বক্ষ্যামি যজ্জ্ঞানানাং প্রকৃতিজীববিষয়াণামুত্তমং শ্রেষ্ঠং নবনীতবদুদ্ধৃতত্বাৎ। যজ্জ্ঞাত্বোপলভ্য সর্ব্বে মুনয়স্তন্মননশীলা ইতো লোকে পরামাত্মযাথাত্ম্যোপলব্ধিলক্ষণাং সিদ্ধিং গতাঃ। যদ্বা জ্ঞায়তেঽনেনেতি জ্ঞানমুপদেশং তচ্চ প্রাগুক্তমপি ভূয়ঃ পুনর্বিধান্তরেণ বক্ষ্যামি। তচ্চ জ্ঞানানাং তপঃ প্রভৃতীনাং জ্ঞানসাধনানাং মধ্যে পরমুত্তমং অত্যুত্তমং তদন্তরঙ্গসাধনত্বাৎ যজ্জ্ঞাত্বা সর্ব্বে মুনয় ইতো লোকাৎ পরাং মোক্ষলক্ষণাং সিদ্ধিং গতাঃ ॥ ১ ॥

মধুসূদন।—পূর্ব্বাধ্যায়ে "যাবৎ সঞ্জায়তে কিঞ্চিৎসত্ত্বং স্থাবরজঙ্গমং। ক্ষেত্রক্ষেত্রজ্ঞসংযোগাত্তদ্বিদ্ধী"ত্যুক্তং, তত্র নিরীশ্বরসাংখ্যনিরাকরণেন ক্ষেত্রক্ষেত্রজ্ঞসংযোগস্যেশ্বরাধীনত্বং বক্তব্যং, তথা "কারণং গুণসঙ্গোঽস্য সদসদ্যোনিজন্মস্বি"ত্যুক্তং, তত্র কস্মিন্ গুণে কথং সঙ্গঃ কে বা গুণাঃ কথং বা তে বধ্নন্তীতি বক্তব্যং, তথা ভূতপ্রকৃতিমোক্ষং চ যে বিদুর্যান্তি তে পরমিত্যুক্তং, তত্র ভূতপ্রকৃতিশব্দিতেভ্যো গুণেভ্যঃ কথং মোক্ষণং স্যান্মুক্তস্য চ কিং লক্ষণমিতি বক্তব্যং, তদেতৎ সর্ব্বং বিস্তরেণ বক্তুং চতুর্দ্দশোঽধ্যায়ঃ আরভ্যতে, তত্র বক্ষ্যমাণমর্থং দ্বাভ্যাং স্তুবন্ শ্রোতৄণাং রুচ্যুৎপত্তয়ে শ্রীভগবানুবাচ পরমিতি। জ্ঞায়তেঽনেনেতি জ্ঞানং পরমাত্মজ্ঞানসাধনং পরং শ্রেষ্ঠং পরবস্তুবিষয়ত্বাৎ, কীদৃশং তৎ জ্ঞানানাং জ্ঞানসাধনানাং বহিরঙ্গানাং যজ্ঞাদীনাং মধ্যে উত্তমং উত্তমফলত্বাৎ নত্বমানিত্বাদীনাং তেষামন্তরঙ্গত্বেনোত্তমফলত্বাৎ, পরমিত্যনেনোৎকৃষ্টবিষয়ত্বমুক্তং, উত্তমমিত্যনেন তূৎকৃষ্টফলত্বমিতি ভেদঃ। ঈদৃশং জ্ঞানমহং প্রবক্ষ্যামি ভূয়ঃ পুনঃ পূর্ব্বেষ্বধ্যায়েষ্বসকৃদুক্তমপি, যৎ জ্ঞানং জ্ঞাত্বাঽনুষ্ঠায় মুনয়ঃ মননশীলাঃ সংন্যাসিনঃ সর্ব্বে পরাং সিদ্ধিং মোক্ষাখ্যাং ইতোদেহবন্ধনাদ্গতাঃ প্রাপ্তাঃ ॥ ১ ॥

নীলকণ্ঠ।—পূর্ব্বাধ্যায়ান্তে ভূতপ্রকৃতিমোক্ষঞ্চ যে বিদুস্তেপরং যান্তীত্যুক্তং, তত্র কা বা ভূতপ্রকৃতিঃ, কিমাশ্রয়েণ তস্যা ভূতজনকত্বং, কথং বন্ধকত্বং, কথঞ্চ ততো মোক্ষঃ, কিঞ্চ মুক্তানাং লক্ষণং ইত্যেতদর্থজাতং বিবরীতুং চতুর্দ্দশোঽধ্যায় আরভ্যতে, তত্রচ রুচ্যুৎপাদনার্থং পরং

জ্ঞানং ব্রুবন্ শ্রীভগবানুবাচ পরমিতি। পরং সর্ব্বোৎকৃষ্টং ব্রহ্ম ভূয়ঃ পুনঃ অসকৃদুক্তমপি বক্ষ্যা কিং তৎ স্বরূপমাহ জ্ঞানানাং অমানিত্বাদীনাং জ্ঞানসাধনানাং মধ্যে যৎ উত্তমং জ্ঞানং মোক্ষ ফলত্বাদন্তরঙ্গত্বাদেতৎ অহং ঘটং জানামীত্যত্রাহমর্থস্য ঘটাকারবৃত্তের্ঘটস্য চ জ্ঞানমস্তীতি বিষয়ভে জ্ঞানত্রয়মস্তি, তত্রাদ্যং দ্বয়ং নান্তরীয়কং যচ্চ উত্তরং চরমজ্বটপ্রকাশফলরূপং জ্ঞানং তদেব পর ব্রহ্মেত্যর্থঃ, যথোক্তং বার্ত্তিককারৈঃ, "পরাগর্থপ্রমেয়েষু যা ফলত্বেন সম্মতা সংবিৎসৈবেহমেয়োঽহং বেদান্তোক্তিপ্রমাণত" ইতি, যজ্জ্ঞাত্বা বেদান্তবাক্যজন্যয়াধীবৃত্ত্যা অপরোক্ষীকৃত্য পরাং সিদ্ধি মোক্ষং ইতঃ সংসারাৎ সংসারং বিহায় গতাঃ প্রাপ্তাঃ ॥ ১ ॥

বিশ্বনাথ :—গুণাঃ স্যুর্ব্বন্ধকাস্তেতু ফলৈজ্ঞেয়াশ্চতুর্দ্দশে। গাত্যয়েঃচিহ্নতাতি(?) হেতু-র্ভক্তিশ্চ বর্ণিতা। পূর্ব্বাধ্যায়ে কারণং গুণোসঙ্গোঽস্য সদসদ্যোনিজন্মসু ইত্যুক্তং তত্র কে গুণাঃ কীদৃশো গুণসঙ্গঃ কস্য কস্য গুণস্য সঙ্গাৎ কিং কিং ফলং স্যাৎ গুণযুক্তস্য কিং কিং বা লক্ষণং কথং বা গুণেভ্যো মোচনং ইত্যপেক্ষায়াং বক্ষ্যমাণমর্থং স্তবানৌ বক্তুং প্রতিজানীতে পরমিতি। জ্ঞায়তেঽনেনেতি জ্ঞানমুপদেশং পরং অত্যুত্তমং ॥ ১ ॥

তাৎপর্য্য।—শ্রীভগবান্ পূর্ব্বাধ্যায়ে "যাবৎ সংজায়তে কিঞ্চিৎ সত্ত্বং স্থাবরজঙ্গমং। ক্ষেত্রক্ষেত্রজ্ঞসংযোগাৎ তদ্বিদ্ধি ভরতর্ষভ ॥" (১৩শ অধ্যায় ২৭ শ্লোক) ইত্যাদি বাক্যে ইহাই ব্যক্ত করিয়াছেন যে, ক্ষেত্র ক্ষেত্রজ্ঞের সংযোগে এই বিশ্বব্যাপার সম্পাত হইয়াছে। তথায় নিরীশ্বর সাংখ্যবাদ অগ্রাহ্য করিয়া ক্ষেত্র ক্ষেত্রজ্ঞের সংযোগ বিষয়ে ঈশ্বরাধীনত্ব প্রতিপাদিত হইয়াছে। পূর্ব্বাধ্যায়ে "কারণং গুণসঙ্গোঽস্য সদসদ্যোনিজন্মসু।" (১৩শ অধ্যায় ২২ শ্লোক) ইত্যাদি বাক্যে ক্ষেত্রজ্ঞরূপ জীবের সত্বরজস্তমো-গুণের সহিত মিলনেই সৎ অসৎ যোনিজন্মের কারণ প্রদর্শিত হইয়াছে। কোন্ গুণে কিরূপ সঙ্গ ঘটে, গুণ সমূহই বা কি, এবং কোন্ গুণ কি ভাবে বদ্ধ করে, ইহাই এস্থলে বিচার্য্য। অপি চ "ভূতপ্রকৃতিমোক্ষং চ যে বিদুর্যান্তি তে পরং।" (১৩শ অধ্যায় ৩৫ শ্লোক) ইত্যাদি বাক্যে মোক্ষের পথ প্রদর্শিত হইয়াছে। কিন্তু ভূতপ্রকৃতি প্রভৃতি শব্দ দ্বারা অভিহিত গুণসমূহের হস্ত হইতে জীবের কি প্রকারেই বা মুক্তি সংঘটিত হইয়া থাকে ? আর মুক্ত পুরুষের লক্ষণই বা কি ? ইত্যাকার তত্ত্বসমূহ বিস্তারিত রূপে আলোচনা করিবার নিমিত্ত চতুর্দ্দশ অধ্যায় আরব্ধ হইতেছে। প্রথমে শ্রোতৃগণের চিত্তকে তদভিমুখী করিবার অভিপ্রায়ে শ্লোকদ্বয়ে শ্রীভগবান্ সেই তত্ত্বের মাহাত্ম্য কীর্ত্তন করিতেছেন। শ্রীভগবান্ বলিতেছেন,

বিবিধ বিধানে নানাস্থানে আমি জ্ঞানের কথা বিবৃত করিয়াছি। কিন্তু তদ্বিষয়ে হে অর্জ্জুন! তোমার বোধঃসুদৃঢ় করিবার অভিপ্রায়ে আমি তাহা পুনঃ সংবদ্ধ ও নির্দ্দিষ্টরূপে পরিকীর্ত্তন করিতেছি। এই জ্ঞান যজ্ঞাদি নিঃশ্রেয়স লাভের সাধনভূত ক্রিয়া কাণ্ডের অপেক্ষা শ্রেষ্ঠ। কারণ ক্রিয়া-কাণ্ডের দ্বারা নিয়মিত স্বর্গাদিভোগের প্রাপ্তি ঘটে, এবং তত্তদ্ ভোগা-বসানে পুনরায় জন্মমৃত্যুরূপ বন্ধন পুনঃ সংঘটিত হয়। কিন্তু যাহা সর্ব্ব সন্তাপ নাশক, যাহা নিঃশেষরূপে বন্ধন নির্ম্মুক্ত করিয়া জীবকে অনন্তা-নন্দের অধিকারী করে, সেই পরমফল কেবল জ্ঞান দ্বারাই লভ্য। এই জ্ঞান অমানিত্বাদি পূর্ব্ব কথিত চিত্তোন্নতির অন্তরঙ্গ স্বরূপ। এবং তত্তা-বতের পরিপাকেই এই পরমজ্ঞানের উদ্ভব হইয়া থাকে। জ্ঞানের তত্ত্ব এইরূপ প্রয়োজনীয় ও পরম ফলপ্রদ বলিয়া আমি পুনরায় ধারাবাহিক রূপে তাহার আলোচনায় প্রবৃত্ত হইতেছি; এই জ্ঞানের তত্ত্ব পরিজ্ঞাত হইয়া সন্ন্যাসিগণ * চরমে মোক্ষরূপ পরম ফল প্রাপ্ত হইয়া থাকেন।

শ্রীভগবান্ পূর্ব্বে "দুঃখেষ্বনুদ্বিগ্নমনাঃ সুখেষু বিগতস্পৃহঃ" (২য় অধ্যায় ৫৬ শ্লোক) ইত্যাদি বাক্যে মুনির লক্ষণ নির্দ্দেশ করিয়াছেন। পরম জ্ঞান উপজাত না হইলে দুঃখে নিরুদ্বিগ্নতা সুখে স্পৃহাহীনতা এবং সর্ব্বব্যাপারে রাগ ভয় ও ক্রোধ শূন্যতা কখনই জন্মিতে পারে না। যাঁহাদের সেইরূপ উন্নতি হইয়াছে তাঁহারাই মুনি। পূর্ব্বাধ্যায় নির্দ্দিষ্ট অমানিত্বাদি গুণ সমূহ যাঁহার হৃদয়কে আশ্রয় করিয়াছে, তিনিই উল্লিখিত রূপ মুনিগণের চূড়ামণি হইয়াছেন। এইরূপ মুনিগণ পরম জ্ঞান সহকারে এই নশ্বর দেহ ত্যাগের পর পরমাগতি প্রাপ্ত হন।

নবনীত যেমন দুগ্ধের সারস্বরূপ, এবং তাহা দুগ্ধেরই অন্তর্নিহিত, তদ্রূপ যে জ্ঞানের তত্ত্ব এক্ষণে শ্রীভগবান্ পরিব্যক্ত করিতেছেন, তাহা সকল জ্ঞানের সার স্বরূপ, অথচ সকল জ্ঞানেরই অন্তর্নিহিত। প্রকৃতি পুরুষ ঘটিত যে সকল তত্ত্বজ্ঞানের বিষয় শ্রীভগবান্ পূর্ব্বে বিবৃত করিয়াছেন, সে সকল বিষয়ের পরিজ্ঞান নিতান্ত প্র[illegible], কিন্তু অধুনা যে জ্ঞানের কথা তিনি স্পষ্টরূপে বলিতে উদ্যত হইয়াছেন, তাহা তত্তাবৎ জ্ঞানের অপেক্ষা শ্রেষ্ঠ ॥ ১ ॥

* সন্ন্যাসী—চতুর্থাশ্রমী। সতু চতুর্ব্বিধঃ। কুটীচরঃ ১ বহূদকঃ ২ হংসঃ ৩ পরম হংসঃ ৪। "সর্ব্বসারে"

পূজ্যপাদ শ্রীমৎ শ্রীধরস্বামীর প্রারম্ভবাক্য। গুণের সঙ্গহেতু পুরুষও প্রকৃতির স্বতন্ত্রতা এবং সাংসারিক ব্যাপারের বিচিত্রতা চতুর্দ্দশ অধ্যায়ে বিস্তারিতরূপে কথিত হইতেছে।

পূজ্যপাদ শ্রীমদ্বলদেবের প্রারম্ভ বাক্য। গুণসমূহই বন্ধনের হেতুভূত, ফল দ্বারাই সেই গুণত্রয়ের পরিচয় প্রাপ্ত হওয়া যায়; কিন্তু যাঁহারা আমার ভক্ত তাঁহারা তদতীত, এই সকল তত্ত্ব চতুর্দ্দশাধ্যায়ে কীর্ত্তিত হইয়াছে।

পূজ্যপাদ শ্রীমদ্বিশ্বনাথের প্রারম্ভবাক্য। সত্ত্বরজতম এই গুণ এয়ই বন্ধনের হেতু এবং তাহারা ফলদ্বারা অনুমেয়; সেই গুণত্রয়ের বিনাশেই মুক্তি এবং ভক্তিই তাহার হেতু, ইহাই এই চতুর্দ্দশ অধ্যায়ে বর্ণিত হইতেছে।

ইদং জ্ঞানমুপাশ্রিত্য মম সাধর্ম্ম্যমাগতাঃ।
সর্গেঽপি নোপজায়ন্তে প্রলয়ে ন ব্যথন্তি চ ॥২॥

অন্বয়।—ইদং জ্ঞানং উপাশ্রিত্য (অনুষ্ঠায়) মম সাধর্ম্ম্যং (স্বরূপত্বং) আগতাঃ (প্রাপ্তাঃ) [সন্তঃ] সর্গে (সৃষ্টিকালে) অপি ন জায়ন্তে (উৎপদ্যন্তে) প্রলয়ে ন ব্যথন্তি (লীয়ন্তে) ॥ ২ ॥

প্রতিশব্দ।—এই জ্ঞানকে অনুষ্ঠান-করিয়া আমার স্বরূপতা প্রাপ্ত [হইয়া] সৃষ্টিতেও জন্মে না, এবং প্রলয়ে বিনষ্ট-হয় না ॥২॥

ব্যাখ্যা।—এই পরম জ্ঞানকে অনুষ্ঠান করিয়া সাধক আমারই স্বরূপতা প্রাপ্ত হইয়া থাকেন. সৃষ্টিকালে তাঁহাকে জন্মপরিগ্রহ করিতে হয় না, অথবা প্রলয়কালে বিনাশাধীন হইতে হয় না ॥ ২ ॥

শঙ্করাচার্য্য।—তস্যাশ্চ সিদ্ধেরৈকান্তিকত্বং দর্শয়তি ইদমিতি। ইদং জ্ঞানং যথোক্তমুপাশ্রিত্য জ্ঞানসাধনমনুষ্ঠায়েত্যেতন্মম পরমেশ্বরস্য সাধর্ম্ম্যং মৎস্বরূপতামাগতাঃ প্রাপ্তা ইত্যোর্থোন তু সমানধর্ম্মতাং সাধর্ম্ম্যং ক্ষেত্রজ্ঞেশ্বরয়োর্ভেদানভ্যুপগমাৎ। গীতাশাস্ত্রে ফলবাদশ্চায়ং স্তুত্যর্থ-

---

হরৌ ভূপ ধর্ম্মঃ সন্ন্যাসিনাং ধ্রুবং। রক্তৈকবাসাদণ্ডী চ বিভর্ত্তি মৃৎকমণ্ডলুং। সর্ব্বত্র সমদর্শী চ স্বয়েম্ভ্রাত্মাচং সদা। করোতি ভ্রমণং নিত্য গেহে গেহেন তিষ্ঠতি। বিদ্যামন্ত্রঞ্চ কস্মৈচিৎ নদদাতি চ দৈবতং। করোতি

মুচ্যতে। সর্গেঽপি সৃষ্টিকালেঽপি নোপজায়ন্তে নোৎপদ্যন্তে, প্রলয়ে ব্রহ্মণোঽপি বিনাশকালে ন ব্যথন্তি চ ব্যথাং নাপদ্যন্তে ন চ্যবন্তীত্যর্থঃ ॥ ২ ॥

আনন্দগিরি।—জ্ঞানফলস্য কর্ম্মফলবৈলক্ষণ্যমাহ তস্মাশ্চেতি। কথং জ্ঞানাশ্রয়েণ তদ্ধেতুশ্রবণাদিসম্পত্তিদ্বারেত্যাহ জ্ঞানেতি। সাধর্ম্ম্যে গোগবয়য়োরিব বিম্বদীশ্বরয়োরপি ভেদঃ স্যাদিত্যাশঙ্ক্যাহ মৎস্বরূপতামিতি। সাধর্ম্ম্যস্য মুখ্যত্বে ভেদধ্রৌব্যাদ্গীতাশাস্ত্রবিরোধঃ স্যাদিত্যাহ নত্বিতি। জ্ঞানস্তুতয়ে তৎফলস্য বিবক্ষিতত্বাচ্চ নাত্র সারূপ্যমিষ্টমিত্যাহ ফলেতি। সারূপ্যে ধীফলং হিত্বা ধ্যানফলমপ্রস্তুতং প্রসজ্যেতেত্যর্থঃ। ঈশ্বরাত্মতাং গতানামেব অবান্তরসর্গাদৌ তদ্ভবিষ্যতীত্যাশঙ্ক্যাহ সর্গেঽপীতি ॥ ২ ॥

রামানুজ।—পুনরপি তদ্জ্ঞানং ফলেন বিশিনষ্টি ইদমিতি। ইদং বক্ষ্যমাণং জ্ঞানমুপাশ্রিত্য মম সাধর্ম্ম্যমাগতাঃ মৎসাম্যং প্রাপ্তাঃ সর্গেঽপি নোপজায়ন্তেন সৃজ্যকর্ম্মতাং ভজন্তে প্রলয়ে ন ব্যথন্তি চ ন চ মৃতিকর্ম্মতাং ভজন্তে ॥ ২ ॥

হনুমান্।—মমেশ্বরস্য সাধর্ম্ম্যং সধর্ম্মতাং, নব্যথন্তি ন চলন্তি ॥ ২ ॥

শ্রীধর।—কিঞ্চ ইদমিতি। ইদং বক্ষ্যমাণং জ্ঞানমুপাশ্রিত্য জ্ঞানসাধনমনুষ্ঠায় মম সাধর্ম্ম্যং মদ্রূপত্বং প্রাপ্তাঃ সন্তঃ সর্গেঽপি ব্রহ্মাদিষূৎপদ্যমানেষ্বপি নোৎপদ্যন্তে তথা প্রলয়েঽপি ন ব্যথন্তি প্রলয়দুঃখং নানুভবন্তি পুনর্নাবর্ত্তন্ত ইত্যর্থঃ ॥ ২ ॥

বলদেব।—ইদমিতি। গুরূপাসনয়েদং বক্ষমাণং জ্ঞানং উপাশ্রিত্য প্রাপ্য জনাঃ সর্ব্বেশস্য মম নিত্যাবিভূতগুণাষ্টকস্য সাধর্ম্ম্যং সাধনাবির্ভাবিতেন তদষ্টকেন সাম্যমাগতাঃ সন্তঃ সর্গে নোপজায়ন্তে সৃজ্যকর্ম্মতাং নাপ্নুবন্তি প্রলয়ে ন ব্যথন্তে মৃতিকর্ম্মতাঞ্চ ন যান্তীতি জন্মমৃত্যুভ্যাং রহিতা মুক্তা ভবন্তীতি মোক্ষে জীববহুত্বমুক্তং। "তদ্বিষ্ণোঃ পরমং পদং সদা পশ্যন্তি সূরয়" ইত্যাদি শ্রুতিভ্যশ্চৈতদবগতং ॥ ২ ॥

মধুসূদন।—তস্যাঃ সিদ্ধেরৈকান্তিকত্বং দর্শয়তি। ইদং যথোক্তং জ্ঞানং জ্ঞানসাধনমুপাশ্রিত্যানুষ্ঠায় মম পরমেশ্বরস্য সাধর্ম্ম্যং মদ্রূপতামত্যন্তাভেদেনাগতাঃ প্রাপ্তাঃ সন্তঃ সর্গেঽপি হিরণ্যগর্ভাদিষূৎপদ্যমানেষ্বপি নোপজায়ন্তে, প্রলয়ে ব্রহ্মণোঽপি বিনাশকালে ন ব্যথন্তি চ ন ব্যথন্তে ন চ লীয়ন্ত ইত্যর্থঃ ॥ ২ ॥

নীলকণ্ঠ।—ইদং জ্ঞানং বিষয়বিষয়িরূপবিকল্পবিনির্ম্মুক্তং উপাশ্রিত্য মম ঈশ্বরস্য সাধর্ম্ম্যং সর্ব্বাত্মত্বসর্ব্বনিয়ন্তৃত্বসর্ব্বভাবাধিষ্ঠাতৃত্বাদিধর্ম্মসাধর্ম্ম্যমাগতাঃ, তথা চ শ্রুতয়, "য এবং বেদাহং ব্রহ্মাস্মীতি স ইদং সর্ব্বং ভবতি সর্ব্বস্য বশী সর্ব্বস্যেশানঃ সর্ব্বস্যাধিপতিঃ সন্ সাধুনা কর্ম্মণা ভূয়ান্নো এবাসাধুনা কনীয়ানিতি" জ্ঞানফলম্ ঈশ্বরসাধর্ম্ম্যপ্রাপ্তিমাহুঃ, কিঞ্চ ভৃগুপ্রভৃতয়োজ্ঞানবলাদেব

নাশ্রমং ভিক্ষুঃ করোতি নান্যবাসনাং। করোতি নানাসঙ্গঞ্চ নির্ম্মোহঃ সঙ্গবর্জ্জিতঃ। ন স্বাদু ভুঙ্ক্তে দেবাচ্চ শ্রীমুখং নহি পশ্যতি। ন বাঞ্ছিতং ভক্ষ্য বস্তু যাচতে গৃহিণং ব্রতী। ইতি সন্ন্যাসিনাং ধর্ম্ম মিত্যাহ কমলোদ্ভবঃ।"

সর্গেঽপি ন জায়ন্তে প্রলয়কালে চ তত্তদ্ভূতভাবং গচ্ছন্তো প্রলয়াগ্ন্যাদিভিঃ ন ব্যথন্তে ব্যথাং প্রাপ্নুবন্তি ইদং শ্লোকদ্বয়ং ভাষ্যে বক্ষ্যমাণজ্ঞানস্তুত্যর্থত্বেনৈব ব্যাখ্যাতং, তৎ জ্ঞানমুপাশ্রিত্যজ্ঞান-সাধনমনুষ্ঠায়েতিপদার্থঃ, শেষংস্পষ্টম্ ॥ ২ ॥

বিশ্বনাথ ।—সাধর্ম্ম্যং সারূপ্যলক্ষণাং মুক্তিং ন ব্যথন্তি ন ব্যথন্তে ॥ ২ ॥

তাৎপর্য্য ।—পূর্ব্ব শ্লোকে শ্রীভগবান্ যে জ্ঞানতত্ত্ব পরিব্যক্ত করিবার ইচ্ছা প্রকাশ করিয়াছেন, সেই জ্ঞানের দ্বারা আরও কি ফল লব্ধ হইতে পারে, তাহাই এস্থলে কীর্ত্তন করিতেছেন। যে জ্ঞানের তত্ত্ব শ্রীভগবান্ এই অধ্যায়ে প্রকটিত করিতে প্রবর্ত্তিত হইয়াছেন, তাহাতে অধিকারী হইলে ব্রহ্মত্ব লব্ধ হইয়া থাকে অর্থাৎ সেই জ্ঞানের উল্লেখ সহকারে মানব আপনাকে ব্রহ্মেরই অংশ বলিয়া বুঝিতে পারে, এবং ক্রমোন্নতি সহকারে ব্রহ্ম ভাবাপন্ন হইয়া যায়। কিন্তু আত্ম জ্ঞানের প্রভাবে পরমাত্মার সহিত জীবাত্মার অভেদ বোধ হইলে চরমে যে ফল হয় তাহাই এস্থলে স্পষ্টরূপে নির্দ্দেশ হইতেছে। যাঁহার এইরূপ ব্রহ্মভাব উপস্থিত হইয়াছে, যিনি আপনাকে ও পরমাত্মাকে একই বস্তু বলিয়া হৃদ্বোধ করিয়াছেন, তাঁহাকে আর জন্মগ্রহণ করিতে হয় না। সৃষ্টির প্রারম্ভে যখন হিরণ্যগর্ভাদির (২৪৬।১৪৬১।১৫৪৭।পৃঃ টীঃ দ্রঃ) উদ্ভব হয়, তখন সেই আত্মজ্ঞান সম্পন্ন মহাপুরুষকে জন্মগ্রহণ করিতে হয় না; এবং যখন প্রলয়কালে (১৩১৯।১৫৪০ পৃঃ টীঃ দ্রষ্টব্য) সমস্ত জাগতিক বস্তু ক্ষয় প্রাপ্ত হইয়া প্রকৃতিতে বিলীন হয়, তখনও সেই মহাত্মাকে ধ্বংসদশায় নিপতিত হইতে হয় না। যখন সৃষ্টির প্রারম্ভে বা প্রলয় কালে তাঁহার আগমন ও নাশ নাই, তখন বারংবার কর্ম্মসূত্রাবলম্বনে পিতা মাতার সম্ভোগজনিত জনন এবং তদনন্তর নিয়মিত ভোগাবসানে মরণরূপ দুর্দ্দৈবের অধীনতা কখনই ঘটে না।

অদ্বৈত বাদিগণের অভিপ্রায় সংক্ষেপে বিবৃত হইল। এক্ষণে দ্বৈত-বাদিগণ যেরূপ অভিপ্রায় প্রকাশ করেন তাহা লিখিত হইতেছে। গুরূ-পদিষ্ট প্রণালী ক্রমে বিশিষ্ট সাধন দ্বারা ভক্তগণ চরমে পরমাত্মার ভাব প্রাপ্ত হইয়া থাকেন, এবং তদ্রূপ গুণ সমন্বিত হইয়া তাঁহারা জন্ম মৃত্যুর

(ব্রহ্ম বৈবর্ত্তে শ্রীকৃষ্ণ জন্ম খণ্ডে ৫৯ অধ্যায়।) ব্যাস উবাচ। "এতস্বাশ্রম নিষ্ঠানাং যতীনাং নিয়তাত্মনাং। ভৈক্ষেণ বর্ত্তনং প্রোক্তং ফলমূলৈরথাপিবা॥ এককালং চরেদ্ভৈক্ষং ন প্রসজ্যেত বিস্তরে। ভৈক্ষে প্রসক্তোহি

অধীনতা ছিন্ন করিয়া থাকেন; অর্থাৎ তাঁহাদিগের জন্ম হয় না, সুতরাং জন্ম রহিতের মৃত্যুও ঘটে না। ঋগ্বেদ সংহিতার নিম্নলিখিত শ্রুতি মতানুকূল বোধে তাঁহারা উদ্ধৃত করিয়াছেন। যথা; "তদ্বিষ্ণোঃ পরমং পদং সদা পশ্যন্তি সুরয়ঃ দিবীব চক্ষুরাততং।" (ঋগ্বেদ ১ম অষ্টক ১ম মণ্ডল ২২ সূক্ত) ইহার ভাবার্থ; আকাশে সর্ব্বত্র বিস্তৃত নয়ন যেরূপ দর্শন করে, জ্ঞানিগণও সেইরূপে বিষ্ণুর পরমপদ দেখিয়া থাকেন॥ ২॥

——:০:——

মম যোনির্ম্মহদ্ব্রহ্ম তস্মিন্ গর্ভং দধাম্যহং।
সম্ভবঃ সর্ব্বভূতানাং ততো ভবতি ভারত!॥ ৩॥

অন্বয়।—হে ভারত! মহৎব্রহ্ম (প্রকৃতিঃ) মম যোনিঃ (গর্ভাধানস্থানং) তস্মিন্ (প্রকৃতৌ) অহং গর্ভং (চিদাভাসং) দধামি (নিক্ষিপামি) ততঃ (গর্ভাধানাৎ) সর্ব্বভূতানাং সম্ভবঃ (উৎপত্তিঃ) ভবতি॥ ৩॥

প্রতিশব্দ।—হে ভারত! মহৎব্রহ্ম আমার যোনি, তাহাতে আমি গর্ভকে নিক্ষেপ-করি, তাহা-হইতে সকল-ভূতের উৎপত্তি-হয়॥ ৩॥

ব্যাখ্যা।—হে ভারত! মহৎব্রহ্মরূপা প্রকৃতি আমার গর্ভাধান স্থান, আমি তাহাতে জগৎবিস্তারের হেতুভূত চিদাভাসকে নিক্ষেপ করি, তদ্দ্বারাই এই ভূতগ্রামের উদ্ভব হইয়া থাকে॥ ৩॥

শঙ্করাচার্য্য।—ক্ষেত্রক্ষেত্রজ্ঞসংযোগ ঈদৃশ ভূতকারণমিত্যাহ মমেতি। মম স্বভূতা মদীয়া মায়া ত্রিগুণাত্মিকা প্রকৃতির্যোনি সর্ব্বভূতানাং সর্ব্বকার্য্যেভ্যোমহত্বাৎ ভরণাচ্চ স্ববিকারাণাং মহদ্ব্রহ্মেতি যোনিরেব বিশিষ্যতে. তস্মিন্ মহতি ব্রহ্মণি যোনৌ গর্ভং হিরণ্যগর্ভস্য জন্মনোবীজং সর্ব্বভূতজন্মকারণং বীজং দধামি নিক্ষিপামি ক্ষেত্রক্ষেত্রজ্ঞপ্রকৃতিদ্বয়শক্তিমানীশ্বরোহহমবিদ্যাকাম-

---

ন্নতিক্রিয়ে যদি সঙ্গতি। সন্ধ্যাগারং চরেদ্বৈক সলাস্তেবে পুনশ্চরেৎ। প্রক্ষাল্য পাত্রে ভুঞ্জীয়াদদ্ভিঃ প্রক্ষালয়েত্তু তৎ। অথবাপ্যন্যপাদায় পাত্রং ভুঞ্জীত নিত্যশঃ। কুক্ষৌ চ সম্ভবেৎ পাত্রং যাত্রামাত্রমলোলুপঃ। বিধূমে সন্নমুষলে ব্যঙ্গারে ভুক্তবজ্জনে। বৃত্তে শরাবসংপাতে ভিক্ষাং নিত্যং যতিশ্চরেৎ। গোদোহমাত্রং তিষ্ঠেত কালম্ ভিক্ষুরধোমুখঃ। ভিক্ষেত্যুক্ত্বা সকৃত্ তূষ্ণীং অশ্নীয়াদ্বাগ্যতঃ শুচিঃ। প্রক্ষাল্য পাণিপাদৌ চ সমাচম্য যথাবিধি।

কর্ম্মোপাধিস্বরূপানুবিধায়িনং ক্ষেত্রজ্ঞং ক্ষেত্রেণ সংযোজয়ামীত্যর্থঃ। সম্ভব উৎপত্তিঃ সর্ব্বভূতানাং হিরণ্যগর্ভোৎপত্তিদ্বারেণ, ততস্তস্মাৎ যোনের্মূলকারণাদ্গর্ভাধানাং ভবতি ॥ ৩ ॥

আনন্দগিরি।—জ্ঞানস্তত্যা তদভিমুখায়াব্যবহিতচেতসে বিবক্ষিতমর্থমাহ ক্ষেত্রেতি। স্বরূপত্বেন স্বভূতত্বং বারয়তি মদীয়েতি। ঈশ্বরীং চিচ্ছক্তিং ব্যাবর্ত্তয়তি ত্রিগুণাত্মিকেতি। সাংখ্যীয়-প্রকৃতিরপি মদীয়েতি ব্যাবর্ত্তিতা যোনিশব্দেন সর্ব্বাণি ভবনযোগ্যানি কার্য্যাণি প্রত্যুপাদানত্বম-ভিপ্রেতমিত্যাহ সর্ব্বভূতানামিতি। প্রকৃতের্ম্মহত্ত্বং সাধয়তি সর্ব্বেতি। সর্ব্বকার্য্যব্যাপ্তিমাদায় যোনাবেব ব্রহ্মশব্দঃ ন লিঙ্গবৈষম্যান্মহদ্ব্রহ্মেত্যর্থান্তরং কিঞ্চিদিত্যাশঙ্ক্যাহ যোনিরিতি। তস্মি-ন্নিত্যাদি বাচষ্টে তস্মিন্নিতি। ঈদৃশস্য ক্ষেত্রক্ষেত্রজ্ঞসংযোগস্য ভূতকারণত্বমিতি বক্তুমুপক্রম্য কিমিদমন্যাদাদর্শিতমিত্যাশঙ্ক্যাহ ক্ষেত্রেতি। গর্ভশব্দেনোক্তসংযোগস্য ফলংদর্শয়তি সম্ভব-ইতি। আদিকর্ত্তা সভূতানাং ইতি স্মৃত্যা হিরণ্যগর্ভকার্য্যত্বাবগমাদ্ভূতানাং কথং যথোক্তগর্ভা-ধাননিমিত্তত্বমিত্যাশঙ্ক্যাহ হিরণ্যগর্ভেতি। ৩।

রামানুজ।—অথ প্রাকৃতানাং গুণানাং বন্ধহেতুতাপকারং বক্তুং সর্ব্বভূতজাতস্য প্রকৃতিসংসর্গজত্বং "যাবৎসংজায়তে কিঞ্চিদি"ত্যনেনোক্তং ভগবতা স্বেনৈব কৃতমিত্যাহ মমেতি। [মম মদীয়ং] কৃৎস্নস্য জগতো যোনিভূতং মহদ্ব্রহ্ম যৎতস্মিনগর্ভং দধাম্যহং। "ভূমিরাপোঽনলো বায়ুঃ খং মনোবুদ্ধিরেব চ অহংকার ইতীয়ংমে ভিন্না প্রকৃতিরষ্টধা। অপরেয়মিতি" নির্দ্দিষ্টা-চেতনাপ্রকৃতির্ম্মহদহংকারাবিকারাণাং কারণতয়া মহদ্ব্রহ্মেত্যুচ্যতে শ্রুতাবপি কচিৎ প্রকৃতিরপি ব্রহ্মেতি নির্দ্দিশ্যতে "যঃ সর্ব্বজ্ঞঃ সর্ব্ববিৎ। যস্য জ্ঞানময়ংতপঃ তস্মাদেতদ্ব্রহ্মনামরূপমন্নং চ জায়ত" ইতি। "ইতস্ত্বন্যাং প্রকৃতিং বিদ্ধি মে পরাং জীবভূতামিতি" চেতনপুঞ্জরূপাযা প্রকৃতি-র্নির্দ্দিষ্ট সেহ সকলপ্রাণিবীজতয়া গর্ভশব্দেনোচ্যতে তস্মিন্নচেতনে যোনিভূতে মহতি ব্রহ্মণি চেতনপুঞ্জরূপং গর্ভং দধামি। অচেতনপ্রকৃত্যা ভোগক্ষেত্রভূতয়া ভোক্তৃবর্গপুঞ্জভূতাং চেতন-প্রকৃতিং সংযোজয়ামীত্যর্থঃ। তত তস্মাৎ প্রকৃতিদ্বয়সংযোগান্মৎসঙ্কল্পকৃতাৎ সর্ব্বভূতানাং ব্রহ্মাদি স্তম্বপর্য্যন্তানাং সম্ভবো ভবতি॥ ৩ ॥

হনুমান।—মম মৎসম্বন্ধিনী প্রকৃতিঃ সর্ব্বকার্য্যাপেক্ষয়া বর্দ্ধমানাজ্ঞানব্রহ্মেতি যোনিরেব বিশিষ্যতে গর্ভং হিরণ্যগর্ভস্য বীজং বীর্য্যংক্ষেত্রজ্ঞপ্রকৃতিদ্বয় শক্তিমানীশ্বরোঽহং দধামি ক্ষেত্রজ্ঞং ক্ষেত্রেণ সংযোজয়ামীত্যর্থঃ। সংভব উৎপত্তিঃ সর্ব্বভূতানাং হিরণ্যগর্ভোৎপত্তি দ্বারেত্যর্থঃ ॥ ৩ ॥

আদিত্যে দর্শয়িত্বান্নং ভুঞ্জীত প্রাঙ্মুখোঽম্বরঃ। হুত্বা প্রাণাহুতীঃ পঞ্চগ্রাসানষ্টৌ সমাহিতঃ। আচম্য দেবং ব্রহ্মাণং ধ্যায়ীত পরমেশ্বরং॥ অলাবুং দারুপাত্রঞ্চ মৃন্ময়ং বৈনবংতথা। চত্বারি যতিপাত্রাণি মনুরাহ প্রজাপতিঃ। প্রদোষে পররাত্রেচ মধ্যরাত্রেতথৈবচ। সন্ধ্যাস্বহ্নি বিশেষেণ চিন্তয়েন্নিত্যমীশ্বরং॥... ব্রতানিযানি ভিক্ষুনাং তথৈবোপব্রতানিচ। একৈকাতিক্রমে তেষাং প্রায়শ্চিত্তং বিধীয়তে। উপেত্যচ স্ত্রিয়ং কামাৎ প্রায়শ্চিত্তং সমাহিতঃ। প্রাণায়াম সমাযুক্তম্ কুর্য্যাৎসান্তপনম্ শুচিঃ। ততশ্চরেত নিয়মান্ কৃৎস্নান সংযত মানসঃ।

শ্রীধর।—তদেবং প্রশংসয়া শ্রোতারমভিমুখীকৃত্য পরমেশ্বরাধীনয়োঃ প্রকৃতিপুরুষয়োঃ র্ব্বভূতোৎপত্তিং প্রতি হেতুত্বং ন তু স্বতন্ত্রয়োরিতীমং বিবক্ষিতমর্থং কথয়তি মমেতি। দেশতঃ ালতশ্চাপরিচ্ছিন্নত্বান্মহৎ বৃংহিতত্বাৎ স্বকার্য্যাণাং বৃদ্ধিহেতুত্বাদ্বা ব্রহ্ম প্রকৃতিরিত্যর্থঃ। তন্মহদ্ব্রহ্ম ম পরমেশ্বরস্য যোনির্গর্ভাধানং স্থানং তস্মিন্নহং গর্ভং জগদ্বিস্তারহেতুং চিদাভাসং দধামি ক্ষিপামি প্রলয়ে ময়ি লীনং সন্তমবিদ্যাকামকর্ম্মানুশয়বন্তং ক্ষেত্রজ্ঞং সৃষ্টিসময়ে ভোগ্যেন ক্ষেত্রেণ ংযোজয়ামীত্যর্থঃ, ততো গর্ভাধানাৎ সর্ব্বভূতানাং ব্রহ্মাদীনাং সম্ভবউৎপত্তির্ভবতীতি॥ ৩॥

বলদেব।—তদেবং বক্তব্যার্থস্তুত্যা তস্মিন্ রুচিং শ্রোতুরুৎপাদ্য ভূমিরাপ ইত্যাদি-য়ার্থানুসারাৎ যাবৎ সংজায়তে কিঞ্চিৎ ইত্যাদৌ প্রকৃতিজীবসংযোগং পরেশহেতুকমভিমতমিহ ্টয়তি মমেতি। মহৎ সর্ব্বস্য প্রপঞ্চস্য কারণং। ব্রহ্মাভিব্যক্তসত্ত্বাদিগুণকং প্রধানং মম র্ব্বেশ্বরস্যাণ্ডকোটিস্রষ্টুর্যোনির্গর্ভধারণস্থানং ভবতি। প্রধানে ব্রহ্মশব্দশ্চ। "তস্মাদেতদ্ব্রহ্মনাম-পমন্নং চ জায়তে" ইতি শ্রুতেঃ। তস্মিন্মহতি ব্রহ্মণি যোনিভূতে গর্ভং পরমাণুচৈতন্যরাশিমহং ধাম্যর্পয়ামি। ভূমিরাপ ইত্যাদিনা যা জড়া প্রকৃতিরুক্তা সেহ মহদ্ব্রহ্মেত্যুচ্যতে। ইতস্ত্বন্যা-ত্যাদিনা যা চেতনা প্রকৃতিরুক্তা সেহ সর্ব্ব প্রাণিবীজত্বাদ্গর্ভশব্দেনেতি। ভোগক্ষেত্রভূতয়া ড়য়া প্রকৃত্যা সহ চেতনভোক্তৃবর্গং সংযোজয়ামীত্যর্থঃ। ততো মদ্ধেতুকাৎ প্রকৃতিদ্বয়সং-যাগাৎ গর্ভাধানাদ্বা সর্ব্বভূতানাং ব্রহ্মাদিস্তম্বান্তানাং সম্ভবো জনির্ভবতি॥ ৩॥

মধুসূদন।—তদেবং প্রশংসয়া শ্রোতারমভিমুখীকৃত্য পরমেশ্বরাধীনয়োঃ প্রকৃতি-রুষয়োঃ সর্ব্বভূতোৎপত্তিং প্রতি হেতুত্বং ন তু সাংখ্যসিদ্ধান্তবৎ স্বতন্ত্রয়োরিতীমং বিবক্ষিতমর্থমাহ ভ্যাং। সর্ব্বকার্য্যাপেক্ষয়াঽধিকত্বাৎ কারণং মহৎ সর্ব্বকার্য্যানাং বৃদ্ধিহেতুরূপাৎ বৃংহনরূপাৎ হ্ম অব্যাকৃতং প্রকৃতিস্ত্রিগুণাত্মিকা মায়ামহৎ ব্রহ্ম তচ্চ মমেশ্বরস্য যোনির্গর্ভাধানস্থানং, স্মিন্ মহতি ব্রহ্মণি যোনৌ গর্ভং সর্ব্বভূতজন্মকারণং অহং বহুস্যাং প্রজায়েয়েতীক্ষণরূপং সঙ্কল্পং ধামি ধারয়ামি তৎসঙ্কল্পবিষয়ীকরোমীত্যর্থঃ। যথা হি কশ্চিৎ পিতা পুত্রমনুশয়িনং ব্রীহ্যাদ্যাহার-পেণ স্বস্মিন্ লীনং শরীরেণ যোজয়িতুং যোনৌ রেতঃসেকপূর্ব্বকং গর্ভমাধত্তে, তস্মাচ্চ গর্ভাধানাৎ পুত্রঃ শরীরেণ যুজ্যতে, তদর্থং চ মধ্যে কললাদ্যবস্থা ভবতি, তথা প্রলয়ে ময়ি লীনমবিদ্যা-ামকর্ম্মানুশয়বন্তং ক্ষেত্রজ্ঞং সৃষ্টিসময়ে ভোগ্যেন ক্ষেত্রেণ কার্য্যকারণসংঘাতেন যোজয়িতুং চিদা-াসাখ্যরেতঃসেকপূর্ব্বকং মায়াবৃত্তিরূপং গর্ভমহমাদধামি তদর্থং চ মধ্যে আকাশবায়ুতেজোজল-থিব্যাদ্যুৎপত্ত্যবস্থাঃ, ততোগর্ভাধানাৎ সংভবউৎপত্তিঃ হিরণ্যগর্ভাদীনাং ভবতি হে ভারত! ীশ্বরকৃতগর্ভাধানং বিনেত্যর্থঃ॥ ৩॥

নরাশ্রম মাগতং চরেদ্ভিক্ষুরতন্দ্রিতঃ। ননর্ম্মযুক্ত মনৃতং হিনস্তীতি মনীষিণঃ। তথাপি ন চ কর্ত্তব্যঃ প্রসঙ্গো ্ব দারুণঃ। একরাত্রোপবাসশ্চ প্রাণায়াম শতং তথা। উক্ত্বানৃতং প্রকর্ত্তব্যং যতিনা ধর্ম্মলিপ্সুনা॥ ্রমাপন্নগতেনাপিন ন কার্য্যং স্তেয় মন্ততঃ। স্তেয়াদভ্যাধিকঃ কশ্চিৎ নাস্ত্যধর্ম্ম ইতি স্মৃতিঃ। হিংসা চৈষাপরা-্কা যা চাত্মজ্ঞান নাশিকা। যদেতদ্দ্রবিনং প্রাণাস্তেষু বহিশ্চরাঃ। সতস্ত হরতে প্রাণান্ যোযস্য হরতে ধনম্।

নীলকণ্ঠ।—অথেদানীং কাবাভূতপ্রকৃতিঃ, কিমাশ্রয়েণ তস্থাভূতজনকত্বং তদাহ মমেতি। মম শুদ্ধচিন্মাত্রস্য যোনিঃ প্রবেশস্থানং মহদ্‌ব্রহ্ম মহত্তত্ত্বস্য প্রথমকার্য্যস্য ব্রহ্মবৃংহকং কারণমব্যক্তাব্যাকৃতাপরপর্য্যায়ং ত্রিগুণাত্মকং মায়াখ্যং তস্মিন্ গর্ভং স্বপ্রতিবিম্বরূপং দধামি অহং চিদাত্মা ততোমৎপ্রতিবিম্বগর্ভিতা মায়া ততঃ সর্ব্বেষাং যা ভূতানাং ভবনধর্ম্মাণাং মহদাদীনাং হিরণ্যগর্ভাদীনাঞ্চ সম্ভব উৎপত্তির্ভবতি হে ভারত! এতেন চিৎপ্রতিবিম্ব সাপেক্ষত্বোপপাদনেন প্রকৃতেঃ সাংখ্যাভিমতং স্বাতন্ত্র্যং নিরস্তম্॥ ৩॥

বিশ্বনাথ।—অথানাদ্যবিদ্যাকৃতস্য গুণসঙ্গস্য বন্ধহেতুতা প্রকারং বক্তুং ক্ষেত্রক্ষেত্রজ্ঞয়োঃ সম্ভবপ্রকারমাহ। মম পরমেশ্বরস্য যোনিগর্ভাধানস্থানং মহদ্‌ব্রহ্ম দেশকালানবচ্ছিন্নত্বাৎ মহৎ বৃংহণাৎ কার্য্যরূপেণ বৃদ্ধিহেতৌ ব্রহ্ম প্রকৃতিরিত্যর্থঃ। শ্রুতাবপি ক্বচিৎ প্রকৃতি ব্রহ্মেতি নির্দ্দিশ্যতে। তস্মিন্নহং গর্ভং দধামি আদধামি। "ইতস্ত্বন্যাং প্রকৃতিং বিদ্ধি মেপরাং জীবভূতাং" ইত্যনেন চেতনপুঞ্জরূপা যা প্রকৃতিঃ তটস্থ শক্তিরূপা নির্দ্দিষ্টা সা সকলপ্রাণি বীজতয়া গর্ভশব্দেনোচ্যতে ততো মৎকৃতাৎ গর্ভধানাৎ সর্ব্বভূতানাং ব্রহ্মাদীনাং সম্ভব উৎপত্তিঃ॥ ৩॥

তাৎপর্য্য।—অতীত শ্লোকদ্বয়ে শ্রোতৃমন তত্ত্বজ্ঞান লাভার্থ আকৃষ্ট করিয়া এক্ষণে শ্রীভগবান্ শ্লোকদ্বয়ে ক্ষেত্রক্ষেত্রজ্ঞের সংযোগ প্রণালী কীর্ত্তন করিতেছেন। এই শ্লোকে ইহাই প্রদর্শিত হইতেছে যে, সেই নিঃসঙ্গ নির্লিপ্ত পুরুষ এই সৃষ্টির মধ্যে প্রবিষ্ট রহিয়াছেন, এবং তাঁহারই আয়োজনে এই ভৌতিক পদার্থপুঞ্জের উদ্ভব হইয়াছে। পিতা যেমন সন্তান লাভ কামনায় পত্নীর যোনিদ্বার পথে গর্ভে রেতঃসেক করিয়া থাকেন, পরব্রহ্মও তদ্রূপ মহদ্রূপ যোনিপথে চিদাভাস রেতঃ সেক দ্বারা এই সৃষ্ট পদার্থ সমূহের সৃষ্টি করিয়া থাকেন। পিতার শরীরে পুত্রের সূক্ষ্ম অংশ সমূহ যেরূপে সংযুক্ত থাকে এবং পিতা যেমন রেতঃরূপে স্বয়ংই রূপান্তর ধারণ করিয়া পত্নীর গর্ভে প্রবিষ্ট হন, এবং যথাকালে পুত্ররূপে আবির্ভূত হইয়া থাকেন, তদ্রূপ সেই পরব্রহ্ম সূক্ষ্মরূপে এই সৃষ্ট পদার্থ

এবং কৃত্বা স দুষ্টাত্মা ছিন্ন বৃত্তো ব্রত চ্যুতঃ॥ ভূয়ো নির্ব্বেদমাপন্নশ্চরেচ্চান্দ্রায়ণম্ ব্রতম্॥ বিধিনা শাস্ত্র দৃষ্টেন সংবৎসর মিতি শ্রুতিঃ। ভূয়ো নির্ব্বেদমাপন্নশ্চরেদ্ভিক্ষুবতন্দ্রিতঃ॥ অকস্মাদপি হিংসাস্তু যদি ভিক্ষুঃ সমাচরেৎ। কুর্য্যাৎ কৃচ্ছ্রাতিকৃচ্ছ্রন্তু চান্দ্রায়ণ মথাপিবা॥ স্কন্দেদিন্দ্রিয়দৌর্ব্বল্যাৎস্ত্রিয়ং দৃষ্ট্বা যতির্যদি। তেন ধারয়িতব্যা বৈ প্রাণায়ামাস্তু ষোড়শ। দিবাস্বপ্নে ত্রিরাত্রং স্যাৎ প্রাণায়াম শতংতথা॥ একান্নে মধুমাংসেচ নবশ্রাদ্ধে তথৈবচ। প্রত্যক্ষ লবণে চোক্তং প্রাজাপত্যং বিশোধনম্॥ ধ্যাননিষ্ঠস্য সততং নশ্যতে সর্ব্বপাতকং। তস্মান্মহেশ্বরং ধ্যাত্বা তস্যধ্যানরতোভবেৎ। (কূর্ম্মপুরাণ উপবিভাগে ২৮ অধ্যায়) ইহার ভাবার্থ যথা,— গৃহী প্রভৃতি আশ্রম চতুষ্টয়ের মধ্যে সন্ন্যাস চতুর্থ আশ্রম। সন্ন্যাসী চতুর্বিধ, কুটীচক, বহূদক, হংস, পরমহংস।

পুঞ্জে অনুপ্রবিষ্ট হইয়া স্বয়ংই বিরাজমান রহিয়াছেন। প্রলয়ে ভূতসমূহ অতি সূক্ষ্মরূপে পরব্রহ্মেই লীন হইয়া থাকে। তিনি যখন "আমি বহু হইব" এইরূপ বাসনাপরতন্ত্র হইয়া চিদাভাসরূপে প্রকৃতিকে আশ্রয় করেন, তখনই হিরণ্যগর্ভের (২৪৬।১৪৬১।১৫৪৭ পৃঃ টীঃ দ্রঃ) উদ্ভব হয়, এবং সেই হিরণ্যগর্ভ হইতে এই স্থাবরজঙ্গম বিশ্ব ব্যাপারের উৎপত্তি ঘটিয়া থাকে। যেরূপ যৌন সংসর্গ প্রণালী অবলম্বনে জীবপ্রবাহ অবিরত প্রবাহিত হইতেছে, সৃষ্টির আদি ক্রমও তদনুরূপ, ইহাই প্রদর্শন করিবার নিমিত্ত যোনি পদের উল্লেখ হইয়াছে। ব্রহ্মের বাসনার পরই চিদাভাস রূপে প্রকৃতিকে আশ্রয় করাই যৌন সংসর্গজনিত পুরুষের রেতঃসেক বুঝিতে হইবে। সেই গর্ভাধান ব্যাপারের অবশ্যম্ভাবী পরিণাম হিরণ্যগর্ভের আবির্ভাব, তদনন্তর এই সৃষ্টি প্রবাহ। জীব অনুশয় অর্থাৎ অন্তিম বাসনা ও আসক্তি কাম প্রভৃতি সহকারে ব্রহ্মে লীন হইয়া থাকে। সৃষ্টির প্রারম্ভকালে তাহাদিগের বাসনানুকূল ভোগাভোগারূপ সংযোগ বিধান সেই ব্রহ্মেরই ব্যবস্থায় সংঘটিত হইয়া থাকে।

প্রলয়ান্তে অবিমুক্ত জীবসমূহের চিদংশ চিন্ময় ভগবানকে আশ্রয় করে। যখন ব্রহ্ম স্বয়ং বহু হইবার বাসনা করিয়া থাকেন, তখনই সেই বহুবিধ জীবের চৈতন্য সমূহ বিচ্ছিন্ন হইয়া সত্ত্বরজস্তমোগুণা প্রকৃতিকে আশ্রয় করে। তদনন্তর সেই অতি সূক্ষ্ম চিদ্রূপ পদার্থ সমূহ স্ব স্ব বাসনাদির অনুসারে সত্ত্বরজ ও তমোগুণের তারতম্য ক্রমে ভিন্ন ভিন্ন সূক্ষ্ম কলেবরাদি প্রাপ্ত হইয়া থাকে। এইরূপেই হিরণ্যগর্ভ হইতে সূক্ষ্ম ভূতেরও উদ্ভব হয়। ইহাই প্রকৃতি পুরুষের যৌনসংসর্গ, ও তাহারই পরিণাম স্বরূপ সৃষ্টির ক্রম। সৃষ্টির প্রারম্ভে পরব্রহ্ম হইতে এই ক্রমে জীবসমূহের আবির্ভাব হয়, এবং প্রলয়কালে এইরূপে সত্ত্বরজস্তমোগুণত্রয় লীন হইয়া যায় এবং চিদ্রূপ পদার্থপুঞ্জ সেই ব্রহ্মকে আশ্রয় করিয়া

...। ভগবানে সমস্ত কর্ম্ম সমর্পণ করাই সন্ন্যাসীর ধর্ম্ম। তিনি একমাত্র কৌপীন ও দণ্ডধারণ করিয়া কমণ্ডলু হস্তে সর্ব্বভূতে সমদর্শন ও নারায়ণকে স্মরণ করিয়া গৃহে গৃহে গমন করেন, কখনও এক স্থানে [illegible] করেন না। তিনি সহসা কাহাকেও বিদ্যা বা মন্ত্র প্রদান করেন না, কোন স্থানে বাসের নিমিত্ত [illegible] নির্ম্মাণে উদ্যোগী হন না, কোন বস্তুলাভের কামনা করেন না তাঁহার কোন সঙ্গ নাই মমতা নাই; তিনি [illegible] ভোজন বা দেবত্র মহৎ শ্রীমুখ দর্শন করেন না। কোন গৃহস্থের নিকট তিনি বাঞ্ছিত বস্তু প্রার্থনা

থাকে। পূর্ব্বে যে পঞ্চাগ্নিবিদ্যার (১৪৬৪ পৃঃ টীঃ দ্রঃ) প্রসঙ্গ অপেক্ষাকৃত বাহুল্য রূপে কীর্ত্তন করা হইয়াছে, এই স্থলে তাহারও আলোচনা করা আবশ্যক। জীবসমূহ মরণান্তে যে যেরূপ গতি প্রাপ্ত হয়, এবং তদনন্তর বিহিত ভোগাবসানে যে যে প্রণালী ক্রমে পুনরাবির্ভূত হইয়া থাকে, তাহা তথায় বিস্তারিতরূপে আলোচিত হইয়াছে। সেই প্রসঙ্গ পর্য্যালোচনা করিলে উপলব্ধ হইবে যে, জননাভিলাষী জীবগণ চন্দ্রমণ্ডল হইতে বর্ষিত হিমানীরূপে ব্রীহিযবাদির অভ্যন্তরে প্রবেশ করিয়া থাকে। পরে তত্তদ্ পদার্থভোজী পুরুষ ও নারীর শুক্রশোনিত রূপে পরিণত হইয়া থাকে। ইহা হইতে সহজেই উপলব্ধ হইতেছে যে, মৃত্যুর পরেও অতি সূক্ষ্মরূপে বাসনা ও দেহের বীজ বিদ্যমান থাকে; প্রলয়ান্তে তাহাই পরব্রহ্মে ও প্রকৃতিতে লীন হয়; এবং পুনঃ সৃষ্টি কালে তাহা জীবরূপে পরিণত হয়। ছান্দোগ্যোপনিষদে এই প্রসঙ্গ বিস্তারিত রূপে বিবৃত হইয়াছে।

ভূতপুঞ্জ যে প্রকৃতি হইতে উৎপন্ন, ইহা বুঝাইবার নিমিত্ত পূর্ব্বে "যাবৎ সংজায়তে কিঞ্চিৎ" (১৩ অধ্যায় ২৭ শ্লোক) ইত্যাদি শ্লোক উদ্দিষ্ট হইয়াছে। পূর্ব্বে "ভূমিরাপোঽনলো বায়ু" (৭ম অধ্যায় ৪ শ্লোক) ইত্যাদি শ্লোকে এবং তদনন্তর "অপরেয়মিতস্ত্বন্যাং" (৭ম অধ্যায় ৫ শ্লোক) এই বাক্যে প্রকৃতির তত্ত্ব পরিস্ফুট করা হইয়াছে। এক্ষণে ইহাই প্রদর্শিত হইতেছে যে, তদুভয়কে আশ্রয় করিয়াই ব্রহ্মাদি স্তম্ব পর্য্যন্ত তাবৎপদার্থের উদ্ভব হইয়া থাকে। অচেতনরূপা প্রকৃতিতে ব্রহ্ম চেতনরূপ জীবের সংযোগ করিয়া থাকেন; সেই জীব সেই প্রকৃতি হইতে চেতনরূপে আবির্ভূত হইয়া বাসনানুরূপ বিষয়ভোগ করিয়া থাকেন ॥ ৩ ॥

করেন না। ভগবান্ পদ্মযোনি সন্ন্যাসিগণের এই প্রকার ধর্ম্ম নিরূপণ করিয়াছেন। জিতেন্দ্রিয় সন্ন্যাসিগণের ভিক্ষালব্ধ অন্ন কিম্বা ফলমূলদ্বারা জীবন যাত্রা নির্ব্বাহ করা বিধেয়। তাঁহারা এক সময়েই ভিক্ষা করিবেন, বারংবার ভিক্ষা লাভের চেষ্টা করিবেন না; কারণ সন্ন্যাসী ভিক্ষাতে অধিক আসক্ত হইলে পুনর্ব্বার বিষয় ভোগে লিপ্ত হইতে পারেন। সপ্তগৃহে ভিক্ষা গ্রহণ করা উচিত। তাহাতে জীবনোপযোগী দ্রব্য লাভ না হইলে আর দুই গৃহে ভিক্ষা গ্রহণ করিতে পারেন। জলের দ্বারা উত্তমরূপে পাত্র প্রক্ষালন করিয়া তাহাতে ভোজন করিবেন। নিত্য পৃথক্ পৃথক্ পাত্রে ভোজন উচিত এবং ভোজনান্তে তাহা পরিত্যাজ্য। কল্যকার জন্য তাহা রাখিয়া দিবে না। সন্ন্যাসী গৃহস্থের দ্বারে উপস্থিত হইয়া একবার মাত্র "ভিক্ষা" এই বাক্য উচ্চারণ করিয়া গোদোহন পরিমিত কাল নীরবে অপেক্ষা করিবেন। ভোজন কালে যতি বাগ্‌যত ও শুচি হইবেন।

সর্ব্বযোনিষু কৌন্তেয় ! মূর্ত্তয়ঃ সম্ভবন্তি যাঃ।
তাসাং ব্রহ্ম মহদ্যোনিরহং বীজপ্রদঃ পিতা ॥ ৪ ॥

অন্বয়।—হে কৌন্তেয় ! (কুন্তীনন্দন !) সর্ব্বযোনিষু (মনুষ্যাদি সর্ব্বভূতেষু) যাঃ মূর্ত্তয়ঃ (জীবাঃ) সম্ভবন্তি (উৎপদ্যন্তে) তাসাং (মূর্ত্তীনাং) মহৎ ব্রহ্ম (প্রকৃতিঃ) যোনিঃ (কারণং) অহং বীজপ্রদঃ (গর্ভাধানকর্ত্তা) পিতা ॥ ৪ ॥

প্রতিশব্দ।—হে কুন্তীনন্দন ! সর্ব্বযোনিতে যে জীব-সকল সম্ভূত-হয়, তাহাদের প্রকৃতি কারণ, আমি গর্ভাধান-কর্ত্তা পিতা ॥ ৪ ॥

ব্যাখ্যা।—হে কুন্তীতনয় ! মনুষ্যাদি বিবিধ যোনিতে যে সকল স্থাবর জঙ্গমাদি মূর্ত্তি সমুহ উদ্ভুত হয়, প্রকৃতি তাহাদের কারণ অর্থাৎ জননীরূপা এবং আমি বীজাধানকারী পিতৃ স্বরূপ ॥ ৪ ॥

শঙ্করাচার্য্য।—সর্ব্বযোনিষ্বিতি। দেবপিতৃমনুষ্যপশুমৃগাদিসর্ব্বযোনিষু কৌন্তেয় ! মূর্ত্তয়োদেহসংস্থানলক্ষণা মূর্চ্ছিতাঙ্গাবয়বা মূর্ত্তয়ঃ সম্ভবন্তি যাস্তাসাং মূর্ত্তীনাং ব্রহ্ম মহৎ সর্ব্বাবস্থং যোনিঃ কারণমহমীশো বীজপ্রদোগর্ভাধানস্য কর্ত্তা পিতা ॥ ৪ ॥

আনন্দগিরি।—নন্বু কথমুক্তকারণাদুরোধেন হিরণ্যগর্ভোদ্ভবমভ্যাগেত্য ভূতানামুৎপত্তিরুচ্যতে দেবাদিজাতিবিশেষেষু দেহবিশেষাণাং কারণান্তরসম্ভবাত্তত্রাহ সর্ব্বযোনিষ্বিতি। তত্র তত্র হেত্বন্তরপ্রতিভাসে কুতোহস্য হেতুত্বমিত্যাশঙ্ক্য ন তদ্রূপেণাসৌ্যাবস্থানাদিত্যাহ সর্ব্বাবস্থমিতি। ৪।

রামানুজ।—কার্য্যাবস্থোঽপি চিদচিৎ প্রকৃতিসংসর্গো ময়ৈব কৃত ইত্যাহ সর্ব্বেতি। ..র্ব্বাসু দেবগন্ধর্ব্বযক্ষরাক্ষসমনুষ্যপশুমৃগপক্ষিসরিসৃপাদিষু যোনিষু তত্তন্মূর্ত্তয়ো যাঃ সম্ভবন্তি জায়ন্তে তাসাং ব্রহ্ম মহদ্যোনিঃ কারণ° ময়া সংযোজিতচেতনবর্গা মহদাদিবিশেষান্তা প্রকৃতিঃ কারণ-

---

হস্ত পদ প্রক্ষালনের অনন্তর যথাবিধি আচমন করিবেন; এবং আদিত্য দেবকে অন্ন নিবেদন করিয়া দিয়া পূর্ব্বমুখে মৌনভাবে উপবেশন পূর্ব্বক পঞ্চপ্রাণাহুতি প্রদান করিবেন অনন্তর অষ্টগ্রাস ভোজন করিবেন। পরে আচমনান্তে পরমেশ্বরকে স্মরণ করিবেন। অলাবু পাত্র, কাষ্ঠ পাত্র, মৃৎপাত্র এবং বেণুবংশ পাত্র এই চারি প্রকারই যতিপাত্র। প্রদোষে, মধ্য রাত্রে, শেষরাত্রে এবং সন্ধ্যাকালে বিশেষরূপে পরমেশ্বরকে চিন্তা করিবেন। সন্ন্যাসীর যে যে ব্রত ও নিয়ম বিহিত আছে, তাহাদের প্রত্যেকে অতিক্রমে প্রায়শ্চিত্ত করা উচিত। ইন্দ্রিয়ের উত্তেজনায় স্ত্রীগমন করিয়া প্রাণায়াম যুক্ত সান্তপন নামক প্রায়... করিবেন। পণ্ডিতগণ বলিয়াছেন, পরিহাস স্থলে মিথ্যাবাক্য দোষাবহ নহে, কিন্তু সন্ন্যাসিগণের এরূপ পরিহাস সূচক মিথ্যা প্রসঙ্গও কর্ত্তব্য নহে। তিনি

মিত্যর্থঃ। অহং বীজপ্রদঃ পিতা। তত্র তত্র চ তত্তৎ কর্ম্মানুগুণ্যেন চেতনবর্গস্য সংযোজকশ্চাহমিত্যর্থঃ ॥ ৪ ॥

হনুমান্।—সর্ব্বযোনিষু দেবাদ্যাসু মূর্ত্তয়ঃ সংস্থানানি বিশিষ্টানি ভূতানি তাসাং ব্রহ্ম মহৎ যোনিরহং বাসুদেবঃ পিতা ॥ ৪ ॥

শ্রীধর।—ন কেবলং সৃষ্ট্যুপক্রম এব মদধিষ্ঠানেনাভ্যাং প্রকৃতিপুরুষাভ্যাময়ং ভূতোৎপত্তিপ্রকারোঽপি তু সর্ব্বদৈবেত্যাহ সর্ব্বেতি। সর্ব্বাসু যোনিষু মনুষ্যাদ্যাসু যা মূর্ত্তয়ঃ স্থাবরজঙ্গমাত্মিকা উৎপদ্যন্তে তাসাং মূর্ত্তীনাং মহদ্ব্রহ্ম প্রকৃতির্যোনির্ম্মাতৃস্থানীয়া,* অহঞ্চ বীজপ্রদঃ পিতা গর্ভাধানকর্ত্তা পিতা ॥ ৪ ॥

বলদেব।—সর্ব্বেতি। হে কৌন্তেয় সর্ব্বযোনিষু দেবাদিস্থাবরান্তাসু যোনিষু যা মূর্ত্তয়স্তনবঃ সংভবন্তি তাসাং মহদ্ব্রহ্ম প্রধানং যোনিরুৎপত্তিহেতুর্ম্মাতেত্যর্থঃ। বীজপ্রদস্তৎকর্ম্মানুগুণ্যেন পরমাণুচৈতন্যরাশিসংযোজকঃ পরেশোঽহং পিতা ভবামি ॥ ৪ ॥

মধুসূদন।—ননু কথং সর্ব্বভূতানাং ততঃ সম্ভবো দেবাদিদেহবিশেষাণাং কারণান্তরসম্ভবাদিত্যাশঙ্ক্যাহ সর্ব্বেতি। দেবপিতৃমনুষ্যপশুমৃগাদিসর্ব্বযোনিষু যা মূর্ত্তয়ঃ জরায়ুজাণ্ডজস্বেদজোদ্ভিজ্জাদিভেদেন বিলক্ষণবিবিধসংস্থানাস্তনবঃ সম্ভবন্তি হে কৌন্তেয়! তাসাং মূর্ত্তীনাং তত্তৎকারণভাবাপন্নং মহৎ ব্রহ্মৈব যোনির্ম্মাতৃস্থানীয়া, অহং পরমেশ্বরো বীজপ্রদঃ গর্ভাধানস্য কর্ত্তা পিতা, তেন মহতো ব্রহ্মণ এবাবস্থাবিশেষঃ কারণান্তরাণীতি যুক্তমুক্তং সম্ভবঃ সর্ব্বভূতানাং ততো ভবতীতি ॥ ৪ ॥

নীলকণ্ঠ।—কিঞ্চ সর্ব্বেষু ভূতেষু উপাদানভূতেষু পৃথিব্যামোষধয় ইব যাঃ মূর্ত্তয়ঃ শরীরাণি সুরনরতির্য্যক্স্থাবরাত্মকানি চতুর্ব্বিধানি সম্ভবন্তি তাসাং মূর্ত্তীনাং ব্রহ্মমহৎপূর্ব্বোক্তং (মহতো ব্রহ্ম ব্রহ্মমহৎ রাজদন্তাদিত্বাৎ উপসর্জ্জনস্য পরনিপাতঃ) মাতৈব যোনিরিত্যর্থঃ অহন্তু তাসাং বীজপ্রদঃ পিতা তাস্বপি স্বপ্রতিবিম্বস্যার্পয়িতা, যথা পুরুষো ভার্য্যায়াং অসৃগ্‌রসিসংপৃক্তং রেতো নিষিঞ্চতি ততো ভার্য্যাতঃ পিণ্ডোৎপত্তিঃ রেতোংশতোৎপত্তিরিতি চৈতন্যবিশিষ্টস্য পিণ্ডস্য পিতাঽহং মাতা চ মায়েত্যর্থঃ ॥ ৫ ॥

মিথ্যা বাক্য উচ্চারণ করিলে একরাত্র উপবাস এবং শত প্রাণায়ামের অনুষ্ঠান করিবেন। অত্যন্ত বিপদে পতিত হইলেও মিথ্যা প্রয়োগ উচিত নহে; কারণ মিথ্যার তুল্য আর অধর্ম্ম নাই। হিংসা এবং তৃষ্ণা আত্মজ্ঞান বিনাশক। ইহার অনুষ্ঠানে দুষ্টাত্মা সন্ন্যাসী ব্রতচ্যুত হয়। যদি সেই সন্ন্যাসীর অনুতাপ উপস্থিত হয়, তাহা হইলে সে পুনর্ব্বার একবৎসর মাধ্য চান্দ্রায়ণ ব্রতের অনুষ্ঠান করিবে। দৈব বশতঃ হিংসা করিলে কৃচ্ছ্রাতি কৃচ্ছ্র ব্রত অথবা চান্দ্রায়ণ করিবে। স্ত্রীলোক দর্শনে ইন্দ্রিয়ের দুর্ব্বলতা প্রযুক্ত যদি মন উত্তেজিত হয়, তবে ষোড়শ প্রাণায়াম করা কর্ত্তব্য। দিবা নিদ্রা করিলে ত্রিরাত্রোপবাস এবং শত প্রাণায়াম করিবে। মধু, মাংস, নব শ্রাদ্ধান্ন, এবং প্রত্যক্ষ লবণ ভক্ষণ করিয়া বিশুদ্ধির নিমিত্ত প্রজাপত্য ব্রতানুষ্ঠান করা বিধেয়। ধ্যাননিষ্ঠ সন্ন্যাসীর সর্ব্বপাপ নাশ হইয়া থাকে। অতএব সন্ন্যাসী সর্ব্বদা ধ্যান রত থাকিবেন। * । ব্রহ্ম আদি

বিশ্বনাথ।—ন কেবলং সৃষ্ট্যুৎপত্তি সময় এব সর্ব্বভূতানাং প্রকৃতির্মাতা অহংপিতা অপিতু সর্ব্বদৈবেত্যাহ সর্ব্বাসু যোনিষু দেবাদ্যাসু যা মূর্ত্তয়ো জঙ্গমস্থাবরাত্মিকা উৎপদ্যন্তে তাসাং মূর্ত্তীনাং মহৎব্রহ্ম প্রকৃতির্যোনিরুৎপত্তিস্থানং মাতা অহং বীজপ্রদঃ গর্ভাধানকর্ত্তা পিতা ॥ ৪ ॥

তাৎপর্য্য।—শ্রীভগবান্ পূর্ব্ব শ্লোকে আপনাকে সৃষ্টির প্রারম্ভকালে প্রকৃতি নামাভিধেয় মহদ্‌ব্রহ্মরূপ যোনি মধ্যে গর্ভাধান কর্ত্তা বলিয়া অভিপ্রায় ব্যক্ত করিয়াছেন। বর্ত্তমান শ্লোকে তিনি ইহাই বলিতেছেন যে, কেবলমাত্র সৃষ্টির প্রারম্ভ কালেই তিনি পিতৃস্বরূপে সম্বন্ধ ছিলেন, এরূপ নহে; অপিচ ধারাবাহিকরূপে তাবৎ পদার্থেরই তিনি পিতৃস্বরূপ। হে কৌন্তেয়! তুমি মনে করিতে পার যে, সৃষ্টির সূচনা সময়ে আমি বহু হইবার সংকল্প করিয়া প্রকৃতিকে আশ্রয় পূর্ব্বক জীব প্রবাহের উদ্ভব করিয়াছি। তদনন্তর এই সৃষ্টি চক্র স্বকীয় শক্তিতেই জন্মাদি বিকারসমূহ প্রাপ্ত হইতেছে এবং সৃষ্টির ক্রম সংরক্ষণ করিতেছে। এরূপ মনে করা

বেদাচার্য্য বিষ্ণু দ্বিতীয় আচার্য্য, রুদ্র তৃতীয়, বশিষ্ঠ চতুর্থ, শক্তি পঞ্চম, পরাশর ষষ্ঠ, ব্যাস সপ্তম, শুক অষ্টম, গৌড় নবম, গোবিন্দ দশম এবং শঙ্করাচার্য্য একাদশ আচার্য্য। তন্মধ্যে সত্যযুগে ব্রহ্মা বিষ্ণু রুদ্র এই তিন আচার্য্য, ত্রেতায় বশিষ্ঠ শক্তি পরাশর, দ্বাপরে ব্যাস শুক এবং কলিতে গৌড় গোবিন্দ শঙ্কর এই তিন আচার্য্য। শঙ্করাচার্য্যের চারিজন শিষ্য। স্বরূপাচার্য্য, পদ্মাচার্য্য ত্রোটকাচার্য্য, পৃথ্বীধরাচার্য্য। স্বরূপাচার্য্যের দুই শিষ্য তীর্থ ও আশ্রম। পদ্মাচার্য্যের দুই শিষ্য বন, আরণ্যক। ত্রোটকাচার্য্যের তিন শিষ্য গিরি, পর্ব্বত, সাগর। পৃথ্বীধরাচার্য্যের তিন শিষ্য সরস্বতী, ভারতী, পুরী। শঙ্করাচার্য্য প্রবর্ত্তিত উল্লিখিত রূপ সন্ন্যাসী ইদানীংকালে নানারূপ ভাগে বিভক্ত হইয়া হিমালয় হইতে কুমারিকা পর্য্যন্ত বিচরণ করিতেছেন। সন্ন্যাসিগণ গৃহস্থাশ্রম পরিত্যাগ করিয়া সন্ন্যাসী গুরুর সমীপে জ্ঞানোপদেশ গ্রহণ করেন, এবং নানাতীর্থ ও জনপদ পরিভ্রমণ করিয়া যথোপযুক্তকালে নিম্ন লিখিত মন্ত্রে দীক্ষিত হইয়া থাকেন। "তত্ত্বমসি মহাপ্রাজ্ঞ হংসঃ সোঽহং বিভাবয়। নির্ম্মমো নিরহঙ্কারঃ স্বভাবেন সুখং চর॥" (মহানির্ব্বাণ তন্ত্র ৮ম উল্লাস)

সর্ব্বত্যাগী সন্ন্যাসীর প্রকৃত লক্ষণ। শাস্ত্রে তাঁহাদের উপানৎ যষ্টি এবং শীত নিবারণের কন্থা ধারণের ব্যবস্থা আছে। কিন্তু বর্ত্তমান কালের সন্ন্যাসিগণ নানা স্থানের নানাপ্রকার বলয় কঙ্কন রুদ্রাক্ষাদি দেহে ধারণ করিয়া থাকেন। তদ্ব্যতীত ডোর কৌপীন ও গেরুয়া বসনাদি ব্যবহার করেন। পরব্রহ্মের সহিত অভেদ জ্ঞান হেতু আপনাকেও ব্রহ্মরূপে অনুভব করাই সন্ন্যাসীর লক্ষণ, এবং যিনি সেই রূপ ভাবে উন্নত হইয়াছেন, তিনিই সিদ্ধ সন্ন্যাসী। কিন্তু বর্ত্তমানকালে সন্ন্যাসিগণের উদ্দেশ্য সেইরূপ হইলেও ইঁহাদের সাধনা কেবল তীর্থভ্রমণ ও শিবোপাসনা মাত্রে পর্য্যবসিত। প্রকৃত তত্ত্বদর্শী কামনা শূন্য এবং আসক্তি বর্জ্জিত সন্ন্যাসী এখন নিতান্ত বিরল। বর্ত্তমান কালে অনেক সন্ন্যাসী কেবল ভিক্ষা বৃত্তিমাত্র অবলম্বন করিয়া জীবনপাত করেন; সাধনা ও আত্মোন্নতির কোন নিয়ম বা অনুষ্ঠান অবলম্বন করেন না।

ভ্রম। কারণ এই বিশ্বে বিভিন্ন প্রকার বিচিত্রতাপূর্ণ নানারূপ পরিগ্রহ করিয়া যে সকল জীব স্বস্ব নির্দ্দিষ্ট কর্ম্ম সম্পাদন করিতে বিচরণ করিতেছে, তত্তাবৎ স্ব স্ব শ্রেণীনির্দ্দিষ্ট যোনি পথে আবি হইতেছে সত্য; কিন্তু ইহা নিঃসংশয়িত সত্য যে, প্রকৃতি তৎসম আদিস্বরূপ, কারণ স্বরূপ এবং পরম যোনিস্বরূপ। হে কুন্তীনন আমি সেই প্রকৃতিরূপ পরম যোনিতে গর্ভাধানকারী পিতা। সুত ইহাই প্রতিপন্ন হইতেছে যে, প্রকৃত প্রস্তাবে সেই পরব্রহ্ম হইতেই জগতের যাবতীয় মূর্ত্ত পদার্থের উদ্ভব হইয়াছে, অর্থাৎ দেব * পিতৃ, ম পশু, পক্ষীরূপ জরায়ুজ, অণ্ডজ, স্বেদজ, উদ্ভিজ্জের † উৎপত্তি হইয়া তত্তাবৎ পৃথক্ পৃথক্ যোনি হইতে উদ্ভূত হইলেও প্রকৃতিই তাহা মাতৃস্বরূপা এবং পরমেশ্বরই পিতৃস্বরূপ ॥ ৪ ॥

---

* দেব।—শাস্ত্রে কথিত আছে, দেবতা তেত্রিশ কোটী। "সদারা বিবুধাঃ সর্ব্বে স্বানাং স্বানা সহ। ত্রৈলোক্যে ত্রয়স্ত্রিংশৎকোটী সংখ্যা যথা ভব।" (পদ্ম পুরাণ) দেবগণ অমর, জ্যোতির্ম্ময় দেহ সত্ত্বগুণশালী। স্বর্গ ইঁহাদের বাসস্থান। 'নৃপাণাং দৈবতং বিষ্ণুস্তথৈবচ পুরন্দরঃ। বিপ্রাণামগ্নিরাদিত্যে চৈব পিনাকধৃক। দেবানাং দৈবতং বিষ্ণুর্দানবানাং ত্রিশূলভৃৎ। গন্ধর্ব্বাণাং তথা সোমো যক্ষাণামপি ব বিদ্যাধরাণাম্ বাগ্দেবী সাধ্যানাং ভগবান্ হরিঃ। রক্ষসাম্ শঙ্করোরুদ্রঃ কিন্নরাণাঞ্চ পার্ব্বতী। ঋষীণাং ব্রহ্মা মহাদেবশ্চ শূলভৃৎ। মনূনাং স্যাদুমা দেবী তথা বিষ্ণুঃ সভাস্করঃ। গৃহস্থানাঞ্চ সর্ব্বেস্থা ব্রহ্মা চারিণাং। বৈখানসানাম্বিকা স্যাদ যতীনাঞ্চ মহেশ্বরঃ। ভূতানাং ভগবানরুদ্রঃ কুষ্মাণ্ডানাং বিনায়কঃ। ভগবান্ ব্রহ্মা দেবদেবঃ প্রজাপতিঃ।" (কূর্ম্মপুরাণ) অর্থাৎ নৃপতিগণের দেবতা বিষ্ণু এবং ইন্দ্র; বি দেবতা অগ্নি, সূর্য্য, ব্রহ্মা এবং মহাদেব; দেবগণের দেবতা বিষ্ণু এবং দানবগণের দেবতা শিব; গন্ধ ও যক্ষগণের দেবতা চন্দ্র, বিদ্যাধরগণের দেবতা সরস্বতী, সাধ্যগণের হরি, রাক্ষসগণের দেবতা কিন্নরগণের পার্ব্বতী, ঋষিগণের দেবতা ব্রহ্মা এবং মহাদেব, মনুগণের ও গৃহস্থগণের দেবতা উমা, বিষ্ণু ব্রহ্মচারিগণের ও দেবতা ব্রহ্মা, বৈখানসগণের দেবতা অম্বিকা যতিগণের মহেশ্বরঃ; ভূতগণের দেবতা কুষ্মাণ্ডগণের দেবতা বিনায়ক, এবং সকলেরই দেবতা ভগবান্ প্রজাপতি ব্রহ্মা।

† জরায়ুজাদি।—"জরায়ুজানি, জরায়ুভ্যো জাতানি মনুষ্য পশ্বাদীনি। অণ্ডজানি, অণ্ডেভ্যো জাতানি পন্নগাদীনি। স্বেদজানি, স্বেদেভ্যো জাতানি যুকমশকাদীনি। উদ্ভিজ্জানি, ভূমিমুদ্ভিদ্য জাতানি লতাবৃক্ষা (বেদান্তসার) জরায়ু হইতে যাহারা জন্মে, তাহারাই জরায়ুজ; যেমন মনুষ্য পশু প্রভৃতি। অণ্ড যাহারা জন্মে, তাহারাই অণ্ডজ পক্ষী সর্পাদি। স্বেদ অর্থাৎ উষ্ম হইতে যাহারা জন্মে তাহারাই স্বেদজ যুক মশকাদি। ভূমি ভেদ করিয়া যাহারা জন্মে, তাহারাই উদ্ভিদ, লতা বৃক্ষাদি।

সত্ত্বং রজস্তম ইতি গুণাঃ প্রকৃতিসম্ভবাঃ।
নিবধ্নন্তি মহাবাহো! দেহে দেহিনমব্যয়ম্ ॥ ৫ ॥

অম্বয়। হে মহাবাহো! (ভুজবলশালিন্!) সত্ত্বং রজঃ তমঃ ইতি প্রকৃতিসম্ভবাঃ (প্রকৃতিজাতাঃ) গুণাঃ দেহে (শরীরে) অব্যয়ং (বিকাররহিতং) দেহিনং (আত্মানং) নিবধ্নন্তি (বন্ধং কুর্ব্বন্তি) ॥ ৫ ॥

প্রতিশব্দ। হে মহাবাহো! সত্ত্ব রজ তমঃ এই প্রকৃতি-জাত গুণ-সকল শরীরে অব্যয় আত্মাকে বদ্ধ করে ॥ ৫ ॥

ব্যাখ্যা। হে অসীমভুজবলশালিন্ অর্জ্জুন! সত্ত্ব রজঃ এবং তমঃ এই গুণত্রয় প্রকৃতি হইতে সঞ্জাত এবং ইহারাই এই শরীরে নির্বিকারী আত্মাকে জন্মমৃত্যু সুখাদিভোগে সংবদ্ধ করে ॥ ৫ ॥

শঙ্করাচার্য্য।—কে গুণাঃ কথং বধ্নন্তীত্যুচ্যতে সত্ত্বমিতি। সত্ত্বং রজস্তম ইত্যেবং-নামানো গুণা ইতি পারিভাষিকঃ শব্দো ন রূপাদিবৎ দ্রব্যাশ্রিতাঃ, ন চ গুণগুণিনোরন্যত্বমত্র বিবক্ষিতং, তস্মাদ্গুণা ইব নিত্যপরতন্ত্রাঃ ক্ষেত্রজ্ঞং প্রত্যবিদ্যাত্মকত্বাৎ ক্ষেত্রজ্ঞং নিবধ্নন্তীব তমাস্পদীকৃত্যাত্মানং প্রতিলভন্ত ইতি নিবধ্নন্তীত্যুচ্যতে। তে চ প্রকৃতিসম্ভবা ভগবন্মায়াসম্ভবা নিবধ্নন্তীব হে মহাবাহো! মহান্তৌ সমর্থতরাবাজানুপ্রলম্বৌ বাহূ যস্য স মহাবাহুঃ, হে মহা-বাহো! দেহে শরীরে দেহিনং দেহবন্তং অব্যয়মব্যয়ত্বঞ্চোক্তমনাদিত্বাদিশ্লোকে ॥ ৫ ॥

আনন্দগিরি।—এবং ক্ষেত্রক্ষেত্রজ্ঞসংযোগাজ্জগদুৎপত্তিং দর্শয়তা প্রকৃতাবিদ্যায়া সংসারহেতুত্বমুক্তং ইদানীং মধ্যায়াদৌ উক্তমাকাঙ্ক্ষাদ্বয়ং পূর্ব্বমনূদ্যানন্তরশ্লোকেনোত্তরমাহ কে গুণা ইতি। সত্ত্বাদিষু কথং গুণশব্দপ্রবৃত্তিরিত্যাশঙ্ক্য পরতন্ত্রত্বাদিত্যাহ গুণা ইতি। রূপাদিষ্বিব গুণশব্দঃ সত্ত্বাদিষু দ্রব্যাশ্রিতত্বং নিমিত্তীকৃত্য কিং ন স্যাদিত্যাশঙ্ক্যাহ পারিভাষিক ইতি। প্রকৃত্যাত্মকানাং তেষাং সর্ব্বাশয়ত্বান্নৈবমিত্যাহ ন রূপাদিবদিতি। গুণানাং প্রকৃতেশ্চ পৃথগুক্তেরন্যত্বে কুতস্তেষাং প্রকৃত্যাত্মকত্বমিত্যাশঙ্ক্যাহ ন চেতি। অত্যন্তভেদে গবাশ্ববত্তদ্ভাবাসম্ভবাদিত্যর্থঃ। ভেদাভেদে চ তদ্ভাবাসম্ভবাদ্বিশেষোঽপি কুতস্ত্যঃ গুণপারতন্ত্র্যমিত্যাশঙ্ক্যাহ তস্মাদিতি। ক্ষেত্রজ্ঞংপ্রতি নিত্যপারতন্ত্র্যে হেতুমাহ অবিদ্যেতি। কে গুণা ইত্যস্যোত্তরমুক্তং কথং বধ্নন্তীত্যস্যোত্তরমাহ ক্ষেত্রজ্ঞমিতি। তদেবোপপাদয়তি তমাস্পদীকৃত্যেতি। সম্ভবত্যস্মাদিতি সম্ভবঃ প্রকৃতিঃ সম্ভবো যেষাং তে তথোক্তাঃ। প্রাকৃতানাং গুণানাং প্রকৃত্যাত্মকত্বমাহ তে চেতি। সাংখ্যানাম্প্রকৃতিং প্রধানাখ্যাং ব্যাবর্ত্তয়তি ভগবদিতি। ইবকারানুবন্ধেন নিতরাং বধ্নন্তি অবিকারবত্ত্বোপদর্শয়ন্তীতি। ক্রিয়াপদং ব্যাখ্যায় মহাবাহুশব্দং ব্যাচষ্টে মহা-ন্তাবিতি। দেহবন্তং দেহমাত্মানং মন্যমানং দেহস্বামিনমিত্যর্থঃ। কূটস্থস্য কথং বধ্যমান-

স্বমিত্যাশঙ্ক্য কুর্য্যান্মেরাবণুধিয়মিতি ন্যায়েন মায়ামাহাত্ম্যমিদমিত্যাহ অব্যয়মিতি। স্বতো ধর্ম্মতো বা ব্যয়রাহিত্যাপেক্ষায়ামাহ অব্যয়ত্বঞ্চেতি। ৫।

রামানুজ।—এবং সর্গাদৌ প্রাচীনকর্ম্মবশাদচিৎসংসর্গেণ দেবাদিষু যোনিষু পুনঃ পুনর্দ্দেবাদিভাবেন জন্মহেতুমাহ সত্ত্বমিতি। সত্ত্বরজস্তমাংসি ত্রয়োগুণাঃ প্রকৃতেঃ স্বরূপানুবন্ধিনঃ স্বভাববিশেষাঃ প্রকাশাদিকার্য্যৈকনিরূপণীয়াঃ। প্রকৃত্যাবস্থায়ামনুদ্ভূতাঃ তদ্বিকারেষু মহদাদিষূ-দ্ভূতাঃ মহদাদিবিশেষান্তৈরারব্ধ দেবমনুষ্যাদিদেহসম্বন্ধিনং দেহিনমব্যয়ং স্বতো গুণসম্বন্ধানর্হং দেহে বর্ত্তমানং নিবধ্নন্তি দেহে বর্ত্তমানত্বোপাধিনা নিবধ্নন্তীত্যর্থঃ॥ ৫॥

হনুমান্।—কেগুণাঃ কথং বা ভবন্তীত্যভিপ্রেত্যোচ্যতে সত্ত্বমিতি প্রকৃতিসম্ভবাঃ অবিদ্যাসম্ভবা নিবধ্নন্তি নিগচ্ছন্তি অব্যয়ং অবিনাশিনং॥ ৫॥

শ্রীধর।—তদেবং পরমেশ্বরাধীনাভ্যাং প্রকৃতিপুরুষাভ্যাং সর্ব্বভূতোৎপত্তিং নিরূপ্যেদানীং প্রকৃতিসঙ্গেন পুরুষস্য সংসারং প্রপঞ্চয়তি সত্ত্বমিত্যাদি চতুর্ভিঃ। সত্ত্বং রজস্তম ইত্যেবং সংজ্ঞকাস্ত্রয়োগুণাঃ প্রকৃতিসম্ভবাঃ প্রকৃতেঃ সম্ভব উদ্ভবোযেষাং তে তথোক্তাঃ। গুণসাম্যং প্রকৃতিস্তস্যাঃ সকাশাৎ পৃথক্ত্বেনাভিব্যক্তাঃ সন্তঃ প্রকৃতিকার্য্যে দেহে তাদাত্ম্যেন স্থিতং দেহিনং চিদংশং বস্তুতোঽব্যয়ং নির্ব্বিকারমেব সন্তং নিবধ্নন্তি স্বকার্য্যৈঃ সুখদুঃখমোহাদিভিঃ সংযোজয়ন্তীত্যর্থঃ॥ ৫॥

বলদেব।—অথ কে গুণাঃ কথং তেষু পুরুষস্য সঙ্গঃ কথং বা তে তং নিবধ্নন্তীত্যাহ সত্ত্বমিতি চতুর্ভিঃ। সত্ত্বাদিসংজ্ঞকাস্ত্রয়ো গুণাঃ প্রকৃতিসম্ভবাঃ প্রকৃতেরভিব্যক্তাঃ তে স্বকার্য্যে দেহে স্থিতং পুরুষমব্যয়ং বস্তুতো নির্ব্বিকারমপি নিবধ্নন্তি অবিবেক-গৃহীতৈঃ সুখদুঃখমোহৈঃ স্বধর্ম্মৈস্তং যোজয়ন্তীতি॥ ৫॥

মধুসূদন।—তদেবং নিরীশ্বরসাংখ্যনিরাকরণেন ক্ষেত্রক্ষেত্রজ্ঞসংযোগস্যেশ্বরাধীনত্বমুক্তং, ইদানীং কস্মিন্ গুণে কথং সঙ্গঃ কে বা গুণাঃ কথং বা তে বধ্নন্তীত্যুচ্যতে সত্ত্বমিত্যাদিনা। সত্ত্বমিত্যতঃ প্রাক্ চতুর্ভিঃ সত্ত্বরজস্তম ইত্যেবংনামানোগুণা নিত্যপরতন্ত্রাঃ পুরুষং প্রতি সর্ব্বেষামচেতনানাং চেতনার্থত্বাৎ নতু বৈশেষিকানাং রূপাদিবদ্দ্রব্যাশ্রিতাঃ, নচ গুণগুণিনোরত্যন্তভেদমত্র বিবক্ষিতং গুণত্রয়াত্মকত্বাৎপ্রকৃতেঃ, তর্হি কথং প্রকৃতিসংভবা ইতি উচ্যতে ত্রয়াণাং সাম্যাবস্থা প্রকৃতির্মায়া ভগবতঃ তস্যাঃ সকাশাৎ পরস্পরাঙ্গাঙ্গিভাবেন বৈষম্যেণ পরিণতাঃ প্রকৃতিসংভবা ইত্যুচ্যন্তে যে চ দেহে প্রকৃতিকার্য্যে শরীরেন্দ্রিয়সঙ্ঘাতে দেহিনং দেহতাদাত্ম্যাধ্যাসমাপন্নং জীবং পরমার্থতঃ সর্ব্ববিকারশূন্যত্বেনাব্যয়ং নিবধ্নন্তি নির্ব্বিকারমেব সন্তং সবিকারবত্তয়োপদর্শয়ন্তীব ভ্রান্ত্যা জলপাত্রাণীব দিবি স্থিতমাদিত্যং প্রতি বিম্বাধ্যাসেন স্বকম্পাদিমত্তয়া, যথা চ পারমার্থিকোবন্ধোনাস্তি তথা ব্যাখ্যাতং প্রাক্ "শরীরস্থোঽপি কৌন্তেয়! ন করোতি ন লিপ্যত" ইতি॥ ৫॥

নীলকণ্ঠ।—এবং ঈশ্বরাশ্রয়েণ প্রকৃতির্ভূতানি সৃজতীত্যুক্তং ইদানীং সাকথভূতান

বধ্নাতি নতুচ্যতে, সত্ত্বমিতি। প্রকৃতিঃ সত্ত্বরজস্তমসাং সাম্যাবস্থা ততঃ সকাশাৎ পরস্পরাঙ্গাঙ্গিভাবেন বৈষম্যেণ উদিচ্যমানাঃ প্রকৃতিসম্ভবা ইত্যুচ্যন্তে নতু প্রকৃতিতোহন্যে বৈশেষিকাণামিবদ্রব্যাদ্গুণা অন্যে, এতে হে মহাবাহো দেহে অব্যয়মবিকারিণমপিদেহিনং স্থূণায়াং বৎসমিব রশনাভূতা গুণা নিবধ্নন্তি॥ ৫ ॥

বিশ্বনাথ।—তদেবং প্রকৃতিপুরুষাভ্যাং সর্ব্বভূতোৎপত্তিং নিরূপ্য ইদানীং কে গুণা উচ্যন্তে। তেষু সঙ্গাৎ জীবস্য কীদৃশোবন্ধ ইত্যপেক্ষায়ামাহ সত্ত্বমিতি। দেহে প্রকৃতি কার্য্যে গুণাঃ তাদাত্ম্যোনস্থিতং দেহিনং জীবং বস্তুতোহব্যয়ং নির্ব্বিকারমসঙ্গিনমপি অনাদ্যবিদ্যয়া কৃতাদ্গুণাঙ্গাদেব হেতোগুর্ণা নিবধ্নন্তি॥ ৫ ॥

তাৎপর্য্য।—পূর্ব্বে প্রদর্শিত হইয়াছে যে, শ্রীভগবানই সৃষ্ট জীববর্গের পিতাস্বরূপ, এবং সৃষ্ট কার্য্যের আদিস্বরূপ। প্রকৃতি ভগবৎ প্রদত্ত চিৎ শক্তি সম্পন্ন হইয়া গুণ ধর্ম্মের বিকাশ ক্রমে জীবরাজ্যের গঠন করিয়া থাকেন। সেই প্রকৃতির গুণ কি, এবং সেই গুণ কেনই বা জীবগণকে বদ্ধ করে, ইহাই অধুনা কতিপয় শ্লোকে কথিত হইবে। পূর্ব্বে বারংবার নির্দ্দেশ করা হইয়াছে যে, প্রকৃতি সত্ত্বরজঃতমোগুণান্বিতা। এই গুণত্রয় সাম্যাবস্থায় প্রকৃতিতে লীন হইয়া থাকে। পরব্রহ্মের চিচ্ছক্তি প্রকৃতিতে অবভাসিত হইলে উল্লিখিত গুণত্রয় সাম্যাবস্থা পরিত্যাগ করিয়া পরস্পর অঙ্গাঙ্গিভাবে বৈষম্য ভাব প্রাপ্ত হইয়া সাম্যভাব পরিত্যাগ করে এবং স্বতন্ত্রতা প্রাপ্ত হয়। এই ক্ষেত্ররূপ দেহসমূহ সেই গুণময়ী প্রকৃতিরই কার্য্য, এই দেহাদি ব্যাপার বিকারশীল ও পরিণামী। পুরুষ অব্যয় অর্থাৎ নির্ব্বিকার হইলেও গুণত্রয় তাঁহাকে এই দেহের সহিত সংবদ্ধ করে, এবং তজ্জন্য তিনি বিকারী ও পরিণামীর ন্যায় ব্যবহারাবদ্ধ হইয়া দেহের সহিত সংসৃষ্ট থাকেন। বস্তুতঃ এইরূপ সংশ্রব ও বন্ধন ঘটিলেও প্রকৃত প্রস্তাবে জীবের দেহের সহিত পরমার্থিক সম্বন্ধ ঘটে না। গুণ ধর্ম্মাশ্রিত যে সংশ্রব দৃষ্ট হয়, তাহা পরিদৃশ্যমান সম্বন্ধ মাত্র। নভোমণ্ডলস্থ সূর্য্যের প্রতিবিম্ব সরসী নীরে তরঙ্গসঙ্গে কম্পিত ও বিচলিত হয় বটে, কিন্তু বস্তুতঃ সূর্য্যের কম্পন বা প্রচলন ঘটে না। ত্রয়োদশাধ্যায়ে ৩১শ শ্লোকে অব্যয় শব্দ এবং এই শ্লোকের ভাব আলোচিত হইয়াছে।

এই শ্লোকে ভগবান্ অর্জ্জুনকে "মহাবাহো" শব্দে সম্বোধন করিয়াছেন। সুদীর্ঘ আজানুলম্বিত বাহু বিশিষ্ট ইহাই এই বাক্যের অর্থ॥ ৫॥

—:(•)—

তত্র সত্ত্বং নির্ম্মলত্বাৎ প্রকাশকমনাময়ং।
সুখসঙ্গেন বধ্নাতি জ্ঞানসঙ্গেন চানঘ! ॥ ৬ ॥

অন্বয়। হে অনঘ! (পাপরহিত!) তত্র (তেষাং গুণানাং মধ্যে) নির্ম্মলত্বাৎ (স্বচ্ছত্বাৎ) প্রকাশকং (ভাস্বরং) অনাময়ং (শান্তং) সত্ত্বং সুখসঙ্গেন (সুখভোগেন) জ্ঞানসঙ্গেন (জ্ঞানসংযোগেন) চ [দেহিনং] বধ্নাতি (সংযোজয়তি) ॥ ৬ ॥

প্রতিশব্দ।—হে পাপরহিত! সেই-গুণ-সকলের-মধ্যে নির্ম্মলত্ব-হেতু প্রকাশক শান্ত সত্ত্বগুণ সুখ-সঙ্গ-দ্বারা এবং জ্ঞান-সঙ্গ-দ্বারা [দেহীকে] বদ্ধ-করে ॥ ৬ ॥

ব্যাখ্যা। হে নিষ্পাপশরীর ধনঞ্জয়! এই গুণত্রয় মধ্যে সত্ত্বগুণ অতি স্বচ্ছহেতু সর্ব্বপ্রকাশক এবং শান্ত, এই সত্ত্বগুণই জীবকে সুখ-ভোগে এবং জ্ঞানলাভে লিপ্ত করে ॥ ৬ ॥

শঙ্করাচার্য্য —ননু ন দেহী লিপ্যত ইত্যুক্তং, তৎ কথমিহ নিবধ্নন্তীত্যন্যথা উচ্যতে পরিহৃতং অস্মাভিরিবশব্দেন নিবধ্নন্তীবেতি। তত্র সত্ত্বমিতি তত্র সত্ত্বাদীনাং সত্ত্বস্যৈব তাবল্লক্ষণমুচ্যতে নির্ম্মলত্বাৎ স্ফটিক ইব মণিঃ প্রকাশকমনাময়ং নিরুপদ্রবং সত্ত্বং তন্নিবধ্নাতি কথং সুখসঙ্গেন সুখ্যহমিতি বিষয়ভূতস্য সুখস্য বিষয়িণ্যাত্মনি সংশ্লেষাপাদনং মৃষৈব সুখেন সংজননমিতি, সৈষা অবিদ্যা ন হি বিষয়ধর্ম্মোবিষয়িণো ভবতি ইচ্ছাদি চ ধৃত্যন্তং ক্ষেত্রস্যৈব বিষয়স্য ধর্ম্ম ইত্যুক্তং ভগবতা, অতোঽবিদ্যয়ৈব স্বকীয়ধর্ম্মভূতয়া বিষয়বিষয্যবিবেকলক্ষণয়াঽস্বাত্মভূতে সুখে সংযোজয়তীবাসক্তমিব করোত্যসুখিনং সুখিনমিব তথা জ্ঞানসঙ্গেন চ দেহিনং জ্ঞানমিতি সুখসাহচর্য্যাৎ ক্ষেত্রস্যৈবান্তঃকরণস্য ধর্ম্মোনাত্মনঃ আত্মধর্ম্মত্বে সঙ্গানুপপত্তের্বন্ধানুপপত্তেশ্চ সুখ ইব জ্ঞানাদৌ সঙ্গোমন্তব্যঃ। অনঘ! অব্যসন! ॥ ৬ ॥

আনন্দগিরি।—লিপ্যতে ন স পাপেনেত্যনেন বিরুদ্ধমিদং নিবধ্নন্তীতি বচনমিতি শঙ্কতে নন্বিতি। ইবকারানুবন্ধেন ক্রিয়াপদং ব্যাচক্ষাণৈরস্মাভিরস্য চোদ্যস্য পরিহৃতত্বান্নৈবমিত্যাহ পরিহৃতমিতি। কিংলক্ষণোগুণঃ কেন বধ্নাতীত্যপেক্ষায়ামাহ তত্রেতি। নির্দ্ধারণার্থতয়া সপ্তমীং ব্যাচষ্টে তত্র সত্ত্বাদীনামিতি। পুনস্তত্রেত্যনুবাদমাত্রং নির্ম্মলত্বং নির্ম্মলত্বং স্বচ্ছত্বমাবরণবারণক্ষমত্বং তস্মাৎ প্রকাশকং চৈতন্যাভিব্যঞ্জকং নিরুপদ্রবমিতি নির্ম্মলং সৎ সুখস্যাভিব্যঞ্জকমিত্যর্থঃ। কেন দ্বারেণ তদাত্মনং নিবধ্নাতীতি পৃচ্ছতি কথমিতি। সুখসঙ্গেন বধ্নাতীত্যুত্তরন্তদেব বিবৃণোতি সুখ্যহমিত্যাদিনা। সুখ্যসুখস্যাভিব্যঞ্জকসত্ত্বপরিণামোঽত্র বিষয়-

ভূতং সুখমুচ্যতে সংশ্লেষাপাদনমেব বিশদয়তি সুখৈবেতি। কিমিতি সুখৈবেতি বিশেষণং ভূতং সুখমুচ্যতে। সঙ্গস্য বন্ধনত্বাবিত্যাশঙ্ক্যাহ সৈবেতি নেচ্ছাসঙ্গোঽভিমানবেশশ্চেত্তোকোঽর্থস্তত্রেচ্ছাদে রাত্মধর্ম্মত্বাৎ কিমবিদ্যয়েত্যাশঙ্ক্য মনোধর্ম্মত্বাদিচ্ছাদেনাত্মধর্ম্মত্বেত্যাহ নহীতি। ইচ্ছাদেরনাত্মধর্ম্মত্বে কিং প্রমাণমিত্যাশঙ্ক্যাহ ইচ্ছাদি চেতি। তস্যাত্মধর্ম্মত্বাসম্ভবে ফলিতমাহ অত ইতি। সম্বধ্নতীব সত্ত্বমিতি শেষঃ। ইবকারপ্রয়োগে হেতুমাহ অবিদ্যয়েতি। তস্যাবস্তুতো নাত্মসম্বন্ধস্তথাপি সম্বন্ধান্তরাভাবাদস্বাতন্ত্র্যাচ্চ আত্মধর্ম্মত্বমাপাদ্য ইষ্টেচ্ছেষ্টে স্বকীয়েতি। কৃতিমদন্তঃকরণস্য বিষয়াত্মানাত্মনঃ সাধকত্বেন তদ্বিষয়েঽপি তদবিবেকরূপাবিদ্যেতি ... বিষয়েতি। যথোক্তাবিদ্যামাহাত্ম্যমিদং যদস্বরূপে তদ্ধর্ম্মে চ শক্তি ... তদেব ঘটয়তি অসক্তমিবেতি। প্রকারান্তরেণ সত্ত্বস্য নিবন্ধকত্বমাহ তথেতি। ... সত্ত্বপরিণামোজ্ঞানং তেন জ্ঞান্যহমিতি। বিপরীতাভিমানেন সত্ত্বমাত্মানং নিবধ্নাতীত্যাহ জ্ঞানমিত্যাদিনা। বিপক্ষে দোষমাহ আত্মেতি। স্বাভাবিকত্বেন প্রাপ্তত্বাত্তত্র স্বতঃ সংযোগাদ্দ্বারা বন্ধেচ তন্নিবৃত্ত্যনুপপত্তেরনাত্মধর্ম্মত্বমিত্যর্থঃ। জ্ঞানৈশ্বর্য্যাদাবপি ক্ষেত্রধর্ম্মে সঙ্গস্য পূর্ব্ববদাবিদ্যাকত্বং সূচয়তি সুখইবেতি। পাপাদি দোষহীনস্যৈবাত্র শাস্ত্রেঽধিকার ইতি দ্যোতয়তি অনঘেতি ॥ ৬ ॥

রামানুজ।—সত্ত্বরজস্তমসামাকারং বন্ধনপ্রকারঞ্চাহ তত্রেতি। তত্র সত্ত্বরজস্তমঃসু সত্ত্বস্য স্বরূপমীদৃশম্ নির্ম্মলত্বাৎ প্রকাশকং প্রকাশসুখাবরণরহিততা নির্ম্মলত্বংপ্রকাশ সুখজননৈকান্তস্বভাবতয়া প্রকাশসুখহেতুভূতমিত্যর্থঃ। প্রকাশো বস্তুযাথাত্ম্যাববোধঃ অনাময়ং আময়াখ্যং কার্য্যং ন বিদ্যত ইত্যনাময়ং অরোগতাহেতুরিত্যর্থঃ এষ সত্ত্বাখ্যো গুণো দেহিনমেনং সুখসঙ্গেন জ্ঞানসঙ্গেন চ বধ্নাতি পুরুষস্য সুখসঙ্গ জ্ঞানসঙ্গঞ্চ জনয়তীত্যর্থঃ জ্ঞানসুখয়োঃ সঙ্গজাতে তৎসাধনেষু লৌকিকবৈদিকেষু প্রবর্ত্ততে ততশ্চ তৎফলানুভবসাধনভূতাসু যোনিষু জায়তে ইতি সত্ত্বং সুখজ্ঞানসঙ্গদ্বারেণ পুরুষং বধ্নাতি জ্ঞানসুখজননং পুনরপি তয়োঃ সঙ্গজননঞ্চ সত্ত্বমিত্যুক্তং ভবতি ॥ ৬ ॥

হনুমান্।—তত্রতেষু সত্ত্বাদিগুণেষু সত্ত্বস্য লক্ষণমুচ্যতে তত্রেতি নির্ম্মলত্বাৎ স্ফটিকমণিরিব প্রকাশকমনাময়ং নিরুপদ্রবমিত্যর্থঃ। সুখসঙ্গেন সুখেচ্ছয়া ॥ ৬ ॥

শ্রীধর।—তত্র সত্ত্বস্য লক্ষণং বন্ধকত্বপ্রকারঞ্চাহ তত্রেতি। তত্র তেষাং গুণানাং মধ্যে সত্ত্বং নির্ম্মলত্বাৎ স্বচ্ছত্বাৎ স্ফটিকমণিরিব প্রকাশকং ভাস্বরং অনাময়ঞ্চ নিরুপদ্রবং শান্তমিত্যর্থঃ। অতঃ শান্তত্বাৎ স্বকার্য্যেণ সুখেন যঃ সঙ্গস্তেন বধ্নাতি প্রকাশকত্বাচ্চ স্বকার্য্যেণ জ্ঞানেন যঃ সঙ্গস্তেন চ বধ্নাতি হে অনঘ! অহং সুখী জ্ঞানী চেতি মনোধর্ম্মাস্তদভিমানিনি ক্ষেত্রজ্ঞে সংযোজয়তীত্যর্থঃ ॥ ৬ ॥

বলদেব।—অথ সত্ত্বাদীনাং ত্রয়াণাং লক্ষণানি বন্ধকতাপ্রকারাংশ্চাহ তত্রেতি ত্রিভিঃ। তত্র তেষু ত্রিষু মধ্যে সত্ত্বং প্রকাশকং জ্ঞানব্যঞ্জকং অনাময়মরোগং দুঃখবিরোধি

সুখব্যঞ্জকমিতি যাবৎ। কুতঃ নির্ম্মলত্বাৎ স্বচ্ছত্বাৎ তথাচ প্রকাশসুখকারণং সত্ত্বমিতি। তচ্চ সত্ত্বং স্বকার্য্যে জ্ঞানে সুখে চ যঃ সংযোগো জ্ঞান্যহং সুখ্যহমিত্যভিমানস্তেন পুরুষং নিবধ্নাতি। জ্ঞানং চেদং লৌকিকবস্তুযাথাত্ম্যবিষয়ং সুখঞ্চ দেহেন্দ্রিয়প্রসাদরূপং বোধ্যং। তত্র তত্র সঙ্গে সতি তদুপায়েষু কর্ম্মসু প্রবৃত্তিস্তৎফলানুভবোপায়েষু দেহেষূৎপত্তিঃ পুনশ্চ তত্র তত্র সঙ্গ ইতি ন সত্ত্বাদ্বিমুক্তিঃ॥ ৬॥

মধুসূদন।—তত্র কো গুণঃ কেন সঙ্গেন বধ্নাতীত্যুচ্যতে তত্রেতি। তত্র তেষু গুণেষু মধ্যে সত্ত্বং প্রকাশকং চৈতন্যস্য তমোগুণকৃতাবরণতিরোধায়কং নির্ম্মলত্বাৎ স্বচ্ছত্বাৎ চিদ্বিম্বগ্রহণযোগ্যত্বাদিতি যাবৎ, ন কেবলং চৈতন্যাভিব্যঞ্জকং কিন্তু অনাময়ং আময়োদুঃখং তদ্বিরোধি সুখস্যাপি ব্যঞ্জকমিত্যর্থঃ, তৎ বধ্নাতি সুখসঙ্গেন জ্ঞানসঙ্গেন চ দেহিনং হে অনঘ! সর্ব্বত্র সংবোধনানামভিপ্রায়ঃ প্রাগুক্তঃ স্মর্ত্তব্যঃ। অত্র সুখজ্ঞানশব্দাভ্যামন্তঃকরণপরিণামৌ সত্ত্বাজ্ঞকাবুচ্যেতে ইচ্ছা দ্বেষঃ সুখং সংঘাতশ্চেতনা ধৃতিরিতি সুখচেতনয়োরপীচ্ছাদিবৎ ক্ষেত্রধর্ম্মত্বেন পাঠাৎ তদন্তঃকরণধর্ম্মস্য সুখস্য চাত্মন্যধ্যাসঃ সঙ্গঃ অহং সুখী অহং জ্ঞাত ইতি চ, ন হি বিষয়িধর্ম্মো বিষয়িণো ভবতি তস্মাদবিদ্যামাত্রমেতদিতি শতশ উক্তং প্রাক্॥ ৬॥

নীলকণ্ঠ।—তত্র কঃ কেন সঙ্গেন বধ্নাতীত্যুচ্যতে তত্রেতি। তত্র তেষু গুণেষু সত্ত্বং নির্ম্মলত্বাৎ দুঃখশীলাদামলরাহিত্যাৎ প্রকাশকম্ আলোকবৎসর্ব্বার্থাবদ্যোতকং যতোঽনাময়ং রজস্তমোভ্যামনভিভূতং তৎসুখসঙ্গেন জ্ঞানসঙ্গেন চ নবম্ অবিদ্যয়া তিরোহিতস্বরূপজ্ঞানানন্দম্ অহং সুখী অহং জ্ঞানীত্যভিমানেন অন্তঃকরণবৃত্তিধর্ম্ময়োঃ সুখজ্ঞানয়োরাত্মনি আরোপেণ বধ্নাতি হে অনঘ! অব্যসন॥ ৬॥

বিশ্বনাথ।—তত্র সঙ্গস্য লক্ষণং বন্ধকত্বপ্রকারঞ্চাহ তত্রেতি। অনাময়ং নিরুপদ্রবং-শান্তমিত্যর্থঃ শান্তত্বাৎ স্বকার্য্যেণ সুখেন যঃসঙ্গঃ প্রকাশকত্বাৎস্বকার্য্যেণ জ্ঞানেনচ য সঙ্গোঽহং সুখী অহং জ্ঞানী চেত্যুপাধিধর্ম্ময়োরপি সুখজ্ঞানয়োরবিদ্যয়ৈব জীবস্যাভিমানঃ তেন তংবধ্নাতি। হে অনঘেতি ত্বন্তু অহং সুখীজ্ঞানীত্যাভিমানলক্ষণং অঘং মা স্বীকুর্ব্বিতি ভাবঃ॥ ৬॥

তাৎপর্য্য।—গুণের দ্বারাই দেহের সহিত দেহীর বন্ধন ঘটে, এই কথা পূর্ব্ব শ্লোকে উক্ত হইয়াছে। এক্ষণে কোন গুণ কি প্রকারে ক্ষেত্রজ্ঞকে ক্ষেত্রে আবদ্ধ করে তাহাই পরিব্যক্ত হইতেছে। প্রথমে সত্ত্ব গুণের কার্য্য কীর্ত্তিত হইতেছে। সত্ত্বগুণ স্বচ্ছ স্ফটিক তুল্য নির্ম্মল সুতরাং তাহা প্রকাশক। অর্থাৎ তাহা সকল প্রতিবিম্ব ও জ্যোতি গ্রহণ করিতে সক্ষম। অপিচ তাহা দুঃখবিরোধী সুখাভিমুখী, উপদ্রব রহিত এবং শান্ত। এই সত্ত্বগুণ দেহীকে সুখসঙ্গে বদ্ধ করে অর্থাৎ আমি সুখী আমি জ্ঞানী ইত্যাদি রূপে সুখ প্রাপ্তির অভিলাষে জীবকে আকৃষ্ট করে। নির্ম্মল এবং শান্ত

ধর্ম্মাক্রান্ত সত্ত্বগুণ জীবের হৃদয়ে জ্ঞান লাভের আকাঙ্ক্ষাও উৎপাদন করে। সুতরাং এই গুণের প্রাবল্যে জীব জ্ঞানসঙ্গেও বদ্ধ হয়। অতি সূক্ষ্ম স্বরূপ গুণ কিরূপে জড়ের সহিত চেতনের বন্ধন সংঘটন করে, সেই মহত্তত্ত্ব অধুনা কতিপয় শ্লোকে বিবৃত হইতেছে। এই তত্ত্ব সম্যক্‌রূপে প্রণিধান করিলেই জীবের সহিত দেহের সম্বন্ধ স্পষ্টতঃ উপলব্ধ হইবে। ক্রমে বুঝিতে পারা যাইবে যে, এই সত্ত্বাদি গুণত্রয় জীবকে ভিন্ন ভিন্ন ভাবে আকৃষ্ট করিয়া দেহের সহিত সংবদ্ধ করে। তদনন্তর জীব স্বাচরিত গুণের প্রাধান্য অনুসারে ভিন্ন ভিন্ন রূপ কর্ম্মানুষ্ঠান করিয়া ভিন্ন রূপ ফলভাগী হইয়া থাকে, এবং সাংসারিক ঘটনাপরম্পরা ও সঙ্গাদি হেতু আবর্ত্তিত ও বিবর্ত্তিত হইয়া মোক্ষের পথ হইতে দূরবর্ত্তী হইয়া উঠে।

মূলে অর্জ্জুনকে অনঘ অর্থাৎ পাপরহিত এই বাক্যে সম্বোধন করা হইয়াছে। ইদানীং উপর্য্যুপরি কয়েক শ্লোকে অর্জ্জুনকে বিবিধ শব্দে সম্বোধন করা হইতেছে। প্রথমে ভারত শব্দ দ্বারা অর্জ্জুনের বংশমাহাত্ম্য কীর্ত্তিত হইয়াছে। তদনন্তর কৌন্তেয় শব্দে ইহাই সূচিত হইয়াছে যে, তিনি দেবকুমার মন্ত্রসিদ্ধা বাসবভোগ্যা কুন্তীর সন্তান। তৎপরে যে স্থলে জীবের বন্ধন প্রসঙ্গ উত্থিত হইয়াছে, সেই স্থলে মহাবাহু শব্দে সম্বোধন করায় ইহাই ব্যক্ত হইয়াছে যে, শক্তিহীন দুর্ব্বল ব্যক্তিরাই বন্ধনের অধীন হইয়া থাকে। কিন্তু যাঁহারা বলীয়ান্ তেজঃসম্পন্ন, তাঁহাদের বন্ধনের কোন আশঙ্কা নাই। তদনন্তর অনঘ সম্বোধন পদ ইহাই সূচিত করিতেছে যে, সত্ত্বগুণাধিক্যে মনুষ্য পাপশূন্য হয়। যে পাপশূন্য, তাহার আর গুণসঙ্গেরও আশঙ্কা নাই।

পূজ্যপাদ শ্রীমদ্রাঘবেন্দ্র যতি মহোদয় বলিয়াছেন যে, শ্রী, ভূ ও দুর্গা এই তিন দেবী যথাক্রমে সত্ত্বরজঃ ও তমোগুণাভিমানিনী। এই তিন দেবী জীবলোকের বন্ধনের হেতুভূতা। তন্মধ্যে শ্রী দেবলোকের বন্ধনের কারণ, ভূ মনুষ্য লোকের এবং দুর্গা দানবাদির বন্ধনের মূল ॥ ৬ ॥

——(•)——

রজো রাগাত্মকং বিদ্ধি তৃষ্ণাসঙ্গসমুদ্ভবম্।
তন্নিবধ্নাতি কৌন্তেয়! কর্ম্মসঙ্গেন দেহিনম্॥ ৭॥

অন্বয়।—হে কৌন্তেয়! (কুন্তীসুত!) রাগাত্মকং (অনুরাগস্বভাবং) রজঃ তৃষ্ণাসঙ্গসমুদ্ভবং (কামনাসক্তিসম্ভবং) বিদ্ধি (জানীহি) তৎ (রজঃ) কর্ম্মসঙ্গেন (কর্ম্মাসক্ত্যা) দেহিনং নিবধ্নাতি (সংযোজয়তি)॥ ৭॥

প্রতিশব্দ।—হে কৌন্তেয়! অনুরাগাত্মক রজোগুণকে কামনা-এবং-আসক্তি-সম্ভূত জানিবে, এই-রজোগুণ কর্ম্মসঙ্গের-দ্বারা দেহীকে বদ্ধ করে॥ ৭॥

ব্যাখ্যা।—হে কুন্তীতনয়! রজোগুণ অনুরাগাত্মক, তাহা বিষয়াভিলাষের তৃষ্ণা এবং আসক্তি হইতে সঞ্জাত; সেই রজোগুণ জীবকে কর্ম্মাসক্তিতে সংযোজিত করে॥ ৭॥

শঙ্করাচার্য্য।—রজোরাগাত্মকং ইতি। রজোরাগাত্মকং রঞ্জনাদ্রাগো গৈরিকাদিবদ্রাগাত্মকং বিদ্ধি জানীহি তৃষ্ণাসঙ্গসমুদ্ভবং তৃষ্ণাপ্রাপ্তাভিলাষঃ আসঙ্গঃ প্রাপ্তে বিষয়ে মনসঃ প্রীতিলক্ষণঃ সংশ্লেষঃ, তৃষ্ণাসঙ্গসমুদ্ভবং তৃষ্ণাসঙ্গয়োঃ সমুদ্ভবং তৃষ্ণাসঙ্গসমুদ্ভবং তন্নিবধ্নাতি তদ্রজঃ কৌন্তেয়! কর্ম্মসঙ্গেন দৃষ্টাদৃষ্টার্থেষু কর্ম্মসু সংজননং তৎপরতা কর্ম্মসঙ্গস্তেন নিবধ্নাতি রজো দেহিনং॥ ৭॥

আনন্দগিরি।—রজস্তর্হি কিংলক্ষণং কথং বা পুরুষং নিবধ্নাতীত্যাশঙ্ক্যাহ রজইতি। রজ্যতে সংসজ্যতেঽনেন পুরুষোদৃষ্টেষ্বিতি রাগোঽস্যাবাত্মাঽহেতি রাগাত্মকং রজো জানীহীত্যাহ রঞ্জনাদিতি। সমুদ্ভবত্যস্মাদিতি সমুদ্ভবঃ তৃষ্ণাচ সঙ্গশ্চ তৃষ্ণাসঙ্গৌ তয়োঃ সমুদ্ভবঃ তমিতি বিগ্রহং গৃহীত্বা কার্য্যদ্বারা রজোবিবক্ষুস্তৃষ্ণাসঙ্গয়োরর্থভেদমাহ তৃষ্ণেত্যাদিনা। রজসো লক্ষণমুক্তা নিবন্ধত্বপ্রকারমাহ তদ্রজইতি। কর্ম্মসঙ্গং বিভজতে দৃষ্টেতি। অকর্ত্তারমেব পুরুষং করোমি ইত্যভিমানেন প্রবর্ত্তয়তীত্যর্থঃ। ৭।

রামানুজ।—রজইতি। রজো রাগাত্মকং রাগহেতুভূতং রাগো যোষিৎপুরুষয়োরন্যোন্যস্পৃহা তৃষ্ণাসঙ্গসমুদ্ভবং তৃষ্ণাসঙ্গয়োরুদ্ভবস্থানং তৃষ্ণাসঙ্গহেতুভূতমিত্যর্থঃ। তৃষ্ণাশব্দাদি সর্ব্ববিষয়স্পৃহা সঙ্গঃ পুত্রমিত্রাদিষু সংবন্ধিষু সংশ্লেষস্পৃহা। তথা দেহিনং কর্ম্মসু ক্রিয়াসু স্পৃহাজননদ্বারেণ নিবধ্নাতি। ক্রিয়াসু হি স্পৃহয়া যা ক্রিয়া আরভতে দেহী তাশ্চ পুণ্যপাপরূপা ইতি তৎফলানুভব-

সাধনভূতাসু যোনিষু জন্মহেতবো ভবন্তি অতঃ কর্ম্মসঙ্গদ্বারেণ রজো দেহিনং নিবধ্নাতি তদেবং রজোরাগতৃষ্ণাসঙ্গহেতুঃ কর্ম্মসঙ্গহেতুশ্চেত্যুক্তং ভবতি ॥ ৭ ॥

হনুমান্।—রজঃ রাগাত্মকমিচ্ছাত্মকং তৃষ্ণা অপ্রাপ্তাভিলাষঃ সঙ্গঃ প্রাপ্তবিষয়ে মনসঃ প্রীতিঃ তৃষ্ণাসঙ্গসমুদ্ভবং তৃষ্ণাসঙ্গকারণং কর্ম্মসঙ্গেন কর্ম্মপরতয়া ॥ ৭ ॥

শ্রীধর।—রজসোলক্ষণং বন্ধকত্বঞ্চাহ রজ ইতি। রজঃসংজ্ঞকং গুণং রাগাত্মকমনুরঞ্জনরূপং বিদ্ধি, অতএব তৃষ্ণাসঙ্গসমুদ্ভবং তৃষ্ণা অপ্রাপ্তাভিলাষঃ. সঙ্গঃ প্রাপ্তেঽর্থে প্রীতিবিশেষেণাসক্তিস্তয়োস্তৃষ্ণাসঙ্গয়োঃ সমুদ্ভবোঽস্মাৎ তদ্রজোদেহিনং দৃষ্টাদৃষ্টার্থেষু কর্ম্মসু সঙ্গেনাসক্ত্যা নিতরাং বধ্নাতি তৃষ্ণাসঙ্গাভ্যাং হি কর্ম্মস্বাসক্তির্ভবতি ইত্যর্থঃ ॥ ৭ ॥

বলদেব।—রজ ইতি। রাগঃ স্ত্রীপুংসয়োর্মিথোঽভিলাষস্তদাত্মকং রজোবৃদ্ধিহেতুকার্য্যয়োস্তাদাত্ম্যাৎ তচ্চ তৃষ্ণাদিসমুদ্ভবং শব্দাদিবিষয়াভিলাষস্তৃষ্ণা, পুত্রমিত্রাদিসংযোগোঽভিলাষঃ সঙ্গঃ তয়োঃ সম্ভবো যস্মাত্তৎ তথাচ রাগতৃষ্ণাসঙ্গকারণং রজ ইতি। তদ্রজঃ স্ত্রীবিষয়পুত্রাদিপ্রাপকেষু কর্ম্মসু সঙ্গেনাভিলাষেণ দেহিনং পুরুষং নিবধ্নাতি। স্ত্র্যাদিস্পৃহয়া কর্ম্মাণি করোতি তানি তৎফলানুভবোপায়ভূতান্ স্ত্র্যাদীন্ প্রাপয়ন্তি পুনরপ্যেবমিতি রজসো ন বিমুক্তিঃ ॥ ৭ ॥

মধুসূদন।—রজ্যতে বিষয়েষু পুরুষোঽনেনেতি রাগঃ কামোগর্দ্ধঃ স এবাত্মা স্বরূপং যস্য ধর্ম্মধর্ম্মিণোস্তাদাত্ম্যাৎ, তদ্রাগাত্মকং রজোবিদ্ধি, অতএব অপ্রাপ্তাভিলাষস্তৃষ্ণা প্রাপ্তস্যোপস্থিতেঽপি বিনাশে সংরক্ষণাভিলাষঃ আসঙ্গস্তয়োস্তৃষ্ণাসঙ্গয়োঃ সম্ভবোযস্মাৎ তদ্রজোনিবধ্নাতি হে কৌন্তেয়। কর্ম্মসঙ্গেন কর্ম্মসু দৃষ্টার্থেষু অহমিদং করোম্যেতৎ ফলং ভোক্ষ্য ইত্যভিনিবেশবিশেষেণ দেহিনং বস্তুতোঽকর্ত্তারমেব কর্ত্তৃত্বাভিমানিনঃ রজসঃ প্রবৃত্তিহেতুত্বাৎ ॥ ৭ ॥

নীলকণ্ঠ।—রজোগুণোরাগোরঞ্জনং তদাত্মকং বিদ্ধি তৃষ্ণা প্রাপ্যমাণেষ্বপিঅর্থেষু অতৃপ্তিঃ, সঙ্গঃ প্রাপ্তে বিষয়ে মনসঃ প্রীতিলক্ষণঃ সংশ্লেষ, তয়োঃ সমুদ্ভবং নিদানভূতং তদ্রজো হে কৌন্তেয়। কর্ম্মসঙ্গেন দৃষ্টাদৃষ্টার্থেষু কর্ম্মসু সঙ্গস্তৎপরতা তেন নিবধ্নাতি দেহিনম্ দেহাভিমানিনম্ ॥ ৭ ॥

বিশ্বনাথ।—রজোগুণং রাগাত্মকং অনুরঞ্জন রূপং বিদ্ধি। তৃষ্ণা অপ্রাপ্তেঽর্থে অভিলাষঃ সঙ্গঃ প্রাপ্তেঽর্থে আসক্তিঃ তয়োঃ সমুদ্ভবো যস্মাৎ, তদ্রজঃ দেহিনং দৃষ্টাদৃষ্টার্থেষু কর্ম্মসু সঙ্গেন আসক্ত্যাঃ বধ্নাতি। তৃষ্ণাসঙ্গাভ্যাং কর্ম্মস্বাসক্তির্ভবতি ॥ ৭ ॥

তাৎপর্য্য।—এক্ষণে রজোগুণের প্রভাবে কিরূপ বন্ধন ঘটে তাহাই কথিত হইতেছে। রজোগুণ রাগাত্মক অর্থাৎ গৈরিকাদির ন্যায় বর্ণ বিশিষ্ট। অপিচ ইহা অনুরঞ্জক অর্থাৎ এতদ্দ্বারা অনুরাগের বৃদ্ধি হইয়া থাকে। রজোগুণের প্রভাবে জীবের আমি কর্ত্তা, আমি ভোক্তা ইত্যাকার কর্ম্ম কর্ত্তৃত্ব বিষয়ক আসক্তি ঘটিয়া থাকে। এইরূপ কর্ত্তৃত্বাভিমান হেতু

তৃষ্ণা অর্থাৎ আকাঙ্ক্ষার উদ্ভব হয়। রজোগুণে তৃষ্ণাকে আনয়ন করে এবং সেই তৃষ্ণার নিমিত্ত কর্ম্ম বন্ধনের আবশ্যকতা ঘটে, অর্থাৎ আমি কর্ত্তৃত্ব করিব, এই তৃষ্ণা জীবকে বিবিধ কর্ম্মসাধনে প্রবৃত্ত করে। সুতরাং বলিতে হইবে রজোগুণই কর্ম্ম বন্ধনের সংঘটক। তৃষ্ণা জন্মে বলিয়াই অপ্রাপ্ত বিষয় লাভার্থ জীবের অতিশয় অভিলাষ হইয়া থাকে, এবং প্রাপ্ত বিষয় সংরক্ষণের নিমিত্ত প্রয়াস হইয়া থাকে, সুতরাং বুঝিতে হইবে, তৃষ্ণা অর্থাৎ অনুরাগ, আসঙ্গ, প্রভৃতির হেতুস্বরূপ রজোগুণই কর্ম্ম বন্ধনের কারণ।

কোন কোন পূজ্যপাদ ভাষ্য ও টীকাকার মূলস্থিত "রাগ" শব্দের স্ত্রী পুরুষের মিলনেচ্ছা সুতরাং সঙ্গ ও স্পৃহা ইত্যাকার অর্থ নির্দ্দেশ করিয়াছেন। তাঁহাদের মতে রজোগুণ স্ত্রী, বিষয়, প্রভৃতি ভোগের নিমিত্ত স্পৃহা উৎপাদন করে, এবং তজ্জন্যই কর্ম্ম বন্ধন ঘটে।

মূলে "বিদ্ধি" অর্থাৎ জানিবে পদের প্রয়োগ আছে। রাজ্য, স্ত্রী এবং বিষয় ভোগাসক্ত ক্ষত্রিয়বর্গের কুলে অর্জ্জুনের জন্ম। যে প্রবৃত্তির প্রাবল্যে ইত্যাকার ভোগেচ্ছা ও তজ্জনিত কর্ম্ম বন্ধনের আবশ্যকতা ঘটে, তাহার তত্ত্ব বিশদরূপে বুঝাইবার নিমিত্ত এখানে বিদ্ধি, পদের দ্বারা অর্জ্জুনের মনোযোগ বিশেষরূপে আকর্ষণ করা হইয়াছে। এইরূপ অভিপ্রায়েই কৌন্তেয় সম্বোধন পদ ব্যবহৃত হইয়াছে ॥ ৭ ॥

—(:০:)—

তমস্ত্বজ্ঞানজং বিদ্ধি মোহনং সর্ব্বদেহিনাম্।
প্রমাদালস্যনিদ্রাভিস্তন্নিবধ্নাতি ভারত! ॥ ৮ ॥

অন্বয়।—হে ভারত! তমঃ তু অজ্ঞানজং (অজ্ঞানজাতং) সর্ব্বদেহিনাং (সকল জীবানাং) মোহনং (ভ্রান্তিজনকং) বিদ্ধি (জানীহি) প্রমাদালস্যনিদ্রাভিঃ (অবিবেকাপ্রবৃত্তিতন্দ্রাভিঃ) [জীবং]

প্রতিশব্দ।—হে ভারত! তমো-গুণ অজ্ঞান-জাত, সর্ব্বজীবের মোহকর জানিবে, সেই-তমোগুণ প্রমাদ-আলস্য-নিদ্রা-দ্বারা [জীবকে] বদ্ধ-করে ॥ ৮ ॥

ব্যাখ্যা।—হে ভারত! তমোগুণ আবরণশক্তি বিশিষ্ট অজ্ঞান হইতে উদ্ভূত, এবং তাহা সর্ব্বজীবের ভ্রান্তিজনক; এই তমোগুণ জীবকে অনবধানতা আলস্য চিত্তাবসাদ প্রভৃতিতে সংযুক্ত করে ॥ ৮ ॥

শঙ্করাচার্য্য।—তমস্ত্বিতি তমস্তৃতীয়ো গুণোঽজ্ঞানজমজ্ঞানাজ্জায়তে তদজ্ঞানজং বিদ্ধি মোহনং মোহকরমবিবেককরং সর্ব্বদেহিনাং সর্ব্বেষাং দেহবতাং প্রমাদালস্যনিদ্রাভিঃ প্রমাদশ্চালস্যঞ্চ নিদ্রা চ প্রমাদালস্যনিদ্রাস্তাভিস্তমোনিবধ্নাতি ভারত! ॥ ৮ ॥

আনন্দগিরি।—তমস্তর্হি কিং লক্ষণং কথং বা পুরুষং নিবধ্নাতি তত্রাহ তমস্ত্বিতি। গুণানাং প্রকৃতিসম্ভবত্বাবিশেষেঽপি তমসোঽজ্ঞানজত্ববিশেষণং তদ্বিপরীতস্বভাবানাপত্তেরিতি মত্বাহ অজ্ঞানাদিতি। মুহ্যতি হিতাহিতেন বিবিচ্যোত্যনেন ইতি মোহনমবিবেকপ্রতিবন্ধকমিতি। কার্য্যদ্বারা তমো নির্দ্দিশতি মোহনমিত্যাদিনা। লক্ষণমুক্ত্বা তমসো বন্ধনকরত্বং দর্শয়তি প্রমাদেতি। কার্য্যান্তরাসক্ততয়া চিকীর্ষিতস্য কর্ত্তব্যস্যাকরণং প্রমাদঃ নিরীহতয়োৎসাহপ্রতিবন্ধস্ত্বালস্যং স্বাপো নিদ্রা তাভিরাত্মানমবিকারমেব তমোঽপি বিকারয়তীত্যর্থঃ ॥ ৮ ॥

রামানুজ।—তমস্ত্বিতি। জ্ঞানাদন্যদজ্ঞানমভিপ্রেতং জ্ঞানং বস্তুযাথাত্ম্যাববোধঃ। তস্মাদন্যত্তদ্বিপর্য্যয়জ্ঞানং তমস্তু বস্তুযাথাত্ম্যবিপরীতবিষয়জ্ঞানজং মোহনং সর্ব্বদেহিনাং মোহো বিপর্য্যয়জ্ঞানং বিপর্য্যয়জ্ঞানহেতুরিত্যর্থঃ। তত্তমঃ প্রমাদালস্যনিদ্রা হেতুভূতাভিস্তদ্দ্বারেণ দেহিনং নিবধ্নাতি প্রমাদঃ কর্ত্তব্যাৎ কর্ম্মণোঽন্যত্র প্রবৃত্তিহেতুভূতমনবধানং। আলস্যং কর্ম্মস্বনারম্ভস্বভাবঃ স্তব্ধতেতি যাবৎ পুরুষস্যেন্দ্রিয়প্রবর্ত্তনশ্রান্ত্যা সর্ব্বেন্দ্রিয়প্রবর্ত্তনোপরতিঃ নিদ্রা তত্র বাহ্যেন্দ্রিয়প্রবর্ত্তনোপরমঃ স্বপ্নঃ মনসোঽপ্যুপরমঃ সুষুপ্তিঃ ॥ ৮ ॥

হনুমান্।—অজ্ঞানজমজ্ঞানজাতং মোহনং মোহকারণমবিবেককারণমিত্যর্থঃ। প্রমাদালস্যনিদ্রাভিঃ দেহিনং তমোনিবধ্নাতি ॥ ৮ ॥

শ্রীধর।—তমসোলক্ষণং বন্ধকত্বঞ্চাহ তম ইতি। তমস্ত্বজ্ঞানাজ্জাতং আবরণশক্তিপ্রধানাৎ প্রকৃত্যংশাদুদ্ভূতং বিদ্ধীত্যর্থঃ। অতঃ সর্ব্বেষাং দেহিনাং মোহনং ভ্রান্তিজনকং অতএব প্রমাদেনালস্যেন নিদ্রয়া চ তত্তমোদেহিনং নিবধ্নাতি। অত্র প্রমাদোঽনবধানং, আলস্যমনুদ্যমঃ, নিদ্রা চিত্তস্যাবসাদঃ লয়ঃ ॥ ৮ ॥

বলদেব।—তমস্ত্বিতি তু শব্দঃ পূর্ব্বদ্বয়াদ্বিশেষদ্যোতকঃ। বস্তুযাথাত্ম্যাবগাহি জ্ঞানং তদ্বিরোধ্যাবরকতাপ্রধানঃ প্রকৃত্যংশোঽজ্ঞানং তস্মাজ্জাতং তমঃ অতঃ সর্ব্বদেহিনাং মো বিপর্য্যয়জ্ঞানজনকং তথাচ বস্তুযাথাত্ম্যজ্ঞানাবরকং বিপর্য্যয়জ্ঞানজনকং তমঃ ইতি।　শঙ্ক-

প্রমাদাদিভিঃ স্বকার্য্যৈঃ পুরুষৈং নিবধ্নাতি তত্র প্রমাদোঽনবধানমকার্য্যে কর্ম্মণি প্রবৃত্তিরূপং সত্ত্ব-কার্য্যপ্রকাশবিরোধী আলস্যমনুদ্যমো রজঃকার্য্যপ্রবৃত্তিবিরোধি তদুভয়বিরোধিনী তু নিদ্রা চিত্তাব-সাদাত্মেতি ॥ ৮ ॥

মধুসূদন।— তুশব্দঃ সত্ত্বরজোঽপেক্ষয়া বিশেষদ্যোতনার্থঃ অজ্ঞানাদাবরণশক্তিরূপাত্তদু-দ্ভূতম্‌জ্ঞানজং তমোবিদ্ধি অতঃ সর্ব্বেষাং দেহিনাং মোহনং অবিবেকরূপত্বেন ভ্রান্তিজনকং প্রমা-দেনালস্যেন নিদ্রয়া চ তত্তমোনিবধ্নাতি দেহিনমিত্যনুষজ্যতে হে ভারত! প্রমাদোবস্তুবিবেকা-সামর্থ্যং সত্ত্বকার্য্যপ্রকাশবিরোধী, আলস্যং প্রবৃত্ত্যসামর্থ্যং রজঃকার্য্যপ্রবৃত্তিবিরোধি, উভয়বিরো-ধিনী তমোগুণালম্বনা বৃত্তির্নিদ্রেতি বিবেকঃ ॥ ৮ ॥

নীলকণ্ঠ। —তমোগুণস্তু পূর্ব্বাভ্যাং বিলক্ষণঃ, অজ্ঞানং মায়ায়া আবরণশক্তিস্তত উদ্ভূতম্ অজ্ঞানজং বিদ্ধি অতঃ সর্ব্বেষাং দেহিনাং মোহনং ভ্রান্তিহেতুঃ, প্রমাদঃ অনবহিতত্বং সচ সত্ত্বকার্য্য-প্রকাশবিরোধী, আলস্যং জড়তা তচ্চরজঃকার্য্যপ্রবৃত্তিবিরোধি, উভয়কার্য্যবিরোধিনী তমোগুণা-লম্বনা বৃত্তির্নিদ্রা এভিরেতত্তমোনিতরাং বধ্নাতি হে ভারত! দেহিনমিত্যনুবর্ত্ততে ॥ ৮ ॥

বিশ্বনাথ। অজ্ঞানজং অজ্ঞানাৎ স্বীয়ফলাৎ জাতং প্রতীতং অনুমিতং ভবতীত্যজ্ঞানজং অজ্ঞানজনক মিত্যর্থঃ। মোহনং ভ্রান্তিজনকং প্রমাদোঽনবধানং আলস্য মনুদ্যমঃ নিদ্রা চিত্ত-স্যাবসাদঃ ॥ ৮ ॥

তাৎপর্য্য।—এক্ষণে তৃতীয় তমোগুণের বিষয় কথিত হইতেছে। অজ্ঞান হইতেই তমোগুণের উদ্ভব হয়। অর্থাৎ অজ্ঞানের আবরণ শক্তি হইতে তমোগুণের আবির্ভাব হইয়া থাকে। এই জন্য তমো গুণ মোহকর অর্থাৎ বিবেক উচ্চাভিলাষ ইত্যাদির প্রতিবন্ধক স্বরূপ। দেহীকে অর্থাৎ জীবকে তমোগুণ মোহে আচ্ছন্ন করিয়া রাখে; সুতরাং তমোগুণের প্রভাবে প্রমাদ অর্থাৎ অনবধানতা, আলস্য অর্থাৎ উদ্যমহীনতা, নিদ্রা অর্থাৎ চিত্তের অবসাদ উৎপন্ন হইয়া থাকে। দেহী আলস্যাদি দ্বারা বদ্ধ হয়। বস্তুবিবেকের অসামর্থ্য এবং সত্ত্বগুণের বিরোধী ধর্ম্মের নাম প্রমাদ; প্রবৃত্তির অসামর্থ্য এবং রজোগুণের বিরোধী রূপ যে ধর্ম্ম, তাহাই আলস্য; আর উভয় গুণেরই বিরোধী তমোগুণের আলম্বনস্বরূপ নিদ্রা। নিদ্রার দুইটি ভাব আছে, স্বপ্ন ও সুষুপ্তি বাহ্যে-ন্দ্রিয়ের উপরতির নাম স্বপ্ন, এবং মনের উপরতির নাম সুষুপ্তি।

সত্ত্ব রজঃ ও তমঃ এই তিন গুণ দেহীর বন্ধনের হেতুভূত। যে গুণ ভিন্ন ভাবে দেহীকে দেহের সহিত সংবদ্ধ করে, তাহা এই শ্লোক ত্রয়ে

প্রদর্শিত হইল। পরবর্ত্তী শ্লোকে এই তত্ত্ব আরও সংক্ষেপে কথিত হইতেছে, এজন্য এস্থলে ইহার বিস্তারিত ব্যাখ্যা অনাবশ্যক।

এই শ্লোকে অর্জ্জুনকে "ভারত"নামে সম্বোধন করা হইয়াছে। তাঁহার ধার্ম্মিকোত্তম মহাত্মার বংশে জন্ম, সুতরাং অবিবেক প্রধান অধর্ম্মপ্রবণ তমোগুণ তাঁহার হেয়, ইহাই এই বাক্যে সূচিত হইতেছে ॥ ৮ ॥

—:০:—

সত্ত্বং সুখে সঞ্জয়তি রজঃ কর্ম্মণি ভারত।
জ্ঞানমাবৃত্য তু তমঃ প্রমাদে সঞ্জয়ত্যুত ॥ ৯ ॥

অন্বয়।—হে ভারত! সত্ত্বং [জীবং] সুখে সঞ্জয়তি (সংশ্লেষয়তি) রজঃ কর্ম্মণি [সঞ্জয়তি] তমঃ তু জ্ঞানং আবৃত্য (আচ্ছাদ্য) প্রমাদে (অনবধানে) উত (অপি) সঞ্জয়তি ॥ ৯ ॥

প্রতিশব্দ।—হে ভারত! সত্ত্বগুণ [জীবকে] সুখে সংশ্লিষ্ট করে, রজোগুণ কর্ম্মে [সংশ্লিষ্ট-করে] তমোগুণ জ্ঞানকে আচ্ছন্ন-করিয়া প্রমাদে সংযুক্ত করে ॥ ৯ ॥

ব্যাখ্যা।—হে ভারত! সত্ত্বগুণ জীবকে সুখ সাধনে সংশ্লিষ্ট করে, রজোগুণ কর্ম্মে আসক্ত করে এবং তমোগুণ জ্ঞানশক্তিকে আচ্ছন্ন করিয়া প্রমাদে সংযুক্ত করে ॥ ৯ ॥

শঙ্করাচার্য্য।—পুনর্গুণানাং ব্যাপারঃ সংক্ষেপত উচ্যতে সত্ত্বমিতি। সত্ত্বং সুখে সঞ্জয়তি সংশ্লেষয়তি, রজঃ কর্ম্মণি হে ভারত! সঞ্জয়তীতি বর্ত্ততে, জ্ঞানং সত্ত্বকৃতং বিবেকমাবৃত্যাচ্ছাদ্য তু তমঃ স্বেনাবরণাত্মনা প্রমাদে সঞ্জয়ত্যুত প্রমাদো নাম প্রাপ্তকর্ত্তব্যাকরণং ॥ ৯ ॥

আনন্দগিরি।—উক্তানাং মধ্যে কস্মিন্ কার্য্যে কস্য গুণস্যোৎকর্ষস্তত্রাহ পুনরিতি। সুখসাধ্যে বিষয়ে সমুৎকর্ষ্যতে সত্ত্বমিত্যাহ সত্ত্বমিতি। সঞ্জয়তীত্যস্যার্থমাহ সংশ্লেষয়তীতি। কর্ম্মণি সাধ্যে রজঃ সমুৎকর্ষ্যতে ইত্যাহ রজইতি। প্রমাদে প্রাধান্যং তমসো দর্শয়তি জ্ঞানমিতি ॥ ৯ ॥

রামানুজ।—সত্ত্বাদীনাং বন্ধদ্বারভূতেষু প্রধানান্যাহ সত্ত্বমিতি। সত্ত্বং সুখসঙ্গপ্রধানং, রজঃ কর্ম্মসঙ্গপ্রধানং, তমস্তু বস্তুযাথাত্ম্যজ্ঞানমাবৃত্য বিপরীতজ্ঞানহেতুতয়া কর্ত্তব্যবিপরীতপ্রবৃত্তিসঙ্গপ্রধানং ॥ ৯ ॥

হনুমান্।—কর্ম্মণি ক্রিয়ায়াং জ্ঞানমাবৃত্য জ্ঞানমাচ্ছাদ্যতমঃ প্রমাদেত্যাত্মাপ্রতিপত্তৌ ॥ ৯ ॥

শ্রীধর।—সত্ত্বাদীনামেব স্ব স্ব কার্য্যকরণে সামর্থ্যাতিশয়মাহ সত্ত্বমিতি। সত্ত্বং সুখে সঞ্জয়তি সংশ্লেষয়তি দুঃখশোকাদিকারেণ সত্যপি সুখাভিমুখমেব দেহিনং করোতীত্যর্থঃ, এবং সুখাদিকারেণ সত্যপি রজঃ কর্ম্মণ্যেব সঞ্জয়তি, তমস্তু মহৎসঙ্গেনোৎপদ্যমানমপি জ্ঞানমাবৃত্যমাচ্ছাদ্য প্রমাদে সঞ্জয়তি মহদ্ভিরুপদিশ্যমানস্যার্থস্যানবধানে যোজয়তি, উত অপি আলস্যাদাবপি সংযোজয়তীত্যর্থঃ ॥ ৯ ॥

বলদেব।—গুণাঃ স্বান্যদ্বয়োৎকৃষ্টাঃ সন্তঃ স্বকার্য্যং তন্বন্তীত্যাহ সত্ত্বমিতি দ্বাভ্যাং। সত্ত্বমুৎকৃষ্টং সৎ স্বকার্য্যে সুখে পুরুষং সংজয়ত্যাসক্তং করোতি। রজ উৎকৃষ্টং সৎ কর্ম্মণি তং সংজয়তি। তম উৎকৃষ্টং সৎ প্রমাদে তং সংজয়তি জ্ঞানমাবৃত্ত্যাচ্ছাদ্যাজ্ঞানমুৎপাদ্যেত্যর্থঃ ॥ ৯ ॥

মধুসূদন।—উক্তানাং মধ্যে কস্মিন্ কার্য্যে কস্য গুণস্যোৎকর্ষ ইতি সত্ত্বমিতি তত্রাহ। সত্ত্বমুৎকৃষ্টং সৎ সুখে সঞ্জয়তি দুঃখকারণমভিভূয় সুখে সংশ্লেষয়তি সর্ব্বত্র দেহিনমিত্যনুষজ্যতে, এবং রজ উৎকৃষ্টং সৎ সুখকারণমভিভূয় কর্ম্মণি সঞ্জয়তীত্যনুষজ্যতে, তমস্তু প্রমাদবলেনোৎপদ্যমানমপি সত্ত্বকার্য্যজ্ঞানমাবৃত্য আচ্ছাদ্য প্রমাদে প্রাপ্তজ্ঞায়মানতা কস্যাপ্যজ্ঞানে সঞ্জয়তি। উত অপি প্রাপ্তকর্ত্তব্যতা কস্যাপ্যকরণে আলস্যে তামস্যাঞ্চ নিদ্রায়াং সঞ্জয়তীত্যর্থঃ ॥ ৯ ॥

নীলকণ্ঠ।—সত্ত্বমুৎকৃষ্টং সৎ সুখেদুঃখকারণমভিভূয় সঞ্জয়তি সংশ্লেষং জনয়তি এবমুত্তরত্র জ্ঞানং প্রকাশম্ আবৃত্যপ্রমাদে অবশ্যকর্ত্তব্যস্যাকরণে ॥ ৯ ॥

বিশ্বনাথ।—উক্তমেবার্থং সংক্ষেপেণ পুনর্দর্শয়তি। সত্ত্বং কর্ত্তৃসুখে স্বীয় ফলে আসক্তং জীবং সংজয়তি বশীকরোতি নিবধ্নাতীত্যর্থঃ। রজঃ কর্ত্তৃকর্ম্মাণ আসক্তং জীবং বধ্নাতি। তমঃ কর্ত্তৃপ্রমাদেঽভিরতং তংজ্ঞানমাবৃত্য অজ্ঞান মুৎপাদ্য ইত্যর্থঃ ॥ ৯ ॥

তাৎপর্য্য।—এক্ষণে গুণত্রয়ের কার্য্য সংক্ষেপে নিবদ্ধ হইতেছে। সত্ত্বগুণ সুখ সংবিধায়ক অর্থাৎ সত্ত্বগুণপ্রভাবে দেহের সহিত দেহীর সুখভাবের বন্ধন হয়। রজোগুণ কর্ম্ম বিধায়ক, অর্থাৎ রজোগুণের প্রভাবে দেহীর কর্ম্ম বন্ধন সংঘটিত হয়। আর তমোগুণ মোহ বিধায়ক; ইহা সত্ত্বগুণের প্রবৃত্তিকে আচ্ছন্ন করিয়া তদ্বিরোধী মোহ উৎপন্ন করে।

পূর্ব্বে গুণত্রয়ের যে যে বৃত্তি নির্দ্দিষ্ট হইয়াছে, এক্ষণে সংক্ষেপতঃ তাহাই পুনঃকীর্ত্তিত হইল। প্রকৃতি হইতেই গুণ সমূহের উদ্ভব। প্রলয়ান্তে গুণত্রয় প্রকৃতিতেই সাম্যাবস্থায় লীন থাকে। তদনন্তর ভগবদাশ্রিত চিচ্ছক্তি অচেতনা প্রকৃতিতে আবির্ভূত হইলে এই গুণত্রয় বৈষম্য ভাবাপন্ন হয়, অর্থাৎ তত্তাবতের সাম্যাবস্থা তিরোহিত হইয়া যায়, অর্থাৎ

তখন যে সূক্ষ্ম স্বতন্ত্র চিৎ পদার্থ প্রকৃতিকে অবলম্বন করিয়াছে, গুণত্রয় তাহাদিগকে অধিকার করে। সেই গুণত্রয়ের নিমিত্তই দেহীর দেহের সহিত বন্ধন ঘটে। গুণের তারতম্যানুসারে দেহাধিষ্ঠিত দেহীর কার্য্যাকার্য্যের বৈষম্য পরিদৃষ্ট হয়। কোন ব্যক্তি একান্ত ধর্ম্মশীল এবং মোক্ষসাধক কর্ম্মাসক্ত; আবার কোন ব্যক্তি অতি ঘৃণিত নারকী কর্ম্মে একান্ত আসক্ত; কেহ বা তদুভয় বিরোধী কর্ম্মের মধ্য স্বরূপ, ধর্ম্মাধর্ম্ম রূপ কার্য্যসাধনে সংলিপ্ত। এবংবিধ বৈষম্য জগতের সর্ব্বত্র সতত পরিদৃষ্ট হয়। উল্লিখিত গুণত্রয়ই ন্যূনাধিক্য ক্রমে এবংবিধ স্বতন্ত্রতা সংঘটিত করে। এইরূপ গুণের প্রভাবে দেহের সহিত দেহীর সম্বন্ধ সংস্থাপিত হওয়ার পর জীবন কালে অনুষ্ঠীয়মান কর্ম্ম দ্বারা জন্মান্তরের কর্ম্ম নিরূপিত হইয়া থাকে; অর্থাৎ তদ্দ্বারা তাহার কর্ম্ম বন্ধনের বীজ রোপিত হয়, এবং সেই বীজ হয় মুক্তি, না হয় প্রলয় কাল পর্য্যন্ত দেহীকে কর্ম্মসূত্রে নিবদ্ধ করিয়া রাখে। সেই কর্ম্ম স্রোত অবিরত সমান ধারায় প্রবাহিত হইতে থাকে; এবং যদি জীব স্বকীয় চেষ্টায় জ্ঞানবলে সেই বন্ধন ছিন্ন করিতে না পারে তাহা হইলে অনন্ত কাল তাহাকে জন্ম মৃত্যুর অধীন হইয়া বারংবার যাতায়াত করিতে হয়, এবং অসংখ্য বাসনার অধীন হইয়া হাহাকার শব্দে কালপাত করিতে হয়। কর্ম্মের কঠিন পেষণ তাহাকে নিষ্পেষিত করিয়া রাখে, এবং শত আর্ত্তচীৎকারেও তাহা নিবারিত হয় না। এই অভিপ্রায় পরবর্ত্তী শ্লোকে আরও স্পষ্টীকৃত হইবে ॥ ৯ ॥

——:০:——

রজস্তমশ্চাভিভূয় সত্ত্বং ভবতি ভারত।
রজঃ সত্ত্বং তমশ্চৈব তমঃ সত্ত্বং রজস্তথা ॥ ১০ ॥

অন্বয়। হে ভারত! সত্ত্বং রজঃ তমঃ চ অভিভূয় (পরাভূয়) ভবতি (উদ্ভবতি) রজঃ সত্ত্বং তমঃ চ, তমঃ সত্ত্বং রজঃ তথা (অভিভূয় উদ্ভবতি) ॥ ১০ ॥

প্রতিশব্দ। হে ভারত! সত্ত্বগুণ রজও তমোগুণকে অভিভব-

করিয়া উদ্ভূত-হয়, রজোগুণ সত্ত্ব এবং তমকে, তমোগুণ সত্ত্ব রজোকে পরাভব-করিয়া উদ্ভূত হয়॥ ১০॥

ব্যাখ্যা।—হে ভারত! সত্ত্বগুণ দেহে বৃদ্ধিপ্রাপ্ত হইলে তাহা রজো ও তমোগুণকে পরাভূত করিয়া উদ্ভূত হয়; এইরূপ রজোগুণ বর্দ্ধিত হইলে তাহা সত্ত্ব ও তমোগুণকে পরাভব পূর্ব্বক উত্তেজিত হয়, এবং তমোগুণ বর্দ্ধিত হইলে তাহা সত্ত্ব ও রজোগুণকে অভিভব করিয়া উত্থিত হয়॥ ১০॥

শঙ্করাচার্য্য।—উক্তং কার্য্যং কদা কুর্ব্বন্তি গুণা ইত্যুচ্যতে রজ ইতি। রজস্তমশ্চোভাবপ্যভিভূয় সত্ত্বং ভবত্যুদ্ভবতি বর্দ্ধতে যদা তদা লব্ধাত্মকং সত্ত্বং স্বকার্য্যং জ্ঞানসুখাদ্যারভতে হে ভারত! তৎ তথা রজোগুণং সত্ত্বং তমশ্চৈবাভাবপ্যভিভূয় বর্দ্ধতে যদা তদা কর্ম্মতৃষ্ণাদিস্বকার্য্যমারভতে তম আখ্যোগুণঃ সত্ত্বং রজশ্চোভাবপ্যভিভূয় তথৈব বর্দ্ধতে যদা তদা জ্ঞানাবরণাদিস্বকার্য্যমারভতে॥ ১০॥

আনন্দগিরি।—ইতরেতরাবিরোধেন বা সত্ত্বাদয়ো গুণা যুগপদুৎকৃষ্যন্তে বিরোধেন বা ক্রমেণ বেতি সন্দেহাৎ পৃচ্ছতি উক্তমিতি। সত্ত্বোৎকর্ষাৰ্গিনামিতরাভিভবার্থং ক্রমপক্ষমাশ্রিত্যোত্তরমাহ উচ্যত ইতি। সত্ত্বাভিবৃদ্ধিমেব বিবৃণোতি তদেতি। রজস্তমসস্তিরোধানদশায়ামিতি যাবৎ। রজসোবৃদ্ধিপ্রকারস্তৎকার্য্যঞ্চ কথয়তি তথেতি। তমসোঽপি বৃদ্ধিস্তৎকার্য্যঞ্চ নির্দ্দিশতি তমইতি। ১০।

রামানুজ।—দেহাকারপরিণতায়াং প্রকৃতেঃ স্বরূপানুবন্ধিনঃ সত্ত্বাদয়ো গুণাস্তে চ স্বরূপানুবন্ধিত্বেন সর্ব্বদা সর্ব্বে বর্ত্তন্ত ইতি পরস্পরবিরুদ্ধং কার্য্যং কথম্ জনয়ন্তীত্যত্রাহ রজইতি। যদ্যপি সত্ত্বাদয়স্ত্রয়ো গুণাঃ প্রকৃতিসংসৃষ্টাত্মস্বরূপানুবন্ধিনঃ তথাপি প্রাচীনকর্ম্মবশাদ্দেহাপ্যায়নভূতাহার বৈষম্যাচ্চ সত্ত্বাদয়ঃ পরস্পরমুদ্ভবাভিভবরূপেণ বর্ত্তন্তে। রজস্তমসী কদাচিদভিভূয় সত্ত্বমুদ্রিক্তং বর্ত্ততে তথা তমঃসত্ত্বে অভিভূয় রজঃ। কদাচিৎ রজঃসত্ত্বে অভিভূয় তমঃ॥ ১০॥

হনুমান্।—অভিভূয়ান্যৎ ভাবং ভবতি॥ ১০॥

শ্রীধর।—তত্র হেতুমাহ রজইতি। রজস্তমশ্চেতি গুণদ্বয়মভিভূয় তিরস্কৃত্য সত্ত্বং ভবতি অদৃষ্টবশাদুদ্ভবতি অতঃ স্বকার্য্যে সুখাদৌ সঞ্জয়তীত্যর্থঃ। এবং রজোঽপি সত্ত্বং তমশ্চেতি গুণদ্বয়মভিভূয়োদ্ভবতি অতঃ স্বকার্য্যে তৃষ্ণাসঙ্গাদৌ সঞ্জয়তি। এবং তমোঽপি সত্ত্বং রজশ্চোভাবপি গুণাবভিভূয়োদ্ভবতি অতঃ স্বকার্য্যে প্রমাদালস্যাদৌ সঞ্জয়তীত্যর্থঃ॥ ১০॥

বলদেব।—সমেষু ত্রিষু কথমেকস্মাদেকস্যোৎকর্ষ ইতি চেৎ প্রাচীনতাদৃশকর্ম্মোদয়াত্তাদৃশাহারাচ্চ সংভবতীতি ভগবানাহ রজ ইতি। সত্ত্বং কর্ত্তৃ রজস্তমশ্চাভিভূয় তিরস্কৃত্যোৎ-

কৃষ্টং ভবতি রজঃ কর্ত্তৃ সত্ত্বং তমশ্চাভিভূযোৎকৃষ্টং ভবতি তমঃ কর্ত্তৃ সত্ত্বং রজশ্চাভিভূয়োৎকৃষ্টং ভবতি। যদোৎকৃষ্টং ভবতি তদা পূর্ব্বোক্তমসাধারণং কার্য্যং করোতীতি শেষঃ ॥ ১০ ॥

মধুসূদন।—উক্তং কার্য্যং কদা কুর্ব্বন্তি গুণা ইত্যুচ্যতে রজশ্চেতি। রজস্তমশ্চ যুগপদুদ্ভাবপি গুণাবভিভূয় সত্ত্বং ভবত্যুদ্ভবতি বৰ্দ্ধতে যদা তদা স্বকার্য্যং প্রাগুক্তমসাধারণোন করোতীতি শেষঃ। এবং রজোহপি সত্ত্বং তমশ্চেতি গুণদ্বয়মভিভূয়োদ্ভবতি যদা তদা প্রাগুক্তং স্বকার্য্যং করোতি, তথা তদ্বদেব তমোহপি সত্ত্বং রজশ্চেত্যুভাবপি গুণাবভিভূয় উদ্ভবতি যদা তদা স্বকার্য্যং প্রাগুক্তং করোতীত্যর্থঃ ॥ ১০ ॥

নীলকণ্ঠ।—সত্ত্বাদয়ঃ কদা স্ব স্ব কার্য্যে প্রভবন্তীত্যাশঙ্ক্য ইতরেতরয়োরভিভবে সতীত্যাহ রজ ইতি। রজস্তমসী অভিভূয় সত্ত্বং ভবতি বৰ্দ্ধতে, এবং রজোঽপি সত্ত্বতমসী অভিভূয় ভবতি, তথা তমোহপি সত্ত্বরজসী অভিভূয় ভবতীত্যর্থঃ ॥ ১০ ॥

বিশ্বনাথ।—উক্তং স্বস্বকার্য্যং সুখাদিকং প্রতি গুণাঃ কথং প্রভবন্তি ইত্যপেক্ষায়ামাহ রজ স্তমশ্চেতি গুণদ্বয়ং অভিভূয় তিরস্কৃত্য সত্ত্বং ভবতি অদৃষ্টবশাদুদ্ভবতি এবং রজোহপি সত্ত্বং তমশ্চ ইতি গুণদ্বয়ং অভিভূয় তাদৃশাদৃষ্টবশাদুদ্ভবতি। তমোহপি সত্ত্বং রজশ্চোভাবপি গুণাবভিভূয়োদ্ভবতি ॥ ১০ ॥

তাৎপর্য্য।—পূর্ব্বে গুণত্রয়ের যে যে রূপ কার্য্য নির্দ্দিষ্ট হইয়াছে, তাহারা কখন তত্তৎ কার্য্য সাধনে প্রবৃত্ত হয় ইহাই অধুনা প্রদর্শিত হইতেছে। যখন সত্ত্বগুণ রজঃ ও তমোগুণকে পরাভূত করিয়া দেহীর হৃদয়ে প্রবল হয়, তখনই তন্নিমিত্ত জ্ঞানজনিত সুখপ্রাপক কার্য্যের আরম্ভ হয়। তদ্রূপ সত্ত্ব ও তমোগুণকে পরাভূত করিয়া রজোগুণ যখন প্রবল হয়, তখনই তন্নিমিত্ত কর্ম্ম, তৃষ্ণা প্রভৃতি রজোগুণের কার্য্য আরব্ধ হইয়া থাকে। এই রূপে যখন সত্ত্ব ও রজোগুণকে পরাভূত করিয়া তমোগুণ প্রবল হইয়া থাকে, তখন তন্নিমিত্ত প্রমাদ, আলস্যাদি তমোগুণাত্মক কার্য্যের আরম্ভ হয়।

সহজেই প্রশ্ন হইতে পারে, সমভাবে গুণত্রয় প্রাপ্ত হইলেও কেন জীবন কালে তাহার বৈষম্য পরিদৃষ্ট হয়, এবং কেনই বা তাহা বিচিত্র ফলাফলের উদ্ভব করে? প্রণিধান করিয়া দেখিলে সহজেই বোধ হইবে যে, আহার ব্যবহার, সংসর্গ ও শিক্ষা গুণত্রয়ের একের আধিক্য ও অন্যের অল্পতা বিধানের হেতুভূত। দস্যুর বংশে যে শিশুর জন্ম হয়, সে যদি সত্ত্বগুণ প্রধান হয়, তথাপি সংসর্গ ও শিক্ষার দোষে সাত্ত্বিক আহারাদির ব্যতিক্রমে এবং কুপন্থার অনুসরণে তাহার সত্ত্বগুণ অপচিত হইয়া যায়, এবং রজোতমো

গুণের প্রাধান্য হইয়া উঠে। এইরূপ তমোগুণান্বিত শিশু যদি রজো গুণান্বিত কর্ম্মবীর ক্ষত্রকুলে জন্ম পরিগ্রহ করে, তাহা হইলে সেই শিশু তমোগুণ পরিহার করিয়া রজোগুণ প্রধান হইয়া উঠে। এই জন্যই শাস্ত্রকার-গণ সঙ্গের মহিমা কীর্ত্তন করিয়াছেন। সঙ্গগুণে চিরসাধু ব্যক্তিও দোষান্বিত হইয়াছেন, এবং ঘোর পাষণ্ডও দেবকল্প ব্যক্তি হইয়া থাকেন। দস্যু রত্নাকর মহর্ষি নারদের সঙ্গ লাভ করিয়া তাঁহার উপদেশ অবিচলিত চিত্তে পালন করতঃ আদিকবি মহর্ষি বাল্মীকিরূপে * জগৎপ্রসিদ্ধ হইয়াছিলেন।

---

* বাল্মীকি।—পুরাকালে রত্নাকর নামে এক দস্যু ছিল। সে নরহত্যা দ্বারা বৃদ্ধ পিতামাতার ও স্ত্রীপুত্রের ভরণ পোষণ করিত। সে যে অরণ্য প্রদেশে বসিয়া পথিকগণের প্রাণসংহার করিত, একদা তাহার ভাগ্যবশে ব্রহ্মা ও নারদ সেই পথে গমন করিতেছিলেন। রত্নাকর তাঁহাদের প্রাণবিনাশ করিতে উদ্যত হইলে দেবর্ষি নারদ তাহাকে বুঝাইয়া বলিলেন, 'তুমি কি জন্য আমাদিগকে সংহার করিবে?' রত্নাকর বলিল যে; 'আমি তোমাদিগকে হত্যা করিয়া যাহা পাইব, তদ্দ্বারা আমার পিতা মাতা ও স্ত্রী পুত্রের ভরণ পোষণ নির্ব্বাহ হইবে।' দেবর্ষি বলিলেন, 'নরহত্যার মহা অধর্ম্ম সঞ্চিত হয়,' এজন্য তোমাকে পরলোকে অশেষ যন্ত্রণা ভোগ করিতে হইবে। তুমি এই পাপ কার্য্য দ্বারা যাহাদিগের ভরণ পোষণ করিতেছ, তাহারা কি তোমাকে এই মহাপাপ-সাগর হইতে উদ্ধার করিতে পারিবে?' দেবর্ষির বাক্যে রত্নাকর যেন একটু বিচলিত হইল। কিন্তু তৎক্ষণাৎ উত্তর দিল, 'আমি যাঁহাদিগের জন্য এই পাপকার্য্য করিতেছি তাঁহারা সকলেই এই পাপের অংশ গ্রহণ করিবেন।' দেবর্ষি বলিলেন, 'তুমি জান না, তাহারা কেহই তোমার পাপের অংশ গ্রহণ করিবে না। আমার বাক্যে বিশ্বাস না হয়, তাহাদিগকে জিজ্ঞাসা করিয়া আইস। আমরা এই স্থানে অপেক্ষা করিতেছি। তখন রত্নাকর পাছে তাঁহারা পলায়ন করেন এই সন্দেহে সুদৃঢ় লতাপাশে তাঁহাদিগকে বন্ধন করিয়া দ্রুত পদে গৃহাভিমুখে গমন করিল। গৃহে উপস্থিত হইয়াই বৃদ্ধ পিতাকে সম্মুখে দেখিয়া জিজ্ঞাসা করিল যে, তিনি তাহার অনুষ্ঠিত পাপের অংশ গ্রহণ করিতে সম্মত আছেন কি না। উত্তরে বৃদ্ধ কহিলেন, 'আমি তোমার বৃদ্ধপিতা, তোমার পালনীয়। তুমি যেরূপ কর্ম্মের দ্বারাই আমাকে ভরণ কর না কেন, আমি তাহার অংশ গ্রহণ করিব না। তোমার অনুষ্ঠিত কর্ম্মের ফল তুমিই ভোগ করিবে।' পিতার উত্তর শুনিয়া রত্নাকর চিন্তিত হৃদয়ে একে একে মাতা, পত্নী ও পুত্রগণকে পূর্ব্বোক্তরূপে জিজ্ঞাসা করিল। কিন্তু তাহারা কেহই তাহার পাপের অংশ গ্রহণে স্বীকৃত হইল না। তখন রত্নাকর উন্মত্তবৎ দ্রুতপদে গিয়া দেবর্ষির পদতলে পতিত হইল। এবং কাঁদিতে কাঁদিতে তাঁহার করুণা ভিক্ষা করিতে লাগিল। তখন দেবর্ষি দয়া পরবশ হইয়া তাহাকে রাম নাম উচ্চারণ করিতে বলিলেন। কিন্তু নরহত্যাকারী দস্যুর রসনা সে নাম উচ্চারণে সমর্থ হইল না। মহর্ষি চিন্তিত হইলেন। সম্মুখে এক শুষ্ক বৃক্ষ ছিল। মহর্ষি তাহাকে সেই বৃক্ষের অবস্থা বলিতে আদেশ করিলে রত্নাকর মরা বলিল। দেবর্ষি তাহাকে বার বার মরা বলিতে আদেশ করিলেন। রত্নাকর এইরূপে মরা মরা বলিতে বলিতে অবশেষে রাম বলিতে সমর্থ হইল। দেবর্ষি তাহাকে রাম নাম জপ করিতে আজ্ঞা দিলেন। তখন রত্নাকর এক স্থানে বসিয়া একান্ত মনে রাম নাম জপ করিতে লাগিল। বহু বৎসর অতীত হইল। চতুর্দ্দিকে বল্মীকস্তূপ উত্থিত হইয়া রত্নাকরকে আচ্ছন্ন করিল। এই জন্যই তাঁহার নাম বাল্মীকি হইল। এইরূপে রত্নাকর দস্যু মহর্ষি বাল্মীকি হইলেন। একদা মহর্ষি বাল্মীকি এক বৃক্ষতলে বসিয়া ছিলেন, বৃক্ষোপরি দুইটী বক

আর যিনি স্বকীয় অধ্যবসায়ে এবং অলৌকিক শক্তি প্রভাবে ব্রাহ্মণত্ব লাভের স্পর্দ্ধা করিয়াছিলেন, সেই মহর্ষি বিশ্বমিত্রও * কুসঙ্গে পড়িয়া যোগ-

---

রমণনিরত ছিল। সহসা একব্যাধ একটী বককে শরাঘাত করিল। শরবিদ্ধ বক রক্তাক্তকলেবরে বৃক্ষ হইতে মহর্ষির ক্রোড়দেশে পতিত হইয়া পঞ্চত্ব প্রাপ্ত হইল। মহর্ষির হৃদয় করুণায় উচ্ছ্বসিত হইয়া উঠিল। সহসা তাঁহার মুখ হইতে উচ্চারিত হইল; "মা নিষাদ! প্রতিষ্ঠাং ত্বমগমঃ শাশ্বতীঃ সমাঃ। যৎ ক্রৌঞ্চমিথুনাদেকমবধীঃ কামমোহিতং॥" অর্থাৎ 'রে নিষাদ! তুমি রমণনিরত এই ক্রৌঞ্চদ্বয়ের একটীকে বধ করিলে, তুমি কোনকালে জগতে প্রতিষ্ঠা লাভ করিতে পারিবে না।' এরূপ ছন্দের এই নূতন আবির্ভাব। তখন তিনি দেবর্ষি কর্ত্তৃক অনুরুদ্ধ হইয়া এই নব সুমধুর ছন্দে রাম চরিত অবলম্বনে রামায়ণ গ্রন্থ রচনা করিয়া জগতে আদি কবি নামে প্রসিদ্ধ হইলেন। কেবল মহৎ সঙ্গগুণেই নরঘাতী দস্যু রত্নাকর আদি কবি মহর্ষি বাল্মীকি হইলেন॥ (বিস্তারিত বিবরণ বাল্মীকি রামায়ণে দ্রষ্টব্য) তৎপর্য্যায়। "প্রাচেতসোবাল্মীকিশ্চ কাব্যজ্যেষ্ঠঃ কুশীবশঃ। বাল্মীকিঃ।" (ত্রিকাণ্ডশেষ)

* বিশ্বামিত্র।—একদা ভৃগু স্বীয় পুত্র বধূকে দর্শন নিমিত্ত আগমন করিলেন। বধূ সত্যবতী তাঁহাকে পূজা দ্বারা তুষ্ট করিলে তিনি বধূকে বর গ্রহণ করিতে অনুরোধ করিলেন। তখন সত্যবতী আপনার এক তপঃ পরায়ণ বেদপারগ পুত্র এবং স্বীয় জননীর এক বীর পুত্র কামনা করিলেন। মহর্ষিও তথাস্তু বলিয়া মনে মনে বিশ্বকে আবর্ত্তন করিয়া শ্বাসত্যাগ করিলেন। সেই শ্বাস বায়ু হইতে একটী রক্ত ও অপরটী শুভ্র চরু নিঃসৃত হইল। মহর্ষি সেই চরুদ্বয় বধূকে প্রদান করিয়া বলিলেন, 'তোমার মাতা ঋতু স্নান দিবসে অশ্বত্থ বৃক্ষকে আলিঙ্গন করিয়া এই রক্তবর্ণ চরু ভক্ষণ করিবে, এবং তুমি উড়ুম্বর (ডুমুর) বৃক্ষকে আলিঙ্গন করিয়া এই শ্বেত চরু ভক্ষণ করিও। যথাকালে ভ্রমক্রমে সত্যবতী অশ্বত্থ বৃক্ষকে আলিঙ্গন করিয়া রক্তবর্ণ চরু ভক্ষণ করিলেন, এবং তাঁহার জননী উড়ুম্বর বৃক্ষালিঙ্গন করিয়া শুভ্র চরু ভক্ষণ করিলেন। মহর্ষি ভৃগু ধ্যান বলে এই ভ্রমের বিষয় অবগত ও তথায় উপস্থিত হইয়া বলিলেন, 'তোমরা বৃক্ষালিঙ্গন ও চরুভক্ষণ বিপরীত ভাবে করিয়াছ। অতএব তোমার জননীর ব্রাহ্মণাচার ক্ষত্রিয় পুত্র জন্মিবে এবং তোমার ক্ষত্রিয়াচার ব্রাহ্মণপুত্র জন্মিবে।' যথাসময়ে সত্যবতী মহাতেজা যমদগ্নিকে প্রসব করিলেন, তাঁহার জননী—গাধিদেশাধিপতি কুশিক পত্নী, বিশ্বামিত্রকে প্রসব করিলেন। এক সময়ে মহারাজ বিশ্বামিত্র মৃগয়া করিতে গিয়া বশিষ্ঠের আশ্রমে অবস্থিতি করিয়াছিলেন। তথায় বিশ্বামিত্র বশিষ্ঠপালিতা নন্দিনী নাম্নী কামধেনু দর্শন করিয়া তাহাকে লাভ করিবার জন্য মহর্ষির নিকট প্রার্থনা করিলেন। বশিষ্ঠ দিতে স্বীকৃত না হওয়ায় বিশ্বামিত্র ক্রোধভরে বাহুবলে নন্দিনীকে গ্রহণ করিতে উদ্যত হইলেন, কিন্তু বশিষ্ঠের যোগবল সৃষ্ট সৈন্যের নিকট পরাভূত হইলেন। তিনি আপনাকে বড়ই লজ্জিত ও অপমানিত বোধ করিলেন। তখন গাধিরাজ ক্ষত্রিয়বল হইতে ব্রহ্ম বল শ্রেষ্ঠ দেখিয়া ব্রাহ্মণত্বলাভের জন্য উৎসুক হইলেন এবং রাজ্যাধন সমস্ত ত্যাগ করিয়া কঠোর তপস্যা দ্বারা ভগবান ব্রহ্মার আরাধনা করিতে লাগিলেন। বহুদিন পরে, বহু কঠোর সাধনা বলে তাঁহার কামনা সিদ্ধ হইল; তিনি ব্রাহ্মণত্বলাভ করিলেন। যৎকালে তিনি এই কঠোর তপস্যায় নিরত ছিলেন, সেই সময়ে একদা দেবরাজপ্রেরিতা মেনকা নাম্নী অপ্সরা আসিয়া বিবিধ ভাবে তাঁহার যোগভঙ্গের চেষ্টা করিল। তাহার সঙ্গদোষে ক্রমশঃ বিশ্বামিত্রের ধ্যান নিরত চিত্তমনও বিচলিত হইল। তিনি মেনকার রূপে মুগ্ধ হইয়া তপস্যায় জলাঞ্জলি দিতে কুণ্ঠিত হইলেন না। এই বিশ্বামিত্রের ঔরসে এবং মেনকার গর্ভে শকুন্তলার জন্ম। (মহাভারত আদিপর্ব্ব দ্রষ্টব্য)

ভ্রষ্ট ও কুসঙ্গ চালিত হইয়াছিলেন। পুরাণ ইতিহাসে এবংবিধ দৃষ্টান্তের অভাব নাই। এই জন্যই সৎসঙ্গের প্রয়োজন। সদ্বিষয়ের আলোচনা ও সাধুসঙ্গের ফল বলিয়া শেষ করা যায় না। তজ্জন্য ক্রমশঃ সত্ত্বগুণ প্রবল হইয়া উঠে, এবং রজো ও তমঃ পরাভূত হইয়া যায়। এইরূপে যখন সঙ্গদোষে বাসনাদিক্রমে যে যে গুণের আধিক্য হয়, তখন মনুষ্য তদনুরূপ কর্ম্ম সাধনে প্রবৃত্ত হইয়া থাকে। আত্মীয় বিশেষের নিধন হইলে, শ্মশানে সেই আত্মীয়ের সুখসেবিত কলেবরে অগ্নিদান করিয়া দাহ কালে ঘোরতর বৈরাগ্য উপস্থিত হয়। সংসারের অসারতা, জীবনের নশ্বরতা, প্রেমবন্ধনের ভঙ্গুরতা, তখন সহজেই মনুষ্য হৃদ্গত করে; কিন্তু হায়! সেই প্রবৃত্তি অচির কাল মধ্যে বিষয় মোহে, সাংসারিক আবিলতায় আচ্ছন্ন হইয়া যায়। আবার অল্পকালের মধ্যেই সে যে অধম মনুষ্য ছিল, সেই অধম মনুষ্যই হইয়া পড়ে। এই জন্যই যে যে কার্য্যে, যে যে শিক্ষায় এবং যে যে অনুশীলনে সৌদামিনীর ন্যায় স্ফুরিত সৎপ্রবৃত্তি হৃদয়াকাশ হইতে নির্ব্বাপিত হইয়া না যায়, তাহারই প্রযত্ন করা মানবের একান্ত আবশ্যক। সৎ অসৎ পথ চারিদিকেই রহিয়াছে। অসৎ পথ আপাততঃ সুরভিকুসুমাকীর্ণ, কিন্তু তাহার অভ্যন্তর ভাগ কণ্টকীলতা সমাচ্ছন্ন। সৎপথ আপাততঃ দুর্গম অসুখপ্রদ মনে হইলেও তাহার আভ্যন্তরেপরম সুখ সৌভাগ্যপ্রদ রত্নরাজি ঝলসিতেছে। গুণত্রয়ের ন্যূনাতিরেক হেতু অধম বা উত্তম ফলে মনুষ্যের আসক্তি হয়। অতএব যদি বা দৈবাৎ কখন সৎ প্রবৃত্তির উন্মেষ হয়, তখন তাহাকে সযত্নে পরিপোষণ করাই জীবের আবশ্যক ॥ ১০ ॥

——:(০):——

সর্ব্বদ্বারেষু দেহেঽস্মিন্ প্রকাশ উপজায়তে।
জ্ঞানং যদা তদা বিদ্যাদ্বিবৃদ্ধং সত্ত্বমিত্যুত ॥ ১১ ॥

অন্বয়। যদা (যস্মিন্ কালে) অস্মিন্ দেহে সর্ব্বদ্বারেষু (শ্রোত্রাদি-করণেষু) জ্ঞানং (শব্দাদিজ্ঞানাত্মকং) প্রকাশঃ উপজায়তে (উৎপদ্যতে) তদা (তস্মিন্ কালে) উত (অপি) সত্ত্বং বিবৃদ্ধং (উদ্ভূতং) ইতি বিদ্যাৎ (জানীয়াৎ ॥ ১১ ॥

প্রতিশব্দ। যে-সময়ে এই দেহে সকল-ইন্দ্রিয়-দ্বারে জ্ঞানাত্মক প্রকাশ উৎপন্ন-হয়, তৎকালে সত্ত্বগুণ উদ্ভূত ইহা জানিবে ॥ ১১ ॥

ব্যাখ্যা। যে সময়ে এই দেহে শ্রোত্রাদি ইন্দ্রিয় পথে জ্ঞানরূপ প্রকাশ উপজাত হয়, তখনই দেহে সত্ত্বগুণ বর্দ্ধিত হইয়াছে, ইহাই জানিতে হইবে ॥ ১১ ॥

শঙ্করাচার্য্য।—যদা যো গুণঃ সমুদ্ভূতোভবতি তদা তস্য কিং লিঙ্গং উচ্যতে সর্ব্বদ্বারেষু ইতি। সর্ব্বদ্বারেষ্বাত্মন উপলব্ধিদ্বারাণি শ্রোত্রাদীনি সর্ব্বাণি করণানি তেষু দ্বারেষু অন্তঃকরণস্য বুদ্ধের্বৃত্তিঃ প্রকাশোদেহেঽস্মিন্ প্রকাশশব্দবাচ্যঃ সর্ব্বদ্বারেষু উপজায়তে তদেব জ্ঞানং যদৈবং প্রকাশোজ্ঞানাখ্য উপজায়তে তদা জ্ঞানপ্রকাশেন লিঙ্গেন বিদ্যাদ্বিবৃদ্ধং উদ্ভূতং সত্ত্বমিত্যুতাপি ॥ ১১ ॥

আনন্দগিরি।—উত্তরশ্লোকত্রয়স্যাকাঙ্ক্ষাং দর্শয়তি যদেতি। সত্ত্বোদ্ভবলিঙ্গদর্শনার্থমনন্তরং শ্লোকমুত্থাপয়তি উচ্যত ইতি। (সর্ব্বদ্বারেষিত্যাদি সপ্তমী নিমিত্তে নেতব্যা,) উতশব্দোঽপিশব্দপর্য্যায়োপ্যাতিশয়ার্থঃ। ১১।

রামানুজ।—তচ্চ কার্য্যোপলব্ধ্যা বাবগচ্ছেদিত্যাহ সর্ব্বেতি। সর্ব্বেষু চক্ষুরাদিষু জ্ঞানদ্বারেষু যদা বস্তুযাথাত্ম্যপ্রকাশে জ্ঞানমুপজায়তে তদাস্মিন্ দেহে সত্ত্বং প্রবৃদ্ধমিতি বিদ্যাৎ ॥ ১১ ॥

হনুমান্।—সর্ব্বদ্বারেষু সর্ব্বেন্দ্রিয়েষু প্রকাশো জ্ঞানং প্রকাশশব্দবাচ্যম্ ॥ ১১ ॥

শ্রীধর।—ইদানীং সত্ত্বাদীনাং বিবৃদ্ধানাং লিঙ্গান্যাহ সর্ব্বদ্বারেষ্বিতি ত্রিভিঃ। অস্মিন্নাত্মনো ভোগায়তনে দেহে সর্ব্বেষ্বপি দ্বারেষু শ্রোত্রাদিষু যদা শব্দাদিজ্ঞানাত্মকঃ প্রকাশ উপজায়তে উৎপদ্যতে, তদানেন প্রকাশলিঙ্গেন সত্ত্বং বিবৃদ্ধং বিদ্যাৎ জানীয়াৎ। উতশব্দাৎ সুখাদিলিঙ্গেনাপি জানীয়াদিত্যুক্তং ॥ ১১ ॥

বলদেব।—উৎকৃষ্টানাং সত্ত্বাদীনাং লিঙ্গান্যাহ সর্ব্বেতি ত্রিভিঃ। যদা সর্ব্বেষু জ্ঞানদ্বারেষু শ্রোত্রাদিষু শব্দাদিযাথাত্ম্যপ্রকাশরূপং জ্ঞানমুপজায়তে তদা তাদৃশজ্ঞানলিঙ্গেনাস্মিন্ দেহে সত্ত্বং বিবৃদ্ধং বিদ্যাৎ। উতেত্যপ্যর্থে। সুখলিঙ্গেনাপি তদ্বিদ্যাদিত্যর্থঃ ॥ ১১ ॥

মধুসূদন।—ইদানীমুক্তানাং তেষাং লিঙ্গান্যাহ ত্রিভিঃ। অস্মিন্নাত্মনো ভোগায়তনে দেহে সর্ব্বেষ্বপি দ্বারেষু উপলব্ধিসাধনেষু শ্রোত্রাদিকরণেষু যদা প্রকাশঃ বুদ্ধিপরিণামবিশেষোবিষয়াকারঃ স্ববিষয়াবরণবিরোধী দীপবৎ তদেব জ্ঞানম্ শব্দাদিবিষয় উপজায়তে, তদা [illegible] শব্দাদিবিষয়জ্ঞানাখ্যপ্রকাশেন লিঙ্গেন প্রকাশাত্মকং সত্ত্বং বিবৃদ্ধমুদ্ভূতমিতি [illegible] অপি সুখাদিলিঙ্গেনাপি জানীয়াদিত্যর্থঃ ॥ ১১ ॥

নীলকণ্ঠ।—তদ্বদ্গুণোদ্ভবলিঙ্গান্যাহ ত্রিভিঃ। দেহে যদা সর্ব্বেষু দ্বারেষু বাহ্যাভ্যন্তরবিষয়োপলব্ধিসাধনেষু বাহ্যাভ্যন্তরকরণেষু স্ববিষয়াবরণবিরোধী পরিণাম [illegible]

বিশেষোজ্জায়তে, তেন চ জ্ঞানং শব্দাদিবিষয়স্য যাথাত্ম্যেন প্রকাশো যদা জায়তে তদা সত্ত্বং বিবৃদ্ধমিতি বিদ্যাৎ জানীয়াৎ উত অপি সুখাদিলিঙ্গেনাপি জানীয়াদিত্যর্থঃ ॥ ১১ ॥

বিশ্বনাথ।—বর্দ্ধমানো গুণ এব স্বাপেক্ষয়া ক্ষীণাবিতরৌ গুণাবভিভবতীত্যুক্তং অতস্তেষাং বৃদ্ধিলিঙ্গান্যাহ সর্ব্বেতি ত্রিভিঃ। সর্ব্বদ্বারেষু শ্রোত্রাদিষু যদা প্রকাশঃ স্যাৎকীদৃশঃ জ্ঞানং বৈদিকশব্দাদিযথার্থজ্ঞানাত্মকঃ তদা তাদৃশজ্ঞানলিঙ্গেনৈব সত্ত্বং বিবৃদ্ধমিতি জানীয়াৎ। উত শব্দাদাত্মোত্থসুখাত্মকঃ প্রকাশশ্চ যদেতি ॥ ১১ ॥

তাৎপর্য্য।—গুণত্রয়ের সঙ্গকত্ব ও বন্ধকত্বের বিষয় পূর্ব্বে বিশদরূপে কীর্ত্তিত হইয়াছে। এক্ষণে কোন্ কোন্ লক্ষণ দ্বারা কোন্ কোন্ গুণের আবির্ভাব, বৃদ্ধি ও পরিপুষ্টি বুঝা যাইবে, তাহাই নির্দ্দিষ্ট হইতেছে। মানবের শ্রোত্র নেত্রাদি ইন্দ্রিয় সমূহ দেহের দ্বারস্বরূপ। সেই ইন্দ্রিয়রূপ দ্বার পথে যখন কেবল জ্ঞানের উপলব্ধি হইয়া থাকে, অর্থাৎ যখন ইন্দ্রিয়-গ্রাম দ্বারা কেবল জ্ঞানই প্রকাশিত হয়, এবং জ্ঞানেরই অববোধ হয়, তখনই বুঝিতে হইবে যে সত্ত্বগুণের বৃদ্ধি হইয়াছে। মূলস্থিত "উত" শব্দ দ্বারা ইহাই সূচিত হইতেছে যে, সুখাদি লক্ষণ দ্বারাও সত্ত্বগুণের বৃদ্ধি অনুভব করা হয়।

যখন শ্রোত্র বিশ্বের বিষম কোলাহলের মধ্যে, বীণাঝঙ্কার সহকৃত মধুর গীতধ্বনির মধ্যে, শোকের হৃদয়ভেদী আর্ত্তনাদের মধ্যে কেবল সারস্বরূপ সত্যস্বরূপ এবং স্থায়িস্বরূপ স্বরই শুনিতে পায়; যখন নয়ন যাবতীয় তৃপ্তিকর দৃশ্যের মধ্যে, বিশ্বব্যাপারের বিচিত্র নৈপুণ্যলীলার মধ্যে এবং কুসুমাকীর্ণ গন্ধামোদিত প্রমোদকানন মধ্যে অসার ও অলীক পদার্থ অগ্রাহ্য করিয়া কেবল চিন্ময় পরম পুরুষের বিকাশ দেখিতে পায়; এইরূপে নাসিকাদি ইন্দ্রিয়গ্রাম যখন সার পদার্থই নির্ব্বাচন করে, সত্যকেই যখন অনুভব ও প্রকাশ করে, এবং পরম প্রাপ্য বস্তুকে প্রাপ্তির নিমিত্ত যখন ব্যাকুল হয়, তখনই বুঝিতে হইবে, তথাবিধ ইন্দ্রিয়গ্রাম সম্পন্ন দেহীর অন্তরে সত্ত্বগুণের আবির্ভাব হইয়াছে। যখন তাঁহার ঐহিক ক্ষণ-স্থায়ী অকিঞ্চিৎকর সুখে আর তৃপ্তি হয় না, যখন তিনি তুচ্ছ ও ঘৃণিত বিষয়

করণেষুব, আসক্ত হইতে চাহেন না, এবং যখন তিনি পরম সুখের

পদ্যতে) তদা (ত তখনই বুঝিতে হইবে, তাঁহার হৃদয়ে সত্ত্ব গুণের

ইতি বিদ্যাৎ (জানীয়াৎ ॥ ১১ ... হইতেছে ॥ ১১ ॥

লোভঃ প্রবৃত্তিরারম্ভঃ কর্ম্মণামশমঃ স্পৃহা।
রজস্যেতানি জায়ন্তে বিবৃদ্ধে ভরতর্ষভ!॥ ১২॥

অন্বয়। হে ভরতর্ষভ! লোভঃ প্রবৃত্তিঃ আরম্ভঃ (কর্ম্মোদ্যমঃ) কর্ম্মণাং অশমঃ (অনিবৃত্তিঃ) স্পৃহা (বিষয়তৃষ্ণা), এতানি রজসি বিবৃদ্ধে (বৃদ্ধিপ্রাপ্তে) [সতি] জায়ন্তে॥ ১২॥

প্রতিশব্দ। হে ভরতর্ষভ! লোভ, প্রবৃত্তি, উদ্যম, কর্ম্মের অনিবৃত্তি, স্পৃহা, এই সকল রজোগুণ বর্দ্ধিত-হইলে জন্মে॥ ১২॥

ব্যাখ্যা। হে ভরতকুলরত্ন! যে সময় দেহে রজোগুণ বর্দ্ধিত হয়, তৎকালে লোভ, প্রবৃত্তি, কর্ম্মোদ্যম, কর্ম্মের অশান্তি, বিষয়তৃষ্ণা উপজাত হইয়া থাকে॥ ১২॥

শঙ্করাচার্য্য।—রজস উদ্ভূতস্যেদং চিহ্নং লোভ ইতি। লোভঃ পরদ্রব্যাদিৎসা, প্রবৃত্তিঃ প্রবর্ত্তনং সামান্যচেষ্টা আরম্ভঃ উদ্যমঃ কস্য কর্ম্মণামশমঃ অনুপশমঃ হর্ষরাগাদিপ্রবৃত্তিঃ, স্পৃহা সর্ব্বসামান্যবস্তুবিষয়া তৃষ্ণা রজসি গুণে বিবৃদ্ধে এতানি লিঙ্গানি জায়ন্তে হে ভরতর্ষভ!॥ ১২॥

আনন্দগিরি।—অতিশয়েনোদ্ভূতস্য রজসো লিঙ্গমাহ রজসইতি। উপক্রমপর্য্যায়স্যারম্ভস্য বিষয়ং পৃচ্ছতি কস্যেতি। কাম্যানি নিষিদ্ধানি চ লৌকিকানি কর্ম্মাণি বিষয়ত্বেন নির্দ্দিশতি কর্ম্মণামিতি। অনুপশমো বাহ্যান্তঃকরণানামিতিশেষঃ। লোভাদ্যুপলম্ভাদ্রজোবৃদ্ধির্বোদ্ধব্যাইতি ভাবঃ॥ ১২॥

রামানুজ।—লোভইতি। লোভঃ স্বকীয়দ্রব্যাত্যাগশীলতা প্রবৃত্তিঃ প্রয়োজনমনুদ্দিশ্যাপি চলস্বভাবতা আরম্ভঃ কর্ম্মণাং ফলসাধনভূতানাং কর্ম্মণামারম্ভ উদ্যোগঃ অশমঃ ইন্দ্রিয়ানুপরতিঃ স্পৃহাবিষয়েচ্ছা। এতানি রজসি প্রবৃদ্ধে জায়ন্তে। যদা লোভাদয়ো বর্ত্তন্তে তদা রজঃ প্রবৃদ্ধমিতি বিদ্যাৎ॥ ১২॥

হনুমান্।—লোভ ইতি শাস্ত্রেণ প্রাপ্তযোগানাংযোগঃ তথা শাস্ত্রেণ নিষিদ্ধস্য পরিগ্রহণং পরিগ্রহশ্চ প্রবৃত্তিপ্রকর্ষেণ বর্ত্তনং চেষ্টা স্বভাবত আরম্ভ কর্ম্মণাং লৌকিক বৈদিকানামশমঃ ক্রোধহর্ষাদি সাম্যং॥ ১২॥

শ্রীধর।—কিঞ্চ লোভ ইতি। লোভোধনাদ্যাগমে বহুধা জায়মানেঽপি সঃ পুনঃ পুনর্ব্বর্দ্ধমানোঽভিলাষঃ, প্রবৃত্তির্নিত্যং কুর্ব্বদ্রূপতা, কর্ম্মণামারম্ভোগৃহাদ্যর্থাদিনির্ম্মাণোদ্যমঃ, অশমঃ ইদং কৃত্বেদং করিষ্যামীত্যাদিসঙ্কল্পবিকল্পানুপরমঃ, স্পৃহা উচ্চাবচেষু দৃষ্টমাত্রেষু বস্তুষু ইতস্ততো জিঘৃক্ষা, রজসি বিবৃদ্ধে সতি এতানি লিঙ্গানি জায়ন্তে এভির্লিঙ্গৈরজোগুণস্য বিবৃদ্ধিং জানীয়াদিত্যর্থঃ॥ ১২॥

বলদেব।—লোভঃ স্বদ্রব্যাত্যাগপরতা প্রবৃত্তিঃ তদ্বৃদ্ধিযত্নপরতা কর্ম্মণাং গৃহনির্ম্মাণাদীনামারম্ভঃ অশমো বিষয়ভোগাদিন্দ্রিয়াণামনুপরতিঃ স্পৃহা বিষয়লিপ্সা এতৈর্লিঙ্গৈ রজোবিবৃদ্ধং বিদ্যাৎ॥ ১২॥

মধুসূদন।—মহতি ধনাগমে জায়মানেঽপ্যনুক্ষণং বর্দ্ধমানস্তদভিলাষো লোভঃ স্ববিষয়প্রাপ্ত্যনিবর্ত্ত্য ইচ্ছাবিশেষ ইতি যাবৎ, প্রবৃত্তির্নিরন্তরং প্রযতমানতা, আরম্ভঃ কর্ম্মণাং বহুবিত্তব্যয়ায়াসকরাণাং কাম্যনিষিদ্ধলৌকিকমহাগৃহাদিবিষয়াণাং ব্যাপারাণামুদ্যমঃ. অশমঃ ইদং কৃত্বেদং করিষ্যামীতি সঙ্কল্পপ্রবাহানুপরমঃ, স্পৃহা উচ্চাবচেষু পরধনেষু যেন কেনাপ্যুপায়েনোপাদিৎসা, রজসি রাগাত্মকে বিবৃদ্ধে এতানি রাগাত্মকানি লিঙ্গানি জায়ন্তে হে ভরতর্ষভ! এতৈর্লিঙ্গৈর্ব্বিবৃদ্ধং রজো জানীয়াদিত্যর্থঃ॥ ১২॥

নীলকণ্ঠ।—লোভঃ প্রাপ্তাধিকে গর্দ্ধঃ, প্রবৃত্তিরগ্নিহোত্রাদৌ, আরম্ভো গৃহাদেঃ কর্ম্মণাম্. অশমঃ সত্তামসতাং বা কার্য্যাণাম্ অনুপরমঃ, স্পৃহা দৃষ্টে পরধনাদৌ উপাদিৎসা, রজসি বিবৃদ্ধে সতি এতানি লিঙ্গানি জায়ন্তে হে ভরতর্ষভ!॥ ১২।

বিশ্বনাথ।—প্রবৃত্তির্নানা প্রযত্নপরতা। কর্ম্মণামারম্ভঃ গৃহাদি নির্ম্মাণোদ্যমঃ অশমো বিষয়ভোগানুপরতি॥ ১২॥

তাৎপর্য্য।—অতঃপর রজোগুণ বিবৃদ্ধির লক্ষণ নির্দ্দিষ্ট হইতেছে। রজোগুণ রাগাত্মক অর্থাৎ তাহা অনুরাগ বৃদ্ধিকারী। বিষয় আকাঙ্ক্ষা ও তৃষ্ণা রজোগুণ প্রভাবে সংবর্দ্ধিত হইয়া থাকে। যখন রাজ্য ধন রত্নাদি বস্তু প্রভুত প্রমাণে সংগৃহীত হইলেও অধিকতর পরিমাণে প্রাপ্তির নিমিত্ত বলবান লোভ থাকে, যখন চেষ্টা এবং ভক্ষ্যভোজ্য লাভার্থ প্রযত্ন অব্যাহত গতিতে হৃদয়কে চঞ্চল করে, যখন অট্টালিকা নির্ম্মাণাদি ব্যাপারে সর্ব্বদা বিনিযুক্ত থাকিবার বাসনা প্রবল হয়, যখন এই কার্য্যের পর এই কার্য্য, তদনন্তর অন্য কার্য্য সম্পাদনের ধারাবাহিক সঙ্কল্প প্রবাহ হৃদয়কে নিরন্তর আকাঙ্ক্ষা পূর্ণ করিয়া রাখে, এবং যখন দর্শন মাত্রেই বস্তু বিশেষ হস্তগত ও স্বকীয় করিবার নিমিত্ত প্রবল বাসনা জন্মে, তখনই বুঝিতে হইবে, রজোগুণের বিবৃদ্ধি হইয়াছে।

পূর্ব্বে কথিত হইয়াছে যে, রজোগুণ কর্ম্মারম্ভ। বিষয় লোভ, ভোগ স্পৃহা, এবং অদনীয়া প্রবৃত্তি মনুষ্যকে বিবিধ কর্ম্ম বন্ধনে বদ্ধ করে, কর্ম্ম হইতে কর্ম্মান্তরে প্রবৃত্ত হইয়া রজোগুণের প্রাবল্যে মনুষ্য নিরন্তর স্বকীয় ঐহিক মান সম্ভ্রম বিষয় লালসা ও ভোগ্যবস্তুলাভের নিমিত্ত বিনিযুক্ত হইয়া থাকে। এবম্বিধ কর্ম্মময়তা রজোগুণেরই পরিচায়ক। ভারত মণ্ডলের

ক্ষত্রিয়গণ* প্রধানতঃ রজোগুণান্বিত বলিয়া কীর্ত্তিত হইয়া থাকেন। রাজ্য, হয়, হস্তী, দাস দাসী এবং বনিতা লাভের নিমিত্ত তাঁহাদিগের সমরাদি ব্যাপার দেখিলে সমালোচ্য শ্লোকোক্ত লক্ষণ সমূহের সুন্দররূপ দৃষ্টান্ত দেখিতে পাওয়া যায়। "ভরতর্ষভ" নামে অর্জ্জুনকে সম্বোধন করায় ইহাই সূচিত হইতেছে যে, খ্যাতনামা ক্ষত্রিয় প্রবর ভারতরাজার বংশে অর্জ্জুনের জন্ম এবং ক্ষত্রিয়োচিত কুল ধর্ম্মে তিনি যশস্বী॥ ১২॥

—:•:—

অপ্রকাশোঽপ্রবৃত্তিশ্চ প্রমাদো মোহ এব চ।
তমস্যেতানি জায়ন্তে বিবৃদ্ধে কুরুনন্দন!॥ ১৩॥

অন্বয়। হে কুরুনন্দন! অপ্রকাশঃ (অবিবেকঃ) অপ্রবৃত্তিঃ (অনুদ্যমঃ) প্রমাদঃ (অনবধানতা) মোহঃ (মূঢ়তা) এব চ এতানি তমসি বিবৃদ্ধে (বর্দ্ধিতে) [সতি] জায়ন্তে (উৎপদ্যন্তে)॥ ১৩॥

প্রতিশব্দ। হে কুরুনন্দন! অবিবেক, অনুদ্যম, প্রমাদ এবং মোহ, এই-সকল তমোগুণ বর্দ্ধিত [হইলে] উৎপন্ন হয়॥ ১৩॥

ব্যাখ্যা। হে কুরুবংশাবতংশ! যৎকালে জীবের দেহে তমোগুণের প্রাবল্য হয়, তখন তাহাতে অবিবেক, নিরুদ্যমতা, প্রমাদ এবং মূঢ়তা, এই সকল আবির্ভূত হইয়া থাকে॥ ১৩॥

শঙ্করাচার্য্য।—অপ্রকাশ ইতি। অপ্রকাশোঽবিবেকোঽত্যন্তমপ্রবৃত্তিশ্চ প্রবৃত্ত্যভাবঃ তৎকার্য্যং প্রমাদোমোহ এব চ অবিবেকোমূঢ়তেত্যর্থঃ, তমসি গুণে বিবৃদ্ধে এতানি লিঙ্গানি জায়ন্তে হে কুরুনন্দন!॥ ১৩॥

আনন্দগিরি।—উদ্ভূতস্য তমসো লিঙ্গমাহ অপ্রকাশইতি। সর্ব্বথৈব জ্ঞানকর্ম্মণোরভাবো বিশেষণাভ্যামুক্তস্তৎকার্য্যমিতি তচ্ছব্দো দর্শিতাবিবেকার্থঃ, প্রমাদো ব্যাখ্যাতঃ, মোহো বদিতব্যস্যান্যথাবেদনং। তস্যৈব মৌঢ্যান্তরত্বমাহ অবিবেকইতি। অবিবেকাতিশয়াদিনা প্রবৃদ্ধস্তমোগুণমিতিভাবঃ॥ ১৩॥

* "ক্ষত্রজং সেবতে কর্ম্ম বেদাধ্যয়ন সংযুতঃ। দানাদান বহির্গস্তু ন বৈ ক্ষত্রিয় উচ্যতে। তস্য ধর্ম্মো যথা। যদ উবাচ। ক্ষত্রিয়স্যাপি যোধর্ম্মস্তং তে বক্ষ্যামি পার্থিব। দদ্যাদ্রাজা ন যাচেত যজেত ন চ যাজয়েৎ॥

রামানুজ।—অপ্রকাশ ইতি। অপ্রকাশো জ্ঞানানুদয়ঃ। অপ্রবৃত্তিস্তব্ধতা প্রমাদঃ অকার্য্যপ্রবৃত্তিফলমনবধানং মোহো বিপরীতজ্ঞানং এতানি তমসি প্রবৃদ্ধে জায়ন্তে এতৈস্তমঃ প্রবৃদ্ধমিতি বিদ্যাৎ॥ ১৩॥

হনুমান্।—অপ্রকাশঃ অজ্ঞানং অপ্রবৃত্তিরালস্যং প্রমাদঃ প্রাপ্তাপ্রতিপত্তি মোহঃ অবিবেকঃ॥ ১৩॥

শ্রীধর।—কিঞ্চ অপ্রকাশ ইতি। অপ্রকাশোবিবেকভ্রংশঃ, অপ্রবৃত্তিরনুদ্যমঃ, প্রমাদঃ কর্ত্তব্যার্থানুসন্ধানরাহিত্যং, মোহো মিথ্যাভিনিবেশঃ, তমসি প্রবৃদ্ধে সত্যেতানি লিঙ্গানি জায়ন্তে। এতৈস্তমসোবৃদ্ধিং জানীয়াদিত্যর্থঃ॥ ১৩॥

বলদেব।—অপ্রকাশো জ্ঞানাভাবঃ শাস্ত্রাবিহিতবিষয়গ্রহরূপঃ অপ্রবৃত্তিঃ ক্রিয়াবিমুখতা প্রমাদঃ করাদিস্থেঽপ্যর্থে নাস্তীতি প্রত্যয়ঃ মোহো মিথ্যাভিনিবেশঃ এতৈর্লিঙ্গৈস্তমোবিবৃদ্ধং বিদ্যাৎ॥ ১৩॥

মধুসূদন।—অপ্রকাশঃ সত্যপ্যুপদেশাদৌ বোধকারণে সর্ব্বথা বোধাযোগ্যত্বং অপ্রবৃত্তিশ্চ সত্যপ্যগ্নিহোত্রং জুহুয়াদিত্যাদৌ প্রবৃত্তিকারণে জনিতবোধেঽপি শাস্ত্রে সর্ব্বথা তৎ প্রবৃত্ত্যযোগ্যত্বং প্রমাদস্তৎকালকর্ত্তব্যত্বেন প্রাপ্তস্যার্থস্যানুসন্ধানাভাবঃ মোহ এব চ মোহো নিদ্রা বিপর্য্যয়োবা। চৌ সমুচ্চয়ে এবকারোব্যভিচারবারণার্থঃ। তমস্যেব বিবৃদ্ধে এতানি লিঙ্গানি জায়ন্তে হে কুরুনন্দন! অত এতৈর্লিঙ্গৈরব্যভিচারিভির্বিবৃদ্ধং তমোজানীয়াদিত্যর্থঃ॥১৩॥

নীলকণ্ঠ।—সত্যপ্রবোধকে গুর্ব্বাদৌ অপ্রকাশঃ সত্ত্বকার্য্যপ্রকাশানুদয়ঃ, অপ্রবৃত্তিঃ সত্যপি প্রবৃত্তিনিমিত্তে রজঃকার্য্যপ্রবৃত্ত্যনুদয়ঃ প্রমাদঃ কার্য্যাকার্য্যবিবেকরাহিত্যং মোহোনিদ্রাদিরূপঃ॥ ১৩॥

বিশ্বনাথ।—অপ্রকাশো বিবেকাভাবঃ শাস্ত্রাবিহিতশব্দাদিগ্রহণং। অপ্রবৃত্তিঃ প্রযত্নমাত্ররাহিত্যং। প্রমাদঃ কণ্ঠাদিধৃতেঽপি বস্তুনি নাস্তীতি প্রত্যয়ঃ মোহো মিথ্যাভিনিবেশঃ॥১৩॥

তাৎপর্য্য।—অতঃপর তমোগুণের লক্ষণ নির্দ্দিষ্ট হইতেছে। অবিবেকিতা অর্থাৎ প্রকৃষ্ট বুদ্ধি সহকারে বিষয়াববোধের অক্ষমতা, তমোগুণের একটী লক্ষণ। যখন শাস্ত্রোপদেশ বা গুরূপদেশ প্রণিধান করিবার ক্ষমতা

নাধ্যাপয়েদদীক্ষিত প্রজাশ্চ পরিপালয়েৎ। নিত্যোদ্যুক্তো দস্যুবধে রণে কুর্য্যাৎ পরাক্রমম্॥ যেতু ক্রতুভিরীজানাঃ শ্রুতবন্তশ্চ পার্থিবাঃ। যেতু যুদ্ধে বিজেতারস্তে তু লোকজিতোনৃপাঃ॥ অবিক্ষত শরীরোহি সংগরাদ্যো নিবর্ত্ততে। ক্ষত্রিয়স্য তু তৎকর্ম নোভয়ত্র যশঃপ্রদঃ॥ ক্ষত্রিয়াণামিমং ধর্ম্মো নির্ণীতো মুনিভিঃপরঃ। নাস্য কৃত্যতমং কিঞ্চিদান্যো দস্যুনিগ্রহাৎ॥ দান মধ্যয়নং যজ্ঞো রাজ্ঞাং ক্ষেমোঽভিধীয়তে। তস্মাদ্রাজ্ঞা মহারাজ যোদ্ধব্যং ধর্ম্মশীলিনা॥ প্রজাঃ স্বেষু চ ধর্ম্মেষু স্থাপয়েত মহীপতিঃ। ধর্ম্মণোব হি কর্ম্মাণি কারয়েৎ সততংপ্রজাঃ॥ পরমাং সিদ্ধিমাপ্নোতি নৃপাতিঃ পরিপালনাৎ। কুর্য্যাদান্যন্ন বা কুর্য্যান্মৈত্রো রাজন্য উচ্যতে॥ (পাদ্মে ২৬ অধ্যায়ঃ)॥ বেদানধীত্য শ্রেণ রাজ শাস্ত্রাণি চানঘ। সর্ব্বাণ্যপীনি কর্ম্মাণি কৃত্বা সোমং নিষেব্যচ। পালয়িত্বা

না থাকে এবং তদনুসারে প্রবৃত্তি না হয়, তখনই বুঝিতে হইবে যে অবিবেকিতা প্রবল হইয়াছে। অনুদ্যমতা তমোগুণের আর একটী লক্ষণ। যখন উৎসাহ সহকারে কর্ত্তব্য কর্ম্ম সম্পাদনে আগ্রহ না হয়, তখনই বুঝিতে হইবে, তমোগুণের প্রাবল্য ঘটিয়াছে। অননুসন্ধিৎসা তমোগুণের আর একটী লক্ষণ। যখন লব্ধ অর্থের বা প্রাপ্ত ফলাফলের কারণানুসন্ধান করিতে প্রবৃত্তি না হয়, তখনই বুঝিতে হইবে, তমোগুণের বিবৃদ্ধি ঘটিয়াছে। মূঢ়তা ইহার একটী লক্ষণ। যখন মিথ্যা বিষয়ে অভিনিবেশ হয় বা নিদ্রা কিম্বা বিপরীত বুদ্ধি প্রকৃত বিষয়গ্রহে ব্যাঘাত উৎপন্ন করে, তখনই বুঝিতে হইবে, তমোগুণের বিবৃদ্ধি হইয়াছে।

আত্মা কর্ত্তব্য বিষয়ানুসন্ধানে যখন প্রবৃত্ত হইতে চাহে না; পরম কল্যাণপ্রদ বিষয় বিশেষের উপদেশ লাভ করিয়াও যখন তদনুষ্ঠানে প্রবৃত্ত হয় না, যখন ভ্রম প্রমাদাদির অধীন হইয়া তত্ত্বজ্ঞান নিরূপণে উৎসাহ দেখায় না, যখন নিদ্রা তন্দ্রা ও আলস্যে অভিভূত হইয়া কর্ত্তব্যানুসরণে প্রবৃত্ত হইতে চাহে না, এবং যখন মোহের প্রাবল্যে আপনার বিবেককে আচ্ছন্ন করিয়া রাখে, তখনই বুঝিতে হইবে যে, হৃদয়ে তমোগুণের উদ্ভব ও বৃদ্ধি হইয়াছে।

হে কুরুনন্দন! তুমি বলবীর্য্য সম্পন্ন, অথচ ধর্ম্মপরায়ণ কুরু ও ভরতের বংশে জন্মগ্রহণ করিয়াছে, তমোগুণ এতদ্বংশীয় কোন ব্যক্তিকেই অধিকার করিতে পারে নাই।

মূলে সমুচ্চয়ার্থে চকারের প্রয়োগ হইয়াছে, এবং সমর্থনার্থ এবকার প্রযুক্ত হইয়াছে ॥ ১৩ ॥

ভাঃ সর্ব্বা ধর্ম্মেণ জয়ত্যথ। রাজসূয়াশ্বমেধাদীন্ যজ্ঞানন্যাংস্তথৈব চ ॥ আনয়িত্বা যথাপাঠং বিপ্রেভ্যো দত্তদক্ষিণঃ। সংগ্রামে বিজয়ং প্রাপ্য তথাল্পং যদি বা বহু ॥ স্থাপয়িত্বা প্রজাপালং পুত্রং রাজ্যে চ পার্থিব। অন্যগোত্রং প্রশস্তং বা ক্ষত্রিয়ং ক্ষত্রিয়র্ষভ ॥ অর্চয়িত্বা পিতৄন্ সম্যক্ পিতৃযজ্ঞৈর্যথাবিধি। দেবান্ যজ্ঞৈর্ঋষীন্ বেদৈরর্চয়িত্বা তু ভূতঃ ॥ অন্তকালে চ সম্প্রাপ্তে য ইচ্ছেদাশ্রমান্তরং। সোঽনুপূর্ব্ব্যাশ্রমান্ রাজন্ গত্বা সিদ্ধিমবাপ্নুয়াৎ ॥ রাজর্ষিত্বেন রাজেন্দ্র ভৈক্ষচর্য্যাপ্যসেবয়া। অপেতগৃহধর্ম্মোঽপি চরেজ্জীবিতকাম্যয়া ॥ ন চৈতন্নৈষ্ঠিকং কর্ম্ম ত্রয়াণাং ভূরিদক্ষিণঃ। চতুর্ণাং রাজশার্দ্দূল প্রাহুরাশ্রমবাসিনাং ॥ বাহ্বায়ত্তং ক্ষত্রিয়ৈর্মানবানাং লোকশ্রেষ্ঠং ধর্ম্মমাসেবমানৈঃ। সর্ব্বে ধর্ম্মাঃ সোপধর্ম্মাস্ত্রয়াণাং রাজ্ঞো ধর্ম্মাদিতি বেদাৎ শৃণোমি ॥ এবং ধর্ম্মপ্রধানে ধর্ম্মেষু সর্ব্বান্ অবস্থঃ সম্প্রলীনান্নিবোধ। অল্পাশ্রয়ানল্পফলান্ বদন্তি ধর্ম্মানন্যান্ ধর্ম্মবিদো মনুষ্যাঃ ॥ মহাশ্রয়ং বহুকল্যাণরূপং ক্ষাত্রং ধর্ম্মং নেতরং প্রাহুরার্য্যাঃ। সর্ব্বে ধর্ম্মা রাজধর্ম্মপ্রধানাঃ সর্ব্বে ধর্ম্মাঃ পাল্যমানা ভবন্তি ॥

যদা সত্ত্বে প্রবৃদ্ধে তু প্রলয়ং যাতি দেহভৃৎ।
তদোত্তমবিদাং লোকানমলান্ প্রতিপদ্যতে ॥ ১৪ ॥

অন্বয়। যদা (যস্মিন্‌কালে) তু সত্ত্বে প্রবৃদ্ধে (বৃদ্ধিং প্রাপ্তে) [সতি] দেহভৃৎ (জীবঃ) প্রলয়ং (বিনাশং) যাতি (প্রাপ্নোতি) তদা (তস্মিন্‌কালে) উত্তমবিদাং (মহদাদি তত্ত্বজ্ঞানাং) অমলান্ (রজস্তমো-রহিতান্) লোকান্ প্রতিপদ্যতে (লভতে) ॥ ১৪ ॥

প্রতিশব্দ। যে-কালে সত্ত্বগুণ বৃদ্ধি-প্রাপ্ত [হইলে] জীব মৃত্যুকে প্রাপ্ত-হয়, তৎ-কালে মহদাদি-তত্ত্ববিদ্‌গণের নির্ম্মল লোককে লাভ-করে ॥ ১৪ ।

ব্যাখ্যা। যে সময়ে দেহে সত্ত্বগুণের প্রাবল্য হয়, তৎকালে জীব যদি মৃত হয়, তাহা হইলে, রজঃস্তম প্রভৃতি মলরহিত তত্ত্বজ্ঞগণের বাসভূমি উত্তম লোককে প্রাপ্ত হইয়া থাকে ॥ ১৪ ॥

শঙ্করাচার্য্য।—মরণদ্বারেণাপি যৎ ফলং প্রাপ্যতে তদপি সঙ্গরাগহেতুকং সর্ব্বগৌণমেবেতি দর্শয়ন্নাহ যদেতি। যদা সত্ত্বে প্রবৃদ্ধে উদ্‌ভূতে তু প্রলয়ং মরণং যাতি প্রতিপদ্যতে দেহভৃদাত্মা, তদা উত্তমবিদাম্ মহদাদিতত্ত্ববিদামিত্যেতল্লোকানমলান্ মলরহিতান্ প্রতিপদ্যতে প্রাপ্নোতীত্যেতৎ ॥ ১৪ ॥

আনন্দগিরি।—সাত্ত্বিকাদীনাং ভাবানাং পারলৌকিকং ফলবিভাগ মুদাহরতি মরণেতি। সঙ্গঃ সঙ্গোরাগঃ তৃষ্ণা তদ্বলানুষ্ঠানদ্বারা লভ্যমানমিত্যর্থঃ। গৌণং সঙ্গাদি গুণ প্রযুক্তমিতি যাবৎ। তত্র সত্ত্বগুণবৃদ্ধিকৃতফলবিশেষমাহ যদেতি। মলরহিতান্ রজস্তমসোরন্যতরস্তোস্তবো মলং তেন রহিতানাগমসিদ্ধান্ ব্রহ্মলোকাদীনিত্যর্থঃ ॥ ১৪ ॥

নারদ বলিলেন, অতঃপর আমি ক্ষত্রিয়গণের ধর্ম্ম কীর্ত্তন করিতেছি। রাজা দান করিবেন, কিন্তু যাচ্‌ঞা করিবেন না, অধ্যয়ন করিবেন, অধ্যাপনা করিবেন না। যজ্ঞানুষ্ঠান করিবেন, যাজনা করিবেন না। সর্ব্বদা দস্যুগণের বধবিষয়ে যত্নবান থাকিবেন এবং সমরে বিক্রম দেখাইবেন। যে ক্ষত্রিয় যজ্ঞপরায়ণ বেদজ্ঞ যুদ্ধবিজয়ী তিনিই সকললোকের বিজেতা। যে ক্ষত্রিয় অক্ষত শরীরে সংগ্রাম স্থান হইতে প্রতিনিবৃত্ত হইবেন, তাঁহার ইহকাল ও পরকাল কোথাও শুভফল নাই। দস্যু দমন অপেক্ষা ক্ষত্রিয়ের শ্রেষ্ঠ কার্য্য নাই। দান, অধ্যয়ন, যজ্ঞ, ইহাই রাজাদিগের মঙ্গলকর কর্ম্ম। নৃপতি প্রজাগণকে স্ব স্ব ধর্ম্মে স্থাপন করিবেন, এবং তাহাদিগকে সতত ধর্ম্মানুষ্ঠানে নিরত রাখিবেন। এইরূপ প্রজার পালনের দ্বারাই তাঁহারা সর্ব্বসিদ্ধি লাভ করিয়া থাকেন। নৃপতিগণ বেদাধ্যয়ন পূর্ব্বক রাজনীতি সমূহ শিক্ষা করিয়া বিবাহাদি করিবেন। ধর্ম্মসহকারে প্রজাবর্গকে

রামানুজ।—যদেতি। যদা সত্ত্বং প্রবৃদ্ধং তদা সত্ত্বে প্রবৃদ্ধে দেহভৃৎ প্রলয়ং মরণং যাতি চেৎ উত্তমবিদামাত্মযাথাত্ম্যবিদাং লোকান্ সমূহান্ অমলান্ মলরহিতান্ অজ্ঞানরহিতান্ প্রতিপদ্যতে প্রাপ্নোতি সত্ত্বে প্রবৃদ্ধেতু মৃত আত্মবিদাং কুলে জনিত্বাত্মযাথাত্ম্যজ্ঞানসাধনেষু পুণ্যকর্ম্মস্বধিকরোতীত্যুক্তং ভবতি॥ ১৪॥

শ্রীধর।—মরণসময়ে বিবৃদ্ধানাং সত্ত্বাদীনাং ফলবিশেষমাহ যদেতি দ্বাভ্যাং। সত্ত্বে বিবৃদ্ধে সতি যদা জীবোমৃত্যুং প্রাপ্নোতি তদা উত্তমান্ হিরণ্যগর্ভাদীন্ বিদন্ত্যুপাসত ইত্যুত্তমবিদস্তেষাং যে অমলাঃ প্রকাশময়া লোকাঃ সুখোপভোগস্থানবিশেষাস্তান্ প্রতিপদ্যতে প্রাপ্নোতি॥ ১৪॥

বলদেব।—মৃতিকালে বিবৃদ্ধানাং গুণানাং ফলবিশেষানাহ যদেতি দ্বাভ্যাং। সত্ত্বে প্রবৃদ্ধে সতি যদা দেহভৃজ্জীবঃ প্রলয়ং যাতি ম্রিয়তে তদোত্তমবিদাং হিরণ্যগর্ভাদ্যুপাসকানাম্ লোকান্ দিব্যভোগোপেতান্ প্রতিপদ্যতে লভতে। অমলান্ রজস্তমোমলহীনান্॥ ১৪॥

মধুসূদন।—ইদানীং মরণসময়ে বিবৃদ্ধানাং সত্ত্বাদীনাং ফলবিশেষমাহ যদেতি। সত্ত্বে প্রবৃদ্ধে সতি যদা প্রলয়ং মৃত্যুং যাতি প্রাপ্নোতি দেহভৃৎ দেহাভিমানী জীবঃ তদোত্তমা যে হিরণ্যগর্ভাদয়স্তদ্বিদাং তদুপাসকানাং লোকান্ দেবসুখোপভোগস্থানবিশেষানমলান্ রজস্তমোমলরহিতান্ প্রতিপদ্যতে প্রাপ্নোতি॥ ১৪॥

নীলকণ্ঠ।—প্রলয়ং মরণম্ উত্তমবিদাং হিরণ্যগর্ভাদ্যুপাসকানাং দেবানাং বা লোকান্ অমলান্ নির্দুঃখান্॥ ১৪॥

বিশ্বনাথ।—প্রলয়ং যাতি মৃত্যুং প্রাপ্নোতি। তদা উত্তমং বিন্দতি লভন্তে ইতি উত্তমবিদো হিরণ্যগর্ভাদ্যুপাসকাঃ তেষাং লোকান্ অমলান্ সুখপ্রদান্॥ ১৪॥

তাৎপর্য্য।—অন্তিম সময়ে যখন দেহের সহিত আত্মার বিচ্ছেদ হয়, সেই চরম সময়ে সত্ত্বাদিগুণের বিবৃদ্ধি ঘটিলে কিরূপ ফলপ্রাপ্তি হইয়া থাকে, তাহাই এক্ষণে বিবৃত হইতেছে। মরণ সময়ে যদি মনুষ্য হৃদয়ে সত্ত্বগুণের বিবৃদ্ধি হয়, তাহা হইলে সেই ব্যক্তি মরণোত্তর কালে অতি

পালন করিয়া রাজসূয় অশ্বমেধ প্রভৃতি যজ্ঞের অনুষ্ঠান করিবেন। সংগ্রামে বিজয় লাভ করিয়া প্রজাপালক পুত্রকে তৎপদে অথ প্রশস্ত ক্ষত্রিয়কে রাজ্যে অভিষিক্ত করিবেন। বেদযজ্ঞ পিতৃযজ্ঞাদি যথা বিধি সম্পন্ন করিয়া চরমে বানপ্রস্থাশ্রম গ্রহণ করিবেন। তখন সেই রাজর্ষি গৃহস্থাশ্রম ত্যাগ পূর্ব্বক ভিক্ষা ও পর্যটনাদি দ্বারা জীবনপাত করিবেন। এইরূপে ক্ষত্রিয় লোকশ্রেষ্ঠ ধর্ম্মকে আচরণ করিয়া যাবতীয় ধর্ম্ম ও উপধর্ম্মের ফল প্রাপ্ত হইয়া থাকেন। এই রাজধর্ম্মে সকল ধর্ম্মই অন্তর্ভূত এবং অন্যান্য ধর্ম্ম ইহার আশ্রিত। এতদ্ব্যতীত ধর্ম্ম কল অল্প আয়াসসাধ্য অল্প ফলদায়ক। এই সকল ধর্ম্ম রাজধর্ম্ম প্রধান এবং তদ্বারা দ্বারাই পালিত ও রক্ষিত।

"যোঽস্যাঃ পুরঞ্জয়ো নামস্তবিত্তো বারহস্রশঃ। তস্যামাত্যাস্তু পুনঃকো তত্রা [illegible] প্রদ্যোত সংজ্ঞং জ্ঞানং কর্ত্তাসংপালকঃ সুতঃ। বিশালযূপ স্তংপুত্রো ভবিতা রাজকস্ততঃ। নন্দিবর্দ্ধন স্তৎপুত্রঃ পঞ্চপ্রদ্যোতনা

শুভফল প্রাপ্ত হইয়া থাকেন। যাঁহারা শ্রেষ্ঠতত্ত্বজ্ঞ, অর্থাৎ মহদাদি বিষয়-জ্ঞানে যাঁহারা সমর্থ হইয়াছেন, সেই মহাত্মাগণ যে স্থানে প্রয়াণ করেন, বিবৃদ্ধসত্ত্বগুণ সম্পন্ন মহাত্মাও দেহ নাশের পর সেই পাপাদি পরিশূন্য নির্ম্মল দেবভোগ্য লোকে গমন করিয়া থাকেন।

মরণ কালে যে গুণের প্রবলতা হয়, তাহার ফল জীবনব্যাপী অনুষ্ঠানকে অতিক্রম করে। অন্তিম কালে প্রকৃত প্রস্তাবে যথার্থই যদি অন্তঃকরণ অনুতপ্ত হইয়া সত্ত্বগুণ অবলম্বন করে, তাহা হইলেই যাবজ্জীবন যত সত্ত্বগুণ বিরোধী কর্ম্ম অনুষ্ঠিত হইয়াছিল, তত্তাবতের ফল মনুষ্যকে সম্যক রূপে বন্ধন করিতে পারে না। ঘোর বিষয়াসক্ত মনুষ্য ভ্রমেও হৃদয়কে সেই অপরিহার্য্য দিনের নিমিত্ত প্রস্তুত করে না। তখনও তাহারা স্ত্রী, পুত্র, অট্টালিকা, উদ্যান, ধন, রত্ন পরিত্যাগ করিতে হইবে বলিয়া চিন্তায় আকুল হইতে থাকে, এবং তত্তাবতের ভাবনা ভাবিতে ভাবিতে অনতিক্রম্য নিয়তির শাসনে শমন কিঙ্করের হস্তে আত্ম সমর্পণ করে। সেই ভয়ানক দিনেও তাহার চিত্তকে কিঞ্চিৎ পরিমাণে সত্ত্বগুণাভিমুখী করিবার অভিপ্রায়ে আত্মীয়গণ উচ্চৈস্বরে তাহার কর্ণ কুহর সমীপে তারক ব্রহ্ম নাম উচ্চারণ করিতে থাকে। তাহাকে ভোগাসক্তিবর্দ্ধক দ্রব্যাদি পরিপূরিত বাসনার লীলাক্ষেত্র স্বরূপ গৃহ হইতে সজ্ঞানে সর্ব্বসঙ্গ

ইমে। অষ্টাত্রিংশোত্তরশতং ভোক্ষ্যন্তি পৃথিবীং নৃপাঃ। শিশুনাগস্ততো ভাব্যঃ কাকবর্ণস্তু তৎসুতঃ। ক্ষেমধর্ম্মা তস্য সুতঃ ক্ষেত্রজ্ঞঃ ক্ষেমধর্ম্মজঃ। বিধিসারঃ সুতস্তস্যাজাতশত্রুর্ভবিষ্যতি। দর্ভকস্তৎসুতো ভাবী দর্ভকস্যাজয়ঃ স্মৃতঃ। নন্দিবর্দ্ধন আজেয়ো মহানন্দিঃ সুতস্ততঃ। শৈশুনাগা দশৈবৈতে ষষ্ঠ্যুত্তরশতত্রয়ং। সমাভোক্ষ্যন্তি পৃথিবীং কুরুশ্রেষ্ঠ কলৌ নৃপাঃ। মহানন্দিসুতো রাজন্ শূদ্রাগর্ভোদ্ভবো বলী। মহাপদ্মপতিঃ কশ্চিন্নন্দঃ ক্ষত্রবিনাশকঃ। ততো নৃপা ভবিষ্যন্তি শূদ্রপ্রায়া অধার্ম্মিকাঃ॥ স একচ্ছত্রাং পৃথিবীমনুল্লঙ্ঘিতশাসনঃ। শাসিষ্যতি মহাপদ্মো দ্বিতীয় ইব ভার্গবঃ॥ তস্য চাষ্টৌ ভবিষ্যন্তি সুমাল্যপ্রমুখাঃ সুতাঃ। য ইমাং ভোক্ষ্যন্তি মহীং রাজানশ্চ শতং সমাঃ॥ নবনন্দান্ দ্বিজঃ কশ্চিৎ প্রপন্নানুদ্ধরিষ্যতি। তেষামভাবে জগতীং মৌর্য্যা ভোক্ষ্যন্তি বৈ কলৌ॥ স এব চন্দ্রগুপ্তং বৈ দ্বিজো রাজ্যেঽভিষেক্ষ্যতি। তৎসুতো বারিসারস্তু ততশ্চাশোকবর্দ্ধনঃ। সুযশা ভবিতা তস্য সঙ্গতঃ সুযশঃসুতঃ। শালিশূকস্ততস্তস্য সোমশর্ম্মা ভবিষ্যতি। শতধন্বা সুতস্তস্য ভবিতা তদ্বৃহদ্রথঃ॥ মৌর্য্যা হ্যেতে দশ নৃপাঃ সপ্তত্রিংশচ্ছতোত্তরং। সমা ভোক্ষ্যন্তি পৃথিবীং কলৌ কুরুকুলোদ্বহ॥ অগ্নিমিত্রস্ততস্তস্মাৎ সুজ্যেষ্ঠো ভবিতা ততঃ। বসুমিত্রো ভদ্রকশ্চ পুলিন্দো ভবিতা সুতঃ। ততো ঘোষঃ সুতস্তস্মাদ্বজ্রমিত্রো ভবিষ্যতি। ততো ভাগবতস্তস্মাদ্দেবভূতিঃ কুরূদ্বহ। শুঙ্গা দশৈতে ভোক্ষ্যন্তি ভূমিং বর্ষশতাধিকং॥ ততঃ কাণ্বানিয়ং ভূমির্যাস্যত্যল্পগুণান্ নৃপান্। শুঙ্গং হত্বা দেবভূতিং কাণ্বোঽমাত্যস্তু কামিনং।

কোন কোন ভাষ্যকার মহোদয় বলিয়াছেন, মরণ কালে ...দি বিষয়-বিবৃদ্ধি হইলে মৃত ব্যক্তি আত্মযাথাত্ম্যজ্ঞ পুণ্যবানগণের কুলে ...ত... করেন, করিয়া আত্মজ্ঞান বর্দ্ধক ক্রিয়ানুষ্ঠানে নিযুক্ত হইয়া থাকেন।

মূলে যে "অমলান্" বিশেষণ আছে, তাহার অর্থ স্থলে কেহ কে... পরিশূন্য তমোরহিত এইরূপ ব্যাখ্যা করিয়াছেন ॥ ১৪ ॥

বৎসর রাজত্ব করিবেন। শিশুনাগের পুত্র কাকবর্ণ, কাকবর্ণের পুত্র ক্ষেমধর্ম্মা, তৎপুত্র ক্ষেত্রজ্ঞ; ক্ষেত্রজ্ঞের পুত্র বিম্বিসার, তৎপুত্র দর্ভক, দর্ভকের পুত্র অজয়, অজয়ের পুত্র নন্দিবর্দ্ধন, তৎপুত্র মহানন্দি, মহানন্দির পুত্র শৈশুনাগ। ইঁহারা কলিতে তিনশত ষাট্ বৎসর রাজত্ব করিবেন। শূদ্রাগর্ভে মহানন্দির ঔরসে মহাবল নন্দ নামক পুত্র জন্মগ্রহণ করিবেন। এই সময় হইতেই অধার্ম্মিক শূদ্রপ্রায় রাজগণ জন্মগ্রহণ করিবেন। সেই নন্দের সুমাল্য প্রভৃতি আট পুত্র জন্মিবে, এবং তাঁহারা শতবৎসর রাজত্ব করিবেন। চাণক্য নামে এক ব্রাহ্মণ নন্দকে এবং তাঁহার পুত্রগণকে উন্মূলিত করিবেন। সেই চাণক্য মৌর্য্যবংশীয় চন্দ্রগুপ্তকে রাজা করিবেন। চন্দ্রগুপ্তের পুত্র বারিসার, তৎপুত্র অশোক বর্দ্ধন, অশোক বর্দ্ধনের পুত্র সুযশ, তাঁহার পুত্র দশরথ, তৎপুত্র সঙ্গত, তৎপুত্র শালিশুক, তাঁহার পুত্র সোমশর্ম্মা, সোমশর্ম্মার পুত্র শতধন্বা, তাঁহার পুত্র বৃহদ্রথ হইবেন। ইঁহারা একশত সপ্তত্রিংশৎ বৎসর রাজত্ব করিবেন। অনন্তর বৃহদ্রথের সেনাপতি শুঙ্গবংশীয় পুষ্পমিত্র তাঁহাকে হত্যা করিয়া রাজ্য গ্রহণ করিবেন। তাঁহার পুত্র অগ্নিমিত্র, তৎপুত্র সুজ্যেষ্ঠ, সুজ্যেষ্ঠের পুত্র বসুমিত্র, তাঁহার পুত্র ভদ্রক, তৎপুত্র পুলিন্দ, পুলিন্দের পুত্র ঘোষ, ঘোষের পুত্র বজ্রমিত্র, তৎপুত্র ভগবত, ভগবতের পুত্র দেব; ইহারা একশত দ্বাদশবৎসর রাজত্ব করিবেন। তৎপরে কণ্বংশীয় বসুদেব দেবভূতিকে বিনষ্ট করিয়া রাজ্য অধিকার করিবেন। বসুদেবের পুত্র নারায়ণ, তৎপুত্র সুশর্ম্মা, ইঁহারা তিনশত পঞ্চাশ বৎসর রাজ্য ভোগ করিবেন। পরে সুশর্ম্মার ভৃত্য অন্ধ্রজাতীয় অসত্তম সুশর্ম্মাকে নাশ করিয়া রাজা হইবেন। অসত্তমের পর তাঁহার ভ্রাতা কৃষ্ণ রাজত্ব করিবেন। তাঁহার পুত্র শান্তকর্ণ, তৎপুত্র পৌর্ণমাস তাঁহার পুত্র লম্বোদর, লম্বোদর, লম্বোদরের পুত্র চিবিলক তৎপুত্র মেঘস্বাতি তাঁহার তনয় অনিষ্টকর্ম্মা, তৎপুত্র হালেয় হালেয়ের সন্তান তলক হইবেন। তলকের তনয় পুরীষভেরু তৎপুত্র সুনন্দন, তাঁহার তনয় চকোর, চকোরের তনয় বটক তাঁহার সন্তান শিবস্বাতী তৎসন্তান অরিন্দম, অরিন্দমের সন্তান গোমতী, তৎসন্তান পুরীমান্ তাঁহার সন্তান মেদ; তৎসন্তান শিরা, শিরার সন্তান শিরস্কন্ধ, তৎপুত্র যজ্ঞশ্রী, তাঁহার তনয় বিজয়, তৎপুত্র ভাবা, ভাবোরপুত্র চন্দ্রবীজ, চন্দ্রবীজের সন্তান লোমধি। এইরাজগণ চারিশত ছট পঞ্চাশৎ বৎসর পৃথিবী ভোগ করিবেন। তদনন্তর সাতজন আভীর অবভৃত নামক নগরে দশজন গর্দ্দভি এবং ষোড়শ জন কঙ্ক রাজা হইবেন; পরে আটজন যবন, চৌদ্দজন চতুঃস্বর, দশজন গুরুণ্ড, ইঁহারা এক হাজার নিরানব্বই বৎসর রাজত্ব করিবেন। অনন্তর একাদশ মৌল তিনশত বৎসর রাজ্য করিবেন। পরে কিলকিলা পুরীতে ভূতনন্দন, বঙ্গিরি, শিশুনন্দি ও প্রবীরক ইহারা একশত বৎসর রাজত্ব করিবেন। ইহাদের পাঁচজনের ত্রয়োদশ পুত্র বাহ্লিক নামে খ্যাত হইবেন। অনন্তর এই বাহ্লিক বংশ হইতে সাত অন্ধ্র ও সাত কোশল এই চতুর্দ্দশ রাজা বৈদূর্য্যপতি ও নৈষধাপতি নামে খ্যাত হইয়া খণ্ডমণ্ডলের রাজা হইবেন। তদনন্তর মগধ দেশে দ্বিতীয় পুরঞ্জয় বিশ্বস্ফূর্জ্জি নামে অনেক রাজা হইবেন। তিনি পুলিন্দ যদু, মদ্রক প্রভৃতি দেশীয় ব্রাহ্মণদিগকে ম্লেচ্ছতুল্য করিবেন। সেই বিশ্বস্ফূর্জ্জি ম্লেচ্ছপ্রায় প্রজাস্থাপন পূর্ব্বক ক্ষত্রিয় কুলকে বিনাশ করিয়া পদ্মাবতী পুরীতে বাস করিবেন এবং গঙ্গাদ্বার হইতে প্রয়াগ পর্য্যন্ত পৃথিবী ভোগ

রজসি প্রলয়ং গত্বা কর্ম্মসঙ্গিষু জায়তে।
তথা প্রলীনস্তমসি মূঢ়যোনিষু জায়তে ॥ ১৫ ॥

অন্বয়।—রজসি [বিবৃদ্ধে সতি] প্রলয়ং (মৃত্যুং) গত্বা (প্রাপ্য) কর্ম্মসঙ্গিষু (কর্ম্মাসক্তলোকেষু) জায়তে (উৎপদ্যতে) তথা তমসি [বিবৃদ্ধে সতি] প্রলীনঃ (মৃতঃ) [সন্] মূঢ়যোনিষু (পশ্বাদিষু) জায়তে (সম্ভবতি) ॥ ১৫ ॥

প্রতিশব্দ।—রজোগুণ [বৃদ্ধি হইলে) মৃত্যুকে প্রাপ্ত-হইয়া কর্ম্মাসক্ত-মনুষ্যে জন্ম-গ্রহণ-করে, সেই-রূপ তমোগুণ [বৃদ্ধি হইলে] মৃত [হইয়া] পশ্বাদি-যোনিতে সম্ভূত-হয় ॥ ১৫ ॥

ব্যাখ্যা।—রজোগুণের বৃদ্ধি কালে জীব মৃত হইলে কর্ম্মী মানবের গৃহে জন্মগ্রহণ করে ; এই রূপ তমোগুণের বৃদ্ধি সময়ে দেহান্ত ঘটিলে পশ্বাদি নিকৃষ্ট যোনিতে উদ্ভূত হইয়া থাকে ॥ ১৫ ॥

শঙ্করাচার্য্য। রজসি গুণে বিবৃদ্ধে প্রলয়ং মরণং গত্বা প্রাপ্য কর্ম্মসঙ্গিষ্ কর্ম্মাসক্তিযুক্তেষু মনুষ্যেষু জায়তে, তথা তদ্বদেব প্রলীনো মৃতস্তমসি বিবৃদ্ধে মূঢ়যোনিষ্ পশ্বাদিযোনিষু জায়তে ॥ ১৫ ॥

আনন্দগিরি।—রজঃসমুদ্রেকে মৃতস্য ফলবিশেষং দর্শয়তি রজসীতি। জায়তে শরীরং গৃহ্নাতীত্যর্থঃ। যথা সত্ত্বে রজসি চ প্রবৃদ্ধে মৃতব্রহ্মলোকাদিষু মনুষ্যলোকে চ জায়তে দেবাদিষু মনুষ্যেষু চ জায়তে তথৈবেত্যাহ তদ্বদিতি ॥ ১৫ ॥

রামানুজ।—রজসীতি। রজসি প্রবৃদ্ধে মরণং প্রাপ্য ফলার্থকর্ম্মকুর্ব্বতাং কুলেষু জায়তে তত্র জনিত্বা স্বর্গাদিফলসাধনকর্ম্মস্বধিকরোতীত্যর্থঃ। তথা তমসি প্রবৃদ্ধে মৃতো মূঢ়যোনিষু শূকরাদিযোনিষু সকলপুরুষার্থারম্ভানর্হো জায়ত ইত্যর্থঃ ॥ ১৫ ॥

করিবেন। পরে সৌরাষ্ট্র, অবন্তি আভীর শূর, অর্ব্বুদ দেশীয় ব্রাহ্মণেরা সংস্কারহীন এবং রাজাগণ শূদ্রপ্রায় হইবেন। বেরাচা'র শূন্য ম্লেচ্ছ শূদ্র ও সংস্কার হীন ব্রাহ্মণগণ রাজা হইয়া সিন্ধুতট, চন্দ্রভাগা, কৌন্তি ও কাশ্মীর মণ্ডল ভোগ করিবেন। ইহাঁরা অসত্য ও মিথ্যা প্রয়োগে তৎপর হইবেন। তাহারা ক্রোধী অল্প দানশীল হইয়া স্ত্রী, বালক, গো এবং ব্রাহ্মণ বধে পশ্চাৎপদ হইবেন না। ইহারা পরদার ও পরধন গ্রহণ করিবেন। ইহাঁরা স্বল্পকাল ক্রমে রাজ্যভোগ করিবেন, এবং দণ্ডাদিগণ দ্বারা প্রজাপীড়ন করিবেন। প্রজাগণও তাহাদিগের আচার ব্যবহারের অনুকরণকারী হইয়া রাজগণের অত্যাচারে ক্ষয় প্রাপ্ত হইবেন।

হনুমান্।—রজসি প্রবৃদ্ধে কর্ম্মসঙ্গিষু জায়তে প্রলীনোমৃতঃ তমসি প্রবৃদ্ধে মূঢ়যোনিষু জায়তে ॥ ১৫ ॥

শ্রীধর।—কিঞ্চ রজসীতি। মৃত্যুং প্রাপ্য কর্ম্মাসক্তেষু মনুষ্যেষু জায়তে, তথা তমসি বিবৃদ্ধে সতি প্রলীনোমৃতোমূঢ়যোনিষু পশ্বাদিষু জায়তে ॥ ১৫ ॥

বলদেব।—রজসি প্রবৃদ্ধে প্রলয়ং মরণং গত্বা জন্তুঃ কর্ম্মসঙ্গিষু কাম্যকর্ম্মাসক্তেষু নৃষু মধ্যে জায়তে। তথা তমসি প্রবৃদ্ধে প্রলীনো মৃতো জন্তু মূঢ়যোনিষু পশ্বাদিষু জায়তে ॥ ১৫ ॥

মধুসূদন।—রজসি প্রবৃদ্ধে সতি প্রলয়ং মৃত্যুং গত্বা প্রাপ্য কর্ম্মসঙ্গিষু শ্রুতিস্মৃতিবিহিতপ্রতিষিদ্ধকর্ম্মফলাদিকারিষু মনুষ্যেষু জায়তে, তথা তদ্বদেব তমসি প্রবৃদ্ধে প্রলীনোমৃতোমূঢ়যোনিষু পশ্বাদিষু জায়তে ॥ ১৫ ॥

নীলকণ্ঠ।—কর্ম্মসঙ্গিষু শ্রৌতস্মার্ত্তকর্ম্মানুষ্ঠাতৃমনুষ্যেষু মূঢ়যোনিষু তির্য্যক্স্থাবরচণ্ডালাদিষু ॥ ১৫ ॥

বিশ্বনাথ।—কর্ম্মসঙ্গিষু কর্ম্মাসক্তমনুষ্যেষু ॥ ১৫ ॥

তাৎপর্য্য।—মরণকালে অন্য গুণদ্বয়ের বিবৃদ্ধি ঘটিলে কিরূপ ফলোদয় হইয়া থাকে, তাহাই এক্ষণে বিবৃত হইতেছে। প্রয়াণ কালে যদি রজোগুণের প্রবলতা হয় তাহা হইলে দেহীকে কর্ম্মপ্রধান কর্ম্মাসঙ্গ পরিপূর্ণ মনুষ্য মধ্যে জন্ম গ্রহণ করিতে হয়। শ্রুতিস্মৃতিবিহিত ও তন্নিষিদ্ধ ক্রিয়া কাণ্ডের যাঁহারা অনুষ্ঠানকারী, সেইরূপ মানবকুলে সেই রজোগুণবিবৃদ্ধ মনুষ্যের পুনর্জ্জন্ম হইয়া থাকে। যদি প্রয়াণ কালে তমোগুণের আধিক্য হয়, তাহা হইলে মরণান্তে মানব মূঢ় অর্থাৎ আত্মানাত্ম বিবেকসম্ভাবনা বিরহিত জীবাদির কুলে জন্ম গ্রহণ করিয়া থাকে। পশু পক্ষী প্রভৃতি জীব সমূহ মানবগণের ন্যায় সুখ দুঃখাদি বোধের অধীন হইলেও কেবল জ্ঞানাভাব হেতু অতি নিকৃষ্টযোনিরূপে পরিগণিত। তমোগুণের আধিক্যাবস্থায় দেহান্ত ঘটিলে উল্লিখিত রূপ নিকৃষ্ট যোনিতে মনুষ্যের জন্ম হয়।

ইত্যাকার ফলাফল বিচার করিয়া মনুষ্যের আত্ম হৃদয়ে গুণবিবৃদ্ধির প্রযত্ন করা আবশ্যক। "যাদৃশী ভাবনা যস্য সিদ্ধির্ভবতি তাদৃশী" এই মহদুপদেশবাক্য স্মরণ করিয়া অন্ততঃ মরণকালে চিত্তকে মহদুন্নতির পথে নিবিষ্ট করিয়া রাখা একান্ত কর্ত্তব্য। পরম পুণ্যশীল সংসারত্যাগী মহারাজ ভরত (১৩১২ পৃষ্ঠার টীপ্পনী দ্রষ্টব্য) অন্তিম কালে স্নেহান্বিত

মৃগ শিশুর বিষয় চিন্তা করিতে করিতে পশুত্ব প্রাপ্ত হইয়াছিলেন ; এবং দুরন্ত গজকুম্ভীর রূপ গন্ধর্ব্বদ্বয় (২০৯২ পৃষ্ঠার টীপ্পনী দ্রষ্টব্য) পশু হইলেও পূর্ব্ব জন্মার্জ্জিত জ্ঞান প্রভাবে অন্তিম কালে কাতর হৃদয়ে ভগবানকে স্মরণ করিয়া পরমা সদ্গতি লাভ করিয়াছিলেন ॥ ১৫ ॥

—:(০):—

কর্ম্মণঃ সুকৃতস্যাহুঃ সাত্ত্বিকং নির্ম্মলং ফলং।
রজসস্তু ফলং দুঃখমজ্ঞানং তমসঃ ফলং ॥ ১৬ ॥

অন্বয়।—সুকৃতস্য (সাত্ত্বিকস্য) কর্ম্মণঃ নির্ম্মলং (প্রকাশবহুলং) সাত্ত্বিকং (সত্ত্বপ্রধানং) ফলং আহুঃ (বদন্তি), রজসঃ তু ফলং দুঃখং তমসঃ ফলং অজ্ঞানং (মূঢ়ত্বং) [আহুঃ] ॥ ১৬ ॥

প্রতিশব্দ।—সাত্ত্বিক কর্ম্মের নির্ম্মল সত্ত্ব-প্রধান ফল বলেন, রজোগুণের ফল দুঃখ, তমোগুণের ফল মূঢ়তা [বলেন] ॥ ১৬ ॥

ব্যাখ্যা।—সাত্ত্বিক কর্ম্মের ফল নির্ম্মল এবং সত্ত্বপ্রধান, রজোগুণের ফল দুঃখবহুল এবং তমোগুণের ফল মূঢ়তা ॥ ১৬ ॥

শঙ্করাচার্য্য।—অতীতশ্লোকার্থস্যৈব সংক্ষেপ উচ্যতে। কর্ম্মণঃ সুকৃতস্য সাত্ত্বিকস্যেত্যর্থঃ আহুঃ শিষ্টাঃ সাত্ত্বিকমেব নির্ম্মলং ফলমিতি। রজসস্তু ফলং দুঃখং রাজসস্য কর্ম্মণ ইত্যর্থঃ কর্ম্মাধিকারাৎ ফলমপি দুঃখমেব কারণানুরূপ্যাদ্রাজসমেব, তথা অজ্ঞানং তামসস্য কর্ম্মণোঽধর্ম্মস্য পূর্ব্ববৎ ॥ ১৬ ॥

আনন্দগিরি।—ভাবানাং ফলমুক্ত্বা সাত্ত্বিকাদীনাং কর্ম্মণাং ফলমাহ অতীতেতি। সুকৃতস্য শোভনস্য কৃতস্য পুণ্যস্যেত্যর্থঃ, সাত্ত্বিকস্যাভিসংহিতস্যেতি যাবৎ। সাত্ত্বিকং সত্ত্বেন নির্বৃত্তং নির্ম্মলং রজস্তমঃসমুদ্ভবাস্মলাদিরিক্তং। রজঃশব্দস্য রাজসে কর্ম্মণি বৃত্তৌ বুদ্ধিস্থত্বাৎ কর্ম্মেতি। দুঃখমেব দুঃখবহুলং দুঃখমেবেত্যর্থঃ। কথমিদং ব্যাখ্যায়তে তত্রাহ কারণেতি। পাপমিশ্রস্য পুণ্যস্য রজোনিমিত্তং যথোক্তং দুঃখমিত্যর্থঃ। অজ্ঞানমবিবেকপ্রায়ং দুঃখং তামসা-ধর্ম্মফলমিত্যাহ তথেতি ॥ ১৬ ॥

রামানুজ।—কর্ম্মণ ইতি। এবং সত্ত্বযুক্তো মরণমনুপ্রাপ্যাথবিদাং কুলে জাতস্তেনা-নুষ্ঠিতস্য সুকৃতস্য ফলাভিসন্ধিরহিতস্য মদারাধনরূপস্য কর্ম্মণঃ ফলং পুনরপি ততোঽধিকসত্ত্বজনিতং নির্ম্মলং দুঃখগন্ধরহিতং ভবতীত্যাহুঃ সত্ত্বগুণপরিণামবিদঃ। অন্তকালপ্রবৃদ্ধস্য রজসস্তু ফলং

ফলসাধনকর্ম্মসঙ্গি কুলে জন্ম ফলাভিসন্ধিপূর্ব্বক কর্ম্মারম্ভং তৎফলানুভবার্থং পুনর্জন্ম রজোবৃদ্ধি-ফলং। ফলাভিসন্ধিপূর্ব্বককর্ম্মারম্ভ পরম্পরারূপং সাংসারিকং দুঃখপ্রায়মেবাহুঃ তদ্গুণযাথাত্ম্যবিদঃ। এবমন্তকালপ্রবৃদ্ধস্য তমসঃ ফলমজ্ঞানপরম্পরারূপং ॥ ১৬ ॥

হনুমান্।—সুকৃতস্য পুরা যস্য ফলং সাত্ত্বিকং গুণপ্রধানং নির্ম্মলং পূর্ণং সুখস্বরূপং রজসঃ রজসস্য কর্ম্মণঃ, অজ্ঞানং মোহানুবিদ্ধমিত্যর্থঃ ॥ ১৬ ॥

শ্রীধর।—ইদানীং সত্ত্বাদীনাং স্বানুরূপকর্ম্মদ্বারেণ বিচিত্রফলহেতুত্বমাহ কর্ম্মণ ইতি। সুকৃতস্য সাত্ত্বিকস্য কর্ম্মণঃ সাত্ত্বিকং সত্ত্বপ্রধানং নির্ম্মলং প্রকাশবহুলং সুখং ফলমাহুঃ কপিলা-দয়ঃ। রজস ইতি রাজসস্য কর্ম্মণ ইত্যর্থঃ, কর্ম্মফলকথনস্য প্রকৃতত্বাৎ তস্য দুঃখং ফলমাহুঃ, তমসইতি তামসস্য কর্ম্মণ ইত্যর্থঃ, তস্যাজ্ঞানং মূঢ়ত্বং ফলমাহুঃ, সাত্ত্বিকাদিকর্ম্মলক্ষণঞ্চ নিয়তং সঙ্গরহিতমিত্যাদিনাষ্টাদশেঽধ্যায়ে বক্ষ্যতি ॥ ১৬ ॥

বলদেব।—অথ গুণানাং স্বানুরূপকর্ম্মদ্বারা বিচিত্রফলহেতুত্বমাহ কর্ম্মণ ইতি। সুকৃতঃ সাত্ত্বিকস্য কর্ম্মণো নির্ম্মলং ফলমাহুর্গুণস্বভাববিদো মুনয়ঃ মলদুঃখমোহরূপরজস্তমঃফললক্ষণান্নির্গত সুখমিত্যর্থঃ। তচ্চ সাত্ত্বিকং সত্ত্বেন নির্বৃত্তং। রজসো রাজসস্যকর্ম্মণঃ ফলং দুঃখং কার্য্যস্য কারণা রূপ্যাদ্দুঃখপ্রচুরং কিঞ্চিৎ সুখমিত্যর্থঃ। তমসস্তামসস্য কর্ম্মণো হিংসাদেঃ ফলমজ্ঞানমচৈতন্য প্রায়ং দুঃখমেবেত্যর্থঃ। তত্র রজস্তমঃশব্দাভ্যাং রাজসতামসকর্ম্মণী লক্ষ্যে গোভিঃ শ্রীণিতমৎ সরমিত্যত্র যথা গোশব্দেন গোপয়ো লক্ষ্যতে। সাত্ত্বিকাদিকর্ম্মণাং লক্ষণাষ্টাদশে বক্ষ্যে নিয়তং সঙ্গরহিতমিত্যাদিভিঃ ॥ ১৬ ॥

মধুসূদন।—ইদানীং স্বানুরূপকর্ম্মদ্বারা সত্ত্বাদীনাং বিচিত্রফলত্বং সঙ্ক্ষিপ্যাহ। সুকৃতস্য সাত্ত্বিকস্য কর্ম্মণোধর্ম্মস্য সাত্ত্বিকং সত্ত্বেন নির্বৃত্তং নির্ম্মলং রজস্তমোমলামিশ্রিতং সুখং ফলমাহুঃ পরমর্ষয়ঃ। রজসোরাজসস্য তু কর্ম্মণঃ পাপমিশ্রস্য পুণ্যস্য ফলং রাজসং দুঃখং দুঃখবহুলমল্পসুখং কারণানুরূপ্যাৎ কার্য্যস্য অজ্ঞানমবিবেকপ্রায়ং দুঃখং, তামসং তমসস্তামসস কর্ম্মণোঽধর্ম্মস্য ফলং আহুরিত্যনুষজ্যতে। সাত্ত্বিকাদিকর্ম্মলক্ষণং চ নিয়তং সঙ্গরহিতমিত্যা দিনাঽষ্টাদশে বক্ষ্যতি। অত্র রজস্তমঃশব্দৌ তৎকার্য্যে কর্ম্মণি প্রযুক্তৌ কার্য্যকারণয়োরভেদো পচারাৎ গোভিঃশ্রীণীতমৎসরমিত্যত্র যথা গোশব্দস্তৎপ্রভবে পয়সি যথা বা ধান্যমসি ধিনুহি দেবানিত্যত্র ধান্যশব্দস্তৎপ্রভবে তণ্ডুলে, তত্র পয়স্তণ্ডুলয়োরিবাত্রাপি কর্ম্মণঃ প্রকৃতত্বাৎ ॥ ১৬

নীলকণ্ঠ।—সুকৃতস্য সাত্ত্বিকস্য কর্ম্মণঃ ফলং নির্ম্মলং দুঃখাজ্ঞানমলশূন্যং সাত্ত্বিকং জ্ঞান বৈরাগ্যাদিকং রজসো রাজসস্য কর্ম্মণঃ ফলং দুঃখম্ তমসস্তামসস্য কর্ম্মণঃ ফলম্, সাত্ত্বিকাদিকর্ম লক্ষণঞ্চ নিয়তং সঙ্গরহিতমিত্যাদিনাঽষ্টাদশে বক্ষ্যতি ॥ ১৬ ॥

বিশ্বনাথ।—সুকৃতস্য সাত্ত্বিকস্য কর্ম্মণঃ সাত্ত্বিকমেব নির্ম্মলং নিরুপদ্রবং অজ্ঞানমচেতনতা ॥ ১৬। ১৭ ॥

তাৎপর্য্য।—কোন্ কোন্ গুণবাহুল্যে কিরূপ ফল হইয়া থাকে,

তাহাই পুনরায় বিশেষরূপে কথিত হইতেছে। যাঁহারা সুকৃতিশালী অর্থাৎ যাঁহারা দান ধর্ম্মাদি পুণ্য কর্ম্ম পরায়ণ, তাঁহারা পরিণামে সাত্ত্বিক ফলের অধিকারী হইয়া থাকেন। জ্ঞানানন্দজনিত সুখবহুল জ্ঞান সম্ভাবনা বিরহিত পরমোৎকৃষ্ট জন্মলাভ করিয়া তাঁহারা কৃতার্থ হন। আর যাঁহারা রজোগুণবহুল কর্ম্মমার্গের অনুসরণকারী, তাঁহারা অধিক দুঃখ ও অল্প সুখপূর্ণ ফল প্রাপ্ত হন। তাঁহারা যে জন্ম লাভ করেন, তাহাতে দুরাকাঙ্ক্ষা জনিত অসুখেরই প্রাচুর্য্য পরিদৃষ্ট হয়; অথচ কখনও কখনও আশানুরূপ ভোগ্যাদি লাভ হেতু সুখেরও সমাবেশ দৃষ্ট হয়। তাহাতে জ্ঞান এবং অজ্ঞান ধর্ম্ম এবং অধর্ম্ম উভয়ই সংমিশ্রিত থাকে। আর যাঁহারা তমোগুণ প্রণোদিত হইয়া জীবনযাপন করেন, তাঁহারা অজ্ঞানান্ধকারাচ্ছন্ন সর্ব্বোন্নতির অযোগ্য একান্ত দুঃখপূর্ণ ফল প্রাপ্ত হইয়া থাকেন; অর্থাৎ শূকর কুক্কুরাদি নিকৃষ্ট যোনিতে জন্মলাভ করিয়া আহার, নিদ্রা, ভয় ও মৈথুনের অনুসরণ করিতে করিতে জ্ঞানোন্নতির ছায়াও না দেখিয়া সর্ব্ব সুখ রহিত ভাবে ফলভোগ করেন। কপিলাদি (১৬৯০।১৮৬৯ পৃষ্ঠার টীঃ দ্রষ্টব্য) শ্রেষ্ঠ পুরুষগণ এইরূপ অভিপ্রায়ই ব্যক্ত করিয়াছেন। মূলে যে "আহুঃ"পদ আছে, অপর দুই স্থানের সহিতও তাহা গ্রহণ করিতে হইবে।

সাত্ত্বিক কর্ম্মে ফলাভিসন্ধি থাকিতে পারে না। রাজস অনুষ্ঠান ব্যামিশ্র। তাহাতে অধিকাংশ ক্রিয়াই কামনা পূর্ণ। কদাচিৎ রাজস ব্যক্তি নিষ্কাম কর্ম্মেরও অনুষ্ঠান করিয়া থাকেন। কিন্তু তামস কর্ম্মান্বিত ব্যক্তি নিরন্তরই অজ্ঞানাচ্ছন্ন, এবং কেবল বর্ত্তমানের চিন্তাতেই ব্যাপৃত। এইরূপ কর্ম্মসাধনের বৈলক্ষণ্য হেতু ফলাফলেরও বৈলক্ষণ্য ঘটিয়া থাকে। সত্ত্বগুণান্বিতগণ সত্ত্বগুণ প্রধান জন্ম প্রাপ্ত হইয়া থাকেন; রাজসগণ কর্ম্মবহুল মিশ্রফলযুক্ত জন্ম প্রাপ্ত হন। এবং তামস-গণ অজ্ঞান পরিপূরিত নিকৃষ্ট জন্ম প্রাপ্ত হন। যতদিন আত্ম জ্ঞান লাভ করিয়া পরমোন্নতির পথ দর্শন করিবার সুযোগ না হয়, যতদিন কামনা পরিহার করিয়া পরম পথ অবলম্বন না করে, ততদিন পরম্পরা ক্রমে রজোগুণান্বিত ও তমোগুণান্বিত ব্যক্তিগণকে অনুরূপ জন্মই লাভ করিতে হয়॥ ১৬॥

—:•:—

সত্ত্বাৎ সংজায়তে জ্ঞানং রজসো লোভ এবচ।
প্রমাদমোহৌ তমসো ভবতোঽজ্ঞানমেব চ ॥ ১৭॥

অন্বয়।—সত্ত্বাৎ জ্ঞানং সঞ্জায়তে (উদ্ভবতি) রজসঃ লোভ এব চ [সম্ভবতি] তমসঃ প্রমাদমোহৌ (অনবধানতাবিবেকৌ) অজ্ঞানং এব চ ভবতঃ ॥ ১৭ ॥

প্রতিশব্দ।—সত্ত্ব হইতে জ্ঞান সঞ্জাত হয়, রজঃ-হইতে লোভই [সম্ভূত হয়] তমঃ হইতে প্রমাদ ও মোহ এবং অজ্ঞান ও হয় ॥ ১৭ ॥

ব্যাখ্যা।—সত্ত্বগুণ হইতে জ্ঞান সম্ভূত হয়, রজোগুণ হইতে লোভের উৎপত্তি হয়, এবং তমোগুণ হইতে অনবধানতা অবিবেক এবং অজ্ঞানের উদ্ভব হইয়া থাকে ॥ ১৭ ॥

শঙ্করাচার্য্য।—কিঞ্চ গুণেভ্যোভবতি সত্ত্বাদিতি। সত্ত্বাৎ লব্ধাত্মকাৎ সঞ্জায়তে সমুৎপদ্যতে জ্ঞানং, রজসোলোভ এব চ, প্রমাদমোহৌ চোভৌ তমসোভবতোঽজ্ঞানমেব ভবতি ॥ ১৭॥

আনন্দগিরি।—বিহিতপ্রতিষিদ্ধজ্ঞানকর্ম্মাণি সত্ত্বাদীনাং লক্ষণানি সংক্ষিপ্য দর্শয়তি কিঞ্চেতি। জ্ঞানং সর্ব্বকরণদ্বারকং অজ্ঞানং বিবেকাভাবঃ ॥ ১৭ ॥

রামানুজ।—তদধিকসত্ত্বাদিজনিত নির্ম্মলাদিফলং কিমিত্যত্রাহ সত্ত্বাদিতি। এবং পরম্পরয়া জাতাদধিকসত্ত্বাদাত্মযাথাত্ম্যাপরোক্ষরূপং জ্ঞানং জায়তে তথা প্রবৃদ্ধাদ্রজসঃ স্বর্গাদিফলে লোভো জায়তে। তথা প্রবৃদ্ধাচ্চ তমসঃ প্রমাদোঽনবধানং তন্নিমিত্তাসৎকর্ম্মণি প্রবৃত্তিস্ততশ্চ মোহো বিপরীতজ্ঞানং ততশ্চাধিকতরং তমঃ। তমসশ্চাজ্ঞানং জ্ঞানাভাবঃ ॥ ১৭ ॥

হনুমান্।—সাত্ত্বিকা দেহং ত্যক্ত্বা স্বকর্ম্মফলভোগার্থমূর্দ্ধং দেবলোকাদীন্ গচ্ছন্তি। রাজসাঃ কর্ম্মফলভোগার্থং মনুষ্যলোকে তিষ্ঠন্তি জঘন্যপুণ্যাস্তমোগুণাঃ জঘন্যগুণং প্রবৃত্তং জঘন্যগুণবৃত্তিস্থা তামসাঃ পুরুষাঃ মোহনিষ্ঠা অধোগচ্ছন্তীত্যর্থঃ ॥ ১৭। ১৮ ॥

শ্রীধর।—তত্রৈব হেতুমাহ সত্ত্বাদিতি। সত্ত্বাজ্জ্ঞানং সংজায়তে, অতঃ সাত্ত্বিকস্য কর্ম্মণঃ প্রকাশবহুলং সুখং ফলং ভবতি, রজসোলোভোজায়তে তস্য চ দুঃখহেতুত্বাত্তৎপূর্ব্বকস্য কর্ম্মণো দুঃখং ফলং ভবতি, তমসস্তু প্রমাদমোহোঽজ্ঞানানি ভবন্তি, অতস্তামসস্য কর্ম্মণোঽজ্ঞানমাত্রং প্রায়ঃ ফলং ভবতীতি যুক্তমেবেত্যর্থঃ ॥ ১৭ ॥

বলদেব। ঈদৃক্‌ফলবৈচিত্র্যে প্রাগুক্তমেবহেতুমাহ সত্ত্বাদিতি। সত্ত্বাৎ প্রকাশলক্ষণং জ্ঞানং জায়তে। অতঃ সাত্ত্বিকস্য কর্ম্মণঃ প্রকাশপ্রচুরং সুখং ফলং। রজসো লোভস্তৃষ্ণাবিশেষো যো বিষয়কোটিভরণাত্তর্ণৈবিষৈত্যস্পৃহঃ। তস্য চ দুঃখহেতুত্বাৎ তৎপূর্ব্বকস্য কর্ম্মণো দুঃখপ্রচুরং

।কিঞ্চিৎ সুখং ফলং। তমসস্তু প্রমাদাদীন ভবন্ত্যতস্তৎপূর্ব্বকস্য কর্ম্মণোঽচৈতন্যপ্রচুরং দুঃখমেব ফলং।। ১৭ ।।

মধুসূদন।—এতাদৃশফলবৈচিত্র্যে পূর্ব্বোক্তমেব হেতুমাহ সত্ত্বাদিতি। সর্ব্বকরণদ্বারকং প্রকাশরূপং জ্ঞানং সত্ত্বাৎ সঞ্জায়তে, অতস্তদনুরূপং সাত্ত্বিকস্য কর্ম্মণঃ প্রকাশবহুলং সুখং ফলং ভবতি। রজসো লোভোবিষয়কোটিপ্রাপ্ত্যাঽপি নিবর্ত্তয়িতুমশক্যোঽভিলাষবিশেষোজায়তে, তস্য চ নিরন্তরমুপচীয়মানস্য পূরয়িতুমশক্যস্য সর্ব্বদা দুঃখহেতুত্বাত্তৎপূর্ব্বকস্য রাজসস্য কর্ম্মণোদুঃখং ফলং ভবতি। এবং প্রমাদমোহৌ তমসঃ সকাশাদ্ভবতো জায়েতে অজ্ঞানমেব চ ভবতি। এবকারঃ প্রবৃত্তিব্যাবৃত্ত্যর্থঃ, অতস্তামসস্য কর্ম্মণস্তামসমজ্ঞানাদিপ্রায়মেবফলং ভবতীতি যুক্ত-মেবেত্যর্থঃ। অত্র বাজ্ঞানমপ্রকাশঃ, প্রমাদোমোহশ্চাপ্রকাশোঽপ্রবৃত্তিশ্চেত্যত্র ব্যাখ্যাতাঃ ॥১৭॥

নীলকণ্ঠ। – এতাদৃশফলবৈচিত্র্যে পূর্ব্বোক্তমেব হেতুমাহ সত্ত্বাদিতি ॥ ১৭ ॥

তাৎপর্য্য।—কোন্ কোন্ গুণের সমাবেশ হইলে কি প্রকার বৃত্তির আবির্ভাব হয়, তাহাই এক্ষণে বিবৃত হইতেছে। সত্ত্বগুণের প্রাবল্য হইলে অজ্ঞানান্ধকার বিনষ্ট হইয়া যায়, আত্মানাত্ম বস্তুবিবেকের ক্ষমতা লাভ হয়, এবং জ্ঞানালোকে মানবের হৃদয় জ্যোতির্ম্ময় হইয়া উঠে। আর রজোগুণের প্রাবল্য হইলে অতিশয় লোভের বৃদ্ধি হয়। কোটী কোটী অর্থ, রাজ্য, সম্পদ্, প্রভৃতি ভোগ্য পদার্থ প্রাপ্ত হইলেও আরও অধিক লাভের নিমিত্ত দুর্দ্দমনীয় আকাঙ্ক্ষার উদ্ভব হইয়া থাকে। আর তমোগুণের আধিক্য হইলে ভ্রম এবং মোহেরই প্রাচুর্য্য হয়। প্রকৃত বিষয় নিরূপণ করিবার শক্তি তমোগুণ বিলুপ্ত করিয়া দেয়, এবং আলস্য ও নিদ্রা মনুষ্যকে অভিভূত করে। অতএব তমোগুণের কার্য্য কেবল অজ্ঞানেরই বর্দ্ধক; অর্থাৎ তমোগুণের প্রাবল্যে অজ্ঞানেরই বৃদ্ধি হয়, এবং কার্য্য তৎপরতা ধ্বংস হয়।

সত্ত্বগুণসম্পন্ন মহাত্মাগণ সতত সারবস্তু প্রাপ্তির অভিলাষী এবং জ্ঞানার্জ্জনের নিমিত্ত অনুশীলন নিরত। রজোগুণপ্রধান ব্যক্তিগণ দুঃখবহুল অসার ও অলীক বস্তুলাভের নিমিত্ত ব্যাকুল। আর তমোগুণপ্রধান ব্যক্তি-গণ কেবল আলস্য ও কর্ম্মহীনতারূপ সুখেই আসক্ত, এবং তজ্জন্য অজ্ঞান-কূপনিমজ্জিত ॥ ১৭ ॥

—:০:—

ঊর্দ্ধং গচ্ছন্তি সত্ত্বস্থা মধ্যে তিষ্ঠন্তি রাজসাঃ।
জঘন্যগুণবৃত্তিস্থা অধো গচ্ছন্তি তামসাঃ ॥ ১৮ ॥

অন্বয়।—সত্ত্বস্থাঃ (সত্ত্বগুণবৃত্তিস্থাঃ ঊর্দ্ধং (দেবাদিলোকং) গচ্ছন্তি রাজসাঃ (রজোগুণবৃত্তিস্থাঃ) মধ্যে (মনুষ্যলোকে) তিষ্ঠন্তি জঘন্য-গুণবৃত্তিস্থাঃ (নিকৃষ্টগুণান্বিতাঃ) তামসাঃ অধোগচ্ছন্তি (পশ্বাদিষু জায়ন্তে) ॥ ১৮ ॥

প্রতিশব্দ।—সত্ত্বগুণশালিগণ ঊর্দ্ধে গমন-করে, রাজসগণ মধ্যে অবস্থান-করে, নিকৃষ্ট-গুণশালী তামসগণ অধোগমন-করে ॥ ১৮ ॥

ব্যাখ্যা।—সত্ত্বগুণসম্পন্ন ব্যক্তিগণ দেবাদি লোকে গমন করিয়া থাকেন, রজোগুণান্বিত ব্যক্তিগণ মনুষ্য লোকে জন্মগ্রহণ করেন, এবং জঘন্যগুণশালী তামসগণ পশ্বাদি অধম যোনিতে উৎপন্ন হয় ॥ ১৮ ॥

শঙ্করাচার্য্য।—কিঞ্চ ঊর্দ্ধমিতি। ঊর্দ্ধং গচ্ছন্তি দেবলোকাদিষু উৎপদ্যন্তে সত্ত্বস্থাঃ সত্ত্বগুণবৃত্তস্থাঃ। মধ্যে তিষ্ঠন্তি মনুষ্যেষু উৎপদ্যন্তে রাজসাঃ। জঘন্যগুণবৃত্তস্থা জঘন্যশ্চাসৌ গুণশ্চ জঘন্যগুণস্তমস্তস্য বৃত্তং নিদ্রালস্যাদি তস্মিন্ স্থিতা জঘন্যগুণবৃত্তস্থা মূঢ়া অধোগচ্ছন্তি পশ্বাদিষু উৎপদ্যন্তে তামসাঃ ॥ ১৮ ॥

আনন্দগিরি।—সাত্ত্বিকাদিজ্ঞানকর্ম্মফলান্যুক্তানি অনুক্তসংগ্রহার্থং সামান্যেনোপসংহরতি কিঞ্চেতি। বক্ষ্যমাণ ফলদ্বারাপি সত্ত্বাদিষু জ্ঞানমিত্যর্থঃ, সত্ত্বগুণস্য বৃত্তং শোভনং জ্ঞানং কর্ম্ম বা তত্র তিষ্ঠন্তীতি, তথা রাজসারজোগুণনিমিত্তে জ্ঞানে কর্ম্মণি বা নিরতাঃ ॥ ১৮ ॥

রামানুজ।—ঊর্দ্ধমিতি। এবমুক্তেন প্রকারেণ সত্ত্বস্থা ঊর্দ্ধং গচ্ছন্তি ক্রমেণ সংসার-বন্ধাৎ মোক্ষং গচ্ছন্তি। রজসঃ স্বর্গাদিলোভকারণত্বাদ্রাজসাঃ ফলসাধনভূতং কর্ম্মানুষ্ঠায় তৎফল-মনুভূয় পুনরপি জনিত্বা তদা কর্ম্মানুতিষ্ঠন্তীতি মধ্যে তিষ্ঠন্তি পুনরাবৃত্তিরূপতয়াদুঃখপ্রায়মেব তৎ। তামসাস্তু জঘন্যগুণবৃত্তিস্থা উত্তরোত্তর নিকৃষ্টতমোবৃত্তিষু স্থিতা অধো গচ্ছন্তি অন্ত্যজত্বং ততস্তির্য্যকত্বং ততঃ কৃমিকীটাদিজন্ম ততঃ স্থাবরত্বং ততো গুল্মলতাত্বং ততশ্চ শিলাকাষ্ঠলোষ্ট্রত্বং গচ্ছন্তীত্যর্থঃ ॥ ২৮ ॥

শ্রীধর।—ইদানীং সত্ত্বাদিবৃত্তিশীলানাং ফলভেদমাহ ঊর্দ্ধমিতি। সত্ত্বস্থাঃ সত্ত্ববৃত্তিপ্রধানা ঊর্দ্ধং গচ্ছন্তি সত্ত্বোৎকর্ষতারতম্যাদুত্তরোত্তরশতগুণানন্দান্ মনুষ্যগন্ধর্ব্বপিতৃদেবাদিলোকান্ সত্যলোকপর্য্যন্তান্ প্রাপ্নুবন্তীত্যর্থঃ। রাজসাস্তু তৃষ্ণাদ্যাকুলা মধ্যে তিষ্ঠন্তি মনুষ্যলোকএবোৎ-পদ্যন্তে। জঘন্যোনিকৃষ্টস্তমোগুণস্তস্য বৃত্তিঃ প্রমাদমোহাদিঃ তত্র স্থিতা অধোগচ্ছন্তি তমসো বৃত্তিতারতম্যাত্তামিস্রাদিষু নিরয়েষূৎপদ্যন্তে ॥ ১৮ ॥

বলদেব।—অথ সত্ত্বাদিবৃত্তিনিষ্ঠানাং তান্যেব ফলানূর্দ্ধমধ্যাধোভাবেনাহোর্দ্ধমিতি। তমসি বৃত্তিশব্দাদিতরয়োশ্চ বৃত্তির্বিবক্ষিতা। সত্ত্বস্থাঃ সত্ত্ববৃত্তিনিষ্ঠাঃ সত্ত্বতারতম্যেনোর্দ্ধং সত্য-লোকপর্য্যন্তং গচ্ছন্তি। রাজসা রজোবৃত্তিনিষ্ঠা মধ্যে পুণ্যপাপমিশ্রিতে মনুষ্য লোকে তিষ্ঠন্তি মনুষ্যা এব ভবন্তি রজস্তারতম্যেন। জঘন্যঃ সত্ত্বরজোঽপেক্ষয়া নিকৃষ্টো যো গুণস্তমঃসংজ্ঞস্তদ্বৃত্তৌ প্রমাদাদৌ স্থিতাস্বধোগচ্ছন্তি। তমস্তারতম্যেন পশুপক্ষিস্থাবরাদিযোনিং লভন্তে। তামসা ইত্যুক্তিস্তেষাং সর্ব্বদা তমসি স্থিতিং ব্যনক্তি॥ ১৮॥

মধুসূদন।—ইদানীং সত্ত্বাদিবৃত্তস্থানাং প্রাগুক্তমেব ফলমূর্দ্ধমধ্যাধো ভাবেনাহ উর্দ্ধমিতি। অত্র তৃতীয়ে গুণে বৃত্তশব্দপ্রয়োগাদাদ্যয়োরপি বৃত্তমেব বিবক্ষিতং, তেন সত্ত্বস্থাঃ সত্ত্ববৃত্তে শাস্ত্রীয়ে জ্ঞানে কর্ম্মণি চ নিরতা উর্দ্ধং সত্যলোকপর্য্যন্তং গচ্ছন্তি তে দেবেষূৎপদ্যন্তে জ্ঞানকর্ম্মতারতম্যেন তেষাং মধ্যে মনুষ্যলোকে পুণ্যপাপমিশ্রে তিষ্ঠন্তি নতূর্দ্ধং গচ্ছন্ত্যধোবা মনুষ্যেষূৎপদ্যন্তে রাজসা রজোগুণবৃত্তে লোভাদিপূর্ব্বকে রাজসে কর্ম্মণি নিরতাঃ, জঘন্য গুণবৃত্তস্থাঃ জঘন্যস্য গুণদ্বয়াপেক্ষয়া পশ্চাদ্ভাবিনোনিকৃষ্টস্য তমসোগুণস্য বৃত্তে নিদ্রালস্যাদৌ স্থিতাঃ অধোগচ্ছন্তি পশ্বাদিষূৎপদ্যন্তে কদাচিজ্জঘন্যগুণবৃত্তস্থাঃ সাত্ত্বিকারাজসাশ্চ ভবন্ত্যত আহ তামসাঃ সর্ব্বদা তমঃপ্রধানা ইতঃ তেষাং কদাচিত্তদ্বৃত্তস্থত্বেঽপি ন তৎ প্রধানতেতি ভাবঃ॥ ১৮॥

নীলকণ্ঠ।—যতঃ সত্ত্বাদিভ্যো জ্ঞানাদীনি জায়ন্তেঽতঃ সত্ত্বাদিবৃদ্ধিকালে প্রলয়ং গচ্ছন্তঃ ক্রমেণোত্তমমধ্যমাধমাসু যোনিষু জায়ন্তে, ইত্যাহ উর্দ্ধমিতি। উর্দ্ধং দেবভাবে মধ্যে মানুষভাবে অধঃ নরকতির্য্যক্‌স্থাবরভাবম্ জঘন্যং নিন্দ্যং যদ্গুণবৃত্তং নিদ্রালস্য প্রমাদাদিস্তৎস্থাস্তামসাঃ॥১৮॥

বিশ্বনাথ।—সত্ত্বস্থাঃ সত্ত্বতারতম্যেন উর্দ্ধং সত্যলোকপর্য্যন্তং, মধ্যে মনুষ্যলোক এব। জঘন্যশ্চাসৌ গুণশ্চেতি তস্য বৃত্তিঃ প্রমাদালস্যাদিঃ তত্রস্থিতা অধোগচ্ছন্তি নরকং যান্তি॥ ১৮॥

তাৎপর্য্য।—পূর্ব্বে ভিন্ন ভিন্ন গুণসমাবেশ হেতু যে যেরূপ ফলপ্রাপ্তি হয়, তাহা বিবৃত হইয়াছে। অধুনা বিশদ ভাবে তাহাই কীর্ত্তিত হই-তেছে। সত্ত্বগুণসম্পন্ন পুরুষেরা উর্দ্ধগতি প্রাপ্ত হইয়া থাকেন। অর্থাৎ বর্ত্তমান দেহক্ষয়ের পর তাঁহারা পিতৃলোক দেবলোক ইত্যাদিক্রমে স্ব স্ব বিবৃদ্ধ সত্ত্বগুণের তারতম্যানুসারে সত্যলোক (১৫২৮ পৃষ্ঠার টিপ্পনী দ্রষ্টব্য) পর্য্যন্ত গমন করিয়া থাকেন। তাঁহারা ক্রমোন্নতির পথে ধাবমান হইয়া মোক্ষরূপ ফল প্রাপ্ত হন। রজোগুণান্বিত পুরুষেরা ঐহিক ভোগসাধনে বিনিযুক্ত থাকিয়া মধ্যবর্ত্তী ফললাভ করিয়া থাকেন। অর্থাৎ তাঁহারা বর্ত্তমান দেহক্ষয়ের পর স্ব স্ব গুণের পরিমাণানুসারে মনুষ্য মধ্যেই নিকৃষ্ট বা উৎকৃষ্ট যোনি বিশেষে প্রাদুর্ভূত হয়। পরমোন্নতি বা একান্ত অধোগতি মধ্যবর্ত্তী গুণ

সম্পন্ন লোকেরা আশ্রয় করেন না। তমোগুণ উল্লিখিত গুণদ্বয়ের অপেক্ষা জঘন্য অর্থাৎ নিকৃষ্ট। তমোগুণান্বিত পুরুষেরা উল্লিখিত কোনপ্রকার পশুপক্ষ্যাদিরূপ ইতর জন্ম প্রাপ্ত হইয়া থাকে। তাহারা অজ্ঞান জনিত আলস্যাদি হেতু অজ্ঞানবশ্যতায় দেহনাশের পর পুনরুৎপন্ন হয়।

সত্ত্বগুণের ফল শ্রেষ্ঠতর লোকে গমন। রজোগুণের ফল মধ্যবর্ত্তী মনুষ্যলোকে আবির্ভাব। এবং তমোগুণের ফল অন্ধকারাচ্ছন্ন তামিস্রাদি নরকে * গমন। সত্ত্বগুণে মনুষ্যকে উত্তরোত্তর অধিকতর সত্ত্বগুণান্বিত করিয়া পরম ফলের পথে লইয়া যায়। রজোগুণে মনুষ্যকে ভোগ সুখেই আসক্ত করে; কিন্তু কখনও কখনও রজোগুণান্বিত ব্যক্তির হৃদয়ে সত্ত্বগুণের উন্মেষ হয়, তজ্জন্য তাঁহারা উর্দ্ধগতির আকাঙ্ক্ষা করিয়া থাকেন। এবং সত্ত্বগুণের বিবৃদ্ধি অনুসারে শ্রেষ্ঠ ফলপ্রাপ্তির সম্ভাবনাও থাকে। কিন্তু তমোগুণে অজ্ঞান বাহুল্য হেতু কোন সদ্গতির আশা থাকে না; উত্তরোত্তর তমোগুণেরই ঘোরতর প্রাচুর্য্য হইয়া জীব তির্য্যগাদি হইতে অবাশেষে কৃমিকীটাদি রূপে, তদনন্তর বৃক্ষলতাদি এবং তদনন্তর শিলা লোষ্ট্রাদিতে পরিণত হইয়া থাকে ॥ ১৮ ॥

---

* নরক।—পাপিদিগের মরণোত্তর কালে যন্ত্রণা স্থানের নাম নরক। মরণের পর পাপাত্মাগণ নরকে গমন করিয়া স্ব স্ব কর্ম্মানুরূপ বিবিধ দুর্গতি ভোগ করিয়া থাকে। নরকের অনেক প্রকার ভেদ আছে। পাপের প্রকার ভেদের সহিত নরকেরও প্রকার ভেদ হইয়া থাকে, এবং তৎভোগ্য কালেরও ন্যূনাধিক্য হয়। "পরাশর উবাচ। ততশ্চ নরকান্ বিপ্র। ভুবোঽধঃ সলিলস্য চ। পাপিনো যেষু পাত্যন্তে তান্ শৃণুষ মহামুনে! রৌরবঃ শূকরো রোধস্তালো বিশসনস্তথা। মহাজ্বালস্তপ্তকুম্ভো লবনোঽথ বিমোহনঃ॥ রুধিরান্ধো বৈতরণী কৃমীশঃ কৃমিভোজনঃ। অসিপত্রবনং কৃষ্ণো লালভক্ষশ্চ দারুণঃ॥ তথা পূযবহঃ পাপো বহ্নিজ্বালো হ্যধঃশিরাঃ। সন্দংশঃ কালসূত্রশ্চ তমশ্চাবিচিরেব চ॥ শ্বভোজনোঽথা প্রতিষ্ঠশ্চাবীচিশ্চ তথাপরঃ। ইত্যেব মাদয়শ্চান্যে নরকা ভৃশ দারুণাঃ॥ যমস্য বিষয়ে ঘোরাঃ শস্ত্রাগ্নি ভয়দায়িনঃ। পতন্তি তেষু পুরুষাঃ পাপকর্ম্মরতাস্তু যে॥ কূটসাক্ষী তথা সম্যক্ পক্ষপাতেন যো বদেৎ। যশ্চান্যদনৃতং বক্তি সনরো যাতি রৌরবম্॥ ভ্রূণহা পুরহন্তা চ গোঘ্নশ্চ মুনি সত্তম! যান্তিতে নরকং রোধং যশ্চোচ্ছ্বাস নিরোধকঃ॥ সুরাপো ব্রহ্মহাস্তেয়ী সুবর্ণস্য চ শূকরে। প্রয়াতি নরকে যশ্চ তৈঃ সংসর্গমুপৈতি বৈ॥ রাজন্য বৈশ্যহাতালে তথৈব গুরুতল্পগঃ। তপ্তকুম্ভে স্বসৃগামী হন্তি রাজভটাংশ্চ যঃ॥ সাধ্বী বিক্রয়কৃদ্বন্ধপালঃ কেসরিবিক্রয়ী। তপ্তলোহে পতত্যেতে যশ্চভক্তং পরিত্যজেৎ॥ স্নুষাংসুতাং বাপিগত্বা মহাজ্বালে নিপাত্যতে। অবমন্তা গুরুণাং যো যশ্চাক্রোষ্টা নরাধমঃ॥ বেদদূষয়িতা যশ্চ বেদবিক্রয়কশ্চ যঃ। অগম্যাগামী যশ্চ স্যাৎ তেযাণ্ডি লবণং দ্বিজ॥ চৌরো বিমোহে পততি মর্য্যাদাদূষক স্তথা। দেবদ্বিজ পিতৃদ্বেষ্টা রত্নদূষয়িতা চ যঃ। সযাতি কৃমিভক্ষে বৈ কৃমীশেচ দুরিষ্টকৃৎ॥ পিতৃদেবাতিথীন্ যশ্চ পর্য্যশ্নাতি নরাধমঃ। লালভক্ষো স যাত্যুগ্রে শরকর্ত্তা চ বেধকে॥ করোতি কার্ণনো যশ্চ যশ্চ খড়্গাদিকৃন্নরঃ। প্রয়াস্ত্যেতে বিশসনে

নান্যং গুণেভ্যঃ কর্ত্তারং যদা দ্রষ্টানুপশ্যতি।
গুণেভ্যশ্চ পরং বেত্তি মদ্ভাবং সোঽধিগচ্ছতি ॥১৯॥

অন্বয়।—যদা (যস্মিন্ কালে) দ্রষ্টা (বিবেকী) গুণেভ্যঃ অন্যং কর্ত্তারং ন অনুপশ্যতি গুণেভ্যঃ চ পরং (বিলক্ষণং) [আত্মানং] বেত্তি [তদা] সঃ মদ্ভাবং (ব্রহ্মভাবং) অধিগচ্ছতি (প্রাপ্নোতি) ॥১৯॥

প্রতিশব্দ।—যে সময়ে বিবেকী গুণের অন্য কর্ত্তাকে না দেখেন, এবং গুণ-হইতে পৃথক্ [আত্মাকে] জানেন, [সেই সময়ে] ব্রহ্ম-ভাবকে প্রাপ্ত-হন ॥ ১৯ ॥

ব্যাখ্যা।—যে সময়ে যথার্থদর্শী পুরুষ গুণ সমূহকেই কর্ত্তৃরূপে দর্শন করেন এবং আত্মাকে গুণহইতে বিলক্ষণ রূপে অনুভব করেন, তখনই তিনি ব্রহ্মস্বরূপতা প্রাপ্ত হইয়া থাকেন ॥ ১৯ ॥

শঙ্করাচার্য্য।—পুরুষস্য প্রকৃতিস্থত্বরূপেণ মিথ্যাজ্ঞানেন যুক্তস্য ভোগ্যেষু সুখদুঃখ-মোহাত্মকেষু সুখী দুঃখী মূঢ়োঽহমস্মীত্যেবংরূপো যঃ সঙ্গস্তৎকারণং পুরুষস্য সদসদ্যোনিজন্মপ্রাপ্তি-লক্ষণস্য সংসারস্যেতি সমাসেন পূর্ব্বাধ্যায়ে যদুক্তং তদিহ "সত্ত্বং রজস্তম ইতি গুণাঃ প্রকৃতিসম্ভবা" ইত্যত আরভ্য গুণস্বরূপং গুণবৃত্তত্বং স্ববৃত্তেন চ গুণানাং বন্ধকত্বং গুণবৃত্তনিবদ্ধস্য চ পুরুষস্য যা গতিরিত্যেতৎ সর্ব্বং মিথ্যাজ্ঞানমজ্ঞানমূলং চ বন্ধকারণং বিস্তরেণোক্ত্বাধুনা সম্যক্দর্শনাৎ মোক্ষো বক্তব্য ইত্যাহ ভগবান্ নান্যমিতি। নান্যং কার্য্যকারণবিষয়াকারপরিণতেভ্যো গুণেভ্যঃ কর্ত্তার-মন্যং যদা দ্রষ্টা বিদ্বান্ সন্নানুপশ্যতি গুণা এব সর্ব্বাবস্থাঃ সর্ব্বকর্ম্মণাং কর্ত্তার ইত্যেবং পশ্যতি, গুণে-ভ্যশ্চ পরং গুণব্যাপারসাক্ষিভূতঞ্চেতি মদ্ভাবং মম ভাবং বাসুদেবত্বং বাসুদেবঃ সর্ব্বমিত্যেবং পশ্যন্ স দ্রষ্টাধিগচ্ছতি ॥ ১৯ ॥

আনন্দগিরি।—কস্মিন্ গুণে কথমিত্যাদি প্রশ্নান্ প্রত্যাখ্যায় গুণেভ্যো মোক্ষণং কথ-মিতি প্রত্যাখ্যানার্থং বৃত্তানুবাদপূর্ব্বকং মিথ্যাজ্ঞাননিবর্ত্তকং সম্যগ্জ্ঞানং প্রস্তৌতি পুরুষস্যে-ত্যাদিনা। পুরুষস্য যা গতিঃ সা চেতি শেষঃ, মোক্ষো গুণেভ্যো বিশ্লেষপূর্ব্বকো ব্রহ্মভাবঃ। সম্যগ্জ্ঞানোক্তিপরং শ্লোকং ব্যাখ্যাতুং প্রতীকমাদত্তে নান্যমিতি। সত্ত্বাদিকার্য্যবিষয়স্য গুণ-শব্দস্য বিবক্ষিতমর্থমাহ কার্য্যেতি। বিদ্যানন্তর্য্যমনুশব্দার্থঃ। অকর্ত্তারমুক্ত্বা পূর্ব্বার্দ্ধস্যার্থ-

---

নরকে ভৃশদারুণে ॥ অসৎপ্রতিগ্রহীতা তু নরকং যাত্যধোমুখে। অযাজ্যযাজকশ্চৈব তথা নক্ষত্রসূচকঃ ॥ কৃমিপূয়বহে চৈকো যাতি মিষ্টান্নভুঙ্নরঃ। লাক্ষামাংসরসানাঞ্চ তিলানাং লবণস্য চ। বিক্রেতা ব্রাহ্মণো যাতি তমেব নরকং দ্বিজ ॥ মার্জ্জার কুক্কুটচ্ছাগ শ্বরাহ বিহঙ্গমান্। পোষয়ন্নরকং যাতি তমেব দ্বিজসত্তম ॥

কমর্থমাহ গুণা এবেতি। সর্ব্বাবস্থাস্তৎকার্য্যকরণাকারপরিণতা ইতি যাবৎ, সর্ব্বকর্ম্মণাং কায়িকবাচিকমানসানাং বিহিতপ্রতিষিদ্ধানামিত্যর্থঃ, পরং ব্যতিরিক্তং। বতিরেকমেব স্ফোরয়তি গুণেতি। নির্গুণং ব্রহ্মাত্মানমিত্যর্থঃ, মদ্ভাবং ব্রহ্মতামসৌ প্রাপ্নোতি ব্রহ্মভাবোঽস্যাভিব্যজ্যত ইত্যর্থঃ ॥ ১৯ ॥

রামানুজ।—আহারবিশেষৈঃ ফলাভিসন্ধিরহিতসুকৃতবিশেষৈশ্চ পরম্পরয়া প্রবর্দ্ধিতসত্ত্বানাং গুণাত্যয়দ্বারেণ উর্দ্ধগমনপ্রকারমাহ নান্যমিতি। এবং সাত্ত্বিকাহারসেবয়াফলাভিসন্ধিরহিত ভগবদারাধনরূপকর্ম্মানুষ্ঠানৈশ্চ রজস্তমসী সর্ব্বাত্মনাভিভূয় উৎকৃষ্ট সত্ত্বনিষ্ঠো যদাযোদ্রষ্টা গুণেভ্যোঽন্যং কর্ত্তারং নানুপশ্যতি গুণা এব স্বানুগুণপ্রবৃত্তিষু কর্ত্তার ইতি পশ্যতি গুণেভ্যশ্চ পরং বেত্তি কর্ত্তৃভ্যো গুণেভ্যশ্চ পরমন্যমাত্মানমকর্ত্তারং বেত্তি স মদ্ভাবমধিগচ্ছতি মম যো ভাবস্তমধিগচ্ছতি। এতদুক্তং ভবতি আত্মনঃ স্বতঃ পরিশুদ্ধস্বভাবস্য পূর্ব্ব পূর্ব্ব কর্ম্মমূল গুণসঙ্গনিমিত্তং বিবিধকর্ম্মসু কর্ত্তৃত্বং আত্মা স্বতন্ত্বকর্ত্তা অপরিচ্ছিন্নজ্ঞানৈকাকার ইত্যেবমাত্মানং যদা পশ্যতি তদা মদ্ভাবমধিগচ্ছতীতি ॥ ১৯ ॥

হনুমান্।—দ্রষ্টা বিজ্ঞানগুণেভ্যো. পরং গুণব্যাপারসাক্ষীভূতং মদ্ভাবমীশ্বরভাবং ॥ ১৯ ॥

শ্রীধর।—তদেবং প্রকৃতিগুণসঙ্গকৃতং সংসারপ্রপঞ্চমুক্ত্বা ইদানীং তদ্ব্যতিরেকেণ মোক্ষং দর্শয়তি নান্যমিতি। যদা তু দ্রষ্টা বিবেকী ভূত্বা বুদ্ধ্যাদ্যাকারপরিণতেভ্যো গুণেভ্যোঽন্যং কর্ত্তারং নানুপশ্যতি অপি তু গুণা এব কর্ম্মাণি কুর্ব্বন্তীতি পশ্যতি গুণেভ্যশ্চ পরং ব্যতিরিক্তং তৎসাক্ষিণমাত্মানং বেত্তি স তু মদ্ভাবং ব্রহ্মত্বমধিগচ্ছতি প্রাপ্নোতি ॥ ১৯ ॥

বলদেব।—এবং গুণবিবেকাৎ সংসারমুক্ত্বা তদ্বিবেকান্মোক্ষমাহ নান্যমিতি দ্বাভ্যাং। দ্রষ্টা তত্ত্বযাথাত্ম্যদর্শী জীবো যদা দেহেন্দ্রিয়াত্মনা পরিণতেভ্যো গুণেভ্যোঽন্যং কর্ত্তারং নানুপশ্যতি গুণান্ কর্ত্তৄন্ পশ্যতি আত্মানং গুণেভ্যঃ পরমকর্ত্তারং বেত্তি তদা স মদ্ভাবমধিগচ্ছতি। অয়মাশয়ঃ ন খলু বিজ্ঞানানন্দো বিশুদ্ধো জীবো যুদ্ধযজ্ঞাদিদুঃখময়কর্ম্মণাং কর্ত্তা কিন্তু গুণময়দেহেন্দ্রিয়বানেব সংস্তথেতি গুণহেতুকত্বাদ্গুণনিষ্ঠং তৎকর্ম্মকর্ত্তৃত্বং ন তু বিশুদ্ধাত্মনিষ্ঠমিতি যদানুপশ্যতি তদা মদ্ভাবমসংসারিত্বং মৎপরভক্তিং বা লভতে ইতি পুরাপ্যেতদভাষি ইহ গুণহেতুকং কর্ত্তৃত্বং শুদ্ধস্য নিষিদ্ধং ন তু শুদ্ধনিষ্ঠমিতি। তস্য দ্রষ্টেত্যাদিনোক্তঃ ॥ ১৯ ॥

মধুসূদন।—অস্মিন্নধ্যায়ে বক্তব্যত্বেন প্রস্তুতমর্থত্রয়ং, তত্র ক্ষেত্রক্ষেত্রজ্ঞসংযোগস্যেশ্বরাধীনত্বং কে বা গুণাঃ কথং বা তে বধ্নন্তীত্যর্থদ্বয়মুক্তং, অধুনা তু গুণেভ্যঃ কথং মোক্ষণং মুক্তস্য

রঙ্গোপজীবী কৈবর্ত্তঃ কুণ্ডাশী গরদস্তথা। সূচী মাহিষিকশ্চৈব পর্ব্বকারী চ যো দ্বিজঃ॥ আগারদাহী মিত্রঘ্নঃ শাকুনিগ্রামযাজকঃ। রুধিরাক্ষে পতন্ত্যেতে সোমং বিক্রীণতে চ যে॥ মধুহা গ্রামহন্তা চ যাতি বৈতরণীং নরঃ। রেতঃ পানাদি কর্ত্তারো মর্য্যাদাভেদিনা হি যে। তেকৃচ্ছে যান্ত্যশৌচাশ্চ কুহকাজীবিনশ্চ যে। অসিপত্র বনং যাতি বনচ্ছেদী বৃথৈব যঃ। ঔরভ্রিকা মৃগব্যাধা বাহ্নজ্বালে পতন্তি বৈ। যান্ত্যেতে দ্বিজ তত্রৈব

; কিং লক্ষণমিতি বক্তব্যমবশিষ্যতে তত্র মিথ্যাজ্ঞানাত্মকত্বাদ্‌গুণানাং সম্যক্‌জ্ঞানাত্তেভ্যোমোক্ষণ মিত্যাহ নান্যমিতি। গুণেভ্যঃ কার্য্যকারণবিষয়াকারপরিণতেভ্যোঽন্যং কর্ত্তারং যদা দ্রষ্টা বিচারকুশলঃ সন্নানুপশ্যতি বিচারমনুপশ্যতি গুণা এবান্তঃকরণবহিঃকরণশরীরবিষয়ভাবাপন্নাঃ সর্ব্বকর্ম্মণাং কর্ত্তার ইতি পশ্যতি গুণেভ্যশ্চ তত্তদবস্থাবিশেষেণ পরিণতেভ্যঃ পরং গুণতৎকার্য্যাসংস্পৃষ্টং তত্ত্বাসকমাদিত্যমেব জলতৎকম্পাদ্যসংস্পৃষ্টং নির্ব্বিকারং সর্ব্বসাক্ষিণং সর্ব্বত্র সমং ক্ষেত্রজ্ঞমেকং বেত্তি, সচমদ্ভাবং মদ্রূপতাং সদ্রষ্টাঽধিগচ্ছতি ॥ ১৯ ॥

নীলকণ্ঠ।—কথং প্রকৃতিঃ পুরুষং বধ্নাতীত্যস্যোত্তরমুক্তং কথম্বাততোঽস্যমুক্তিরিত্যস্যোত্তরমাহ নান্যমিতি। গুণেভ্যঃ কার্য্যকারণবিষয়াকারপরিণতেভ্যোঽন্যং দৃশিমাত্রং আত্মানং দ্রষ্টা জীবঃ কর্ত্তারং নানুপশ্যতি, কিন্তু গুণাএব কর্ত্তার ইত্যেবং পশ্যতি নত্বহং কর্ত্তেতি, তথা গুণেভ্যঃ পরং গুণব্যাপারসাক্ষিভূতং মাং যদা বেত্তি তদা স বেদিতা মদ্ভাবং ব্রহ্মভাবং গচ্ছতি অন্যদাতু গুণভাবঙ্গতোভবতি ॥ ১৯ ॥

বিশ্বনাথ।—গুণকৃতং সংসারং দর্শয়িত্বা গুণাতীতং মোক্ষং দর্শয়তি নান্যমিতি দ্বাভ্যাং। গুণেভ্যঃ কর্ত্তৃকরণবিষয়াকারেণ পরিণতেভ্য অন্যং কর্ত্তারং দ্রষ্টাজীবঃ যদা ন অনুপশ্যতি কিন্তু গুণা এব সদৈব কর্ত্তার ইত্যেব মনুপশ্যতি অনুভবতীত্যর্থঃ। গুণেভ্যঃ পরং ব্যতিরিক্ত মেবাত্মানং বেত্তি তদা স দ্রষ্টামদ্ভাবং ময়ি সাযুজ্যং অধিগচ্ছতি প্রাপ্নোতি। তত্র তাদৃশ জ্ঞানানন্তরমপি ময়ি পরাং ভক্তিং কৃত্বৈব ইত্যুপান্তশ্লোকার্থদৃষ্ট্যাজ্ঞেয়ং ॥ ১৯ ॥

তাৎপর্য্য।—পূর্ব্বে বিবৃত হইয়াছে যে, ক্ষেত্র ও ক্ষেত্রজ্ঞের সংযোগে এই সংসার বন্ধন সংঘটিত হয়, অর্থাৎ প্রকৃতি এবং পুরুষের সম্মিলনে জীবের জন্মমৃত্যুরূপ প্রবাহ আরব্ধ হয়। সে ব্যাপার ঈশ্বরাধীন। পুরুষের এইরূপ মিথ্যাভূতা প্রকৃতির সম্মিলন হইলেই আমি সুখী, আমি দুঃখী, আমি মূঢ়, ইত্যাকার বিবিধ প্রকার মিথ্যাজ্ঞানের উদ্ভব হয়, এবং তদ্ধেতুক অজ্ঞানের বৃদ্ধি হইয়া সদসৎ যোনি প্রাপ্তির সূচনা করিয়া দেয়। এই তত্ত্ব পূর্ব্বাধ্যায়ে সংক্ষেপে কথিত হইয়াছে। এই অধ্যায়ে কিঞ্চিৎ পূর্ব্বে ইহাই প্রদর্শিত হইয়াছে যে, সত্ত্ব রজঃ তমঃ এই গুণত্রয় প্রকৃতি হইতে সঞ্জাত, এবং সেই গুণত্রয়ের লক্ষণ, গুণত্রয়ের বন্ধকত্ব, গুণযুক্ত পুরুষের গতি ইত্যাদি সমস্তই অজ্ঞানবিজৃম্ভিত। যিনি সম্যক্‌দর্শী, অর্থাৎ যিনি

যে চাপাকেষু বহ্নিদাঃ। ব্রতানাং লোপকোশ্চ স্বাশ্রমাদ্বিচ্যুতশ্চযঃ॥ সন্দংশ যাতনামধ্যে পতন্তস্তাবন্মুক্তাব'প দিবাস্বপ্নে চ স্কন্দন্তেঃ যে নরা ব্রহ্মচারিণঃ। পুত্রৈরধ্যাপিতা যে চ তে পতন্তি শ্বভোজনে। এতে চান্যে নরকাঃ শতশোঽথ সহস্রশঃ। ভুঞ্জন্তে যানি পুরুষৈর্নরকান্তর গোচরৈ। বর্ণাশ্রম বিরুদ্ধক কর্ম্ম কুর্ব্বন্তি যে

জ্ঞান প্রভাবে মিথ্যা ও সত্য নির্ব্বাচনে সমর্থ হইয়াছেন, তাঁহারই কি ফল হয় তাহাই এক্ষণে কীর্ত্তিত হইতেছে। এই জীব দেহ মধ্যে দ্রষ্টা অর্থাৎ সাক্ষীরূপে অবস্থিত। সত্ত্বাদি গুণত্রয়ই হিতাহিত যাবতীয় কর্ম্মের কর্ত্তা। যখন জীব প্রকৃষ্টরূপে বুঝিতে পারে যে, গুণ বন্ধন হেতু গুণেরই প্রাবল্যে ও ক্ষমতায় উচ্চ ও অধম, শ্রেয়ঃ ও নীচ বিবিধ কর্ম্ম অনুষ্ঠিত ও সম্পন্ন হইতেছে, যখন তিনি বুঝিতে পারেন যে, গুণের বন্ধন ছিন্ন করিতে পারিলে কর্ম্মের বন্ধনও বিচ্ছিন্ন হইয়া যায়, এবং সম্যক্‌রূপে উপলব্ধি হয় যে, গুণত্রয় ব্যতীত কর্ম্মবন্ধনের কোন কারণ নাই, তখনই তাঁহাকে প্রকৃত দ্রষ্টা বলিয়া পরিগণিত করিতে হইবে। এইরূপ প্রকৃতদ্রষ্টা গুণসংযোজিত মিথ্যাভূত কর্ম্মবন্ধন বিচ্ছিন্ন করিয়া তদপেক্ষা শ্রেষ্ঠ ও সার বস্তুস্বরূপ আত্মতত্ত্ব অববোধে সক্ষম হন, অনাত্মবিষয় পরিহার করিয়া আত্মবিষয়ের প্রণিধানে আকৃষ্ট হন, এবং তিনি চরমে ব্রহ্মভাব, ব্রহ্মস্বরূপতা এবং ব্রহ্মময়তা লাভ করিয়া থাকেন।

ইহার ভাবার্থ এই যে, গুণসঙ্গ হেতুই কর্ম্মবন্ধন ঘটে। আত্মা এই দেহ মধ্যে নিত্য স্বরূপে নির্লিপ্ত দ্রষ্টা ভাবে অধিষ্ঠিত আছেন; গুণের প্রভাবে আমি সুখী, আমি দুঃখী, আমি যুদ্ধ নিরত, আমি ভোগাসক্ত, ইত্যাকার বোধের অধীন হইয়া থাকেন। প্রকৃত দৃষ্টি হইলেই তিনি বুঝিতে পারেন যে, গুণই বিবিধ কর্ম্ম ঘটাইতেছে, আত্মা স্বয়ং তদ্রূপে স্বতন্ত্রভাবে অবস্থিতি করিতেছেন। এইরূপ সম্যক্ বোধ হইলে সেই পুরুষ কর্ম্মবন্ধনে আর আত্মনিয়োজন করেন না; আত্মাকে গুণসঙ্গ নির্ম্মুক্ত করিয়া ক্রমে তিনি ব্রহ্মভাব প্রাপ্ত হইয়া থাকেন ॥ ১৯ ॥

নরাঃ। কর্ম্মণা মনসা বাচা নিরয়েষু পতন্তিতে॥ অধঃশিরোভির্দ্দৃশ্যন্তে নারকৈর্দিবি দেবতাঃ। দেবাশ্চাধো মুখান্ সর্ব্বান্ অধঃপশ্যন্তি নারকান্॥ স্থাবরাঃ কৃময়োঽজাশ্চ পক্ষিণঃ পশবোনরাঃ। ধার্ম্মিকাস্ত্রিদশাস্তদ্বন্মোক্ষিণশ্চ যথাক্রমম্॥" (বিষ্ণুপুরাণ ২য় অংশ ৬ অধ্যায়)।

ভগবান্ পরাশর মৈত্রেয়কে সম্বোধন করিয়া বলিলেন, হে ব্রহ্মণ! ভূমণ্ডল ও জলরাশির অধো ভাগে কতকগুলি নরক আছে। পাপিগণ সেই সকল নরকে নিক্ষিপ্ত হয়। এক্ষণে তাহাদের বিষয় কীর্ত্তন করিতেছি, শ্রবণ কর। রৌরব, শূকর, রোধ তাল, বিশসন মহাজ্বাল, তপ্ত শ্বসন, বিমোহন, রুধিরান্ধ, বৈতরণী কৃমীশ, কৃমিভোজন, অসিপত্র, বন, কৃষ্ণ, লালাভক্ষ, দারুণ, পূয়বহ পাপ বহ্নিজ্বাল অধঃশিরাঃ, সন্দংশ, কালসূত্র, তমঃ, অবীচি, শ্বভোজন, অপ্রতিষ্ঠ, অবীচি প্রভৃতি বিবিধ নরক আছে। এই নরক সমুদায় যমরাজ্যের অন্তর্গত।

গুণানেতানতীত্য ত্রীন্ দেহী দেহসমুদ্ভবান্।
জন্মমৃত্যুজরাদুঃখৈর্বিমুক্তোঽমৃতমশ্নুতে ॥ ২০॥

অন্বয়।—দেহী (জীবঃ) দেহসমুদ্ভবান্ (দেহোদ্ভবকারণভূতান্) এতান্ ত্রীন গুণান্ অতীত্য (অতিক্রম্য) জন্মমৃত্যুজরাদুঃখৈঃ বিমুক্তঃ (সম্বন্ধরহিতঃ) [সন্] অমৃতং (মোক্ষং) অশ্নুতে (লভতে)॥ ২০ ॥

প্রতিশব্দ।—জীব দেহের-কারণ-ভূত এই তিন গুণকে অতিক্রম-করিয়া জন্ম-মৃত্যু-জরারূপ-দুঃখ-হইতে মুক্ত [হইয়া] মোক্ষকে লাভ-করে ॥ ২০ ॥

ব্যাখ্যা।—জীব বিবেকবলে দেহোৎপত্তির কারণস্বরূপ এই সত্ত্বাদি গুণত্রয়কে অতিক্রম করিয়া জন্মমৃত্যু জরা প্রভৃতি দুঃখ বিমুক্ত হইয়া মোক্ষ প্রাপ্ত হইয়া থাকেন ॥ ২০ ॥

শঙ্করাচার্য্য।—কথমধিগচ্ছতীত্যুচ্যতে গুণেতি। গুণানেতান্ যথোক্তানতীত্য জীবন্নেবাতিক্রম্য মায়োপাধিভূতাংস্ত্রীন্ দেহী দেহসমুদ্ভবান্ দেহোৎপত্তিবীজভূতান্ জন্মমৃত্যুজরাদুঃখৈঃ জন্ম চ মৃত্যুশ্চজরা চ দুঃখানি চ তৈর্জীবন্নেব মুক্তঃ সন্ বিদ্বানমৃতমশ্নুতে এবংমদ্ভাবমধিগচ্ছতীত্যর্থঃ॥ ২০ ॥

আনন্দগিরি।—অনর্থব্রাতরূপমপোহ্য বিদ্বান্ ব্রহ্মত্বং প্রাপ্নোত্যেতৎ প্রশ্নদ্বারা বিবৃণোতি কথমিত্যাদিনা। যথোক্তানিত্যেতদেব ব্যাচষ্টে মায়েতি। মায়ৈবোপাধিস্তদ্ভূতান্ তদাত্মনঃ সত্ত্বাদীননর্থরূপানিত্যর্থঃ। সমুদ্ভবন্তীতি সমুদ্ভবা দেহসমুদ্ভবাঃ তানিতি ব্যুৎপত্তিং গৃহীত্বা ব্যাচষ্টে দেহোৎপত্তীতি। যো বিদ্বান্ অবিদ্যাময়ান্ গুণান্ জীবন্নেবাতিক্রম্য স্থিতস্তমেব বিশিনষ্টি জন্মেতি। পুরস্তাদ্বিস্তরেণোক্তস্য প্রসঙ্গাদত্র সংক্ষিপ্তস্য সম্যক্ জ্ঞানস্য ফলমুপসংহরতি এবমিতি॥ ২০ ॥

রামানুজ।—কর্ত্তৃভ্যো গুণেভ্যোঽন্যমকর্ত্তারমাত্মানং পশ্যন্ ভগবদ্ভাবমধিগচ্ছতীতি স ভগবদ্ভাবঃ কীদৃশ ইত্যত্রাহ গুণানিতি। যো দেহী দেহসমুদ্ভবান্ দেহাকারপরিণতপ্রকৃতিসমুদ্ভবানেতান সত্ত্বাদীংস্ত্রীন গুণানতীত্য তেভ্যশ্চ জ্ঞানৈকাকারমাত্মানং পশ্যন্ জন্মমৃত্যুজরাদুঃখৈর্বিমুক্তোঽমৃতমাত্মানমনুভবতি এষ মদ্ভাব ইত্যর্থঃ॥ ২০ ॥

পাপিগণ এই সকল নরকে পতিত হইয়া অশেষ যন্ত্রণা ভোগ করে। যে মিথ্যা সাক্ষ্য প্রদান করে, যে মধ্যস্থ হইয়া পক্ষপাত করে, যে মিথ্যা কথা কহে, তাহারা রৌরব নামক নরকে গমন করিয়া থাকে। যাহারা ভ্রূণ হত্যা করে

হনুমান্‌।—দেহসমুদ্ভবান দেহস্য কারণভূতান ॥ ২০ ॥

শ্রীধর।—ততশ্চ গুণকৃতসর্ব্বানর্থনিবৃত্ত্যা কৃতার্থোভবতীত্যাহ গুণানিতি। দেহাদ্যাকার: সমুদ্ভবঃ পরিণামোযেষাং তে দেহসমুদ্ভবাস্তানেতান্ ত্রীনপি গুণানতীত্যাতিক্রম্য তৎকৃতৈর্জন্মাদি-ভির্ব্বিমুক্তঃ সন্নমৃতং পরমানন্দং প্রাপ্নোতি ॥ ২০ ॥

বলদেব।—মদ্ভাবপদেনোক্তমর্থং স্ফুটয়তি গুণানিতি। দেহী দেহমধ্যস্থোঽপি জীবো গুণপুরুষবিবেকবলেনৈতান্ দেহসমুদ্ভবান্ দেহোৎপাদকাংস্ত্রীন্ গুণানতীত্যোল্লঙ্ঘ্য জন্মাদিভি-র্বিমুক্তোঽমৃতমাত্মানমশ্নুতেঽনুভবতি। সোঽয়মসংসারিত্বলক্ষণো মদ্ভাবঃ মৎপরভক্তিপাত্রতালক্ষণো বা এবং বক্ষ্যতি ব্রহ্মভূতঃ প্রসন্নাত্মেত্যাদিনা ॥ ২০ ॥

মধুসূদন।—কথমধিগচ্ছতীত্যুচ্যতে গুণানিতি। গুণানেতান্মায়াত্মকাংস্ত্রীন্ সত্ত্বরজস্তমোনাম্নঃ দেহসমুদ্ভবান্ দেহোৎপত্তিবীজভূতান অতীত্য জীবন্নেব তত্ত্বজ্ঞানেন বাধিতত্বাজ্জন্ম-মৃত্যুজরাদুঃখৈর্জ্জন্মনা মৃত্যুনা জরয়া দুঃখৈশ্চাধ্যাত্মিকাদিভির্মায়ামরৈর্ব্বিমুক্তো জীবন্নেব তৎসম্বন্ধ-শূন্যঃ সন্ বিদ্বানমৃতং মোক্ষং মদ্ভাবমস্তে প্রাপ্নোতি ॥ ২০ ॥

নীলকণ্ঠ।—কথং মদ্ভাবমগচ্ছতীতি তত্রাহ গুণানিতি। এতান্ গুণান্ মহদাদিচতুর্বিংশতি-বিকারাত্মনা পরিণতান্ দেহসমুদ্ভবান্ স্থূলদেহস্য সমুদ্ভবোযেভ্যস্তান্ অতীত্য জীবন্নেবাতিক্রম্য নির্ব্বিকল্পকসমাধ্যভ্যাসেন বাধিত্বাঽমৃতং মোক্ষং অশ্নুতে প্রাপ্নোতি, এতেনানন্দাবাপ্তিগুণাত্যয় প্রয়োজনমুক্তং যতোমুক্তো জন্মমৃত্যুজরাদুঃখৈর্ব্বিমুক্তঃ সন্নিতিতু অনর্থনিবৃত্তিরুক্তা ॥ ২০ ॥

বিশ্বনাথ।—ততশ্চ সোঽপি গুণাতীত এবোচ্যতে ইত্যাহ গুণমিতি ॥ ২০ ॥

তাৎপর্য্য।—কিরূপে পুরুষ গুণসম্বন্ধ পরিজ্ঞান দ্বারা পরম ফল প্রাপ্ত হইয়া থাকেন, তাহা পূর্ব্বে কথিত হইয়াছে। সত্ত্ব, রজঃ এবং তমঃ এই গুণ ত্রয়ই জীবের বন্ধনের হেতুভূত, জীব স্বয়ং তদতীত, ইত্যাকার বোধ সহকারে যথার্থ আত্মতত্ত্ব উপচিত হইলে তাঁহার বন্ধনমুক্তি হইয়া থাকে। সহজেই জিজ্ঞাস্য হইতে পারে, বন্ধনের মধ্যে থাকিয়া এবং গুণ সমূহ বা গুণ বিশেষদ্বারা বেষ্টিত থাকিয়া জীব কিরূপে মুক্তি লাভ করিতে পারেন ? এরূপ আশঙ্কিত প্রশ্নের উত্তরার্থ এই শ্লোক অবতারিত হইয়াছে। এই দেহ অবিদ্যাজনিত এবং গুণত্রয় সম্বলিত। বৈষম্য ভাবপ্রাপ্ত গুণত্রয় সাম্যাবস্থা পরিহার করিয়া জড়াপ্রকৃতি হইতে বিচ্ছিন্ন হয় এবং জীবের দেহ ও দেহলব্ধ কর্ম্মের সূচনা করে। সুতরাং বুঝিতে হইবে, গুণত্রয়ই

যাহারা পরের ভদ্রাসন হরণ করে, যাহারা গোহত্যা করে, তাহারা রোধ নামক নরকে পতিত হয়। সুরাপায়ী ব্রহ্মঘাতী, সুবর্ণাপহারক ব্যক্তিগণ এবং যাহারা ইহাদের সংসর্গে থাকে, তাহারা শূকর নামক নরকে নিক্ষিপ্ত

দেহোৎপত্তির বীজস্বরূপ। এই দেহোৎপত্তির সূত্রস্বরূপ গুণত্রয়কে অতিক্রম করা আবশ্যক; অর্থাৎ সম্যক্‌দর্শন দ্বারা, সার ও অসার উপলব্ধি দ্বারা, প্রকৃত বস্তু বিবেক দ্বারা এই গুণত্রয়ের বন্ধন বিচ্ছিন্ন করা বিধেয়। যদি জীব উল্লিখিত রূপে গুণনির্ম্মুক্ত হইতে পারেন, যদি উৎকৃষ্ট সত্ত্বগুণ বা অপকৃষ্ট তমোগুণ কিছুই আর তাঁহার জ্ঞানকে আচ্ছন্ন বা বাধ্য করিয়া না রাখে, তাহা হইলে তিনি মায়ামোহাদি বিমুক্ত হইয়া, জ্ঞানবলে জন্ম মৃত্যু জরা ও ব্যাধির হস্ত হইতে অব্যাহতি লাভ করেন। একবার জন্ম হইলেই যতক্ষণ পর্য্যন্ত মোক্ষ সাধিত না হয়, ততক্ষণ পর্য্যন্ত নিরন্তর জন্মের ধারা বহিতে থাকে। যে যোনিতে যতদিন পর্য্যন্ত জীবনধারণ সম্ভব, ততদিন পর্য্যন্ত ভোগের পর আবার জীবকে মৃত্যু কবলিত হইতে হয়। উন্নতি অভিলাষী জীবের উৎকৃষ্ট যোনিতে জন্ম হয়, এবং অবনত জীবকে নিকৃষ্ট যোনিতে জন্মগ্রহণ করিতে হয়। নিয়মিত ভোগান্তে পুনরায় মৃত্যুর অধীন হইতে হয়। সুতরাং প্রকৃষ্ট জ্ঞানবলে যতক্ষণ মুক্তি লাভ করিতে না পারা যায়, ততক্ষণ নিরন্তর জন্ম মৃত্যুরূপ রথচক্রে নিবদ্ধ হইয়া জীবকে ঘূর্ণায়মান হইতে হয়। একবার জন্ম পুনরায় মৃত্যু পুনর্জ্জন্মের সূচনা করে। জীবের জীবন কালও অশেষ দুঃখ জালে জড়িত। যে ভুবনমোহিনী সুন্দরী লাবণ্য ও শোভা বিকীর্ণ করিয়া সকলের নয়ন রঞ্জন ও মনোহরণ করিতেছে, কালে তাহার সেই ভুবনদুর্লভ রূপরাশি অপগত হইয়া যাইবে, এবং একদা যাহার কটাক্ষ সকলের হৃদয় বিদ্ধ করিয়া লালসানলে দগ্ধ করিয়াছে, তাহা প্রভাশূন্য কোটরগত ক্লেদপূর্ণ ও বিকট দর্শন হইবে। যে ভুবনমোহন শিশু সুমধুর হাস্যের লহর তুলিয়া আত্মীয় জনের হৃদয় আনন্দে আপ্লুত করিতেছে, এবং অর্দ্ধোচ্চারিত শব্দে শ্রোতৃগণের কর্ণে সুধা সেচন করিতেছে, তাহার সেই রূপ—তাহার সেই বাক্য, কালের দুরতিক্রম্য নিয়মে একদিন অপগত হইবে। যদি সেই শৈশবের আলেখ্য থাকে, তাহা হইলে সেই শিশুর বৃদ্ধকালের প্রতিকৃতির সহিত একত্র দর্শন করিলে যুগপৎ বিস্ময় ও ক্লেশের উদয় হইবে। যে বীর বলবিক্রমে উন্মত্ত হইয়া ভুজবলে বসুন্ধরার সাম্রাজ্য অর্জ্জন করিবার

হইয়া থাকে। যাহারা ক্ষত্র বা বৈশ্য হত্যা করে তাহারা তাল নরকে গমন করে। যাহারা গুরুপত্নীতে উপগত হয়, অথবা যাহারা ভগ্নিগামী, যাহারা রাজদূতকে বিনাশ করে, তাহারা তপ্তকুণ্ড নরকে যায়। সাধ্বী পত্নী-

কল্পনা করিতেছেন, এবং অহঙ্কারে অধীর হইয়া তাবত মানবকেই ঘৃণার নয়নে দর্শন করিতেছেন, তাঁহার সেই আজানুলম্বিত বাহু জরার আক্রমণে এককালে বলহীন হইবে, এবং সেই অহঙ্কারস্ফীত বীর লোলচর্ম্ম পলিত-কেশ বক্র দেহ লইয়া তাবতের উপহাসাস্পদ হইবেন। সুতরাং দেখা যাই-তেছে, জীবনকালেও সর্ব্বপ্রকার ভোগ সমভাবেই কখন থাকিতে পায় না। কি বিড়ম্বনা! এই নিয়মিত ও পরিমিত আয়ুষ্কালের মধ্যে কি বিচিত্রতা! কতই পরিবর্ত্তন! এসকল গুরুতর পরিবর্ত্তনের অপেক্ষা ভয়ানক যাতনা আমাদের নিত্য সহচর। আমাদের এই দেহ ব্যাধিমন্দির নামে পরি-কীর্ত্তিত। ক্ষুদ্র ও মহৎ স্বল্প ও চিরস্থায়ী নানাপ্রকার ব্যাধি আমাদিগকে আক্রমণের চেষ্টায় নিরত ফিরিতেছে। তাহাদিগের হস্ত হইতে নিস্তার লাভের কোনই উপায় নাই। তাহারা যন্ত্রণায় মনুষ্যকে প্রপীড়িত করে এবং প্রাণান্ত ঘটাইয়া সকল বাসনার অবসান করিয়া দেয়। জীবনের আদ্যন্ত এইরূপই বিবিধ ক্লেশপূর্ণ। মৃত্যু হইলেই যে এই যন্ত্রণার সম্বন্ধ ফুরাইল এরূপ নহে। পুনর্জ্জন্মে আবার এই সকল ভীষণ যন্ত্রণা মানবকে অধীন করিবার নিমিত্ত অগ্রেই প্রস্তুত হইতেছে। এই নিদারুণ দুঃখ দুর্দ্দৈব নিবৃত্তির একমাত্র উপায় জ্ঞানার্জ্জন। জ্ঞান প্রভাবে গুণত্রয়ের শাসন অতিক্রম করিতে পারিলে এবং সত্য ও সারতত্ত্ব নির্ণয়ে সক্ষম হইলে মানবের জন্ম মৃত্যুর ভয় থাকে না, জরা ও ব্যাধির আক্রমণাশঙ্কা থাকে না। তিনি তখন অমরত্ব লাভ করিয়া ধন্য হইয়া থাকেন। তাঁহার তখন ব্রহ্মত্ব প্রাপ্তিরূপ পরম সৌভাগ্য ঘটিয়া থাকে।

পক্ষান্তরে ভক্তসম্প্রদায় মূলস্থিত "অমৃতমশ্নুতে" এই ব্যাকাংশ অবলম্বনে এইরূপ অর্থাবধারণ করেন যে, গুণত্রয়াতীত সাধুগণ ব্রহ্মের অসংসারিত্বরূপ ভাব অথবা তৎপ্রতি পরাভক্তি লাভ করিয়া থাকেন। তাঁহার এতদপেক্ষা উচ্চতর আকাঙ্ক্ষা আর কিছুই থাকিতে পারে না। পরে "ব্রহ্মভূতঃ প্রসন্নাত্মা ন শোচতি ন কাঙ্ক্ষতি"(১৮শ অধ্যায় ৫৪ শ্লোক) শ্লোকে ব্যক্ত হইবে যে, ব্রহ্মভূত প্রসন্নাত্মা ভক্তগণ দুঃখ ও কামনা রহিত হইয়া থাকেন ॥ ২০ ॥

বিক্রয়কারী, কারারক্ষক, অশ্ববিক্রেতা এবং শরণাগতের অরক্ষক ব্যক্তিগণ তপ্তলোহ নামক নরকে পতিত হয়। যাহারা বধূ বা কন্যাতে গমন করে, তাহারা মহাজ্বাল নরকে পতিত হয়। যে সকল ব্যক্তি গুরুলোকের প্রতি

অর্জ্জুন উবাচ।

কৈর্লিঙ্গৈস্ত্রীন্ গুণানেতানতীতো ভবতি প্রভো!।
কিমাচারঃ কথং চৈতাংস্ত্রীন্ গুণানতিবর্ত্ততে॥ ২১॥

অন্বয়।—অর্জ্জুনঃ উবাচ (কথয়ামাস) হে প্রভো! কৈঃ লিঙ্গৈঃ (চিহ্নৈঃ) এতান্ ত্রীন্ গুণান্ অতীতঃ (অতিক্রান্তঃ) ভবতি, কিমাচার (কঃ আচারঃ অস্য) কথং (কেন প্রকারেণ) এতান্ ত্রীন্ গুণান্ অতিবর্ত্ততে (অতিক্রামতি) ॥ ২১ ॥

প্রতিশব্দ।—অর্জ্জুন বলিলেন, হে প্রভো! কি চিহ্ন-দ্বারা এই তিন গুণকে অতিক্রান্ত-হয়, ইহার-কিরূপ-আচার, কি-প্রকারে এই তিন গুণকে অতিক্রম-করে ॥ ২১ ॥

ব্যাখ্যা।—অর্জ্জুন বলিলেন, হে প্রভো! কোন চিহ্নদ্বারা এই গুণত্রয়ের অতিক্রান্ত পুরুষকে জানা যায়, তাঁহাদের আচার ব্যবহার কিরূপ, এবং তাঁহারা কিরূপেই বা এই গুণত্রয়কে অতিক্রম করেন, তাহা আমাকে বলুন ॥ ২১ ॥

শঙ্করাচার্য্য।—জীবন্নেব গুণানতীতোঽমৃতমশ্নুত ইতি প্রশ্নবীজং প্রতিলভ্য অর্জ্জুন উবাচ কৈরিতি। কৈর্লিঙ্গৈশ্চিহ্নৈস্ত্রীনেতান্ ব্যাখ্যাতান্ গুণানতীতোঽতিক্রান্তো ভবতি প্রভো! কিমাচারঃ কোঽস্যাচার ইতি কিমাচারঃ কথং কেন চ প্রকারেণ এতাংস্ত্রীন্ গুণান্ অতিবর্ত্ততে॥ ২১॥

আনন্দগিরি।—সম্যগ্ধীফলং গুণাতিক্রমণপূর্ব্বকমমৃতত্বমুক্তং শ্রুত্বা মুক্তস্য লক্ষণং বক্তব্যমিতি প্রকৃতং বিবক্ষিতত্বাৎ প্রশ্নমুত্থাপয়তি জীবন্নেবেতি। যে ব্যাখ্যাতাঃ সত্বাদয়ো গুণাঃ তৎপরিণামভূতানধ্যাসানতিক্রান্তঃ সন্ কৈর্লিঙ্গৈর্জ্ঞাতো ভবতি ইতি তানি বক্তব্যানি সিদ্ধার্থং পূর্ব্বমনুষ্ঠেয়ানি পশ্চাদযত্নলভ্যানি লিঙ্গানি, কানি তানীতি পৃচ্ছতি কৈরিতি। যথেষ্টচেষ্টাব্যাবৃত্ত্যর্থং প্রশ্নান্তরং কিমাচার ইতি। জ্ঞানস্য গুণাত্যয়োপায়স্যোক্তস্যাতপায়প্রকারজিজ্ঞাসয়া প্রশ্নান্তরং কথমিতি॥ ২১॥

অবমাননা বা আক্রোশ করে, যাহারা বেদনিন্দক বা বেদ বিক্রয়ী, যাহারা অগম্যাগামী তাহারা লবণ নামক নরকে গমন করে। চোর এবং মর্য্যাদার নিন্দক বিমোহ নামক নরকে যায়। দেব ব্রাহ্মণ এবং পিতৃদ্বেষ্টা,

রামানুজ।—অথ গুণাতীতস্য স্বরূপসূচনাচারপ্রকারং গুণাত্যয়হেতুং চ পৃচ্ছন্ অর্জ্জুন উবাচ কৈরিতি। সত্ত্বাদীংস্ত্রীন্ গুণানেতানতীতঃ কৈর্লিঙ্গৈঃ কৈর্লক্ষণৈরুপলক্ষিতো ভবতি কিমাচারঃ কেনাচারেণ যুক্তোঽসৌ অস্য স্বরূপাবগতের্লিঙ্গভূতাচারঃ কীদৃশ ইত্যর্থঃ কথঞ্চৈতান্ কেনোপায়েন সত্ত্বাদীংস্ত্রীন্ গুণান্ অতিবর্ত্ততে॥ ২১॥

হনুমান্।—অর্জ্জুন উবাচ। লিঙ্গৈশ্চিহ্নৈঃ অতীতঃ অতিক্রান্তঃ॥ ২১॥

শ্রীধর।—গুণানেতানতীত্যামৃতমশ্নুত ইত্যেতচ্ছ্রুত্বা গুণাতীতস্য লক্ষণং তদাচারঞ্চ গুণাত্যয়োপায়ঞ্চ সম্যগ্ বুভুৎসুরর্জ্জুন উবাচ কৈরিতি। হে প্রভো! কৈর্লিঙ্গৈঃ কীদৃশৈরাত্মচিহ্নৈ গুণাতীতোদেহী ভবতীতি লক্ষণপ্রশ্নঃ, ক আচারোঽস্যেতি কিমাচারঃ কথং বর্ত্তত ইত্যর্থঃ, কথঞ্চ কেনোপায়েনৈতাংস্ত্রীনপি গুণানতীত্য বর্ত্ততে, তৎকথয়েত্যর্থঃ॥ ২১॥

বলদেব।—গুণাতীতস্য লক্ষণমাচারং চ গুণাত্যয়সাধনঞ্চার্জ্জুনঃ পৃচ্ছতি। কৈরিত্যর্দ্ধকেনৈকঃ প্রশ্নঃ কৈশ্চিহ্নৈর্গুণাতীতো জ্ঞাতুং শক্য ইত্যর্থঃ। কিমাচার ইতি দ্বিতীয়ঃ। স কিং যথেষ্টাচারো নিয়তাচারো বেত্যর্থঃ। কথং চৈতানিতি তৃতীয়ঃ, কেন সাধনেন গুণানত্যতীত্যর্থঃ॥ ২১॥

মধুসূদন।—গুণানেতানতীত্য জীবন্নেবামৃতমশ্নুত ইত্যেতচ্ছ্রুত্বা গুণাতীতস্য লক্ষণং চাচারং চ গুণাতীতত্বোপায়ং চ সম্যগ্ বুভুৎসমানঃ অর্জ্জুন উবাচ। এতান্ গুণানতীতোযঃ স কৈর্লিঙ্গৈর্বিশিষ্টোভবতি কৈর্লিঙ্গৈঃ স জ্ঞাতুং শক্যস্তানি মে ব্রূহীত্যেকঃ প্রশ্নঃ, প্রভুত্বাদ্দুঃখং ভগবতৈব নিবারণীয় মিতি সূচয়ন্ সম্বোধয়তি প্রভো! ইতি ক আচারোঽস্যেতি কিমাচারঃ কিং যথেষ্টচেষ্টঃ, কিং বা নিয়ন্ত্রিত ইতি দ্বিতীয়ঃ প্রশ্নঃ। কথং চ কেন চ প্রকারেণ এতাংস্ত্রীন্ গুণানতিবর্ত্ততেঽতিক্রামতীতি। গুণাতীতত্বোপায়ঃ ক ইতি তৃতীয়ঃ প্রশ্নঃ॥ ২১॥

নীলকণ্ঠ।—প্রকৃতিতোমুক্তিপ্রকারে উক্তে অথ মুক্তলক্ষণানি পৃচ্ছন্নর্জ্জুন উবাচ কৈরিতি। কৈর্লিঙ্গৈশ্চিহ্নৈস্ত্রীন্ গুণান্ এতান্ ব্যাখ্যাতান্ অতীতো ভবতি পুমান্ হে প্রভো সচ কিমাচারঃ কআচারঃ কথং কেন চ প্রকারেণৈতাংস্ত্রীন্ গুণানতিক্রান্তোবর্ত্ততে॥ ২১॥

বিশ্বনাথ।—স্থিতপ্রজ্ঞস্য কা ভাষা ইত্যাদিনা দ্বিতীয়াধ্যায়ে পৃষ্টং অপার্থং পুনস্তত্তোঽপি বিশেষ বুভুৎসয়া পৃচ্ছতি। কৈর্লিঙ্গৈরিত্যেকঃ প্রশ্নঃ কৈশ্চিহ্নৈ স্ত্রিগুণাতীতঃ স জ্ঞেয় ইত্যর্থঃ। কিমাচার ইতি দ্বিতীয়ঃ কথঞ্চৈতানিতি তৃতীয়ঃ গুণাতীতত্ব প্রাপ্তে কিং সাধনমিত্যর্থঃ। স্থিত প্রজ্ঞস্য কা ভাষা ইত্যাদৌ স্থিতপ্রজ্ঞো গুণাতীতঃ কথং স্যাদিতি তদানীং ন পৃষ্টং ইদানীং তু পৃষ্টং ইতি বিশেষঃ॥ ২১॥

মন্ত্রের দূষকব্যক্তি ;মি ভোজন নামক নরকে পতিত হয়। যে ব্যক্তি অভিচার ক্রিয়া করে সে কৃমীশনামক নরকে নিক্ষিপ্ত হয়। যে পিতা দেবতা বা অতিথির অগ্রে ভোজন করে, সে লালাভক্ষ নরকে গমন করে। বাণ প্রস্তুত কারী বেধক নরকে যায়। যাহারা খড়্গাদি নির্ম্মাণ করে বা কর্ণীনামক বাণ প্রস্তুত করে, তাহারা বিশসন নামক দারুণ নরকে গমন করে। অসৎ প্রতিগ্রাহী ও অযাজ্য যাজক ব্যক্তি এবং নক্ষত্রাদি গণনাকারী অধঃশির

তাৎপর্য্য।—গুণত্রয় সম্বন্ধে বিবিধ বিবরণ শ্রবণ করিয়া অধিকন্তু গুণাতীত হইলে অমৃতত্বলাভ করা যায় জানিয়া অর্জ্জুনের মনে গুণবিষয়ক অধিকতর রহস্য জ্ঞানের বলবতী ইচ্ছা হইল। এজন্য তিনি এই শ্লোকে তিনটী প্রশ্ন উত্থাপিত করিতেছেন। পূর্ব্বে গুণবিষয়ক যে সকল বৃত্তান্ত বিবৃত হইয়াছে, সেই গুণসমূহকে অতিক্রম করিয়া যাঁহারা পরম তত্ত্ব পরিজ্ঞাত হইয়াছেন, তাঁহাদিগের চিহ্ন কি? অর্থাৎ কোন লক্ষণ দ্বারা সেই গুণাতীত মহাত্মাগণকে নির্দ্ধারণ করিতে পারা যায়, অথবা কোন্ কোন্ নিদর্শন দ্বারা সাধারণ জনগণ হইতে তাঁহাদিগের পার্থক্য সূচিত হয়? ইহাই অর্জ্জুনের প্রথম প্রশ্ন। অর্জ্জুন সঙ্গে সঙ্গে আবার জিজ্ঞাসিতেছেন; সেই গুণাতিক্রান্ত পুরুষের আচার ব্যবহারই বা কিরূপ? অর্থাৎ তিনি কোন্ কোন্ নিয়মাবলম্বনে বা কোন্ কোন্ সদাচারের অনুসরণে তাঁহারা সেই প্রার্থনীয় দশায় উপস্থিত হইয়াছেন, ইহাই অর্জ্জুনের দ্বিতীয় প্রশ্ন। তদনন্তর অর্জ্জুন সঙ্গে সঙ্গে আবার জিজ্ঞাসিতেছেন, কোন উপায়ে এই গুণত্রয়কে অতিক্রম করা যায়? অর্থাৎ কোন কোন্ নিষ্ঠা কোন্ কোন্ সাধনা অবলম্বন করিলে এই গুণত্রয়ের বন্ধন বিচ্ছিন্ন করিয়া গুণাতীত হওয়া যায়। ইহাই অর্জ্জুনের তৃতীয় প্রশ্ন।

এই শ্লোকে অর্জ্জুন শ্রীভগবানকে "প্রভো" সম্বোধন করিয়াছেন। প্রভু যেমন ভৃত্যের হৃদয় ভাব পরিজ্ঞাত হইয়া তাহার অভাব ও দুঃখ সন্তাপ নাশ করিয়া থাকেন, এস্থলে পরমেশ্বর রূপ পরম প্রভু তদ্রূপে অনুগত ভক্তশিষ্যের আকাঙ্ক্ষা নিবারণ করিবেন, এই উদ্দেশ্যেই এই সম্বোধন পদ প্রযুক্ত হইয়াছে। সত্ত্বাদি গুণই যখন মনুষ্যকে সংসার দশায় বদ্ধ করিয়া কর্ম্মস্রোতে ভাসমান করে, এবং সেই গুণত্রয়ের বন্ধন হইতে বিবেক ও বুদ্ধিবলে উত্তীর্ণ হইতে পারিলেই যখন সর্ব্বার্থ সিদ্ধিলাভ করা যায়, তখন তদ্বিষয়ক অনুষ্ঠান ও লক্ষণাদির সম্যক্ পরিজ্ঞান একান্ত আবশ্যক। এই জন্যই এস্থলে অর্জ্জুন তদ্বিষয়ক পরম প্রয়োজনীয় প্রশ্ননিচয় উত্থাপিত

নরকে পতিত হয়। যাহারা একাকী মিষ্টান্ন ভোজন করে, তাহারা ক্রমময় পূয়বহ নরক প্রাপ্ত হয়। লাক্ষা (গালা), মাংস, রস, তিল এবং লবণ বিক্রেতা ব্রাহ্মণও এ পূয়বহ নরকে গমন করে। ব্রাহ্মণ বিড়াল কুক্কুট ছাগ কুকুর বরাহ পক্ষী পোষণ করিয়াও, ঐ নরকগামী হয়। যে ব্রাহ্মণ রঙ্গোপজীবী অর্থাৎ নটাদির ব্যবসা করিয়া জীবনপাত করে, ধীবরের কার্য করে, কুণ্ড অর্থাৎ জারজ অন্ন ভোজন করে, বিষ প্রদান করে, অতিথের

করিয়াছেন। এস্থলে এইরূপ প্রশ্ন অবতারিত না হইলে সত্ত্বাদি গুণাতীত মহাপুরুষের যে অতি তৃপ্তিপ্রদ লক্ষণ শ্রীভগবান্ এই স্থলে নির্দ্দেশ করিয়াছেন, তাহা হয় তো কখনই উপস্থাপিত হইত না। অর্জ্জুনকৃত প্রশ্নই ইহার মূল। অর্জ্জুন স্বয়ং অজ্ঞ না হইলেও তিনি স্থানে স্থানে অজ্ঞের ন্যায় কৌতূহল ব্যক্ত করিয়া একান্ত অজ্ঞানাচ্ছন্ন মানবগণের সম্মুখে ভগবদুপদেশরূপ অতি রমণীয় অত্যুজ্জ্বল দীপালোক প্রতিষ্ঠিত করিবার উপায় করিয়া দিয়াছেন।

পূর্ব্বে "স্থিত প্রজ্ঞস্য কা ভাষা, কিমাসীত ব্রজেত কিম্" ইত্যাদি বাক্যে (২য় অধ্যায় ৫৪ শ্লোক) স্থিতপ্রজ্ঞ অর্থাৎ গুণাতীত পুরুষের লক্ষণ ভগবানকে জিজ্ঞাসা করিয়াছিলেন। শ্রীভগবানও সেই স্থলে "প্রজহাতি যদা কামান্" (২য় অধ্যায় ৫৫ শ্লোক) ইত্যাদি বাক্যে স্থিতপ্রজ্ঞের লক্ষণ নির্দ্দেশ করিয়াছেন। তথাপি বলবতী জ্ঞানেচ্ছা সহকারে অর্জ্জুন পুনরপি সেই ভাবের প্রশ্ন উত্থাপিত করিতেছে দেখিয়া দয়াময় ভগবান্ প্রসন্ন চিত্তে পুনরায় অন্য ভাষায় অর্জ্জুনের জ্ঞান পিপাসা নিবারণ করিতে উদ্যত হইতেছেন ॥ ২১ ॥

——ঃ০ঃ——

শ্রীভগবানুবাচ।

প্রকাশঞ্চ প্রবৃত্তিঞ্চ মোহমেব চ পাণ্ডব! ।
ন দ্বেষ্টি সংপ্রবৃত্তানি ন নিবৃত্তানি কাঙ্ক্ষতি ॥ ২২ ॥

অন্বয়।—শ্রীভগবান্ উবাচ (কথয়ামাস) হে পাণ্ডব! প্রকাশঃ (সত্ত্বকার্য্যং) চ প্রবৃত্তিং (রজঃকার্য্যং) চ মোহং (তমঃকার্য্যং) এব চ সংপ্রবৃত্তানি (স্বতঃ উদ্ভূতানি) ন দ্বেষ্টি (হিনস্তি) নিবৃত্তানি ন কাঙ্ক্ষতি (কাময়তে) ॥ ২২ ॥

প্রতিশব্দ।—শ্রীভগবান্ বলিলেন, হে পাণ্ডব! প্রকাশ ও প্রবৃত্তি এবং মোহ স্বতঃ-প্রবৃত্ত [হইলে] দ্বেষ-করেন না, নিবৃত্তকে আকাঙ্ক্ষা করেন না ॥ ২ ॥

ব্যবসা করে, অর্থলোভে পর্ব্বদিন ব্যতীতও পর্ব্বদিবসীয় কার্য্য সম্পাদন করে, যে ব্যক্তি গৃহে অগ্নি দান করে, যে মিত্রঘাতী, যে ব্রাহ্মণ পক্ষীব্যবসায়ী বা গ্রাম যাজক, যে ব্রাহ্মণ সোমরস বিক্রেতা, তাহার

ব্যাখ্যা।—শ্রীভগবান্ বলিলেন, হে পাণ্ডব! সত্ত্বগুণের কার্য্য প্রকাশাদি, রজোগুণের কার্য্য প্রবৃত্তি, এবং তমোগুণের কার্য্য মোহাদি স্বভাবতঃ আবির্ভূত হইলেও সেই বিবেকী পুরুষ দুঃখাদিতে অভিভূত হন না এবং তাহারা নিবৃত্ত হইলেও তৎপ্রাপ্তির কামনা করেন না ॥২২॥

শঙ্করাচার্য্য।—গুণাতীতস্য লক্ষণং গুণাতীতত্বোপায়শ্চার্জ্জুনেন পৃষ্টোঽস্মিন্ শ্লোকে প্রশ্নদ্বয়ার্থং প্রতিবচনং ভগবান আহ, যত্তাবৎ কৈর্লিঙ্গৈর্যুক্তো গুণাতীতো ভবতি তচ্ছৃণু প্রকাশমিতি। প্রকাশঞ্চ সত্ত্বকার্য্যং মোহমেব চ তমঃকার্য্যমিত্যেতানি ন দ্বেষ্টি সম্প্রবৃত্তানি সম্যগ্বিষয়ভাবেনোদ্ভূতানি মম তামসঃ প্রত্যয়োজাতস্তেনাহং মূঢ়স্তথা রাজসী প্রবৃত্তির্মমোৎপন্না দুঃখাত্মিকা তেনাহং রজসা প্রবর্ত্তিতঃ প্রচলিতঃ স্বরূপাৎ কষ্টং মম বর্ত্ততে যোঽয়ং মৎস্বরূপাবস্থানাৎ ভ্রংশস্তথা সাত্ত্বিকো গুণঃ মাং প্রকাশাত্মা বিবেকিত্বমাপাদয়ন্ সুখেন চ সংজনয়ন্ মাং বধ্নাতীতি তানি দ্বেষ্টাঽসম্যগ্দর্শিত্বেন তদেবং গুণাতীতো ন দ্বেষ্টি সম্প্রবৃত্তানি যথা চ সাত্ত্বিকাদিপুরুষঃ সাত্ত্বিকাদিকার্য্যাণ্যাত্মনং প্রতি প্রকাশ্য নিবৃত্তানি কাঙ্ক্ষতি ন তথা গুণাতীতো নিবৃত্তানি কাঙ্ক্ষতীতার্থঃ। এতন্ন পরপ্রত্যক্ষং লিঙ্গং কিং তর্হি স্বাত্মপ্রত্যক্ষত্বাদাত্মবিষয়মেব এতৎ লক্ষণং, ন হি স্বাত্মবিষয়ং দ্বেষং আকাঙ্ক্ষাং চাপরঃ পশ্যতি ॥ ২২ ॥

আনন্দগিরি।—প্রশ্নস্বরূপমনূদ্য তদুত্তরং দর্শয়তি গুণাতীতস্যেতি। পৃষ্টো ভগবানিতি সম্বন্ধঃ, কিং বৃত্তস্য ত্রিধা প্রয়োগদর্শনাৎ প্রশ্নদ্বয়ার্থমিত্যুপলক্ষণং প্রশ্নত্রয়ার্থমিতি দ্রষ্টব্যং। উত্তরমবতাযানন্তরশ্লোকতাৎপর্য্যমাহ যত্তাবদিতি তানি সম্যগ্দর্শী ন দ্বেষ্টি ইত্যুক্তমেব স্পষ্টয়িতুং নিষেধ্যমসম্যগ্দর্শিনো দ্বেষং তেষু প্রকটয়তি মমেত্যাদিনা। সম্যগ্দর্শিনঃ সম্প্রবৃত্তেষু প্রকাশাদিষু।

সকলে রুধিরান্ধ নামক নরকে পতিত হয়। যে মধনষ্ট করে বা গ্রাম নষ্ট করে, সে বৈতরণী নামক নরকে যায়। যে রেতঃ পান করে, যাহারা স্বীয় ক্ষেত্রাদির সীমা অতিক্রম করে, যাহারা সর্ব্বদা অশুচি, যাহারা ঐন্দ্রজালিক ব্যবসায়ী, তাহারা কালসূত্র নরকে নিক্ষিপ্ত হয়। যে বৃথা বনচ্ছেদন করে, সে অসিপত্র বননামক নরকে গমন করে। মেষ ব্যবসায়ী ও মৃগঘাতী বহ্নিজ্বাল নামক নরকে গমন করে। যাহারা ইষ্টক কলস প্রভৃতি অদাহ্য পদার্থে অগ্নিদান করে, তাহারাও ঐ নরক প্রাপ্ত হয়। যাহারা ব্রত লোপ করে, যাহারা স্বীয় আশ্রম হইতে বিচ্যুত, তাহারা সন্দংশ নামক নরকে পতিত হয়। যে সকল ব্রহ্মচারীর দিবা নিদ্রা কালে রেতঃস্খলন হয় যাহারা পুত্রের নিকট অধ্যয়ন করে, তাহারা শ্বভোজন নামক নরকে গমন করে। এতদ্ব্যতীত আরও শত সহস্র নরক আছে। পাপিগণ ঐ সমস্ত নরকে পতিত হইয়া অশেষ যাতনা ভোগ করে। জগতে বিবিধ পাপ ও তদনুযায়ী বিবিধ নরকও আছে। যে যেরূপ পাপানুষ্ঠান করে, সে সেইরূপ নরকে গমন করে। যে সকল মনুষ্য, মন বা বাক্য দ্বারা জাতি বিরুদ্ধ বা আশ্রম বিরুদ্ধ কর্ম্ম করে, তাহারাও নরকগামী হয়। নরকবাসী পাপিগণ স্বর্গস্থ দেবগণকে অধঃশিরার ন্যায় দর্শন করে এবং স্বর্গস্থ দেবগণও নারকী জীবগণকে অধঃস্থিত ও অধোমুখ দর্শন করেন। পাপিগণ নরক ভোগান্তে ক্রমে স্থাবর, কৃমি, জলচর, পক্ষী, পশু, মানব, ধার্ম্মিক, দেবতা, মুমুক্ষু প্রভৃতি রূপে জন্ম গ্রহণ করে।

দ্বেষাভাবমুপসংহরতি তদেবমিতি। ন নিবৃত্তানি ইত্যাদ ব্যাচষ্টে যথা চেতি। তেষামনাত্মীয়ত্বং সম্যক্ পশ্যন্না অনুকূলপ্রতিকূলতা আরোপণেন নোদ্বিজতে তেভ্যশ্চ ন স্পৃহতীত্যর্থঃ॥ ২২॥

রামানুজ।—শ্রীভগবানুবাচ। প্রকাশমিতি। আত্মব্যতিরিক্তেষু বস্তুষ্বনিষ্টেষু সংপ্রবৃত্তানি সত্ত্বরজস্তমসাং কার্য্যাণি প্রকাশপ্রবৃত্তিমোহাখ্যানি যো ন দ্বেষ্টি। তথা আত্মব্যতিরিক্তেষু তান্যেব নিবৃত্তানি ন কাঙ্ক্ষতি॥ ২২॥

হনুমান্।—শ্রীভগবানুবাচ॥ ২২॥

শ্রীধর।—স্থিতপ্রজ্ঞস্য কা ভাষা ইত্যাদিনা দ্বিতীয়াধ্যায়ে পৃষ্টমেব দত্তোত্তরমপি পুনর্ব্বিশেষবুভুৎসয়া পৃচ্ছতীতি জ্ঞাত্বা প্রকারান্তরেণ তস্য লক্ষণাদিকং শ্রীভগবানুবাচ প্রকাশঞ্চেত্যাদি সপ্তভিস্তত্রৈকেন লক্ষণমাহ প্রকাশমিতি। প্রকাশঞ্চ সর্ব্বদ্বারেষু দেহেঽস্মিন্নিতি পূর্ব্বোক্তং সত্ত্বকার্য্যং, প্রবৃত্তিঞ্চ রজঃকার্য্যং, মোহঞ্চ তমঃকার্য্যং উপলক্ষণার্থমেতৎ সত্ত্বাদীনাং সর্ব্বাণ্যপি কার্য্যাণি যথাযথং সম্প্রবৃত্তানি স্বতঃ প্রবৃত্তানি সন্তি দুঃখবুদ্ধ্যা যোন দ্বেষ্টি নিবৃত্তনি চ সন্তি সুখবুদ্ধ্যা যোন কাঙ্ক্ষতি গুণাতীতঃ স উচ্যত ইতি চতুর্থেনান্বয়ঃ॥ ২২॥

বলদেব।—যদ্যপি স্থিতপ্রজ্ঞস্য কা ভাষেত্যাদিনা পৃষ্টমিদং প্রজহাতি যদা কাম্যানিত্যাদিনোত্তরিতঞ্চ তথাপি বিশেষজিজ্ঞাসয়া পৃচ্ছতীতি বিধান্তরেণ তস্য লক্ষণাদীন্যাহ ভগবান্ প্রকাশং চেত্যাদি পঞ্চভিঃ। তত্রৈকেন লক্ষণং স্বসংবেদ্যমাহ প্রকাশং সত্ত্বকার্য্যং প্রবৃত্তিং রজঃকার্য্যং মোহং তমঃকার্য্যং এতানি ত্রীণি সংপ্রবৃত্তানি উৎপাদকসামগ্রীবশাৎ প্রাপ্তানি দুঃখরূপাণ্যপি দুঃখবুদ্ধ্যা যো ন দ্বেষ্টি বিনাশকসামগ্রীবশান্নিবৃত্তানি বিনষ্টানি তানি সুখরূপাণ্যপি সুখবুদ্ধ্যা যো নাকাঙ্ক্ষতি এতাদৃশদ্বেষরাগশূন্যো গুণাতীতঃ স উচ্যতে ইতি চতুর্থেনান্বয়ঃ। স্বগতৌ দ্বেষতদভাবৌ রাগতদভাবৌ চ পরো ন বেদিতুমর্হতীতি স্বসংবেদ্যমিদং লক্ষণম্॥ ২২॥

মধুসূদন।—স্থিতপ্রজ্ঞস্য কা ভাষেত্যাদিনা পৃষ্টমপি প্রজহাতি যদা কামানিত্যাদিনা দত্তোত্তরমপি পুনঃ প্রকারান্তরেণ বুভুৎসমানঃ পৃচ্ছতীত্যবধায় প্রকারান্তরেণ তস্য লক্ষণাদিকং পঞ্চভিঃ শ্লোকৈঃ, যত্তাবৎ কৈর্লিঙ্গৈস্ত্রীন্ গুণানতীতো ভবতীতি প্রশ্নস্যোত্তরং শৃণু। প্রকাশং চ সত্ত্বকার্য্যং প্রবৃত্তিঞ্চ রজঃকার্য্যং মোহং চ তমঃকার্য্যং উপলক্ষণমেতৎ সর্ব্বাণ্যপি গুণকার্য্যাণি যথাযথং সম্প্রবৃত্তানি স্বসামগ্রীবশাদুদ্ভূতানি সন্তি দুঃখরূপাণাপি দুঃখবুদ্ধ্যা যোন দ্বেষ্টি, তথা বিনাশসামগ্রীবশান্নিবৃত্তানি তানি সুখরূপাণ্যপি সন্তি সুখবুদ্ধ্যা ন কাঙ্ক্ষতি ন কাময়তে স্বপ্নবন্মিথ্যাত্বনিশ্চয়াৎ, এতাদৃশদ্বেষরাগশূন্যোযঃ স গুণাতীত উচ্যত ইতি চতুর্থশ্লোকগতেনান্বয়ঃ। ইদং চ স্বাত্মপ্রত্যক্ষং লক্ষণং স্বার্থমেব ন পরার্থং, ন হি স্বাশ্রিতৌ দ্বেষতদভাবৌ রাগতদভাবৌ চ পরঃ প্রত্যেতুমর্হতি॥ ২২॥

নীলকণ্ঠ।—তত্রাদ্যস্যোত্তরমাহ প্রকাশমিতি। প্রবৃত্তিমোহাঃ সত্ত্বরজস্তমসাংকার্য্যাণি ব্যুত্থানাবস্থায়াং তানি সম্যক্প্রবৃত্তানি সাম্যেন পুংসকতাসম্প্রবৃত্তান্ ন দ্বেষ্টি নাপি সমাধ্যবস্থায়াং তানি নিবৃত্তানি সন্তি কাংক্ষতি সোঽয়ং নিত্যসমাধিস্থো ব্রহ্মবিদ্বরিষ্ঠঃ যং প্রকৃত্য শ্রীভাগবতে স্মর্য্যতে দেহঞ্চ নশ্বরমবস্থিতমুত্থিতো বাসিদ্ধোনপশ্যতীতি, অত্রবাশিষ্ঠে যোগভূময়উক্তাঃ, "জ্ঞানভূমিঃ

শুভেচ্ছা যা প্রথমা সমুদাহৃতা। বিচারণা দ্বিতীয়া তু তৃতীয়া তনুমানসা। সত্ত্বাপত্তিশ্চতুর্থী স্যাত্ততোঽসংসক্তিনামিকা। পদার্থাভাবনী ষষ্ঠী সপ্তমী তুর্য্যগাস্মৃতেতি", তত্র যথোক্তসাধনসম্পৎ মুমুক্ষাত্মা প্রথমা, শ্রবণমননবিচারাত্মিকা দ্বিতীয়া, নিদিধ্যাসনরূপা তৃতীয়া, এতাঃ সাধনভূময়ঃ, সত্ত্বাপত্তিঃ ব্রহ্মসাক্ষাৎকাররূপা, চতুর্থী ফলভূতা, অস্যাং যোগী কৃতার্থোঽপি জীবন্মুক্তিসুখং পুষ্কলং নানুভবতি, পরাস্তিস্রোজীবন্মুক্তেরবান্তরভেদাঃ তত্রাপি পঞ্চম্যাং ভূমৌ স্বতঃ স্বয়মেব ব্যুত্তিষ্ঠতি, ষষ্ঠ্যাং পরপ্রযত্নেন সপ্তম্যাস্তু ন স্বতঃ পরতোবা ব্যুত্তিষ্ঠতি সোঽয়ং নিত্যসমাধিস্থঃ প্রকাশমিত্যনেন শ্লোকেনোক্তঃ "প্রকাশং প্রবৃত্তিং মোহং সত্ত্বরজস্তমসাং কার্য্যাণি যথাযথং স্বতঃ প্রবৃত্তানি সন্তি দুঃখবুদ্ধ্যা যোন দ্বেষ্টি. নিবৃত্তানি চ সন্তি সুখবুদ্ধ্যা যোন কাঙ্ক্ষতি স গুণাতীত উচ্যতে" ইতি স্বামী ॥ ২২ ॥

বিশ্বনাথ।—তত্র কৈর্লিঙ্গৈ গুণাতীতো ভবতীতি প্রথম প্রশ্নস্যোত্তরমাহ প্রকাশমিতি। প্রকাশং সর্ব্বদ্বারেষু দেহেঽস্মিন্ প্রকাশ উপজায়তে ইতি সত্ত্বকার্য্যং প্রবৃত্তিঞ্চ রজঃ কার্য্যং মোহঞ্চ তমঃ কার্য্যং উপলক্ষণমেতৎ সত্ত্বাদীনাং সর্ব্বাণ্যপি কার্য্যাণি যথাযথং সংপ্রবৃত্তানি স্বতঃ প্রাপ্তানি দুঃখবুদ্ধ্যা ন দ্বেষ্টি। গুণকার্য্যাণ্যেতানি নিবৃত্তানি ভবন্তিতি সুখবুদ্ধ্যা চ ন কাঙ্ক্ষতি স গুণাতীত উচ্যতে ইতি চতুর্থেনান্বয়ঃ (সংপ্রবৃত্তানীতি ক্লীবত্বমার্ষং) ॥ ২২ ॥

তাৎপর্য্য।—অধুনা করুণাময় ভগবান্ একে একে অতি বিশদভাবে অর্জ্জুনকৃত প্রশ্নের উত্তর প্রদানে প্রবৃত্ত হইতেছেন। প্রথমে গুণাতীত পুরুষের লক্ষণ নির্দ্দিষ্ট হইতেছে। প্রকাশ, প্রবৃত্তি এবং মোহ এই তিনই ক্রমান্বয়ে সত্ত্ব রজঃ ও তমোগুণের ধর্ম্ম। পূর্ব্বে "সর্ব্বদ্বারেষু দেহেঽস্মিন্" (১৪ অধ্যায় ১১ শ্লোক) শ্লোকে পরিব্যক্ত হইয়াছে যে, এই দেহের সকল ইন্দ্রিয় যখন আত্মাববোধ ব্যতীত আর কিছুতেই প্রবৃত্ত হয় না এবং করণগ্রাম যখন সত্য বস্তুর প্রকাশ করে, তখনই বুঝিতে হইবে যে, সত্ত্বগুণের প্রাবল্য ঘটিয়াছে। অতএব প্রকাশকত্বই সত্ত্বগুণের কার্য্য। নিয়ত বলবতী আকাঙ্ক্ষার তাড়নায় কর্ম্ম হইতে কর্ম্মান্তরে প্রবৃত্তিই রজোগুণের কার্য্য। আর নিদ্রা আলস্যাদি পরতন্ত্রতা হেতু অজ্ঞানাধিক্য বিবৃদ্ধ তমোগুণের পরিচায়ক। এই তিন গুণ সংপ্রবৃত্ত হইয়া মনুষ্যের নানা প্রকার সুখদুঃখাদির সংঘটন করে। তমোগুণের আধিক্য হইলে অশেষ দুঃখের উদ্ভব হইয়া থাকে। রজোগুণের বিবৃদ্ধি হইলে সুখদুঃখ পরিপূর্ণ ব্যামিশ্র ফলের উদ্ভব হয়। আর সত্ত্বগুণের বিবৃদ্ধি হইলে জ্ঞান বৃদ্ধি জনিত সুখেরই উদ্ভব হইয়া থাকে। এইরূপ সুখাদি প্রাপক বলিয়া গুণসমূহের প্রতি

যাহার অনুরাগ বা তজ্জন্য আকাঙ্ক্ষা না হয়, অথবা দুঃখাদির প্রাপক বোধে তৎসমূহের প্রতি যাঁহার বীতরাগ বা দ্বেষের ভাব না জন্মে তিনিই গুণাতীত। গুণ বন্ধন হেতু রাশি রাশি দুঃখ নিয়ত বেষ্টন ও অধিকার করিতেছে। অতএব গুণসমূহ বর্জ্জনীয় বা দ্বেষ্য এরূপ যাঁহার মনে হয় না, এবং গুণবাহুল্য হেতু অপরিসীম সুখের ও আনন্দের উদ্ভব হইতেছে বলিয়া যাঁহার তৎপ্রতি আকাঙ্ক্ষা বা অনুরাগ জন্মে না, তিনিই গুণ রাহিত্যের লক্ষণাক্রান্ত। যাহা দুঃখজনক বা ক্লেশোৎপাদক, তৎপ্রতি স্বভাবতঃ সকলের দ্বেষ জন্মিয়া থাকে ; এবং যাহা সুখোৎপাদক ও আনন্দ বিধায়ক, তৎপ্রতি স্বভাবতঃ সকলের অনুরাগ সমুৎপন্ন হয়। কিন্তু যিনি গুণসমূহজনিত সুখদুঃখকে অবিকৃতচিত্তে দর্শন করিতে সমর্থ হইয়াছেন, যিনি সুখের আশায় উৎফুল্ল বা দুঃখের আশঙ্কায় অবসন্ন না হইতে অভ্যাস করিয়াছেন, তিনিই যথার্থ গুণরহিতের লক্ষণাক্রান্ত। সত্ত্বগুণের কার্য্য প্রকাশ দ্বারাও আত্মযাথাত্মদর্শীর হৃদয় বিচলিত হইয়া থাকে না। যাঁহার হৃদয়ে আত্মতত্ত্ব যথাযথভাবে বদ্ধমূল হইয়াছে, প্রকাশের কামনা তাঁহার আর কেন থাকিবে ? এই জন্য জ্ঞানপ্রাপক প্রকাশ ধর্ম্মেও সম্যক্‌দর্শী ব্যক্তি আকাঙ্ক্ষা রহিত। অপিচ তমোগুণের ধর্ম্ম অপ্রকাশ ও অন্ধকার। যিনি আত্মতত্ত্ব অববোধ জনিত আনন্দাধিকারী হইয়াছেন, কদাচিৎ তমোগুণের প্রাবল্যে মোহ উপস্থিত হইলেও বিচলিত বা ভ্রষ্টবুদ্ধি হওয়া তাঁহার পক্ষে সম্ভবপর নহে। সুতরাং তিনি সহজেই বুঝিতে পারেন, সকলই স্বপ্নবৎ অলীক ও অসার, এবং তত্তাবৎ অবশ্য পরিহার্য্য ও ক্ষণবিধ্বংসী। এইরূপ সুদৃঢ় বিশ্বাসের বশবর্ত্তী পুরুষ তমোজনিত মোহের আবিলতাকে দ্বেষ সহকারে পরিহার করিবার আবশ্যকতা অনুভব করেন না। বস্তুতঃ সুখ বা দুঃখ সকলই যাঁহার সমজ্ঞান, তখন তদুভয়ের উৎপাদক গুণ সম্বন্ধেও তিনি নিশ্চয়ই সমান দৃষ্টি সম্পন্ন। সুখ দুঃখে যাঁহার দ্বেষ বা আকাঙ্ক্ষা নাই, তদুভয় অবস্থা সংঘটক গুণের প্রবৃত্তি বা নিবৃত্তিতে তাঁহার দ্বেষ বা আকাঙ্ক্ষা কখনই হইতে পারে না।

পুরুষের হৃদয়ে যখন এইরূপ ভাবের উদ্ভব হয়, তখন তাহার লক্ষণাদি তাঁহার আত্মহৃদয়ে নিহিত থাকে, অপর কোন ব্যক্তি কোন ভাব বা কার্য্য দ্বারা তাহার পরিচয় প্রাপ্ত হয় না। আত্মতত্ত্ব জ্ঞান জনিত দ্বেষ বা হিংসা

রহিত ভাব অপরের গোচরীভূত হওয়া সম্ভব নহে। এই শ্লোকে গুণাতীতের স্বসংবেদ্য ভাব পরিব্যক্ত হইল।

এই অধ্যায়ের পরবর্ত্তী পঞ্চবিংশ শ্লোকস্থিত "গুণাতীতঃ স উচ্যতে" বাক্যের সহিত শ্লোকত্রয়ের অন্বয় হইবে ॥ ২২ ॥

—(০ —

উদাসীনবদাসীনো গুণৈর্যো ন বিচাল্যতে।
গুণা বর্ত্তন্ত ইত্যেবং যোঽবতিষ্ঠতি নেঙ্গতে ॥২৩॥

অন্বয়।—যঃ উদাসীনবৎ (পক্ষপাতরহিতমধ্যস্থবৎ) আসীনঃ (অবস্থিতঃ) গুণৈঃ (সত্ত্বাদিভিঃ) ন বিচাল্যতে (বিচলিতো ভবতি) গুণাঃ (সত্ত্বাদয়ঃ) বর্ত্তন্তে (কুর্ব্বন্তি) ইতি এবং যঃ অবতিষ্ঠতি ন ইঙ্গতে (চলতি) [স গুণাতীতঃ উচ্যতে] ॥ ২৩ ॥

প্রতিশব্দ।—তিনি উদাসীনের-ন্যায় অবস্থিত [হইয়া] গুণের-দ্বারা বিচলিত-হন না, গুণ-সকল করিতেছে, এইভাবে যিনি অবস্থান-করেন চলিত-হন না [তিনি গুণাতীত কথিত হন] ॥ ২৩ ॥

ব্যাখ্যা।—যিনি উদাসীনের ন্যায় অবস্থিত, কোন প্রকার গুণের দ্বারাই বিচলিত হন না, সত্ত্বাদি গুণই স্বস্ব কার্য্য করিতেছে, আমি তাহাতে নির্লিপ্ত এইরূপ জ্ঞান সহকারে যিনি সেই গুণকার্য্যে ব্যাপৃত হন না, তিনিই গুণাতীত পুরুষ ॥ ২৩ ॥

শঙ্করাচার্য্য।—অথেদানীং গুণাতীতঃ কিমাচারইতি প্রশ্নস্য প্রতিবচনমাহ উদাসীনেতি। উদাসীনবদ্ যথোদাসীনোন কস্যচিৎ পক্ষং ভজতে ন তথায়ং গুণাতীতত্বোপায়মার্গেঽবস্থিত আসীন আত্মবিদ্গুণৈর্যঃসমাসীনঃ বিচাল্যতে বিবেকদর্শনাবস্থাতঃ তদেতৎ স্ফুটীকরোতি গুণাঃ কার্য্য-কারণবিষয়াকারপরিণতা অন্যোন্যস্মিন্ বর্ত্তন্ত ইতি যোঽবতিষ্ঠতি। (ছন্দোভঙ্গভয়াৎ পরস্মৈপদ-প্রয়োগঃ।) যোঽনুতিষ্ঠতীতি পাঠান্তরং। নেঙ্গতে ন চলতি স্বরূপাবস্থএব ভবতীত্যর্থঃ ॥ ২৩ ॥

আনন্দগিরি।—স্বানুভবসিদ্ধং গুণাতীতস্য লক্ষণমুক্তমিত্যাহ এতম্নেতি। পরপ্রত্যক্ষ-ত্বাভাবং প্রপঞ্চয়তি নহীতি। আশ্রয়ো বিষয়ঃ কৈর্লিঙ্গৈরিত্যাদি পরিহৃত্য দ্বিতীয়ং প্রশ্নং পরিহরতি অথেতি। দৃষ্টান্তং ব্যাচষ্টে যথেতি। উপেক্ষকস্য পক্ষপাতাযোগাদিত্যর্থঃ। আত্ম-

বিদাত্মনঃ কৌটস্থ্যজ্ঞানেনাসীনো নিবৃত্তকর্তৃত্বাভিমানো অপ্রযতমানো ভবতীতি দার্ষ্টান্তিকমাহ তথেতি। গুণাতীতত্বোপায়মার্গো জ্ঞানমেব শব্দাদিভির্বিষয়ৈরস্য কূটস্থত্বজ্ঞানাৎ প্রচ্যাবনমাশঙ্ক্যাহ গুণৈরিতি। উপনতানাং বিষয়াণাং রাগদ্বেষদ্বারা প্রবর্ত্তকত্বমিত্যেতৎ প্রপঞ্চয়তি তদেতদিতি। যোঽবতিষ্ঠতি স গুণাতীত ইত্যুত্তরত্র সম্বন্ধঃ। (অবপূর্ব্বস্য তিষ্ঠতেরাত্মনেপদে প্রয়োক্তব্যে কথং পরস্মৈপদমিত্যাশঙ্ক্যাহ ছন্দোভঙ্গেতি)। পাঠান্তরে তু বাধিতানুবৃত্তিমাত্রমনুষ্ঠানং করণাকার-পরিণতানাং গুণানাং বিষয়াকারপরিণতেষু তেষু প্রবৃত্তির্ন মমেতি পশ্যন্ অচলতয়া কূটস্থদৃষ্টি-মাত্মনো ন জহাতীত্যাহ নেঙ্গত ইতি ॥ ২৩ ॥

রামানুজ।—উদাসীনেতি। উদাসীনঃ গুণব্যতিরিক্তাত্মাবলোকনতৃপ্ত্যান্যত্র উদাসীন-বদাসীনঃ গুণৈর্দ্বেষাকাঙ্ক্ষাদ্বারেণ যো ন বিচাল্যতে। গুণাঃ স্বেষু কার্য্যেষু প্রকাশাদিষু বর্ত্তন্ত ইত্যনুসন্ধায় তূষ্ণীমবতিষ্ঠতে নেঙ্গতে ন গুণকার্য্যানুগুণং চেষ্টতে ॥ ২৩ ॥

হনুমান্।—নেঙ্গতে ন চাল্যতে কার্য্যকারণসংঘাতবিষয়রূপপরিণতা গুণেষু বর্ত্তন্ত ইতি। অবতিষ্ঠতি যঃ প্রতিপদ্যতে স ন চলতি ॥ ২৩ ॥

শ্রীধর।—তদেবং সুসম্বেদ্ধং গুণাতীতস্য লক্ষণমুক্ত্বা দ্বিতীয়প্রশ্নস্য কিমাচার ইত্যস্যো-ত্তরমাহ উদাসীন ইতি ত্রিভিঃ। উদাসীনবৎ সাক্ষিতয়া আসীনঃ স্থিতঃ সন্ গুণৈর্গুণকার্য্যৈঃ সুখ-দুঃখাদিভির্ন যোবিচাল্যতে প্রচ্যাব্যতে অপি তু স্বরূপান্ন গুণা এব স্বকার্য্যেষু বর্ত্তন্তে এতৈর্মম সম্বন্ধ এব নাস্তীতি বিবেকজ্ঞানেন যস্তূষ্ণীমবতিষ্ঠতি। (পরস্মৈপদমার্ষং)। নেঙ্গতে ন চলতি ॥ ২৩ ॥

বলদেব।—অথ পরসম্বেদ্ধলক্ষণং বক্তুং কিমাচার ইতি দ্বিতীয়প্রশ্নস্যোত্তরমাহোদাসী-নেতি ত্রিভিঃ। উদাসীনো মধ্যস্থো যথা বিবাদিনোঃ পক্ষগ্রহৈঃ স্বমাধ্যস্থ্যান্ন বিচাল্যতে তথা সুখদুঃখাদিভাবেন পরিণতৈর্গুণৈর্যো নাত্মাবস্থিতৈর্বিচাল্যতে কিন্তু গুণাঃ স্বকার্য্যেষু প্রকাশাদিষু বর্ত্তন্তে মম তৈর্ন সম্বন্ধ ইতি নিশ্চিত্য তূষ্ণীমবতিষ্ঠতে নেঙ্গতে গুণকার্য্যানুরূপেণ ন চেষ্টতে গুণাতীতঃ স উচ্যতে ইতি তৃতীয়েনান্বয়ঃ ॥ ২৩ ॥

মধুসূদন।—এবং লক্ষণমুক্ত্বা গুণাতীতঃ কিমাচারঃ ইতি দ্বিতীয়প্রশ্নস্য প্রতিবচনমাহ ত্রিভিঃ। যথোদাসীনোদ্বয়োর্ব্বিবদমানয়োঃ কস্যচিৎ পক্ষমভজমানোন রজ্যতি ন বা দ্বেষ্টি তথায়মাত্মবিদ্রাগদ্বেষশূন্যতয়া স্বস্বরূপ এবাসীনোগুণৈঃ সুখদুঃখাদ্যাকারপরিণতৈর্যোন বিচাল্যতে ন প্রচাব্যতে স্বরূপাবস্থানাৎ,কিন্তু গুণা এবৈতে দেহেন্দ্রিয়বিষয়াকারপণিতাঃ পরস্পরস্মিন্ বর্ত্তন্তে মমত্বাদিত্যস্তৈবৈতৎ সর্ব্বভাসকস্য ন কেনাপি ভাস্যধর্ম্মেণ সম্বন্ধঃ স্বপ্নবন্মায়ামাত্রশ্চায়ং ভাস্য-প্রপঞ্চোজড়ঃ স্বয়ংজ্যোতিঃস্বভাবস্ত্বহং পরমার্থসত্যোনির্ব্বিকারোদ্বৈতশূন্যশ্চেত্যেবং নিশ্চিত্য যঃ স্বরূপেঽবতিষ্ঠত্যবতিষ্ঠতে যোঽনুতিষ্ঠতীতি বা পাঠস্তত্র সুঃ পৃথক্‌কার্য্যঃ নেঙ্গতে নতু ব্যাপ্রিয়তে কুত্রচিৎ, গুণাতীতঃ স উচ্যত ইতি তৃতীয়গতেনান্বয়ঃ ॥ ২৩ ॥

নীলকণ্ঠ।—অথষষ্ঠ্যাং পদার্থভাবন্যাং গতোব্রহ্মবিদ্বরীয়ানুচ্যতে উদাসীনবদিতি। যোঽয়ং সমাধৌ উদাসীন ইবাস্তে ব্যুত্থানে কিমপি প্রয়োজনমপশ্যন্ ইদং কর্ত্তব্যমস্তীতি বাসনা-

শূন্যত্বাৎ য আস্তে এব নতু পরমপ্রযত্ন মন্তরেণ কদাচিদপি গুণৈর্বিচাল্যতে পরেণ ব্যুথাপিতোগুণান্ পশ্যন্ গুণা বর্ত্তন্ত ইত্যেব জ্ঞাত্বাপি যোঽবতিষ্ঠতি স্বন্ধ এব বর্ত্ততে নতু গুণকৃতৈঃ মিষ্টামিষ্টস্পর্শৈঃ ইঙ্গতে চলতি, অয়মর্থঃ, যথা কশ্চিদ্ভুঞ্জানো রসনামৌঢ্যাৎ স্বয়ং শাকাদিরসং ন বিন্দতি পরেণ জ্ঞাপিতোঽপি কিঞ্চিদ্রসবিশেষ মুপলভ্যাপি তত্রোদাসীন এবাস্তে ঝটিত্যেব বিশেষদর্শনস্য তিরোধানাৎ ন তৎকৃতং সুখং দুঃখং বা পশ্যতি তদ্বদয়ং জ্ঞেয়ঃ॥ ২৩॥

বিশ্বনাথ।—কিমাচার ইতি দ্বিতীয় প্রশ্নস্যোত্তরমাহ উদাসীনবদিতি দ্বিভিঃ। গুণকার্য্যৈঃ সুখ দুঃখাদিভিঃ যো ন বিচাল্যতে স্বরূপাবস্থানান্নচাল্যতে অপিতু গুণা এব স্বস্বকার্য্যেষু বর্ত্তন্তে ইত্যেবেতি। এভির্ম্মম সম্বন্ধ এব নাস্তীতি বিবেকজ্ঞানেন যস্তূষ্ণীমবতিষ্ঠতি (পরস্মৈপদ মার্ষং)। নেঙ্গতে ন কাপি দৈহিককৃত্যে যততে॥ ২৩। ২৪॥

তাৎপর্য্য।—অতঃপর অর্জ্জুন কৃত দ্বিতীয় প্রশ্নের উত্তরস্বরূপে গুণাতীত পুরুষের আচার অধুনা বিবৃত হইতেছে। যিনি সকল ব্যাপারের মধ্যে নির্লিপ্ত, স্বার্থ জ্ঞান বিরহিত ভাবে অবস্থিত, অর্থাৎ যিনি বিবদমান পক্ষদ্বয়ের মধ্যস্থরূপে অবস্থিত থাকিয়া পক্ষবিশেষের লাভ বা পক্ষান্তরের ক্ষতি ইত্যাদি বিবেচনায় রাগযুক্ত বা দ্বেষযুক্ত হন না; উভয়কেই যিনি সমান চক্ষুতে দর্শন করেন, তদ্রূপে উদাসীনবৎ যিনি একদিকে সত্যস্বরূপ জ্ঞান এবং অন্যদিকে স্বাপ্নিকবৎ তুচ্ছ অজ্ঞান, এতদুভয়ের মধ্যে অচঞ্চল ভাবে অধিষ্ঠিত, আর যিনি বিবেক বলে বুঝিয়াছেন, গুণসমূহ স্ব স্ব প্রাকৃতিক ধর্ম্মানুসারে বিবিধ কার্য্যের সহিত সংলিপ্ত রহিয়াছে, বস্তুতঃ গুণের বা গুণকৃত কার্য্যের সহিত তাঁহার কোন সম্বন্ধ নাই, তিনি কখনই গুণ দ্বারা বিচলিত হন না। তিনি জানেন, গুণ বা গুণকৃত কর্ম্ম পরমার্থ ফলপ্রদ নহে; তৎসমস্তের সহিত কোন পারমার্থিক সম্বন্ধ নাই। এইরূপ সুদৃঢ় বিবেক জ্ঞান হেতু গুণ দ্বারা তিনি কখনই বিচলিত হইতে পারেন না। যিনি এইরূপ জ্ঞান সহকারে স্বরূপভাবে অবস্থিত, তিনি কোন বিষয়েই ব্যাপৃত হন না, এবং কিছুতেই তাঁহার স্থির বুদ্ধি ভ্রষ্ট বা চলিত হয় না।

মূলে "অবতিষ্ঠতি" প্রয়োগ আছে। ইহা আর্ষ প্রয়োগ। পূজ্যপাদ শঙ্করাচার্য্য বলেন যে, ইহা ছন্দোভঙ্গ ভয়হেতু পরস্মৈপদী প্রয়োগ হইয়াছে। ইহার স্থলে কেহ কেহ "অনুতিষ্ঠতি" পাঠান্তর গ্রহণ করেন॥ ২৩॥

——(॰)——

সমদুঃখসুখঃ স্বস্থঃ সমলোষ্টাশ্মকাঞ্চনঃ।
তুল্যপ্রিয়াপ্রিয়ো ধীরস্তুল্যনিন্দাত্মসংস্তুতিঃ॥
মানাপমানয়োস্তুল্যস্তুল্যো মিত্রারিপক্ষয়োঃ।
সর্ব্বারম্ভপরিত্যাগী গুণাতীতঃ স উচ্যতে॥ ২৪। ২৫॥

অন্বয়।—সমদুঃখসুখঃ (সমে দুঃখসুখে যস্য সঃ) স্বস্থঃ (স্বরূপস্থঃ) সমলোষ্ট্রাশ্মকাঞ্চনঃ (তুল্যানি মৃৎপিণ্ডপ্রস্তরসুবর্ণানি যস্য সঃ) তুল্যপ্রিয়াপ্রিয়ঃ (হিতাহিতয়োঃ সমজ্ঞানসম্পন্নঃ) ধীরঃ (ধীমান্) তুল্যনিন্দাত্মসংস্তুতিঃ) তুল্যে দোষকীর্ত্তনগুণকীর্ত্তনে যস্য সঃ) মানাপমানয়োঃ (আদরানাদরয়োঃ) তুল্যঃ (সমজ্ঞানঃ) মিত্রারিপক্ষয়োঃ (সুহৃদ্পক্ষশত্রুপক্ষয়োঃ) তুল্যঃ (সমবুদ্ধিঃ) সর্ব্বারম্ভপরিত্যাগী (সর্ব্বোদ্যমত্যাগশীলঃ) সঃ (সাধকঃ) গুণাতীতঃ উচ্যতে (কথ্যতে)॥ ২৪। ২৫॥

প্রতিশব্দ।—[যিনি] দুঃখ-সুখে-সমজ্ঞান-সম্পন্ন, প্রকৃতিস্থ, লোষ্ট্র-প্রস্তর-সুবর্ণে-তুল্যবুদ্ধি, হিতাহিতে-তুল্য-জ্ঞান, ধীমান্, নিন্দাস্তুতিতে-যাঁহার-তুল্যবোধ, মান অপমানে তুল্য-জ্ঞান, মিত্রপক্ষ-ও-শত্রুপক্ষে সমবুদ্ধি, সর্ব্বকর্ম্ম-পরিত্যাগী, তিনি গুণাতীত কথিত-হন॥ ২৪। ২৫॥

ব্যাখ্যা।—সুখ দুঃখ উভয়েই যাঁহার সমজ্ঞান, যিনি স্বরূপস্থ, লোষ্ট্র প্রস্তরখণ্ড এবং কাঞ্চনে যাঁহার তুল্য-জ্ঞান, হিত এবং অহিত উভয়ই যাঁহার পক্ষে সমান, যিনি ধীর বুদ্ধি সম্পন্ন, আত্মনিন্দা এবং আত্ম-স্তুতিতে যিনি দুঃখিত বা উৎফুল্ল হন না, মান অপমান দুইই যাঁহার নিকট সমান, শত্রু মিত্র উভয়েই যিনি সমব্যবহার সম্পন্ন, যিনি যাবতীয় কর্ম্মের উদ্যম পরিত্যাগ করিয়াছেন, তিনিই গুণাতীত ব্যক্তি॥ ২৪।২৫॥

শঙ্করাচার্য্য।—কিঞ্চ সমদুঃখেতি। সমদুঃখসুখঃ সমে দুঃখসুখে যস্য সমদুঃখসুখঃ স্বস্থঃ স্বাত্মনি স্থিতঃ প্রসন্নঃ অবিক্রিয়ঃ সমালোষ্ট্রাশ্মকাঞ্চনঃ লোষ্ট্রঞ্চ অশ্ম চ কাঞ্চনঞ্চ সমানি যস্য স সমলোষ্ট্রাশ্মকাঞ্চনঃ তুল্যপ্রিয়াপ্রিয়ঃ প্রিয়ঞ্চাপ্রিয়ঞ্চ প্রিয়াপ্রিয়ে সমে যস্য সোঽয়ং তুল্যপ্রিয়াপ্রিয়োধীরোধীমান্ তুল্যনিন্দাত্মসংস্তুতিঃ নিন্দা চ আত্মসংস্তুতিশ্চ তুল্যে নিন্দাত্মসংস্তুতী যস্য

যতঃ স তুল্যনিন্দাত্মসংস্তুতিঃ। কিঞ্চ মানাপমানয়োরিতি। মানাপমানয়োস্তুল্যঃ সমোনির্ব্বিকারঃ তুল্যোমিত্রারিপক্ষয়োঃ যস্তপ্যুদাসীনোভবন্তি কেচিৎ স্বাভিপ্রায়েণ মিত্রারিপক্ষয়োরিব ভবন্তীতি, অয়ন্তু তুল্যোমিত্রারিপক্ষয়োরিত্যাহ সর্ব্বারম্ভপরিত্যাগী দৃষ্টার্থানি কর্ম্মাণ্যারভন্তে ইত্যারম্ভাঃ সর্ব্বানারম্ভান্ পরিত্যক্তুং শীলং অস্যেতি সর্ব্বারম্ভপরিত্যাগী দেহধারণমাত্রনিমিত্তব্যতিরেকেণ সর্ব্বকর্ম্মপরিত্যাগীত্যর্থঃ গুণাতীতঃ স উচ্যতে॥ ২৪। ২৫॥

আনন্দগিরি।—গুণাতীতস্য লিঙ্গান্তরমাহ কিঞ্চেতি। তয়োঃ সমত্বং রাগদ্বেষানুৎপাদকতয়া স্বকীয়ত্বাভিমানাস্পদত্বং প্রসন্নত্বং স্বাস্থ্যাদপ্রচ্যুতিরবিক্রিয়ত্বং বিদ্বদ্দৃষ্ট্যা প্রিয়াপ্রিয়য়োরসংভবেঽপি লোকদৃষ্টিমাশ্রিত্যাহ প্রিয়েঞ্চেতি। প্রিয়াপ্রিয়গ্রহণেন গৃহীতানাং কাঞ্চনাদীনাং ব্রাহ্মণপরিব্রাজকবৎ পৃথক্‌গ্রহণং। নিন্দা দোষোক্তিরাত্মনো গুণকীর্ত্তনং। ইতশ্চ গুণাতীতঃ শক্যোজ্ঞাতুমিত্যাহ কিঞ্চেতি। মানঃ সৎকারস্তিরকারোঽপমানঃ পরদৃষ্ট্যা যৌ সখিশত্রূ তয়োঃ পক্ষয়োঃ নির্ব্বিশেষো ন কস্যচিৎ পক্ষে তিষ্ঠতীত্যাহ তুল্যইতি। বিদুষো মিত্রাদিবুদ্ধ্যভাবাত্তুল্যো মিত্রারিপক্ষয়োরিত্যযুক্তমিত্যাশঙ্ক্যাহ যদ্যপীতি। সর্ব্বকর্ম্মত্যাগে দেহধারণমপি নিমিত্তাভাবান্ন স্যাদিত্যাশঙ্ক্যাহ দেহেতি উক্তবিশেষণো গুণাতীতো জ্ঞাতব্য ইত্যাহ গুণেতি॥ ২৪। ২৫॥

রামানুজ।—সমেতি। সমদুঃখসুখঃ সুখদুঃখয়োঃ সমচিত্তঃ স্বস্থঃ স্বস্মিন্ স্থিতঃ স্বাত্মৈকপ্রিয়ত্বেন তদ্ব্যতিরিক্তপুত্রজন্মমরণাদি সুখদুঃখয়োঃ সমচিত্ত ইত্যর্থঃ ততএব সমলোষ্ট্রাশ্মকাঞ্চনঃ চ তুল্যপ্রিয়াপ্রিয়ঃ তুল্যপ্রিয়াপ্রিয়ো যো ধীরঃ প্রকৃত্যাত্মবিবেককুশলঃ ততএব তুল্যনিন্দাত্মসংস্তুতিঃ আত্মনি মনুষ্যত্বাভিমানকৃত গুণাগুণনিমিত্ত স্তুতিনিন্দয়োঃ স্বাসংবন্ধানুসন্ধেন তুল্যচিত্তঃ। তৎ প্রযুক্ত মানাপমানয়োস্তৎপ্রযুক্ত মিত্রারিপক্ষয়োরপি স্বসম্বন্ধাভাবাদেব তুল্যচিত্তঃ তথা দেহিত্বপ্রযুক্ত সর্ব্বারম্ভপরিত্যাগী যএবংভূতঃ স গুণাতীত উচ্যতে॥ ২৪। ২৫॥

হনুমান্।—স্বস্মিন্নাত্মনি তিষ্ঠতীতি স্বস্থঃ ধীরঃ ধীমান। কিঞ্চ দেহেন্দ্রিয় বিষয়াকার রিপতানতীতো অতিক্রান্তস্তেষু নিস্পৃহঃ॥ ২৪। ২৫॥

শ্রীধর।—অপি চ সমেতি। সমে দুঃখসুখে যস্য, যতঃ স্বস্থঃ স্বরূপ এব স্থিতঃ, অতএব সমানি লোষ্ট্রাশ্মকাঞ্চনানি যস্য, তুল্যে প্রিয়াপ্রিয়ে সুখদুঃখহেতুভূতে যস্য, ধীরোধীমান্, তুল্যা নিন্দা চ আত্মনঃ স্তুতিশ্চ যস্য। অপি চ মনেতি। মানে অপমানে চ তুল্যঃ মিত্রপক্ষে অরিপক্ষে চ তুল্যঃ সর্ব্বান্ দৃষ্টাদৃষ্টার্থানারম্ভানুদ্যমান্ পরিত্যক্তুং শীলং যস্য স এবম্ভূতাচারযুক্তোগুণাতীত উচ্যতে॥ ২৪। ২৫॥

বলদেব।—কিঞ্চ সমেতি। যতোঽয়ং স্বস্থঃ স্বরূপনিষ্ঠঃ অতএব সমদুঃখসুখঃ সমে অনাত্মধর্ম্মত্বাৎ তুল্যে সুখদুঃখে যস্য সঃ। সামাভ্যাসুপাদেয়ত্বয়া তুল্যানি লোষ্ট্রাদীনি যস্য সঃ। লোষ্ট্রমৃৎপিণ্ডতুল্যো প্রিয়াপ্রিয়ে সুখদুঃখসাধনে বস্তুনী যস্য সঃ। ধীরঃ প্রকৃতিপুরুষবিবেককুশলঃ। তুল্যে নিন্দাত্মসংস্তুতী যস্য সঃ। তৎপ্রয়োজকয়োর্দ্দেহগুণয়োরাত্মগতত্বাভাবাদিত্যর্থঃ। য ঈদৃশো

গুণাতীত স উচ্যতে ইতি দ্বিতীয়েনান্বয়ঃ। মানেতি স্ফুটার্থঃ। নিন্দাস্তুতী বাগ্ব্যাপারেণ সাধ্যৌ মানাপমানৌ তু কায়মনোব্যাপারেণাপি স্যাতামিতি ভেদঃ। সর্ব্বেতি। দেহযাত্রামাত্রাদন্যৎ সর্ব্বকর্ম্মগ্রাহ্যং য ঈদৃশো গুণাতীতঃ উদাসীনবদিত্যাদ্যুক্তা যস্যাচারাঃ পরৈরপি সংবেদ্যাঃ স গুণাতীতো বোধ্যো ন তু তদুপপত্তিবাবদূক ইতি ভাবঃ॥ ২৪। ২৫॥

মধুসূদন।—সমে দুঃখসুখে দ্বেষরাগশূন্যতয়ানাত্মধর্ম্মতয়াহনৃততয়া চ যস্য স সমদুঃখসুখঃ কস্মাদেবং যস্মাৎ স্বস্থঃ স্বস্মিন্নাত্মন্যেব স্থিতোদ্বৈতদর্শনশূন্যত্বাৎ অতএব সমানি হেয়োপাদেয়ভাব-রহিতানি লোষ্ট্রাশ্মকাঞ্চনানি যস্য স তথা লোষ্ট্রঃ পাংসুপিণ্ডঃ,অতএব তুল্যে প্রিয়াপ্রিয়ে সুখদুঃখ-সাধনে যস্য হিতসাধনত্বাহিতসাধনত্ববুদ্ধিবিষয়ত্বাভাবেনোপেক্ষণীয়ত্বাৎ, ধীরঃ ধীমান্ ধৃতিমান্ বা অতএব তুল্যে নিন্দাত্মসংস্তুতী দোষকীর্ত্তনগুণকীর্ত্তনে যস্য স গুণাতীত উচ্যত ইতি দ্বিতীয়গতে-নান্বয়ঃ। মানঃ সৎকারঃ আদরাপরপর্য্যায়ঃ, অপমানস্তিরস্কারোহনাদরাপরপর্য্যায়ঃ তয়োস্তুল্যঃ হর্ষবিষাদশূন্যঃ নিন্দাস্তুতী শব্দরূপে মানাপমানৌ তু শব্দমন্তরেণাপি কায়মনোব্যাপারবিশেষাবিতি ভেদঃ। অত্র পকারবকারয়োঃ পাঠবিকল্পেঽপ্যর্থঃ স এব। তুল্যোমিত্রারিপক্ষয়োঃ মিত্রপক্ষ-স্যেবারিপক্ষস্যাপি দ্বেষাবিষয়ঃ স্বয়ং তয়োরনুগ্রহনিগ্রহশূন্য ইতি বা সর্ব্বারম্ভপরিত্যাগী আরভ্যন্ত ইত্যারম্ভাঃ কর্ম্মাণি তান্ সর্ব্বান্ পরিত্যক্তুং শীলং যস্য স তথা দেহযাত্রামাত্রব্যতিরেকেণ সর্ব্বকর্ম্ম-পরিত্যাগীত্যর্থঃ। উদাসীনবদাসীন ইত্যাদ্যুক্তপ্রকারাচারো গুণাতীতঃ স উচ্যতে যদুক্তমুপেক্ষ-কত্বাদি শুদ্ধিবিদ্যোদয়াৎ পূর্ব্বং যত্নসাধ্যবিদ্যাধিকারিণা সাধনত্বেনানুষ্ঠেয়মুৎপন্নায়াং তু বিদ্যায়াং জীবন্মুক্তস্য গুণাতীতস্যোক্তং ধর্ম্মজাতমযত্নসিদ্ধং লক্ষণত্বেন তিষ্ঠতীত্যর্থঃ॥ ২৪। ২৫॥

নীলকণ্ঠ।—অথ পঞ্চম্যাং ভূমাবসংসক্তিনামিকায়াং স্থিতো ব্রহ্মবিদ্বর উচ্যতে সমেতি। সমাধৌ সমে দুঃখসুখে যস্য স সমদুঃখসুখঃ স্বস্থঃ স্বেনৈব তিষ্ঠতীতি স্বস্থঃ যদা তুঃ ন সমাধৌ ইচ্ছা তদা স্বয়মেব ব্যুত্তিষ্ঠতীতিভাবঃ সোঽপি ব্যুত্থানাবস্থায়াং সমলোষ্ট্রাশ্মকাঞ্চনো বিরক্ত ইত্যর্থঃ তুল্যপ্রিয়াপ্রিয়ঃ তুল্যনিন্দাত্মসংস্তুতিশ্চ প্রিয়াপ্রিয়য়োর্নিন্দাস্তুত্যোশ্চ প্রাপ্তৌ তুল্যো হর্ষবিষাদ শূন্যোঽত্রহেতুর্ধীর ইতি, যথাকশ্চিচ্ছূরস্তীব্রপ্রহারবেদনার্ত্তোঽপি নব্যামুহ্যতি ধৈর্য্যাদ্বেদনাঞ্চানুভবতি তদ্বদয়ংহর্ষবিষাদাবনুভবন্নপি ধৈর্য্যান্ন চলতি, পূর্ব্বস্য তু জাতায়ামপি বেদনায়াং হর্ষাদ্যুদয়এ নাস্তি তৎপূর্ব্বস্য তু বেদনৈব নাস্তীতি ভেদঃ. এতেন শ্লোকত্রয়েন সর্ব্বেষাং জীবন্মুক্তানাং সমাধে লিঙ্গানি তৎসম্বেদ্যানি আচারাশ্চ পরসম্বেদ্যানি লিঙ্গান্যুক্তানি। অথচতুর্থ্যাং ভূমৌ সত্ত্বাপত্তিসংজ্ঞায়া স্থিতস্য যোগিনঃ সমাধিসুখভাবেন স্বসংবেদ্যলিঙ্গাভাবাৎ তত্ত্বনিশ্চযেন দ্বৈতস্য বাধাৎ লিঙ্গমাচা রশ্চ পরসংবেদ্যএব তদাহ মানেতি। যথাহি পরীক্ষকঃ কূটকার্ষাপণস্যালাভে বিনাশে হর্ষবিষাদশূন্যো নচ তল্লাভার্থং যত্নমারভতে, মূঢ়স্তু তাভ্যাং বাধ্যতে তল্লাভার্থং যত্নশ্চারভতে এবং বিদ্বান্ দ্বৈতং মরুমরীচিকাহ্রদসমানং পশ্যন্ তত্র মানাপমানয়োর্ব্বা মিত্রারিপক্ষ য়োর্ব্বা তুল্যএব নত্বন্যতরলাভায় পরিহারায়বা যত্নমারভতেঽতোগুণাতীত ইত্যুচ্যতে সর্ব্ব পদার্থঃ॥ ২৪। ২৫॥

বিশ্বনাথ।—গুণাতীতঃ স উচ্যতে ইতি গুণাতীতস্য এতানি চিহ্নানি এতানাচারাংশ্চ দৃষ্টৈব গুণাতীতো বক্তব্যঃ নতু গুণাতীতত্বোপপত্তি বাবদুকো গুণাতীতো বক্তব্য ইতি ভাবঃ ॥২৫॥

তাৎপর্য্য।—উপসংহারকালে গুণাতীত পুরুষের অন্যান্য লক্ষণ নির্দ্দিষ্ট হইতেছে। যাঁহার দুঃখে বা সুখে সমজ্ঞান, অর্থাৎ দুঃখজনক ব্যাপার উপস্থিত হইলেও যিনি বিচলিত হন না, এবং সুখসাধক ঘটনা সমাগমেও যিনি উৎফুল্ল হন না, যিনি আপন হৃদয়জাত আত্মজ্ঞান জনিত আনন্দের মধ্যগত হইয়া আত্মানন্দ উপভোগ করেন, যিনি পথিমধ্যস্থ অযত্ন ন্যস্ত ধূলিপিণ্ড বা প্রান্তর পতিত অকিঞ্চিৎকর শিলাখণ্ড এবং অতি মূল্যবান্ যত্নলভ্য সুবর্ণ রত্নাদি সমভাবেই পর্য্যবেক্ষণ করেন, অর্থাৎ মূল্যবান পদার্থের প্রতি সমাদর এবং মূল্যহীন পদার্থে অনাদর প্রকাশ না করেন; যিনি সুখসাধনরূপ প্রিয় সমাগমে অথবা দুঃখবিধায়ক অপ্রিয়াগমে সমভাবাপন্ন, অর্থাৎ যে বিষয় দ্বারা সুখোদ্ভব হইতে পারে, অথবা যে বিষয় দ্বারা দুঃখ জন্মিতে পারে, তদুভয়কেই যিনি সমভাবে দর্শন করিতে সমর্থ; যিনি সকল ব্যাপারের প্রকৃত রহস্য উদ্ভেদ করিবার উপযোগী বুদ্ধি বিবেক সম্পন্ন, অর্থাৎ স্বকীয় সুমার্জ্জিত ধীশক্তি সহকারে যিনি সত্যাসত্য অবধারণে সক্ষম; যিনি চতুর্দ্দিকে স্বকীয় নিন্দাবাদের ঘোষণা শ্রবণ করিয়া অকাতর থাকিতে পারেন, এবং সর্ব্বত্র স্বকীয় প্রশংসাবাদও অবিকৃতচিত্তে শ্রবণ করিতে সক্ষম অর্থাৎ নিন্দা ও প্রশংসা উভয়ই যিনি সমভাবে গ্রহণ করিবার নিমিত্ত হৃদয়কে প্রস্তুত করিয়াছেন তাঁহাকেই গুণধর্ম্মের অতীত বলা যায়। মান অর্থাৎ মনুষ্য সমাজ মধ্যে সমাদর এবং অপমান অর্থাৎ মানবমণ্ডলী কর্ত্তৃক হতাদর বা নিগ্রহ, এই উভয়েই যাঁহার তুল্যবোধ, আপনার সম্মানে যাঁহার হৃদয় একটুও গৌরব স্ফীত না হয় এবং অপমানে যাঁহার অন্তর অনুমাত্রও অবসন্ন না হয়, শত্রু ও মিত্র পক্ষে যাঁহার সমবোধ, অর্থাৎ মিত্রবর্গকে যে ভাবে দর্শন করেন, শত্রুবর্গকেও অবিকল সেই ভাবেই দর্শন করিতে যিনি সমর্থ অর্থাৎ কোনরূপ স্বার্থের প্ররোচনায় অভিভূত না হইয়া যিনি সর্ব্বত্র স্বপক্ষ বিপক্ষ বোধ রহিত; এবং যিনি সর্ব্বপ্রকার ক্রিয়াহীন, কেবলমাত্র জীবনধারণোপযোগী যৎসামান্য পদার্থ প্রাপ্তির নিমিত্ত আয়োজন ব্যতীত অন্য কোনরূপ কর্ম্মানুষ্ঠানের যাঁহার প্রয়োজন হয় না, তিনিই গুণাতীত নাম প্রাপ্ত হইবার উপযুক্ত।

পূর্ব্বে যে সকল লক্ষণ নির্দ্দিষ্ট হইল, যে মহাত্মার হৃদয় তদ্দ্বারা বিভূষিত হইয়াছে, তিনিই বস্তুতঃ সর্ব্ব গুণাতীত। গুণধর্ম্ম মনুষ্যকে যে সকল বিষয় ব্যাপারের অনুষ্ঠানে প্রবৃত্ত করে, তাঁহার পরম জ্ঞান জনিত অত্যুন্নত হৃদয়কে সেরূপে অধিকার বা আয়ত্ত করিতে কখনই সক্ষম হয় না। গুণবন্ধনের অসারত্ব উপলব্ধি করিয়া যিনি যথার্থ দর্শনজনিত আত্মজ্ঞান লাভ করিয়াছেন, তাঁহাকে বদ্ধ করিতে আর কাহারও ক্ষমতা নাই।

পূর্ব্বের "অনপেক্ষঃ শুচির্দক্ষ উদাসীনো গতব্যথঃ।" "যোন হৃষ্যতি ন দ্বেষ্টি" "সমঃ শত্রৌ চ মিত্রে চ" "তুল্য নিন্দাস্তুতির্মৌনী" (১২শ অধ্যায় ১৬।১৭।১৮।১৯শ শ্লোক) এই সকল শ্লোকের সহিত মিলাইয়া পাঠ করা উচিত।

"মানাপমানয়োঃ" স্থলে কেহ "মানাবমানয়োঃ" এইরূপ পাঠ করেন। উভয় পাঠই সমার্থবোধক ॥ ২৪।২৫ ॥

——(০)——

মাঞ্চ যোঽব্যভিচারেণ ভক্তিযোগেন সেবতে।
স গুণান্ সমতীত্যৈতান্ ব্রহ্মভূয়ায় কল্পতে ॥ ২৬ ॥

অন্বয়।—যঃ চ মাং অব্যভিচারেণ (ঐকান্তিকেন) ভক্তিযোগেন সেবতে (উপাসতে) সঃ এতান্ গুণান্ সমতীত্য (অতিক্রম্য) ব্রহ্মভূয়ায় (ব্রহ্মভাবায়) কল্পতে (সমর্থঃ ভবতি) ॥ ২৬ ॥

প্রতিশব্দ।—যিনি আমাকে ঐকান্তিক ভক্তিযোগ-দ্বারা উপাসনা-করেন, তিনি এই গুণ-সমূহকে অতিক্রম-করিয়া মোক্ষ-নিমিত্ত যোগ্য-হন ॥ ২৬ ॥

ব্যাখ্যা।—যে সাধক ঐকান্তিক ভক্তিযোগ সহকারে আমাকে ভজনা করেন, তিনিই এই সত্ত্বাদি গুণসমূহকে অতিক্রম-করিয়া ব্রহ্ম ভাবের অর্থাৎ মোক্ষের অধিকারী হইয়া থাকেন ॥ ২৬ ॥

শঙ্করাচার্য্য।—উদাসীনবদিত্যাদি গুণাতীতঃ স উচ্যতে ইত্যেতদন্তমুক্তং যাবদ্যত্নসাধ্যং তাবৎ সন্ন্যাসিনানুষ্ঠেয়ং গুণাতীতত্বসাধনং মুমুক্ষোঃ স্থিরীভূতন্তু স্বসম্বেদ্যং সদ্গুণাতীতস্য যতের্লক্ষণং ভবতীতি অধুনা কথঞ্চ ত্রীন্ গুণান্ অতিবর্ত্তত ইতি প্রশ্নস্য প্রতিবচনমাহ মাঞ্চেতি। মাঞ্চেশ্বরং নারায়ণং সর্ব্বভূতহৃদয়াশ্রিতং যোযতিঃ কর্ম্মী বা অব্যভিচারেণ কদাচিৎ যোব্যভিচরতি ন, ভক্তিযোগঃ ভজনং ভক্তিঃ সৈব যোগস্তেন বিবেকজ্ঞানাত্মকেন ভক্তিযোগেন জ্ঞানসমুদ্ভবেন

সেবতে স গুণান্ সমতীত্য এতান্ যথোক্তান্ ব্রহ্মভূয়ায় ভবনং ভূয়ঃ ব্রহ্মভূয়ায় ব্রহ্মভবনায় মোক্ষা কল্পতে সমর্থোভবতীত্যর্থঃ ॥ ২৬ ॥

আনন্দগিরি।—যদৃচ্ছমুপেক্ষকত্বাদি তত্ত্বজ্ঞোদয়াৎ পূর্ব্বং যত্নসাধ্যং বিদ্যাধিকারি-জ্ঞানসাধনত্বেনানুষ্ঠেয়মুৎপন্নায়াং বিদ্যায়াং জীবন্মুক্তস্যোক্তধর্ম্মজাতং স্থিরীভূতং স্বানুভবসিদ্ধ লক্ষণত্বেন তিষ্ঠতীত্যুক্তে ধর্ম্মজাতে বিভাগং দর্শয়তি উদাসীনবদিত্যাদিনা। প্রশ্নদ্বয়মেবং পরিহৃত্য তৃতীয়ং প্রশ্নং পরিহরতি অধুনেতি। মচ্ছব্দস্য সংসারিবিষয়ত্বং ব্যাবর্ত্তয়তি ঈশ্বরমিতি। তত্রৈ নারায়ণশব্দান্মূর্ত্তিভেদো ব্যাবর্ত্ত্যতে। তস্য তাটস্থ্যং ব্যবচ্ছিনত্তি সর্বেতি। মুখ্যামুখ্যাধিকারিভেদে বিকল্পঃ। ভক্তিযোগস্য যাদৃচ্ছিকত্বং ব্যবচ্ছেত্তুমব্যভিচারেণেত্যুক্তং, তদ্ব্যাচষ্টে নেতি। ভজন পরমপ্রেম স এব যুজ্যতেঽনেনেতি যোগঃ তেন সেবতে পরাক্ চিত্ততাং বিনা সদানুসন্ধত্তীত্যর্থ সভগবদনুগ্রহং কৃতসম্যগ্ধীসম্পন্নো বিদ্বান্ জীবন্নেবেত্যর্থঃ ॥ ২৬ ॥

রামানুজ।—অথৈবং স্বগুণাত্যয়ে প্রধানহেতুমাহ মাঞ্চেতি। নান্যং গুণেভ্যঃ কর্ত্তারমিত্যাদিনোক্তেন প্রকৃত্যাত্মবিবেকানুসন্ধানমাত্রেণ ন গুণাত্যয়ঃ প্রাপ্যতে তস্যানাদি কালপ্রবৃত্তবিপরীতবাসনাবাধ্যত্বসম্ভবাৎ মাং সত্যসঙ্কল্পং পরমকারুণিকমাশ্রিতবাসল্যজলধি মব্যভিচারেণৈকান্ত্যবিশিষ্টেন ভক্তিযোগেন যঃ সেবতে স এতান্ সত্ত্বাদীন্ গুণান দুরত্যয়ানতীত্যব্রহ্মভূয়ায় ব্রহ্মত্বায় কল্পতে ব্রহ্মভাবযোগ্যো ভবতি যথাবস্থিতমাত্মানমমৃতমব্যয় প্রাপ্নোতীত্যর্থঃ ॥ ২৬ ॥

এই শ্লোকে শ্রীভগবান্ একটী মনোহর রূপক অবলম্বন করিয়া সংসারের অসারত্ব প্রতিপাদন করিতেছেন। এই সংসার এক প্রকাণ্ড মহীরুহ স্বরূপ। সৃষ্টির প্রারম্ভ হইতে প্রলয়কাল পর্য্যন্ত অবিচ্ছেদে এই সংসার প্রবাহ প্রবাহিত; দিনের পর দিন চলিয়া যাইতেছে, দিনে দিনে মিলিয়া মাস ও বৎসর অতীত হইতেছে, পর্য্যায় ক্রমে গ্রীষ্ম বর্ষা প্রভৃতি ঋতু সমূহের আবির্ভাব ও তিরোভাব হইতেছে; চন্দ্রসূর্য্য নভোমণ্ডলে স্ব স্ব ক্রিয়া নিয়-মিতরূপে সম্পাদন করিতেছেন, এই সকলকে লইয়া অগণ্য স্থাবর জঙ্গমা-ত্মক এই সংসার সমভাবে চলিয়া যাইতেছে। পূর্ব্বে যে জীব সমূহ সংসারে বাস করিত, ধীরে ধীরে ক্রমে ক্রমে তাহারা সকলেই হয়তো প্রস্থান করিয়াছে, নব নব জীব নবোদ্যমে তাহাদের স্থান অধিকার করিয়াছে কিন্তু সাংসারিক নিয়ম, সংসারের গতি ও ক্রম সমানই রহিয়াছে। এই জন্যই এই সংসার অব্যয় নামে অভিহিত হইয়া থাকে। এই সংসাররূপ প্রকাণ্ড পাদপ অশ্বত্থ

নামে অভিহিত হইয়াছে। অশ্বত্থ বৃক্ষ (১৮৬৭ পৃষ্ঠার টীপ্পনী দ্রষ্টব্য) উচ্চতায় ও বিস্তারে বনস্পতিগণের মধ্যে অন্যতম শ্রেষ্ঠরূপে পরিগণিত। অশ্বত্থের মূল ভূগর্ভে বহুদূর পর্য্যন্ত প্রোথিত এবং তাহার শাখা প্রশাখা চতুর্দ্দিকে বহুদূর অধিকার করিয়া বিস্তৃত। অতিশয় কঠিন ও দৃঢ় মূল হইলেও অশ্বত্থ ক্ষণবিধ্বংসী। অনন্ত কালের তুলনায় অশ্বত্থের আয়ুষ্কাল অতি সামান্য ভিন্ন আর কি মনে হইবে? অশ্বত্থ শব্দের ধাতুগঠিত অর্থালোচনা করিলেও এইরূপই বোধ হয়। যাহা আপনাকে স্থাপন ও রক্ষণ করিতে অশক্ত তাহাই অশ্বত্থ।

এই সংসাররূপ বিশাল বিটপী ঊর্দ্ধমূল এবং অধঃশাখ অর্থাৎ এই বৃক্ষের মূলসমূহ ঊর্দ্ধদিকে বিস্তৃত এবং শাখা সমূহ অধোদিকে প্রসারিত। সংসার বৃক্ষ এরূপ বিপরীত ভাবে কেন সংস্থাপিত, তাহারই কারণ প্রদর্শ-নার্থ পূজ্যপাদ ভাষ্য ও টীকাকৃদগণ বলিয়াছেন যে, এই বৃক্ষ পরব্রহ্মের মায়াশক্তি প্রভাবে সৃষ্ট এবং তদ্দ্বারাই ইহা পরিপুষ্ট ও সুরক্ষিত। পুরুষো-ত্তমরূপ যে পরম ক্ষেত্রাবলম্বনে সংসার পাদপের উদ্ভব, তিনি সর্ব্বত্রগ ও সর্ব্বব্যাপী হইলেও ঊর্দ্ধে তাঁহার স্থান নির্দ্দেশ করা আবশ্যক। এই জন্যই সংসার পাদপকে ঊর্দ্ধমূলরূপে নির্দ্দেশ করা হইল। যে স্থান হইতে যে স্থানে বৃক্ষের মূল সমূহ প্রোথিত থাকে, যে স্থান হইতে মূল দ্বারা রসাকর্ষণ করিয়া বৃক্ষ পরিপুষ্ট ও সজীব থাকে, তাহাই সেই বৃক্ষের উদ্ভব স্থান, এবং এই জন্যই সংসারবৃক্ষকে ঊর্দ্ধোদ্ভূত এবং ঊর্দ্ধমূল বলিয়া ব্যক্ত করা হই-য়াছে। যেখানে বৃক্ষের কাণ্ড প্রকাণ্ড, শাখা প্রশাখা, পত্র পুষ্প শোভা পায় ও সর্ব্ব সমক্ষে স্বকার্য্য সাধন করে, তাহাই তাহার কার্য্যক্ষেত্র। সংসাররূপ পাদপ ঊর্দ্ধদেশ হইতে উদ্গত হইয়া অধোদেশে স্বকার্য্য সাধন করিতেছে, এই জন্য এই বৃক্ষকে অধঃশাখ বলিয়া নির্দ্দেশ করা হইয়াছে।

ঋক, সাম, যজুঃ ও অথর্ব্ব এই বিশাল সংসার বৃক্ষের পত্র স্বরূপ। পাদপের পর্ণসমূহ তাহাকে রক্ষা করিবার প্রধান সহায় স্বরূপ। পত্রেরা আচ্ছন্ন করে বলিয়া বৃক্ষ সহসা শুষ্ক হইতে পায় না, এবং বাহ্য শীত বা আ-তপ তাহার দেহে বিশেষরূপ পরিবর্ত্তন ঘটাইতে পারে না। বেদসমূহ কর্ম্মকাণ্ডের ব্যবস্থা ও উপদেশ প্রদান দ্বারা সংসারকে ঢাকিয়া রাখিয়াছে এবং সেই কর্ম্মজনিত বিবিধ ফলাফল সংঘটিত করিয়া সংসারী জীবকে

ধর্ম্মকর্ম্মের অনুসরণকারী করিয়াছে। বৃক্ষপত্র যেমন সুশীতল ছায়া প্রদানে আশ্রয়ার্থী জীবগণকে বিনোদিত করে, তদ্রূপ সংসাররূপ পাদপের বেদরূপ পর্ণসমূহ বিশ্বের সমস্ত জীবকে স্বকীয় ছায়া মধ্যস্থ করিয়া রাখিয়াছে।

যে তত্ত্বদর্শী পুরুষ এইরূপে সংসার তত্ত্ব পরিজ্ঞাত হইয়াছেন, অর্থাৎ পারমেশ্বরী মায়া সম্ভূত এই সংসারকে ক্ষণবিধ্বংসী বৃক্ষরূপে পরিজ্ঞাত হইয়াছেন এবং সাংসারিক ব্যাপার সমূহ অসার ও অকিঞ্চিৎকর বোধে তৎ প্রতি বীতস্পৃহ হইয়াছেন,এবং যিনি বেদ সমূহকে সংসার বিটপীর পত্র স্বরূপ জ্ঞান করিয়া বেদবিহিত কর্ম্মানুষ্ঠানজনিত ধর্ম্মোন্নতি জ্ঞানোন্নতি রূপ সুশীতল ছায়া সম্ভোগ করিয়া থাকেন; তিনিই যথার্থ বেদবিৎ অর্থাৎ বেদতত্ত্বজ্ঞ।

এই ঊর্দ্ধমূল ও অধঃশাখ অশ্বত্থবৃক্ষের উপমা সতত পরিদৃষ্ট হইয়া থাকে। ভাগীরথীর তরঙ্গাভিঘাতে তটমৃত্তিকা ক্ষরিত হইলে তদুপরিস্থ বিশালপাদপ শিথিলমূল হইয়া যায়, এবং প্রভঞ্জনপ্রভাবে উৎপাটিত হইয়া জাহ্নবীর গর্ভে নিপতিত হয়। তখন সেই বৃক্ষের মূল তটের উপর এবং শাখা অধো-দিকে থাকে। গঙ্গাগর্ভপতিত বৃক্ষের সহিত এই সংসার বৃক্ষের অবস্থা তুলনীয়।

এতদুপলক্ষে পূজ্যপাদ ভগবান্ শঙ্করাচার্য্য ও শ্রীমন্মধুসূদন নিম্নলিখিত পৌরাণিক বচন উদ্ধৃত করিয়াছেন। "অব্যক্ত মূল প্রভবস্তস্যৈবানুগ্রহোত্থিতঃ। বুদ্ধিস্কন্ধময়শ্চৈব ইন্দ্রিয়ান্তরকোটরঃ। মহাভূত বিশাখশ্চ বিষয়ৈঃ পত্রবাংস্তথা। ধর্ম্মাধর্ম্মসুপুষ্পশ্চ সুখদুঃখফলোদয়ঃ। আজীব্যঃ সর্ব্বভূতানাং ব্রহ্মবৃক্ষঃ সনাতনঃ। এতদ্ ব্রহ্মবনঞ্চৈব ব্রহ্মাচরতি সাক্ষিবৎ। এতচ্ছিত্বা চ ভিত্বা চ জ্ঞানেন পরমাসিনা। ততশ্চাত্মগতিং প্রাপ্য তস্মান্না-বর্ত্ততে পুনঃ।" ইহার ভাবার্থ যথা; 'মায়োপাধিক ব্রহ্মরূপ কারণ হইতে এই সংসারবৃক্ষ উদ্ভূত এবং সেই মূলভূত অব্যক্তের অনুগ্রহেই সম্বর্দ্ধিত। বৃক্ষের স্কন্ধদেশ হইতে যেরূপ শাখাসমূহ উদ্ভূত হয়, তদ্রূপ এই সংসার বৃক্ষেরও বুদ্ধিরূপ স্কন্ধ হইতে বিবিধ পরিণাম দৃষ্ট হয়। ইন্দ্রিয় সমূহের ছিদ্রই এই বৃক্ষের কোটর, আকাশাদি মহাভূত ইহার বিবিধ শাখা। পরমাত্মা কর্ত্তৃক অধিষ্ঠিত এই বৃক্ষকে আত্মজ্ঞান ব্যতিরেকে ছেদন

করা যায় না। ইহাই জীবরূপী ব্রহ্মের ভোগ্য বস্তু, ব্রহ্ম স্বয়ং ইহাতে নির্লিপ্ত সাক্ষীর ন্যায় অবস্থিত। এই সংসার অরণ্যকে জ্ঞানরূপ অসি দ্বারা ছেদন করিয়া আত্মগতি লাভ করা যায়। এই রূপে জীব পুনরাবর্ত্তিত হয় না।'

কঠোপনিষদে এই শ্লোকের অনুরূপ শ্রুতি পরিদৃষ্ট হয়। তদ্ যথা; "ঊর্দ্ধমূলোঽবাক্‌শাখ এষোঽশ্বত্থঃ সনাতনঃ। তদেব শুক্রং তদ্ ব্রহ্ম তদেবামৃতমুচ্যতে।" (কঠোপনিষৎ ২য় অধ্যায় ৩ বল্লী) ইহার ভাবার্থ যথা; 'এই অশ্বত্থরূপ সংসারবৃক্ষ উর্দ্ধ মূল, ইহার শাখা সমূহ অধোগামী এবং ইহা চিরন্তন। যিনি ইহার মূল, তিনি উজ্জ্বল, ব্রহ্ম এবং অমৃতরূপী।'

পূজ্যপাদ শ্রীমদ্বলদেব এই শ্লোকোপলক্ষে বলিয়াছেন যে, বৈরাগ্যরূপ কুঠারাঘাতে ছিন্ন করা যায় বলিয়াই সংসারকে বৃক্ষরূপে উল্লেখ করা সার্থক ও সুসঙ্গত হইয়াছে। এই সংসাররূপ বিশাল বিটপী কেবল বৈরাগ্যরূপ শস্ত্রাঘাতেই নষ্ট হইয়া থাকে। এই বৃক্ষের মূল উর্দ্ধে সত্যলোকে প্রতিষ্ঠিত এবং তাহার মূল চতুর্ম্মুখ মহত্তত্ত্ব স্বরূপ, অর্থাৎ প্রধান বীজ হইতে চতুর্ম্মুখ মহত্তত্ত্ব অবলম্বনে ইহা অঙ্কুরিত। অতি মহৎ হইতে অতি ক্ষুদ্র জীব পর্য্যন্ত এবং অতি বিশাল পদার্থ হইতে অতি সামান্য পদার্থ পর্য্যন্ত স্থাবর জঙ্গমাত্মক যাবতীয় সাংসারিক বস্তু এই বৃক্ষের শাখা প্রশাখা স্বরূপ। অশ্বত্থ বৃক্ষ বনস্পতি সমূহের মধ্যে শ্রেষ্ঠ রূপে পরিগণিত। এই সংসারে সাধনশীল মনুষ্য ধর্ম্ম অর্থ কাম মোক্ষ এই চতুর্ব্বর্গ ফলের অধিকারী হইতে পারেন। সংসারই চতুর্ব্বর্গের আশ্রয় স্বরূপ। অশ্বত্থ কাণ্ড প্রকাণ্ড ও শাখা প্রশাখা সহ বহু বিস্তৃত ও বহু বিষয়ের আশ্রয় স্বরূপ এই জন্যই সংসারকে অশ্বত্থ রূপে উল্লেখ করা হইয়াছে। ছন্দঃ অর্থাৎ শ্রুতি বাক্য সমূহকে এই বৃক্ষের পর্ণরূপে উল্লেখ করা হইয়াছে। শ্রুতি সমূহ কাম্য কর্ম্ম বিধায়ক এবং বাসনা সংবর্দ্ধন দ্বারা বিষয়াসক্তির পরিপোষক। বৃক্ষের পত্র সমূহও মূল বৃক্ষের সংরক্ষক। এই জন্যই বেদ বাক্য সমূহকে সংসার বৃক্ষের পত্র রূপে নির্দ্দেশ করা সুসঙ্গত হইয়াছে। নিম্নোদ্ধৃত দৃষ্টান্ত দ্বারা ইহা সুস্পষ্ট হইবে। শ্রুতি বাক্য যথা; "বায়ব্যং শ্বেত মালভেত ভূতিকামঃ। ঐন্দ্রমেকাদশ কপালং নির্ব্বপেৎ প্রজাকামঃ।"

হার ভাবার্থ; 'ঐশ্বর্য্য কামী পুরুষ বায়ুদৈবত শ্বেত ছাগ দ্বারা যজ্ঞ করিবেন। সন্ততি কামী ব্যক্তি ইন্দ্রদৈবত একাদশ কপালাত্মক যাগ করিবেন।'

এতাবতা ইহাই প্রতিপন্ন হইতেছে যে, বেদে বহুবিধ কাম্য কর্ম্মের বধান আছে। তদনুসারে কর্ম্ম সম্পাদন করিলে সংসার বন্ধন সুদৃঢ় ইয়া থাকে। পত্রের দ্বারাও বৃক্ষের স্বাস্থ্য ও দৃঢ়তা প্রথিত হইয়া থাকে। ।ই জন্য ছন্দঃ সমূহকে সংসার বৃক্ষের পর্ণরূপে উল্লেখ করা হইয়াছে॥ ১॥

পূজ্যপাদ শ্রীমৎ শ্রীধর স্বামীর প্রারম্ভবাক্য। বৈরাগ্য ব্যতীত জ্ঞান থবা ভক্তির সম্যক্ আবির্ভাব হয় না, এই জন্যই ভগবান্ পঞ্চদশ অধ্যায়ে বরাগ্য সহকৃত জ্ঞানের তত্ত্ব পরিস্ফুট রূপে নির্দ্দেশ করিতেছেন।

পূজ্যপাদ শ্রীমদ্বলদেবের প্রারম্ভ বাক্য। বৈরাগ্য সংসার বন্ধনের ছদক, সনাতন জীব আমার অংশ এবং আমি (ভগবান্) সর্ব্বোত্তম শ্রীমান্ পুরুষ, ইহাই পঞ্চদশাধ্যায়ে নিরূপিত হইয়াছে।

পূজ্যপাদ শ্রীমদ্বিশ্বনাথের প্রারম্ভ বাক্য। সঙ্গহীনতাই সংসার ছেদক, জীব ঈশ্বরের অংশ, ভগবান্ কৃষ্ণ ক্ষরাক্ষর উভয়েরই উৎকৃষ্ট পুরুষ, এই সকল তত্ত্ব পঞ্চাদশাধ্যায়ে পরিব্যক্ত হইয়াছে।

——:০:——

অধশ্চোর্দ্ধং প্রসৃতাস্তস্য শাখা
গুণপ্রবৃদ্ধা বিষয়প্রবালাঃ।
অধশ্চ মূলান্যনুসন্ততানি
কর্ম্মানুবন্ধীনি মনুষ্যলোকে॥ ২॥

অন্বয়।—তস্য (সংসারবৃক্ষস্য) গুণপ্রবৃদ্ধাঃ (সত্ত্বাদিগুণৈঃ বর্দ্ধিতাঃ) বিষয়প্রবালাঃ (শব্দস্পর্শাদিপল্লববিশিষ্টাঃ) শাখাঃ অধঃ (পশ্বাদিযোনিষু) চ ঊর্দ্ধং (দেবাদিযোনিষু) চ প্রসৃতাঃ (বিস্তারং গতাঃ) মনুষ্যলোকে কর্ম্মানুবন্ধীনি (পশ্চাৎ কর্ম্মজনকানি) মূলানি অধঃ চ অনুসন্ততানি (অনুপ্রবিষ্টানি)॥ ২॥

প্রতিশব্দ।—সেই-সংসার-বৃক্ষের গুণ-বর্দ্ধিত বিষয়-রূপ-পল্লব যুক্ত

শাখা সমূহ অধো-দিকে এবং উর্দ্ধদিকেও বিস্তৃত-হইয়াছে, নরলোকে পশ্চাৎ-কর্ম্ম-জনক মূল-সমূহ অধো-দিকে অনুপ্রবিষ্ট-হইয়াছে ॥ ২ ॥

ব্যাখ্যা।—সেই সংসাররূপ অশ্বত্থের শাখা সকল জলসেচনরূপ সত্ত্বাদি গুণ দ্বারা বর্দ্ধিত, শব্দাদি বিষয়সমূহ তাহার নব নব পল্লবরূপে নিরন্তর অঙ্কুরিত হইতেছে, এবং সেই শাখা পশ্বাদি নিকৃষ্ট যোনি হইতে উত্তম দেবাদি যোনি পর্য্যন্ত বিস্তৃত রহিয়াছে; তাহার নিম্নগত অবান্তর মুলসমূহ ভাবী কর্ম্মসমূহের জনক, অর্থাৎ সেগুলি বাসনা স্বরূপ, সেই মুলসমুহ অধোভাগে অনুপ্রবিষ্ট হইয়াছে ॥ ২ ॥

শঙ্করাচার্য্য।—ন হি সংসারবৃক্ষাদস্মাৎ সমূলাৎ জ্ঞেয়োঽন্যোঽণুমাত্রোঽপ্যবশিষ্টোঽস্ত্যতঃ সর্ব্বজ্ঞঃ স যোবেদ স বেদার্থবিদিতি, যস্মাৎ সংসারবৃক্ষে সমূলে সর্ব্বজ্ঞেয়ং অন্তর্ভবতীতি তস্মাৎ সমূলবৃক্ষজ্ঞানং স্তৌতি, তস্যৈব সংসারবৃক্ষস্যাপরাবয়বব্যাপারকল্পনোচ্যতে অতোমনুষ্যাদিভ্যো যাবৎ স্থাবরমূর্দ্ধঞ্চ যাবদ্ব্রহ্মা বিশ্বসৃজোধর্ম্ম ইত্যেতমন্তং যথাকর্ম্ম যথাশ্রুতং জ্ঞানকর্ম্মফলানি তস্য বৃক্ষস্য শাখা ইব শাখাঃপ্রসৃতা প্রগতা গুণপ্রবৃদ্ধাঃ গুণৈঃ সত্ত্বরজস্তমোভিঃ প্রবৃদ্ধাঃ স্থূলীকৃতা উপাদানভূতৈর্ব্বিষয়প্রবালাঃ বিষয়াঃ শব্দাদয়ঃ প্রবালা ইব দেহাদিকর্ম্মফলেভ্যঃ শাখাভ্যঃ অঙ্কুরা ভবন্তীব, তেন বিষয়প্রবালাঃ শাখাঃ সংসারবৃক্ষস্য পরমমূলমুপাদানং পূর্ব্বমুক্তমথেদানীং কর্ম্মফল-জনিতরাগদ্বেষাদিবাসনামূলানীব ধর্ম্মাধর্ম্মপ্রবৃত্তিকারণান্যবান্তরভাবীনি, তান্যধশ্চ দেহাদ্যপেক্ষয় মূলান্যনুসন্ততানি অনুপ্রবিষ্টানি কর্ম্মানুবন্ধীনি কর্ম্ম ধর্ম্মাধর্ম্মলক্ষণমনুবন্ধঃ পশ্চাদ্ভাবী যেষামুদ্ভূতি-মনুভবন্তীতি তানি কর্ম্মানুবন্ধীনি মনুষ্যলোকে বিশেষতোঽত্র হি মনুষ্যাণাং ধর্ম্মাধিকারঃ প্রসিদ্ধঃ ॥ ২ ॥

আনন্দগিরি।—সমূলসংসারবৃক্ষজ্ঞানে তু ফলং হিত্বা মূলমেব নিষ্কৃষ্য জ্ঞাতুং শক্যমিতি তজ্জ্ঞানার্থং প্রযতিতব্যমিতি মত্বা তজ্জ্ঞানস্তুতিরত্র বিবক্ষিতেত্যাহ নহীতি। অবয়বসম্বন্ধিন্যপরা প্রাগুক্তাদতিরিক্তা কল্পনা ইতি যাবৎ। আমনুষ্যলোকাদ্যাবিরিঞ্চেরিত্যধঃশব্দার্থমাহ মনুষ্যাদিভ্য ইতি। তস্মাদেবারভ্য সত্যলোকাদিত্যূর্দ্ধ শব্দার্থমাহ যাবদিতি। শাখাশব্দার্থং দর্শয়তি জ্ঞানেতি তেষাং হেত্বনুগুণত্বেন বহুবিধত্বং সূচয়তি যথেতি। প্রত্যক্ষাণাং শব্দাদিবিষয়াণাং প্রবালত্বং শাখাসু পল্লবত্বং অঙ্কুরত্বং স্ফোরয়তি দেহাদীতি। ঊর্দ্ধমূলমিত্যত্র সংসারবৃক্ষস্য মূলমুক্তং কিমিদানীমধশ্চ মূলানীত্যুচ্যতে তত্রাহ সংসারেতি। অনুপ্রবিষ্টত্বং সর্ব্বেষু লিঙ্গেষ্বনুগততয়া সন্ততত্বমবিচ্ছিন্নত্ব রাগাদীনাঞ্চ কর্ম্মফলজন্যত্বং প্রকটয়তি কর্ম্মেতি। কর্ম্মণাং রাগাদীনাং মিথো হেতুহেতুমত্ত্ব তেষাং তথাত্বেনানবচ্ছিন্নতয়া প্রবৃত্তিঃ বিশেষতো মনুষ্যলোকে ভবতীত্যত্র হেতুমাহ অত্র হীতি কর্ম্মব্যুৎপত্ত্যা প্রাণিনিকায়ো লোকঃ মনুষ্যশ্চাসৌ লোকশ্চেত্যধিকৃতো ব্রাহ্মণ্যাদিবিশিষ্টো দেহো মনুষ্যলোকঃ ॥ ২ ॥

রামানুজ।—অধ ইতি। তস্য মনুষ্যাদিশাখস্য বৃক্ষস্য তত্তৎকর্ম্মকৃতা অপরাশ্চ অধঃশাখাঃ পুনরপি মনুষ্যপশ্বাদিরূপেণ প্রসৃতা ভবন্তি। উর্দ্ধঞ্চ গন্ধর্ব্বযক্ষদেবাদিরূপেণ প্রসৃতা ভবন্তি। তাশ্চ গুণপ্রবৃদ্ধাঃ গুণৈঃ সত্ত্বাদিভিঃ প্রবৃদ্ধাঃ বিষয়প্রবালাঃ শব্দাদিবিষয়পল্লবাঃ কথমিত্যত্রাহ অধশ্চ মূলান্যনুসন্ততানি কর্ম্মানুবন্ধীনি মনুষ্যলোকে। ব্রহ্মলোকমূলস্যাস্য বৃক্ষস্য মনুষ্যাগ্রস্যাধো মনুষ্যলোকে চ মূলান্যনুসন্ততানি চ কর্ম্মানুবন্ধীনি ক[illegible]নুবন্ধী- মূলান্যধো মনুষ্যলোকে চ ভবন্তীত্যর্থঃ। মনুষ্যত্বাবস্থায়াং কৃতৈর্হি কর্ম্মভিরধো মনুষ্যপশ্বাদয়ঃ উর্দ্ধঞ্চ দেবাদয়ো ভবন্তি ॥ ২ ॥

হনুমান্।—অশ্বত্থোমহর্লোক প্রভৃতি উর্দ্ধং জনলোকপর্য্যন্তং প্রসৃতাঃ গতাঃ তস্য শাখাঃ কর্ম্মজ্ঞানবাসনারূপা শরীরেন্দ্রিযবিষয়াঃ কর্ম্মফলভূতাঃ গুণাঃ গুণপ্রবৃদ্ধাঃ গুণৈঃ সত্ত্বরজস্তমোভি- রুপাদানকারণভূতৈঃ প্রবৃদ্ধাঃ বিষয়প্রবালাঃ বিষয়া শব্দস্পর্শরূপরসগন্ধাঃ প্রবালাইব যাসাং শাখানাং তা অশ্বথ মহর্লোক প্রভৃতি ভুমূলানি নির্ব্বৃতদম্মাণি তদ্রূপকরণানি চানুসন্ততানি অনুসৃতানি কর্ম্মানুবন্ধীনি কর্ম্মনিমিত্তানি মনুষ্যলোকগ্রহণমুপলক্ষণার্থং ॥ ২ ॥

শ্রীধর।—কিঞ্চ অধশ্চেতি। হিরণ্যগর্ভাদয়ঃ কার্য্যোপাধয়োজীবাঃ শাখাস্থানীয়ত্বেনো- ক্তাস্তেষু চ যে দুষ্কৃতিনস্তেঽধঃ পশ্বাদিযোনিষু প্রসৃতা বিস্তারং গতাঃ সুকৃতিনশ্চোর্দ্ধং দেবাদি- যোনিষু প্রসৃতাস্তস্য সংসারবৃক্ষস্য শাখাঃ। কিঞ্চ গুণৈঃ সত্ত্বাদিবৃত্তিভির্জ্জলসেচনৈরিব যথাযথং প্রবৃদ্ধা বৃদ্ধিং প্রাপ্তাঃ। কিঞ্চ বিষয়া রূপাদয়ঃ প্রবালাঃ পল্লবস্থানীয়া যাসাং শাখাগ্রস্থানীয়াভি- রিন্দ্রিয়বৃত্তিভিঃ সংযুক্তত্বাৎ। কিঞ্চ অধশ্চ চশব্দাদূর্দ্ধঞ্চ মূলানি অনুসন্ততানি বিরূঢ়ানি মুখ্যং মূলমীশ্বর এব ইমানি ত্ববান্তরালানি মূলানি তত্তদ্ভোগবাসনালক্ষণানি। তেষাং কার্য্যমাহ মনুষ্য- লোকে কর্ম্মানুবন্ধীনি ইতি। কর্ম্ম এব অনুবন্ধি উত্তরভাবি যেষাং তানি উর্দ্ধাধোলোকেষু- পভুক্ততত্তৎভোগবাসনাভির্হি কর্ম্মক্ষয়ে মনুষ্যলোকপ্রাপ্তানাং তত্তদনুরূপেষু কর্ম্মসু প্রবৃত্তির্ভবতি, তস্মিন্নেব হি কর্ম্মাধিকারোনান্যেষু লোকেষু, অতোমনুষ্যলোক ইত্যুক্তং ॥ ২ ॥

বলদেব।—কিঞ্চাধ ইতি। তস্যোক্তলক্ষণস্য সংসারাশ্বথস্য শাখা অধ উর্দ্ধং চ প্রসৃতাঃ। অধো মনুষ্যপশ্বাদিযোনিষু দুষ্কৃতৈঃ উর্দ্ধঞ্চ দেবগন্ধর্ব্বাদিযোনিষু সুকৃতৈঃ বিসৃতাঃ গুণৈঃ সত্ত্বাদি- বৃত্তিভিরম্বুনিষেকৈরিব প্রবৃদ্ধাঃ স্থৌল্যভাজো বিষয়াঃ শব্দস্পর্শাদয়ঃ প্রবালাঃ পল্লবা যাসাং তাঃ শাখাগ্রস্থানীয়াভিঃ শ্রোত্রাদিবৃত্তিভির্যোগাদ্রাগাধিষ্ঠানত্বাচ্চ শব্দাদীনাং পল্লবস্থানীয়ত্বম্ তস্যাশ্বথস্যা- ধশ্চশব্দাদূর্দ্ধং চাবান্তরাণি মূলান্যনুসন্ততানি বিস্তৃতানি সন্তি তানি চ তত্তদ্ভোগজনিতরাগদ্বেষাদি- বাসনারূপাণি ধর্ম্মাধর্ম্মপ্রবৃত্তিকারিত্বান্মূলতুল্যান্যুচ্যন্তে। মুখ্যং মূলং ভাদৃক্‌চতুর্ম্মুখস্তদ্বাসনান্য- বান্তরমূলানি ন্যগ্রোধস্যেব জটোপজটাবৃন্দানীতি ভাবঃ। তানি কীদৃশানীত্যাহ মনুষ্যলোকে কর্ম্মানুবন্ধীনি যতস্ততঃ কর্ম্মফলভোগাবসানে সতি পুনর্মনুষ্যলোকে কর্ম্মহেতুভূতানি ভবন্তীত্যর্থঃ। স লোকঃ খলু কর্ম্মভূমিরিতি প্রসিদ্ধম্ ॥ ২ ॥

মধুসূদন।—তস্যৈব সংসারবৃক্ষস্যাবয়বসম্বন্ধিন্যপরা কল্পনোচ্যতে। পূর্ব্বং হিরণ্যগর্ভাদয়ঃ কার্য্যোপাধয়োজীবাঃ শাখাস্থানীয়ত্বেনোক্তাঃ, ইদানীং তু তদ্গতোবিশেষ উচ্যতে। তেষু যে

কুপূয়চরণা দুষ্কৃতিনস্তেঽধঃ পশ্বাদিযোনিষু প্রসৃতাঃ বিস্তারং গতাঃ, যে তু রমণীয়চরণাঃ সুকৃতিনস্তে ঊর্দ্ধং দেবাদিযোনিষু প্রসৃতাঃ অতোঽধশ্চ মনুষ্যত্বাদারভ্যাবিরিঞ্চিপর্য্যন্তং ঊর্দ্ধং চ, তস্মাদেবারভ্য সত্যলোকপর্য্যন্তং প্রসৃতাস্তস্য সংসারবৃক্ষস্য শাখাঃ, কীদৃশ্যস্তা গুণৈঃ সত্ত্বরজস্তমোভির্দ্দেহেন্দ্রিয়-বিষয়াকারপরিণতৈর্জ্জলসেচনৈরিব প্রবৃদ্ধাঃ স্থূলীভূতাঃ কিঞ্চ বিষয়াঃ শব্দাদয়ঃ প্রবালাঃ পল্লবা ইব যাসাং সংসারবৃক্ষশাখানাং তাস্তথা শাখাগ্রস্থানীয়াভিরিন্দ্রিয়বৃত্তিভিঃ সম্বদ্ধাদ্রাগাধিষ্ঠানত্বাচ্চ। কিঞ্চ অধশ্চ চশব্দাদূর্দ্ধঞ্চ মূলান্যবান্তরাণি তত্তদ্ভোগজনিতরাগদ্বেষাদিবাসনালক্ষণানি মূলানীব ধর্ম্মাধর্ম্ম-প্রবৃত্তিকারকাণি তস্য সংসারবৃক্ষস্যানুসন্ততানি, অমুখ্যানি মুখ্যং তু মূলং ব্রহ্মৈবেতি ন দোষঃ। কীদৃশান্যবান্তরমূলানি কর্ম্ম ধর্ম্মাধর্ম্মলক্ষণমনুবদ্ধুং পশ্চাজ্জনয়িতুং শীলং যেষাং তানি কর্ম্মানুবন্ধীনি, কুত্র মনুষ্যলোকে মনুষ্যশ্চাসৌ লোকশ্চেত্যধিকৃতোব্রাহ্মণ্যাদিবিশিষ্টোদেহোমনুষ্যলোকস্তস্মিন্ বাহুল্যেন কর্ম্মানুবন্ধীনি মনুষ্যাণাং হি কর্ম্মাধিকারঃ প্রসিদ্ধঃ॥ ২॥

নীলকণ্ঠ।—অধশ্চ মানুষেভ্যস্তির্য্যক্স্থাবরাদয়উচ্যন্তে ঊর্দ্ধঞ্চ মানুষেভ্য এবোপরি চ গন্ধর্ব্বযক্ষাদিহিরণ্যগর্ভপর্য্যন্ত প্রসৃতাঃ প্রসরং প্রাপ্তাঃ তস্য শাখাঃ গুণৈঃ সত্ত্বাদিভিঃ প্রকর্ষেণ বৃদ্ধা গুণপ্রবৃদ্ধাঃ বিষয়া এব রঞ্জকতয়া কোমল পল্লবরূপাণি প্রবালানি যাসান্তাঃ, সংসার-বৃক্ষস্য পরং মূলং ব্রহ্ম উক্তম্, অধশ্চ ইহ মনুষ্যলোকে চ তস্য মূলানি বাসনারূপাণি অবান্তর রূপাণি সন্ততানি প্রবাহনিত্যানি যতঃ কর্ম্মানুবন্ধীনি কর্ম্মৈব ধর্ম্মাধর্ম্মাখ্যম্ অনুবন্ধঃ পশ্চাদ্ভাবী যেষাং তানি কর্ম্মানুবন্ধীনি বাসনাভ্যঃ কর্ম্মাণি কর্ম্মভোগবাসনা ইত্যনবরতসন্তানোঽয়ং বৃক্ষ ইত্যর্থঃ॥ ২॥

বিশ্বনাথ।—অধঃ পশ্বাদিযোনিষু ঊর্দ্ধে দেবাদিযোনিষু প্রসৃতাস্তস্য সংসারবৃক্ষস্য শাখা গুণৈঃ সত্ত্বাদিবৃত্তিভিৰ্জলপ্রবৃদ্ধা বিষয়াঃ শব্দাদয়ঃ প্রবালাঃ পল্লবস্থানীয়া যাসাং তাঃ কিঞ্চ তস্য মূলে সর্ব্বলোকৈরলক্ষিতা মহানিধিঃ কশ্চিদস্তীত্যনুমীয়তে যমেব মূলজটাভিরবলম্ব্য স্থিতস্য তস্যাশ্বত্থবৃক্ষস্যাপি বটবৃক্ষস্যেব শাখাস্বপি বাহ্যজটাঃ সন্তীত্যাহ। অধশ্চেতি ব্রহ্মলোকমূলস্যাপি তস্য অধশ্চ মনুষ্যলোকে কর্ম্মানুবন্ধীনি কর্ম্মানুলম্বীনি মূলানি অনুসন্ততানি নিরন্তরং বিস্তৃতানি ভবন্তি। কর্ম্মফলানাং যতস্ততো ভোগান্তে পুনর্ম্মনুষ্যজন্মমেব কর্ম্মসু প্রবৃত্তানি ভবন্তীত্যর্থঃ॥ ২॥

তাৎপর্য্য।—এই সংসাররূপ বিশাল বৃক্ষের সম্যক্ পরিজ্ঞানের নিমিত্ত শ্রীভগবান্ তদ্বিবরণ আরও স্পষ্টীকৃত করিতেছেন। এই বিশাল বৃক্ষের শাখাসমূহ অধোদেশ এবং উর্দ্ধদেশ পরিব্যাপ্ত করিয়া রহিয়াছে। আমাদিগের এই ভূলোক অধোলোক। ইহার উর্দ্ধে ভুব, স্ব, মহ, জন, তপ, ও সত্য, এই ছয় লোক প্রতিষ্ঠিত আছে। সংসাররূপ বৃক্ষ সকল লোকেই সমানাধিষ্ঠিত, এই জন্য ইহার শাখা প্রশাখা অধঃ ও উর্দ্ধ লোক সমূহে বিস্তৃত বলিয়া উল্লেখ করা হইল। ইহার মূল উর্দ্ধে সন্নিবিষ্ট, সত্যাদি লোক সমূহও উর্দ্ধে সংস্থিত, কিন্তু যে স্থানে সংসার পাদপের মুখ্য

মূল সংস্থিত; তাহার তুলনায় অন্যান্য লোক পরম্পরা অধস্তন, কিন্তু মনুষ্য লোকের সহিত বিচার করিলে অন্যান্য লোক ঊর্দ্ধাবস্থিত বুঝা যায়। অতএব পূর্ব্বশ্লোকোক্ত "ঊর্দ্ধমূলমধঃশাখং" এইবাক্যের সহিত "অধশ্চোর্দ্ধঞ্চ প্রসৃতাস্তস্য শাখা" এই বাক্যের কোন বিরোধ হইতেছে না। এই সংসার রূপ বৃক্ষ সত্ত্ব রজঃ এবং তমোগুণের দ্বারা বিবৃদ্ধ কলেবর। জলসেক এবং বিহিত পরিচর্য্যা দ্বারা বৃক্ষ পরিপুষ্ট ও বৃদ্ধি প্রাপ্ত হইয়া থাকে। সংসার বৃক্ষও গুণত্রয়ের দ্বারা বিহিত রস প্রাপ্ত হইয়া পরিপুষ্ট ও বৃদ্ধিপ্রাপ্ত হয়। পূর্ব্বে (১৪ শ অধ্যায় ৫ শ্লোক) বিশেষ রূপে প্রদর্শিত হইয়াছে যে, সত্ত্ব রজঃ ও তমঃ এই গুণত্রয় সংসার বন্ধনের হেতুভূত এবং এতদুভয়ের তারতম্যানুসারে জীবের বিবিধ সদসৎগতি প্রাপ্তি ঘটিয়া থাকে। সুতরাং এস্থলে সেই গুণত্রয়কেই সংসার বৃক্ষের পরিপোষক রস প্রদাতা রূপে উল্লেখ করা সুসঙ্গত হইয়াছে। আর ইহাও স্মরণ করা আবশ্যক যে, ত্রিগুণের সাম্যাবস্থার নাম প্রকৃতি। প্রলয় কালে গুণত্রয় সাম্যাবস্থা প্রাপ্ত হইয়া প্রকৃতিতে লীন থাকে। যখন পুনঃ সৃষ্টির আরম্ভ হয়, যখন পরম বীজস্বরূপ পূর্ণ পুরুষ হইতে পুনরায় সংসার বৃক্ষের সূচনা আরব্ধ হয়, তখন ঐশ্বরিক চিচ্ছক্তির সহিত প্রকৃতিগত বৈষম্যপ্রাপ্ত গুণের সম্মিলন হয়। গুণের সম্মিলনেই পুনরায় সংসার বৃক্ষ অভ্যুদিত হইয়া থাকে। অতএব গুণসমূহই সংসার বৃক্ষের পরিবর্দ্ধনের হেতুভূত। বৃক্ষ মাত্রেরই নবোদ্গত পল্লব মনোহর শোভা বিস্তার করিয়া থাকে, এবং ভবিষ্যৎ শাখার উৎপাদক স্বরূপে পরিদৃষ্ট হয়। বিষয় সমূহ এই সংসার রূপ মহাবৃক্ষের পল্লব স্বরূপ। বিষয় সমূহের ভোগবাসনা মনুষ্যকে কর্ম্মে প্রবৃত্ত ও নিবদ্ধ করে, এবং তদনুসরণ ক্রমেই মনুষ্য কর্ম্মফল রূপ জন্মজন্মান্তরে বদ্ধ হইয়া থাকে। ইন্দ্রিয়গ্রাম দ্বারা মনুষ্য বিষয় ভোগ করে, এবং বিষয় ভোগের কামনায় আচ্ছন্ন হয়। বিষয় সমূহ বিবিধ প্রলোভন জনক ও রমণীয় দর্শন। বৃক্ষের নবজাত কিশলয় সমূহও তদ্রূপ। তত্তাবতও নবীন শাখান্তরের উৎপাদক, বিবিধ নয়ন বিনোদন বর্ণ সমাবিষ্ট এবং একান্ত চিত্তাকর্ষক। এই বিশাল বৃক্ষ ঊর্দ্ধমূল অর্থাৎ ইহার মুখ্যমূল ঊর্দ্ধে প্রতিষ্ঠিত একথা পুনঃ পুনঃ কথিত হইয়াছে। কিন্তু তদ্ভিন্ন ইহার আরও অবান্তর মূল আছে। বাসনা হইতে বিবিধ ধর্ম্মাধর্ম্মের বন্ধন

ঘটিয়া থাকে। সেই ধর্ম্মাধর্ম্ম কারক ঘটনা সমূহও এই সংসার বৃক্ষের অন্তরালাবস্থিত মূলস্বরূপ। যে স্থলে মুখ্য মূল প্রতিষ্ঠিত থাকে, তাহা পরিদৃষ্ট হয় না, কিন্তু বৃক্ষের চতুর্দ্দিকে বিস্তৃত অনেক মূল বহির্দ্দেশ হইতেই দৃষ্টি গোচর হয়। সংসার বৃক্ষের এইরূপ অবান্তর মূল সমূহ অধো দেশাবস্থিত, অর্থাৎ বাহ্যতঃ পরিদৃশ্যমান। এই বাসনারূপ মূল সমূহই মনুষ্য লোকে কর্ম্ম বন্ধনের হেতুভূত। মনুষ্য লোকই কর্ম্ম সাধনের স্থান, ইহা চির প্রসিদ্ধ। বাসনা দ্বারাই মনুষ্য কর্ম্মাসক্ত হয়, এবং বন্ধনে আপতিত হয়! অতএব কর্ম্মবন্ধন বিধায়ক বাসনাজাত অনুষ্ঠান সমূহ সংসার বৃক্ষের বাহ্য মূলরূপে নির্দ্দিষ্ট হইয়াছে।

এই সংসার বৃক্ষের ঊর্দ্ধ শাখা গন্ধর্ব্ব কিন্নর দেবতাদি স্বরূপ এবং অধঃ শাখা মনুষ্য পশু তির্য্যগাদিরূপ। এই মনুষ্য লোকই কর্ম্ম ভূমি। এই লোকে বিহিত ধর্ম্মানুমোদিত কর্ম্মানুষ্ঠানাদি দ্বারা সংসার বৃক্ষের ঊর্দ্ধ শাখা প্রাপ্ত হওয়া যায়, এবং পাপাচরণাদি দ্বারা অধঃ শাখা প্রাপ্তি ঘটিয়া থাকে। যেমন ন্যগ্রোধাদি বৃক্ষের জটারূপ মূল সমূহ বাহ্য দেশেই পরিব্যাপ্ত থাকে, তদ্রূপ সংসার বৃক্ষের বাসনাদি রূপ মূল সমূহ সমন্তাৎ বিস্তীর্ণ আছে।

পূজ্যপাদ মধুসূদন সরস্বতী মহোদয় এস্থলে কপূয়চরণ ও রমণীয় চরণ (১২৫১ পৃষ্ঠার টীপ্পনী দ্রষ্টব্য) মনুষ্যের উল্লেখ করিয়াছেন। যাঁহারা মনুষ্য লোকে শ্রেয়স্কর কর্ম্ম সাধন তৎপর, তাঁহারা উৎকৃষ্টতর জন্মলাভ করিয়া থাকেন, এবং যাহারা নিন্দিত কর্ম্ম নিরত, তাহারা অধম জন্ম প্রাপ্ত হইয়া থাকে। এইরূপে এই সংসার বৃক্ষে রাগ দ্বেষাদির অধীন জীবগণ ভিন্ন ভিন্ন রূপ অবস্থা প্রাপ্ত হইতেছে। যতক্ষণ সম্যক্ দর্শন প্রভাবে সংসার বৃক্ষের অসারত্ব ও অস্থায়িত্ব হৃদ্গত না হইবে, যতক্ষণ প্রকৃষ্টরূপে সংসার বৃক্ষের তথ্য পরিজ্ঞাত হইয়া আপনাকে সার পদার্থের অন্বেষণে নিযুক্ত না করিবে, ততক্ষণ তাহাদিগকে এই বিশাল বৃক্ষের শাখা প্রশাখা রূপে কাল পাত করিতে হইবে।

মূলস্থিত "অধশ্চ মূলানি" এই বাক্য মধ্যস্থ চকার দ্বারা ঊর্দ্ধ সূচিত হইতেছে ॥ ২ ॥

——:(०):——

ন রূপমস্যেহ তথোপলভ্যতে
নান্তো ন চাদির্ন চ সংপ্রতিষ্ঠা।
অশ্বত্থমেনং সুবিরূঢ়মূল-
মসঙ্গশস্ত্রেণ দৃঢ়েন ছিত্ত্বা॥
ততঃ পদং তৎ পরিমার্গিতব্যং
যস্মিন্ গতা ন নিবর্ত্তন্তি ভূয়ঃ।
তমেব চাদ্যং পুরুষং প্রপদ্যে
যতঃ প্রবৃত্তিঃ প্রসৃতা পুরাণী॥ ৩।৪॥

অন্বয়।—ইহ (সংসারে) অস্য (সংসারাশ্বত্থস্য) রূপং (যাথার্থ্যং) ন উপলভ্যতে (জ্ঞায়তে) তথা অন্তঃ (অবসানং) ন, আদিঃ (আরম্ভঃ) ন, সম্প্রতিষ্ঠা (স্থিতিঃ) চ ন, এনং সুবিরূঢ়মূলং (দৃঢ়বদ্ধমূলং) অশ্বত্থং দৃঢ়েন (নিশিতেন) অসঙ্গশস্ত্রেন (বৈরাগ্যাস্ত্রেণ) ছিত্ত্বা (নিকৃন্ত্য) ততঃ (অনন্তরং) তৎ (বৈষ্ণবং) পদং পরিমার্গিতব্যং (অন্বেষ্টব্যং) যস্মিন্ (পদে) গতাঃ (প্রবিষ্টাঃ) ভূয়ঃ (পুনঃ) ন নিবর্ত্তন্তি (আবর্ত্তন্তে) যতঃ (যস্মাৎ) পুরাণী (চিরন্তনী) প্রবৃত্তিঃ (সংসারবৃক্ষপ্রবৃত্তিঃ) প্রসৃতা (বিস্তৃতা), তং এব আদ্যং (আদি-কারণং) পুরুষং চ প্রপদ্যে (শরণং ব্রজামি)॥ ৩।৪॥

প্রতিশব্দ।—এই-সংসারে এই-সংসার-বৃক্ষের রূপ উপলব্ধ-হয় না, সেইরূপ অন্ত নয়, স্থিতিও নয়, এই দৃঢ়-রূপে-প্রোথিত-মূল অশ্বত্থকে শাণিত বৈরাগ্যরূপ-শস্ত্র-দ্বারা ছেদন-করিয়া অনন্তর সেই-বৈষ্ণব পদ অন্বেষণ-করিবে, যে-স্থানে প্রবিষ্ট-হইলে পুনর্ব্বার আবর্ত্তন-হয় না; যাহা-হইতে অনাদি সংসার-বৃক্ষের-উৎপত্তি বিস্তৃত-হইয়াছে, সেইই আদ্য পুরুষকে শরণ-গমন-করি॥ ৩।৪॥

ব্যাখ্যা।—জগতে এই সংসার বৃক্ষের স্বরূপ উপলব্ধি করা যায় না, এবং ইহার আদি, অন্ত ও স্থিতি ও স্থির করিতে কেহ সমর্থ নহে।

পাঠান্তর।—প্রপদ্যেৎ। প্রপদ্য ইতি বা।

দৃঢ়রূপে প্রোথিত মূল এই সংসারাশ্বত্থকে সুশাণিত বৈরাগ্যরূপ অস্ত্রের দ্বারা ছেদন করিয়া তদনন্তর সেই বৈষ্ণব পদ লাভের উপায় অন্বেষণ করিবে। যে স্থানে গমন করিলে আর পুনরাবৃত্তি হয় না, যাঁহা হইতে এই অনাদি সংসার বৃক্ষের প্রবৃত্তি, সেই আদি কারণ স্বরূপ পুরুষোত্তমের শরণ গ্রহণ করিলাম, এইরূপ মনে করিয়া তাঁহাকে অন্বেষণ করিতে হয় ॥ ৩। ৪ ॥

শঙ্করাচার্য্য।—যস্ত্বয়ং বর্ণিতঃ সংসারবৃক্ষঃ ন রূপেতি। ন রূপমস্য ইহ যথা বর্ণিতং তথা নৈবোপলভ্যতে স্বপ্নমরীচ্যুদকমায়াগন্ধর্ব্বনগরসমত্বাৎ দৃষ্টনষ্টস্বরূপোহি স ইত্যত এবান্তোন পর্য্যন্তোনিষ্ঠা সমাপ্তির্ব্বা বিদ্যতে, তথা ন চাদিরিত আরভ্যায়ং প্রবৃত্ত ইতি ন কেনচিদ্গম্যতে, ন চ সম্প্রতিষ্ঠা স্থিতির্ম্মধ্যমস্য ন কেনচিদুপলভ্যতে, অশ্বত্থমেনং যথোক্তং সুবিরূঢ়মূলং সুষ্ঠু বিরূঢ়ানি বিরোহং গতানি মূলানি যস্য তমেনং সুবিরূঢ়মূলমসঙ্গশস্ত্রেণ অসঙ্গঃ অসঙ্গতা পুত্রবিত্ত-লোকৈষণাদিভ্যোব্যুত্থানং তেনাসঙ্গশস্ত্রেণ দৃঢ়েন পরমাত্মাভিমুখনিশ্চয়দৃঢ়ীকৃতেন পুনঃ পুনর্ব্বিবে-কাভ্যাসাশ্মনিশিতেন ছিত্ত্বা সংসারবৃক্ষং সবীজমুদ্ধৃত্য তত ইতি। ততঃ পশ্চাৎ যৎ পদং বৈষ্ণবং তৎ পরিমার্গিতব্যং পরিমার্গণমন্বেষণং জ্ঞাতব্যমিত্যর্থঃ। যস্মিন্ পদে গতাঃ প্রবিষ্টা ন নিবর্ত্তন্তি নাবর্ত্তন্তে ভূয়ঃ পুনঃ সংসারায়, কথং পরিমার্গিতব্যমিত্যাহ তমেব চ যঃ পদশব্দে-নোক্তঃ আদ্যমাদৌ ভবং আদ্যং পুরুষং প্রপদ্য ইত্যেবং পরিমার্গিতব্যং তচ্ছরণতয়েত্যর্থঃ। কোঽসৌ পুরুষ ইত্যুচ্যতে যতোযস্মাৎ পুরুষাৎ সংসারমায়াবৃক্ষ প্রবৃত্তিঃ প্রসৃতা নিঃসৃতৈন্দ্রজা-লিকাদিবৎ মায়া পুরাণী চিরন্তনী ॥ ৩। ৪ ॥

আনন্দগিরি।—পুনঃ পুনঃ রাগাদিনা প্রবৃত্তত্বেনানাদিত্বান্ন সংসারবৃক্ষঃ স্বয়মুচ্ছিদ্যতে ন চোচ্ছেত্তুং শক্যতে কেনাপীত্যাশঙ্ক্যাহ যস্ত্বিতি। যথাপূর্ব্বং বর্ণিতং যথাচ লোকে প্রসিদ্ধং তথাস্য রূপমিহ শাস্ত্রেঽনুমীয়তে তথা চাস্য জ্ঞানাপনোদ্যত্বং যুক্তমিত্যাহ যথেতি তস্যাপ্রমিতত্বে হেতুমাহ স্বপ্নেতি। তস্য স্বপ্নাদিসমত্বে দৃষ্টনষ্টস্বরূপত্বং হেতুং করোতি দৃষ্টেতি। ইত্যমেয়তেতি শেষঃ। তমেবামেয়ত্বং হেতুং কৃত্যাবসানমপি তস্য ন ভাতীত্যাহ অতএবেতি। জ্ঞানং বিনা ভ্রান্তিবাসনাকর্ম্মণামন্যোন্যনিমিত্তত্বান্নাবসানমস্তীত্যর্থঃ। ইদং প্রথমত্বমপি নাস্য পরিচ্ছেত্তুং শক্যমিত্যাহ তথেতি। আদ্যন্তবন্মধ্যমপি নাস্য প্রামাণিকমিত্যাহ মধ্যমিতি। সংসারবৃক্ষস্যা-শ্বত্থশব্দিতস্য ক্ষণভঙ্গুরস্য স্বয়মেবোচ্ছেদসম্ভবাত্তদুচ্ছেদার্থং ন প্রযতিতব্যমিত্যাশঙ্ক্যাহ অশ্বত্থমিতি। ব্যুত্থানং বৈরাগ্যপূর্ব্বকং পারিব্রাজ্যং। দৃঢ়ীকৃতত্বমেব বিবেকপূর্ব্বত্বেন স্ফুটয়তি পুনঃ পুনরিতি। উদ্ধৃত্য কিং কর্ত্তব্যং তদাহ ততইতি। পশ্চাদশ্বত্থাদূর্দ্ধং ব্যবস্থিতমিত্যর্থঃ। কিন্তৎ পদং যদন্বিষ্য জ্ঞাতব্যং তদাহ যস্মিন্নিতি। যেন সর্ব্বং পূর্ণং পুরিবু বা শয়ানং পুরুষং প্রপদ্যে শরণং গতোঽ-স্মীত্যর্থঃ বিবর্ত্তবাদানুরোধিনং দৃষ্টান্তমাহ ঐন্দ্রেতি ॥ ৩। ৪ ॥

রামানুজ।—ন রূপমিতি। অস্য বৃক্ষস্য চতুর্মুখাদিত্বেন উর্দ্ধমূলত্বং তৎসন্তানপরম্পরয়া মনুষ্যাগ্রত্বেনাধঃ শাখত্বং মনুষ্যত্বে কৃতৈঃ কর্ম্মভির্মূলভূতৈঃ পুনরপ্যধশ্চোর্দ্ধং চ প্রসৃতশাখত্বমিতি। যথেদং রূপং নির্দ্দিষ্টং তথা সংসারিভিরুপলভ্যতে মনুষ্যোঽহং দেবদত্তস্যপুত্রো যজ্ঞদত্তস্য পিতা তদনুরূপ পরিগ্রহশ্চ ইত্যেতাবন্মাত্রমুপলভ্যতে তথাস্য বৃক্ষস্যান্তো বিনাশোঽপি বৃক্ষগুণময়ভোগেষসংগকৃত ইতি নোপলভ্যতে তথাস্য গুণসঙ্গ এবাদিরিতি নোপলভ্যতে। তস্য প্রতিষ্ঠা চানাত্মান্যাত্মাভিমান ইতি নোপলভ্যতে। প্রতিতিষ্ঠত্যস্মিন্নিত্যাত্মজ্ঞানমেবাস্য প্রতিষ্ঠা অশ্বত্থমেনং সুবিরূঢ়মূলমসংগশস্ত্রেণ দৃঢ়েন ছিত্বা এনমুক্তপ্রকারং সুবিরূঢ়মূলং সুষ্ঠুবিবিধং রূঢ়মূলমশ্বত্থং সম্যক্জ্ঞানং মূলেন দৃঢ়েন গুণময়ভোগাসংগাখ্যেন শস্ত্রেণ ছিত্বা। ততো বিষয়াসঙ্গাদ্ধেতোস্তৎপদং পরিমার্গিতব্যং অন্বেষণীয়ং যস্মিন গতাভূয়ো ন নিবর্ত্তন্তে। কথমনাদিকাল প্রবৃত্তো গুণময়ভোগসঙ্গস্তন্মূলঞ্চ বিপরীতজ্ঞানং নিবর্ত্তত ইত্যত্রাহ তমিতি। অজ্ঞানাদিনিবৃত্তয়ে তমেব চাদ্যং কৃৎস্নস্যাদিভূতং "ময়াধ্যক্ষেণ প্রকৃতিঃ সূয়তে সচরাচরং। অহং সর্ব্বস্য প্রভবো মত্তঃ সর্ব্বং প্রবর্ত্ততে। মত্ত পরতরং নান্যং কিঞ্চিদস্তি ধনঞ্জয়ে" ত্যাদিষূক্তমাদ্যং পুরুষমেব শরণং প্রপদ্যেৎ যতঃ যস্মাৎ কৃৎস্নস্য স্রষ্টুরিয় গুণময় ভোগসঙ্গপ্রবৃত্তিঃ পুরাণীঃ পুরাতনী প্রসৃতা। উক্তং হি ময়ৈব পূর্ব্বমেতৎ "দৈবী হ্যেষা গুণময়ী মমমায়া দুরত্যয়া। মামেব যে প্রপদ্যন্তে মায়ামেতাং তরন্তি ত।"ইতি যে [প্রপদ্য যতঃ প্রবৃত্তিরিতি বা পাঠঃ] তমেব চাদ্যং পুরুষং প্রপদ্য শরণমুপগম্যেত্যর্থঃ। যতঃ অজ্ঞাননিবৃত্ত্যাদেঃ কৃৎস্নস্যৈতস্য সাধনভূতা পুরাণী প্রবৃত্তিঃ প্রসৃতা পুরাতনানাং মুমুক্ষূণাং প্রবৃত্তিঃ। পুরাণী পুরাতনা মুমুক্ষবো মাং শরণমুপগম্য নির্মুক্তবন্ধাঃ সঞ্জাতা ইত্যর্থঃ ॥ ৩। ৪ ॥

হনুমান্।—অস্য সংসারবৃক্ষস্য যথোপবর্ণিতস্য যথোক্তরূপং নোপলভ্যতে নান্তঃ বাবসানমুপলভ্যতে নচাদিঃ আদিরিদং প্রথমতয়া প্রবৃত্তিরস্য সংসারবৃক্ষস্য নোপলভ্যতে চ সঙ্গঃ স্থৈ মধ্যং মায়ামরীচ্যুদকগন্ধর্ব্বনগরদ্বিচন্দ্রাদি স্বরূপত্বাদশ্বত্থমেনং যথোক্তমূলং সুবিরূঢ়মূলমসঙ্গশস্ত্রেণ সঙ্গস্যাভাবঃ অসঙ্গঃ শস্ত্রমিব শস্ত্রস্তেন দৃঢ়েন পরমার্থনিশ্চয়দৃঢ়ীকৃতেন ছিত্বা সংসারবৃক্ষং সমূলমুচ্ছিদ্য। ততঃ যচ্চতৎপদং বৈষ্ণবং পরিমার্গিতব্যং অন্বেষ্টব্যং জ্ঞাতব্যমিত্যর্থঃ কথং পরিমার্গিতব্যং ইত্যাহঃ তমেব বিষ্ণুমাদ্যমাদৌ ভবং পুরুষং জগৎ পূর্ব্বকং প্রপদ্যে শরণং গচ্ছামি যতঃ যস্মাৎ সংসারমায়াবৃক্ষস্য প্রবৃত্তিরাবির্ভাবঃ; প্রসৃতাঃ নিসৃতাঃ পুরাণীনিত্যা ইতি ॥ ৩। ৪ ॥

শ্রীধর।—কিঞ্চ ন রূপমিতি। ইহ সংসারে স্থিতৈঃ প্রাণিভিরস্য সংসারবৃক্ষস্য তথা উর্দ্ধমূলত্বাদি প্রকারেণ রূপং নোপলভ্যতে, ন চান্তোঽবসানমপর্য্যন্তত্বাৎ, ন চাদিরনাদিত্বাৎ, ন চ সম্প্রতিষ্ঠা স্থিতিঃ কথং তিষ্ঠতীতি নোপলভ্যতে, যস্মাদেবম্ভূতোঽয়ং সংসারবৃক্ষোদুরবচ্ছেদোঽনর্থকরশ্চ, তস্মাদেনং দৃঢ়েন বৈরাগ্যেণ শস্ত্রেণ ছিত্বা তত্ত্বজ্ঞানে যতেতেত্যাহ অশ্বত্থমেনমিতি সার্দ্ধেন। এনমশ্বত্থং সুবিরূঢ়মূলমত্যন্তবদ্ধমূলং সন্তং অসঙ্গোঽহংমমতাত্যাগস্তেন শস্ত্রেণ দৃঢ়েন সম্যগ্বিচারেণ ছিত্বা পৃথক্কৃত্য তত ইতি। ততস্তস্য মূলভূতং তৎপদং বস্তু পরিমার্গিতব্যং অন্বেষ্টব্যং,

কীদৃশং যস্মিন্ গতা যৎপদং প্রাপ্তাঃ সন্তোভূয়োন নিবৃর্ত্তন্তি নাবর্ত্তন্ত ইত্যর্থঃ। অন্বেষণপ্রকার-মেবাহ তমেবেতি। যত এষা পুরাণী চিরন্তনী সংসার প্রবৃত্তিঃ প্রসৃতা বিসৃতা, তমেব চাদ্যং পুরুষং প্রপদ্যে শরণং ব্রজামি ইত্যেবমেকান্তভক্ত্যা অন্বেষ্টব্যমিত্যর্থঃ ॥ ৩। ৪ ॥

বলদেব।—ন রূপমিতি। অস্যাশ্বত্থস্য রূপমিহ মনুষ্যলোকে তথা নোপলভ্যতে যথোর্দ্ধমূলত্বাদিধর্ম্মকতয়া ময়োপবর্ণিতম্। ন চাস্যান্তো নাশ উপলভ্যতে। কথময়মনর্থব্রাত-জটিলো বিনশ্যেদিতি ন জ্ঞায়তে। ন চাস্যাদিকারণমুপলভ্যতে কুতোঽয়মীদৃশো জাতোঽস্তীতি। ন চাস্য সংপ্রতিষ্ঠা সমাশ্রয়োঽপ্যুপলভ্যতে কিং সমাশ্রিত্যাঽয়ং সংতিষ্ঠতি ইতি। কিন্তু মনুষ্যো-ঽহং পুত্রো যজ্ঞদত্তস্য পিতা চ দেবদত্তস্য তদনুরূপকর্ম্মকারী সুখী দুঃখী চাস্মিন্ দেশেঽস্মিন্ গ্রামে নিবসামি ইত্যেতাবদেব বিজ্ঞায়ত ইত্যর্থঃ। যস্মাদেবং দুর্ব্বোধোঽনর্থব্রতে হেতুশ্চায়মশ্বত্থস্তস্মাৎ সৎপ্রসঙ্গলব্ধবস্তুযাথাত্ম্যজ্ঞানেনৈনং অসঙ্গশস্ত্রেণ বৈরাগ্যকুঠারেণ দৃঢ়েন বিবেকাভ্যাসনিশিতে, ছিত্বা স্বতঃ পৃথক্‌কৃত্য তৎপদং পরিমার্গিতব্যমিতি পরেণান্বয়ঃ। সঙ্গো বিষয়াভিলাষস্তদ্বিরোধ্যসঙ্গো বৈরাগ্যং তদেব শস্ত্রং তদভিলাষনাশকত্বাৎ সুবিরূঢ়মলং পূর্ব্বোক্তরীত্যাত্যন্তং বদ্ধমূলম্ ততঃ সংসারাশ্বত্থমূলাদুপরিস্থিতং তৎপদং পরিমার্গিতব্যম্। সংপ্রসঙ্গলব্ধৈঃ শ্রবণাদিভিঃ সাধনৈরন্বেষ্টব্যং। তৎপদং কীদৃশং তত্রাহ যস্মিন্নিতি। যস্মিন্ গতাস্তৈঃ সাধনৈর্যৎ প্রাপ্তা জনাস্ততো ন নিবর্ত্তন্তে স্বর্গাদিব ন পতন্তি। মার্গণবিধিরাহ তমেবেতি। যতঃ পুরাণী চিরন্তনীয়ং জগৎপ্রবৃত্তিঃ প্রসৃতা বিসৃতা তমেব চাদ্যং সর্ব্বকারণং পুরুষং প্রপদ্যে শরণং ব্রজামি ইতি প্রপত্তিপূর্ব্বকৈঃ শ্রবণাদিভিস্তন্মার্গণমুক্তম্। যো জগদ্ধেতুর্যৎপ্রপত্ত্যা সংসারনিবৃত্তিঃ স খলু কৃষ্ণ এব অহং সর্ব্বস্য প্রভব ইত্যাদেঃ। দৈবী হ্যেষা গুণময়ীত্যাদেশ্চ তদুক্তেঃ। ন তত্ত্বাসয়ত ইত্যাদিনা ব্যক্তীভাবিত্বাচ্চ ॥ ৩। ৪ ॥

মধুসূদন।—যস্ত্বয়ং সংসারবৃক্ষোবর্ণিতঃ, ইহ সংসারে স্থিতৈঃ প্রাণিভিরস্য সংসারস্য তত্ত্বজ্ঞা-যথা বর্ণিতমূর্দ্ধমূলত্বাদি তথা তেন প্রকারেণ রূপং নোপলভ্যতে স্বপ্নমরীচ্যুদকমায়া-বন্ধ্যাস্তেন দৃষ্টনষ্টস্বরূপত্বং তস্য, অতএব তস্যান্তোঽবসানং নোপলভ্যতে এতাবতা কালেন সমাপ্তিং গমিষ্যতীতি অপর্য্যন্তত্বাৎ, ন চাস্যাদিরুপলভ্যতে ইত আরভ্য প্রবৃত্ত ইতি অনাদিত্বাৎ, ন চ সম্প্রতিষ্ঠা স্থিতির্ম্মধ্যমস্যোপলভ্যতে আদ্যন্তপ্রতিযোগিকত্বাত্তস্য, যস্মাদেবম্ভূতোঽয়ং সংসার-বৃক্ষোঽত্রুচ্ছেদঃ সর্ব্বানর্থকরশ্চ, তস্মাৎ অনাদ্যজ্ঞানেন সুবিরূঢ়মূলমত্যন্তবদ্ধমূলং প্রাগুক্তমশ্বত্থ-মেনং অসঙ্গশস্ত্রেণ সঙ্গঃ স্পৃহা অসঙ্গঃ সঙ্গবিরোধি বৈরাগ্যং পুত্রবিত্তলোকৈষণাত্যাগরূপং তদেবং শস্ত্রং রাগদ্বেষময়সংসারবিরোধিত্বাৎ তেনাসঙ্গশস্ত্রেণ দৃঢ়েন পরমাত্মজ্ঞানোৎসুক্যাদ্দৃঢ়ীকৃতেন পুনঃ পুনর্ব্বিবেকাভ্যাসনিশিতেন ছিত্বা সমূলমুদ্ধৃত্য বৈরাগ্যশমদমাদিসম্পত্ত্যা সর্ব্বকর্ম্মসংন্যাসং কৃত্বেত্যেতৎ। ততোগুরুমুপসৃত্য ততোঽশ্বত্থাদূর্দ্ধং ব্যবস্থিতং তদ্বৈষ্ণবং পদং বেদান্তবাক্য-বিচারেণ পরিমার্গিতব্যং মার্গয়িতব্যমন্বেষ্টব্যং "সোঽন্বেষ্টব্যঃ স বিজিজ্ঞাসিতব্যঃ ইতি" শ্রুতেঃ। তৎপদং শ্রবণাদিনা জ্ঞাতব্যমিত্যর্থঃ। কিং তৎপদং যস্মিন্ পদে গতাঃ প্রবিষ্টা জ্ঞানেন ন নিবর্ত্তন্তি নাবর্ত্তন্তে ভূয়ঃ পুনঃ সংসারায়। কথং তৎ পরিমার্গিতব্যমিত্যাহ যঃ পদশব্দেনোক্ত-

স্তমেব চাদ্যমাদৌ ভবং পুরুষং যেনেদং সর্ব্বং তং পুরিষু পুর্ব্বা শয়ানং প্রপদ্যে শরণং গতোঽস্মী-ত্যেবং তদেকশরণতয়া তদন্বেষ্টব্যমিত্যর্থঃ। তং কিং পুরুষং যতোযস্মাৎ পুরুষাৎ প্রবৃত্তিঃ মায়াময়ঃ সংসারবৃক্ষপ্রবৃত্তিঃ চিরন্তন্যনাদিরেষা প্রসৃতা নিঃসৃতৈন্দ্রজালিকাদিব মায়াহস্ত্যাদি তং পুরুষং প্রপদ্য ইত্যন্বয়ঃ॥ ৩। ৪॥

নীলকণ্ঠ।—নন্বশ্বোঽপি স্থাতুমনর্হশ্চাব্যয়শ্চেত্যুক্তে প্রতিক্ষণবিনাশিবিজ্ঞানসন্তানরূপোবা ব্রীহ্যাদিবৎপ্রবাহনিত্যোবায়ং সংসারস্তর্হি দুরুচ্ছেদস্তোবাসনানাং কর্ম্মণাঞ্চ বীজাঙ্কুরবদন্যোন্য জন্মহেতুত্বস্যাবর্জ্জনীয়ত্বাদিত্যাশঙ্ক্য সত্ত্বাসত্ত্বাভ্যামনির্ব্বচনীয়োঽয়মিত্যেতং পক্ষমাশ্রিত্য পরিহরতি নরূপমিতি। রজ্জুরগস্যেবাস্য সম্যগদৃশা বীক্ষ্যমাণং সৎ নোপলভ্যতে ইহ জীবত্যেব দেহে যথা পূর্ব্বমজ্ঞানদশায়াং তথা নোপলভ্যতে জ্ঞানদশায়াং তেনাস্য মৃষাত্বমনুভবৈকবেদ্যমিত্যুক্তম্, এতেন অনুপলভ্যরূপত্ববচনেন স্বপ্রকাশানাং বিজ্ঞানানাং বীজাদীনাং চ সাদৃশ্যস্য ব্যাবৃত্তিঃ, তর্হি শশবিষাণবৎ তুচ্ছ এবায়ং স্যাদিত্যত আহ নান্তোনচাদিরিতি, উপাদানস্য মূলাজ্ঞানস্যাপ্যন্তশূন্যত্বা-দয়মপি আদ্যন্তশূন্য ইত্যর্থঃ, তর্হি আত্মবদপরিহার্য্যঃ স্যাদিত্যশঙ্ক্যাহ নচ সম্প্রতিষ্ঠা অস্য প্রতিষ্ঠাখ্যং লয়স্থানং বৃক্ষস্য ভূমিরিব নাস্তি নচায়ং ব্রহ্মণোবিকারো যেন তত্রৈব লীয়েত, নচেষ্টাপত্তিঃ ব্রহ্মণঃ কৌটস্থ্যভঙ্গাপত্তেঃ, কিং তর্হি তুচ্ছমজ্ঞানমস্যোপাদানং তস্মিংশ্চ জ্ঞানেন বিনষ্টে সমূলস্যাস্যোচ্ছেদো ভবতি অজ্ঞানস্য চ তুচ্ছত্বং তুচ্ছেনাভ্যপিহিতং যদাসীদিতি শ্রুত্যা তৎকার্য্যস্য রজ্জুরগাদেঃ প্রলয়ে তদনুপলভ্যস্যানুভবেন চ সিদ্ধম্, তস্মাদস্য সম্প্রতিষ্ঠানোপলভ্যত ইতি যুক্তমেবোক্তম্, তমিমমশ্বত্থং বাসনানাং দার্ঢ্যাৎ সুবিরূঢ়মূলঃ দৃঢ়তরমূলমপি অসঙ্গশস্ত্রেণ সঙ্গোদেহাদিতাদাত্ম্যবুদ্ধিস্তদ্বর্জ্জনমসঙ্গঃ তেন দৃঢ়েন পরিপাকেন ছিত্ত্বা ততঃ পদং তৎপরিমার্গিতব্যমিত্যুত্তরেণান্বয়ঃ যদ্যপি স্থূলসূক্ষ্ময়োঃ সংসারয়োরসঙ্গঃ সুষুপ্তৌ স্বয়মেব জায়তে তেন তন্মূলবাসনাভিরপ্যাত্মনোঽসঙ্গোঽনুমীয়তে যদ্যপি [illegible]নামূলস্যাজ্ঞানেনানুচ্ছেদাৎ নাসঙ্গদৃঢ়া ভবতি তস্মান্নির্ব্বিকল্পসমাধ্যভ্যাসেন কারণশরীরস্যা-[illegible]সঙ্গঃ তেন চাসঙ্গশস্ত্রেণাস্যচ্ছেদোমূলোচ্ছেদঃ লবণোদকবৎ রজ্জুবগবদ্বা প্রবিলাপনরূপ কর্ত্তব্যঃ,নতু সাংখ্যানামিব নামরূপেণ সতঃ পরিবর্জ্জনমাত্রম্। তমিমমশ্বত্থং ছিত্ত্বা কিং কর্ত্তব্যমিত্যাহ তত ইতি। নকেবলং নির্ব্বিকল্পসমাধিনাতদসঙ্গমাত্রেণ কৃতার্থতা, কিং তর্হি ততোঽসঙ্গানন্তরং তৎ শ্রুতিপ্রসিদ্ধং পদং পদনীয়ং ব্রহ্ম পরিমার্গিতব্যং শ্রুতিযুক্তিবলেনাহমেব ব্রহ্মাস্মীতি জ্ঞাতব্যম্, যস্মিন্ পদে নির্ব্বিকল্পে গতাঃ প্রাপ্তাঃ সন্তোননিবর্ত্তন্তি ন পুনর্নিবর্ত্তন্তে তমেব প্রত্যগানন্দমাদ্যং পুরুষং পুরি শরীরে শয়ানমপি প্রপদ্যে শরণং গতোঽস্মীতি ভাবয়েৎ, ভাগবত এব বা ইদং বচনং লোকশিক্ষার্থং বক্তি এব চ কর্ম্মণ্যতিবৎ, কোঽসৌ পুরুষঃ যতঃ পুরাণী আদ্যা প্রবৃত্তিঃ, "সোঽকাময়ত বহুস্যাং প্রজায়েয়েতি" ইত্যেবং রূপা প্রসৃতা অস্মাস্বপি ইদানীং কাময়ামহে ধনাদিনা বয়ং ভূয়াসঃ স্যাম প্রজায়েমহীতি চেৎ, প্রবৃত্তির্দ্দর্শিতা তৎপ্রণামেনৈব সা নিবর্ত্তিষ্যত ইত্যর্থঃ॥ ৩। ৪॥

বিশ্বনাথ।—কিঞ্চেহ মনুষ্যলোকেঽস্যরূপং স্বরূপং তথা সনিশ্চয়ং নোপলভ্যতে সত্যোঽয়ং মিথ্যা [illegible] নিত্যোঽয়ং ইতি বাদিমত বৈবিধ্যাদিতি ভাবঃ। নচান্তোঽবসানঃ অপর্য্যন্তত্বাৎ

নচাদিরনাদিত্বাৎ ন চ সংপ্রতিষ্ঠা আশ্রয়ঃ কিমাধারঃ কোঽয়মিত্যপি নোপলভ্যতে তত্ত্বজ্ঞানাভাবাদিতি ভাবঃ। যথা তথায়ং ভবতু জীবমাত্রদুঃখৈকনিদানস্যাস্যচ্ছেদকং শস্ত্রং অসঙ্গঃ জ্ঞাত্বা তেনৈনং ছিত্বা এক অস্যামূলস্থো মহানিধিরন্বেষ্টব্য ইত্যাহ অশ্বত্থমিতি। সঙ্গোঽত্র অন্তাসক্তিঃ সর্ব্বত্রবৈরাগ্যমিতি যাবৎ তেন শস্ত্রেণ কুঠারেণ ছিত্বা এব স্বতঃ পৃথক্কৃত্য ততস্তস্য মূলভূতং তৎপদং বস্তু মহানিধিরূপং ব্রহ্ম পরিমার্গিতব্যমন্বেষ্টব্যং কীদৃশং তদত আহ। যস্মিন্ গতাঃ যৎপদং প্রাপ্তাঃ সন্তোভূয়ো ন নিবর্ত্তন্তে নচাবর্ত্তন্তে ইত্যর্থঃ। অন্বেষণপ্রকারমাহ যত এষা পুরাণী চিরন্তনী সংসার প্রবৃত্তিঃ প্রসৃতা বিস্তৃতা তমেবাদ্যং পুরুষং প্রপদ্যে ভজামীতি ভক্ত্যা অন্বেষ্টব্যমিত্যর্থঃ ॥ ৩। ৪ ॥

তাৎপর্য্য।—পূর্ব্ব শ্লোকদ্বয়ে যে সংসারাশ্বত্থ বৃক্ষের উল্লেখ করা হইয়াছে বস্তুতঃ তাহা রূপকমাত্র। এই সংসার বৃক্ষের তত্ত্ব হৃদয়ে ধারণা করিতে হয়। সম্যক্ জ্ঞানোদয় হইলে, প্রকৃত দর্শন শক্তি সঞ্জাত হইলে উপলব্ধ হইয়া থাকে যে, এই সংসার রূপ বৃক্ষ নভোমণ্ডলে গন্ধর্ব্ব নগরাবির্ভাব দর্শনের ন্যায়, উত্তপ্ত বালুকাপূর্ণ মরুভূমি মধ্যে সলিলপূর্ণ জলাশয় দর্শনের ন্যায়, স্বপ্নকালে কল্পনাতীত সুখৈশ্বর্য্য প্রাপ্তির ন্যায়, নিরবচ্ছিন্ন মায়াময় ও অলীক। পূর্ব্বে ঊর্দ্ধমূল অধঃশাখা প্রভৃতি সংসার বৃক্ষের যে বর্ণনা নিবদ্ধ হইয়াছে, ইহা সেরূপে পরিদৃষ্ট হয় না। ইহার অন্ত অর্থাৎ অবসান স্থান নির্ণয় করিতে কাহারও সাধ্য নাই। কারণ ইহা সীমাশূন্য ও অনন্ত রূপ সুতরাং ইহার পর্য্যবসান অবধারণ করা অসম্ভব। তদ্রূপ ইহার আদি নির্ণয় করিতেও মনুষ্য অক্ষম। যে পরম বীজ হইতে এই মহান্ বৃক্ষ অঙ্কুরিত হইয়াছে এবং ক্রমশঃ কাণ্ড প্রকাণ্ড শাখা প্রশাখা পল্লব পত্রাদিতে পরিপুষ্ট হইয়া লোক সমূহ অধিকার করিয়াছে। সেই বীজের তত্ত্ব পরিজ্ঞাত হওয়া কাহারও পক্ষেই সহজ সাধ্য নহে। ইহার আদি অন্ত অবধারণ যেরূপ অসম্ভব, স্থিতিকাল নির্ণয় করাও তদ্রূপ দুরূহ ব্যাপার। কিরূপে কি ভাবে কেনই বা এই বিশালবৃক্ষ অবস্থিত রহিয়াছে, তাহা নির্ণয় করিতে কাহারও সাধ্য নাই। এই সংসার রূপ অশ্বত্থ অতি স্থির নিশ্চল ও দৃঢ়মূল। অর্থাৎ যে স্থানে ইহার মূল প্রতিষ্ঠিত আছে, সেই মহৎ তত্ত্ব যথেচ্ছভাবে বিচলিত বা রূপান্তরিত হইবার সম্ভাবনা নাই; সুতরাং এই সংসারাশ্বত্থের ঝটিকাবর্ত্তে বা বাহ্য কোন কারণে শিথিল মূল হইয়া স্থানচ্যুত বা নিপতিত হইবার কোনই সম্ভাবনা নাই। এইরূপ দুর্জ্ঞেয়

তত্ত্ব সংসারাশ্বত্থ ছেদন করিয়া জ্ঞানোন্নতির অভিমুখে ধাবিত হওয়া আবশ্যক। যে বৃক্ষ মনুষ্যকে বদ্ধ করিয়া রাখিয়াছে, অথচ যাহা বস্তুতঃ অসত্য, তাহাকে কর্ত্তন করিয়া আত্মোন্নতির পথ অন্বেষণ করা বিধেয়। অধুনা তাহারই উপায় প্রদর্শিত হইতেছে। সুদৃঢ় বৈরাগ্যরূপ কুঠারাঘাতে ইহা ছেদন করা আবশ্যক। স্ত্রী পুত্র, বিষয়ৈশ্বর্য্য এবং কামনার যাবতীয় বিষয় একান্ত অসার ও নশ্বর। এইরূপ বিশ্বাসের বশবর্ত্তী হইয়া একান্ত ভাবে তত্তদ্বিষয়ে আসক্তি শূন্য হইবে। ঐকান্তিকী অনাসক্তি সংসার বৃক্ষের পক্ষে তীক্ষ্ণধার কুঠার স্বরূপ। বৃক্ষ যেরূপ কঠিন, ছেদন-অস্ত্রও তদনুরূপ তীক্ষ্ণধার আবশ্যক। অবিচলিত অসঙ্গই এই সংসার বৃক্ষ ছেদনোপযোগী সুশাণিত অস্ত্র স্বরূপ। এইরূপ অস্ত্র দ্বারা সংসার বৃক্ষ ছেদন করার পর পরম পদের অন্বেষণ করিতে হইবে। যে স্থানে গমন করিলে মনুষ্যের আর পুনরাবর্ত্তন ঘটে না, যে স্থানে উপস্থিত হইতে পারিলে জন্মমৃত্যুর বন্ধন ছেদন করিয়া মনুষ্য পরমানন্দের অধিকারী হন, যে স্থানে উপস্থিত হইলে মানবকে কর্ম্ম বন্ধনের আর অধীন হইতে হয় না, এবং সুখ সৌভাগ্যের ইয়ত্তা থাকে না, সেই পরম স্থান প্রাপ্তির পথ মনুষ্যকে অন্বেষণ করিয়া লইতে হইবে। বৈরাগ্যবলে সংসারের অসারত্ব উপলব্ধি করিয়া মানবকে পরমানন্দ পূর্ণ পরম স্থান গমনের উপায় অবধারণ করিতে হইবে। এই সংসার বৃক্ষে আসক্ত হইয়া শুভাশুভ যত কর্ম্মই কেন সম্পাদন করি না, কেবল শাখা হইতে শাখান্তর প্রাপ্তি ব্যতীত অন্য কোন পরিণামের আশা নাই। চিরদিনই নিরুদ্ধনেত্র বলীবর্দ্দের ন্যায় সংসার চক্রে ঘূর্ণ্যমান হইয়াই অনন্ত কাল অতিবাহিত করিতে হয়। যে পথে গমন করিলে এই নিদারুণ দুর্দ্দশার অপনোদন হইবে, তাহারই উপায় অন্বেষণ করা আবশ্যক। কি ভাবে সেই উপায় অবলম্বন করিতে হইবে, তাহাই এক্ষণে প্রদর্শিত হইতেছে। বুঝিতে হইবে যে, সেই অনুকম্পাময় শ্রীহরির করুণা ব্যতীত নিস্তারের আর উপায় নাই, বুঝিতে হইবে যে, তাঁহারই শরণাগত না হইলে এই দারুণ দুর্গতি নিবারণের আর পথ নাই। তখন ভক্তি বিগলিত হৃদয়ে দীন ভাবে সেই সর্ব্বেশ্বর জগন্নাথের শ্রীচরণের উদ্দেশে নিবেদন করিতে হইবে যে, 'হে আদ্য! হে বিশ্বনাথ! আমি অনন্যোপায়, তোমার করুণা ভিন্ন আমার উদ্ধারের কোনই আশা নাই,

আমি একান্ত ভাবে তোমার শরণাগত হইতেছি, এবং তোমার শ্রীচরণকে আশ্রয় করিতেছি। হে আদিপুরুষ! এই সনাতনী সৃষ্টি, এই অনন্তকাল ব্যাপী সংসারবৃক্ষ তোমা হইতেই উদ্ভূত হইয়াছে, এবং তোমারই ব্যবস্থায় বিস্তৃত থাকিয়া নির্দ্দিষ্ট কার্য্যসাধনে নিযুক্ত। এই বিশ্ব ব্যাপার তোমা হইতেই নিঃসৃত ও উদ্ভূত হইয়াছে।'

সংসাররূপ বন্ধন বিচ্ছিন্ন করিবার, মোহনির্ম্মুক্ত হইয়া সত্যপথে পথিক হইবার ভগবদনুগ্রহ ব্যতীত আর কোনই সহায় নাই। ভক্তি সহকারে ভগবৎকৃপা লাভ করিবার প্রযত্ন না করিলে এই দুশ্ছেদ্য বন্ধন মুক্তি অসম্ভব। এই জন্যই এ স্থলে ইহাই প্রদর্শিত হইল যে, বিহিতরূপে যথাযথ ভাবে সংসার তত্ত্ব প্রণিধান করিয়া, বৈরাগ্যবলে মোহপাশ বিচ্ছিন্ন করিয়া শ্রীভগবানের শরণাগত হওয়াই একমাত্র ব্যবস্থা। যদি ভাগ্য বলে ভক্তি বলে সাধনা বলে করুণাময়ের প্রসন্নতা লাভ করিতে পারা যায়, তবেই মোক্ষরূপ পরম পদ লব্ধ হইতে পারে, নতুবা উপায়ান্তর নাই। পূর্ব্বে এই গ্রন্থে শ্রীভগবান্ বলিয়াছেন, "অহং সর্ব্বস্য প্রভবঃ" (১০ম অধ্যায় ৮ শ্লোক) "দৈবীহ্যেষা গুণময়ী মম মায়া" (৭ম অধ্যায় ১৪ শ্লোক)। পরেও বলিবেন, "ন তদ্ভাসয়তে সূর্য্যো" (১৫ শ অধ্যায় ৬ শ্লোক) ইত্যাদি। এই সকল বাক্যের তাৎপর্য্য হৃদয়ঙ্গম করিলে ইহাই উপলব্ধি হইবে যে, এ সংসারে সকলই অসার, কেবল সেই ভগবানই সার এবং তাঁহা হইতেই সমস্ত উদ্ভূত, সুতরাং তাঁহার আশ্রয় গ্রহণ একমাত্র কর্ত্তব্য।

পূজ্যপাদ শ্রীমন্মধুসূদন সরস্বতী মহোদয় বলিয়াছেন, এই সৃষ্টি ব্যাপার ইন্দ্রজালবৎ *। ঐন্দ্রিজালিক যেমন স্বকীয় কৌশলবলে মায়াহস্তী প্রভৃতি প্রদর্শন করে, তদ্রূপ পরমেশ্বর স্বকীয় অচিন্তনীয় শক্তি প্রভাবে এই বিশ্ব ব্যাপারের সংঘটন করিয়াছেন ॥ ৩। ৪ ॥

* ইন্দ্রজাল ভোজবিদ্যা বা ভোজবাজী নামে সাধারণতঃ পরিচিত। ইহা কোন আধুনিক বিদ্যা বা কৌশল নহে। দেবাদিদেব শঙ্কর পার্ব্বতীকে এই বিদ্যার উপদেশ প্রদান করিয়াছিলেন। এ সম্বন্ধে নানা প্রকার তন্ত্রশাস্ত্র বিদ্যমান আছে। ভগবান্ পরম যোগী দত্তাত্রেয়কে এই বিদ্যার উপদেশ প্রদান করিয়াছিলেন। নানাবিধ দ্রব্যগুণ সাহায্যে ও মন্ত্রবলে ইন্দ্রজাল বিদ্যায় সিদ্ধি লাভ হইত। সমস্ত ঐন্দ্রজালিক রহস্যের আলোচনা করিতে হইলে এক প্রকাণ্ড গ্রন্থের প্রয়োজন হয়। দত্তাত্রেয়কে ঈশ্বর এ সম্বন্ধে যে কথা বলিয়াছিলেন, কেবলমাত্র তাহাই এ স্থলে উদ্ধৃত হইতেছে। এই বিদ্যায় সিদ্ধিলাভ করিলে মানব অসাধ্য

নির্ম্মানমোহা জিতসঙ্গদোষা
অধ্যাত্মনিত্যা বিনিবৃত্তকামাঃ।
দ্বন্দ্বৈর্ব্বিমুক্তাঃ সুখদুঃখসংজ্ঞৈ-
র্গচ্ছন্ত্যমূঢ়াঃ পদমব্যয়ং তৎ ॥ ৫ ॥

অন্বয়।—নির্ম্মানমোহাঃ। (মানমোহশূন্যাঃ) জিতসঙ্গদো (ত্যক্তসর্ব্বসঙ্গাঃ) অধ্যাত্মনিত্যাঃ (আত্মজ্ঞাননিরতাঃ) বিনিবৃত্তকা (নিবৃত্তবিষয়কামনাঃ) সুখদুঃখসংজ্ঞৈঃ (সুখদুঃখাভিধৈঃ) দ্বন্দ্বৈ (শীতোষ্ণাদিভিঃ) বিমুক্তাঃ (পরিত্যক্তাঃ) অমূঢ়াঃ (বিবেকিন তৎ অব্যয়ং পদং গচ্ছন্তি ॥ ৫ ॥

প্রতিশব্দ।—মান-মোহ-শূন্য সঙ্গদোষ-রহিত আত্ম-জ্ঞান-নি বিষয়-কামনা-বর্জ্জিত সুখ-দুখ-নামক শীতোষ্ণাদির-দ্বারা পরিত্য বিবেকিগণ সেই অব্যয় পদকে গমন-করেন ॥ ৫ ॥

ব্যাখ্যা।—মানমোহশূন্য সঙ্গদোষহীন আত্মজ্ঞানে তৎপর বি কামনা শূন্য এবং সুখ দুঃখাভিধেয় শীতোষ্ণাদি সহনক্ষম বিবেকশা পুরুষগণ সেই অব্যয় পুরুষকে প্রাপ্ত হইয়া থাকেন ॥ ৫ ॥

সাধনে সক্ষম হয়, এবং অনেক অলৌকিক ব্যাপার সম্পাদনে স্বকীয় উন্নতি এবং পরকীয় উপকার বা অপ সংসাধন করিতে পারেন।

"উলূকস্য কপালেন ঘৃতনাহতকজ্জলং। তেন নেত্রাঞ্জনং কৃত্বা রাত্রৌ পঠতি পুস্তকং॥ অঙ্কোল নিক্ষিপ্তে গুরুবারে মুখে গজে। মন্ত্রেণ সিক্তমেভিস্তাং যাবদ্বীজফলং হবে। ত্রিলোহ বেষ্টিতং কৃত্বা একং মুখেস্থিতং। মত্তমাতঙ্গবীর্য্যাস্ত বায়ুতুল্য পরাক্রমঃ। দশহেম দ্বিরট্ তাম্রং ষোড়শং রূপ্যভাগকং। সংখ্যা ত্রিলোহী চ জ্ঞাতব্যা সর্ব্বকর্ম্মাণ॥ যানিকানি চ বীজানি জগমং স্থলমেব চ। অঙ্কোলবীজ নিখি মুখে ভূমিতলে ধ্রুবং। তদ্বীজং মুখ মধ্যস্থং ত্রিলোহৈ বেষ্টিতং কুরু। তদ্রূপো হি ভবেন্ন স্ত্রী। নাম শব্দরোধিতং॥ যানি কানি চ বীজানি অঙ্কোলতৈলমেলনাৎ। সফলো জায়তে বৃক্ষঃ সিদ্ধিযোগমুদাহৃত পদ্মমুখে বিন্দুমাত্রং তত্তৈলং নিঃক্ষিপেদ্ যদি। একযামং ভবেজ্জীবো নানাথা শব্দরোধিতং। শিগ্রুবীজা তৈলং পারাবাত পুরীষকং। বরাহস্য বসাযুক্তং গৃহীত্বা চ সমং সমং। পর্দ্দভস্য বসাযুক্তং হরিতালং মনঃশিল এভিস্তু তিলকং কৃত্বা যথা লঙ্কেশ্বরো নৃপঃ॥ উলূবিষ্ঠাং গৃহীত্বা তু এরণ্ডতৈলপেষণাৎ। যস্যাঙ্গে নিক্ষিপে বিন্দুং সক্ষিপ্তো জায়তে ধ্রুবং॥ সর্পদন্তং গৃহীত্বাতু কৃষ্ণবৃশ্চিককণ্টকং। কৃকলাসস্য সংযুক্তং সূক্ষ্ম চূ

পাঠান্তর।—সুখদুঃখসঙ্গৈঃ।

শঙ্করাচার্য্য।—কথম্ভূতাস্তৎ পদং গচ্ছন্তীত্যুচ্যতে নির্ম্মানেতি। নির্ম্মানমোহা মানশ্চ মোহশ্চ মানমোহৌ তৌ নির্গতৌ যেভ্যস্তে নির্ম্মানমোহাঃ মানমোহবর্জ্জিতাঃ জিতসঙ্গদোষাঃ সঙ্গএব দোষঃ সঙ্গদোষঃ জিতঃ সঙ্গদোষো যৈস্তে জিতসঙ্গদোষা অধ্যাত্মনিত্যাঃ পরমাত্মস্বরূপালোচনে নিত্যাস্তৎপরা বিনিবৃত্তকামাঃ বিশেষতোনির্লেপেন নিবৃত্তাঃ কামা যেষাং তে বিনিবৃত্তকামা যতয়ঃ সন্ন্যাসিনোদ্বন্দ্বৈঃ প্রিয়াপ্রিয়াদিভির্ব্বিমুক্তাঃ সুখদুঃখসংজ্ঞৈঃ পরিত্যক্তা গচ্ছন্ত্যমূঢ়া মোহবর্জ্জিতাঃ পদমব্যয়ং তদ্যথোক্তং ॥ ৫ ॥

আনন্দগিরি।—পরিমার্গণপূর্ব্বকং বৈষ্ণবং পদং গচ্ছতাং সংজ্ঞান্তরাণ্যাকাঙ্ক্ষাপূর্ব্বকং কথয়তি কথমিত্যাদিনা। মানোঽহঙ্কারঃ মোহস্ত্ববিবেকঃ জিতসঙ্গদোষাঃ শত্রুমিত্রসন্নিধাবপি

কারয়েৎ। যস্যাঙ্গে নিক্ষিপেৎ চূর্ণং সদো। যাতি যমালয়ং ॥ সিন্দুরং গন্ধকং তালম্ সমং পিষ্ট্বা মনঃশিলাং ॥ তল্লিপ্তবস্ত্রং শিরসি অগ্নিবৎদৃশ্যতে ধ্রুবং ॥ অর্কক্ষীরং বটক্ষীরং ক্ষীরং ডুম্বুরসম্ভবং। গৃহীত্বা পাত্রকে লিপ্তে জলপূর্ণং করোতি চ। দুগ্ধং সংজায়তে তত্র মহাকৌতুককৌতুকম্। অঙ্কোলতৈল লিপ্তাঙ্গো দৃশ্যতে রাক্ষসাকৃতিঃ। পলায়ন্তে নরাঃ সর্ব্বে পশুপক্ষি গজা হয়াঃ। অঙ্কোলস্য তু তৈলেন দীপং প্রজ্বালয়েন্নবঃ। রাত্রৌপশ্যতি ভূতানি খেচরাণি মহীতলে ॥ বুধে বা শনিবারে বা কৃকলাং পরিগৃহ্য চ। শত্রু মূত্রয়তে যত্র কৃকলাং তত্র নিক্ষিপেৎ। নিখনেদ্ভূমি মধ্যেষু উদ্ধৃতে চ পুনঃ সুখী। নপুংসকং ভবেৎ সত্যম্ নান্যথা শঙ্করোঽব্রবীৎ ॥ গন্ধকম্ হরিতালঞ্চ গোমূত্রঞ্চ বিষং তথা। সূক্ষ্ম চূর্ণময়ং কৃত্বা কিঞ্চিদ্বহিঃ বিনিঃক্ষিপেৎ ॥ বিঘ্নাঃ সর্ব্বে পলায়ন্তে যথা যুদ্ধেষু কাতরাঃ ॥" (দত্তাত্রেয় তন্ত্র, ঈশ্বর দত্তাত্রেয় সংবাদে ইন্দ্রজাল কৌতুকদর্শন নাম ১১শ পটল)

ইহার ভাবার্থ যথা ;—পেচকের কপালের দ্বারা ঘৃতের কজ্জল প্রস্তুত করিয়া সেই অঞ্জন চক্ষুতে দিলে রাত্রিকালে বিনা দীপ সাহায্যে পুস্তক পাঠ করিতে পারা যায়। বৃহস্পতিবারে অঙ্কোল (আঁকোড়) বীজ মুখে নিক্ষেপ করিয়া ত্রিলোহ বেষ্টিত মন্ত্র দ্বারা সিঞ্চন করতঃ একবীজ মুখে রাখিবে। মত্তমাতঙ্গ তুল্য পরাক্রম হইবে। শতভাগ স্বর্ণ, দ্বাদশ ভাগ তাম্র, ষোড়শ ভাগ রজত ত্রিলোহ নামে অভিহিত। যে কোন বীজ অঙ্কোল তৈল সংযোগে সদ্য ফলবান বৃক্ষ হইবে। সেই তৈল যদি শব মুখে বিন্দুমাত্র নিক্ষেপ করা যায়, তবে শব এক প্রহর কাল জীবিত থাকিবে, ইহাই শিব বাক্য। শিগ্রু (সজিনা) বীজের তৈল, পারাবতের পুরীষ, বরাহের বসা, এবং গর্দ্দভের বসা হরিতাল ও মনঃশিলা (একরূপ প্রস্তর) সংযুক্ত করিয়া তিলক করিলে নৃপতি রাবণের ন্যায় প্রতাপশালী হন। পেচকের বিষ্ঠা এরণ্ড তৈলের সহিত পেষণ করিয়া যাহার অঙ্গে নিক্ষেপ করিবে, সে ব্যক্তি ক্ষিপ্ত হইবে। সর্পদন্ত ও কৃষ্ণ বর্ণ বৃশ্চিকের কণ্টক কৃকলাসের রক্তযুক্ত করিয়া যাহার অঙ্গে দিবে, সে তৎক্ষণাৎ মৃত হইবে। সিন্দুর, গন্ধক, হরিতাল ও মনঃশিলা সমভাগে পেষণ করিয়া তাহাতে বস্ত্র লিপ্ত করিবে, সেই বস্ত্র মস্তকে ধারণ করিলে তাহা অগ্নির ন্যায় দৃষ্ট হইবে। অর্ক (আকন্দ) রস বটের রস এবং ডুম্বুরের রস কোন পাত্রে মাখাইয়া শুষ্ক করিবে, তাহাতে জল দিলে সেই জল দুগ্ধবৎ হইবে। অঙ্কোল তৈল অঙ্গে লেপন করিলে রাক্ষসের ন্যায় দৃষ্ট হইবে। অঙ্কোলের তৈলে দীপ জ্বালিয়া রাত্রে খেচরাদি সকলে দেখিতে পাওয়া যায়। বুধ বা শনিবারে কৃকলাস গ্রহণ করিয়া যে স্থানে শত্রু মূত্রত্যাগ করে, তথায় প্রোথিত করিবে ; ইহাতে শত্রু নপুংসকত্ব প্রাপ্ত হইবে, এবং পুনর্ব্বার সেই কৃকলাসকে তথা হইতে উত্তোলন করিলে সে পুনর্ব্বার পূর্ব্বভাব প্রাপ্ত হইবে। গন্ধক হরিতাল গোমূত্র ও বিষ সূক্ষ্ম চূর্ণ করিয়া কিঞ্চিৎ ভাগ বহির্দ্দেশে নিক্ষেপ করিবে, এই প্রকারে সকল বিঘ্ন দূরে পলায়ন করিবে।

এতদ্ব্যতীত সিদ্ধখণ্ড তন্ত্রসার, ইন্দ্রজাল তন্ত্র প্রভৃতি গ্রন্থে এতৎ সম্বন্ধে বিস্তারিত বিবরণ আছে।

দ্বেষপ্রীতিবর্জ্জিতা ইত্যর্থঃ। তৎপরত্বং শ্রবণাদিনিষ্ঠত্বং, সন্ন্যাসিনো বৈরাগ্যদ্বারা ত্যক্তসর্ব্বকর্ম্মাণ ইত্যর্থঃ, আদিশব্দেন তদ্ধেতুগ্রহঃ, মোহবর্জ্জিতত্বমুক্ত হেতুতঃ সংজাতসমাধীত্বং ॥ ৫ ॥

রামানুজ।—নির্ম্মানেতি। এবং মাং শরণমুপগম্য নির্ম্মানমোহা নির্গতানাত্মাত্মাভিমানরূপমোহাঃ জিতসঙ্গদোষাঃ জিতগুণময়ভোগসঙ্গাখ্যদোষা অধ্যাত্মনিত্যাঃ আত্মনি যৎ জ্ঞানং তদধ্যাত্মং আত্মধ্যাননিরতাঃ। বিনিবৃত্ত তদিতরকামাঃ সুখদুঃখসংজ্ঞৈশ্চ দ্বন্দ্বৈর্ব্বিমুক্তাঃ অমূঢ়াঃ আত্মানাত্মস্বভাবজ্ঞা তদব্যয়ং পদং গচ্ছন্তি অনবচ্ছিন্নজ্ঞানাকারমাত্মানং যথাবস্থিতং প্রাপ্নুবন্তি। মাং শরণমুপগতানাং মৎ প্রসাদাদেব তাঃ সর্ব্বাঃ প্রবৃত্তয়ঃ সুশক্যাঃ সিদ্ধিপর্য্যন্তা ভবন্তীত্যর্থঃ ॥ ৫ ॥

হনুমান্।—বশীকৃত চেতস্কতয়া জিতসঙ্গদোষা জিতঃ বিষয়সঙ্গো বিষয়সংকল্প রহিতা ইত্যর্থঃ অধ্যাত্মনিত্যা আত্মজ্ঞাননিরতাঃ বিনিবৃত্তকামাঃ ত্যক্তকামাঃ দ্বন্দ্বৈর্ব্বিমুক্তাঃ সুখদুঃখসঙ্গৈঃ সুখাদিশব্দবাচ্যৈঃ গচ্ছন্তি প্রাপ্নুবন্তি অমূঢ়াঃ বিবেকিনস্তদ্বৈষ্ণবং পদং অবিনাশিনং ॥ ৫ ॥

শ্রীধর।—তৎপ্রাপ্তৌ সাধনান্তরাণি দর্শয়ন্নাহ নির্ম্মানেতি। নির্গতৌ মানমোহৌ অহঙ্কারমিথ্যাভিনিবেশৌ যেভ্যস্তে, জিতঃ পুত্রাদিসঙ্গরূপোদোষোযৈস্তে, অধ্যাত্মে আত্মজ্ঞানে নিত্যাঃ পরিনিষ্ঠিতাঃ, বিশেষেণ নিবৃত্তঃ কামোযেভ্যস্তে, সুখদুঃখহেতুত্বাৎ সুখদুঃখসংজ্ঞানি শীতোষ্ণাদীনি দ্বন্দ্বানি তৈর্ব্বিমুক্তাঃ অত এবামূঢ়া নিবৃত্তাবিদ্যাঃ সন্তস্তদব্যয়ং পদং গচ্ছন্তি ॥ ৫ ॥

বলদেব।—তৎপ্রপত্তৌ সত্যাং কীদৃশাঃ সন্তস্তৎপদং প্রাপ্নুবন্তীত্যাহ নির্ম্মানেতি। মানঃ সৎকারজন্যো গর্ব্বঃ মোহো মিথ্যাভিনিবেশস্তাভ্যাং নির্গতাঃ জিতঃ সঙ্গদোষঃ প্রিয়ভার্য্যাদিস্নেহলক্ষণো যৈস্তে। অধ্যাত্মঃ স্বপরাত্মবিষয়কো বিমর্শঃ স নিত্যো নিত্যকর্ত্তব্যো যেষাং তে। সুখাদিহেতুত্বাত্তৎসংজ্ঞৈর্দ্বন্দ্বৈঃ শীতোষ্ণাদিভির্ব্বিমুক্তাস্তৎসহিষ্ণবঃ। অমূঢ়া স্বপরবিধিজ্ঞাঃ ॥ ৫ ॥

মধুসূদন।—পরিমার্গণপূর্ব্বকং বৈষ্ণবং পদং গচ্ছতামঙ্গান্তরাণ্যাহ নির্ম্মানেতি। মানোঽহঙ্কারোগর্ব্বঃ মোহস্ববিবেকাবিপর্য্যয়োবা তাভ্যাং নিষ্ক্রান্তা নির্ম্মানমোহাঃ তৌ নির্গতৌ যেভ্যস্তে বা তথা অহঙ্কারাবিবেকাভ্যাং রহিতা ইতি যাবৎ, জিতসঙ্গদোষাঃ প্রিয়াপ্রিয়সন্নিধাবপ্যরিরাগদ্বেষবর্জ্জিতা ইতি যাবৎ, আধ্যাত্মনিত্যাঃ পরমাত্মস্বরূপালোচনতৎপরাঃ বিনিবৃত্তকামাঃ বিশেষতো নিরবশেষেণ নিবৃত্তাঃ কামা বিষয়ভোগা যেষাং তে বিবেকবৈরাগ্যদ্বারা ত্যক্তসর্ব্বকর্ম্মাণ ইত্যর্থঃ, দ্বন্দ্বৈঃ শীতোষ্ণক্ষুৎপিপাসাদিভিঃ সুখদুঃখসংজ্ঞৈঃ সুখদুঃখহেতুত্বাৎ সুখদুঃখনামকৈঃ। সুখদুঃখসঙ্গৈরিতি পাঠান্তরে সুখদুঃখাভ্যাং সঙ্গঃ সম্বন্ধোযেষাস্তৈঃ সুখদুঃখসঙ্গৈঃ দ্বন্দ্বৈর্ব্বিমুক্তাঃ পরিত্যক্তাঃ অমূঢ়াঃ বেদান্তপ্রমাণসঞ্জাতসম্যগ্‌জ্ঞাননিবারিতাত্মাজ্ঞানাঃ অব্যয়ং যথোক্তম্ পদম্ গচ্ছন্তি ॥ ৫ ॥

নীলকণ্ঠ।—এবং ঐকান্তিকস্য সুখস্যাচ্ছাদকং সংসারাশ্বত্থং তচ্ছেদকমসঙ্গশস্ত্রং চোক্ত্বা তস্য সুখস্য প্রাপ্তাবধিকারী তস্য স্বরূপঞ্চাহ দ্বাভ্যাম্ নির্ম্মানেতি। মানোদর্পঃ মোহো

বিপর্য্যয়ঃ, তদ্রহিতাঃ নির্ম্মানমোহাঃ, জিতঃ সঙ্গঃ কর্ত্তাহমিত্যভিমানঃ দোষোরাগাদিশ্চ বৈঃ জিতসঙ্গদোষাঃ, অধ্যাত্মম্ আত্মনিনিত্যাঃ আত্মধ্যানপরা ইতি যাবৎ, বিনিবৃত্তকামাঃ ত্যক্তসর্ব্ব পরিগ্রহাঃ দ্বন্দৈঃ সুখদুঃখেত্যুপলক্ষণং শীতোষ্ণাদীনামপি তৈর্বিমুক্তাস্তিতিক্ষাবন্ত ইত্যর্থ অমূঢ়া বিদ্যয়াঽবিদ্যানাশংকৃতবন্তঃ তৎপদম্ অব্যয়মপুনরাবৃত্তিং গচ্ছন্তি ॥ ৫ ॥

বিশ্বনাথ।—তদুক্তৌ সত্যাং জনাঃ কীদৃশাভূত্বা তৎ পদং প্রাপ্নুবন্তীত্যপেক্ষায়ামাহ নির্ম্মানেতি। অধ্যাত্মনিত্যাঃ অধ্যাত্মবিচারো নিত্যানিত্যকর্ত্তব্যো যেষাং তে পরমাত্মালোচন তৎপরাঃ ॥ ৫ ॥

তাৎপর্য্য।—পূর্ব্ব শ্লোকে কথিত হইয়াছে যে, বিবেক সহকারে সংসার বৃক্ষের অসারত্ব এবং অলীকত্ব অনুভব করিয়া নিত্যস্বরূপ সত্যস্বরূপ পরমানন্দ লাভের নিমিত্ত পরম পুরুষের শরণাগত হওয়া আবশ্যক। কিরূপ সাধনা হইলে, জ্ঞানের কীদৃশ পরিপাক ঘটিলে, সেই অব্যয় পুরুষের করুণা প্রাপ্তি হইয়া থাকে, তাহাই এক্ষণে প্রদর্শিত হইতেছে। মনুষ্য মানের অন্বেষণে ব্যাপৃত হইয়া অশেষ দুর্গতি অর্জ্জন করে; কল্পনা বলে বা অহঙ্কার বলে বা আপনার ঐশ্বর্য্যাদির বলে মানব আপনি আপনার নিমিত্ত সমাজ মধ্যে অত্যুচ্চ স্থান অবধারণ করিয়া থাকে। এইরূপ উচ্চতাবধারণই মান। সর্ব্ব সাধারণের নিকট হইতে অনুরূপ মান প্রাপ্তির নিমিত্ত তাহাকে নিরন্তর ব্যাকুল ও চেষ্টিত থাকিতে হয়। কেহ কখনও সমকক্ষ কথা কহিলে কেহ নিকটে আসিয়া উপবেশন করিলে, গমন কালে কেহ অগ্রে চলিলে সেই মানী ব্যক্তি মনে করে তাহার অপমান হইল। সেই অহঙ্কারস্ফীত ক্ষুদ্রচেতা মানব সতত সর্ব্বত্র আপনার সম্মান স্থাপনের নিমিত্ত চেষ্টান্বিত থাকে। এইরূপ বুদ্ধি আত্মোন্নতির একান্ত প্রতিকূল। অত্যল্প মাত্র বিচার শক্তির পরিচালনা করিলেই বুঝিতে পারা যায়, এ সংসারের মান অপমান কিছুই নহে, সকলেই বিশ্ব বিধাতার সৃষ্ট সমান জীব, এই বিশ্বের সকলই অলীক, সকলই ক্ষণস্থায়ী, সকলই বৃথা। স্বকীয় রূপ ঐশ্বর্য্যাদি হেতু যে মান স্থাপন করা যায়, তাহা কখনই চিরস্থায়ী হইতে পারে না। আপনার এই ভঙ্গুর দেহ অতি সত্বরেই বিনষ্ট হইবে। এইরূপ বুদ্ধি সহকারে যিনি মানলাভের বাসনা পরিহার করিতে সমর্থ হইয়াছেন, এবং যিনি অজ্ঞান ভ্রম প্রমাদাদি পরিত্যাগ করিতে পারিয়াছেন, তিনিই সাধক। মোহের প্রাবল্যে অজ্ঞতা হেতু মানবেরা এই

সংসারকেই চিরস্থায়ী ভোগভূমি এবং পরমানন্দের নিকেতন বলিয়া জ্ঞান করে। পরমার্থের দিকে দৃষ্টিপাত করিলেই উপলব্ধ হয় যে, মানবের এই সিদ্ধান্ত নিতান্ত ভ্রান্ত। সত্য জ্ঞান সহকারে মান মোহ পরিশূন্য হওয়া প্রথমেই আবশ্যক। এইরূপ মান মোহ পরিশূন্য হইলেই হৃদয়ঙ্গম হয় যে, যাহাকে অদ্য পুত্র বা পত্নীরূপে পরমাদরের বস্তু বলিয়া জ্ঞান করিতেছি, অথবা যে অট্টালিকা উদ্যানাদি পদার্থকে সুখবিধায়ক বোধে যত্ন করিতেছি; অথবা যে সকল বস্তু বিলাস ও আনন্দ সংসাধক বোধে আগ্রহসহকারে অবলম্বন করিয়া রহিয়াছি তত্তাবতের সহিত অদ্যই হউক বা দশদিন পরেই হউক নিশ্চয়ই সকল সম্বন্ধের শেষ হইবে। হয় সেই সকল পদার্থ অগ্রে হস্তভ্রষ্ট হইবে, না হয়, তাহারা পড়িয়া থাকিবে, আপনাকেই তাহাদের সঙ্গ পরিত্যাগ করিয়া চির প্রস্থান করিতে হইবে। এইরূপ বুঝিলে বসুন্ধরার কোন বস্তুর সহিতই সঙ্গ করিবার বাসনা থাকিবে না এবং সঙ্গ ঘটিলেও তৎসম্বন্ধে আসক্তি বা অনুরাগ থাকিবে না। সঙ্গ রূপ দোষ এবং তজ্জনিত বহুবিধ দোষ তখন তিরোহিত হইবে। হৃদয়ের এবংবিধ অবস্থা হইলে স্বতঃ প্রবৃত্তি পরমার্থ তত্ত্বানুসন্ধানে ব্যাপৃত হইবে। যাহা নিত্য স্বরূপ, যাহা সত্যস্বরূপ, যাহা চিরস্থায়ী, যাহা পরিণামে পরমানন্দ প্রদ, কেবল সেই চিন্তায় অন্তঃকরণ তখন পূর্ণ ভাবে অভিনিবিষ্ট হইবে; আত্মার সদ্গতি কিসে হয় এবং কি উপায়ে আত্মজ্ঞান লব্ধ হয়, ইহারই উপায়াবধারণে নিরন্তর চিত্তের আকাঙ্ক্ষা জন্মিবে। তখন কামনা সমূহ বিনিবৃত্ত হইবে। অধিকতর অর্থাগম, অধিকতর ভোগৈশ্বর্য্য বিধায়ক সামগ্রী, অধিকতর সাংসারিক সংঘটন ইত্যাদিরূপ কামনা হৃদয় হইতে নির্ম্মূলে নিঃশেষ হইবে। এতাদৃশ উন্নত হৃদয় পুরুষের ক্ষুৎপিপাসা, সুখ দুঃখ, শীত গ্রীষ্ম ইত্যাকার বোধ তিরোহিত হইয়া যায়। তিনি দেখিতে পান, দুই দুই ধর্ম্ম নিয়ত মনুষ্যের অবিচ্ছিন্ন সঙ্গী। শীতের পর গ্রীষ্ম আসিয়া বিব্রত করে এবং গ্রীষ্মের পর পুনরায় শীত আসিয়া ব্যস্ত করিতে থাকে। দারুণ ক্ষুধায় কাতর হইয়া কোন উপায়ে তন্নিবারণ করিলে অক্ষুধা উপস্থিত হয়, কিন্তু আবার কিয়ৎকাল পরেই ক্ষুধা আসিয়া জ্বালাতন করিতে থাকে। প্রেমে বিরহ হয়, রোগে আশঙ্কা হয়, সুখে অসুখ হয়, আনন্দে নিরানন্দ হয়। এইরূপে বিভিন্ন বিপরীত ভাব নিরন্তর মনুষ্য জীবনের নিয়ামক রূপে

সঙ্গে সঙ্গে ফিরিতে থাকে। জ্ঞানের উন্মেষ হইলে মানব এবংবিধ দ্বন্দ্ব সমূহের অসারত্ব সহজেই উপলব্ধি করিতে পারেন, এবং তাহাদের অধীনতা বিচ্ছিন্ন করিয়া স্বাধীন ও নির্ম্মুক্ত হইয়া উঠেন। তখন সুখ তাঁহাকে আর প্রমত্ত করিতে পারে না, এবং দুঃখও তাঁহাকে আর অভিভূত করিতে সমর্থ হয় না। তিনি সুখদুঃখাদি পরিবর্ত্তনশীল অসার বিষয়ে আপনাকে আসক্ত বলিয়া আর বোধ করেন না। সুখ বা সুখ বিধায়ক পদার্থের সমাগমে তিনি আর রুষ্ট বা উৎফুল্ল হন না, এবং দুঃখ বা তজ্জনক কারণের আবির্ভাবে তিনি আর অবসন্ন বা অভিভূত হন না। যে পুরুষের চিত্ত এইরূপে গঠিত হইয়াছে, যাঁহার হৃদয় এবম্প্রকারে অত্যুন্নত হইয়াছে, সেই মোহশূন্য সাধু ক্ষয়শূন্য বিকার রহিত পরম পুরুষকে প্রাপ্ত হইয়া থাকেন।

পূর্ব্ব শ্লোকে ভক্তি সহকারে ভগবচ্চরণে শরণ গ্রহণ ভগবদ্ জ্ঞান লাভের উপায় রূপে নির্দ্দিষ্ট হইয়াছে। একান্ত ভাবে ভগবানের শরণাগত হইতে পারিলে তাঁহারই করুণা বলে বর্ত্তমান শ্লোক নির্দ্দিষ্ট ধর্ম্ম সমূহ অনায়াসেই হৃদয়ে উপজাত হয়। এইরূপ ঘটিলেই আত্মজ্ঞান আপনিই হৃদয়াকাশে পৌর্ণমাসীর শশধরের ন্যায় বিকাশ প্রাপ্ত হইতে থাকে, এবং সাধকের অজ্ঞানান্ধকার নাশ করিয়া সিদ্ধিলাভ ঘটাইয়া দেয়॥ ৫॥

—:(০):—

ন তদ্ভাসয়তে সূর্য্যো ন শশাঙ্কো ন পাবকঃ।
যদ্গত্বা ন নিবর্ত্তন্তে তদ্ধাম পরমং মম॥ ৬॥

অন্বয়।—তৎ (পদং) সূর্য্যঃ ন ভাসয়তে (প্রকাশয়তি) শশাঙ্কঃ ন; পাবকঃ (অগ্নিঃ) ন, যৎ (ধাম) গত্বা (প্রাপ্য) ন নিবর্ত্তন্তে (আবর্ত্তন্তে) তৎ মম পরমং ধাম (স্থানং)॥ ৬॥

প্রতিশব্দ।—সেই-পদ সূর্য্য প্রকাশ-করে না, চন্দ্র না, অগ্নি না, যে-ধামকে গমন-করিয়া আবৃত্ত-হয় না, সেই আমার পরম ধাম॥ ৬॥

ব্যাখ্যা।—যে পরম ধামকে সূর্য্য প্রকাশ করিতে পারে না, চন্দ্র

বা অগ্নির দ্বারাও যাহা উদ্ভাসিত হয় না; যে স্থানে একবার গমন করিলে আর পুনরাবৃত্ত হইতে হয় না, তাহাই আমার সর্ব্বশ্রেষ্ঠ ধাম ॥ ৬ ॥

শঙ্করাচার্য্য।—তদেব পদং পুনর্ব্বিশিষ্যতে নেতি। তদ্ধামেতি ব্যবহিতেন ধাম্না সম্বন্ধঃ। ধাম তেজোরূপং পদং ন ভাসয়তে সূর্য্য আদিত্যঃ সর্ব্বাবভাসনশক্তিমত্ত্বেঽপি সতি, তথা ন শশাঙ্কশ্চন্দ্রোন চ পাবকোনাগ্নিরপি। যদ্ধাম বৈষ্ণবং পদং গত্বা প্রাপ্য ন নিবর্ত্তন্তে, যচ্চ সূর্য্যাদি র্ন ভাসয়তে, তদ্ধাম পদং পরমং বিষ্ণোর্ম্মম পদং যং গত্বা ন নিবর্ত্তন্ত ইত্যুক্তং ॥ ৬ ॥

আনন্দগিরি।—তচ্চেৎ পদং বেদ্যং কর্ত্তৃবদ্যৎ কর্ম্মেতি দ্বৈতাপাতোঽবেদ্যং চেদপ্রমত্ত-ত্বাৎ প্রেপ্সিতত্বাসিদ্ধিরিত্যাশঙ্ক্যাহ তদেবেতি। উক্তমনূদ্য ক্ষিপতি যদ্গত্বেতি ॥ ৬ ॥

রামানুজ।—নেতি। তদাত্মজ্যোতির্ন সূর্য্যো ভাসয়তি ন শশাঙ্কো ন পাবকশ্চ, জ্ঞানমেব হি সর্ব্বস্য প্রকাশকং বাহ্যানি তু জ্যোতীংষি বিষয়েন্দ্রিয়সম্বন্ধবিরোধি তমোনিরসন দ্বারেণোপকারকানি অস্য চ প্রকাশকো যোগঃ তদ্বিরোধি চানাদিকর্ম্ম তন্নিবর্ত্তনং চোক্তং ভগবৎপ্রপত্তিমূলমসঙ্গাদি যদ্গত্বা পুনর্ন নিবর্ত্তন্তে তদ্ধাম পরমং জ্যোতিঃ মম মদীয়ং মদ্বিভূতিভূতো মমাংশ ইত্যর্থঃ। আদিত্যাদীনামপি প্রকাশকত্বেনাস্য পরমত্বং আদিত্যাদীনি জ্যোতীংষি ন ... নজ্যোতিষঃ প্রকাশকানি জ্ঞানমেব ... প্রকাশকং ॥ ৬ ॥

হনুমান্।—যন্মমপরং ধাম তৎসূর্য্যো ন ভাসয়তে নাপি শশাঙ্কঃ নাপি পাবকঃ তৎগত্বা যোগিনঃ ন নিবর্ত্তন্তে নহি পুনরবগচ্ছন্তীত্যর্থঃ ॥ ৬ ॥

শ্রীধর।—তদেবং গন্তাবং পদং বিশিনষ্টি ন তদিতি। তৎ পদং সূর্য্যাদয়োন প্রকাশয়ন্তি, যৎ প্রাপ্য ন নিবর্ত্তন্তে যোগিনস্তদ্ধাম স্বরূপং পরমং মম, অনেন সূর্য্যাদিপ্রকাশাবিষয়ত্বেন জড়ত্বশীতোষ্ণাদিদোষপ্রসঙ্গোনিরস্তঃ ॥ ৬ ॥

বলদেব।—গন্তব্যং পদং বিশিংষন্ পরিচায়য়তি ন তদিতি। প্রপন্না যদ্গত্বা যতো ন নিবর্ত্তন্তে তন্মমৈব ধাম স্বরূপং পরমং শ্রীমৎ। সর্ব্বাবভাসকা অপি সূর্য্যাদয়স্তন্ন ভাসয়ন্তি প্রকাশয়ন্তি। "ন তত্র সূর্য্যো ভাতী"ত্যাদিশ্রুতেশ্চ সূর্য্যাদিভিরপ্রকাশ্যস্তেষাং প্রকাশকঃ স্বপ্রকাশকচিদ্বিগ্রহো লক্ষ্মীপতিরহমেব পদশব্দবোধ্যঃ প্রপন্নৈর্লভ্য ইত্যর্থঃ ॥ ৬ ॥

মধুসূদন।—তদেব গন্তব্যং পদং বিশিনষ্টি ন তদিতি। যদ্বৈষ্ণবং পদং গত্বা যোগিনো ন নিবর্ত্তন্তে, তৎপদং সর্ব্বাবভাসনশক্তিমানপি সূর্য্যোন ভাসয়তে সূর্য্যাস্তময়েঽপি চন্দ্রো ভাসকো দৃষ্ট ইত্যাশঙ্ক্যাহ ন শশাঙ্কঃ। সূর্য্যচন্দ্রমসোরুভয়োরপ্যস্তময়েঽগ্নিঃ প্রকাশকো দৃষ্ট ইত্যাশঙ্ক্যাহ ন পাবকঃ ভাসয়ত ইত্যুভয়ত্রাপ্যনুষজ্যতে। কুতঃ সূর্য্যাদীনাং তত্র প্রকাশাসামর্থ্যমিত্যত আহ তদ্ধাম জ্যোতিঃ স্বয়ংপ্রকাশমাদিত্যাদিসকলজড়জ্যোতিরবভাসকং পরমং প্রকৃষ্টং মম বিষ্ণোঃ স্বরূপাত্মকং পদং, ন হি যো যদ্ভাস্যঃ স স্বভাসকং তং ভাসয়িতুমিষ্টে। তথা চ শ্রুতিঃ,—"ন তত্র সূর্য্যোভাতি ন চন্দ্রতারকং নেমা বিদ্যুতোভান্তি কুতোঽয়মগ্নিঃ। তমেব ভান্তমনুভাতি সর্ব্বং তস্য ভাসা সর্ব্বমিদং

বিভাতি"। ইতি। এতেন তৎপদং বেদ্যং ন বা আদ্যে বেদ্যভিন্নবেদিতৃসাপেক্ষত্বেন দ্বৈতা-পত্তির্দ্বিতীয়ে ত্বপুরুষার্থত্বাপত্তিরিত্যপাস্তং। অবেদ্যত্বে সত্যপি স্বয়মপরোক্ষত্বাৎ, তত্রাবেদ্যত্বং সূর্য্যাদ্যভাস্যত্বেনাত্রোক্তং সর্ব্বভাসত্বেন তু স্বয়মপরোক্ষত্বং যদাদিত্যগতং তেজ ইত্যত্র বক্ষ্যতি। এবমুভাভ্যাং শ্লোকাভ্যাং শ্রুতের্দ্দলদ্বয়ং ব্যাখ্যাতমিতি দ্রষ্টব্যং॥ ৬॥

নীলকণ্ঠ।—নমু যদি তদূর্দ্ধে পদং গচ্ছন্তি তর্হি ততঃ পাতোঽপ্যবশ্যম্ভাবী, পতনান্তাঃ সমুচ্ছ্রয়া ইতিন্যায়াৎ, ততশ্চ যস্মিন্ গতা ন নিবর্ত্তন্তীত্যনুপপন্নমিত্যাশঙ্ক্য তস্য পদস্য স্বরূপমাহ, ন তদিতি তৎপদং সূর্য্যোনভাসয়তি রূপাদিহীনত্বেন চক্ষুরযোগ্যত্বাৎ এতেন সর্ব্বেষাং বাহ্যেন্দ্রিয়াণাং নিবৃত্তিঃ যদ্ধি রূপবচ্চক্ষুর্যোগ্যং তৎ সর্ব্বেণ চক্ষুরনুগ্রাহকেণ ভাস্যং ইদন্তু ন তথেত্যর্থঃ, ন শশাঙ্কশ্চন্দ্রোঽপি ভাসয়তি যন্মনোগ্রাহ্যং বস্তু তচ্চন্দ্রেণ মনসোঽনুগ্রাহকেন ভাস্যং, ইদং তু ন তথা, যন্মনসা ন মনুত ইতি শ্রুত্যাঽস্য মনোগ্রাহকনিষেধাৎ, নাপি পাবকঃ ভাসয়তি যদ্ধি বাচা গ্রাহ্যং তত্তদনুগ্রাহকেণ পাবকেন ভাস্যং ইদং তু ন তথা যদ্বাচা ন ভ্যুদিতমিতি শ্রুত্যাস্য বাগ্‌গোচরত্বনিষেধাৎ, "ন চক্ষুষা গৃহ্যতে নাপি বাচে" ত্যাদিশ্রুত্যন্তরঞ্চ যতশ্চক্ষুর্ম্মনোবাচামগম্যং তেন স্থূলসূক্ষ্মকারণপ্রপঞ্চাতীতং প্রত্যগদ্বয়ং নান্তঃপ্রজ্ঞং বহিঃপ্রজ্ঞমিতি নস্থূলমনণু ইত্যাদি শ্রুতিভিঃ সর্ব্ববিশেষ রহিতং যৎপ্রতিপ্রাদিতং তৎ মম পরমং ধাম বৃত্তিরূপজ্ঞানাদপরমাদন্যং জ্যোতিশ্চিন্মাত্রং, মমেতি সম্বন্ধোরাহোঃ শির ইতিবদুপচারাৎ, যদভিন্নং জ্যোতিঃ স্বয়ং প্রকাশ মিত্যর্থঃ, অতএব যদ্গত্বা প্রাপ্য জ্ঞাত্বেত্যর্থঃ ন নিবর্ত্তন্তে নিবৃত্তিকারণস্য মূলাজ্ঞানস্যাভাবাৎ এবং ব্যাখ্যানে হি, "যদা হ্যেবৈষ এতস্মিন্নদৃশ্যেঽনাত্ম্যে নিরুক্তেঽনিলয়নেঽভয়ং প্রতিষ্ঠাং বিন্দতেঽথসোঽ-ভয়ং গতো ভবতী"তি শ্রুত্যর্থানুগমোদৃশ্যতে, অদৃশ্যে ইতি দৃগযোগ্যত্বেন সূর্য্যাভাস্যত্বং পর্য্যদস্যতে অনাত্ম্যেনো মনসো যোগ্যম্ আত্ম্যং তদন্যত্র অনাত্ম্যে ইতি মনসোঽপ্যযোগ্যত্বেন চন্দ্রভাস্যত্বং নিরস্যতে,অনিলয়নে লীয়তেঽস্মিন্ সর্ব্বং স্থূলসূক্ষ্মমিতি নিলয়নং কারণং তদভিন্নে অতএবানিরুক্তে বাচামগোচর ইত্যর্থঃ, তেন পাবকাপ্রকাশ্যে ইতি সিদ্ধং, যে তু সূর্য্যাদ্যপ্রকাশ্যম্ অর্চ্চিরাদিমার্গ-গম্যং সত্যলোকাদপ্যুপরিতনং অপ্রাকৃতং বৈষ্ণবং পদং নিত্যং দেশান্তরেতি তদ্গত্বা পুনর্নিবর্ত্তন্ত ইতি ব্যাচক্ষতে, তেষাং ন রূপমস্যেহ তথোপলভ্যত ইতি দৃশ্যস্য তুচ্ছত্বাদেবতাদৃশস্যাপি তুচ্ছত্বমপরিহার্য্যং দৃশ্যত্বাবিশেষাৎ তস্মাদ্যথোক্ত এব শ্লোকার্থঃ॥ ৬॥

বিশ্বনাথ।— তৎপদমেব কীদৃশমিত্যপেক্ষায়ামাহ ন তদিতি। ঔষ্ণ্যশৈত্যাদি দুঃখ-রহিতং তৎ স্বপ্রকাশমিতি ভাবঃ তন্মম পরমং ধাম সর্ব্বোৎকৃষ্টং অজড়ং অতীন্দ্রিয়ং তেজঃ সর্ব্ব-প্রকাশকং। যদুক্তং হরিবংশে। "তৎ পরং পরমং ব্রহ্ম সর্ব্বং বিভজতে জগৎ। মমৈব তদ্ঘনং তেজো জ্ঞাতুমর্হসি ভারত।" ইতি। :"ন তত্র সূর্য্যো ভাতি ন চ চন্দ্রতারকে নেমা বিদ্যুতোভান্তি কুতোঽয়মগ্নিঃ। তমেব ভান্তমনুভাতি সর্ব্বং তস্য ভাসা সর্ব্বমিদং বিভাতি।" ইতি শ্রুতিভ্যশ্চ॥৬॥

তাৎপর্য্য।—শ্রীভগবান্ পূর্ব্ব শ্লোকে যে পরম পদ প্রাপ্তির উপায় কীর্ত্তন করিয়াছেন,বর্ত্তমান শ্লোকে তাঁহার সেই পরম ধামের বিবরণ প্রকাশ করি-

তেছেন। শ্রীভগবান্ বলিতেছেন, আমার সেই পরম ধামে সূর্য্য আলোক প্রদান করেন না। যে দিবাকরের কিরণে বসুন্ধরার অন্ধকার অপনোদিত হয়, যাঁহার প্রভাসম্পাতে পদার্থ পুঞ্জ অবভাসিত হইয়া থাকে, সে সূর্য্যের রশ্মিজাল আমার সেই পরম ধামকে আলোকিত করে না। মার্ত্তণ্ডের মরীচিমালা অতি প্রচণ্ড, সুধাংশুর অংশু পরম রমণীয়। হয়তো বা রমণীয়তার অনুরোধে রবিকরের প্রবেশ নিষেধ করিয়া স্নিগ্ধোজ্জ্বল কিরণ-বর্ষী চন্দ্র সেই স্থানে আলোকদাতা রূপে প্রতিষ্ঠিত হইয়াছেন। এরূপ আশঙ্কাও অমূলক। তথায় নিশানাথের সুমধুর কিরণরাজিও বিকীর্ণ হয় না। তাহা হইলে তেজঃপ্রভা সম্পন্ন অগ্নি সেই পরম ধামে আলোক প্রদান করিয়া থাকেন? তাহাও নহে। আমার সেই বৈষ্ণব ধামে আলোক-প্রদ কোন পদার্থেরই প্রয়োজন নাই। সেই পরম ধামে গমন করিলে আর কাহাকেও প্রত্যাবৃত্ত হইতে হয় না। অর্থাৎ সাধনা বলে বিবেক বৈরাগ্য ও জ্ঞানের পরিপাকে যে ভাগ্যবান একবার সেই স্থানে প্রবেশ করিতে পারেন, তাঁহাকে আর জন্ম মরণের অধীন হইয়া সংসারে প্রবেশ করিতে হয় না। যে স্থানে সূর্য্য চন্দ্র বা অগ্নি নাই, যে স্থানে গমন করিলে আর পুনরাবৃত্তির সম্ভাবনা নাই, তাহাই আমার পরম ধাম বলিয়া বুঝিবে।

স্বপ্রকাশ সর্ব্ব কারণ বিভু সেই স্থানে বিরাজিত। সুতরাং সে স্থানে আলোকপ্রদ কোন পদার্থেরই প্রয়োজন হইতে পারে না। যাঁহার জ্যোতিতে চন্দ্র সূর্য্যাদি জ্যোতির্ম্ময়, যাঁহার দীপ্তিতে নক্ষত্রমালা দেদীপ্য-মানা, যাঁহার তেজে হুতাশন তেজোময়, সেই পরম জ্যোতি স্বরূপ পরমে-শ্বরের ধামে প্রকাশক কোন পদার্থেরই প্রয়োজন হইতে পারে না। সেই পরম স্থান অন্ধকারাচ্ছন্ন নহে, এবং তমঃ প্রভাবে লুপ্তদর্শন হইয়া সেই স্থান বিনির্ণয়ের কোন অসম্ভাবনা নাই। কারণ যাঁহার আলোকে বিশ্বের সর্ব্বত্র আলোকিত, তাঁহার ধাম অবশ্যই অতি রমণীয়, অতি স্নিগ্ধকারী, কল্পনা-তীত সুমধুরালোকে নিরন্তর আলোকিত।

শ্রুতি বলিয়াছেন, "ন তত্র সূর্য্যো ভাতি ন চন্দ্রতারকং নেমা বিদ্যুতো ভান্তি কুতোঽয়মগ্নিঃ। তমেব ভান্তমনুভাতি সর্ব্বং তস্য ভাসা সর্ব্বমিদং বিভাতি।" (কঠোপনিষৎ ৫ম বল্লী ১৫ শ্রুতি) ইহার ভাবার্থ যথা,

'তথায় সূর্য্য আলোক প্রদান করেন না, চন্দ্র বা তারকা তথায় প্রকাশিত হইতে সমর্থ হয় না ; সে স্থানে বিদ্যুতের তেজ প্রকাশিত হয় না, এই অগ্নি কিরূপে সেই স্থানকে প্রকাশিত করিবে ? সেই জ্যোতির্ম্ময় পুরুষের দীপ্তিতেই সকলে দীপ্তিমান, তাঁহারই জ্যোতি প্রাপ্ত হইয়া সকলে জ্যোতির্ম্ময়।

পূজ্যপাদ শ্রীমদ্রামানুজাচার্য্য বলিয়াছেন,কেবল জ্ঞানালোকেই সে স্থান উপলভ্য,বাহ্য কোন আলোকের সাহায্যে সেই স্থলের উপলব্ধি করিতে হয় না ; জ্ঞান বলে ক্রমশঃ হৃদয়ের অন্ধকার যতই ধ্বংস হইতে থাকে, ততই সেই পরম ধামের তত্ত্ব সম্পূর্ণরূপে বোধ বিষয়ীভূত হইতে থাকে।

পূজ্যপাদ শ্রীমদ্বিশ্বনাথ শ্রীভগবানের সেই বৈষ্ণবী ধামের তত্ত্ব পরিস্ফুট করিবার অভিপ্রায়ে নিম্নলিখিত হরিবংশীয় বচন উদ্ধৃত করিয়াছেন। "তৎপরং পরমং ব্রহ্ম সর্ব্বং বিভজতে জগৎ। মমৈব তদ্‌ঘনং তেজোজ্ঞাতু-মর্হসি ভারত ! ॥" (১৪ শ অধ্যায় ২৭ শ্লোকের তাৎপর্য্য দ্রষ্টব্য) ॥ ৬ ॥

——(•)——

মমৈবাংশো জীবলোকে জীবভূতঃ সনাতনঃ।
মনঃষষ্ঠানীন্দ্রিয়াণি প্রকৃতিস্থানি কর্ষতি ॥ ৭ ॥

অন্বয়।—মম (পরমাত্মনঃ) এব অয়ং সনাতনঃ (নিত্যঃ) অংশঃ জীবভূতঃ (জীবরূপঃ) [সন্] জীবলোকে (সংসারে) প্রকৃতিস্থানি (প্রকৃতৌ লীনরূপেণ স্থিতানি) মনঃষষ্ঠানি (মনঃ ষষ্ঠং যেষাং তানি) ইন্দ্রিয়াণি (শ্রোত্রাদীনি) কর্ষতি (আকর্ষতি) ॥ ৭ ॥

প্রতিশব্দ।—আমারই এই নিত্য অংশ জীবরূপী [হইয়া] সংসারে প্রকৃতিতে-লীন-রূপে-অবস্থিত মন-সংকৃত ইন্দ্রিয়-সমূহকে আকর্ষণ-করে ॥ ৭ ॥

ব্যাখ্যা।—পরমাত্মাস্বরূপ আমারই নিত্য অংশ জীবরূপে পরিণত হইয়া, প্রলয়ে প্রকৃতিতে লীনভাবে অবস্থিত মনের সহিত শ্রোত্রাদি ইন্দ্রিয়বর্গকে পুনর্ব্বার সংসারে বিষয় ভোগের নিমিত্ত আকর্ষণ করিয়া থাকে ॥ ৭ ॥

শঙ্করাচার্য্য।—নমু সর্ব্বা হি গতিরাগত্যন্তা সংযোগা বিপ্রযোগান্তা ইতি প্রসিদ্ধং হি কথমুচ্যতে, তদ্ধামগতানাং নাস্তি নিবৃত্তিরিতি শৃণু, তত্র কারণং মমৈবেতি। মমৈব পরমাত্মনো নারায়ণস্যাংশোভাগোঽবয়ব একদেশ ইত্যনর্থান্তরং জীবলোকে জীবানাং লোকে সংসারে জীবভূতঃ ভোক্তা কর্ত্তেতি প্রসিদ্ধঃ সনাতনঃ পুরাতনঃ যথা জলসূর্য্যকঃ সূর্য্যাংশোজলনিমিত্তাপায়ে সূর্য্যমেব গত্বা ন নিবর্ত্ততে, তথা অয়মপ্যংশঃ তেনৈবাত্মনা সংগচ্ছত্যেবমেব যথা বা ঘটাদ্যুপাধিপরিচ্ছিন্নো ঘটাদ্যাকাশঃ আকাশাংশঃ সন্ ঘটাদিনিমিত্তাপায়ে আকাশং প্রাপ্য ন নিবর্ত্তত ইত্যেবমত উপপন্নমুক্তং যদ্গত্বা ন নিবর্ত্তন্ত ইতি। নমু নিরবয়বস্য পরমাত্মনঃ কুতোঽবয়ব একদেশোঽংশ ইতি, সাবয়বত্বেচ বিনাশপ্রসঙ্গোঽবয়ববিভাগান্নৈষ দোষোঽবিদ্যাকৃতোপাধিপরিচ্ছিন্ন একদেশোঽংশ ইব কল্পিতো দর্শিতশ্চায়মর্থঃ ক্ষেত্রাধ্যায়ে বিস্তরশঃ। স চ জীবোমদংশত্বেন কল্পিতঃ কথং সংসরতীত্যুৎক্রমতীতি চেদুচ্যতে মনঃষষ্ঠানীন্দ্রিয়াণি শ্রোত্রাদীনি প্রকৃতিস্থানি স্বস্থানে কর্ণশষ্কুল্যাদৌ প্রকৃতৌ স্থিতানি কর্ষত্যাকর্ষতি॥ ৭॥

আনন্দগিরি।—তত্র প্রসিদ্ধং প্রমাণয়তি সংযোগা ইতি। গমনস্যাগমনান্তত্বপ্রসিদ্ধে-রপ্যুক্তং যদ্গত্বেত্যাদি ইত্যুপসংহরতি কথমিতি। আক্ষেপং পরিহরতি শৃণ্বিতি। ভগবৎপ্রাপ্তে-র্নিবৃত্তাভাবঃ সপ্তম্যর্থঃ। জীবস্য পরাংশত্বেঽপি কথমুক্তদোষসমাধিরিত্যাশঙ্ক্য প্রতিবিম্বপক্ষমাদায় দৃষ্টান্তেন প্রত্যাচষ্টে যথেতি। অবচ্ছেদপক্ষমাশ্রিত্য দৃষ্টান্তান্তরেণোক্তদোষসমাধিং দর্শয়তি যথা বেতি। আক্ষেপসমাধিমুপসংহরতি অতইতি। পরস্য নিরবয়বত্বাত্তদংশত্বং জীবস্যাযুক্তমিতি শঙ্কতে নন্বিতি। তস্য নিরবয়বত্বং সাধয়তি সাবয়বত্বে চেতি। বস্তুতোনিরংশস্যাপি পরস্য কল্পনয়া জীবোঽংশো ভবিষ্যতীতি পরিহরতি নৈষ দোষ ইতি বস্তুতস্তু জীবস্য নাংশত্বং পরমাত্মতা-বন্মাত্রতয়া দর্শিতত্বাদিত্যাহ দর্শিতশ্চেতি। যদি পরস্যাংশত্বেন কল্পিতো জীবো বস্তুতস্তদাত্মৈব ন তর্হি তস্য সংসারিত্বং উৎক্রান্তির্ব্বেতি শঙ্কতে কথমিতি। জীবস্য সংসরণমুৎক্রমণঞ্চোপপাদয়ি-তুমুপক্রমতে উচ্যতইতি॥ ৭॥

রামানুজ।—মমেতি। ইত্থমুক্তস্বরূপঃ সনাতনো মদংশএব সন্ কশ্চিদনাদিকর্ম্মরূপা-বিদ্যাবেষ্টনতিরোহিতস্বরূপো জীবভূতো জীবলোকে বর্ত্তমানো দেবমনুষ্যাদিপ্রকৃতিপরিণাম-বিশেষশরীরস্থানি মনঃ ষষ্ঠানীন্দ্রিয়াণি কর্ষতি কশ্চিচ্চ পূর্ব্বোক্তমার্গেণাস্যা অবিদ্যায়া মুক্তঃ স্বেন রূপেণাবতিষ্ঠতে। জীবভূতস্বতিসংকুচিতজ্ঞানৈশ্বর্য্যঃ কর্ম্মানুরূপপ্রকৃতিপরিণামবিশেষরূপ শরীর-স্থানাং ইন্দ্রিয়াণাং মনঃ ষষ্ঠানামীশ্বরস্তানি কর্ম্মানুগুণমিতস্ততঃ কর্ষতি॥ ৭॥

হনুমান্।—মমৈবাংশেত্যেকদেশোজীবঃ লোকে প্রাণিসমূহে জীবভূতঃ ক্ষেত্রজ্ঞঃ সনাতনঃ মনঃ ষষ্ঠং যেষাস্তানি বুদ্ধ্যাদীন্দ্রিয়াণি প্রকৃতৌ কারণে মায়ারূপে তিষ্ঠন্তীতি প্রকৃতি স্থিতানি শব্দাদি বিষয়োপলম্ভার্থং তদভিমুখং কুর্ব্বতি আকর্ষতি শ্রোত্রাদীনীন্দ্রিয়াণি শব্দাদি-ভির্ব্বিষয়ৈঃ যে চ কর্ষন্তীত্যর্থঃ॥ ৭॥

শ্রীধর।—নমু চ ত্বদীয়ং ধাম প্রাপ্তাঃ সন্তো যদি ন নিবর্ত্তন্তে,তর্হি "সতি সংপদ্য ন বিদুঃ সতি সংপদ্যাম" ইত্যাদি শ্রুতেঃ সুষুপ্তিপ্রলয়সময়ে তৎপ্রাপ্তিঃ সর্ব্বেষামস্তীতি কোনাম সংসারী

স্বাদিত্যাশঙ্ক্য সংসারিণং দর্শয়তি মমৈবেতি পঞ্চভিঃ। মমৈবাংশোঽয়মবিদ্যয়া জীবভূতঃ সনাতনঃ সর্ব্বদা সংসারিত্বেন প্রসিদ্ধঃ অসৌ সুষুপ্তিপ্রলয়য়োঃ প্রকৃতৌ লীনতয়া স্থিতানি মনঃ যষ্ঠং যেষাং তানীন্দ্রিয়াণি পুনর্জ্জীবলোকে সংসারোপভোগার্থমাকর্ষতি। এতচ্চ কর্ম্মেন্দ্রিয়াণাং প্রাণস্য চোপলক্ষণার্থং। অয়ম্ভাবঃ, সত্যং সুষুপ্তিপ্রলয়য়োরপি মদংশত্বাৎ সর্ব্বস্যাপি জীবমাত্রস্য ময়ি লয়াদস্ত্যেব মৎপ্রাপ্তিস্তথাপ্যবিদ্যাবৃতস্য সানুশয়স্য সপ্রকৃতিকে ময়ি লয়োন তু শুদ্ধে। তদুক্তং, "অব্যক্তাদ্ব্যক্তয়ঃ সর্ব্বাঃ প্রভবন্তী"ত্যাদিনা। অতঃ পুনঃ সংসারায় নির্গচ্ছন্নবিদ্বান্ প্রকৃতৌ লীনতয়া স্থিতানি স্বোপাধিভূতানীন্দ্রিয়াণ্যাকর্ষতি, বিদুষান্তু শুদ্ধস্বরূপপ্রাপ্তের্নাবৃত্তিরিতি ॥ ৭ ॥

বলদেব।—নমু ত্বৎপ্রপত্ত্যা যস্তৎপদং যাতি স জীবঃ ক ইত্যপেক্ষায়ামাহ মমৈবেতি। জীবঃ সর্ব্বেশ্বরস্য মমৈবাংশো ন তু ব্রহ্মরুদ্রাদেরীশ্বরস্য। স চ সনাতনো নিত্যো ন তু ঘটাকাশাদিবৎ কল্পিতঃ। স চ জীবলোকে প্রপঞ্চে স্থিতো মনঃষষ্ঠানীন্দ্রিয়াণি শ্রোত্রাদীনি কর্ষতি পাদাদিশৃঙ্খলা ইব বহতি। তানি কীদৃংশীত্যাহ প্রকৃতিস্থানি প্রকৃতিবিকারভূতাহঙ্কারকার্য্যাণী-ত্যর্থঃ। তত্র মনঃ সাত্ত্বিকাহঙ্কারস্য শ্রোত্রাদিকং তু রাজসাহঙ্কারস্য কার্য্যমিতি বোধ্যম্। ভগবৎ-প্রপত্ত্যা প্রাকৃতকরণহীনো ভগবল্লোকং গতস্তু ভাগবতৈর্দ্দেহকরণৈর্বিভূষণৈরিব বিশিষ্টো ভগবন্তং সংশ্রয়ন্ নিবসতীতি সূচ্যতে। "স বা এষ ব্রহ্মনিষ্ঠ ইদং শরীরং মর্ত্যমতিসৃজ্য ব্রহ্মাভিসংপদ্য ব্রহ্মণা পশ্যতি ব্রহ্মণা শৃণোতি ব্রহ্মণৈবেদং সর্ব্বমনুভবতীতি" মাধ্যন্দিনায়নশ্রুতেঃ। "বসন্তি যত্র পুরুষাঃ সর্ব্বে বৈকুণ্ঠমূর্ত্তয়" ইত্যাদি স্মৃতেশ্চ। ভগবৎসংকল্পসিদ্ধিচিদ্বিগ্রহস্তত্র ভবতীতি। যত্তু ঘটাকাশবজ্জলাকাশবদ্বা জীবো ব্রহ্মণোঽংশোঽন্তঃকরণেনাবচ্ছেদাত্তস্মিন্ প্রতিবিম্বনাশাদ্বা ঘটজল-নাশে তত্তদাকাশস্য শুদ্ধাকাশত্ববদন্তঃকরণনাশে জীবাংশস্য শুদ্ধব্রহ্মত্বমিতি বদন্তি ন তৎ সারম্। জীবভূতো মমাংশঃ সনাতন ইত্যুক্তিব্যাকোপাৎ। পরিচ্ছেদাদিবাদদ্বয়স্য দেহিনোঽস্মিন্ যথেত্যত্র প্রত্যাখ্যানাচ্চ প্রতিবিম্বসাদৃশ্যাত্তু তত্ত্বং মস্তবামম্বুবদধিকরণবিনির্ণয়াৎ। তস্মাদ্ব্রহ্মোপসর্জ্জনত্বং জীবস্য ব্রহ্মাংশত্বং বিধুমণ্ডলস্য শতাংশঃ শুক্রমণ্ডলমিত্যাদৌ দৃষ্টং চেদম্। একবস্ত্বেকদেশত্বং চাংশত্বমাহুঃ। ব্রহ্ম খলু শক্তিমদেকং বস্তু জীবো ব্রহ্মশক্তি "রিতস্ত্বন্যাং প্রকৃতিং বিদ্ধি মে পরাং জীবভূতামিতি" পূর্ব্বোক্তেঃ অতস্তদেকদেশাত্তদংশো জীবঃ ॥ ৭ ॥

মধুসূদন।—নমু যদ্গত্বা ন নিবর্ত্তন্ত ইত্যযুক্তং, যদি গচ্ছন্তি তর্হ্যাবর্ত্তন্তএব স্বর্গবৎ, অথ নাবর্ত্তন্তে তর্হি ন গচ্ছন্তি তেন গত্বেতি ন নিবর্ত্তন্ত ইতি চ পরস্পরবিরুদ্ধং "সর্ব্বে ক্ষয়ান্তা নিচয়াঃ পতনান্তাঃ সমুচ্ছ্রয়াঃ। সংযোগা বিপ্রয়োগান্তা মরণান্তং হি জীবিতং।" ইতি হি শাস্ত্রে লোকে চ প্রসিদ্ধং অনাত্মত্বাৎ প্রাপ্তিঃ পুনরাবৃত্তিপর্য্যবসানা ন ত্বাত্মপ্রাপ্তিরিতি চেৎ ন সুষুপ্তৌ "সতা সোম্য তদা সংপন্নোভবতি ইতি" শ্রুতিপ্রতিপাদিতায়া অপ্যাত্মপ্রাপ্তেঃ পুনরাবৃত্তিপর্য্যন্তত্বদর্শনাৎ, অন্যথা সুষুপ্তস্য মুক্তত্বেন পুনরুত্থানং ন স্যাৎ, তস্মাদাত্মপ্রাপ্তৌ গত্বেতি নোপপদ্যতে, তস্যৌপচারিকত্বে-ঽপ্যনিবৃত্তির্নোপপদ্যত ইত্যেবং প্রাপ্তে ব্রূমঃ, গন্তুর্জ্জীবস্য গন্তব্যব্রহ্মাভিন্নত্বাদ্গত্বেত্যৌপচারিকং অজ্ঞানমাত্রব্যবহিতস্য তস্য জ্ঞানমাত্রেণৈব প্রাপ্তিব্যপদেশাৎ। যদি ব্রহ্মণঃ প্রতিবিম্বোজীবস্তদা যথা জলপ্রতিবিম্বিতসূর্য্যস্য জলাপায়ে বিম্বভূতসূর্য্যগমনং ততোনাবৃত্তিশ্চ, যদি বুদ্ধ্যবচ্ছিন্নোব্রহ্ম-

ভাগোজীবস্তদা যথা ঘটাকাশস্য ঘটাপায়ে মহাকাশং প্রতি গমনং ততোনাবৃত্তিশ্চ তথা জীবস্যা-প্যুপাধ্যপায়ে নিরুপাধিস্বরূপগমনং, ততোনাবৃত্তিশ্চেত্যুপচারাদুচ্যতে, একস্বরূপত্বাদ্ভেদভ্রমস্য চোপাধিনিবৃত্ত্যা নিবৃত্তেঃ, সুষুপ্তৌ তু অজ্ঞানে স্বকারণে ভাবনা কর্ম্মপূর্ব্বপ্রজ্ঞাসহিতস্যান্তঃকরণস্য জীবোপাধেঃ সূক্ষ্মরূপেণাবস্থানাত্ততঃ এব জ্ঞানাৎ পুনরুদ্ভবঃ সম্ভবতি জ্ঞানাদজ্ঞাননিবৃত্তৌ তু কারণাভাবাৎ কুতঃ কার্য্যোদয়ঃ স্যাদজ্ঞানপ্রভবত্বাদন্তঃকরণাদ্যুপাধীনাং, তস্মাজ্জীবস্যাহং ব্রহ্মাস্মীতি বেদান্তবাক্যজন্যসাক্ষাৎকারাদহং ন ব্রহ্মেত্যজ্ঞাননিবৃত্তির্গমনমিত্যুচ্যতে, নিবৃত্তস্য চানাত্মং জ্ঞানস্য পুনরুত্থানাভাবেন তৎকার্য্যসংসারাভাবেন তৎকার্য্যসংসারাভাবেন ন নিবর্ত্তত ইত্যুচ্যত ইতি ন কোঽপি বিরোধঃ। জীবস্য তু পরমার্থিকং স্বরূপং ব্রহ্মৈবেত্যসকৃদাবেদিতং। তদেতৎ সর্ব্বং প্রতিপাদ্যত উত্তরেণ গ্রন্থেন। তত্র জীবস্য ব্রহ্মরূপত্বাদজ্ঞাননিবৃত্ত্যা তৎস্বরূপং প্রাপ্তস্য ততোন প্রচ্যুতিরিতি প্রতিপাদ্যতে মমৈবাংশ ইতি শ্লোকার্দ্ধেন। সুষুপ্তৌ তু সর্ব্বকার্য্যসংস্কার-সহিতাজ্ঞানসত্ত্বাত্ততঃ পুনঃ সংসারোজীবস্যেতি মনঃষষ্ঠানীতি শ্লোকার্দ্ধেন প্রতিপাদ্যতে। ততস্তস্য বস্তুতোঽসংসারিণোঽপি মায়য়া সংসারং প্রাপ্তস্য মন্দমতিভির্দ্দেহতাদাত্ম্যং প্রাপিতস্য দেহাদ্ব্যতিরেকঃ প্রতিপাদ্যতে শরীরমিত্যাদিনা শ্লোকার্দ্ধেন শ্রোত্রং চক্ষুরিত্যাদিনা তু যথাযথং স্ববিষয়েষ্বিন্দ্রিয়াণাং প্রবর্ত্তকস্য তস্য তেভ্যোব্যতিরেকঃ প্রতিপাদ্যতে এবং দেহেন্দ্রিয়াদিবিলক্ষণ-মুৎক্রান্ত্যাদিসময়ে স্বাত্মরূপত্বাৎ কিমিতি সর্ব্বে ন পশ্যন্তীত্যাশঙ্কায়াং বিষয়বিক্ষিপ্তচিত্তাদর্শন-যোগ্যমপি তং ন পশ্যন্তীত্যুত্তরমুচ্যতে উৎক্রামন্তমিত্যাদিনা শ্লোকেন। তং জ্ঞানচক্ষুষঃ পশ্যন্তীতি বিবৃতং যতন্তোযোগিন ইতি শ্লোকার্দ্ধেন। বিমূঢ়া নানুপশ্যন্তীত্যেতদ্বিবৃতং যতন্তোঽপীতি শ্লোকার্দ্ধেনেতি পঞ্চানাং শ্লোকানাং সংগতিঃ। ইদানীমক্ষরাণি ব্যাখ্যাস্যামঃ। মমৈব পরমাত্ম-নোঽংশঃ নিরংশস্যাপি মায়য়া কল্পিতঃ সূর্য্যস্যেব জলে নভস ইব চ ঘটে মৃষাভেদবানংশ ইবাংশোজীবলোকে সংসারে স চ প্রাণধারণোপাধিনা জীবভূতঃ কর্ত্তা ভোক্তা সংসারীতি মৃষৈব প্রসিদ্ধিমুপগতঃ সনাতনো নিত্যঃ উপাধিপরিচ্ছেদেঽপি বস্তুতঃ পরমাত্মস্বরূপত্বাৎ, অতোজ্ঞানাদ-জ্ঞাননিবৃত্ত্যা স্বস্বরূপং ব্রহ্ম প্রাপ্য ততোন নিবর্ত্তত ইতি যুক্তং এবম্ভূতোঽপি সুষুপ্ত্যাৎ কথমাবর্ত্তত ইত্যাহ মনঃ ষষ্ঠং যেষাং তানি শ্রোত্রত্বক্চক্ষুরসনঘ্রাণাখ্যানি পঞ্চ ইন্দ্রিয়াণি ইন্দ্রস্যাত্মনোবিষয়ো-পলব্ধিকরণতয়া লিঙ্গানি জাগ্রৎস্বপ্নভোগজনককর্ম্মক্ষয়ে প্রকৃতিস্থানি প্রকৃতাবজ্ঞানে সূক্ষ্মরূপেণ স্থিতানি পুনর্জাগ্রদ্ভোগজনককর্ম্মোদয়ে ভোগার্থং কর্ষতি কূর্ম্মোঽঙ্গানীব প্রকৃতেরজ্ঞানাদাকর্ষতি বিষয়গ্রহণযোগ্যতয়াবির্ভাবয়তীত্যর্থঃ, অতোজ্ঞানাদনাবৃত্তাবপ্যজ্ঞানাদাবৃত্তিরুপপন্নেতি ভাবঃ ॥৭॥

নীলকণ্ঠ ।—নমু যদি সূর্য্যাদ্যভাস্যজ্যোতিরূপত্বং ক্ষেত্রজ্ঞং চাপি মাং বিদ্ধীতি স্বস্যৈব ক্ষেত্রজ্ঞস্য সতঃ তব ঘটাদিপ্রকাশে কিমিতি সূর্য্যাদ্যপেক্ষা দৃশ্যতে নহি যঃ স্বয়ং জ্যোতীরূপঃ স্ববিষয়াবভাসনে জ্যোতিরন্তরমপেক্ষতে দীপাদিষ্বদর্শনাদিত্যাশঙ্ক্যাহ ত্রিভিঃ মমৈবেতি। যৎ যস্মাৎ ঈশ্বরোজগৎস্রষ্টা শরীরম্ অবাপ্নোতি স এব ইহ প্রবিষ্ট আনখাগ্রেভ্যঃ "তৎসৃষ্ট্বা তদেবানুপ্রাবিশ"দিত্যাদিশ্রুতিভ্যঃ ঈশ্বর এব শরীরধারী তথা যস্মাদ্ধেতোঃ অপি শব্দোঽবধার[illegible] চঃ সমুচ্চয়ার্থে, কস্মিন্ বাঽমুৎক্রান্ত উৎক্রান্তো ভবিষ্যামি কস্মিন্ বা প্রতিষ্ঠিতে প্রতিষ্ঠা[illegible]

তু "স প্রাণমসৃজতেতি" শ্রুতেঃ প্রাণধারণেনোপাধিনা ঈশ্বর এব চ উৎক্রামতি ততো হেতুদ্বয়াৎ জীবলোকে সংসারে যোজীবভূতঃ প্রাণী স সনাতনঃ সর্ব্বদৈকরূপোঽহমেবেতি বক্তব্যে যথাগ্নেঃ ক্ষুদ্রাবিস্ফুলিঙ্গা ব্যুচ্চরন্ত্যেবমেবৈতস্মাদাত্মনঃ সর্ব্ব এত আত্মানোব্যুচ্চরন্তীতি বহ্নিবিস্ফুলিঙ্গন্যায়েন মমৈবাংশ ইত্যংশাংশিভাবোক্তিঃ যদ্যপি বহ্নৌ ভেদঃ পরিমাণং চ স্বগতং ন দৃশ্যতে তথাপিতূপাধিগতমেব তদ্বদুভয়ং তত্রাপ্যুপচর্য্যতে অয়মস্মাদগ্নের্ভিন্নঃ অয়মস্য স্ফুলিঙ্গ ইতি অস্মাদল্প ইতি এবমস্থূলমনণ্বহ্রস্বমদীর্ঘমিতি শ্রুতেশ্চতুর্ব্বিধ পরিমাণশূন্যে ব্রহ্মণি মমৈবাংশ ইতি অংশাংশিভাবেন ভেদোঽল্পমহত্ত্বেচোপচারাদৌপাধিকে ধ্যেয়ে, তথাচ শ্রুতিঃ, "বুদ্ধের্গুণেনাত্মগুণেন চৈবহ্যারাগ্রমাত্রোহ্যবরোঽপি দৃষ্ট" ইতি সমঃ প্লুষিণাসমো মশকেন সমো নাগেন সম এভিস্ত্রিভি র্লোকৈরিতি চ যথা চ বিস্ফুলিঙ্গোবহ্নিরেব নতু বহ্ন্যংশঃ এবং জীবোঽপি ব্রহ্মৈব নতু ব্রহ্মাংশঃ ব্রহ্মদাসা ব্রহ্মৈমেকিত বা উতেতি দাসাদিষ্বপি পিণ্ডেষু গোত্বস্যেব কার্ৎস্ন্যেন একৈকস্মিন্ ব্রহ্মভাবপরিসমাপ্তি দর্শনাৎ নিরংশোঽশাংশিকল্পনায়া অযোগাচ্চ স এবং জীবভূত এব ঈশ্বরোমমৈবাংশোরূপভেদো মনঃ ষষ্ঠং যেষু তানি মনসা সহ ষড়িন্দ্রিয়াণি প্রকৃতিস্থানি ইন্দ্রিয়াণ্যাং স্বভাববিষয়প্রাবণ্যং তত্র স্থিতানি সুপ্তিপ্রলয়সমাধিকালেষু সঙ্কোচয়তি ॥ ৭ ॥

বিশ্বনাথ।—তদ্ভক্ত্যা সংসারমতিক্রাম্যংস্তৎপদগামী জীবঃ কঃ ইত্যপেক্ষায়ামাহ মমৈবাংশ ইতি। যদুক্তং বারাহে। "স্বাংশশ্চাথবিভিন্নাংশ ইতি দ্বেধাংশমিষ্যতে। বিভিন্নাংশস্তুজীবঃ স্যাদিতি।" সনাতনো নিত্যঃ সচ বদ্ধদশায়াং মন এব ষষ্ঠ যেষাং তানীন্দ্রিয়াণি তাবুপাধৌ স্থিতানি কর্ষতি মমৈবৈতানীতি স্বীয়ত্বাভিমানেন গৃহীতাং পাদগলশৃঙ্খলামিব কর্ষতি ॥ ৭ ॥

তাৎপর্য্য।—পূর্ব্ব শ্লোকে কথিত হইয়াছে যে, সেই পরম ধামে গমন করিলে আর পুনরাবর্ত্তন হয় না। এ কথা আপাততঃ অসঙ্গত বলিয়া মনে হইতে পারে। যদি মনুষ্য তথায় গমন করে স্বীকার করা যায়, তাহা হইলে তাহার আগমনও স্বীকার করিতে হইবে। মনুষ্য কর্ম্মফলে স্বর্গলোকে গমন করে। সঞ্চিত পুণ্যানুরূপ ভোগ সমাপ্ত হইলে তাহার পুনরাবর্ত্তন ঘটে। যদি পুনরাবর্ত্তন সম্ভব না হয়, তাহা হইলে গমনও সম্ভব হয় না। সুতরাং মনে হইতে পারে, এ স্থলে পরস্পর বিরুদ্ধ উক্তি প্রকটিত হইয়াছে। শাস্ত্রাদিতে স্বীকৃত হইয়াছে যে, "সর্ব্বে ক্ষয়ান্তা নিচয়াঃ পতনান্তাঃ সমুচ্ছ্রয়াঃ। সংযোগা বিপ্রযোগান্তা মরণান্তং হি জীবিতং।" ইহার ভাবার্থ এই যে, 'সকল পদার্থেরই ক্ষয় হয়, সকল ঊর্দ্ধগতিই পতনে অবসিত হয়, পদার্থ পুঞ্জের সংযোগের বিয়োগই পরিণাম, এবং জীবিতের মরণই অন্ত।' এইরূপ সংস্কার লোক প্রসিদ্ধ। অতএব সকল প্রকার গমনই পুনরাগমন-

শীল। তবে পরমধাম গতগণের পুনরাবৃত্তি নাই, এই ভগবদুক্তির সার্থকতা কি? এই তত্ত্ব প্রতিপাদন করিবার নিমিত্ত এবং লোকের হৃদয় হইতে এই সন্দেহ অপনোদিত করিবার অভিপ্রায়ে ভগবান্ এই শ্লোকের অবতারণা করিয়াছেন।

এই জীবলোকে অসংখ্য প্রকার জীব পরিদৃষ্ট হইয়া থাকে। কেহ বা হস্ত পদাদি সম্পন্ন, কেহ বা হস্ত পদাদি বিহীন, কেহ বা বিবেকবুদ্ধি বিভূষিত, কেহ বা কেবল মাত্র অজ্ঞানাচ্ছন্ন, কেহ বা ভবিষ্যৎ চিন্তা যুক্ত, কেহ বা বর্ত্তমানের ভাবনায় প্রবৃত্ত। দ্বিপদ, চতুষ্পদ, সরীসৃপ, বিহঙ্গম, জলচর ইত্যাদি ভেদে জীব অসংখ্য; কিন্তু এই কল্পনাতীত বহু ভাবাপন্ন জীব সমূহ বস্তুতঃ সেই ব্রহ্মাণ্ডেশ্বর পূর্ণ পুরুষেরই একাংশ স্বরূপ। সৃষ্টির প্রারম্ভ কাল হইতে, মনুষ্যজ্ঞানের ও নির্দ্ধারণের সম্ভাবনাতীত প্রথম সূচনা কাল হইতেই পরমাত্মার অংশাবলম্বনে জীবলোকের জীবন প্রবাহ অব্যাহত গতিতে চলিয়া আসিতেছে। এক যাইতেছে, তৎক্ষণাৎ অপর এক তাহার স্থান অধিকার করিতেছে। এক অনন্ত কাল-সাগরে অদৃশ্য হইতেছে, সঙ্গে সঙ্গেই অপর এক মস্তকোত্তোলন করিয়া দেখা দিতেছে। এইরূপে সনাতন সৃষ্টিচক্রে আবদ্ধ জীব প্রবাহ পূর্ণ পুরুষের অংশ মাত্র অবলম্বন করিয়া অবিরত প্রবাহিত হইতেছে। এ স্থলে আশঙ্কা হইতে পারে যে, অখণ্ড অচ্ছেদ্য অবিভাজ্য পরমাত্মার অংশ স্বরূপে এই জীব আবির্ভূত হইল কিরূপে? তদুত্তরে ইহাই কথিত হইতেছে যে, পরমার্থতঃ পরমাত্মার কোনই অংশ নাই। আকাশ যেমন এক হইলেও ভিন্ন ভিন্ন পাত্রগত হইয়া কখনও ঘটাকাশ, কখনও জলাকাশ রূপে প্রতীত হইয়া থাকেন, তদ্রূপ এক অবিচ্ছিন্ন পরমাত্মাও ভিন্ন ভিন্ন পাত্রে ভিন্ন ভিন্ন রূপে উপলব্ধ হইয়া থাকেন। ঘট ভাঙ্গিলে, ভাণ্ড নষ্ট হইলে, যেমন তন্মধ্যস্থ আকাশ মহাকাশেই মিশিয়া যায়, তদ্রূপ জ্ঞানোদয়ে আত্মবোধ জন্মিলে জীবাত্মা পরমাত্মার সহিত মিলিত হইয়া থাকেন। যেমন অনন্তরূপ আকাশ বিশেষরূপ মেঘের সহিত সম্মিলন হেতু কখন বা কৃষ্ণ কখন বা শ্বেত এবং কখন বা রক্তরূপে পরিদৃষ্ট হইয়া থাকে, তদ্রূপ পরমাত্মা ভিন্ন ভিন্ন জীবের সহিত সম্মিলন হেতু ভিন্ন ভিন্ন উপাধিতে অবভাসিত হন। যতক্ষণ প্রকৃত আত্মবোধ উপজাত না হয়, যতক্ষণ সংসারের অসত্যতা ও অসারত্ব উপলব্ধি

জনিত সম্যক্ ব্রহ্ম জ্ঞানের সমুদ্ভব না হয়; ততক্ষণ জীবাত্মার মুক্তি সম্ভবে না। ততক্ষণ তাহার গমনাগমন নিবারণের কোনই উপায় নাই, ততক্ষণ তাহাকে গমন করিলেও প্রত্যাগমন করিতে হয়। এই তত্ত্বই এই শ্লোকে পরিব্যক্ত হইয়াছে।

সত্য বটে, প্রলয়ে সকল জীবই ব্রহ্মপদে গমন করিবে, কিন্তু জ্ঞান বিরহিত জীবের তদানীন্তন ব্রহ্ম প্রাপ্তি তাহার পুনরাগমন নিবৃত্তির হেতুভূত হইবে না। সৃষ্টির প্রাক্কালে তাহাকে পুনরায় সংসারবদ্ধ হইতে হইবে। সমালোচ্য শ্লোকের দ্বিতীয়াংশে এই তত্ত্ব পরিব্যক্ত হইয়াছে। জীবের দেহ নষ্ট হইলেও তাহার পঞ্চেন্দ্রিয় ও ষষ্ঠ মন প্রকৃতিতে লীন হইয়া থাকে। পুনঃ সৃষ্টির প্রারম্ভ কালে তৎসমস্ত জীবাত্মাকে আকর্ষণ করিয়া পুনরায় জীবরূপে সৃষ্টি প্রবাহের অনুসরণ ক্রমে যাতায়াত করিতে প্রবৃত্ত হয়। প্রকৃতিতে লীন মন ও ইন্দ্রিয় সমূহ স্ব স্ব সামর্থ্য ও উপযোগিতানুসারে পরমাত্মা হইতে যথোপযুক্ত চিৎশক্তি আহরণ করে। এই সকল তত্ত্ব ক্ষেত্রাধ্যায়ে বিশেষরূপে আলোচিত হইয়াছে। বৈষম্যপ্রাপ্ত সত্ত্ব রজঃ ও তমো গুণের সহিত আকৃষ্ট চিৎশক্তি বা পরমাত্মার অংশ মন ও ইন্দ্রিয় গ্রামের সহিত সম্মিলন জীবের পুনরাবর্ত্তনের সূত্রপাত করিয়া দেয়।

এতাবতা ইহাই সিদ্ধ হইতেছে যে, যখন পূর্ণ জ্ঞানের আবির্ভাবে অজ্ঞান সমূহ তিরোহিত হইয়া যায়, যখন বিবেক সহকৃত ব্রহ্মাববোধ হেতু ইন্দ্রিয় সমূহ সম্পূর্ণরূপে স্ব স্ব কার্য্যসাধনে বিরত হয়, যখন মন একান্তভাবে অবিচ্ছিন্নরূপে ব্রহ্মেই লীন হয়, তখন সেই মুক্ত জীবের গমনের পর আর পুনরাগমনের সম্ভাবনা থাকে না। নভোমণ্ডলে সূর্য্য প্রকটিত হইয়া থাকেন, সুদূরস্থিত জলাশয় সেই সূর্য্যের প্রতিবিম্ব ধারণ করিয়া থাকে। জল যখন শুষ্ক হইয়া যায়, অথবা সে আধার হইতে নির্ম্মুক্ত হয়, তখন সেই জলাশয়ে সূর্য্যের প্রতিবিম্ব আর প্রতিভাত হয় না। যে সূর্য্যের সেই প্রতিবিম্ব, সেই সূর্য্যেই তাহা ফিরিয়া আইসে। এইরূপে বুঝিতে হইবে যে, যে সকল উপাদান সম্মিলিত হইয়া জীব ও ব্রহ্মের স্বাতন্ত্র প্রতিপাদন করিতেছিল, যে যে কারণে জীব নানা প্রকারে ব্রহ্মের বিবিধ উপাধি সংঘটন করিতেছিল, সেই সেই উপাদান ধ্বংস হইলে, এবং সেই সেই কারণ নিঃশেষে অপগত হইলে ব্রহ্মের স্বাতন্ত্র তিরোহিত হইয়া যায় এবং

তখন জীবাত্মা ও পরমাত্মার একান্ত মিলন ঘটে। সেই অবস্থা প্রাপ্তি না হইলে জীবের গমনাগমন অপরিহার্য্য। অতএব পূর্ব্ব শ্লোকে "যদ্গত্বা ন নিবর্ত্তন্তে" এই উক্তি এ স্থলে সপ্রমাণ হইল।

এই শ্লোকোপলক্ষ্যে পূজ্যপাদ শ্রীমদ্বলদেব বলিয়াছেন, যাহারা পরম পদ প্রাপ্ত হয়, সে জীব কাহারা ? এইরূপ আশঙ্কিত প্রশ্নের উত্তর এই শ্লোকে প্রদত্ত হইতেছে। সেই জীব সর্ব্বেশ্বর স্বরূপ শ্রীভগবানেরই অংশ, ব্রহ্মারুদ্রাদি ঈশ্বরের অংশ নহে। সেই জীব সনাতন অর্থাৎ নিত্য ; ঘটের মধ্যস্থিত আকাশ প্রকৃত মহাকাশের অংশ হইলেও যেরূপ কল্পিত ঘটাকাশ নাম প্রাপ্ত হয়, জীব সেরূপ সর্ব্বেশ্বরের কল্পিত অংশ নহে। সেই জীব এই পঞ্চ ভূতময় জীবলোকে অবস্থিত হইয়া, লোকে যেরূপ চরণাদিতে শৃঙ্খল বহন করিয়া থাকে, তদ্রূপ এই ইন্দ্রিয় পঞ্চককে এবং ষষ্ঠ স্থানীয় মনকে আকর্ষণ করে। সেই ইন্দ্রিয় নিচয় ও মন কি ভাবে অবস্থিত থাকে, ইহাই বুঝাইবার নিমিত্ত মূলে "প্রকৃতিস্থানি" প্রযুক্ত হইয়াছে। অর্থাৎ তৎসমস্ত প্রকৃতিতে অধিষ্ঠিত থাকে ; প্রকৃতির বিকারভূত অহঙ্কারেরই তৎসমস্ত কার্য্য স্বরূপ। তন্মধ্যে মন সাত্ত্বিক অহঙ্কারের কার্য্য, এবং শ্রোত্রাদি ইন্দ্রিয় সমূহ রাজস অহঙ্কারের কার্য্য স্বরূপ। ভগবানের শরণাগত হইয়া প্রাকৃত ইন্দ্রিয়াদি পরিশূন্য ব্যক্তি ভগবদ্ধামে ভগবৎ সান্নিধ্যে গমন করিয়া ভাগবতদেহ ভাগবত ইন্দ্রিয়াদির দ্বারা বিভূষিত হইয়া ভগবল্লোকেই বাস করে ইহাই সূচিত হইতেছে। মাধ্যন্দিনায়ন শ্রুতিতে উক্ত হইয়াছে যে, "সবা এষ ব্রহ্মনিষ্ঠ ইদং শরীরং মর্ত্ত্যমতিসৃজ্য ব্রহ্মাভিসংপদ্য ব্রহ্মণা পশ্যতি ব্রহ্মণা শৃণোতি ব্রহ্মণৈবেদং সর্ব্বমনুভবতি।" ইহার ভাবার্থ যথা ; 'সেই ব্রহ্মনিষ্ঠ পুরুষ এই মর্ত্ত্য অর্থাৎ পার্থিব কলেবর পরিহার করিয়া ব্রহ্মকে প্রাপ্ত হইয়া ব্রহ্ম দ্বারাই দর্শন করেন, ব্রহ্ম দ্বারাই এই সমস্ত ব্যাপার অনুভব করিয়া থাকেন।' এই শ্রৌত বাক্যের অভিপ্রায় এই যে, ব্রহ্মপরায়ণ সাধু এই নশ্বর দেহ ও তৎসহ তৎসংশ্লিষ্ট ইন্দ্রিয় গ্রাম ও বিষয়সমূহ বিসর্জ্জন দিয়া ব্রহ্মকেই প্রাপ্ত হইয়া থাকেন। তখন তাঁহার স্বতন্ত্র ইন্দ্রিয়ের সাহায্য আবশ্যক হয় না, তখন ব্রহ্মকেই অবলম্বন করিয়া তাঁহার দর্শন শ্রবণাদি কার্য্য এবং চরাচর সমস্ত ব্যাপারের অনুভূতি নির্ব্বাহিত হইয়া থাকে। স্মৃতিশাস্ত্রেও কথিত হইয়াছে যে, "বসন্তি

যত্র পুরুষাঃ সর্ব্বে বৈকুণ্ঠমূর্ত্তয়ঃ।" অর্থাৎ 'পুরুষেরা সেই স্থানে বৈকুণ্ঠমূর্ত্তি পরিগ্রহ করিয়া বাস করেন, অর্থাৎ ভক্তি প্রভাবে, আত্মজ্ঞানের প্রাবল্যে াধক পুরুষেরা এই ভূতময় দেহ পরিত্যাগ করিয়া বৈকুণ্ঠধামে গমন রেন এবং তথায় বৈকুণ্ঠ মূর্ত্তি ধারণ করিয়া পরমানন্দে কালপাত করেন। স্থলে ব্যক্তব্য যে, অদ্বৈতবাদিগণ এ সম্বন্ধে যে মত সমর্থন করিয়া াকেন, তাহা সারগর্ভ নহে। তাঁহাদিগের মতে জীব সাক্ষাৎ সম্বন্ধে ব্রহ্মের অংশস্বরূপ, এবং ঘটাকাশ জলাকাশ বা জল মধ্যস্থিত সূর্য্য প্রতি-বিম্ব রূপে ব্রহ্ম হইতে বিচ্ছিন্ন মাত্র। ঘটের নাশ হইলেই ঘটাকাশ যেরূপে মহাকাশে মিলিত হয়; জল নাশ হইলে তন্মধ্যস্থ সৌর প্রতিবিম্ব স্বরূপ সূর্য্য মণ্ডলে মিশিয়া যায়, দেহ নাশ হইলে জীবও সেইরূপে শুদ্ধ ব্রহ্ম মিলিত হয়। এইরূপ সিদ্ধান্ত অসার। কারণ এই শ্লোকেই ভগ-বান্ বলিতেছেন, "জীবভূতো মমৈবাংশঃ সনাতনঃ" এই বাক্যে ইহাই সূচিত হইতেছে যে, জীব অনাদি কাল হইতে নিত্যভাবে ব্রহ্মের অংশরূপে অবস্থিত। তাহা আবির্ভূত হয় না এবং অংশরূপে পুনর্ব্বার ব্রহ্মে মিলিত হয় না। "দেহিনোঽস্মিন্ যথা দেহে" (২য় অধ্যায় ১৩ শ্লোক) এই স্থলেও এ বিষয়ের বিস্তারিত আলোচনা আছে।

পূজ্যপাদ শ্রীমদ্বিশ্বনাথ এই স্থলে বরাহ পুরাণের এক অনুকূল উক্তি উদ্ধৃত করিয়াছেন। তদ্‌যথা; "স্বাংশশ্চাথ বিভিন্নাংশ ইতি দ্বেধায়-মিষ্যতে। বিভিন্নাংশস্তু জীবঃ স্যাৎ" ইহার ভাবার্থ যথা; 'স্বকীয় অংশ-অনন্তর বিভিন্ন অংশ ভগবানের এই দুই প্রকার ভাগের বিষয় কীর্ত্তিত হইয়া থাকে। তন্মধ্যে বিভিন্ন অংশই জীবরূপে আবির্ভূত হয় ॥ ৭ ॥

——(•)——

শরীরং যদবাপ্নোতি যচ্চাপ্যুৎক্রামতীশ্বরঃ।
গৃহীত্বৈতানি সংযাতি বায়ুর্গন্ধানিবাশয়াৎ ॥ ৮ ॥

অন্বয়।—ঈশ্বরঃ (দেহাদীনাং স্বামী) যৎ (যদা) শরীরং অবা-প্নোতি (গৃহ্নাতি) যৎ (যস্মাৎ) চ অপি উৎক্রামতি (নির্গচ্ছতি)

বায়ুঃ আশয়াৎ (পুষ্পকোষাৎ) গন্ধান্ ইব এতানি (ইন্দ্রিয়াণি) গৃহীত্বা সংযাতি (সংগচ্ছ'ত ॥ ৮ ॥

প্রতিশব্দ।—ঈশ্বর যে-সময় শরীরকে গ্রহণ-করে, যাহা-হইতে নির্গমন-করে, বায়ু পুষ্প-হইতে গন্ধের ন্যায় এই-সকলকে গ্রহণ-করিয়া গমন-করে ॥ ৮ ॥

ব্যাখ্যা।—দেহেন্দ্রিয়াদিপতি জীব যৎকালে এই শরীরকে গ্রহণ করেন এবং যে সময়ে ইহাকে পরিত্যাগ করেন, তৎকালে বায়ু যেমন পুষ্পকোষ হইতে গন্ধ গ্রহণ করিয়া প্রস্থান করে, তদ্রূপ জীবও মনসহকৃত ইন্দ্রিয়গ্রামকে আকর্ষণ করিয়া গমন করেন ॥ ৮ ॥

শঙ্করাচার্য্য ;—কস্মিন্ কালে শরীরমিতি। যচ্চাপি যদা চাপ্যুৎক্রামতীশ্বরোদেহাদি-সংঘাতস্বামী জীবস্তদা কর্ষতীতি শ্লোকস্থ দ্বিতীয়পাদোঽর্থবশাৎ প্রাথম্যেন সম্বধ্যতে, যদা চ পূর্ব্বস্মাৎ শরীরাৎ শরীরান্তরমাপ্নোতি, তদা গৃহীত্বৈতানি মনঃষষ্ঠানীন্দ্রিয়াণি সংযাতি সম্যক্ যাতি গচ্ছতি কিমিবেত্যাহ বায়ুঃ পবনো গন্ধানিবাশয়াৎ পুষ্পাদেঃ ॥ ৮ ॥

আনন্দগিরি।—স্বস্থানে স্থিতানামিন্দ্রিয়াণাং জীবেনাকর্ষণস্য কালং পৃচ্ছতি কস্মিন্নিতি। জীবস্যোৎক্রান্তিস্থিনে স্বরস্যেত্যাশঙ্ক্যেশ্বরশব্দার্থমাহ দেহাদীতি। উৎক্রান্ত্যনন্তরভাবিনী গতিরিত্যে-তদর্থবশাদিত্যুক্তং। অবশিষ্টানি শ্লোকাক্ষরাণ্যাচষ্টে যদাচেতি ॥ ৮ ॥

রামানুজ।—শরীরমিতি। যচ্ছরীরমবাপ্নোতি যস্মাচ্ছরীরাদুৎক্রামতি তত্রায়মিন্দ্রি-য়াণামীশ্বরঃ এতানীন্দ্রিয়াণি ভূতসূক্ষ্মৈঃ সহ গৃহীত্বা সংযাতি বায়ুর্গন্ধানিবাশয়াৎ যথা বায়ুঃ স্রক্চন্দনকস্তুরিকাদ্যাশয়াৎ তৎস্থানাৎ সূক্ষ্মাবয়বৈঃ সহ গন্ধান্ গৃহীত্বা অন্যত্র সংযাতি তদ্-দিত্যর্থঃ ॥ ৮ ॥

হনুমান্।—শরীরং যদবাপ্নোতি প্রাপ্নোতি যচ্চাপি যদাচ প্রাপ্তং উৎক্রামতি গচ্ছতীশ্বরঃ স্বপুরস্বামী ক্ষেত্রজ্ঞঃ তদা যাতীতি বক্ষ্যমাণানীন্দ্রিয়াণি গৃহীত্বা তং যাতি বায়ুরাশয়াৎ গন্ধানিব তানি ॥ ৮ ॥

শ্রীধর।—তাগুক্রিয়া কিং করোতীত্যাহ শরীরমিতি। যং যদা শরীরান্তরং কর্ম্ম-বশাদবাপ্নোতি যতশ্চ শরীরাদুৎক্রামতি ঈশ্বরোদেহাদীনাং স্বামী, তদা পূর্ব্বস্মাৎ শরীরাদেতানি গৃহীত্বা তচ্ছরীরান্তরং সম্যগ্যাতি, শরীরে সত্যপি ইন্দ্রিয়গ্রহণে দৃষ্টান্তঃ আশয়াৎ স্বস্থানাৎ কুসুমাদেঃ সকাশাৎ গন্ধান্ গন্ধবতঃ সূক্ষ্মানংশান্ গৃহীত্বা বায়ুর্যথা গচ্ছতি তদ্বৎ ॥ ৮ ॥

বলদেব।—জীবলোকে স্থিত ইন্দ্রিয়াণি কর্ষতীত্যুক্তং তৎ প্রদিদেশেভিঃ শরীরমিতি। ঈশ্বরঃ শরীরেন্দ্রিয়াণাং স্বামী জীবো যদ্ যদা পূর্ব্বশরীরাদন্যচ্ছরীরমবাপ্নো

উৎক্রামতি তদৈতানীন্দ্রিয়াণি ভূতসূক্ষ্মৈঃ সহ গৃহীত্বা যাতি আশয়াৎ পুষ্পকোশাদ্ গন্ধান্ গৃহীত্বা বায়ুরিব স যথান্যত্র যাতি তদ্বৎ ॥ ৮ ॥

মধুসূদন।—কস্মিন্ কালে কর্ষতীত্যুচ্যতে যৎ যদা উৎক্রামতি বহির্নির্গচ্ছতি ঈশ্বরো দেহেন্দ্রিয়সংঘাতস্য স্বামী জীবঃ তদা যতোদেহাদুৎক্রামতি ততোমনঃষষ্ঠানীন্দ্রিয়াণি কর্ষতীতি দ্বিতীয়পদস্য প্রথমমন্বয়ঃ উৎক্রমণোত্তরভাবিত্বাদ্গমনস্য, ন কেবলং কর্ষত্যেব কিন্তু যৎ যদা চ পূর্ব্বস্মাচ্ছরীরান্তরমবাপ্নোতি তদৈতানি মনঃষষ্ঠানীন্দ্রিয়াণি গৃহীত্বা সংযাত্যপি সম্যক্ পুনরাগমনরাহিত্যেন গচ্ছত্যপি শরীরে সত্যেবেন্দ্রিয়গ্রহণে দৃষ্টান্তঃ আশয়াৎ কুসুমাদেঃ স্থানাৎ গন্ধাত্মকান্ সূক্ষ্মানংশান্ গৃহীত্বা যথা বায়ুর্যাতি তদ্বৎ ॥ ৮ ॥

নীলকণ্ঠ।—তদৈতান্যেব আশয়াৎ স্বলয়স্থানাৎ গৃহীত্বা সংযাতি বিষয়দেশং প্রতিগচ্ছতি প্রবোধসর্গব্যুত্থানকালেষু, তত্র দৃষ্টান্তঃ বায়ুর্গন্ধানিবাশয়াৎ গন্ধাশয়াৎ পুষ্পাৎ ॥ ৮ ॥

বিশ্বনাথ।—তান্যাকৃষ্য কিংকরোতীত্যপেক্ষায়ামাহ শরীরমিতি। যং স্থূলশরীরং কর্ম্মবশাদবাপ্নোতি যচ্চ যস্মাচ্চ শরীরাদুৎক্রামতি নিষ্ক্রামতি ঈশ্বরঃ দেহেন্দ্রিয়াণাং স্বামী জীবঃ যস্মাত্তত্র এতানীন্দ্রিয়াণি ভূতসূক্ষ্মৈঃ সহ গৃহীত্বৈব সংযাতি বায়ুর্গন্ধানিবেতি বায়ুর্যথা আশয়াৎ গন্ধাশ্রয়াৎ স্রক্‌চন্দনাদেঃ সকাশাৎ সূক্ষ্মাবয়বৈঃ সহ গন্ধান্ গৃহীত্বা অন্যত্র যাতি তদ্বদিত্যর্থঃ ॥ ৮ ॥

তাৎপর্য্য।—কখন কিরূপে মন ও ইন্দ্রিয় সমূহকে আকর্ষণ করিয়া জীব পুনরায় দেহ সংবদ্ধ হয়, এবং কিরূপেই বা বর্ত্তমান দেহের সহিত সম্বন্ধ পরিত্যাগ করে, তাহাই এই শ্লোকে পরিব্যক্ত হইতেছে। মরণের পর অর্থাৎ দেহনাশ ঘটিলে জীব নূতন দেহকে আশ্রয় করে। যে অভিনব কলেবর তখন সে প্রাপ্ত হয়, তাহার সহিত তাহার পূর্ব্বাবস্থার মন ও ইন্দ্রিয় সংযুক্ত হইয়া থাকে। এই দেহ হইতে দেহের ঈশ্বরস্বরূপ জীব যখন প্রস্থান করেন, তখন মন এবং ইন্দ্রিয় নিচয়ও তাঁহার অনুসরণ করে। যখন পুনর্ব্বার জীব নব শরীর পরিগ্রহ করেন জীব তখন তাহাদিগকে পুনরাকর্ষণ করিয়া থাকেন। অর্থাৎ পূর্ব্ব ইন্দ্রিয় ও মন নবীন দেহকে আশ্রয় করে। এই গভীর বিষয় পরিস্ফুট করিবার নিমিত্ত এইশ্লোকে একটী অতি মনোহর দৃষ্টান্তের অবতারণা করিয়াছেন। বায়ু বিভিন্ন স্থান হইতে অনায়াসেই তত্রত্য গন্ধ আহরণ করিয়া থাকে। বায়ুর ইচ্ছা না থাকিলেও আবশ্যক না থাকিলেও বিবিধ কুসুমের হৃদয়হারী গন্ধ অথবা গলিত পূতি পদার্থের ন্যক্কারজনক-ঘ্রাণ স্বতই বায়ুর সহিত মিলিত হয়, কিন্তু যে যে স্থান হইতে পূতি (গন্ধাতি) হরিত হয়, সেই স্থান সমূহ বা আধার সমূহ বায়ুর সহিত

গমন করে না। তদ্রূপ দেহ হইতে উৎক্রান্তি কালে জীবের এই শরীর নিঃসম্পর্কিত ভাবে পতিত থাকিলেও জীব অনায়াসেই মন ও ইন্দ্রিয় সমূহকে তন্মধ্য হইতে আকর্ষণ করিতে সমর্থ হয়। পরে যে দেহ জীবকে অবলম্বন করিতে হয়, আকৃষ্ট মন ও ইন্দ্রিয় সেই দেহেও জীবের সঙ্গে সঙ্গে প্রবেশ করে।

দেহের বারংবার মৃত্যু ঘটে অর্থাৎ পুনঃ পুনঃ দেহ হইতে জীব বিযুক্ত বা উৎক্রান্ত হইয়া থাকে, কিন্তু সঙ্গে সঙ্গেই অথবা যথোচিত কালাত্যয়ে সেই জীবকে পুনরাগমন অর্থাৎ নূতন দেহাশ্রয় করিতে হয়। জীবন কালে জীব মনকে যেরূপে উন্নত করিতে সক্ষম হয়, অর্থাৎ জ্ঞান ভক্তি বিবেক প্রভৃতি সাধনার দ্বারা জীব যতদূর পর্য্যন্ত উন্নতির অভিমুখে অগ্রসর হয়, তাহার জন্মান্তরও তদনুরূপ হইয়া থাকে। এই জন্যই জীবনকাল অনর্থক বৃথা কর্ম্মে ব্যয় না করিয়া বিহিত মার্গের অনুসরণে চিত্তোন্নতির ব্যবস্থা করা আবশ্যক।

জীবের উৎক্রান্তি কিরূপে হয়, উৎক্রান্তির পর জীবের কিরূপ গতি হয়, অনন্তর কিরূপ ভোগের পর কি ভাবে এবং কি উপায়ে জীবকে পুনরাবর্ত্তিত হইতে হয়, তাহা এই গ্রন্থের দ্বিতীয় ষট্‌কে বিশেষরূপে আলোচিত হইয়াছে। (৮ম অধ্যায় ২৩।২৪।২৬ শ্লোকের তাৎপর্য্য দ্রষ্টব্য)

বেদান্ত শাস্ত্রে এই সকল ব্যাপার অতি বিশদরূপে ব্যাখ্যাত হইয়াছে। যথা "তদোকোঽগ্রজ্বলনং তৎপ্রকাশিতদ্বারো বিদ্যা সামর্থ্যাত্তচ্ছেষগত্যনুস্মৃতিযোগাচ্চ হার্দ্দানুগৃহীত শতাধিকয়া।" (বেদান্তদর্শন ৪র্থ অধ্যায় ২ য় পাদ ১৭ সূত্র) এই সূত্রের অর্থ বিশদরূপে বুঝাইবার অভিপ্রায়ে এ স্থলে শারীরক ভাষ্য উদ্ধৃত হইল। "সমাপ্তা প্রাসঙ্গিকী পরবিদ্যাগতা চিন্তা। সম্প্রতি ত্বপরবিদ্যাবিষয়ামেব চিন্তামনুবর্ত্তয়তি। সমানা চাসৃত্যুপক্রমাদ্বিদ্বদবিদুষোরুৎক্রান্তিরিত্যুক্তং। তমিদানীং সৃত্যুপক্রমং দর্শয়তি। তস্যোপসংহৃত বাগাদি কলাপস্যোচ্চিক্রমিষতো বিজ্ঞানাত্মন ওক আয়তনং হৃদয়ং 'স এতাস্তেজোমাত্রাঃ সমভ্যাদদানো হৃদয়মেবান্ববক্রামতি' ইতি শ্রুতেঃ তদগ্রজ্বলনং তৎপূর্ব্বিকোৎক্রান্তিঃ। চক্ষুরাদিস্থানাপাদানা চোৎক্রান্তিঃ শ্রূয়তে 'তস্য হৈতস্য হৃদয়স্যাগ্রং প্রদ্যোততে তেন প্রদ্যোতেনৈষ আত্মা নিষ্ক্রামতি চক্ষুষ্টোবা মূর্দ্ধ্নো বাঽন্যেভ্যো বা শরীরদেশেভ্যঃ' ইতি।

গা কিমনিয়মেনৈব বিদ্বদবিদুষোর্ভবত্যথাস্তি কশ্চিদ্বিদুষো বিশেষ নিয়ম ইতি বিচিকিৎসায়াং শ্রুত্যবিশেষাদনিয়মপ্রাপ্তাবাচষ্টে। সমানেঽপি হি বিদ্বদবিদুষো র্হৃদয়াগ্রপ্রদ্যোতনে তৎপ্রকাশিত দ্বারত্বেন মূর্দ্ধস্থানাদেব বিদ্বান্ নিষ্ক্রামতি স্থানান্তরেভ্যস্তিতরে। কুতঃ বিদ্যাসামর্থ্যাৎ। যদি বিদ্বানপীতরবৎ যতঃ কুতশ্চিদ্দেহদেশাদুৎক্রামেন্নৈবোৎকৃষ্টং লোকং লভেত তত্রানর্থিকৈব বিদ্যা স্যাৎ তচ্ছেষগত্যনুস্মৃতিযোগাচ্চ বিদ্যাশেষভূতা চ মূর্দ্ধন্যনাড়ী সম্বন্ধা গতিরনুশীলয়িতব্যা বিদ্যা বিশেষেষু বিহিতা তামভ্যস্যং-স্তয়ৈব প্রাতিষ্ঠত ইতি যুক্তং। তস্মাৎ হৃদয়ালয়েন ব্রহ্মণা সমুপাসিতেনানু-গৃহীত স্তদ্ভাবমাপন্নো বিদ্বান্ মূর্দ্ধন্যয়ৈব শতাধিকয়া শতাদতিরিক্তয়া একশততময়া নাড্যা নিষ্ক্রামতীতরাভিরিতরে। তথাহি হার্দ্দবিদ্যাং প্রকৃত্য সমামনন্তি "শতঞ্চৈকা চ হৃদয়স্য নাড্য স্তাসাং মূর্দ্ধানমভিনিঃসৃ-তৈকা। তয়োর্দ্ধমায়ন্নমৃতত্বমেতি বিষঙ্ন্যা উৎক্রমণে ভবন্তি ইতি।"

ইহার ভাবার্থ যথা ; প্রাসঙ্গিকী পরা বিদ্যার বিচার উপস্থিত হইয়াছিল, তাহা সমাপ্ত হইয়াছে। এক্ষণে অপরা বিদ্যা সম্বন্ধে বিচার উপস্থিত হইয়াছে। ইতিপূর্ব্বে উক্ত হইয়াছে যে, শাস্ত্র কথিত মৃত্যুপক্রম হেতু জ্ঞানী অজ্ঞানী উভয়েরই উৎক্রান্তি সমান। এক্ষণে সেই মৃত্যুপক্রম প্রদর্শিত হইতেছে। বাগাদি ইন্দ্রিয় সমূহ স্ব স্ব ব্যাপার শূন্য, বিজ্ঞানাত্মা জীব উৎক্রমণ অর্থাৎ দেহত্যাগে উদ্যত, এই সময়ে সেই মুমূর্ষু ব্যক্তির ওক অর্থাৎ আশ্রয় বাসস্থান হৃদয় প্রথমে জ্বলিত বা প্রদ্যোতিত হইয়া থাকে। অনন্তর জীব ইন্দ্রিয় সমূহকে গ্রহণ করিয়া হৃদয়দেশস্থ নাড়ীতে আগমন করে। তৎপরে তাহা জ্বলিত বা প্রদ্যোতিত হইয়া থাকে। অর্থাৎ জীব যৎকালে ইন্দ্রিয়গণের সহিত সম্পিণ্ডিত হইয়া উক্ত স্থানে আগমন করে, তৎকালে তাহার ভবিষ্যৎ ফলের স্ফুরণ হয় ; ভবিষ্যতে জীব যে শরীর প্রাপ্ত হইবে, বিজ্ঞানাত্মা তদনুরূপই ভাবনা করিতে থাকে। অর্থাৎ তৎকালে তাহার ভাবনাময় শরীর হয়। যদি তাহার পশু হইবার কর্ম্ম উত্তেজিত হয়, তবে সে আপনাকে তৎকালে পশু বলিয়াই অনুভব করে ; এইরূপ মনুষ্যত্ব প্রাপক কর্ম্ম প্রবল হইলে ভাবে, আমি মানব ; দেবত্ব প্রাপক কর্ম্ম স্ফুরিত হইলে ভাবে আমি দেবতা। জীবনে যে কর্ম্মের প্রাধান্য থাকে, তৎকালে সেই কর্ম্মানুরূপ ভাবনাই উপস্থিত হয়। এইরূপ

ভাবনা বা ভাবিফল সূচক প্রদ্যোতনই জ্বলন বা প্রদ্যোতন নামে অভি-হিত হয়। এই প্রদ্যোতনের পর উৎক্রমণ হইয়া থাকে। উৎক্রমণ কাহারও চক্ষু, কাহারও মূর্দ্ধা অর্থাৎ ব্রহ্মরন্ধ্র, কাহারও বা শরীরের অন্যান্য স্থান দিয়া হয়। শ্রুতি বলিয়াছেন, 'এই মুমূর্ষুর হৃদয়াগ্রভাগ অর্থাৎ নাড়ীমুখ প্রদ্যোতিত হয়, অনন্তর সেই প্রদ্যোতন বিশিষ্ট আত্মা চক্ষু, মূর্দ্ধা বা দেহের অন্য কোন স্থান দিয়া বহির্গমন করে।' ইহার নাম মৃত্যুপক্রম অর্থাৎ উৎক্রান্তি। কিন্তু এই উৎক্রান্তি সম্বন্ধে জ্ঞানীর বিশেষ নিয়ম রহিয়াছে। কারণ অন্য শ্রুতি বলেন, 'জ্ঞানী মূর্দ্ধন্য নাড়ী পথে নিক্রান্ত হইয়া ঊর্দ্ধ অর্থাৎ উৎকৃষ্ট লোক আক্রমণ করেন।' বস্তুতঃ জ্ঞানী অজ্ঞানী উভয়েরই উৎক্রমণ কখনই সমান হইতে পারে না। হৃদয়াগ্র প্রদ্যোতন উভয়েরই হইয়া থাকে, কিন্তু তৎকালে জ্ঞানীর মূর্দ্ধন্য নাড়ী অর্থাৎ মোক্ষদ্বারস্বরূপ সুষুম্না নাড়ী বিকাশ প্রাপ্ত হয়, জ্ঞানী মূর্দ্ধা পথে উৎক্রমণ করেন। অজ্ঞানি-গণ দেহের অন্যান্য স্থান দিয়া নিক্রান্ত হইয়া থাকে। বিদ্যা বলেই জ্ঞানী ব্রহ্মলোক প্রাপক ব্রহ্মরন্ধ্র পথ দীপ্যমান দেখেন। জ্ঞানীও যদ্যপি অজ্ঞানীর ন্যায় দেহের যে সে স্থান দিয়া নিক্রান্ত হন, এবং উৎকৃষ্ট লোক লাভ না করেন, তবে বিদ্যার আরাধনা নিষ্ফল। হৃদয় প্রসৃত সুষুম্না নাড়ীর অনুশীলন করাও বিদ্যার অন্যতম অঙ্গ। জ্ঞানী তাহা যাবজ্জীবন অনুশীলন করিয়াছিলেন, এক্ষণে যে তিনি চিরাভ্যস্ত স্মৃতিপথাগত সুষুম্না পথে নির্গত হইবেন, তদ্বিষয়ে কোনই বিচিত্রতা নাই, এবং ইহাই যুক্তি যুক্ত। ব্রহ্মকে উপাসনা করিলে তাঁহার অনুগ্রহে জ্ঞানী ক্রমে ব্রহ্মভাব প্রাপ্ত হন। পরে মৃত্যুকালে একশতের অতিরিক্ত সুষুম্না নাম্নী মূর্দ্ধন্য নাড়ী পথে নিষ্ক্রামণ করেন। হৃদয় বিদ্যা প্রকরণেও আছে যে, হৃদয় প্রদেশে একশত প্রধান নাড়ী আছে, তন্মধ্যে একটি নাড়ী হৃদয় হইতে বিনির্গত হইয়া মূর্দ্ধা প্রদেশ পর্য্যন্ত গিয়াছে। ব্রহ্মোপাসক এই নাড়ী পথে নিষ্ক্রান্ত হইয়া ঊর্দ্ধগামী হয়, পরে অমৃত অর্থাৎ মুক্তিলাভ করেন॥ ৮॥

—(•)—

শ্রোত্রং চক্ষুঃ স্পর্শনঞ্চ রসনং ঘ্রাণমেব চ।
অধিষ্ঠায় মনশ্চায়ং বিষয়ানুপসেবতে ॥ ৯ ॥

অন্বয়।—অয়ং (জীবঃ) শ্রোত্রং চক্ষুঃ স্পর্শনং (ত্বক্) চ রসনং ঘ্রাণং এব চ মনঃ চ অধিষ্ঠায় (আশ্রিত্য) বিষয়ান্ (শব্দাদিভোগান্) উপসেবতে (ভুঙ্‌ক্তে) ॥ ৯ ॥

প্রতিশব্দ।—এই-জীব শ্রোত্র, চক্ষু-ত্বক্, রসনা ও ঘ্রাণ এবং মনকে আশ্রয়-করিয়া বিষয়কে উপভোগ-করে ॥ ৯ ॥

ব্যাখ্যা।—এই জীব, শ্রোত্র, চক্ষু, ত্বক্, রসনা, ঘ্রাণ এই জ্ঞানেন্দ্রিয় পঞ্চও কর্ম্মেন্দ্রিয় এবং মন, এই সকলকে আশ্রয় করিয়া শব্দাদি বিষয় উপভোগ করিয়া থাকে ॥ ৯ ॥

শঙ্করাচার্য্য।—কানি পুনস্তানীতি শ্রোত্রমিতি। শ্রোত্রং চক্ষুঃ স্পর্শনঞ্চ ত্বগিন্দ্রিয়ং রসনং জিহ্বা ঘ্রাণমেব চ মনশ্চ ষষ্ঠং প্রত্যেকং ইন্দ্রিয়েণ সহাধিষ্ঠায় দেহস্থোবিষয়ান্ শব্দাদীনুপসেবতে ॥ ৯ ॥

আনন্দগিরি।—মনঃষষ্ঠানীন্দ্রিয়াণ্যেব প্রশ্নদ্বারা বিশেষতো দর্শয়তি কানীতি ॥ ৯ ॥

রামানুজ।—কানি পুনস্তানীন্দ্রিয়াণীত্যাহ শ্রোত্রমিতি। এতানি মনঃ ষষ্ঠানীন্দ্রিয়াণি অধিষ্ঠায় স্বস্ববিষয়বৃত্ত্যনুগুণানি কৃত্বা তত্তচ্ছব্দাদীন্ বিষয়ানুপসেবতে উপভুঙ্‌ক্তে ॥ ৯ ॥

হনুমান্।—অধিষ্ঠায় আশ্রিত্য মনশ্চায়ং ক্ষেত্রজ্ঞঃ বিষয়ান্ শব্দাদীনুপসেবতে উপলভতে ॥ ৯ ॥

শ্রীধর।—তান্যেবেন্দ্রিয়াণি দর্শয়ন্ যদর্থং গৃহীত্বা গচ্ছতি তদাহ শ্রোত্রমিতি। শ্রোত্রাদীনি বাহ্যেন্দ্রিয়াণি মনশ্চান্তঃকরণমধিষ্ঠায়াশ্রিত্য শব্দাদীন্ বিষয়ানয়ং জীব ভুঙ্‌ক্তে ॥ ৯ ॥

বলদেব—তানি গৃহীত্বা কিমর্থং যাতি তত্রাহ শ্রোত্রমিতি। শ্রোত্রাদীনি সমনস্কান্যধিষ্ঠায়াশ্রিত্যায়ং জীবো বিষয়ান্ শব্দাদীনুপভুঙ্‌ক্তে তদর্থং তদ্‌গ্রহণমিত্যর্থঃ। চশব্দাৎ কর্ম্মেন্দ্রিয়াণি চ পঞ্চ প্রাণাংশ্চাধিষ্ঠায়েত্যবগম্যম্ ॥ ৯ ॥

মধুসূদন।—তান্যেবেন্দ্রিয়াণি দর্শয়ন্ যদর্থং গৃহীত্বা গচ্ছতি তদাহ। শ্রোত্রং চক্ষুঃ স্পর্শনং চ রসনং ঘ্রাণমেব চ চকারাৎ কর্ম্মেন্দ্রিয়াণি প্রাণঞ্চ মনশ্চ ষষ্ঠমধিষ্ঠায়ৈব আশ্রিত্যৈব বিষয়ান্ শব্দাদীনয়ম্ জীব উপসেবতে ভুঙ্‌ক্তে ॥ ৯ ॥

নীলকণ্ঠ।—কানি তানি মনঃষষ্ঠানি তানি গৃহীত্বা গত্বা চায়ং কিং করোতীত্যত আহ। শ্রোত্রমিতি। অধিষ্ঠায় ব্যাপারবন্তি কৃত্য বিষয়ান শব্দাদীন্ উপসেবতে প্রকাশয়তি, যথা

দীপঃ স্বস্য বৃত্তিলাভায় তৈলবর্ত্ত্যাত্যপেক্ষমানোঽপি স্ববিষয়াবভাসনে স্বয়মেব প্রভুঃ,এবং জীবোঽপি ঘটাকারবৃত্তলাভায় মনঃষষ্ঠানীন্দ্রিয়াণি সূর্য্যাদীংশ্চাপেক্ষতে, তথাপি ঘটাবভাসং স্বয়মেব করোতি, নেন্দ্রিয়াণি ইন্দ্রিয়সূর্য্যাদীনি স্বভাস্যত্বাৎ তৈলবর্ত্ত্যাদিবদিত্যাশয়ঃ ॥ ৯ ॥

বিশ্বনাথ।—তত্র গত্বা কিংকরোতীত্যত আহ শ্রোত্রমিতি। শ্রোত্রাদীনীন্দ্রিয়াণি মনশ্চাধিষ্ঠায় আশ্রিত্য বিষয়ান্ শব্দাদীন্ উপভুঙ্ক্তে ॥ ৯ ॥

তাৎপর্য্য।—যে ইন্দ্রিয় সমূহের বৃত্তান্ত পূর্ব্বে উল্লেখ করা হইয়াছে, অধুনা তাহারই বিশেষ বৃত্তান্ত কীর্ত্তিত হইতেছে। কিরূপে দেহান্তরের পর পুনর্দ্দেহাগমে কার্য্যসূত্রে বদ্ধ হইয়া ইন্দ্রিয় সমূহ স্ব স্ব ব্রত পুনগ্র্হণ করে, তাহারই তত্ত্ব এই শ্লোকে পরিব্যক্ত হইতেছে। আমাদিগের শরীরে কর্ণ, চক্ষু, ত্বক্, জিহ্বা এবং নাসিকা এই পঞ্চ জ্ঞানেন্দ্রিয় বিদ্যমান আছে। মন নামক ষষ্ঠেন্দ্রিয় এই ইন্দ্রিয়গ্রামের অধিপতিরূপে অধিষ্ঠিত। পূর্ব্বেই কথিত হইয়াছে যে, ইন্দ্রিয়গ্রাম ও মনকে সঙ্গে লইয়া জীব দেহ ত্যাগ করিয়া থাকে। পুনর্দ্দেহাগমে শৃঙ্খলবদ্ধ জীব তৎসমস্তকে আকর্ষণ করিয়া নবদেহ আশ্রয় করে। এই শ্লোকেও পরিব্যক্ত হইতেছে যে, শ্রোত্রনেত্র প্রভৃতি জ্ঞানেন্দ্রিয় সংবলিত মনকে লইয়াই জীব দেহ মধ্যস্থ থাকিয়া কার্য্য সাধনা করে, এবং ইন্দ্রিয় গ্রামও দেহকে আশ্রয় করিয়া স্ব স্ব বিষয় ব্যাপার সংসাধনে বিনিযুক্ত হয়।

বস্তুতঃ আত্মা বিষয় ব্যাপারে নির্লিপ্ত ও উদাসীন। দেহের সহিত ইন্দ্রিয়ের সংযোগ হেতু বিষয় ব্যাপারের অববোধ হইয়া থাকে। মন স্বকীয় শক্তি প্রভাবে তৎসমস্ত ব্যাপার গ্রহণ ও ধারণ করে। নির্লিপ্ত আত্মাকে সেই বিষয় ব্যাপার সমূহের ভোক্তা বলিয়া আমরা অনুমান করি মাত্র। কিন্তু প্রকৃত প্রস্তাবে তিনি এই সকল ব্যাপারের সহিত সম্বন্ধশূন্য।

মূলস্থিত "ঘ্রাণমেব চ ও মনশ্চ" এই দুই স্থলে দুইটী চকার আছে। প্রথমোক্ত পদের চকার দ্বারা বাক্, পাণি, পাদ, পায়ু, উপস্থ এই পঞ্চ কর্ম্মেন্দ্রিয় লক্ষিত হইয়াছে। কেহ কেহ মনে করেন, শেষোক্ত "মনশ্চ" পদের চকার দ্বারা বুদ্ধি এবং অহঙ্কার সূচিত হইতেছে।

ইন্দ্রিয়াদি বিষয়ের তত্ত্ব পূর্ব্বে বহু স্থানে বাহুল্যরূপে আলোচিত হইয়াছে। (২১৩।৬১২।৯০৯।১৩১১ পৃষ্ঠার টীপ্পনী দ্রষ্টব্য) ॥ ৯ ॥

উৎক্রামন্তং স্থিতং বাপি ভুঞ্জানং বা গুণান্বিতম্।
বিমূঢ়া নানুপশ্যন্তি পশ্যন্তি জ্ঞানচক্ষুষঃ ॥ ১০ ॥

অন্বয়।—উৎক্রামন্তং (পরিত্যজন্তং) স্থিতং বা অপি ভুঞ্জানং (বিষয়ভোগং কুর্ব্বন্তং) গুণান্বিতং (ইন্দ্রিয়াদিযুক্তং) [জীবং] বিমূঢ়াঃ (অজ্ঞাঃ) ন অনুপশ্যন্তি (অবলোকয়ন্তি) জ্ঞানচক্ষুষঃ (জ্ঞান-দৃষ্টিসম্পন্নাঃ) পশ্যন্তি ॥ ১০ ॥

প্রতিশব্দ।—উৎক্রমণকারী অথবা অবস্থিত কিম্বা বিষয়-ভোগ-পরায়ণ গুণ-যুক্ত [জীবকে] অজ্ঞ-গণ দেখে না, জ্ঞান-দৃষ্টি-সম্পন্ন-গণ দর্শন-করেন ॥ ১০ ॥

ব্যাখ্যা।—জীব কখন দেহ হইতে দেহান্তরে গমন করে, কখন দেহেই অবস্থান করে, এবং ইন্দ্রিয়াদি গুণযুক্ত হইয়া বিষয় উপভোগ করে ; কিন্তু অজ্ঞগণ ইহাকে দেখিতে পায় না, জ্ঞানচক্ষু সম্পন্ন ব্যক্তিগণই দর্শন করিতে সমর্থ হইয়া থাকেন ॥ ১০ ॥

শঙ্করাচার্য্য।—এবং দেহগতং দেহাৎ উৎক্রামন্তমিতি। উৎক্রামন্তং পরিত্যজন্তং দেহং পূর্ব্বোপাত্তং স্থিতং বা দেহে তিষ্ঠন্তং ভুঞ্জানং বা শব্দাদীংশ্চোপলভমানং গুণান্বিতং সুখদুঃখমোহাদ্যৈঃ গুণৈরন্বিতমনুগতং সংযুক্তমিত্যর্থঃ এবম্ভূতমপ্যেনমত্যন্তং দর্শনগোচরপ্রাপ্তং বিমূঢ়া দৃষ্টাদৃষ্টবিষয়ভোগবলাকৃষ্টচেতস্তয়ানেকধা মূঢ়া নানুপশ্যন্ত্যহো কষ্টং বর্ত্তত ইত্যনুক্রোশতি চ ভগবান্। যে তু পুনঃ প্রমাণজনিতজ্ঞানচক্ষুষস্তএনং পশ্যন্তি জ্ঞানচক্ষুষোবিবিক্তদৃষ্টয় ইত্যর্থঃ ॥১০

আনন্দগিরি।—শরীরমিত্যাদিশ্লোকে দেহাদাত্মনোঽতিরেকমুক্ত্বা শ্রোত্রং চক্ষুরিত্যাদৌ স্বাভিলষিতে বিষয়ে যথাযথং করণানাং প্রবর্ত্তকত্বাৎ তেভ্যোঽতিরিক্তশ্চাত্মেত্যুক্তং তর্হি তমুৎক্রান্ত্যাদি কুর্ব্বন্তং স্বরূপত্বাৎ কিমিতি সর্ব্বে ন পশ্যন্তীত্যাশঙ্ক্যাহ এবমিতি। সন্নিহিততমত্বে দর্শনযোগ্যমপি বিষয়পরবশাদাত্মানং সর্ব্বে ন পশ্যন্তীতি ভগবতোঽনুক্রোশং দর্শয়তি এবম্ভূতমিতি তর্হি কোঽস্যমাত্মদর্শনং তদাহ যে তু পুনরিতি ॥ ১০ ॥

রামানুজ।—উদিতি। যএনং গুণান্বিতং সত্ত্বাদিগুণময়প্রকৃতিপরিণামবিশেষ মনুষ্যত্বাদি সংস্থান পিণ্ডসংসৃষ্টং পিণ্ডবিশেষাদুৎক্রামন্তং পিণ্ডবিশেষাবস্থিতং বা গুণময়ান্ বিষয়ান্ ভুঞ্জানং বা কদাচিদপি প্রকৃতিপরিণামবিশেষমনুষ্যত্বাদি পিণ্ডাদ্বিলক্ষণং জ্ঞানৈকাকারং বিমূঢ়া নানুপশ্যন্তি। বিমূঢ়া মনুষ্যত্বাদিপিণ্ডাকারাত্মাভিমানিনঃ জ্ঞানচক্ষুষস্তু পিণ্ডাত্মবিবেকবিষয়জ্ঞানবন্তঃ সর্ব্বাবস্থমপ্যেনং বিবিক্তাকারমেব পশ্যন্তি ॥ ১০ ॥

হনুমান্ ।—উৎক্রামন্তং শারীরাদুৎক্রামন্তং বাপি শারীরে ভুঞ্জানঞ্চ বিষয়ানুপলভমানং গুণান্বিতং গুণৈঃ সত্ত্বরজস্তমোভিঃ বুদ্ধ্যাত্মাকারপরিণতৈঃ অন্বিতং সন্তি মূঢ়াঃ কার্য্যকারণ সংঘাতে আত্মত্বদর্শিনঃ নানুপশ্যন্তি নোপলভন্তে জ্ঞানং চক্ষুর্যেষাং তে জ্ঞানচক্ষুষঃ জ্ঞান চক্ষুষো ভূত্বা কিংন পশ্যন্তীত্যর্থঃ ॥ ১০ ॥

শ্রীধর ।—নমু কার্য্যকারণসংঘাতব্যতিরেকেণৈবম্ভূতমাত্মানং সর্ব্বেঽপি কিং ন পশ্যন্তি তত্রাহ উৎক্রামন্তমিতি। উৎক্রামন্তং দেহাদ্দেহান্তরং গচ্ছন্তং তস্মিন্নেব দেহে স্থিতং বা বিষয়ান্ ভুঞ্জানং বা গুণান্বিতমিন্দ্রিয়াদিযুক্তং জীবং বিমূঢ়া নালোকয়ন্তি জ্ঞানমেব চক্ষুর্যেষাং তে বিবেকিনঃ পশ্যন্তি ॥ ১০ ॥

বলদেব ।—এবং শরীরস্থত্বেনানুভবযোগ্যমপ্যবিবেকিনস্তমাত্মানং নানুভবন্তীত্যাহ উদিতি। শরীরাদুৎক্রামন্তং তত্রৈব স্থিতং বা স্থিত্বা বিষয়ান্ ভুঞ্জানং বা গুণান্বিতং সুখদুঃখ-মোহৈরিন্দ্রিয়াভির্ব্বান্বিতং যুক্তং অনুভবযোগ্যমপ্যাত্মানং বিমূঢ়াশ্চিরন্তনবাসনাকৃষ্টচিত্ততয়া বিবেকাযোগ্যাঃ নানুপশ্যন্তি নানুভবন্তি। জ্ঞানচক্ষুষো বিবেকজ্ঞাননেত্রাস্তু তং পশ্যন্তি শরীরাদি-বিবিক্তমনুভবন্তি ॥ ১০ ॥

মধুসূদন ।—এবং দেহগতং দর্শনযোগ্যমপি দেহাৎ উৎক্রামন্তং দেহান্তরং গচ্ছন্তং পূর্ব্বস্মাৎ স্থিতং বাপি তস্মিন্নেব দেহে ভুঞ্জানং বা শব্দাদীন্ বিষয়ান্ গুণান্বিতং সুখদুঃখমোহাত্মকৈ গুণৈরন্বিতং এবং সর্ব্বাস্ববস্থাসু দর্শনযোগ্যমপ্যেনং বিমূঢ়া দৃষ্টাদৃষ্টবিষয়ভোগবাসনাকৃষ্টচেতস্তয়া-আনাত্মবিবেকাযোগ্যা নানুপশ্যন্তি অহো কষ্টং বর্ত্তত ইত্যজ্ঞানমনুক্রোশতি ভগবান্। যে তু প্রমাণজনিতজ্ঞানচক্ষুষোবিবেকিনস্ত এব পশ্যন্তি ॥ ১০ ॥

নীলকণ্ঠ ।—তমেবংভূতং মনঃষষ্ঠানীন্দ্রিয়াণি প্রাণঞ্চাধিষ্ঠায় তেষামুৎক্রমণেনোৎক্রামন্তং তেষাং স্থৈর্য্যেণ স্থিতং তেষাং ভোগেন ভুঞ্জানং তেষাং সত্ত্বরজস্তমোগুণযুক্তত্বেন গুণান্বিতং ঘট-সূর্য্যমিব ঘটাকাশমিব বা ঘটগমনাদিনা গমনাদিবন্তং স্বতস্তূৎক্রমণাদিশূন্যমপি বিমূঢ়াস্তাত্ত্বিকরূপং নানুপশ্যন্তি জ্ঞানচক্ষুষস্তু পশ্যন্তি উপাধেরেবোৎক্রমণাদিকং সতুপহিতস্যাত্মন ইতি জানন্ত্যেব ইত্যর্থঃ ॥ ১০ ॥

বিশ্বনাথ ।—নমু যস্মাৎ দেহান্নিষ্ক্রামতি যস্মিন দেহে বা তিষ্ঠতি তত্রস্থিতা বা যথা-ভোগান ভুঙ্‌ক্তে ইত্যত্র বিশেষং নোপলভামহে তত্রাহ। উৎক্রামন্তং দেহান্নিষ্ক্রামন্তং স্থিতং দেহান্তরে বর্ত্তমানঞ্চ বিষয়ান ভুঞ্জানঞ্চ গুণান্বিতমিন্দ্রিয়াদি সহিতং বিমূঢ়া অবিবেকিনঃ জ্ঞানচক্ষুষো বিবেকিনঃ ॥ ১০ ॥

তাৎপর্য্য ।—জীবাত্মা দেহ মধ্যস্থ থাকিয়া ইন্দ্রিয়গ্রামের ব্যাপার অনুভব করেন না, এবং স্বয়ংই তৎসমস্তের কর্ত্তারূপে সুখদুঃখাদি ভোগ করিয়া থাকেন। এই পরিদৃশ্য রহস্য বুঝাইবার নিমিত্তই এই শ্লোক

অবতারিত হইয়াছে। আনন্দ-বিধায়ক ঘটনা সমাগমে হর্ষোদয় হয় এবং বিষাদজনক ব্যাপারের আবির্ভাবে শোকের উদ্ভব হইয়া থাকে। মানব কখন আশার তাড়নায় আনন্দের রাজ্যে ছুটাছুটি করে, কখন বা বিষাদের ভয়ে অবসন্ন হইয়া আর্ত্তনাদ করিতে থাকে। এই সকল পরিবর্ত্তনশীল ভিন্ন ভিন্ন অবস্থা সন্দর্শনে আমরা জীবকে তত্তৎ সুখদুঃখাদির অধীন বলিয়া জ্ঞান করি, কিন্তু প্রকৃত প্রস্তাবে জীব তত্তদ্ বিষয়ে নির্লিপ্ত। মন ও তৎসমস্ত ইন্দ্রিয়গ্রাম সহকৃত দেহই এই সকল দশা বিপর্য্যয়ের ভোক্তা; ভ্রম ক্রমে সেই ভোগাভোগ আমরা জীবের উপর আরোপ করিয়া থাকি।

দেহ হইতে জীবের উৎক্রমণ অর্থাৎ প্রয়াণই হউক অথবা দেহ মধ্যে জীব অধিষ্ঠিতই বা থাকুন, গুণসম্বন্ধ অর্থাৎ ইন্দ্রিয়গ্রাম ও দেহ সম্বন্ধ হেতু সুখদুঃখাদির অধীনরূপে তিনি প্রতীয়মান হইয়া থাকেন। তত্ত্বজ্ঞানের প্রাদুর্ভাবে যাহাদিগের অজ্ঞানান্ধকার বিদূরিত না হইয়াছে, সেই [illegible]মূঢ়গণ এই রহস্য প্রণিধান করিতে না পারিয়া জীবকেই সকল ব্যাপারের কর্ত্তা ভোক্তা বলিয়া অনুমান করে, কিন্তু শাস্ত্রাচার্য্যোপদেশ সম্যক্‌রূপে গ্রহণ করিয়া যাঁহাদিগের অন্তর নির্ম্মল হইয়াছে, প্রকৃষ্ট সাধনা প্রণালীর অনুসরণ করিয়া যাঁহারা সংসারের অসারত্ব প্রণিধান করিয়াছেন, সেই মহাত্মাগণ প্রস্ফুটিত জ্ঞান চক্ষু দ্বারা সকল তত্ত্বই সম্যক্‌রূপে অবগত হইতে পারেন, এবং অনায়াসেই বুঝিতে পারেন যে, দেহাশ্রিত ইন্দ্রিয় গ্রামই সুখদুঃখাদির অধীন, এবং তত্তাবতেই ভোগাভোগের সংঘটক।

বিবেকজ্ঞানসম্পন্ন মহাত্মাগণই আত্মার স্বাতন্ত্র উপলব্ধি করিয়া সাংসারিক ব্যাপারের অসারত্ব অনুধাবন করেন এবং কিছুতেই অভিভূত হন না, কিন্তু বিষয়-পঙ্কনিমগ্ন সঙ্কীর্ণচেতাঃ মানবগণ এই তত্ত্ব প্রণিধান করিতে না পারিয়া আত্মাকেই ভোক্তা ও কর্ত্তা জ্ঞানে নিরন্তর হাহাকার ধ্বনিতে বসুন্ধরা পরিপূর্ণ করিতে থাকে। এই শ্লোক দ্বারা ইহাই সূচিত হইতেছে যে, জ্ঞান প্রভাবে প্রকৃত দর্শন শক্তি প্রাপ্ত হইলে জীবাত্মা আপনাকে নির্লিপ্ত উদাসীন বলিয়া বুঝিতে পারেন এবং সংসারের হর্ষ সুখ শোক দুঃখাদি উপেক্ষা করিয়া স্বকীয় হৃদয় জাত আনন্দনীরে ভাসিতে ভাসিতে ক্রমোন্নতির পথে অগ্রসর হইয়া থাকেন।

এই গ্রন্থের পূর্ব্বভাগে শ্রীভগবান বারংবার সুস্পষ্ট ভাষায় এই তত্ত্ব পরিব্যক্ত করিয়াছেন। টীকা ও ভাষ্যকৃৎ মহাত্মারাও বিশেষরূপে এই প্রসঙ্গের আলোচনা করিয়াছেন। বঙ্গভাষা নিবদ্ধ তাৎপর্য্যে এবং টীপ্পনীতেও বিবিধ প্রকারে ইহার কীর্ত্তন হইয়াছে ॥ ১০ ॥

—•(:*:)•—

যতন্তো যোগিনশ্চৈনং পশ্যন্ত্যাত্মন্যবস্থিতং।
যতন্তোঽপ্যকৃতাত্মানো নৈনং পশ্যন্ত্যচেতসঃ ॥ ১১ ॥

অন্বয়।—যতন্তঃ (প্রযতমানাঃ) যোগিনঃ চ এনং (আত্মানং) আত্মনি (দেহে) অবস্থিতং পশ্যন্তি, যতন্তঃ (যতমানাঃ) অপি অকৃতাত্মানঃ (অবিশুদ্ধচিত্তাঃ) অচেতসঃ (অবিবেকিনঃ) এনং ন পশ্যন্তি ॥ ১১ ॥

প্রতিশব্দ।—প্রযতমান যোগি-গণ এই-আত্মাকে দেহে অবস্থিত দর্শন-করেন, যত্নশীল-হইলেও অবিশুদ্ধ-চিত্ত অবিবেকি-গণ ইঁহাকে দেখে না ॥ ১১ ॥

ব্যাখ্যা।—যত্নশীল যোগিগণ এতাদৃশ জীবাত্মাকে স্বীয় দেহ মধ্যেই অবস্থিতরূপে দর্শন করেন, কিন্তু বিশেষ যত্ন পরায়ণ হইলেও অবিশুদ্ধচেতাঃ বিবেকশূন্য ব্যক্তিগণ তাঁহাকে দর্শন করিতে পারে না ॥ ১১ ॥

শঙ্করাচার্য্য।—কেচিত্তু যতন্তঃ প্রযত্নং কুর্ব্বন্তোযোগিনশ্চ সমাহিতচিত্তা এনং প্রকৃতমাত্মানং পশ্যন্ত্যয়মহমস্মীতি উপলভন্তে আত্মনি স্বস্যাং বুদ্ধাববস্থিতং। যতন্তোঽপি শাস্ত্রাদিপ্রমাণৈরকৃতাত্মানোঽসংস্কৃতাত্মানঃ তপসেন্দ্রিয়জয়েন চ দুশ্চরিতাদনুপরতা অশান্তদর্পাঃ প্রযত্নং কুর্ব্বন্তোনৈনং পশ্যন্ত্যচেতসোঽবিবেকিনঃ ॥ ১১ ॥

আনন্দগিরি।—জ্ঞানচক্ষুঃশব্দেন ন্যায়ানুগৃহীতং শাস্ত্রং জ্ঞানসাধনমুক্তং তৎকিমিদানীং শাস্ত্রমাত্রেণ ন্যায়ানুগৃহীতেনাত্মানং পশ্যন্তি নেত্যাহ কেচিত্ত্বিতি। প্রযত্নঃ শ্রবণমননাত্মকঃ শাস্ত্রাদিপ্রমাণৈর্যতন্তোঽপীতি সম্বন্ধঃ। অসংস্কৃতাত্মত্বং প্রকটয়তি তপসেতি। দুশ্চরিতাদবিরতিফলং কথয়তি অশান্তেতি। অশুদ্ধবুদ্ধীনামবিবেকিনাং সদপি শ্রবণাদিঃ টিয়া ফলবদিতি মত্বাহ প্রযত্নমিতি ॥ ১১ ॥

হয়,

রামানুজ।—যতন্ত ইতি। মৎপ্রপত্তিপূর্ব্বকং কর্ম্মযোগাদিষু যতমানাস্তে নির্ম্মলান্তঃকরণাযোগিনো যোগাখ্যেন চক্ষুষাত্মনি শরীরেঽবস্থিতমপি শরীরাদ্বিবিক্তং স্বেন রূপেণাবস্থিতমেনং পশ্যন্তি। যতমানা অপ্যকৃতাত্মানো মৎপ্রপত্তি-বিরহিণস্ততএবাসংস্কৃতমনসঃ ততএবাচেতসঃ আত্মাবলোকনসমর্থচেতোরহিতাঃ নৈনং পশ্যন্তি এবং রবিচন্দ্রাগ্নীনামিন্দ্রিয়সন্নিকর্ষবিরোধসন্তমস নিরসনমুখেনেন্দ্রিয়ানুগ্রাহকতয়া প্রকাশকানাং জ্যোতিষ্মতামপি প্রকাশকং জ্ঞানজ্যোতিরাত্মামুক্তাবস্থো জীবাবস্থশ্চ ভগবদ্বিভূতিরিত্যুক্তং। "তদ্ধামপরমং মম, মমৈবাংশো জীবলোকে জীবভূতঃ সনাতন" ইতি ॥ ১১ ॥

হনুমান্।—যতন্তো যমনিয়মাদি যোগানুষ্ঠানে প্রযত্নং কুর্ব্বাণা যতমানা যোগিনঃ যোগঃ সম্যগ্জ্ঞানং তত্র প্রবৃত্তা এনমাত্মানং পশ্যন্ত্যপলভন্তে আত্মনি শরীরে যতন্তো যোগানুষ্ঠানে প্রযতমানা অপ্যকৃতাত্মানঃ অভ্যাসবৈরাগ্যাভ্যামসংস্কৃতান্তঃকরণা নৈনং পশ্যন্ত্যচেতসঃ অবিবেকিনঃ ॥ ১১ ॥

শ্রীধর।—দুর্জ্জ্ঞেয়শ্চায়ং যতোবিবেকিম্বপি কেচিৎ পশ্যন্তি কেচিন্ন পশ্যন্তীত্যাহ যতন্ত ইতি। যতন্তোধ্যানাদিভিঃ প্রযতমানা যোগিনঃ কেচিদেনমাত্মানমাত্মনি দেহেঽবস্থিতং বিবিক্তং পশ্যন্তি, শাস্ত্রাভ্যাসাদিভির্যত্নং কুর্ব্বাণা অপ্যকৃতাত্মানোঽবিশুদ্ধচিত্তা অতএবাচেতসো মন্দমতয় এনং ন পশ্যন্তি ॥ ১১ ॥

বলদেব।—জ্ঞানচক্ষুষঃ পশ্যন্তীত্যেতদ্বিবৃণ্বন্ দুর্জ্ঞানতাং তস্যাহ যতন্ত ইতি। কেচিদ্ যোগিনো যতমানাঃ শ্রবণাদ্যুপায়ানমুতিষ্ঠন্ত আত্মনি শরীরেঽবস্থিতমেনমাত্মানং পশ্যন্তি। কেচিদ্যতমানা অপ্যকৃতাত্মানোঽনির্ম্মলচিত্তা অতোঽচেতসোঽনুদিতবিবেকজ্ঞানা এনং ন পশ্যন্তীতি দুর্জ্জ্ঞেয়মাত্মতত্ত্বমিত্যর্থঃ ॥ ১১ ॥

মধুসূদন।—পশ্যন্তি জ্ঞানচক্ষুষ ইত্যেতদ্বিবৃণোতি। আত্মনি স্ববুদ্ধৌ অবস্থিতং প্রতিফলিতমেনমাত্মানং যতন্তোধ্যানাদিভিঃ প্রযতমানা যোগিন এব পশ্যন্তি। চোঽবধারণে। যতমানা অপ্যকৃতাত্মানোযজ্ঞাদিভিরশোধিতান্তঃকরণাঃ অতএবাচেতসো বিবেকশূন্যা নৈনং পশ্যন্তীতি মূঢ়া নানুপশ্যন্তীত্যেতদ্বিবরণম্ ॥ ১১ ॥

নীলকণ্ঠ।—যতন্তো যত্নশীলযোগিনশ্চ এনম্ আত্মনি বুদ্ধৌ অবস্থিতং বিভুমুৎক্রান্ত্যাদিহীনম্ অসঙ্গং পশ্যন্তি যতন্তোঽপি অকৃতাত্মানঃ যে যজ্ঞাদিভিরশোধিতচিত্তাঃ এনং ন পশ্যন্তি যতঃ অচেতসঃ অনির্জ্জিতচিত্তাঃ পাষাণতুল্যা ইত্যর্থঃ ॥ ১১ ॥

বিশ্বনাথ।—তেচ বিবেকিনো যতমানা যোগিন এবেত্যাহ যতন্ত ইতি অকৃতাত্মানোঽবিশুদ্ধচিত্তাঃ ॥ ১১ ॥

তাৎপর্য্য।—পূর্ব্ব শ্লোকে ইহাই বিবৃত হইয়াছে যে, জ্ঞানিগণ সম্যক্ ক্রমো...র্শন প্রভাবে আত্মতত্ত্বাবধারণে সক্ষম এবং বিমূঢ়চিত্ত অজ্ঞানিগণ তদ্বিষয় ...ারণে অশক্ত। বর্ত্তমান শ্লোকে শ্রীভগবান্ ইহাই পরিব্যক্ত করিতেছেন

যে, কিরূপ প্রযত্নপরায়ণ হইলে সাধকগণ আত্মদর্শনে সমর্থ হইয়া থাকেন, এবং কিরূপেই বা জ্ঞানহীনগণের প্রকৃষ্ট দর্শনশক্তি আচ্ছন্ন থাকে। যত্নশীল যোগিগণের মধ্যে কোন্ কোন্ ব্যক্তি আত্মায় প্রকৃত আত্মার সমাবেশ দর্শন করেন। আত্মজ্ঞান লাভের নিমিত্ত যত্নপরায়ণ অনেকেই হইয়া থাকেন। অনেকেই বিহিত শাস্ত্রাচার্য্যোপদেশ ক্রমে জ্ঞানমার্গের অনুসরণ করতঃ সাধনপরায়ণ হইয়া থাকেন। তৎসমস্ত নিষ্ঠাবান্ জ্ঞানার্থীর মধ্যে তাবতেই যে প্রকৃত জ্ঞানলাভে সমর্থ হন, এরূপ নহে। বিবিধ বাহ্য কারণের উৎপীড়নে অনেকের সাধনা সর্ব্বাঙ্গ সুন্দর হয় না, অনেকের নিষ্ঠা পথভ্রষ্ট ও বিফল হয়। অনেকে জ্ঞানভ্রমে অজ্ঞানেরই অনুসরণ করিয়া হতাশ ও ভগ্ন মনোরথ হইয়া থাকেন। এইরূপে যাঁহাদিগের যোগভঙ্গ না ঘটে, যাঁহারা তত্ত্বদর্শী, সিদ্ধ, গুরূপদেশ লাভ করিয়া প্রকৃত পথের অনুসরণ করেন, এবং কোন বাহ্য কারণে বিচলিত না হইয়া সম্পূর্ণ ধীরতা সহকারে জ্ঞানান্বেষণ করিয়া থাকেন, তাদৃশ সৌভাগ্যবান সাধক-গণ চরমে আত্মজ্ঞান লাভ করিয়া থাকেন। তাঁহারা বুঝিতে পারেন যে, তাঁহাদিগের এই দেহের মধ্যে আত্মা অবস্থিত আছেন। যাহাকে আপনার জ্ঞান করিয়া আমরা ব্যাকুল হই, যে নশ্বর দেহকেই আমরা ভ্রম ক্রমে আত্মা বলিয়া মনে করি, বস্তুতঃ তিনি আত্মা নহেন। জ্ঞাননিষ্ঠ সাধুগণ উপলব্ধি করিয়া থাকেন যে, এই ক্ষণ-ভঙ্গুর আপনের মধ্যেই নাশ রহিত প্রকৃত আপন বিদ্যমান আছেন। আর যাহারা বিমূঢ়াত্মা, অর্থাৎ যাহাদিগের আত্মজ্ঞান লাভ ঘটে নাই, যাহারা বিহিত উপদেশাদি প্রাপ্ত হইয়াও প্রকৃত সৎপথ অনুসরণ করিতে পারে নাই, সেরূপ অনেক লোকও হয়তো আত্মজ্ঞানের নিমিত্ত প্রযত্ন পরায়ণ হইতে পারে, কিন্তু চেতনাশক্তির স্ফুরণ না হওয়ায় সেই অজ্ঞানান্ধগণ এই আত্ম পদার্থ অবধারণে অক্ষম। দেহ-মধ্যস্থ দেহাধিষ্ঠিত, হইলেও আত্মাকে মোহাচ্ছন্ন জনগণ দেখিতে পায় না।

পূর্ব্ব শ্লোকে কথিত হইয়াছে যে, জ্ঞান চক্ষুর দ্বারাই আত্মা পরিদৃষ্ট হইয়া থাকেন। এ স্থলে ইহাও কথিত হইল যে, তজ্জন্য যত্নবান হওয়া আবশ্যক; কিন্তু যত্নবান হইলেই যে সকল স্থলে আত্ম দর্শন ঘটিয়া থাকে, এরূপ নহে। ভাগ্যক্রমে যাঁহার জ্ঞানচক্ষুর স্ফুরণ হয়,

সেইরূপ ব্যক্তিই আত্ম দর্শন করিয়া ধন্য হন। এতাবতা ইহাই সিদ্ধ হইতেছে যে, যাঁহার জ্ঞান চক্ষুর স্ফুরণ হয় নাই, তিনি যতমান হইলেও আত্মদর্শনের অধিকারী নহেন। আত্ম জ্ঞান লাভের নিমিত্ত প্রযত্ন আপাততঃ বড়ই দুরূহ ও বাধাযুক্ত বলিয়া বিবেচিত হয়। প্রথমতঃ চিত্তকে স্থির করিয়া সাংসারিক সকল কর্ত্তব্য কামনা-বিহীনতা সহকারে সম্পাদনের অভ্যাস করিতে হইবে; তদনন্তর দৈব ও নিত্য যাবতীয় ক্রিয়াকাণ্ড হইতে বাসনার সংশ্রব উচ্ছেদ করা আবশ্যক। এইরূপে চিত্তশুদ্ধি হইলে ভগবদ্ভক্তিতে দেহ ও মন পরিপূরিত হইবে। তদনন্তর ক্রমে ক্রমে ধীরে ধীরে আত্মজ্ঞান উপজাত হইবে। এতাদৃশ সাধনা কখনই অনায়াস সাধ্য নহে, সুতরাং সাধন পথাবস্থিত ব্যক্তিকেও আত্মজ্ঞান লাভে সততই বঞ্চিত হইতে হয়। যাঁহারা আত্মজ্ঞানকামী কিন্তু সাধনভ্রষ্ট, তাঁহাদিগের পক্ষে তল্লাভের কোনই উপায় নাই। এই গীতাগ্রন্থে "যততোহ্যপি কৌন্তেয়" (২য় অধ্যায় ৬০ শ্লোক) এবং "মনুষ্যাণাং সহস্রেষু কশ্চিদ্‌-যততি সিদ্ধয়ে" (৭ম অধ্যায় ৩ শ্লোক) ইত্যাদি স্থানে এইরূপ প্রসঙ্গ আলোচিত হইয়াছে॥ ১১॥

—০—(:০:)—০—

যদাদিত্যগতং তেজো জগদ্ভাসয়তেঽখিলং।
যচ্চন্দ্রমসি যচ্চাগ্নৌ তত্তেজো বিদ্ধি মামকং॥ ১২॥

অন্বয়।—আদিত্যগতং (সূর্য্যাবস্থিতং) যৎ তেজঃ, চন্দ্রমসি (চন্দ্রে) যৎ, অগ্নৌ চ যৎ অখিলং (কৃৎস্নং) জগৎ ভাসয়তে (প্রকাশয়তি) তৎ তেজঃ মামকং (মদীয়ং) বিদ্ধি (জানীহি)॥ ১২॥

প্রতিশব্দ।—সূর্য্য-গত যে তেজ, চন্দ্রে যে-তেজ অগ্নিতে যে-তেজ সমগ্র জগৎকে প্রকাশিত-করে, সেই তেজ আমারই জানিবে॥ ১২॥

ব্যাখ্যা।—সূর্য্য, চন্দ্র, অগ্নি প্রভৃতি জ্যোতিষ্ক পদার্থ-গত যে তেজ এই বিশ্বকে উদ্ভাসিত করে, সেই তেজ প্রকৃত পক্ষে আমারই বলিয়া জানিবে॥ ১২॥

শঙ্করাচার্য্য।—যৎ পদং সর্ব্বস্যাবভাসকমপ্যাদিত্যাদিকং জ্যোতির্নাবভাসয়তে যৎপ্রাপ্তাশ্চ মুমুক্ষবঃ পুনঃ সংসারাভিমুখা ন নিবর্ত্তন্তে যস্য চ পদস্যোপাধিভেদমনুবিধীয়মানা জীবা ঘটাদয় ইবাকাশস্যাংশাস্তস্য পদস্য সর্ব্বাত্মত্বং সর্ব্বব্যবহারাস্পদত্বঞ্চ বিবক্ষুশ্চতুর্ভিঃ শ্লোকৈঃ বিভূতিসংক্ষেপমাহ ভগবান্ যদেতি। যদাদিত্যগতমাদিত্যাশ্রয়ং কিন্তৎ তেজোদীপ্তিঃ প্রকাশো জগদ্ভাসয়তে প্রকাশয়ত্যখিলং সমস্তং, যচ্চন্দ্রমসি যচ্চ শশভৃতি তত্তেজোঽবভাসকং বর্ত্ততে, যচ্চাগ্নৌ হুতবহে, তত্তেজোবিদ্ধি বিজানীহি মামকং মদীয়ং মম বিষ্ণোস্তৎ জ্যোতিঃ। অথবা যদাদিত্যগতং তেজশ্চৈতন্যাত্মকং জ্যোতিশ্চন্দ্রমসি যচ্চাগ্নৌ তত্তেজোবিদ্ধি মামকং মদীয়ং মম বিষ্ণোস্তৎ জ্যোতিরিত্যাদি। নমু স্থাবরেষু চ তৎসমানং চৈতন্যাত্মকং জ্যোতিস্তত্র কথমিদং বিশেষণং যদাদিত্যগতমিত্যাদি, নৈষঃ দোষঃ সত্ত্বাধিক্যাদাদিত্যোপপত্তেরাদিত্যাদিষু হি সত্ত্বমত্যন্তপ্রকাশমত্যন্তভাস্বরমতস্তত্রৈবাবিস্তরাং জ্যোতিরিতি তদ্বিশিষ্যতে। নমু তত্রৈব তদধিকমিতি যথাহি লোকে তুল্যেঽপি মুখসংস্থানে ন কাষ্ঠকুড্যাদৌ মুখমাবির্ভবতি আদর্শাদৌ তু স্বচ্ছে স্বচ্ছতরে তারতম্যেনাবির্ভবতি তদ্বৎ॥ ১২॥

আনন্দগিরি।—অনন্তরশ্লোকচতুষ্টয়স্য বৃত্তানুবাদদ্বারা তাৎপর্য্যার্থমাহ যৎপদমিতি। জীবাত্মত্বেন চিদ্রূপত্বমুক্ত্বা তদীয়চৈতন্যেনাদিত্যাদীনামবভাসকত্বাচ্চ ব্রহ্মণশ্চিদ্রূপমিত্যাহ যদাদিত্যেতি। চিদ্রূপত্বেন ব্রহ্মণঃ সর্ব্বাত্মকত্বপ্রতিপাদকত্বেন শ্লোকং ব্যাচষ্টে যদিত্যাদিনা। আদিত্যাদৌ তত্র তত্র স্থিতং ব্রহ্মচৈতন্যজ্যোতিঃ সর্ব্বাবভাসকমিত্যর্থঃ। ব্রহ্মণঃ সর্ব্বজ্ঞত্বেন চিদ্রূপত্বমত্র বিবক্ষিতমিতি ব্যাখ্যান্তরমাহ অথবেতি। চৈতন্যজ্যোতিষঃ সর্ব্বত্রাবিশেষাদাদিত্যাদিগতবিশেষণমযুক্তমিতি শঙ্কতে নম্বিতি। সর্ব্বত্র সত্ত্বেঽপি ক্বচিদেবাভিব্যক্তিবিশেষাদ্বিশেষণমিতি পরিহরতি নৈষ দোষ ইতি। তদেব প্রপঞ্চয়তি আদিত্যাদিষ্বিতি। সর্ব্বত্র চৈতন্যজ্যোতিষস্তুল্যত্বেঽপি ক্বচিদেবাভিব্যক্ত্যা বিশেষেণোপপত্তিং দৃষ্টান্তেন স্পষ্টয়তি যথাহীতি॥ ১২॥

রামানুজ।—ইদানীমচিৎপরিণামবিশেষমাদিত্যাদীনাং জ্যোতিরপি ভগবদ্বিভূতিরিত্যাহ যদিতি। অখিলস্য জগতো ভাসকং তেষামাদিত্যাদীনাং যত্তেজস্তন্মদীয়ন্তেজস্তৈরারাধিতেন ময়া তেভ্যো দত্তমিতি বিদ্ধি॥ ১২॥

হনুমান্।—অতোযতমানা অজ্ঞানচক্ষুষো নৈনং পশ্যন্ত্যপি অহমাত্মা অনেকযত্নাত্মসংস্কারসাধ্যত্বাৎ দুর্বিজ্ঞেয়স্তত্রাপি সকললোকপ্রসিদ্ধোঽহমিত্যাহ। যদাদিত্যগতং তেজঃ প্রকাশঃ অখিলং জগদ্ভাসয়তে যচ্চ চন্দ্রমসি তেজঃ যচ্চাগ্নৌ তত্তেজো বিদ্ধি মামকং তথাচ শ্রুতিঃ। "যেন সূর্য্য স্তপতি তেজসেদ্ধস্তদহং জ্যোতিরিতি"॥ ১২॥

শ্রীধর।—তদেবং ন তদ্ভাসয়তে সূর্য্য ইত্যাদিনা পারমেশ্বরং পরং ধামোক্তং, তৎপ্রাপ্তানাঞ্চাপুনরাবৃত্তিরুক্তা, তত্র সংসারিণোঽভাবমাশঙ্ক্য সংসারিস্বরূপং দেহাদিব্যতিরিক্তং দর্শি[illegible] ইদানীং তদেব পারমেশ্বরং রূপমনন্তশক্তিত্বেন নিরূপয়তি যদিত্যাদি চতুর্ভিঃ। [illegible] দিষু স্থিতং যদনেকপ্রকারং তেজোবিশ্বং প্রকাশয়তি তৎ সর্ব্বং তেজোমদীয়মেব জানী[illegible]

বলদেব।—অথ মদংশস্য জীবস্য সংসারকস্য মুমুক্ষোশ্চ জোগনোক্ষ[illegible]ণ হয়,

ত্মেনাহ যদিতি চতুর্ভিঃ। আদিত্যে স্থিতং যত্তেজো যচ্চন্দ্রেঽগ্নৌ চ স্থিতং সৎ সর্ব্বং জগৎ প্রকাশয়তি তত্তেজো মামকং মদীয়ং বিদ্ধি। উদিতেন সূর্য্যেণ জ্বলিতেন চ বহ্নিনা দৃষ্ট-ভোগসাধনানি কর্ম্মাণি নিষ্পদ্যন্তে তিমিরজাড্যনাশাদয়শ্চ সুখহেতবো ভবন্তি। উদিতেন চন্দ্রেণ চৌষধিপোষিতাপশান্তিজ্যোৎস্নাবিহারাস্তথাভূতা ভবন্তি ইতি তেষাং তত্তৎসাধকং তেজো মত্তেজোবিভূতিরিত্যর্থঃ॥ ১২॥

মধুসূদন।—ইদানীং যৎ পদং সর্ব্বাবভাসনক্ষমা অপ্যাদিত্যাদয়োভাসয়িতুং ন ক্ষমন্তে যৎ প্রাপ্তাশ্চ মুমুক্ষবঃ ন পুনঃ সংসারায় প্রবর্ত্তন্তে যস্য চ পদস্যোপাধিভেদমনুবিধীয়মানা জীবা ঘটাকাশাদয় ইবাকাশস্য কল্পিতাংশা মৃষৈব সংসারমনুভবন্তি, তস্য পদস্য সর্ব্বাত্মত্ব-সর্ব্বব্যবহারাস্পদত্বপ্রদর্শনেন ব্রহ্মণোহি প্রতিষ্ঠাহমিতি প্রাগুক্তং বিবরীতুং চতুর্ভিঃ শ্লোকৈরাত্মনো-বিভূতিসঙ্ক্ষেপমাহ ভগবান্ যদিতি। "ন তত্র সূর্য্যোভাতি ন চন্দ্রতারকং নেমাবিদ্যুতোভান্তি কুতোঽয়মগ্নিঃ" ইতি শ্রুত্যর্দ্ধং প্রাগ্ব্যাখ্যাতং ন তদ্ভাসয়তে সূর্য্য ইত্যাদিনা, "তমেব ভান্তমনুভাতি সর্ব্বস্তস্য ভাসা সর্ব্বমিদং বিভাতি" ইতি শ্রুত্যর্দ্ধমনেন ব্যাখ্যায়তে, যদাদিত্যগতং তেজশ্চৈত-ন্যাত্মকং জ্যোতিশ্চন্দ্রমসি যচ্চাগ্নৌ স্থিতং তেজোজগদখিলমবভাসয়তে, তত্তেজোমামকং মদীয়ং বিদ্ধি। যদ্যপি স্থাবরজঙ্গমেষু সমং চৈতন্যাত্মকং জ্যোতিস্তথাপি সত্ত্বোৎকর্ষেণাদিত্যাদীনা-মুৎকর্ষাত্তত্রৈবাবিস্তরাং চৈতন্যজ্যোতিরিতি তৈর্বিশেষ্যতে যদাদিত্যগতমিত্যাদি। যথা তুল্যেঽপি মুখসন্নিধানে কাষ্ঠকুড্যাদৌ ন মুখমাবির্ভবতি আদর্শাদৌ চ তারতম্যেনাবির্ভবতি তদ্বৎ। যদাদিত্যগতং তেজ ইত্যুক্ত্বা পুনস্তত্তেজোবিদ্ধি মামকমিতি তেজোগ্রহণাৎ যদাদিত্যাদিগতং তেজঃ প্রকাশঃ পরপ্রকাশসমর্থং সিতভাস্বরং রূপং জগদখিলরূপবদ্বস্তু অবভাসয়তে এবং যচ্চন্দ্রমসি যচ্চাগ্নৌ জগদবভাসকং তেজস্তন্মামকং বিদ্ধীতিবিভূতি কথনায় দ্বিতীয়োঽপ্যর্থোদ্রষ্টব্যঃ। অন্যথা তন্মামকং বিদ্ধীত্যেতাবৎ ব্রূয়াৎ তেজোগ্রহণমন্তরেণৈবেতি ভাবঃ॥ ১২॥

নীলকণ্ঠ।—কথং তর্হি সূর্য্যাদীনামপি ভাসকত্বং লোকে দৃশ্যতে তদপি মদাবেশাদে-বেত্যাহ, যদাদিত্যেতি। অত্রাপ্যাদিত্যাদিপদৈঃ করণাধিষ্ঠাত্র্যো দেবতাস্তদধিষ্ঠেয়ানি করণানি চ তন্ত্রেণৈব গৃহ্যন্তে যদাদিত্যাদিষু বাহ্যকরণাধিষ্ঠাতৃষু তত্তদধিষ্ঠেয়েষু বাহ্যকরণেষু চ গতং বিদ্যমানং তেজোবিষয়প্রকাশনসামর্থ্যং তত্তেজোমামকং মদীয়ং বিদ্ধি, "যেন সূর্য্যস্তপতি তেজসেদ্ধঃ যেন চক্ষুংষি পশ্যন্তী" ত্যাদিশ্রুতিভ্যঃ এবং মনশ্চন্দ্রমসোর্যদান্তর প্রপঞ্চপ্রকাশনসামর্থ্যং তদপি মামকমেব তথা যদ্বাগগ্ন্যোঃ সর্ব্বং জগদ্ভাসয়তে অব্যাকৃতাদিবিষয়প্রকাশনসামর্থ্যং তদপি মামকমেবেত্যর্থঃ, অক্ষরযোজনাস্পষ্টা ১২।

বিশ্বনাথ।—তদেবং জীবসংবদ্ধাবস্থায়াং যৎ যৎ প্রাপ্যবস্তু তত্র অহমেব সূর্য্যচন্দ্রা-দ্যাত্মকঃ সন্নুপকরোমীত্যাহ যদিতি ত্রিভিঃ। আদিত্যস্থিতং তেজ এবোদয়পর্ব্বতে প্রাত্তরুদিতা জীবস্য দৃষ্টাদৃষ্টভোগসাধনকর্ম্মপ্রবর্ত্তনার্থং জগদ্ভাসয়তে এবঞ্চ যচ্চন্দ্রমসি অগ্নৌচ তত্তদখিলং মামকমেব সূর্য্যাদিসংজ্ঞোঽহমেব ভবামীত্যর্থঃ। মত্তেজস এব তত্তদ্বিভূতিরিতি ভাবঃ॥ ১২॥

তাৎপর্য্য ।—শ্রীভগবান্ পূর্ব্বে নির্দ্দেশ করিয়াছেন যে, তদীয় ধাম সূর্য্য চন্দ্র বা অগ্নি দ্বারা আলোকিত হয় না। কারণ তথায় স্বপ্রকাশ পূর্ণ পুরুষ স্বয়ং বিরাজিত। তদনন্তর ইহাও কীর্ত্তিত হইয়াছে যে, শ্রীভগবানের সেই পরম পদ প্রাপ্ত হইলে জ্ঞানিগণকে আর সংসারে নিবৃত্ত হইতে হয় না; এবং ইহাও প্রতিপাদিত হইয়াছে যে, সম্যক্ জ্ঞানোন্নতি ব্যতীত সেই পদ দর্শনের সম্ভাবনা নাই ; বিমূঢ়াত্মা প্রকৃষ্ট দর্শনশক্তির অভাবে কখনই সেই পদ দেখিতে পায় না। এইরূপ তত্ত্বকথা পূর্ব্বে পরিব্যক্ত করিয়া এক্ষণে ভগবান্ উপর্য্যুপরি শ্লোক চতুষ্টয়ে সংক্ষেপতঃ বিভূতি বর্ণন ব্যপদেশে সেই পরম পদের মাহাত্ম্য প্রকটিত করিতেছেন। মার্ত্তণ্ডদেব প্রচণ্ড কিরণ দ্বারা ব্রহ্মাণ্ডের সমস্ত বস্তুর অন্ধকাররূপ আবরণ উন্মোচন করিয়া তৎসমস্তকে স্ব স্ব স্বরূপে প্রদর্শন করেন। নিশানাথ সুমধুর স্নিগ্ধোজ্জ্বল জ্যোতি বিকীরণ করিয়া জাগতিক পদার্থপুঞ্জকে পরম রমণীয় উজ্জ্বলতায় আবরণ করিয়া প্রকাশ করেন। অতি দীপ্তিশালী হুতাশন ঊর্দ্ধগামী শিখা সমূহ বিস্তার করিয়া সন্নিহিত পদার্থ পুঞ্জের অন্ধকার নাশ করিয়া থাকেন। এই পদার্থ ত্রয়ের দীপ্তি ও অন্ধকার নাশ শক্তি আমারই বলিয়া জানিবে। অর্থাৎ শ্রীভগবানের দীপ্তিতেই তত্তাবত দীপ্তিমান এবং তাঁহারই তেজে তাহারা তেজঃসম্পন্ন। সুতরাং ইহাই সিদ্ধ হইতেছে যে, শ্রীভগবানের তেজে যাহারা তেজঃপুঞ্জ, তাঁহাকে প্রকাশ করিবার নিমিত্ত সেই দীপ্তিশালী পদার্থ পুঞ্জের সাহায্য অনাবশ্যক।

পূজ্যপাদ শ্রীশঙ্করাচার্য্য তথা শ্রীমন্মধুসূদন সরস্বতী প্রভৃতি এই শ্লোকের পূর্ব্বোল্লিখিত অর্থ ব্যতীত অন্যরূপ অর্থও নির্দ্দেশ করিয়াছেন। তাঁহারা বলিয়াছেন, আদিত্য, চন্দ্রমা ও পাবকে শ্রীভগবানই তেজরূপে অধিষ্ঠিত আছেন, এই জন্যই তত্তাবত পদার্থ দীপ্তিশালী হইয়াছে। যাঁহার তেজে তাহারা তেজোময়, সেই ভগবানকে প্রকাশ করিবার নিমিত্ত তাহাদিগের তেজ বিস্তারের প্রয়োজন হয় না।

এ স্থলে এক আপত্তি উত্থাপিত হইতে পারে। শ্রীভগবানের তেজঃশক্তি স্থাবর জঙ্গমাত্মক এই বিশ্বের অতি ক্ষুদ্র ও অতি মহৎ, অতি সূক্ষ্ম ও অতি বিশাল প্রত্যেক পদার্থেই অনুস্যূত। তাঁহারই শক্তিতে সকলে অনুপ্রাণিত এবং তাঁহারই চৈতন্যকণিকা সমাবেশে সকলে চৈতন্যময়। তবে

এ স্থলে কেবলমাত্র সূর্য্য চন্দ্র ও অগ্নির উল্লেখ করা হইল কেন? এতদুত্তরে ইহাই বক্তব্য যে, এই অত্যুজ্জ্বল পদার্থত্রয়ের অবধারণ কোনরূপ দোষাবহ হয় নাই। কারণ সৃষ্ট প্রাকৃতিক পদার্থ সমূহের মধ্যে উল্লিখিত পদার্থত্রয় অতি দীপ্তিশালী এবং অত্যন্ত প্রভাসম্পন্ন। এই জন্য সমস্ত পদার্থের মধ্যে উল্লিখিত পদার্থত্রয়ের নির্ব্বাচন সুসঙ্গত হইয়াছে। অপিচ দর্পণাদি সূক্ষ্ম মসৃণ পদার্থ প্রতিবিম্ব ধারণে যেরূপ সক্ষম, কাষ্ঠ বা ইষ্টকের সেরূপ ক্ষমতা নাই। যাহা অত্যুজ্জ্বল, তাহাই ভগবৎ প্রতিবিম্ব ধারণক্ষম বলিয়া তত্তাবতের বিশেষরূপ নির্দ্দেশ হইলে কোনরূপ দোষ হইতে পারে না।

এই উপলক্ষ্যে পূজ্যপাদ সরস্বতী মহোদয় যে শ্রুতি উদ্ধৃত করিয়াছেন, তাহা "ন তত্র সূর্য্যোভাতি" ইত্যাদি এই অধ্যায়ের ৬ ষ্ঠ শ্লোকে ব্যাখ্যাত হইয়াছে, সুতরাং পুনরুল্লেখ অনাবশ্যক।

এই শ্লোকোপলক্ষ্যে পূজ্যপাদ শ্রীমদ্রামানুজাচার্য্য বলিয়াছেন, আদিত্য শশধর ও হুতাশন স্ব স্ব তেজ ভগবানের কৃপাতে প্রাপ্ত হইয়াছেন। তাঁহাদিগের দ্বারা আরাধিত ভগবান্ তাঁহাদিগকে তেজঃশক্তি প্রদান করিয়া গৌরবান্বিত করিয়াছেন। সুতরাং ইহাই প্রতিপন্ন হইতেছে যে, তত্তাবতের তেজও ভগবদ্বিভূতি মাত্র ॥ ১২ ॥

—:*:—

গামাবিশ্য চ ভূতানি ধারয়াম্যহমোজসা।
পুষ্ণামি চৌষধীঃ সর্ব্বাঃ সোমো ভূত্বা রসাত্মকঃ ॥১৩॥

অন্বয়।—অহং চ ওজসা (বলেন) গাং (পৃথিবীং) আবিশ্য (অধিষ্ঠায়) ভূতানি ধারয়ামি, রসাত্মকঃ (রসময়ঃ) সোমঃ (চন্দ্রঃ) চ ভূত্বা সর্ব্বাঃ ওষধীঃ (ব্রীহিযবাদ্যাঃ) পুষ্ণামি (সংবর্দ্ধয়ামি) ॥ ১৩ ॥

প্রতিশব্দ।—আমিই বলের-দ্বারা পৃথিবীতে অধিষ্ঠান করিয়া ভূতবর্গকে ধারণ-করিতেছি, রসাত্মক চন্দ্র হইয়া সমস্ত ওষধিকে বর্দ্ধিত-করিতেছি ॥ ১৩ ॥

একমেব সূর্য[illegible] ১৩ ॥

ব্যাখ্যা।—আমি স্বীয় শক্তির দ্বারা এই বিশ্বে অধিষ্ঠিত হইয়া জীব সমূহকে ধারণ করিয়া রহিয়াছি, এবং আমিই রসস্বভাব সুধাকর রূপে ব্রীহিযবাদি ওষধীগণের পরিপোষণ করিতেছি ॥ ১৩ ॥

শঙ্করাচার্য্য।—কিঞ্চ গামিতি। গাং পৃথিবীমাবিশ্য ধারয়ামি ভূতানি জগদহমোজসা বলেন যদ্বলং কামরাগবিবর্জিতমৈশ্বরং জগদ্বিধারণায় পৃথিব্যাং প্রবিষ্টং যেন গুর্বী পৃথিবী নাধঃপততি ন বিশীর্যতে। তথা চ মন্ত্রবর্ণঃ,—"যেন দ্যৌরুগ্রা পৃথিবী চ দৃঢ়েতি সদাধারপৃথিবীমি" ত্যাদিশ্চাতোগামাবিশ্য ভূতানি চরাচরাণি ধারয়ামীতি যুক্তমুক্তং। কিঞ্চ পৃথিব্যাং জাতা ওষধীঃ সর্ব্বা ব্রীহিযবাদ্যাঃ পুষ্ণামি পুষ্টিমতীরসাস্বাদমতীশ্চ করোমি, সোমো ভূত্বা রসাত্মকঃ সোমঃ সর্ব্বরসাত্মকোরসস্বভাবঃ সর্ব্বরসানামাকরঃ সোমঃ স হি সর্ব্বা ওষধীঃ স্বাত্মরসানুপ্রবেশেন পুষ্ণাতি ॥ ১৩ ॥

আনন্দগিরি।—ইতশ্চ সর্ব্বাত্মত্বং প্রকৃতপদস্য যুক্তমিত্যাহ কিঞ্চেতি। ঈশ্বরোহি পৃথিবীদেবতারূপেণ পৃথিবীং প্রবিশ্য ভূতশক্তিতং জগদৈশ্বরেণৈব বলেন বিভর্ত্তি ততো গুর্ব্বপি পৃথিবী বিদীর্য্য নাধঃপততীত্যত্র প্রমাণমাহ তথাচেতি। পরস্যৈব হিরণ্যগর্ভাত্মনাবস্থানান্ন মন্ত্রয়োরন্যপরতেতি ভাবঃ, দেবতাত্মনা দ্যাবাপৃথিব্যোরুগ্রত্বমুদ্ধরণত্বসামর্থ্যং তথাপীশ্বরায়ত্তমেব স্বরূপধারণং তদপেক্ষয়াদুর্ব্বলত্বাদিতি দ্রষ্টব্যং। ঈশ্বরস্য সর্ব্বাত্মত্বে হেত্বন্তরমাহ কিঞ্চেতি। রসাত্মকসোমরূপতাপত্তাবপি কথমোষধীরীশ্বরঃ সর্ব্বাঃ পুষ্ণাতীত্যাশঙ্ক্যাহ সর্ব্বেতি ॥ ১৩ ॥

রামানুজ।—পৃথিব্যাশ্চ ভূতধারিণ্যাঃ ধারকত্বশক্তির্মদীয়েত্যাহ গামিতি। অহং পৃথিবীমাবিশ্য সর্ব্বাণি ভূতান্যোজসা মমাপ্রতিহতসামর্থ্যেন ধারয়ামি। পুষ্ণামীতি তথাহমমৃতরসময়ঃ সোমোভূত্বা সর্ব্বৌষধীঃ পুষ্ণামি ॥ ১৩ ॥

হনুমান্।—কিঞ্চাহং গাং পৃথিবীমাবিশ্য ভূতানি স্থাবরজঙ্গমাত্মকানি ধারয়ামি বিভর্ম্মি অহমাত্মা ওজসা বলেন কিঞ্চাত্মনঃ পুষ্ণামি সরসাঃ করোমি রসাত্মক রসাধারভূতঃ ॥১৩ ॥

শ্রীধর।—কিঞ্চ গামিতি। গাং পৃথিবীমোজসা বলেনাধিষ্ঠায়াহমেব চরাচরাণি ভূতানি ধারয়ামি, অহমেব চ রসময়ঃ সোমোভূত্বা ব্রীহ্যাদ্যোষধীঃ সর্ব্বাঃ সংবর্দ্ধয়ামি ॥ ১৩ ॥

বলদেব।—গামিতি। পাংশুমুষ্টিতুল্যাং গাং পৃথিবীমোজসা স্বশক্ত্যাহমাবিশ্য দৃঢ়ীকৃত্য ভূতানি স্থিরচরাণি ধারয়ামি। মন্ত্রবর্ণশ্চৈবমাহ "যেন দ্যৌরুগ্রা পৃথিবী চ দৃঢ়েতি" অন্যথাসৌ সিকতামুষ্টিবদ্বিশীর্য্যেত নিমজ্জেদ্বেতি ভাবঃ। তথাহমেব রসাত্মকঃ সোমোঽমৃতময়শ্চন্দ্রো ভূত্বা সর্ব্বা ওষধী নিখিলা ব্রীহ্যাদ্যাঃ পুষ্ণামি স্বাদুবিবিধরসপূর্ণাঃ করোমি। তথাচ ভূমিলোকে স্থিতস্য জীবস্য বিবিধপ্রসাদবাটিকাতড়াগাদিক্রীড়াস্থানানি নির্ম্মায় নানারসান্ ভুঞ্জানস্য তত্তৎসাধনমহমেবেতি ॥ ১৩ ॥

মধুসূদন।—কিঞ্চ গাং পৃথিবীং পৃথিবীদেবতারূপেণাবিশ্য ওজসা নিজেন বলেন পৃথিবীং ধূলিমুষ্টিতুল্যাং দৃঢ়ীকৃত্য ভূতানি পৃথিব্যাধেয়ানি বস্তুন্যহমেব ধারয়ামি অন্যথা পৃথিবী

সিকতামুষ্টিবদ্বিশীর্য্যেতাধোনিমজ্জেদ্বা "যেন দ্যৌরুগ্রা পৃথিবী চ দৃঢ়া" ইতি মন্ত্রবর্ণাৎ "সদাধার-পৃথিবীম্" ইতি চ হিরণ্যগর্ভভাবাপন্নং ভগবন্তমেবাহ। কিং চ রসাত্মকঃ সর্ব্বরসস্বভাবঃ সোমো ভূত্বা ঔষধীঃ সর্ব্বা ব্রীহিযবাদ্যাঃ পৃথিব্যাং জাতাঃ অহমেব পুষ্ণামি পুষ্টিমতীরসস্বাদমতীশ্চ করোমি॥ ১৩॥

নীলকণ্ঠ।—নকেবলমাদিত্যাদিগতং প্রকাশনসামর্থ্যং মামকম্, অপি তু পৃথিব্যাদিগতং ভূতধারণাপ্যায়নসামর্থ্যমপি মদীয়মেবেত্যাহ গামিতি। গাং পৃথিবীম্ আবিশ্য তাং দৃঢ়াং কৃত্বা ভূতানি অহমেব ধারয়ামি ওজসা বলেন অন্যথা পৃথিবীসিকতামুষ্টিবদ্বিদীর্য্যেত, তথাচ মন্ত্রবর্ণঃ, "যেন দ্যৌরুগ্রাপৃথিবী চ দৃঢ়েতি, সদাধার পৃথিবী" মিতি চ. তথাহমেব সোমোরসাত্মকঃ, জলাত্মকঃ "রসোজলং রসোহর্ষ" ইত্যনেকার্থমঞ্জরী,জলময়োভূত্বা সর্ব্বা ওষধীঃ পুষ্ণামি চ রসবতীঃ পুষ্টাশ্চ করোমি সোমোহি স্বাত্মরসানুপ্রবেশেন সর্ব্বা ওষধীঃ পুষ্ণাতীতি প্রসিদ্ধম্॥ ১৩॥

বিশ্বনাথ।—গাং পৃথ্বীং ওজসা স্বশক্ত্যা আবিশ্য অধিষ্ঠায় অহমেব চরাচরাণি ভূতানি ধারয়ামি তথাহমেবামৃতরসময়ঃ সোমোভূত্বা ব্রীহ্যাদ্যোষধীঃ সংবর্দ্ধয়ামি॥ ১৩॥

তাৎপর্য্য।—উপস্থিত শ্লোকে শ্রীভগবান্ ইহাই প্রতিদর্শন করিতেছেন যে, ভূতসমূহের আবাস স্থানরূপা এই ধরিত্রী শ্রীভগবানেরই শক্তিতে স্বকক্ষে অধিষ্ঠিত এবং স্বকার্য্যসাধনে সক্ষম। শ্রীভগবান্ বলিতেছেন, আমি এই পৃথিবীর * মধ্যে প্রবিষ্ট হইয়া স্বকীয় তেজে ভূতসমূহকে ধারণ করিয়া রহিয়াছি। প্রত্যুত যে কল্পনাতীত মহাশক্তি প্রভাবে এই মৃত্তিকাময়ী

* পৃথিবী।—সুনীথা নামে মৃত্যুর এক কন্যা জন্মিয়াছিল, মহারাজ অঙ্গ ঐ কন্যাকে বিবাহ করেন। সুনীথার গর্ভে বেণ নামে তাঁহার এক পুত্র জন্মে। মৃত্যুকন্যার উদরে জন্মগ্রহণ হেতু বেণ মাতামহ প্রকৃতি প্রাপ্ত হইয়া অতিশয় উদ্ধত হইয়াছিলেন। বেণ রাজ্যে অভিষিক্ত হইয়া ঘোষণা করিলেন যে, পৃথিবীতে কেহই কখন দান, যজ্ঞ বা হোম করিতে পারিবে না। কারণ তিনিই যজ্ঞপতি, তিনি ব্যতীত আর কেহই প্রভু বা যজ্ঞভাগ গ্রহণ করিবার অধিকারী নাই। বেণের এইরূপ ঘোষণা বাক্য শ্রবণ করিয়া ঋষিগণ অতিশয় উদ্বিগ্ন হইলেন। তখন তাঁহারা সকলে সমবেত হইয়া মহারাজ বেণের নিকট উপস্থিত হইলেন এবং শান্ত বাক্যে কহিলেন, 'মহারাজ! মনোযোগ পূর্ব্বক আমাদের হিতকর বাক্যসমূহ শ্রবণ করুন। ইহা শ্রবণ করিলে আপনি নিরাপদে ও কুশলে থাকিবেন, এবং আপনার প্রজাবর্গেরও হিতসাধন হইবে। রাজন্! আমরা দীর্ঘসত্রের অনুষ্ঠান দ্বারা যজ্ঞেশ্বর হরির পূজা করিতে বাসনা করিয়াছি। এই যজ্ঞ অনুষ্ঠিত হইলে আপনার সর্ব্বথা মঙ্গল হইবে এবং আপনিও এই যজ্ঞফলের ষষ্ঠাংশভাগী হইবেন। আমরা যদি যজ্ঞদ্বারা ভগবান্ বিষ্ণুকে প্রীত করিতে পারি, তাহা হইলে তিনি তোমার সমুদায় অভিলাষ পূরণ করিবেন। মহারাজ! যে রাজার রাজ্যে যজ্ঞেশ্বর ভগবান্ হরি সম্পূজিত হন, হরির কৃপায় তাঁ[illegible] বাঞ্ছিত লাভ হইয়া থাকে। ঋষিগণের এবম্বিধ বাক্য শ্রবণ করিয়া বেণ [illegible]ম, হে ঋষি[illegible]! আমা অপেক্ষা শ্রেষ্ঠ কে আছে যে, আমাকেও তাহার আরাধনা করিতে হইবে? তোমরা যাহাকে যজ্ঞেশ্বর মনে করিতেছ, সে ব্যক্তি কে? ব্রহ্মা, বিষ্ণু,মহেশ্বর,ইন্দ্র, বায়ু,

মেদিনী স্বকীয় উপাদানভূত সূক্ষ্ম সূক্ষ্ম অণুসমূহ একত্র সংযুক্ত ও সম্মিলিত করিয়া গিরি নদী জনপদ অরণ্যানী প্রভৃতি বিবিধ পদার্থ সহকৃত স্বকীয় বিশাল কলেবর ধারণ ও পোষণ করিয়া রহিয়াছে, সে শক্তি যে কিরূপ অচিন্তনীয়, তাহা ভাষায় বিবৃত করিতে মনুষ্যের সাধ্য নাই। বিজ্ঞান তাহাকেই প্রাকৃতিক আকর্ষণী শক্তি বলিয়া অবধারণ করিয়াছে; কিন্তু সেই প্রাকৃতিক আকর্ষণী শক্তিই ঐশ্বরিক শক্তি। এইরূপ আকর্ষণীশক্তি দ্বারা সংমিলিত রহিয়াছে বলিয়াই এই বিচিত্রতাপূর্ণ অবনীমণ্ডল অশেষ প্রকার শোভা সমৃদ্ধির নিকেতন হইয়া রহিয়াছে। এই শক্তির অভাব হইলেই বসুন্ধরার উপাদানস্বরূপ অণুপুঞ্জ বিচ্ছিন্ন হইয়া কিরূপ দুর্দ্দশা সংঘটন

যম, সূর্য্য, হুতাশন, বরুণ, ধাতা, পূষা, ভূমি, নিশাকর প্রভৃতি সকল দেবতা এবং নিগ্রহানুগ্রহ সমর্থ অন্যান্য দেবগণও রাজার শরীরে অবস্থিতি করেন। কারণ রাজাই সর্ব্বদেবময় বলিয়া কথিত হইয়া থাকে। অতএব হে বিপ্রগণ! তোমরা এই সমস্ত অবগত হইয়া আমি যেরূপ আজ্ঞা করিয়াছি তদনুরূপ অনুষ্ঠান কর। তোমরা কদাপি দান হোম বা যজ্ঞ করিতে পারিবে না। স্ত্রীলোকের পক্ষে একমাত্র পতিশুশ্রূষা যেরূপ পরমধর্ম্ম, তোমাদের পক্ষেও সেইরূপ রাজাজ্ঞা পালনই পরমধর্ম্ম। রাজার এতাদৃশ বাক্য শ্রবণে ঋষিগণ কহিলেন, মহারাজ! আমাদিগকে যজ্ঞানুষ্ঠান করিতে অনুমতি প্রদান করুন। ধর্ম্মলোপ করিবেন না। অগ্নিতে আহুতি প্রদান করিলে দেবরাজ বর্ষণ করেন, তাহাতেই শস্যোৎপত্তি হয়, এবং সেই শস্য আহার করিয়া প্রাণিগণ শরীর ধারণ করে। অতএব এই চরাচর বিশ্ব যজ্ঞীয় ঘৃতেরই পরিণাম স্বরূপ বলিয়া জানিবেন। মহর্ষিগণ মহারাজ বেণের নিকট এইরূপ নিবেদন করিয়া অনুজ্ঞা প্রাপ্তির নিমিত্ত পুনঃ পুনঃ প্রার্থনা করিলেও রাজা কোন রূপেই যজ্ঞানুষ্ঠানে অনুমতি দিলেন না। তখন মুনিগণ অত্যন্ত ক্রুদ্ধ হইয়া পরামর্শ করিলেন যে, এই পাপিষ্ঠকে এখনই বিনাশ কর। যে দুর্ব্বৃত্ত অনাদি অনন্তপুরুষ ভগবান্ বিষ্ণুর নিন্দা করে, সে কখনও রাজা হইবার যোগ্য নহে। বেণ ভগবন্নিন্দা দ্বারা স্বয়ং হতপ্রায় হইলেও মুনিগণ মন্ত্রপূত কুশাঘাত দ্বারা তাঁহাকে নিহত করিলেন। অনন্তর ঋষিগণ দেখিলেন যে, ধূলিরাশিতে গগনমণ্ডল আচ্ছন্ন হইতেছে। তখন তাঁহারা সমীপস্থিত লোকদিগকে ইহার কারণ জিজ্ঞাসা করিলে তাহারা কহিল, রাজ্য অরাজক হওয়ায় চতুর্দ্দিকেই চৌর্য্য ও দস্যুবৃত্তির প্রাদুর্ভাব হইয়াছে। তাহারা পরস্বাপহরণে প্রবৃত্ত হইয়াছে, এবং তাহাদিগের দ্রুতগমনবেগ হেতু ধূলিরাশি উত্থিত হইয়াছে। ইহা শুনিয়া মুনিগণ অত্যন্ত চিন্তিত হইলেন, এবং রাজ্যপালনার্থ রাজপুত্র উৎপাদনের পরামর্শ করিতে লাগিলেন। অনন্তর সকলে সেই অনপত্য মৃত ভূপতি বেণের উরুদেশ মন্থন করিতে আরম্ভ করিলেন। মন্থন করিতে করিতে উরুদেশ হইতে এক পুরুষ উৎপন্ন হইল। সেই পুরুষের আকার দগ্ধ স্তম্ভ সদৃশ, মুখ ক্ষুদ্র, দেহ অতিশয় খর্ব্ব। এই উৎপন্ন পুরুষ ঋষিগণের সম্মুখে দণ্ডায়মান হইয়া বলিল, আমাকে কি করিতে আজ্ঞা করেন। ঋষিগণ কহিলেন, "নিষীদ" অর্থাৎ উপবেশন কর। ইহাতেই সে নিষাদ নাম প্রাপ্ত হইল। বিন্ধ্যাচল নিবাসী পাপাচারনিরত নিষাদগণ ইহা হইতেই উৎপন্ন হইয়াছে, এবং ইহারই নামানুসারে তাহারা নিষাদ নামে খ্যাত হইয়াছে। এইরূপে বেণের শরীরস্থ সমুদায় পাপ নিষাদরূপে নিক্রান্ত হইলে মুনিগণ পুনর্ব্বার তাঁহার দক্ষিণ বাহু মন্থন করিতে প্রবৃত্ত

করিত, তাহা কল্পনা করিতেও সাধ্য নাই। ব্রহ্মাণ্ডেশ্বর স্বকীয় বিচিত্র শক্তিসহকারে এই মেদিনীর মধ্যে অধিষ্ঠিত হইয়াছেন, এবং স্বকীয় অচিন্তনীয় ক্ষমতাবলে ভূতসমূহকে ধারণ করিয়া রহিয়াছেন। তাঁহারই শক্তিতে স্থাবর জঙ্গম সকল পদার্থই নির্দ্দিষ্ট কর্ম্ম সম্পাদনে সক্ষম এবং যথাবৎ স্থানে বিরাজিত থাকিয়া সৃষ্টি প্রবাহ সংরক্ষণে বিনিযুক্ত। মানব চরণ দ্বয়ের উপর নির্ভর করিয়া স্বচ্ছন্দে গমনাগমনে সক্ষম; পশুগণ পদচতুষ্টয়ের সহায়তায় ধারণ কুর্দ্দন ও বিচরণে সমর্থ; সরীসৃপগণ স্ব স্ব বক্ষের উপর নির্ভর করিয়া ইচ্ছামত পথে ভ্রমণশীল এবং বিহঙ্গমগণ পক্ষপুট সঞ্চালনে বায়ুমণ্ডলে উড্ডীয়মান। এই সকল ভিন্ন ভিন্ন কার্য্য, ভিন্ন ভিন্ন

হইলেন। এই প্রকারে মথিত হইলে সেই দক্ষিণ বাহু হইতে প্রতাপশালী পৃথুর উৎপত্তি হইল। প্রজ্বলিত অগ্নির ন্যায় দীপ্ত দেহ সেই পৃথু জন্মগ্রহণ করিলে আকাশ হইতে পিনাক নামক আন্ত ধনুঃ, দিব্য শর ও দিব্য কবচ পতিত হইল। জগৎবাসী জীব মণ্ডলী আনন্দিত হইল এবং তাহাতে বেণেরও স্বর্গ লাভ হইল। সেই সৎপুত্র পৃথু জন্মগ্রহণ করায় বেণ নরপতি পুন্নাম নরক হইতে উদ্ধার পাইলেন। অনন্তর পৃথুর রাজ্যাভিষেকের নিমিত্ত সমুদ্রগণ ও নদীগণ বিবিধ রত্ন ও তীর্থ সলিল লইয়া তথায় উপস্থিত হইলেন। পিতামহ ব্রহ্মা, দেবগণ, অঙ্গিরা প্রভৃতি মহর্ষিগণ এবং স্থাবর জঙ্গম প্রাণিগণ সেই স্থানে সমবেত হইয়া পৃথুকে রাজ্যে অভিষিক্ত করিলেন। পিতামহ পৃথুর হস্তে চক্রাকৃতি রেখা দর্শন করিয়া তাঁহাকে বিষ্ণুর অংশ সম্ভূত জানিতে পারিয়া অতিশয় হৃষ্ট হইলেন। কারণ যাঁহারা রাজ চক্রবর্ত্তী, তাঁহারা বিষ্ণুর অংশ, এই জন্য তাঁহাদের হস্তে চক্রচিহ্ন থাকে। বেণ তনয় পৃথু মহাসাম্রাজ্যে অভিষিক্ত হওয়াতে তাঁহার অতুল প্রতাপ দেবলোকেও অপ্রতিহত হইল। সেই মহাতেজস্বী পৃথু ধার্ম্মিকগণ কর্তৃক যথাবিধি অভিষিক্ত হইলে যে সকল প্রজা তাঁহার পিতার অধিকারকালে অতিশয় বিরক্ত হইয়াছিল, এক্ষণে তাহারাই নবীন ভূপতিতে অতিশয় অনুরক্ত হইয়া উঠিল। প্রজারঞ্জন দ্বারাই তিনি রাজা নাম প্রাপ্ত হইলেন। তিনি সমুদ্রে গমন করিতে ইচ্ছা করিলে সাগরের জল তাঁহার প্রভাবে স্তম্ভিত হইত, পর্ব্বতগণ তাঁহার গমন পথ প্রদান করিত; অরণ্যে প্রবেশ করিলেও তাঁহার রথধ্বজ ভগ্ন হইত না। পৃথিবী প্রভৃত ফলপ্রসবিনী হইল, চিন্তা মাত্রেই ভক্ষ্য ভোজ্য উপস্থিত হইতে লাগিল, গাভীগণ কামদুঘা হইল, প্রতি পুটকে মধু পাওয়া যাইতে লাগিল। এই পৃথু জন্মিবা মাত্র শুভপৈতামহ যজ্ঞ অনুষ্ঠিত হইয়াছিল, ঐ যজ্ঞে যে স্থানে সোমলতার রস নিষ্পীড়িত হইয়াছিল, তথায় সূতজাতির উৎপত্তি হইল, এবং ঐ সময়েই মাগধ জন্মগ্রহণ করিল। এই সূত ও মাগধ ঋষিগণের আদেশে পৃথুর স্তব গানে নিযুক্ত হইল। সেই সকল স্তুতি শুনিয়া মহারাজ পৃথু অতিশয় সন্তুষ্ট হইলেন, এবং তাহাদের বর্ণনানুসারে ভবিষ্যতে কার্য্য করিতে সংকল্প করিলেন। এইরূপে তিনি ধর্ম্মানুসারে পৃথিবী পালন করিতে প্রবৃত্ত হইলেন। এক সময়ে প্রজাগণ ক্ষুধার্ত্ত হইয়া মহারাজ পৃথুর নিকট উপস্থিত হইল এবং নিবেদন করিল যে, যে সময় বেণ দেহ ত্যাগ করেন, তৎকালে রাজ্য অরাজক হওয়াতে, ধান্য যব গোধূমাদি দস্যুগণ কর্তৃক অপহৃত হইয়াছিল। পৃথিবীও সমুদয় ওষধি গ্রাস করিয়াছেন। অতএব এক্ষণে প্রজাগণ অন্নাভাবে বিনষ্ট হইতেছে। এক্ষণে মহারাজই আমাদের বৃত্তিদাতা ও রক্ষক। আমরা ক্ষুধায় কাতর হইয়াছি

রূপ অবস্থান এবং ভিন্ন ভিন্ন রূপ ক্ষমতা কেবল সেই সর্ব্ব ক্ষমতার আধার স্বরূপ শ্রীভগবানের ক্ষমতায় ঘটিয়াছে। এই জগন্মণ্ডলে তিনি অচিন্তনীয় ক্ষমতা ও শক্তি বিস্তার করিয়া রহিয়াছেন, কিন্তু সেই শক্তির সহিত তাঁহার রাগ বা দ্বেষের কোন কারণ নাই। তাঁহার শক্তি সর্ব্বত্র সমভাবে প্রচারিত। বস্তু বিশেষে তাঁহার বিশেষ অনুরাগের পরিচয় নাই, অথবা বস্তু বিশেষে তাঁহার দ্বেষের কোন পরিচয় নাই। সর্ব্বত্র সেই সমদর্শী পরম কারুণিক পরমেশ্বরের শক্তিশালী হস্ত সমভাবে বিরাজিত। শ্রীভগবান্ রসাত্মক সোম রূপে পরিণত হইয়া বৃক্ষলতাদির পোষণ করিয়া থাকেন। চন্দ্রের নামান্তর সোম। চন্দ্র হইতে নিঃসৃত রসবিশেষ দ্বারা বৃক্ষলতাদি সজীব ও পরিপুষ্ট হইয়া থাকে। শ্রীভগবান্ এ স্থলে আপনাকে চন্দ্রমণ্ডল নিঃসৃত সেই সোম-রূপে উল্লেখ করিয়াছেন, এবং তদ্রূপে আপনাকে উদ্ভিজ্জ সমূহের পোষণ-কর্ত্তা বলিয়া সমর্থন করিয়াছেন। বস্তুতঃ ভূপৃষ্ঠস্থিত বৃক্ষলতাদির ক্রিয়া ও ভাব নিরতিশয় বিস্ময়াবহ। কোন বৃক্ষের ফল অতি সুস্বাদু ও তৃপ্তিকর, কিন্তু তাহারই পত্র পল্লবাদি অতি কটু ও বিস্বাদ। কোন বৃক্ষের ফল লবণাস্বাদ, কাহারও বা তিক্ত কাহারও বা উগ্র, কাহারও বা কষায়। সম ক্ষেত্রস্থ সম যত্নে কর্ষিত ভিন্ন ভিন্ন বৃক্ষ লতাদি সম্পূর্ণ বিভিন্ন প্রকার স্বাদ, গুণ, ও ধর্ম্মযুক্ত

আপনি আমাদিগের রক্ষার উপায়াবধারণ করুন। প্রজাগণের বাক্য শ্রবণ করিয়া নরপতি পৃথু ক্রোধ সহকারে দিব্য পিনাক নামক ধনু ও শরাসন গ্রহণ পূর্ব্বক পৃথিবীর বিনাশার্থ ধাবিত হইলেন। বসুন্ধরা ভীত হইয়া গোরূপ ধারণ পূর্ব্বক পলায়ন করিতে লাগলেন, পৃথুও তাঁহার পশ্চাৎ ধাবমান হইলেন। তখন বসুধা অনন্যোপায় হইয়া পৃথুর শর হইতে পরিত্রাণ লাভের নিমিত্ত অনুনয় সহকারে তাঁহাকে বলিলেন, হে নরেন্দ্র! আপনি আমাকে বধ করিতে উদ্যত হইয়াছেন, কিন্তু স্ত্রী বধে যে মহাপাপ হয়, তাহা কি আপনি জানেন না? পৃথু কহিলেন, এক অপরাধীকে বিনাশ করিলে যেখানে বহু লোকের মঙ্গল সাধিত হয়, সে স্থলে সে অপরাধীর বধে পাপ হয় না, বরং পুণ্য সঞ্চয়ই হইয়া থাকে। পৃথিবী কহিলেন, হে নৃপতে! যদি প্রজা-বর্গের উপকারের নিমিত্তই আমাকে বধ করেন, তাহা হইলে অতঃপর কে আপনার প্রজাবর্গকে ধারণ করিবে? পৃথু কহিলেন, আমি তোমাকে বিনাশ করিয়া স্বীয় যোগ বলে আমার প্রজা-বর্গকে ধারণ করিব। পৃথুর বাক্য শ্রবণে বসুধা অতিশয় ভীতা হইয়া কম্পান্বিত কলেবরে তাঁহাকে প্রণাম পূর্ব্বক কহিলেন, মহারাজ! সাধু উপায় অবলম্বন পূর্ব্বক যে কার্য্যের অনুষ্ঠান করা যায়, তাহাই সিদ্ধ হইয়া থাকে। অতএব আমি আপনাকে এক প্রকৃষ্ট উপায় নির্দ্দেশ করিয়া দিতেছি, ইচ্ছা হইলে তাহা গ্রহণ করিতে পারেন। নরনাথ! পূর্ব্বের সমুদায় ওষধি আমি জীর্ণ করিয়াছি, কিন্তু আপনি ইচ্ছা করিলে দুগ্ধরূপে সে সমস্ত প্রদান করিতে পারি। হে ধার্ম্মিকোত্তম! আপনি কাহাকেও আমার বৎস কল্পনা করিয়া দিলে সেই বৎসে

ফল উৎপাদন করিয়া থাকে। বৃক্ষলতাদির অবয়ব গত পার্থক্যও অত্যাশ্চর্য্য। অতি বিশাল বৃক্ষের অতি ক্ষুদ্রকায় ফল, আবার হয়তো অতি সামান্য লতিকার ফল অতি বৃহৎ। কোন ফল দেখিতে অতি সুন্দর, কোন ফল অতি কুৎসিত। কোন বৃক্ষের অবয়ব অতি কঠিন, কাহারও বা শরীর সুকোমল। কোন উদ্ভিদের গন্ধ প্রাণ বিমোহন, কাহারও বা ন্যক্কারজনক। এই বিস্ময়াবহ বিচিত্রতার আলোচনা করিলে হৃদয়ে অনির্ব্বচনীয় ভাবের উদ্ভব হয়। এই কল্পনাতীত অদ্ভুত বিভিন্নতা যিনি সংবিধান করিয়াছেন, তাঁহার ক্ষমতা যে কি অসীম, তাহা ধারণা করিতে মনুষ্যের সাধ্য নাই। সেই বিশ্বেশ্বর সোমরূপে * অনুপ্রবিষ্ট হইয়া ধরণী বক্ষে বিরাজিত অসংখ্য প্রকার ওষধি ও বনস্পতির রক্ষণ ও পোষণ করিতেছেন।

বৎসলা হইয়া আমি ক্ষীররূপে সমুদায় ওষধিই ক্ষরণ করিব। হে বীর! আমার বক্ষের উপরিভাগ সমতল করুন; তাহা হইলে আমি সেই সমভূমিতে সমান ভাবে উত্তম উত্তম ওষধি ও বীজ সমূহ প্রদান করিব। পৃথিবীর এবম্বিধ সারবর্ত উপদেশ শ্রবণ করিয়া নরপতি পৃথু ধনু কোটি দ্বারা পর্ব্বত সমূহকে উৎসারিত করিলেন। শৈল শ্রেণী ছিন্ন ভিন্ন হইয়া পড়িল, এবং তাহাতে পৃথিবী সমতল হইল। পূর্ব্বে পৃথিবী অতিশয় উন্নতাবনত ছিল। এজন্য গ্রাম নগরাদির বিশেষ বিভাগ ছিল না, রীতিমত শস্য উৎপন্ন হইত না, কৃষিকার্য্য করিবার সুবিধা ছিল না, রীতিমত গোরক্ষা হইত না, পথের অভাবে বাণিজ্য হইত না। কিন্তু যদবধি পৃথু সিংহাসনে আরোহণ করেন, তদবধি এই সকল বিষয়ের সুব্যবস্থা হইয়াছে, এবং এই সকলের ক্রমশঃ শ্রীবৃদ্ধি হইতেছে। পৃথুর প্রযত্নে বসুধার যে যে স্থান সমতল হইতে লাগিল, মহারাজ পৃথু সেই সেই স্থলেই প্রজাবসতি স্থাপন করিতে লাগিলেন। সে সময়ে প্রজাগণ কেবল ফল মূল ভক্ষণ করিয়াই জীবন ধারণ করিত, কিন্তু তাহাও অতিকষ্টে সংগৃহীত হইত। কারণ পূর্ব্বে সে সমস্তই বিনষ্ট হইয়াছিল। অনন্তর পৃথিবীনাথ পৃথু স্বায়ম্ভুব মনুকে বৎস কল্পনা করিয়া স্বহস্তেই পৃথিবী দোহনে প্রবৃত্ত হইলেন। তিনি প্রজাপুঞ্জের হিতকামনায় নানাবিধ শস্য দোহন করিলেন। তাঁহারই দোহনসম্ভূত শস্য দ্বারা অদ্যাপি সকলে জীবন ধারণ করিতেছে। পৃথু এই বসুন্ধরার প্রাণদানহেতু পিতাস্বরূপ হইয়াছিলেন, এই জন্যই ধরণী পৃথিবী নাম প্রাপ্ত হইলেন। অনন্তর দেবগণ, মুনিগণ, দৈত্যগণ, রাক্ষসগণ, পর্ব্বতগণ, গন্ধর্ব্বগণ, উরগগণ, যক্ষগণ, পিতৃগণ ও তরুগণ স্ব স্ব অভিলষিত পাত্র গ্রহণ পূর্ব্বক অভিলষিত বস্তু দোহন করিলেন। ইঁহারা সকলেই স্ব স্ব জাতীয় এক এক ব্যক্তিকে বৎস ও দোগ্ধা কল্পনা করিয়াছিলেন। এই পৃথিবী সমুদয় লোকের মাতা কর্ত্রী ও আধার স্বরূপা, ইনিই সকলের পালনকারিণী। (বিষ্ণুপুরাণ ১ম অংশ ১৩শ অধ্যায় দ্রষ্টব্য)

* সোম।—প্রাচীন আর্য্যেরা সোমলতা নাম্নী ওষধি বিশেষ হইতে এক অমৃতকল্প অত্যুপাদেয় পানীয় প্রস্তুত করিতেন এবং তাহা দেবতাদিগকে নিবেদন করিতেন। এই সোমরসকে স্বাস্থ্যপ্রদ, কল্যাণ[illegible] সৌভাগ্যপ্রদ বলিয়া প্রাচীন আর্য্যগণ বিশ্বাস করিতেন। বেদের নানাস্থানে এই সো[illegible]কার স্তুতি বিন্যস্ত আছে। সোমলতা প্রস্তরে নিষ্পীড়ন করিয়া হস্তদ্বারা

মূলে পৃথিবী অর্থে "গো" শব্দের প্রয়োগ হইয়াছে। পৃথিবীর আরও কয়েকটী নাম যথা ; "ভূ ভূর্মিরচলানন্তা রসা বিশ্বম্ভরা স্থিরা। ধরা ধরিত্রী ধরণী ক্ষৌণিঃ জ্যা কাশ্যপী ক্ষিতিঃ। সর্ব্বংসহা বসুমতী বসুধোর্ব্বী বসুন্ধরা। গোত্রা কুঃ পৃথ্বীক্ষ্মাচৈব অবনি মেদিনী মহী।" (অমর কোষ)

এই শ্লোক দ্বারা ইহাই উপলব্ধ হইতেছে যে, মানবগণ বসুন্ধরার বক্ষে স্ব স্ব ক্ষমতানুসারে বিবিধ হর্ম্ম্য উদ্যান কাননাদি নির্ম্মাণ করিয়া যে সুখ ও আনন্দ উপভোগ করিতেছে, শ্রীভগবানই তাহার বিধায়ক তিনিই শক্তিরূপে তত্তাবতকে ধারণ করিয়া না থাকিলে এবং বৃক্ষলতাদির মনোহর শোভা, বিচিত্র বর্ণ সংযুক্ত কুসুম ও ভিন্ন ভিন্ন স্বাদবিশিষ্ট ফলপ্রসব ক্ষমতা না দিলে মনুষ্যেরা তজ্জনিত আনন্দভোগে বঞ্চিত হইত।

মূলে "ওষধি" শব্দের প্রয়োগ আছে। ওষধি বলিলে ফলপাকান্ত বৃক্ষ সমূহকে বুঝায়। অর্থাৎ ফল পরিপক্ক হইলে যে সকল বৃক্ষ গুল্মাদি শুষ্ক হইয়া যায়, তাহাদিগকেই ওষধি বলে। এ সম্বন্ধে এইরূপ প্রমাণ দৃষ্ট হয়। "ওষধ্যঃ ফলপাকান্তা বহুপুষ্প ফলোপগাঃ।" জ্যোতির্লতা অর্থাৎ যে সকল লতা রাত্রিকালে জ্বলিয়া থাকে, অথবা রাত্রিকালে যাহা হইতে দীপ্তি নিঃসৃত হয়, তাহাদের নামও ওষধি। কবীন্দ্র কালীদাস কুমারসম্ভব কাব্যে লিখিয়াছেন, "জ্বলন্তি যত্রৌষধয়ো রজন্যাং অতৈলপূরাঃ সুরতপ্রদীপাঃ।"

কিন্তু এ স্থলে ওষধি শব্দ দ্বারা সর্ব্বপ্রকার বৃক্ষলতাদি লক্ষিত হইয়াছে। পূজ্যপাদ ভাষ্য ও টীকাকৃদ্‌গণ এই অভিপ্রায়ই ব্যক্ত করিয়াছেন ॥ ১৩ ॥

চটকাইলে সোমরস নিঃসৃত হইত, এবং সেই রস ছাঁকনিতে ছাঁকিয়া দুগ্ধাদি সহকারে পান করা হইত। সোম চন্দ্রেরও নামান্তর। চন্দ্রমণ্ডল হইতে যে হিমকণা সম্পৃক্ত সুশীতল রশ্মি নিঃসৃত হয়, তাহাও সোম নামে অভিহিত হইয়া থাকে ; সেই সোমই ওষধি বৃক্ষাদির জীবন স্বরূপ। বেদেও দৃষ্ট হয় "বনস্পতিং পবমানমধ্বা সমংগ্ধি ধারয়া। সহস্র বল্‌শং হরিতং ভ্রাজমানং হিরণ্যয়ং।" (ঋগ্বেদ ৬ষ্ঠ অষ্টক ৯ মণ্ডল ৫ সূক্ত ১০ শ্রুতি) ইহার ভাবার্থ যথা ; হে পবমান সোম ! তুমি স্বীয় মধু ধারা দ্বারা হরিৎবর্ণ, হিরণ্যবর্ণ, দীপ্তমান শাখাবিশিষ্ট বনস্পতিকে সংস্কৃত অর্থাৎ পোষণ কর।

অহং বৈশ্বানরো ভূত্বা প্রাণিনাং দেহমাশ্রিতঃ।
প্রাণাপানসমাযুক্তঃ পচাম্যন্নং চতুর্ব্বিধং ॥ ১৪ ॥

অন্বয়।—অহং বৈশ্বানরঃ (জঠরাগ্নিঃ) ভূত্বা প্রাণিনাং দেহং আশ্রিত্য (অধিষ্ঠায়) প্রাণাপানসমাযুক্তঃ (প্রাণাপানবায়ুভ্যাং সংধুক্ষিতঃ) [সন্] চতুর্ব্বিধং (ভক্ষ্যভোজ্যচোষ্যলেহ্যাত্মকং) অন্নং পচামি (পক্তিং নয়ামি) ॥ ১৪ ॥

প্রতিশব্দ।—আমি জঠরাগ্নি হইয়া প্রাণিগণের দেহকে আশ্রয়-করিয়া প্রাণ-অপান-বায়ুর-সহিত-সংযুক্ত [হইয়া] চতুর্ব্বিধ অন্নকে পাক-করি ॥ ১ ॥

ব্যাখ্যা।—আমিই জঠরাগ্নিরূপে জীবের দেহমধ্যস্থ হইয়া প্রাণ এবং অপান বায়ুর সহযোগে ভক্ষ্য ভোজ্য চোষ্য লেহ্যরূপ অন্নকে পাক করিয়া থাকি ॥ ১৪ ॥

শঙ্করাচার্য্য।—কিঞ্চ অহমিতি। অহমেব বৈশ্বানর উদরস্থোঽভ্যন্তর্ভূত্বা "অয়মগ্নি-বৈশ্বানরোযোঽয়মন্তঃ পুরুষে যেনেদমন্নং পচ্যতে" ইত্যাদিশ্রুতেবৈর্শ্বানরঃ সন্ প্রাণিনাং প্রাণবতাং দেহমাশ্রিতঃ প্রবিষ্টঃ প্রাণাপানসমাযুক্তঃ প্রাণাপানাভ্যাং সমাযুক্তঃ সংযুক্তং পচামি পক্তিং করোমি। অত্র চতুর্ব্বিধং চতুঃপ্রকারং অন্নমশনং ভোজ্যঞ্চ ভক্ষ্যঞ্চোষ্যং লেহ্যঞ্চ ভোক্তা বৈশ্বানরোঽগ্নির্ভোজ্যমন্নং সোমস্তদেতদুভয়মগ্নীসোমৌ সর্ব্বমিতি পশ্যতোঽন্নদোষলেপোন ভবতি ॥ ১৪ ॥

আনন্দগিরি।—ভগবতঃ সর্ব্বাত্মত্বে হেত্বন্তরমাহ কিঞ্চেতি। অহমেবেত্যহংশব্দেন পরো লক্ষ্যতে ভূত্বা পচামীতি সম্বন্ধঃ। পরস্যৈব জাঠরাত্মনা স্থিতৌ শ্রুতিং প্রমাণয়তি অয়মিতি। বাহ্যং ভৌমমগ্নিং ব্যাবর্ত্তয়তি যোঽয়মিতি। দেহান্তরারম্ভকতৃতীয়ং ভূতং ব্যবচ্ছিনত্তি যেনেতি। জাঠরাত্মনা পরঃ স্থিতশ্চেত্তস্য দেহাশ্রিতত্বং সিদ্ধমিতি ন পৃথগ্বক্তব্যমিত্যাশঙ্ক্য পুরুষবিধং পুরুষেঽন্তঃপ্রতিষ্ঠিতং বেদেতি শ্রুতিমাশ্রিত্যাহ প্রবিষ্টইতি। পরস্য জাঠরাত্মনোঽন্নপাকে সহকারি-কারণমাহ প্রাণেতি। সংযুক্তত্বং সংধুক্ষিতত্বম্। অন্নস্য চাতুর্ব্বিধ্যং প্রকটয়তি ভোজ্যমিতি। ভোক্তরি বৈশ্বানরমিতি দৃষ্টির্ভোজ্যে সোমদৃষ্টিরেবং ভোক্তৃভোজ্যরূপং সর্ব্বং জগদগ্নিসোমাত্মনা ভুক্তিকালে ধ্যায়তো ভোক্তুরন্নকৃতো দোষো নেতি প্রাসঙ্গিকং সফলং ধ্যানং দর্শয়তি ভোক্তেতি ॥ ১৪ ॥

রামানুজ।—অহমিতি অহং বৈশ্বানরো জাঠরাগ্নির্ভূত্বা সর্ব্বেষাং প্রাণিনাং দেহমাশ্রিত্য তৈর্ভুক্তং ভক্ষ্যভোজ্যলেহ্যপেয়াত্মকং চতুর্ব্বিধং অন্নং প্রাণাপানব্যক্তিভেদসমাযুক্তঃ পচামি ॥ ১৪ ॥

হনুমান্।—কিঞ্চ বৈশ্বানরো ভূত্বা প্রাণশ্চাপানশ্চ প্রাণাপানৌ তাভ্যাং সমাযুক্তঃ সন্ধুক্ষিত চতুর্ব্বিধমশিতং স্বাদিতং পীতং লীঢ়ং ॥ ১৪ ॥

শ্রীধর।—কিঞ্চ অহমিতি। বৈশ্বানরো জাঠরাগ্নির্ভূত্বা প্রাণিনাং দেহস্যান্তঃ প্রবিশ্য প্রাণাপানাভ্যাঞ্চ তদুদ্দীপকাভ্যাং সহিতঃ প্রাণিভির্ভুক্তং ভক্ষ্যং ভোজ্যং লেহ্যং চোষ্যং চেতি চতুর্ব্বিধমন্নং পচামি। তত্র যদ্দন্তৈরবখণ্ড্যাবখণ্ড্য ভক্ষ্যতে অপূপাদি তদ্ভক্ষ্যং, যত্তু কেবলং জিহ্বয়া বিলোড্য নিগীর্য্যতে পায়সাদি তদ্ভোজ্যং, যজ্জিহ্বায়াং নিঃক্ষিপ্য রসাস্বাদেন ক্রমশো নিগীর্য্যতে দ্রবীভূতং গুড়াদি তল্লেহ্যং, যত্তু দংষ্ট্রাভির্নিষ্পীড্য রসাংশং নিগীর্য্যাবশিষ্টং ত্যজ্যতে ইক্ষুদণ্ডাদি তচ্চোষ্যমিতি চতুর্ব্বিধস্য ভেদঃ ॥ ১৪ ॥

বলদেব।—ভোগ্যানামন্নাদীনাং পাকহেতুশ্চাহমেবেত্যাহ অহমিতি। বৈশ্বানরো জঠরাগ্নিস্তচ্ছরীরকো ভূত্বা প্রাণিনাং সর্ব্বেষাং দেহমুদরমাশ্রিতঃ প্রাণাপানাভ্যাং তদুদ্দীপকাভ্যাং সমাযুক্তশ্চ সন্নহং তৈর্ভুক্তং চতুর্ব্বিধমন্নং পচামি পাকং নয়ামি। শ্রুতিশ্চৈবমাহ "অয়মগ্নির্বৈশ্বানরো যোঽয়মন্তঃ পুরুষে যেনেদং অন্নং পচ্যত" ইত্যাদিনা। তথা চাহমেব জাঠরাগ্নিশরীরস্তত্তদুপকারীত্যেবমাহ সূত্রকারঃ "শব্দাদিভ্যোঽন্তঃ প্রতিষ্ঠানা"চ্চেত্যাদিনা। অন্নস্য চাতুর্ব্বিধ্যং চ ভক্ষ্যং ভোজ্যং লেহ্যং চোষ্যঞ্চেতি ভেদাৎ। দন্তচ্ছেদ্যং চণকপূপাদি ভক্ষ্যম্ চর্বমিতি চোচ্যতে। মোদকৌদনসূপাদি ভোজ্যম্। পায়সগুড়মধ্বাদি লেহ্যম্। পক্কাম্রেক্ষুদণ্ডাদি চোষ্যম্। সোমবৈশ্বানরয়োঃ [illegible]ভেদেনোক্তিঃ স্বব্যাপ্যত্বাদিতি বোধ্যম্ ॥ ১৪ ॥

মধুসূদন।—কিঞ্চ অহমীশ্বর এব বৈশ্বানরো জাঠরোঽগ্নির্ভূত্বা "অয়মগ্নির্বৈশ্বানরো যোঽয়মন্তঃপুরুষে যেনেদমন্নং পচ্যতে" ইত্যাদিশ্রুতিপ্রতিপাদিতঃ সন্ প্রাণিনাং সর্ব্বেষাং দেহমাশ্রিতঃ অন্তঃপ্রবিষ্টঃ প্রাণাপানাভ্যাং তদুদ্দীপকাভ্যাং সংযুক্তঃ সংধুক্ষিতঃ সন্ পচামি পক্তিং নয়ামি। প্রাণিভির্ভুক্তং অন্নং চতুর্ব্বিধং ভক্ষ্যং ভোজ্যং লেহ্যং চোষ্যং চেতি। তত্র যদ্দন্তৈরবখণ্ড্য বিখণ্ড্য ভক্ষ্যতেঽপূপাদি তদ্ভক্ষ্যং চর্ব্ব্যমিতি চোচ্যতে, যত্তু কেবলং জিহ্বয়া বিলোড্য নিগীর্য্যতে সূপৌদনাদি তদ্ভোজ্যং যত্তু জিহ্বায়াং নিক্ষিপ্য রসাস্বাদেন নিগীর্য্যতে কিঞ্চিদ্দ্রবীভূতগুড়রসালশিখরিণ্যাদি তল্লেহ্যং, যত্তু দন্তৈর্নিষ্পীড্য রসাংশং নিগীর্য্যাবশিষ্টং ত্যজ্যতে যথেক্ষুদণ্ডাদি তচ্চোষ্যম্, ইতি ভেদঃ। ভোক্তা যঃ সোঽগ্নির্বৈশ্বানরো যদ্ভোজ্যমন্নং স সোমস্তদেতদুভয়মগ্নীসোমৌ সর্ব্বমিতি ধ্যায়তোঽন্নদোষলেপোন ভবতীত্যপি দ্রষ্টব্যং ॥ ১৪ ॥

নীলকণ্ঠ।— অহং বৈশ্বানরসংজ্ঞ উদরস্থোঽগ্নির্ভূত্বা প্রাণিনাং সর্ব্বেষাং দেহম্ আশ্রিতঃ সন্ প্রাণাপানাভ্যাং বায়ুভ্যাং সমাযুক্তঃ সন্দীপিতশ্চতুর্ব্বিধমন্নমদনীয়ং ভক্ষ্যং দন্তব্যাপারাপেক্ষমপূপাদি ভোজ্যং তদনপেক্ষং পায়সাদি লেহ্যং গুড়শর্করাদি চোষ্যং নিশ্চোষ্যমাণমিক্ষুদণ্ডাদি [illegible]তেন সর্ব্বত্র সর্ব্বা শক্রির্যা দৃশ্যতে সা মদীয়ৈবেতি ভাবঃ, তদেবং ভোক্তা বৈশ্বানরোঽগ্নির্ভোজ্যমন্নং [illegible]দামস্তদেবমুভয়মগ্নীষোমৌ সর্ব্বমিতি পশ্যতোঽন্নদোষলেপো ন ভবতীত্যপি দ্রষ্টব্যম্ ॥ ১৪ ॥

বিশ্বনাথ।—বৈশ্বানরো জঠরানলঃ প্রাণাপানাভ্যাং তদুদ্দীপকাভ্যাং সহিতঃ চতুর্ব্বিধং

শঙ্করাচার্য্য।—কিঞ্চ সর্ব্বেতি। সর্ব্বস্য প্রাণিজাতস্যাহমাত্মা সন্ হৃদি বুদ্ধৌ সন্নিবিষ্টো-ঽতোমত্তঃ আত্মনঃ সর্ব্বপ্রাণিনাং স্মৃতির্জ্ঞানঞ্চ তদপোহনঞ্চ যেষাং পুণ্যকর্ম্মিণাঞ্চ পুণ্যকর্ম্মানু-রোধেন জ্ঞানস্মৃতী ভবতস্তথা পাপকর্ম্মিণাং পাপকর্ম্মানুরূপেণ স্মৃতিজ্ঞানয়োরপোহনঞ্চ অপায়নমপ-গমনঞ্চ বেদৈশ্চ সর্ব্বৈরহমেব চ পরমাত্মা বেদ্যোবেদিতব্যঃ বেদান্তকৃৎ বেদান্তার্থসম্প্রদায়কৃদিত্যর্থঃ বেদবিদ্বেদার্থবিদেব চাহং॥ ১৫॥

আনন্দগিরি।—ইতশ্চ সর্ব্বাত্মত্বেন সর্ব্বব্যবহারাস্পদত্বমীশ্বরস্যেত্যাহ কিঞ্চেতি। প্রাণিজাতং ব্রহ্মাদিপুত্তিকান্তমাত্মতয়া বুদ্ধৌ সন্নিবিষ্টত্বং তদ্গুণদোষাণামশেষেণ দ্রষ্টৃত্বমতো বুদ্ধিমধ্যস্থগুণদোষদ্রষ্টৃত্বাদিতি যাবৎ। মত্তঃ সর্ব্বকর্ম্মাধ্যক্ষাজ্জগদ্যন্ত্রসূত্রধারাদিত্যর্থঃ। প্রাণিনাং স্মৃতিজ্ঞানয়োস্তদপায়স্য চ ভগবদধীনত্বে ভগবতো বৈষম্যং স্যাদিত্যাশঙ্ক্যাহ যেষামিতি। স্মৃতি-র্জন্মান্তরাদাবনুভূতস্য পরামর্শঃ দেশকালস্বভাববিপ্রকৃষ্টস্যাপি জ্ঞানমনুভবঃ, ধর্ম্মাধর্ম্মাভ্যাং বিচিত্রং কার্য্যং কুর্ব্বতো নেশ্বরস্য বৈষম্যমিতি ভাবঃ। বেদবেদ্যং পরং ব্রহ্ম ভগবতোঽন্যদিতি শঙ্কাং বারয়তি বেদৈরিতি। বেদাত্মনাং পৌরুষেয়ত্বং পরিহরতি বেদেতি। তদর্থসম্প্রদায়প্রবর্ত্তকত্বার্থং তদর্থ-যাথাতথ্যজ্ঞানবত্ত্বমাহ বেদার্থেতি॥ ১৫॥

রামানুজ।—অত্র পরমপুরুষবিভূতিভূতৌ সোমবৈশ্বানরৌ অহং সোমো ভূত্বা বৈশ্বা-নরো ভূত্বেতি তৎসামানাধিকরণ্যেন নির্দ্দিষ্টৌ তয়োশ্চ সর্ব্বস্য ভূতজাতস্য চ পরমপুরুষসামানা-ধিকরণ্যনির্দ্দেশে হেতুমাহ সর্ব্বস্যেতি। তয়োঃ সোমবৈশ্বানরয়োঃ সর্ব্বস্য ভূতজাতস্য চ সকলপ্রবৃত্তিমূলজ্ঞানোদয়দেশে হৃদি সর্ব্বং মৎসংকল্পেন নিযচ্ছন্ অহমাত্মতয়া সন্নিবিষ্টঃ। তথাহুঃ শ্রুতয়ঃ "অন্তঃ প্রবিষ্টঃ শাস্তা জনানাং সর্ব্বাত্মা যঃ পৃথিব্যাং তিষ্ঠন্ য আত্মনি তিষ্ঠন্নাত্মনো-ঽন্তরো যময়তি। পদ্মকোশপ্রতীকাশং হৃদয়ং চাপ্যধোমুখং। অথযদিদমস্মিন্ ব্রহ্মপুরে দহরং পুণ্ডরীকং বেশ্ম।" স্মৃতয়শ্চ "শাস্তা বিষ্ণুরশেষস্য জগতো যো জগন্ময়ঃ। প্রশাসিতারং সর্ব্বেষা-মণীয়াংসমণীয়সাং॥ যমো বৈবস্বতো রাজা যস্তবৈষ হৃদি স্থিতঃ।" ইত্যাদ্যাঃ। অতো মত্তঃ সর্ব্বেষাং স্মৃতির্জায়তে স্মৃতিঃ পূর্ব্বানুভূতবিষয়ানুভব সংস্কারমাত্রজং জ্ঞানং ইন্দ্রিয়লিঙ্গা-গমযোগজো বস্তুনিশ্চয়ঃ সোঽপি মত্তঃ অপোহন জ্ঞাননিবৃত্তিঃ "অপোহনমূহনং বা উহনং উহ বা বচ" ইতি স্মৃতেঃ উহো নাম ইদং প্রমাণমিত্থং প্রবর্ত্তিতুমর্হতীতি প্রমাণঃ প্রবৃত্ত্যর্হতাবিষয়ং-সামগ্র্যাদিনিরূপণজন্যং প্রমাণানুগ্রাহকং জ্ঞানং। উহোনাম বিতর্কঃ। সচ মত্তএব বেদৈশ্চ সর্ব্বৈরহমেব বেদ্যঃ। অতোঽগ্নিবায়ু সূর্য্যসোমেন্দ্রাদীনাং মদন্তর্যামিকত্বেন মদাত্মকত্বাত্তৎ-প্রতিপাদনপরৈরপি সর্ব্বৈর্বেদৈরহমেব বেদ্যঃ দেবমনুষ্যাদিশব্দৈর্জীবাত্মৈব বেদান্তকৃৎ বেদানা-"মিন্দ্রং যজেত বরুণম্ যজেতে"ত্যেবমাদীনামন্তঃ ফলং ফলে হি তে সর্ব্বে বেদাঃ পর্য্যবস্যন্তি অন্তকৃৎফলকৃৎ বেদোদিতফলস্য প্রদাতা চাহমেবেত্যর্থঃ। তদুক্তং পূর্ব্বমেব "যো যো যাং যাং তনুং ভক্তঃ শ্রদ্ধয়ার্চ্চিতুমিচ্ছতী" ত্যারভ্য "লভতে চ ততঃ কামান্ ময়ৈব বিহিতান্ হিতান। অহং হি সর্ব্বযজ্ঞানাং ভোক্তা চ প্রভুরেব চ" ইতি চ। বেদবিদেব চাহং বেদবিচ্চাহমেব এবং মদভিধায়িনং বেদং অহমেব বেদ ইতোঽন্যথা যো বেদার্থং ব্রুতে ন সবেদবিদিত্যভিপ্রায়ঃ॥ ১৫॥

হনুমান্।—কিং বিশিষ্টোঽভিধীয়তে সর্ব্বস্য প্রাণিজাতস্য হৃদি সন্নিবিষ্টো অপোহনং হেয়বুদ্ধিস্তস্যোপলক্ষণার্থত্বেনোপাদেয় বুদ্ধিশ্চ বেদান্তকৃৎনিশ্চয়কৃৎ তথাচ শ্রুতিঃ। "যো ব্রহ্মাণং বিদধাতি পূর্ব্বং যোবৈ বেদাংশ্চ প্রহিনোতি তস্মৈ" ইতি প্রহিনোতি দদাত্যুপবিশতীত্যর্থঃ বেদং বেত্তীতি বেদবিৎ বেদার্থবিদিত্যর্থঃ। তস্মাদহং সর্ব্বলোকপ্রসিদ্ধঃ॥ ১৫॥

শ্রীধর—কিঞ্চ সর্ব্বেস্যেতি। সর্ব্বস্য প্রাণিজাতস্য হৃদি সম্যগন্তর্যামিরূপেণ প্রবিষ্টোঽহং অতশ্চ মত্তএব হেতোঃ প্রাণিমাত্রস্য পূর্ব্বানুভূতার্থবিষয়া স্মৃতির্ভবতি, জ্ঞানঞ্চ বিষয়েন্দ্রিয়সংযোগজং ভবতি, অপোহনঞ্চ তয়োঃ প্রমোষো ভবতি। বেদৈশ্চ সর্ব্বৈস্তত্তদ্দেবতারূপেণাহমেব বেদ্যঃ, বেদান্তকৃৎ তৎসম্প্রদায়প্রবর্ত্তকোজ্ঞানদোগুরুরহমিত্যর্থঃ, বেদবিদেব চ বেদার্থবিদপ্যহমেব॥ ১৫॥

বলদেব।—প্রাণিনাং জ্ঞানাজ্ঞানহেতুশ্চাহমেবেত্যাহ সর্ব্বস্য চেতি। তয়োঃ সোমবৈশ্বানরয়োঃ সর্ব্বস্য চ প্রাণিবৃন্দস্য হৃদি নিখিলপ্রবৃত্তিহেতুজ্ঞানোদয়দেহেঽহমেব নিয়ামকত্বেন সন্নিবিষ্টঃ অন্তঃপ্রবিষ্টঃ শাস্তা জনানামিত্যাদিশ্রবণাৎ। অতো মত্ত এব সর্ব্বস্য স্মৃতিঃ পূর্ব্বানুভূতবস্তুবিষয়ানুসন্ধিজ্ঞানঞ্চ বিষয়েন্দ্রিয়সন্নিকর্ষজন্যং জায়তে। তয়োরপোহনং প্রমোষশ্চ মত্তো ভবতি। এবমুক্তং উদ্ধবেন। "ত্বত্তো জ্ঞানং হি জীবানাং প্রমোষস্তত্র [স্তেঽত্র] শক্তিত ইতি। এবং সাংসারিকভোগসাধনতাং স্বস্যোক্ত্বা মোক্ষসাধনতামাহ বেদৈশ্চেতি। সর্ব্বৈর্নিখিলৈর্বেদৈরহমেব সর্ব্বেশ্বরঃ সর্ব্বশক্তিমান্ কৃষ্ণো বেদ্যঃ "যোঽসৌ সর্ব্বৈর্বেদৈর্গীয়ত" ইতি শ্রুতেঃ। তত্র কর্ম্মকাণ্ডেন পরম্পরয়া জ্ঞানকাণ্ডেন তু সাক্ষাদিতি বোধ্যম্। কথমেবং প্রত্যেতব্যমিতি চেত্তত্রাহ বেদান্তকৃদহমেবেতি। বেদানামন্তোঽর্থনির্ণয়স্তৎকৃদহমেব বাদরায়ণাত্মনা। এবমাহ সূত্রকারঃ "তত্তু সমন্বয়াদি"ত্যাদিভিঃ। নন্বন্যে বেদার্থমন্যথা ব্যাচক্ষাতে তত্রাহ বেদবিদেব চাহমিতি। অহমেব বেদবিদিতি। বাদরায়ণঃ সন্ যমর্থমহং নিরণৈষং স এব বেদার্থস্ততোঽন্যথা তু ভ্রান্তিবিজৃম্ভিত ইতি। তথাচ মোক্ষপ্রদস্য সর্ব্বেশ্বরতত্ত্বস্য বেদৈর সাধনাদহমেব মোক্ষসাধনমিতি॥ ১৫॥

মধুসূদন।—কিঞ্চ সর্ব্বস্য ব্রহ্মাদিস্থাবরান্তস্য প্রাণিজাতস্যাত্মাত্মা সন্ হৃদি বুদ্ধৌ সংনিবিষ্টঃ "স এষ ইহ প্রবিষ্ট ইতি" শ্রুতেঃ "অনেন জীবেনাত্মনানুপ্রবিশ্য নামরূপে ব্যাকরবাণি" ইতি চ, অতোমত্ত আত্মন এব হেতোঃ প্রাণিজাতস্য যথানুরূপং স্মৃতিঃ এতজ্জন্মনি পূর্ব্বানুভূতার্থবিষয়াবৃত্তির্যোগিনাং চ জন্মান্তরানুভূতার্থবিষয়োঽপি, তথা মত্ত এব জ্ঞানং বিষয়েন্দ্রিয়সংযোগজং ভবতি যোগিনাং চ দেশকালবিপ্রকৃষ্টবিষয়মপি এবং কামক্রোধশোকাদিব্যাকুলচেতসাং অপোহনং চ স্মৃতিজ্ঞানয়োরপায়শ্চ মত্তএব ভবতি, এবং স্বস্য জীবরূপতামুক্ত্বা ব্রহ্মরূপতামাহ। বেদৈশ্চ সর্ব্বৈরিন্দ্রিয়াদিদেবতাপ্রকাশকৈরপি অহমেব বেদ্যঃ সর্ব্বাত্মত্বাৎ "ইন্দ্রং মিত্রং বরুণমগ্নিমাহুরথো দিব্যঃ সসুপর্ণোগরুত্মান্। একং সদ্বিপ্রাবহুধাবদন্ত্যগ্নিং যমং মাতরিশ্বানমাহুঃ" ইতি মন্ত্রবর্ণাৎ "এষউহ্যেব সর্ব্বে দেবা" ইতি চ শ্রুতেঃ, বেদান্তকৃৎ বেদান্তার্থসংপ্রদায়প্রবর্ত্তকো বেদব্যাসাদিরূপেণ ন কেবলমেতাবদেব বেদবিদেব চাহং কর্ম্মকাণ্ডোপাসনাকাণ্ডজ্ঞানকাণ্ডাত্মকমন্ত্রব্রাহ্মণরূপসর্ব্ববেদার্থবিচ্চাহমেব অতঃ সাধূক্তং ব্রহ্মণোহি প্রতিষ্ঠাহমিত্যাদিঃ॥ ১৫॥

নীলকণ্ঠ।—কিঞ্চ সর্ব্বস্য প্রাণিজাতস্যাহং হৃদি সন্নিবিষ্ট আত্মেত্যর্থঃ, অতোমত্ত আত্মনস্তেষাং স্মৃতিঃ জ্ঞানঞ্চ পুণ্যবতাং, পাপিনাস্তু তয়োরপোহনং বিস্মরণমজ্ঞানঞ্চ ভবতি তথা সর্ব্বৈঃ বেদৈঃ কর্ম্মোপাস্তিজ্ঞানকাণ্ডাত্মকৈরহমেব পরমাত্মা বেদ্যো বেদান্তকৃৎ বেদান্তোক্তবিদ্যাসম্প্রদায়কৃৎ বেদবিৎ বেদার্থবিচ্চাহমেব এতেন বেদান্তবিদ্বেদবিচ্চ স্ববিভূতিরিত্যুক্তং ভবতি ॥ ১৫ ॥

বিশ্বনাথ।—যথৈব জঠরে জঠরাগ্নিরহং তথৈব সর্ব্বস্য চরাচরস্য হৃদি সন্নিবিষ্টো বুদ্ধিতত্ত্বরূপোঽহমেব যতঃ মত্তোবুদ্ধিঃ তত্ত্বাদেব পূর্ব্বানুভূতার্থবিষয়া স্মৃতির্ভবতি তথা বিষয়েন্দ্রিয়যোগজং জ্ঞানঞ্চ অপোহনং স্মৃতিজ্ঞানয়োরপগমশ্চ ভবতীতি। জীবস্য বদ্ধাবস্থায়াং স্বস্যোপকারত্বমুক্ত্বা মোক্ষাবস্থায়াং যৎপ্রাপ্যং তত্রাপ্যুপকারকত্বমাহ বেদৈরিতি বেদব্যাসদ্বারা বেদান্তকৃদহমেব যতো বেদবিৎ বেদার্থতত্ত্বজ্ঞোঽহমেব মত্তোঽন্যোবেদার্থং নজানাতীত্যর্থঃ ॥ ১৫ ॥

তাৎপর্য্য।—শ্রীভগবান্ পূর্ব্বে স্বকীয় বিভূতির সংক্ষিপ্ত বিবরণ প্রকটিত করিতেছিলেন; সেই সূত্রাবলম্বনে অধুনা স্বকীয় তত্ত্ব অন্য প্রকারে স্পষ্টীকৃত করিতেছেন। তিনি বলিতেছেন, আমি সকলের হৃদয় প্রদেশে সন্নিবিষ্ট। স্থাবর জঙ্গমাত্মক এই চরাচরের যাবতীয় পদার্থের অন্তর প্রদেশে অন্তর্যামীরূপে অথবা প্রাণরূপে অথবা জীবরূপে অথবা চৈতন্যরূপে আমিই অধিষ্ঠিত আছি। লোকে বুঝিতে পারুক বা না পারুক, অজ্ঞানের প্রভাবে জীবগণ তাহা অনুভব করুক বা না করুক, অচেতনবর্গ জড়ধর্ম্মের, চিৎশক্তির অভাবে উপলব্ধি করিতে পারুক বা না পারুক, শ্রীভগবান্ সর্ব্বঘটে সর্ব্বাধারে নিয়ত বিরাজিত। এই ভগবদ্রূপ সৎপদার্থ সকলের হৃদয় প্রদেশে সন্নিবিষ্ট আছেন বলিয়াই জীবের স্মৃতিশক্তির উন্মেষ হইয়া থাকে। যিনি স্বয়ং জ্ঞানরূপ, তাঁহারই সম্মিলন হেতু মনুষ্য পূর্ব্বকৃত পূর্ব্বদৃষ্ট পূর্ব্বালোচিত বিষয়ের স্মরণ করিতে সক্ষম হয়। সাধনার পরিপাক হইলে, যোগমার্গে বিচরণশীল হইলে, এই স্মরণ শক্তি উত্তরোত্তর অতি প্রবলা হইয়া থাকে। মানবের মধ্যে যে ব্যক্তির মেধা অন্যের অপেক্ষা অধিক, সে সাধারণের অপেক্ষা অনেক অধিক বিষয় স্মৃতিপটে অঙ্কিত করিয়া রাখিতে পারে। ঘর্ষণ দ্বারা এই স্মরণ শক্তি সংবর্দ্ধিত হয়। কিন্তু যোগবলে বলীয়ান্ হইলে এই স্মরণশক্তি অতীতের যবনিকা অন্তরিত করিয়া সুদূর পশ্চাদ্বর্ত্তী ঘটনাও স্মরণ ও চিন্তন করিতে পারে। যোগে সিদ্ধি লাভ করিলে ইহজন্মের ঘটনাপুঞ্জ স্মরণ করিয়াই সাধককে নিবৃত্ত হইতে হয় না; তিনি জননী-জঠর-নিবাসরূপ ব্যবধান অতিক্রম করিয়া জন্মান্তরের ঘটনাও স্মরণ করিতে পারেন। হৃদয়-সন্নিবিষ্ট সর্ব্বসাধনক্ষম

শ্রীনিবাসের সাহায্যেই মনুষ্যের এবংবিধ স্মৃতিশক্তির সমাবেশ হইয়া থাকে। অপিচ তাঁহারই অধিষ্ঠান হেতু মানবের জ্ঞানেরও আবির্ভাব হয়। হিতাহিত বিষয় নির্ব্বাচন পুরঃসর কর্ত্তব্যানুসরণ প্রবৃত্তি এবং ক্রমশঃ জ্ঞানের আতিশয্যে সর্ব্বজ্ঞানের উৎসস্বরূপ জ্ঞানময় নারায়ণের অনুসন্ধানাসক্তি সেই ভগবান্ হইতেই সংসিদ্ধ হয়। জ্ঞানরূপ পরমেশ্বর হৃদয়ে বিরাজিত আছেন বলিয়াই মনুষ্য-হৃদয়ে জ্ঞানের প্রবাহ প্রবহমান হয়, এবং সাধনা বলে সেই জ্ঞানেচ্ছা পরিপক্ক হইয়া পরম জ্ঞান আনয়ন করে। আবার সেই স্মৃতি ও জ্ঞানের অপোহন অর্থাৎ নাশও সেই ভগবান্ হইতেই সংঘটিত হয়। মানব যদি সৎসঙ্গ গ্রহণ না করে, সদুপদেশের অনুবর্ত্তী না হইয়া প্রকৃষ্ট পথে বিচরণ করিতে প্রবৃত্ত না হয়, সদ্‌গুরুর পরামর্শে স্বকীয় কর্ত্তব্য অবধারণ করিয়া না লয়, তাহা হইলে তাহার উল্লিখিত রূপ স্মৃতি বা জ্ঞান সংবর্দ্ধিত না হইয়া উত্তরোত্তর অপচিত হইতে থাকে। সাংসারিক বিবিধ আসক্তি তাহাকে অভিভূত করিয়া ফেলে, নানারূপ প্রলোভন তাহাকে দুশ্চ্ছেদ্য শৃঙ্খলে নিবদ্ধ করে, এবং কাম ক্রোধ লোভ মোহাদি রিপু নিচয় তাহাকে অধীন ও অবসন্ন করিয়া রাখে। এইরূপে তাহার স্মৃতি ও জ্ঞানের স্ফূর্ত্তি না হইয়া উত্তরোত্তর তত্তাবৎ নিষ্প্রভ ও হীনতেজ হইয়া পড়ে, এবং কালক্রমে সকলই ধ্বংস হইয়া যায়। ঋক্ সাম যজুঃ ও অথর্ব্ব বেদনিচয়ে (৩২০। ১৩২ পৃষ্ঠার টীপ্পনী দ্রষ্টব্য) যে পরম দেবতার মাহাত্ম্য প্রতিপাদিত করিয়াছেন, ইন্দ্র, অদিতি, মরুৎ, অশ্বিনীকুমার (১৭১৩।১৮৮৮।১৯৬৪ পৃঃ টীঃ দ্রষ্টব্য) সোম প্রভৃতি দেবতার স্তুতি ব্যপদেশে যে পরম দেবতার তত্ত্ব বিনির্ণয় করিয়াছেন তিনিই শ্রীভগবান্। সেই ভগবানই বেদবেদ্য অর্থাৎ বেদ সমূহেরও জ্ঞাতব্য পদার্থ। কেবল যে তিনি বেদবেদ্য তাহা নহেন, সেই ভগবানই বেদান্তকৃৎ। বেদব্যাসাদি ঋষিগণ (১৮১১ পৃষ্ঠার টীপ্পনী দ্রষ্টব্য)বেদান্তাদি শাস্ত্রের প্রতিষ্ঠাতা হইলেও শ্রীভগবান্ তাঁহাদিগের অন্তর প্রদেশে স্বয়ং প্রবিষ্ট থাকিয়া জ্ঞানালোক প্রজ্বলিত করিয়াছিলেন, এবং সেই জন্যই তাঁহারা সেই পরম শাস্ত্রের প্রচার করিয়া জগতের অশেষ কল্যাণ সাধন করিতে সক্ষম হইয়াছিলেন। যে বেদান্তশাস্ত্র ভগবত্তত্ত্ব প্রতিপাদনের প্রধান উপায়স্বরূপ, শ্রীভগবানই স্বয়ং সাক্ষাৎ সম্বন্ধে না হইলেও বস্তুতঃ তাহার মূল কারণ। অপিচ তিনিই বেদার্থবিৎ।

কর্ম্মকাণ্ড ও জ্ঞানকাণ্ডাত্মক ছন্দ ও গীতিময় বেদ সমূহের প্রকৃত মর্ম্ম শ্রীভগবানই সম্যক্‌রূপে অবগত। যাঁহার নিশ্বাসে বেদের উদ্ভব হইয়াছে, প্রলয়ান্তেও বেদ সমূহ যাঁহাকে আশ্রয় করিয়া অবস্থান করে, সেই পরমেশ্বর ভিন্ন বেদের প্রকৃষ্ট রহস্য আর কে জানিবেন।

শ্রীভগবান্ পূর্ব্বে বলিয়াছেন "ব্রহ্মণোহি প্রতিষ্ঠাহং" (১৪শ অধ্যায় ২৭ শ্লোক) এক্ষণে তাঁহার সেই উক্তি সুন্দররূপে সমর্থিত হইতেছে। কারণ যে ব্রহ্মার মুখ হইতে বেদের উদ্ভব হইয়াছে, সেই ব্রহ্মাই ভগবানের দ্বারা প্রতিষ্ঠিত এবং সেই বেদতত্ত্ব সম্বন্ধে শ্রীভগবানই সম্পূর্ণরূপ অভিজ্ঞ।

এতদুপলক্ষ্যে পূজ্যপাদ শ্রীমন্মধুসূদন সরস্বতী মহোদয় নিম্নলিখিত শ্রৌতবচন উদ্ধৃত করিয়াছেন। "স এষ ইহ প্রবিষ্টঃ" অর্থাৎ তিনিই এই বুদ্ধির মধ্যে প্রবিষ্ট। "অনেন জীবেনাত্মনানুপ্রবিশ্য নামরূপে ব্যাকরবাণি" ইহার ভাবার্থ এই যে; তিনিই আত্মরূপে জীবের মধ্যে প্রবিষ্ট হইয়া সকলকেই ভিন্ন ভিন্ন নামরূপে প্রকাশিত করিয়াছেন। "ইন্দ্রং মিত্রং বরুণমগ্নিমাহুরথোদিব্যঃ সসুপর্ণো গরুত্মান্। একং সদ্বিপ্রা বহুধা বদন্ত্যগ্নিং যমং মাতরিশ্বানমাহুঃ।" (মন্ত্রবর্ণ) ইহার ভাবার্থ যথা: তিনি এক হইলেও বিপ্রগণ তাঁহাকে ইন্দ্র, মিত্র, বরুণ, অগ্নি, গরুড় (১৪১৬ পৃষ্ঠার টীঃ দ্রঃ) যম, বায়ু ইত্যাদি রূপে বেদসমূহে স্তুতি করিয়াছেন।

পূজ্যপাদ শ্রীমদ্রামানুজাচার্য্য অভিপ্রায় ব্যক্ত করিয়াছেন যে, পূর্ব্বে শ্রীভগবান্ আপনাকে সোম এবং বৈশ্বানররূপে উল্লেখ করিয়াছেন (১৩। ১৪ শ্লোক)। সেই সোমবৈশ্বানর উপলক্ষে যাবতীয় ভূতজাতের সহিত শ্রীভগবান্ স্বকীয় সামানাধিকরণত্ব প্রতিপাদন করিতেছেন। সকল ভূতের হৃদয়ই তাহাদিগের প্রবৃত্তিমূলক জ্ঞানের নিকেতন স্বরূপ। শ্রীভগবান্ ভূত সমূহের সেই হৃদয় প্রদেশ স্বকীয় সংকল্প দ্বারা নিযমন করতঃ তাহাতে আত্মারূপে অধিষ্ঠিত আছেন। এ সম্বন্ধে শ্রুতি বলিয়াছেন, "অন্তঃ প্রবিষ্টঃ শাস্তা জনানাং।" ইহার ভাবার্থ এই যে, আত্মা জীববর্গের অন্তর প্রদেশে শাসকরূপে অবস্থিত। (২২৫৬ পৃষ্ঠার তাৎপর্য্য দ্রষ্টব্য) "যঃ পৃথিব্যাং তিষ্ঠন্নাত্মনি তিষ্ঠন্নাত্মনোঽন্তরো যময়তি।" অর্থাৎ যিনি পৃথিবীতে থাকিয়া পৃথিবীকে এবং আত্মাতে থাকিয়া আত্মার অন্তরকে নিয়মিত করেন। "পদ্মকোশ প্রতীকাশং হৃদয়ং চাপ্যধোমুখং।" ইহার ভাবার্থ

এই যে, অধোমুখ কমলসদৃশ হৃদয় প্রদেশে পরমাত্মা অধিষ্ঠিত। "অথ যদিদমস্মিন্ ব্রহ্মপুরে দহরং পুণ্ডরীকং বেশ্ম।" (এই শ্রুতির বিস্তারিত আলোচনা ১৫৫৮ পৃষ্ঠার তাৎপর্য্য দ্রষ্টব্য)। অতঃপর আচার্য্য মহোদয় অভিপ্রায় ব্যক্ত করিয়াছেন যে, ইন্দ্রিয় লিঙ্গাদি দ্বারা যে বস্তু নিশ্চয় হয়, তাহার নাম জ্ঞান। মূলস্থিত অপোহন শব্দের অর্থ জ্ঞান-নিবৃত্তি। অপ এবং উহ, এই পদদ্বয় সন্ধিদ্বারা মিলিত হইয়া অপোহ বা অপোহন শব্দে পরিণত হইয়াছে। অপ শব্দের অর্থ বিপরীত বা বিরুদ্ধ এবং উহ শব্দের অর্থ তর্ক বিতর্ক; অতএব সম্পূর্ণ পদের অর্থ বিপরীত তর্ক অর্থাৎ সত্য-জ্ঞানের নাশ। বেদে অগ্নি, বায়ু, সূর্য্য, সোম, ইন্দ্রাদি যে সকল দেবতার উল্লেখ আছে, শ্রীভগবানই তত্তাবতের অন্তর্যামী ও প্রতিপাদক এবং সেই সেই দেবতার নিকট যজমান মনুষ্যেরা যে যে বিশেষ ফলের কামনা করে, শ্রীভগবানই তৎফল সমূহের প্রদাতা। এই জন্যই এ স্থলে তিনি আপনাকে 'বেদান্তকৃৎ' অর্থাৎ বেদবিহিত ফল বিধায়করূপে উল্লেখ করিয়াছেন। (এ স্থলে আচার্য্য মহোদয় মূলস্থ 'বেদান্তকৃৎ' পদের যে স্বতন্ত্র অর্থ করিয়াছেন তাহা বিশেষরূপে আলোচ্য) এই ভাবের বাক্য শ্রীভগবান্ পূর্ব্বে পরিব্যক্ত করিয়াছেন। তদ্‌যথা; "যো যো যাং যাং তনুং ভক্তঃ শ্রদ্ধয়ার্চ্চিতুমিচ্ছতি।" (৭ম অধ্যায় ২১শ শ্লোক) "লভতে চ ততঃ কামান্ ময়ৈব বিহিতান্ হিতান্।" (৭ম অধ্যায় ২২শ শ্লোক) "অহং হি সর্ব্বযজ্ঞানাং ভোক্তা" (৯ম অধ্যায় ২৪শ শ্লোক) প্রভৃতি। শ্রীভগবানই বেদবিৎ। বেদশাস্ত্রসমূহ তাঁহারই প্রতিপাদক এবং তিনি স্বয়ং বেদস্বরূপ। যদি কেহ ইহা হইতে বেদের অন্যরূপ অর্থ ব্যাখ্যা করেন, তিনি কখনই বেদবিৎরূপে পরিগণিত হইতে পারেন না।

পূজ্যপাদ শ্রীমদ্বলদেব এই শ্লোকোপলক্ষ্যে শ্রীমদ্ভাগবতের একটী বচনাংশ উদ্ধৃত করিয়াছেন। ভক্তোত্তম উদ্ধব * প্রকৃতি পুরুষের বিহিত

* উদ্ধব।—বৃষ্ণিবংশসম্ভূত মহাত্মা বিশেষ। ইনি একান্ত কৃষ্ণভক্ত ও তত্ত্বজ্ঞান সম্পন্ন ছিলেন। শ্রীকৃষ্ণের লীলা কালে উদ্ধব বর্ত্তমান ছিলেন। ইনি নানা স্থলে শ্রীকৃষ্ণকে বিবিধ প্রশ্নদ্বারা জ্ঞানের সারস্বরূপ উপদেশরত্ন হরণ করিয়াছিলেন। শ্রীকৃষ্ণ লীলার অন্তভাগে উদ্ধব নিয়ত ভগবানের সঙ্গী ছিলেন। কুরুবংশ ধ্বংস হইলে ভক্তোত্তম বিদুর শোকাকুলিত হৃদয়ে বল্কলাজিন ধারণ পূর্ব্বক নানা স্থান পরিভ্রমণ করিতে করিতে সহসা যমুনা উদ্ধবের সহিত সম্মিলিত হন। বিবিধ জ্ঞানগর্ভ তত্ত্বোপদেশপূর্ণ বাক্যদ্বারা বিদুরোত্তম উদ্ধব ব্যথিত হৃদয়

তত্ত্ব পরিজ্ঞানের নিমিত্ত শ্রীভগবানকে বলিয়াছিলেন যে, "ত্বত্তো জ্ঞানং হি জীবানাং প্রমোষস্তেঽত্র শক্তিতঃ। ত্বমেব হ্যাত্মমায়ায়া গতিং বেত্থ নচাপরঃ ॥" (শ্রীমদ্ভাগবত ১১শ স্কন্ধ ২২শ অধ্যায় ২৭ শ্লোক) ইহার ভাবার্থ যথা; হে ভগবন! আপনার মায়া শক্তি প্রভাবেই জীবের জ্ঞানের উদয় হয় এবং সেই শক্তি দ্বারাই জ্ঞানের নাশ হয়; অতএব আপনিই আপনার মায়ার গতি জানেন, অন্যের তাহা জানিবার শক্তি নাই।

অতঃপর বিদ্যাভূষণ মহাশয় মূলস্থিত বেদান্তকৃৎ বাক্যের সমর্থক স্বরূপে বেদান্ত শাস্ত্রোক্ত "তত্তু সমন্বয়াৎ" (বেদান্ত দর্শন ১ম অধ্যায় ১ম পাদ ৪ সূত্র) এই সূত্র উদ্ধৃত করিয়াছেন। পূজ্যপাদ ভাষ্যকার মহোদয় উপসংহারে ইহাও বলিয়াছেন যে, বাদরায়ণ বেদব্যাস রূপে বেদপ্রতিপাদ্য পরমেশ্বরের যে তত্ত্ব তিনি স্বয়ং ব্যক্ত করিয়াছেন, তদ্বিরুদ্ধ অন্যান্য যাবতীয় ব্যাখ্যা ভ্রান্তি-বিজৃম্ভিত ॥ ১৫ ॥

বিদুরকে শান্ত করিয়াছিলেন। মহাত্মা শুকদেব উদ্ধবের সম্বন্ধে বলিয়াছেন যে, "স বাসুদেবানুচরং প্রশান্তং বৃহস্পতেঃ প্রাক্তনয়ং প্রতীতং। আলিঙ্গ্য গাঢ়ং প্রণয়েন ভদ্রং স্বানামপৃচ্ছদ্ ভগবৎ প্রজানাং ॥" (শ্রীমদ্ভাগবত ৩ য় স্কন্ধ ১ ম অধ্যায় ২৪ শ্লোক) ইহার ভাবার্থ, বাসুদেবের অনুচর, প্রশান্তচিত্ত, বৃহস্পতির প্রিয় শিষ্যরূপে খ্যাত ভক্তোত্তম উদ্ধবকে গাঢ় আলিঙ্গন করিয়া বিদুর সপরিজন ভগবান শ্রীকৃষ্ণের কুশলবার্ত্তা জিজ্ঞাসা করিয়াছিলেন। স্থানান্তরে উদ্ধবের সম্বন্ধে উক্ত হইয়াছে যে, "যঃ পঞ্চহায়নো মাত্রা প্রাতরাশায় যাচিতঃ। তন্নৈচ্ছদ্রচয়ন যস্য সপর্য্যাং বাললীলয়া ॥ স কথং সেবয়া তস্য কালেন জরসং গতঃ। পৃষ্টো বার্ত্তাং প্রতিব্রূয়াদ্ভর্ত্তুঃ পাদাবনুস্মরন্ ॥" (ভাগবত ৩য় স্কন্ধ ২য় অধ্যায় ২। ৩ শ্লোক) ইহার ভাবার্থ এই যে; পঞ্চ বৎসর বয়স্ক উদ্ধব বাল্য ক্রীড়াকালে ক্রীড়া পুত্তলীকে শ্রীকৃষ্ণ কল্পনা করিয়া তাঁহার সেবা করিতেন। তৎকালে তাঁহার মাতা ভোজনের নিমিত্ত আহ্বান করিলে তিনি তাহাতে কর্ণপাত করিতেন না। এইরূপে ভগবানেরই সেবা দ্বারা তিনি কাল হরণ করিয়া এই বার্দ্ধক্য দশায় উপনীত হইয়াছেন। এক্ষণে তিনি সেই চিরারাধ্য প্রভুর কুশলবার্ত্তা জিজ্ঞাসিত হইলে ভগবান শ্রীকৃষ্ণের চরণদ্বয় স্মরণ করিয়া কোনরূপ উত্তর প্রদানে সক্ষম হইলেন না। কারণ তৎকালে ভগবান পৃথিবী ত্যাগ করিয়াছেন।

দ্বাবিমৌ পুরুষৌ লোকে ক্ষরশ্চাক্ষর এব চ।
ক্ষরঃ সর্ব্বাণি ভূতানি কূটস্থোঽক্ষর উচ্যতে॥ ১৬॥

অন্বয়।—ক্ষরঃ (বিনাশশীলঃ) অক্ষরঃ (অবিনাশী) চ দ্বৌ এব ইমৌ পুরুষৌ লোকে (জগতি) [প্রসিদ্ধৌ] সর্ব্বাণি ভূতানি (চরাচরাণি) ক্ষরঃ কূটস্থঃ অক্ষরঃ উচ্যতে (কথ্যতে)॥ ১৬॥

প্রতিশব্দ।—ক্ষর এবং অক্ষর দুই-ই এই পুরুষ জগতে [প্রসিদ্ধ]; সকল চরাচর ক্ষর, কূটস্থ অক্ষর রূপে কথিত হন॥ ১৬॥

ব্যাখ্যা।—জগতে ক্ষর অর্থাৎ বিনাশশীল, অক্ষর অর্থাৎ অবিনাশী এই দুই পুরুষই প্রসিদ্ধ; তন্মধ্যে চরাচর ভূতবর্গ ক্ষর এবং কূটস্থ অক্ষর রূপে কথিত হইয়া থাকেন॥ ১৬॥

শঙ্করাচার্য্য—ভগবত ঈশ্বরস্য নারায়ণাখ্যস্য বিভূতিসংক্ষেপ উক্তোবিশিষ্টোপাধিকৃত যদাদিত্যগতং তেজ ইত্যাদিনা, অথাধুনা তস্যৈব ক্ষরাক্ষরোপাধিপ্রবিভক্ততয়া নিরুপাধিকস কেবলস্য স্বরূপনির্দ্দিধারয়িষয়োত্তরশ্লোকা আরভ্যন্তে, তত্র সর্ব্বমেবাতীতানাগতানন্তরাধ্যায়ার্থজাত ত্রিধা রাশীকৃত্বাহ দ্বাবিমাবিতি। দ্বৌ ইমৌ পৃথগ্রাশীকৃতৌ পুরুষৌ ইত্যুচ্যেতে লোকে সংসারে ক্ষরশ্চ ক্ষরতীতি ক্ষরঃ বিনাশ্যেকোরাশিরপরঃ পুরুষোঽক্ষরস্তদ্বিপরীতো ভগবতোমায়াশক্তি ক্ষরাখ্যস্য পুরুষস্যোৎপত্তিবীজমনেকসংসারিজন্তুকামকর্ম্মাদিসংস্কারাশ্রয়োঽক্ষরঃ পুরুষ উচ্যতে কৌ তৌ পুরুষাবিত্যাহ স্বয়মেব ভগবান্ ক্ষরঃ সর্ব্বাণি ভূতানি সমস্তং বিকারজাতমিত্যর্থঃ কূটস্থ কূটোরাশিরিব স্থিতঃ অথবা কূটোমায়াবঞ্চনা জিহ্মং কুটিলতা বেতি পর্য্যায়াঃ অনেকমায়াবঞ্চনাদি প্রকারেণ স্থিতঃ কূটস্থঃ সংসারবীজানন্ত্যান্ন ক্ষরতীত্যক্ষর উচ্যতে॥ ১৬॥

আনন্দগিরি।—উত্তরশ্লোকানাং তাৎপর্য্যং বক্তুং বৃত্তং কীর্ত্তয়তি ভগবত ইতি বিশিষ্টোপাধিরাশিত্যাদিঃ। সংপ্রত্যধ্যায়সমাপ্তেরুত্তরসন্দর্ভস্য তাৎপর্য্যমাহ অথেতি। ন কেবল নিরুপাধিকাত্মস্বরূপং নির্দ্ধারণায়োত্তরগ্রন্থঃ কিন্তু সর্ব্বস্যৈব গীতাশাস্ত্রস্য অর্থনির্ণয়ার্থমিত্যা তত্রেতি। ক্ষরাক্ষরোপাধিভ্যাং পরমাত্মনাচ রাশিত্রয়যুক্তেন সর্ব্বাত্মত্বেনাশুদ্ধ্যাদিদোষপ্রযুক্তং বুক্তং দ্বাবিমৌ ইতি। পুরুষোপাধিত্বাৎ পুরুষত্বং ন স্বাজ্যাদিতি বিবক্ষিত্বাহ পুরুষাবিতি। পর পুরুষং ব্যাবর্ত্তয়তি ভগবতইতি। তত্র কার্য্যলিঙ্গকমনুমানং সূচয়তি ক্ষরাখ্যস্যেতি। মায়া শক্তিং বিনা ভোক্তৄণাং কর্ম্মাদিসংস্কারাদেবোক্তকার্য্যোৎপত্তিরিত্যাশঙ্ক্য তস্য নিমিত্তত্বেঽপি মায়াশক্তিরুপাদানমিতি মত্বাহ অনেকেতি। কামকর্ম্মাদীত্যাদিশব্দেন জ্ঞানং গৃহ্যতে। প্রকৃতি পুরুষ' চৈবেতি প্রকৃতয়োরিহ গ্রহণমিতি শঙ্কামাকাঙ্ক্ষাদ্বাবা নিবারয়তি কৌ তাবিতি

কূটশব্দার্থমুক্ত্বা তেন স্থিতস্য কূটস্থতেতি সংপিণ্ডিতমর্থমাহ অনেকেতি। তস্য কথমক্ষরত্বং বিনা ব্রহ্মজ্ঞানমনাশাদিত্যাহ সংসারেতি ॥ ১৬ ॥

রামানুজ ।—অতো মত্তএব সর্ব্ববেদানাং সারমর্থং শৃণু দ্বাবিমাবিতি। ক্ষরশ্চাক্ষর এব চেতি দ্বাবিমৌ লোকে পুরুষৌ প্রথিতৌ। তত্র ক্ষরশব্দনির্দ্দিষ্টঃ পুরুষো জীবশব্দাভিলপনীয় ব্রহ্মাদিস্তম্বপর্য্যন্ত ক্ষরণস্বভাবাচিৎসংসৃষ্টসর্ব্বভূতানি অত্রাচিৎ সঙ্গরূপৈকোপাধিনা পুরুষইত্যেকত্ব-নির্দ্দেশঃ। অক্ষরশব্দনির্দ্দিষ্টঃ কূটস্থঃ অচিৎসংসর্গবিযুক্তঃ স্বেন রূপেণাবস্থিতো মুক্তাত্মা সত্বচিৎসংসর্গাভাবাৎ অচিৎপরিণামবিশেষ ব্রহ্মাদিদেহসাধারণো ন ভবতীতি কূটস্থ ইত্যুচ্যতে। অত্রাপ্যেকত্বনির্দ্দেশো চিদ্বিয়োগরূপৈকোপাধিনাভিহিতঃ পূর্ব্বমনাদৌ কালে মুক্ত একএব। যথোক্তং, "বহবো জ্ঞানতপসা পূতা মদ্ভাবমাগতা। সর্গেঽপি নোপজায়ন্তে প্রলয়ে ন ব্যথন্তি চেতি" ॥ ১৬ ॥

হনুমান্ ।—কিঞ্চান্যৎ ক্ষর একোঽক্ষর স্তত্র ক্ষরং দর্শয়তি। ক্ষরঃ সর্ব্বাণি ভূতানি প্রাণিনঃ অক্ষরঃ পুরুষঃ কূটস্থঃ অচলঃ অব্যাকৃতাত্মা সোঽক্ষর উচ্যতে ॥ ১৬ ॥

শ্রীধর ।—ইদানীং তদ্ধাম পরমং মমেতি যদুক্তং স্বকীয়ং সর্ব্বোত্তমত্বং তৎ দর্শয়তি দ্বাবিতি ত্রিভিঃ। ক্ষরশ্চাক্ষরশ্চেতি দ্বাবিমৌ পুরুষৌ লোকে প্রসিদ্ধৌ। তাবেবাহ তত্র ক্ষরঃ পুরুষোনাম সর্ব্বাণি ভূতানি ব্রহ্মাদিস্থাবরান্তানি শরীরাণি, অবিবেকিলোকস্য শরীরেষ্বেব পুরুষত্ব-প্রসিদ্ধেঃ। কূটোরাশিঃ শিলারাশিঃ পর্ব্বত ইব দেহেষু নশ্যৎস্বপি নির্ব্বিকারতয়া তিষ্ঠতীতি কূটস্থ-শ্চেতনোভোক্তা স ত্বক্ষরঃ পুরুষ উচ্যতে বিবেকিভিঃ ॥ ১৬ ॥

বলদেব ।—বাদরায়ণাত্মনা নির্ণীতং বেদার্থং সংক্ষিপ্যাহ দ্বাবিতি। লোক্যতে তত্ত্ব-মনেনেতি ব্যুৎপত্তের্লোকে বেদে দ্বৌ পুরুষৌ প্রথিতৌ ইমাবিতি প্রমাণসিদ্ধতা সূচ্যতে। তৌ কাবিত্যাহ ক্ষরশ্চেতি। শরীরক্ষরণাৎ ক্ষরোঽনেকাবস্থো বদ্ধঃ। অচিৎসংসর্গৈকধর্ম্মসম্বন্ধাদেক-ত্বেন নির্দ্দিষ্টঃ। অক্ষরস্তদভাবাদেকাবস্থো মুক্তঃ। অচিদ্বিয়োগৈকধর্ম্মসম্বন্ধাদেকত্বেন নির্দ্দিষ্টঃ। ক্ষরাক্ষরৌ স্ফুটয়তি সর্ব্বাণি ব্রহ্মাদিস্তম্বান্তানি ভূতানি ক্ষরঃ। কূটস্থঃ সদৈকাবস্থো মুক্তস্ত্বক্ষরঃ একত্বনির্দ্দেশঃ প্রাগুক্তযুক্তের্ব্বোধ্যঃ। বহবো জ্ঞানতপসেত্যাদেরিদং জ্ঞানমপাশ্রিত্যেত্যাদেশ্চ বহুত্বসংখ্যকঃ সঃ ॥ ১৬ ॥

মধুসূদন ।—এবং সোপাধিকমাত্মানমুক্ত্বা ক্ষরাক্ষরশব্দবাচ্যকার্য্যকারণোপাধিদ্বয়বিশো-ধেন নিরুপাধিকং শুদ্ধমাত্মানং প্রতিপাদয়তি কৃপয়া ভগবানর্জ্জুনায় ত্রিভিঃ শ্লোকৈর্দ্বাবিমৌ পৃথগ্রাশীকৃতৌ পুরুষৌ পুরুষোপাধিত্বেন পুরুষশব্দব্যপদেশ্যৌ লোকে সংসারে কৌ তাবি-ত্যাহ ক্ষরশ্চাক্ষর এব চ ক্ষরতীতি ক্ষরোবিনাশী কার্য্যরাশিরেকঃ পুরুষঃ ক্ষরতীত্যক্ষরোবিনাশ-রহিতঃ ক্ষরাখ্যস্যোৎপত্তিবীজং ভগবতোমায়াশক্তির্দ্বিতীয়ঃ পুরুষৌ তৌ ব্যাচষ্টে স্বয়মেব ভগবান্ ক্ষরঃ সর্ব্বাণি ভূতানি সমস্তং কার্য্যজাতমিত্যর্থঃ। কূটস্থঃ কূটোযথার্থবস্ত্বাচ্ছাদনেনাযথার্থ-বস্তুপ্রকাশনং বঞ্চনং মায়েত্যর্থান্তরং তেনাবরণবিক্ষেপশক্তিদ্বয়রূপেণ স্থিতঃ কূটস্থঃ ভগবান্মায়া-শক্তিরূপঃ কারণোপাধিঃ সংসারবীজত্বেনানন্ত্যাদক্ষর উচ্যতে। কেচিত্তু ক্ষরশব্দেনাচেতনবর্গমুক্ত-

কূটস্থোঽক্ষর উচ্যতে ইত্যনেন জীবমাহঃ তত্র সম্যক্ ক্ষেত্রজ্ঞত্বেনেহ পুরুষোত্তমত্বেন প্রতিপাদ্যত্বাৎ, তস্মাৎ ক্ষরাক্ষরশব্দাভ্যাং কার্য্যকারণোপাধী উভাবপি জড়াবেবোচ্যেতে ইত্যেবমুক্তং ॥১৬॥

নীলকণ্ঠ।—সর্ব্বশাস্ত্রহৃদয়ং সংগৃহ্লাতি দ্বাবিতি। লোকে প্রসিদ্ধৌ ইমৌ দ্বাবেব পুরুষৌ ক্ষরোবিনাশী স চ সর্ব্বাণি ভূতানি প্রাণবন্তি কর্ম্মক্ষয়ে সুপ্তিপ্রলয়কৈবল্যাদৌ উপাধিনাশমনুবিনাশশীলো জীবো ব্রহ্মপ্রতিবিম্বভূতো জলার্কোপমঃ "প্রজ্ঞানঘন এবৈতেভ্যো ভূতেভ্যঃ সমুত্থায় তান্যেবানুবিশতীতি" শ্রুতেঃ,কূটস্থোনির্ব্বিকারো মায়োপাধিঃ ক্ষরঃ তদুপাধেরর্ম্মজত্বেন নাশাসম্ভবাৎ উপাধিদোষেণাবশীকৃতত্বাচ্চাসৌ নক্ষরতি স্বরূপান্ন চ্যবতে ইত্যক্ষরঃ ॥ ১৬॥

বিশ্বনাথ।—যস্মাদহমেব বেদবিৎ তস্মাৎ সর্ব্ববেদার্থ নিষ্কর্ষং সংক্ষেপেণ ব্রবীমি শৃণু ইত্যাদি। দ্বাবিমাবিতি ত্রিভিঃ। লোকে চতুর্দ্দশভুবনাত্মকে জড় প্রপঞ্চে ইমৌ দ্বৌ পুরুষৌ চেতনৌস্তঃ কৌ তাবত আহ। ক্ষরঃ স্বস্বরূপাৎ ক্ষরতি বিচ্যুতো ভবতীতি ক্ষরোজীবঃ স্বস্বরূপান্ন ক্ষরতীত্যক্ষরঃ ব্রহ্মৈব। "এতদ্বৈ তদক্ষরং গার্গি ব্রাহ্মণা বিবিদিষন্তী"তি শ্রুতেঃ। "অক্ষরং ব্রহ্ম পরমং" ইতি স্মৃতেশ্চ অক্ষরশব্দো ব্রহ্মবাচক এবদৃষ্টঃ। ক্ষরাক্ষরয়োরংশং পুন র্ব্বিশদয়তি সর্ব্বাণি ভূতানি একোজীব এব অনাদ্যবিদ্যায়া স্বরূপবিচ্যুতঃ সন্ কর্ম্মপরতন্ত্রং সমষ্ট্যাত্মকো ব্রহ্মাদি স্থাবরান্তানি ভূতানি ভবতীত্যর্থঃ। জাত্যাবা একবচনং। দ্বিতীয় পুরুষোঽক্ষরস্তু কূটস্থ একেনৈব স্বরূপেনাবিচ্যুতিমতা সর্ব্বকালব্যাপী। "একরূপতয়াতু যঃ কালব্যাপী সকূটস্থ" ইত্যমর ॥ ১৬॥

তাৎপর্য্য।—শ্রীভগবান্ পূর্ব্বে স্বকীয় পরম ধামের (৬ শ্লোক) কীর্ত্তন করিয়াছেন। তদনন্তর কতিপয় শ্লোকে স্বকীয় বিভূতির বর্ণনা করিয়াছেন। এক্ষণে ভগবত্তত্ব সম্যক্‌রূপে পরিব্যক্ত করিবার অভিপ্রায়ে তিনটি শ্লোকের অবতারণা করিতেছেন। তন্মধ্যে প্রথমে পুরুষের দুই স্বতন্ত্র ভাবের বৃত্তান্ত আলোচিত হইতেছে। পুরুষ শব্দের অর্থ এই গ্রন্থের বহু স্থানে বিস্তারিত রূপে পরিব্যক্ত হইয়াছে। (১০ অধ্যায় ১২। ১৩ শ্লোক তাৎপর্য্য ৭ অধ্যায় ৫ শ্লোক প্রভৃতি স্থান সকল দ্রষ্টব্য) লোকে অর্থাৎ সংসারে দুই প্রকার পুরুষের বৃত্তান্ত প্রসিদ্ধ আছে। ইহার ভাবার্থ এই যে, পুরুষ দুই ভাবে চেতনাচেতন পদার্থের উপর নিয়ামক রূপে বিরাজিত আছেন। এই তত্ত্ব বিবেকিগণ প্রকৃষ্টরূপে পরিজ্ঞাত আছেন। পুরুষের দুই স্বতন্ত্র ভাব ক্ষর ও অক্ষর দুই স্বতন্ত্র নামে অভিহিত হইয়া থাকে। পর্ব্বত, নদী, বৃক্ষ, মৃত্তিকা প্রভৃতি জড়বর্গে পুরুষ যে ভাবে নিহিত আছেন তাঁহাকে ক্ষর বলে। এই অচেতনবর্গ ধ্বংসশীল, পরিবর্ত্তন-প্রবণ এবং পরিণাম বিশিষ্ট। এই পদার্থপুঞ্জের এবংবিধ ক্ষয় বা ক্ষরণ আছে বলিয়াই এতন্মধ্যস্থ পুরুষ ক্ষর নামে অভিহিত। পুরুষের অপর ভাবের নাম অক্ষর। ইহাই তাঁহার

কূটস্থভাব। মায়া-মিথ্যা-বিজৃম্ভিত প্রপঞ্চের উপর সত্য ও সার স্বরূপে তিনি অধিষ্ঠিত রহিয়াছেন। এই ভাবের ক্ষয় নাই, বিকার নাই, পরিণাম নাই। এই ভাবই জ্ঞানার্থিগণের অন্বেষণের বস্তু, এবং এই ভাবের অববোধই মোক্ষ বিধায়ক।

শ্রীভগবানের দুই প্রকার ভাব। দুই ভাবেই তিনি তত্ত্বদর্শিগণের হৃদয়ে সমুদ্ভাসিত হইয়া থাকেন। যাবতীয় সৃষ্ট পদার্থ তাঁহার ক্রিয়াশীলতার পরিচয় দিতেছে। স্বকৃত এই কার্য্যরাশির মধ্যে তিনি এক ভাবে বিরাজমান রহিয়াছেন। সৃষ্ট যাবতীয় পদার্থই পরিণাম ধর্ম্ম সংযুক্ত এবং ক্ষয়শীল। এই ভাবেই শ্রীভগবান্ ক্ষর নামে অভিহিত হইয়া থাকেন। অপর ভাবে শ্রীভগবান্ বিশ্বের আদি কারণ বা বীজ স্বরূপে বিরাজমান। যে মায়া শক্তি প্রভাবে সৃষ্ট পদার্থ সমূহ অসত্য হইলেও সত্যরূপে প্রতীত হয়, শ্রীভগবান্ সেই শক্তির আবরণকারী ও বিক্ষেপক। এইরূপ কূটস্থভাবে শ্রীভগবান অক্ষর নামে অভিহিত হইয়া থাকেন।

এই উভয় ভাবে ভগবত্তত্ত্ব প্রণিধান করা অনাবশ্যক। অতি সামান্য জড় পরমাণু হইতে অতি বিশাল গিরি পর্য্যন্ত এবং অতি ক্ষুদ্র কীটাণু হইতে অতি বুদ্ধিমান্ মনুষ্য পর্য্যন্ত তাবৎ পদার্থই শ্রীভগবানের সৃষ্ট। এই সমস্ত পদার্থই ভগবানের মায়া শক্তির পরিচয় দিতেছে, এবং অসার ক্ষণবিধ্বংসী হইলেও মায়ার প্রভাবে সার ও সত্য রূপে উপলব্ধ হইতেছে। এইরূপ পরিণামী জড়বর্গে যে ভগবান্ নাই, এরূপ কথা কোন জ্ঞানার্থী ব্যক্তি ভ্রমেও মনে করিতে সাহস করেন না। শ্রীভগবান্ এই নশ্বর জগতের সর্ব্বত্রই বিদ্যমান আছেন; এই ক্ষরণশীল পদার্থের সহিত সম্মিলন হেতু তাঁহার এই ভাব ক্ষরনামে কীর্ত্তিত হইয়া থাকে। তিনি চৈতন্যময় সৎ পদার্থ। সেই ভাবেই তিনি এই জড়বর্গের সহিত সংশ্রব রহিত হইয়া স্বপ্রকাশ রহিয়াছেন। ইহাই তাঁহার অক্ষর ভাব। উভয় ভাবের স্বাতন্ত্র উপলব্ধি করিতে পারিলে ব্রহ্মতত্ত্বের প্রকৃষ্ট রূপ উপলব্ধি হয়।

সেই চৈতন্যময় আনন্দময় পরম পুরুষ জড়েও আছেন এবং জড়াতীত হইয়াও আছেন। জ্ঞানিগণ সাধনা দ্বারা দিব্য চক্ষু সম্পন্ন হইয়া এই উভয় ভাবে সেই লীলাময় বিশ্বেশ্বরের তত্ত্ব দর্শন করিয়া থাকেন।

এতাবতা ইহা সিদ্ধ হইতেছে না যে, পুরুষ দুই। কার্য্য ও কারণ এই

দুই ভাবে পুরুষের বিকাশ আছে। কিন্তু তদ্দ্বারা এরূপ বুঝিবা কোন কারণ নাই যে বস্তুতঃ তিনি দুই ও স্বতন্ত্র। এই বিশ্বের ব্রহ্মাদি স্তম্বপর্য্যন্ত স্থাবর ও অস্থাবর চেতনাচেতন যাবতীয় পদার্থ ভগবানের কার্য্য ; সে কার্য্যেও তিনি আছেন, এবং কর্তৃরূপে মূলেও তিনি আছেন কারণও তিনি ভিন্ন আর কেহই নহেন এবং কার্য্যও তিনি ব্যতীত অন কেহই নহেন। এ স্থলে এই তত্ত্ব মাত্র পরিব্যক্ত হইতেছে যে, তিনি সর্ব্ব কার্য্য ও কারণ এই দুইরূপে বিকাশ প্রাপ্ত এবং এই দুই বিভিন্ন ভাবে তাঁহার তত্ত্ব প্রণিধান করা তত্ত্বজ্ঞানার্থী সাধকের আবশ্যক। কার্য্যরূপ ভাবের সহিত সম্মিলিত থাকিয়া জ্ঞা নলিপ্সু ক্রমে ক্রমে শ্রীভগবানের পরম ভাব উপলব্ধি করিয়া ধন্য হইতে পারেন। এইরূপ তত্ত্ব ভগবান্ এই সুপবিত্র গীতা শাস্ত্রের ৪র্থ অধ্যায় ১০ম শ্লোকে ও ১৪শ অধ্যায় ২য় শ্লোকে পরিব্যক্ত করিয়াছেন।

পূজ্যপাদ শ্রীমদ্বলদেব মূলস্থিত "লোকে" পদের অর্থ "বেদে" অবধারণ করিয়াছেন। 'বাদরায়ণ বেদব্যাস রূপে শ্রীভগবান্ বেদবেদান্তে স্বীয় তত্ত্ব যেরূপে প্রতিপাদিত করিয়াছেন, অতঃপর তাহাই কথিত হইতেছে ভাষ্যকার এইরূপেই এই শ্লোকের সূচনা করিয়াছেন ॥ ১৬ ॥

—০:(*):০—

উত্তমঃ পুরুষস্ত্বন্যঃ পরমাত্মেত্যুদাহৃতঃ।
যো লোকত্রয়মাবিশ্য বিভর্ত্ত্যব্যয় ঈশ্বরঃ ॥ ১৭ ॥

অন্বয়।—অন্যঃ তু উত্তমঃ (ক্ষরাক্ষরাভ্যাং উৎকৃষ্টঃ) পুরুষঃ পরমাত্মা ইতি উদাহৃতঃ (উক্তঃ), যঃ অব্যয়ঃ (নির্ব্বিকারঃ) ঈশ্বরঃ (সর্ব নিয়ন্তা) লোকত্রয়ং (ত্রিভুবনং) আবিশ্য (অধিষ্ঠায়) বিভর্ত্তি (ধারয়তি) ॥ ১৭ ॥

প্রতিশব্দ।—অন্য উৎকৃষ্ট পুরুষ পরমাত্মা এই-রূপ কথিত-হন যিনি অব্যয় ঈশ্বর ত্রিভুবনে অধিষ্ঠান-করিয়া ধারণ-করিতেছেন ॥ ১৭

ব্যাখ্যা।—এই ক্ষরাক্ষর হইতে উৎকৃষ্টতম অন্য যে পুরুষ তিনি পরমাত্মা, এবং তিনিই স্বীয় মায়াশক্তি দ্বারা এই ত্রিলোকে অধিষ্ঠিত হইয়া ইহাকে ধারণ করিয়া রহিয়াছেন ॥ ১৭ ॥

শঙ্করাচার্য্য।—আভ্যাং ক্ষরাক্ষরাভ্যাং বিলক্ষণং ক্ষরাক্ষরোপাধিদ্বয়দোষেণাস্পৃষ্টো নিত্যশুদ্ধমুক্তস্বভাবঃ উত্তম ইতি। উত্তমঃ উৎকৃষ্টতমঃ পুরুষস্ত্বন্যঃ অত্যন্তবিলক্ষণঃ আভ্যাং পরমাত্মেতি। পরমশ্চাসৌ দেহাদ্যবিদ্যাকৃতাত্মভ্যঃ অন্নময়াদিভ্যঃ পঞ্চকোষেভ্যঃ আত্মা চ সর্ব্ব-ভূতানাং প্রত্যক্‌চেতন ইত্যতঃ পরমাত্মেত্যুদাহৃতঃ উক্তোবেদান্তেষু স এব বিশিষ্যতে যোলোকত্রয়ং ভূর্ভুবঃস্বরাখ্যং স্বকীয়য়া চৈতন্যবলশক্ত্যাবিশ্য বিভর্ত্তি স্বরূপসদ্ভাবমাত্রেণ বিভর্ত্তি ধারয়ত্যব্যয়োন ব্যয়োবিদ্যত ইত্যব্যয়ঃ ঈশ্বরঃ সর্ব্বজ্ঞোনারায়ণাখ্য ঈশনশীলঃ যথাব্যাখ্যাতস্যেশ্বরস্য পুরুষোত্তম ইত্যেতন্নাম প্রসিদ্ধং ॥ ১৭ ॥

আনন্দগিরি।—কার্য্যকারণাখ্যৌ রাশী দর্শয়িত্বা রাশ্যন্তরং দর্শয়তি আভ্যামিতি। বৈলক্ষণ্যফলমাহ ক্ষরেতি। উপাধিদ্বয়কৃতগুণদোষাস্পর্শে ফলিতমাহ নিত্যেতি। আভ্যাং ক্ষরাক্ষরাভ্যামিতি যাবৎ, উত্তমোঽন্যইতি পদদ্বয়ং বস্তুতঃ সর্ব্বস্যৈব ক্ষরাক্ষরাত্মত্বাভাবদৃষ্ট্যর্থং। জড়বর্গস্যাহঙ্কৃতং স্বাতন্ত্র্যং নিরস্যতি সএবেতি। লোকত্রয়মিত্যুপলক্ষণং সর্ব্বং জগদপি বিবক্ষি-তব্যৈন্তদ্যমেব বলং তত্র শক্তির্মায়া তয়েতি যাবৎ। জগদ্ধারণে পরস্য ব্যাপারান্তরং বারয়তি স্বরূপেতি। ন চাস্যান্যো ধারয়িতা স্বতোঽচলত্বাদিত্যাহ অব্যয়ইতি। সংযুক্তমেতৎ ক্ষরমক্ষরঞ্চ ব্যক্তাব্যক্তং ক্ষরতে বিশ্বমীশইতি শ্রুত্যর্থং গৃহীত্বাহ ঈশ্বরইতি। কিঞ্চ লোকবেদয়োর্ভগবতো নামপ্রসিদ্ধ্যা সিদ্ধমপ্রপঞ্চত্বমিত্যাহ যথেতি ॥ ১৭ ॥

রামানুজ।—উত্তম ইতি। উত্তমপুরুষস্তু তাভ্যাং ক্ষরাক্ষরশব্দনির্দ্দিষ্টাভ্যাং বদ্ধমুক্ত-পুরুষাভ্যামন্যঃ অর্থান্তরভূতঃ পরমাত্মেত্যুদাহৃতঃ সর্ব্বাসু শ্রুতিষু চ পরমাত্মেতি নির্দ্দেশা-দেব হ্যুত্তমপুরুষো বদ্ধমুক্তপুরুষাভ্যামর্থান্তরভূত ইত্যবগম্যতে। কথং, যো লোকত্রয়মাবিশ্য বিভর্ত্ত্যব্যয় ঈশ্বরঃ। লোক্যতে ইতি লোকঃ। তৎত্রয়ং লোকত্রয়ং অচেতনং তৎসংসৃষ্টচেতনো মুক্তশ্চেতি প্রমাণাদবগম্যেত তত্ত্রয়ং যঃ আত্মতয়াবিশ্য বিভর্তি সএতস্মাদ্ব্যাপ্যাৎ ভর্ত্তব্যাচ্চার্থান্তর-ভূতঃ ইতশ্চোক্তাল্লোকত্রয়াদর্থান্তরভূতঃ যতঃ সোঽব্যয় ঈশ্বরশ্চ অব্যয়স্বভাবো হি ব্যয়স্বভাবাদ-চেতনভূতাৎ তৎ সংবন্ধেন তদনুসারিণশ্চ চেতনাৎ অচিৎ সম্বন্ধযোগ্যতয়া পূর্ব্বসংবন্ধিনোঽমুক্তাচ্চা-র্থান্তরভূতএব তথৈতদা লোকত্রয়স্যেশ্বরঃ ঈশিতব্যাত্তস্মাদর্থান্তরভূতঃ ॥ ১৭ ॥

হনুমান্।—পুরুষান্তরং দর্শয়িতুমাহ উত্তমঃ প্রকৃষ্টতমঃ পূর্ব্বমনেন জগদিতি পরমাত্মে-ত্যুদাহৃতঃ উক্তো বেদান্তেষু বিশিনষ্টি যঃ পুরুষো লোকত্রয়ং পৃথিবীমন্তরীক্ষং স্বর্গমাবিশ্য বিভর্ত্তি বলেন ধারয়তি তথাচ শ্রুতিঃ। "যেন দ্যৌঃ পৃথিবীচ দৃঢ়া" ইতি ॥ ১৭ ॥

শ্রীধর।—যদর্থমেতৌ লক্ষিতৌ তদাহ উত্তম ইতি। এতাভ্যাং ক্ষরাক্ষরাভ্যামন্যো বিলক্ষণ উত্তমঃ পুরুষঃ। বৈলক্ষণ্যমেবাহ পরমশ্চাসাবাত্মা চেতি উদাহৃত উক্তঃ শ্রুতিভিঃ আত্মত্বেন ক্ষরাদচেতনাদ্বিলক্ষণঃ পরমত্বেনাক্ষরাচ্চ ভোক্তুর্বিলক্ষণ ইত্যর্থঃ। পরমাত্মত্বমেব দর্শয়তি যোলোকত্রয়মিতি। য ঈশ্বর ঈশনশীলঃ অব্যয়শ্চ নির্ব্বিকার এব সন্ লোকত্রয়-মুদয়মাবিশ্য বিভর্ত্তি পালয়তি ॥ ১৭ ॥

বলদেব।—যদর্থং দ্বৌ পুরুষৌ নিরূপিতৌ তমাহোত্তম ইতি। অন্যঃ ক্ষরাক্ষরাভ্যাং ন তু তয়োরেবৈকঃ সংকল্প ইতি ভাবঃ। তত্র শ্রুতিসম্মতিমাহ পরমাত্মেতি। উত্তমতাপ্রযোজকং ধর্ম্মমাহ যো লোকেতি। ন চৈতজ্জগদ্বিধারণপালনরূপমীশনং বদ্ধস্য জীবস্য কর্ম্মাসম্ভবাৎ। ন চ মুক্তস্য জগদ্ব্যাপারবর্জ্জমিতি প্রতিষেধাচ্চ॥ ১৭॥

মধুসূদন।—আভ্যাং ক্ষরাক্ষরাভ্যাং বিলক্ষণঃ ক্ষরাক্ষরোপাধিদ্বয়দোষেণাস্পৃষ্টোনিত্য-শুদ্ধবুদ্ধমুক্তস্বভাবঃ উত্তম উৎকৃষ্টতমঃ পুরুষস্ত্বন্যঃ অন্য এব অত্যন্তবিলক্ষণঃ আভ্যাং ক্ষরাক্ষরাভ্যাং জড়রাশিভ্যামুভয়ভাসকস্তৃতীয়শ্চেতনরাশিরিত্যর্থঃ। পরমাত্মেত্যুদাহৃতঃ অন্নময়প্রাণময়মনোময়-বিজ্ঞানময়ানন্দময়েভ্যঃ পঞ্চভ্যোঽবিদ্যাকল্পিতাত্মভ্যঃ পরমপ্রকৃষ্টোঽকল্পিতোব্রহ্মপুচ্ছং প্রতি-ষ্ঠেত্যুক্ত আত্মা চ সর্ব্বভূতানাং প্রত্যক্‌চেতন ইত্যতঃ পরমাত্মেত্যুক্তোবেদান্তেষু যঃ পরমাত্মা লোকত্রয়ং ভূর্ভুবঃস্বরাখ্যং সর্ব্বং জগদিতি যাবৎ আবিশ্য স্বকীয়য়া মায়াশক্ত্যাঽধিষ্ঠায় বিভর্ত্তি সত্তাস্ফূর্ত্তিপ্রদানেন ধারয়তি পোষয়তি চ কীদৃশঃ অব্যয়ঃ সর্ব্ববিকারশূন্যঃ ঈশ্বরঃ সর্ব্বস্য নিয়ন্তা নারায়ণঃ স উত্তমঃ পুরুষ পরমাত্মেত্যুদাহৃত ইত্যন্বয়ঃ। "স উত্তমঃ পুরুষ" ইতি শ্রুতেঃ॥ ১৭॥

নীলকণ্ঠ।—এতাভ্যাং কার্য্যকারণোপাধিভ্যামন্যোঽনুপাধিরুত্তমঃ পুরুষঃ যোঽসৌ পরমাত্মেতি উদাহৃতঃ শাস্ত্রে, যোঽসৌ মায়য়া ঈশ্বরোভূত্বা লোকত্রয়ম্ উত্তমমধ্যমাধমশরীররূপম্ আবিশ্য ধারয়তি শরীরত্রয়ম্, অথাপি অব্যয়ঃ সর্ব্বজ্ঞত্বেন ঈশ্বরধর্ম্মেণ অল্পজ্ঞত্বেন জীবধর্ম্মেণ বা ন ব্যেতি বর্দ্ধতে ক্ষীয়তে বেত্যর্থঃ॥ ১৭॥

বিশ্বনাথ।—জ্ঞানিভিরুপাস্যং ব্রহ্মোক্ত্বা যোগিভিরুপাস্যং পরমাত্মানমাহ উত্তম ইতি। তু শব্দঃ পূর্ব্ববৈশিষ্ট্যদ্যোতকঃ। জ্ঞানিভ্যশ্চাধিকো যোগীত্যুপাসকবৈশিষ্ট্যাদেবোপাস্যবৈশিষ্ট্যং চ লক্ষ্যতে। পরমাত্মত্বমেব দর্শয়তি য ঈশ্বরঃ ঈশনশীলঃ অব্যয়ো নির্ব্বিকার এব সন্ লোকত্রয়ং কৃৎস্নমাবিশ্য বিভর্ত্তি ধারয়তি পালয়তি চ॥ ১৭॥

তাৎপর্য্য।—পূর্ব্ব শ্লোকে পুরুষের যে দুই ভাবের প্রসঙ্গ কীর্ত্তিত হইয়াছে তদতিরিক্ত এবং তদ্বিলক্ষণ পুরুষের সত্তা আছে; সেই পুরুষো-ত্তমের সত্তা এই শ্লোকের আলোচ্য। যে অব্যয় স্বরূপ পুরুষোত্তম ভূঃ ভুবঃ স্বঃ এই লোকত্রয়ে (১৫২৮ পৃষ্ঠার টীপ্পনী দ্রষ্টব্য) প্রবেশ করিয়া স্থাবর জঙ্গমা-ত্মক পদার্থপুঞ্জকে ধারণ ও পালন করেন, তিনিই পূর্ব্ব শ্লোক কথিত পুরুষ দ্বয়ের অপেক্ষা মহৎ এবং তদ্বিলক্ষণ। তিনিই উত্তম পুরুষ নামে অভিহিত হইয়া থাকেন। সেই উত্তম পুরুষ ক্ষরাক্ষর এই উভয় ভাবের অতীত। ক্ষর ভাবেও অপূর্ণতা আছে এবং অক্ষর ভাবেও হীনতা আছে। সেই উত্তম পুরুষ এই উভয়বিধ অপূর্ণতার অতীত। কারণ তিনি নিত্যশুদ্ধ জ্ঞানময় এবং মুক্তস্বভাব। ক্ষর ও অক্ষর উভয় ভাবেই পুরুষের লিপ্ততা দোষ আছে, কিন্তু

উত্তম পুরুষে তাদৃশ কোন দোষের সংস্পর্শ নাই। ক্ষরাক্ষর ভাবে পুরুষ জড়াশ্রয়কারী, কিন্তু উত্তম পুরুষরূপে তিনি কেবল চৈতন্য স্বরূপ। তাঁহারই দীপ্তিতে ক্ষরাক্ষর প্রতীয়মান এবং তিনিই তদুভয়ের ভাসক। তিনি পরমাত্মা নামে পরিব্যক্ত; অন্নময়, প্রাণময়, মনোময়, বিজ্ঞানময় ও আনন্দময় এই পঞ্চকোষময় যে আত্মা, তাঁহা হইতে তিনি শ্রেষ্ঠ ও প্রকৃষ্ট; এই জন্যই তাঁহাকে পরমাত্মা বলা হয়। সেই পরমাত্মাই সর্ব্বভূতের চেতন স্বরূপ; এই জন্যই বেদান্ত শাস্ত্রে (৪৪ পৃষ্ঠার টীপ্পনী দ্রষ্টব্য) তিনি পরমাত্মা নামে নির্দ্দিষ্ট হইয়াছেন। সেই পরমাত্মা স্বকীয় মায়াশক্তি দ্বারা ভূর্ভুবস্বঃ এই ত্রিলোকে অধিষ্ঠান করিয়া তত্তাবৎকে সত্তারূপ স্ফূর্ত্তি প্রদান দ্বারা ধারণ করিয়া রাখিয়াছেন, এবং পালন করিতেছেন। তিনি অব্যয় অর্থাৎ সর্ব্বপ্রকার বিকার বিরহিত; তিনি ঈশ্বর অর্থাৎ সকলের নিয়ন্তা। এইরূপ যে ক্ষরাক্ষর ভাবাতীত পুরুষ, তিনিই উত্তম পুরুষ নামে অভিহিত। শ্রুতিও "স উত্তমঃ পুরুষঃ" অর্থাৎ তিনিই উত্তম পুরুষ, এই বাক্যে তাঁহার নির্দ্দেশ করিয়াছেন।

পরম পুরুষের এই বিচিত্র তত্ত্ব প্রণিধান করা অতীব দুরূহ এবং সাতিশয় সাধনা সাপেক্ষ। ক্ষর ও অক্ষর এই যে দুই ভাবের প্রসঙ্গ পূর্ব্বে আলোচিত হইয়াছে, তাহাতে পুরুষের বদ্ধ ও মুক্ত স্বভাব কীর্ত্তিত হইয়াছে। ক্ষর ভাবে তিনি জড়বর্গের সহিত বদ্ধ, এবং অক্ষর ভাবে তিনি মায়াবিপেক্ষকারী ও আবরণকারী রূপে মুক্ত। যে উত্তম পুরুষের প্রসঙ্গ অধুনা আলোচিত হইতেছে, তিনি এতদুভয় ধর্ম্মাতীত। তিনি বদ্ধ বা মুক্ত নহেন, বদ্ধ বা মুক্ত হইলে যে যে দোষ সংঘটিত হয় পরম পুরুষে তাহার কিছুই নাই। বদ্ধ পুরুষের দ্বারা সৃজন বা পালনাদি কার্য্য সম্ভবিতে পারে না, এবং মুক্ত পুরুষের দ্বারা ধারণ ও রক্ষণাদি কার্য্য নির্ব্বাহিত হইতে পারে না। ক্ষরাক্ষর-বিলক্ষণ অথচ সর্ব্বেশ্বর স্বরূপ পরম পুরুষের দ্বারাই পালন রক্ষণ ধারণাদি কার্য্য নির্ব্বাহিত হইয়া থাকে। এতাবতা পরম পুরুষের বৈলক্ষণ্য ও পরমত্ব প্রতিপাদিত হইল।

সেই পরম পুরুষ ক্ষরেরও ঈশ্বর এবং অক্ষরেরও ঈশ্বর। ক্ষর বা অক্ষর ভাবতেই তাঁহার শক্তিতে শক্তিমান্ এবং তাঁহার ইচ্ছায় ক্রিয়াশীল। অথচ বিশ্বের কার্য্য বা কারণ তিনি কিছুই নহেন; তথাপি সেই উত্তম পুরুষ

কল্পনাতীত চৈতন্যশক্তি সহকারে ত্রিলোকের সর্ব্বত্র চৈতন্যরূপে প্রবিষ্ট, এবং তাঁহারই সত্তায় ত্রিলোকের পদার্থপুঞ্জ স্ফূর্ত্তিমান। অথচ তিনি নির্লিপ্ত ও উদাসীন। তিনি সুখদুঃখাতীত মায়ামোহাতিক্রান্ত। সর্ব্বত্র সন্নিবিষ্ট হইলেও তিনি কোন পদার্থের ধর্ম্ম গ্রহণ করেন না এবং তাঁহাকে কিছুতেই বিকৃত বা কলঙ্কিত করিতে পারে না। পরমেশ্বরের এই পরম ভাব প্রণিধান করা বড়ই দুষ্কর ॥ ১৭ ॥

——(:০:)——

যস্মাৎ ক্ষরমতীতোঽহমক্ষরাদপি চোত্তমঃ।
অতোঽস্মি লোকে বেদে চ প্রথিতঃ পুরুষোত্তমঃ ॥১৮॥

অন্বয়। যস্মাৎ অহং ক্ষরং (জড়জাতং) অতীতঃ (অতিক্রান্তঃ) অক্ষরাৎ (কূটস্থাৎ) অপি উত্তমঃ (উৎকৃষ্টঃ) চ অতঃ (অস্মাৎ) লোকে বেদে চ পুরুষোত্তমঃ [ইতি] প্রথিতঃ (প্রখ্যাতঃ) অস্মি ॥ ১৮ ॥

প্রতিশব্দ। যে-হেতু আমি ক্ষরকে অতিক্রম-করিয়াছি এবং অক্ষর-হইতেও উত্তম, এই-জন্য লোকে এবং বেদে পুরুষোত্তম [এই-নামে] প্রথিত আছি ॥ ১৮ ॥

ব্যাখ্যা। আমি ক্ষর অর্থাৎ বিনাশী জড়বর্গের অতিক্রান্ত এবং অক্ষর অর্থাৎ অবিনাশী চৈতন্য হইতেও উৎকৃষ্ট এই জন্যই লোক সমূহে এবং বেদে আমি পুরুষোত্তম বলিয়া বিখ্যাত, অর্থাৎ আমা হইতে শ্রেষ্ঠ পুরুষ কেহই নহে ॥ ১৮ ॥

শঙ্করাচার্য্য।—তস্য নামনির্ব্বচনপ্রসিদ্ধ্যার্থবত্ত্বং নাম্নো দর্শয়ন্নিরতিশয়োঽহমীশ্বর ইত্যাত্মানং দর্শয়তি ভগবান্ যস্মাদিতি। যস্মাৎ ক্ষরমতীতোঽহং সংসারমায়াবৃক্ষমশ্বত্থাখ্যমতিক্রান্তোঽহমক্ষরাদপি সংসারবৃক্ষবীজভূতাদপি চোত্তম উৎকৃষ্টতম ঊর্দ্ধতমো বা, অতঃ ক্ষরাক্ষরাভ্যামুত্তমত্বাদস্মি ভবামি লোকে বেদে চ প্রথিতঃ প্রখ্যাতঃ পুরুষোত্তম ইত্যেবং মাং ভক্তজনা বিদুঃ কবয়ঃ কাব্যাদিষু চ পুরুষোত্তম ইত্যনেনাভিগৃণন্তি ॥ ১৮ ॥

আনন্দগিরি।—অশ্বকর্ণাদিবদস্য নাম্না রূঢ়ত্বাদর্থবিশেষাভাবাদ্ভগবতোঽপি লৌকিকেশ্বরবদীশ্বরত্বং সাতিশয়মিতি নেত্যাহ তস্যেতি। যস্মাদিত্যত্রাপেক্ষিতং নিক্ষিপতি অতইতি। উত্তমঃ পুরুষইতি বাক্যশেষঃ ॥ ১৮ ॥

রামানুজ।—তস্মাদিতি। যস্মাদেবমুক্তৈঃ স্বভাবৈঃ ক্ষরং পুরুষমতীতোঽহং অক্ষরাম্মুক্তা-দপ্যুক্তৈর্হেতুভিরুৎকৃষ্টতমঃ অতোহং লোকে বেদে চ পুরুষোত্তম ইতি প্রথিতোঽস্মি। বেদার্থা-বলোকনাল্লোক ইতি স্মৃতিরিহোচ্যতে। শ্রুতৌ স্মৃতৌ চেত্যর্থঃ শ্রুতৌ তাবৎ "পরং জ্যোতিরূপং সংপদ্য স্বেন রূপেণাভিনিষ্পদ্যতে স উত্তমঃ পুরুষঃ" স্মৃতৌ চ। "অংশাবতারং পুরুষোত্তমস্য হ্যনাদিমধ্যান্তমজস্য বিষ্ণো" রিত্যাদৌ ॥ ১৮ ॥

হনুমান্।—তন্নামনির্ব্বচনার্থমাহ যস্মাদিতি যস্মাৎ ক্ষরং পুরুষমতীতঃ অতিক্রম্য স্থিত অক্ষরাদপি পুরুষাদুৎকৃষ্টতমঃ সর্ব্বেভ্যঃ পাপ্মেভ্য উদিতত্বাং তথাচ শ্রুতিঃ "উদিতি নাম সর্ব্বেভ্যঃ পাপ্মভ্যউদিতইতি" অতোহেতোঃ অস্মিল্লোঁকে বেদেচ পুরুষোত্তম ইতি প্রথিতঃ তস্মাদহং সর্ব্বলোক প্রসিদ্ধ ইত্যর্থঃ ॥ ১৮ ॥

শ্রীধর।—এবম্ভূতং পুরুষোত্তমত্বমাত্মনোনামনির্ব্বচনেন দর্শয়তি যস্মাদিতি। যস্মাৎ ক্ষরং জড়বর্গমতিক্রান্তোঽহং নিত্যমুক্তত্বাৎ অক্ষরাচ্চেতনবর্গাদপ্যুত্তমশ্চ নিয়ন্তৃত্বাৎ অতোলোকে বেদে চ পুরুষোত্তম ইতি প্রথিতঃ প্রখ্যাতোঽস্মি। তথা চ শ্রুতিঃ, "সর্ব্বস্যায়মাত্মা সর্ব্বস্য বশী সর্ব্বস্যেশানঃ সর্ব্বমিদং প্রশাস্তি" ইত্যাদি ॥ ১৮ ॥

বলদেব।—অথ পুরুষোত্তমনামনির্ব্বচনং স্বস্য তত্ত্বমাহ যস্মাদিতি। উত্তম উৎকৃষ্টতমঃ। লোকে পৌরুষেয়াগমে লোক্যতে বেদার্থোঽনেনেতি নিরুক্তেঃ বেদে "তাবদেষ সংপ্রসাদোঽস্মাচ্ছ-রীরাৎ সমুত্থায় পরং জ্যোতিরূপং সংপদ্য স্বেন রূপেণাভিনিষ্পদ্যতে স উত্তমঃ পুরুষ" ইত্যাদৌ প্রথিতঃ। যৎ পরং জ্যোতিঃ সংপ্রসাদেনোপসম্পন্নং স উত্তমঃ পুরুষঃ পরমাত্মেত্যর্থঃ। লোকে চ। "ত্রৈবিজ্ঞাপিতকার্য্যস্তু ভগবান্ পুরুষোত্তমঃ। অবতীর্ণো মহীযোগী সত্যবত্যাং পরাশরাদি" ত্যাদৌ প্রথিতঃ ॥ ১৮ ॥

মধুসূদন।—ইদানীং যথাব্যাখ্যাতেশ্বরস্য ক্ষরাক্ষরবিলক্ষণস্য পুরুষোত্তম ইত্যেতৎ প্রসিদ্ধ-নামনির্ব্বচনেন ঈদৃশঃ পরমেশ্বরোঽহমেবেত্যাত্মানং দর্শয়তি ভগবান্ ব্রহ্মণোহি প্রতিষ্ঠাহং তদ্ধাম পরমং মমেত্যাদিপ্রাগুক্তনিজমহিমনির্দ্ধারণায়, যস্মাৎ ক্ষরং কার্য্যত্বেন বিনাশিনং মায়াময়ং সংসারবৃক্ষমশ্বত্থাখ্যমতীতোঽতিক্রান্তোঽহং পরমেশ্বরঃ অক্ষরাদপি মায়াখ্যাদব্যাকৃতা-দক্ষরাৎপরতঃ পর ইতি পঞ্চম্যন্তাক্ষরপদেন শ্রুত্যা প্রতিপাদিতাৎ সর্ব্বকারণাদপি চোত্তম উৎকৃষ্টতমঃ অতঃ ক্ষরাক্ষরাভ্যাং পুরুষোপাধিভ্যামধ্যাসেন পুরুষপদব্যপদেশ্যাভ্যামুত্তমত্বাদস্মি [illegible]মি লোকে চ প্রথিতঃ পুরুষোত্তম ইতি, "স উত্তমঃ পুরুষ" ইতি বেদ উদাহৃত এব লোকে চ কবিকাব্যাদৌ "হরির্যথৈকঃ পুরুষোত্তমঃ স্মৃত" ইত্যাদি প্রসিদ্ধং। কারুণ্যতোনরবদাচরতঃ পরার্থান্ পার্থায় বোধিতবতোনিজমীশ্বরত্বং। সচ্চিৎসুখৈকবপুষঃ পুরুষোত্তমস্য নারায়ণস্য মহিমা ন হি মানমেতি। কেচিন্নিগৃহ্য করণানি বিসৃজ্য ভোগমাস্থায় যোগমমলাত্মধিয়ো যতন্তে। নারায়ণস্য মহিমানমনন্তপারমাস্বাদয়ন্নমৃতসারমহং তু মুক্তঃ ॥ ১৮ ॥

নীলকণ্ঠ।—যস্মাদিতি। ক্ষরম্ উপাধিম্ অক্ষরঞ্চ উপাধিম্ অতীতোঽতিক্রম্য স্থিতোঽহম্

অতোঽক্ষরাদপি চেতি চ শব্দাৎ ক্ষরাদপি উত্তমঃ উৎকৃষ্টতমঃ জড়াৎ ক্ষররূপাত্নুপাধেঃ উৎকৃষ্টস্তদুপ হিতো জীবশ্চেতনত্বাৎ ততোঽপ্যুৎকৃষ্টতরোমায়োপাধিঃ স্বতন্ত্রত্বাৎ ততোপ্যুৎকৃষ্টতমোঽনুপাধিঃ অনাগন্তুকরূপত্বাৎ, অক্ষরার্থঃ স্পষ্টঃ ॥ ১৮ ॥

বিশ্বনাথ।—যোগিভিরুপাস্যং পরমাত্মানমুক্ত্বা ভক্তৈরুপাস্যং ভগবন্তং বদন্ ভগবত্ত্বেঽপি স্বস্যকৃষ্ণস্বরূপস্যাস্য পুরুষোত্তমঃ ইতি নামব্যাচক্ষাণঃ সর্ব্বোৎকর্ষমাহ তস্মাদিতি। ক্ষরং পুরুষং জীবাত্মানং অতীতঃ অক্ষরাৎ পুরুষাৎ ব্রহ্মত উত্তমঃ অবিকারাৎ পরমাত্মনঃ পুরুষাদপ্যুত্তমঃ। "যোগিনামপি সর্ব্বেষাং মদ্গতেনান্তরাত্মনা। শ্রদ্ধাবান্ ভজতে যোমাং সমে যুক্ততমোমতঃ।" ইতি উপাসকবৈশিষ্ট্যাদেবোপাস্যবৈশিষ্ট্যলাভাৎ চকারাদ্ভগবতো বৈকুণ্ঠনাথাদেঃ সকাশাদপি। "এতেচাংশকলাঃ পুংসঃ কৃষ্ণস্তু ভগবান্ স্বয়ং" ইতি সূতোক্তে রহমুত্তমঃ। অত্র যদ্যপ্যেকমেব সচ্চিদানন্দস্বরূপং বস্তু ব্রহ্ম পরমাত্ম ভগবৎ শব্দৈরুচ্যতে নতু বস্তুতঃ স্বরূপতঃ কোঽপি ভেদোঽস্তি স্বরূপদ্বয়াভাবাদিতি ষষ্ঠস্কন্ধোক্তেঃ, তদপিতত্তদুপাসকানাং সাধনতঃ ফলতশ্চ ভেদ দর্শনাৎ ভেদ ইব ব্যবহ্রিয়তে। তথাহি ব্রহ্মপরমাত্মভগবদুপাসকানাং ক্রমেণ তত্তৎপ্রাপ্তিসাধনং জ্ঞানং যোগো ভক্তিশ্চ ফলঞ্চ জ্ঞানযোগয়োর্স্ততো মোক্ষ এব ভক্তেস্তু প্রেমবৎ পার্ষদত্বঞ্চ তত্র ভক্ত্যা বিনা জ্ঞানযোগাভ্যাং "নৈষ্কর্ম্ম্যমপ্যচ্যুতভাববর্জ্জিতং ন শোভত" ইতি "পুরেহ ভূমন্ বহবোঽপি যোগিনঃ" ইত্যাদি দর্শনাৎ ন মোক্ষ ইতি। ব্রহ্মোপাসকৈঃ পরমাত্মোপাসকৈঃ স্বসাধ্যফল সিদ্ধ্যর্থং ভগবতো ভক্তিরবশ্যং কর্ত্তব্যৈব ভগবদুপাসকৈস্তু স্বসাধ্য ফলসিদ্ধ্যর্থং ন ব্রহ্মোপাসন নাপি পরমাত্মোপাসনা ক্রিয়তে "ন জ্ঞানং নচবৈরাগ্যং প্রায়ঃ শ্রেয়ো ভবেদিহেতি।" "যৎকর্ম্মভি র্যত্তপসা জ্ঞানবৈরাগ্যতশ্চযৎ" ইত্যাদি "সর্ব্বং মদ্ভক্তিযোগেন মদ্ভক্তোলভতেঽঞ্জসা। স্বর্গাপবর্গ বদ্ধাম কথঞ্চিদপি বাঞ্ছতি" ইতি। "যাবৈ সাধনসম্পত্তিঃ পুরুষার্থ চতুষ্টয়ে। তয়া বিনা তদাপ্নোতি নরোনারায়ণাশ্রয়ঃ।" ইত্যাদি বচনেভ্যঃ। অতএব ভগবদুপাসনয়া স্বর্গাপবর্গপ্রেমাদীনি সর্ব্বফলান্যেব লব্ধুং শক্যন্তে। ব্রহ্ম পরমাত্মোপাসনয়াতু ন প্রেমাদীনি ইত্যত এব ব্রহ্মপরমাত্মভ্যা ভগবদুৎকর্ষঃ খলু অভেদেঽপ্যুচ্যতে যথা তেজস্ত্বেনাভেদেঽপি জ্যোতির্দীপাগ্নিপুঞ্জেষু মধ্যে শীতাদ্যার্ত্তিক্ষয়াদ্ধেতোরগ্নিপুঞ্জ এব শ্রেষ্ঠ উচ্যতে তত্রাপি ভগবতঃ শ্রীকৃষ্ণস্য তু পরম এবোৎকর্ষঃ যথা অগ্নিপুঞ্জাদপি সূর্য্যস্য। যেন ব্রহ্মোপাসনা পরিপাকতোলভ্যো নির্ব্বাণমোক্ষঃ স্বদ্বেষ্টৃভ্যো-ঽপ্যঘবকজরাসন্ধাদিভ্যো মহাপাপিভ্যোদত্তঃ ইতি। অতএব ব্রহ্মণোহি প্রতিষ্ঠাহমিত্যত্র যথাবদেব ব্যাখ্যাতং শ্রীস্বামিচরণৈঃ শ্রীমধুসূদন সরস্বতী পাদৈরপি। "চিদানন্দাকারং জলদরুচিসারং শ্রুতিগিরাং ব্রজস্ত্রীণাংহারং ভবজলধিপারং কৃতধিয়াং। বিহন্তুং ভূভারং বিদধদবতারং মুহুরহো বারং বারং ভজত কুশলারম্ভ কৃতিনঃ।" ইতি। "বংশীবিভূষিত করান্নবনীরদাভাৎ পীতাম্বরা-দরুণবিম্বফলাধরোষ্ঠাৎ। পূর্ণেন্দুসুন্দরমুখাদরবিন্দনেত্রাৎ কৃষ্ণাৎ পরং কিমপি তত্ত্ব মহং নজানে" ইতি। "প্রমাণতোঽপিনির্ণীতং কৃষ্ণ মাহাত্ম্যমদ্ভুতং। নশক্নুবন্তি যে সোঢ়ুং তে মূঢ়া নিরয়ং গতাঃ।" ইত্যুক্তবদ্ভিঃ শ্রীকৃষ্ণে সর্ব্বোৎকর্ষ এব ব্যবস্থাপিতঃ ইত্যতঃ। দ্বাবিমৌ ইত্যাদি শ্লোকত্রয়স্যাস্য ব্যাখ্যায়ামস্যাং অভ্যসূয়া নাবিষ্কর্ত্তব্যা নমোঽস্তু কেবলং বিদ্যঃ ॥ ১৮ ॥

তাৎপর্য্য।—শ্রীভগবান্ ক্ষর এবং অক্ষর নামধেয় পূর্ব্ব বিবৃত পুরুষদ্বয় হইতে বিলক্ষণ এবং শাস্ত্রসঙ্গত পুরুষোত্তম নামের অধিকারী, এই তত্ত্ব এই শ্লোকে প্রতিপাদিত হইতেছে। তিনি বলিতেছেন, আমি ক্ষরের অতীত, অর্থাৎ যে পুরুষ ক্ষর নামে পরিচিত ও সেই ভাবে ক্রিয়াশীল আমি সেই পুরুষ হইতে বিলক্ষণ ও স্বতন্ত্র। অপিচ আমি অক্ষরের অর্থাৎ যে পুরুষ সৃষ্টি ব্যাপারে অক্ষর নামে পরিচিত ও সেই ভাবে ক্রিয়াশীল, তাঁহার অপেক্ষাও শ্রেষ্ঠ। পুরুষের এতদুভয় ভাব হইতেই আমার বৈলক্ষণ্য ও শ্রেষ্ঠতা অবিসংবাদিত। ক্ষররূপে পুরুষ এই মায়াময় মিথ্যাকল্পিত সংসার স্বরূপ অশ্বত্থপাদপে সন্নিবিষ্ট রহিয়াছেন, এবং অক্ষররূপে পুরুষ সেই অসত্য সংসারের মূল স্বরূপে ঊর্দ্ধে বিরাজ করিতেছেন। শ্রীভগবান্ তদুভয়েরই অতীত, তদুভয় হইতেই পৃথক্ ও বিলক্ষণ। পরমেশ্বরের এই বৈলক্ষণ্য হেতু লোকে অর্থাৎ সাংসারিক মনুষ্য মধ্যে তিনি পুরুষোত্তম নামে প্রসিদ্ধ। সংসারে যাঁহারা উৎকৃষ্ট ভাবমালা গ্রথিত করিয়া কাব্যগ্রন্থাদি রচনা করেন, অথবা ভক্তিদ্যোতক অমৃতময় প্রবন্ধাদি নিবদ্ধ করেন, তাঁহারা সকলেই শ্রীভগবানের এই শ্রেষ্ঠত্ব ও উত্তমত্ব প্রণিধান করিয়া তাঁহাকে পুরুষোত্তম নামে অভিহিত করিয়াছেন। কেবল যে লোক মধ্যেই তাঁহার এই নাম প্রসিদ্ধ হইয়াছে, এরূপ নহে। সর্ব্বশাস্ত্রের সার স্বরূপ পরম জ্ঞানের ভাণ্ডার স্বরূপ, সকল তত্ত্ব কথার নিকেতন স্বরূপ, সুপবিত্র বেদশাস্ত্রেও শ্রীভগবান্ পুরুষোত্তম নামে অভিহিত ও প্রসিদ্ধ হইয়াছেন।

এই শ্লোকোপলক্ষ্যে পূজ্যপাদ শ্রীধরস্বামী নিম্নলিখিত শ্রৌত প্রমাণ উদ্ধৃত করিয়াছেন। "সর্ব্বস্যায়মাত্মা সর্ব্বস্য বশী সর্ব্বস্যেশানঃ সর্ব্বমিদং প্রশাস্তি।" অপিচ পূজ্যপাদ শ্রীমদ্রামানুজাচার্য্য তথা শ্রীমদ্বলদেব ও মধুসূদন "তাবদেষ সংপ্রসাদোঽস্মাচ্ছরীরাৎ সমুত্থায় পরং জ্যোতিরূপং সংপদ্য স্বেন রূপেণাভিনিষ্পদ্যতে স উত্তমঃ পুরুষঃ।" এই শ্রুতি উদ্ধৃত করিয়াছেন। অপিচ স্মৃতি বলিয়াছেন, "অংশাবতারং পুরুষোত্তমস্য হ্যনাদি মধ্যান্তমজস্য বিষ্ণোঃ।" অপিচ "ত্রৈবিজ্ঞাপিত কার্য্যস্তু ভগবান্ পুরুষোত্তমঃ। অবতীর্ণো মহাযোগী সত্যবত্যাং পরাশরাৎ।" এতাবতা শ্রীবিষ্ণুর সর্ব্বশ্রেষ্ঠত্ব এবং পুরুষোত্তমত্ব সুদৃঢ়রূপে সপ্রমাণ হইতেছে।

কবিশ্রেষ্ঠ কালিদাস * রঘুবংশনামাভিধেয় জগদ্বিখ্যাত কাব্যে লিখিয়াছেন যে, "হরির্যথৈকঃ পুরুষোত্তমঃ স্মৃতঃ মহেশ্বরস্ত্র্যম্বক এব নাপরঃ। তথা বিদুর্মাং মুনয়ঃ শতক্রতুং দ্বিতীয়গামী নহি শব্দ এষ নঃ॥" (রঘুবংশ ৩ সর্গ) ইহার ভাবার্থ এই যে, হরি যেরূপ একমাত্র পুরুষোত্তম নামে বিখ্যাত ত্র্যম্বক যেরূপ মহেশ্বরেরই নাম অপরের নয়, সেইরূপ মুনিগণ আমাকেই (ইন্দ্রকেই) শতক্রতু বলিয়া নির্দ্দেশ করেন ; আমাদের এই শব্দত্রয় দ্বিতীয়গামী নহে, অর্থাৎ আর কেহ এ নামের যোগ্য নহে।

---

* কালিদাস।—উজ্জয়িনী দেশাধিপতি মহারাজ বিক্রমাদিত্যের সভায় ধন্বন্তরি, ক্ষপণক, অমরসিংহ, বেতালভট্ট, ঘটকর্পর, কালিদাস, বরাহ, মিহির ও বররুচি এই নবরত্ন বিরাজ করিতেন। ইঁহারা সকলে সুপণ্ডিত ও সুকবি। তন্মধ্যে কবিশ্রেষ্ঠ কালিদাসই মহারাজের অতিশয় প্রিয়পাত্র ছিলেন। ইঁহার ন্যায় সুকবি তৎকালে কেহই ছিলেন না। এই ক্ষণজন্মা ভারতীর প্রিয়পুত্র কালিদাসের জীবনী বিবিধ কৌতূহলাবহ ঘটনাপূর্ণ। ইনি এক দরিদ্রের সন্তান ছিলেন। বাল্যে ইঁহার বিদ্যা শিক্ষা কিছুই হয় নাই, বিশেষতঃ ইঁহার বুদ্ধি অতিশয় স্থূল ছিল। এমন কি ইনি বৃক্ষশাখা ছেদন কালে যে শাখার অগ্রভাগে উপবিষ্ট থাকিতেন, তাহারই মূলদেশ কর্ত্তনে কিছুমাত্র ইতস্তত করিতেন না। শাখা ছিন্ন হইলে তিনিও যে তৎসহিত ভূপতিত হইবেন, এ জ্ঞান তাঁহার ছিল না। এই সময়ে সেই প্রদেশে এক ধনশালী ব্যক্তির বিদুষী কন্যা এইরূপ প্রতিজ্ঞা করিয়াছিলেন যে, যে ব্যক্তি তাঁহাকে বিচারে পরাস্ত করিতে পারিবেন, তাঁহাকেই তিনি পতিত্বে বরণ করিবেন। কন্যার প্রতিজ্ঞার কথা শুনিয়া তাঁহার পিতা ভাটগণকে চতুর্দ্দিকে প্রেরণ করিলেন। বহুপ্রদেশ হইতে পণ্ডিতগণ কন্যা লাভাশয়ে তথায় আগমন করিলেন, কিন্তু কেহই তাঁহাকে বিচারে পরাভব করিতে পারিলেন না। সকলে হতাশ হইয়া প্রতিনিবৃত্ত হইলেন। পণ্ডিতবর্গ এইরূপে পরাভূত হইলে আর কেহই সাহস করিয়া কন্যার সহিত বিচার করিতে অগ্রসর হইল না। এতদ্দর্শনে কন্যার পিতা অতিশয় চিন্তাকুল হইলেন, এবং স্থির করিলেন যে, এবার আগত বরকে বিনা বিচারেই কন্যা সম্প্রদান করিবেন। আবার ভাটগণ বরের অনুসন্ধানে বহির্গত হইল। তাহারা প্রতিবারেই বিফল মনোরথ হইয়া অতিশয় রুষ্ট হইয়াছিল। এক্ষণে তাহারা যাইতে যাইতে পথিমধ্যে দেখিল, কালিদাস বৃক্ষশাখায় উপবিষ্ট হইয়া সেই শাখারই মূলচ্ছেদনে প্রবৃত্ত হইয়াছেন। ইহা দেখিয়া সকলে ভাবিল যে, ইহার অপেক্ষা মূর্খ আর জগতে নাই। অতএব ইহাকেই পাত্ররূপে লইয়া যাওয়া উচিত। এইরূপ পরামর্শ করিয়া তাহারা কালিদাসকে লইয়া কন্যার পিতার নিকট উপস্থিত হইল। কন্যার পিতাও বিনা বাক্যব্যয়ে বিদুষী কন্যাকে মূর্খতম কালিদাসের হস্তে সম্প্রদান করিলেন। কিন্তু বিবাহ করিয়া কালিদাস সুখী হইতে পারিলেন না, নিরন্তর বিদ্যাভিমানিনী পত্নী কর্ত্তৃক তিনি তিরস্কৃত হইতে লাগিলেন। ইহাতে তাঁহার অতিশয় নির্ব্বেদ উপস্থিত হইল। তখন তিনি মনে মনে প্রতিজ্ঞা করিলেন, যে কোন উপায়েই হউক, তাঁহাকে বিদ্যাশিক্ষা করিতে হইবে, এবং যতদিন তিনি এ বিষয়ে সফলতা লাভ না করিবেন, ততদিন পত্নীকে মুখদর্শন করাইবেন না। এইরূপ সংকল্প করিয়া কালিদাস গৃহত্যাগ পূর্ব্বক এক গভীর অরণ্য মধ্যে গমন করিলেন, এবং তথায় একান্ত মনে সরস্বতীর আরাধনায় নিযুক্ত হইলেন। কিছুদিন অতীত হইলে সরস্বতী দেবী তাঁহার আরাধনায় প্রসন্না হইয়া তাঁহাকে দর্শন দান করিলেন। কালিদাস তাঁহার নিকট বর প্রার্থনা করিলে দেবী তাঁহাকে সন্নিকট সরোবরে ডুবিয়া কিঞ্চিৎ পঙ্ক তুলিতে আদেশ করিলেন। তাঁহার আদে-

পূজ্যপাদ শ্রীমদ্বিশ্বনাথের অভিপ্রায়। শ্রীভগবান্ পূর্ব্বে যোগিদিগের ধ্যান ও উপাসনার অবলম্বন স্বরূপ পরমাত্ম তত্ত্ব পরিব্যক্ত করিয়া এক্ষণে ভক্তবৃন্দের উপাস্য ভগবত্তত্ত্ব কীর্ত্তন করিতে উদ্যত হইয়াছেন, এবং তদুপলক্ষে শ্রীকৃষ্ণরূপধারী ভগবানের পুরুষোত্তম নামের শ্রেষ্ঠতা প্রতিপাদন করিতে উদ্যত হইয়াছেন। তিনি ক্ষর অর্থাৎ জীবাত্মারূপ পুরুষের অতীত; তিনি অক্ষর পুরুষের অর্থাৎ ব্রহ্ম অপেক্ষাও উত্তম; বিকার রাহিত্য হেতু পরমাত্ম পুরুষ হইতেও তিনি শ্রেষ্ঠ। এই গীতাশাস্ত্রে পূর্ব্বে কথিত হইয়াছে যে, "যোগিনামপি সর্ব্বেষাং মদ্গতেনান্তরাত্মনা। শ্রদ্ধাবান্ ভজতে যো মাং স মে যুক্ততমো মতঃ।" (৬ষ্ঠ অধ্যায় ৪৭ শ্লোক দ্রষ্টব্য) এতদ্দ্বারা

শানুযায়ী কালিদাস ডুব দিয়া পঙ্ক উত্তোলন করিলে দেবী তাঁহাকে ঐ বস্তুর নাম জিজ্ঞাসা করিলেন। কালিদাস বলিলেন, "পাঁক।" দেবী পুনর্ব্বার ডুব দিতে আদেশ করিলেন। কালিদাস আবার ডুব দিয়া বলিলেন, "পঙ্ক।" দেবী পুনরায় ডুব দিতে বলিলেন। এবার ডুব দিয়া কালিদাস দিব্য শক্তি করিলেন। তিনি উঠিয়াই দেবীর মুখের দিকে দৃষ্টিপাত করিলেন, এবং অতি সুললিত বাক্যে তাঁহার স্তব আরম্ভ করিলেন। সে স্তব এই "কজ্জলপূরিতলোচনভারে কুচযুগশোভিতমুক্তাহারে। বীণাপুস্তকরঞ্জিতহস্তে ভগবতী ভারতি দেবি! নমস্তে॥" দেবতার রূপবর্ণনা চরণ দেশ হইতে আরম্ভ করা উচিত, কিন্তু কালিদাস তাহার ব্যতিক্রম করিয়া মুখ হইতেই রূপ বর্ণনা করিলেন। এজন্য রুষ্টা সরস্বতী তাঁহাকে সুদুর্লভ কবিত্ব শক্তি প্রদান করিয়া অবশেষে বলিলেন যে 'তুমি বেশ্যাসক্ত হইবে, এবং বেশ্যা গৃহেই তোমার মৃত্যু হইবে।

দেবীর প্রসাদে বিদ্যালাভ করিয়া কালিদাস হৃষ্ট মনে গৃহে প্রত্যাগমন করিলেন। তিনি যখন বাটীতে উপস্থিত হইলেন, তখন রাত্রিকাল। তাঁহার পত্নী গৃহদ্বার রুদ্ধ করিয়া নিদ্রিতা হইয়াছিলেন। তিনি সেই দ্বারে বারংবার আঘাত করিতে লাগিলেন। তাঁহার পত্নী আঘাত শব্দে জাগরিতা হইয়া কে কি জন্য দ্বারে আঘাত করিতেছে, ইহা জিজ্ঞাসা করিলে কালিদাস কহিলেন, "অস্তি কশ্চিৎ বাগ্বিশেষঃ।" তাঁহার পত্নী পতির কণ্ঠস্বর বুঝিতে পারিয়া দ্বার মুক্ত করিলেন এবং তাঁহার দৈবী কৃপায় বিদ্যালাভের কথা শুনিয়া অতিশয় আনন্দিতা হইলেন। কালিদাস পত্নীকে যে বাক্যে উত্তর দিয়াছিলেন, তন্মধ্যস্থ তিনটী পদ অবলম্বন করিয়া তিনখানি অতুলনীয় কাব্য রচনা করিয়াছিলেন। "অস্তি" পদ অবলম্বনে "অস্ত্যুত্তরস্যাং দিশি দেবতাত্মা" প্রমুখ কুমারসম্ভব মহাকাব্য, "কশ্চিৎ" পদাবলম্বনে "কশ্চিৎকান্তাবিরহগুরুণা স্বাধিকারপ্রমত্ত" ইত্যাদি মেঘদূত কাব্য এবং "বাগ্" এই পদাংশ অবলম্বন করিয়া "বাগর্থাবিব সম্পৃক্তৌ বাগর্থপ্রতিপত্তয়ে।" শীর্ষক রঘুবংশ মহাকাব্য প্রণয়ন করিয়াছিলেন। এতদ্ব্যতীত তিনি জগৎ প্রসিদ্ধ অতুলনীয় 'অভিজ্ঞান শকুন্তল' নাটক, বিক্রমোর্ব্বশী ঋতুসংহার শৃঙ্গারাষ্টক প্রভৃতি গ্রন্থসমূহ রচনা করিয়া জগতে অক্ষয় কীর্ত্তি লাভ করিয়াছেন। ইঁহার রচনা নৈপুণ্য ও বুদ্ধিমত্তা সম্বন্ধে এত প্রবাদ প্রচলিত আছে যে, সে সকল সংগ্রহ করিতে হইলে একখানি বৃহৎ পুস্তকের প্রয়োজন হয়। আমরা তাঁহার সম্বন্ধে দুই একটীমাত্র প্রবাদ উদ্ধৃত করিলাম। একদা মহারাজ বিক্রমাদিত্যের সভাসদ্বর্গ রাজাকে জিজ্ঞাসা করিলেন যে, বররুচি ও কালিদাস উভয়েই সমান পণ্ডিত হইলেও মহারাজ কালিদাসের প্রতিই এত অনুরক্ত কেন? বিক্রমাদিত্য তাহাদিগের প্রশ্নের কোনরূপ উত্তর প্রদান না করিয়া কেবলমাত্র ঈষৎ

উপাসনার বিশিষ্টত্ব সূচিত হইতেছে। যোগবলে জ্ঞান লাভার্থ পরমাত্মোপাসনা এক প্রকার এবং শ্রদ্ধা ভক্তি সহকারে ভগবদুপাসনা অন্যরূপ; এই ভিন্ন ভিন্ন ভাবের উপাসনায় ভিন্ন ভিন্ন রূপ উপাস্য প্রাপ্তি সংঘটিত হয়। মূলস্থিত "চ"কার দ্বারা ইহাই সূচিত হইতেছে যে, জীবাত্মা, ব্রহ্ম, এমন কি বৈকুণ্ঠনাথের অপেক্ষাও শ্রীকৃষ্ণ শ্রেষ্ঠ। যে যে বিশেষ বিশেষ ভাবে তাঁহার উপাসনা করিয়া তাঁহার বিশেষ বিশেষ ভাব লব্ধ হইয়া থাকে, তিনি তত্তাবৎ অপেক্ষাও উত্তম। মহামতি সূত বলিয়াছেন, "এতেচাংশকলাঃ পুংসঃ কৃষ্ণস্তু ভগবান্ স্বয়ং।" অর্থাৎ এই সকলেই পরম পুরুষের অংশ মাত্র, কেবল কৃষ্ণই স্বয়ং পূর্ণরূপী ভগবান্। এ স্থলে ইহাই বিচার্য্য যে, যদিও সেই সচ্চিদানন্দরূপ ভগবন্নামাভিধেয় পূর্ণ পুরুষের বস্তুতঃ কোন ভেদ নাই, তথাপি উপাসকগণের কামনানুসারে এবং উপাসনার পার্থক্য ক্রমে ফলতঃ সেই অভিন্ন পুরুষও ভিন্ন ভিন্ন ভাবে পরিগৃহীত ও উপাসিত হইয়া থাকেন। এ সম্বন্ধে শ্রীমদ্ভাগবতের ষষ্ঠ স্কন্ধে বিশেষ আলোচনা আছে। যাঁহারা ব্রহ্ম, পরমাত্মা এবং ভগবদ্ভাবের উপাসনা করিয়া থাকেন, তাঁহারা স্ব স্ব অবলম্বিত সাধনার পরিপাকান্তে জ্ঞানযোগ লাভ করেন, এবং তাহারই ফল স্বরূপে পরিণামে মোক্ষ প্রাপ্ত হইয়া থাকেন; কিন্তু যাঁহারা ভক্তিমার্গের সাধক অর্থাৎ অব্যভিচারিণী ভক্তি সহকারে ভগবদুপাসনা করিয়া থাকেন, তাঁহারা চরমে সেই শ্রীহরির পার্ষদরূপে পরিগৃহীত হইয়া থাকেন। সঙ্গে সঙ্গে ইহাও বিচার্য্য যে, ভক্তিবিরহিত জ্ঞান বা যোগ সাধনা দ্বারা মোক্ষ লব্ধ হইতে পারে না। ভগবদ্ভক্তি বিবর্জ্জিত শুষ্ক জ্ঞান এবং নীরস যোগ কখনই মোক্ষের প্রাপক হইতে পারে না। যথা, "নৈষ্কর্ম্ম্যমপ্যচ্যুতভাববর্জ্জিতং।" অর্থাৎ অচ্যুত ভগবানের ভাববর্জ্জিত নৈষ্কর্ম্ম্যরূপ

হাস্য করিলেন। পরে এক সময় সভায় বররুচি উপস্থিত হইলে মহারাজ অদূরস্থিত এক শুষ্কবৃক্ষ নির্দ্দেশ করিয়া বররুচিকে তাহার স্বরূপ জিজ্ঞাসা করিলেন। বররুচি বলিলেন "শুষ্কং কাষ্ঠং তিষ্ঠত্যগ্রে।" তখন বিক্রমাদিত্য কালিদাসকে বলিতে ইঙ্গিত করিলে কালিদাস বলিলেন, "নীরসতরুবরঃ পুরতো ভাতি।" সভাসদ্গণ বুঝিতে পারিলেন যে, মহারাজ কি জন্য কালিদাসের প্রতি অনুরক্ত।

কোন সময়ে এক দিগ্বিজয়ী পণ্ডিত বিক্রমাদিত্যের সভাজয় করিবার নিমিত্ত উপস্থিত হইয়াছিলেন। মহারাজ তাঁহার বাসস্থান নির্দ্দেশ করিয়া দিলেন। পরদিন বিচার হইবে এইরূপ স্থির হইল। কালিদাস [illegible] ঐ পণ্ডিতের বিদ্যা পরীক্ষা মানসে নারীবেশ ধারণ করিয়া কুম্ভ কক্ষে যথায় সেই পণ্ডিত স্নান করিতেছিলেন সেই ঘাটে উপস্থিত হইলেন, এবং বারংবার তাঁহার দিকে কটাক্ষ নিক্ষেপ করিতে লাগিলেন। পণ্ডিত অনেক

সন্ন্যাস কখনই শোভা পায় না বা কোন ফলপ্রসূ হয় না। ব্রহ্মোপাসকই হউন বা পরমাত্মোপাসকই হউন, উভয়কেই স্ব স্ব অভীষ্ট ফললাভের নিমিত্ত নিশ্চয়ই ভগবদ্ভক্তি অবলম্বন করিতে হইবে; কিন্তু যাঁহারা মূল হইতেই ভক্তিমার্গে ভগবদুপাসনারত, তাঁহাদিগের অভীষ্ট ফললাভের নিমিত্ত ব্রহ্মোপাসনা বা পরমাত্মোপাসনার সহায় গ্রহণ করিতে হইবে না। "নজ্ঞানং নচ বৈরাগ্যং প্রায়ঃ শ্রেয়ো ভবেদিহ।" "যৎকর্ম্মভির্যত্তপসা জ্ঞানবৈরাগ্যতশ্চ যৎ।" "সর্ব্বং মদ্ভক্তিযোগেন মদ্ভক্তো লভতেঽঞ্জসা। স্বর্গাপবর্গবদ্ধাম কথঞ্চিদপি বাঞ্ছতি।" (শ্রীমদ্ভাগবত ১১শ স্কন্ধ ২০শ অধ্যায় ৩১। ৩২। ৩৩ শ্লোক)" যাবৈ সাধনসম্পত্তিঃ পুরুষার্থ চতুষ্টয়ে।" ইত্যাদি বচন দ্বারা ভগবদ্ভক্তিরই শ্রেষ্ঠত্ব কীর্ত্তিত হইতেছে। অতএব ভগবদুপাসনা রূপ পবিত্র সাধনা অবলম্বন করিলে স্বর্গ, অপবর্গ অর্থাৎ মুক্তি এবং প্রেম প্রভৃতি সকল প্রকার প্রার্থনীয় ফলই লব্ধ হইতে পারে। কিন্তু ব্রহ্মোপাসনা বা পরমাত্মোপাসনার ফলে চরমে প্রেমাদি প্রাপ্ত হওয়া যায় না। এই কারণেও ভেদ না থাকিলেও ব্রহ্মোপাসনা বা পরমাত্মোপাসনা হইতে ভগবদুপাসনার প্রাধান্য অঙ্গীকৃত হইয়া থাকে। একটী সহজ দৃষ্টান্ত দ্বারা এই তত্ত্ব পাঠকের হৃদ্গত করাইবার চেষ্টা হইতেছে। অগ্নি, দীপ এবং অন্য জ্যোতি সকলই তেজস্বী পদার্থ হইলেও শীত প্রভৃতি ক্লেশবিমোচন ক্ষমতা হেতু অগ্নিরই প্রাধান্য ও প্রশংসা কীর্ত্তিত হইয়া

রমণীকে তাঁহার দিকে পুনঃ পুনঃ কটাক্ষপাত করিতে দেখিয়া প্রকৃত স্ত্রীলোক বোধে বলিলেন "কি মাং মু পশ্যসি ঘটেন কটিস্থিতেন বক্ত্রেণ চারু পরিমীলিত লোচনেন। অন্যং বিলোকয় জনং তব কর্ম্মযোগ্যং নাহং ঘটাঙ্কিতকটিং প্রমদাং স্পৃশামি॥" অর্থাৎ হে সুন্দরি। কক্ষে কুম্ভ ধারণ করিয়া মনোহর নিমীলিত লোচনে বারংবার আমার প্রতি কটাক্ষ নিক্ষেপ করিতেছ কেন? তোমার মনোভিলাষ পূর্ণ করিতে পারে, এরূপ কোন ব্যক্তির দিকে কটাক্ষপাত কর; কারণ কুম্ভ বহনে যাহার কটিদেশ অঙ্কিত হইয়াছে, এরূপ কোন রমণীকে আমি স্পর্শ করি না।' পণ্ডিতের এইরূপ কথা শুনিয়া কালিদাস বলিলেন, "সত্যং ব্রবীমি মকরধ্বজবাণপীড়! নাহং ত্বদর্থমনসা পরিচিন্তয়ামি। দাসোঽদ্য মে বিঘটিতস্তব তুল্যরূপী সো বা ভবেন্নহি ভবেদিতি মে বিতর্কঃ॥" অর্থাৎ 'হে কন্দর্পশরপীড়িত! তোমার প্রণয়াভিলাষে তোমার দিকে দৃষ্টিপাত করিতেছি না; অদ্য ঠিক তোমার ন্যায় আমার এক ভৃত্য হারাইয়া গিয়াছে, তুমিই সেই ভৃত্য কি না, ইহাই আমি দেখিতেছি।' দিগ্বিজয়ী পণ্ডিত স্ত্রীলোকের মুখে ঈদৃশ কবিতা শ্রবণ করিয়া বিস্ময় সহকারে তাহার পরিচয় জিজ্ঞাসা করিলেন। কালিদাস আপনাকে কালিদাসের পরিচারিকা বলিয়া পরিচয় দিলেন। তখন সেই পণ্ডিত ভাবিলেন, কালিদাসের পরিচারিকা যখন এরূপ বিদুষী, তখন কালিদাস না জানি কত বিদ্বান্। অতএব তাহাকে জয় করা কখনই সম্ভবপর নহে। এইরূপ চিন্তা করিয়া দিগ্বিজয়ী ঘাট হইতেই প্রস্থান করিলেন।

াকে। কিন্তু অগ্নিপুঞ্জ হইতেও যেমন সূর্য্যের প্রাধান্য অবিসংবাদিত, তদ্রূপ ব্রহ্ম পরমাত্মা ইত্যাদি যে ভাবেরই ভজনা করা হউক না কেন, তত্তাবৎ অপেক্ষা ভগবান্ শ্রীকৃষ্ণের পরমোৎকর্ষ সুনিশ্চিত ও নিঃসংশয়িত। ব্রহ্মোপাসনারূপ সাধনার পরিপাকে যে নির্ব্বাণরূপ মোক্ষ (৫৮৮। ১৮৯৭ পৃষ্ঠার টীপ্পনী দ্রষ্টব্য) লব্ধ হইয়া থাকে, পরম করুণাময় শ্রীকৃষ্ণ ভগবদ্দ্বেষ্টা মহাপাপী অঘ, বক, জরাসন্ধ (২২৩৪ পৃষ্ঠার টীপ্পনী দ্রষ্টব্য) প্রভৃতিকে অনায়াসে তাহা প্রদান করিয়াছিলেন। "ব্রহ্মণো হি প্রতিষ্ঠাহং" (১৪শ অধ্যায় ২৭ শ্লোক) এই স্থলে শ্রীভগবান্ নিজমুখে যে তত্ত্ব পরিব্যক্ত করিয়াছেন, এবং তৎসম্বন্ধে ভক্তিভাজন শ্রীধর স্বামী ও মধুসূদন সরস্বতী যেরূপ সুসঙ্গত অভিপ্রায় ব্যক্ত করিয়াছেন, তাহা আলোচ্য। তদনন্তর পূজ্যপাদ টীকাকার কতিপয় সুমধুর ভক্তি ভাব সমন্বিত শ্লোক উদ্ধৃত করিয়া সপ্রমাণ করিয়াছেন, যে শ্রীকৃষ্ণের সর্ব্বোৎকৃষ্টত্ব সর্ব্ববাদি-সম্মত ॥ ১৮ ॥

—•:(*):•—

যো মামেবমসম্মূঢ়ো জানাতি পুরুষোত্তমং।
স সর্ব্ববিদ্ভজতি মাং সর্ব্বভাবেন ভারত! ॥ ১৯ ॥

অন্বয়। হে ভারত! এবং অসংমূঢ়ঃ (মোহবর্জ্জিতঃ) [সন্] যঃ মাং পুরুষোত্তমং (সর্ব্বপুরুষশ্রেষ্ঠং) জানাতি, সঃ সর্ব্ববিৎ (সর্ব্বজ্ঞঃ) সর্ব্বভাবেন (সর্ব্বপ্রকারেণ) মাং এব ভজতি (সেবতে) ॥ ১৯ ॥

প্রতিশব্দ। হে ভারত! এই-রূপ মোহশূন্য [হইয়া] যে আমাকে পুরুষোত্তম-রূপে জানে সেই সর্ব্বজ্ঞ সর্ব্ব-প্রকারে আমাকেই ভজনা-করে ॥ ১৯ ॥

ব্যাখ্যা। হে ভারত! যে সাধক এইরূপে মোহাদি পরিশূন্য হইয়া আমাকে পুরুষোত্তম রূপে অবগত হন, সেই সর্ব্বজ্ঞ পুরুষ সর্ব্বপ্রকারে কেবল আমাকেই ভজনা করিয়া থাকেন ॥ ১৯ ॥

শঙ্করাচার্য্য।—অথেদানীং যথানিরুক্তমাত্মানং যোবেদ তস্যেদং ফলমুচ্যতে যোমা-মিতি। যোমামীশ্বরং যথোক্তবিশেষণমেবং যথোক্তেন প্রকারেণাসংমূঢ়ঃ সংমোহবর্জ্জিতঃ সন্

জানাত্যয়মহমস্মীতি পুরুষোত্তমং স সর্ব্ববিৎ সর্ব্বাত্মনা সর্ব্বং বেত্তীতি সর্ব্বজ্ঞঃ সর্ব্বভূতস্থং ভজতি মাং সর্ব্বভাবেন সর্ব্বাত্মচিন্তয়া হে ভারত ! ॥ ১৯ ॥

আনন্দগিরি।—আত্মনোঽপ্রপঞ্চত্বং জ্ঞানফলোক্ত্যা স্তৌতি অথেতি। যথোক্তবিশেষণং সর্ব্বাত্মত্বাদিবিশেষণোপেতমিতি যাবৎ। ক্ষরাক্ষরাতীতত্বং যথোক্তপ্রকারঃ সংমোহবর্জ্জিতঃ সংমোহেন দেহাদিষ্বাত্মাত্মীয়ত্ববুদ্ধ্যা রহিত ইত্যর্থঃ। ভগবন্তং জানতঃ সর্ব্ববিত্ত্বং তস্যৈব সর্ব্বাত্মনামেয়ত্বাদিত্যাহ স সর্ব্ববিদিতি। সর্ব্বাত্মনি ময্যেবাসক্তচিত্তত্বেনেত্যর্থঃ ॥ ১৯ ॥

রামানুজ।—যোমামিতি। য এবমুক্তেন প্রকারেণ পুরুষোত্তমং মামসংমূঢ়ো জানাতি ক্ষরাক্ষরপুরুষাভ্যামব্যয়স্বভাবতয়াব্যাপনভরণৈশ্বর্য্যাদিযোগেন চ বিসজাতীয়ং জানাতি স সর্ব্ববিৎ মৎপ্রাপ্ত্যুপায়তয়া যদ্বেদিতব্যং তৎসর্ব্বং বেদ। ভজতি মাং সর্ব্বভাবেন যে চ মৎপ্রাপ্ত্যুপায়তয়া মদ্ভজনপ্রকারা নির্দ্দিষ্টাস্তৈশ্চ সর্ব্বৈর্ভজনপ্রকারৈর্মাং ভজতে সর্ব্বৈর্ম্মদ্বিষয়ৈর্ব্বেদনৈর্ম্মম যা প্রীতির্যা চ মম সর্ব্বৈর্ম্মদ্বিষয়ৈর্ভজনৈরুভয়বিধা সা প্রীতিরনেন বেদনেন জায়ত ইত্যেতৎ পুরুষোত্তমত্ব বেদনং পূজয়তি ॥ ১৯ ॥

হনুমান্।—অথেদানীং পুনঃ পুরুষোত্তমং পুরুষং যো বেদস্তস্য ফলমুচ্যতে যোমাং পরমেশ্বরমেবমসংমূঢ়ঃ নিশ্চিতবুদ্ধিঃ বেত্তি পুরুষোত্তমং ন কর্ম্মস্বরূপবলবীর্য্যতেজোভিরিত্যর্থঃ ॥১৯ ॥

শ্রীধর।—এবং ভূতেশ্বরজ্ঞাতুঃ ফলমাহ য ইতি। এবং নিরুক্তপ্রকারেণাসম্মূঢ়োনিশ্চিতমতিঃ সন্ যোমাং পুরুষোত্তমং জানাতি সর্ব্বপ্রকারেণ মামেব ভজতি ততশ্চ সর্ব্ববিৎ সর্ব্বজ্ঞো ভবতি ॥ ১৯ ॥

বলদেব।—তাৎপর্য্যদ্যোতনায় পুরুষোত্তমত্বে বেত্তুঃ ফলমাহ যো মামিতি। এবং মদুক্তনিরুক্ত্যা ন ত্বশ্বকর্ণাদিবৎ সংজ্ঞামাত্রত্বেন যো মাং পুরুষোত্তমং জানাতি অসংমূঢ়ঃ প্রোক্তে পুরুষোত্তমত্বে সংশয়শূন্যঃ সন্ স শ্লোকত্রয়স্যৈবার্থং জানন্ সর্ব্ববিৎ নিখিলস্য বেদস্য তত্রৈব তাৎপর্য্যাৎ। পুরুষোত্তমত্বজ্ঞো মাং সর্ব্বভাবেন সর্ব্বপ্রকারেণ ভজত্যুপাস্তে। সর্ব্ববেদার্থবেত্তরি সর্ব্বভক্ত্যঙ্গানুষ্ঠাতরি চ যো মে প্রসাদঃ স তস্মিন্ ভবেদিতি মে পুরুষোত্তমত্বে সন্দিহানস্ত্বধীতসর্ব্ববেদোঽপ্যজ্ঞঃ সর্ব্বথা ভজন্নপ্যভক্ত ইতি ভাবঃ ॥ ১৯ ॥

মধুসূদন।—এবং নামনির্ব্বচনজ্ঞানে ফলমাহ যোমামিতি। যোমামীশ্বরং এবং যথোক্তনামনির্ব্বচনেন অসম্মূঢ়ঃ মনুষ্য এবায়ং কশ্চিৎ কৃষ্ণ ইতি সংমোহবর্জ্জিতঃ জানাত্যয়মীশ্বর এবেতি পুরুষোত্তমং প্রাপ্ত্যাখ্যাতং স মাং ভজতি সেবতে। সর্ব্ববিৎ মাং সর্ব্বাত্মানং বেত্তীতি স এব সর্ব্বজ্ঞঃ সর্ব্বভাবেন প্রেমলক্ষণেন ভক্তিযোগেন হে ভারত ! অতোযদুক্তং "মাং চ যোঽব্যভিচারেণ ভক্তিযোগেন সেবতে। সগুণান্ সমতীত্যৈতান্ ব্রহ্মভূয়ায় কল্পতে ॥" ইতি তদুপপন্নং। যচ্চোক্তং ব্রহ্মণো-হি প্রতিষ্ঠাহমিতি তদপ্যুপপন্নতরং "চিদানন্দাকারং জলদরুচিসারং শ্রুতিগিরাং ব্রজস্ত্রীণাং হারং ভবজলধিপারং কৃতধিয়াং। বিহন্তুং ভূভারং বিদধদবতারং মুহুরহোমহোবারংবারং ভজত কুশলারম্ভকৃতিনঃ" ॥ ১৯ ॥

নীলকণ্ঠ।—এতদ্বিজ্ঞানফলং ময়ি ভক্তিরেবেত্যাহ, যোমামিতি অসংমূঢ়ঃ মম পুরুষোত্ত-

মত্বে সংশয়বিপর্য্যাসাদিহীনঃ স এব সর্ব্ববিৎ যতোমাং পুরুষোত্তমং জানাতি, তৎফলঞ্চ মাং সর্ব্বভাবেন সর্ব্বাত্মনা সর্ব্বৈঃ প্রকারৈর্ভজতি ॥ ১৯ ॥

বিশ্বনাথ।—নম্বেতস্মিংস্ত্বয়া ব্যবস্থাপিতেঽপ্যর্থে বাদিনো বিদন্ত এব তত্র বিবদন্তাং তে লম্মায়ামোহিতাঃ সাধুস্তু ন মুহ্যতীত্যাহ যো মামিতি। অসংমূঢ়ঃ বাদিনাং বাদৈরপ্রাপ্তসংমোহঃ। সএব সর্ব্ববিৎ অনধীতশাস্ত্রোঽপি সএব সর্ব্ব শাস্ত্রার্থতত্বজ্ঞঃ। তদন্যঃ কিলাধীতাধ্যাপিত সর্ব্ব শাস্ত্রোঽপি সংমূঢ়ঃ সম্যঙ্‌মূর্খ এবেতি ভাবঃ তথা য এবং জানাতি স এব মাং সর্ব্বতোভাবেন ভজতি তদন্যোভজন্নপি ন মাং ভজতীত্যর্থঃ ॥ ১৯ ॥

তাৎপর্য্য।—শ্রীভগবান্ পূর্ব্বে স্বকীয় পুরুষোত্তম নামের তত্ব কীর্ত্তন করিয়াছেন। এক্ষণে সেই পুরুষোত্তমস্বরূপ ভগবত্তত্ব পরিজ্ঞানে এবং-ভূতেশ্বর তত্বজ্ঞান প্রণিধান নিবন্ধন এবং আত্মাববোধে কিরূপ পরিণাম হইয়া থাকে তাহাই বিবৃত করিতেছেন। শ্রীভগবান্ বলিতেছেন, যে সৌভাগ্যবান্ সাধক মায়ামোহাদি পরিশূন্য হইয়া এবং অজ্ঞানরূপ ক্ষণান্ধকারময় বিষয়কূপ হইতে জ্ঞানালোকিত রমণীয় প্রদেশে উপনীত হইয়া আমা'ক পুরুষোত্তম বোধে হৃদয়ে ধারণ করিতে সক্ষম, তিনিই ধন্য এবং তাঁহার সাধনাই সার্থক! এ সংসারে মোহের মদিরায় সকলেই মত্ত। মোহপাশ বিচ্ছিন্ন করিয়া অসত্য ও অসারকে ঘৃণার সহিত উপেক্ষা করিয়া পরম ফলপ্রদ পরমাকাঙ্ক্ষিত বস্তু প্রাপ্তি বিষয়ে মনুষ্যের আসক্তি অল্পই দেখা যায়। একেতো বিহিত পথপ্রদর্শক ভাগ্যক্রমে কদাচিৎ লাভ করা যায়; তাহার পর যদি দৈবাৎ সেরূপ সদুপদেশ প্রদানক্ষম মহাপুরুষের সহিত সম্মিলন ঘটে, তাহা হইলেও তৎপ্রদত্ত পথে বিচরণ করিবার শত সহস্র অন্তরায় উপস্থিত হইয়া থাকে। সর্ব্বোপরি মনুষ্য হৃদয় এতই দুর্ব্বল এবং আপাতমনোহর প্রত্যক্ষ সুখের এতই অনুরাগী যে, সাধনালভ্য অপ্রত্যক্ষ ভবিষ্যৎ সুখের নিমিত্ত হৃদয় সহসা প্রস্তুত হইতে চাহে না। এই সকল কারণেই সম্মোহ মনুষ্যকে জন্ম হইতে মরণ কাল পর্য্যন্ত বিজড়িত করিয়া রাখে; কিন্তু এই মোহই পরমোন্নতির একমাত্র প্রবল প্রতিবন্ধক। এই জন্যই এই স্থলে শ্রীভগবান্ অসম্মূঢ় শব্দের প্রয়োগ করিয়াছেন। এইরূপ সম্মোহ বর্জ্জিত হইয়া যিনি শ্রীভগবানকে পুরুষোত্তম রূপে পরিজ্ঞাত হইয়াছেন, তাঁহারই পরিজ্ঞান যথার্থ। কার্য্য ও কারণরূপে ক্ষর ও অক্ষর পুরুষদ্বয় অপেক্ষা শ্রীভগবান্ শ্রেষ্ঠ। সুতরাং তিনি পুরুষোত্তম। যাঁহার

এইরূপ প্রকৃষ্ট পরিজ্ঞান হইয়াছে, তিনিই সর্ব্ববিৎ অর্থাৎ বেদবেদান্ত প্রতিপাদ্য পুরুষোত্তমের তত্ত্ব পরিজ্ঞান হেতু সকল বিষয়ের জ্ঞানই তাঁহার লব্ধ হইয়াছে। সার ও অসার বস্তু বিনির্ণয়ে তিনি সক্ষম হইয়াছেন, মোহের কুহেলিকা ভেদ করিয়া জ্ঞানের রমণীয় জ্যোতিঃপূর্ণ প্রদেশে তিনি বিচরণ করিতেছেন এবং ইহকাল ও পরকাল, জন্ম ও মৃত্যু, সুখ ও দুঃখ, এ সকলের রহস্যই তিনি সম্যক্‌রূপে পরিজ্ঞাত হইয়াছেন। এইরূপ সর্ব্ববিৎ মহাত্মা সর্ব্বপ্রকারে সেই পুরুষোত্তম স্বরূপ শ্রীভগবানেরই ভজনা করিয়া থাকেন। আত্মানাত্ম বিবেক সহকারে অনাত্ম বস্তুর পরিহার পূর্ব্বক তিনি নিরন্তর পরমাত্মস্বরূপ পরম পুরুষের চিন্তাতেই বিনিযুক্ত থাকেন এবং আপনার আন্তরিক উদ্যম, দৈহিক চেষ্টা, জীবনের অধ্যবসায়, সকলই সেই পুরুষোত্তমের ভজনাতে পর্য্যবসিত করেন। তাঁহারই হৃদয় সেই ভগবৎ প্রেমে সতত পরিপূর্ণ হইয়া থাকে, এবং তাঁহারই অন্তর প্রদেশে সুমধুর ভক্তির প্রবাহ নিয়ত প্রবাহিত হইতে থাকে। সেই প্রেমলক্ষণা ভক্তি সহকারে সেই পুণ্যশীল সর্ব্বতত্ত্বজ্ঞ রহস্যবিৎ সাধক নিরন্তর ভগবন্নিষ্ঠাতেই কালাতিবাহিত করিয়া থাকেন।

শ্রীভগবান্ পূর্ব্বে বলিয়াছেন, "মাং চ যোঽব্যভিচারেণ ভক্তিযোগেন সেবতে। সগুণান্ সমতীত্যৈতান্ ব্রহ্মভূয়ায় কল্পতে।" (১৪শ অধ্যায় ২৬শ্লোক) সেই ভগবদুক্ত তত্ত্ব এই স্থলে উপপন্ন হইল।

পূজ্যপাদ শ্রীমদ্বলদেব এই শ্লোকোপলক্ষ্যে প্রতিপাদন করিয়াছেন যে, যাঁহারা অত্রত্য শ্লোকত্রয় প্রতিপাদিত পুরুষোত্তম তত্ত্ব সম্যক্‌রূপে পরিজ্ঞাত হইয়াছেন, অর্থাৎ কেবল সংজ্ঞামাত্র মনে না করিয়া যথাযথরূপে তাঁহার তত্ত্ব হৃদয়ে ধারণ করিয়াছেন, তাঁহারাই সর্ব্বজ্ঞ এবং শ্রীভগবানের কৃপাভাজন। যাঁহারা উল্লিখিত তত্ত্বজ্ঞানের অপেক্ষা বেদবেদান্তের মর্ম্মাদিতে অধিকতর অভিজ্ঞ অথচ পুরুষোত্তম তত্ত্ব সম্বন্ধে কিঞ্চিন্মাত্রও সন্দেহযুক্ত তাঁহারা ভগবানের তাদৃশ করুণাস্পদ হইতে পারেন না।

এতাবতা ইহাই সিদ্ধ হইতেছে যে, শাস্ত্রজ্ঞানই চরম জ্ঞান নহে। শাস্ত্র প্রদর্শিত পথে দুষ্কর সাধনা সহকারে যথাযথ ভগবত্তত্ত্বজ্ঞানই প্রকৃষ্ট জ্ঞান। অশেষ শাস্ত্র-সিন্ধু অতিক্রম করিয়াও মনের নির্ম্মলতা সংঘটিত না হইতে পারে, এবং অহঙ্কার ও আত্মাভিমান অপগত না হইতেও পারে। সুতরাং

শাস্ত্রজ্ঞানের ফলেও অসম্মোহ অবস্থা না হইলেও না হইতে পারে; কিন্তু প্রকৃষ্ট ব্রহ্ম জ্ঞানের অত্যল্প মাত্র হৃদয় প্রদেশে আবির্ভূত হইলে স্বতই অন্তরাত্মা পাপপ্রধৌত হইয়া যায় এবং সকল জ্ঞানের সারস্বরূপ পরম জ্ঞান উত্তরোত্তর হৃদয়কে উন্নত ও পরম ফলাভিমুখী করিতে থাকে ॥ ১৯ ॥

—০:(*):০—

ইতি গুহ্যতমং শাস্ত্রমিদমুক্তং ময়ানঘ!।
এতদ্বুদ্ধা বুদ্ধিমান্ স্যাৎ কৃতকৃত্যশ্চ ভারত! ॥২০॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং ভীষ্মপর্ব্বণি শ্রীভগবদ্গীতাসূপনিষৎসু ব্রহ্মবিদ্যায়াং যোগশাস্ত্রে শ্রীকৃষ্ণার্জ্জুনসংবাদে পুরুষোত্তম-যোগো নাম পঞ্চদশোঽধ্যায়ঃ।

——০:):*:(:০——

অন্বয়। হে অনঘ! (অপাপ!) হে ভারত! ইতি (পূর্ব্বোক্ত প্রকারেণ) গুহ্যতমং (অতি গোপনীয়ং) ইদং শাস্ত্রং ময়া উক্তং (কথিতং) এতৎ বুদ্ধা (জ্ঞাত্বা) বুদ্ধিমান্ (সম্যক্ জ্ঞানী) কৃতকৃত্যঃ (কৃতার্থঃ) চ স্যাৎ (ভবেৎ) ॥ ২০ ॥

প্রতিশব্দ। হে অনঘ! হে ভারত! এইরূপ অতি-গোপনীয় এই শাস্ত্র আমার-কর্তৃক কথিত-হইয়াছে, ইহাকে জানিয়া সম্যক্-জ্ঞানী এবং কৃতার্থ হয় ॥ ২০ ॥

ব্যাখ্যা। হে পাপরহিত ভরতবংশাবতংস! আমি তোমাকে অতি গুহ্যতত্ত্ব বিষয়ক এই সমস্ত উপদেশ প্রদান করিলাম; যিনি ইহার মর্ম্ম প্রণিধান করিতে পারেন, সেই জ্ঞানীই কৃতার্থ হইয়া থাকেন ॥ ২০॥

শঙ্করাচার্য্য।—অস্মিন্নধ্যায়ে ভগবত্তত্ত্বজ্ঞানং মোক্ষফলমুক্ত্বাহথেদানীং তৎ স্তৌতি ইতি গুহ্যতমমিতি। ইত্যেতৎ গুহ্যতমং গোপ্যতমং অত্যন্তং রহস্যমিত্যেতৎ কিন্তচ্ছাস্ত্রং যদ্যপি গীতাখ্যং সমস্তং শাস্ত্রমুচ্যতে তথাপ্যয়মেবাধ্যায়ঃ ইহ শাস্ত্রমিত্যুচ্যতে স্তুত্যর্থং প্রকরণাৎ সর্ব্বোহি

গীতাশাস্ত্রার্থোঽস্মিন্নধ্যায়ে সমাসেনোক্তেন কেবলং সর্ব্বশ্চ বেদার্থ ইহ পরিসমাপ্তোযস্তং বেত্ত স বেদবিৎ, বেদৈশ্চ সর্ব্বৈরহমেব বেদ্য ইতি চোক্তমিদমুক্তং কথিতং ময়া হে অনঘ! এতচ্ছাস্ত্রং যথাদর্শিতার্থং বুদ্ধা বুদ্ধিমান্ স্যাদ্ভবেৎ, নান্যথা কৃতকৃত্যশ্চ ভারত! কৃতং কৃত্যং কর্ত্তব্যং যেন স কৃতকৃত্যঃ বিশিষ্টজন্মপ্রসূতেন ব্রাহ্মণেন যৎ কর্ত্তব্যং তৎ সর্ব্বং ভগবত্তত্ত্বে বিদিতে কৃতং ভবেদিত্যর্থঃ ন চান্যথা কর্ত্তব্যং পরিসমাপ্যতে কস্যচিদিত্যভিপ্রায়ঃ। "সর্ব্বং কর্ম্মাখিলং পার্থ! জ্ঞানে পরিসমাপ্যতে" ইতি চোক্তং। "এতদ্ধি জন্মসাফল্যং ব্রাহ্মণস্য বিশেষতঃ। প্রাপ্যৈতৎকৃতকৃত্যোহি দ্বিজোভবতি নান্যথা"॥ ইতি চ মানবং বচনং। যত এতৎ পরমার্থতত্ত্বমতঃ শ্রুতবানসি অতঃ কৃতার্থস্ত্বং ভারতেতি॥ ২০॥

ইতি শ্রীগোবিন্দ ভগবৎ পূজ্যপাদশিষ্যপরমহংস-পরিব্রাজকাচার্য্য শ্রীমচ্ছঙ্কর ভাগবতকৃতৌ গীতাভাষ্যে পঞ্চদশোঽধ্যায়ঃ।

আনন্দগিরি।—অধ্যায়ার্থমনূদ্যোপসংহারশ্লোকমবতারয়তি অস্মিন্নিতি। সর্ব্বস্যাং গীতায়াং শাস্ত্রশব্দে বক্তব্যে কথমস্মিন্নধ্যায়ে তৎপ্রয়োগঃ স্যাদিত্যাশঙ্ক্যাহ যদ্যপীতি। সন্নিহিতমধ্যায়ং স্তোতুমপি কৃতস্তত্র শাস্ত্রশব্দস্তদর্থাভাবাত্তত্রাহ সর্ব্বোহীতি। গীতাশাস্ত্রার্থস্য সর্ব্বস্যাত্র সংক্ষিপ্তত্বাদেব কেবলং শাস্ত্রশব্দো ন ভবতি কিন্তু বেদার্থস্যাপি সর্ব্বস্যাত্র সমাপ্তেযুর্ক্তং শাস্ত্রপদমিত্যাহ নেতি। তত্র গমকমাহ যস্তমিতি। ভগবত্তত্ত্বজ্ঞানে কৃতকৃত্যতেত্যেতদুপপাদয়তি বিশিষ্টেতি। নান্যথেত্যুক্তং প্রপঞ্চয়তি নচেতি। সত্যপি তত্ত্বজ্ঞানে কর্ম্মণাং কর্ত্তব্যসমাপ্তিরিত্যাশঙ্ক্যাহ সর্ব্বমিতি। তত্ত্বজ্ঞানে কৃতার্থতেতি তত্র মনোরপি সম্মতিমাহ এতদ্ধীতি। ভারতেতি সম্বোধনতাৎপর্য্যমাহ যতইতি। তদনেনাত্মনো দেহাদ্যতিরিক্তত্বং চিদ্রূপত্বং সর্ব্বাত্মত্বং কার্য্যকারণবিনির্মুক্তত্বেনাপ্রপঞ্চত্বং তস্যাথৈওকরসব্রহ্মতত্ত্বজ্ঞানাদশেষপুরুষার্থপরিসমাপ্তিরিত্যুক্তং॥ ২০॥

ইতি শ্রীমৎপরমহংসপরিব্রাজকাচার্য্য শুদ্ধানন্দ পূজ্যপাদশিষ্য শ্রীমদানন্দগিরি বিরচিতে শ্রীগীতাভাষ্য বিবেচনে পঞ্চদশোঽধ্যায়ঃ।

রামানুজ।—ইতীতি। ইত্থং মম পুরুষোত্তমত্বপ্রতিপাদনং সর্ব্বেষাং গুহ্যানাং গুহ্যতমমিদং শাস্ত্রং ত্বমনঘতয়া যোগ্যতমইতি কৃত্বা ময়া তবোক্তং এতদ্বুদ্ধাবুদ্ধিমান্ স্যাৎ কৃতকৃত্যশ্চ মাংপ্রেপ্সুনাউপাদেয়া যা বুদ্ধিঃ সা সর্ব্বোপাত্তা স্যাৎ। যচ্চ তেন কর্ত্তব্যং তচ্চ সর্ব্বং কৃতং স্যাদিত্যর্থঃ। অনেন শ্লোকেনানন্তরোক্তং পুরুষোত্তমবিষয়ং জ্ঞানং শাস্ত্রজন্মমেবৈতৎ করোতি নতু সাক্ষাৎকাররূপমিত্যুচ্যতে॥ ২০॥

ইতি শ্রীমদ্রামানুজাচার্য্য বিরচিতে গীতাভাষ্যে পঞ্চদশোঽধ্যায়ঃ।

হনুমান্‌।—ইত্থং গুহ্যতমং শাস্ত্রপাসনাস্তানিনীচ উত্তমবিদ্‌গতং এতচ্ছাস্ত্রং বুদ্ধা বুদ্ধিমান ব্রহ্মবিৎস্যাৎ কৃতকৃত শ্চ কৃতং কৃত্যং যেন স কৃতকৃত্যঃ॥ ২০॥

ইতি শ্রীমদ্ধনুমদীয়ে পৈশাচভাষ্যে পঞ্চদশোঽধ্যায়ঃ।

শ্রীধর—অধ্যায়ার্থমুপসংহরতি ইতীতি। ইত্যনেন সংক্ষেপপ্রকারেণ গুহ্যতমমতিরহস্যং সম্পূর্ণং শাস্ত্রমেবং ময়োক্তং ন তু পুনর্ব্বিংশতিশ্লোকমধ্যায়মাত্রং হে অনঘ! ব্যসনশূন্য! অত-এবৈতন্মদুক্তং বুদ্ধা বুদ্ধিমান্ সম্যক্‌জ্ঞানী স্যাৎ কৃতকৃত্যশ্চ স্যাৎ যোঽপি কোঽপি হে ভারত! ত্বং কৃতকৃত্যোঽসীতি কিং বক্তব্যমিতিভাবঃ। সংসারশাখিনং ভিত্বা স্পষ্টং পঞ্চদশে বিভুঃ। পুরুষোত্তমযোগাখ্যে পরং পদমুপাদিশৎ॥ ২০॥

ইতি শ্রীভগবদ্গীতায়াং স্বামিকৃতটীকায়াং পঞ্চদশোঽধ্যায়ঃ।

বলদেব।—অথৈতদপাত্রেষ্বপ্রকাশ্যমিতি ভাবেনাহ ইতীতি। ইত্যেবং সংক্ষেপরূপং পুরুষোত্তমতত্বনিরূপকমিদং ত্রিশ্লোকীশাস্ত্রং তুভ্যং পরমভক্তায় ময়োক্তম্। হে অনঘ ত্বয়াপ্যপাত্রেষু নৈতৎ প্রকাশ্যমিতি ভাবঃ। এতদ্বুদ্ধা বুদ্ধিমান্ পরোক্ষজ্ঞানী স্যাৎ কৃতকৃত্যোঽপরোক্ষজ্ঞানী চেতি পুরুষোত্তমতত্ত্বজ্ঞানমভ্যর্চ্চ্যতে। বদ্ধান্মুক্তাচ্চ যঃ পুংসো ভিন্নস্তদ্ভূত্তদুত্তমঃ। স পুমান্ হরিরেবেতি প্রাপ্তং পঞ্চদশাদতঃ॥ ২০॥

ইতি শ্রীমদ্বলদেবকৃতে শ্রীভগবদ্গীতোপনিষদ্ভাষ্যে পঞ্চদশোঽধ্যায়ঃ।

মধুসূদন।—ইদানীমধ্যায়ার্থং স্তুবন্নুপসংহরতি ইতীতি। ইতি অনেন প্রকারেণ গুহ্যতমং রহস্যতমং সম্পূর্ণং শাস্ত্রমেব সঙ্ক্ষেপেণেদমস্মিন্নধ্যায়ে ময়োক্তং হে অনঘ! অব্যসন! এতদ্বুদ্ধাঽন্যোঽপি যঃ কশ্চিদ্বুদ্ধিমানাত্মজ্ঞানবান্ স্যাৎ কৃতং সর্ব্বং কৃত্যং যেন ন পুনঃ কৃত্যান্তরং যস্যাস্তি স কৃতকৃত্যশ্চ স্যাৎ বিশিষ্টজন্মপ্রসূতেন ব্রাহ্মণেন যৎ কর্ত্তব্যং তৎ সর্ব্বং ভগবত্তত্ত্বে বিদিতে কৃতং ভবেৎ ন ত্বন্যথা কর্ত্তব্যং পরিসমাপ্যতে কস্যচিদিত্যভিপ্রায়ঃ হে ভারত! ত্বং তু মহাকুলপ্রসূতঃ স্বয়ং চ ব্যসনরহিত ইতি কুলগুণেন স্বগুণেন চৈতৎ বুদ্ধা কৃতকৃত্যোভবিষ্যসীতি কিমু বক্তব্যমিত্যভিপ্রায়ঃ॥ ২০॥

ইতি শ্রীমৎপরমহংসপরিব্রাজকাচার্য্য বিশ্বেশ্বরসরস্বতী-শ্রীপাদশিষ্য শ্রীমধুসূদনসরস্বতী বিরচিতায়াং শ্রীভগবদ্গীতা গূঢ়ার্থদীপিকায়াং পুরুষোত্তমযোগোনাম পঞ্চদশোঽধ্যায়ঃ।

নীলকণ্ঠ।—অস্মিন্নধ্যায়ে ভগবত্তত্ত্বজ্ঞানং মোক্ষফলমুক্তাপেদানীং তৎ স্তৌতি ইতীতি। ইতি এতৎ গুহ্যতমমত্যন্তরহস্যং শাস্ত্রং যদ্যপি ইয়মষ্টাদশাধ্যায়ী কৃৎস্নশাস্ত্রং তথাপি অস্মিন্নধ্যায়ে কৃৎস্নস্য শাস্ত্রার্থস্য প্রদর্শনাৎ অয়মপি শাস্ত্রম্ অত্রহি কার্য্যকারণবিভাগঃ সংসারবৃক্ষস্থানিত্যত্বং

ভগবতোবিভূতয়ঃ যস্তং বেদ স বেদবিৎ বেদৈশ্চ সর্ব্বৈরহমেব বেদ্য ইত্যাদিনা সর্ব্বতঃ শাস্ত্রার্থোদর্শিতোঽস্তি ইদং ময়া উক্তং হে অনঘ! নির্ব্ব্যসন! এতৎ রহস্যং বুদ্ধা বুদ্ধিমান্ জ্ঞানীস্যাৎ আত্মবিত্তবেৎ, তাবতা কৃতকৃত্যঃ সর্ব্বং হি কৃত্যং পরমাত্মাবগতিপর্য্যন্তং তত্রৈব কৃৎস্ন-পুরুষার্থসমাপ্তেঃ চাত্মাং প্রাপণীয়শ্চ স্যাৎ ভবতি নাতঃপরং কর্ত্তব্যমবশিষ্যত ইত্যর্থঃ ॥ ২০ ॥

ইতি শ্রীমৎপদবাক্যপ্রমাণমর্য্যাদাধুরন্ধর চতুর্দ্ধরবংশাবতংস শ্রীগোবিন্দস্থরিসুনোঃ শ্রীনীলকণ্ঠস্য কৃতৌ ভারতভাবদীপে ভীষ্মপর্ব্বণি ভগবদ্গীতার্থপ্রকাশোনাম পঞ্চদশোঽধ্যায়ঃ।

বিশ্বনাথ।—অধ্যায়ার্থমুপসংহরতি ইতীতি। বিংশত্যাশ্লোকৈরেভিরতিরহস্যং শাস্ত্রমেব সম্পূর্ণং ময়োক্তং। জড়চৈতন্যবর্গানাং বিবৃতং কুর্ব্বতাকৃতং। কৃষ্ণ এব মহোৎকর্ষ ইত্যধ্যায়ার্থ ঈরিতঃ ॥ ২০ ॥

ইতি সারার্থ-বর্ষিণ্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং। গীতাস্বয়ং পঞ্চদশঃ সঙ্গতঃ সঙ্গতঃ সতাং।

তাৎপর্য্য।—সুপবিত্র পুরুষোত্তম রহস্য পরিব্যক্ত করিয়া এক্ষণে শ্রীভগবান্ উপসংহার কালে তদ্বিষয়ক জ্ঞানের মাহাত্ম্য কীর্ত্তন করিতেছেন। এই অত্যুদার সুমহৎ পূত তত্ত্বোপদেশ পরিপূর্ণ গীতাশাস্ত্র অশেষ রহস্যের ভাণ্ডার স্বরূপ, পরম জ্ঞানের পেটিকাস্বরূপ এবং অতি গোপনীয় জ্ঞাতব্য রহস্য কথার আধার স্বরূপ। ইহা আমূল বিবিধ দুজ্ঞের্য় রহস্যপূর্ণ হইলেও অধুনা এই পবিত্র বিংশতি শ্লোকময় পঞ্চদশাধ্যায়ে যে পরমেশ্বর স্বরূপ পুরুষোত্তমের তত্ত্বকথা বিন্যস্ত হইয়াছে, তাহা পরম ফলপ্রদ, পরম জ্ঞেয়, একান্ত বোধিতব্য, অথচ অশেষ রহস্যজালে জড়িত এবং গোপ্যতম। অর্থাৎ এই তত্ত্ব যে সে স্থানে ব্যক্ত করা বিধেয় নহে। কারণ সর্ব্বসাধারণে ইহার মর্ম্ম গ্রহণে অধিকারী নহে। কেবল শিক্ষিত বিহঙ্গম বিশেষের ন্যায় এই রহস্য ধ্বনিত করিতে পারিলেই ফলপ্রাপ্তি ঘটে না, ইহার তত্ত্ব সম্যকরূপে হৃদ্গত করিতে পারিলেই অভীপ্সিত ফল লব্ধ হইয়া থাকে; কিন্তু সেরূপ অধিকার প্রাপ্তি সকলের ঘটিতে পারে না। এই জন্যই এই তত্ত্বোপদেশ গুহ্যতমরূপে নির্দ্দিষ্ট হইয়াছে।

শ্রীভগবান্ অভিন্নহৃদয় বান্ধব অর্জ্জুনকে লক্ষ্য করিয়া লোকহিতের নিমিত্ত এই পরম তত্ত্ব কথা বিবৃত করিয়াছেন। এই তত্ত্ব যথাযথ বুদ্ধি সহকারে হৃদয়ে ধারণ করিতে পারিলে বুদ্ধিবৃত্তির যথার্থ সাফল্য হয় এবং যিনি তাহাতে কৃতকার্য্য হন, তিনি যথার্থ বুদ্ধিমান্ নামে অভিহিত হইয়া

থাকেন। মনুষ্যের বুদ্ধি নিয়ত বহু বিষয়ে বিচরণ করে এবং সত্যকে অবহেলা করিয়া অনেক সময়ে অসত্যকে আলিঙ্গন করিবার নিমিত্ত প্রধাবিত হয়। এরূপ নিন্দিত বুদ্ধি বুদ্ধি নামেরই অযোগ্য। যে বুদ্ধির সাহায্যে উন্নতি না হইয়া অধোগতির পথ প্রশস্ত হয়, সে বুদ্ধি বুদ্ধিই নহে এবং সেরূপ বুদ্ধিশালী মনুষ্য বুদ্ধিমান্ নামের যোগ্য নহে। যে বুদ্ধি প্রভাবে পুরুষোত্তম তত্ত্ববোধে সমর্থ হওয়া যায়, মোহের প্রলোভন বিচ্ছিন্ন করিয়া, জ্ঞানের সুমধুর আহ্বান বাণী শুনিতে শুনিতে হৃদয় বিহ্বল হয়, সেই বুদ্ধিই প্রশংসনীয়, এবং সেইরূপ বুদ্ধিমান পুরুষই প্রকৃত বুদ্ধিমান্। এইরূপ বুদ্ধিমান্ হইলে মনুষ্য কৃতকৃত্য হইয়া থাকে; অর্থাৎ তাহার জীবনের সকল কর্ত্তব্য সকল প্রয়াস এবং সকল অধ্যবসায় সমাপ্ত হইয়া যায়। মুক্তিরূপ পরম ফলপ্রাপ্তি মানব জীবনের একমাত্র লক্ষ্য। যে বুদ্ধি সঞ্জাত হইলে মনুষ্য অনায়াসে মুক্তির পথে অগ্রসর হইতে পারে, যে পরম সাধনার প্রভাবে চরমে পরম ফলের আলেখ্য সে সম্মুখে দর্শন করে, তাহার আর কি কার্য্য থাকিবে? জীবনের পরম উদ্দেশ্য সংসিদ্ধ হওয়ায় তিনি কামনাশূন্য আনন্দপূর্ণ এবং ভক্তিবিহ্বল হইয়া থাকেন।

এই শ্লোকে শ্রীভগবান্ অর্জ্জুনকে "অনঘ" অর্থাৎ পাপরহিত শব্দে সম্বোধন করিয়াছেন। অর্জ্জুন ব্যসন শূন্য ও মহদ্বংশ প্রসূত; এই পরমোপদেশ তাঁহারই শ্রোতব্য বিদিতব্য এবং গ্রহণীয়। যে উপদেশ প্রকৃষ্টরূপে হৃদয়ে ধারণ করিতে পারিলে যে কোন সাধকই কৃতকৃত্য হইয়া থাকেন, সেই উপদেশ প্রভাবে অর্জ্জুনের ন্যায় মহদ্বংশসম্ভূত মহাত্মা যে অনায়াসেই কৃতকৃত্য হইবেন, একথা বলাই বাহুল্য।

কোন কোন ব্যাখ্যাতা মহোদয় বুদ্ধিমানের এবং কৃতকৃত্যের স্বতন্ত্র রূপ ফলের নির্দ্দেশ করিয়াছেন। বুদ্ধিমানেরা পরোক্ষ ভাবে এবং কৃতকৃত্যেরা অপরোক্ষ ভাবে ব্রহ্ম লাভ করিয়া থাকেন।

শ্রীভগবান্ কর্ত্তৃক নির্দ্দিষ্ট "সর্ব্বং কর্ম্মাখিলং পার্থ! জ্ঞানে পরিসমাপ্যতে।" (৪র্থ অধ্যায় ৩৩ শ্লোক) এই বাক্যের তাৎপর্য্য এই স্থানে সমর্থিত হইল। এই শ্লোকোপলক্ষ্যে পূজ্যপাদ শ্রীমচ্ছঙ্করাচার্য্য নিম্নোদ্ধৃত বচন উদ্ধৃত করিয়াছেন। "এতদ্ধি জন্ম সাফল্যং ব্রাহ্মণস্য বিশেষতঃ। প্রাপ্যৈতৎ কৃতকৃত্যো হি দ্বিজো ভবতি নান্যথা।" (মনুসংহিতা ১২শ

অধ্যায় ৯৩ শ্লোক) এই আত্মজ্ঞান ও বেদাদি তত্ত্ব দ্বিজাতির বিশেষতঃ ব্রাহ্মণের জন্মসাফল্য সম্পাদক ; দ্বিজাতিবর্গ ইহা প্রাপ্ত হইয়া নিশ্চয়ই কৃতকৃত্য হইয়া থাকেন ॥ ২০ ॥

পূজ্যপাদ শ্রীমৎ শ্রীধর স্বামীর উপসংহার বাক্য। অশ্বত্থরূপ সংসার বৃক্ষ ভেদ করিয়া শ্রীভগবান্ পুরুষোত্তম যোগ নামক এই পঞ্চদশাধ্যায়ে পরম পদ সম্বন্ধে উপদেশ প্রদান করিয়াছেন।

পূজ্যপাদ শ্রীমদ্বলদেবের উপসংহার বাক্য। যিনি বদ্ধ এবং মুক্ত এই উভয় অবস্থা হইতে স্বতন্ত্র, তিনিই সর্ব্বশ্রেষ্ঠ, শ্রীহরিই সেই শ্রেষ্ঠ পুরুষ ; এই তত্ত্ব পঞ্চদশাধ্যায়ে নিরূপিত হইয়াছে।

পূজ্যপাদ শ্রীমদ্বিশ্বনাথের উপসংহার বাক্য। জড় চৈতন্যবর্গের বিশ্লিষ্ট বিবরণ বিন্যস্ত করিয়া বর্ত্তমানাধ্যায়ে ইহাই নির্ণীত হইয়াছে যে, ভগবান্ শ্রীকৃষ্ণই মহোৎকর্ষ স্বরূপ।

তাৎপর্য্য সমাপ্ত।

—०:(०:*:०):०—

যামুন মুনি।—অচিন্মিশ্রাদ্বিশুদ্ধাচ্চ চেতনাৎ পুরুষোত্তমঃ। ব্যাপনাৎ ভরণাৎ স্বাম্যাদন্যঃ পঞ্চদশোদিতঃ॥

তাৎপর্য্য।—জড় চৈতন্য এবং বিশুদ্ধ চৈতন্য এতদুভয় হইতে সৃষ্ট পদার্থের মধ্যে সর্ব্বব্যাপকত্ব হেতু, সর্ব্বপালকত্ব হেতু এবং সর্ব্বস্বামিত্ব হেতু পুরুষোত্তম স্বতন্ত্র, এই তত্ত্ব পঞ্চদশাধ্যায়ে কীর্ত্তিত হইয়াছে।

———

ষোড়শোঽধ্যায়ঃ।

শ্রীভগবানুবাচ।

অভয়ং সত্ত্বসংশুদ্ধির্জ্ঞানযোগব্যবস্থিতিঃ।
দানং দমশ্চ যজ্ঞশ্চ স্বাধ্যায়স্তপ আর্জ্জবম্॥
অহিংসা সত্যমক্রোধস্ত্যাগঃ শান্তিরপৈশুনম্।
দয়া ভূতেষ্বলোলুপ্ত্বং মার্দ্দবং হ্রীরচাপলম্॥
তেজঃ ক্ষমা ধৃতিঃ শৌচমদ্রোহো নাতিমানিতা।
ভবন্তি সম্পদং দৈবীমভিজাতস্য ভারত! ॥ ১।২। ৩॥

অন্বয়।—শ্রীভগবান্ উবাচ। হে ভারত! অভয়ং (অভীরুতা) সত্ত্বসংশুদ্ধিঃ (চিত্তনির্ম্মলতা) জ্ঞানযোগব্যবস্থিতিঃ (জ্ঞানযোগনিষ্ঠতা) দানং দমঃ (বাহ্যেন্দ্রিয়সংযমঃ) চ যজ্ঞঃ চ স্বাধ্যায়ঃ (ব্রহ্মযজ্ঞাদিঃ) তপঃ আর্জ্জবং (অকৌটিল্যং) অহিংসা (পরপীড়াবর্জ্জনং) সত্যং অক্রোধঃ (ক্রোধত্যাগঃ) ত্যাগঃ (সন্ন্যাসঃ) শান্তিঃ (চিত্তোপরতিঃ) অপৈশুনং (পররন্ধ্রাপ্রকটীকরণং) ভূতেষু দয়া অলোলুপ্ত্বং (লোভবর্জ্জনং) মার্দ্দবং (মৃদুতা) হ্রীঃ (লজ্জা) অচাপলং (অচঞ্চলত্বং) তেজঃ (প্রাগল্ভ্যং) ক্ষমা (সহিষ্ণুতা) ধৃতিঃ (ধৈর্য্যং) শৌচং (বাহ্যাভ্যন্তর-শুচিত্বং) অদ্রোহঃ (অজিঘাংসা) নাতিমানিতা (নাত্যর্থং মানাভিলাষিতা) দৈবীং (শুদ্ধসত্ত্বময়ীং) সম্পদং (বাসনা-সন্ততিং) অভিজাতস্য (অভি-লক্ষ্য উৎপন্নস্য) ভবন্তি॥ ১। ২। ৩॥

প্রতিশব্দ।—শ্রীভগবান্ বলিলেন, হে ভারত! অভীরুতা, চিত্ত-শুদ্ধি, জ্ঞান-যোগ-নিষ্ঠা, দান, দম, যজ্ঞ, ব্রহ্মযজ্ঞাদি, তপস্যা, সরলতা,

---

☞ পাঠান্তর।—অলোলুত্বং।

অহিংসা, সত্য, ক্রোধ-ত্যাগ, সন্ন্যাস, শান্তি, পরদোষ-অপ্রকাশ, ভূতে দয়া, লোভ-হীনতা, লজ্জা, অচপলতা, তেজ, ক্ষমা, ধৈর্য্য, শৌচ, অজিঘাংসা, অভিমান-রাহিত্য, শুদ্ধ-সাত্ত্বিকী সম্পদকে লক্ষ্য-করিয়া-জাত-ব্যক্তির হয় ॥ ১ । ২ । ৩ ॥

ব্যাখ্যা।—শ্রীভগবান্ বলিলেন, হে ভারত! যাঁহারা শুদ্ধসত্ত্বময়ী দৈবী বাসনা-বীজ লইয়া জন্মগ্রহণ করেন, তাঁহাদের অভয়, চিত্তের প্রসন্নতা, জ্ঞানযোগে নিষ্ঠা, দান, বাহ্যেন্দ্রিয়সংযমরূপ দম, যজ্ঞ, স্বাধ্যায়, তপস্যা, সারল্য, অহিংসা, সত্য, অক্রোধ ভাব, সন্ন্যাস, চিত্তের শান্তি, পরদোষের অপ্রকাশেচ্ছা, জীবে দয়া, লোভহীনতা, মৃদুতা, লজ্জা, অচাপল্য, তেজ, ক্ষমা, ধৈর্য্য, বাহ্যাভ্যন্তর শৌচ, জিঘাংসা-রাহিত্য, অতিমানলাভে অনিচ্ছা প্রভৃতি গুণসমূহ স্বতই উদ্ভূত হইয়া থাকে ॥ ১ । ২ । ৩ ॥

শঙ্করাচার্য্য।—দৈব্যাসুরী রাক্ষসী চেতি প্রাণিনাং প্রকৃতয়োনবমেঽধ্যায়ে সূচিতাস্তাসাং বিস্তারপ্রদর্শনায়াভয়ং সত্ত্বসংশুদ্ধিরিত্যাদিরধ্যায় আরভ্যতে, তত্র সংসারমোক্ষায় দৈবী প্রকৃতিঃ, নির্বন্ধনায়াসুরী রাক্ষসী চেতি দৈব্যাদানায় প্রদর্শনং ক্রিয়তে ইতরয়োঃ পরিবর্জ্জনায় শ্রীভগবানুবাচ অভয়মিতি। অভয়মভীরুতা সত্ত্বসংশুদ্ধিঃ সত্ত্বস্যান্তঃকরণস্য সংব্যবহারেষু পরবঞ্চন-মায়ানৃতাদিপরিবর্জ্জনং শুদ্ধভাবেন ব্যবহার ইত্যর্থঃ। জ্ঞানযোগব্যবস্থিতিঃ জ্ঞানং শাস্ত্রত আচার্য্যতশ্চাত্মাদিপদার্থানামবগমোঽবগতানামিন্দ্রিয়াদ্যুপসংহারেণৈকাগ্রতয়া স্বাত্মসংবেদ্যতাপাদনং যোগস্তয়োর্জ্ঞানযোগয়োর্ব্যবস্থিতিঃ ব্যবস্থানং তন্নিষ্ঠতা এষা প্রধানা দৈবী সাত্ত্বিকী সম্পৎ, যত্র চ যেষামধিকৃতানাং যা প্রকৃতিঃ সম্ভবতি সাত্ত্বিকী সোচ্যতে। দানং যথাশক্তি সম্বিভাগোঽন্নাদীনাং, দমশ্চ বাহ্যকরণানাং উপশমোঽন্তঃকরণস্যোপশমঃ, শান্তিং বক্ষ্যতি, যজ্ঞশ্চ শ্রৌতোঽগ্নিহোত্রাদিঃ স্মার্ত্তশ্চ দেবযজ্ঞাদিঃ, স্বাধ্যায় ঋগ্বেদাদ্যধ্যয়নমদৃষ্টার্থং তপোবক্ষ্যমাণং শারীরাদি, আর্জ্জবমৃজুত্বং সর্ব্বদা। কিঞ্চ অহিংসেতি। অহিংসা অহিংসনং প্রাণিনাং পীড়াবর্জ্জনং, সত্যমপ্রিয়ানৃতবর্জ্জনং যথাভূতার্থবচনং, অক্রোধঃ পরৈরাক্রুষ্টস্যাভিহতস্য বা প্রাপ্তস্য ক্রোধস্যোপশমনং, ত্যাগঃ সন্ন্যাসঃ পূর্ব্বং দানস্যোক্তত্বাৎ, শান্তিরন্তঃকরণস্যোপশমঃ, অপৈশুনমপিশুনতা পরস্মৈ পররন্ধ্রপ্রকটীকরণং পৈশুনন্তদভাবোঽপৈশুনং, দয়া ভূতেষু দুঃখিতেষু, অলোলুপ্ত্বমিন্দ্রিয়াণাং বিষয়সন্নিধাববিক্রিয়া, মার্দ্দবং মৃদুতা অক্রৌর্য্যং, হ্রীর্লজ্জা, অচাপলমসতি প্রয়োজনে বাক্পাণিপাদাদীনামব্যাপারয়িতৃত্বং। কিঞ্চ তেজ ইতি। তেজঃ প্রাগল্ভ্যং ন ত্বগ্গতা দীপ্তিঃ, ক্ষমা আক্রুষ্টস্য তাড়িতস্য বান্তর্বিক্রিয়ানুৎপত্তিঃ, উৎপন্নায়াঃ বিক্রিয়ায়াঃ প্রশমনং অক্রোধঃ ইত্যবোচাম ইত্থং

ক্ষমায়া অক্রোধস্য চ বিশেষঃ, ধৃতির্দ্দেহেন্দ্রিয়েষবসাদং প্রাপ্তেষু তস্য প্রতিষেধকোঽন্তঃকরণবৃত্তি বিশেষঃ, যেনোত্তম্ভিতানি করণানি দেহশ্চ নাবসীদন্তি. শৌচং দ্বিবিধং মৃজ্জলাভ্যাং কৃতং বাহ্যম আভ্যন্তরঞ্চ মনোবুদ্ধ্যার্নৈর্ম্মল্যং মায়ারাগাদিকালুষ্যাভাবঃ এবং দ্বিবিধং শৌচং, অদ্রোহ পরজিঘাংসাভাবোঽহিংসনং, নাতিমানিতাত্যর্থং মানোঽতিমানঃ স যস্য বিদ্যতে সোঽতিমানী তদ্ভাবোঽতিমানিতা আত্মনঃ পূজ্যতাতিশয়ভাবনাভাব ইত্যর্থঃ, ভবন্ত্যভয়াদীন্যেতদন্তানি সম্পদমভিজাতস্য কিংবিশিষ্টাং সম্পদং দৈবীং দেবানাং সম্পদং তামভিলক্ষ্য জাতস্য দৈবী বিভূত্যর্হস্য ভাবিকল্যাণস্যেত্যর্থো হে ভারত ! ॥ ১। ২। ৩॥

আনন্দগিরি।—ব্যবহিতেন সম্বন্ধং বদন্নধ্যায়ান্তরমবতারয়তি দৈবীতি। দৈবসূচিত রাক্ষসীমাসুরীঞ্চৈব প্রকৃতিং মোহিনীমিত্যাদাবিতি শেষঃ। প্রকৃতীনাং বিস্তরেণ দর্শনং কুত্রো পযোগীত্যাশঙ্ক্য বিভজ্যোপযোগমাহ সংসারেতি। অতীতে চাধ্যায়ে কর্ম্মানুবন্ধীন্যধশ্চ মূলান্য নুসন্ততানীত্যত্র কর্ম্মব্যঙ্গ্যা বাসনাঃ সংসারস্যাবান্তরমূলত্বেনোক্তাস্তা মনুষ্যদেহে প্রাগ্ভবীয় কর্ম্মানুসারেণ ব্যজ্যমানাঃ সাত্ত্বিকাদিভেদেন দৈব্যাদিপ্রকৃতিত্রয়ত্বেন বিভজ্যাবিস্তীর্ণ ভগ বানুক্তবানিত্যাহ ভগবানিতি। অভীরুতা শাস্ত্রোপদিষ্টেঽর্থে সন্দেহং হিত্বানুষ্ঠাননিষ্ঠত্ব পরবঞ্চনা পরস্য ব্যাজেন বশীকরণং মায়া হৃদয়েঽন্যথা কৃত্বা বহিরন্যথা ব্যবহরণং অনৃতম যথাদৃষ্টং কথনমাদিপদেন বিপ্রলম্ভবিভ্রমাদি গ্রহঃ। উক্তমর্থং সংক্ষিপ্যাহ শুদ্ধেতি। এষেত্য ভয়াদ্যা জ্ঞানাদিস্থিত্যন্তা ত্রিধোক্তেতি যাবৎ। তামেব সাত্ত্বিকীং প্রকৃতিং প্রকটয়তি যত্রেতি জ্ঞানে কর্ম্মণি বাধিকৃতানামভীরুত্বাদ্যা যা প্রকৃতিঃ সা তেষাত্তত্র সাত্ত্বিকী সম্পদিত্যর্থঃ। মহা ভাগানামত্যুত্তমা দৈবী সম্পদুক্তা, সংপ্রতি সর্ব্বেষাং যথাসম্ভবং সম্পদং ব্যপদিশতি দানমিতি বাহ্যকরণবিশেষণে কারণমাহ অন্তঃকরণস্যেতি। দেবযজ্ঞাদিরিত্যাদিশব্দেন পিতৃযজ্ঞোভূত যজ্ঞোমনুষ্যযজ্ঞশ্চেতি এবমুক্তং ব্রহ্মযজ্ঞস্য স্বাধ্যায়েন পৃথক্‌করণাদ্দৈবীং সম্পদমভিজাতস্য বিশেষ ণান্তরাণি দর্শয়তি কিঞ্চেতি। ত্যাগশব্দেন যাগদানং কস্মান্নোচ্যতে তত্রাহ পূর্ব্বমিতি, লজ্জাহ কার্য্যানিবৃত্তিহেতুগর্হানিমিত্তা মনোবৃত্তিঃ। দৈবী সম্পদং প্রাপ্তস্য বিশেষণান্তরাণ্যপি সন্তীত্যাহ কিঞ্চেতি। ব্যাবর্ত্ত্যং কীর্ত্তয়তি নেতি। অধ্যাত্মাধিকারাদিতিশেষঃ। ক্ষমাক্রোধয়োরেকার্থত্বেন পৌনরুক্ত্যমাশঙ্ক্য পরিহরতি উৎপন্নায়ামিতি। তয়োরেবং বিশেষান্ন পৌনরুক্ত্যং ফলতীত্যাহ ইত্থমিতি। বৃত্তিবিশেষমেব বিশদয়তি যেনেতি। শৌচস্য দ্বৈবিধ্যমেব প্রকটয়তি মৃজ্জলেত্যাদিনা। নৈর্ম্মল্যমেব স্ফোরয়তি মায়েতি। উক্তমুপসংহরতি এবমিতি। অতিমানিত্বভাবমেব ব্যনক্তি আত্মনইতি। কস্যৈতানি বিশেষণানীত্যপেক্ষায়ামাহ ভবন্তীতি। সাধকস্য মনুষ্যদেহস্থস্যৈব কথং দৈবীং সম্পদমভিলক্ষ্য জাতত্বমিত্যাশঙ্ক্যাহ দৈবীতি॥ ১। ২। ৩॥

রামানুজ।—অতীতেনাধ্যায়ত্রয়েণ প্রকৃতি পুরুষয়োর্বিবিক্তয়োঃ সংসৃষ্টয়োশ্চ যাথাত্ম্যং তৎ সংসর্গবিয়োগয়োশ্চ গুণসঙ্গ তদ্বিপর্য্যয়হেতুকত্বং সর্ব্বপ্রকারেণাবস্থিতয়োঃ প্রকৃতিপুরুষয়োর্ভগ- বদ্বিভূতিত্বং বিভূতিমতো ভগবতো বিভূতিভূতাদচিদ্বস্তুনঃ চিদ্বস্তুনশ্চ বদ্ধমুক্তোভয়রূপাদব্যয়ত্বব্যাপন ভরণস্বাম্যৈরর্থান্তরতয়া পুরুষোত্তমত্বেন যাথাত্ম্যঞ্চ বর্ণিতং। অনন্তরমুক্তস্যার্থস্য স্থেম্নে শাস্ত্রবশ্যতাং

যক্তং শাস্ত্রস্য তদ্বিপরীতয়োর্দৈবাসুরবর্গয়োর্বিভাগং শ্রীভগবানুবাচ। অভয়মিতি। অহিংসেতি। তেজইতি। ইষ্টানিষ্টবিয়োগসংযোগরূপস্য দুঃখস্য হেতু দর্শনজং দুঃখং ভয়ং তন্নিবৃত্তিরভয়ং, সত্বসংশুদ্ধিঃ সত্বস্যান্তঃকরণস্য রজস্তমোভ্যামস্পৃষ্টত্বং, জ্ঞানযোগব্যবস্থিতিঃ প্রকৃতিবিবিক্তাত্মস্বরূপ বিবেকনিষ্ঠা, দানং ন্যায়ার্জ্জিতধনস্য পাত্রে প্রতিপাদনং দমো মনসো বিষয়োন্মুখ্যনিবৃত্তি সংশীলনং, যজ্ঞঃ ফলাভিসন্ধিরহিত ভগবদারাধনরূপ মহাযজ্ঞাদ্যনুষ্ঠানং স্বাধ্যায়ঃ সবিভূতের্ভগবতস্তদারাধন প্রকারস্য চ প্রতিপাদকঃ কৃৎস্নো বেদ ইত্যনুসন্ধায় বেদাভ্যাসনিষ্ঠা, তপঃ কৃচ্ছচান্দ্রায়ণদ্বাদশ্যুপবাসাদের্ভগবৎপ্রীণনকর্ম্মযোগ্যতাপাদনস্য করণং, আর্জ্জবং মনোবাক্কায়কর্ম্মপ্রবৃত্তীনামেকনিষ্ঠতা পরেষু অহিংসা পরপীড়াবর্জনং, সত্যং যথা দৃষ্টার্থগোচরভূতহিতবাক্যং, অক্রোধঃ পরপীড়াফলক চিত্তবিকাররহিতত্বং, ত্যাগঃ আত্মহিতপ্রত্যনীকপরিগ্রহবিমোচনং শান্তিরিন্দ্রিয়াণাং বিষয়প্রাবণ্যনিরোধসংশীলনং অপৈশুনং পরানর্থকরবাক্যনিবেদনাহকরণং, দয়া সর্ব্বেষু ভূতেষু দুঃখাসহিষ্ণুত্বং, অলোলুপ্ত্বং [অলোলুত্বমিতি বা পাঠঃ] বিষয়েষু নিস্পৃহত্বমিত্যর্থঃ, মার্দ্দবমকাঠিন্যং সাধুজনবিশ্লেষানর্হতেত্যর্থঃ, হ্রীঃ অকার্য্যকরণে লজ্জা অচাপলং স্পৃহণীয় বিষয়সন্নিধাবচপলত্বং তেজঃ দুর্জ নৈরনভিভবনীয়ত্বং, ক্ষমা পরনিমিত্ত পীড়ানুভবেঽপি তং প্রতি চিত্তবিকাররহিততা ধৃতির্মহত্যামপ্যাপদি কৃত্যকর্ত্তব্যতাবধারণং, শৌচং বাহ্যান্তঃকরণানাং কৃত্যযোগ্যতা শাস্ত্রীয়ঃ অদ্রোহঃ পরেষ্বনুপরোধঃ পরেষু স্বচ্ছন্দবৃত্তিনিরোধরহিতত্বমিত্যর্থঃ। নাতিমানিতা স্থানে গর্ব্বোঽতিমানিত্বং তদ্রহিততা এতে গুণা দৈবীং সম্পদমভিজাতস্য ভবন্তি। দেবসম্বন্ধিনী সংপৎ দৈবী দেবা ভগবদাজ্ঞানুবৃত্তিশীলাঃ তেষাং সংপৎ সাচ ভগবদাজ্ঞানুবৃত্তিরেব তামভিজাতস্য তামভিমুখীকৃত্য জাতস্য তাম ভবর্ক্ষয়িতুং জাতস্য ভবন্তীত্যর্থঃ॥ ১। ২। ৩॥

হনুমান্।—নবমে অধ্যায়ে দৈবী আসুরী রাক্ষসীচেতি প্রাণিনাং প্রকৃতয়ো উক্তাঃ বিস্তরেণ প্রতিপাদয়িতুমধ্যায় আরভ্যতে। শ্রীভগবানুবাচ অভয়মিত্যতা সত্বসংশুদ্ধিত্বং বচনং জ্ঞানং শাস্ত্রাচার্য্যোপদেশেনাত্মাদি পদার্থাবগমোঽবগততানাং যোগানুষ্ঠানেন সাক্ষাৎকরণং যোগো জ্ঞানঞ্চ যোগশ্চ জ্ঞানযোগৌ তয়োর্ব্যবস্থিতিঃ, দানমর্থিভ্যঃ স্বদ্রব্যসমর্পণোত্তমঃ অন্তঃকরণোপরতিঃ যজ্ঞঃ সতু পঞ্চমহাযজ্ঞাঃ শ্রৌতাগ্নিষ্টোমাদয়ঃ, স্বাধ্যায়ো বেদাভ্যাসঃ, তপস্ত্রিবিধং কায়িকং বাচিকং মানসং চেতি, আর্জবং অবক্রতা। কিঞ্চ অহিংসা প্রাণিনামপীড়া অক্রোধঃ প্রসক্তস্য ক্রোধস্য ত্যাগঃ। শান্তিঃ বাহ্যেন্দ্রিয় উপরতিঃ, অপৈশুনং পররন্ধ্র প্রচ্ছাদনং দয়া ভূতেষু অতাপঃ অচাপলং ব্যর্থচেষ্টা বর্জ্জনং। তেজঃ প্রতাপঃ ক্ষমাক্রোধকারণেষু সৎস্ব চিত্তস্যাবিক্রিয়া ধৃতিঃ ক্ষুৎপিপাসাদি সহনং শৌচং মলশোধনং অদ্রোহঃ পরজিঘাংসাভাবঃ নাতিমানিতা আত্মনঃ পূজ্যতাপ্রতিপত্তিঃ এতেঽভয়াদয়ো ভবন্তি জায়ন্তে সংপদং লাভং দেবানামিয়ং দৈবী তামভিলক্ষ্য জাতস্য পার্থ সম্পদং লব্ধা জাতস্যেত্যর্থঃ॥ ১। ২। ৩॥

শ্রীধর।—আসুরীং সম্পদং ত্যক্ত্বা দৈবীমেবাশ্রিতা নরাঃ। মুচ্যন্ত ইতি নির্দ্দেষ্টুং তদ্বিবেকোঽথ ষোড়শে॥ পূর্ব্বাধ্যায়ান্তে এতদ্বুদ্ধা বুদ্ধিমান্ স্যাৎ কৃতকৃত্যশ্চ ভারতেত্যুক্তং, তত্র ক এতত্তত্ত্বং বুধ্যতে কোবা ন বুধ্যত ইত্যপেক্ষায়াঃ তত্ত্বজ্ঞানেঽধিকারিণোঽনধিকারিণশ্চ বিবে-

কার্থং ষোড়শাধ্যায়স্যারম্ভঃ। নিরূপিতে হি কার্য্যার্থে চাধিকারিজিজ্ঞাসা ভবতি। তদুক্তং ভট্টৈঃ, "ভারোযোযেন বোঢ়ব্যঃস প্রাগান্দোলিতোযদা। তদা কস্তস্য বোঢ়েতি শক্যং কর্ত্তুং নিরূপণ"মিতি। তত্রাধিকারিবিশেষণভূতাং দৈবীং সম্পদমাহ অভয়মিতি ত্রিভিঃ। অভয়ং ভয়াভাবঃ, সত্ত্বস্য চিত্তস্য সংশুদ্ধিঃ সুপ্রসন্নতা, জ্ঞানযোগে আত্মজ্ঞানোপায়ে ব্যবস্থিতিঃ পরিনিষ্ঠা, দানং স্বভোজ্যান্নাদের্যথোচিতসম্বিভাগঃ, দমোবাহ্যেন্দ্রিয়সংযমঃ, যজ্ঞোযথাধিকারং দর্শপৌর্ণমাসাদিঃ, স্বাধ্যায়ো ব্রহ্মযজ্ঞাদিঃ, তপ উত্তরাধ্যায়ে বক্ষ্যমাণং শারীরাদি, আর্জ্জবমবক্রতা। কিঞ্চ অহিংসেতি। অহিংসা পরপীড়াবর্জ্জনং, সত্যং যথাদৃষ্টার্থভাষণং, অক্রোধস্তাড়িতস্যাপি চিত্তে ক্রোধানুৎপত্তিঃ, ত্যাগ ঔদার্য্যং, শান্তিশ্চিত্তোপরতিঃ, পৈশুনং পরোক্ষে পরদোষপ্রকাশনং তদ্বর্জ্জনমপৈশুনং, ভূতেষু দীনেষু দয়া, অলোলুপ্ত্বং লোভাভাবঃ অবর্ণলোপস্ত্বার্ষঃ, মার্দ্দবং মৃদুত্বং অক্রূরতা, হ্রীরকার্য্যপ্রবৃত্তৌ লোকলজ্জা, অচাপলং ব্যর্থক্রিয়ারাহিত্যং। কিঞ্চ তেজ ইতি। তেজঃ প্রাগল্ভ্যং, ক্ষমা পরিভবাদিষূপপদ্যমানেষু ক্রোধপ্রতিবন্ধঃ, ধৃতির্দুঃখাদিভিরবসাদে চিত্তস্য স্থিরীকরণং, শৌচং বাহ্যাভ্যন্তরশুদ্ধিঃ, অদ্রোহোজিঘাংসারাহিত্যং, অতিমানিতা আত্মন্যতিপূজ্যত্বাভিমানস্তদভাবো নাতিমানিতা, এতান্যভয়াদীনি ষড়্বিংশতিপ্রকারাণি দৈবীং সম্পদমভিজাতস্য ভবন্তি দেবযোগ্যাং সাত্ত্বিকীং সম্পদমভিলক্ষ্য তদাভিমুখ্যেন জাতস্য ভাবিকল্যাণস্য পুংসোভবন্তীত্যর্থঃ॥ ১। ২। ৩॥

বলদেব।—দৈবীং তথাসুরীং কৃষ্ণঃ সম্পদং ষোড়শেঽব্রবীৎ। উপাদেয়ত্বহেয়ত্বে বোধয়ন্ ক্রমতস্তয়োঃ॥ পূর্ব্বত্রাশ্বত্থমূলান্যনুসন্ততানীত্যাদিনা প্রাচীনকর্ম্মনিমিত্তাঃ শুভাশুভবাসনাঃ সংসারতরোরবান্তরমূলত্বেনোক্তাঃ। এতা এব নবমে দৈব্যাসুরী রাক্ষসী চেতি প্রাণিনাং প্রকৃতয়ো নিগদিতাঃ। তত্র বৈদিকার্থানুষ্ঠানহেতুঃ সাত্ত্বিকী শুভবাসনা মোক্ষোপযোগিনী দৈবী প্রকৃতিঃ সৈবেহ দৈবী সম্পত্তরোরুপাদেয়ং ফলম্। স্বাভাবিকরাগদ্বেষানুসারিণী সর্ব্বানর্থহেতু রাজসী তামসী চাশুভবাসনা আসুরী রাক্ষসী চ প্রকৃতিঃ নিরয়নিপাতোপযোগিনী সা, সা চাসুরী সম্পত্তরোর্হেয়ং ফলমিত্যেতদ্বোধয়িতুং ষোড়শস্যারম্ভঃ। তত্র দৈবীং সম্পদং ভগবানুবাচ অভয়মিত্যাদিনা ত্রিকেণ। চতুর্ণামাশ্রমাণাং বর্ণানাঞ্চ ধর্ম্মাঃ ক্রমাদিহ কথ্যন্তে। সন্ন্যাসিনাং তাবদাহ। অভয়ং নিরুদ্যমঃ কথমেকাকী জীবিষ্যামীতি ভয়শূন্যত্বম্। সত্ত্বসংশুদ্ধিঃ স্বাশ্রমধর্ম্মানুষ্ঠানেন মনোনৈর্ম্মল্যং। জ্ঞানযোগে শ্রবণাদৌ জ্ঞানোপায়ে ব্যবস্থিতিঃ পরিনিষ্ঠেতি ত্রয়ম্। অথ গৃহস্থানাং আহ। দানং স্বভোগস্য ন্যায়ার্জ্জিতস্যান্নাদেঃ সৎপাত্রে যথাযোগ্যং সমর্পণম্। দমো বাহ্যেন্দ্রিয়বর্গস্য যথাযোগ্যং সংযমঃ। যজ্ঞোঽগ্নিহোত্রাদের্বিহিতস্যানুষ্ঠানমিতি ত্রয়ম্। অথ ব্রহ্মচারিণামাহ স্বাধ্যায়ো ব্রহ্মযজ্ঞঃ শক্তিমতো ভগবতঃ প্রতিপাদকোঽয়মপৌরুষেয়োঽক্ষররাশিরিত্যনুসন্ধায় বেদাভ্যাসনিষ্ঠত্বেত্যেকং অথ বানপ্রস্থানামাহ তপ ইতি। তচ্চ শরীরাদিত্রিভেদমিত্যষ্টাদশে বক্ষ্যমাণং বোধ্যমিত্যেকম্। অথ বর্ণেষু বিপ্রাণামাহ আর্জ্জবং সারল্যম্। তচ্চ শ্রদ্ধালুশ্রোতৃষু স্বজ্ঞাতার্থাগোপনং জ্ঞেয়ম্। অহিংসা প্রাণিজীবিকানুচ্ছেদকতা। সত্যমনর্থানুবন্ধিযথাদৃষ্টার্থবিষয়ং বাক্যম্। অক্রোধো দুর্জ্জনকৃতে স্বতিরস্কারেঽভ্যুদিতস্য কোপস্য নিরোধঃ। ত্যাগো দুষ্কৃতৈরপি তত্রাপ্রকাশঃ। শান্তির্মনসঃ সংযমঃ। অপৈশুনং পরোক্ষে পরানর্থকারিবাক্যাপ্রকাশনম্। ভূতেষু

দয়া তদ্দুঃখাসহিষ্ণুতা। অলোলুপ্ত্বং নির্লোভতা। পলোপশ্চাঞ্চল্যঃ। মার্দ্দবং কোমলত্বং সৎপাত্রসঙ্গবিচ্ছেদাসহনম্ হ্রীর্বিকর্ম্মণি লজ্জা। অচাপলং ব্যর্থক্রিয়াবিরহ ইতি দ্বাদশ। অথ ক্ষত্রিয়াণামাহ তেজস্তচ্ছজনানভিভাব্যত্বম্। ক্ষমা সত্যপি সামর্থ্যে স্বাসমানং পরিভাবকং প্রতি কোপানুদয়ঃ। ধৃতিঃ শরীরেন্দ্রিয়েষবসন্নেষ্বপি তদুত্তম্ভকঃ প্রযত্নঃ যেন তেষাং নাবসাদঃ স্যাদিতি ত্রয়ম্। অথ বৈশ্যানামাহ শৌচং ব্যাপারে বাণিজ্যে মায়ানৃতাদিরাহিত্যম্। অদ্রোহঃ পরজিঘাংসয়া থড়্গাদ্যগ্রহণমিতি দ্বয়ম্। অথ শূদ্রাণামাহ নাতিমানিতা আত্মনি পূজ্যত্বভাবনাশূন্যতা বিপ্রাদিষু ত্রিষু নম্রতেত্যেকমিতি ষড়্বিংশতিঃ। এতে তত্র তত্র প্রধানভূতা বোধ্যা অনুক্তানামপ্যুপলক্ষণার্থাঃ। দেহারম্ভকালোন্মুখৈঃ সুকৃতৈর্ব্যক্তাং দৈবীং শুভবাসনামভিলক্ষীকৃত্য জাতস্য পুরুষস্য ভবন্তি উদয়ন্তে "পুণ্যঃ পুণ্যেন কর্ম্মণা ভবতি পাপঃ পাপেনেতি" শ্রুতেঃ। দেবাঃ খলু পরেশানুবৃত্তিশীলাস্তেষামিয়ং সম্পদনয়া তৎপ্রাপকজ্ঞানভক্তিসম্ভবাৎ সংসারতরোরুপাদেয়ং ফলমেতৎ ॥ ১ । ২ । ৩ ॥

মধুসূদন।—অনন্তরাধ্যায়ে "অধশ্চ মূলান্যনুসন্ততানি কর্ম্মানুবন্ধীনি মনুষ্যলোক" ইত্যত্র মনুষ্যদেহে প্রাগ্ভবীয়কর্ম্মানুসারেণ ব্যজ্যমানা বাসনাঃ সংসারস্যাবান্তরমূলত্বেনোক্তাস্তাশ্চ দৈব্যাসুরী রাক্ষসী চেতি প্রাণিনাং প্রকৃতয়োনবমেঽধ্যায়ে সূচিতাঃ, তত্র বেদবোধিতকর্ম্মাত্মজ্ঞানোপায়ানুষ্ঠানপ্রবৃত্তিহেতুঃ সাত্ত্বিকী শুভবাসনা দৈবী প্রকৃতিরিত্যুচ্যতে এবং বৈদিকনিষেধাতিক্রমেণ স্বভাবসিদ্ধরাগদ্বেষানুসারিসর্ব্বানর্থপ্রবৃত্তিহেতুভূতা রাজসী তামসী চাশুভবাসনাসুরী রাক্ষসী চ প্রকৃতিরুচ্যতে তত্র চ বিষয়ভোগপ্রাধান্যেন রাগপ্রাবল্যাদাসুরীত্বং হিংসাপ্রাধান্যেন দ্বেষপ্রাবল্যাদ্রাক্ষসীত্বমিতিবিবেকঃ। সংপ্রতিতু শাস্ত্রানুসারেণ তদ্বিহিতপ্রবৃত্তিহেতুভূতা সাত্ত্বিকী শুভবাসনা দৈবী সম্পৎ শাস্ত্রাতিক্রমেণ তন্নিষিদ্ধবিষয়প্রবৃত্তিহেতুভূতা রাজসী তামসী চাশুভবাসনা রাক্ষস্যাসুর্য্যোরেকীকরণেনাসুরী সম্পদিতি দ্বৈরাশ্যেন শুভাশুভবাসনাভেদং "দ্বয়া হ প্রাজাপত্যা দেবাশ্চাসুরাশ্চ" ইত্যাদি শ্রুতিপ্রসিদ্ধং শুভানামাদানায়াশুভানাং হানায় চ প্রতিপাদয়িতুং ষোড়শোঽধ্যায় আরভ্যতে। তত্রাদৌ শ্লোকত্রয়েণাদেয়াং দৈবীং সম্পদং শাস্ত্রোপদিষ্টেঽর্থে সন্দেহং বিনাঽনুষ্ঠাননিষ্ঠত্বং একাকী সর্ব্বপরিগ্রহশূন্যঃ কথং জীবিষ্যামীতি ভয়রাহিত্যং বাঽভয়ং সত্ত্বস্যান্তঃকরণস্য শুদ্ধির্নির্মলতা তস্যাসম্যক্তা ভগবত্তত্ত্বস্ফূর্ত্তিযোগ্যতা সত্ত্বসংশুদ্ধিঃ পরবঞ্চনমায়ানৃতাদিপরিবর্জ্জনং বা পরস্য ব্যাজেন বশীকরণং পরবঞ্চনং হৃদয়েঽন্যথাকৃত্বা বহিরন্যথা ব্যবহরণং মায়া অযথাদৃষ্টকরণমনৃতমিত্যাদি, জ্ঞানং শাস্ত্রাদাত্মতত্ত্বস্যাবগমঃ চিত্তৈকাগ্রতয়া তস্য স্বানুভবারূঢ়ত্বং যোগঃ তয়োর্ব্যবস্থিতিঃ সর্ব্বদা তন্নিষ্ঠতা জ্ঞানযোগব্যবস্থিতিঃ, যদ্বা তু অভয়ং সর্ব্বভূতাভয়দানসংকল্পপালনং এতচ্চান্যেষামপি পরমহংসধর্ম্মাণামুপলক্ষণং সত্ত্বসংশুদ্ধিশ্রবণাদিপরিপাকেণান্তঃকরণস্যাসম্ভাবনা বিপরীতভাবনাদিমলরাহিত্যং জ্ঞানমাত্মসাক্ষাৎকারঃ যোগোমনোনাশবাসনাক্ষয়ানুকূলঃ পুরুষপ্রযত্নস্তাভ্যাং বিশিষ্টা সংসারিবিলক্ষণা যা স্থিতির্জীবন্মুক্তির্জ্ঞানযোগব্যবস্থিতিরিত্যেবং ব্যাখ্যায়তে, তদা ফলভূতৈব দৈবী সম্পদিয়ং দ্রষ্টব্যা ভগবদ্ভক্তিং বিনান্তঃকরণসংশুদ্ধেরযোগাত্তয়া সাঽপি কথিতা। "মহাত্মানস্তু মাং পার্থ! দৈবীং প্রকৃতিমাশ্রিতাঃ। ভজন্ত্যনন্যমনসোজ্ঞাত্বা ভূতাদিমব্যয়" মিতি নবমে দৈব্যাং সংপদি ভগবদ্ভক্তেরুক্তত্বাচ্চ ভগবদ্ভক্তেরতিশ্রেষ্ঠ-

স্বাদ্ভয়াদিভিঃ সহ পাঠেন কৃত ইতি দ্রষ্টব্যং। মহাভাগ্যানাং পরমহংসানাং কল্পবৃক্ষ দৈবীং সম্পদমুক্ত্বা ততোন্যূনানাং গৃহস্থাদীনাং সাধনভূতামাহ দানং স্বত্বপরিত্যাগপূর্ব্বকং পরস্বত্বসম্পাদনমন্নাদীনাং যথাশক্তি শাস্ত্রোক্তঃ সংবিভাগঃ, দমোবাহ্যেন্দ্রিয়সংযমঃ ঋতুকালাদ্যতিরিক্তকালে মৈথুনাদ্যভাবঃ। চকারোঽনুক্তানাং নিবৃত্তিলক্ষণধর্ম্মাণাং সমুচ্চয়ার্থঃ। যজ্ঞশ্চ শ্রৌতোঽগ্নিহোত্র-দর্শপূর্ণমাসাদিঃ স্মার্ত্তোদেবযজ্ঞঃ পিতৃযজ্ঞোভূতযজ্ঞোমনুষ্যযজ্ঞ ইতি চতুর্ব্বিধঃ, ব্রহ্মযজ্ঞস্য স্বাধ্যায়-পদেন পৃথগুক্তেঃ, চকারোঽনুক্তানাং প্রবৃত্তিলক্ষণধর্ম্মাণাং সমুচ্চয়ার্থঃ। এতত্রয়ং গৃহস্থস্য স্বাধ্যায়োব্রহ্মযজ্ঞঃ অদৃষ্টার্থমৃগ্বেদাদ্যধ্যয়নরূপঃ যজ্ঞশব্দেন পঞ্চবিধমহাযজ্ঞোক্তিসম্ভবেঽপ্যসাধারণ্যেন ব্রহ্মচারিধর্ম্মত্বকথনার্থং পৃথগুক্তং। তপস্ত্রিবিধং শারীরাদি সপ্তদশে বক্ষ্যমাণং বানপ্রস্থস্যাধারণো ধর্ম্মঃ। এবং চতুর্ণামাশ্রমাণামসাধারণান্ ধর্ম্মানুক্ত্বা চতুর্ণাং বর্ণানামসাধারণধর্ম্মানাহ আর্জ্জবং অবক্রত্বং শ্রদ্দধানেষু শ্রোতৃষু স্বজ্ঞাতার্থাসংগোপনং। প্রাণিবৃত্তিচ্ছেদোহিংসা তদহেতুত্বমহিংসা, সত্যমনর্থানমুবন্ধি যথাভূতার্থবচনং, পরৈরাক্রোশে তাড়নে বা কৃতে সতি প্রাপ্তোযঃ ক্রোধস্তস্য তৎকালমুপশমনমক্রোধঃ, দানস্য প্রাগুক্তেঃ ত্যাগঃ সংন্যাসঃ, শমস্য প্রাগুক্তেঃ শান্তিরন্তঃকরণ-স্যোপশমঃ, পরস্মৈ পরোক্ষে পরদোষপ্রকাশনং পৈশুনং তদভাবোঽপৈশুনং দয়া ভূতেষু দুঃখিতে-ষ্বনুকম্পা, অলোলুপ্ত্বং ইন্দ্রিয়াণাং বিষয়সন্নিধানেঽপ্যবিক্রিয়ত্বং, মার্দ্দবমক্রূরত্বং বৃথাপূর্ব্বপক্ষাদিষ্বপি শিষ্যাদিষ্বপ্রিয়ভাষণাদিব্যতিরেকেণ বোধয়িতৃত্বং, হ্রীরকার্য্যপ্রবৃত্ত্যারম্ভে তৎপ্রতিবন্ধিকা লোক-লজ্জা, অচাপলং প্রয়োজনং বিনাপি বাক্পাণ্যাদিব্যাপারয়িতৃত্বং তদভাবঃ, আর্জ্জবাদয়োঽচাপলান্তা ব্রাহ্মণস্যাসাধারণা ধর্ম্মাঃ। তেজঃ প্রাগল্ভ্যং স্ত্রীবালকাদিভির্মূঢৈরনভিভাব্যত্বং, ক্ষমা সত্যপি সামর্থ্যে পরিভবহেতুং প্রতি ক্রোধস্যানুৎপত্তিঃ, ধৃতির্দেহেন্দ্রিয়েষ্ববসাদং প্রাপ্তেষ্বপি তদুত্তম্ভকঃ প্রযত্নবিশেষঃ যেনোত্তম্ভিতানি করণানি শরীরং চ নাবসীদন্তি, এতত্রয়ং ক্ষত্রিয়স্যাসাধারণং, শৌচমাভ্যন্তরং অর্থপ্রয়োগাদৌ মায়ানৃতাদিরাহিত্যং নতু মৃজ্জলাদিজনিতং বাহ্যমত্র গ্রাহ্যং, তস্য শরীরশুদ্ধিরূপতয়া বাহ্যত্বেনান্তঃকরণবাসনাশোধকত্বাভাবাৎ তদ্বাসনানামেব সাত্বিকাদিভেদভিন্না-নাং দৈব্যাসুর্য্যাদিসম্পদ্রূপত্বেনাত্র প্রতিপিপাদয়িষিতত্বাৎ, স্বাধ্যায়াদিবৎ কেনচিদ্রূপেণ বাসনা-রূপত্বে তদপ্যাদেয়মেব। দ্রোহঃ পরজিঘাংসয়া শস্ত্রগ্রহণাদি তদভাবোঽদ্রোহঃ, এতদ্দ্বয়ং বৈশ্যস্যাসাধারণং,অত্যর্থং মানিতাত্মনি পূজ্যত্বাতিশয়ং ভাবনাঽতিমানিতা তদভাবোনাতিমানিতা পূজ্যেষু নম্রতা, অয়ং শূদ্রস্যাসাধারণোধর্ম্মঃ "তমেতং বেদানুবচনেন ব্রাহ্মণা বিবিদিষন্তি যজ্ঞেন দানেন তপসাঽনাশকেন" ইত্যাদিশ্রুত্যা বিবিদিষোপায়িকতয়া বিনিযুক্তাঃ অসাধারণাঃ সাধারণাশ্চ বর্ণাশ্রমধর্ম্মা ইহোপলক্ষ্যন্তে, এতে ধর্ম্মা ভবন্তি চ নিষ্পদ্যন্তে দৈবীং শুদ্ধসত্ত্বময়ীং সম্পদং বাসনাসন্ততিং শরীরারম্ভকালে পুণ্যকর্ম্মভিরভিব্যক্তামভিলক্ষ্য জাতস্য পুরুষস্য "তং বিদ্যাকর্ম্মণী সমন্বারভেতে পূর্ব্বপ্রজ্ঞা চ পুণ্যঃ পুণ্যেন কর্ম্মণা ভবতি পাপঃ পাপেন" ইত্যাদি শ্রুতিভ্যঃ। হে ভারতেতি সম্বোধয়ন্ শুদ্ধবংশোদ্ভবত্বেন পূতত্বাত্ত্বমেতাদৃশধর্ম্মযোগ্যোঽসীতি সূচয়তি॥ ১। ২। ৩॥

নীলকণ্ঠ।—নবমেঽধ্যায়ে রাক্ষসী আসুরীদৈবী চেতি তিস্রঃ সম্পদ উক্তাস্তাসুরাক্ষসী-

মাসুর্য্যামেবান্তর্ভাব্য দ্বে এব সম্পদাবত্র ব্যুৎপাদ্যেতে"দ্বয়াহপ্রাজাপত্যা দেবাশ্চাসুরাশ্চে"তি শ্রুতৌ অভয়সত্ত্বসংশুদ্ধ্যাদিধীবৃত্তয়োদেবাঃ দম্ভদর্পাদিধীবৃত্তয়োহসুরা ইতি বৈরাগ্যদর্শনাৎ পূর্ব্বাধ্যায়ান্তে ইদমুক্তং ময়ানঘেত্যর্জ্জুনং সম্বোধয়তাহনঘত্বং দৈবসম্পত্তিমত্ত্বং তদ্বিপর্য্যয়স্ত্বাসুরীসম্পদিতি দর্শয়িতুং শ্রীভগবানুবাচ, অভয়মিতি। অভয়ং স্বোচ্ছেদবুদ্ধ্যভাবঃ, সত্ত্বসংশুদ্ধিঃ চিত্তনৈর্ম্মল্যম্, জ্ঞানং শ্রবণাদিজন্যং যোগোজ্ঞাতেহর্থে চিত্তপ্রণিধানং তয়োর্ব্ব্যবস্থিতির্নিষ্ঠা এষা মুখ্যা দৈবী সম্পৎ, দানং যথাশক্তি সংবিভাগোহন্নাদীনাং, দমো বাহ্যেন্দ্রিয়নিয়ম, যজ্ঞঃ শ্রৌতস্মার্ত্তাদিঃ, স্বাধ্যায়োবেদাধ্যয়নম্, তপোবক্ষ্যমাণলক্ষণং শারীরাদি ত্রিবিধং, আর্জ্জবং ঋজুত্বং সর্ব্বদা। কিঞ্চ অহিংসা প্রাণিপীড়াবর্জ্জনম্, সত্যম্ অপ্রিয়ানৃতবর্জ্জনং যথাভূতার্থভাষণম্, অক্রোধঃ পরৈরাকুষ্টস্যাভিতপ্তস্য বা প্রাপ্তস্য ক্রোধস্যোপশমনম্, ত্যাগঃ সর্ব্বকর্ম্মসন্ন্যাসঃ পূর্ব্বং দানস্যোক্তত্বাৎ, শান্তিঃ অন্তঃকরণস্যোপশমঃ, অপৈশুনং পররন্ধ্রপ্রকাশনং পৈশুনং তদ্রাহিত্যং, দয়া দুঃখিতেষু ভূতেষু কৃপা, অলোলুপ্ত্বং ইন্দ্রিয়াণাং বিষয়সন্নিধাবপ্যবিক্রিয়া, মার্দ্দবং মৃদুতা, হ্রীর্লজ্জা, অচাপলম্ অসতি প্রয়োজনে বাক্‌পাণিপাদাদীনামব্যাপারয়িতৃত্বম্। কিঞ্চ তেজঃ প্রাগল্‌ভ্যং, নতূগ্রতা, ক্ষমা আকুষ্টস্য তাড়িতস্যবান্তর্ব্বিক্রিয়ানুৎপত্তিঃ উৎপন্নায়াং বিক্রিয়ায়াং প্রশমনমক্রোধ ইত্যুক্তং ধৃতির্দ্দেহেন্দ্রিয়েষ্ববসাদং প্রাপ্তেষু তস্য প্রতিষেধকোহন্তঃকরণবৃত্তিবিশেষঃ যেনোত্তম্ভিতানি দেহাদীনি নাবসীদন্তি,শৌচং দ্বিবিধং মৃজ্জলাভ্যাং বাহ্যং আন্তরং মনোবুদ্ধ্যোর্নৈর্ম্মল্যং মায়ারাগাদিকালুষ্যাভাবঃ অদ্রোহঃ পরিজিঘাংসাদ্যভাবঃ নাতিমানিতা অত্যন্তং মানরাহিত্যং এতানি অভয়াদীনি দৈবীং সত্ত্বপ্রধানাং সম্পদং অভিলক্ষ্য জাতস্য স্বভাবতো ভবন্তি হেভারত॥ ১। ২। ৩॥

বিশ্বনাথ।—ষোড়শে সম্পদং দৈবীমাসুরীমপ্যবর্ণয়ৎ। সর্গঞ্চ দ্বিবিধং দৈবমাসুরং প্রভুরক্ষয়াৎ॥ অনন্তরাধ্যায়ে ঊর্দ্ধমূলমধঃশাখমিত্যাদিনা বর্ণিতস্য সংসারাশ্বত্থ বৃক্ষস্য ফলানি ন বর্ণিতানি ইত্যনুস্মৃত্যাস্মিন্নধ্যায়ে তস্য দ্বিবিধানি মোচকানি বন্ধকানিচ ফলানি বর্ণয়িষ্যন্ প্রথমং মোচকান্যাহ অভয়মিতি ত্রিভিঃ। ত্যক্তপুত্রকলত্রাদিক একাকী নির্জ্জনে বনে কথং জীবিষ্যামীতি ভয়রাহিত্যমভয়ং। সত্ত্বসংশুদ্ধিঃ চিত্তপ্রসাদঃ। জ্ঞানযোগে জ্ঞানোপায়ে অমানিত্বাদৌ ব্যবস্থিতিঃ পরিনিষ্ঠা দানং স্বভোজ্যস্যান্নাদেঃ যথোচিত সংবিভাগঃ। দমোবাহ্যেন্দ্রিয় সংযমঃ। যজ্ঞো দেবপূজা। স্বাধ্যায়ঃ বেদপাঠঃ। আদীনি স্পষ্টানি ত্যাগঃ পুত্রকলত্রাদিষু মমতাত্যাগঃ অলোলুপ্ত্বং লোভাভাবঃ এতানি ষড়বিংশতি রভয়াদীনি দৈবীং সাত্ত্বকীং সম্পদমভিলক্ষ্য জাতস্য সাত্ত্বিকাঃ সম্পদঃ প্রাপ্তিব্যঞ্জকে ক্ষণে জন্মলব্ধবতঃ পুংসোভবন্তি॥ ১। ২। ৩॥

তাৎপর্য্য।—অতীত অধ্যায়ের উপসংহার কালে শ্রীভগবান্ নির্দ্দেশ করিয়াছেন যে, তদীয় পুরুষোত্তম তত্ত্ব যে ব্যক্তি সম্যক্‌রূপে পরিজ্ঞাত হইয়াছেন, তিনিই সর্ব্ববিৎ হইয়া কৃতকৃত্য হইয়াছেন। সহজেই প্রশ্নোত্থাপিত হইতে পারে যে, এইরূপ কৃতকৃত্য হইবার অধিকারী কে? কোন্ শ্রেণীর সৌভাগ্যবান্ সাধক সাধনার পরিপাকে এই পরমজ্ঞান লাভ করিয়া

ধন্য হইয়া থাকেন? এইরূপ আশঙ্কিত প্রশ্নের উত্তর অধুনা শ্রীভগবান্ কর্ত্তৃক শ্লোকত্রয়ে নিবদ্ধ হইতেছে।

পূর্ব্বাধ্যায়ে "অধশ্চ মূলান্যনুসন্ততানি" (১৫শ অধ্যায় ২য় শ্লোক) ইত্যাদি শ্লোকে শ্রীভগবান্ প্রতিপাদন করিয়াছেন যে, মনুষ্যের কর্ম্মই তাহার সংসার বন্ধনের মূলস্বরূপ হইয়া থাকে। সাংসারিক প্রাণিগণের প্রকৃতি দৈবী আসুরী রাক্ষসী ভেদে ত্রিবিধ। এই গ্রন্থের নবম অধ্যায়ে "মোঘাশা মোঘকর্ম্মাণঃ" "মহাত্মানস্তু মাং পার্থ" (৯ম অধ্যায় ১২।১৩ শ্লোক) ইত্যাদি বাক্যে ভগবান্ এইতত্ত্ব পরিব্যক্ত করিয়াছেন। প্রকৃতিগত এবংবিধ বৈষম্য নিবন্ধন জীবগণ শুভাশুভ কর্ম্মে বিনিযুক্ত হইয়া থাকে। যে কর্ম্ম পরম শ্রেয়স্কর, অন্য সর্ব্বব্যাপার উপেক্ষা করিয়া কেহ তাহাই অবলম্বন করে; কেহ বা আপাতমনোহর ভোগসুখে প্রমত্ত হইয়া পরম কল্যাণসাধন পরিত্যাগ করে; কেহ বা উভয় ভাবেরই অনুসরণ করিয়া ব্যামিশ্র কার্য্যের অনুষ্ঠানে প্রবৃত্ত হইয়া থাকে। এইরূপ প্রাকৃতিক স্বাতন্ত্র হেতু মনুষ্যের অধিকারিত্বেরও বৈষম্য ঘটিয়া থাকে। অতীত জীবনের ক্রিয়া কলাপ জাত ব্যক্তিকে সংসারাবদ্ধ করিয়া প্রকৃতির অনুরূপ কর্ম্ম সাধনে আসক্ত করিয়া দেয়। এইজন্য কেহ অনায়াসেই হয়তো পুরুষোত্তম তত্ত্ব প্রণিধান করিতে সক্ষম; কেহ বা হয়তো বহু সদুপদেশ লাভ করিয়াও তাহা হৃদয়ে ধারণা করিতে অক্ষম; কেহ স্বতই তদ্বিষয়ক জ্ঞানে আসক্ত; কেহ শত সুযোগের মধ্যে থাকিয়াও তদ্বিষয়ে উদাসীন যাঁহার হৃদয়ে দৈবী ভাব প্রবল; তিনিই সহজে তদাসক্ত হইয়া থাকেন এবং যাঁহার হৃদয়ে রাক্ষসী ভাব প্রবল, তিনি তদ্বিমুখ হন। এই তত্ত্ব শ্রীভগবান্ অধুনা প্রতিপাদন করিতে সমুদ্যত হইয়াছেন।

প্রকৃতি ত্রিবিধ হইলেও এ স্থলে রাক্ষসী ও আসুরী ভাবদ্বয়ের যথেষ্ট সাম্য হেতু তদুভয়কে আসুরী নামে অভিহিত করা হইয়াছে। এই ভাব দ্বয়ে রাজসী ও তামসী প্রকৃতির ক্রিয়া অতিশয় প্রবলরূপে পরিদৃষ্ট হইয়া থাকে, এবং হিংসা, দ্বেষ, পরানিষ্টকামনা, স্বার্থপরতা প্রভৃতি অশুভ কার্য্যেরই লীলা পরিদৃষ্ট হয়। ইহার বিপরীত ভাবের নামই দৈবী প্রকৃতি তাহাতে সাত্ত্বিকভাবের সম্পূর্ণ সমাবেশ থাকে, এবং ধর্ম্মসাধন ও জীবের হিত সম্পাদন প্রভৃতি শুভ লক্ষণ পরিদৃষ্ট হয়। এতদুভয় ভাবের রহস্য আরব্ধ অধ্যায়ে বিশেষরূপে আলোচিত হইতেছে।

বেদাদি শাস্ত্রবিহিত ক্রিয়া মার্গানুসারে পারলৌকিক সদ্গতি বিধায়ক ক্রিয়া কলাপের অনুষ্ঠান দৈবী প্রকৃতির প্রাবল্যেই হইয়া থাকে। আর শাস্ত্রাদি বিরোধী অশ্রেয়স্কর কার্য্য সমূহের অনুষ্ঠান রাক্ষসী ও আসুরী প্রকৃতির প্রাবল্যে সম্পন্ন হয়। বিষয় ভোগের দুর্নিবার আকাঙ্ক্ষায় প্রমত্ত হইয়া যে সকল কার্য্য অনুষ্ঠিত হয়, তাহাই আসুরী ভাবের পরিচায়ক এবং কেবল হিংসাবৃত্তিমাত্র পরিতৃপ্তি করিবার বাসনায় যে যে কার্য্য অনুষ্ঠিত হয়, তাহাই রাক্ষসী বৃত্তির পরিচায়ক। এই জন্যই শেষোক্ত প্রকৃতিদ্বয়ের নানাপ্রকার সমতা পরিদৃষ্ট হয়। অতএব তদুভয়কে স্বতন্ত্র ভাবে নির্দ্দেশ না করিয়া এই স্থলে সাধারণতঃ আসুরী নামেই নির্দ্দেশ করা হইয়াছে।

কি কি রূপ লক্ষণ দ্বারা পুরুষোত্তম তত্ত্বের অধিকারী উপপন্ন হইয়া থাকে তাহাই এক্ষণে নির্দ্দিষ্ট হইতেছে। তদুপলক্ষ্যে শ্রীভগবান্ এ স্থলে ষড়্‌বিংশতি প্রকার ভিন্ন ভিন্ন গুণধর্ম্মের নির্দ্দেশ করিয়াছেন। নিম্নে প্রত্যেকের ভাব স্পষ্টীকৃত হইতেছে। অভয় (১) অর্থাৎ ভয়াভাব; একাকী গহনবনে বা গিরিগুহায় বা মনুষ্য সমাগম সম্ভাবনা শূন্য স্থানে কোন অবলম্বন বিশেষ গ্রহণ না করিয়া কি প্রকারে জীবন ধারণ বা রক্ষণ করিব, ইত্যাকার আশঙ্কা-রাহিত্যের নাম অভয়। সত্ত্বসংশুদ্ধি (২) অর্থাৎ চিত্তের সুপ্রসন্নতা; সত্ত্ব অর্থাৎ অন্তঃকরণের শুদ্ধিরূপ নির্ম্মলতা; সেই অন্তঃকরণে ভগবদ্ভাবের স্ফূর্ত্তি প্রাপ্তি যোগ্যতা; অথবা অপরকে ছলনা পূর্ব্বক বশীভূত করিয়া স্বার্থসিদ্ধিরূপ প্রবঞ্চনা, হৃদয়ে একরূপ ভাবের পোষণ করিয়া বাহ্যে ভিন্নবিধ ব্যবহাররূপ মায়া, যথাবদ্‌বিষয়ের ভিন্নরূপ বিবরণ প্রদানরূপ অনৃত, ইত্যাকার দুষ্টানুষ্ঠান রাহিত্য হেতু অন্তঃকরণের স্বচ্ছতার নাম সত্ত্বসংশুদ্ধি। জ্ঞানযোগ ব্যবস্থিতি (৩) অর্থাৎ আত্মজ্ঞান রূপ সাধনার পরিনিষ্ঠা; শাস্ত্রালোচনা জনিত আত্মতত্ত্ব সম্বন্ধীয় যে অববোধ তাহারই নাম জ্ঞান, চিত্তের একাগ্রতা হেতু সেই আত্মতত্ত্ব বিষয়ক জ্ঞান হৃদয়ে বদ্ধমূল করার নাম যোগ, এইরূপ জ্ঞান ও যোগে বিশেষরূপে অবস্থিতি অর্থাৎ বিশেষরূপে তন্নিষ্ঠার নাম জ্ঞানযোগ ব্যবস্থিতি। দান (৪) অর্থাৎ অভোজ্য অন্নাদির যথাসম্ভব বিভাগ; ভিক্ষালব্ধ বা যদৃচ্ছা প্রাপ্ত অন্নাদি ভোজ্য বস্তুর স্বত্ব ত্যাগ পূর্ব্বক ধর্ম্ম শাস্ত্রোপদেশের অনুবর্ত্তন

ক্রমে উপস্থিত অতিথি বা প্রার্থীকে প্রদানের নাম দান। দম (৫) অর্থাৎ বাহ্যেন্দ্রিয় সংযম; বিবাহিতা সহধর্ম্মিণীর সহিত ঋতুকাল ব্যতীত সময়ান্তরে সংসর্গ রাহিত্যরূপ সর্ব্ব ব্যাপারে নির্দ্দিষ্ট বিহিত ভোগ ব্যতীত যথেপ্সিত ইন্দ্রিয় ভোগরাহিত্যের নাম দম। যজ্ঞ (৬) অর্থাৎ বেদবিহিত দর্শ পৌর্ণমাসাদি যাগ, (১৯২ পৃষ্ঠার টীপ্পনী দ্রষ্টব্য) অগ্নি হোত্রাদি (১৩০।১৪০ পৃষ্ঠার টীঃ দ্রঃ) বৈদিকযজ্ঞ, দেবযজ্ঞ, পিতৃযজ্ঞ (৬৩৯ পৃষ্ঠার টীঃ দ্রঃ) প্রভৃতি চতুর্ব্বিধ স্মার্ত্তযজ্ঞরূপ ক্রিয়ার নাম যজ্ঞ। স্বাধ্যায় (৭) অর্থাৎ ব্রহ্মযজ্ঞ। তপঃ (৮) শরীরাদি সংক্রান্ত অনুষ্ঠান বিশেষ। সপ্তদশাধ্যায়ে এতদ্বিষয়ক বিশেষ বিবরণ বিন্যস্ত হইবে। আর্জ্জব (৯) অর্থাৎ অবক্রতা; শ্রদ্ধাবান্ শ্রোতার নিকট স্বকীয় পরিজ্ঞাত অর্থ বিশেষের অসঙ্গোপনরূপ সরলতার নাম আর্জ্জব। অহিংসা (১০) অর্থাৎ পরপীড়া বর্জ্জন; প্রাণিবৃত্তিচ্ছেদরূপ হিংসা রাহিত্যের নাম অহিংসা। সত্য (১১) অর্থাৎ যথাদৃষ্টার্থ ভাষণ। অক্রোধ (১২) অর্থাৎ তাড়িত হইলেও চিত্তে ক্রোধের অনুৎপত্তি। ত্যাগ (১৩) অর্থাৎ ঔদাস্য; দানের প্রসঙ্গ পূর্ব্বে কথিত হইয়াছে, এ স্থলে ত্যাগ সন্ন্যাস বোধক। শান্তি (১৪) অর্থাৎ চিত্তের উপরতি; দমের প্রসঙ্গ পূর্ব্বে উক্ত হইয়াছে, অত্রত্য শান্তি চিত্তের উপরম। অপৈশুন (১৫) অর্থাৎ পরোক্ষে পরদোষ উদ্ঘোষণরূপ দোষরাহিত্য। ভূতে দয়া (১৬) অর্থাৎ দীনগণের প্রতি দয়া, অথবা কাতর বা দুঃখিতগণের প্রতি অনু- কম্পা প্রকাশ। অলোলুপত্ব (১৭) অর্থাৎ লোভবিহীনতা; ইন্দ্রিয় সমূহের সহিত ভোগ্য বিষয়ের ঘনিষ্ঠতা হইলেও তৎসম্বন্ধে লোভ রাহিত্য বা ঔদাসীন্য। মার্দ্দব (১৮) অর্থাৎ মৃদুতা বা অক্রূরতা; বিরক্তিশূন্য ভাবে শিষ্যাদিকে বা বৃথা পূর্ব্বপক্ষ স্থাপনকারিগণকে যথাবিহিত শাস্ত্রার্থ বোধন। হ্রী (১৯) অর্থাৎ নিন্দিত কার্য্যে প্রবৃত্ত হইবার পূর্ব্বে তৎপ্রতি- কূল লোকলজ্জা। অচাপল (২০) অর্থাৎ অনর্থক ক্রিয়াহীনতা, প্রয়োজন বিনা বাক্য এবং হস্ত পদাদির অকারণ ব্যবহারের নাম চপলতা, তদ্বিহীন- তাই অচাপল্য। তেজ (২১) অর্থাৎ প্রগল্ভতা; স্ত্রী, শিশু বা মূঢ় কাহারও দ্বারা অনভিভবত্ব। ক্ষমা (২২) অর্থাৎ কাহারও নিকট পরিভব ঘটিলেও তজ্জন্য ক্রোধোৎপত্তি বিহীনতা। ধৃতি (২৩) দুঃখাদি জনিত অবসাদে চিত্তের

স্থৈর্য্য বিধান অর্থাৎ ইন্দ্রিয়সমূহ এবং হৃদয় কারণ বিশেষে দুঃখে অবসন্ন হইলে সেই অবসাদ দূর করিয়া হৃদয়কে ও ইন্দ্রিয় গ্রামকে প্রকৃতিস্থ করিবার সামর্থ্যের নাম ধৃতি। শৌচ (২৪) বাহ্যাভ্যন্তর শুদ্ধি; কেবল মৃজ্জলাদি দ্বারা বাহ্য দৈহিক বিশোধন শৌচের লক্ষিত নহে। বিহিত অর্থ জ্ঞান সহকারে অসত্য ভাষণাদি কুপ্রবৃত্তি হইতে অন্তরের বিশোধন শৌচ শব্দের দ্বারা সূচিত হইতেছে। অদ্রোহ (২৫) অর্থাৎ পরহননেচ্ছায় অস্ত্রাদি প্রয়োগে অপ্রবৃত্তি। নাতিমানিতা (২৬) অর্থাৎ আপনাকে অতিপূজ্য জ্ঞানের নাম অতিমানিতা, এবংবিধ অহঙ্কারসূচক প্রবৃত্তির অভাবই নাতিমানিতা অথবা পূজ্যব্যক্তিগণের সম্মুখে নম্রতা প্রকাশ।

উল্লিখিত ষড়্‌বিংশ প্রকার ধর্ম্ম দৈবী সম্পৎ নামে অভিহিত হইয়া থাকে। কারণ দেবপ্রকৃতিক অর্থাৎ সাত্বিক ভাবাপন্ন মনুষ্যগণকেই তত্তাবৎ আশ্রয় করে। জন্মান্তরীণ কর্ম্মের পরিণাম স্বরূপে পুনঃ সংসার বন্ধনকালে বাসনা স্বরূপে নিহিত উল্লিখিত দৈবীসম্পৎ সমূহ অভিজাত অর্থাৎ গৃহীতজন্মা জীবের হৃদয়ে স্থান গ্রহণ করিয়া থাকে। এই সকল দৈবী সম্পদে যিনি সম্পন্ন হইয়া জন্ম গ্রহণ করেন, তিনিই সাধনা বলে পুরুষোত্তম তত্বজ্ঞানের অধিকারী। জ্ঞানের ক্রমোন্নতি এবং সাধনার পরিপাক সহকারে ক্রমশঃ সেই ভাগ্যবান্ ব্যক্তি উত্তরোত্তর পূর্ণ জ্ঞানের অধিকার লাভ করিতে সক্ষম হইতে পারেন, এবং তাঁহার সাধনা ও অধি-কার রাজসী ও তামসী ভাবাপন্ন আসুরী সম্পৎশালী জীবগণের অপেক্ষা সম্পূর্ণ স্বতন্ত্র শ্রেষ্ঠ কল্যাণপূর্ণ এবং নিঃশ্রেয়স বিধায়ক।

পূর্ব্বে যে সকল দৈবী সম্পদের উল্লেখ করা হইয়াছে, তৎসমস্তই অশেষ কল্যাণের হেতুভূত হইলেও পূজ্যপাদ শ্রীমচ্ছঙ্করাচার্য্য তথা শ্রীমন্মধুসূদন প্রভৃতি ব্যাখ্যাতৃগণ তৎসমস্তের মধ্যে প্রথম তিনটীকে প্রধান অর্থাৎ পরম হংসগণের (২৪২৯ পৃষ্ঠার টীপ্পনী দ্রষ্টব্য) অবলম্বনীয় বলিয়া নির্দ্দেশ করিয়া-ছেন। সন্ন্যাসীরা সর্ব্বত্যাগী হইয়া মনুষ্য সমাজ হইতে দূরাবস্থিত থাকিয়া নিরন্তর আত্মজ্ঞান লাভার্থ যোগ সাধনায় নিরত থাকেন। তথায় আত্মীয় বন্ধু প্রিয় পরিজন কেহই নিকটে থাকে না অথবা কাহারও সহিত মিলনের আশা থাকে না; এইরূপ অবস্থাতেও স্বভাবসঞ্জাত ভয়ের সংস্পর্শ বিরহিত হইয়া তাঁহারা প্রশান্তচিত্তে ব্রহ্মসাধন করিয়া থাকেন। তাঁহাদিগের

স্বতঃই এইরূপ সুমধুর ভাবের উন্মেষ হইয়া থাকে যে,তাহাতে ভগবত্তত্ত্বের অতি সহজেই বিকাশ ও স্ফূর্ত্তি হয়। অর্থাৎ তাঁহাদিগের সুনির্ম্মল চিত্তক্ষেত্র পূর্ব্ব হইতেই এরূপ প্রস্তুত ও সারযুক্ত হইয়া থাকে যে, অতি সহজেই তাহাতে উপ্ত ব্রহ্মতত্ত্বের বীজ অঙ্কুরিত এবং অচিরে ফলপুষ্প সমন্বিত পাদপে পরিণত হইয়া থাকে। এইরূপ অবস্থাপন্ন অরণ্যবাসী ত্যাগশীল মহাত্মাগণ নিরন্তর ব্রহ্মজ্ঞান পরায়ণ হইয়া ব্রহ্মসাধনরূপ পরমনিষ্ঠায় নিরন্তর লীন হইয়া থাকেন; সুতরাং উল্লিখিত গুণত্রয় পরমহংসগণেরই প্রতিপাদক ইহাই সূচিত হইতেছে।

অনন্তর দান, দম ও যজ্ঞ, এই যে গুণত্রয়ের উল্লেখ হইয়াছে, ইহা গৃহস্থাশ্রম অবলম্বিত জনগণকে লক্ষ্য করিয়া প্রযুক্ত হইয়াছে বুঝিতে হইবে; কারণ অতিথি সেবা এবং ন্যায়ার্জ্জিত ভক্ষ্য ভোজ্যের যথোপযুক্ত পাত্রে বিভাগকরণ ও সমর্পণ গৃহস্থদিগেরই ধর্ম্ম, এবং স্ত্রী সহবাস ও অপত্যোৎপাদন গৃহীর অবশ্য করণীয় অনুষ্ঠান; অপিচ দেবযজ্ঞ, পিতৃযজ্ঞ, ভূতযজ্ঞ ও মনুষ্যযজ্ঞ, এই চতুর্ব্বিধ যজ্ঞ সম্পাদন করিতে গৃহস্থগণ বাধ্য। তদনন্তর যে স্বাধ্যায়ের উল্লেখ করা হইয়াছে, তাহা ব্রহ্মচর্য্যাশ্রমের সূচনা করিতেছে। পূর্ব্বে যে যজ্ঞশব্দ বিন্যস্ত হইয়াছে, তাহাতেই স্বাধ্যায় অর্থাৎ ব্রহ্মযজ্ঞ লক্ষিত হইয়াছিল; তথাপি স্বতন্ত্রভাবে তাহার উল্লেখ করায় বুঝিতে হইবে যে, ঋগ্বেদাদির আলোচনা ও ব্রহ্ম যজ্ঞের অনুষ্ঠান রূপ ব্রহ্মচারীর অনুষ্ঠেয় কর্ত্তব্য সূচিত হইয়াছে। তদনন্তর যে তপঃ পদ প্রযুক্ত হইয়াছে, তাহাতে বাণপ্রস্থের (১৫। ১২৫০ পৃঃ টীঃ দ্রঃ) অসাধারণ ধর্ম্ম লক্ষিত হইতেছে। কারণ তপস্যা দ্বারা শরীরেন্দ্রিয়াদির শোষণ বাণপ্রস্থাশ্রমীরই অবলম্বনীয়।

এইরূপ স্বতন্ত্রভাবে চতুর্ব্বিধ আশ্রমের নির্দ্দেশ করিয়া চতুর্ব্বিধ বর্ণের * ধর্ম্ম পৃথক্ পৃথক্ রূপে নির্দ্দিষ্ট হইয়াছে। তদ্‌যথা; তন্মধ্যে আর্জ্জব

* বর্ণ।—"লোকানান্তু বিবৃদ্ধ্যর্থং মুখবাহূরুপাদতঃ। ব্রাহ্মণং ক্ষত্রিয়ং বৈশ্যং শূদ্রঞ্চ নিরবর্ত্তয়ৎ।" (মনুসংহিতা ১ম অধ্যায় ৩১ শ্লোক) অর্থাৎ পরমেশ্বর প্রজা বৃদ্ধির নিমিত্ত স্বীয় মুখ হইতে ব্রাহ্মণ, বাহু হইতে ক্ষত্রিয়, উরুদেশ হইতে বৈশ্য এবং চরণ হইতে শূদ্র সৃষ্টি করিলেন। ঋগ্বেদ ১০ম মণ্ডলে পুরুষ সূক্তেও, কথিত হইয়াছে, "ব্রাহ্মণোঽস্য মুখমাসীদ্বাহূ রাজন্যঃ কৃতঃ। ঊরূ তদস্য যদ্বৈশ্যঃ পদ্ভ্যাং শূদ্রোঽজায়ত।" (১৩১ পৃষ্ঠার টিপ্পনী দ্রষ্টব্য)

হইতে অচাপল পর্য্যন্ত দ্বাদশটী ব্রাহ্মণের অসাধারণ ধর্ম্ম বলিয়া নির্দ্দিষ্ট হইয়াছে। তেজঃ ক্ষমা এবং ধৃতি এই গুণত্রয় ক্ষত্রিয়ের অসাধারণ ধর্ম্ম-রূপে উল্লিখিত হইয়াছে। শৌচ ও অদ্রোহ এই দুইটী বৈশ্যের অসাধারণ ধর্ম্মরূপে নির্দ্দিষ্ট হইয়াছে। নাতিমানিতা শূদ্রের অসাধারণ ধর্ম্ম কথিত হইয়াছে।

মূলস্থিত "দমশ্চ" এই পদ মধ্যস্থিত চকার অনুক্ত নিবৃত্তি লক্ষণ ধর্ম্ম-সমূহের সূচনা করিতেছে। অপিচ "যজ্ঞশ্চ" এই পদমধ্যস্থিত চকার নিবৃত্তি লক্ষণ ধর্ম্মের সূচনা করিতেছে ॥ ১। ২। ৩ ॥

পূজ্যপাদ শ্রীমৎশ্রীধরস্বামীর প্রারম্ভ বাক্য। আসুরী সম্পদ পরিত্যাগ করিয়া দৈবী সম্পদের আশ্রয় গ্রহণ করিলে মানবগণ মুক্ত হইয়া থাকেন, এই তত্ত্ব নির্ণয় করিবার অভিপ্রায়ে তদ্বিষয়ক প্রসঙ্গ ষোড়শাধ্যায়ে আলোচিত হইয়াছে।

পূজ্যপাদ শ্রীমদ্বলদেব বিদ্যাভূষণের প্রারম্ভ বাক্য। শ্রীকৃষ্ণ ষোড়শা-ধ্যায়ে তদুভয়ের উপাদেয়ত্ব ও হেয়ত্ব বিষয়ক উপদেশ প্রদান করিতে করিতে দৈবী এবং আসুরী সম্পদের বিবরণ ব্যক্ত করিয়াছেন।

পূজ্যপাদ শ্রীমদ্বিশ্বনাথের প্রারম্ভ বাক্য। ষোড়শাধ্যায়ে পরম প্রভু আসুরী এবং দৈবী সম্পদের উপদেশ প্রদান করিয়াছেন, এবং সঙ্গে সঙ্গে অক্ষর পুরুষের কৃপালব্ধ দৈব ও আসুর এই দুই প্রকার সর্গের প্রসঙ্গ কীর্ত্তন করিয়াছেন।

—০:(*):০—

দম্ভো দর্পোঽভিমানশ্চ ক্রোধঃ পারুষ্যমেব চ।
অজ্ঞানং চাভিজাতস্য পার্থ! সম্পদমাসুরীম্ ॥ ৪ ॥

অন্বয়। হে পার্থ! দম্ভঃ দর্পঃ অভিমানঃ ক্রোধঃ পারুষ্যং (নৈষ্ঠুর্য্যং) অজ্ঞানং চ এব আসুরীং (অসুর সম্বন্ধিনীং) সম্পদং অভিজাতস্য (অভিলক্ষ্য জাতস্য) [ভবন্তি] ॥ ৪ ॥

প্রতিশব্দ। হে পার্থ! দম্ভ দর্প অভিমান ক্রোধ নৈষ্ঠুর্য্য ও অজ্ঞান আসুরী সম্পদকে লক্ষ্য-করিয়া-জাত-ব্যক্তির [হয়] ॥

ব্যাখ্যা। হে পার্থ! দম্ভ, দর্প, অভিমান ক্রোধ, পরুষভাষণ, এবং অজ্ঞান এই কয়টী আসুরী সম্পদ; যাহারা আসুরী সম্পদ সম্পন্ন হইয়া জন্মগ্রহণ করে, তাহাদিগকে এইগুলি আশ্রয় করে॥ ৪ ॥

শঙ্করাচার্য্য।—অথেদানীমাসুরী সম্পদুচ্যতে। দম্ভো ধর্ম্মধ্বজিত্বং, দর্পো ধনস্বজনাদিনিমিত্তউৎসেকোঽভিমানঃ, পূর্ব্বোক্তঃ ক্রোধশ্চ, পারুষ্যমেব পরুষবচনং যথাকাণঞ্চক্ষুষ্মাবিরূপং রূপবান্ হীনাভিজনমুত্তমাভিজন ইত্যাদি, অজ্ঞানঞ্চাবিবেকজ্ঞানং মিথ্যাজ্ঞানং কর্ত্তব্যাকর্ত্তব্যাদিমিথ্যাপ্রত্যয়বিষয়ং অভিজাতস্য পার্থ! কিমভিজাতস্যেত্যাহ অসুরাণাং সম্পদাসুরী তামভিজাতস্যেত্যর্থঃ ॥ ৪ ॥

আনন্দগিরি।—আদেয়ত্বেন দৈবীং সম্পদমুক্ত্বা হেয়ত্বেনাসুরীং সম্পদমাহ অথেতি। উৎসেকো মদো মহদবধীরণে হেতুঃ, আত্মন্যুৎকৃষ্টত্বাধ্যারোপোঽভিমানঃ, ক্রোধস্তু কোপাপরপর্য্যায়ঃ। স্বপরাপকারপ্রকৃতিহেতুর্নেত্রাদিবিকারলিঙ্গোঽন্তঃকরণবৃত্তিবিশেষঃ পরুষো নিষ্ঠুরঃ প্রত্যক্ষরুক্ষবাক্ তস্য ভাবঃ পারুষ্যস্তদুদাহরতি যথেতি। তামভিজাতস্য দম্ভাদীন্যজ্ঞানান্তানি ভবন্তি ইত্যনুষজ্যতে ॥ ৪ ॥

রামানুজ।—দম্ভোদর্পেতি। দম্ভো ধার্ম্মিকত্বখ্যাপনায় ধর্ম্মানুষ্ঠানং, দর্পঃ কৃত্যাকৃত্যাবিবেককরো বিষয়ানুভবনিমিত্তোহর্ষঃ অতিমানঃ স্ববিদ্যাভিজনানুগুণোঽতিমানোঽভিমানঃ ক্রোধঃ পরপীড়াফলচিত্তবিকারঃ, পারুষ্যং সাধূনামুদ্বেগকরস্বভাবঃ অজ্ঞানং পরাবরতত্ত্বকৃত্যাকৃত্যাবিবেকঃ। এতে স্বভাবা আসুরীং সম্পদমভিজাতস্য ভবন্তি আসুরা ভগবদাজ্ঞাতিবৃত্তিশীলাঃ ॥ ৪ ॥

হনুমান্।—দম্ভো ধর্ম্মধ্বজিত্বং দর্পঃ ধনাদিনিমিত্তশ্চিত্তোৎসেকঃ অভিমানঃ আত্মনঃ পূজ্যতা, প্রতিশোধঃ কোপঃ, এতেন ভয়াদয়ো ভবন্তি, পারুষ্যং ক্রৌর্য্যং অজ্ঞানমবিবেকঃ আসুরানামিয়ং সংপদাসুরী ॥ ৪ ॥

শ্রীধর।—আসুরীং সম্পদমাহ দম্ভ ইতি। দম্ভোধর্ম্মধ্বজিত্বং, দর্পোধনবিদ্যাদিনিমিত্ত চিত্তস্যোৎসুক্যং, অভিমানোব্যাখ্যাত এব, ক্রোধঃ প্রসিদ্ধঃ, পারুষ্যং নিষ্ঠুরত্বং, অজ্ঞানমবিবেকঃ, আসুরীমিত্যুপলক্ষণং অসুরাণাং রাক্ষসানাঞ্চ যা সম্পত্তিস্তামভিলক্ষ্য জাতস্যৈতানি দম্ভাদীনি ভবন্তি ॥ ৪ ॥

বলদেব।—অথ নরকহেতুমাসুরীং সম্পদমাহ দম্ভ ইত্যেকেন। দম্ভো ধার্ম্মিকত্বখ্যাতয়ে ধর্ম্মানুষ্ঠানম্, দর্পো বিদ্যাভিজনজন্যো গর্ব্বঃ, অভিমানঃ স্বস্মিন্নত্যর্চ্চত্ববুদ্ধিঃ, ক্রোধঃ প্রসিদ্ধঃ, পারুষ্যং প্রত্যক্ষং রুক্ষভাষিত্বং। চকারশ্চাপলাদেঃ সমুচ্চায়কঃ। অজ্ঞানং কার্য্যাকার্য্যবিবেকধীশূন্যত্বম্। চকারোঽধৃত্যাদেঃ সমুচ্চায়কঃ। এতে দেহারম্ভকালোন্মুখৈর্দুষ্কৃতৈর্ব্যক্তামাসুরীমশুভবাসনামভিলক্ষ্য জাতস্য পুরুষস্য ভবন্তি। "পাপঃ পাপেনেতি" শ্রুতেঃ ॥ ৪ ॥

মধুসূদন।—আদেয়ত্বেন দৈবীং সংপদমুক্ত্বেদানীং হেয়ত্বেনাসুরীং সম্পদমেকেন শ্লোকেন সঙ্ক্ষিপ্যাহ। দম্ভোধার্ম্মিকত্বমাত্মনঃ খ্যাপনং তদেব ধর্ম্মধ্বজিত্বং, দর্পোধন-

স্বজনাদিনিমিত্তোমহদবধারণাহেতুর্গর্ব্ববিশেষঃ, অভিমান আত্মন্যত্যন্তপূজ্যত্বাতিশয়াধ্যারোপঃ "দেবাশ্চ বা অসুরাশ্চোভয়ে প্রাজাপত্যাঃ তং স্পৃধিরে ততোঽসুরা অতিমানেনৈব কস্মিন্ন্ বয়ং জুহুবামেতি স্বেষেবাস্যেষু জুহ্বতশ্চেরুস্তেঽতিমানেনৈব পরাবভূবুস্তস্মান্নাতিমন্যেত পরাভবস্য হৈতন্মুখং যদতিমান" ইতি শতপথশ্রুত্যুক্তঃ, ক্রোধঃ স্বপরাপকারপ্রবৃত্তিহেতুরভিজ্বলনাত্মকোঽন্তঃকরণবৃত্তিবিশেষঃ, পারুষ্যং প্রত্যক্ষরুক্ষবদনশীলত্বং। চকারোঽনুক্তানাং ভাবভূতানাং চাপলাদিদোষাণাং সমুচ্চয়ার্থঃ। অজ্ঞানং কর্ত্তব্যাকর্ত্তব্যাদিবিষয়বিবেকাভাবঃ। চশব্দোঽনুক্তানামভাবভূতানামধৃত্যাদিদোষাণাং সমুচ্চয়ার্থঃ। আসুরীমসুররমণে হেতুভূতাং রজস্তমোময়ীং সম্পদমশুভবাসনাসন্ততিং শরীরারম্ভকালে পাপকর্ম্মভিরভিব্যক্তমভিলক্ষ্য জাতস্য কুপুরুষস্য দম্ভাদ্যা অজ্ঞানান্তা দোষ এব ভবন্তি ন স্বভয়াদ্যা গুণা ইত্যর্থঃ। হে পার্থেতি সম্বোধয়ন্বিশুদ্ধমাতৃকত্বেন তদযোগ্যত্বং সূচয়তি ॥ ৪ ॥

নীলকণ্ঠ।—অথেদানীং রজস্তমোময়ী আসুরী সম্পদুচ্যতে দম্ভইতি। দম্ভোধর্ম্মধ্বজিত্বং দর্পঃ ধনাভিজনিনিমিত্ত উৎসেকঃ, অভিমানঃ আত্মনি পূজ্যতাবুদ্ধিঃ, ক্রোধঃ প্রসিদ্ধঃ, পারুষ্যং নিষ্ঠুরভাষণং, অজ্ঞানং অবিবেকজনিতোমিথ্যাপ্রত্যয়ঃ, এতে আসুরীং সম্পদমভিলক্ষ্য জাতস্য সন্তি হে পার্থ ॥ ৪ ॥

বিশ্বনাথ।—বন্ধকানি ফলান্যাহ। দম্ভঃ স্বস্যাধার্ম্মিকত্বেঽপি ধার্ম্মিকত্ব প্রখ্যাপনং। দর্পো ধনবিদ্যাদিহেতুকোগর্ব্বঃ। অভিমানোঽন্যকৃত সংমাননাকাঙ্ক্ষিত্বং কলত্রপুত্রাদিষাসক্তির্বা। ক্রোধঃ প্রসিদ্ধঃ। পারুষ্যং নিষ্ঠুরতা। অজ্ঞানমবিবেকঃ। আসুরীমিত্যুপলক্ষণং রাক্ষসীমপি সম্পদমভিজাতস্য রাজস্যাস্তামস্যাশ্চ সম্পদঃ প্রাপ্তিসূচকক্ষণে জন্মলব্ধবতঃ পুংসঃ এতানি দম্ভাদীনি ভবন্তীত্যর্থঃ ॥ ৪ ॥

তাৎপর্য্য। পূর্ব্বে শ্লোকত্রয়ে অভিজাতগণের দৈব সম্পত্তি প্রাপ্তির বিষয় কীর্ত্তিত হইয়াছে। তাহাই পরম মঙ্গলকর, অশেষ সদ্গতির মূল স্বরূপ, এবং পরম জ্ঞানবিধায়ক। এইজন্য সেই শ্রেষ্ঠতত্ত্বের বিবরণ প্রথমে বিন্যাস করিয়া অধুনা হেয় আসুরী সম্পদের বিষয় কথিত হইতেছে। আসুরী সম্পদ্সম্পন্ন অভিজাতগণ দুর্গতিভাগী হইয়া থাকেন, একথা বলাই বাহুল্য।

কোন্ কোন্ প্রবৃত্তি আসুরী সম্পদের পরিচায়ক তাহাই এক্ষণে নির্দ্দিষ্ট হইতেছে। দম্ভ অর্থাৎ আপনাকে ধার্ম্মিক রূপে লোকসমাজে প্রতিপত্তি করিবার নিমিত্ত ধর্ম্মধ্বজি ভাব। দর্প অর্থাৎ ধন সম্পদ ও আত্মীয় কুটুম্বের বাহুল্য হেতু লোক মধ্যে মহত্ত্ব স্থাপনের চেষ্টারূপ গর্ব্ব। অভিমান অর্থাৎ আপনাকে লোক মধ্যে অতিশয় পূজ্যরূপে অবধারণ। অর্থাৎ অপরের অপকার সাধন বাসনায় হৃদয়ের উত্তেজিত ভাব। পারুষ্য

অর্থাৎ লোকের সমক্ষে তাহাদিগের প্রতি রুক্ষ বা কর্কশ বাক্য প্রয়োগ শীলতা। অজ্ঞান অর্থাৎ কর্ত্তব্যাকর্ত্তব্য অবধারণে বিবেকের অভাব এই গুলি আসুরী সম্পদ। যিনি পাপজন্মা কুপুরুষ, জন্মকালেই তাঁহাকে এই সকল অধোগতি প্রাপক ধর্ম্ম আশ্রয় করিয়া থাকে।

এই সকল ধর্ম্ম রজঃ এবং তমোগুণ বহুল সুতরাং পূর্ব্ব কথিত অভয়েত্যাদি ধর্ম্মের অতি বিরোধী।

মূলে "পার্থ" এই সম্বোধন পদ প্রযুক্ত হইতেছে। ইহাতে সুচিত হইতেছে যে, যাহারা কুকুল জাত যাহাদের বংশে পরম্পরাগত পাপ প্রবণতা বিদ্যমান, তাহারাই আসুরী সম্পদের অধিকারী হইয়া থাকে, কিন্তু হে অর্জ্জুন! তুমি পুণ্যশীলা পৃথা দেবীর গর্ভজাত; অতএব তোমার এই সকল অধোগতি প্রাপক ধর্ম্মের সহিত সম্বন্ধ থাকা অসম্ভব। যাহারা আসুরী সম্পদশালী, তাহাদিগের পুরুষোত্তম বিষয়ক জ্ঞানলাভের অধিকার সহজে সঞ্জাত হইবার নহে, কিন্তু অর্জ্জুনের সে আশঙ্কা নাই।

মূলস্থিত "এব চ" পদ মধ্যস্থ চ কার দ্বারা অনুক্ত চাপল্যাদি দোষেরও সূচনা হইতেছে। শেষস্থিত চকার দ্বারা অনুক্ত অভাবভূত অধৃতি প্রভৃতিও লক্ষিত হইয়াছে।

অসুরগণ দম্ভ অভিমান প্রভৃতি অসদ্ধর্ম্মে সাতিশয় স্ফীত। দেবতাদিগেরও অগ্রে আসন পাইবার নিমিত্ত এবং তদধিক মান মর্য্যাদা সুখসৌভাগ্য ভোগ করিবার অভিপ্রায়ে তাহারা চির বিবদমান। শাস্ত্রাদিতে এ তদ্বিষয়ক ভুরি ভুরি প্রমাণ নির্দ্দিষ্ট হইয়াছে। সমুদ্র মন্থন ব্যাপারে (১৬২৪। ১৮৭১ পৃষ্ঠার টীপ্পনী দ্রষ্টব্য) ইহার বিশেষ প্রমাণ আছে। অমিত পরাক্রমশালী হইলেও কুপ্রবৃত্তি সমূহের বাহুল্যে অসুরগণ পর্য্যুদস্ত ও হীনাবস্থ হইয়াছেন। অতএব ইহাই প্রতিপন্ন হইতেছে যে, দৈহিক বল বা সাহসের আতিশয্য হইলেও হৃদয়ের প্রবৃত্তি উদার ও সাত্ত্বিক ভাবাপন্ন না হইলে সদ্গতি লাভের কোনই উপায় নাই।

মূলস্থিত "আসুরী" এই উপলক্ষণ দ্বারা পূজ্যপাদ শ্রীমৎশ্রীধর স্বামী রাক্ষসী ভাবাদিও লক্ষিত হইয়াছে বলিয়া নির্দ্দেশ করিয়াছেন।

অসুরগণের অভিমানাতিশয্য প্রদর্শনার্থ পূজ্যপাদ শ্রীমন্মধুসূদন সরস্বতী শতপথ শ্রুতির এক প্রমাণ উদ্ধৃত করিয়াছেন।

পূজ্যপাদ শ্রীমদ্রামানুজাচার্য্য মূলস্থিত অভিমান স্থলে "অতিমান" পাঠ গ্রহণ করিয়াছেন। এবং স্বকীয় বিদ্যা ও অভিজনাদি হেতু অভিমান এইরূপ অর্থাবধারণ করিয়াছেন।

পূজ্যপাদ শ্রীমদ্বলদেব মূলস্থিত দর্প শব্দের উল্লিখিত রামানুজাচার্য্য কৃত অতিমান শব্দের ন্যায় অর্থাবধারণ করিয়াছেন ॥ ৪ ॥

——(:*:)——

দৈবী সম্পদ্বিমোক্ষায় নিবন্ধায়াসুরী মতা।
মা শুচঃ সম্পদং দৈবীমভিজাতোঽসি পাণ্ডব! ॥৫॥

অন্বয়। দৈবী সম্পদ বিমোক্ষায় (কৈবল্যায়) আসুরী [সম্পদ] নিবন্ধায় (সংসারবন্ধনায়) মতা (কথিতাঃ), হে পাণ্ডব! মা শুচঃ (শোকং কার্ষীঃ) [ত্বং] দৈবীং সম্পদং অভি (লক্ষীকৃত্য) জাতঃ অসি ॥ ৫ ॥

প্রতিশব্দ। দৈবী সম্পদ মোক্ষের-নিমিত্ত, আসুরী [সম্পদ] বন্ধনের-নিমিত্ত কথিত-হইয়াছে, হে পাণ্ডব! শোক-করিও না, [তুমি] দৈবী সম্পদকে লক্ষ্য-করিয়া জন্মিয়াছ ॥ ৫ ॥

ব্যাখ্যা। অভয়াদি দৈবী সম্পদ মোক্ষের সাধক এবং দম্ভাদি আসুরী সম্পদ সংসার বন্ধনের মূল বলিয়া কথিত হইয়াছে; কিন্তু হে পাণ্ডুকুলপ্রদীপ! তুমি এজন্য চিন্তিত হইও না, কারণ তুমি দৈবী সম্পদকেই অবলম্বন করিয়া জন্মগ্রহণ করিয়াছ; অতএব তোমার কোন আশঙ্কা নাই ॥ ৫ ॥

শঙ্করাচার্য্য।—অনয়োঃ সম্পদোঃ কার্য্যমুচ্যতে দৈবীতি। দৈবী সম্পৎ যা সা বিমোক্ষায় সংসারবন্ধনাৎ, নিবন্ধায় নিয়তোবন্ধোনিবন্ধস্তদর্থমাসুরী সম্পম্মতাভিপ্রেতা, তথা রাক্ষসী তত্রৈবমুক্তে সত্যর্জ্জুনস্যান্তর্গতং ভাবং কিমহমাসুরীসম্পদ্যুক্তঃ কিম্বা দৈবীসম্পদ্যুক্ত ইত্যেবমালোচনারূপমালক্ষ্যাহ ভগবান্ মাশুচঃ শোকং মাকার্ষীঃ, সম্পদং দৈবীমভিজাতোঽসি হে পাণ্ডব! অভিলক্ষ্য জাতোঽসি ভাবিকল্যাণস্ত্বমসীত্যর্থঃ ॥ ৫ ॥

আনন্দগিরি।—অনয়োরিতি। কার্য্যং ফলবিভাগঃ, আসুরীত্যুপলক্ষণং রাক্ষসী

চেতি দ্রষ্টব্যমিত্যাহ তথেতি। ফলবিভাগে সম্পদোরেবমুক্তে প্রতীত্যার্জ্জুনস্যাভিপ্রায়ং ভগবতো বচনমিত্যাহ তত্রেতি। তত্রাভিজাত্যং হেতুং করোতি পাণ্ডবেতি ॥ ৫ ॥

রামানুজ।—দৈবী সংপদিতি। দৈবী মদাজ্ঞানুবৃত্তিরূপা সংপদ্বিমোক্ষায় বন্ধান্মুক্তে ভবতি ক্রমেণ মৎপ্রাপ্তয়ে ভবতীত্যর্থঃ। আসুরী মদাজ্ঞাতিবৃত্তিরূপা সম্পন্নিবন্ধায় ভবতি অধোগতিপ্রাপ্তয়ে ভবতীত্যর্থঃ। এতৎ শ্রুত্বা স্বপ্রকৃত্যনির্দ্ধারণাদতিভীতায়ার্জ্জুনায়ৈবমাহ মাশুচ ইতি শোকং মা কৃথাঃ ত্বন্তু দৈবী সম্পদমভিজাতোঽসি। হে পাণ্ডব! ধার্ম্মিকাগ্রেসরস্য হি পাণ্ডোস্তনয়স্ত্বমিত্যভিপ্রায়ঃ ॥ ৫ ॥

হনুমান্।—অনয়োঃ সংপদোঃ ফলমাহ দৈবীতি। বিমোক্ষায় সংসারবিমোক্ষায় নিবন্ধো অবিদ্যা কামকর্ম্মনিবন্ধঃ মাশুচঃ শোকং মাকার্ষীঃ ॥ ৫ ॥

শ্রীধর।—এতয়োঃ সম্পদোঃ কার্য্যং দর্শয়ন্নাহ দৈবীতি। দৈবী যা সম্পত্তয়া যুক্তো ময়োপদিষ্টে তত্ত্বজ্ঞানেঽধিকারী, আসুর্য্যা সম্পদা যুক্তস্তু নিত্যং সংসারীত্যর্থঃ। এতচ্ছ্রুত্বা কিমহমত্রাধিকারী ন বেতি সন্দেহাদ্ব্যাকুলমর্জ্জুনমাশ্বাসয়তি হে ভারত! মাশুচঃ শোকং মাকার্ষীঃ যতস্ত্বং দৈবীং সম্পদমভিজাতোঽসি ॥ ৫ ॥

বলদেব।—এতয়োঃ সম্পদোঃ ফলভেদমাহ দৈবীত্যর্দ্ধকেন স্ফুটম্। বাণবৃষ্ট্যা পূজ্যান্ দ্রোণাদীন্ জিঘাংসোঃ ক্রোধপারুষ্যবতো মমেয়মাসুরী সম্পন্নরকং জনয়েদিতি শোচন্তং পার্থমালক্ষ্যাহ মা শুচ ইতি হে পাণ্ডবেতি। ক্ষত্রিয়স্য তে যুদ্ধে বাণনিক্ষেপপারুষ্যাদিকং বিহিতত্বাৎ দৈব্যেব সম্পত্ততোঽন্যত্র ত্বাসুরীতি মা শুচঃ শোকং মা কুরু ॥ ৫ ॥

মধুসূদন।—অনয়োঃ সম্পদোঃ ফলবিভাগোঽভিধীয়তে, যস্য বর্ণস্য যস্যাশ্রমস্য চ যা বিহিতা সাত্ত্বিকী ফলাভিসন্ধিরহিতা ক্রিয়া সা তস্য দৈবী সম্পৎ সা সত্ত্বশুদ্ধি-ভগবদ্ভক্তিজ্ঞানযোগস্থিতিপর্য্যন্তা সতী সংসারবন্ধনাদ্বিমোক্ষায় কৈবল্যায় ভবতি, অতঃ সৈবো-পাদেয়া শ্রেয়োঽর্থিভিঃ, যা তু যস্য শাস্ত্রনিষিদ্ধা ফলাভিসন্ধিপূর্ব্বা সাহঙ্কারা চ রাজসী তামসী ক্রিয়া তস্য সা সর্ব্বাপ্যাসুরী সম্পৎ অতোবাক্যস্যাপি তদন্তর্ভূতৈব সা নিবন্ধায় নিয়তা সংসারবন্ধায় মতা সংমতা শাস্ত্রাণাং তদনুসারিণাং চ, অতঃ সা হেয়ৈব শ্রেয়োঽর্থিভিরিত্যর্থঃ। তত্রৈবং সত্যহং কয়া সম্পদা যুক্ত ইতি সন্দিহানমর্জ্জুনমাশ্বাসয়তি ভগবান্ মাশুচঃ অহমাসুর্য্যা সম্পদা যুক্ত ইতি শঙ্কয়া শোকমনুতাপং মাকার্ষীঃ, দৈবীং সম্পদমভিলক্ষ্য জাতোঽসি প্রাগর্জ্জিতকল্যাণোভাবিকল্যাণশ্চ ত্বমসি হে পাণ্ডব! পাণ্ডুপুত্রেষ্বন্যেষ্বপি দৈবী সম্পৎ প্রসিদ্ধা কিং পুনস্ত্বয়ীতি ভাবঃ ॥ ৫ ॥

নীলকণ্ঠ।—অনয়োঃ সম্পদোঃ কার্য্যমাহ দৈবীতি। দৈবী পূর্ব্বোক্তা অর্জ্জুনস্য শঙ্কা কিমহমাসুর্য্যাং সম্পদি জাতোঽস্মীতি তামপনুদতি মাশুচ ইতি ॥ ৫ ॥

বিশ্বনাথ।—এতয়োঃ সম্পদোঃ কার্য্যং দর্শয়তি দৈবীতি। হন্ত হন্ত শর প্রহারৈর্গুরূন্ জিঘাংসোঃ পারুষ্যক্রোধাদিমতো মমৈবেয়মাসুরী সম্পৎ সংসারবন্ধপ্রাপিকাদৃশ্যতে ইতি খিন্নমর্জ্জুনং আশ্বাসয়তি মাশুচ ইতি পাণ্ডবেতি তব ক্ষত্রিয়কুলোৎপন্নস্য সংগ্রামে পারুষ্য ক্রোধাদ্যাঃ ধর্ম্ম শাস্ত্রে বিহিতা এব তদন্যত্রৈব এব তে হিংসাদ্যা আসুরী সম্পদিতিভাবঃ ॥ ৫ ॥

তাৎপর্য্য।—পূর্ব্বে দৈবী এবং আসুরী এই উভয় প্রকার সম্পদের বৈলক্ষণ্য প্রদর্শিত হইয়াছে। এক্ষণে তন্মধ্যে কোনটী পরম কল্যাণ বিধায়ক এবং কোনটী বা অধোগতি প্রাপক, তাহারই নির্দ্দেশ পূর্ব্বক শ্রোতা অর্জ্জুনের হৃদয়স্থিত আশঙ্কা নিবারিত হইতেছে।

শ্রীভগবান বলিতেছেন, দৈবী সম্পদ মোক্ষের হেতুভূত অর্থাৎ দৈবী সম্পদ সম্পন্ন পুরুষ চরমে মোক্ষরূপ পরম ফলের অধিকারী হইয়া থাকেন। দৈবী সম্পদের প্রাবল্যে চিত্তশুদ্ধি জনিত ভগবত্তত্ত্ব প্রণিধানে সম্যক সক্ষমতা জন্মে এবং তদ্দ্বারা পরিণামে কৈবল্য লব্ধ হইয়া থাকে। আর আসুরী সম্পদ বন্ধনের হেতুভূত, অর্থাৎ আসুরী সম্পদের প্রাবল্যে সংসার বন্ধন জীবকে সুদৃঢ় রূপে বদ্ধ করে। ইহা রজস্তমোবহুল, এইজন্য পরম জ্ঞানলাভের প্রতিকূল। সুতরাং শাস্ত্র এবং শাস্ত্রার্থবিৎ মনস্বিগণ ইহাকে বন্ধন বিধায়ক ও হেয় রূপে নির্দ্দেশ করিয়াছেন। হে অর্জ্জুন! তুমি দৈবী সম্পদ সম্পন্ন কিম্বা আসুরী সম্পদ বিশিষ্ট, ইত্যাকার আশঙ্কা করিয়া শোক সংক্ষুব্ধ হইওনা। কারণ তুমি যে মহদ্বংশে জন্ম পরিগ্রহ করিয়াছ, তাহাতে তোমার আসুরী সম্পদ প্রলিপ্ত হওয়ার সম্ভাবনা নাই। তুমি পূর্ব্বজন্মার্জ্জিত অনেক সৎকর্ম্ম দ্বারা প্রতিষ্ঠা ভাজন, ভবিষ্যতেও তোমার দ্বারা অশেষ কল্যাণ সাধিত হইবে। তুমি দৈবী সম্পদ সম্পন্ন হইয়াই জন্মপরিগ্রহ করিয়াছ। অতএব এ সম্বন্ধে তোমার কোন আশঙ্কারই প্রয়োজন নাই।

এ স্থলে শ্রীভগবান্ প্রীতি সহকারে অর্জ্জুনকে পাণ্ডব নামে সম্বোধন করিয়াছেন। ইহার দ্বারা অর্জ্জুনের পরম পুণ্যশীল প্রথিতনামা পাণ্ডু নৃপতির বংশে জন্মলাভের বৃত্তান্ত সূচিত হইতেছে। এরূপ মহদ্বংশজাত ব্যক্তির পক্ষে অতি হেয় ও অকল্যাণের হেতুভূত আসুরী সম্পদ প্রাপ্তির কোনই সম্ভাবনা নাই।

আসুরী সম্পদের সহিত রাক্ষসী সম্পদও বুঝিতে হইবে,এইরূপ অভিপ্রায় অনেক পূজ্যপাদ ব্যাখ্যাতা পরিব্যক্ত করিয়াছেন।

সহজেই আশঙ্কা হইতে পারে যে, এস্থলে শ্রীভগবান্ অর্জ্জুনকে কেন শোকমুগ্ধ জ্ঞান করিয়া তন্নিবারণার্থ আশ্বাস বাণী প্রয়োগ করিতেছেন? অর্জ্জুন প্রথম হইতেই যুদ্ধাদিরূপ নিষ্করুণ কর্ম্ম অতি অকল্যাণ জনক বোধে

কাতর হইয়াছেন, এবং ভীষ্মদ্রোণাদি গুরুজনবর্গের ও দুর্য্যোধনাদি আত্মীয়গণের দেহে অস্ত্রক্ষেপ নরকবিধায়ক মনে করিয়া অবসন্ন হইয়াছেন। এই সকল দুষ্কর্ম্ম সহজেই আসুরী সম্পদের লক্ষণ বলিয়া তাঁহার মনে হইতে পারে। এজন্য তাঁহাকে কর্ত্তব্য পথ দেখাইয়া দিবার অভিপ্রায়ে শ্রীভগবান্ বলিতেছেন যে, তোমার কোন শোকের অবসর নাই। যে হেতু তুমি মহৎকুলজাত; যুদ্ধাদি কার্য্য নিষ্কারুণ্যের পরিচায়ক হইলেও তাহা ক্ষত্রিয়ের স্বধর্ম্ম; নিষ্কামভাবে স্বধর্ম্ম পরিপালনে তোমার আসুরী সম্পদের পরিচয় প্রদান কখনই ঘটিবে না ॥৫॥

——০):*:(০——

দ্বৌ ভূতসর্গৌ লোকেঽস্মিন্ দৈব আসুর এব চ।
দৈবো বিস্তরশঃ প্রোক্ত আসুরং পার্থ! মে শৃণু ॥ ৬ ॥

অন্বয়। হে পার্থ! লোকে (সংসারে) দৈবঃ আসুরঃ এব চ দ্বৌ ভূতসর্গৌ (জীবসৃষ্টী), দৈবঃ বিস্তরশঃ (বহুধা) প্রোক্তঃ (কথিতঃ) আসুরং মে (মৎসকাশাৎ) শৃণু ॥ ৬ ॥

প্রতিশব্দ।—হে পার্থ! এই লোকে দৈব এবং আসুর দুই-প্রকার ভূত-সৃষ্টি, দৈব বিস্তররূপে কথিত-হইয়াছে, আসুরকে আমার-নিকট শ্রবণ-কর ॥ ৬ ॥

ব্যাখ্যা। হে পার্থ! এ সংসারে দৈব এবং আসুর এই দুইপ্রকার জীব-সৃষ্টি হইয়াছে; তন্মধ্যে দৈবসর্গ পূর্ব্বে বিস্তারিত ভাবে তোমাকে বলিয়াছি, এক্ষণে আসুরসর্গ আমার নিকট শ্রবণ কর ॥ ৬ ॥

শঙ্করাচার্য্য।—দ্বৌ ভূতেতি। দ্বৌ দ্বিঃসংখ্যাকৌ ভূতসর্গৌ ভূতানাং মনুষ্যাণাং সর্গৌ সৃষ্টী ভূতসর্গৌ সৃজ্যেতে ইতি সর্গৌ ভূতান্যেব সৃজ্যমানানি দৈবাসুরসম্পদযুক্তানি দ্বৌ ভূতসর্গাবিত্যুচ্যেতে, "দ্বয়া হ প্রাজাপত্যা দেবাশ্চাসুরাশ্চ" ইতি শ্রুতেঃ লোকেঽস্মিন্ সংসারে ইত্যর্থঃ সর্ব্বেষাং দ্বৈবিধ্যোপপত্তেঃ। কৌ তৌ ভূতসর্গৌ ইত্যুচ্যেতে প্রকৃতাবেব দৈব-আসুর এব চ উক্তয়োরেব পুনরনুবাদপ্রয়োজনমাহ দৈবোভূতসর্গোঽভয়ং সত্ত্বসংশুদ্ধিরিত্যাদিনা বিস্তরশোবিস্তরপ্রকারৈঃ প্রোক্তঃ কথিতোন আসুরোবিস্তরশোঽতস্তৎপরিবর্জ্জনার্থমাসুরং পার্থ মে মম বচনাদুচ্যমানং বিস্তরশঃ শৃণু অবধারয় ॥ ৬ ॥

আনন্দগিরি।—নির্দ্দয়ানাং রক্ষসাং সম্পত্তৃতীয়াস্তি সা কস্মান্নোক্তেত্যাশঙ্ক্যাসুর্য্যামন্তর্ভাবাদিত্যাহ দ্বাবিতি। ভূতানাং দ্বৈবিধ্যে মানত্বেনোদ্গীথব্রাহ্মণমুদাহরতি দ্বয়া হেতি সম্পৎদ্বয়যুক্তেভ্যোঽতিরিক্তানামপি প্রাণিভেদানাং সম্ভবাৎ কুতোভূতানাং দ্বিত্বনিয়তিরিত্যাশঙ্ক্যাহ সর্ব্বেষামিতি॥ ৬॥

রামানুজ।—দ্বৌ ভূতেতি। অস্মিন্ কর্ম্মলোকে কর্ম্মকরাণাং ভূতানাং সর্গৌ দ্বৌ দ্বিবিধৌ দৈব আসুরশ্চ। সর্গ উৎপত্তিঃ প্রাচীনপুণ্যপাপরূপকর্ম্মবশাৎ ভগবদাজ্ঞানুবৃত্তি তদ্বিপরীতকরণায়োৎপত্তিকালএব বিভাগেন ভূতান্যুৎপদ্যন্ত ইত্যর্থঃ। তত্র দৈবসর্গো বিস্তরশঃ প্রোক্তঃ দেবানাং মদাজ্ঞানুবৃত্তিশীলানামুৎপত্তির্যদাচারকরণার্থঃ স আচারঃ। কর্ম্মযোগজ্ঞানযোগভক্তিযোগরূপো বিস্তরশঃ প্রোক্তঃ। আসুরাণাং সর্গশ্চ যদাচারকরণার্থস্তমাচারং মে শৃণু মৎসকাশাৎ শৃণু॥ ৬॥

হনুমান্।—সর্গঃ সৃষ্টিঃ দেবানাময়ং দৈবো আসুরাণাময়মাসুরঃ দৈবসর্গঃ বিস্তরশঃ বিস্তরেণ॥ ৬॥

শ্রীধর।—আসুরী সম্পৎ সর্ব্বাত্মনা বর্জ্জয়িতব্যেত্যেতদর্থমাসুরীং সম্পদং প্রপঞ্চয়িতুমাহ দ্বাবিতি। দ্বৌ দ্বিপ্রকারৌ ভূতানাং সর্গৌ মে বচনাচ্ছৃণু; আসুররাক্ষসপ্রকৃত্যোরেকীকরণে দ্বাবিত্যুক্তং, অতোরাক্ষসীমাসুরীঞ্চৈব প্রকৃতিং মোহিনীং শ্রিতা ইত্যাদিনা নবমাধ্যায়োক্ত প্রকৃতিত্রৈবিধ্যেনাবিরোধঃ, স্পষ্টমন্যৎ॥ ৬॥

বলদেব।—তথাপ্যনিবৃত্তশোকং তমালক্ষ্যাসুরীং সম্পদং প্রপঞ্চয়তি দ্বাবিতি। অস্মিন্ কর্ম্মাধিকারিণি মনুষ্যলোকে দ্বিবিধৌ ভূতসর্গৌ মনুষ্যসৃষ্টী ভবতঃ। যদায়ং মনুষ্যঃ শাস্ত্রাৎ স্বাভাবিকৌ রাগদ্বেষৌ বিনির্দ্ধূয় শাস্ত্রীয়ার্থানুষ্ঠায়ী তদা দৈবঃ। যদা শাস্ত্রমুৎসৃজ্য স্বাভাবিকরাগদ্বেষাধীনোঽশাস্ত্রীয়ান্ ধর্ম্মানাচরতি তদা ত্বাসুরঃ। ন হি ধর্ম্মাধর্ম্মাভ্যামন্যা কোটিস্তৃতীয়াস্তি। শ্রুতিশ্চৈবমাহ "দ্বয়া হ প্রাজাপত্যা দেবাশ্চাসুরাশ্চে"ত্যাদিনা। তত্র দৈবো বিস্তরশঃ প্রোক্তোঽভয়মিত্যাদিনা। অথাসুরং শৃণু বিস্তরশো বক্ষ্যামি॥ ৬॥

মধুসূদন।—নম্ভবতু রাক্ষসী প্রকৃতিরাসুর্য্যামন্তর্ভূতা শাস্ত্রনিষিদ্ধক্রিয়োন্মুখত্বেন সামান্যাৎ কামোপভোগপ্রাধান্যপ্রাণিহিংসাপ্রাধান্যাভ্যাং কচিদ্ভেদেন ব্যপদেশোপপত্তেঃ প্রকৃতিস্তৃতীয়া পৃথগস্তি "ত্রয়াঃ প্রাজাপত্যাঃ প্রজাপতৌ পিতরি ব্রহ্মচর্য্যমূষুর্দেবা মনুষ্যা অসুরা" ইতি শ্রুতেঃ, অতঃ সাপি হেয়কোটাবুপাদেয়কোটৌ বা বক্তব্যেত্যত আহ দ্বাবিতি। অস্মিল্লোঁকে সর্ব্বস্মিন্নপি সংসারমার্গে দ্বৌ দ্বিপ্রকারাবেব ভূতসর্গৌ মনুষ্যসর্গৌ ভবতঃ, কৌ তৌ দৈব আসুরশ্চ ন তু রাক্ষসোমানুষোবাঽধিকঃ সর্গোঽস্তীত্যর্থঃ। যোযদা মনুষ্যঃ শাস্ত্রসংস্কারপ্রাবল্যেন স্বভাবসিদ্ধৌ রাগদ্বেষাবভিভূয় ধর্ম্মপরায়ণোভবতি স তদা দেবঃ, যদা তু স্বভাবসিদ্ধরাগদ্বেষপ্রাবল্যেন শাস্ত্রসংস্কারমভিভূয়াধর্ম্মপরায়ণোভবতি স তদাঽসুর ইতি দ্বৈবিধ্যোপপত্তেঃ। ন হি ধর্ম্মাধর্ম্মাভ্যাং তৃতীয়া কোটিরস্তি। তথা চ শ্রূয়তে,—"দ্বয়া হ প্রাজাপত্যা দেবাশ্চাসুরাশ্চ ততঃ কনীয়সা এব দেবা জ্যায়সা অসুরা" ইতি। দমদানদয়াবিধিপরে তু বাক্যে ত্রয়াঃ প্রাজাপত্যা

ইত্যাদৌ দমদানদয়ারহিতা মনুষ্যা অসুরা এব সন্তঃ কেনচিৎ সাধর্ম্ম্যেণ দেবা মনুষ্যা ইত্যুপচর্য্যন্ত ইতি নাধিক্যাবকাশঃ। একেনৈব দ ইত্যক্ষরেণ প্রজাপতিনা দমরহিতান্মনুষ্যান্ প্রতি দমোপদেশঃ কৃতঃ, দানরহিতান্ প্রতি দানোপদেশঃ, দয়ারহিতান্ প্রতি দয়োপদেশঃ, নতু বিজাতীয়া এব দেবাসুরমনুষ্যা ইহ বিবক্ষিতাঃ মনুষ্যাকারত্বাচ্ছাস্ত্রস্য। তথা চান্তে উপসংহরতি তদেতদেবৈষা দৈবী বাগনুবদতি স্তনয়িত্নুর্দদ ইতি দাম্যত দয়ধ্বমিতি তদেতৎ ত্রয়ং শিক্ষেদ্দমং দানং দয়ামিতি, তস্মাদ্রাক্ষসী মানুষী চ প্রকৃতিরাসুর্য্যামেবান্তর্ভবতীতি যুক্তমুক্তং দ্বৌ ভূতসর্গাবিতি। তত্র দৈবোভূতসর্গোময়া ত্বাং প্রতি বিস্তরশোবিস্তরপ্রকারৈঃ প্রোক্তঃ স্থিতপ্রজ্ঞলক্ষণে দ্বিতীয়ে, ভক্তিলক্ষণে দ্বাদশে, জ্ঞানলক্ষণে ত্রয়োদশে, গুণাতীতলক্ষণে চতুর্দ্দশে, ইহ চাভয়মিত্যাদীনা। ইদানীমাসুরং ভূতসর্গং মে মদ্বচনৈর্ব্বিস্তরশঃ প্রতিপাদ্যমানং ত্বং শৃণু হানার্থমবধারয় সম্যক্তয়া জ্ঞাতস্য হি পরিবর্জ্জনং শক্যতে কর্ত্তুমিতি হে পার্থেতি সম্বন্ধসূচনেনাপেক্ষণীয়তাং দর্শয়তি॥ ৬॥

নীলকণ্ঠ।—দ্বৌ দ্বিসংখ্যৌ ভূতসর্গৌ ভূতানাং স্বভাবৌ মে মদ্বচনাৎ শৃণু॥ ৬॥

বিশ্বনাথ।—তদপি বিষণ্ণমর্জ্জুনং প্রতি আসুরী সম্পদং প্রপঞ্চয়িতুমাহ দ্বাবিতি। বিস্তরশঃ প্রোক্ত ইতি অভয়ং সত্ত্ব সংশুদ্ধিরিত্যাদিঃ॥ ৬॥

তাৎপর্য্য।—অতঃপর শ্রীভগবান্ আসুরী সম্পদের বিস্তারিত বিবরণ বিন্যস্ত করিতে উদ্যত হইয়াছেন। দৈবী সম্পদের বাহুল্য রূপ আলোচনা নিষ্প্রয়োজন। কারণ তাহা এই গ্রন্থের পূর্ব্ব ভাগে বারংবার বিবিধ বিধানে আলোচিত হইয়াছে। স্থিতপ্রজ্ঞের লক্ষণ নির্দ্দেশ কালে দ্বিতীয়াধ্যায়ে, ভক্তি লক্ষণ নির্দ্দেশকালে দ্বাদশাধ্যায়ে, ত্রয়োদশাধ্যায়ে জ্ঞানলক্ষণের বিবরণ উপলক্ষে, চতুর্দ্দশাধ্যায়ে গুণাতীত লক্ষণ বিন্যাস প্রসঙ্গে এবং বর্ত্তমান অধ্যায়ে "অভয়ং" ইত্যাদি শ্লোকে যে সকল গুণ, ধর্ম্ম ও ভাবের সমালোচনা নিবদ্ধ হইয়াছে, তৎসমস্তই দৈবী সম্পদের লক্ষণ। সুতরাং এ গ্রন্থের নানাস্থানে যেরূপ বাহুল্য ভাবে দৈবী সম্পদের উল্লেখ হইয়াছে, আসুরী সম্পদের সেরূপ উল্লেখ কুত্রাপি ঘটে নাই। এজন্য তদ্বিষয়ক সম্যক পরিজ্ঞান শিষ্যের একান্ত আবশ্যক বোধে সম্প্রতি শ্রীভগবান্ তাহারই বর্ণনায় প্রবৃত্ত হইতেছেন।

শ্রীভগবান্ বলিতেছেন, এই লোকে অর্থাৎ মানব মণ্ডলীর কর্ম্মভূমি স্বরূপ এই ধরা ধামে ভূতসৃষ্টির সমকাল হইতে দৈব এবং আসুর এই দুই প্রকার সম্পদের সৃষ্টি হইয়াছে। ইহার ভাবার্থ এই যে, আদি কাল হইতেই এই দুই ভাব জগতে চলিয়া আসিতেছে। ইহা অদ্যতন কোন নূতন কাণ্ড নহে। এই স্থলে এক বিরোধের সম্ভাবনা উপস্থিত হইতেছে। শ্রুতি

বলিয়াছেন, "ত্রয়াঃ প্রাজাপত্যাঃ প্রজাপতৌ পিতরি ব্রহ্মচর্য্যমুষুর্দ্দেবা অসুরাঃ" এতাবতা দেব, মনুষ্য, অসুর, এই তিন ভাবের উল্লেখ পরিদৃষ্ট হইতেছে। অপিচ এই গ্রন্থে নবমাধ্যায়ে "রাক্ষসীমাসুরীঞ্চৈব প্রকৃতিং মোহিনীং শ্রিতাঃ" (১২ শ্লোক) ইত্যাদি শ্লোকে ত্রিবিধ ভাবেরই উল্লেখ করা হইয়াছে। এ স্থলে দুই প্রকারের উল্লেখ হওয়ায় সহজেই বিরোধের আশঙ্কা হইতে পারে,কিন্তু বিবেচনা করিয়া দেখিলে সে আশঙ্কা তিরোহিত হইবে। কারণ যে সকল মনুষ্য যখন সদ্‌গুণের আধার স্বরূপ হইয়া পুণ্যময় শুভকর্ম্মানুষ্ঠানে প্রবৃত্ত থাকে, তখন তাদৃশ মনুষ্যেরা দেব নামের উপযোগী এবং যে সকল দুর্ভাগ্য মনুষ্য পরপীড়ন পরস্বাপহরণ প্রভৃতি নিন্দনীয়া প্রবৃত্তির অনুবর্ত্তী হইয়া পাপানুষ্ঠানে এবং গর্হিতাচরণে নিযুক্ত থাকে তাহারাই অসুর নাম প্রাপ্ত হয়। শ্রীভগবান্ একটীকে উপাদেয় ও অপরটীকে হেয় বুঝাইবার নিমিত্ত যে তৃতীয়টী পরিত্যাগ করিয়াছেন এরূপ নহে। বস্তুতঃ এই দুই কোটি ব্যতীত তৃতীয় কোটির অবধারণা অনাবশ্যক। শ্রুতিও নির্দ্দেশ করিয়াছেন যে, দুই প্রকার ভাবের মধ্যে দেব ভাব শ্রেষ্ঠ এবং অসুর ভাব নিকৃষ্ট। আর উপরোক্ত নবমাধ্যায়ের বচনেও যে ত্রিবিধ স্বতন্ত্র ভাবের উল্লেখ দৃষ্ট হইতেছে, তন্মধ্যে আসুরী ও রাক্ষসী ভাবদ্বয়কে একত্র একস্বরূপে গ্রহণ করিলে দুই স্বতন্ত্র ভাবই প্রাপ্ত হওয়া যায় এবং কোন বিরোধই থাকে না।

অতঃপর শ্রীভগবান্ শ্লোকের উপসংহার কালে বলিতেছেন, দৈবের কথা বিস্তারিত ভাবে পূর্ব্বে কথিত হইয়াছে, এক্ষণে আসুর ভাবের বিবরণ আমার নিকট শ্রবণ কর। অবহিত চিত্তে এই তত্ত্ব শ্রবণ করিয়া তুমি ইহার রহস্য অবধারণ কর।

মূলস্থিত "পার্থ" এই সম্বোধন বাক্য দ্বারা নিকট সম্বন্ধ-জনিত অনুপেক্ষণীয়ত্ব সূচিত হইতেছে।

এ স্থলে আসুরী সম্পদের বিস্তারিত বিবরণ করিতে শ্রীভগবান্ কেন প্রবৃত্ত হইতেছেন, তাহার কারণ স্বরূপে পূজ্যপাদ শ্রীমৎ শ্রীধর স্বামী নির্দ্দেশ করিয়াছেন যে, আসুরী সম্পদ সর্ব্বথা পরিবর্জ্জনীয় অর্থাৎ এই ভাবে জীবের অধোগতি নিঃসংশয়িত, সুতরাং ইহার তত্ত্ব বিশেষ রূপে প্রণিধান করিয়া ইহাকে পরিত্যাগ করিতে প্রয়াসী হওয়াই জীবের আর-

শ্যক। এসম্বন্ধে পূজ্যপাদ শ্রীমদ্বলদেব বলিয়াছেন যে, পূর্ব্বশ্লোকোক্ত বাক্য শ্রবণেও অর্জ্জুনকে অনিবৃত্ত-শোক বুঝিয়া শ্রীভগবান্ আসুরী সম্পদের বিস্তারিত বিবরণে প্রবৃত্ত হইতেছেন ॥ ৬ ॥

—:০(*):০—

প্রবৃত্তিঞ্চ নিবৃত্তিঞ্চ জনা ন বিদুরাসুরাঃ।
ন শৌচং নাপি চাচারো ন সত্যং তেষু বিদ্যতে ॥ ৭ ॥

অন্বয়।—আসুরাঃ (অসুর স্বভাবাঃ) জনাঃ প্রবৃত্তিং (ধর্ম্মং) চ নিবৃত্তিং (অধর্ম্মং) চ ন বিদুঃ (জানন্তি) তেষু ন শৌচং (শুচিত্বং) ন আচারঃ অপি চ সত্যং ন বিদ্যতে ॥ ৭ ॥

প্রতিশব্দ।—আসুর জন-গণ ধর্ম্ম এবং অধর্ম্মকে জানে না, তাহাদের-মধ্যে শৌচ নাই, আচারও নাই, সত্যও বিদ্যমান নাই ॥ ৭ ॥

ব্যাখ্যা—অসুর প্রকৃতি মানবগণ ধর্ম্মবিষয়ক প্রবৃত্তি বা অধর্ম্মজনক নিষেধসূচক নিবৃত্তি কিছুই জানে না; তাহাদের মধ্যে শৌচ, আচার বা সত্য কিছুরই বিদ্যমানতা নাই ॥ ৭ ॥

শঙ্করাচার্য্য।—অধ্যায়পরিসমাপ্তেরাসুরী সম্পৎ প্রাণিবিশেষণত্বেন প্রদর্শ্যতে প্রত্যক্ষীকরণেন চ শক্যতে অস্যাঃ পরিবর্জ্জনং কর্ত্তুমিতি, প্রবৃত্তিমিতি, । প্রবৃত্তিঞ্চ প্রবর্ত্তনং যস্মিন্ পুরুষার্থসাধনে কর্ত্তব্যে প্রবৃত্তিস্তাং, নিবৃত্তিঞ্চ তদ্বিপরীতাং যস্মাদনর্থহেতোর্নিবর্ত্তিতব্যা সা নিবৃত্তিস্তাঞ্চ জনা আসুরা ন বিদুঃ ন জানন্তি। ন কেবলং প্রবৃত্তিনিবৃত্তী এব ন বিদুর্ন শৌচং নাপি চাচারো ন সত্যন্তেষু বিদ্যতে অশৌচানাচারমায়াবিনোঽনৃতবাদিনো হ্যাসুরাঃ ॥ ৭ ॥

আনন্দগিরি।—নবধ্যায়শেষেণাসুরীসম্পদ্দর্শনমযুক্তং তস্যাস্ত্যাজ্যত্বেন পঙ্কপ্রক্ষালনন্যায়াবতারাদিত্যাশঙ্ক্যাহ প্রত্যক্ষীকরণেনেতি। বর্জনীয়ামাসুরীং সম্পদং বিবৃণোতি প্রবৃত্তিঞ্চেতি। তাং বিহিতাং প্রবৃত্তিং ন জানন্তীত্যর্থঃ, তাঞ্চ নিষিদ্ধাং ক্রিয়াং ন জানন্তীতিসম্বন্ধঃ। ন শৌচমিত্যাদেস্তাৎপর্য্যমাহ অনাচারেতি। শৌচসত্যয়োরাচারান্তর্ভাবেঽপি ব্রাহ্মণপরিব্রাজকন্যায়েন পৃথগুপাদানম্ ॥ ৭ ॥

রামানুজ।—প্রবৃত্তিমিতি। প্রবৃত্তিং নিবৃত্তিং চাভ্যুদয়সাধনং মোক্ষসাধনঞ্চ বৈদিকং ধর্ম্মমাসুরা ন বিদুঃ ন জানন্তি ন শৌচং বৈদিককর্ম্মযোগ্যত্বং শাস্ত্রসিদ্ধং তৎ বাহ্যমাভ্যন্তরং চাসুরেষু ন বিদ্যতে নাপি চাচারঃ তথাহ্যাভ্যন্তরশৌচং যেনাচারেণ সন্ধ্যাবন্দনাদিনা জায়তে

সোঽপি আচারস্তেষু ন বিদ্যতে। যথোক্তং। "সন্ধ্যাহীনোঽশুচির্নিত্যমনর্হঃ সর্ব্বকর্ম্মসু।" ইতি। তথাচ সত্যঞ্চ তেষু ন বিদ্যতে সত্যং যথাজ্ঞানং ভূতহিতরূপভাষণং তেষু ন বিদ্যতে॥ ৭॥

হনুমান্‌।—প্রবৃত্তিং কর্ত্তব্যানুষ্ঠানং নবিদুর্ণজানন্তি তে আসুরং সংপদং প্রাপ্তাশ্চাসুরাঃ আচারঃ শিষ্টাচরণং সত্যমবিতথবচনং॥ ৭॥

শ্রীধর।—আসুরীং বিস্তরশোনিরূপয়তি প্রবৃত্তিঞ্চেত্যাদি দ্বাদশভিঃ। ধর্ম্মে প্রবৃত্তিম-ধর্ম্মান্নিবৃত্তিঞ্চাসুরস্বভাবা জনা ন জানন্তি, অতঃ শৌচমাচারঃ সত্যঞ্চ তেষু নাস্ত্যেব॥ ৭॥

বলদেব।—আসুরং সর্গমাহ প্রবৃত্তিঞ্চেতি দ্বাদশভিঃ। আসুরা জনা ধর্ম্মে প্রবৃত্তিম-ধর্ম্মান্নিবৃত্তিঞ্চ ন জানন্তি। চকারাভ্যাং তয়োঃ প্রতিপাদকে বিধিনিষেধবাক্যে চ ন জানন্তি। বেদেষ্বাস্থাভাবাদিত্যুক্তম্। তেষু শৌচং বাহ্যাভ্যন্তরং তৎপ্রবৃত্তিতন্নিবৃত্ত্যুপযোগি ন বিদ্যতে। নাপ্যাচারো মন্বাদিভিরুক্তঃ। ন চ সত্যং প্রাণিহিতানুবন্ধি যথাদৃষ্টার্থবিষয়বাক্যমিতি গৃধ্রগোমায়ু-বত্তেষামুপদেশাদি॥ ৭॥

মধুসূদন।—বর্জ্জনীয়ামাসুরীং সম্পদং প্রাণিবিশেষণতয়া জ্ঞানহমিত্যতঃ প্রাক্তনৈ র্দ্বাদশভিঃ শ্লোকৈর্ব্বিবৃণোতি প্রবৃত্তিমিতি। প্রবৃত্তিং প্রবৃত্তিবিষয়ং ধর্ম্মং চকারাত্তৎপ্রতিপাদকং বিধিবাক্যং চ এবং নিবৃত্তিবিষয়মধর্ম্মং চকারাত্তৎপ্রতিপাদকং নিষেধবাক্যং চ অসুরস্বভাবা জনা ন জানন্তি, অতস্তেষু ন দ্বিবিধং শৌচং নাপ্যাচারোমন্বাদিভিরুক্তঃ, ন সত্যং চ প্রিয়হিতযথার্থ-ভাষণং বিদ্যতে সত্যশৌচয়োরাচারান্তর্ভাবেঽপি ব্রাহ্মণপরিব্রাজকন্যায়েন পৃথগুপাদানং, অশৌচাঃ অনাচারাঃ অনৃতবাদিনোঽসুরা মায়াবিনঃ প্রসিদ্ধাঃ॥ ৭॥

নীলকণ্ঠ।—প্রবৃত্তিং বিধিবাক্যং, নিবৃত্তিং নিষেধবাক্যং নবিদুঃ ধর্ম্মাধর্ম্ময়োরিষ্টানিষ্ট-হেতুত্বজ্ঞানরহিতা ইত্যর্থঃ॥ ৭॥

বিশ্বনাথ।—ধর্ম্মে প্রবৃত্তিং অধর্ম্মান্নিবৃত্তিং॥ ৭॥

তাৎপর্য্য।—আসুর ভাবের বর্ণনায় প্রবৃত্ত হইয়া প্রথমতঃ শ্রীভগবান্ অসুরগণের প্রকৃতির বিবরণ বিন্যাস করিতে আরম্ভ করিয়াছেন। এই শ্লোক হইতে এই অধ্যায়ের দ্বাদশশ্লোক পর্য্যন্ত এই প্রসঙ্গ বিন্যস্ত হইতেছে।

অসুর ভাবাপন্ন মানবগণ ধর্ম্ম প্রবৃত্তি বিরহিত। কোন্ কার্য্যের অনুষ্ঠান শ্রেয়স্কর, কিরূপ কর্ম্মমার্গ অবলম্বন করিলে ইহলোকে সংসারের কল্যাণ সংসাধিত হইবে এবং পরলোকে স্বকীয় সদ্গতি সমুপস্থিত হইবে তাহা তাহারা জানে না। প্রকৃষ্ট জ্ঞান না থাকায় তাহাদিগের সৎপ্রবৃত্তির উন্মেষ হয় না এবং সদ্বিষয়ক তত্ত্বাবধারণে তাহাদিগের কোন শক্তি জন্মে না। এতাদৃশ আসুর ভাবাপন্ন জীবেরা নিবৃত্তির পন্থাও জানিতে পারে না। যে কার্য্য অনুষ্ঠান করিলে সংসারে অমঙ্গল স্রোত প্রবাহিত হইবে,

এবং স্বকীয় উন্নতি ও ঊর্দ্ধগতির পথ নিরুদ্ধ হইবে, সেই কার্য্য হইতে যত্ন সহকারে চিত্তকে প্রত্যাহৃত করিয়া তৎসাধনে বিনিবৃত্ত থাকা যে একান্ত আবশ্যক, ইহাও তাহারা জানে না। তাহারা অন্তরকে শাসন করিতে না পারিয়া, বাসনা-স্রোতকে দমন করিতে অশক্ত হইয়া, নিয়ত আশুতৃপ্তি-প্রদ কর্ম্মানুষ্ঠানে রত থাকিয়া ইহকাল ও পরকালের অশেষ অমঙ্গল সংসাধিত করে। কেবল যে, তাহারা প্রবৃত্তি নিবৃত্তির সম্বন্ধেই অজ্ঞানাচ্ছন্ন এরূপ নহে। অপিচ তাহারা শৌচ ভাব বিরহিত। দেবতা ব্রাহ্মণাদি* যেরূপ শুচিসম্পন্ন হইয়া বিচরণ করিয়া থাকেন, এবং তাঁহাদিগকে দর্শন মাত্রই যেরূপ পূত কলেবর সম্পন্ন বলিয়া অনুমিত হয়, অসুরগণের দেহে তাহার একান্ত অভাব পরিদৃষ্ট হইয়া থাকে। ক্রোধে হয়তো তাহাদিগের সমস্ত শরীর কম্পমান, হিংসায় হয়তো তাহাদিগের লোচনের দৃষ্টি কুটীল এবং স্বার্থান্বেষণ হেতু হয়তো তাহাদের ভাব ভঙ্গী সন্ত্রস্ত। অধিকন্তু অসুরগণ সদাচার পরিভ্রষ্ট। সন্ধ্যাবন্দনা† দেবার্চ্চনা, ভগবানের স্তুতি পাঠ, মালিকা ধারণ, চন্দনাদির তিলক লেপন, নিয়ত পরোপকার সাধন চেষ্টা,

---

* ব্রাহ্মণ।—ব্রহ্মার মুখ হইতে ব্রাহ্মণের উৎপত্তি। সর্ব্ববর্ণ মধ্যে ব্রাহ্মণ শ্রেষ্ঠ। দ্বীপ ভেদে ব্রাহ্মণের বিবিধ সংজ্ঞা আছে। প্লক্ষদ্বীপে হংস, শাল্মল দ্বীপে শ্রুতিধর, কুশদ্বীপে কুশল, ক্রৌঞ্চ দ্বীপে গুরু এবং শাক-দ্বীপে সত্যব্রত নামে অভিহিত। পুষ্কর দ্বীপে সমস্ত একবর্ণ। অধ্যয়ন, যজন ও দান, ব্রাহ্মণের এই তিন প্রকার ধর্ম্ম এবং অধ্যাপন যাজন ও প্রতিগ্রহ এই তিন প্রকার জীবিকা নির্দ্দিষ্ট আছে। ইঁহারা আশ্রম চতুষ্টয়ের (১৫ পৃষ্ঠার টীপ্পনী দ্রষ্টব্য) অধিকারী। "অব্রাহ্মণাস্তু ষট্ প্রোক্তা ঋষিণা তত্ত্ববাদিনা। আদ্যো রাজভৃতস্তেষাং দ্বিতীয়ঃ ক্রয়বিক্রয়ী। তৃতীয়ো বহুযাজ্যঃ স্যাচ্চতুর্থো গ্রামযাজকঃ। পঞ্চমস্তু ভৃতস্তেষাং গ্রামস্য নগরস্য চ। অনাগতান্তু যঃ পূর্ব্বাং সাদিত্যাঞ্চৈব পশ্চিমাং। নোপাসীত দ্বিজঃ সন্ধ্যাং স ষষ্ঠোঽব্রাহ্মণঃ স্মৃতঃ।" অর্থাৎ তত্ত্বজ্ঞ ঋষিগণ ছয় প্রকার অব্রাহ্মণ নির্দ্দেশ করিয়াছেন। প্রথম রাজ সেবক, দ্বিতীয় ক্রয় বিক্রয়কারী, তৃতীয় বহুযাজী, চতুর্থ গ্রামযাজক, পঞ্চম গ্রাম বা নগর কর্ত্তৃক ভরণীয়, ষষ্ঠ ত্রিসন্ধ্যা বিহীন। ইহারা অব্রাহ্মণ।

† সন্ধ্যা।—সন্ধ্যা ব্রাহ্মণের অনুষ্ঠেয় অবশ্য কর্ত্তব্য কর্ম্ম বিশেষ। সূর্য্যোদয় কালে প্রাতঃসন্ধ্যা, মধ্যাহ্ন কালে মধ্যাহ্ন সন্ধ্যা এবং সূর্য্যাস্ত কালে সায়ং সন্ধ্যা, এই ত্রিসন্ধ্যার অনুষ্ঠান দ্বিজগণের নিত্য কার্য্য। সাম, ঋক্ ও যজুঃ এই বেদত্রয়-অবলম্বিভেদে ইহার অনুষ্ঠানের কিঞ্চিন্মাত্র তারতম্য আছে। কিন্তু বস্তুতঃ তাৎপর্য্য সম্বন্ধে তিনই সমান। বেদমাতা গায়ত্রীর উপাসনাই সন্ধ্যার মূল উদ্দেশ্য। যে ব্রাহ্মণ ত্রিসন্ধ্যাবিহীন, তাহার কোন কার্য্যই সিদ্ধ হয় না। সে ব্যক্তি নিয়ত অশুচি এবং সর্ব্বকর্ম্ম বহিষ্কৃত। ত্রিসন্ধ্যাবর্জ্জিত ব্রাহ্মণ শূদ্র তুল্য, দেবগণ অথবা পিতৃগণ তাহার পূজা তর্পণাদি কিছুই গ্রহণ করেন না। "উপতিষ্ঠন্তি বৈ সন্ধ্যাং যে ন

বাহ্যে ও অন্তরে সদ্‌গতির নিমিত্ত ব্যাকুলতা ইত্যাদিরূপ সদাচার অবলম্বনে অসুরগণ বিরত। মন্বাদি ধর্ম্মশাস্ত্র প্রবর্ত্তকগণ যে সকল শৌচাচারের প্রসঙ্গ কীর্ত্তন করিয়াছেন, অসুর ভাবাপন্ন জীবগণ সতত তদনুষ্ঠানে বিরত। তাহাদিগের মধ্যে যে কেবল শৌচ ও সদাচারের অভাব পরিদৃষ্ট হয় এরূপ নহে, তাহাদের কার্য্যে সত্যেরও একান্ত অভাব পরিদৃষ্ট হইয়া থাকে। তাহারা ক্রূরকর্ম্মা, মিথ্যা ছলনা চাতুরী এবং প্রবঞ্চনা তাহাদের প্রধান অবলম্বনীয়, সত্যসম্মত সরল পথে বিচরণ করিতে তাহারা সর্ব্বথা অশক্ত। এই জন্যই তাহারা মায়াবী নামে প্রসিদ্ধ।

মূলে "প্রবৃত্তিঞ্চ নিবৃত্তিঞ্চ" এই স্থলে দুইটী চকার আছে। প্রথমটী প্রবৃত্তি প্রতিপাদক বিধিবাক্যের এবং দ্বিতীয়টী নিবৃত্তি প্রতিপাদক নিষেধ বাক্যের সূচনা করিতেছে।

অসুরগণের বাহ্য ও অন্তর উভয়ই অবিশুদ্ধ। বেদবিহিত ক্রিয়াকলাপে তাহাদিগের একান্ত অপ্রবৃত্তি এবং তাহারা নিষিদ্ধ কর্ম্মের বিনির্ণয়ে অক্ষমতা হেতু তদ্বিষয়ে নিবৃত্তিজ্ঞান পরিশূন্য। বেদাদি শাস্ত্র বিহিত বিধিনিষেধ সূচক ব্যবস্থা বিষয়ে তাহারা অনভিজ্ঞ অথবা অশ্রদ্ধাবান্; সদুপদেশ লাভ করিলেও তদনুযায়ী কর্ম্মানুষ্ঠানে অনিচ্ছুক এবং তাহাদিগকে উপদেশ প্রদান করা ভস্মে ঘৃতাহুতি প্রক্ষেপের ন্যায় অনর্থক ॥ ৭ ॥

পূর্ব্বাং ন পশ্চিমাং। ব্রজন্তি তে দুরাত্মানস্তামিস্রং নরকং নৃপ ॥" (বিষ্ণুপুরাণ ৩য় অংশ ১১শ অধ্যায় ১০১ শ্লোক) অর্থাৎ যে ব্যক্তি প্রাতঃসন্ধ্যা ও সায়ংসন্ধ্যায় উপাসনা না করে, সেই দুরাত্মা অন্ধতামিস্র নামক নরকে গমন করিয়া থাকে। অপিচ, "গবাং সর্পিঃ শরীরস্থং ন করোত্যঙ্গপোষণং। নিঃসৃতং কর্ম্ম সংযুক্তং পুনস্তাসাং তদৌষধম্। এবং স হি শরীরস্থঃ সর্পিবৎ পরমেশ্বরঃ। বিনা চোপাসনাদেব ন করোতি হিতং নৃষু।" (আহ্নিকাচার তত্ত্ব) অর্থাৎ দুগ্ধ যেরূপ গাভীগণের শরীরস্থ হইয়াও তাহাদের শরীর পোষণে সহায়তা করে না, কিন্তু দেহ নিঃসৃত হইলে তাহা তাহাদের রোগের ঔষধ হয়, তদ্রূপ পরমেশ্বরও সকলের শরীরস্থ হইলেও উপাসনা ব্যতীত তিনি কাহারও মঙ্গলকারক হন না। অতএব ত্রিসন্ধ্যা তাঁহার উপাসনা অবশ্য কর্ত্তব্য কর্ম্ম।

জনন মরণাশৌচকালে সন্ধ্যা নিষিদ্ধ। সংক্রান্তি, অমাবস্যা, পূর্ণিমা, দ্বাদশী ও শ্রাদ্ধবাসরে সায়ংসন্ধ্যার অনুষ্ঠান করিবে না, করিলে পিতৃহত্যার পাপ স্পর্শ করে।

অসত্যমপ্রতিষ্ঠন্তে জগদাহুরনীশ্বরম্।
অপরস্পরসম্ভূতং কিমন্যৎ কামহেতুকম্॥ ৮॥

অন্বয়।—তে (আসুরাঃ) জগৎ অসত্যং (বেদাদি প্রমাণরহিতং) অপ্রতিষ্ঠং (অব্যবস্থিতং) অনীশ্বরং (নিয়ন্তৃরহিতং) অপরস্পর সম্ভূতং (স্ত্রীপুরুষসংযোগাৎ জাতং) অন্যৎ কিং কামহেতুকং (কাম-মূলকং) প্রাহুঃ (কথয়ন্তি)॥ ৮॥

প্রতিশব্দ।—তাহারা জগৎকে অসত্য, অপ্রতিষ্ঠ, অনীশ্বর, স্ত্রী-পুরুষ-সংযোগ-হইতে-জাত অন্য কি কাম-মূলক বলে॥ ৮॥

ব্যাখ্যা।—সেই অসুরস্বভাব মানবগণ এই জগৎকে বেদাদি প্রমাণ রহিত, ধর্ম্মাধর্ম্ম ব্যবস্থাহীন, অনীশ্বর ও স্ত্রী পুরুষের অন্যান্য সংযোগে উৎপন্ন এবং ইহা কামমূলক ভিন্ন অন্য কিছুই নহে, এইরূপ ব্যক্ত করে॥ ৮।

শঙ্করাচার্য্য।—কিঞ্চ অসত্যেতি। অসত্যং যথা বয়মনৃতপ্রায়াস্তথেদং জগৎ সর্ব্বং অসত্যমপ্রতিষ্ঠঞ্চ নাস্য ধর্ম্মাধর্ম্মৌ প্রতিষ্ঠাতোঽপ্রতিষ্ঠঞ্চেতি তে আসুরা জনা জগদাহুরনীশ্বরং ন চ ধর্ম্মাধর্ম্মসব্যপেক্ষকোঽস্য শাসিতেশ্বরো বিদ্যত ইতি অতোঽনীশ্বরং জগদাহুঃ। কিঞ্চ অপরস্পরসম্ভূতং কামপ্রযুক্তয়োঃ স্ত্রীপুরুষয়োরন্যোন্যসংযোগাৎ জগৎ সর্ব্বং সম্ভূতং কিমন্যৎ কামহৈতুকং কামহেতুকমেব কামহৈতুকমন্যজ্জগতঃ কারণং ন কিঞ্চিৎ অদৃষ্টং ধর্ম্মাধর্ম্মাদিকারণান্তরং বিদ্যতে জগতঃ কাম এব প্রাণিনাং কারণমিতি লোকায়তিকদৃষ্টিরিয়ং॥ ৮॥

আনন্দগিরি।—আসুরাণাং জনানাং বিশেষণান্তরাণ্যপি সন্তীত্যাহ কিঞ্চেতি। বিদ্যত ইত্যাহুরিতি পূর্ব্বেণ সম্বন্ধঃ। শাস্ত্রৈকমগ্যমদৃষ্টং নিমিত্তীকৃত্য প্রকৃত্যধিষ্ঠাত্রাত্মকেন ব্রহ্মণা রহিতং জগদিষ্যতে চেৎ কথমস্যোৎপত্তিরিত্যাশঙ্ক্যাহ কিঞ্চেতি। কিমন্যদিত্যাদেরাক্ষেপস্য তাৎপর্য্যমাহ ন কিঞ্চিদিতি॥ ৮॥

রামানুজ।—কিঞ্চ অসত্যমিতি। অসত্যং জগদেতৎ সত্যশব্দনির্দ্দিষ্টব্রহ্মকার্য্যং তথা ব্রহ্মাত্মকমিতি নাহুঃ। অপ্রতিষ্ঠং তথা ব্রহ্মণি ন প্রতিষ্ঠিতমিতি বদন্তি ব্রহ্মণানন্তেন ধৃতাহি পৃথিবী সর্ব্বলোকান্ বিভর্ত্তি যথোক্তং "তেনেয়ং নাগবর্য্যেণ শিরসা বিধৃতা মহী। বিভর্ত্তি মালাং লোকানাং সদেবাসুরমানুষাং।" ইতি অনীশ্বরং সত্যসংকল্পেন পরব্রহ্মণা সর্ব্বেশ্বরেণ ময়ৈব নিয়মিতমিতি চ ন বদন্তি। "অহং সর্ব্বস্য প্রভবো মত্তঃ সর্ব্বং প্রবর্ত্তত" ইত্যুক্তং। বদন্তি চৈবং, অপরস্পর সংভূতং কিমন্যৎ যোষিৎপুরুষয়োঃ পরস্পরসম্বন্ধেন জাতমিদং মনুষ্যপশ্বাদিকমুপলভ্যতে

অনেবংভূতং কিমন্যদুপলভ্যতে কিঞ্চিদপি নোপলভ্যত ইত্যর্থঃ। অতঃ সর্ব্বমিদং জগৎ কামহেতুকমিতি ॥ ৮ ॥

হনুমান্।—অসত্যং ধর্ম্মাধর্ম্মৌ তপতোস্যাপ্রতিষ্ঠাং (?) তদপ্রতিষ্ঠিতং স্বাম্যত্বং ন বিদ্যতে তদনীশ্বরং স্ত্রীপুংসয়োর্যো মৈথুনং সংযোগস্তেন সংভূতং পরন্তু অসংভূতে কামহেতুরেব কামহেতুকং ॥ ৮ ॥

শ্রীধর।—নমু বেদোক্তয়োর্দ্ধর্ম্মাধর্ম্ময়োঃ প্রবৃত্তিং নিবৃত্তিঞ্চ কথং ন বিদুঃ কুতোবা ধর্ম্মাধর্ম্ময়োরনঙ্গীকারে জগতঃ সুখদুঃখাদিব্যবস্থা স্যাৎ, কথং বা শৌচাচারাদিবিষয়ামীশ্বরাজ্ঞামতিবর্ত্তেরন্ ঈশ্বরানঙ্গীকারে চ কুতোজগদুৎপত্তিঃ স্যাদত আহ অসত্যমিতি। নাস্তি সত্যং বেদপুরাণাদি প্রমাণং যস্মিংস্তাদৃশং জগদাহুঃ বেদাদীনাং প্রামাণ্যং ন মন্যন্ত ইত্যর্থঃ। তদুক্তং,—"ত্রয়োবেদস্য কর্ত্তারো মুনিভণ্ডনিশাচরাঃ" ইত্যাদি। অতএব নাস্তি ধর্ম্মাধর্ম্মরূপা প্রতিষ্ঠা ব্যবস্থাহেতুর্যস্য তৎ স্বাভাবিকং জগদ্বৈচিত্র্যমাহুরিত্যর্থঃ। অতএব নাস্তীশ্বরঃ কর্ত্তা ব্যবস্থাপকশ্চ যস্য তাদৃশং জগদাহুঃ। তর্হি কুতোঽস্য জগত উৎপত্তিং বদন্তীত্যত আহ অপরস্পরসম্ভূতমিতি। অপরশ্চ পরশ্চেতি অপরস্পরং অপরস্পরতোঽন্যোন্যতঃ স্ত্রীপুংসয়োর্ম্মিথুনাৎ সম্ভূতং জগৎ। কিমন্যৎ কারণমস্য নাস্ত্যন্যৎ কিঞ্চিৎ। কিন্তু কামহেতুকমেব স্ত্রীপুংসয়োরুভয়োঃ কাম এব প্রবাহরূপেণ হেতুরস্যেত্যর্থঃ ॥ ৮ ॥

বলদেব।—তেষাং সিদ্ধান্তান্ দর্শয়তি তত্রৈকজীববাদিনামাহাসত্যমিতি। ইদং জগদসত্যম্ শুক্তিরজতাদিবদ্ভ্রান্তিবিজৃম্ভিতম্। অপ্রতিষ্ঠং খপুষ্পবন্নিরাশ্রয়ম্। নাস্ত্যেবেশ্বরো জন্মাদিহেতুর্যস্য তৎ। সোঽপি তদ্বদ্ভ্রান্তিরচিত এব। পারমার্থিকে তস্মিন্ স্থিতে তন্নির্ম্মিতজগত্তদ্বদ্দৃষ্টনষ্টপ্রায়ং ন স্যাৎ। তস্মাদসত্যং জগৎ ত এব মন্যন্তে। একৈব নির্ব্বিশেষা সর্ব্বপ্রমাণাবেদ্যা চিদ্ভ্রমাদেকো জীবস্ততোঽন্যজ্জড়জীবেশ্বরাত্মকং তদজ্ঞানাৎ প্রতিভাসতে। আত্মরূপসাক্ষাৎকারাদবিসম্বাদি স্বাপ্নিকমিব কন্ত্যশ্বরথাদিকমাজাগরাৎ। সতি চ স্বরূপসাক্ষাৎকারে তদজ্ঞানকল্পিতং তজ্জীবত্বেন সহ নিবর্ত্তেত স্বাপ্নিকরথাশ্বাদীব সুষুপ্তাবিতি। অথ স্বভাববাদিনাং বৌদ্ধানামাহ অপরস্পরসম্ভূতমিতি স্ত্রীপুরুষসম্ভোগজন্যং জগন্ন ভবতি ঘটোৎপাদনে কুলালস্যেব বালোৎপাদনে পিত্রাদের্জ্ঞানাভাবাৎ সত্যপ্যসকৃৎসম্ভোগে সন্তানানুৎপত্তেশ্চ স্বেদজাদীনামকস্মাদুৎপত্তেশ্চ তস্মাৎ স্বভাবাদেবেদং ভবতি ইতি। অথ লোকায়তিকানামাহ কামহেতুকমিতি। কিমন্যদ্বাচ্যং স্ত্রীপুরুষয়োঃ কাম এব প্রবাহাত্মনা হেতুরস্যেতি। (স্বার্থে ঠঞ্)। অথবা জৈনানামাহ কামঃ স্বেচ্ছৈব হেতুরস্যেতি। যুক্তিবলেন যো যৎ কল্পয়িতুং শক্নুয়াৎ স তদেব তস্য হেতুং বদন্তীত্যর্থঃ ॥ ৮ ॥

মধুসূদন।—নমু ধর্ম্মাধর্ম্ময়োঃ প্রবৃত্তিনিবৃত্তিবিষয়য়োঃ প্রতিপাদকং বেদাখ্যং প্রমাণমস্তি নির্দ্দোষং ভগবদাজ্ঞারূপং সর্ব্বলোকপ্রসিদ্ধং তদুপজীবীনি চ স্মৃতিপুরাণেতিহাসাদীনি সন্তি তৎ কথং প্রবৃত্তিনিবৃত্তিতৎপ্রমাণাদ্যজ্ঞানং জ্ঞানে বা আজ্ঞোল্লঙ্ঘিনাং শাসিতরি ভগবতি

সতি কথং তদনুষ্ঠানেন শৌচাচারাদিরহিতত্বং দুষ্টানাং শাসিতুর্ভগবতোঽপি লোকবেদপ্রসিদ্ধত্বাদত আহ অসত্যমিতি। সত্যমবাধিততাৎপর্য্যবিষয়ং তত্ত্বাবেদকং বেদাখ্যং প্রমাণং তদুপজীবি পুরাণাদি চ নাস্তি যত্র তদসত্যং বেদস্বরূপস্য প্রত্যক্ষসিদ্ধত্বেঽপি তৎপ্রামাণ্যানভ্যুপগমাদ্বিশিষ্টাভাবঃ অতএব নাস্তি ধর্ম্মাধর্ম্মরূপা প্রতিষ্ঠা ব্যবস্থাহেতুর্যস্য তদপ্রতিষ্ঠং তথা নাস্তি শুভাশুভয়োঃ কর্ম্মণোঃ ফলদাতেশ্বরোনিয়ন্তা যস্য তদনীশ্বরং তে আসুরা জগদাহুঃ বলবৎপাপপ্রতিবদ্ধত্বাদ্বেদস্য প্রামাণ্যং তে ন মন্যন্তে ততশ্চ তদ্বোধিতয়োর্ধর্ম্মাধর্ম্ময়োরীশ্বরস্য চানঙ্গীকারাদ্যথেষ্টাচরণেন তে পুরুষার্থভ্রষ্টা ইত্যর্থঃ। শাস্ত্রৈকসমধিগম্যধর্ম্মসহায়েন প্রকৃত্যধিষ্ঠাত্রা পরমেশ্বরেণ রহিতং জগদিষ্যতে চেৎ কারণাভাবাৎ কথং তদুৎপত্তিরিত্যাশঙ্ক্যাহ অপরস্পরসম্ভূতং কামপ্রযুক্তয়োঃ স্ত্রীপুংসয়োরন্যোন্যসংযোগাৎ সম্ভূতং জগৎকামহৈতুকং কামহেতুকমেব কামহৈতুকং কামাতিরিক্তকারণশূন্যং। নমু ধর্ম্মাদ্যপ্যস্তি কারণং নেত্যাহ কিমন্যৎ, অন্যং অদৃষ্টং কারণং কিমস্তি নাস্ত্যেবেত্যর্থঃ অদৃষ্টাঙ্গীকারেঽপি কচিদ্গত্বা স্বভাবে পর্য্যবসানাৎ স্বাভাবিকমেব জগদ্বৈচিত্র্যমস্তু দৃষ্টে সম্ভবত্যদৃষ্টকল্পনানবকাশাৎ, অতঃ কাম এব প্রাণিনাং কারণং নান্যদদৃষ্টেশ্বরাদীত্যাহুরিতি লোকায়তিকদৃষ্টিরিয়ং ॥ ৮ ॥

নীলকণ্ঠ।—অসত্যং সত্যবর্জ্জিতং জগৎ প্রাণিজাতং তথাঽপ্রতিষ্ঠং ধর্ম্মাধর্ম্মাখ্যা প্রতিষ্ঠা আশ্রয়স্তচ্ছূন্যম্ অনীশ্বরম্ অনিয়ন্তৃকম্ আহুঃ, অপরস্পরসম্ভূতম্ অপরস্পরাঃ (ক্রিয়াসাতত্যে ইতিসুট) বীজাঙ্কুরবৎপরস্পরকারণীভূতানাং ধর্ম্মাধর্ম্মতদ্বাসনানাং তৎ সাতত্যং তস্মাৎ সম্ভূতং কিমন্যল্লোকেঽস্তি নকিঞ্চিদপি ধর্ম্মাদ্যপেক্ষয়া উৎপদ্যতে কিন্তু সর্ব্বং কামহৈতুকং স্ত্রীপুংসয়োর্মিথুনীভাবং কামস্তদ্ধেতুকমেবস্বভাবাদেব জন্তুর্জায়তে নত্বদৃষ্টাদিত্যর্থঃ ॥ ৮ ॥

বিশ্বনাথ।—আসুরাণাং মতমাহ অসত্যং মিথ্যাভূতং ভ্রমোপলব্ধমেব জগত্তে বদন্তি অপ্রতিষ্ঠং প্রতিষ্ঠা আশ্রয়স্তদ্রহিতং। নহি খপুষ্পস্য কিঞ্চিদধিষ্ঠানমস্তীতি ভাবঃ। অনীশ্বরং মিথ্যাভূতত্বাদেব ঈশ্বরকর্ত্তৃকমেতন্ন ভবতি স্বেদজাদীনাং অকস্মাদেব জাতত্বাৎ অপরস্পরসম্ভূতং অন্যং কিং বক্তব্যং কামহেতুকং। কামোবাদিনামিচ্ছৈবহেতুর্যস্য তৎ। মিথ্যাভূতত্বাদেব যে যথাকল্পয়িতুং শক্নুবন্তি তথৈবৈতদিতি। কেচিৎ পুনরেবং ব্যাচক্ষ্যতে অসত্যং নাস্তি সত্যং বেদপুরাণাদিকং প্রমাণং যত্র তদুক্তং। "ত্রয়োবেদস্য কর্ত্তারো মুনিভণ্ডনিশাচরাঃ" ইত্যাদি। নাস্তি ধর্ম্মাধর্ম্মরূপা প্রতিষ্ঠা ব্যবস্থা যত্র তৎ ধর্ম্মাধর্ম্মাবপি ভ্রমোপলব্ধাবিতি ভাবঃ। অনীশ্বরং ঈশ্বরোঽপি ভ্রমেণৈবোপলভ্যতে ইতি ভাবঃ। নমু স্ত্রীপুংসয়োঃ পরস্পরপ্রযত্নবিশেষাৎ জগদিদং উৎপন্নং দৃশ্যতে যত্র নৈতদপীত্যাহপরস্পরসম্ভূতমিতি মাতাপিতৃভ্যাং বালক উৎপদ্যত ইত্যপি ভ্রম এব কুলালস্য ঘটোৎপাদনে জ্ঞানমিব মাতাপিত্রোস্তাদৃশ বালোৎপাদনে কিল নাস্তিজ্ঞানমিতি ভাবঃ। কিমন্যৎ অন্যৎ কিং বক্তব্যমিতি ভাবঃ। তস্মাদিদং জগৎ কামহেতুকং কামেন স্বেচ্ছয়ৈব হেতুকাঃ হেতুকল্পনা যত্র তৎ যুক্তিবলেন যেষং হেতুং পরমাণু মায়েশ্বরাদিকং জল্পয়িতুং শক্নুবন্তি তে বদন্তীত্যর্থঃ ॥ ৮ ॥

তাৎপর্য্য।—অতঃপর বেদাদি ধর্ম্মশাস্ত্রে অবিশ্বাসী অসুরগণের সম্বন্ধে

আরও বিস্তারিত বিবরণ নিবদ্ধ হইতেছে, তাহারা বেদপুরাণাদি শাস্ত্রসম্মত প্রবৃত্তি ও নিবৃত্তি বিষয়ে অনভিজ্ঞ এবং তত্তদ্‌বিষয়ে লব্ধোপদেশ হইলেও তাহারা বিদ্বেষ বুদ্ধির প্রাবল্যে উপদেশানুরূপ অনুষ্ঠানে অনিচ্ছুক। এই পরিদৃশ্যমান বিশ্বব্যাপার এবং ইহার স্রষ্টা পরমেশ্বর সম্বন্ধে তাহাদিগের বিশ্বাস বড়ই বিচিত্র। তাহারা মনে করে, এই জগৎ অসত্য; এই জগতের সম্বন্ধে পরম পবিত্র বেদাদি শাস্ত্র সমূহে অনাদি কাল হইতে যে সকল অভ্রান্ত উক্তি বিন্যস্ত হইয়াছে, তৎসমস্ত অসুর ভাবাপন্ন নাস্তিকেরা প্রমাণিক বলিয়া গ্রাহ্য করে না এবং সেই সকল উক্তি অবিসংবাদিত বলিয়া বিশ্বাস করে না। যখন এই জগতকে তাহারা অসত্য বলিয়া ঘোষণা করে, তখন এই জগন্মধ্যে যে ধর্ম্মাধর্ম্মের ব্যবস্থা আছে, তাহাও বিশ্বাস করিতে তাহারা ইচ্ছা করে না। তাহারা মনে করে, এই বিশ্বে যে ধর্ম্মাধর্ম্মরূপ শাসন প্রচলিত হইয়া মানবকে সংযমের পথে নিয়ত পরিচালনার চেষ্টা করিতেছে, যে ব্যবস্থার অনুবর্ত্তী হইয়া জগতের মানবগণ পাপপুণ্য হিতাহিত এবং ভাবী মঙ্গলামঙ্গলের ব্যবস্থা করিতেছে, তাহা অমূলক এবং হেতুশূন্য। এবংবিধ বিশ্বাসের অধীন অসুরগণ এই জগতকে নিরীশ্বর অর্থাৎ ঈশ্বর বিহীন বলিয়া উল্লেখ করে। যে পরম কারুণিক পরমেশ্বরের নিয়মে রবি চন্দ্র তারা আকাশ পথে ঘূর্ণ্যমান হইতেছেন, যাঁহার নিয়মাধীনতায় জীবপুঞ্জ জনন মরণরূপ চক্রপথে নিয়ত পরিভ্রমণ করিতেছে, যাঁহার ব্যবস্থায় কালচক্র আবর্ত্তিত হইয়া দিবারাত্রি পক্ষ ঋতু এবং সংবৎসরের উদ্ভব করিতেছে, যাঁহার সত্তা প্রত্যক্ষগোচর না হইলেও এ জগতে সনাতন কাল হইতে জ্ঞানিগণ দ্বারা নিঃসংশয়িত রূপে প্রতিপন্ন হইয়াছে, সেই পরমেশ্বরের অস্তিত্ব সম্বন্ধেও এই মন্দমতিগণ অবিশ্বাসী। তাহারা এই জগতকে নিরীশ্বর অর্থাৎ কোন স্রষ্টা বা নিয়ামকের অনধীন সুতরাং স্বতঃজাত বা স্বাধীন বলিয়া উল্লেখ করে। তাহাদিগের ভ্রান্ত বুদ্ধি তাহাদিগকে অতি হাস্যজনক সিদ্ধান্তের অধীন করিয়াছে। তাহারা মনে করে, এ জগৎ অপরের সহিত পরের সম্মিলন দ্বারা সম্ভূত। জীবরাজ্যে তাহারা দেখিতে পায়, স্ত্রীপুরুষের যৌনসম্মিলন প্রভাবে অবিরত জীবান্তরের উদ্ভব হইতেছে; উদ্ভিদ রাজ্যে তাহারা দেখিতে পায়, কুসুম মধ্যস্থ কেশরের এক প্রকার রেণু অন্য কেশরে সম্মি-

লিত হইয়া উদ্ভিদের বীজ উৎপন্ন করে ; তাহারা দেখিতেছে পরস্পর সম্মিলিত হইয়া ভুত সমূহ পদার্থান্তরের উদ্ভব করিতেছে। অতএব তাহারা মীমাংসা করিতেছে যে, কাম প্রবৃত্তির স্বাভাবিক আকর্ষণে বদ্ধ হইয়া একের সহিত অপরের সম্মিলন হেতু এই জাগতিক ব্যাপার সমূহের উদ্ভব হইতেছে। এই সকল ব্যাপারের নিয়ন্তা রূপে যে অপরিসীম শক্তি কার্য্য করিতেছে, যে অমিত পরাক্রান্ত মহেশ্বর সর্ব্বত্র সমুপস্থিত থাকিয়া যেরূপ কৌশলে এই সৃষ্টি প্রবাহ পরিচালিত করিতেছেন, তাহা বিনির্ণয় করিতে অসুরগণের ক্ষমতা নাই, প্রবৃত্তিও নাই। সুতরাং তাহারা সহজেই সিদ্ধান্ত করে যে, এ জগৎ কেবল কামমূলক, তদ্ভিন্ন অন্য কোন মূল স্বীকার্য্য নহে।

এইরূপ জ্ঞানবিবর্জ্জিত অসুরগণ বেদকে মানব সৃষ্ট বলিয়া মনে করে। তাহারা বলে, "ত্রয়ো বেদস্য কর্ত্তারো মুনিভণ্ডনিশাচরাঃ" অর্থাৎ মুনি ভণ্ড এবং নিশাচর, এই তিন শ্রেণীর লোক বেদকর্ত্তা। এই সকল অসুর ভাবাপন্ন মনুষ্য জগতে নাস্তিক লোকায়ত (২৪৬ পৃষ্ঠার টীপ্পনী দ্রষ্টব্য) নামে প্রসিদ্ধ।

ভাষ্যকার পূজ্যপাদ শ্রীমদ্বলদেব এই শ্লোক মধ্যস্থ সমর্থনবাক্যসমূহ বিভিন্ন শ্রেণীর অবিশ্বাসিগণের উক্তি বলিয়া নির্দ্দেশ করিয়াছেন। "অসত্য অপ্রতিষ্ঠ অনীশ্বর" এই তিন একজীববাদিদিগের বিশ্বাস। স্বভাববাদী বৌদ্ধগণের * মতে এই বিশ্ব ব্যাপার অপরস্পর সম্ভূত। তাঁহারা

---

* বৌদ্ধ।—পুরাকালে এই দেশে বুদ্ধদেবের জন্ম হইয়াছিল। তিনি শ্রীভগবানের অবতাররূপে উল্লিখিত হইয়া আসিতেছেন। বঙ্গীয় কবিকুঞ্জের কোকিল স্বরূপ ভগবদনুগৃহীত জয়দেব নিম্নোদ্ধৃত অমৃতময় বাক্যে বুদ্ধদেবের স্তুতি গীতি নিবদ্ধ করিয়াছেন। "নিন্দসি যজ্ঞবিধেরহহ শ্রুতিজাতং সদয়হৃদয় দর্শিতপশুঘাতং। কেশব ধৃত বুদ্ধশরীর জয় জগদীশ হরে।" অন্যান্য বহুতর প্রামাণিক পুরাণাদি গ্রন্থেও বুদ্ধদেবের মাহাত্ম্য কীর্ত্তিত হইয়াছে।

শ্রীভগবানের অবতার বুদ্ধদেবের মতানুবর্ত্তি সাধকগণ বৌদ্ধ নামে পরিচিত। একসময়ে সমগ্র ভারতবর্ষ কেবল বুদ্ধদেবের প্রবর্ত্তিত ধর্ম্মমার্গের অনুসরণকারী হইয়াছিল। ভারত ভূমির গৌরব স্বরূপ বুদ্ধদেবের ধর্ম্মমত দাক্ষিণে বিশাল সমুদ্র এবং উত্তরে অভ্রভেদী হিমালয় পর্ব্বতের বাধা অতিক্রম করিয়া ভূমণ্ডলের সর্ব্বত্র প্রধাবিত হইয়াছিল এবং বসুন্ধরার ভিন্ন ভিন্ন ধর্ম্মাবলম্বী জনপদবাসিগণ ভারতকে পুণ্যতীর্থ এবং ভারতের বুদ্ধদেবকে আপনাদের গুরু বলিয়া স্বীকার করিয়াছিলেন।

নেপালের সানুদেশে কপিলবস্তু নগরে ভগবান্ বুদ্ধের আবির্ভাব হইয়াছিল। তথায় শুদ্ধোদন নামে এক ক্ষত্রিয় রাজার ঔরসে তদীয় পত্নী মায়া দেবীর গর্ভে বুদ্ধদেবের আবির্ভাব হয়। আশৈশব বুদ্ধদেব ধর্ম্মানুরাগী ও লোকহিতৈষী ছিলেন। এ সংসার অশেষ যন্ত্রণার আগার স্বরূপ, মানব জীবন কেবল ক্লেশপূর্ণ অধিকন্তু

বলেন, এই জীব প্রবাহ স্ত্রী পুরুষের সম্ভোগদ্বারা প্রবাহিত হইতেছে, এরূপ নহে। এরূপ বিশ্বাসের কারণ এই যে, কুলালের ঘটোৎপত্তি সম্বন্ধে যেমন জ্ঞান থাকে না, পিতা মাতারও সন্তানোৎপাদন বিষয়ে তদ্রূপ জ্ঞানাভাব দৃষ্ট হয়। যদি সন্তানোৎপাদন বিষয়ক জ্ঞান সহকারে স্ত্রীপুরুষ

এবং মৃত্যুরূপ ক্লেশে পরিপূর্ণ। রোগ শোকে এবং দুর্দ্দমনীয় বাসনাস্রোতে মনুষ্য নিয়ত ভাসমান। মানব জাতির শোক নাশনের উপায়ান্বেষণে বুদ্ধদেবের হৃদয় বাল্যকাল হইতেই ব্যাকুল হয়। এই জন্য নবীন যৌবনে লাবণ্যময়ী পত্নী গোপা, হৃদয়ানন্দদায়ক পুত্র রাহুল, পিতা মাতা এবং আত্মীয় স্বজনের সঙ্গত্যাগ করিয়া ভগবান বুদ্ধ সন্ন্যাস আশ্রম গ্রহণ করেন। বাল্যে ইনি গৌতম নামে পরিচিত ছিলেন।

সন্ন্যাস আশ্রম অবলম্বন করার পর বহুদিন হৃদয়ের ঈপ্সিত পথ দেখিতে না পাইয়া ভগবান্ গৌতম সাতিশয় ক্লেশে কালপাত করিয়াছিলেন। তদনন্তর তিনি পরম শান্তিপ্রদ মোক্ষোপায় উদ্ভাবন করিয়া জগতের অশেষ কল্যাণ সাধিত করিয়াছিলেন। অল্পে অল্পে বহুলোক জ্ঞানার্থীরূপে ইঁহার সমীপস্থ হইতে লাগিল; এবং কাল ক্রমে ইঁহার প্রবর্ত্তিত ধর্ম্ম সাধনার পদ্ধতি সর্ব্বত্র প্রচারিত হইতে থাকিল। তখন হইতে ইনি বুদ্ধদেব নামে পরিচিত হইলেন। অশীতি বর্ষ বয়ঃক্রমের পর ভগবান্ বুদ্ধ লোকলীলা সংবরণ করেন।

বুদ্ধদেবের মতানুবর্ত্তী সাধকগণ কালক্রমে দুই সম্প্রদায়ে বিভক্ত হইয়াছেন। এক সম্প্রদায় প্রচলিত হিন্দুধর্ম্ম সঙ্গত জাতি ভেদ এবং আচার ব্যবহারের অনুবর্ত্তন করেন, পরমাত্মা স্বরূপ এক পরম বুদ্ধের অস্তিত্বে অঙ্গীকার করেন এবং দেবদেবীর পূজা পদ্ধতির আবশ্যকতা স্বীকার করেন। এই সম্প্রদায় আস্তিক বৌদ্ধ নামে পরিচিত। অপর সম্প্রদায় বেদাদি শাস্ত্রের প্রাধান্যে বিশ্বাস করেন না, জাতি ভেদের প্রয়োজনীয়তা অনুভব করেন না, দেবদেবী বা পরমাত্মার অস্তিত্ব অঙ্গীকার করেন না। এই সম্প্রদায় অস্তিক বৌদ্ধ নামে পরিচিত। এ স্থলে শেষোক্ত সম্প্রদায়ই লক্ষিত হইয়াছিল। (বুদ্ধদেবের বাহুল্য জীবন চরিতাদি ললিত বিস্তর প্রভৃতি গ্রন্থে দ্রষ্টব্য)

ভগবান্ বুদ্ধ যে সকল উপদেশ প্রদান করিয়া মানবমণ্ডলীকে ধন্য করিয়াছেন, তত্তাবৎ অতুলনীয়। তাঁহার তিরোধানের পর মগধরাজ অজাতশত্রু, কালাশোক, অশোক এবং তৎপরে তুরস্ক জাতীয় নৃপতি কনিষ্ক বুদ্ধদেবের প্রবর্ত্তিত ধর্ম্ম মত সমূহ একত্র বিধিবদ্ধ করিয়াছিলেন। অশোক নরপতির প্রযত্নে ভারতবর্ষের নানা স্থানে বৌদ্ধধর্ম্মের মাহাত্ম্যসূচক বিবিধ স্তূপ, মঠ এবং বিহারাদি স্থাপিত হইয়াছিল। এখনও তাহার অনেকগুলি নানাস্থানে সমভাবে দণ্ডায়মান থাকিয়া অশোকের কীর্ত্তিকাহিনী ঘোষণা করিতেছে। এই বিহার ও মঠের প্রাচুর্য্য হেতু সমস্ত মগধ দেশ বিহার নামে পরিচিত হইয়াছে।

গৃহী ও ত্যাগী ভেদে বৌদ্ধ সাধক দুই শ্রেণীতে বিভক্ত। গৃহিগণ উপাসক উপাসিকা নামে পরিচিত এবং ত্যাগিগণ শ্রবণ ও শ্রাবক নামে পরিচিত হইয়া থাকেন। যাঁহারা নিরবচ্ছিন্ন উদাসীন তাঁহাদের নাম ভিক্ষু। যে স্থলে ভিক্ষুরা দলবদ্ধ হইয়া বাস করেন, তাহার নাম বিহার।

বৌদ্ধধর্ম্ম সং[illegible] সংকলন করিবার নিমিত্ত তিন সময়ে যে তিন মহা সভা হইয়াছিল, তাহার নাম সংঘ। সেই সং[illegible]বেত বৌদ্ধগণ ধর্ম্ম সংক্রান্ত উপদেশ অনুষ্ঠান সমূহ তিন গ্রন্থে বিধিবদ্ধ করিয়াছেন। সেই গ্রন্থত্রয়ের নাম ত্রিপিটক। সূত্র, বিনয় ও অভিধর্ম্ম ভেদে পিটক তিন প্রকার। সূত্র পিটকে বৌদ্ধধর্ম্মের [illegible]মত নিবদ্ধ আছে। বিনয় পিটকে আচার পদ্ধতি বিস্তৃত আছে, এবং অভিধর্ম্ম পিটকে ধর্ম্মতত্ত্বের যুক্তি ও আধ্যা[illegible]ক ভাব নিহিত রহিয়াছে।

সম্ভোগ করে এরূপ বলা যায়, তাহা হইলেও অনেকস্থলে দেখিতে পাওয়া যায় যে, পুনঃ পুনঃ স্ত্রীপুরুষের রমণেও সন্তানোৎপন্ন হইতেছে না, অথচ অকস্মাৎ স্বেদজাদি (২৪৪২ পৃষ্ঠার টীপ্পনী দ্রষ্টব্য) প্রাণীর উদ্ভব হইতেছে। অতএব তাঁহাদের মতানুসারে এ সমস্ত ব্যাপারই স্বভাবজাত বলিয়া বুঝিতে হইবে। আর লোকায়তিকদিগের (২৬৭ পৃষ্ঠার টীপ্পনী দ্রষ্টব্য) মতে ইহা কামহেতুক। আরও জৈন * মতাবলম্বিগণ বলিয়া থাকেন যে কাম অর্থাৎ স্বেচ্ছাই এই জগতের হেতু স্বরূপ। যুক্তিবলে যিনি যেরূপ

বৌদ্ধধর্ম্মের সাধন প্রণালী ও তত্ত্ব সমূহ নিতান্ত জটিল ও দুর্ব্বোধ। তাহা বিশদরূপে বিবৃত করিতে হইলে বহুবিস্তৃত গ্রন্থের প্রয়োজন। সংক্ষেপতঃ এই মাত্র বলা যাইতেছে যে, "অহিংসাপরমো ধর্ম্মঃ" ইহাই বৌদ্ধধর্ম্মের মূলনীতি। সর্ব্বজীবে দয়া, মনুষ্যের হিত চেষ্টা, ক্রোধ দ্বেষ রাহিত্য প্রভৃতি অন্যান্য সদগুণ সমূহই বৌদ্ধধর্ম্মের প্রধান অনুষ্ঠান। এইরূপ বিবিধ অনুষ্ঠান দ্বারা হৃদয় নির্ম্মল হইলে সাধক মমতাশূন্য ও বিশুদ্ধ চিত্ত হইয়া পরিণামে নির্ব্বাণ লাভ করেন। বৌদ্ধদিগের এই নির্ব্বাণ তত্ত্ব হিন্দু দার্শনিকগণের ব্যাখ্যাত নির্ব্বাণ হইতে কোন কোন বিষয়ে বিভিন্ন।

নির্ব্বাণ প্রাপ্তি কাহারও এক জন্মের সাধনাতেই হয়, কাহারও বা বহু জন্মান্তরের প্রয়োজন হয়। অতীত জন্ম সমূহে মনুষ্য নানা যোনিতে ভ্রমণ করিয়াছেন, এবং পরবর্ত্তী জন্মেও পশু পক্ষ্যাদি বিবিধ জন্ম পরিগ্রহ করেন। স্বয়ং বুদ্ধদেবও অতীত জন্মে হস্তী মৃগ প্রভৃতি যোনিতে জন্মিয়াছিলেন এইরূপ অভিপ্রায় তিনি স্বয়ং ব্যক্ত করিয়াছেন এবং তত্তাবৎ অতীত জন্মের বৃত্তান্ত তিনি স্মরণ করিয়া বলিয়াছেন, যতক্ষণ নির্ব্বাণ না হয়, ততক্ষণ পর্য্যন্ত জন্মমৃত্যুর অধীনতা অচ্ছেদ্য।

বৌদ্ধধর্ম্মের পৃথ্বীব্যাপী প্রচারের ইতিহাস বড়ই বিস্ময়জনক। বৌদ্ধধর্ম্ম প্রচারকগণ অতি ধীর ভাবে সর্ব্বত্র ধর্ম্মমত প্রচার করিয়াছিলেন। অসির শক্তি বা রাজ-শাসনের দ্বারা অন্যান্য ধর্ম্মাবলম্বি জনগণকে তাঁহারা স্বধর্ম্মে আনয়ন করেন নাই। সকল ধর্ম্মে শ্রদ্ধা প্রকাশ করা এবং সকল ধর্ম্মাবলম্বী জনগণকে সম্মানিত করাই বৌদ্ধদিগের নীতি ছিল। অবিরোধী নীতি সত্ত্বেও বৌদ্ধধর্ম্মের ভূমণ্ডলব্যাপিত্ব ইহার অসাধারণ মহত্বের পরিচায়ক। প্রত্যুত বৌদ্ধগণের সদয়ভাব কোমলতা ও সহৃদয়তা ইহাকে কঠোর হৃদয় হইতে অতি কোমল প্রাণ পর্য্যন্ত এবং অতি জ্ঞান সম্পন্ন হইতে অতি বর্ব্বর পর্য্যন্ত তাবতেরই আদর ভাজন করিয়াছে।

ভারতবর্ষ এই ধর্ম্মের জন্মভূমি হইলেও এদেশ হইতে বৌদ্ধধর্ম্ম প্রায় তিরোহিত হইয়াছে বলিলেই হয়। নেপাল প্রদেশে এখনও ইহা প্রচলিত রহিয়াছে। সিংহল প্রভৃতি ভারত মহাসাগরীয় দ্বীপপুঞ্জে এবং ভারতের পূর্ব্বসীমা ব্রহ্ম শ্যাম মালয় প্রভৃতি দেশে, উত্তরে তিব্বত প্রভৃতি দেশে বৌদ্ধধর্ম্মের পূর্ণ প্রচার রহিয়াছে। চীন, জাপান, মাঙ্গোলিয়া, সাইবেরিয়া প্রভৃতি দেশের অধিবাসিগণ বৌদ্ধধর্ম্মাবলম্বী।

* জৈন।—বৌদ্ধধর্ম্মের অবসান কালেই জৈন ধর্ম্মের প্রাদুর্ভাব হইয়াছিল। বৌদ্ধের কঙ্কালের উপর অন্যরূপ অবয়ব গঠন করিয়া জৈন ধর্ম্ম প্রস্তুত করা হইয়াছে। মূলতঃ জৈনধর্ম্ম অনেক বিষয়ে বৌদ্ধধর্ম্মের সহিত একরূপ। অহিংসা জৈন ধর্ম্মের মূল মন্ত্র। পাছে অতি ক্ষুদ্র জীবেরও জীবন নষ্ট হয়, এই ভয়ে জৈনগণ দৈনিক ক্রিয়া কলাপে অতিমাত্র সাবধানতা অবলম্বন করিয়া থাকেন। ইঁহাদিগের যতিগণ চামর হস্তে পরিভ্রমণ করেন এবং সেই চামর ব্যজন করিয়া গন্তব্যপথের জীবকুলকে অপসারিত করেন। পাছে মুখ বিবরে কোন জীব

কল্পনা করিতে সমর্থ, তিনি এই জগতের তদ্রূপই হেতু নির্দ্দেশ করিয়াছেন। ইহার তাৎপর্য্য এই যে, বেদাদি প্রামাণিক শাস্ত্রের উপর বিশ্বাস না থাকায় বিভিন্ন সম্প্রদায় সমূহ যদৃচ্ছা ক্রমে জগতের হেতু অবধারণ করিয়া থাকেন ॥ ৮ ॥

—০:(*):০—

এতাং দৃষ্টিমবষ্টভ্য নষ্টাত্মানোঽল্পবুদ্ধয়ঃ।
প্রভবন্ত্যুগ্রকর্ম্মাণঃ ক্ষয়ায় জগতোঽহিতাঃ ॥ ৯ ॥

অন্বয়।—নষ্টাত্মানঃ (মলীমসচিত্তাঃ) অল্পবুদ্ধয়ঃ (ক্ষুদ্রমতয়ঃ) উগ্রকর্ম্মাণঃ (হিংস্রকর্ম্মাণঃ) এতাং দৃষ্টিং অবষ্টভ্য (অবলম্ব্য) অহিতাঃ (শত্রবঃ) [ভূত্বা] জগতঃ ক্ষয়ায় (বিনাশায়] প্রভবন্তি (উৎপদ্যন্তে) ॥৯॥

প্রবেশ করিয়া গতাসু হয়, এই ভয়ে তাঁহারা বস্ত্র দ্বারা মুখ বাঁধিয়া রাখেন। রাত্রিকালে আহার করিলে ক্ষুদ্র ক্ষুদ্র জীব অলক্ষ্যে ভোজ্য পদার্থের সহিত মিশিয়া মরিয়া যাইতে ও উদরস্থ হইতে পারে এই ভয়ে রাত্রিতে ইহাঁরা আহার করেন না। কোন তরল পানীয় অনাচ্ছাদিত রাখিবার নিয়ম নাই, কারণ তাহাতে ক্ষুদ্র ক্ষুদ্র কীট পতঙ্গ পতিত হইয়া মৃত্যু কবলিত হইতে পারে। বৌদ্ধগণের প্রবর্ত্তিত "অহিংসাপরমো ধর্ম্মঃ" এই নীতি জৈনগণের মধ্যে অতিশয় পূর্ণতা ও পরিপুষ্টি লাভ করিয়াছে।

যে যে সাধক সাধনা প্রভাবে নির্ব্বাণ পদবী লাভ করিয়াছেন, তাঁহারা তীর্থঙ্কর নামে অভিহিত। জৈনগণ তীর্থঙ্করের বিগ্রহ সুসমৃদ্ধ সৌধে বা মন্দিরে প্রতিষ্ঠিত করিয়া অর্চ্চনা করেন পূজার বিশেষ কোন পদ্ধতি নাই। কেবল কতকগুলি প্রার্থনা বাক্য ও স্তোত্র মাত্র উচ্চারণ করিলেই আরাধনা সম্পন্ন হয়। একটী পুষ্প বা একটী যে কোন ফল হস্তে লইয়া জৈনেরা তীর্থঙ্করের সমক্ষে উপস্থিত হইয়া থাকেন। পরেশনাথ বর্ত্তমান কালে সকল জৈনাধিষ্ঠানে পূজিত হইতেছেন।

হিন্দুর দেবদেবী জৈনগণ সম্মানের সহিত দর্শন করেন। বিশেষতঃ হরপার্ব্বতীর প্রতি ইঁহারা শ্রদ্ধাপ্রকাশ করিয়া থাকেন। ব্রাহ্মণ ইহাঁদিগের পক্ষে উপেক্ষণীয় নহেন; প্রত্যুত পরেশনাথের মন্দিরে ব্রাহ্মণেরাই সেবকরূপে নিয়োজিত থাকেন। শ্রীকৃষ্ণের রাসযাত্রার সময় জৈনগণ পরেশনাথকে অতি সমারোহে একস্থান হইতে অন্য স্থানে লইয়া যান।

জৈনদিগের মধ্যে দিগম্বর ও শ্বেতাম্বর এই দুই সম্প্রদায় দেখিতে পাওয়া যায়। দিগম্বরগণ নগ্নতার পক্ষপাতী এবং শ্বেতাম্বরগণ শুভ্র পরিচ্ছদ ধারণের অনুরাগী। এক সম্প্রদায় তীর্থঙ্করকে বিবিধ ভূষণে ভূষিত করিবার ব্যবস্থা দিয়া থাকেন, অপর সম্প্রদায় পরেশনাথকে নিরবচ্ছিন্ন নগ্ন ভাবে প্রতিষ্ঠিত করিয়া রাখেন। জৈনদিগের সাধুগণের নাম শ্রাবক। বৌদ্ধ শ্রমণগণের ন্যায় শ্রাবকগণও অনেক কঠোর নিয়মের অধীন।

ভারতবর্ষের অনেক স্থানে জৈনদিগের বিশেষ প্রাদুর্ভাব দৃষ্ট হয়। এই সম্প্রদায়ের লোকেরা প্রায় সর্ব্বত্রই ধনশালী ও প্রতাপান্বিত।

প্রতিশব্দ।—মলিন-চিত্ত অল্প-বুদ্ধি হিংস্র-স্বভাব [ব্যক্তিগণ] এই দৃষ্টিকে অবলম্বন-করিয়া শত্রু [হইয়া] জগতের ক্ষয়ের-নিমিত্ত উৎপন্ন-হয় ॥ ৯ ॥

ব্যাখ্যা।—নষ্টাত্মা ক্ষুদ্রবুদ্ধি ক্রূরকর্ম্মা অসুরগণ এই দৃষ্টিকে আশ্রয় করিয়া শত্রুরূপে জগতের বিনাশের নিমিত্ত প্রাদুর্ভূত হইয়া থাকে ॥ ৯ ॥

শঙ্করাচার্য্য।—এতামিতি। এতাং দৃষ্টিমবষ্টভ্যাশ্রিত্য নষ্টাত্মানোনষ্টস্বভাবা বিভ্রষ্টপরলোকসাধনাঃ অল্পবুদ্ধয়ো বিষয়বিষয়া অল্পৈব বুদ্ধির্যেষাস্তে অল্পবুদ্ধয়ঃ প্রভবন্ত্যুদ্ভবন্তি উগ্রকর্ম্মাণঃ ক্রূরকর্ম্মাণো হিংসাত্মকাঃ ক্ষয়ায় জগতঃ প্রভবন্তীতি সম্বন্ধঃ জগতোঽহিতাঃ শত্রব ইত্যর্থঃ ॥৯॥

আনন্দগিরি।—যথোক্তা দৃষ্টির্ব্রহ্মদৃষ্টিবদিষ্টৈবেত্যাশঙ্ক্যাহ এতামিতি। প্রাগুপদিষ্টামেতাং লোকায়তিকদৃষ্টিমবলম্ব্যেতি যাবৎ। নষ্টস্বভাবত্বমেব স্পষ্টয়তি বিভ্রষ্টেতি। বিষয়বুদ্ধেরল্পত্বং দৃষ্টমাত্রোদ্দেশেন প্রবৃত্তত্বং, জগতঃ প্রাণিজাতস্যেতি যাবৎ ॥ ৯ ॥

রামানুজ।—এতামিতি। এতাং দৃষ্টিমবষ্টভ্যাবলম্ব্য নষ্টাত্মানঃ অদৃষ্টদেহাতিরিক্তাত্মানঃ। অল্পবুদ্ধয়ঃ ঘটবৎ জ্ঞেয়ভূতে দেহে জ্ঞাতৃত্বেন দেহব্যতিরিক্ত আত্মোপলভ্যত ইতি বিবেকাকুশলাঃ। উগ্রকর্ম্মাণঃ সর্ব্বেষাং হিংসকাঃ জগতঃ ক্ষয়ায় প্রভবন্তি ॥ ৯ ॥

হনুমান্।—আশ্রিত্য নষ্টাত্মানঃ বন্ধাদি কর্ম্মণি নিরতা এতাং দৃষ্টিং লোকায়ত সদ্দর্শনমবষ্টভ্য আশ্রিত্য নষ্টাত্মান অল্পবুদ্ধয়ো বিষয়েষু ভোগ্যভোক্তৃমাত্রযুক্তাঃ প্রবভন্তি জায়ন্তে উগ্রকর্ম্মাণঃ বন্ধাদিকর্ম্ম নিরতাঃ ক্ষয়ায় জগতঃ প্রভবন্তীতি সম্বন্ধঃ অহিতাঃ আপৎকরাঃ ॥ ৯ ॥

শ্রীধর।—কিঞ্চ এতামিতি। এতাং লোকায়তিকানাং দৃষ্টিং দর্শনমাশ্রিত্য নষ্টাত্মানো মলীমসচিত্তাঃ সন্তোঽল্পবুদ্ধয়ো দৃষ্টার্থমাত্রমতয়ঃ, অত এবোগ্রং হিংস্রং কর্ম্ম যেষাং তে, অহিতা বৈরিণোভূত্বা জগতঃ ক্ষয়ায় প্রভবন্তি উদ্ভবন্তীত্যর্থঃ ॥ ৯ ॥

বলদেব।—স্বস্বমতনির্ণায়কানি দর্শনানি চ তৈঃ কৃতানি যান্যাহ্বায় জগদ্বিনশ্যতীত্যাহ এতামিতি। (জাত্যৈকবচনং) এতানি দর্শনান্যবষ্টভ্যালম্ব্যাল্পবুদ্ধয়স্তুচ্ছমতয়ো নষ্টাত্মানোঽদৃষ্টদেহাদিবিবিক্তাত্মতত্ত্বা উগ্রকর্ম্মাণো হিংসাপৈশুন্যপারুষ্যাদিকর্ম্মনিষ্ঠা জগতোঽহিতাঃ শত্রবশ্চ সন্তস্তস্য ক্ষয়ায় প্রভবন্তি পরমার্থাজ্জগদ্‌ভ্রংশয়ন্তীত্যর্থঃ ॥ ৯ ॥

মধুসূদন।—ইয়ং দৃষ্টিঃ শাস্ত্রীয়দৃষ্টিবদিষ্টৈবেত্যাশঙ্ক্যাহ এতামিতি। এতাং প্রাগুক্তাং লোকায়তিকদৃষ্টিমবষ্টভ্যাবলম্ব্য নষ্টাত্মানোভ্রষ্টপরলোকসাধনাঃ অল্পবুদ্ধয়োদৃষ্টমাত্রোদ্দেশ্যপ্রবৃত্তমতয়ঃ উগ্রকর্ম্মাণোহিংস্রাঃ অহিতাঃ শত্রবোজগতঃ প্রাণিজাতস্য ক্ষয়ায় ব্যাঘ্রসর্পাদিরূপেণ প্রভবন্তি উৎপদ্যন্তে। তস্মাদিয়ং দৃষ্টিরত্যন্তাধোগতিহেতুত্বাৎ সর্ব্বাত্মনা শ্রেয়োঽর্থিভিস্ত্যাজ্যৈবেত্যর্থঃ ॥ ৯ ॥

নীলকণ্ঠ।—এতামনুপদোক্তাং লোকায়তিকানামভিপ্রেতাং দৃষ্টিম্ অবষ্টভ্য তামাশ্রিত্য নষ্টাত্মানঃ কামাদিবশত্বেন নষ্টধৈর্য্যাঃ যতোঽল্পে ক্ষুদ্রে দৃষ্টসুখে এব বুদ্ধির্যেষাং তে অল্পবুদ্ধয়ঃ অহিতা হিংস্রাঃ॥ ৯॥

বিশ্বনাথ।—এবংবাদিনোঽসুরাঃ কেচিন্নষ্টাত্মানঃ কেচিদল্পজ্ঞানাঃ কেচিদুগ্রকর্ম্মাণঃ স্বচ্ছন্দাচারাঃ মহানারকিনো ভবন্তীত্যাহ এতামিত্যেকাদশভিঃ। অবষ্টভ্য আলম্ব্য॥ ৯॥

তাৎপর্য্য।—পূর্ব্ব কথিতরূপ ভ্রমাত্মক বিশ্বাসের কিরূপ ভয়াবহ পরিণাম হয় এবং তদ্দ্বারা জগতের কি প্রকার ঘোর অনিষ্ট সংসাধিত হয়, তাহাই এস্থলে প্রদর্শিত হইতেছে। পূর্ব্বোল্লিখিতরূপ ভ্রমাত্মক দৃষ্টির বশবর্ত্তী হইয়া অর্থাৎ তাদৃশ অমূলক প্রমাণ বিরহিত এবং শাস্ত্রাসিদ্ধ বিশ্বাসদ্বারা পরিচালিত হইয়া জীবগণ অশেষ দুর্গতি ভোগ করিয়া থাকে। এইরূপ আপাতমনোহর অথচ অসার দর্শনের আশ্রয় গ্রহণ করিয়া জীবের আত্মা চিরদিনের নিমিত্ত নষ্ট হইয়া যায় অর্থাৎ তাহার সদসৎ নির্ব্বাচন শক্তি তিরোহিত হইয়া তাহাকে ভ্রমের কূপে নিপাতিত করিয়া রাখে। অপিচ এরূপ ভ্রান্ত দর্শনের প্রভাবে তাহাদের বুদ্ধি অতি সঙ্কীর্ণ হইয়া পড়ে, সুতরাং তাহারা উচ্চাভিলাষে ও উন্নতিসাধক কর্ম্ম সাধনে বঞ্চিত হইয়া পড়ে। তাহারা বুদ্ধির অল্পতা হেতু, আত্মার সঙ্কীর্ণতা হেতু উগ্রকর্ম্মা অর্থাৎ হিংসা দ্বেষ প্রভৃতি জঘন্য কর্ম্ম নিরত হইয়া পড়ে। এবংবিধ ভ্রষ্টমতি অসাধুদর্শী দুরাচারেরা মানবের ঘোর অনিষ্টকারীরূপে জগতের ক্ষয়ের নিমিত্ত প্রাদুর্ভূত হইয়া থাকে। ব্যাঘ্র সর্পাদি হিংস্র জীবকুল যেরূপ জগতের অনিষ্টকারী, উল্লিখিত অসত্য পথাবলম্বী মানবগণও তদ্রূপে জন্ম গ্রহণ করিয়া নিরন্তর জগতের অনিষ্ট সাধন করিয়া থাকে। সুতরাং সহজেই বুঝিতে পারা যায় যে, পূর্ব্বোল্লিখিত কুপথগামিগণের দৃষ্টি নিতান্ত অধোগতি বিধায়ক। অতএব যাঁহারা শ্রেয়োভিলাষী, যাঁহারা ইহত্র ও পরত্র কল্যাণ কামনা পরায়ণ, তাঁহাদিগের পক্ষে এইরূপ দৃষ্টি সর্ব্বথা হেয় ও বর্জ্জনীয়॥ ৯॥

——(:*:)——

কামমাশ্রিত্য দুষ্পূরং দম্ভমানমদান্বিতাঃ।
মোহাদ্ গৃহীত্বাসদ্গ্রাহান্ প্রবর্ত্তন্তেঽশুচিব্রতাঃ ॥১০॥

অন্বয়।—দুষ্পূরং (পূরয়িতুমশক্যং) কামং (বাসনাং) আশ্রিত্য (অবলম্ব্য) দম্ভমানমদান্বিতাঃ (দম্ভমানমদযুক্তাঃ) অশুচিব্রতাঃ [সন্তঃ] মোহাৎ (অবিবেকাৎ) অসদ্গ্রাহান্ (অশুভনিশ্চয়ান্) গৃহীত্বা প্রবর্ত্তন্তে ॥ ১০ ॥

প্রতিশব্দ।—দুষ্পূরণীয় বাসনাকে আশ্রয়-করিয়া দম্ভ-মান-মদ-যুক্ত অশুচি-ব্রত [হইয়া] মোহ-হেতু অশুভ-নিশ্চয়কে গ্রহণ-করিয়া প্রবৃত্ত-হয় ॥ ১০ ॥

ব্যাখ্যা।—আসুর জনগণ দুষ্পূরণীয় বাসনাকে আশ্রয় করতঃ দম্ভমানমদযুক্ত এবং অশুচিপরায়ণ হইয়া অবিবেক হেতু অশুভ সঙ্কল্প সমূহকে গ্রহণ পূর্ব্বক কার্য্যে প্রবৃত্ত হয় ॥ ১০ ॥

শঙ্করাচার্য্য।—তে চ কামেতি। কামং ইচ্ছাবিশেষমাশ্রিত্যাবষ্টভ্য দুষ্পূরমশক্যপূরণং দম্ভমানমদান্বিতাঃ দম্ভশ্চ মানশ্চ মদশ্চ দম্ভমানমদাস্তৈরন্বিতাঃ মোহাদবিবেকতঃ গৃহীত্বোপাদায় অসদ্গ্রাহানশুভনিশ্চয়ান্ প্রবর্ত্তন্তে লোকেঽশুচিব্রতাঃ অশুচীনি ব্রতানি যেষাস্তে অশুচিব্রতাঃ ॥১০॥

আনন্দগিরি।—তানেব দুরাচারানসুরান্ প্রকারান্তরেণ বিশিনষ্টি তে চেতি ॥ ১০ ॥

রামানুজ।—কামমিতি। দুষ্পূরং দুষ্প্রাপবিষয়ং কামমাশ্রিত্য তৎসিসাধয়িষয়া মোহাদজ্ঞানাৎ অসদ্গ্রাহান্ অন্যায়গৃহীতান্ গৃহিত্বা অশুচিব্রতাঃ অশাস্ত্রবিহিতব্রতযুক্তাঃ দম্ভমানমদান্বিতাঃ প্রবর্ত্তন্তে ॥ ১০ ॥

হনুমান্।—দুষ্পূরমশক্যপূর্ণং দম্ভশ্চ মানশ্চ মদশ্চ তৈরন্বিতাঃ দম্ভো ধর্ম্মধ্বজঃ ধার্ম্মিকত্বখ্যাপনং মানঃ আত্মনি সংভাবনং মদোদর্পঃ মোহাদবিবেকাৎ গৃহীত্বা উপাদায় অসদ্গ্রহানশুভ বিশ্বাসাৎ বর্ত্তন্তে লোকে অশুচীনি ব্রতান্যেষাং তে অশুচিব্রতাঃ ক্ষিপণাদি (?) তন্ত্রানুসারিণঃ ॥ ১০ ॥

শ্রীধর।—অপি চ কামমাশ্রিত্যেতি। দুষ্পূরং পূরয়িতুমশক্যং কামমাশ্রিত্য দম্ভাদিভির্যুক্তাঃ সন্তঃ ক্ষুদ্রদেবতারাধনাদৌ প্রবর্ত্তন্তে। কথং অসদ্গ্রাহান্গৃহীত্বা অনেন মন্ত্রেণৈতাং দেবতামারাধ্য মহানিধীন্ সাধয়াম ইত্যাদীন্ দুরাগ্রহান্ মোহমাত্রেণ স্বীকৃত্য প্রবর্ত্তন্তে, অশুচিব্রতা অশুচীনি মদ্যমাংসাদিবিষয়াণি ব্রতানি যেষাং তে ॥ ১০ ॥

☞ পাঠান্তর।—গৃহীত্বাসদ্গ্রহান্।

বলদেব।—অথ তেষাং দুর্বৃত্ততাং দুরাচারতাঞ্চাহ কামমিতি। দুষ্পূরং কামং বিষয়তৃষ্ণামাশ্রিত্য মোহাত্ত্বু শাস্ত্রাদসদ্গ্রাহান্ গৃহীত্বা অশুচিব্রতাঃ সন্তঃ প্রবর্ত্তন্তে। অসদ্গ্রাহান্দুষ্টনক্রবদাত্মবিনাশকান্ কল্পিতদেবতাতন্মন্ত্রতদারাধননিমিত্তককামিনীপার্থিবনিধ্যাকর্ষণরূপান দুরাগ্রহানিত্যর্থঃ। অশুচীনি শ্মশাননিষেবণমদ্যমাংসবিষয়াণি ব্রতানি যেষাং তে দম্ভেনাধর্ম্মিষ্ঠেষ্বেহপি ধর্ম্মিষ্ঠত্বখ্যাপনেন মানেনাপূজ্যত্বেহপি পূজ্যত্বখ্যাপনেন মদেনান্যুৎকৃষ্টত্বেহপ্যুৎকৃষ্টত্বারোপণেন চান্বিতাঃ॥ ১০॥

মধুসূদন।—তে যদা কেনচিৎ কর্ম্মণা মনুষ্যযোনিমাপদ্যন্তে তদাহ কামমিতি। কামং তত্তদ্দৃষ্টবিষয়াভিলাষং দুষ্পূরং পূরয়িতুমশক্যং দম্ভেনাধার্ম্মিকত্বেহপি ধার্ম্মিকত্বখ্যাপনেন মানেন অপূজ্যত্বেহপি পূজ্যত্বখ্যাপনেন মদেন উৎকর্ষরাহিত্যেপ্যুৎকর্ষবিশেষাধ্যারোপেণ মহদবধারণাহেতুনাহন্বিতাঃ অসৎগ্রাহান্ অশুভনিশ্চয়ান্ অনেন মন্ত্রেণেমাং দেবতামারাধ্য কামিনীনামাকর্ষণং করিষ্যামঃ, অনেন মন্ত্রেণেমাং দেবতামারাধ্য মহানিধীন্ সাধয়িষ্যাম ইত্যাদিদুরাগ্রহরূপান্ মোহাদবিবেকাৎ গৃহীত্বা ন তু শাস্ত্রাৎ অশুচীনি শ্মশানাদিদেশোচ্ছিষ্টত্বাদ্যবস্থাদ্যশৌচসাপেক্ষাণি বামাগমাদ্যুপদিষ্টানি ব্রতানি যেষাং তেঽশুচিব্রতাঃ প্রবর্ত্তন্তে যত্র কুত্রাপ্যবৈদিকে দৃষ্টফলে ক্ষুদ্রদেবতারাধনাদাবিতি শেষঃ এতাদৃশাঃ পতন্তি নরকেঽশুচাবিত্যগ্রিমেণান্বয়ঃ॥ ১০॥

নীলকণ্ঠ।—অসদ্গ্রাহান্ বশ্যাকর্ষণনিধ্যঞ্জনকায়সিদ্ধ্যাদিসাধনেষু অসমীচীনেষু গ্রাহাঃ নির্ব্বন্ধাত্যন্তাভিনিবেশাঃ তান্ গৃহীত্বা অশুচীনি মদ্যমাংসাদিসাপেক্ষাণি ব্রতানি নিয়মবিশেষা যেষাং তে তথাভূতাঃ সন্তঃ কুমার্গপ্রবর্ত্তনেন প্রবর্ত্তন্তে জগৎ ক্ষয়ায়েতি সম্বন্ধঃ॥ ১০॥

বিশ্বনাথ।—অসদ্গ্রাহান্ প্রবর্ত্তন্তে কুমতে এব প্রবৃত্তা ভবন্তি। অশুচীনি শৌচাচারবর্জ্জিতানি ব্রতানি যেষাং তে॥ ১০॥

তাৎপর্য্য।—অসুর ভাবাপন্ন মানবগণ কিরূপ ভাবে সংসারে বিচরণ করে এবং কিরূপ প্রবৃত্তির বশবর্ত্তী হইয়া কোন্ কোন্ কর্ম্ম অবলম্বন করে, তাহাই অতঃপর প্রদর্শিত হইতেছে। এ সংসারে কামনার পূরণ নাই, এক কামনার অবসান হইতে না হইতেই অন্য এক কামনা আসিয়া মানবকে বিব্রত করিতে থাকে। রমণীয় অট্টালিকা, সুন্দরী নারী, বিবিধ ধনরত্ন, শোভনোদ্যান, হয় হস্তী প্রভৃতি বাহন, ভোগৈশ্বর্য্য বিধায়ক বহু সামগ্রী, মনুষ্যের অবিশ্রান্ত কামনার বিষয়। এই কামনার কোনই অন্ত নাই। এখনই ক্ষুধার তাড়নায় অস্থির হইয়া ভোজ্যবস্তু লাভে ক্ষুন্নিবারণ জনিত শান্তি উপজাত হয় বটে, কিন্তু অচির কাল মধ্যেই আবার জঠর জ্বালা উৎপীড়িত করিতে থাকে। রমণী সঙ্গলোভে ব্যাকুল হইয়া মনুষ্য হিতাহিত জ্ঞান শূন্য হয়, এবং যতক্ষণ সেই কামনার বস্তুকে সম্ভোগ করিতে না পায়, ততক্ষণ সে স্থির হইতে পারে না। কিন্তু এইরূপ ভোগবাসনা

একবার নিবৃত্ত হইলেই মনুষ্যের কামনার অবসান হয় না। পুনরায় সেই রূপ ভোগের নিমিত্ত তাহাকে উন্মাদপ্রায় হইতে হয়। এইরূপে প্রত্যেক বিষয়েই দেখিতে পাওয়া যায় যে, কাম বস্তুতই দুষ্পূরণীয়। এইরূপ শান্তি সম্ভাবনা বিরহিত কামকে আশ্রয় করিয়া, অপিচ দম্ভ, মান এবং মাৎসর্য্য যুক্ত হইয়া অসুর ভাবাপন্ন মানবগণ অনেক অনর্থের উৎপাদন করে। অকারণ অনর্থক আত্মপ্রতিষ্ঠা পরিস্থাপনের চেষ্টার নাম দম্ভ; পাণ্ডিত্যের একান্ত অভাব হইলেও তজ্জন্য গৌরব প্রকাশ, সততা বিহীন হইলেও সর্ব্বতোভাবে আপনার সচ্চরিত্রতার ঘোষণা প্রভৃতি অলীক অনুষ্ঠানকে দম্ভ বলে। সাংসারিক মান মর্য্যাদা অতি অকিঞ্চিৎকর হইলেও প্রত্যেক বিষয়ে আপনার সম্মান স্থাপন পূর্ব্বক অভিমান প্রকাশ করা মূঢ়ের কার্য্য। সঙ্গে সঙ্গে অজ্ঞানজনিত অহঙ্কারে স্ফীত হইয়া সর্ব্বত্র আপনাকে সর্ব্বশ্রেষ্ঠ ও পরম গৌরবান্বিত বোধে অন্যান্য তাবতের প্রতি তাচ্ছীল্য বা অবজ্ঞা প্রদর্শন নিতান্ত হীনজনের কার্য্য। এ সকল ব্যাপারই উন্নতির প্রতিকূল এবং অধোগতি বিধায়ক। অসুর ভাবাপন্ন মানবগণ উল্লিখিতরূপ নিয়ত বর্দ্ধনশীল কামের অধীন হইয়া অপিচ দম্ভ মান এবং মোহযুক্ত হইয়া অজ্ঞানান্ধকারে বিচরণ করে এবং অতি নিকৃষ্ট বিবেকবিহীনতা পাশে বদ্ধ হইয়া অসদবলম্বনীয় ঘৃণিত কর্ম্ম সমূহকে পরম প্রার্থিত কর্ত্তব্য বলিয়া বোধ করে। অজ্ঞানের প্রাবল্যে হেয় উপায় বিশেষ অবলম্বন করিয়া তাহারা সিদ্ধিলাভের প্রয়াসী হয়; মারণ, উচাটন বশীকরণ প্রভৃতি নিন্দিত আভিচরিক * অনুষ্ঠান সমূহকে জীবনের অতি সুখ-

* অভিচার।—অভিচার ছয় প্রকার; মারণ, মোহন, স্তম্ভন, বিদ্বেষণ, উচাটন, বশীকরণ। স্বার্থসাধনের নিমিত্ত বা শত্রুনাশের অভিপ্রায়ে দেবতা বিশেষের উদ্দেশে পশুপক্ষী বিশেষকে হত্যা অথবা নির্দ্ধারিত দ্রব্যাদি সাহায্যে বিশেষ বিশেষ মন্ত্রাদির দ্বারা অভীষ্ট দেব বা দেবীর স্তুতি ও পূজা বা সাধনের নাম অভিচার। নানাতন্ত্রে নানাভাবে বিবিধ আভিচারিক বিধান আছে। বাহুল্য ভয়ে এস্থলে তৎসমস্ত উদ্ধৃত করা হইল না। সংক্ষেপে নিম্নে কিঞ্চিৎ স্থূল বিবরণ বিন্যস্ত হইতেছে। মারণ কার্য্যের নিমিত্ত মঙ্গলবারযুক্ত অষ্টমী তিথিতে রাত্রিকালে খদিরকাষ্ঠের অঙ্গার দ্বারা লৌহ ফলকে শত্রুর প্রতিকৃতি লিখিতে হইবে। তদনন্তর বিধান ক্রমে সেই চিত্রের নির্দ্দিষ্ট স্থান সমূহে মন্ত্র লিখিয়া দেবীর পূজা করিতে হইবে। এইরূপ অনুষ্ঠান সুনির্ব্বাহিত করিলে একাদশ দিবসে শত্রু রোগাক্রান্ত হইবে এবং বিংশদিন উত্তীর্ণ হইতে না হইতেই সে যমালয়ে গমন করিবে। (যোগিনী তন্ত্র দ্রষ্টব্য) মোহন কার্য্যের নিমিত্ত নানাবিধ নির্দ্দিষ্ট দ্রব্য সহকারে বিধি বিহিত মন্ত্রাদি উচ্চারণ পূর্ব্বক কনিষ্ঠা, মধ্যমা এবং অঙ্গুষ্ঠ এই অঙ্গুলীত্রয়ের দ্বারা হোম করিবে (বিশেষ বিবরণ তন্ত্রসারে দ্রষ্টব্য)

প্রদ কর্ত্তব্য বোধে অবলম্বন করে। এই দেবতার ভজনা করিলে বহুধন লাভ হইবে, এই মন্ত্রের সাধনা করিলে নারী বিশেষ অধীন হইবে এবং এই উপায়ের অনুষ্ঠান করিলে ভোগের আশা সফল হইবে, ইত্যাকার অলীক অসার চিন্তায় এবং নিন্দিত অনুষ্ঠানে তাহারা জীবনপাত করে। এই সকল অসুর ভাবাপন্ন জীব নিতান্ত অশুচিব্রত অর্থাৎ নিন্দিত আচরণ পরায়ণ। কদর্য্য ভোগ, সুরাসেবন, মাংসভোজন, পরকীয়া গমন, মিথ্যাভাষণ, ধর্ম্মমার্গের বিরুদ্ধাচরণরূপ অপবিত্র অকল্যাণকর গর্হিত আচরণই তাহাদিগের বিলাস। এই হীনজনেরা জগন্মণ্ডলে উল্লিখিতরূপ অসদনুষ্ঠানে রত থাকিয়া তাহারা আপনাদের সর্ব্বনাশ করে এবং জগন্মণ্ডলে অসদ্দৃষ্টান্ত স্থাপন করিয়া সমাজের ঘোর অমঙ্গল সাধন করে।

গ্রাহশব্দে কুম্ভীরাদি হিংস্র জলজন্তুকে বুঝায়। কোন কোন পূজ্যপাদ ব্যাখ্যাতা উল্লিখিতরূপ অর্থ গ্রহণ করিয়া যে সকল ব্যাপার মনুষ্যের অধোগতিরূপ একান্ত সর্ব্বনাশ সংঘটিত করে, তাহাদিগকে গ্রাহরূপে অবধারণ করিয়াছেন ॥ ১০ ॥

বিদ্বেষণ কার্য্যের নিমিত্ত গ্রীষ্মকালে পূর্ণিমা তিথিতে মধ্যাহ্নে মহিষ এবং অশ্বের পুরীষের সহিত গোমূত্র সংযুক্ত করিয়া যাহার সহিত বিদ্বেষ ঘটাইতে হইবে তাহার নাম লিখিতে হইবে। অথবা মহিষ এবং অশ্বের রক্ত দ্বারা শ্মশান বস্ত্রে কাকপক্ষ সাহায্যে তাহার নাম লিখিবে। তদনন্তর দ্বিজ অথবা চণ্ডালের কেশ দ্বারা বেষ্টন করিতে হইবে। তৎপরে মৃত্তিকা নির্ম্মিত কাঁচা শরায় স্থাপন করিয়া তাহা যথানির্দ্দিষ্ট স্থানে রক্ষা করিবে। তদনন্তর বিহিত পদ্ধতিক্রমে ভৈরবের পূজা করিলে নিশ্চয়ই বিদ্বেষ ঘটিবে। (ষট্‌কর্ম্ম দীপিকা) স্তম্ভন কার্য্যের নিমিত্ত কাক ও পেচকের পক্ষ দ্বারা শরাবে নির্দ্দিষ্ট মন্ত্র বিধান ক্রমে লিখিয়া ঐ মন্ত্র সহস্রবার জপকরতঃ নিশাকালে চতুষ্পথে নিহিত করিবে। এই উপায়ে জগতের স্তম্ভন হইতে পারে। (ফেৎকারিণী তন্ত্র দ্রষ্টব্য) উচ্চাটন কার্য্যের নিমিত্ত কৃষ্ণপক্ষীয় অষ্টমী বা চতুর্দ্দশী তিথিতে শনিবারে অশ্বদন্তনির্ম্মিত কেশসূত্র দ্বারা গ্রথিত মালায় বিহিত মন্ত্র নির্দ্দিষ্টবার জপ করিতে হইবে। তাহাতে যাহাকে উদ্দেশ করিয়া এই কার্য্য অনুষ্ঠিত হইবে, সে ব্যক্তি স্বদেশ স্বজনাদি ভ্রষ্ট হইবে। (শারদাতন্ত্র দ্রষ্টব্য) বশীকরণ কার্য্যের নিমিত্ত রজত ও পলা সহযোগে প্রতিমা নির্ম্মাণ করিয়া দেড় হস্ত পরিমিত গর্ত্তের মধ্যে স্থাপন করিবে। গর্ত্তের চতুর্দ্দিকে রক্তপতাকা স্থাপন করিতে হইবে। তদনন্তর রক্তাসনে পূর্ব্বাভিমুখে উপবেশন করিয়া জপ আরম্ভ করিবে। তিলপূর্ণ ঘটস্থাপন করিয়া বিহিত পূজা করিতে হইবে। তদনন্তর নানাবিধ অনুষ্ঠান সহকারে অনেক জপ ও ক্রিয়া সম্পন্ন হইলে প্রার্থিত ব্যক্তি নিশ্চয়ই বশতাপন্ন হইবে। (বৃহন্নীল তন্ত্র দ্রষ্টব্য) এই সকল আভিচারিক অনুষ্ঠান ধর্ম্ম শাস্ত্রে অতিশয় নিন্দিত এবং উপপাতক মধ্যে পরিগণিত। যথা; "হিংসৌষধীনাং স্ত্র্যাজীবোঽভিচারো মূলকর্ম্ম চ।" (মনুসংহিতা ১১শ অধ্যায় ৬৪ শ্লোক) অর্থাৎ ওষধী সকলের হিংসা, উপপতি সহযোগে পত্নীর উপার্জ্জনে জীবিকাপাত, আভিচারিক ক্রিয়া দ্বারা অপরের অনিষ্ট সাধন এবং মন্ত্রাদি দ্বারা বশীকরণ, এই সমস্তকে উপপাতক বলা হয়।

চিন্তামপরিমেয়াঞ্চ প্রলয়ান্তামুপাশ্রিতাঃ।
কামোপভোগপরমা এতাবদিতি নিশ্চিতাঃ॥
আশাপাশশতৈর্ব্বদ্ধাঃ কামক্রোধপরায়ণাঃ।
ঈহন্তে কামভোগার্থমন্যায়েনার্থসঞ্চয়ান্॥১১।১২॥

অন্বয়।—অপরিমেয়াং (অপরিমিতাং) প্রলয়ান্তাং (মরণান্তাং) চ চিন্তাং উপাশ্রিতাঃ (আশ্রিতাঃ) কামোপভোগপরমাঃ (কামোপভোগ এব পরমঃ পুরুষার্থঃ যেষাং তে) এতাবৎ (ভোগ এব পুরুষার্থঃ) ইতি নিশ্চয়াঃ (কৃতনিশ্চয়াঃ), আশাপাশশতৈঃ (অসংখ্যআশাজালৈঃ) বদ্ধাঃ (নিবদ্ধাঃ) কামক্রোধপরায়ণাঃ) (কামক্রোধযুক্তাঃ) কামভোগার্থং (বাসনাতৃপ্ত্যৈ) অন্যায়েন পরপীড়নাদিনা (অর্থসঞ্চয়ান্) ধনরাশীন্ ঈহন্তে (চেষ্টন্তে)॥ ১১। ১২॥

প্রতিশব্দ।—অপরিমিত ও মরণান্ত চিন্তাকে আশ্রয়-করতঃ কাম-ভোগ-পরায়ণ ভোগই-পুরুষার্থ-এইরূপ কৃত-নিশ্চয়, অসংখ্য-আশা-পাশ-দ্বারা বদ্ধ, কাম-ক্রোধ-যুক্ত [আসুরগণ] কাম-ভোগ-নিমিত্ত অন্যায়ের-দ্বারা অর্থ-সঞ্চয়কে চেষ্টা-করে॥ ১১। ১২॥

ব্যাখ্যা। এই সকল আসুরস্বভাব ব্যক্তিগণ অপরিমিত এবং মরণান্তস্থায়ী চিন্তাকে অবলম্বন পূর্ব্বক কামভোগ পরায়ণ হইয়া কাম ভোগই পরম পুরুষার্থ এইরূপ কৃতনিশ্চয় হয়, এবং অসংখ্য আশা-পাশে বদ্ধ হইয়া কামক্রোধ পরায়ণ ইহারা পরপীড়নাদি অন্যায়ের দ্বারা ধন সঞ্চয়ে যত্নবান্ হয়॥ ১১॥ ১২॥

শঙ্করাচার্য্য।—কিঞ্চ চিন্তেতি। চিন্তামপরিমেয়াঞ্চ ন পরিমাতুং শক্যতে অস্যাশ্চিন্তায়া ইয়ত্তা সা অপরিমেয়া তামপরিমেয়াং প্রলয়ান্তাং মরণান্তামুপাশ্রিতাঃ সদা চিন্তাপরা ইত্যর্থঃ, কামোপভোগপরমাঃ কাম্যন্ত ইতি কামাঃ শব্দাদয়স্তদুপভোগপরমাঃ অয়মেব পরমঃ পুরুষার্থোযঃ কামোপভোগ ইত্যেবং নিশ্চিতাত্মান এতাবদিতি নিশ্চিতাঃ। আশাপাশেতি। আশাপাশশতৈঃ আশা এব পাশাস্তচ্ছতৈরাশাপাশশতৈর্ব্বদ্ধা নিযন্ত্রিতাঃ সন্তঃ সর্ব্বতঃ আকৃষ্যমাণাঃ কামক্রোধ-পরায়ণাঃ কামক্রোধৌ পরময়নং পর আশ্রয়োযেষাস্তে কামক্রোধপরায়ণাঃ ঈহন্তে কাম-

ভোগার্থং কামভোগপ্রয়োজনায় ন ধর্ম্মার্থমন্যায়েনার্থসঞ্চয়ান্ অর্থপ্রচয়ান্ অন্যায়েন পরস্বাপহরণাদিনেত্যর্থঃ ॥ ১১। ১২ ॥

আনন্দগিরি।—তানেব বিধান্তরেণ বিশিনষ্টি কিঞ্চেতি। চিন্তামাত্মীয়যোগক্ষেমোপায়ালোচনাত্মিকামপরিমেয়বিষয়ত্বাৎ পরিমাতুমশক্যামাশ্রিতাইতি সম্বন্ধঃ। এষকামোপভোগঃ পরময়নং সুখস্তেত্যেতাবাৎ পারত্রিকং তু নাস্তি সুখমিতি নিশ্চয়বন্তইত্যাহ এতাবদিতীতি। আসুরানেব পুনঃ বিশিনষ্টি আশেতি। অশক্যোপায়ার্থবিষয়া অনবগতোপায়ার্থবিষয়া বা প্রার্থনা আশা স্তাঃ পাশাইব পাশাস্তেষাং শতৈর্ব্বদ্ধাইব শ্রেয়সঃ প্রচ্যাব্যেত ততো নীয়মানায় ইত্যাহ আশাএবেতি ॥ ১১। ১২ ॥

রামানুজ।—চিন্তেতি। অদ্যশ্বোবা মুমূর্ষবঃ চিন্তামরিমেয়াঞ্চাপরিচ্ছেদ্যাং প্রলয়ান্তাং প্রাকৃতপ্রলয়াবধিকসাধ্যবিষয়ামুপাশ্রিতাঃ। তথা কামোপভোগপরমাঃ কামোপভোগএব পরমঃ পুরুষার্থ ইতি মন্বানাঃ। এতাবদিতি নিশ্চিতা ইতোঽধিকঃ পুরুষার্থো ন বিদ্যতে ইতি সঞ্জাতনিশ্চয়াঃ। আশাপাশেতি। আশাপাশশতৈঃ আশাখ্যপাশশতৈর্ব্বদ্ধাঃ কামক্রোধ পরায়ণাঃ কামক্রোধৈকনিষ্ঠাঃ কামভোগার্থমন্যায়েনার্থসঞ্চয়ান্ প্রতীহন্তে। ১১। ১২ ॥

হনুমান্।—অপরিমেয়াং বিচ্ছেদরহিতাং প্রলয়ান্তামুপাশ্রিতাঃ সদা চিন্তাপরাইত্যর্থঃ কামোপভোগপরমাঃ বিষয়োপভোগপ্রধানা এতাবদিতি নিশ্চিতাঃ এতাবান্ পুরুষার্থঃ শব্দাদি বিষয়োপভোগমিতি নিশ্চিতা কৃতাধ্যবসায়াঃ। আশাপাশশতৈঃ বদ্ধাঃ আকৃষ্যমাণাঃ কামক্রোধৌ পরময়নং যেষাং তে কামক্রোধ পরায়ণাঃ কামক্রোধবশা ইত্যর্থঃ ঈহন্তে অর্জয়ন্তি কামভোগ প্রয়োজনার্থমন্যায়েন অশাস্ত্র বিহিতোপায়েনার্থ সঞ্চয়ান্ দ্রব্যসঞ্চয়ান্॥ ১১। ১২ ॥

শ্রীধর।—কিঞ্চ চিন্তামিতি। প্রলয়োমরণমেবান্তোযস্যান্তামপরিমেয়াং পরিমাতুমশক্যাং চিন্তামাশ্রিতা নিত্যচিন্তাপরা ইত্যর্থঃ। কামোপভোগএব পরমোযেষাং তে, এতাবদিতি কামোপভোগ এব পরমঃ পুরুষার্থোনান্যদস্তীতি কৃতনিশ্চয়া অর্থসঞ্চয়ানীহন্ত ইত্যুত্তরেণান্বয়ঃ, তথা চ বার্হস্পত্যসূত্রং "কাম এবৈকঃ পুরুষার্থ ইতি চৈতন্যবিশিষ্টঃ কামঃ পুরুষ ইতি চ"। অতএব আশেতি। আশা এব পাশাস্তেষাং শতৈর্ব্বদ্ধা ইতস্তত আকৃষ্যমাণাঃ, কামক্রোধপরায়ণাঃ কামক্রোধৌ পরময়নমাশ্রয়োযেষাং তে, কামভোগার্থমন্যায়েন চৌর্য্যাদিনার্থানাং সঞ্চয়ান্ রাশীনীহন্ত ইচ্ছন্তি ॥ ১১। ১২ ॥

বলদেব।—অপরিমেয়ামপরাং প্রলয়ান্তাঞ্চ মরণকালাবধিসাধ্যবস্তুবিষয়াং চিন্তামুপাশ্রিতাঃ কামোপভোগঃ সম্যগ্বিষয়সেবৈব পরমঃ পুমর্থো যেষাং তে। এতাবদেব কামোপভোগমাত্রমেবৈহিকং ন ত্বতোঽন্যৎ পারলৌকিকং সুখমস্তীতি কৃতনিশ্চয়াঃ। আশেতি স্পষ্টম্। ঈহন্তে কর্ত্তুং চেষ্টন্তে। অন্যায়েন কূটসাক্ষ্যেণ চৌর্য্যেণ চ॥ ১১। ১২ ॥

মধুসূদন।—তানেব পুনর্ব্বিশিনষ্টি চিন্তামিতি। চিন্তামাত্মীয়যোগক্ষেমোপায়ালোচনাত্মিকাং অপরিমেয়াং অপরিমেয়বিষয়ত্বাৎ পরিমাতুমশক্যাং প্রলয়োমরণমেবান্তোযস্যাস্তাং প্রলয়ান্তাং যাবজ্জীবমনুবর্ত্তমানামিতি যাবৎ ন কেবলমশুচিব্রতাঃ প্রবর্ত্তন্তে কিন্ত্বেতাদৃশীং চিন্তাং

চোপাশ্রিতা ইতি সমুচ্চয়ার্থশ্চকারঃ সদানন্তচিন্তাপরা অপি ন কদাচিৎ পারলৌকিকচিন্তাযুতাঃ, কিং তু কামোপভোগপরমাঃ কাম্যন্ত ইতি কামাঃ দৃষ্টাঃ শব্দাদয়োবিষয়াস্তদুপভোগ এব পরমঃ পুরুষার্থোন ধর্ম্মাদির্যেষাং তে তথা পারলৌকিমুত্তমং সুখং কুতোন কাময়ন্তে তত্রাহ এতাবদ্দৃষ্টমেব সুখং নান্যদেতচ্ছরীরবিয়োগে ভোগ্যং সুখমস্তি এতৎকায়াতিরিক্তস্য ভোক্তুরভাবাদিতি নিশ্চিতাঃ এবং নিশ্চয়বন্তঃ। তথা চ বার্হস্পত্যং সূত্রং,—"চৈতন্যবিশিষ্টঃ কায়ঃ পুরুষঃ কাম এবৈকঃ পুরুষার্থঃ" ইতি চ। ত ঈদৃশা অসুরাঃ অশক্যোপায়ার্থবিষয়া অনবগতোপায়ার্থবিষয়া প্রার্থনা আশাস্তা এব পাশা ইব বন্ধনহেতুত্বাৎ পাশাস্তেষাং শতৈঃ সমূহৈর্বদ্ধা ইব শ্রেয়সঃ প্রচ্যাব্যেতস্তত আকৃষ্য নীয়মানাঃ কামক্রোধৌ পরময়নমাশ্রয়োযেষাং তে কামক্রোধপরায়ণাঃ স্ত্রীব্যতিকরাভিলাষপরানিষ্টাভিলাষাভ্যাং সদা পরিগৃহীতা ইতি যাবৎ কর্তুং চেষ্টন্তে কামভোগার্থং অন্যায়েন পরস্বহরণাদিনা অর্থসঞ্চয়ান্ ধনারাশীন্। সঞ্চয়ানিতি বহুবচনেন ধনপ্রাপ্তাবপি তত্তৃষ্ণানুবৃত্তেঃ বিষয়প্রাপ্তিবর্দ্ধনতৃষ্ণাস্বরূপোলোভোদর্শিতঃ॥ ১১। ১২।

নীলকণ্ঠ।—চিন্তাং যোগক্ষেমবিষয়াং প্রলয়ান্তাং মরণাবধিং এতাবৎ দেহ এবাত্মা কামোভোগ এব পুরুষার্থ ইতোঽন্যন্নাস্তীতি নিশ্চিতাঃ নিশ্চয়বন্তঃ, তথাচ বার্হস্পত্যং সূত্রং চৈতন্যবিশিষ্টঃ কায়ঃ পুরুষঃ কামএবৈকঃ পুরুষার্থ" ইতি চ। অন্যায়েন পরবঞ্চনাদিনা অর্থসঞ্চয়ান্ ধনরাশীন্ ঈহন্তে লিপ্সন্তে॥ ১১। ১২॥

বিশ্বনাথ।—প্রলয়ান্তাং প্রলয়োমরণং তৎ পর্য্যন্তাং। এতাবদিতি ইন্দ্রিয়াণি বিষয়সুখে মজ্জন্ত নাম কা চিন্তা ইত্যেতাবৎ এবশাস্ত্রার্থতাৎপর্য্যমিতি নিশ্চিতং যেষাং তে॥ ১১। ১২। ১৩। ১৪। ১৫॥

তাৎপর্য্য।—অসুরভাবাপন্ন অশুচিব্রত মানবগণের আরও কতক গুলি চেষ্টার বিষয় অধুনা দুই শ্লোকে বিবৃত হইতেছে। তাহাদের চিন্তা অপরিমেয় এবং প্রলয়ান্ত কালস্থায়ী। কোন সৎকর্ম্ম ও সাধু উদ্দেশ্য না থাকায় তাহারা যাবজ্জীবন কেবল কুচিন্তায় ব্যাপৃত থাকে। যতদিন তাহাদিগের দেহের নাশ না হয়, ততদিন নিরন্তর রাশীকৃত কুচিন্তা তাহাদিগের স্কন্ধে ন্যস্ত থাকে। ব্যক্তি বিশেষের ধনশালিতা দেখিয়া তাহারা হিংসায় জর্জ্জরিত হইয়া সেই আঢ্যব্যক্তির অনিষ্ট চিন্তায় মগ্ন হয়; কাহারও পত্নীর সহিত অপরিমিত অকৃত্রিম প্রণয় প্রবাহ দেখিয়া তাহারা সেই প্রেম-স্রোত নিরুদ্ধ বা শুষ্ক করিবার প্রযাসে চিন্তাকুল হয়; কাহাকেও বিদ্যাধর্ম্ম বা সৎকীর্ত্তির নিমিত্ত যশোভাজন দেখিয়া তাহারা সেই গুণান্বিত পুরুষকে অপদস্থ করিবার চিন্তায় মগ্ন হয়; ইত্যাকার সীমাশূন্য চিন্তাসাগরে তাহারা নিয়ত নিমগ্ন। কোন সময়েই জ্ঞানের উন্মেষ না হওয়ায় জীবনান্ত কাল পর্য্যন্ত এই সকল দুর্ভাবনা কখনই তাহাদিগের সঙ্গ ত্যাগ

করে না। এই সকল অজ্ঞানান্ধ ব্যক্তি কামোপভোগকেই পরম পদার্থ জ্ঞান করে। যেরূপ কামনা কেন উপস্থিত হউক না, তাহার ভালমন্দ বিচারে তাহারা অশক্ত, তাহাদিগের বোধে সকল কামনাই পরম সুখের হেতুভূত, এবং তাহা উপভোগ করিতে পারিলেই পরম সৌভাগ্যোদয় হইবে বলিয়া তাহারা বিশ্বাস করে। ন্যায় বা অন্যায়, হিত বা অহিত চিন্তা পরিহার পূর্ব্বক তাহারা কাম্য বস্তু লাভ ও তাহার উপভোগ করিতে পারিলেই জীবন ধারণ সার্থক বলিয়া মনে করে। বয়স্থের শোভাময়ী সহধর্ম্মিণীকে দেখিয়াও তাহারা ভোগের নিমিত্ত বিচলিত হয় এবং যতক্ষণ সেই কুৎসিৎ বাসনার পরিতৃপ্তি না হয়, ততক্ষণ তাহারা উন্মত্ত ভাবে কামোপভোগের চেষ্টায় বিনিযুক্ত থাকে। কামনামাত্রেরই পরিতৃপ্তি তাহারা পুরুষার্থসিদ্ধির লক্ষণ বলিয়া জানে। তাহারা অজ্ঞতা হেতু অতি তুচ্ছ ও অবৈধ পার্থিব সুখের অন্বেষণে ব্যাপৃত হইয়া জীবনপাত করে। পারমার্থিক অতুলনীয় পরম সুখের তত্ত্ব তাহারা কিছুই জানে না। তাহারা বিশ্বাস করে, এই দেহই সর্ব্বস্ব। এই দেহ মধ্যে দেহাতিরিক্ত আত্মা নামক কোন বস্তুর অস্তিত্বে তাহাদিগের বিশ্বাস নাই। দেহান্ত হইলেই সকল ভোগের অন্ত হইবে বলিয়া তাহারা জানে এবং দেহকেই আত্মা বলিয়া মনে করে, এইরূপ ভ্রমই তাহারা সত্য বলিয়া হৃদয়ে পোষণ করিয়া রাখে; তজ্জন্যই তাহারা দৈহিক ভোগ ব্যতীত অন্য কোন উচ্চাভিলাষের অনুসরণ করে না। এই দেহ নাশের পর দেহাতীত আত্মা যে অবিনশ্বর ভাবে বর্ত্তমান থাকিবে এবং অত্রত্য কর্ম্মসূত্রে বদ্ধ হইয়া সেই আত্মাকে যে বারংবার ক্লেশময় অপ্রার্থিত সংসার বন্ধনে বদ্ধ হইতে হইবে, সুতরাং এই জীবনেই নিতান্ত সাবধানতার সহিত পারলৌকিক শ্রেয়স্কর ক্রিয়া কলাপের অনুষ্ঠান করা বিধেয়, ইত্যাকার অভ্রান্ত সত্য তত্ত্ব তাহাদিগের হৃদয়ে স্থান লাভ করিতে পারে না। এই দুর্ব্বৃত্তগণ নিয়ত বিবিধ আশায় বদ্ধ। এই কার্য্য করিলে এইরূপ সুখ হইবে, তাহার পরে, এইরূপ সৌভাগ্যোদয় ঘটিবে, তদনন্তর এইরূপে জগন্মান্য হইব, ইত্যাকার অসংখ্য আশা এই অসুর ভাবাপন্ন মানবগণের হৃদয়কে নিয়ত আবদ্ধ করিয়া রাখে। আশার বন্ধন ছিন্ন করিয়া স্বাধীন হইতে তাহাদিগের আর সাধ্য নাই। ব্যাধের স্থাপিত বাগুরায় যেমন বিহঙ্গমকুল বদ্ধ হয়, ধীবরের জালে যেমন

মীন সমূহ আবদ্ধ হয়, সেই রূপে এই হতভাগ্যেরা আশার পাশে বদ্ধ হইয়া থাকে। অন্যান্য জীবকে আয়ত্ত করিবার নিমিত্ত নিষাদেরা একখানি মাত্র জাল বিস্তার করিয়া থাকে; কিন্তু এই দুরাচারগণকে আশার শত ফাঁদ নিয়ত বাঁধিয়া রাখিয়াছে। তাহারা কামনা এবং ক্রোধের অধীন। বস্তু বিশেষ প্রাপ্তির নিমিত্ত তাহারা নিয়তই কামনাপরায়ণ। তদ্বিষয়ে অসিদ্ধি সম্ভাবনা ঘটিলে তাহারা ক্রোধে উত্তেজিত হইয়া উঠে। পার্শ্বস্থ প্রতিবাসীর ক্ষুদ্র ভূখণ্ড কৌশলে ঘিরিয়া লইয়া আপনার করিতে অভিলাষী; কিন্তু যদি কৌশল প্রকাশ হওয়ায় সে মনোরথ সিদ্ধ না হয়, তাহা হইলে নিদারুণ ক্রোধে সেই প্রতিবাসীকে নির্য্যাতন করিবার প্রবৃত্তি, এইরূপ যুগপৎ কামনা ও ক্রোধপরায়ণতা এই ভ্রষ্টাচারী মানবগণের অবিশ্রান্ত ব্যবহার। স্বকীয় কামভোগের নিমিত্ত অর্থাৎ কাম্যবস্তু প্রাপ্তির অভিলাষে তাহারা অপরের অনিষ্ট সাধনে নিয়ত চেষ্টাশীল। কাহারও কোন অতি তৃপ্তিপ্রদ ভোগ্যবস্তু আত্মসাৎ করিবার বাসনায় এই দুর্বৃত্তেরা সেই বস্তুর অধিকারীকে অশেষ বিপদে ফেলিয়া, এমন কি তাহাকে বিনাশ করিয়াও প্রার্থিত পদার্থ অপহরণ ও আত্মসাৎ করিতে পশ্চাৎপদ নহে।

ভ্রান্তদর্শিগণ কেবল কামভোগকেই এই শরীরের সার্থকতা জ্ঞান করে, এই কথা প্রতিপাদন করিবার অভিপ্রায়ে কোন কোন টীকাকার নিম্নলিখিত বার্হস্পত্য সূত্র উদ্ধৃত করিয়াছেন। তদ্‌যথা; "চৈতন্যবিশিষ্টঃ কায়ঃ পুরুষঃ কাম এবৈকঃ পুরুষার্থঃ।" ইহার ভাবার্থ এই যে, এই চৈতন্যময় শরীরই পুরুষ, আর কেবল কামই একমাত্র পুরুষার্থ॥ ১১। ১২॥

—:•(*):•—

ইদমদ্য ময়া লব্ধমিদং প্রাপ্স্যে মনোরথম্।
ইদমস্তীদমপি মে ভবিষ্যতি পুনর্ধনম্॥ ১৩॥

অন্বয়।—অদ্য ময়া ইদং (ধনাদিকং) লব্ধং (প্রাপ্তং) ইদং মনোরথং (মনস্তুষ্টিকরং) প্রাপ্স্যে (প্রাপ্স্যামি) ইদং অস্তি পুনঃ অপি মে (মম) ইদং ধনং ভবিষ্যতি॥ ১৩॥

প্রতিশব্দ।—অদ্য আমার-কর্ত্তৃক ইহা লব্ধ-হইয়াছে, এই মনোরথকে পাইব, ইহা আছে, পুনর্ব্বারও আমার এই ধন হইবে ॥ ১৩ ॥

ব্যাখ্যা।—তাহারা মনে করে, সম্প্রতি আমি এই ধনাদি লাভ করিয়াছি, পরে এই মনস্তুষ্টিকর পদার্থকে লাভ করিতে পারিব; সম্প্রতি আমার এই ধন আছে, কিন্তু ভবিষ্যতে পুনর্ব্বার আমার অধিক পরিমাণে ধন বৃদ্ধি হইবে ॥ ১৩ ॥

শঙ্করাচার্য্য।—ঈদৃশশ্চ তেষামভিপ্রায়ঃ ইদমিতি। ইদং দ্রব্যং অদ্য ইদানীং ময়া লব্ধং ইদঞ্চ অন্যং প্রাপ্স্যে মনোরথং মনস্তুষ্টিকরং, ইদমপি মে ভবিষ্যত্যাগামিনি সম্বৎসরে পুনর্ধনং তেনাহং ধনী বিখ্যাতো ভবিষ্যামি ॥ ১৩ ॥

আনন্দগিরি।—তেষামভিপ্রায়োঽপি বিবেকবিরোধীত্যাহ ঈদৃশশ্চেতি। দ্রব্যংগো হিরণ্যাদি। ইদমন্যদ্বুক্তৌ প্রার্থ্যমানত্বেন বিপরিবর্ত্তমানমিত্যেতৎ ॥ ১৩ ॥

রামানুজ।—ইদমিতি। ইদং ক্ষেত্রপুত্রাদিকং সর্ব্বং ময়া মৎসামর্থ্যেন লব্ধং নাদৃষ্টাদিনা ইমং চ মনোরথমহমেব প্রাপ্স্যে নাদৃষ্টাদিসহিতঃ মৎসামর্থ্যলব্ধমিদং ধনং মেঽস্তি ইদমপি পুনর্মে মৎসামর্থ্যেন ভবিষ্যতি ॥ ১৩ ॥

হনুমান্।—ইদং দ্রব্যং সুবর্ণাদি অস্মিন্নহনি প্রাপ্তমিমং মনোরথং প্রাপ্স্যে অহং মনোরথং অভিমতং ইতিইদমপি ধনং ভবিষ্যতি ॥ ১৩ ॥

শ্রীধর।—তেষাং মনোরথং কথয়ন্ নরকপ্রাপ্তিমাহ ইদমদ্যেতি চতুর্ভিঃ। প্রাপ্স্যে প্রাপ্স্যামি মনোরথং মনসঃ প্রিয়ং, স্পষ্টমন্যৎ। এতেষাঞ্চ ত্রয়াণাং শ্লোকানামিত্যজ্ঞানবিমোহিতাঃ সন্তো নরকে পতন্তীতি চতুর্থেনান্বয়ঃ ॥ ১৩ ॥

বলদেব।—তেষাং ধনাশানুবৃত্তিং মনোরাজ্যোক্ত্যা বিবৃণ্বন্ নরকনিপাতমাহেদমিতি চতুর্ভিঃ। ইদং ক্ষেত্রং পশুপুত্রাদি ময়ৈবাদ্য স্বধীবলেন লব্ধম্। ইমং মনোরথং মনঃপ্রিয়মর্থমহমেব স্ববলেন প্রাপ্স্যামি। স্ববলেনৈব লব্ধমিদং ধনং মম সংপ্রত্যস্তি। ইদমিষ্যমাণং ধনং আগামিবর্ষে মদ্বলেনৈব মে ভবিষ্যতি ন ত্বদৃষ্টবলেন ঈশ্বরপ্রসাদেন বেত্যর্থঃ ॥ ১৩ ॥

মধুসূদন।—তেষামীদৃশীং ধনতৃষ্ণানুবৃত্তিং মনোরাজ্যকথনেন বিবৃণোতি ইদমিতি। ইদং ধনং অত ইদানীমনেনোপায়েন ময়া লব্ধং, ইদং তদন্যৎ মনোরথং মনস্তুষ্টিকরং শীঘ্রমেব প্রাপ্স্যে ইদং পূর্ব্বৈব [illegible] গৃহেঽস্তি ইদমপি বহুতরং ভবিষ্যত্যাগামিনি সংবৎসরে পুনর্ধনং এবং ধনতৃষ্ণাকুলাঃ [illegible] পতন্তি নরকেঽশুচাবিত্যগ্রিমেণান্বয়ঃ ॥ ১৩ ॥

নীলকণ্ঠ।—আশাপাশান্ বিবৃণোতি ইদমদ্যেতি ॥ ১৩ ॥

তাৎপর্য্য।—শত আশা-পাশবদ্ধ ধনতৃষ্ণাকুল জীবগণ মনে মনে

কিরূপ অভিসন্ধির পোষণ করিয়া থাকে, তাহাই অতঃপর শ্লোক চতুষ্টয়ে কথিত হইতেছে। বহু যত্নে ও আয়াসে কিঞ্চিন্মাত্র ধন বা কাম্য অন্য কোন বস্তু লাভ করিয়া তাহারা হর্ষোৎফুল্লচিত্তে কল্পনা করে যে, অদ্য অর্থাৎ সম্প্রতি আমি বিত্ত লাভ বা অর্জ্জন করিয়াছি। তাহার পর সে মনে মনে অনেক প্রকার কল্পনা করিয়া অবধারণা করে যে, চেষ্টা বা যত্ন সহকারে প্রয়াসবান্ হইলে আমি এই এই অভীষ্ট শীঘ্রই প্রাপ্ত হইব। তদনন্তর সে চিন্তা করিতে থাকে যে, বর্ত্তমানে আমার এই আছে, এবং ভবিষ্যতে অর্থাৎ সংবৎসর পরে বা নিয়মিত কালান্তরে পুনরায় এই এই ধন অর্থাৎ প্রার্থিত পদার্থ সমূহ আমি প্রাপ্ত হইব।

এতাবতা ইহাই প্রদর্শিত হইতেছে যে, এইরূপ আশা-পাশবদ্ধ জীবের বাসনার অবসান নাই, এবং ধনতৃষ্ণারও শান্তি নাই। সে নিরন্তর আকাশে অট্টালিকা নির্ম্মাণ করিতে থাকে এবং বর্ত্তমানের সহিত ভবিষ্যতের সম্মিলন করিয়া সুখময় রাজ্যের সংগঠন করে। এইরূপ হতভাগ্যগণের নরকনিবাস হয়, একথা শ্রীভগবান্ অচিরে ব্যক্ত করিবেন।

তাহারা যে কিছু ধন ধান্য, গাভি গৃহাদির অধিকারী, তত্তাবৎ স্বকীয় বাহুবলে ও ক্ষমতা দ্বারা অর্জ্জিত বলিয়া জ্ঞান করে। ভবিষ্যতে সেইরূপ ক্ষমতা দ্বারা আর যাহা সংগ্রহ করিতে পারিবে তাহারও কল্পনায় তাহারা প্রমত্ত হয়। তাহারা একবারও মনে করে না যে, এই সকল ব্যাপারে শ্রীভগবানের কর্ত্তৃত্ব একমাত্র নিয়ামক অথবা তাঁহার প্রসাদেই এই সকল অর্জ্জিত হইয়াছে বা হইবে॥ ১৩॥

——:(০):——

অসৌ ময়া হতঃ শত্রুর্হনিষ্যে চাপরানপি।
ঈশ্বরোঽহমহং ভোগী সিদ্ধোঽহং বলবান্ সুখী॥১৪॥

অন্বয়।—ময়া অসৌ শত্রুঃ হতঃ অপরান্ (শত্রূন্) অপি হনিষ্যে (নাশয়িষ্যামি) চ, অহং ঈশ্বরঃ (সর্ব্ব নিয়ন্তা) অহং ভোগী (বিবিধ ভোগসম্পন্নঃ) অহং সিদ্ধঃ (সিদ্ধমনোরথঃ) বলবান্ সুখী॥ ১৪॥

প্রতিশব্দ।—আমার-কর্ত্তৃক এই শত্রু হত-হইয়াছে, অপরকেও নাশ-করিব; আমি ঈশ্বর, আমি ভোগী, আমি সিদ্ধ, বলবান্, সুখী ॥ ১৪ ॥

ব্যাখ্যা।—আমি এই শত্রুকে বিনাশ করিয়াছি, পরে অন্যান্য শত্রুগণকেও বিনষ্ট করিব; কারণ আমিই সর্ব্ব নিয়ন্তা, বিবিধ ভোগোপকরণ বেষ্টিত, সিদ্ধ মনোরথ, বলবান্ এবং সুখী ॥ ১৪ ॥

শঙ্করাচার্য্য।—অসৌ ময়েতি। অসৌ দেবদত্তনামা ময়া হতঃ দুর্জ্জয়ঃ শত্রুঃ, হনিষ্যে চান্যানবরাকান্ পরানপি কিমেতে করিষ্যন্তি তপস্বিনঃ সর্ব্বথাপি নাস্তি মত্তুল্য ঈশ্বরোঽহমহং ভোগী সর্ব্বপ্রকারেণ চ সিদ্ধোঽহং সম্পন্নঃ পুত্রৈঃ পৌত্রৈর্নপ্তৃভির্ন কেবলং মানুষোঽহং বলবান্ সুখী চাহমেব অন্যে তু ভূমিভারায়াবতীর্ণাঃ॥ ১৪ ॥

আনন্দগিরি।—যথোক্তে মদভিপ্রায়ে প্রতিবন্ধকঃ শত্রুরপি ন সম্ভবতীত্যাহ অসাবিতি। স্বতোবিহীনানাং ত্বয়া পরিভবেঽপি স্বতুল্যানাং শত্রূণাং পরিভবো নিশ্চিতো ন ভবতীত্যাশঙ্ক্যাহ সর্ব্বথেতি। ঐশ্বর্য্যাতিরেকেঽপি কুতস্তেষাং ভোগসামর্থ্যমিত্যাশঙ্ক্যাহ অহমিতি। সিদ্ধত্বমেব স্ফুটয়তি সম্পন্নইতি। বলবানোজস্বী সুখী রোগরহিতঃ॥ ১৪ ॥

রামানুজ।—অসাবিতি। অসৌ ময়া বলবতা হতঃ শত্রুঃ অপরানপি শত্রূনহং শূরোধীরশ্চ হনিষ্যে কিমত্র মন্দধীভির্দুর্ব্বলৈঃ পরিকল্পিতেনাদৃষ্টাদি পরিকরেণ তথাচ ঈশ্বরোঽহং স্বাধীনোঽহমন্যেষাং চাহমেব নিয়ন্তা। অহং ভোগী স্বতএব ভোগী নাদৃষ্টাদিভিঃ। সিদ্ধোঽহং স্বতঃ সিদ্ধোঽহং ন কদাচিদদৃষ্টাদেঃ। তথা স্বতএব বলবান্ স্বতএব সুখী॥ ১৪ ॥

হনুমান্।—ঈশ্বরোঽহং সর্ব্বপ্রকারেণ বরঃ ভোগী বিষয়েঽপি ভোগবান্ সিদ্ধঃ সম্পন্ন বলসংপন্নঃ॥ ১৪ ॥

শ্রীধর।—কিঞ্চ অসাবিতি। সিদ্ধঃ কৃতকৃত্যঃ, স্পষ্টমন্যৎ॥ ১৪ ॥

বলদেব।—এবং ধনতৃষ্ণাং প্রপঞ্চ্য ইষ্টং ভাবং প্রপঞ্চয়তি অসাবিতি। যজ্ঞদত্তাখ্যোঽসৌ শত্রুর্ময়াতিবলিনা হতঃ অপরানপি শত্রূনহমেব হনিষ্যামি তেষাং দারধনাদি চ নেষ্যামীতি চশব্দাৎ। মত্তো ন কোঽপি জীবেদিতি ভাবঃ। নবীশ্বরেচ্ছামদৃষ্টং চ কেচিজ্জয়-হেতুমাহুস্তত্রাহ অহমেবেশ্বরঃ স্বতন্ত্রঃ যদহং ভোগী স্বতো নিখিলভোগসম্পন্নঃ সিদ্ধোঽস্মীতি। যদি কশ্চিদীশ্বরং কল্পয়তি তর্হি স মামেবেশ্বরং কল্পয়তু ন তু মত্তোঽন্যমনুপলব্ধেরিতি ভাবঃ॥ ১৪ ॥

মধুসূদন।—এবং লোভং প্রপঞ্চ্য তদভিপ্রায়কথনেনৈব তেষাং ক্রোধং প্রপঞ্চয়তি অসাবিতি। অসৌ দেবদত্তনামা ময়া হতঃ শত্রুরতিদুর্জ্জয়ঃ, অতইদানীমনায়াসেনৈব হনিষ্যে চ হনিষ্যামি অপরান্ সর্ব্বানপি শত্রূন্ ন কোঽপি মৎসকাশাজ্জীবিষ্যতীত্যপরোঽর্থঃ। চকারান্ন কেবলং হনিষ্যামি তান্ কিন্তু তেষাং দারধনাদিকমপি গ্রহীষ্যামীত্যভিপ্রায়ঃ। কুতস্তবৈতাদৃশং

সামর্থ্যাং ত্বত্তুল্যানাং শত্রূণাং ত্বদধিকানাং শত্রূণাং সম্ভবাদিত্যত আহ। ঈশ্বরোঽহং ন কেবলং মানুষো যেন মত্তুল্যোঽধিকো বা কশ্চিৎ স্যাৎ কিমেতে করিষ্যন্তি বরাকাঃ, সর্ব্বথা নাস্তি মত্তুল্যঃ কশ্চিদিত্যানেনাভিপ্রায়েণ ঈশ্বরত্বং বিবৃণোতি। যস্মাদহং ভোগী সর্ব্বৈর্ভোগোপকরণৈরুপেতঃ সিদ্ধোঽহং পুত্রভৃত্যাদিভিঃ সহায়ৈঃ সম্পন্নঃ স্বতোঽপি বলবান তেজস্বী সুখী সর্ব্বথা নীরোগঃ ॥১৪॥

নীলকণ্ঠ।—ক্রোধপরায়ণত্বং কামপরায়ণত্বঞ্চ পূর্ব্বোত্তরাভ্যামাহ অসাবিতি। ঈশ্বরঃ সমর্থঃ সর্ব্বেষাং নিগ্রহে, সিদ্ধঃ লব্ধাখিলভোগসাধনঃ, বলবান্ বিষয়োপভোগে সমর্থঃ, অতএব সুখী ॥ ১৪ ॥

তাৎপর্য্য।—এইরূপ ধনতৃষ্ণা পরায়ণ ভোগরত অধম মনুষ্যগণ কি প্রকারে সংসারে আপনার প্রাধান্য স্থাপন করে, তাহারই বিষয় কীর্ত্তিত হইতেছে। এই দুষ্টদলের কোন এক ব্যক্তি শত্রু বিশেষকে হত্যা করিয়া সগৌরবে আত্মপ্রাধান্য স্থাপনের নিমিত্ত ব্যক্ত করিয়া থাকে যে, আমার দ্বারা ঐ শত্রু নিহত হইয়াছে। সে সহজেই বিশ্বাস করে যে, যখন একজন শত্রুকে নিপাত করিতে পারিয়াছে, তখন অন্যান্য শত্রুগণকেও বধ করিতে পারিবে। এই বিশ্বাসে সে জগৎ সমক্ষে বাহ্বাস্ফোটন পূর্ব্বক আপনার বল বীর্য্যের পরিচয় প্রদান করিতে করিতে সকল শত্রু নিপাতের সঙ্কল্প ব্যক্ত করিয়া থাকে। এইরূপ অহঙ্কার-স্ফীত বলগর্ব্বিত দুর্জ্জন আপনাকেই ঈশ্বর জ্ঞান করে। স্বকীয় বিক্রম, প্রভুত্ব ও ক্ষমতা অপরিমিত বলিয়া সে অনুভব করে, এবং যে সর্ব্বশক্তিমান পরমেশ্বরের নিয়মে বিশ্ব-চক্র বিঘূর্ণিত হইতেছে, তাঁহাকেও তুচ্ছ বোধ করিয়া আত্মমর্য্যাদা প্রখ্যাপন করিতে থাকে। তাহার চারিদিকে অকিঞ্চিৎকর ঐহিক ভোগোপকরণ এবং অন্যায়ার্জ্জিত অতিঘৃণিত বিলাসের সামগ্রী দর্শন করিয়া সে আপনাকে পরম ভোগী বলিয়া মনে করে। অপিচ সে বাসনানুযায়ী বস্তুসংগ্রহে সক্ষম হইয়াছে বলিয়া আপনাকে সিদ্ধমনোরথ মনে করিয়া থাকে। অবিহিত উপায়ে পার্শ্বস্থ প্রতিবাসিগণের বা সমীপাগত মনুষ্যগণের হৃদয়ে ভীতি সঞ্চার করিতে পারিলেই যে মহত্ত্ব প্রতিষ্ঠিত হয় না, এ বোধ সে দুর্ব্বৃত্তের নাই। সে ধর্ম্ম-বিগর্হিত অসদুপায়ে অর্জ্জিত বিত্তাদি বেষ্টিত দেখিয়া আপনাকে সিদ্ধ বলিয়া ঘোষণা করে। আর আপনার বহু সন্তান, দাস দাসী, বহু রক্ষকাদি দর্শন করিতে করিতে সে আপনাকে বলবান বলিয়া জ্ঞান করিতে থাকে। কিন্তু এ বোধ তাহার একবারও উদিত হয় না

যে, এই সকল তুচ্ছ সহায় সম্পদ অতি দুর্ব্বল। কারণ এ সকলের কিছুই তাহার মৃত্যু নিবারণ করিতে পারিবে না, অথবা পরকালের কোন সদুপায় করিতে সক্ষম হইবে না। এইরূপ বলদৃপ্ত মূঢ় আপনার পুত্র পৌত্র, দুহিতা দৌহিত্রাদি বেষ্টিত হইয়া চারিদিকে ঐহিক সৌভাগ্যসূচক পদার্থপুঞ্জ দেখিতে দেখিতে মনে করিতে থাকে যে, আমি পরম সুখী। এইরূপ অলীক অসার সুখে প্রমত্ত থাকিয়া সেই হতভাগ্য মূঢ় পরিণাম চিন্তার সময় পায় না, অথবা তাহার কোন আবশ্যকতাও অনুভব করে না। এখনই বিধি-নিয়োজিত শমন তাহার ক্রোড়স্থ প্রেমপুত্তলী নপ্তৃকে নাশ করিতে পারে, অথবা হুতাশন এক মুহূর্ত্তেই তাহার সমস্ত অট্টালিকা বিত্তাদি ভস্মসাৎ করিয়া দিতে পারে, এরূপ চিন্তা একবারের নিমিত্তও তাহার হৃদয় মধ্যে উদিত হয় না।

মূলস্থিত "হনিষ্যে চ" এই বাক্যাংশস্থিত চকার দ্বারা ইহাই সূচিত হইতেছে যে, সেই দুর্ব্বৃত্ত কেবল হত্যা করিয়াই ক্ষান্ত হইবে না, তাহার ধনসম্পত্তি ও স্ত্রী প্রভৃতিকেও সবলে গ্রহণ করিবে।

মূলস্থিত বাক্য পরম্পরার একটী কার্য্যকারণ সম্বন্ধ আছে। প্রথমতঃ কথিত হইয়াছে যে, আমার দ্বারা দেবদত্ত বা যজ্ঞদত্ত নামাভিধেয় কোন শত্রু হত হইয়াছে, সুতরাং এই এক ক্রিয়ার পরিণাম স্বরূপে সেই অহঙ্কার-স্ফীত দুষ্ট মনে করিতেছে যে, যখন একজনকে অনায়াসে হত্যা করিতে পারিয়াছি, তখন নিশ্চয়ই অপরাপরের হত্যা করিতে পারিব। লোকে যদি মনে করে যে, সেই প্রতাপশালী ব্যক্তি ঈশ্বরেচ্ছায় এই সকল কার্য্য সংসাধনে সক্ষম হইয়াছে, তদুত্তরে কথিত হইতেছে যে, সে ঈশ্বরের প্রাধান্য অঙ্গীকার না করিয়া আপনাকেই ঈশ্বররূপে ব্যক্ত করে এবং আপনাকে সম্পূর্ণ স্বাধীন ও অপরের নিয়ন্তা বলিয়া মনে করিয়া থাকে। অতঃপর যদি কেহ মনে করে যে, তাহার এই ভোগ বা সিদ্ধি অদৃষ্ট বশতঃ সাধিত হইতেছে, তদুত্তরে সেই পাষণ্ড বলে যে, স্বকীয় ক্ষমতাতেই সে এই সকল সৌভাগ্য অর্জ্জন করিয়াছে; এ সম্বন্ধে অদৃষ্ট বা অন্য কাহারও কর্ত্তৃত্ব নাই ॥ ১৪ ॥

——:(•):——

আঢ্যোঽভিজনবানস্মি কোঽন্যোঽস্তি সদৃশো ময়া।
যক্ষ্যে দাস্যামি মোদিষ্য ইত্যজ্ঞানবিমোহিতাঃ ॥ ১৫ ॥

অন্বয়।—[অহং] আঢ্যঃ (ধনবান্) অভিজনবান্ (কুলীনঃ) অস্মি, ময়া সদৃশঃ (তুল্যঃ) অন্যঃ (অপরঃ) কঃ অস্তি (বর্ত্ততে), [অহং] যক্ষ্যে (যাগং করিষ্যামি) দাস্যামি মোদিষ্যে (হর্ষাতিশয়ং প্রাপ্স্যামি) ইতি (ইত্থং) অজ্ঞানবিমোহিতাঃ (অবিবেকবিভ্রান্তাঃ) ॥ ১৫ ॥

প্রতিশব্দ।—[আমি] ধনবান্ কুলীন হই, আমার সদৃশ অন্য কে আছে, [আমি] যাগ-করিব, দান-করিব, হর্ষ-লাভ-করিব এই-রূপ অজ্ঞান-দ্বারা-বিমুগ্ধ ॥ ১৫ ॥

ব্যাখ্যা।—তাহারা মনে করে, আমি ধনবান্, আমি কুলীন, আমার সমান পৃথিবীতে আর কে আছে? আমি যশোলাভের নিমিত্ত যজ্ঞানুষ্ঠান করিব, দান করিব, বিবিধ আনন্দ সম্ভোগ করিব ; অসুরগণ এইরূপ অবিবেকের দ্বারা বিমুগ্ধ হয় ॥ ১৫ ॥

শঙ্করাচার্য্য।—আঢ্য ইতি। আঢ্যোধনেনাভিজনবান্ সপ্তপুরুষং শ্রোত্রিয়ত্বাদি-সম্পন্নত্বেনাপি ন মম তুল্যোঽস্তি কশ্চিৎ সদৃশস্তুল্যোময়া, কিঞ্চ যক্ষ্যে যাগেনাপ্যন্যানভি-ভবিষ্যামি দাস্যামি নটাদিভ্যঃ মোদিষ্যে হর্ষাতিশয়ং প্রাপ্স্যামীত্যেবং অজ্ঞানেন বিমোহিতাঃ অজ্ঞানবিমোহিতাঃ অবিবেকভাবপমাপন্নাঃ ॥ ১৫ ॥

আনন্দগিরি।—বিদ্যাবৃত্তধনাভিজনৈঃ মত্তুল্যো নাস্তীত্যাহ আঢ্যইতি। তথাপি যাগদানাভ্যাস্তৎফলেন বা কশ্চিদধিকোভবিষ্যতীত্যাশঙ্ক্যাহ কিঞ্চেতি। নচ তেষামেবোঽস্তি-প্রায়ঃ সাধীয়ানিত্যাহ ইত্যেবমিতি ॥ ১৫ ॥

রামানুজ।—আঢ্যইতি। অহং স্বতশ্চাঢ্যোঽস্মি। অভিজনবানস্মি স্বত এবোত্তমকুলে প্রসূতোঽস্মি। অস্মিঁল্লোকে ময়া সদৃশঃ কোঽন্যঃ স্বসামর্থ্যলব্ধসর্ববিভবো বিদ্যতে যক্ষ্যে দাস্যামি মোদিষ্য ইত্যজ্ঞানবিমোহিতাঃ। ঈশ্বরানুগ্রহনিরপেক্ষেণ স্বয়মেব যাগদানাদিকং কর্ত্তুং শক্যমিত্যজ্ঞানবিমোহিতা মন্যন্তে ॥ ১৫ ॥

হনুমান্।—অভিজনবান্ বর্দ্ধিতবান্ দাস্যামি গোভূহিরণ্যাদিকস্তমর্থিভ্যো বিত্তরি-

ষ্যামি মোদিষ্যে হর্ষাতিশয়ঞ্চ প্রাপ্স্যামীতি এবমজ্ঞানবিমোহিতা অবিবেকেন বিমোহিতাঃ সন্তঃ ॥ ১৫ ॥

শ্রীধর।—কিঞ্চ আঢ্যইতি। আঢ্যোধনাদিসম্পন্নঃ, অভিজনবান্ কুলীনঃ, যক্ষ্যে যা গাদ্যনুষ্ঠানেনাপি দীক্ষিতান্তরেভ্যঃ সকাশান্মহতীং প্রতিষ্ঠাং প্রাপ্স্যামি, দাস্যামি স্তাবকেভ্যশ্চ, মোদিষ্যে হর্ষং প্রাপ্স্যামি ইত্যেবমজ্ঞানেন বিমোহিতা মিথ্যাভিনিবেশং প্রাপিতাঃ ॥ ১৫ ॥

বলদেব।—নন্থ সম্পদা কুলেন চান্যে ত্বৎসমা বীক্ষ্যন্তে তৎ কথমীশ্বরত্বমিতি। আঢ্যঃ সম্পন্নঃ স্বতোঽহমস্ম্যভিজনবান্ কুলীনশ্চ ন তু কেনচিন্নিমিত্তেন অতো মৎসদৃশোঽন্যঃ কোঽস্তি ন কোঽপীত্যহমেবেশ্বরঃ। অতোঽহং স্ববলেনৈব যক্ষ্যে দিব্যাঙ্গনানাং সঙ্গতিং করিষ্যে দাস্যামি তাসামধরাদি খণ্ডয়িষ্যামেবং মোদিষ্যে ইত্যজ্ঞানবিমোহিতাঃ সন্তো নরকে পতন্তীত্যগ্রিমেণান্বয়ঃ ॥ ১৫ ॥

মধুসূদন।— নন্থ ধনেন কুলেন বা কশ্চিত্ত্বত্তুল্যঃ স্যাদিত্যত আহ আঢ্যেতি। আঢ্যোধনী অভিজনবান্ কুলীনোঽপ্যহমেবাস্মি অতঃ কোঽন্যোঽস্তি সদৃশোময়া ন কোঽপীত্যর্থঃ। যাগেন দানেন বা কশ্চিত্তুল্যঃ স্যাদিত্যত আহ। যক্ষ্যে যজ্ঞেনাপ্যন্যানভিভবিষ্যামি দাস্যামি ধনং স্তাবকেভ্যোনটাদিভ্যশ্চ ততশ্চ মোদিষ্যে মোদং হর্ষং লপ্স্যে নর্ত্তক্যাদিভিঃ সহেত্যেবমজ্ঞানেনাবিবেকেন বিমোহিতাঃ বিবিধং মোহং ভ্রমপরম্পরাং প্রাপিতাঃ ॥ ১৫ ॥

নীলকণ্ঠ।—আঢ্যোধনী, অভিজনবান্ কুলীনঃ, অজ্ঞানেন অবিবেকেন মোহিতাঃ বিবিধং ভ্রমং প্রাপিতাঃ ॥ ১৫ ॥

তাৎপর্য্য।—উল্লিখিত রূপ দুষ্টেরা আরও কোন্ কোন্ কারণে আত্ম মাহাত্ম্য প্রতিপাদন করে, তাহাই অতঃপর বিবৃত হইতেছে। উল্লিখিত রূপ অহঙ্কারী ব্যক্তি মনে করে যে, আমি আঢ্য অর্থাৎ ধনশালী। কিন্তু কেবল ধনশালিত্বই আমার একমাত্র গৌরব নহে; আমি অভিজনবান্। অর্থাৎ অতিশ্রেষ্ঠ বা সম্মানিত কুলীনবংশে * আমার জন্ম।

---

* কুলীন।—বর্ত্তমান কালে কুলীন শব্দ সাধারণতঃ যে অর্থে ব্যবহৃত হয়, পূর্ব্ব কালেও এই শব্দের অর্থ তদ্রূপই ছিল। কিন্তু মহারাজ বল্লাল সেনের প্রবর্ত্তিত যে কৌলিন্য প্রথা ইদানীং এতদ্দেশে প্রচলিত হইয়াছে, তাহা পুরাকালে ছিল না। পূর্ব্বকালে সভ্য, আর্য্য, সজ্জন ও সাধুগণ কুলীন নামে অভিহিত হইতেন। কোষকার অমরসিংহও কুলীন শব্দের উল্লিখিত রূপই অর্থ করিয়াছেন। বংশবাচক কুল শব্দের উত্তর জাতার্থে অথবা অপত্যার্থে ঈন প্রত্যয় দ্বারা কুলীনশব্দ নিষ্পন্ন হয়।

কুলীনের নব প্রকার লক্ষণ এদেশে প্রচলিত আছে। যথা; "আচারো বিনয়ো বিদ্যা প্রতিষ্ঠা তীর্থদর্শনং। নিষ্ঠাবৃত্তিস্তপোদানং নবধা কুললক্ষণং॥" এই সূত্রের উপর নির্ভর করিয়া সেনবংশীয় নরপতি বল্লাল সেনদেব সদাচার সম্পন্ন নিষ্ঠাবান্ ব্রাহ্মণের কুলবন্ধন করিয়াছেন। বহু কাল অতীত হইয়াছে, তথাপি এখনও সেই বন্ধন এদেশ হইতে তিরোহিত হয় নাই। কৌলিন্যের প্রথম প্রবর্ত্তনাকালে যেরূপ সর্ব্বগুণান্বিত মহাপুরুষগণ

অতএব আমার সমান ব্যক্তি আর কেহই নাই। আমি যখন নানাপ্রকার অনুষ্ঠান জ্ঞাত আছি, তখন কেবল যে ধনশক্তি দ্বারাই আমাকে শত্রু নিপাত করিতে হইবে, এরূপ নহে, আমি যাগ বিশেষ দ্বারা অপরকে পরাভব করিতে সমর্থ। যাহারা আমার স্তুতিগান করিয়া থাকে, যাহারা আমাকে প্রীত করিতে চেষ্টা করে, তাহাদিগকে আমি ধন দান করিব। ইহার ভাবার্থ এই যে, নট, চাটুকার প্রভৃতি ঘৃণিত জীবেরাই আমার দানের পাত্র। এইরূপে জীবনপাত করিতে আমার আমোদের অভাব কোন সময়ই হইবে না। আমি নর্ত্তকী প্রভৃতি বিলাসিনীগণের সহিত নিরন্তর পরমানন্দে কালপাত করিতে থাকিব। এইরূপ অজ্ঞান অর্থাৎ বিবিধ ভ্রমপরম্পরা দ্বারা তাহারা বিমোহিত হইয়া থাকে। অজ্ঞানতা হেতু কুৎসিৎ ও নিন্দনীয় আচরণকেই তাহারা শ্লাঘার বিষয় মনে করে এবং সাধু সংকল্প পরিহার করিয়া মোহাচ্ছন্ন ভাবে কালপাত করিয়া থাকে ॥ ১৫ ॥

—•:(•):•—

অনেকচিত্তবিভ্রান্তা মোহজালসমাবৃতাঃ।
প্রসক্তাঃ কামভোগেষু পতন্তি নরকেঽশুচৌ ॥১৬॥

অন্বয়।—অনেকচিত্তবিভ্রান্তাঃ (বিবিধ মনোরথেন বিক্ষিপ্তচিত্তাঃ) মোহজালসমাবৃতাঃ (অজ্ঞানজালেন আবৃতাঃ) কামভোগেষু (বিষয়োপভোগেষু) প্রসক্তাঃ (নিরতাঃ) [সন্তঃ] অশুচৌ (অপবিত্রে) নরকে পতন্তি (গচ্ছন্তি) ॥ ১৬ ॥

প্রতিশব্দ।—বিবিধ-মনোরথ-দ্বারা-বিক্ষিপ্ত-চিত্ত, অজ্ঞান-জালের-দ্বারা-আবৃত, বিষয়-ভোগে অভিনিবিষ্ট [হইয়া] অপবিত্র নরকে পতিত-হয় ॥ ১৬ ॥

এই সম্মান প্রাপ্ত হইয়াছিলেন, এক্ষণে তদধিকারিবর্গের মধ্যে সেরূপ গুণ বর্গের সমাবেশ আর দেখা যায় না। অপিচ অনেক স্থলেই সর্ব্বপ্রকার দোষেরই প্রাদুর্ভাব পরিদৃষ্ট হয়। ইত্যাদিরূপ বিবিধ কারণে মহাত্মা বল্লাল সেনের প্রবর্ত্তিত কৌলিন্য প্রথা ক্রমেই শিথিলমূল হইয়া যাইতেছে। নৃপতি বল্লাল সেনের তিরোধানের অনেক পরে দেবীবর ঘটক নামে এক কুলাচার্য্য প্রাদুর্ভূত হইয়াছিলেন। তিনি বল্লাল কৃত কৌলিন্য ব্যবস্থা নানারূপে বিধিবদ্ধ ও নিয়মিত করিয়াছিলেন।

ব্যাখ্যা।—এই সকল মানবগণ বিবিধ বাসনার দ্বারা বিক্ষিপ্তচিত্ত হইয়া মোহজালে আবৃত এবং বিষয়ভোগে একান্ত নিবিষ্ট হইয়া অপবিত্র বৈতরণী প্রভৃতি নরকে নিপতিত হইয়া থাকে ॥ ১৬ ॥

শঙ্করাচার্য্য।—অনেকেতি। অনেকচিত্তবিভ্রান্তা উক্তপ্রকারৈরনেকৈশ্চিত্তৈর্ব্বিবিধং ভ্রান্তা অনেকচিত্তবিভ্রান্তা মোহজালসমাবৃতাঃ মোহোঽবিবেকোঽজ্ঞানস্তদেব জালমিবাবরণাত্মকত্বাত্তেন সমাবৃতাঃ প্রসক্তাঃ কামভোগেষু কাম্যন্ত ইতি কামাঃ বিষয়াস্তেষামুপভোগেষু কামভোগেষু তত্রৈব নিষণ্ণাঃ সন্তস্তেনোপচিতকল্মষাঃ পতন্তি নরকেঽশুচৌ বৈতরণ্যাদৌ ॥ ১৬ ॥

আনন্দগিরি।—উক্তপ্রকারবিপর্য্যয়েণ কৃত্যাকৃত্যবিবেকবিকলানাং কিং স্যাদিত্যপেক্ষায়ামাহ অনেকেতি। কামা বিষয়াস্তেষাং ভোগেষু তৎপ্রযুক্তেষুপভোগেম্বিতি যাবৎ ॥১৬।

রামানুজ।—অনেকেতি। অদৃষ্টেশ্বরাদি সহকারমৃতে স্বেনৈব কর্ত্তুং শক্যমিতি কৃত্বা এবং কুর্য্যামেতচ্চ কুর্য্যামন্যচ্চ কুর্য্যামিত্যনেকচিত্তবিভ্রান্তা অনেকচিত্ততয়া বিভ্রান্তাঃ। এবংরূপেণ মোহজালেন সমাবৃতাঃ। কামভোগেষু প্রকর্ষেণ সক্তাঃ মধ্যে মৃতা অশুচৌ নরকে পতন্তি ॥ ১৬ ॥

হনুমান্।—অনেকচিত্তবিভ্রান্তাঃ অনবস্থিতাঃ জাল ইব মোহঃ কামভোগেষু পতন্তি যান্তি ॥ ১৬ ॥

শ্রীধর।—এবম্ভূতা যৎ প্রাপ্নুবন্তি তচ্ছৃণু অনেকেতি। অনেকেষু মনোরথেষু প্রবৃত্তং চিত্তং অনেকচিত্তং তেন বিভ্রান্তা বিক্ষিপ্তাঃ তেনৈব মোহময়েন জালেন সমাবৃতা মৎস্যা ইব সূত্রময়েন জালেন যন্ত্রিতাঃ এবং কামভোগেষু প্রসক্তা অভিনিবিষ্টাঃ সন্তোঽশুচৌ কশ্মলে নরকে পতন্তি ॥ ১৬ ॥

বলদেব।—অনেকেষু চিরপ্রয়াসসাধ্যেষু বস্তুষু যচ্চিত্তং তেন বিভ্রান্তা বিক্ষিপ্তাঃ মোহময়েন জালেন সমাবৃতা মৎস্যা ইব ততো নির্গন্তুমক্ষমাঃ। কামভোগেষু প্রসক্তা মধ্যে মৃতাঃ সন্তো নরকে পতন্ত্যশুচৌ বৈতরণ্যাদৌ ॥ ১৬ ॥

মধুসূদন।—উক্তপ্রকারৈরনেকৈশ্চিত্তৈস্তত্তদ্দুষ্টসংকল্পৈর্ব্বিবিধং ভ্রান্তাঃ যতোমোহজালসমাবৃতাঃ মোহো হিতাহিতবস্তুবিবেকাসামর্থ্যং তদেব জালমাবরণাত্মকত্বেন বন্ধহেতুত্বাৎ তেন সম্যগাবৃতাঃ সর্ব্বতোবেষ্টিতাঃ মৎস্যা ইব সূত্রময়েন জালেন পরবশীকৃতা ইত্যর্থঃ অতএব স্বানিষ্টসাধনেষ্বপি কামভোগেষু প্রসক্তাঃ সর্ব্বথা তদেকপরাঃ প্রতিক্ষণমুপচীয়মানকল্মষাঃ পতন্তি নরকে বৈতরণ্যাদৌ বিণ্মূত্রশ্লেষ্মাদিপূর্ণে ॥ ১৬ ॥

নীলকণ্ঠ।—অনেকং নাস্তি একং চিন্তনীয়ং যত্র তৎ অনেকং বহুষু বিষয়েষু পূর্ব্বোক্তেষু লগ্নং চিত্তং যেষাং তে অনেকচিত্তাঃ তেচ তে বিভ্রান্তাশ্চ কিমিদমাদৌ সাধনীয়মিদমাদৌ

সাধনীয়মিতি বিশেষেণ ভ্রান্ত্যাকুলাঃ অনেকচিত্তবিভ্রান্তাঃ. মোহোঽসৎস্বপি সদ্বুদ্ধিঃ তদেব জালং তেন আবৃতাঃ, প্রসক্তাঃ প্রকর্ষেণ লগ্নাঃ অশুচৌবিণ্মূত্রাদিময়ে ॥ ১৬ ॥

বিশ্বনাথ ।—অশুচৌ নরকে বৈতরণ্যাদৌ ॥ ১৬ ॥

তাৎপর্য্য ।—এইরূপ হীনচরিত্র মানবগণের পরিণাম কিরূপ হইয়া থাকে, তাহাই অতঃপর কথিত হইতেছে। উল্লিখিত রূপ বিবিধ বিষয়িণী চিন্তার দ্বারা এইরূপ ব্যক্তির চিত্ত নিয়ত সম্পূর্ণরূপে ভ্রমাচ্ছন্ন থাকে। কখনও মোহিনী আশার মধুময় আশ্বাসে বিমোহিত হইয়া সে কুপথে ধাবিত হয়, কখনও পরকীয় বিত্তলোভে মত্ত হইয়া সে কুকার্য্যে প্রবৃত্ত হয়, কখনও শত্রু নাশের বাসনায় ব্যাকুল হইয়া সে নরহত্যা রত হয়, কখনও বা সৌন্দর্য্য ভোগ লালসায় বিকলচিত্ত হইয়া সে সতীর সর্ব্বনাশে উদ্যত হয়। এবম্ভূত অসংখ্যপ্রায় কুচিন্তায় সেই পাপিষ্ঠের চিত্ত সতত বিভ্রান্ত। সেই অধম জন অজ্ঞানরূপ জালে সতত আচ্ছন্ন। মৎস্য যেমন সূত্রজালে নিবদ্ধ হইয়া কোনদিকেই নিষ্কৃতির পথ দেখিতে পায় না, সেই রূপে এই পাপপরায়ণ মনুষ্যগণ মোহরূপ জালে সমাবৃত থাকে; সেই জাল ভেদ করিয়া জ্ঞানালোকে উপনীত হইতে তাহার আর সাধ্য নাই। ইহারা কামভোগেই আসক্ত চিত্ত। ইন্দ্রিয় সমূহের পরিতৃপ্তি সাধক পদার্থের উপভোগ করিতেই ইহাদিগের একমাত্র প্রবৃত্তি। অন্য কোন প্রকার উচ্চাভিলাষ বা উচ্চ প্রবৃত্তি কোন সময়েই ইহাদিগের হৃদয়ে স্থান পায় না। এই হতভাগ্য অশুচিগণকে অপবিত্র ভাবে নরকে নিপতিত হইতে হয়। পুণ্যলেশের একান্ত অভাব হেতু এই পাপপরায়ণগণের কলেবর মল মূত্রাদি সংবলিত অপবিত্র ভাবে বৈতরণী * প্রভৃতি অস্থানে পতিত হইয়া থাকে ॥ ১৬ ॥

বৈতরণী।—যমদ্বার সমীপস্থ পাপতোয়া নদীর নাম বৈতরণী। পাপী বা পুণ্যাত্মা সকলকেই এই বৈতরণী অতিক্রম করিয়া কর্ম্মোচিত ফলভোগের নিমিত্ত যম মন্দিরে প্রবেশ করিতে হয়। যে পাপের প্রাবল্যে মনুষ্য খরস্রোতা আবর্ত্তময়ী বৈতরণী নীরে নিপতিত হয়, সেই দুরিত রাশি ক্ষয় করিবার নিমিত্ত গো প্রভৃতি বিবিধ দান কর্ম্মের বিধান আছে। বৈতরণী সম্বন্ধে নিম্নলিখিত উক্তি পরিদৃষ্ট হয়। "নদী বৈতরণী নাম দুর্গন্ধা রুধিরাবহা। তপ্ততোয়া মহাবেগা অস্থিকেশতরঙ্গিণী।" (প্রায়শ্চিত্ত বিবেক) অর্থাৎ বৈতরণী নাম্নী নদী দুর্গন্ধযুক্ত এবং শোণিতবহা; এই স্রোতস্বতী প্রচণ্ড বারিপূর্ণা, মহাবেগশালিনী এবং অস্থি ও কেশযুক্ত তরঙ্গসমাবৃত। এই ভীষণ নদী সম্বন্ধে কালিকা পুরাণে নিম্নলিখিত রূপ বর্ণনা আছে। তদ্যথা;—"নানাবাণবিমানেন ন স্রোণ্যা সাম্বদেন চ। ভর্ত্তুং শক্যা সাতু নদী তপ্ততোয়া বিভীষণা। দুঃখেন তাং তু

আত্মসম্ভাবিতাঃ স্তব্ধা ধনমানমদান্বিতাঃ।
যজন্তে নামযজ্ঞৈস্তে দম্ভেনাবিধিপূর্ব্বকম্ ॥ ১৭ ॥

অন্বয়।—আত্মসম্ভাবিতাঃ (আত্মনৈব অহঙ্কৃতাঃ) স্তব্ধাঃ (অনম্রাঃ) ধনমান মদান্বিতাঃ (ধনমানমদযুক্তাঃ) তে (অসুরাঃ) দম্ভেন (ধর্ম্মধ্বজিতয়া) নামযজ্ঞৈঃ (নামমাত্রযজ্ঞৈঃ) অবিধিপূর্ব্বকং (শাস্ত্রবিধিবর্জ্জিতং) [যথা স্যাৎ তথা] যজন্তে (যাগং কুর্ব্বন্তি) ॥ ১৭ ॥

প্রতিশব্দ।—আপনার-মনে-অহঙ্কৃত, অনম্র, ধন-মান-মদ-যুক্ত তাহারা দম্ভ-সহকারে নাম-মাত্র যজ্ঞের-দ্বারা অবিধি-পূর্ব্বক যাগ-করে ॥১৭॥

ব্যাখ্যা।-সেই সকল আসুর ব্যক্তি আপনা আপনি অহঙ্কৃত অনম্র এবং ধন, মান ও মদসমন্বিত হইয়া কেবল নামমাত্র প্রসিদ্ধির নিমিত্ত দম্ভ সহকারে বিধিবর্জ্জিত ভাবে যাগানুষ্ঠান করে ॥ ১৭ ॥

শঙ্করাচার্য্য।—আত্মেতি। আত্মসম্ভাবিতাঃ সর্ব্বগুণবিশিষ্টতয়াত্মনৈবাত্মনি সম্ভাবিতাঃ ন সাধুভিঃ. স্তব্ধা অপ্রণতাত্মানোধনমানমদান্বিতা ধননিমিত্তোমানোমদশ্চ তাভ্যাং ধনমা নমদাভ্যামন্বিতা যজন্তে নামযজ্ঞৈর্নামমাত্রৈর্যজ্ঞৈস্তের্দম্ভেন ধর্ম্মধ্বজিতয়া অবিধিপূর্ব্বকং বিহিতাঙ্গেতিকর্ত্তব্যতারহিতৈঃ ॥ ১৭ ॥

আনন্দগিরি।—নমু তেষামপি কেষাঞ্চিদ্বৈদিকে কর্ম্মণি যাগদানাদৌ প্রবৃত্তি প্রতিপত্তেরযুক্তং বৈতরণ্যাদৌ পতনমিতি চেত্তত্রাহ আত্মেতি। আসুরীসম্পদমভিজাতৈরধর্ম্মজাতমেব সঞ্চীয়তে প্রবৃত্তেরপি বৈদিকে কর্ম্মণি নৈব পুণ্যমিত্যুক্তং ॥ ১৭ ॥

রামানুজ।—আত্মনৈব সম্ভাবিতাঃ। আত্মনৈবাত্মানং সম্ভাবয়ন্তীত্যর্থঃ স্তব্ধাঃ পরিপূর্ণং মন্যমানা ন কিঞ্চিৎকুর্ব্বাণাঃ কথং ধনমানমদান্বিতাঃ ধনেন বিদ্যাভিজনাভিমানেন চ জনিত-

---

পৃথিবী বিভর্ত্তি মহতাধুনা। সদা চোর্দ্ধগতৈর্বাষ্পৈ র্বিক্ষিপন্তি নভশ্চরান্। তস্যা উপরি ন যান্তি দেবা অপি তভয়াৎ। যমদ্বারং সমাবৃত্য যোজনদ্বয় বিস্তৃতা। নিম্নং বহতি সংপূর্ণা ভীষয়ন্তী জগত্রয়ং॥" (কালিকাপুরাণ ১৮শ অধ্যায়) ইহার তাৎপর্য্য এই যে, বিবিধ বৈমানিক যান বা রথদ্বারা এই ভীষণা তপ্ততোয়া বৈতরণী তরণ করিতে কেহ সমর্থ হয় না। পৃথিবী অতি দুঃখে এই এই ভীষণ নদীকে ধারণ করিতেছে। এই নদী সর্ব্বদা উর্দ্ধগত বাষ্পদ্বারা বিমানচারিগণকে আপনার মধ্যে নিক্ষিপ্ত করে। এইজন্য দেবগণও ভয়ে ইহার উপর গমন করেন না। এই ভয়ঙ্কর নদী যমদ্বারে যোজনদ্বয় ব্যাপিয়া অবস্থান করিতেছে। তরণী দ্বারা পার হওয়া যায় না বলিয়া ইহার নাম বৈতরণী।

মদান্বিতাঃ। নামযজ্ঞৈর্নামপ্রয়োজনৈর্যজ্ঞৈরিতি নামমাত্র প্রয়োজকৈর্যজ্ঞৈর্যজন্তে তদপি দম্ভেন হেতুনা যষ্টৃত্বখ্যাপনায় অবিধিপূর্ব্বকং অযথোদিতং যজন্তে॥ ১৭॥

হনুমান্।—আত্মনা সংভাবিতাঃ পূজিতাঃ স্তব্ধা গুরু দৈবতে অপ্রণতাঃ ধনাভিমানো ধনমানশ্চ মদশ্চ ধনমানমদৌ তাভ্যামন্বিতাঃ যজন্তে পূজয়ন্তি নামপ্রধানযজ্ঞৈঃ। দম্ভেন ধার্ম্মিকত্বখ্যাপনেন অবিধিপূর্ব্বকং॥ ১৭॥

শ্রীধর।—যক্ষ্য ইতি চ যস্তেষাং মনোরথ উক্তঃ, স কেবলং দম্ভাহঙ্কারাদিপ্রধানএব ন তু সাত্ত্বিক ইত্যভিপ্রায়েণাহ আত্মেতি দ্বাভ্যাং। আত্মনৈব সম্ভাবিতাঃ পূজ্যতাং নীতাঃ নতু সাধুভিঃ কৈশ্চিৎ, অতএব স্তব্ধা অনম্রাঃ ধনেন যোমানোমদশ্চ তাভ্যাংসমন্বিতাঃ সন্তঃ তে নামমাত্রেণ যে যজ্ঞাস্তে নামযজ্ঞাঃ যদ্বা দীক্ষিতঃ সোমযাজীত্যেবমাদিনা নামমাত্রপ্রসিদ্ধয়ে যে যজ্ঞাস্তৈর্যজন্তে, কথং দম্ভেন নতু শ্রদ্ধয়া অবিধিপূর্ব্বকঞ্চ যথা ভবতি তথা॥ ১৭॥

বলদেব।—আত্মনৈব সম্ভাবিতাঃ শ্রৈষ্ঠ্যং নীতা ন তু শাস্ত্রজ্ঞৈঃ সদ্ভিঃ স্তব্ধাঃ অনম্রা ধনেন সম্পন্না মানেন চ পরমহংসো মহাশ্রমণঃ শ্রীপূজ্যপাদো মহাপূজাবিদিত্যেবংলক্ষণেন সৎকারেণ যো মদো গর্ব্বস্তেনান্বিতাঃ। নামযজ্ঞৈর্নামমাত্রেণ যজ্ঞৈঃ পূজাবিধিভিঃ স্বকল্পিতা দেবতা যজন্তে। স্বস্বকানাং গৃহিণামভ্যুদয়ায় দম্ভেন ধর্ম্মধ্বজিত্বেন বিশিষ্টা বিরক্তিবেশাঃ সন্ত ইত্যর্থঃ। অবিধিপূর্ব্বকমবেদবিহিতং যথা ভবতি তথা॥ ১৭॥

মধুসূদন।—নম্বু তেষামপি কেষাঞ্চিদ্বৈদিকে কর্ম্মণি যাগদানাদৌ প্রবৃত্তিদর্শনাদযুক্তং নরকে পতনমিতি নেত্যাহ আত্মেতি। সর্ব্বগুণবিশিষ্টা বয়মিত্যাত্মনৈব সম্ভাবিতাঃ পূজ্যতাং প্রাপিতা ন তু সাধুভিঃ কৈশ্চিৎ,স্তব্ধা অনম্রাঃ যতোধনমানমদান্বিতাঃ ধননিমিত্তোযোমানঃ আত্মনি পূজ্যত্বাতিশয়াধ্যাস, তন্নিমিত্তশ্চ যোমদঃ পরস্মিন্ গুর্ব্বাদাবপূজ্যত্বাভিমানস্তাভ্যামন্বিতাস্তে নামযজ্ঞৈর্নামমাত্রৈর্যজ্ঞৈর্ন সাত্ত্বিকৈর্দীক্ষিতঃ সোমযাজীত্যাদি নামমাত্রসম্পাদকৈর্ব্বা যজ্ঞৈরবিধিপূর্ব্বকং বিহিতাঙ্গেতিকর্ত্তব্যতারাহিতৈর্দ্দম্ভেন ধর্ম্মধ্বজিতয়া ন তু শ্রদ্ধয়া যজন্তে অতস্তৎফলভাজোন ভবন্তীত্যর্থঃ। ১৭॥

নীলকণ্ঠ।—আত্মনৈবাত্মানং মহান্তং মন্যন্তে তে আত্মসম্ভাবিতাঃ, স্তব্ধাঃ অপ্রণতাঃ ধননিমিত্তোমানোগর্ব্বো মদ উন্মত্ততা তাভ্যাং অন্বিতাঃ ধনমানমদান্বিতাঃ, নামযজ্ঞৈর্নামমাত্রৈর্যজ্ঞৈঃ দম্ভেন দম্ভধ্বজিতয়া অবিধিপূর্ব্বকং যথোক্তধনস্থানদ্রব্যমৃত্বিক্‌শাস্ত্যাদিশুদ্ধিরহিতং যজন্তে॥ ১৭॥

বিশ্বনাথ।—আত্মনৈব সম্ভাবিতাঃ পূজ্যতাং নীতাঃ নতু সাধুভিঃ কৈশ্চিদিত্যর্থঃ। অতএব স্তব্ধা অনম্রাঃ। নামমাত্রেণৈব যে যজ্ঞা স্তৈ নামযজ্ঞৈঃ। ১৭॥

তাৎপর্য্য।—পূর্ব্ব শ্লোকনিচয়ে যে সকল ব্যক্তি নরকে নিপাতিত হয় বলিয়া নির্দ্দিষ্ট হইয়াছে, তাহাদিগের মধ্যে এক শ্রেণীর যজ্ঞানুষ্ঠানকারীর

প্রসঙ্গ উল্লিখিত হইয়াছে। কিন্তু যজ্ঞরূপ পুণ্য কর্ম্ম সাধন করিয়াও কেন তাহারা অনুরূপ শুভফল প্রাপ্ত না হইয়া নিদারুণ অশুভা গতি লাভ করিয়া থাকে, ইহা জানিবার নিমিত্ত সহজেই লোকের চিত্তে আকাঙ্ক্ষা জন্মিতে পারে। সেই আকাঙ্ক্ষা নিবারণোদ্দেশে এই শ্লোক অবতারিত হইয়াছে।

প্রথমতঃ সহজেই উপলব্ধ হইতেছে যে, দুষ্টগণ কখনই হৃদয়ের দীনতা সহকারে বিধিপূর্ব্বক কোনই সৎকর্ম্মানুষ্ঠান করে না। তাহারা আপনাকে আপনিই বড় বলিয়া স্থির করে, অর্থাৎ আপনিই অহঙ্কার-স্ফীত হইয়া আপনাকে পরম বিজ্ঞ ও পরম জ্ঞানী বলিয়া অবধারণ করে। এসংসারে সাধু মহাপুরুষগণ বা বিজ্ঞ বিচারনিপুণ সামাজিকগণ যাহাকে শ্রেষ্ঠ ও সদ্‌গুণান্বিত বলিয়া স্থির করিয়া থাকেন, তিনিই বস্তুতঃ তদ্রূপে সম্মান লাভের যোগ্য পাত্র। এই দুর্ব্বৃত্তগণ তাদৃশ কোন মহাজনের সমর্থনোক্তির অপেক্ষা না করিয়া আপনিই আপনাকে সর্ব্ব বিষয়ে জ্ঞানবিত্তম বলিয়া স্থির করে। এরূপ যাহার হৃদয় ভাব; সে কখনই মনুষ্য সমাজের সমক্ষে বিনয়নম্র ভাব প্রদর্শন করিতে পারে না। সে জ্ঞানিগণের উপদেশবাণী বিদ্রূপের সহিত উপেক্ষা করে, সজ্জনগণের হিত কথা সগর্ব্বে অবহেলা করে এবং সামাজিক বিধি ব্যবস্থা সাহঙ্কারে অগ্রাহ্য করে। এরূপ ব্যক্তি আপনার ধনসম্পত্তি এবং তজ্জনিত মান ও অহঙ্কারে সর্ব্বদা পরিপূর্ণ হৃদয় হইয়া স্ফীতবক্ষে লোকসমক্ষে বিচরণ করে। সে জানে, ধনশালিতার অপেক্ষা গৌরবের পরিচয় এ জগতে আর কিছু নাই। যে ব্যক্তি বিত্ত-সম্পন্ন, সেই সকল মানের অধিকারী; সুতরাং তাহার অহঙ্কার সীমাশূন্য হইয়া থাকে। এরূপ অহঙ্কৃত ব্যক্তি যে যজ্ঞানুষ্ঠান করে, তাহা কেবল নাম মাত্র। তাহারা হয়তো বা শাস্ত্রবিহিত পদ্ধতির অনুসরণ করে না, হয়তো বা আচার্য্যের উপদেশ গ্রহণ করে না, এবং হয়তো বা গুরূপদিষ্ট মার্গের অনুসরণ করে না। এইরূপ ব্যক্তির অনুষ্ঠিত যজ্ঞ কখনই প্রকৃত যজ্ঞ-নামে পরিচিত হইতে পারে না। তাহাদের পূজ্য দেবতা হয়তো স্বকপোল-কল্পিত, অনুষ্ঠান সমূহ হয়তো অশাস্ত্রবিহিত এবং মন্ত্রাদিও নিজের অজ্ঞতাসূচক। এইরূপ অনুষ্ঠান সাত্ত্বিক ভাব বিবর্জ্জিত। দম্ভ সহকারে বিধিবিরহিত ভাবে এইরূপ যজ্ঞের অনুষ্ঠান হইয়া থাকে,

সুতরাং এরূপ যজ্ঞানুষ্ঠান দ্বারা অনুষ্ঠাতার কোন শুভ ফল না হইয়া অধোগতির পথই প্রশস্ত হয়।

পূজ্যপাদ শ্রীমদ্রামানুজাচার্য্য মূলস্থিত "স্তব্ধ" শব্দের ভাবার্থ লিখিয়াছেন যে, আপনাকে পরিপূর্ণ অর্থাৎ সর্ব্বপ্রকার জ্ঞান ধর্ম্মাদি সম্পন্ন বোধে অন্য কোনরূপ অনুষ্ঠানে অপ্রবৃত্ত। নামযজ্ঞ প্রসঙ্গে ভাষ্যকার মহোদয় অভিপ্রায় প্রকাশ করিয়াছেন যে, কেবল 'যজ্ঞানুষ্ঠানকারী' এই নাম অর্থাৎ খ্যাতিমাত্র লাভের নিমিত্ত যে অনুষ্ঠান তাহাই নামযজ্ঞ। কোন কোন ব্যাখ্যাতা এই প্রসঙ্গে লিখিয়াছেন যে, কেবল যশের জন্য বা আমি দীক্ষিত, আমি সোমযাজী ইত্যাকার নাম প্রচারের জন্য যে অনুষ্ঠান, তাহাই নামযজ্ঞ।

পূজ্যপাদশ্রীমৎ শ্রীধর স্বামী তথা শ্রীমন্মধুসূদন সরস্বতী "দীক্ষিতঃ সোমযাজী" এই অংশ উদ্ধৃত করিয়া বলিয়াছেন যে, এস্থলে অনুষ্ঠানকারীর কিছুই করিতে হয় না; ইহা কেবল নামমাত্র যজ্ঞ বিশেষ ॥ ১৭ ॥

——০:):*:(:০——

অহঙ্কারং বলং দর্পং কামং ক্রোধঞ্চ সংশ্রিতাঃ।
মামাত্মপরদেহেষু প্রদ্বিষন্তোঽভ্যসূয়কাঃ ॥ ১৮ ॥

অন্বয়।—[তে] অহঙ্কারং বলং দর্পং কামং ক্রোধং চ সংশ্রিতাঃ (আশ্রিতাঃ) আত্মপরদেহেষু (স্বদেহপরদেহেষু) মাং (ভগবন্তং প্রদ্বিষন্তঃ (দ্বেষং কুর্ব্বন্তঃ) অভ্যসূয়কাঃ (সাধূনাং গুণনিন্দকাঃ) [ভবন্তি] ॥ ১৮ ॥

প্রতিশব্দ।—[তাহারা] অহঙ্কার, বল, দর্প, কাম এবং ক্রোধকে আশ্রয়-করিয়া স্বদেহ-ও-পর-দেহে আমাকে দ্বেষ-করতঃ সাধুগণের গুণের-নিন্দক [হয়] ॥ ১৮ ॥

ব্যাখ্যা।—এই সকল ব্যক্তি অহঙ্কার, বল, দর্প, কাম এবং ক্রোধের বশীভূত হইয়া স্বদেহে এবং পরদেহে চিদংশরূপে স্থিত

আমাকে দ্বেষ করতঃ সাধুগণের গুণাবলীতে বিবিধ প্রতারণাদি দোষের উদ্ঘাটন করিয়া থাকে ॥ ১৮ ॥

শঙ্করাচার্য্য।—অহমিতি। অহঙ্কারমহঙ্করণমহঙ্কারঃ বিদ্যমানৈরবিদ্যমানৈশ্চ গুণৈরাত্মন্যধ্যারোপিতৈর্ব্বিশিষ্টমাত্মানমহমিতি মন্যতে সোঽহঙ্কারোঽবিদ্যাখ্যঃ কষ্টতমঃ সর্ব্বদোষাণাং মূলং সর্ব্বানর্থপ্রবৃত্তীনাঞ্চ মূলং তং পরিগৃহ্য তথা বলং পরাভিভবনিমিত্তং কামরাগান্বিতং দর্পং দর্পোনাম যস্যোদ্ভবে ধর্ম্মমতিক্রামতীতি সোঽয়মন্তঃকরণাশ্রয়োদোষবিশেষঃ, কামং স্ত্র্যাদিবিষয়ং,ক্রোধমনিষ্টবিষয়ং, এতানন্যাংশ্চ মহতোদোষান্ সংশ্রিতাঃ, কিঞ্চ তে মামীশ্বরং আত্মপরদেহেষু স্বদেহে পরদেহেষু চ তদ্বুদ্ধিকর্ম্মসাক্ষিভূতং মাং প্রদ্বিষন্তোমচ্ছাসনাতিবর্ত্তিত্বং প্রদ্বেষস্তং কুর্ব্বন্তোঽভ্যসূয়কাঃ সন্মার্গস্থানাং গুণেষু অসহমানাঃ ॥ ১৮ ॥

আনন্দগিরি।—ব্রহ্মজ্ঞানাৎ পুনরাসুরা দুরাদেবোদ্বিজন্ত ইত্যাহ অহঙ্কারমিতি। অহঙ্কারমেব স্ফোরয়তি বিদ্যমানৈরিতি। অধ্যারোপিতবৈশিষ্ট্যবিষয়ত্বাদহঙ্কারস্যাবিদ্যামূলত্বেনাবিদ্যাত্মত্বমাহ অবিদ্যাখ্যইতি। বিবেকিভিস্ত্যাজ্যত্বাদেব হেয়ত্বং সূচয়তি কষ্টতমইতি। তদেব স্পষ্টয়তি সর্ব্বেতি। তৎসংশ্রিতাইতি সম্বন্ধঃ। কার্য্যকারণসামর্থ্যযুক্তবিশেষণং বলং,অহঙ্কারএব মহদবধীরণাপর্য্যন্তত্বেন পরিণতো দর্পস্তং ব্যাকরোতি দর্পোনামেত্যাদিনা। অন্যাংশ্চ দোষান্মাৎসর্য্যাদীন্ন কেবলং উক্তমেব তেষাং বিশেষণং কিন্তু কষ্টতমমস্তি বিশেষণান্তরমিত্যাহ কিঞ্চেতি যদ্যপীশ্বরম্প্রতি দ্বেষস্তেষাং সম্ভাব্যতে তথাপি কথং স্বদেহে পরদেহেষু চ তং প্রতি দ্বেষঃ নহি তত্র ভোক্তারঃস্তরেণেশ্বরস্যাবস্থানমিত্যাশঙ্ক্যাহ তদ্বুদ্ধীতি। তেষামীশ্বরং প্রতি দ্বেষমেব প্রকটয়তি মচ্ছাসনেতি। ঈশ্বরস্য শাসনং শ্রুতিস্মৃতিরূপস্তদতিবর্ত্তিত্বং তদুক্তার্থজ্ঞানানুষ্ঠানপরাঙ্মুখত্বং ॥ ১৮ ॥

রামানুজ।—তে চেদৃক্ ভূতা যজন্ত ইত্যাহ অহমিতি। অনন্যাপেক্ষোঽহমেব সর্ব্বং করোমীত্যেবং রূপমহংকারমাশ্রিতাঃ। তথা সর্ব্বস্য করণে মদ্বলমেব পর্য্যাপ্তমিতি চ বলং। অতো মৎসদৃশো ন হি কশ্চিদস্তীতি দর্পঞ্চ। এবংভূতস্য মম কামমাত্রেণ সর্ব্বং সম্পৎস্যত ইতি কামং। মম যেঽনিষ্টকারিণস্তান্ হনিষ্যামীতি চ ক্রোধং। এবমেতান্ সংশ্রিতাঃ। স্বদেহেষু পরদেহেষু চাবস্থিতং সর্ব্বস্য কারয়িতারং পুরুষোত্তমং মাং অভ্যসূয়কাঃ প্রদ্বিষন্তঃ কুযুক্তিভিঃ মৎস্থিতৌ দোষমাবিষ্কুর্ব্বন্তো মামসহমানাঃ অহঙ্কারাদিকান্ সংশ্রিতা যাগাদিকং সর্ব্বং ক্রিয়াজাতং কুর্ব্বত ইত্যর্থঃ ॥ ১৮॥

হনুমান্।—অবিদ্যমানৈরপি গুণৈরাত্মন্যধ্যারোপিতৈরপ্যহং গুণবানিতি প্রতিপত্তিরহংকার স্তমাশ্রিত্য মামীশ্বরমাত্মপরদেহেষু ব্যবস্থিতং প্রদ্বিষন্ত অসহমানাঃ অভ্যসূয়কাঃ আত্মপরদেহেষু ব্যবস্থিত ঈশ্বরেঽপ্যন্যবল গুণদোষানাবিষ্কুর্ব্বন্তি ॥ ১৮ ॥

শ্রীধর।—অবিধিপূর্ব্বকত্বমেব প্রপঞ্চয়তি অহঙ্কারমিতি। অহঙ্কারাদীন্ সংশ্রিতাঃ সন্ত আত্মপরদেহেষু আত্মদেহে পরদেহেষু চ চিদংশেন স্থিতং মাং প্রদ্বিষন্তো যজন্তে দম্ভযজ্ঞেষু

শ্রদ্ধায়া অভাবাদাত্মনোবৃথৈব পীড়া ভবতি, তথা পশ্বাদীনামপ্যবিধিনা হিংসায়াং চৈতন্যদ্রোহ এবাবশিষ্যত ইতি প্রদ্বিষন্ত ইত্যুক্তং, অভ্যসূয়কাঃ সন্মার্গবর্ত্তিনাং গুণেষু দোষারোপকাঃ॥ ১৮॥

বলদেব।—সর্ব্বদা বেদতৎপ্রতিপাদ্যেশ্বরাবমন্তারস্তে ইত্যাহ অহঙ্কারমিতি। অহঙ্কারাদীন্ সংশ্রিতাস্তে আত্মনঃ পরেষাঞ্চ দেহেষু নিয়ামকতয়া ভর্ত্তৃতয়া চাবস্থিতং মাং সর্ব্বেশ্বরং মদ্বিষয়কং বেদঞ্চ প্রদ্বিষন্তোঽহবজ্ঞয়াপকুর্ব্বন্তো ভবন্তি, অভ্যসূয়কাঃ কুটিলযুক্তিভির্ম্ম বেদস্য চ গুণেষু দোষানারোপয়ন্তঃ, অহমেব স্বতন্ত্রঃ করোমীত্যহঙ্কারঃ, অহমেব পরাক্রমীতি বলং, মত্তুল্যো ন কোঽপ্যস্তীতি দর্পঃ। মদিচ্ছয়া সর্ব্বসাধিকেতি কামঃ। মৎপ্রতীপমহমেব হনিষ্যামীতি ক্রোধশ্চ॥ ১৮॥

মধুসূদন।—যক্ষ্যে দাস্যামীত্যাদিসঙ্কল্পেন দম্ভাহঙ্কারাদিপ্রধানেন প্রবৃত্তানামাসুরাণাং বহিরঙ্গসাধনমপি যাগদানাদিকং কর্ম্ম ন সিধ্যতি অন্তরঙ্গসাধনং তু জ্ঞানবৈরাগ্যভগবদ্ভজনাদি তেষাং দুরাপাস্তমেবেত্যাহ অহমিতি। অহমভিমানরূপোযোঽহঙ্কারঃ স সর্ব্বসাধারণঃ এতৈরারোপিতৈস্তু তৈরাত্মনোমহত্বাভিমানমহঙ্কারং তথা বলং পরপরিভবনিমিত্তং শরীরগতসামর্থ্যবিশেষং, দর্পং পরাবধীরণারূপং গুরুনৃপাদ্যতিক্রমকারণং চিত্তদোষবিশেষং, কামমিষ্টবিষয়াভিলাষং, ক্রোধমনিষ্টবিদ্বেষং চকারাৎ পরগুণাসহিষ্ণুত্বরূপং মাৎসর্য্যং এবমন্যাংশ্চ মহতোদোষান্ সংশ্রিতাঃ এতাদৃশা অপি পতিতাস্তব ভক্ত্যা পূতাঃ সন্তোনরকে ন পতিষ্যন্তীতি চেন্নেত্যাহ। মামীশ্বরং ভগবন্তং আত্মপরদেহেষু আত্মনাং তেষামাসুরাণাং পরেষাং চ তৎপুত্রভার্য্যাদীনাং দেহেষু প্রেমাস্পদেষু তত্তৎবুদ্ধিকর্ম্মসাক্ষিতয়া সন্তমতিপ্রেমাস্পদমপি দুর্দ্দৈবপরিপাকাৎ প্রদ্বিষন্তঃ ঈশ্বরস্য মম শাসনং শ্রুতিরূপং তদুক্তার্থানুষ্ঠানপরাঙ্মুখতয়া তদতিবর্ত্তনং মে প্রদ্বেষন্তং কুর্ব্বন্তঃ নৃপাদ্যাজ্ঞালঙ্ঘনমেব হি তৎপ্রদ্বেষ ইতি প্রসিদ্ধং লোকে। নন্ু গুর্ব্বাদয়ঃ কথং তাননুশাসতি তত্রাহ অভ্যসূয়কাঃ গুর্ব্বাদীনাং বৈদিকমার্গস্থানাং কারুণ্যাদিগুণেষু প্রতারণাদিদোষারোপকাঃ, অতস্তে সর্ব্বসাধনশূন্যা নরক এব পতন্তীত্যর্থঃ। মামাত্মপরদেহেষ্বিত্যন্যাপরা ব্যাখ্যা। স্বদেহে পরদেহেষু চ চিদংশেন স্থিতং মাং প্রদ্বিষন্তোযজন্তে দম্ভযজ্ঞেষু শ্রদ্ধায়াঃ অভাবাদ্দীক্ষাদিনাত্মনোবৃথৈব পীড়া ভবতি, তথা পশ্বাদীনামপ্যবিধিনা হিংসয়া চৈতন্যদ্রোহমাত্রমবশিষ্যত ইতি। অপরা ব্যাখ্যা, আত্মদেহে জীবনাবিষ্টে ভগবল্লীলাবিগ্রহে বাসুদেবাদিসমাখ্যে মনুষ্যত্বাদিভ্রমান্মাং প্রদ্বিষন্তঃ তথা পরদেহেষু প্রহ্লাদাদিসমাখ্যেষু সর্ব্বদাঽবির্ভূতং মাং প্রদ্বিষন্ত ইতি যোজনা উক্তং হি নবমে "অবজানন্তি মাং মূঢ়া মানুষীং তনুমাশ্রিতং। পরং ভাবমজানন্তো মম ভূতমহেশ্বরং॥ মোঘাশা মোঘকর্ম্মাণো মোঘজ্ঞানা বিচেতসঃ। রাক্ষসীমাসুরীঞ্চৈব প্রকৃতিং মোহিনীং শ্রিতাঃ"॥ ইতি। অব্যক্তং ব্যক্তিমাপন্নং মন্যন্তে মামবুদ্ধয়" ইতি চান্যত্র। তথা চ [illegible]নীয়দ্বেষান্ন ভক্ত্যা পূততা তেষাং সম্ভবতীত্যর্থঃ॥ ১৮॥

নীলকণ্ঠ।—[illegible]হঙ্কারোঽহমেব সর্ব্বশ্রেষ্ঠ ইতি বুদ্ধিঃ, বলং শারীরং, আভিধনাভিজন নিমিত্তঞ্চ দর্পং পরা[illegible]ং কামং ক্রোধঞ্চ সংশ্রিতাঃ, মাং সর্ব্বদেহেষু আবিষ্টম্ আত্মদেহে স্বদেহশোষণেন "কর্ষয়ন্তঃ শরীরস্থং ভূতগ্রামমচেতসঃ, মাং চৈবান্তঃশরীরস্থং তান্বিদ্ধ্যাসুরনিশ্চয়ানিতি"

বক্ষ্যমাণদিশা পরদেহে চ হিংসাদিনাপ্রদ্বিষন্তঃ অভ্যসূয়কাঃ সর্ব্বত্র গুণেষু বেদোক্তেষু শমাদিষু অশক্তত্বাদিলক্ষণং দোষমারোপয়ন্তঃ ॥ ১৮ ॥

বিশ্বনাথ।—মাং পরমাত্মানং অমানয়ন্ত এব প্রদ্বিষন্তঃ। যদ্বা আত্মপরাঃ পরমাত্মপরায়ণাঃ সাধবস্তেষাং দেহেষু স্থিতং মাং প্রদ্বিষন্তঃ সাধুদেহ-দ্বেষাদেব মদ্দ্বেষ ইতি ভাবঃ। অভ্যসূয়কাঃ সাধূনাং গুণেষু দোষারোপকাঃ ॥ ১৮ ॥ ১৯ ॥

তাৎপর্য্য।—আসুরস্বভাব সম্পন্ন জীবগণ অবিধি পূর্ব্বক যজ্ঞানুষ্ঠান করিয়াও নরকস্থ হইয়া থাকে। কারণ তাহাদিগের অনুষ্ঠান সর্ব্বথা ধর্ম্ম মার্গ পরিভ্রষ্ট এবং অহঙ্কারাদি বিজৃম্ভিত। এই তত্ত্ব পূর্ব্ব শ্লোকে পরিব্যক্ত হইলেও অধুনা তাহা আরও স্পষ্টরূপে প্রকীর্ত্তিত হইতেছে। এই অসুর ভাবাপন্ন মানবগণ অহঙ্কার, বল, দর্প, কাম এবং ক্রোধের অধীন। আপনাকে বিদ্যমান ও অবিদ্যমান গুণসমূহের আধার বলিয়া জ্ঞান করা, এবং সেইরূপ জ্ঞানের বশবর্ত্তী হইয়া অপরাপর তাবতকে হেয় বা তুচ্ছ বলিয়া বিবেচনা করার নাম অহঙ্কার। এই অহঙ্কারই সকল অনর্থের মূলীভূত। যত কিছু পাপে মনুষ্য প্রলিপ্ত হইয়া সংসারে পিশাচের অপেক্ষা অধম ভাবে ব্যবহার করে, যত কিছু দুষ্কর্ম্মের স্রোতে বসুন্ধরাকে কলুষ-প্লাবিত করিয়া থাকে অনুসন্ধান করিলে দেখিতে পাওয়া যায় যে, তত্তাবতের মূলে সেই দুরাচারগণের দুর্দ্দমনীয় অহঙ্কার সগর্ব্বে মস্তকোত্তোলন করিয়া রহিয়াছে। স্বকীয় দৈহিক শক্তির, ধনশালিতার, লোকবলের, বিদ্যাবত্তার অহঙ্কারে স্ফীত হইয়া ভোগপরায়ণ দুরাচারেরা পাপাচারে প্রবৃত্ত হইয়া থাকে। অপরকে পরিভব করিবার নিমিত্ত অহঙ্কৃত মানব সততই প্রয়াসবান্ হইয়া থাকে। যে দৈহিক শক্তি প্রভাবে তাহারা অন্যকে পরাভূত ও পর্য্যুদস্ত করিতে সক্ষম হয়, তাহারই নাম বল। এই বলের অপব্যবহারে সংসারে প্রতিনিয়ত যে কতই শোচনীয় কাণ্ড সংঘটিত হইতেছে, তাহা বলিয়া শেষ করা যায় না। দৈহিকবল থাকিলেই যে, কারণে বা অকারণে পরনিপীড়ন করিতে হইবে, ইহা কদাপি ধর্ম্মনীতি সম্মত নহে। মনুষ্য পদে পদে এই ধর্ম্মনীতি উপেক্ষা করিয়া সহসা অপরের সর্ব্বনাশ সাধন করে। অহঙ্কার-বিমূঢ়াত্মা মনুষ্য অনেক সময়ে শাস্ত্র জ্ঞান সম্পন্ন গুরুদেবের উপদেশ বা দেশপালক নরপতির আদেশ অবহেলা করিয়া স্বকীয় স্বাধীনেচ্ছা সম্মত কার্য্য করে। যে প্রবৃত্তির বশবর্ত্তী হইয়া

তাহারা এইরূপ নিন্দনীয় আচরণ করিয়া থাকে, তাহার নাম দর্প। শ্রেয়োভিলাষী মনুষ্য শাস্ত্রাচার্য্যোপদেশ পালনে বাধ্য, এবং মনুষ্য সমাজের মঙ্গল সাধনার্থ রাজকীয় শাসন প্রতিপালন করিবার নিমিত্ত দায়ী। দর্পভাবে এই সকল ব্যবস্থার মস্তকে পদাঘাত করা একান্ত গর্হিত কার্য্য। সাধারণতঃ কাম শব্দ দুই অর্থে প্রযুক্ত হইয়া থাকে। কামনা উভয় প্রকার অর্থের মূলীভূত হইলেও স্থূলতঃ স্ত্রীবিষয়ক ভোগাভিলাষ কাম শব্দের সাধারণ অর্থ এবং ইষ্ট অনুকূল ও ভোগসুখপ্রদ বস্তু সমূহের লাভার্থ ঐকান্তিক অভিলাষ ইহার অপরার্থ। শেষোক্ত অর্থের মধ্যেই প্রথমোক্ত ভাব সন্নিবিষ্ট আছে ইহা বলাই বাহুল্য। এই ভোগাভিলাষ কখনই নিবৃত্তি হইবার নহে। মহারাজ যযাতি (২৪৯ পৃষ্ঠার টীপ্পনী দ্রষ্টব্য) বলিয়াছেন, "ন জাতু কামঃ কামানামুপভোগেন শাম্যতি। হবিষা কৃষ্ণবর্ত্মেব ভূয় এবাভিবর্দ্ধতে।" এই প্রসঙ্গ এই গ্রন্থে পুনঃ পুনঃ বিস্তারিত ভাবে আলোচিত হইয়াছে। সুতরাং তাহার পুনরুল্লেখ নিষ্প্রয়োজন। সংক্ষেপতঃ ইহাই বলিলে পর্য্যাপ্ত হইবে যে, এই কামপ্রবৃত্তি সংসারে অশেষ অনর্থের মূল এবং অধোগতির প্রকৃষ্ট সোপান। অপরের দ্বারা কোনরূপ অনিষ্ট সংঘটনের সম্ভাবনা উপস্থিত হইলে মনুষ্য ক্রোধে প্রদীপ্ত হইয়া থাকে,এবং সেই ক্রোধের প্রাবল্যে হয়তো মহদনর্থের সংঘটন করে। অমূলক বা সমূলক কোন কারণেই ক্রোধকে হৃদয়ে প্রবেশ করিতে দেওয়া অনাবশ্যক। কেন না একাল পর্য্যন্ত সংসারে যত পাপস্রোত প্রবাহিত হইয়াছে, তাহার অধিকাংশ স্থলেই ক্রোধকে মূলভূতরূপে দেখিতে পাওয়া যায়। উল্লিখিত অহঙ্কারাদি ভয়ানক দোষ সমূহের যাহারা আস্পদ তাহাদিগের দ্বারা ভূমণ্ডলে কোন শুভকার্য্য সংসিদ্ধ হওয়া দূরে থাকুক, প্রত্যুত প্রবল পাপের কালিমা তাহাদিগকে আচ্ছন্ন করিয়া রাখে ; অধিকন্তু ধরিত্রীকে পাপভার প্রপীড়িতা করে। তাহারা স্বস্ব দেহে এবং তদতিরিক্ত অন্যান্য যাবতীয় জীবদেহে যে শ্রীভগবান্ বিদ্যমান রহিয়াছেন, তাঁহার তত্ত্ব কদাপি প্রণিধান না করিয়া তাঁহার প্রতি বিদ্বেষ ভাব প্রদর্শন করে। অতি ক্ষুদ্র কীট হইতে অতি মহৎদেবতা পর্য্যন্ত সকলেই ব্রহ্মময়, এই পরমতত্ত্ব প্রণিধান না করিয়া দুরাচারেরা জীব হিংসায় প্রমত্ত হয়, এবং পরমেশ্বরের বিদ্রোহাচরণ করে। তাহারা আপ-

নার পদে আপনি কুঠারাঘাত করিয়া ক্ষান্ত হয় না, অপরেরও সর্ব্বনাশ সাধনার্থ দুষ্ক্রিয়ায় রত থাকিয়া জীবনপাত করে। তাহাদের এইরূপ অনুষ্ঠান কেবল ভগবানের প্রতি বিদ্বেষ বুদ্ধির পরিচায়ক। তাহারা শ্রৌত ব্যবস্থাদি অবহেলা পূর্ব্বক যাহাকে যাহাকে পরম প্রেমাস্পদ বলিয়া জ্ঞান করে, তত্তাবৎ বস্তুতঃ কেহই নহে, যিনি তাহার প্রকৃত আপনার, যাঁহাকে চিনিতে পারিলে তাহার পরম মঙ্গল সংসিদ্ধ হইবে এবং যাহার সহিত সম্বন্ধ চিরস্থায়ী ও অবিনশ্বর, তাঁহাকে অবজ্ঞা করিয়া এই দুষ্টেরা আত্ম ও পর নিগ্রহ করিয়া থাকে এবং তদ্ধেতু তাহাদের চিৎস্বরূপ ভগবানের বিদ্বেষ প্রকাশ হয়। এস্থলে আত্মপর শব্দ উপলক্ষে কোন কোন পূজ্যপাদ ব্যাখ্যাতা অভিপ্রায় প্রকাশ করিয়াছেন যে, লীলা-প্রকাশচ্ছলে শ্রীভগবান্ বাসুদেব নাম গ্রহণ পূর্ব্বক স্বয়ং আবির্ভূত হইয়াছিলেন। তিনি সাক্ষাৎ পরম পুরুষ হইলেও দুর্ব্বুদ্ধি সম্পন্ন দুষ্টেরা তাঁহার প্রতি বিদ্বেষ প্রকাশ করিতে ক্ষান্ত হয় নাই। অথবা ভক্তোত্তম ধ্রুব*

* ধ্রুব।—স্বায়ম্ভুব মনুর প্রিয়ব্রত ও উত্তানপাদ নামে দুই পুত্র ছিলেন। রাজা উত্তানপাদের সুনীতি ও সুরুচি নাম্নী দুই মহিষী ছিলেন। সুরুচির গর্ভে উত্তম ও সুনীতির গর্ভে ধ্রুব নামক পুত্র জন্মগ্রহণ করিয়াছিলেন। রাজা উত্তানপাদ প্রথমা মহিষীর প্রতি সাতিশয় অনুরক্ত ছিলেন এবং তদ্গর্ভজাত উত্তম কুমারকে অতিশয় স্নেহের সহিত লালন পালন করিতেন। সুনীতি এবং তাঁহার সন্তান ধ্রুব কখনই নরপতির অনুগ্রহ বা সমাদর ভোগ করিতে পাইতেন না। একদা রাজা উত্তানপাদ প্রিয়পুত্র উত্তমকে অঙ্কে ধারণ করিয়া সিংহাসনে উপবিষ্ট ছিলেন। পঞ্চ বর্ষ বয়স্ক বালক ধ্রুব সেই স্থানে সমাগত হইয়া বৈমাত্রেয় ভ্রাতা উত্তমের সৌভাগ্য দর্শন করিলেন এবং আপনিও পিতৃক্রোড়ে আরোহণ করিবার জন্য আন্তরিক ব্যাকুলতা প্রকাশ করিতে থাকিলেন। উত্তমজননী সুরুচি নিকটে দণ্ডায়মান ছিলেন, সপত্নীতনয় ধ্রুবের এইরূপ আকিঞ্চন দর্শনে সুরুচি তাঁহাকে অনেক বিদ্রূপ ও ভর্ৎসনা করিলেন। অভিমান-স্ফুরিতাধর ধ্রুব সে স্থান হইতে প্রস্থান করিয়া জননী সুনীতির নিকট উপস্থিত হইলেন এবং বিমাতৃ বাক্য সমূহ মাতৃচরণে নিবেদন করিলেন। সুনীতি তাঁহাকে প্রিয়বাক্যে [illegible] করিবার চেষ্টা করিলে ধ্রুব কহিলেন, আমি বসুন্ধরার সম্রাটের পদও আর প্রার্থনা করি না। যে পদের [illegible] নাই, যে স্থানের তুল্য পবিত্র নিকেতন, মানব কল্পনাও করিতে পারে না, আমি অতঃপর তাহ[illegible]। তদনন্তর ধ্রুব মাতার নিকট বিদায় গ্রহণ করিয়া মধুবনে প্রবেশ করিলেন। তিনি দেখিতে পাইলেন, অরণ্য মধ্যে কুশাসনোপরি সপ্ত মহর্ষি উপবিষ্ট। মহর্ষিগণকৃত প্রশ্নের উত্তরে ধ্রুব স্বকীয় অভিপ্রায় নিবেদন করিয়া বলিলেন, আমি অতুলনীয় শ্রেষ্ঠ পদলাভের প্রয়াসী। তখন সপ্তর্ষি একে একে ভগবান অচ্যুতের আরাধনা করিতে উপদেশ প্রদান করিলেন এবং মন্ত্র বিশেষ জপ করিতেও শিক্ষা দিলেন। তদনন্তর ধ্রুব মধুবন কাননে একাকী দৃঢ়ব্রত হইয়া তপস্যায় প্রবৃত্ত হইলেন। তাঁহার অলৌকিক সাধনা দেখিয়া দেবগণও ভয়াকুল হইলেন এবং তাঁহাকে তপোভ্রষ্ট করিবার প্রয়াস করিলেন। কিন্তু সকলকেই বিফল প্রযত্ন হইতে [illegible]

প্রহ্লাদাদির দেহে কারুণ্য পরবশ হইয়া শ্রীভগবান্ স্বয়ং আবির্ভূত হইয়াছিলেন, ইহা না বুঝিয়া সেই সকল ভগবন্নিষ্ঠ মহাত্মার প্রতি বিদ্বেষ ভাব প্রকাশ করিলে শ্রীভগবানের প্রতি বিদ্বেষ প্রকাশ করা হয়। ইহারা তাবতেই সম্মার্গের পরিপন্থী। অর্থাৎ সর্ব্ব শাস্ত্রার্থবিৎ তত্ত্বদর্শী গুরু প্রভৃতির করুণাপ্রণোদিত সহৃদয় বাক্যের কদর্থ কল্পনা করিয়া তাঁহাদিগের স্কন্ধে প্রতারণা প্রভৃতি কদর্থের আরোপ করিয়া থাকে।

কোন কোন ভাষ্যকার বলিয়াছেন, আমিই সমস্ত করিয়াছি, আমার তুল্য আর কেহই নাই, ইহাই অহঙ্কার; আর আমিই পরাক্রান্ত ইহাই বল; আমার সমকক্ষ কেহই নাই, এইরূপ বিশ্বাস দর্প; আমার ইচ্ছাই সর্ব্ব সাধনক্ষম, ইহাই কাম; আর যে আমার অনিষ্টকারী, আমি তাহাকেই নিপাত করিব, ইহাই ক্রোধ।

মূলস্থিত "ক্রোধঞ্চ" পদমধ্যগত চকার ইহাই সূচিত করিতেছে যে, পর গুণের অসহিষ্ণুতারূপ মাৎসর্য্য এবং অন্যান্য মহৎদোষও এস্থলে লক্ষিত ॥ ১৮ ॥

—:(•):—

তানহং দ্বিষতঃ ক্রূরান্ সংসারেষু নরাধমান্।
ক্ষিপাম্যজস্রমশুভানাসুরীষ্বেব যোনিষু ॥ ১৯ ॥

অন্বয়।—অহং দ্বিষতঃ (দ্বেষং কুর্ব্বতঃ) ক্রূরান্ (হিংসাপরান্) নরাধমান্ (অতিনিন্দিতান্) অশুভান্ (অশুভকর্ম্মকারিণঃ) তান্

দিব্যজ্ঞান সম্পন্ন ধ্রুব মধুর বাক্যে শ্রীভগবানের স্তব করিতে লাগিলেন। ভগবান বলিলেন, হে ধ্রুব। তোমার মনোরথ অবশ্যই সিদ্ধ হইবে। তোমার নিমিত্ত এই ত্রিলোকাতীত এ নূতনলোক স্থাপিত হইবে। তুমি তথায় পরমানন্দে এককল্পকাল অবস্থান করিবে, আর তোমার জননী সুনীতিও তোমার সমক্ষে নক্ষত্ররূপে সদাবস্থিতা থাকিবেন। তুমি জন্মান্তরে ব্রাহ্মণ কুমার ছিলে। সেই সময় এক রাজনন্দনের সহিত বন্ধুত্ব হেতু রাজৈশ্বর্য্য ভোগের নিমিত্ত তোমার বাসনা জন্মিয়াছিল। সেই বাসনা নিবন্ধন অধুনা তুমি রাজচক্রবর্ত্তী উত্তানপাদের পুত্ররূপে জন্মলাভ করিয়াছ; কিন্তু এক্ষণে সে পদকেও তুমি তুচ্ছ বোধ করিতেছ। তোমার প্রার্থনায় আমি পরিতুষ্ট হইয়াছি এবং যাহা তুমি অভিলাষ করিয়াছ, তাহাই অচিরে পূরণ করিয়া দিতেছি। এই ধ্রুবোপাখ্যানের মাহাত্ম্য যথেষ্ট। প্রতিদিন যে ব্যক্তি ধ্রুবোপাখ্যান আলোচনা করেন, তাঁহার চরমে সদগতি লাভ হয়। (বিষ্ণুপুরাণ ১ম অংশ ১১শ অধ্যায় দ্রষ্টব্য)

(আসুরান্) সংসারেষু আসুরীষু (ক্রূরস্বভাবব্যাঘ্রসর্পাদিষু) যোনিষু এব অজস্রং (নিরন্তরং) ক্ষিপামি (ভ্রাময়ামি) ১৯ ॥

প্রতিশব্দ।—আমি দ্বেষকারী হিংস্রক নরাধম অশুভ-কর্ম্ম-পরায়ণ তাহাদিগকে সংসারে আসুরী যোনিতেই নিরন্তর নিক্ষেপ-করি ॥ ১৯ ॥

ব্যাখ্যা।—মদ্বিদ্বেষক হিংসাপরায়ণ অশুভকর্ম্মকারী সেই সকল নরাধম মনুষ্যগণকে আমি সংসারে নিয়ত ব্যাঘ্রসর্পাদি আসুর যোনিতে পরিভ্রমণ করাইয়া থাকি ॥ ১৯ ॥

শঙ্করাচার্য্য।—তানহমিতি। তানহং সর্ব্বান্ সন্মার্গপ্রতিপক্ষভূতান্ সাধুদ্বেষিণোদ্বিষতশ্চ মাং ক্রূরান্ সংসারেষ্বেব নরকসংসরণমার্গেষু নরাধমান্ অধর্ম্মদোষবত্ত্বাৎ ক্ষিপামি প্রক্ষিপামি অজস্রং সন্ততমশুভান্ অশুভকর্ম্মকারিণ আসুরীষ্বেব ক্রূরকর্ম্মপ্রায়াসু ব্যাঘ্রসিংহাদিযোনিষু ক্ষিপামীত্যনেন সম্বন্ধঃ ॥ ১৯ ॥

আনন্দগিরি।—তেষামুক্তবিশেষণবতামাসুরাণাং কিং স্যাদিতি তদাহ তানিতি। ভগবতোনৈর্ঘৃণ্যপ্রসঙ্গং প্রত্যাদিশতি অধর্ম্মেতি ॥ ১৯ ॥

রামানুজ।—তানিতি। এবং মাং যে দ্বিষন্তি তান্ ক্রূরান্নরাধমান অশুভানহমজস্রং সংসারেষু জন্মজরামরণাদিরূপেণ পরিবর্ত্তমানেষু সংসারেষু তত্রাপ্যাসুরীষ্বেব যোনিষু ক্ষিপামি মদানুকূল্যপ্রত্যনীকেষু যোনিষু ক্ষিপামি তত্তজ্জন্মপ্রাপ্ত্যনুগুণপ্রবৃত্তিহেতুভূত বুদ্ধিষু ক্রূরাস্বহমেব সংযোজয়ামীত্যর্থঃ ॥ ১৯ ॥

হনুমান্।—সিংহব্যাঘ্রবরাহাদিষু ॥ ১৯ ॥

শ্রীধর।—তেষাঞ্চ কদাচিদপ্যাসুরভাবপ্রচ্যুতির্ন ভবতীত্যাহ তানিতি দ্বাভ্যাং। তানহং মাং দ্বিষতঃ ক্রূরান্ সংসারেষু জন্মমৃত্যুমার্গেষু তত্রাপ্যাসুরীষ্বেবাতিক্রূরাসু ব্যাঘ্রসর্পাদিযোনিষজস্রমনবরতং ক্ষিপামি তেষাং পাপকর্ম্মণাং তাদৃশং ফলং দদামীত্যর্থঃ ॥ ১৯ ॥

বলদেব।—এষামাসুরস্বভাবাৎ কদাচিদপি বিমোক্ষো ন ভবতীত্যাহ তানিতি দ্বাভ্যাম্। আসুরীষ্বেব হিংসাতৃষ্ণাদিযুক্তাসু ম্লেচ্ছব্যাধযোনিষু তত্তৎকর্ম্মানুগুণফলদঃ সর্ব্বেশ্বরোঽহমজস্রং পুনঃ পুনঃ ক্ষিপামি ॥ ১৯ ॥

মধুসূদন।—তেষাং ত্বৎকৃপয়া কদাচিন্নিস্তারঃ স্যাদিতি নেত্যাহ। তান্ সন্মার্গপ্রতিপক্ষভূতান্ দ্বিষতঃ সাধূন্ মাং চ ক্রূরান্ হিংসাপরান্ অতোনরাধমান্ অতিনিন্দিতান্ অজস্রং সন্ততমশুভান্ অশুভকর্ম্মকারিণঃ অহং সর্ব্বকর্ম্মফলদাতেশ্বরঃ সংসারেষ্বেব নরকসংসরণমার্গেষু ক্ষিপামি পাতয়ামি নরকগতাংশ্চ আসুরীষ্বেব অতিক্রূরাসু ব্যাঘ্রসর্পাদিযোনিষু তত্তৎকর্ম্মবাসনানুসারেণ ক্ষিপামীত্যনুষজ্যতে, এতাদৃশেষু নাস্তি মমেশ্বরস্য কৃপেত্যর্থঃ। তথা চ শ্রুতিঃ,—"অথ কপূয়চরণাঃ

অভ্যাশেহ কপূয়াং যোনিমাপদ্যেরন্, শ্বযোনিং বা শূকরযোনিং বা চণ্ডালযোনিং বেতি"। কপূয়চরণাঃ কুৎসিতকর্ম্মাণঃ অভ্যাশেহ শীঘ্রমেব কপূয়াং কুৎসিতাং যোনিমাপদ্যেত ইতি শ্রুতেরর্থঃ, অতএব পূর্ব্বপূর্ব্বকর্ম্মানুসারিত্বান্নেশ্বরস্য বৈষম্যং নৈর্ঘৃণ্যং বা। তথা চ পারমর্ষং সূত্রং "বৈষম্যনৈর্ঘৃণ্যে ন সাপেক্ষত্বাত্তথা হি দর্শয়তী"তি এবং চ পাপকর্ম্মাণ্যেব তেষাং কারয়তি ভগবান্ তেষু তদ্বীজসত্বাৎ কারুণিকত্বেঽপি তানি ন নাশয়তি তন্নাশকপুণ্যোপচয়াভাবাৎ, পুণ্যোপচয়ং ন কারয়তি, তেষাময়োগ্যত্বাৎ। ন হীশ্বরঃ পাষাণেষু যবাঙ্কুরান্ করোতি ঈশ্বরত্বাদযোগ্যস্যাপি যোগ্যতাং সম্পাদয়িতুং শক্নোতীতি চেৎ শক্নোত্যেব সত্যসঙ্কল্পত্বাৎ, যদি সঙ্কল্পয়েৎ, ন তু সঙ্কল্পয়তি আজ্ঞালঙ্ঘিষু স্বভক্তদ্রোহিষু দুরাত্মসু প্রসন্নত্বাৎ অতএব শ্রূয়তে "এষ হ্যেব সাধু কর্ম্ম কারয়তি তং যমুন্নিনীষতে এষ উ এবাসাধু কর্ম্ম কারয়তি তং যমধোনিনীষত" ইতি। যেষু প্রসাদকারণমস্ত্যাজ্ঞাপালনাদি তেষু প্রসীদতি যেষু তু তদ্বৈপরীত্যং তেষু ন প্রসীদতি, সতি কারণে কার্য্যং কারণাভাবে কার্য্যাভাব ইতি কিমত্র বৈষম্যং। "পরাত্তু তচ্ছ্রুতেরিতি" ন্যায়াচ্চ অন্ততোগত্যা কিঞ্চিদ্বৈষম্যাপাদনে মাহাময়ত্বাদদোষঃ॥ ১৯॥

নীলকণ্ঠ।—তেষাং ফলমাহ তানিতি। সর্ব্বভূতসমোঽপ্যহং তান্ বেদোক্তশাসনাতিগান্ ভূতদ্রোহকর্ত্তৄন্ অশুভস্বরাত্মা ননু তটস্থো যেন মে বৈষম্যং স্যাৎ, পূর্ব্বপূর্ব্বসংস্কারাস্তে তথৈব পাপং কুর্ব্বন্তি তদনুরূপং ফলঞ্চ প্রাপ্নুবন্তীত্যর্থঃ॥ ১৯॥

তাৎপর্য্য।—ঈশ্বরে বিদ্বেষ বুদ্ধি বিশিষ্ট অসুর ভাবাপন্ন জীবগণের পরিণামে কি দুর্গতি হইয়া থাকে, তাহাই এই শ্লোকে শ্রীভগবান্ পরিব্যক্ত করিতেছেন। ভগবান্ বলিতেছেন, আমার প্রতি যাহারা দ্বেষ পরায়ণ অর্থাৎ আমি লীলাপ্রকাশের নিমিত্ত অথবা পাপিগণের দণ্ডবিধান এবং পুণ্যাত্মাগণের উদ্ধার সাধনাভিপ্রায়ে সময়ে সময়ে যখন অবতার রূপে আবির্ভূত হই, তখন তাহারা নিরতিশয় দুর্ব্ব্যবহারে আমার প্রতি বিদ্বেষ প্রকাশ করে এবং আমার লীলার সাময়িক অবসান হইলেও পরাগত দুষ্টেরা সেই অবতারের উল্লেখ করিয়া বিদ্রূপ নিন্দা ও তাচ্ছীল্য প্রকাশ করে। তাহারা মদ্ভক্ত একান্ত মদাসক্তজনগণকে আমার নিতান্ত কৃপাপাত্র এবং মৎস্বরূপ জ্ঞান না করিয়া নানা প্রকারে লাঞ্ছিত করে। ইহাতে আমার প্রতি তাহাদিগের বিদ্বেষ প্রকাশ করা হয়। অধিকন্তু মৎপ্রবর্ত্তিত বিধি ব্যবস্থার বিরোধিতা করিয়া, মৎপ্রতিষ্ঠিত সদাচার ও সুনীতির উল্লঙ্ঘন করিয়া এবং মন্নিয়োজিত ধর্ম্ম মার্গের পরিপন্থী হইয়া তাহারা বিবিধ বিধানে আমার প্রতি বিদ্বেষ প্রকাশ করিয়া থাকে। এইরূপ ব্যক্তিগণ নিতান্ত ক্রূর ও নরাধম; যে হেতু তাহারা দুষ্ট বুদ্ধির সাহায্যে কেবল পর-

কীয় অনিষ্ট সাধনে প্রবৃত্ত থাকে এবং খলব্যবহারের দ্বারা অপরের অন্তরে তীব্র যন্ত্রণা উৎপাদন করে। এইরূপ ক্রূরেরা যে নরাধম, একথা বলাই বাহুল্য। কারণ মনুষ্য জীবন লাভ করিয়া যে মানবীয় কোন কর্ত্তব্য সাধনে সমর্থ হইল না, যে লীলাময় নারায়ণের মধুর চরিত কথা স্মরণ করিয়া প্রেমবিহ্বল হইল না, জগতের জীববর্গের কল্যাণ সাধনের নিমিত্ত যাহার হৃদয় উন্মত্ত হইল না, ধর্ম্ম সদাচার ও সৎকার্য্যে যাহার প্রবৃত্তি জন্মিল না, যে দুর্লভ মানব জীবন পশুর অপেক্ষাও ঘৃণিত ভাবে অতিবাহিত করিল, তাহার মানব জীবন নিরবচ্ছিন্ন অসার এবং সে অপদার্থরূপে পরিগণিত। এই সকল ব্যক্তি অতিশয় অশুভকারী; কারণ তাহারা নিন্দিত আচরণ পরায়ণ এবং জীবের অমঙ্গলের নিদান স্বরূপ, এরূপ ব্যক্তিবর্গকে ব্রহ্মাণ্ডেশ্বর নিরতিশয় অশুভ ফলভাগী করিয়া থাকেন। তাহাদিগের শিরে অমঙ্গলের প্রবাহ নিপতিত হইতে থাকে। যে সকল অমঙ্গলকে আমরা নিতান্ত ক্লেশকর বলিয়া মনে করি, তদপেক্ষাও গুরুতর অতি ভয়ানক অমঙ্গল আমাদিগের অলক্ষ্যে চারিদিকে দণ্ডায়মান রহিয়াছে। পারলৌকিক এবং জন্মান্তরীন অশুভই নিতান্ত অকল্যাণকর। আমরা দেখিতে পাই বা না পাই, আমাদিগের বর্ত্তমান ব্যবহার পারলৌকিক ফলাফলের ব্যবস্থাপক। যখনই আমরা ধর্ম্ম বিগর্হিত আচরণ করি, তখনই সঙ্গে সঙ্গে আমাদিগকে ভবিষ্যৎ অকল্যাণ আশ্রয় করিয়া থাকে। এইরূপ পরিণাম অবশ্যম্ভাবী। শ্রীভগবানের নিয়মানুসারে জন্মান্তরে সেই আসুরভাবাপন্ন মনুষ্যগণকে আসুরী যোনিতে জন্মগ্রহণ করিতে হয়, অর্থাৎ সর্প ব্যাঘ্র প্রভৃতি হিংস্র খল ও জীবলোকের নিতান্ত ভীতিবিধায়ক নিকৃষ্ট জীবরূপে তাহাদিগকে আবির্ভূত হইতে হয়।

এতদুপলক্ষ্যে পূজ্যপাদ শ্রীমন্মধুসূদন সরস্বতী যে বিচারের অবতারণা করিয়াছেন, তাহার মর্ম্ম নিম্নে প্রকটিত হইতেছে। যিনি পরম করুণাময়, যাহার ব্যবস্থায় জীবের যাবতীয় শুভাশুভ অনায়াসে সংঘটিত হইতে পারে, তিনি কাহারও অন্যায় ব্যবহারে বিরক্ত হইয়া তাহার দুর্গতির ব্যবস্থা করিয়া থাকেন, ইহা মনে করিলে তাঁহার প্রতি বৈষম্য দোষারোপ করা হয়। কিন্তু এতদ্বিষয়ে তাঁহার পক্ষপাতের লেশমাত্রও দৃষ্ট হয় না। কারণ মানবগণ স্বস্ব কর্ম্মফলানুসারেই উত্তমাধমগতি লাভের অধিকারী।

হইয়া থাকে। পরন্তু যাহারা ভগবদ্দ্রোহী, তাহাদের প্রতি তাঁহার কৃপা হওয়া অসম্ভব। শ্রুতিও বলিয়াছেন, "অথ কপূয়চরণা অভ্যাশেহ শীঘ্রমেব কপূয়াং কুৎসিতাং যোনিমাপদ্যেরন্ শ্বযোনিং বা শূকরযোনিং বা চণ্ডালযোনিং বা।" (ছান্দোগ্য উপনিষৎ ৫ম প্রপাঠক ১০ম খণ্ড ৭ম শ্রুতি) ইহার ভাবার্থ যথা; 'যাহারা কপূয়চরণ অর্থাৎ পাপ কর্ম্মনিরত, ক্রূর, মিথ্যাবাদী, মায়া মদাদি সংযুক্ত, তাহারা স্বস্ব কর্ম্মানুসারে অধম যোনিতে জন্মগ্রহণ করে; পরে অবশিষ্ট কর্ম্মফলানুসারে কুক্কুরযোনি, শূকরযোনি অথবা চণ্ডালযোনিকে প্রাপ্ত হইয়া থাকে।' অতএব স্পষ্টই বুঝা যাইতেছে যে, পূর্ব্ব পূর্ব্ব কর্ম্মানুসারেই জীবগণ উত্তমাধম গতি লাভ করিয়া থাকে; এ বিষয়ে ঈশ্বরের উপর বৈষম্য বা নৈর্ঘৃণ্য দোষের আরোপ করা যায় না। বেদান্তসূত্রকার ভগবান্ বাদরায়ণি বলিয়াছেন, "বৈষম্যনৈর্ঘৃণ্যে ন সাপেক্ষত্বাৎ তথাহি দর্শয়তি।" (বেদান্তসূত্র ২য় অধ্যায় ১মপাদ ৩৪ সূত্র) অর্থাৎ 'বিষম সৃষ্টি দর্শনে ঈশ্বরে বৈষম্য বা নৈর্ঘৃণ্য দোষের আরোপ করা যায় না, কারণ এ সমস্ত বৈষম্য নিমিত্তান্তরের দ্বারা উদ্ভূত হইয়া থাকে। শ্রুতিও এই মতেরই সমর্থন করিয়াছেন।' (বিস্তৃত ব্যাখ্যা ৯ম অধ্যায় ৯ম শ্লোকের তাৎপর্য্যে দ্রষ্টব্য) এতদ্দ্বারা ইহাই প্রতিপন্ন হইতেছে যে, ভগবান্ এই সকল দুরাচার আসুর ভাবাপন্ন ব্যক্তিগণকে আসুরসুলভ পাপ কর্ম্মেরই প্রবৃত্তি প্রদান করিয়া থাকেন; কারণ এই সকল দুর্ব্বৃত্তগণ পাপেরই বীজ রোপণ করিয়াছে, অতএব তাহাদের তদ্বীজানুরূপ ফলভোগই অবশ্যম্ভাবী। নিম্ববৃক্ষের বীজ রোপণ করিয়া তাহাতে সুমিষ্ট আম্রফলের প্রত্যাশা করা বাতুলতামাত্র। কিন্তু ঈশ্বর পরম কারুণিক হইলেও তাহাদের সেই সকল পাপ বীজ বিনষ্ট করেন না। কারণ তাহাদের তদ্বীজনাশক পুণ্য সঞ্চয়ের একান্ত অভাব পরিলক্ষিত হয়। পরম করুণাময় পরমেশ্বর স্বীয় করুণা প্রভাবে তাহাদিগের পুণ্যসঞ্চয় প্রবৃত্তিও প্রদান করেন না, যে হেতু এই সকল দুরাচার ব্যক্তি পুণ্যসঞ্চয়ের একান্ত অযোগ্য। তাহাদের পাপ-প্ররোচিত হৃদয় পাপপথে ধাবিত হইতেই একান্ত অভিলাষী; সন্মার্গের অনুসরণে তাহারা অনিচ্ছুক এবং অশক্ত। স্বেচ্ছাময় পরমেশ্বর সর্ব্বশক্তিমান হইলেও পাষাণে যবাঙ্কুরের উদ্ভব করেন না। এ স্থলে সহজেই প্রশ্ন হইতে পারে যে, যখন তিনি

স্বেচ্ছাময় সর্ব্বশক্তিমান্, যখন তাঁহার ইচ্ছা প্রভাবেই এই ব্রহ্মাণ্ড সৃষ্ট হইয়াছে, তাঁহারই ইচ্ছায় এই জগদ্‌যন্ত্র পরিচালিত হইতেছে, এবং তিনি ইচ্ছা করিলে এক মুহূর্ত্তে এই জগৎ ধ্বংসমুখে নিপতিত হইতে পারে,তখন তিনি স্বীয় ইচ্ছাশক্তি প্রভাবে অযোগ্যেরও যোগ্যতা সম্পাদনে সমর্থ। অতএব তিনি এই সকল আসুর স্বভাব মানবগণের পাপবীজ বিনষ্ট করিয়া পুণ্যবীজ রোপণে অসমর্থ কেন? এতদুত্তরে ইহাই কথিত হইতেছে যে, তিনি সত্যসঙ্কল্প হেতু অসম্ভবকেও সম্ভব করিতে সমর্থ। তাঁহার ইচ্ছা হইলে অযোগ্যও যোগ্যতা লাভে কৃতার্থ হইতে পারে। কিন্তু এ স্থলে তিনি তদাজ্ঞালঙ্ঘনকারী স্বভক্তদ্রোহী দুরাত্মা আসুরগণের প্রতি অতিশয় অপ্রসন্ন,এই জন্য করুণাময় হইলেও তিনি এই সকল মানবের উপর স্বকীয় কৃপাবারি বর্ষণ দ্বারা তাহাদিগের পাপকালিমা বিধৌত করিয়া তাহাদিগকে পুণ্যপথে আনয়ন করিতে ইচ্ছা করেন না। শ্রুতিও বলিয়াছেন, "এষহ্যেব সাধুকর্ম্ম কারয়তি তংযমুন্নিনীষতে এষ উ এবাসাধুকর্ম্ম কারয়তি তংযমধোনিনীষতে।" ইহার ভাবার্থ যথা; 'ঈশ্বরই পুণ্যকর্ম্ম করাইয়া জীবকে ঊর্দ্ধলোকে আনয়ন করেন, এবং তিনিই নিন্দিত কার্য্য করাইয়া মানবকে অধোগতি প্রদান করিয়া থাকেন।' অর্থাৎ যে ব্যক্তি সর্ব্বদা তৎপ্রসাদাকাঙ্ক্ষী, যিনি নিরন্তর তদ্ভজন, তদ্ধ্যান, তৎকীর্ত্তন, পরহিত, সর্ব্বভূতে দয়া বিতরণ প্রভৃতি মঙ্গলজনক কার্য্যের দ্বারা শ্রীভগবানের অনুগ্রহভাজন হইয়া থাকেন, তিনিই তৎপ্রসাদে সর্ব্বলোকাকাঙ্ক্ষিত অসুলভ পরমপদ লাভ করিয়া ধন্য হইতে সমর্থ হন। কিন্তু যে ব্যক্তি তাঁহার প্রসাদাকাঙ্ক্ষী নহে, যে নিয়ত ভগবদ্বিদ্বেষ পরায়ণ, ভগবদ্ভক্তের নিন্দা, প্রতারণা, পরস্বাপহরণ, সতীর ধর্ম্মনাশ, সুরাপান, অভক্ষ্য ভক্ষণ, অগম্যাগমন, পরদ্রোহ প্রভৃতি অমঙ্গল সূচক নিন্দিত কার্য্যের দ্বারা নিয়ত জগতে অশান্তি এবং অমঙ্গল বহ্নি প্রজ্বালিত করিয়া সংসার ধ্বংস করিতে সমুদ্যত, তাদৃশ কুৎসিতাচারী দুরাত্মা মানব তৎপ্রসাদ লাভে বঞ্চিত হইয়া আপনাকে অধঃপাতিত করিয়া থাকে। যে সকল ব্যক্তি সতত তাঁহার আজ্ঞাপালনে তৎপর তিনি তাহাদের উপর যে প্রসন্ন হইবেন এবং যাহারা তাঁহার আজ্ঞা প্রতিপালনে বিমুখ, তাহাদের উপর যে অপ্রসন্ন হইবেন ইহা স্বাভাবিক। প্রভু আজ্ঞাবাহী ভৃত্যের প্রতি করুণা পরায়ণ হইয়া থাকেন এবং

আজ্ঞা লঙ্ঘনকারী ভৃত্যের উপর রুষ্ট হন, ইহা প্রতিনিয়তই আমরা প্রত্যক্ষ করিতেছি। প্রসন্নতা লাভের কারণ থাকিলেই কৃপালাভ করা যায়, কিন্তু কারণ না থাকিলে কৃপারূপ কার্য্যের উৎপত্তি হইতে পারে না। অতএব ঈশ্বরে বৈষম্য দোষ কখনই আরোপিত হইতে পারে না। এতদ্বিষয়ে আরও একটী সুন্দর দৃষ্টান্ত পুরাণাদিতে শ্রুত হওয়া যায়। অগ্নির শীতনিবারক শক্তি থাকিলেও যে ব্যক্তি অগ্নির নিকটস্থ হয়, তাহারই শীত নিবারণ হইয়া থাকে, কিন্তু যে ব্যক্তি অগ্নি হইতে দূরে অবস্থান করে, তাহার শীত নিবারণ কখনই সম্ভব নহে। এস্থলে অগ্নির কোন বৈষম্যতা না থাকিলেও যেরূপ সমীপস্থ এবং দূরস্থ ভেদে শীতের নাশ ও নাশাভাব দৃষ্ট হয়, তদ্রূপ যে ব্যক্তি সাধনার দ্বারা ঈশ্বরের নিকটস্থ হইতে পারে, সেই তাঁহার কৃপালাভে সক্ষম, এবং যে ব্যক্তি দুষ্কর্ম্ম দ্বারা উত্তরোত্তর তাঁহা হইতে দূরস্থ হয়, সে কদাপি তাঁহার করুণালাভ করিতে পারে না। এ বিষয়ে ঈশ্বরের কিছুমাত্র বৈষম্য বা পক্ষাপাতিত্ব দোষ নাই ॥ ১৯ ॥

——০:*:০——

আসুরীং যোনিমাপন্না মূঢ়া জন্মনি জন্মনি।
মামপ্রাপ্যৈব কৌন্তেয়! ততো যান্ত্যধমাং গতিম্ ॥২০॥

অন্বয়।—হে কৌন্তেয়! (কুন্তীতনয়!) মূঢ়াঃ (অবিবেকিনঃ) জন্মনি জন্মনি আসুরীং যোনিং আপন্নাঃ প্রাপ্তাঃ [সন্তঃ] মাং (ভগবন্তং) অপ্রাপ্য (অনাসাদ্য) এব ততঃ (তস্মাৎ) অধমাং (নিকৃষ্টতমাং) গতিং যান্তি (প্রাপ্নুবন্তি) ॥ ২০ ॥

প্রতিশব্দ।—হে কৌন্তেয়! মূঢ়গণ জন্মে জন্মে আসুরী যোনিকে প্রাপ্ত [হইয়া] আমাকে না পাইয়াই তাহা হইতে নিকৃষ্টতম গতিকে গমন করে ॥ ২০ ॥

ব্যাখ্যা।—হে কুন্তীতনয়! এতাদৃশ মূঢ়গণ জন্মে জন্মে আসুরী যোনিকেই প্রাপ্ত হয়, এবং কোনও জন্মে আমাকে না পাইয়া উত্তরোত্তর নিকৃষ্টতম গতি লাভ করিয়া থাকে ॥ ২০ ॥

শঙ্করাচার্য্য।—আসুরীমিতি। আসুরীং যোনিমাপন্নাঃ প্রতিপন্না মূঢ়া জন্মনি জন্মনি অবিবেকিনঃ প্রতিজন্ম তমোবহুলাস্বেব যোনিষু জায়মানা অধোগচ্ছন্তি তে মূঢ়া মামীশ্বরং অপ্রাপ্য অনাসাদ্যৈব হে কৌন্তেয়! ততস্তস্মাদপি যান্তি অধমাং নিকৃষ্টতমাং গতিং মামপ্রাপ্যেতি ন মৎপ্রাপ্তৌ কাচিদপ্যাশঙ্কাস্ত্যতোমচ্ছিষ্টসাধুমার্গপ্রাপ্তিমপ্রাপ্যেত্যর্থঃ॥ ২০॥

আনন্দগিরি।—নমু তেষামপি ক্রমেণ বহূনাং জন্মনামন্তে শ্রেয়োভবিষ্যতি নেত্যাহ আসুরীমিতি। তেষামীশ্বরপ্রাপ্তিশঙ্কাভাবে কথন্তন্নিষেধঃ স্যাদিত্যাশঙ্ক্যাহ মামিত্যাদিনা। যস্মাদাসুরী সম্পদনর্থপরম্পরয়া সর্ব্বপুরুষার্থপরিপন্থিনী তস্মাদযাবৎ পুরুষঃ স্বতন্ত্রো ন কাঞ্চিৎ পারবশ্যকরীং যোনিমাপন্নস্তাবদেব তেনাসৌ পরিহরণীয়েতি সমুদায়ার্থঃ॥ ২০॥

রামানুজ।—আসুরীমিতি। মদানুকূল্য প্রত্যনীকজন্মাপন্নাঃ পুনরপি জন্মনি জন্মনি মূঢ়াঃ মদ্বিপরীতজ্ঞানা মামপ্রাপ্যৈবাস্তি ভগবান্ বাসুদেবঃ সর্ব্বেশ্বর ইতি জ্ঞানমপ্রাপ্য ততস্ততো জন্মনোঽধমামেব গতিং যান্তি॥ ২০॥

হনুমান্।—আপন্নাঃ প্রাপ্তাঃ মাং সর্ব্বগমীশ্বরং অধমং নিকৃষ্টান্তঃকরণমিত্যর্থঃ॥ ২০॥

শ্রীধর।—কিঞ্চ আসুরীমিতি। তে চ মামপ্রাপ্যৈবেত্যেবকারেণ মৎপ্রাপ্তিশঙ্কাপি কুতস্তেষাং মৎপ্রাপ্ত্যুপায়ং সন্মার্গমপ্রাপ্য ততোঽপ্যধমাং কৃমিকীটাদিগতিং যান্তীত্যুক্তং। শেষং স্পষ্টং॥ ২০॥

বলদেব।—নমু বহুজন্মান্তে তেষাং কদাচিত্ত্বদনুকম্পয়াসুরযোনের্বিমুক্তিঃ স্যাদিতি চেত্তত্রাহাসুরীযোনিমিতি। তেমূঢ়া জন্মনি জন্মন্যাসুরযোনি মাপন্না মামপ্রাপ্যৈব ততোঽপ্যধমামতি-নিকৃষ্টাং শ্বাদিযোনিং যান্তি। মামপ্রাপ্যৈবৈবকারেণ মদনুকম্পায়াঃ সম্ভাবনাপি নাস্তি তন্নাভোপায়যোগ্যা সজ্জাতিরপি দুর্লভেতি শ্রুতিশ্চৈবমাহ। "অথ কপূয়চরণা অভ্যাশে হ যত্তে কপূয়াং যোনিমাপদ্যেরন্ শ্বযোনিং বা শূকরযোনিং বা চাণ্ডালযোনিং বে"ত্যাদিকাঃ। নম্বীশ্বরঃ সত্যসংকল্পত্বাদযোগ্যস্যাপি যোগ্যতাং শক্নুয়াৎ কর্ত্তুমিতি চেৎ শক্নুয়াদেব যদি সংকল্পয়েৎ বীজাভাবান্ন সংকল্পয়তীত্যতস্তস্যা:বৈষম্যমাহ সূত্রকারঃ বৈষম্যনৈর্ঘৃণ্যেনেত্যাদিনা। ততশ্চ তানহমিত্যাদিদ্বয়ং সূপপন্নম্। এতে নাস্তিকাঃ সর্ব্বদা নারকিণো দর্শিতাঃ। যে তু শাপাদসুরাস্ত-দনুবর্ত্তিনশ্চ রাজন্যাঃ প্রত্যক্ষে উপেন্দ্রনৃহরিবরাহাদৌ বিষ্ণৌ স্বশক্রপক্ষিত্বেন বিদ্বেষিণোঽপি বেদবৈদিককর্ম্মপরাঃ সর্ব্বনিয়ন্তারং কালশক্তিকমপ্রত্যক্ষং সর্ব্বেশ্বরং মন্যন্তে তে তূপেন্দ্রাদি-ভির্নিহতাঃ ক্রমাৎ ত্যক্তস্ত্যাসুরীযোনিং কৃষ্ণেন নিহতাস্ত বিমুচ্যন্তে চেতি ন তে বেদবাহ্যাঃ॥২০॥

মধুসূদন।—নমু তেষামপি ক্রমেণ বহূনাং জন্মনামন্তে শ্রেয়োভবিষ্যতি নেত্যাহ আসুরীমিতি। যে কদাচিদাসুরীং যোনিমাপন্নাস্তে জন্মনি জন্মনি প্রতিজন্মনি মূঢ়াস্তমো-বহুলত্বেনাবিবেকিন স্ততস্তস্মাদপি যান্ত্যধমাং গতিং নিকৃষ্টতমাং গতিং মামপ্রাপ্যেতি ন মৎ-প্রাপ্তৌ কাচিদাশঙ্কাপ্যস্তি অতোমদুপদিষ্টঃ বেদমার্গমপ্রাপ্যেত্যর্থঃ। এবকারস্ত্বর্থাকৃষ্টাবয়াদিষু বেদমার্গপ্রাপ্তিস্বরূপাযোগ্যতাং দর্শয়তি, তেনাত্যন্ততমোবহুলত্বেন বেদমার্গাপ্রাপ্তিস্বরূপাযোগ্যাঃ ভূত্বা পূর্ব্বপূর্ব্বনিকৃষ্টযোনিতো নিকৃষ্টতমামধমাং যোনিমুত্তরোত্তরং গচ্ছন্তীত্যর্থঃ হে কৌন্তেয়েতি

নিজসংবন্ধকথনেন ত্বমিতোনিস্তীর্ণ ইতি সূচয়তি। যস্মাদেকদা আসুরীং যোনিমাপন্নানামুত্তরোত্তরং নিকৃষ্টতরনিকৃষ্টতমযোনিলাভোন তু তৎপ্রতীকারসামর্থ্যমত্যন্ততমোবহুলত্বাৎ, তস্মাদ্যাবন্মনুষ্যদেহলাভোঽস্তি তাবন্মহতাঽপি প্রযত্নেনাসুর্য্যাঃ সম্পদঃ পরমকষ্টতমায়াঃ পরিহারায় ত্বরয়ৈব যথাশক্তি দৈবী সংপদনুষ্ঠেয়া শ্রেয়োঽর্থিভিস্তথা তির্য্যগাদিদেহপ্রাপ্তৌ সাধনানুষ্ঠানাযোগ্যত্বান্নকদাপি নিস্তারোঽস্তীতি মহৎ সঙ্কটমাপদ্যেতেতি সমুদায়ার্থঃ। তদুক্তং, "ইহৈব নরকব্যাধেশ্চিকিৎসাং ন করোতি যঃ। গত্বা নিরৌষধং স্থানং সরুজঃ কি করিষ্যতি" ॥ ইতি ॥ ২০ ॥

নীলকণ্ঠ।—আসুরযোনিপ্রাপ্তেরপিফলমাহ আসুরীমিতি। অধমাং নারকীং, তির্য্যক্ স্থাবরাদিরূপাং বা ॥ ২০ ॥

বিশ্বনাথ।—মামপ্রাপ্যৈব ইতি নতু মাং প্রাপ্নোতি বৈবস্বত মন্বন্তরীয়াষ্টাবিংশ চতুর্যুগদ্বাপরান্তেঽবতীর্ণং মাং কৃষ্ণং কংসাদিরূপাস্তে প্রাপ্য প্রদ্বিষস্তোঽপি মুক্তিমেব প্রাপ্নুবন্তীতি। ভক্তিজ্ঞানপরিপাকতো লভ্যামপিমুক্তিং তাদৃশপাপিভ্যোঽপ্যহং অপারকৃপাসিন্ধুর্দদামি নেতি ভূত মনুষ্যনোঽক্ষদৃঢ়যোগ যুজো হৃদি যমুনয় উপাসতে তদরয়োঽপি যযুঃ স্মরণা"দিতি শ্রুতয়োপ্যাহুঃ অতঃ পূর্ব্বোক্তো মমৈব সর্ব্বোৎকর্ষোবরীবর্ত্তীতি ভাগবতামৃতকারিকা যথা। "মাং কৃষ্ণরূপিণং যাবন্নপ্নুবন্তি মমদ্বিষঃ। তাবদেবাধমাং যোনিং প্রাপ্নুবন্তী"তি ॥ ২০ ॥

তাৎপর্য্য।—শ্রীভগবান্ পূর্ব্ব শ্লোকে ব্যক্ত করিয়াছেন যে, এতাদৃশ অধর্ম্মাচারী আসুর স্বভাব ব্যক্তিগণ আমার কৃপালাভে অসমর্থ হইয়া নিরন্তর নিকৃষ্টতম যোনিতে জন্মগ্রহণ করিয়া থাকে। সেই সকল ভগবদ্ভক্তি বিহীন কুৎসিতাচার মানবগণের পরিণাম কিরূপ ভয়ানক হইয়া থাকে, তাহাই অতঃপর প্রদর্শিত হইতেছে। এস্থলে যদিই অর্জ্জুনের মনে সন্দেহ উপস্থিত হয় যে, এই সকল পতিত মানবগণ জন্ম জন্মান্তরে নিদারুণ নরক যন্ত্রণা ভোগ করিয়া যদিই পরিশেষে আত্মকৃত পাপের জন্য অনুতপ্ত হয়, যদি সে ব্যক্তি স্বীয় দুষ্কৃতির ভীষণ পরিণাম দর্শনে সভয় চিত্তে অসন্মার্গ হইতে প্রত্যাবর্ত্তনের জন্য ব্যাকুল হয়, যদি কদাচিৎ সে আত্মহৃদয়ের দিকে লক্ষ্য করিয়া কাতর কণ্ঠে তোমার করুণা ভিক্ষা করে, তাহা হইলেও কি সেই পতিত ব্যক্তির উদ্ধার হইতে পারে না? সেই অধম মানব তোমার কৃপাকণা লাভ করিয়া কৃতার্থ হইতে সক্ষম হয় না? অর্জ্জুনের হৃদয়জাত এতাদৃশ আশঙ্কিত প্রশ্নের উত্তর প্রদানের অভিপ্রায়ে শ্রীভগবান্ বর্ত্তমান শ্লোকের অবতারণা করিয়াছেন।

শ্রীভগবান্ বলিতেছেন, হে কৌন্তেয়! এতাদৃশ আসুর স্বভাব ব্যক্তিগণ অতিশয় মূঢ়, অর্থাৎ তাহারা বিবেকজ্ঞান বিরহিত। তাহাদের বুদ্ধি

তমোগুণবহুল। তমোগুণ সর্ব্বদা বিবেক শক্তিকে আচ্ছন্ন করিয়া রাখে, এই জন্যই তাহারা কদাচিৎ সৎপথের অনুসরণ করিতে সক্ষম হয় না। তাহাদের প্রবৃত্তি বেদমার্গে পরিভ্রমণ করিতে অসমর্থ হওয়ায় নিরন্তর অসৎপথে ধাবিত হইয়া তাহাদিগের মলিন চিত্তক্ষেত্রকে অধিকতর কলুষিত করিতে থাকে। এতাদৃশ ক্ষুদ্র বুদ্ধি কলুষিত চিত্ত মানবগণ নিরন্তর আসুরী যোনিতেই জন্মপরিগ্রহ করিয়া থাকে। জন্মের পর মৃত্যু মৃত্যুর পর জন্ম, এইরূপে নিরন্তর জন্ম মৃত্যুর ঘূর্ণায়মান চক্র আবর্ত্তিত হইতে থাকে, সেই চক্রে বিঘূর্ণিত হইয়া হতভাগ্য মানব উত্তরোত্তর নিকৃষ্ট হইতে নিকৃষ্টতর যোনিতে গমন করে। একবার এই নিকৃষ্ট আসুরী যোনিতে জন্ম পরিগ্রহ করিলে আর সহজে উদ্ধার হইবার উপায় থাকে না; আসুরী জন্ম লাভ করিয়া মানবের আসুর ভাবই প্রবলতর হয়, এবং তাহাতে সে উত্তরোত্তর নিকৃষ্ট কার্য রত হইয়া থাকে। সৎশিক্ষা, সাধুসঙ্গ, ধর্ম্মানুরাগ, সৎকার্য্যের অনুষ্ঠান প্রভৃতি সুকৃতিপ্রদ প্রবৃত্তিনিচয় ক্রমেই বিলুপ্ত হইয়া যায়; অসৎসংসর্গ, অকার্য্যের অনুষ্ঠান, অসৎপ্রবৃত্তির অনুসরণ প্রভৃতি নরক বিধায়ক ভাব সমূহই তাহার হৃদয়ে প্রবল হইয়া উঠে। সেই সকল ভাবের প্রাবল্যে সে যে উত্তরোত্তর জন্ম জন্মান্তরে নিকৃষ্ট গতিই লাভ করিবে, তাহা নিশ্চিত। এতাদৃশ দুষ্কৃতি পরায়ণ মানবগণ কখনই শ্রীভগবানের মাহাত্ম্য ক্ষুদ্র কলুষিত হৃদয়ে ধারণ করিতে সমর্থ হয় না। শ্রীভগবানের অলৌকিক মহিমাকে তাহারা বাতুলের প্রলাপোক্তি বলিয়া অবজ্ঞা প্রকাশ করে, তাঁহার দৈবী লীলাকাহিনী শ্রবণ করিয়া তৎসমূহকে ঘৃণার চক্ষে নিরীক্ষণ করে, এবং দয়াময় শ্রীহরির অপার গুণরাশির মধ্যে বিবিধ দোষের আবিষ্কার করিয়া তাঁহার নিন্দা প্রচার করিতে থাকে। এই মূঢ় মানবগণ কখনই ঈশ্বরের সর্ব্বশক্তিমত্তায় বিশ্বাস স্থাপন বা তাঁহার প্রতি শ্রদ্ধা প্রকাশ করিতে পারে না। এইরূপ বিশ্বাস বা শ্রদ্ধার অভাবে তাহাদের হৃদয়ে কদাপি ভগবদ্ভক্তি উপজাত হয় না। গুরূপদেশে বা বেদান্ত বাক্যে তাহাদিগের আস্থা থাকে না। তাহারা নিয়ত কদাচারী, দুষ্কর্ম্মপরায়ণ, ভগবদ্দ্বেষী হইয়া সংসারে বিচরণ করে। এতাদৃশ মূঢ় মানবগণ কোনকালেই শ্রীভগবানের কৃপাপাত্র হইতে পারে না; তাহাদের হৃদয়ে ভগবদ্ভক্তিরূপ শান্তি স্রোতস্বতী কোনদিনই প্রবাহিত হয় না। এই সকল দুরাত্মা মানব

চিরদিনই ভীষণ মরুভূমি সদৃশ হৃদয় লইয়া, অতৃপ্ত বাসনার মোহে পতিত হইয়া সংসারে বিচরণ করে, আশার শতপাশে বেষ্টিত হইয়া উত্তরোত্তর কৃমিকীটাদি জন্ম প্রাপ্ত হইয়া থাকে।

পূজ্যপাদ শ্রীমদ্বলদেব বিদ্যাভূষণ মহাশয়, কিরূপ আসুরগণ চিরদিনের নিমিত্ত নরকগামী হয় এবং কীদৃশ আসুরগণ ভগবৎকৃপায় উদ্ধার লাভ করে, তৎসম্বন্ধে নিম্নলিখিত অভিপ্রায় প্রকাশ করিয়াছেন। পূর্ব্বোল্লিখিত ক্রূরকর্ম্মা, ভগবদ্বিদ্বেষী নাস্তিক আসুরগণ চিরদিন নরক ভোগ করে, কোন কালেই তাহারা উদ্ধার প্রাপ্ত হয় না; কিন্তু যাহারা শাপবশতঃ আসুর-কুলে হিরণ্যকশিপু প্রভৃতিরূপে অথবা তদনুযায়ী রাজকুলে শিশুপালাদি রূপে জন্মগ্রহণ করিয়াছে, তাহারা প্রত্যক্ষ বামন (১৪৪৬ পৃষ্ঠার টীপ্পনী দ্রষ্টব্য) নরসিংহ (২৬১৫ পৃষ্ঠার টীপ্পনী দ্রষ্টব্য) প্রভৃতি শ্রীহরির অবতার বিশেষকে স্বশত্রুপক্ষ জ্ঞান করিয়া বিদ্বেষ ভাবাপন্ন হইলেও বেদবিহিত কর্ম্মানুষ্ঠানে রত ছিল, এবং সর্ব্বনিয়ন্তা সর্ব্বশক্তিমান অপ্রত্যক্ষ সর্ব্বেশ্বরে বিশ্বাস স্থাপন করিয়াছিল। এই জন্যই তাহারা বামনাদি অবতার কর্ত্তৃক নিহত হইয়া ক্রমে আসুরযোনি ত্যাগ করিয়া ঊর্দ্ধগতি লাভ করিতে সক্ষম হইয়াছে এবং পরে শ্রীকৃষ্ণের হস্তে দেহত্যাগ পূর্ব্বক মোক্ষলাভ করিয়াছে। অতএব তাহারা পূর্ব্বোল্লিখিত আসুরগণের ন্যায় বেদ-বহিষ্কৃত নহে।

পূজ্যপাদ শ্রীমন্মধুসূদন সরস্বতী পরিশেষে নিম্নলিখিত অভিপ্রায় প্রকাশ করিয়াছেন। যাঁহারা আত্মার শ্রেয়োভিলাষী, তাঁহারা একান্ত অধোগতি প্রাপ্তির পূর্ব্বেই দৈবী কার্য্যানুষ্ঠানের চেষ্টা করিবেন। কারণ তির্য্যগাদি জন্ম প্রাপ্ত হইলে, আর কোন সাধনারই অবসর বা শক্তি থাকিবে না। অতএব সেই সঙ্কট প্রাপ্তির পূর্ব্বেই তন্নিস্তারের উপায়ানুষ্ঠান করা উচিত। এতৎসম্বন্ধে সরস্বতী মহোদয় নিম্নলিখিত শাস্ত্র বাক্য উদ্ধৃত করিয়াছেন যথা; "ইহৈব নরকব্যাধেশ্চিকিৎসাং ন করোতি যঃ। গত্বা নিরৌষধং স্থানং সরুজঃ কিং করিষ্যতি॥" অর্থাৎ যে ব্যক্তি ইহলোকেই নরকরূপ ব্যাধির চিকিৎসা না করে, সেই ব্যক্তি পরে রোগযুক্ত হইয়া ঔষধবিহীন স্থানে গমন করতঃ কি করিবে?

পূজ্যপাদ শ্রীমদ্বিশ্বনাথ অভিপ্রায় প্রকাশ করিয়াছেন যে, সেই সকল

আসুর ভাবাপন্ন মানব যতদিন না আমাকে প্রাপ্ত হয়, ততদিনই তাহারা এইরূপে নিকৃষ্ট হইতে নিকৃষ্টতম যোনিতে পরিভ্রমণ করিয়া থাকে ; কিন্তু আমাকে প্রাপ্ত হইলে অর্থাৎ আমার করুণা লাভ করিতে পারিলে তাহা-দিগকে আর এরূপ যন্ত্রণা ভোগ করিতে হয় না ; তাহারা অনায়াসেই মুক্তিলাভ করিতে পারে। বৈবস্বতমন্বন্তরে (৭৫১ । ১৫৩৬ পৃষ্ঠার টীপ্পনী দ্রষ্টব্য) চতুর্যুগে দ্বাপরের শেষে অবতীর্ণ কৃষ্ণরূপী আমাকে প্রাপ্ত হইয়া মদ্বিদ্বেষী কংসাদি আমার শত্রুতাচরণ করিয়াও মুক্তিলাভ করিয়াছিল। ভক্তি এবং জ্ঞানের পরিপাকে যে মুক্তিলাভ করা যায়, অপার করুণাসিন্ধু আমি তাদৃশ পাপিদিগকেই সেই অসুলভ মুক্তি প্রদান করিয়াছি। শাস্ত্রে উক্ত হইয়াছে, "ভূতমরুত্মনোঽক্ষ দৃঢ়যোগযুজোহৃদি যন্মুনয় উপাসতে তদরয়োঽপি যযুঃ স্মরণাৎ।" অর্থাৎ প্রাণায়ামাদির দ্বারা বায়ুনিরোধ করিয়া কঠোর যোগপরায়ণ মুনিগণ সুবিশুদ্ধ চিত্তে যাঁহাকে উপাসনা করেন, পাপিগণ তাঁহাকে শত্রুরূপে স্মরণ করিয়াও সেই যোগলভ্য গতিকে প্রাপ্ত হইয়াছে। অতএব মৎপ্রাপ্তিই সর্ব্বানর্থ বিনাশের হেতু। ভাগবতা-মৃত কারিকা গ্রন্থেও উক্ত হইয়াছে যে, "মাং কৃষ্ণরূপিণং যাবন্নাপ্নুবন্তি মম দ্বিষঃ। তাবদেবাধমাং যোনিং প্রাপ্নুবন্তি" ইহার ভাবার্থ যথা ; যে পর্য্যন্ত আমার শত্রুগণ কৃষ্ণরূপী আমাকে প্রাপ্ত না হয়, ততদিন পর্য্যন্ত তাহারা উত্তরোত্তর অধম যোনিকেই লাভ করিয়া থাকে। এতদ্দারা ইহাই প্রতিপন্ন হইতেছে যে, আমিই সর্ব্বোৎকৃষ্ট এবং মৎপ্রাপ্তিই সর্ব্বোৎ-কর্ষসাধিকা।

মূলস্থিত "এব" কারের দ্বারা ইহাই সূচিত হইতেছে যে, ভগবানকে লাভ করা দূরে থাক, তাহাদের কদাপি ভগবৎ-কৃপালেশ প্রাপ্তির সম্ভাব-নাও নাই ॥ ২০ ॥

——:):*:(:——

ত্রিবিধং নরকস্যেদং দ্বারং নাশনমাত্মনঃ।
কামঃ ক্রোধস্তথা লোভস্তস্মাদেতত্ত্রয়ং ত্যজেৎ ॥২১॥

অন্বয়।—কামঃ ক্রোধঃ তথা লোভঃ ইদং ত্রিবিধং (ত্রিপ্রকারং) নরকস্য দ্বারং (সাধনং) আত্মনঃ নাশনং (নীচযোনিপ্রাপকং) তস্মাৎ এতৎ ত্রয়ং ত্যজেৎ (পরিহরেৎ) ॥ ২১ ॥

প্রতিশব্দ।—কাম, ক্রোধ এবং লোভ এই তিন-প্রকার নরকের দ্বার, আত্মার নাশক, অতএব এই তিনকে ত্যাগ-করিবে ॥ ২১ ॥

ব্যাখ্যা।—কাম, ক্রোধ এবং লোভ এই তিন প্রকার প্রবৃত্তিই নরকের প্রশস্ত দ্বার স্বরূপ এবং আত্মার নীচযোনিগমনরূপ বিনাশের কারণ; অতএব সর্ব্ব প্রযত্ন সহকারে এই প্রবৃত্তিত্রয়কে ত্যাগ করা বিধেয় ॥ ২১ ॥

শঙ্করাচার্য্য।—সর্ব্বস্যা আসুর্য্যাঃ সম্পদঃ সঙ্ক্ষেপোঽয়মুচ্যতে, যস্মিংস্ত্রিবিধে সর্ব্বাসুরীসম্পদ্ভেদোঽনন্তোঽপ্যন্তর্ভবতি যৎপরিহারেণ পরিহৃতশ্চ ভবতি, যন্মূলং সর্ব্বস্যানর্থস্য তদেতদুচ্যতে ত্রিবিধমিতি। ত্রিবিধং নরকদ্বারং ত্রিঃপ্রকারং নরকস্য প্রাপ্তিদ্বারং নাশনমাত্মনঃ যদ্দ্বারং প্রবিশন্নেব নশ্যতি আত্মা কস্মৈচিৎ পুরুষার্থায় যোগ্যো ন ভবতীত্যেতদুচ্যতে দ্বারং নাশনমাত্মনইতি। কিং তৎ কামঃ ক্রোধস্তথা লোভস্তস্মাদেতৎ ত্রয়ং ত্যজেৎ। যত এতৎ দ্বারং নাশনমাত্মনস্তস্মাৎ কামাদিত্রয়মেতৎ ত্যজেৎ ত্যাগস্তুতিরিয়ং ॥ ২১ ॥

আনন্দগিরি।—কথমাসুরী সম্পদনন্তভেদবতী পুরুষায়ুষেণাপি পরিহর্ত্তুং শক্যেতেত্যাশঙ্ক্যাহ সর্ব্বস্যেতি। সংক্ষেপোক্তি ফলমাহ যস্মিন্নিতি। কামাদৌ ত্রিবিধে সর্ব্বস্যাসুরসম্পদ্ভেদস্যান্তর্ভাবেঽপি কথমসৌ পরিহ্রিয়তে তত্রাহ যৎপরিহারেণেতি। কামাদিপরিহারেণাসুরীসম্পদ্ভেদপরিহারেঽপি কথং সর্ব্বানর্থপরিবর্জ্জনমিত্যাশঙ্ক্যাহ যন্মূলমিতি। কথমাত্মনো নিত্যস্য নাশাশঙ্কেতি তত্রাহ কস্মৈচিদিতি। ত্রিবিধমপি সামান্যতো দর্শিতমাকাঙ্ক্ষায়াং বিশেষতো দর্শয়তি কিং তদিতি। তস্মাদিতি ব্যাচষ্টে যত ইতি। কামাদিত্যাগে সতি অনর্থাচরণশ্রেয়ঃপ্রতিবন্ধনিবৃত্তী স্যাতামিতি ভাবঃ ॥ ২১ ॥

রামানুজ।—অস্যাসুরস্বভাবস্যাত্মনাশস্য মূলহেতুমাহ ত্রিবিধমিতি। অস্যাসুরস্বভাবরূপস্য নরকস্যৈতত্ত্রিবিধং দ্বারং তচ্চাত্মনো নাশনং কামঃ ক্রোধো লোভইতি ত্রয়াণাং স্বরূপং পূর্ব্বমেব ব্যাখ্যাতং দ্বারং মার্গো হেতুরিত্যর্থঃ তস্মাদেতৎ ত্রয়ং ত্যজ তস্মাদতিঘোরনরকহেতুত্বাৎ কামক্রোধলোভানাং এতৎ ত্রয়ং দূরতঃ পরিত্যজ ॥ ২১ ॥

হনুমান্।—ত্রিবিধং ত্রিঃপ্রকারং দ্বারং পন্থা আত্মনোনাশকারণং এতত্ত্রয়ং জহি॥২১॥

শ্রীধর।—উক্তানামাসুরদোষাণাং মধ্যে সকলদোষমূলভূতং দোষত্রয়ং সর্ব্বথা বর্জ্জনীয়মিত্যাহ ত্রিবিধমিতি। কামঃ ক্রোধোলোভশ্চ ইতীদং ত্রিবিধং নরকস্য দ্বারং অতএবাত্মনো নাশনং নীচযোনিপ্রাপকং তস্মাদেতত্ত্রয়ং সর্ব্বাত্মনা ত্যজেৎ॥ ২১॥

বলদেব।—নন্বাসুরীং প্রকৃতিং নরকহেতুং শ্রুত্বা যে মনুষ্যাস্তাং পরিহর্ত্তুমিচ্ছন্তি তৈঃ কিমনুষ্ঠেয়মিতি চেত্তত্রাহ ত্রিবিধমিতি। এতত্ত্রয়পরিহারে তস্যাঃ পরিহারঃ স্যাদিত্যর্থঃ॥ ২১॥

মধুসূদন।—নন্বাসুরী সম্পদনন্তভেদবতী কথং পুরুষায়ুষেণাপি পরিহর্ত্তুং শক্যেতেত্যাশঙ্ক্য তাং সঙ্ক্ষিপ্যাহ ত্রিবিধমিতি। ইদং ত্রিবিধং ত্রিপ্রকারং নরকস্য প্রাপ্তৌ দ্বারং সাধনং সর্ব্বস্যা আসুর্য্যাঃ সম্পদোমূলভূতং আত্মনোনাশনং সর্ব্বপুরুষার্থাযোগ্যতাসম্পাদনেনাত্যন্তাধমযোনিপ্রাপকং কিং তদিত্যত আহ কামক্রোধস্তথা লোভ ইতি প্রাগ্ব্যাখ্যাতং, যস্মাদেতত্ত্রয়মেব সর্ব্বানর্থমূলং তস্মাদেতত্ত্রয়ং ত্যজেৎ এতত্ত্রয়ত্যাগেনৈব সর্ব্বাপ্যাসুরীসম্পত্ত্যক্তা ভবতি, এতত্ত্রয়ত্যাগশ্চ উৎপন্নস্য বিবেকেন কার্য্যপ্রতিবন্ধঃ, ততঃ পরং চানুৎপত্তিরিতি দ্রষ্টব্যং॥ ২১॥

নীলকণ্ঠ।—সংক্ষেপমাসুর্য্যাঃ সম্পত্তেরাহ ত্রিবিধমিতি॥ ২১॥

বিশ্বনাথ।—তদেব আসুরী সম্পত্তীর্বিস্তার্য্য প্রোক্তা ইত্যতঃ সাধূক্তং। "মাশুচঃ সম্পদং দৈবীমভিজাতোঽসি ভারত" ইতি কিংবাসুরানামেতত্ত্রিকমেব স্বাভাবিকমিত্যাহ ত্রিবিধমিতি॥ ২১। ২২॥

তাৎপর্য্য।—বর্ত্তমান অধ্যায়ের পূর্ব্ব পূর্ব্ব শ্লোক সমূহে আসুরী সম্পদের বিস্তারিত বিবরণ বিন্যস্ত করিয়া অধুনা ভগবান্ তাহার সংক্ষিপ্ত বিবরণের উল্লেখ করিতেছেন, এবং কি উপায়ে সেই সর্ব্বানর্থকরী আসুরী সম্পদ হইতে বিমুক্ত হওয়া যায়, তাহাও ব্যক্ত করিতে সমুদ্যত হইয়াছেন। এই সম্পদ্ অনন্তভেদবিশিষ্ট, মহাশক্তিশালী এবং যাবতীয় অশুভের নিদান স্বরূপ; অতএব সর্ব্ব প্রযত্ন সহকারে ইহার ত্যাগই বিধেয়। কিন্তু অল্পায়ুষ ক্ষুদ্রবুদ্ধি মানব কিরূপে এই মহাভয়ঙ্কর সম্পদের অতুলনীয় শক্তিকে পর্য্যুদস্ত করিয়া তাহার করাল কবল হইতে আপনাকে উদ্ধার করিতে সমর্থ হইবে, কোন্ উপায়ে এই সম্পদের আপাতমনোহর প্রলোভন সমূহ পরিত্যাগ করিয়া মানব আত্মোন্নতি লাভের উপায়ান্বেষণ করিবে এবং কিরূপেই বা আসুরীসম্পদ বিনির্ম্মুক্ত হইয়া তাহারা শ্রীহরির কৃপাভাজন হইবে, পরম করুণাময় শ্রীভগবান্ এক্ষণে সেই উপায়ের পন্থা প্রদর্শন করিবার জন্যই বর্ত্তমান শ্লোকের অবতারণা করিয়াছেন।

শ্রীভগবান্ বলিতেছেন, এ সংসারে কাম ক্রোধ এবং লোভের আকর্ষণ অতি প্রবল। মানবের হৃদয় কামনার আধার। অতুল ঐশ্বর্য্য, রমণীয় অট্টালিকা, সুন্দরী ভার্য্যা, সুকুমার নন্দন, অসংখ্য দাস দাসী প্রভৃতি যে সকল কাম্য বস্তু সুখোপভোগের কারণ, মানব সর্ব্বদাই তাহাদের চিন্তায় আকুল। এই আকুলতাই তাহার কামনাকে ক্রমশঃ বৰ্দ্ধিত করে। কিরূপে তাহার ঐশ্বর্য্য বর্দ্ধিত হইবে এই চিন্তার প্রাবল্যে ক্রমে তাহার হিতাহিত জ্ঞান বিলুপ্ত হইয়া যায়; সে তখন যে কোন উপায়ে আপনার সঙ্কল্প পূরণ করিতে চেষ্টা করে। সেই ক্ষুদ্রচেতা মানব কামনার প্রলোভনে প্রলুব্ধ হইয়া প্রতারণা, পরপীড়ন, অত্যাচার, নরহত্যা প্রভৃতি নীচবৃত্তি সমূহ অবলম্বন করিয়া আপনার প্রবৃত্তি চরিতার্থ করিতে চেষ্টিত হয়। সুন্দরী স্ত্রী দর্শন করিলেই তাহাকে উপভোগের নিমিত্ত তাহার হৃদয়ে অত্যুৎকট কামনার উদয় হয়; সেই কামনার তাড়নায় বিবিধ নারকীয় লীলার অভিনয় করিতে সে কদাপি পশ্চাৎপদ হয় না। এইরূপে কামনার তাড়নায় অন্ধ ব্যক্তির যদি কামনা পূরণে কোন বিঘ্ন সমুপস্থিত হয়, তখনই তাহার হৃদয় ক্রোধে উন্মত্ত হয়; সে সেই বিঘ্নকারী ব্যক্তিকে অশেষ প্রকারে উৎপীড়িত ও লাঞ্ছিত করে, তাহার উপর ভীষণ অত্যাচার করিয়া আপনার প্রতিশোধ প্রবৃত্তির চরিতার্থতা সম্পাদন করে, এবং তজ্জন্য বিবিধ পৈশাচিক কার্য্যের অনুষ্ঠান করিয়া সংসারে বিবিধ অমঙ্গলের স্রোত প্রবাহিত করিয়া থাকে। এই ক্রোধের প্রাবল্যে মানবের হিতাহিত জ্ঞান একেবারেই বিলুপ্ত হইয়া যায়, এবং তদ্দ্বারা সে আপনাকেও হত্যা করিতে কিছুমাত্র কুণ্ঠিত হয় না। লোভ মানবের পরম শত্রু। কাহারও অর্থ রাশি, সুন্দরী স্ত্রী, মনোরম উদ্যান প্রভৃতি যে কোন সুন্দর বস্তু সে দর্শন করে, তাহাই আত্মসাৎ করিবার জন্য তাহার হৃদয় প্রলুব্ধ হয়, এবং তজ্জন্য সে বিবিধ ঘৃণিত উপায় অবলম্বন করে। এই লোভের প্রাবল্যেই এক নরপতি অন্য এক নরপতির রাজ্য গ্রহণের নিমিত্ত লালায়িত হয়, অসংখ্য মানবের শোণিত স্রোতে ধরণীকে প্লাবিত করিয়া, অসংখ্য অর্থ ব্যয়ে আপনার ভাণ্ডার নিঃশেষিত করিয়া সেই লোভ প্রবৃত্তির চরিতার্থতা করিতে সমুদ্যত হয়। এই নীচ প্রবৃত্তির তাড়নায় দস্যুগণ শত শত নরহত্যা করিয়া আপানার হস্তকে কলঙ্কিত করে, কামুক সতী স্ত্রীর সর্ব্ব-

নাশ সাধন করে এবং প্রবল ব্যক্তি দুর্ব্বলের উপর অযথা অত্যাচার করে। সংসারে যত কিছু অনর্থ সংঘটিত হয়, প্রায় সকলেরই মূল কারণ লোভ। এই লোভ একবার হৃদয়ে প্রবেশ করিলে আর তাহার রক্ষা নাই; সে যতক্ষণ না অধোগতির চরমসীমায় উপনীত হয়, ততক্ষণ পর্য্যন্ত দুষ্কর্ম্মের অনুষ্ঠান করিতে কিছুতেই ক্ষান্ত হয় না। অতএব দেখা যাইতেছে যে, কাম ক্রোধ এবং লোভ এই তিনই যাবতীয় অনর্থের মূল। এই প্রবৃত্তিত্রয়ই নরকের দ্বার স্বরূপ। এই তিনটী দ্বারের যে কোনটীতেই প্রবেশ করিলে পরিণামে ভীষণ নরক ভোগ সুনিশ্চিত। এই তিন প্রবৃত্তিই আত্মবিনাশের মূল কারণ, অর্থাৎ একবার ইহাদের মধ্যে যে কোন প্রবৃত্তির বশীভূত হইলেই আত্মার অধোগতি হইয়া থাকে, এবং শেষে কৃমি কীটাদি নীচযোনি প্রাপ্ত হইয়া নিদারুণ যন্ত্রণা ভোগ করিতে হয়। একবার এই দ্বারে প্রবেশ করিলে মানব সর্ব্বকার্য্য বহির্ভূত এবং সর্ব্ব পুরুষার্থভ্রষ্ট হইয়া থাকে। অতএব যাহারা উন্নতিকামী, যাহারা এই দুঃখময় সংসার হইতে আত্মাকে উদ্ধার করিয়া মুক্তি লাভের অভিলাষী, যাহারা ক্ষণিক সুখ, ক্ষণিক আনন্দ, ক্ষণস্থায়ী ঐশ্বর্য্যের প্রলোভন ত্যাগ করিয়া অনন্ত সুখ, চিরানন্দ, চিরস্থায়ী ঐশ্বর্য্য লাভ করিতে প্রয়াসী, সেই সকল উন্নতিপ্রয়াসী মানব যত্ন সহকারে নরকদ্বার স্বরূপ এই প্রবৃত্তিত্রয়কে পরিত্যাগ করিতে চেষ্টা করিবে। কারণ ইহাদিগকে ত্যাগ করিতে পারিলেই সমস্ত আসুরী সম্পদ পরিত্যক্ত হইবে। হৃদয়ক্ষেত্র হইতে কাম ক্রোধের মলিনতা একবার বিদূরিত হইলেই তথায় বিবেকের অভ্যুদয় হইবে। এই বিবেক বলে চিত্ত ক্রমশঃ নির্ম্মলভাব ধারণ করিলে যেরূপে আত্মোন্নতি সাধিত হইবে, তাহা পরবর্ত্তী শ্লোকে বিবৃত হইবে।

এতদ্দ্বারা ইহাই প্রতিপন্ন হইতেছে যে, মানবের সর্ব্বপ্রযত্ন সহকারে কাম, ক্রোধ এবং লোভ পরিত্যাগ করা সর্ব্বতোভাবে বিধেয়। অতএব চেষ্টা এবং অভ্যাস দ্বারা সতত এই প্রবৃত্তিত্রয়কে হৃদয় হইতে দূরীভূত করিতে যত্ন করিবে। এই প্রবৃত্তিত্রয় হইতে আপনাকে বিমুক্ত করিতে পারিলেই আত্মোন্নতি অবশ্যম্ভাবী॥ ২১॥

—:•(*):•—

এতৈর্বিমুক্তঃ কৌন্তেয়! তমোদ্বারৈস্ত্রিভির্নরঃ।
আচরত্যাত্মনঃ শ্রেয়স্ততো যাতি পরাং গতিং॥ ২২॥

অন্বয়।—হে কৌন্তেয়! এতৈঃ ত্রিভিঃ তমোদ্বারৈঃ (নরকসাধনভূতৈঃ) বিমুক্তঃ নরঃ আত্মনঃ শ্রেয়ঃ (তপোযোগাদিকং) আচরতি (অনুতিষ্ঠতি) ততঃ (তস্মাৎ) পরাং (উৎকৃষ্টাং) গতিং যাতি (প্রাপ্নোতি)॥ ২২॥

প্রতিশব্দ।—হে কৌন্তেয়! এই তিন নরক-দ্বার-কর্ত্তৃক বিমুক্ত মানব আপনার হিতকে অনুষ্ঠান-করে, তাহা-হইতে উৎকৃষ্ট গতিকে প্রাপ্ত-হয়॥ ২২

ব্যাখ্যা।—হে কৌন্তেয়! এই তিনপ্রকার নরকদ্বার হইতে বিমুক্ত মানব আপনার শ্রেয়ঃসাধক তপোযোগাদির অনুষ্ঠান করে, এবং সেই অনুষ্ঠানের ফলে উৎকৃষ্ট গতি প্রাপ্ত হইয়া থাকে॥ ২২॥

শঙ্করাচার্য্য।—এতৈরিতি। এতৈর্ব্বিমুক্তঃ কৌন্তেয়! তমোদ্বারৈস্তমসোনরকস্ত দুঃখমোহাত্মকস্ত দ্বারাণি কামাদয়স্তৈরেতৈস্ত্রিভির্ব্বিমুক্তোনর আচরত্যনুতিষ্ঠতি কিমাত্মনঃ শ্রেয়োযৎপ্রতিবদ্ধঃ পূর্ব্বং নাচরতি তদপগমাদাচরতি ততস্তদাচরণতয়া যাতি পরাং গতিং

আনন্দগিরি।—ন কেবলং শ্রেয়ঃ সমাচরন্নাসুরীং চ সম্পদং বর্জয়ন্মোক্ষমেব সম্যগ্ধী দ্বারা লভতে কিন্তু লৌকিকমপি সুখমিত্যপরার্থঃ॥ ২২॥

রামানুজ।—এতৈরিতি। এতৈঃ কামক্রোধলোভৈস্তমোদ্বারৈর্ব্বিপরীতজ্ঞানহেতুভির্ব্বিমুক্তো নর আত্মনঃ শ্রেয়ঃ আচরতি লব্ধমজ্জ্ঞানো মদানুকূল্যে প্রবর্ত্ততে। ততো মামেব পরাং গতিং যাতি॥ ২২॥

হনুমান্।—এতৎত্রয়ত্যাগে কিং ফলমিত্যত্রাহ এতৈরিতি। এতৈস্তমোদ্বারৈর্নরক দ্বারৈর্বিমুক্তঃ আচরতি তিষ্ঠতি অনুগচ্ছতি সিদ্ধিং পুরুষার্থপ্রাপ্তিযোগ্যতাং॥ ২২॥

শ্রীধর।—ত্যাগে বিশিষ্টং ফলমাহ এতৈরিতি। তমসোনরকস্য দ্বারভূতৈরেতৈস্ত্রিভিঃ কামাদিভির্ব্বিমুক্তোনর আত্মনঃ শ্রেয়ঃসাধনং তপোযোগাদিকমাচরতি ততশ্চ মোক্ষং প্রাপ্নোতি॥ ২২॥

বলদেব।—তত্ত্যাগে ফলমাহ এতৈরিতি। শ্রেয়ঃ স্বাশ্রমকর্ম্মাদিশ্রেয়ঃসাধনম্। পরাং গতিং মুক্তিম্॥ ২২॥

মধুসূদন।—এতত্রয়ং ত্যক্ততঃ কিং স্যাদিতি তত্রাহ এতৈরিতি। এতৈঃ কামক্রোধলোভৈস্তমোদ্বারৈর্নরকসাধনৈর্বিমুক্তোবিরহিতঃ পুরুষ আচরত্যাত্মনঃ শ্রেয়োযদ্বিহিতং বেদবোধিতং হে কৌন্তেয়! পূর্ব্বং হি কামাদিপ্রতিবদ্ধঃ শ্রেয়োনাচরতি যেন পুরুষার্থঃ সিধ্যেৎ অশ্রেয়শ্চাচরতি যেন নিরয়পাতঃ স্যাৎ, অধুনা তৎপ্রতিবন্ধরহিতঃ সন্নশ্রেয়োনাচরতি শ্রেয়শ্চাচরতি, ততশ্চ ঐহিকীং সুখমনুভূয় সমাপ্তীদ্বারা যাতি পরাং গতিং মোক্ষং॥ ২২॥

নীলকণ্ঠ।—কামাদিত্রয়ত্যাগে কিং স্যাদত আহ এতৈরিতি। তমোদ্বারৈঃ তমসোনরকস্য দুঃখমোহাত্মকস্য দ্বারভূতৈর্বিমুক্তঃ সন্নাত্মনঃ শ্রেয়ঃ কল্যাণং ভগবদারাধনাদিকম্ আচরতি ততশ্চ পরাং গতিং মোক্ষং যাতি তস্মাৎ কামাদিত্রয়ং ত্যজেদিতি॥ ২২॥

তাৎপর্য্য।—শ্রীভগবান্ পূর্ব্বশ্লোকে ব্যক্ত করিয়াছেন যে, কাম, ক্রোধ এবং লোভ এই তিনই আসুর যোনি প্রাপ্তির কারণ এবং নরকের দ্বার স্বরূপ। অতএব যত্ন সহকারে এই তিনটীকে ত্যাগ করা বিধেয়। এইরূপ ত্যাগ দ্বারা কিরূপ ফলোৎপত্তি হয়, তাহাই বর্ত্তমান শ্লোকে প্রদর্শিত হইতেছে। শ্রীভগবান্ বলিতেছেন, হে কৌন্তেয়! কাম ক্রোধ এবং লোভ এই তিনটী নরকের দ্বার স্বরূপ ইহা পূর্ব্বেই উক্ত হইয়াছে। এই প্রবৃত্তিত্রয় হইতে মুক্ত হইতে পারিলেই পুরুষ আপনার হিতসাধক কার্য্যের অনুষ্ঠান করিতে সমর্থ হয়। পুরুষ যৎকালে এই প্রবৃত্তিত্রয়ের বশীভূত থাকে, তৎকালে সে কোনও হিতজনক কার্য্যের অনুষ্ঠান করিতে পারে না। সে সময়ে তাহার হিতাহিত জ্ঞান বিলুপ্ত হইয়া যায়, এবং কোন্ কর্ম্ম তাহার কল্যাণজনক, কোন্ কর্ম্ম করিলে সে পরলোকে সদ্গতি লাভ করিতে পারিবে, কোন্ কর্ম্মের অনুষ্ঠানে তাহার সুদৃঢ় সংসার বন্ধন ছিন্ন হইবে এবং সে পরম মঙ্গল লাভ করিয়া কৃতার্থ হইবে, তাহা তাহার বোধগম্য হয় না। এইজন্যই সে ব্যক্তি নিয়ত বিবিধ বীভৎস কার্য্যের অনুষ্ঠান করে, পশুবৎ নিন্দিত আচরণ দ্বারা পরলোকের পথ রুদ্ধ করিয়া দেয়, এবং তন্তুকীট যেরূপ আপনার কার্য্যের দ্বারা আপনিই বন্দী হয়, তদ্রূপ সেও স্বীয় নিন্দিত কার্য্যের দ্বারা আপনাকে সংসারে নিবদ্ধ করে। সে তৎকালে যে যে কার্য্যের অনুষ্ঠান করে, তাহাই তাহার নিরতিশয় অকল্যাণকর, এবং পুরুষার্থ সিদ্ধির প্রতিকূল। এইরূপ অসৎপ্রবৃত্তির বশীভূত হইয়া সে ব্যক্তি প্রতি নিয়ত এবম্বিধ কার্য্য কলাপের অনুসরণ করে, যাহা তাহার নরকনিপাতের নিরতিশয় অনুকূল। কিন্তু সেই পুরুষ যৎকালে এই কামাদিকে পরিত্যাগ

করিতে সমর্থ হয়, তৎকালে অসদনুষ্ঠানের প্রতিকূল এবং সদনুষ্ঠানের অনুকূল প্রবৃত্তি নিচয় তাহাকে আশ্রয় করে, এবং সেই সৎপ্রবৃত্তি নিচয়ের অনুসরণ করিয়া সে ব্যক্তি আপনার শ্রেয়স্কর কার্য্য সমূহ অনায়াসে সাধন করিতে পারে। এক্ষণে যদিও সে সংস্কার বশে কদাচিৎ কোন অসৎ কার্য্যের অনুষ্ঠানে প্রবৃত্ত হয়, যদিই সে কখনও আত্মার অহিতজনক কোনও দুষ্কর্ম্ম সাধন করিতে অভিলাষ করে, তাহা হইলে তৎক্ষণাৎ বিবেক আসিয়া তাহার অভিলষিত কার্য্যের প্রতিপক্ষরূপে দণ্ডায়মান হয়, এবং তাহার উন্মার্গগামী চিত্তকে শাসিত করিয়া পুনর্ব্বার সৎপথে চালিত করে। তৎকালে কামক্রোধাদি আসিয়া আর তদনুষ্ঠিত সৎপ্রবৃত্তির বিঘ্ন স্বরূপে দণ্ডায়মান হইতে পারে না, সে যে কোন শ্রেয়স্কর আত্মোন্নতি-সাধক কার্য্য করিতে সমুদ্যত হয়, তাহাই তাহার বিনা বাধায় সুসম্পন্ন হইয়া থাকে। তখন বিবিধ সদ্গুণ আসিয়া তাহার চিত্তক্ষেত্রকে আশ্রয় করে। সেই সকল গুণের বশবর্ত্তী হইয়া পুরুষ সর্ব্বজীবে দয়া, ভগবদ্ভক্তি, সাধুসঙ্গ প্রভৃতি সাধু অনুষ্ঠানে রত হয়। এই সমস্ত কার্য্যই পরম শ্রেয়স্কর এবং আত্মার পরমোন্নতি সাধক; এই সকলের অনুষ্ঠান দ্বারা পরলোকে সদ্গতি লাভ হইয়া থাকে এবং ইহলোকেও বিবিধ সুখ সন্তোষ লাভ হয়। এই রূপে সেই মানব স্বস্ব আশ্রম বিহিত বেদানুমোদিত কার্য্য সমূহের অনুষ্ঠান করিতে করিতে ক্রমে চিত্তশুদ্ধি লাভ করিয়া থাকে। ক্রমে তাহার হৃদয়ের যাবতীয় মলিনতা বিদূরিত হইয়া তাহা বিশুদ্ধ ও নির্ম্মল হইয়া থাকে। এইরূপ নির্ম্মলচিত্ত ব্যক্তি অনায়াসে গুরুবেদান্ত বাক্যে বিশ্বাস স্থাপন পূর্ব্বক ভগবদ্ভক্তির অধিকারী হইয়া থাকে। এই ভগবদ্ভক্তির প্রাবল্যে ঈশ্বরের প্রীতিজনক কার্য্য সমূহের অনুষ্ঠান করিতে করিতে মানব ক্রমশঃ কামনা বিহীন হইয়া জ্ঞানের উচ্চসোপানে আরোহণ করিতে থাকে। এবম্বিধ কার্য্যের দ্বারা তাহার সংসারবন্ধন ক্রমে শিথিল হইয়া পড়ে, এবং পরিশেষে পুরুষ পরমাগতি অর্থাৎ মোক্ষ লাভ করিয়া কৃতকৃতার্থ হয়।

এতদ্দ্বারা ইহাই প্রতিপন্ন হইতেছে যে, কাম, ক্রোধ, লোভই যাবতীয় অনর্থের মূল এবং ইহাদের পরিহারই সকল পুরুষার্থের হেতু। কামাদির অধীনতা নরক প্রাপ্তির কারণ, এবং তন্নির্ম্মুক্ততাই পরমাগতি লাভের

প্রকৃষ্ট পথ। অতএব মানবের সর্ব্বদাই এই প্রবৃত্তিনিচয় হইতে দূরে অবস্থান পূর্ব্বক বিবেকের সহায়তা গ্রহণ করাই কর্ত্তব্য ॥ ২২ ॥

——•:*:•——

যঃ শাস্ত্রবিধিমুৎসৃজ্য বর্ত্ততে কামকারতঃ।
ন স সিদ্ধিমবাপ্নোতি ন সুখং ন পরাং গতিম্ ॥ ২৩ ॥

অন্বয়।—যঃ শাস্ত্রবিধিং (শাস্ত্রানুশাসনং) উৎসৃজ্য (পরিহৃত্য) কামকারতঃ (স্বেচ্ছাপরতন্ত্রঃ) [সন্] বর্ত্ততে (তিষ্ঠতি) স সিদ্ধিং (তত্ত্বজ্ঞানং) ন অবাপ্নোতি (লব্ধুং শক্যতে) ন সুখং ন পরাং (প্রকৃষ্টাং) গতিং (মোক্ষং) [অবাপ্নোতি] ॥ ২৩ ॥

প্রতিশব্দ।—যে শাস্ত্র-বিধিকে ত্যাগ-করিয়া স্বেচ্ছা-পরতন্ত্র [হইয়া] থাকে, সে সিদ্ধি প্রাপ্ত-হয় না, সুখ না, উৎকৃষ্ট গতি [প্রাপ্ত-হয়] না ॥ ২৩ ॥

ব্যাখ্যা।—যে ব্যক্তি শাস্ত্রানুশাসন বাক্যসমূহ উলঙ্ঘন করিয়া ইচ্ছামত কার্য্য করিতে থাকে, সে ব্যক্তি কখনও তত্ত্বজ্ঞান, ঐহিকসুখ বা মোক্ষ কিছুই লাভ করিতে সমর্থ হয় না ॥ ২৩ ॥

শঙ্করাচার্য্য।—সর্ব্বস্যৈতস্যাসুরীসম্পৎপরিবর্জ্জনস্য শ্রেয় আচরণস্য শাস্ত্রং কারণং, শাস্ত্রপ্রমাণাদুভয়ং শক্যং কর্ত্তুং নান্যথা, অতঃ যঃ শাস্ত্রেতি। যং শাস্ত্রবিধিং শাস্ত্রং বেদং তস্য বিধিং কর্ত্তব্যাকর্ত্তব্যজ্ঞানকারণং বিধিপ্রতিষেধাখ্যমুৎসৃজ্য ত্যক্ত্বা বর্ত্ততে কামকারতঃ কামপ্রযুক্তঃ সন্ ন স সিদ্ধিং পুরুষার্থযোগ্যতামাপ্নোতি। নাপ্যস্মিন্ লোকে সুখং নাপি পরাং প্রকৃষ্টাং গতিং স্বর্গং মোক্ষং বা ॥ ২৩ ॥

আনন্দগিরি।—আসুর্য্যাঃ সম্পদোর্ব্বর্জ্জনে শ্রেয়সশ্চ করণে কিং কারণং তদাহ সর্ব্বস্যেতি। তস্য কারণত্বং সাধয়তি শাস্ত্রেতি। উক্তমুপজীব্যানন্তরশ্লোকং প্রবর্ত্তয়তি অতইতি। শিষ্যতে বোধ্যতেঽনেনাপূর্ব্বোঽর্থ ইতি শাস্ত্রং তচ্চ বিধিনিষেধাত্মকমিত্যুপেত্য ব্যাচষ্টে কর্ত্তব্যেতি। কামস্য করণং কামকারঃ তস্মাদ্ধেতোরিত্যুপেত্য কামাধীনা শাস্ত্রবিমুখস্য প্রবৃত্তিরিত্যাহ কামেতি। কামাধীনপ্রবৃত্তেঃ সদা পুমর্থাযোগস্য সর্ব্বপুরুষার্থাসিদ্ধিরিত্যাহ নাপীতি ॥ ২৩ ॥

রামানুজ।—শাস্ত্রানাদরো নরকস্য প্রধানহেতুরিত্যাহ য ইতি। শাস্ত্রং বেদাখ্যং বিধিরনুশাসনং বেদাখ্যং মদনুশাসনমুৎসৃজ্য যঃ কামকারতো বর্ত্ততে স্বচ্ছন্দানুগুণমার্গেণ

বর্ত্ততে। ন স সিদ্ধিমবাপ্নোতি ন কামপ্যামুষ্মিকীং সিদ্ধিমবাপ্নোতি ঐহিকমপি ন সুখং কিঞ্চিদাপ্নোতি কুতঃ পরাং গতিং প্রাপ্নোতীত্যর্থঃ ॥ ২৩ ॥

হনুমান্।—সুখং স্বর্গং পরাং গতিং মোক্ষং ॥ ২৩ ॥

শ্রীধর।—কামাদিত্যাগশ্চ স্বধর্ম্মাচরণং বিনা ন সম্ভবতীত্যাহ য ইতি। শাস্ত্রবিধিং বেদবিহিতং ধর্ম্মমুৎসৃজ্য যঃ কামকারতোযথেষ্টং বর্ত্ততে স সিদ্ধিং তত্ত্বজ্ঞানং ন প্রাপ্নোতি ন চ সুখমুপশমং ন চ পরাং গতিং মোক্ষং প্রাপ্নোতি ॥ ২৩ ॥

বলদেব।—কামাদিত্যাগঃ স্বধর্ম্মাদ্বিনা ন ভবেৎ স্বধর্ম্মশ্চ শাস্ত্রাদ্বিনা ন সিধ্যেদতঃ শাস্ত্রমেবাশ্রেয়ং মুমুক্ষুভিরিত্যাহ য ইতি। কামকারতঃ স্বাচ্ছন্দ্যেন যো বর্ত্ততে বিহিতমপি ন করোতি নিষিদ্ধমপি করোতীত্যর্থঃ। স সিদ্ধিং পুমর্থোপায়ভূতাং হৃদ্বিশুদ্ধিং নৈবাপ্নোতি সুখমুপশমাত্মকং চ পরাং গতিং মুক্তিং কুতো বাপ্নুয়াৎ ॥ ২৩ ॥

মধুসূদন।—যস্মাদশ্রেয়োনাচরণস্য শ্রেয় আচরণস্য চ শাস্ত্রমেব নিমিত্তং তয়োঃ শাস্ত্রৈক-গম্যত্বাৎ, তস্মাৎ শিষ্যতেঽপূর্ব্বোঽর্থোবোধ্যতেঽনেনেতি শাস্ত্রং বেদঃ তদুপজীবিস্মৃতিপুরাণাদি চ তৎসম্বন্ধি বিধির্লিঙাদিশব্দঃ কুর্য্যাদিত্যেবং প্রবর্ত্তনানিবর্ত্তনাত্মকঃ কর্ত্তব্যাকর্ত্তব্যজ্ঞানহেতুর্ব্বিধি-নিষেধাখ্যস্তং শাস্ত্রবিধিং বিধিনিষেধাতিরিক্তমপি ব্রহ্মপ্রতিপাদকং শাস্ত্রমস্তীতি সূচয়িতুং বিধিশব্দঃ। উৎসৃজ্য অশ্রদ্ধয়া পরিত্যজ্য কামকারতঃ স্বেচ্ছামাত্রেণ বর্ত্ততে বিহিতমপি নাচরতি নিষিদ্ধমপ্যা-চরতি যঃ স সিদ্ধিং পুরুষার্থপ্রাপ্তিযোগ্যামন্তঃকরণশুদ্ধিং কুর্ব্বন্নপি নাপ্নোতি ন সুখমৈহিকং নাপি পরাং প্রকৃষ্টাং গতিং স্বর্গং মোক্ষং বা ॥ ২৩ ॥

নীলকণ্ঠ।—ন কেবলং কাষ্ঠতপস্বিবৎ কামাদিত্যাগমাত্রেণ উচ্ছাস্ত্রবর্ত্তীসিদ্ধ্যতীত্যাহ য ইতি। শাস্ত্রবিধিং শাস্ত্রেণ ইষ্টসাধনতয়ানিষ্টসাধনতয়া চ জ্ঞাপিতং "ব্রাহ্মণোযজেত ন সুরাং পিবেদি"ত্যাদিনা বিহিতং নিষিদ্ধং চ উৎসৃজ্য বিহিতমকরণেন নিষিদ্ধম্ আচরণেন চ উৎসৃজ্য যোবর্ত্ততে কামকারত ইচ্ছয়া সঃ সিদ্ধিং চিত্তশুদ্ধিঃ সুখং বৈরাগ্যাদিজনিতাং তৃপ্তিং পরাং গতিং মোক্ষং চ নাবাপ্নোতি ॥ ২৩ ॥

বিশ্বনাথ।—আস্তিক্যবত এব শ্রেয় ইত্যাহ য ইতি কামকারতঃ কামচারতঃ। আস্তিকা এববিদ্দস্তি সদ্গতিং সন্ত এবতে। নাস্তিকা নরকং যান্তীত্যধ্যায়ার্থো নিরূপিতঃ ॥ ২৩। ২৪ ॥

ইতি সারার্থ বর্ষিণ্যাং হর্ষিণাং ভক্ত চেতসাং। গীতাস্বষোড়শোঽধ্যায়ঃ সঙ্গতঃ সঙ্গতঃ সতাং।

তাৎপর্য্য।—পূর্ব্বে উক্ত হইয়াছে যে, কাম ক্রোধাদি আসুরী সম্পদ পরিত্যাগ পূর্ব্বক শ্রেয়ঃসাধক শাস্ত্রবিহিত কার্য্যের অনুষ্ঠান করা বিধেয়। এক্ষণে শ্রীভগবান্ ব্যক্ত করিতেছেন যে, যে সকল ব্যক্তি স্বধর্ম্মে অবস্থান পূর্ব্বক শাস্ত্র * নির্দ্দিষ্ট মার্গের অনুসরণ করে, তাহারাই চরমে পরমা সিদ্ধি

* শাস্ত্র।—যাহা শাসন করে অর্থাৎ সৎপথে নিয়ন্ত্রিত করে, তাহাই শাস্ত্র। শাস্ত্র অষ্টাদশ প্রকার। যথা ;—"অঙ্গানি বেদাশ্চত্বারো মীমাংসা ন্যায়বিস্তরঃ। ধর্ম্মশাস্ত্রং পুরাণঞ্চ বিদ্যা হ্যেতাশ্চতুর্দ্দশ। আয়ুর্ব্বেদো ধনুর্ব্বেদো গান্ধর্ব্বশ্চেতি তে ত্রয়ঃ। অর্থ শাস্ত্রং চতুর্থঞ্চ বিদ্যা হ্যষ্টা-

লাভ করিতে সক্ষম হয়, কিন্তু যাহারা তদ্বিরোধী, তাহারা কদাপি মঙ্গল লাভ করিতে পারে না। যদ্দ্বারা অপূর্ব্ব অর্থ বোধগম্য হয়, তাহাই শাস্ত্র। বেদ, তদুপজীবি স্মৃতি পুরাণাদি এবং এতদ্দ্বয়নির্দ্দিষ্ট বিধিলিঙাদি তিঙ্ প্রত্যয়যুক্ত "কর" এইরূপ প্রবর্ত্তনাত্মক কর্ত্তব্যসূচক বিধিবাক্য ও "করিও

দশৈব তাঃ॥" (প্রায়শ্চিত্ত তত্ত্ব) অর্থাৎ শিক্ষা, কল্প, ব্যাকরণ, নিরুক্ত, জ্যোতিষ এবং ছন্দ এই ষড়ঙ্গ, সাম, ঋক্, যজুঃ ও অথর্ব্ব এই চারি বেদ, মীমাংসা, ন্যায়, ধর্ম্মশাস্ত্র অর্থাৎ স্মৃতিশাস্ত্র, অষ্টাদশ পুরাণ, আয়ুর্ব্বেদ, ধনুর্ব্বেদ, গন্ধর্ব্ববেদ অর্থাৎ সঙ্গীতশাস্ত্র এবং অর্থশাস্ত্র, এই অষ্টাদশ প্রকার শাস্ত্র। ১ শিক্ষা ; অকারাদি হকারান্ত সমুদায়ে চতুষষ্ঠি ৬৪ (কাহারও মতে ৬৩) বর্ণ আছে। ইহাদের প্রত্যেকের উদাত্ত অনুদাত্ত ও স্বরিৎ ভেদে বিভিন্ন প্রকার উচ্চারণ। যথাযথরূপে সেই উচ্চারণ শিক্ষা না করিলে বেদপাঠে অধিকারী হয় না। এই উচ্চারণ শিক্ষা যাহাতে বর্ণিত আছে, তাহাই শিক্ষা শাস্ত্র। ২ কল্প ; এই শাস্ত্রে বৈদিক যাগ ক্রিয়ার বিশেষরূপ উপদেশ আছে। ৩ ব্যাকরণ ; সাধ্য, সাধন, কর্ত্তা, কর্ম্ম, ক্রিয়া, সমাস প্রভৃতির বিশেষ জ্ঞান যদ্দ্বারা উৎপন্ন হয়, তাহাই ব্যাকরণ ; ব্যাকরণ জ্ঞান জন্মিলে সাধুশব্দ প্রয়োগ করিতে পারা যায়। ইহাতে শব্দের পরস্পর সন্ধিপ্রকরণ, সুবন্তপ্রকরণ, তিঙন্তপ্রকরণ, কৃদন্তপ্রকরণ, কারক, সমাস এবং তদ্ধিত-প্রকরণ সন্নিবিষ্ট আছে। ব্যাকরণ জ্ঞান না হইলে কোন শাস্ত্র পাঠেরই অধিকার জন্মে না। গরুড় পুরাণে এক কুমারব্যাকরণ এবং অগ্নি পুরাণে কার্ত্তিকেয় কৃত এক ব্যাকরণের উল্লেখ পরিদৃষ্ট হয়। এতদ্ভিন্ন আরও অনেক ব্যাকরণ আছে। মহেশ প্রণীত মাহেশ ব্যাকরণ অধুনা এতদ্দেশে প্রচলিত নাই। ভগবান্ পাণিনি মুনিকৃত পাণিনি, সর্ব্ববর্ম্ম কৃত কলাপ, ক্রমদীশ্বর প্রণীত সংক্ষিপ্তসার, বোপদেব রচিত মুগ্ধবোধ, ভট্টোজী দীক্ষিতকৃত সিদ্ধান্ত কৌমুদী, পদ্মনাভ দত্ত প্রণীত সুপদ্ম, গোস্বামী কৃত হরিনামামৃত, এবং স্বরূপাচার্য্য প্রণীত সারস্বত ব্যাকরণ প্রভৃতি ব্যাকরণ সমূহই এক্ষণে এতদ্দেশে অধীত হইয়া থাকে। ৪ নিরুক্ত ; যাহাতে বর্ণাগম এবং বর্ণ বিপর্য্যয় প্রভৃতির বিশেষ বিধান আছে, তাহা নিরুক্ত। ৫ জ্যোতিষ ; গ্রহণাদি গণনা বিধায়ক শাস্ত্র। হোরা, গণিত, সংহিতা কেরলি এবং শাকুন, ইহার এই পঞ্চ স্কন্দ। এই শাস্ত্র অতীব প্রয়োজনীয়। কারণ ইহার দ্বারা জগতে শুভাশুভ নির্ণয় এবং যজ্ঞ, অধ্যয়ন, গ্রহ, সংক্রমণ ও অন্যান্য বিবিধ কর্ম্মের কালাদি নিরূপিত হইয়া থাকে। দ্বিজগণের ইহা অধ্যয়ন করা একান্ত কর্ত্তব্য। "সিদ্ধান্ত সংহিতা হোরারূপ স্কন্ধত্রয়াত্মকং। বেদস্য নির্ম্মলং চক্ষু র্জ্যোতিঃশাস্ত্রমকল্মষং। বিনৈতদখিলং শ্রৌতং স্মা. কর্ম্ম ন সিধ্যতি। তস্মাজ্জগদ্ধিতায়েদং ব্রহ্মণা নির্ম্মিতং পুরা। অতএব দ্বিজৈরেতদধ্যেতব্যং প্রযত্নতঃ॥" অর্থাৎ সিদ্ধান্ত সংহিতা হোরারূপ স্কন্ধ ত্রয়াত্মক জ্যোতিঃশাস্ত্র বেদের সুনির্ম্মল চক্ষুস্বরূপ। এই শাস্ত্র ব্যতীত শ্রৌত বা স্মার্ত্ত কোন কর্ম্মই সিদ্ধ হয় না। অতএব জগতের হিতের নিমিত্ত ব্রহ্মা ইহার সৃষ্টি করিয়াছেন। দ্বিজগণের প্রযত্ন সহকারে ইহার অধ্যয়ন একান্ত আবশ্যক। অপিচ, "বেদা হি যজ্ঞার্থমভিপ্রবৃত্তা কালানুপূর্ব্ব্যা বিহিতাশ্চ যজ্ঞাঃ। তস্মাদিদং কালবিধানশাস্ত্রং যো জ্যোতিষং বেদ স বেদ যজ্ঞান্॥" (বেদাঙ্গ জ্যোতিষ) অর্থাৎ বেদসমূহ যজ্ঞার্থ প্রযুক্ত হইয়াছে এবং যজ্ঞ সকল কাল নির্দ্ধারণ পূর্ব্বক বিহিত হইয়াছে। অতএব যে এই কাল বিধানক জ্যোতিষ শাস্ত্র অবগত হয়, সে সমস্ত যজ্ঞই অনায়াসে জানিতে পারে। এই জ্যোতিষ শাস্ত্রের দ্বারা মানবের সাময়িক শুভাশুভ নিরূপিত হইয়া থাকে। ৬ ছন্দ ;

না" ইত্যাকার নিবর্ত্তনাত্মক অকর্ত্তব্য বোধক নিষেধ বাক্য শাস্ত্র নামে অভিহিত। যে ব্যক্তি পাষণ্ড, সে গর্ব্ব বা অশ্রদ্ধা সহকারে এই শাস্ত্র বিধিকে উল্লঙ্ঘন করিতে সাহসী হয়। সে মনে করে, এই সমস্ত শাস্ত্র কল্পনা-প্রসূত উপন্যাস মাত্র, ইহার কোন মূল বা সারবত্তা নাই। ইহা ভণ্ড

চারিচরণাত্মক পদ্যের নাম ছন্দ। ইহা বৃত্ত ও জাতি ভেদে দ্বিবিধ। অক্ষরের গণনানুসারে যে ছন্দ হয় তাহা বৃত্ত এবং মাত্রাগণনানুসারে যাহা হয় তাহা জাতি। সম, অর্দ্ধসম এবং বিষম ভেদে বৃত্ত তিন প্রকার। যাহার চারিচরণ সমান, তাহাই সম; যাহার প্রথম চরণ ও তৃতীয় চরণে এবং দ্বিতীয়চরণ ও চতুর্থচরণে সমতা থাকে তাহা অর্দ্ধসম, এবং যাহার চারিচরণই বিভিন্ন রূপ তাহাই বিষম। ছন্দ বিবিধ, এ স্থলে তাহার বিশেষ বিবরণ প্রদান অসম্ভব। (ছন্দোমঞ্জরী, শ্রুতবোধ প্রভৃতি গ্রন্থে ইহার বিশেষ বিবরণ দ্রষ্টব্য) শিক্ষা হইতে ছন্দ পর্য্যন্ত এই ষড়্বিধ শাস্ত্র বেদের অঙ্গস্বরূপ, এই জন্যই ইহার নাম অঙ্গশাস্ত্র। "ছন্দঃ পাদৌ তু বেদস্য হস্তৌ কল্পোহথ পঠ্যতে। জ্যোতিষামযনং চক্ষুর্নিরুক্তং শ্রোত্রমুচ্যতে। শিক্ষা ঘ্রাণন্তু বেদস্য মুখং ব্যাকরণং স্মৃতং।" (অগ্নিপুরাণ) অর্থাৎ ছন্দ বেদের চরণস্বরূপ, কল্প হস্ত, জ্যোতিষ চক্ষু, নিরুক্ত শ্রোত্র, শিক্ষা ঘ্রাণ এবং ব্যাকরণ মুখরূপে নির্ণীত হইয়াছে। এই ষড়ঙ্গ শাস্ত্রে পারদর্শী না হইলে বেদে সম্যক জ্ঞান লাভ করা যায় না। (বেদের বিশেষ বিবরণ ১৩২৯ পৃষ্ঠার টীপ্পনীতে দ্রষ্টব্য) মীমাংসা; পূর্ব্ব মীমাংসা ও উত্তর মীমাংসা; জৈমিনিকৃত পূর্ব্বমীমাংসা কর্ম্মকাণ্ড, বেদব্যাস কৃত উত্তর মীমাংসা আত্মজ্ঞান নিরূপক; ইহাই বেদান্ত নামে অভিহিত। (৪৪ পৃষ্ঠার টীপ্পনী দ্রষ্টব্য) ন্যায়; ষড়দর্শনান্তর্গত দর্শন বিশেষ। ইহা তর্ক শাস্ত্র ও আন্বীক্ষিকী বিদ্যা নামে অভিহিত। মহর্ষি গোতম এই শাস্ত্রের প্রণেতা। তিনি, চার্ব্বাকাদি নাস্তিকগণের মত খণ্ডন করিয়া ইহাতে জগৎকারণ ঈশ্বরের সংস্থাপন করিয়াছেন এবং সংশয়াদি নিরূপণ দ্বারা বেদার্থের নির্ণয় করিয়াছেন। ইহাতে প্রমাণ, প্রমেয়, সংশয়, প্রয়োজন, দৃষ্টান্ত, সিদ্ধান্ত, অবয়ব, তর্ক, নির্ণয়, বাদ, জল্প, বিতণ্ডা, হেত্বাভাস, ছল, জাতি এবং নিগ্রহ স্থান, এই ষোড়শপদার্থ নির্ণীত হইয়াছে। বাৎস্যায়ন ইহার ভাষ্যকার। কাত্যায়ন সেই ভাষ্যের বার্ত্তিকসূত্র প্রণয়ন করিয়াছেন, এবং বাচস্পতি মিশ্র তাহার টীকা রচনা করিয়াছেন। বাচস্পতি মিশ্রের ছাত্র উদয়নাচার্য্য কুসুমাঞ্জলি প্রভৃতি গ্রন্থ প্রণেতা। এতদ্ভিন্ন গঙ্গেশ উপাধ্যায়, পক্ষধর মিশ্র, রঘুনাথ শিরোমণি প্রভৃতি পণ্ডিতগণ এতদ্বিষয়ক বিস্তর গ্রন্থ এবং বহু টীকা প্রণয়ন করিয়াছেন। এই শাস্ত্রে অন্ধপঙ্গুন্যায় কৈমুতিক ন্যায়, বীজাঙ্কুর ন্যায়, দণ্ডাপূপ ন্যায়, সূচী কটাহন্যায়, লূতাতন্তু ন্যায় প্রভৃতি বহুবিধ প্রসিদ্ধ ন্যায়ের অবতারণা আছে। (২৫৯ পৃষ্ঠার টীপ্পনী দ্রষ্টব্য) ধর্ম্মশাস্ত্র; মন্বাদি প্রণীত শাস্ত্রের নাম ধর্ম্ম শাস্ত্র। স্মৃতি ইহার নামান্তর। "মন্বত্রিবিষ্ণুহারীতযাজ্ঞবল্ক্যোশনোঽঙ্গিরাঃ। যমাপস্তম্বসম্বর্ত্তাঃ কাত্যায়নবৃহস্পতী। পরাশরব্যাসশঙ্খলিখিতা [illegible] গোতমৌ। শাতাতপ বশিষ্ঠশ্চ ধর্ম্মশাস্ত্রপ্রয়োজকাঃ।" অর্থাৎ মনু, অত্রি, বিষ্ণু, হারীত [illegible]যাজ্ঞবল্ক্য, উশনা, অঙ্গিরা, যম, আপস্তম্ব, সম্বর্ত্ত, কাত্যায়ন, বৃহস্পতি, পরাশর, ব্যাস, শঙ্খ, লি[illegible]ত, দক্ষ, গোতম, শাতাতপ এবং বশিষ্ঠ এই বিংশতিজন ঋষি ধর্ম্মশাস্ত্র প্রণেতা। ইঁহারাই [illegible]ধান, তদ্ভিন্ন আরও অনেকে বহু ধর্ম্ম শাস্ত্র প্রণয়ন করিয়াছেন। এতদ্দেশে মনু প্রণীত স্মৃতিরই প্রাধান্য। "বেদার্থোপনিবন্ধৃত্বাৎ প্রাধান্যং হি মনোঃ স্মৃতং। মন্বর্থবিপরীতা যা সা স্মৃতির্ন প্রশস্যতে।" (কুল্লুকভট্ট) অর্থাৎ বেদার্থের নিবন্ধকার মনুর স্মৃতিই প্রধান। মনুর অর্থের বিপরীত যে স্মৃতি, তাহা প্রশস্ত নয়। অধুনা বঙ্গদেশে রঘুনন্দন ভট্টাচার্য্য প্রণীত স্মৃতির ব্যবস্থাই প্রচলিত। তিনি বিবিধ শাস্ত্রের সার

ব্রাহ্মণগণের উর্ব্বর মস্তিষ্কজাত মিথ্যা রচনা মাত্র। এইরূপ মনে করিয়া সেই পাষণ্ড নাস্তিক ব্যক্তি স্বেচ্ছানুসারে কার্য্য করিতে প্রবৃত্ত হয়। যে সকল শাস্ত্রবিধি অতি ক্লেশজনক বা বহুব্যয়সাধ্য, তৎসমস্তকে সে পরিত্যাগ করে, এবং যাহা অনায়াসসাধ্য বা ক্লেশজনক নহে, তাহারই অনুষ্ঠানে প্রবৃত্ত হয়। যে সকল নিষেধ বাক্য পালন করিতে হইলে বিবিধ অসুবিধা ভোগ করিতে হয়, তাহার অজ্ঞতাপূর্ণ দৃষ্টিতে সুখপ্রদ এবং আনন্দ

সংকলন পূর্ব্বক তাহাদের সামঞ্জস্য করিয়া তিথিতত্ত্ব প্রায়শ্চিত্ত তত্ত্ব প্রভৃতি অষ্টাবিংশতি তত্ত্ব প্রণয়ন করিয়াছেন। দেশকাল পাত্র বিবেচনা করিয়া তিনি যে সকল ব্যবস্থা স্থির করিয়াছেন, তাহা আধুনিক কালানুরূপ। (১৮৮ পৃষ্ঠার টীপ্পনী দ্রষ্টব্য) পুরাণ ; ব্যাসাদি মুনিগণ বেদার্থ বর্ণিত আখ্যায়িকা অবলম্বনে যে শাস্ত্র সমূহ রচনা করিয়াছেন, তাহাই পুরাণ শাস্ত্র। ইহা সর্গ, প্রতিসর্গ, বংশ, মন্বন্তর এবং বংশানুচরিত এই পঞ্চ লক্ষণাত্মক। মহাপুরাণের সর্গ, বিসর্গ, বৃত্তি প্রভৃতি আরও দশবিধ লক্ষণ আছে। ব্রহ্মপুরাণ, বিষ্ণুপুরাণ, পদ্মপুরাণ, শিবপুরাণ, ভাগবত, নারদপুরাণ, মার্কণ্ডেয়পুরাণ, অগ্নিপুরাণ, ভবিষ্যপুরাণ, ব্রহ্মবৈবর্ত্ত, লিঙ্গপুরাণ, বরাহপুরাণ, স্কন্দপুরাণ, বামনপুরাণ, কূর্ম্মপুরাণ, মৎস্যপুরাণ, গরুড়পুরাণ এবং ব্রহ্মাণ্ডপুরাণ, এইগুলি অষ্টাদশ মহাপুরাণ নামে প্রসিদ্ধ। ইহাতে সমুদায়ে চারিলক্ষ শ্লোক সন্নিবিষ্ট আছে। এতদ্ব্যতীত দেবীপুরাণ, কালিকাপুরাণ, বায়ুপুরাণ, শাম্বপুরাণ প্রভৃতি আরও অনেক উপপুরাণ আছে। অষ্টাদশ মহাপুরাণের মধ্যে বিষ্ণুপুরাণ, নারদপুরাণ, ভাগবত, গরুড়পুরাণ, পদ্মপুরাণ এবং বরাহ পুরাণ এই ছয়টী সাত্ত্বিকপুরাণ, ব্রহ্মাণ্ড, ব্রহ্মবৈবর্ত্ত, মার্কণ্ডেয়, ভবিষ্য, বামন এবং ব্রহ্ম, এই ছয়টী রাজসপুরাণ ; মৎস্য, কূর্ম্ম, লিঙ্গ, শিব, স্কন্দ এবং অগ্নি এই ছয় তামসপুরাণ। সাত্ত্বিকপুরাণ সমূহ মোক্ষপ্রদ, রাজসপুরাণ সমূহ স্বর্গপ্রদ এবং তামসপুরাণ সমূহ নরকবিধায়ক। ব্রহ্মপুরাণের শ্লোক সংখ্যা দশ সহস্র ; ইহা পূর্ব্বভাগ ও উত্তরভাগে বিভক্ত। পদ্মপুরাণ ; ইহাতে পঞ্চ পঞ্চাশৎ সহস্র (৫৫ হাজার) শ্লোক নিবদ্ধ আছে। ইহা সৃষ্টিখণ্ড, ভূমিখণ্ড, স্বর্গখণ্ড, পাতালখণ্ড, এবং উত্তরখণ্ড নামক পাঁচ খণ্ডে বিভক্ত। বিষ্ণুপুরাণ ত্রয়োবিংশতি সহস্র (২৩ হাজার) শ্লোকাত্মক। ইহাতে দুইটী ভাগ আছে। প্রথম ভাগ ষষ্ঠাংশে বিভক্ত। বায়ুপুরাণে চতুর্ব্বিংশতি সহস্র (২৪ হাজার) শ্লোক। ইহাতে পূর্ব্বভাগ এবং উত্তরভাগ এ [illegible]ই ভাগ আছে। ভাগবত ; ইহা অষ্টাদশ সহস্র (১৮ হাজার) শ্লোক বিশিষ্ট এবং দ্বাদশটী [illegible] বিভক্ত। এই গ্রন্থ বৈষ্ণবগণের অতি প্রিয়। নারদপুরাণে পঞ্চবিংশতি সহস্র (২৫ হাজার) শ্লোক এবং পূর্ব্বভাগ ও উত্তরভাগ এই দুই ভাগ আছে। তন্মধ্যে পূর্ব্বভাগ চতুর্থ [illegible] বিভক্ত। মার্কণ্ডেয় পুরাণ নবম সহস্র শ্লোক বিশিষ্ট। অগ্নিপুরাণ ; ইহাতে দশসহস্র শ্লোক নিবদ্ধ আছে। ভবিষ্যপুরাণ চতুর্দ্দশ সহস্র পঞ্চশত শ্লোকাত্মক। ব্রহ্মবৈবর্ত্তপুরাণ অষ্টাদশ সহস্র শ্লোকবিশিষ্ট। ইহা ব্রহ্মখণ্ড, প্রকৃতি খণ্ড, গণেশখণ্ড এবং শ্রীকৃষ্ণ জন্মখণ্ড, এই চারিখণ্ডে বিভক্ত।

লিঙ্গপুরাণ ; ইহার শ্লোক সংখ্যা একাদশ সহস্র (১১ হাজার) ইহার পূর্ব্বভাগ এবং উত্তর ভাগ এই দুই বিভাগ আছে। বরাহ পুরাণ ; ইহা চতুর্ব্বিংশতি সহস্র শ্লোক নিবদ্ধ। ইহাও পূর্ব্বভাগ এবং উত্তর ভাগ এই দুই ভাগে বিভক্ত। স্কন্দপুরাণ ; ইহাতে একাশীতি সহস্র

দায়ক হইলেও যাহা শাস্ত্র নিষিদ্ধ, সে ব্যক্তি স্বেচ্ছাচারের বশবর্ত্তী হইয়া আপাততঃ ক্ষণিক সুখলাভ আশায় সেই সকল শাস্ত্র বিগর্হিত কার্য্যের অনুষ্ঠান করিয়া থাকে। সে ব্যক্তি তাহার ইচ্ছাকেই শাস্ত্রবিহিত এবং অনিচ্ছাকেই শাস্ত্রনিষিদ্ধ জ্ঞান করে। এইরূপে কর্ত্তব্যাকর্ত্তব্য বোধ-

---

একশত (৮১ হাজার ১ শত) শ্লোক আছে। ইহাতে মাহেশ্বর খণ্ড, বৈষ্ণব খণ্ড, ব্রহ্মখণ্ড, কাশীখণ্ড, অবন্তী খণ্ড, নাগর খণ্ড, এবং প্রভাস খণ্ড এই সপ্তম খণ্ড আছে। বামন পুরাণ; ইহাতে দশসহস্র সংখ্যক শ্লোক আছে। ইহাও পূর্ব্ব ভাগ এবং উত্তর ভাগ এই দুই ভাগে বিভক্ত। কূর্ম্মপুরাণ; ইহার শ্লোক সপ্তদশ সহস্র (১৭ হাজার) সংখ্যক। ইহাতেও পূর্ব্ব ভাগ এবং উত্তর ভাগ এই ভাগদ্বয় আছে। মৎস্যপুরাণ চতুর্দ্দশ সহস্র শ্লোকাত্মক এবং পূর্ব্ব খণ্ড ও উত্তর খণ্ড এই দুই খণ্ডদ্বয়াত্মক। গরুড় পুরাণ; ইহাতে উনবিংশতি সহস্র (১৯ হাজার) শ্লোক আছে। ইহাও পূর্ব্ব খণ্ড এবং উত্তর খণ্ডাত্মক। ব্রহ্মাণ্ড পুরাণ; ইহার শ্লোক সংখ্যা দ্বাদশ সহস্র। ইহা পূর্ব্ব মধ্যম এবং উত্তর ভাগত্রয়ে বিভক্ত। এই সমস্ত পুরাণ পাঠ বা শ্রবণ করিলে বিবিধ পাপ ক্ষয় এবং অশেষ পুণ্যসঞ্চয় হয়। আয়ুর্ব্বেদ; ইহা চিকিৎসা শাস্ত্র। "আয়ুর্হিতাহিতং ব্যাধিনিদানং শমনং তথা। বিদ্যন্তে যত্র বিদ্বদ্ভিঃ স আয়ুর্ব্বেদ উচ্যতে। অনেন পুরুষো যস্মাৎ আয়ুর্ব্বিন্দতি বেত্তি চ। তস্মান্মুনিবরৈরেষ আয়ুর্ব্বেদ ইতিস্মৃতঃ।" (ভাবপ্রকাশ) অর্থাৎ আয়ু, হিতাহিত এবং ব্যাধির নিদান ও প্রশমন যাহাতে বিদ্যমান, তাহাই আয়ুর্ব্বেদ। এই শাস্ত্রের দ্বারা পুরুষ আয়ুকে জানিতে পারে এই নিমিত্তই ইহা আয়ুর্ব্বেদ। ইহার সম্বন্ধে নিম্নলিখিত উক্তি পরিদৃষ্ট হয়। ভগবান্ ব্রহ্মা সাম, ঋক্, যজুঃ ও অথর্ব্ব এই চারিবেদের অর্থ সঙ্কলন করিয়া আয়ুর্ব্বেদ নামক এক বেদ প্রণয়ন করিলেন। এবং ঐ বেদ তিনি সূর্য্যকে প্রদান করিলেন। সূর্য্যদেব সেই বেদ হইতে আর একখানি সংহিতা প্রস্তুত করিয়া তাহা আপনার শিষ্যবর্গকে অধ্যয়ন করাইলেন। শিষ্যগণ তাহা অধ্যয়ন করিয়া সকলে এক একখানি বিভিন্ন গ্রন্থ রচনা করিয়াছিলেন। শিষ্যগণের মধ্যে ধন্বন্তরী চিকিৎসা তত্ত্ববিজ্ঞান নামক গ্রন্থ প্রণয়ন করেন। দিবোদাস চিকিৎসা দর্পণ, কাশীরাজ চিকিৎসা কৌমুদী, অশ্বিনী-কুমারদ্বয় চিকিৎসা সারতন্ত্র, নকুল বৈদ্যকসর্ব্বস্ব এবং সহদেব ব্যাধিসিন্ধুবিমর্দ্দন নামক গ্রন্থ প্রস্তুত করেন। অনন্তর যম জ্ঞানার্ণব, মহর্ষি চ্যবন জীবদান নামক তন্ত্র, যোগীবর জনক বৈদ্য সন্দেহ ভঞ্জন, বুধ সর্ব্বসার, জাবাল তন্ত্রসার এবং জাজালি ঋষি বেদাঙ্গসার নামে গ্রন্থ প্রকাশিত করেন; তৎপরে পৈল নিদান নামক তন্ত্র, করথ ঋষি সর্ব্বধর এবং অগস্ত্য দ্বৈধনির্ণয় নামক প্রসিদ্ধ গ্রন্থ প্রণয়ন করিয়াছিলেন। এই ষোড়শ ঋষি প্রণীত এই ষোড়শ গ্রন্থ চিকিৎসা শাস্ত্রের বীজস্বরূপ; ইহাদের মধ্যে ব্যাধিনাশ এবং বলাধানের বিষয় বিশদরূপে বর্ণিত হইয়াছে। (ব্রহ্মবৈবর্ত্ত পুরাণ ব্রহ্মখণ্ড ১৬শ অধ্যায় দ্রষ্টব্য) ধনুর্ব্বেদ; ইহা যজুর্ব্বেদের উপবেদ। ইহাতে ধনুর্বিদ্যা শিক্ষা বিষয়ক উপদেশ ও উপায় সমূহ আছে। গান্ধর্ব্ব বিদ্যা; ইহা সঙ্গীত শাস্ত্র নামে প্রসিদ্ধ। সোমেশ্বর, ভরত, হনুমান্, এবং কল্লিনাথ এই চারিজন প্রণীত চতুর্ব্বিধ সঙ্গীত শাস্ত্র আছে। তন্মধ্যে অধুনা হনুমৎ প্রণীত শাস্ত্রই প্রচলিত। ইহাতে স্বরাধ্যায়, রাগাধ্যায়, তালাধ্যায়, নৃত্যাধ্যায়, ভাবাধ্যায়, কোকাধ্যায়, এবং হস্তাধ্যায়, এই সপ্ত অধ্যায় আছে। (বিশেষ বিবরণ সঙ্গীত শাস্ত্রে দ্রষ্টব্য) অর্থশাস্ত্র; অর্থাৎ চাণক্যাদি প্রণীত নীতি শাস্ত্র। যে শাস্ত্র দ্বারা সংসারে বৈষয়িক ব্যাপার সমূহ সু[illegible]লে সম্পাদিত হয়, তাহাই অর্থশাস্ত্র।

বিরহিত সেই ব্যক্তি স্বেচ্ছাচারের বশতাপন্ন হইয়া শাস্ত্রবিহিত পারত্রিক মঙ্গলপ্রদ কার্য্য সমূহের অনুষ্ঠান করিতে একান্ত বিরত হয়, এবং শাস্ত্রে নিষিদ্ধ রূপে পরিগণিত ঐহিক ক্ষণিক সুখপ্রদ কিন্তু পরিণামে নরকপ্রদ বেদবিগর্হিত কার্য্য কলাপের অনুষ্ঠান করিতে থাকে। এতাদৃশ অনুষ্ঠান দ্বারা সে সর্ব্ব পুরুষার্থ ভ্রষ্ট হইয়া থাকে। তাহার চিত্ত উত্তরোত্তর অধিকতর কলুষিত হইতে থাকে। এইরূপ ব্যক্তি কোনকালেই সিদ্ধি লাভের অধিকারী হয় না। সে ঐহিক সুখ হইতে বঞ্চিত হয়, অর্থাৎ উত্তরোত্তর শাস্ত্রবিগর্হিত কার্য্যের অনুষ্ঠান দ্বারা তাহার চিত্ত ক্রমেই অনির্ম্মল হইয়া থাকে, তদ্দ্বারা সে কোন দিনই সংসারে শান্তিলাভ করিতে সমর্থ হয় না। এইরূপে ঐহিক সুখে বঞ্চিত হইয়া সে পরম গতি অর্থাৎ স্বর্গ বা মোক্ষ লাভেরও অধিকারী হয় না। অতএব সতত স্বধর্ম্মে অবস্থান পূর্ব্বক শাস্ত্র বিহিত কার্য্যের অনুষ্ঠানই শ্রেয়স্কর ॥ ২৩ ॥

—:০(*):০—

তস্মাচ্ছাস্ত্রং প্রমাণন্তে কার্য্যাকার্য্যব্যবস্থিতৌ।
জ্ঞাত্বা শাস্ত্রবিধানোক্তং কর্ম্ম কর্ত্তুমিহার্হসি ॥ ২৪ ॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং ভীষ্মপর্ব্বণি শ্রীভগবদ্গীতাসূপনিষৎসু ব্রহ্মবিদ্যায়াং যোগশাস্ত্রে শ্রীকৃষ্ণার্জ্জুনসংবাদে দৈবাসুরসম্পদ্বিভাগযোগো নাম ষোড়শোঽধ্যায়ঃ।

——(০:০:০)——

অন্বয়।— তস্মাৎ কার্য্যাকার্য্যব্যবস্থিতৌ (কর্ত্তব্যাকর্ত্তব্যাবধারণে) শাস্ত্রং তে (তব) প্রমাণং (নিয়ন্তৃ) শাস্ত্রবিধানোক্তং (শাস্ত্রনির্দ্দিষ্টং) জ্ঞাত্বা (বিজ্ঞায়) ইহ (কর্ম্মাধিকারে বর্ত্তমানঃ) কর্ম্ম কর্ত্তুং অর্হসি (যোগ্যো ভবসি) ॥ ২৪ ॥

প্রতিশব্দ।—সেই-হেতু কর্ত্তব্য-অকর্ত্তব্য-নিশ্চয়ে শাস্ত্র তোমার-সম্বন্ধে প্রমাণ, শাস্ত্র-নির্দ্দিষ্টকে জানিয়া এই-কর্ম্মাধিকার-ভূমিতে কর্ম্ম করিবার-নিমিত্ত যোগ্য-হও ॥ ২৪ ॥

ব্যাখ্যা।—অতএব কর্ত্তব্যাকর্ত্তব্য নির্দ্ধারণ বিষয়ে শাস্ত্রকেই প্রমাণ স্বরূপে গ্রহণ করিয়া কার্য্য করা কর্ত্তব্য; তুমিও এক্ষণে এই কর্ম্মাধিকার অবস্থায় শাস্ত্র নির্দ্দিষ্ট বিধান জানিয়া কর্ম্মানুষ্ঠান কর ॥ ২৪ ॥

শঙ্করাচার্য্য।—তস্মাদিতি। তস্মাৎ শাস্ত্রং প্রমাণং জ্ঞানসাধনন্তে তব কার্য্যাকার্য্যব্যবস্থিতৌ কর্ত্তব্যাকর্ত্তব্যব্যবস্থায়ামতোজ্ঞাত্বা বুদ্ধা শাস্ত্রবিধানোক্তং বিধির্বিধানং শাস্ত্রমেব বিধানং শাস্ত্রবিধানং কুর্য্যান্ন কুর্য্যাদিত্যেবংলক্ষণং তেনোক্তং স্বকর্ম্ম যত্তৎ কর্ত্তুমিহার্হসি ইহ ইতি কর্ম্মাধিকারভূমিপ্রদর্শনার্থং ইতি ॥ ২৪ ॥

ইতি শ্রীগোবিন্দভগবৎ পূজ্যপাদশিষ্য-পরমহংসপরিব্রাজকাচার্য্য শ্রীমচ্ছঙ্কর ভাগবতকৃতৌ গীতাভাষ্যে ষোড়শোঽধ্যায়ঃ।

আনন্দগিরি।—শাস্ত্রাদৃতে কর্ম্মণো নিষ্ফলত্বে ফলিতমাহ তস্মাদিতি। কর্ত্তব্যাকর্ত্তব্যৌ ধর্ম্মাধর্ম্মৌ তত্র শাস্ত্রস্য প্রমাণত্বেঽপি মম কিং কর্ত্তব্যমিত্যাশঙ্ক্যাত অত ইতি। স্বকর্ম্ম ক্ষত্রিয়স্য যুদ্ধাদি. ইতি শব্দোঽধ্যায়সমাপ্ত্যর্থঃ। তদনেনাধ্যায়েন প্রাগ্ভবীয় কর্ম্মানুসারেণাভিব্যজ্যমানসাত্ত্বিকাদি প্রকৃতিত্রয়বিভাগেন দৈব্যাসুরীতি সম্পদ্দ্বয়মাদানহানাভ্যামুপদিশ্য কামক্রোধলোভানপহায় পুরুষার্থিনা শাস্ত্রশ্রবণেন তদুক্তকারিণা ভবিতব্যমিতি নির্দ্ধারিতং ॥ ২৪ ॥

ইতি শ্রীমৎপরমহংসপরিব্রাজকাচার্য্য-শুদ্ধানন্দ পূজ্যপাদশিষ্য-ভগবদানন্দগিরি বিরচিতে শ্রীভগবদ্গীতাভাষ্য বিবেচনে ষোড়শোঽধ্যায়ঃ।

রামানুজ।—তস্মাদিতি। তস্মাৎ কার্য্যাকার্য্যব্যবস্থিতৌ উপাদেয়ানুপাদেয়ব্যবস্থায়াং তব শাস্ত্রমেব প্রমাণং। ধর্ম্মশাস্ত্রেতিহাসপুরাণোপবৃংহিতা বেদা যদেব পুরুষোত্তমাখ্যং পরং তত্ত্বং তৎ প্রীণনরূপং তৎ প্রাপ্ত্যুপায়ভূতঞ্চ কর্ম্মাবাবোধয়ন্তি। তৎ শাস্ত্রবিধানোক্তং তত্ত্বং কর্ম্ম চ জ্ঞাত্বা যথাবদনূনাতিরিক্তং বিজ্ঞায় কর্ত্তুমর্হসি তদেবোপাদাতুমর্হসি ॥ ২৪ ॥

ইতি শ্রীমদ্রামানুজাচার্য্য বিরচিতে শ্রীমদ্গীতাভাষ্যে ষোড়শোঽধ্যায়ঃ।

হনুমান্‌।—তস্মাৎ শাস্ত্রং প্রমাণস্তে তব ব্যবস্থায়াং শাস্ত্রবিধানোক্তং বিধানং বিধিঃ শাস্ত্রমেব বিধানং তেনোক্তং কর্ম্ম ক্রিয়ামিহসংসারে কর্ত্তুমর্হসি যোগ্যোভবসি ॥ ২৪ ॥

ইতি শ্রীমদ্ধনুমদীয়ে পৈশাচভাষ্যে ষোড়শোঽধ্যায়ঃ।

শ্রীধর।—ফলিতমাহ তস্মাদিতি। ইদং কার্য্যমিদমকার্য্যঞ্চেত্যস্যাং ব্যবস্থায়াং তে তব শাস্ত্রং শ্রুতিস্মৃতিপুরাণাদিকমেব প্রমাণং, অতঃ শাস্ত্রবিধিনোক্তং কর্ম্ম জ্ঞাত্বা ইহ কর্ম্মাধিকারে বর্ত্তমানঃ যথাধিকারং কর্ম্ম কর্ত্তুমর্হসি তন্মূলত্বাৎ সত্ত্বশুদ্ধিসম্যগজ্ঞানমুক্তীনামিত্যর্থঃ। দেব-দৈত্যেয়সম্পত্তিসদ্বিভাগেন ষোড়শে। তত্ত্বজ্ঞানেঽধিকারস্তু সাত্ত্বিকস্যেতি দর্শিতং ॥ ২৪ ॥

ইতি শ্রীভগবদ্গীতায়াং স্বামিকৃতটীকায়াং ষোড়শোঽধ্যায়ঃ।

বলদেব।—যস্মাচ্ছাস্ত্রবিমুখতয়া কামাদ্যধীনা প্রবৃত্তিঃ পুমর্থাদ্বিভ্রংশয়তি তস্মাত্তব কার্য্যাকার্য্যব্যবস্থিতৌ কিং কর্ত্তব্যং কিমকর্ত্তব্যমিত্যস্মিন্‌ বিষয়ে নির্দ্দোষমপৌরুষেয়ং বেদরূপং শাস্ত্রমেব প্রমাণম্‌ ন তু ভ্রমাদিদোষবতা পুরুষেণোৎপ্রেক্ষিতং বাক্যম্‌। অতঃ শাস্ত্রবিধা-নেন কুর্য্যান্ন কুর্য্যাদিতি প্রবর্ত্তনানিবর্ত্তনাত্মকেন লিঙ্‌তব্যাদিপদেনোক্তম্‌ কর্ম্ম বিহিতং নিষিদ্ধঞ্চ জ্ঞাত্বা নিষিদ্ধং তৎ পরিত্যজন্‌ ইহ কর্ম্মভূমৌ বিহিতকর্ম্ম অগ্নিহোত্রাদি যুদ্ধাদি চ কর্ত্তুমর্হসি লোকসংগ্রহায় ॥ ২৪ ॥

ইতি শ্রীমদ্বলদেবকৃতে শ্রীভগবদ্গীতোপনিষদ্ভাষ্যে ষোড়শোঽধ্যায়ঃ।

মধুসূদন।—যস্মাদেবং যস্মাচ্ছাস্ত্রবিমুখতয়া কামাধীনপ্রবৃত্তিরৈহিকপারত্রিকসর্ব্বপুরুষার্থা-যোগ্যা তস্মাত্তে তব শ্রেয়োঽর্থিনঃ কার্য্যাকার্য্যব্যবস্থিতৌ কিং কার্য্যং কিমকার্য্যমিতি বিষয়ে শাস্ত্রং বেদ তদুপজীবিস্মৃতিপুরাণাদিকমেব বোধকং প্রমাণং নান্যৎ স্বোৎপেক্ষাবুদ্ধবাক্যাদীত্য-ভিপ্রায়ঃ। এবং চ ইদং কর্ম্মাধিকারভূমৌ শাস্ত্রবিধানেন কুর্য্যান্ন কুর্য্যাদিত্যেবং প্রবর্ত্তনানিবর্ত্ত-নারূপেণ বৈদিকলিঙ্গাদিপদেনোক্তং কর্ম্ম বিহিতং প্রতিষিদ্ধং চ জ্ঞাত্বা নিষিদ্ধং বর্জ্জয়ন্‌ বিহিতং ক্ষত্রিয়স্তু যুদ্ধাদিকর্ম্ম ত্বং কর্ত্তুমর্হসি সত্ত্বশুদ্ধিপর্য্যন্তমিত্যর্থঃ। তদেবমস্মিন্নধ্যায়ে স. আসুর্য্যাঃ সংপদোমূলভূতাৎ সর্ব্বাশ্রেয়ঃপ্রাপকাৎ সর্ব্বশ্রেয়ঃপ্রতিবন্ধকাম্মহাদোষান্‌ কামক্রোধলোভ. শ্রেয়োঽর্থিনা শ্রদ্ধধানতয়া শাস্ত্রপ্রবণেন তদুপদিষ্টার্থানুষ্ঠানপরেণ ভবিতব্যমিতি. প্রদর্শনমুখেন নির্দ্ধারিতম্‌ ॥ ২৪ ॥

ইতি শ্রীমৎপরমহংস পরিব্রাজকাচার্য্য শ্রীবিশ্বেশ্বর সরস্বতী শ্রীপাদশিষ্য শ্রীমধুসূদন সরস্বতী বিরচিতায়াং গূঢ়ার্থদীপিকায়াং দৈবাসুরসম্পদ্বিভাগযোগো নাম ষোড়শোঽধ্যায়ঃ।

নীলকণ্ঠ।—যস্মাচ্ছাস্ত্রাতিগঃ শুদ্ধ্যাদিকং ত্রয়ং নাপ্নোতি তস্মাত্তে তব শুদ্ধ্যাদিকামস্য শাস্ত্রমেব প্রমাণং কিং [illegible]ং কিং ন কার্য্যমিত্যস্যাং ব্যবস্থায়াম্ এবং জ্ঞাত্বা শাস্ত্রম্ ইদং কর্ত্তব্যমিদং ন কর্ত্তব্যমিতি [illegible] বেদাজ্ঞানুরূপং বিধানঞ্চ তদুল্লঙ্ঘনে প্রতিসমাদনম্ অগ্নিহোত্রাস্তকরণেঽয়ং দোষস্তৎপরিহারার্থমিদং কৃচ্ছ্রাদিকং প্রায়শ্চিত্তং ব্রহ্মহত্যাদিকরণেঽয়ং দোষস্তৎপরিহারার্থমিদং বা অশ্বমেধাদি অন্যদ্বা প্রায়শ্চিত্তং শাস্ত্রঞ্চ বিধানঞ্চ তাভ্যামুক্তং কর্ম্ম ইহ মনুষ্যলোকে কর্ত্তুমর্হসি, লোকান্তরে কর্ম্মস্বনধিকারং দর্শয়িতুমিহেত্যুক্তং তদেবং শাস্ত্রানুবর্ত্তিন এব চিত্তশুদ্ধ্যাদিকং নান্যস্যেতি॥ ২৪॥

ইতি শ্রীমৎপদবাক্যপ্রমাণমর্য্যাদাধুরন্ধরচতুর্দ্ধর বংশাবতংস শ্রীগোবিন্দসূরিসূনোঃ শ্রীনীল-
কণ্ঠস্য কৃতৌ ভারতভাবদীপে ভীষ্মপর্ব্বণি ভগবদ্গীতার্থ প্রকাশে
ষোড়শোঽধ্যায়ঃ।

তাৎপর্য্য।—এক্ষণে বর্ত্তমান অধ্যায়ের উপসংহার কালে শ্রীভগবান্ শাস্ত্র নির্দ্দিষ্ট পন্থারই বিশেষরূপে অনুসরণ করিতে উপদেশ প্রদান করিতেছেন। যখন শাস্ত্র বিধি-বিমুখ ব্যক্তিগণ স্বেচ্ছাপরতন্ত্র হইয়া কামাদির বশীভূত হয়, এবং কামাদির অধীন হইয়া ঐহিক পারত্রিক সর্ব্ববিধ কল্যাণ হইতে পরিভ্রষ্ট হইয়া থাকে, তখন যাঁহারা আত্মার উন্নতিকামী এবং পরমপদ লাভে সমুৎসুক, তাঁহারা যত্ন সহকারে শাস্ত্র নির্দ্দিষ্ট মার্গেরই অনুসরণ করিবেন, ইহাতে তাঁহারা ঐহিক ও পারত্রিক পরম মঙ্গল লাভে সমর্থ হইবেন। শ্রীভগবান্ অধ্যায়ান্তে ইহাই প্রতিপন্ন করিবার নিমিত্ত বর্ত্তমান শ্লোকের অবতারণা করিয়াছেন। শাস্ত্র নির্দ্দিষ্ট পন্থার অনুগমন করিলে অর্জ্জুন যে শাস্ত্রবিহিত স্বধর্ম্ম পরিপালনরূপ যুদ্ধ করিতে একান্ত বাধ্য, এই শ্লোকে এতাদৃশ ভাবও প্রদর্শন করিতে তিনি অভিলাষী হইয়াছেন।

শ্রীভগবান্ বলিতেছেন, যাহারা শাস্ত্র বিধিকে উল্লঙ্ঘন পূর্ব্বক স্বস্ব ইচ্ছা-প্রণোদিত হইয়া শাস্ত্রনিষিদ্ধ মার্গে পরিভ্রমণ করে, তাহারা কোনরূপ পুরুষার্থ লাভ করিতে অথবা সুখ ও মোক্ষের অধিকারী হইতে সক্ষম হয় না, ইহাই পূর্ব্বে পরিব্যক্ত হইয়াছে। অতএব তুমি যখন পুরুষার্থ লাভের জন্য একান্ত সমুৎসুক, যখন ধর্ম্মমার্গে অবস্থান পূর্ব্বক ঐহিক এবং পারত্রিক পরম মঙ্গল লাভ করিবার জন্য তোমার হৃদয় চিরদিনই ব্যাকুল,

তখন শাস্ত্র বিধির অনুসরণ পূর্ব্বক তন্নির্দ্দিষ্ট কার্য্য কলাপের অনুষ্ঠানই তোমার পক্ষে পরম শ্রেয়স্কর। যে কার্য্যের অনুষ্ঠানের দ্বারা ইহলোকে ও পরলোকে একান্ত মঙ্গলভাজন হওয়া যায়, যে কার্য্যদ্বারা সংসারে হিতসাধন বা ধর্ম্মের মর্য্যাদা সংরক্ষিত হয়, সাধুগণ বা মহাজনগণ যে কার্য্যের অনুমোদন বা অনুষ্ঠান করিয়া থাকেন, তাহাই কার্য্য,আর যে কার্য্য নিন্দিত বা ঘৃণিত, যে কার্য্যানুষ্ঠানের ফলে ইহলোকে অশেষ দুর্গতি এবং পরলোকে ভীষণ নরক যন্ত্রণা ভোগ করিতে হয়, যে কার্য্য সংসারের অমঙ্গলজনক বা ধর্ম্মমার্গ পরিভ্রষ্ট, সাধুগণ ঈশ্বরের অপ্রীতিকর বোধে যে কার্য্যকে পরিহার করিয়া থাকেন, তাহাই অকার্য্য। এ সংসারে কোন্ কোন্ কার্য্য এতাদৃশ কার্য্যমধ্যে পরিগণিত এবং কোন্ কার্য্য অকার্য্য বোধে পরিত্যাজ্য, এতদ্বিষয়ে শাস্ত্রই প্রমাণ অর্থাৎ বেদাদি শাস্ত্র তার-স্বরে ইহার ঘোষণা করিতেছে, কার্য্যাকার্য্য নির্দ্ধারণে অশক্ত মানবগণকে অঙ্গুলি-সঙ্কেতে সুগম মার্গের নির্দ্দেশ করিয়া দিতেছে, ধর্ম্মাধর্ম্মের সুন্দর ব্যবস্থাদ্বারা ভ্রান্ত মানবকুলকে পরম সদ্গতির উপদেশ প্রদান করিয়া তাহাদিগকে কৃতার্থ করিতেছে। অতএব সেই শাস্ত্র বিহিত যে কার্য্য, তাহাই কর্ত্তব্য কার্য্য মধ্যে পরিগণিত। হে অর্জ্জুন ! তুমি শাস্ত্র বিহিত এই সমস্ত কার্য্যাকার্য্যের বিষয় বিশেষ রূপে অবগত হইয়া যাহা শাস্ত্র অনুমোদিত তাহার অনুষ্ঠান কর এবং যাহা শাস্ত্র নিষিদ্ধ তাহা পরি-বর্জ্জন কর। এখনও তোমার চিত্তশুদ্ধি সম্পন্ন হয় নাই। তুমি এখনও সম্পূর্ণ কর্ম্মাধিকারী। অতএব যাবৎ তোমার চিত্ত পরিশুদ্ধ না হয়, তাবৎ তুমি স্বধর্ম্ম পরিপালনরূপ কর্ম্ম করিতে বাধ্য। শাস্ত্রাদিতে যুদ্ধই ক্ষত্রি-য়ের স্বধর্ম্ম নির্দ্দিষ্ট হইয়াছে। অতএব তুমিও সেই শাস্ত্র নি[illegible] স্বধর্ম্মের পরিপালন করিয়া ইহলোকে যশস্বী এবং পরলোকে মঙ্গল লাভের অধি-কারী হও।

এতাবতা সমগ্র অধ্যায়ে ইহাই প্রদর্শিত হইয়াছে যে, যাঁহারা আত্মার একান্ত শ্রেয়োভিলাষী, তাঁহারা যাবতীয় আসুরী সম্পদের মূল কারণ, সকল অমঙ্গলের নিদান এবং যাবতীয় শ্রেয়ঃসাধক ফলের প্রতিবন্ধক স্বরূপ কাম, ক্রোধ এবং লোভের পরিবর্জ্জন করিয়া শ্রদ্ধা সহকারে শাস্ত্র নির্দ্দিষ্ট মার্গের অনুসরণ করিবেন, এবং শাস্ত্রোপদিষ্ট কার্য্যের অনুষ্ঠান দ্বারা

আত্মার পরম কল্যাণ সাধিত করিবেন। বর্ত্তমান অধ্যায়ে দৈবী এবং আসুরী সম্পদের বিভাগ প্রদর্শন দ্বারা এই তত্ত্বই নিরূপিত হইল।

পূজ্যপাদ শ্রীমন্নীলকণ্ঠের অভিপ্রায়। শাস্ত্রোল্লঙ্ঘনকারী ব্যক্তি শুদ্ধ্যাদি লাভ করিতে সমর্থ হয় না। এই জন্যই শুদ্ধ্যাদি লাভে অভিলাষী ব্যক্তির সম্বন্ধে শাস্ত্রই প্রমাণ। অর্থাৎ কোন্ কার্য্য করণীয় এবং কোন্ কার্য্য অকর্ত্তব্য, এতদ্বিষয়ে শাস্ত্রের ব্যবস্থা অবগত হইয়া শাস্ত্রশাসনানুসারে কার্য্য করাই বিধেয়। শাস্ত্রে যে সমস্ত বিধি ব্যবস্থার উল্লেখ হইয়াছে, বেদে যে সকল অগ্নিহোত্রাদি (১৩০।৬৪০ পৃষ্ঠার টীপ্পনী দ্রষ্টব্য) কার্য্যের নির্দ্দেশ করিয়াছে, তৎসমুদায়ই কর্ত্তব্য এবং এই সকল কার্য্যের অকরণে বিশেষ দোষ হয়। এই দোষ পরিহারের নিমিত্ত শাস্ত্রে কৃচ্ছ্রাদি বিবিধ প্রায়শ্চিত্তের নির্দ্দেশ আছে। ব্রহ্মহত্যা প্রভৃতি মহাপাপ জনক কার্য্যসমূহের অনুষ্ঠান করিলে পরিণামে নরকাদিগমনরূপ অধোগতি অবশ্যম্ভাবী। শাস্ত্রবিহিত অশ্বমেধাদি (১২৬৩ পৃষ্ঠার টীপ্পনী দ্রষ্টব্য) বা অন্যবিধ দ্বাদশ বার্ষিকাদি প্রায়শ্চিত্তের দ্বারা এই সকল মহাপাপের ক্ষয় হয় এবং তদ্দ্বারা মানব নরকাদি ভীষণ পরিণাম হইতে উদ্ধার লাভ করিয়া ক্রমে ঊর্দ্ধগতি লাভ করিতে সক্ষম হয়। অতএব হে অর্জ্জুন! তুমি যথোক্ত শাস্ত্রার্থ অবগত হইয়া এই কর্ম্মক্ষেত্র মনুষ্য লোকে বিবিধ শুভ কর্ম্মের অনুষ্ঠানে প্রবৃত্ত হও। কারণ এই সংসারই কর্ম্মক্ষেত্র, শুভাশুভ যাবতীয় কর্ম্ম এই স্থানেই অনুষ্ঠিত হইতে পারে। ইহার পরে তুমি যে লোকে গমন করিবে, আমার আর কর্ম্ম করিবার অধিকার থাকিবে না; সেখানে কেবল কর্ম্মানুযায়ী শুভাশুভ ফলের ভোগ মাত্র অধিকার। এখানে যেরূপ কর্ম্মের অনুষ্ঠান করিবে, লোকান্তরে সেই রূপ ফলভোগ করিতে হইবে। অতএব তুমি যাবৎ এই কর্ম্ম ভূমিতে বর্ত্তমান থাকিয়া কর্ম্ম করিবার সুযোগ লাভ করিতেছ, তাবৎ সাবধান চিত্তে বিবিধ শুভ কর্ম্মানুষ্ঠানের দ্বারা লোকান্তরে সদ্গতির উপায় কর। অর্থাৎ শাস্ত্রানুসারে চিত্ত শুদ্ধ্যাদি সহকারে বেদানুমোদিত কার্য্য সমূহের অনুষ্ঠানে প্রবৃত্ত হও ॥ ২৪ ॥

পূজ্যপাদ শ্রীমৎশ্রীধর স্বামীর উপসংহার বাক্য। বর্ত্তমান ষোড়শাধ্যায়ে দৈবী এবং আসুরী সম্পত্তির বিভাগের দ্বারা ইহাই প্রদর্শিত হইয়াছে যে, যাঁহারা সাত্ত্বিক প্রকৃতি, তাঁহারাই তত্ত্ব জ্ঞানে অধিকারী।

পূজ্যপাদ শ্রীমদ্বলদেব বিদ্যাভূষণের উপসংহার বাক্য। যাঁহারা বেদনিষ্ঠ, তাঁহারাই স্বর্গ এবং শাশ্বত মোক্ষকে লাভ করেন, এবং যাহারা বেদ-বহিষ্কৃত তাহারা নরকে গমন করিয়া থাকে, ষোড়শ অধ্যায়ে ইহাই নিরূপিত হইয়াছে।

পূজ্যপাদ শ্রীমদ্বিশ্বনাথের উপসংহার বাক্য। যাঁহারা আস্তিক, তাঁহারাই সদ্গতিকে প্রাপ্ত হন এবং যাহারা নাস্তিক, তাহারা নরকে গমন করে, ইহাই অধ্যায়ার্থ নিরূপিত হইয়াছে।

তাৎপর্য্য সমাপ্ত।

—:০(*):০—

যামুন মুনি।—দেবাসুর বিভাগোক্তিপূর্ব্বিকা শাস্ত্রবশ্যতা। তত্ত্বানুষ্ঠানবিজ্ঞানস্থেম্নে ষোড়শ উচ্যতে॥

তাৎপর্য্য।—দৈব এবং আসুর সম্পৎ বিভাগের দ্বারা শাস্ত্রবশ্যতা এবং তদুপদেশ সমূহের বিজ্ঞান, ইহাই ষোড়শাধ্যায়ে উক্ত হইয়াছে।

———

সপ্তদশোঽধ্যায়ঃ।

অর্জ্জুন উবাচ।

যে শাস্ত্র বিধিমুৎসৃজ্য যজন্তে শ্রদ্ধয়ান্বিতাঃ।
তেষাং নিষ্ঠা তু কা কৃষ্ণ! সত্ত্বমাহো রজস্তমঃ ॥ ১॥

অন্বয়।—অর্জ্জুনঃ উবাচ (কথয়ামাস) হে কৃষ্ণ! যে (জনাঃ) তু শাস্ত্রবিধিং (শাস্ত্রব্যবস্থাং) উৎসৃজ্য (ত্যক্ত্বা) শ্রদ্ধয়া অন্বিতাঃ (যুক্তাঃ) যজন্তে (উপাসন্তে) তেষাং নিষ্ঠা (স্থিতিঃ) কা (কীদৃশী) সত্ত্বং রজঃ আহো (অথবা) তমঃ? ॥ ১ ॥

প্রতিশব্দ।—অর্জ্জুন বলিলেন, হে কৃষ্ণ! যাহারা শাস্ত্র-বিধিকে ত্যাগ-করিয়া শ্রদ্ধার-সহিত যুক্ত-হইয়া যজনা-করে, তাহাদের স্থিতি কিরূপ? সত্ত্ব, রজঃ অথবা তমঃ? ॥ ১ ॥

ব্যাখ্যা।—অর্জ্জুন বলিলেন, হে কৃষ্ণ! যে সকল শাস্ত্রানভিজ্ঞ ব্যক্তি যথাবিহিত শাস্ত্রবিধিকে অজ্ঞতাপ্রযুক্ত উল্লঙ্ঘন করিয়া শ্রদ্ধা সহকারে যথাশ্রুত ভাবে উপাসনা করে, তাহাদের নিষ্ঠা কিরূপ? তাহা কি সাত্ত্বিকী নিষ্ঠা, অথবা রাজসী নিষ্ঠা কিম্বা তামসী নিষ্ঠা? ॥ ১॥

শঙ্করাচার্য্য।—তস্মাচ্ছাস্ত্রং প্রমাণন্তে ইতি ভগবদ্বাক্যাৎ লব্ধপ্রশ্নবীজোঽর্জ্জুন উবাচ যে শাস্ত্রেতি। যে কেচিৎ অবিশেষিতাঃ শাস্ত্রবিধিং শাস্ত্রবিধানং শ্রুতিস্মৃতিশাস্ত্রচোদনামুৎসৃজ্য পরিত্যজ্য যজন্তে দেবাদীন্ পূজয়ন্তি শ্রদ্ধয়ান্বিতাঃ শ্রদ্ধয়াস্তিক্যবুদ্ধ্যান্বিতাঃ সংযুক্তাঃ সন্তঃ শ্রুতিলক্ষণং স্মৃতিলক্ষণং বা কঞ্চিৎ শাস্ত্রবিধিমপশ্যন্তো বৃদ্ধব্যবহারদর্শনাদেব শ্রদ্দধানতয়া দেবাদীন্ পূজয়ন্তি, তে ইহ শাস্ত্রবিধিমুৎসৃজ্য যজন্তে শ্রদ্ধয়ান্বিতা ইত্যেবং গৃহ্যন্তে যে পুনঃ কঞ্চিৎ শাস্ত্রবিধিমুপ-লভমানা এব তমুৎসৃজ্যাযথাবিধি দেবাদীন্ পূজয়ন্তি তে ইহ যে শাস্ত্রবিধিমুৎসৃজ্য যজন্ত ইতি ন পরিগৃহ্যন্তে কস্মাৎ শ্রদ্ধয়ান্বিতত্ববিশেষণাৎ দেবাদিপূজাবিধিপরং কিঞ্চিৎ শাস্ত্রং পশ্যন্ত এব

তদুৎসৃজ্যাশ্রদ্দধানতয়া তদ্বিহিতায়াং দেবাদিপূজায়াং শ্রদ্ধয়ান্বিতাঃ প্রবর্ত্তন্তে ইতি ন শক্যং পরিকল্পয়িতুং যস্মাত্তস্মাৎ পূর্ব্বোক্তা এব যে শাস্ত্রবিধিমুৎসৃজ্য যজন্তে শ্রদ্ধয়ান্বিতাঃ ইত্যত্র গৃহ্যন্তে তেষামেবম্ভূতানাং নিষ্ঠা তু অবস্থানং কা কৃষ্ণ! সত্ত্বমাহো রজস্তমঃ কিং সত্ত্বনিষ্ঠাবস্থানমাহোস্বিৎ রজোহথবা তম ইতি॥ ১॥

আনন্দগিরি।—আস্তিকানাং নাস্তিকানাঞ্চ শাস্ত্রৈকচক্ষুষাং গতিরুক্তা সম্প্রত্যাস্তিকানামেব শাস্ত্রানভিজ্ঞানাং গতিং জিজ্ঞাসয়া পৃচ্ছতীত্যাহ তস্মাদিতি। যজন্তইতি যাগগ্রহণং দানাদেরুপলক্ষণং। যদি বেদোক্তং বিধিমপশ্যন্তস্তমুৎসৃজন্তি কথং তর্হি শ্রদ্দধানা যাগাদি কুর্ব্বন্তি নহি মানং বিনা শ্রদ্ধয়া যাগাদি কর্ত্তুং শক্যমিত্যাশঙ্ক্যাহ শ্রুতীতি। নমু শাস্ত্রীয়ং বিধিং পশ্যন্তোঽপি কেচিত্তমুপেক্ষ্য স্বোৎপ্রেক্ষয়া যাগাদি কুর্ব্বন্তোদৃশ্যন্তে তেষামিহ যেশাস্ত্রবিধিমুৎসৃজ্যেতি গ্রহো ভবিষ্যতি নেত্যাহ যে পুনরিতি। তেষামত্রাপরিগ্রহে প্রশ্নপূর্ব্বকং হেতুমাহ কস্মাদিতি। শাস্ত্রজ্ঞানাস্তদুপেক্ষাবতাং গ্রহেঽপি বিশেষণমবিরুদ্ধমিত্যাশঙ্ক্য ব্যাঘাতান্নৈবমিত্যাহ দেবাদীতি। অশ্রদ্দধানতয়া তদুৎসৃজ্যেতি সম্বন্ধঃ শাস্ত্রোক্তং বিধিমধিগচ্ছতামপি তমবধীর্য্য স্বেচ্ছয়া দেবপূজাদৌ প্রবৃত্তানামাসুরেষেবান্তর্ভাবো যস্মাদনন্তরাধ্যায়ে সিদ্ধস্তস্মাদাস্তিকাধিকারে তেষাং প্রসঙ্গো নাস্তীত্যুপসংহরতি যস্মাদিতি। পূর্ব্বোক্তাঃ শাস্ত্রানভিজ্ঞা বৃদ্ধব্যবহারানুসারিণ ইতিযাবৎ। তৈঃ শ্রদ্ধয়া ক্রিয়মাণং কর্ম্ম কুত্র পর্য্যবস্যতীতি পৃচ্ছতি তেষামিতি। কা নিষ্ঠেত্যেতদ্বিবৃণোতি সত্ত্বমিতি॥ ১॥

রামানুজ।—দৈবাসুরবিভাগোক্তিমুখেন প্রাপ্য তত্ত্বজ্ঞানং তৎপ্রাপ্ত্যুপায়জ্ঞানং চ বেদৈকমূলমিত্যুক্তং। ইদানীমশাস্ত্রবিহিতস্যাসুরত্বেনাফলত্বং শাস্ত্রবিহিতস্য চ গুণতস্ত্রৈবিধ্যং তস্য লক্ষণঞ্চোচ্যতে। তত্রাশাস্ত্রবিহিতস্য নিষ্ফলত্বমজানন্ শাস্ত্রবিহিতে শ্রদ্ধাসংযুক্তে যাগাদৌ সত্ত্বাদিনিমিত্তফলভেদবুভুৎসয়ার্জ্জুনঃ পৃচ্ছতি অর্জ্জুন উবাচ যইতি। শাস্ত্রবিধিমুৎসৃজ্য শ্রদ্ধয়ান্বিতা যে যজন্তে তেষাং নিষ্ঠা কা কিং সত্ত্বমাহোস্বিৎ রজঃ অথ তমঃ। নিষ্ঠাস্থিতিঃ স্থীয়তেস্মিন্নিতি স্থিতিঃ সত্ত্বাদিরেব নিষ্ঠেত্যুচ্যতে। তেষাং কিং সত্ত্বে স্থিতিঃ কিং বা রজসি কিং বা তমসীত্যর্থঃ॥১॥

হনুমান্।—জ্ঞাত্বা শাস্ত্রবিধানোক্তং কর্ম্মকর্ত্তুমিহার্হসি ইতি ভগবদ্বচনং শ্রুত্বা অর্জ্জুন উবাচ। শাস্ত্রবিধানমনাদৃত্য যে দেবতাঃ পূজয়ন্তি তেষাং নিষ্ঠাস্থিতিঃ সত্ত্বমং [illegible]ঙ্কঃ আহো তম ইত্যর্জ্জুনস্য প্রশ্নঃ॥ ১॥

শ্রীধর।—উক্তা[illegible]ধিকারহেতুনাং শ্রদ্ধা মুখ্যা চ সাত্ত্বিকী। ইতি সপ্তদশে [illegible] ভেদস্ত্রিধোচ্যতে॥ পূর্ব্বাধ্যায়ান্তে যঃ শাস্ত্রবিধিমুৎসৃজ্য বর্ত্ততে কামচারতঃ। ন স [illegible]বাপ্নোতীত্যনেন শাস্ত্রোক্তবিধিমুৎসৃজ্য কামচারেণ বর্ত্তমানস্য জ্ঞানেঽধিকারোনাস্তীত্যুক্তং, তত্র শাস্ত্রবিধিমুৎসৃজ্য কামচারং বিনা শ্রদ্ধয়া বর্ত্তমানানাং কিমধিকারোঽস্তি নাস্তি বেতি বুভুৎসয়া অর্জ্জুন উবাচ য ইতি। অত্র চ শাস্ত্রবিধিমুৎসৃজ্য যজন্ত ইত্যনেন শাস্ত্রার্থং বুদ্ধা তমুল্লঙ্ঘ্য বর্ত্তমানা ন গৃহ্যন্তে তেষাং শ্রদ্ধয়া যজনানুপপত্তেঃ, আস্তিক্যবুদ্ধির্হি শ্রদ্ধা ন চাসৌ শাস্ত্রবিরুদ্ধেঽর্থে শাস্ত্রজ্ঞান-

বতাং সম্ভবতি,তানেবাধিকৃত্য "ত্রিবিধা ভবতি শ্রদ্ধেতি," "যজন্তে সাত্ত্বিকা দেবানি"ত্যাদ্যুত্তরান্থপপত্তেশ্চ, অতোনাত্র শাস্ত্রোল্লঙ্ঘিনো গৃহ্যন্তে অপি তু ক্লেশবুদ্ধ্যা বা আলস্যাদ্বা শাস্ত্রার্থজ্ঞানে প্রযত্নমকৃত্বা কেবলমাচারপরম্পরাবশেন শ্রদ্ধয়া কচিদ্দেবতারাধনাদৌ প্রবর্ত্তমানা গৃহ্যন্তে, অতোঽয়মর্থঃ যে শাস্ত্রবিধিমুৎসৃজ্য দুঃখবুদ্ধ্যা আলস্যাদ্বা অনাদৃত্য কেবলমাচারপ্রামাণ্যেন শ্রদ্ধয়াম্বিতাঃ সন্তোযজন্তে, তেষান্তু কা নিষ্ঠা কা স্থিতিঃ ক আশ্রয়ঃ। তামেব বিশেষেণ পৃচ্ছতি, কিং সত্ত্বং আহো কিং রজঃ অথবা তম ইতি তেষাং তাদৃশী দেবপূজাদিপ্রবৃত্তিঃ কিং সত্ত্বসংশ্রিতা রজঃসংশ্রিতা তমঃসংশ্রিতা বেত্যর্থঃ, শ্রদ্ধায়াঃ সাত্ত্বিকত্বাৎ ক্লেশবুদ্ধ্যা আলস্যেন চ শাস্ত্রানাদরস্য রাজসতামসত্বাত্ত্রিধাসন্দেহঃ। যদি সত্ত্বসংশ্রিতা তর্হি তেষামপি সাত্ত্বিকত্বাদ্যথোক্তাত্মজ্ঞানেঽধিকারঃ স্যাদন্যথা নেতি তাৎপর্য্যার্থঃ ॥ ১ ॥

বলদেব।—সাত্ত্বিকং রাজসং বস্তু তামসঞ্চ বিবেকতঃ। কৃষ্ণঃ সপ্তদশেঽবাদীৎ পার্থপ্রশ্নানুসারতঃ॥ বেদমধীত্য তদ্বিধিনা তদর্থানমুতিষ্ঠন্তঃ শাস্ত্রীয়শ্রদ্ধাযুক্তা দেবাঃ বেদমবজ্ঞায় যথেচ্ছাচারিণো বেদবাহ্যাস্ত্বাসুরা ইতি পূর্ব্বস্মিন্নধ্যায়ে স্থয়োক্তম্। অথেয়ং মে জিজ্ঞাসা যে শাস্ত্রেতি। যে জনাঃ পাঠতোঽর্থতশ্চ দুর্গমং বেদং বিদিত্বালস্যাদিনা তদ্বিধিমুৎসৃজ্য লোকাচারজাতয়া শ্রদ্ধয়ান্বিতাঃ সন্তো দেবাদীন্ যজন্তে তেষাং শাস্ত্রবিধ্যপেক্ষাশ্রদ্ধাভ্যাং পূর্ব্বনির্ণীতদেবাসুরবিলক্ষণানাং কা নিষ্ঠা সত্ত্বং সংশ্রয়া তেষাং স্থিতিরথবা রজস্তমঃ সংশয়েতি কোটিদ্বয়াববোধায়াহোশব্দো মধ্যে নিবেশিতঃ ॥ ১ ॥

মধুসূদন।—দ্বিবিধাঃ কর্ম্মানুষ্ঠাতারোভবন্তি কেচিচ্ছাস্ত্রবিধিং জ্ঞাত্বাপ্যশ্রদ্ধয়া তমুৎসৃজ্য কামকারমাত্রেণ যৎকিঞ্চিদনুতিষ্ঠন্তি, তে সর্ব্বপুরুষার্থাযোগ্যত্বাদসুরাঃ, কেচিত্তু শাস্ত্রবিধিং জ্ঞাত্বা শ্রদ্দধানতয়া তদনুসারেণৈব নিষিদ্ধং বর্জ্জয়ন্তোবিহিতমনুতিষ্ঠন্তি তে সর্ব্বপুরুষার্থযোগ্যত্বাদ্দেবাইতি পূর্ব্বাধ্যায়ান্তে সিদ্ধং, যে তু শাস্ত্রীয়ং বিধিমালস্যাদিবশাদুপেক্ষ্য শ্রদ্দধানতয়ৈব বৃদ্ধব্যবহারমাত্রেণ নিষিদ্ধং বর্জ্জয়ন্তোবিহিতমনুতিষ্ঠন্তি তে শাস্ত্রীয়বিধ্যুপেক্ষালক্ষণেনাসুরসাধর্ম্ম্যেণ শ্রদ্ধাপূর্ব্বকানুষ্ঠানলক্ষণেন চ দেবসাধর্ম্ম্যেণান্বিতাঃ কিমসুরেম্বন্তর্ভবন্তু কিং বা দেবেম্বিত্যুভয়ধর্ম্মদর্শনাদেককোটিনিশ্চায়কাদর্শনাচ্চ সন্দিহানোঽর্জ্জুন উবাচ য ইতি। যে পূর্ব্বাধ্যায়েন নির্ণীতাঃ ন দেববচ্ছাস্ত্রানুসারিণঃ কিন্তু শাস্ত্রবিধিং শ্রুতিস্মৃতিচোদনামুৎসৃজ্য আলস্যাদিবশাদনাদৃত্য নাসুরবদশ্রদ্দধানাঃ, কিং তু বৃদ্ধব্যবহারানুসারেণ শ্রদ্ধয়ান্বিতা যজন্তে দেবপূজাদিকং কুর্ব্বন্তি, তেষাং তু শাস্ত্রবিধ্যুপেক্ষাশ্রদ্ধাভ্যাং পূর্ব্বনিশ্চিতদেবাসুরবিলক্ষণানাং নিষ্ঠা কা কীদৃশী তেষাং শাস্ত্রবিধ্যুপেক্ষা শ্রদ্ধাপূর্ব্বিকা চ সা যজনাদিক্রিয়াব্যবস্থিতিঃ হে কৃষ্ণ! ভক্তাপকর্ষণ! কিং সাত্ত্বিকী তথা সতি সাত্ত্বিকত্বাত্তে দেবাঃ আহো ইতি পক্ষান্তরে কিং রজস্তমঃ রাজসী তামসী চ তথা সতি রাজসতামসত্বাদসুরাস্তে সত্ত্বমিত্যেকা কোটিঃ রজস্তমঃ ইত্যপরা কোটিরিতি বিভাগজ্ঞাপনায়াহোশব্দঃ ॥ ১ ॥

নীলকণ্ঠ।—যস্মাচ্ছাস্ত্রং প্রমাণং ত ইতি প্রশ্নবীজমুপলভ্যার্জ্জুন উবাচ য ইতি। যে পুরুষাঃ শাস্ত্রবিধিং শাস্ত্রপদেনাত্র শ্রুতিস্মৃতিশিষ্টাচারকুলাচারা গৃহ্যন্তে সর্ব্বেষাং ধর্ম্মে প্রামাণ্যাৎ

তত্র যোবিধির্ব্বিধেয়ং তদুৎসৃজ্য সর্ব্বাত্মনা পরিত্যজ্য যজন্তে পূজয়ন্তি তাতকূপাদীন্ মৎপিত্রা কৃতোহয়ং কূপো গঙ্গাশতাদপ্যধিকোঽত্রৈবস্নানপানাবগাহনপরিচর্য্যাপ্রদক্ষিণপ্রক্রমরূপাদেতৎসেবনাদহমিষ্টং ফলমবশ্যং প্রাপ্স্যামীতি দৃঢ়তরয়া শ্রদ্ধয়ান্বিতাঃ সন্তঃ তেষাং নিষ্ঠা ইয়ং কা কীদৃশী কিং সত্বং সাত্ত্বিকী বা পিত্র্যে কূপে শ্রদ্ধাধিক্যদর্শনাৎ কিং রজঃ রাজসী বা তেষাং নিষ্ঠা শাস্ত্রাতিক্রমেণ কামকাররূপত্বাৎ আহো ইতি প্রশ্নে কিং তমঃ তামসী বা সা নিষ্ঠা রঙ্গে.রজতধীরিবাশাস্ত্রীয়া অন্নে মহত্ববুদ্ধে র্ব্বিপর্য্যাসরূপায়াঃ দর্শনাৎ, যদপিতু ভাষ্যে বৃদ্ধব্যবহারদর্শনাদেব শ্রদ্ধধানতয়া দেবাদীন্ যজন্ত ইত্যুক্তং তত্রাপি বিগীত এব বৃদ্ধব্যবহারোগ্রাহ্যঃ অবিগীতেঽস্মিন্ নামসত্বাদিশঙ্কায়া অযোগাৎ॥ ১ ॥

বিশ্বনাথ।—অথ সপ্তদশে বস্তু সাত্ত্বিকং রাজসং তথা। তামসঞ্চ বিবিচ্যোক্তং পার্থ প্রশ্নোত্তরং যথা॥ নম্ন আসুর সর্গমুক্ত্বা তদুপসংহারে "যঃ শাস্ত্র বিধিমুৎসৃজ্য বর্ত্ততে কামচারতঃ। ন স সিদ্ধিমবাপ্নোতি নসুখং ন পরাংগতিং।" ইতি ত্বয়োক্তং তত্রাহমিদং জিজ্ঞাসে ইত্যাহ যে ইতি। যে শাস্ত্র বিধিমুৎসৃজ্য কামচারতোবর্ত্তন্তে কিন্তু কামভোগরহিতা এব শ্রদ্ধয়ান্বিতাঃ সন্তো যজন্তে তপোযজ্ঞজ্ঞানযজ্ঞজপযজ্ঞাদিকং কুর্ব্বন্তি তেষাং কা নিষ্ঠা স্থিতিঃ কিমালম্বনমিত্যর্থঃ। তৎ কিং সত্বং অহোস্বিৎ রজঃ অথবা তম তৎ ব্রুহীত্যর্থঃ॥ ১ ॥

তাৎপর্য্য।—পূর্ব্ব অধ্যায়ে কথিত হইয়াছে যে, যাহারা শাস্ত্রবিধিকে উল্লঙ্ঘন পূর্ব্বক স্বেচ্ছাচারের বশবর্ত্তী হইয়া কার্য্যানুষ্ঠান করে, তাহারা কোন কালেই সিদ্ধি লাভের অধিকারী হয় না। এস্থলে অর্জ্জুনের মনে এইরূপ সন্দেহ উপস্থিত হইল যে, যাহারা আলস্যাদি বশে শাস্ত্রার্থ জ্ঞানে প্রবৃত্ত হয় না, কিন্তু স্বকীয় অজ্ঞতা প্রযুক্ত শাস্ত্রার্থাববোধে অসমর্থ হইয়া শাস্ত্রবিহিত বিধি পরিত্যাগ পূর্ব্বক পরম্পরাগত বৃদ্ধগণের অনুষ্ঠিত কার্য্যকেই শাস্ত্রনির্দ্দিষ্ট কার্য্য বোধে শ্রদ্ধা সহকারে তাহাদের অনুষ্ঠান করে, তাহারাও কি এই আসুর শ্রেণীর অন্তর্ভূক্ত? সেই সকল শ্রদ্ধাসম্পন্ন ব্যক্তিও কি সিদ্ধি লাভে অনধিকারী? এতাদৃশ সন্দে[illegible] বশবর্ত্তী হইয়া অর্জ্জুন সর্ব্বসন্দেহ ভঞ্জনকারী সর্ব্বতত্ত্বজ্ঞ পরম করুণাময় শ্রীকৃষ্ণ[illegible] আপনার হৃদয়জাত সংশয় বিজ্ঞাপিত করিতেছেন এবং তাহা[illegible] [illegible]দনায় তাঁহার মনোযোগ আকর্ষণ করিতেছেন। এস্থলে অর্জ্জুনের প্রশ্ন স্বাভাবিকই হইয়াছে। কারণ শ্রীভগবান্ পূর্ব্বাধ্যায়ের শেষ শ্লোকে ব্যক্ত করিয়াছেন যে, "তস্মাচ্ছাস্ত্রং প্রমাণন্তে" অর্থাৎ শাস্ত্র বিহিত মার্গের অনুসরণই তোমার কর্ত্তব্য। এস্থলে কিরূপ ভাবে শাস্ত্রবিহিত কার্য্যের অনুষ্ঠান কর্ত্তব্য, ইহাই তাঁহার প্রশ্নের বীজ। এই প্রশ্ন বীজ অবলম্বন

করিয়াই তিনি বর্ত্তমান শ্লোকের অবতারণা করিয়াছেন। শ্রীভগবান্ সমগ্র অধ্যায়ে এই প্রশ্নের সদুত্তর প্রদান করিয়া অর্জ্জুনের সংশয়ান্বিত হৃদয়কে আশ্বস্ত করিবেন।

অর্জ্জুন বলিতেছেন, হে কৃষ্ণ! হে ভক্তদুঃখ নিবারক! আপনি এই ভীষণ সমরক্ষেত্র মধ্যস্থলে আমার গুরুরূপে, আমার সংশয়চ্ছেদকরূপে দণ্ডায়মান হইয়া যে সমস্ত উপদেশামৃত বর্ষণ করিতেছেন, তদ্দ্বারা আমার হৃদয়ের সর্ব্ব সংশয় বিদূরিত হইয়াছে এবং অশান্ত চিত্ত শান্তভাব প্রাপ্ত হইয়াছে। আপনার এই উপদেশ সমূহ অসাধারণ এবং অলৌকিক। আমার সংশয়-জালবদ্ধ হৃদয়ে যখন যে আশঙ্কার উদয় হইয়াছে, তখনই পরম গুরু আপনি উপদেশরূপ সুশানিত অস্ত্রের দ্বারা সে আশঙ্কার অপনোদন করিয়াছেন। অতএব আমার চিত্তদৌর্ব্বল্য প্রযুক্ত আপনার পূর্ব্ব কথিত সংশয়হীন বাক্যে আমার যে সন্দেহ উপস্থিত হইয়াছে, তাহাই আপনার চরণে বিজ্ঞাপিত করিয়া হৃদয়ের ভার লাঘব করিতেছি। আপনি অনুগত শিষ্য জ্ঞানে আমার সেই আশঙ্কার মোহান্ধকার বিদূরিত করিয়া আমাকে চরিতার্থ করুন। হে মধুসূদন! সংসারে এরূপ অনেক ব্যক্তি আছে, যাহারা আলস্য বা প্রমাদাদির বশবর্ত্তী হইয়া শাস্ত্রজ্ঞান লাভে প্রযত্ন করে না। কোন্ কার্য্য শাস্ত্রানুমোদিত এবং কোন্ কার্য্য শাস্ত্রবিগর্হিত, তাহা তাহারা বুঝিতে পারে না। অথচ তাহারা শ্রদ্ধা সহকারে তোমার উপাসনা করিয়া থাকে। তাহারা স্বয়ং কিছু না জানিলেও পূর্ব্ব পুরুষগণের আচরিত, বৃদ্ধগণ কর্ত্তৃক অনুষ্ঠিত কার্য্য কলাপকেই শাস্ত্রনির্দ্দিষ্ট জ্ঞানে অনুষ্ঠান করে এবং তাহা শাস্ত্র বিগর্হিত হইলেও অবিচলিত চিত্তে শ্রদ্ধা সহকারে ঐ মার্গেরই অনুসরণে প্রবৃত্ত হয়। এই সকল ব্যক্তি আপনাদের অনুষ্ঠিত কার্য্যকেই অভ্রান্ত ও শাস্ত্রানুমোদিত বলিয়া জ্ঞান করে, এবং কোন দিনই তাহার অনুষ্ঠানে বিরত হয় না। অতএব দৃষ্ট হইতেছে যে, এই সকল ব্যক্তি শাস্ত্রবিধিবর্জ্জিত কার্য্যের অনুষ্ঠান করিয়া থাকে; কিন্তু তাহারা শ্রদ্ধাশীল। অতএব এই সকল ব্যক্তি যে হৃদয়জাত নিষ্ঠা সহকারে কার্য্যানুষ্ঠান করে, তাহা সাত্ত্বিকী নিষ্ঠা অথবা তাহা রাজসী নিষ্ঠা কিম্বা তামসী নিষ্ঠা?

পূজ্যপাদ শ্রীমচ্ছঙ্করাচার্য্য ও শ্রীমৎ শ্রীধর স্বামীর অভিপ্রায়। বর্ত্তমান

শ্লোকে "যে শাস্ত্রবিধিমুৎসৃজ্য যজন্তে" এই উক্তির দ্বারা যাহারা শাস্ত্রার্থ জ্ঞান সহকারে শাস্ত্রবিধিকে উল্লঙ্ঘন করে, তাহারা এস্থলে লক্ষিত নহে। কারণ তাহাদের শ্রদ্ধাসহকারে উপাসনা অসম্ভব। আস্তিক্য বুদ্ধিই শ্রদ্ধা, ইহা শাস্ত্রজ্ঞানবিশিষ্ট ব্যক্তিগণের কখনই তদ্বিরুদ্ধে সম্ভব হইতে পারে না। পরে ইহাদিগকেই লক্ষ্য করিয়া "ত্রিবিধা ভবতি শ্রদ্ধা" "যজন্তে সাত্ত্বিকা দেবান্" ইত্যাদি শ্লোকনিচয় প্রদর্শিত হইয়াছে। অতএব এ স্থলে এতাদৃশ শাস্ত্র বিধ্যুল্লঙ্ঘনকারিগণ লক্ষিত নহে। যাহারা দেবাদি পূজাবিষয়ক শাস্ত্র দর্শন করিয়া অশ্রদ্ধা সহকারে তাহাকে পরিত্যাগ করিয়াছে, তাহারাই পুনর্ব্বার শ্রদ্ধাসহকারে তন্নির্দ্দিষ্ট দেব পূজাদিতে প্রবৃত্ত হইবে, ইহা একবারেই অসম্ভব। পরন্তু যাহারা ক্লেশবোধে বা আলস্য প্রযুক্ত শাস্ত্রার্থজ্ঞানে কোনও প্রযত্ন না করিয়া কেবল প্রচলিত আচারের বশবর্ত্তী হইয়া বৃদ্ধাদির ব্যবহার দর্শনে শ্রদ্ধা সহকারে দেব পূজাদিতে প্রবৃত্ত হয়, তাহারাই এস্থলে লক্ষিত। এতাদৃশ ব্যক্তিগণের সম্বন্ধেই সন্দিহান অর্জ্জুন শ্রীভগবান্‌কে জিজ্ঞাসা করিতেছেন যে, ইহাদের যে নিষ্ঠা অর্থাৎ স্থিতি, তাহা কি সত্ত্বাশ্রিত, অথবা রাজসী কিম্বা তামসী; ইহার তাৎপর্য্যার্থ এই যে, যদি ইহা দেব পূজাদিতে শ্রদ্ধাসহকারে প্রবৃত্তিহেতু সত্ত্বাশ্রিতা হয়, তাহা হইলে এই সকল ব্যক্তিও আত্মজ্ঞানে অধিকারী এবং যদি শাস্ত্রে অনাদর প্রযুক্ত রাজস বা তামস হয়, তাহা হইলে কখনই তাহার আত্মজ্ঞান জন্মিতে পারে না। এ স্থলে অর্জ্জুনের মনে ত্রিবিধ সন্দেহের উদ্ভব হইয়াছে।

পূজ্যপাদ শ্রীমদ্বলদেব অভিপ্রায় প্রকাশ করিয়া[illegible] যে, যাহারা পাঠের দ্বারা এবং অর্থের দ্বারা দুর্গম বেদকে অবগত হই[illegible] [illegible]লস্যাদি বশতঃ বেদোক্ত বিধি পরিত্যাগ পূর্ব্বক কেবল লোকাচার দর্শনে [illegible] হইয়া দেবাদি যজনা করে, শাস্ত্রবিধিতে উপেক্ষা এবং দেবপূজা[illegible] শ্রদ্ধা, এই দুই ভাবের প্রাবল্যে পূর্ব্ব নির্ণীত দৈব এবং আসুর সম্পদ হইতে বিলক্ষণ তাহাদের নিষ্ঠা সত্ত্বাশ্রিতা অথবা রজস্তমোগুণাবলম্বিনী? এই কোটিদ্বয় বোধনের নিমিত্তই মধ্যে "আহো" শব্দ নিবেশিত হইয়াছে।

পূজ্যপাদ শ্রীমন্মধুসূদন সরস্বতীর অভিপ্রায়। কর্ম্মানুষ্ঠানকারী দ্বিবিধ। তাহাদের মধ্যে এক পক্ষ শাস্ত্রবিধি অবগত হইয়া তাহা পরিত্যাগ পূর্ব্বক

ইচ্ছানুসারে যে কোন কার্য্যের অনুষ্ঠান করে। তাহারা সর্ব্ব পুরুষার্থভ্রষ্ট আসুর নামে পরিচিত। আর এক পক্ষ শাস্ত্রার্থ অবগত হইয়া শ্রদ্ধাসহকারে শাস্ত্রবিধি অনুসারে নিষিদ্ধ কর্ম্মসমূহকে পরিত্যাগ এবং বিহিত কর্ম্মের অনুষ্ঠান করে। ইহারা সর্ব্ব পুরুষার্থসম্পন্ন হেতু দৈবী সম্পদ বিশিষ্ট। এই তত্ত্ব পূর্ব্বাধ্যায়ে বিশদরূপে বর্ণিত হইয়াছে। এক্ষণে যাহারা আলস্যাদির বশবর্ত্তী হইয়া শাস্ত্রীয় বিধিকে উপেক্ষা করিয়া থাকে, এবং কেবল মাত্র বৃদ্ধগণ যে কার্য্যকে নিষিদ্ধ বোধে পরিত্যাগ করেন, তাহারা সেই কার্য্যের অনুষ্ঠানে বিরত হয়, আর বৃদ্ধগণ যে কার্য্য সমূহকে কর্ত্তব্য বোধে অনুষ্ঠান করেন, তাহারা অন্ধবিশ্বাসের বশতাপন্ন হইয়া শ্রদ্ধাসহকারে তাহারই আচরণ করিয়া থাকে। এতাদৃশ ব্যক্তিগণ শাস্ত্র বিধ্যুল্লঙ্ঘনকারী আসুর গণের সাধর্ম্ম এবং শ্রদ্ধাপূর্ব্বক শাস্ত্রবিধি পরিপালনকারী দেবগণের সাধর্ম্ম, এই উভয় ধর্ম্মাক্রান্ত। এক্ষণে শেষোক্ত ব্যক্তিগণের উভয় ধর্ম্ম দর্শনে তাহারা বিশেষরূপে কোন্ ভাবাক্রান্ত অর্থাৎ এই সকল ব্যক্তি কি আসুরগণের অন্তর্ভূত অথবা দেবগণের অন্তর্ভূত, ইহা নিশ্চয়ে অসমর্থ হইয়া সন্দিগ্ধ হৃদয় অর্জ্জুন ভগবানকে প্রশ্ন করিতেছেন। যাহারা পূর্ব্বাধ্যায় নির্ণীত দেবগণের ন্যায় শাস্ত্রমার্গানুসারী, কিন্তু শাস্ত্রবিধিকে অর্থাৎ শ্রুতি স্মৃতিবিহিত উপদেশ সমূহকে আলস্যবশে পরিহার করিয়া থাকে, অথচ যাহারা আসুরগণের ন্যায় শ্রদ্ধাবিহীন নহে, পরন্তু বৃদ্ধগণের ব্যবহারানুসারে শ্রদ্ধাপূর্ব্বক দেবপূজাদির অনুষ্ঠান করিয়া থাকে, শাস্ত্রবিধির উপেক্ষা এবং পূজাদিতে শ্রদ্ধা এই উভয় ভাবাপন্ন হেতু পূর্ব্বাধ্যায় নির্ণীত দেবাসুর হইতে বিভিন্ন ভাবাক্রান্ত এই সকল ব্যক্তির নিষ্ঠা কিরূপ? তাহাদের শাস্ত্রবিধিকে উপেক্ষা পূর্ব্বক শ্রদ্ধাসহকারে সেই যজনাদি ক্রিয়ার অনুষ্ঠান কি সাত্ত্বিক ভাবযুক্ত, অথবা তাহা রাজস বা তামসভাবাপন্ন? যদি তাহা সাত্ত্বিক হয়, তবে তাহারা দেব এবং যদি তাহা রাজস বা তামস হয়, তবে তাহারা অসুর। এস্থলে সত্ত্ব এক কোটি, এবং রজস্তম অপর কোটি। এই উভয় কোটির বিজ্ঞাপনের নিমিত্তই "আহো" শব্দ প্রযুক্ত হইয়াছে।

বর্ত্তমান অধ্যায়ের আরম্ভ সম্বন্ধে পূজ্যপাদ শ্রীমদ্রাঘবেন্দ্র যতি নিম্নলিখিত অভিপ্রায় প্রকাশ করিয়াছেন। পূর্ব্বে চতুর্দ্দশাধ্যায়ে "নান্যংগুণেভ্যঃ কর্ত্তারং" (১৪শ অধ্যায় ১৯ শ্লোক) ইত্যাদি শ্লোকে সমস্ত পরিণামই যে

গুণকৃত ইহা সামান্যত প্রদর্শন করিয়াছেন। এক্ষণে বর্ত্তমানাধ্যায়ে সেই গুণকৃত সৎ অসৎরূপ শ্রদ্ধাসমূহের, আহারের এবং তপঃ প্রভৃতি কার্য্যের বিষয় ভিন্ন ভিন্নরূপে বিশদভাবে কীর্ত্তিত হইতেছে।

পূজ্যপাদ শ্রীমৎ শ্রীধরস্বামীর প্রারম্ভ বাক্য। অধিকারানুসারে মুখ্য সাত্ত্বিকী শ্রদ্ধা উক্ত হইয়াছে; এক্ষণে সপ্তদশাধ্যায়ে গৌণশ্রদ্ধার ত্রিবিধ ভেদ কথিত হইতেছে।

পূজ্যপাদ শ্রীমদ্বলদেব বিদ্যাভূষণের প্রারম্ভ বাক্য। সপ্তদশাধ্যায়ে শ্রীকৃষ্ণ পার্থের প্রশ্নানুসারে সাত্ত্বিক, রাজসিক এবং তামসিক শ্রদ্ধা বিবেক সহকারে ব্যক্ত করিতেছেন।

পূজ্যপাদ শ্রীমদ্বিশ্বনাথের প্রারম্ভ বাক্য। শ্রীভগবান্ সপ্তদশাধ্যায়ে পার্থকৃত প্রশ্নের উত্তর স্বরূপে বিচার পূর্ব্বক সাত্ত্বিক রাজসিক এবং তামসিক বস্তুর নির্দ্দেশ করিয়াছেন।

—•:(*):•—

শ্রীভগবানুবাচ।

ত্রিবিধা ভবতি শ্রদ্ধা দেহিনাং সা স্বভাবজা।
সাত্ত্বিকী রাজসী চৈব তামসী চেতি তাং শৃণু॥ ২॥

অন্বয়।—শ্রীভগবান্ উবাচ (কথয়ামাস) দেহি[illegible] (প্রাণিনাং) সাত্ত্বিকী রাজসী তামসী চ ইতি ত্রিবিধা (ত্রিঃ প্রকারা [illegible]এব শ্রদ্ধা ভবতি, সা (শ্রদ্ধা) স্বভাবজা (জন্মান্তরসংস্কারজাতা)।

প্রতিশব্দ।—শ্রীভগবান্ বলিলেন, দেহিগণের সাত্ত্বিকী, রাজসী ও তামসী এই তিন প্রকারই শ্রদ্ধা হয়, তাহা জন্মান্তর-সংস্কার-জাত, তাহাকে শ্রবণ-কর॥ ২॥

ব্যাখ্যা।—শ্রীভগবান্ বলিলেন, দেহিগণের সাত্ত্বিকী রাজসী এবং তামসী এই তিন প্রকার শ্রদ্ধা হইয়া থাকে; এই শ্রদ্ধা পূর্ব্ব

জন্মের সংস্কার হইতেই উদ্ভূত হয়; এক্ষণে ইহারই বিষয় বলিতেছি শ্রবণ কর ॥ ২ ॥

শঙ্করাচার্য্য।—এতদুক্তং ভবতি যা তেষাং দেবাদিবিষয়া পূজা সা কিং সাত্ত্বিক্যাহো-স্বিদ্রাজস্যুত তামসীতি সামান্যবিষয়োহয়ং প্রশ্নোনাপ্রবিভজ্য প্রতিবচনমর্হতীতি ত্রিবিধেতি শ্রীভগবানুবাচ। ত্রিবিধা ত্রিঃপ্রকারা ভবতি শ্রদ্ধা যস্যাং নিষ্ঠায়াং ত্বং পৃচ্ছসি দেহিনাং সা স্বভা-বজা জন্মান্তরকৃতোধর্ম্মাদিসংস্কারোমরণকালেঽভিব্যক্তঃ স্বভাব উচ্যতে, ততোজাতা স্বভাবজা সাত্ত্বিকী সত্ত্বনির্ব্বৃত্তা দেবপূজাদিবিষয়া, রাজসী রজোনির্ব্বৃত্তা যক্ষরক্ষঃপূজাদিবিষয়া, তামসী তমোনির্ব্বৃত্তা প্রেতপিশাচাদিপূজাবিষয়ৈবং ত্রিবিধাস্তামুচ্যমানাং শ্রদ্ধাং শৃণু সৈবং ত্রিবিধা ভবতি ॥ ২ ॥*

আনন্দগিরি।—কার্য্যাণাং কারণৈর্ব্যপদেশমাশ্রিত্য তাৎপর্য্যমাহ এতদিতি। বিশেষনিষ্ঠমুত্তরং সামান্যেন বক্তুং ন শক্যমিত্যাশয়েন পরিহরতি সামান্যেতি। কিমিতি শ্রদ্ধাত্রৈবিধ্যং প্রশ্নানুপযুক্তমুচ্যতে তত্রাহ যস্যামিতি। শ্রদ্ধাপূর্ব্বিকায়াং ক্রিয়ায়ামিতি যাবৎ। শ্রদ্ধাত্রৈবিধ্যে হেতুমাহ সা স্বভাবজেতি। স্বভাবশব্দার্থং প্রকৃতোপযোগিতয়া কথয়তি জন্মান্ত-রেতি। কথং ত্রিবিধেত্যপেক্ষায়ামাহ সাত্ত্বিকীত্যাদিনা। কথমুক্তা শ্রদ্ধা স্বভাবজেতি তত্রাহ তামিতি ॥ ২ ॥

রামানুজ।—এবং পৃষ্টঃ শ্রীভগবানুবাচ। অশাস্ত্রবিহিতশ্রদ্ধায়াস্তৎপূর্ব্বকস্য চ যাগাদের্নিষ্ফলত্বং হৃদি নিধায় শাস্ত্রীয়স্য চ যাগাদের্গুণতস্ত্রৈবিধ্যং প্রতিপাদয়িতুং শাস্ত্রীয়শ্রদ্ধা-ত্রৈবিধ্যং তাবদাহ ত্রিবিধেতি। সর্ব্বেষাং দেহিনাং শ্রদ্ধা ত্রিবিধা ভবতি সা চ স্বভাবজা। স্বভাবঃ স্বাসাধারণো ভাবঃ প্রাচীনবাসনানিমিত্তস্তত্তদ্রুচিবিশেষঃ যত্র রুচিস্তত্রশ্রদ্ধা জায়তে। শ্রদ্ধা হি স্বাভিমতং সাধয়ত্যেতদিতি বিশ্বাসস্তৎপূর্ব্বিকাসাধনে ত্বরা বাসনা রুচিশ্চ শ্রদ্ধা চাত্মধর্ম্মা গুণসং-সর্গজাস্তেষামাত্মধর্ম্মাণাং বাসনাদীনাং জনকা দেহেন্দ্রিয়ান্তঃকরণবিষয়গতা ধর্ম্মাঃ কার্য্যৈকনিরূপ-ণীয়াঃ সত্ত্বাদয়ো গুণাঃ সত্ত্বাদিযুক্তদেহাত্মানুভবেত্যর্থঃ। ততশ্চেয়ং শ্রদ্ধা সাত্ত্বিকী রাজসী তামসী চেতি ত্রিবিধা তামিমাং শ্রদ্ধাং শৃণু সা শ্রদ্ধা যৎস্বভাবা তৎস্বভাবং শৃণু ইত্যর্থঃ ॥ ২ ॥

হনুমান।—তস্য প্রতিবচনং শ্রীভগবানুবাচ। আস্তীক্যবুদ্ধিঃ স্বভাবজা জন্মান্তরা-নুষ্ঠিত পুণ্যপাপসংস্কারে মরণকালেঽভিব্যক্তঃ স্বভাব উচ্যতে ॥ ২ ॥

শ্রীধর।—অত্রোত্তরং শ্রীভগবানুবাচ ত্রিবিধেতি। অয়মর্থঃ শাস্ত্রতত্ত্বজ্ঞানতঃ প্রবর্ত্ত-মানানাং পরমেশ্বরপূজাবিষয়া সাত্ত্বিকী একবিধৈব ভবতি শ্রদ্ধা লোকাচারমাত্রেণ তু প্রবর্ত্ত-মানানাং দেহিনাং যা শ্রদ্ধা সা তু সাত্ত্বিকী রাজসী তামসী চেতি ত্রিবিধা ভবতি। তত্র হেতুঃ স্বভাবজা স্বভাবঃ পূর্ব্বসংস্কারস্তস্মাজ্জাতা স্বভাবমন্যথা কর্ত্তুং সমর্থং হি শাস্ত্রোত্থং বিবেকজ্ঞানং তেষাং নাস্তি, অতঃ কেবলং পূর্ব্বস্বভাবেন ভবন্তী শ্রদ্ধাত্রিবিধা ভবতি। তামিমাং ত্রিবিধাং শ্রদ্ধাং শৃণিতি, তদুক্তং "ব্যবসায়াত্মিকা বুদ্ধিরেকেহ কুরুনন্দনে"ত্যাদিনা ॥ ২ ॥

বলদেব।—এবং পৃষ্টো ভগবানুবাচ ত্রিবিধেতি। আলস্যাৎ ক্লেশাচ্চ শাস্ত্রবিধিমুৎসৃজ্য যে শ্রদ্ধয়া দেবাদীন্ যজন্তে দেহিনঃ সা তেষাং স্বভাবজা বোধ্যা। প্রাক্তনঃ শুভাশুভসংস্কারঃ স্বভাবস্তস্মাজ্জাতেত্যর্থঃ। অনাদিত্রিগুণপ্রকৃতিসংসৃষ্টানাং দেহিনামনাদিতোঽনুবৃত্তস্য সংসারস্য সাত্ত্বিকত্বাদিনা ত্রৈবিধ্যাত্তজ্জাতশ্রদ্ধাপি ত্রিবিধেত্যাহ। সাত্ত্বিকীত্যাদি স্বভাবমন্যথয়িতুং সমর্থা খলু সদুপদিষ্টশাস্ত্রজন্যা বিবেকসম্বিৎ সা তেষাং নাস্ত্যতঃ স্বভাবজা শ্রদ্ধা ত্রিবিধা ভবতি। তাদৃক্শাস্ত্রজন্যা শ্রদ্ধা ত্বৈন্যেব যথা তদুক্তিবিধিনৈব তদর্থানুষ্ঠানম্॥ ২॥

মধুসূদন।—যে শাস্ত্রবিধিমুৎসৃজ্য শ্রদ্ধয়া যজন্তে তে শ্রদ্ধাভেদাত্ত্রিধা্যন্তে, তত্র যে সাত্ত্বিক্যা শ্রদ্ধয়ান্বিতাস্তে দেবাঃ শাস্ত্রোক্তসাধনেঽধিক্রিয়ন্তে তৎফলেন চ যুজ্যন্তে, যে তু রাজস্যা চ শ্রদ্ধয়ান্বিতাস্তেঽসুরা ন শাস্ত্রীয়সাধনেঽধিক্রিয়ন্তে ন বা তৎফলেন যুজ্যন্ত ইত্যর্জ্জুনবিবেকেনাস্য সন্দেহমপনিনীষুঃ শ্রদ্ধাভেদং যয়া শ্রদ্ধয়ান্বিতাঃ শাস্ত্রবিধিমুৎসৃজ্য যজন্তে সা দেহিনাং স্বভাবজা জন্মান্তরকৃতোধর্ম্মাধর্ম্মাদিশুভাশুভসংস্কার ইদানীন্তনজন্মারম্ভকঃ স্বভাবঃ স ত্রিবিধঃ সাত্ত্বিকো রাজসস্তামসশ্চেতি তেন জনিতা শ্রদ্ধা ত্রিবিধা ভবতি সাত্ত্বিকী রাজসী তামসী চ কারণানুরূপত্বাৎ কার্য্যস্য। যা ত্বারব্ধে জন্মনি শাস্ত্রসংস্কারমাত্রজা বিদুষাং সা কারণৈকরূপত্বাদেকরূপা সাত্ত্বিক্যেব ন রাজসী তামসী চেতি প্রথমচকারার্থঃ। শাস্ত্রনিরপেক্ষা তু প্রাণিমাত্রসাধারণী স্বভাবজা সৈব স্বভাবত্রৈবিধ্যাত্ত্রিবিধেত্যেবকারার্থঃ, উক্তবিধাত্রয়সমুচ্চয়ার্থশ্চরমশ্চকারঃ যতঃ প্রাগ্ভবীয়বাসনাখ্যস্বভাবস্যাভিভাবকং শাস্ত্রীয়ং বিবেকবিজ্ঞানমনাদৃতশাস্ত্রাণাং দেহিনাং অতস্তেষাং স্বভাববশাত্ত্রিধা ভবন্তীং তা শ্রদ্ধাং শৃণু শ্রুত্বা চ দেবাসুরভাবং স্বয়মেবাবধারয়েত্যর্থঃ॥২॥

নীলকণ্ঠ।—এবং সামান্যতঃ পৃষ্টে সামান্যমেবোত্তরং শ্রীভগবানুবাচ, ত্রিবিধেতি। স্বভাবঃ প্রাক্ ভাবী, যৌ ধর্ম্মাধর্ম্মৌ ততোজাতা স্বভাবজা যদি প্রাগ্ভবে সাত্ত্বিকোদেবতাপূজাদিধর্ম্মোঽনেনানুষ্ঠিতস্তর্হি তস্য শুদ্ধসাত্ত্বিক্যেব শ্রদ্ধা ভবতি, যদি রাজসো যক্ষাদিপূজারূপস্তর্হি রাজস্যেব, যদি তামসোভূতপ্রেতাদি পূজারূপস্তর্হি তামসী শ্রদ্ধা ভবতি, এবং ত্রিবিধা শ্রদ্ধা দেহিনাং দেহাভিমানবতাং ভবতি, তাং ময়া ব্যাখ্যাস্যমানাং শৃণু॥ ২॥

বিশ্বনাথ।—ভো অর্জ্জুন প্রথমং শাস্ত্রবিধিমুৎসৃজ্য যজ[illegible] নিষ্ঠাং শৃণু পশ্চাৎ শাস্ত্রবিধিত্যাগিনাং নিষ্ঠা তে বক্ষ্যামীত্যাহ ত্রিবিধেতি। স্বভাবঃ প্রাচীন[illegible]সংস্কারবিশেষঃ তস্মাৎ জাতা শ্রদ্ধা সাচ ত্রিবিধা॥ ২॥

তাৎপর্য্য।—পূর্ব্বশ্লোকে অর্জ্জুন প্রশ্ন করিয়াছেন যে, যাহারা সাত্ত্বিকী শ্রদ্ধাসহকারে কার্য্যানুষ্ঠান করে, তাহারা শাস্ত্রোক্ত সাধনে অধিকারী এবং তাহারাই শাস্ত্রবিহিত ফললাভে সমর্থ। কিন্তু যে সকল ব্যক্তি রাজসী বা তামসী শ্রদ্ধাযুক্ত, তাহারাও কি শাস্ত্রোক্ত কার্য্যসাধনে অধিকারী, এবং তত্তৎ কার্য্যসম্ভূত ফললাভে সমর্থ? অর্জ্জুনের এবম্বিধ সন্দিগ্ধ প্রশ্নের উত্তর প্রদানের জন্যই শ্রীভগবান্ অতঃপর শ্লোক সমূহের অবতারণা

করিয়াছেন। শ্রীভগবান্ বলিতেছেন, দেহিগণের সাত্ত্বিকী, রাজসী এবং তামসী এই তিন প্রকার শ্রদ্ধা হইয়া থাকে। শাস্ত্রজ্ঞান এবং তত্ত্বজ্ঞান দ্বারা যে শ্রদ্ধার উদ্ভব হইয়া থাকে, তাহা নিয়ত পরমেশ্বরনিষ্ঠ এবং তাহা এক প্রকারই। এই শ্রদ্ধার আর কোন ভেদ বা রূপান্তর নাই। কিন্তু শাস্ত্রজ্ঞানে অধিকার না থাকায় যে সকল ব্যক্তি কেবল লোকাচার দর্শনে কার্য্যে প্রবৃত্ত হয়, তাহাদেরই শ্রদ্ধা ভিন্ন ভিন্ন রূপ হইয়া থাকে। এই শ্রদ্ধা কাহারও সাত্ত্বিক কাহারও রাজসিক এবং কাহারও তামসিক হয়। কারণ এতাদৃশ শ্রদ্ধা স্বভাবজা। পূর্ব্বজন্মকৃত কর্ম্মসমূহের যে সংস্কার ইহ জন্মে প্রাপ্ত হওয়া যায়, তাহারই নাম স্বভাব। আমরা অদ্য যে সমস্ত কার্য্যের অনুষ্ঠান করিলাম, রজনীতে নিদ্রাকালে সে সমস্তই বিস্মৃত হইয়া থাকি; কিন্তু পরদিবস প্রভাতে নিদ্রোত্থিত হইয়া আবার সেই সমস্ত কার্য্যের স্মৃতি আমাদের মনে জাগরিত হইয়া থাকে। এমন কি, শৈশবে জ্ঞানোন্মেষ হওয়া অবধি আমরা যে সমস্ত কর্ম্ম করিয়াছি, যে যে ঘটনা প্রত্যক্ষ করিয়াছি, বহুদিবস পরে বৃদ্ধকালেও সেই সমস্ত স্মৃতি হইতে কদাপি আমরা পরিভ্রষ্ট হই না। এইরূপে আমরা ইহজন্মে যে যে কার্য্যের অনুষ্ঠান করি, শুভ হউক বা অশুভ হউক, যে বিষয়কে অবলম্বন করিয়া আমরা জীবনপাত করি, মৃত্যুরূপ মহানিদ্রাভোগের পর পুনর্জ্জন্ম প্রাপ্ত হইলেও সেই সমস্ত আচরিত কর্ম্মের সংস্কার আমাদিগকে পরিত্যাগ করে না। পরজন্মে এই সংস্কারই আমাদিগকে পরিচালিত করিয়া থাকে, এবং ইহারই বশবর্ত্তী হইয়া আমরা শুভাশুভ বিবিধ কার্য্যানুষ্ঠানে ব্যাপৃত হইয়া থাকি। এই সংস্কারই অদৃষ্ট বা স্বভাব নামে অভিহিত। এই স্বভাবের দ্বারাই মানবের হৃদয়ে সত্ত্বাদি গুণের প্রাবল্য পরিলক্ষিত হয়। যদি জন্মান্তরে সত্ত্বগুণবর্দ্ধক কার্য্যাদি অনুষ্ঠিত থাকে, তাহা হইলে ইহজন্মে সংস্কার বশে স্বভাবতই সাত্ত্বিকী শ্রদ্ধার প্রাদুর্ভাব পরিদৃষ্ট হইবে। এইরূপে পূর্ব্বজন্মে রজঃ বা তমঃ গুণবর্দ্ধক যেরূপ কার্য্য আচরিত হইয়া থাকে, বর্ত্তমান জন্মে তদনুরূপই রাজসী বা তামসী শ্রদ্ধার উদ্ভব হয়। ফলতঃ পূর্ব্বজন্মানুষ্ঠিত কার্য্যের যেরূপ সংস্কার থাকিবে, মানব তদনুযায়ী শ্রদ্ধাই লাভ করিতে পারিবে। এই জন্যই এই শ্রদ্ধা সাত্ত্বিকাদি ভেদে ত্রিবিধ হইয়া থাকে। এই সংস্কার কোনরূপেই অন্যথা হইবার নহে। কেবল

শাস্ত্রজনিত বিবেকজ্ঞানের সাহায্যেই এই স্বভাবকে অন্যথা করিতে সমর্থ হওয়া যায়। বিবেকজ্ঞানের প্রাবল্য হইলেই মানব শাস্ত্রনির্দ্দিষ্ট শুভ কার্য্যের অনুষ্ঠানে প্রবৃত্ত হয়, এবং তদনুষ্ঠান দ্বারাএই স্বভাব পরিবর্ত্তিত হইয়া থাকে। ইহার দ্বারা রাজসী ও তামসীশ্রদ্ধা ক্রমশঃ হৃদয় হইতে অপগত হয় এবং তথায় কেবল নিরন্তর সাত্ত্বিকী শ্রদ্ধারই আবির্ভাব হইয়া থাকে। এই শ্রদ্ধার আর ভেদ বা পরিবর্ত্তন নাই; কিন্তু সংস্কার বশতঃ আপনা হইতে যে শ্রদ্ধার উদ্ভব হয়, তাহা চিরদিনই সাত্ত্বিকাদি ভেদবিশিষ্ট এবং নিয়ত পরিবর্ত্তনশীলহইয়া থাকে। এক্ষণে এই ত্রিবিধ শ্রদ্ধার বিষয় বিশেষরূপে পরিকীর্ত্তন করিতেছি, তুমি তাহা মনোযোগ সহকারে শ্রবণ কর।

পূজ্যপাদ শ্রীমদ্রামানুজাচার্য্য অভিপ্রায় প্রকাশ করিয়াছেন যে, অর্জ্জুন কর্ত্তৃক জিজ্ঞাসিত হইয়া শ্রীভগবান্ অশাস্ত্র বিহিত শ্রদ্ধার এবং সেই শ্রদ্ধা-সহকৃত যাগাদির নিষ্ফলতাকে বিচার পূর্ব্বক শাস্ত্রীয় যাগাদির গুণানুসারে শ্রদ্ধার ত্রৈবিধ্যকে ব্যক্ত করিতেছেন। স্বীয় অসাধারণ ভাবের নাম স্বভাব অর্থাৎ প্রাচীন বাসনাজনিত রুচি বিশেষ। যে বিষয়ে রুচি হয়, তাহাতেই শ্রদ্ধা হইয়া থাকে; এই শ্রদ্ধা দ্বারাই মানব স্বীয় অভিপ্রেত কার্য্যকে সাধন করে। সত্ত্বাদি গুণত্রয়, আত্মধর্ম্ম, গুণসংসর্গজাত এবং বাসনা সমষ্টির জনক, দেহেন্দ্রিয় ও অন্তঃকরণগত ধর্ম্মসমূহকে প্রবল করিয়া থাকে, এতাদৃশ গুণজাত শ্রদ্ধা কার্য্যদ্বারা নিরূপণীয়। সত্ত্বাদি গুণযুক্ত হইয়াই এই শ্রদ্ধা সাত্ত্বিকী, রাজসী এবং তামসী ভেদে ত্রিবিধ হইয়া থাকে।

পূজ্যপাদ শ্রীমন্মধুসূদন সরস্বতী মূলস্থিত চকার দ্বয় সম্বন্ধে নিম্নলিখিত অভিপ্রায় প্রকাশ করিয়াছেন। বর্ত্তমান জন্মে প[illegible]ণের শাস্ত্রসংস্কার মাত্র জাত শ্রদ্ধা এক কারণ হইতে সঞ্জাত হেতু একরূপ অ[illegible], [illegible]হা কেবল সাত্ত্বিকী, কিন্তু রাজসী বা তামসী নহে, ইহাই প্রথম চ[illegible]র্থ। শাস্ত্র নিরপেক্ষ, প্রাণিমাত্রের সাধারণ সংস্কারজাত যে শ্রদ্ধা, তাহা গুণভেদে স্বভাবের ত্রৈবিধ্য হেতু ত্রিবিধ, ইহাই "এব" কারের অর্থ। উক্ত ত্রিবিধ ভাবের সমুচ্চয়ের নিমিত্তই অন্ত্য চকার প্রযুক্ত হইয়াছে ॥ ২ ॥

—•:(*):•—

সত্ত্বানুরূপা সর্ব্বস্য শ্রদ্ধা ভবতি ভারত।
শ্রদ্ধাময়োঽয়ং পুরুষো যো যচ্ছ্রদ্ধঃ স এব সঃ॥ ৩॥

অন্বয়।—হে ভারত! সর্ব্বস্য (লোকস্য) সত্ত্বানুরূপা (অন্তঃকরণানুসারিণী) শ্রদ্ধা ভবতি, অয়ং পুরুষঃ শ্রদ্ধাময়ঃ (শ্রদ্ধাবিকারঃ) যঃ যচ্ছ্রদ্ধঃ (যাদৃশশ্রদ্ধাসম্পন্নঃ) সঃ (পুরুষঃ) সঃ (তাদৃশনিষ্ঠঃ) এব॥ ৩॥

প্রতিশব্দ।—হে ভারত! সকলের অন্তঃকরণানুরূপ শ্রদ্ধা হয়, এই পুরুষ শ্রদ্ধাময়, যে যাদৃশ-শ্রদ্ধাসম্পন্ন, সে তাদৃশ-নিষ্ঠই॥ ৩॥

ব্যাখ্যা—হে ভারত! সকল লোকেরই অন্তঃকরণের অনুরূপ শ্রদ্ধা হইয়া থাকে; এই পুরুষের অন্তঃকরণ সত্ত্বাদি শ্রদ্ধার বিকার মাত্র, অতএব, যে পুরুষ যেরূপ অন্তঃকরণ সম্পন্ন, তাহার তাদৃশ শ্রদ্ধাই হইয়া থাকে॥ ৩॥

শঙ্করাচার্য্য।—সত্ত্বেতি। সত্ত্বানুরূপা বিশিষ্টসংস্কারোপেতান্তঃকরণানুরূপা সর্ব্বস্য প্রাণিজাতস্য শ্রদ্ধা ভবতি ভারত! যদ্যেবস্ততঃ কিং স্যাদিত্যুচ্যতে শ্রদ্ধাময়ঃ অয়ং পুরুষঃ সংসারী জীবঃ কথং যোযচ্ছ্রদ্ধো যা শ্রদ্ধা যস্য জীবস্য স যচ্ছ্রদ্ধঃ স এব তচ্ছ্রদ্ধানুরূপঃ স এব স জীবঃ॥৩॥

আনন্দগিরি।—প্রাচীনকর্ম্মোদ্বোধিতা ত্রিবিধা বাসনা স্বভাবশব্দিতা ত্রিবিধায়াঃ শ্রদ্ধায়া নিমিত্তমিত্যুক্তমিদানীমুপাদানন্তস্যা দর্শয়তি সত্ত্বমিতি। বিশিষ্টচিত্তোপাদানা:শ্রদ্ধা তত্ত্রৈবিধ্যে ত্রিবিধেতি পূর্ব্বার্দ্ধস্যার্থঃ। কথং নিষ্ঠায়াং সাত্ত্বিকাদিপ্রশ্নদ্বারা শ্রদ্ধায়াস্ত্রৈবিধ্যনিরূপণমুপযুক্তমিতি মন্বানঃ শঙ্কতে যদ্যেবমিতি। শ্রদ্ধেয়ং বিষয়মভিধ্যায়ংস্তয়া তত্রৈব বর্ত্ততইতি মন্বানঃ পরিহরতি উচ্যতইতি। শ্রদ্ধাময়ত্বং প্রশ্নপূর্ব্বকং কথয়তি কথমিতি। শ্রদ্ধা যত্রাধিকৃতে পুরুষে প্রাচুর্য্যেণ প্রবৃত্তেঽপি তস্য শ্রদ্ধাময়ত্বসিদ্ধিরিত্যর্থঃ॥ ৩॥

রামানুজ।—সত্ত্বেতি। সত্ত্বমন্তঃকরণং সর্ব্বস্য পুরুষস্যান্তঃকরণানুরূপা শ্রদ্ধা ভবতি অন্তঃকরণং যাদৃশ গুণযুক্তং তদ্বিষয়া শ্রদ্ধা জায়ত ইত্যর্থঃ। সত্ত্বশব্দঃ পূর্ব্বোক্তানাং দেহেন্দ্রিয়াদীনাং প্রদর্শনার্থঃ। শ্রদ্ধাময়োঽয়ং পুরুষঃ শ্রদ্ধাময়ঃ শ্রদ্ধাপরিণামঃ যো যচ্ছ্রদ্ধঃ যঃ পুরুষো যাদৃশ্যা শ্রদ্ধয়া যুক্তঃ সএব সঃ স তাদৃশ শ্রদ্ধাপরিণামঃ। পুণ্যকর্ম্মবিশয়ে শ্রদ্ধাযুক্তশ্চেত্তত পুণ্য কর্ম্মফলসংযুক্তো ভবতীতি শ্রদ্ধাপ্রধানঃ ফলসংযোগ ইত্যুক্তং ভবতীতি॥ ৩॥

হনুমান্।—সত্ত্বানুরূপা স্বভাবানুরূপা শ্রদ্ধা প্রাচুর্য্যেণ যস্মিন্ পুরুষে যা ১। শ্রদ্ধা যা ধর্ম্মাদাবস্তীতি বুদ্ধিঃ শ্রদ্ধয়া যস্য যা সাত্ত্বিকী রাজসী তামসী বা শ্রদ্ধা স এব পুরুষঃ সৈব

শ্রদ্ধানুরূপকর্ম্মফলমারভতে তস্যা বৈ সেতি বক্তব্যং কথং স এব স ইতি নায়ং দোষঃ সর্ব্ব-নাম্নাভিধেয় বদন্ রূপত্বাৎ ॥ ৩ ॥

শ্রীধর।—ননু শ্রদ্ধা সাত্ত্বিক্যেব সত্ত্বকার্য্যত্বেন ত্বয়ৈব শ্রীভাগবতে উদ্ধবং প্রতি নির্দ্দিষ্টত্বাৎ, যথোক্তং,—"শমোদমস্তিতিক্ষা চ তপঃ সত্যং দয়া স্মৃতিঃ। তুষ্টিস্ত্যাগোঽস্পৃহা শ্রদ্ধা হ্রীর্দ্দয়াদিঃ স্বনির্বৃতিঃ ॥ ইত্যেতাঃ সত্ত্ববৃত্তয়" ইতি। অতঃ কথং তস্যাস্ত্রৈবিধ্যমুচ্যতে, সত্যং তথাপি রজস্তমোমিশ্রিতত্বেন সত্ত্বস্য ত্রৈবিধ্যাৎ ঘটত ইত্যাহ সত্ত্বেতি। সত্ত্বানুরূপা সত্ত্বতারতম্যানুসারিণী সর্ব্বস্য বিবেকিনোঽবিবেকিনো বা লোকস্য শ্রদ্ধা ভবন্তি, তস্মাদয়ং পুরুষো লৌকিকঃ শ্রদ্ধাবিকারঃ ত্রিবিধয়া শ্রদ্ধয়া বিক্রিয়ত ইত্যর্থঃ। তদেবাহ যোযচ্ছ্রদ্ধঃ যাদৃশী শ্রদ্ধা যস্য এব সঃ তাদৃশশ্রদ্ধাযুক্তঃ স এব স ইতি যঃ পূর্ব্বাং সত্ত্বোৎকর্ষেণ সাত্ত্বিকশ্রদ্ধাযুক্ত এব ভবতি, যস্তু রজস উৎকর্ষেণ রাজসশ্রদ্ধাযুক্তঃ স পুনস্তাদৃশ এব ভবতি, যস্তু তমস উৎকর্ষেণ তামসশ্রদ্ধাযুক্তঃ স পুনস্তাদৃশ এব ভবতীতি লোকাচারমাত্রেণ প্রবর্ত্তমানেষ্বেবং সাত্ত্বিকরাজসতামসশ্রদ্ধাব্যবস্থা, শাস্ত্রজনিতবিবেকজ্ঞানযুক্তানাস্তু স্বভাববিজয়েন সাত্ত্বিকী একৈব শ্রদ্ধেতি প্রকরণার্থঃ ॥ ৩ ॥

বলদেব।—যদ্যপি শ্রদ্ধা সত্ত্বগুণবৃত্তিস্তথাপ্যন্তঃকরণধর্ম্মস্য স্বভাবস্যান্তঃকরণস্য চ ধর্ম্মিণস্ত্রৈবিধ্যাত্তদুদিতায়াস্তস্যাস্ত্রৈবিধ্যং সিদ্ধেদিতি ভাবেনাহ সত্ত্বানুরূপেতি। সত্ত্বমন্তঃকরণং ত্রিগুণাত্মকং তদনুরূপা সর্ব্বস্য প্রাণিজাতস্য শ্রদ্ধা ভবতি। সত্ত্বপ্রধানান্তঃকরণস্য শ্রদ্ধা সাত্ত্বিকী। রজঃ প্রধানান্তঃকরস্য রাজসী। তমঃপ্রধানান্তঃকরণস্য তু তামসীতি। অতোঽয়ং পূজ্যপূজকরূপো লৌকিকঃ পুরুষঃ শ্রদ্ধাময়স্ত্রিবিধশ্রদ্ধাপ্রচুরঃ। যঃ পুরুষো যচ্ছ্রদ্ধঃ যস্মিন্ পূজ্যে দেবাদৌ যক্ষাদৌ প্রেতাদৌ চ শ্রদ্ধাবান্ ভবতি স পূজকোঽপি স এব তচ্ছব্দেন ব্যপদেশ্য পূজ্য গুণবান্ পূজক ইত্যর্থঃ ॥ ৩ ॥

মধুসূদন।—প্রাগ্‌ভবীয়ান্তঃকরণগতবাসনারূপনিমিত্তকারণবৈচিত্র্যেণ শ্রদ্ধাবৈচিত্র্যমুক্ত্বা তদুপাদানকারণান্তঃকরণবৈচিত্র্যেণাপি তত্ত্রৈবিধ্যমাহ সত্ত্বমিতি। সত্ত্বং প্রকাশশীলত্বাৎ সত্ত্বপ্রধান ত্রিগুণাপঞ্চীকৃতপঞ্চমহাভূতারব্ধমন্তঃকরণং, তচ্চ কচিদুদ্রিক্তসত্ত্বমেব যথা দেবানাং কচিদ্রজসা [illegible] সত্ত্বং যথা যক্ষাদীনাং, কচিত্তমসাভিভূতসত্ত্বং যথা [illegible]দীনাং, মনুষ্যাণাং তু প্রায়েণ ব্যামিশ্রমেব তচ্চ শাস্ত্রীয়বিবেকজ্ঞানেনোদ্ভূতসত্ত্বং রজস্তমসী অভিভূয় [illegible]ত শাস্ত্রীয়বিবেকবিজ্ঞান শূন্যস্য তু [illegible] প্রাণিজাতস্য সত্ত্বানুরূপা শ্রদ্ধা সত্ত্ববৈচি[illegible]ন্তঃ-করণে সাত্ত্বিকী, রজঃপ্রধানে তস্মিন্ রাজসী, তমঃপ্রধানে তু তস্মিংস্তামসীতি হে ভারত! মহাকুলপ্রসূত! জ্ঞানাধিকৃতেতি বা শুদ্ধসাত্ত্বিকত্বং দ্যোতয়তি। যত্ত্বয়া পৃষ্টং তেষাং নিষ্ঠা কেতি তত্রোত্তরং শৃণু। অয়ং শাস্ত্রীয়জ্ঞানশূন্যঃ কর্ম্মাধিকৃতঃ পুরুষঃ ত্রিগুণান্তঃকরণসংপিণ্ডিতঃ শ্রদ্ধাময়ঃ (প্রাচুর্য্যেণাস্মিন্ শ্রদ্ধা প্রস্তুতেতি তৎপ্রস্তুতবচনে ময়ট্ অন্নময়োযজ্ঞ ইতি বৎ) অতোযোযচ্ছ্রদ্ধঃ য সাত্ত্বিকী রাজসী তামসী বা শ্রদ্ধা যস্য স এব শ্রদ্ধানুরূপ এব সঃ সাত্ত্বিকোরাজসস্তামসোব শ্রদ্ধৈব নিষ্ঠা ব্যাখ্যাতেত্যভিপ্রায়ঃ ॥ ৩ ॥

নীলকণ্ঠ।—নমু শ্রদ্ধান্বিতোভূত্বাত্মনোবাত্মানং পশ্যেদিতি শ্রদ্ধয়া "আত্মদর্শনসাধনে-ম্বন্তরঙ্গত্বমুচ্যতে কথং তস্য রাজসত্বং তামসত্বঞ্চোচ্যত ইত্যাহ সত্ত্বেতি। প্রাক্কর্ম্মসংস্কারোপেতং যাদৃশং বুদ্ধিসত্ত্বং সাত্ত্বিকং রাজসং তামসং বা তদনুরূপৈব সাত্ত্বিক্যাদিরূপদেবতাদিপূজাস্থ ফলাবশ্যম্ভাবনিশ্চয়া শ্রদ্ধাপি ভবতি, তথায়ং পুরুষোঽপি শ্রদ্ধাপ্রধানো যোয়চ্ছ্রদ্ধোযোযয়া শ্রদ্ধয়োপেতঃ স এব স ইতি সাত্ত্বিক্যা শ্রদ্ধয়া উপেতঃ সাত্ত্বিকঃ এবং রাজস্যা রাজস স্তামস্যা স্তামস ইতি এবং সতি যদি ভক্তরূপভক্তঃ পূর্ব্বপুণ্যবশাত্তং দেববন্মন্যতে তর্হি তং সাত্ত্বিকং পুণ্ডরীকমিব দেবা অনুগৃহ্নন্তি নিত্যকর্ম্মত্যাগনিমিত্তমপি দোষমস্যাপনুদন্তি, যদিত্বেনং মন্ত্রতন্ত্রাদিনা সিদ্ধং পূর্ব্ববাসনাবশাদ্যক্ষাদিরূপং মন্যতে তদা তং রাজসং যক্ষা এবানুগৃহ্নন্তি নাস্য কামকারবতো নিত্যকর্ম্মত্যাগজং দোষমপনেতুমর্হন্তি, নহি দেবতাপরাধী যক্ষৈস্ত্রাতুং শক্যতে, যদিত্বয়ং প্রেতঃ পিতা মৎকুটুম্বং মা বাধিষ্ঠেতি সর্ব্বধর্ম্মং ত্যক্ত্বা এনমস্য প্রিয়ে কূপে পূজয়ামীতি মন্যতে তদা তং পিতরি প্রেতত্ববুদ্ধিযোগাদ্বিপর্য্যস্তং তামসং প্রেতা এবানুগৃহ্নন্তি ক্ষুদ্রভোগৈঃ দৈত্যাশ্চ নরকং পাতয়ন্তি ॥ ৩ ॥

বিশ্বনাথ।—সত্ত্বং অন্তঃকরণং ত্রিবিধং সাত্ত্বিকং রাজসং তামসঞ্চ তদনুরূপা। সাত্ত্বি-কান্তঃকরণানাং সাত্ত্বিক্যেব শ্রদ্ধা রাজসান্তঃকরণানাং রাজস্যেব তামসান্তঃকরণানাং তামস্যেব ইত্যর্থঃ যচ্ছ্রদ্ধ যস্মিন যজনীয়েদেবে অসুরে রাক্ষসে বা শ্রদ্ধাবান্ যোভবতি স স এব ভবতি তত্তৎশব্দে নৈব ব্যপদিশ্যত ইত্যর্থঃ ॥ ৩ ॥

তাৎপর্য্য।—শ্রীভগবান্ পূর্ব্বশ্লোকে ব্যক্ত করিয়াছেন যে, জন্মান্তরীণ সংস্কার বশেই অন্তঃকরণে সত্ত্বাদি গুণত্রয়ের প্রাধান্য পরিলক্ষিত হইয়া থাকে। যৎকালে যে গুণের প্রাধান্য হয়, তৎকালে তত্তৎগুণানুযায়ী শ্রদ্ধার উদয় হইয়া থাকে। অতএব জন্মান্তরীণ সংস্কারাধীন শ্রদ্ধা বিবিধ। অধুনা বর্ত্তমান শ্লোকে তিনি ইহাই প্রদর্শন করিতেছেন যে, সেই অন্তঃ-করণও বিচিত্রতাময়, অতএব সেই অন্তঃকরণরূপ উপাদান কারণ হইতে উৎপন্ন শ্রদ্ধাও সত্ত্বাদি ভেদে ত্রিবিধ। অপিচ এস্থলে অর্জ্জুনের মনে এরূপ সন্দেহেরও উদয় হইতে পারে যে, শ্রদ্ধা কেবল সত্ত্ব গুণেরই কার্য্য, রজঃ বা তমোগুণের প্রাবল্য থাকিলে হৃদয়ে শ্রদ্ধার আবির্ভাব অসম্ভব। এতদ্বিষয়ে শ্রীমদ্ভাগবতে ভগবান্ স্বয়ং ভক্তোত্তম উদ্ধবকে বলিয়াছেন যে, "শমোদমস্তিতিক্ষা চ তপঃ সত্যং দয়া স্মৃতিঃ। তুষ্টিস্ত্যাগোঽস্পৃহা শ্রদ্ধা হ্রীর্দয়াদি স্বনির্বৃতিঃ॥ কাম ঈহা মদস্তৃষ্ণা স্তম্ভ আশীর্ভিদা সুখং। মদোৎসাহো যশঃ প্রীতির্হাস্যং বীর্য্যং বলোদ্যমঃ॥ ক্রোধলোভোঽনৃতং হিংসা যাচ্ঞা দম্ভঃ ক্লমঃ কলিঃ। শোকমোহৌ বিষাদার্ত্তী নিদ্রাশাভী-রনুদ্যমঃ॥" (শ্রীমদ্ভাগবত ১১শ স্কন্ধ ২৫শ অধ্যায় ২—৪ শ্লোক) ইহার

ভাবার্থ এই যে, 'শম, দম, তিতিক্ষা, সহিষ্ণুতা, তপস্যা, সত্য, দয়া, স্মৃতি, তুষ্টি, দান, অস্পৃহা শ্রদ্ধা, লজ্জা প্রভৃতি গুণ সমূহ এবং স্বনির্বৃতি অর্থাৎ আত্মরতি এই সমস্ত সত্ত্বগুণের কার্য্য। কামনা, চেষ্টা, দর্প, তৃষ্ণা, গর্ব্ব, প্রার্থনা, ভেদ বুদ্ধি, বিষয়ভোগ, মদোৎসাহ অর্থাৎ যুদ্ধাদি প্রবৃত্তি, যশোলাভে সন্তোষ, হাস্য, বীর্য্য এবং শক্তি প্রদর্শন এই সমস্ত রজোগুণের কার্য্য। ক্রোধ, লোভ, মিথ্যা, হিংসা, যাচ্ঞা, দম্ভ, ক্লান্তি, কলহ, শোক, মোহ, বিষাদ, দুঃখ, নিদ্রা, আশা, ভয় এবং উদ্যমহীনতা, এই সকল তমোগুণের কার্য্য।' ইহাতে শ্রদ্ধা যে সত্ত্বগুণেরই কার্য্য, ইহাই কথিত হইয়াছে। অতএব এতাদৃশ শ্রদ্ধা সত্ত্ব, রজঃ এবং তমো ভেদে কিরূপে ত্রিবিধ হইতে পারে? অর্জ্জুনের এবম্বিধ আশঙ্কিত প্রশ্নের উত্তর স্বরূপে শ্রীভগবান্ বর্ত্তমান শ্লোকের অবতারণা করিয়া ইহাই পরিব্যক্ত করিতেছেন যে, এই সত্ত্বগুণও বিশুদ্ধ এবং অবিশুদ্ধ এই ভাবদ্বয় সম্পন্ন। যৎকালে সত্ত্বগুণ অন্যগুণ কর্ত্তৃক স্পৃষ্ট না হইয়া কার্য্য করে, তখনই ইহা বিশুদ্ধ এবং যখন ইহা রজস্তমোগুণের সহিত মিলিত হইয়া কার্য্যোৎপাদন করে, তৎকালে ইহা অবিশুদ্ধ। সেই অবিশুদ্ধ সত্ত্বগুণ হইতে যে শ্রদ্ধার উদ্ভব হয়, তাহা কারণবৈচিত্র্যে সুতরাং বিবিধ হইয়া থাকে। এতাদৃশ অভিপ্রায় পরিস্ফুট করিবার নিমিত্তই তিনি বর্ত্তমান শ্লোকের অবতারণা করিয়াছেন।

শ্রীভগবান্ বলিতেছেন, হে ভারত! অর্থাৎ শুদ্ধ সত্ত্বগুণশালি মহাবংশ-প্রসূত অর্জ্জুন! সত্ত্ব অর্থাৎ অন্তঃকরণ প্রধান অপঞ্চীকৃত (১৪ পৃষ্ঠার টীপ্পনী দ্রষ্টব্য) পঞ্চ মহাভূত হইতে উদ্ভূত। যৎকালে ইহাতে সত্ত্বগুণের প্রাধান্য হয়, তখন ইহা দেবগণের অন্তঃকরণ; যখন ইহা [illegible]গুণ দ্বারা অভিভূত হয়, তখন ইহা যক্ষাদির অন্তঃকরণ এবং যৎকালে [illegible]ত তমোগুণের প্রাবল্য হইয়া থাকে, তৎকালে ইহা ভূতপ্রেতাদি [illegible]-গণিত হইয়া থাকে। মনুষ্যগণের অন্তঃকরণ প্রায়ই ত্রিগুণাধিকৃত অর্থাৎ বিবিধ কর্ম্মাবলম্বী মানবগণের অন্তঃকরণে প্রায়ই সত্ত্ব রজঃ এবং তমঃ এই গুণত্রয়েরই তারতম্যানুসারে প্রাধান্য পরিলক্ষিত হয়; কিন্তু যে ব্যক্তির অন্তঃকরণ শাস্ত্রজ্ঞানজনিত বিবেকের প্রাবল্যে সুনির্ম্মল, তাহাতে বিশুদ্ধ সত্ত্ব গুণেরই আধিপত্য লক্ষিত হয়, তাহাকে রজঃ বা তমোগুণ আশ্রয়

করিতে পারে না। যে সকল ব্যক্তি এতাদৃশ শাস্ত্রীয় বিবেকজ্ঞান বিরহিত, তাহাদের অন্তঃকরণ অনির্ম্মল, সুতরাং তজ্জাত সত্ত্বও অবিশুদ্ধ। এবম্বিধ সত্ত্ব, রজঃ ও তমোগুণের দ্বারা আক্রান্ত। অতএব ঈদৃশ সত্ত্বগুণ-সমুদ্ভূত শ্রদ্ধাও গুণানুরূপ হইয়া থাকে। অর্থাৎ সত্ত্বগুণ প্রধান অন্তঃকরণে যে শ্রদ্ধার আবির্ভাব হয়, তাহা সাত্ত্বিকী, রজোগুণ প্রধান অন্তঃকরণে সমুৎপন্ন শ্রদ্ধা রাজসী এবং তমোগুণ প্রধান অন্তঃকরণজাত শ্রদ্ধা তামসী শ্রদ্ধা নামে অভিহিত। এক্ষণে পূর্ব্বে তুমি যে প্রশ্ন করিয়াছ, অর্থাৎ এতাদৃশ ব্যক্তি কোন্ নিষ্ঠাসম্পন্ন, সেই প্রশ্নেরই উত্তর শ্রবণ কর। যে ব্যক্তি শাস্ত্রজ্ঞান শূন্য, কিন্তু লোকাচার দর্শনেই কর্ম্মানুষ্ঠানে রত, তাদৃশ পুরুষের অন্তঃকরণ ত্রিগুণের দ্বারা অধিকৃত জানিবে। এবম্বিধ পুরুষ শ্রদ্ধাময়, অর্থাৎ ইহার অন্তঃকরণে প্রচুর রূপে ত্রিবিধ শ্রদ্ধা বিদ্যমান থাকে। যে পুরুষ যাদৃশ শ্রদ্ধা সম্পন্ন, তাহার তদ্বিষয়েই নিষ্ঠা হইয়া থাকে। পুরুষের অনুষ্ঠিত কার্য্য দর্শনেই এই নিষ্ঠা অনুমিত হয়। সত্ত্বগুণের আসক্তি সত্ত্ব বিষয়ে, রজোগুণের আসক্তি রজোবিষয়ে এবং তমোগুণের আসক্তি তমোবিষয়ে। পুরুষের অন্তঃকরণ যাদৃশ গুণসম্পন্ন, পুরুষ তাদৃশ বিষয়েই আসক্ত হইবে। অতএব স্পষ্টই বুঝা যাইতেছে, যে ব্যক্তি যাদৃশ শ্রদ্ধাযুক্ত, তাহার নিষ্ঠাও তদনুযায়ী হইয়া থাকে। পুরুষ যদি সাত্ত্বিক কার্য্যে শ্রদ্ধাবান্ হয়, তবে সে সাত্ত্বিকী নিষ্ঠাসম্পন্ন, রাজসিক বিষয়ে অনুরক্ত হইলে রাজসী নিষ্ঠাসম্পন্ন এবং তামসী কার্য্যে শ্রদ্ধাযুক্ত হইলে তামসী নিষ্ঠাসম্পন্ন হইয়া থাকে।

মূলে শ্রীভগবান্ অর্জ্জুনকে "ভারত" শব্দে সম্বোধন করিয়াছেন। অর্জ্জুন মহাকুলপ্রসূত মহাত্মা ভরতের বংশজাত এবং জ্ঞাননিরত, অতএব তাহার অন্তঃকরণ বিশুদ্ধ সত্ত্বগুণ সম্পন্ন হেতু সাত্ত্বিকী শ্রদ্ধাযুক্ত ইহাই এই সম্বোধনের অভিপ্রায়।

মূলস্থিত "শ্রদ্ধাময়" শব্দ উপলক্ষে পূজ্যপাদ শ্রীমন্মধুসূদন সরস্বতী নিম্নলিখিত অভিপ্রায় প্রকাশ করিয়াছেন। "তৎ প্রস্তুতবচনে ময়ট্"*

* মুগ্ধ ব্যাকরণে "তৎ প্রকৃতবচনে ময়ট্" এই সূত্র নির্দ্দিষ্ট হইয়াছে। কিন্তু সরস্বতী মহোদয় 'প্রকৃত' স্থলে 'প্রস্তুত' পাঠ করিয়াছেন।

(সিদ্ধান্তকৌমুদী ৫। ৪। ২১) অর্থাৎ প্রস্তুত বচনে ময়ট্ প্রত্যয় হয়। এই সূত্রানুসারে শ্রদ্ধা শব্দের উত্তর ময়ট্ প্রত্যয় দ্বারা শ্রদ্ধাময় শব্দ নিষ্পন্ন হইয়াছে। যেমন অন্ন হইতে যাহা প্রস্তুত হয় তাহা অন্নময়, তদ্রূপ যাহা শ্রদ্ধাসমুৎপন্ন বা শ্রদ্ধাবিকার তাহাই শ্রদ্ধাময় ॥ ৩ ॥

——০:):*:(:০——

যজন্তে সাত্ত্বিকা দেবান্ যক্ষরক্ষাংসি রাজসাঃ।
প্রেতান্ ভূতগণাংশ্চান্যে যজন্তে তামসা জনাঃ ॥ ৪ ॥

অন্বয়।—সাত্ত্বিকাঃ (সত্ত্বনিষ্ঠাঃ) দেবান্ যজন্তে (পূজয়ন্তি) রাজসাঃ (রজোনিষ্ঠাঃ) যক্ষরক্ষাংসি [যজন্তে] অন্যে তামসাঃ (তমোনিষ্ঠাঃ) জনাঃ প্রেতান্ ভূতগণান্ চ যজন্তে (অর্চ্চয়ন্তি) ॥ ৪ ॥

প্রতিশব্দ।—সাত্ত্বিক-গণ দেবতাদিগকে পূজা-করেন, রাজস গণ যক্ষ-রক্ষ-সমূহকে [উপাসনা-করে] অন্য তামস-ব্যক্তি-গণ প্রেতগণ এবং ভূতগণকে অর্চ্চনা-করে ॥ ৪ ॥

ব্যাখ্যা।—যাঁহারা সত্ত্বগুণ সম্পন্ন, তাঁহারা দেবগণকে পূজা করিয়া থাকেন রজোগুণযুক্ত ব্যক্তিগণ যক্ষরক্ষগণের উপাসনা করে, এবং তমোগুণশালী মানবগণ ভূতপ্রেতাদির অর্চ্চনা করিয়া থাকে ॥ ৪ ॥

শঙ্করাচার্য্য।—ততশ্চ কার্য্যেণ লিঙ্গেন দেবাদি [illegible] সত্ত্বাদিনিষ্ঠানুমেয়েত্যাহ যজন্ত- ইতি। যজন্তে পূজয়ন্তি সাত্ত্বিকাঃ সত্ত্বনিষ্ঠা দেবান্ যক্ষরক্ষাংসিঃ [illegible] সাঃ, প্রেতান্ ভূতগণাংশ্চ সপ্তমাতৃকাদীংশ্চ অন্যে যজন্তে তামসা জনাঃ ॥ ৪ ॥

আনন্দগিরি।—তথাপি কথং সত্ত্বাদিনিষ্ঠা যথোক্তস্য পুরুষস্য জ্ঞাতুং শক্যেত্যাশঙ্ক্যাহ ততশ্চেতি। অধিকৃতস্য পুরুষস্য শ্রদ্ধাপ্রধানত্বাদিতি যাবৎ, দেবা বস্বাদয়ো যক্ষাঃ কুবেরাদয়ো রক্ষাংসি নৈঋতাদয়ঃ স্বধর্ম্মাৎ প্রচ্যুতা বিপ্রাদয়ো দেহপাতাদূর্দ্ধং বায়ুদেহমাপন্নাঃ প্রেতাঃ এভ্যশ্চ যথাযথমারাধ্যদেবাদয়ঃ সাত্ত্বিকরাজসতামসান্ প্রকামান্ প্রযচ্ছন্তীতি সামর্থ্যাদবগন্তব্যং ॥ ৪ ॥

রামানুজ।—তদেব বিবৃণোতি। সত্ত্বগুণপ্রচুরাঃ সাত্ত্বিকশ্রদ্ধাযুক্তা দেবান্ যজন্তে দুঃখাসংভিন্নোৎকৃষ্টসুখহেতুভূতদেবযাগবিষয়া শ্রদ্ধা সাত্ত্বিকীত্যুক্তং ভবতি রাজসা জনা যক্ষরক্ষাংসি যজন্তে অন্যে তামসা জনাঃ প্রেতান্ ভূতগণান্ যজন্তে দুঃখসংভিন্নাল্পসুখজননী রাজসী শ্রদ্ধা, দুঃখপ্রায়াত্যল্পসুখজননী তামসীত্যর্থঃ॥ ৪॥

হনুমান্।—লিঙ্গবচনাভাবাত্তদেব দর্শয়তি যজন্ত ইতি। পূজয়ন্তি সাত্ত্বিকা শ্রদ্ধোপেতঃ॥ ৪। ৫॥

শ্রীধর।—সাত্ত্বিকাদিভেদমেব কার্য্যভেদেন প্রপঞ্চয়তি যজন্ত ইতি। সাত্ত্বিকা জনাঃ সত্ত্বপ্রকৃতীন্ দেবানেব যজন্তে পূজয়ন্তি, রাজসাস্তু রজঃপ্রকৃতীন্ যক্ষান্ রাক্ষসাংশ্চ যজন্তে, এতেভ্যোঽন্যে বিলক্ষণাস্তামসা জনাস্তামসানেব প্রেতান্ ভূতগণাংশ্চ যজন্তে, সত্ত্বাদিপ্রকৃতীনাং তত্তদ্দেবাদীনাং পূজারুচিভিস্তত্তৎপূজকানাং সাত্ত্বিকাদিত্বং জ্ঞাতব্যমিত্যর্থঃ॥ ৪॥

বলদেব।—কার্য্যভেদেন সাত্ত্বিকাদিভেদং প্রপঞ্চয়তি যজন্ত ইতি। শাস্ত্রীয়বিবেক-সম্বিদ্বিহীনা যে জনাঃ স্বভাবজয়া শ্রদ্ধয়া দেবান্ সাত্ত্বিকান্ বসুরুদ্রাদীন্ যজন্তে তেঽন্যে সাত্ত্বিকাঃ। যে যক্ষরক্ষাংসি কুবেরনির্ঋত্যাদীনি রাজসানি যজন্তে তেঽন্যে রাজসাঃ। যে প্রেতান্ ভূতগণাংশ্চ তমসা যজন্তে তেঽন্যে তামসাঃ। দ্বিজাঃ স্বধর্ম্মবিভ্রষ্টাঃ দেহপাতোত্তরলব্ধবায়বীয়দেহ উল্কামুখ-কটপূতনাদিসংজ্ঞাঃ প্রেতা মনূক্তাঃ পিশাচবিশেষা বেতি ব্যাখ্যাতারঃ। চাৎ সপ্তমাতৃকাদয়ঃ এবমালস্যাত্ত্যক্তবেদবিধীনাং স্বভাবাৎ সাত্ত্বিকত্বাদ্যা নিরূপিতাঃ। এতে চ বলবদ্বৈদিকসৎপ্রসঙ্গাৎ স্বভাবান্ বিজিত্য কদাচিদ্বেদেঽপ্যধিকৃতো ভবন্তীতি বোধ্যম্॥ ৪॥

মধুসূদন।—শ্রদ্ধা জ্ঞাতা সতী নিষ্ঠাং জ্ঞাপয়িষ্যতি, কোনোপায়েন সা জ্ঞায়তামিত্য-পেক্ষিতে দেবপূজাদিকার্য্যলিঙ্গেনানুমেয়েত্যাহ যজন্ত ইতি। জনাঃ শাস্ত্রীয়বিবেকহীনাঃ যে স্বাভাবিক্যা শ্রদ্ধয়া দেবান্ রুদ্রাদীন্ সাত্ত্বিকান্ যজন্তে তেঽন্যে সাত্ত্বিকা জ্ঞেয়াঃ, যে চ যক্ষান্ কুবেরাদীন্ রক্ষাংসি চ রাক্ষসান্ নির্ঋতিপ্রভৃতীন্ রাজসান্ যজন্তে তেঽন্যে রাজসা জ্ঞেয়াঃ, যে চ প্রেতান্ বিপ্রাদয়ঃ স্বধর্ম্মাৎ প্রচ্যুতা দেহপাতাদূর্দ্ধং বায়বীং দেহমাপন্নাঃ উল্কামুখকটপূত-নাদিসংজ্ঞাঃ প্রেতা ভবন্তীতি মনূক্তান্ পিশাচবিশেষান্ বা ভূতগণাংশ্চ সপ্তমাতৃকাদীংশ্চ তামসান্ যে যজন্তে তেঽন্যে তামসাজ্ঞেয়াঃ। অন্য ইতি পদঃ ত্রিষ্বপি বৈলক্ষণ্যদ্যোতনায় সম্বধ্যতে॥ ৪॥

নীলকণ্ঠ।—কুত এতদেবং কল্প্যতে যস্মাত্তস্মাৎ সাত্ত্বিকাদয়ো দেবাদীনেব যজন্তে ইত্যাহ যজন্তইতি যজন্তে পূজয়ন্তি॥ ৪॥

বিশ্বনাথ।—উক্তমর্থং স্পষ্টয়তি যজন্ত ইতি। সাত্ত্বিকান্তঃকরণাঃ সাত্ত্বিক্যা শ্রদ্ধয়া সাত্ত্বিকশাস্ত্রবিধিনা সাত্ত্বিকান্ দেবানেব যজন্তে দেবেষ্বেব শ্রদ্ধাবত্ত্বাৎ দেবা এবোচ্যন্তে। এবং রাজসাঃ রাজসান্তঃকরণাঃ ইত্যাদি বিবরীতব্যং॥ ৪॥

তাৎপর্য্য।—শ্রীভগবান্ পূর্ব্বশ্লোকদ্বয়ে শ্রদ্ধার বিবরণ পরিব্যক্ত করিয়া এক্ষণে তজ্জাত নিষ্ঠার বিষয় পরিকীর্ত্তন করিতেছেন। কোন্

উপায়ে কি কি কার্য্য দ্বারা এই ত্রিবিধ শ্রদ্ধানিষ্ঠ ব্যক্তিগণকে জানিতে পারা যায়, অতঃপর তাহাই পরিব্যক্ত হইতেছে। শ্রীভগবান্ বলিতেছেন, হে অর্জ্জুন! মানবগণ স্বভাবতই জন্মান্তর সংস্কারের অধীন; জন্মান্তরে সে যেরূপ কার্য্য কলাপের অনুষ্ঠান করিয়াছে, কামনাবিজড়িত কর্ম্মানুষ্ঠান দ্বারা পরজন্মভোগ্য যাদৃশ শুভাশুভ সংস্কারের বীজ রোপণ করিয়াছে, ক্ষণস্থায়ী ঐহিক সুখ বা নশ্বর স্বর্গাদি ভোগকেই বাসনার চরমসীমা জ্ঞান করিয়া আপনাকে যেরূপ কার্য্যে নিয়োজিত করিয়াছে, ইহজন্মে তত্তৎ কার্য্যসম্ভূত ফলভোগ অবশ্যম্ভাবী এবং সেই সংস্কার দ্বারা শকটনিবদ্ধ বলীবর্দ্দের ন্যায় পরিচালিত হইতে একান্ত বাধ্য। সংস্কার তাহাকে যে পথে চালিত করিবে, অন্ধের ন্যায় তাহাকে পরবশবর্ত্তী হইয়া সেই পথেই গমন করিতে হইবে। সেই গমন পথ সুগমই হউক বা কণ্টকাকীর্ণই হউক, সংস্কারের বশে তাহাকে সেই পথেই চলিতে হইবে, তাহার স্বেচ্ছায় একপদ মাত্র অগ্রসর বা প্রত্যাবৃত্ত হইতে শক্তি নাই। সংস্কার তাহাকে যে কার্য্যে নিয়োজিত করিবে, সৎ হউক বা অসৎ হউক প্রভু-নিদেশ-নিযন্ত্রিত ভৃত্যের ন্যায় তাহাকে সেই কার্য্যেরই অনুষ্ঠান করিতে বাধ্য হইতে হইবে। শাস্ত্রজ্ঞান—উপজাত বিবেকের সহায়তা ব্যতীত মানব কোনরূপেই সংস্কারের হস্ত হইতে মুক্তিলাভে সমর্থ হয় না। এইরূপ শাস্ত্রীয় বিবেকজ্ঞানহীন কেবল সংস্কারচালিত মানব সৌভাগ্যবলে যদি কিঞ্চিৎ উন্নতি লাভ করিতে সমর্থ হয়, যদি সে জন্মান্তরানুষ্ঠিত শুভ কার্য্যের পরিণাম স্বরূপে বর্ত্তমান জন্মে সাত্ত্বিকী শ্রদ্ধা লাভ করিতে পারে, তাহা হইলে সেই মানব শ্রদ্ধা সহকারে দেবগণকে অর্চ্চনা করিয়া থাকে। এই সাত্ত্বিকী শ্রদ্ধার বশে সে ব্যক্তি কামনা সহকারে স্বর্গাদি লাভের প্রত্যাশায় বিবিধ শাস্ত্রীয় কার্য্যের অনুষ্ঠান করে। [illegible] নিয়ত বিষ্ণুপূজা, নামজপ, যজ্ঞ, হোম, দোল, দুর্গোৎসবাদি পারত্রিক [illegible] সাধনে ব্যাপৃত থাকে। তাহার প্রবৃত্তি এই সমস্ত সদনুষ্ঠানের দিকেই ধাবিত হয়। কিন্তু যে ব্যক্তি জন্মান্তরীণ সংস্কার বশে রাজসী নিষ্ঠাসম্পন্ন, তাহারা ঐহিক সুখলাভের প্রত্যাশায় ধনাদির কামনা করিয়া যক্ষরক্ষগণের উপাসনা করিয়া থাকে। তাহারা কুবেরাদি যক্ষগণকে (১৮৫৫ পৃষ্ঠার টীপ্পনী দ্রষ্টব্য) এবং নির্ঋতি প্রভৃতি রাক্ষসগণকে আপনাদের অভীপ্সিত ফল

প্রদানে সমর্থ জানিয়া রাজস শ্রদ্ধা সহকারে তাহাদের উপাসনায় রত হয়। দেবগণ সাত্ত্বিক প্রকৃতি এবং যক্ষ রক্ষঃ প্রভৃতি রাজসপ্রকৃতি। যে সকল লোক সাত্ত্বিকী শ্রদ্ধাযুক্ত, তাহারা সাত্ত্বিক দেবগণের আরাধনায় সমর্থ হয়, কিন্তু যাহারা রাজসী শ্রদ্ধাবিশিষ্ট তাহারা কখনও তাঁহাদের উপাসনার অধিকারী নহে। প্রত্যুত তাহারা রাজস প্রকৃতি যক্ষরক্ষগণকেই উপাসনা করিতে সক্ষম হয়। আর যাহারা তামসী নিষ্ঠাযুক্ত, তাহাদের হৃদয় প্রদেশ একান্ত অজ্ঞানান্ধকারাচ্ছন্ন। এই সকল ব্যক্তি ভূত * প্রেতগণকেই †

---

* ভূত।—দেবযোনি বিশেষ। ইহারা অধোমুখ উর্দ্ধমুখ প্রভৃতি বিবিধ আকৃতি বিশিষ্ট। ভূতগণ রুদ্রের অনুচর নামে খ্যাত। এই ভূতগণের সম্বন্ধে এতদ্দেশে বহুবিধ প্রবাদ প্রচলিত আছে। ইহারা ছায়াময় দেহসম্পন্ন এবং কামচারী।

† প্রেত।—ভূতযোনির নামান্তর। মরণের পর জীব এই প্রেতদেহ প্রাপ্ত হইয়া থাকে। যে সকল জীবের যথাবিধানে ঔর্দ্ধদেহিক কার্য্য নিষ্পন্ন হয় না, অথবা যে সকল ব্যক্তি বিষ্ণুদ্বেষী, তাহারা কর্ম্মোচিত নরকভোগের পর প্রেত দেহ প্রাপ্ত হয়। প্রেতগণের মুখ বিকট এবং বিষাদভাবাপন্ন, চক্ষু পিঙ্গলবর্ণ, কেশসমূহ উর্দ্ধভাবে অবস্থিত, দেহের বর্ণ ঘোর কৃষ্ণ, জিহ্বা লেলিহমান, ওষ্ঠ লম্বিত, দীর্ঘ জঙ্ঘা শিরা বেষ্টিত, দীর্ঘপদ, তুণ্ড শুষ্ক, চক্ষু কোটরগত এবং অস্থিপঞ্জর সমূহ দৃশ্যমান। অগ্নিপুরাণে কথিত আছে, একদা এক ব্রাহ্মণ পঞ্চপ্রেতের দর্শন লাভ করিয়াছিলেন, এবং তাহাদের বিকৃত দেহ দর্শন করিয়া তাহাদিগকে এতাদৃশ আকৃতি লাভের কারণ জিজ্ঞাসা করিয়াছিলেন। ব্রাহ্মণের প্রশ্নে প্রেতগণ যে উত্তর প্রদান করিয়াছিল, তাহা নিম্নে উদ্ধৃত হইল। যথা; "প্রেতা উচুঃ। অহং স্বাদু সদা ভুক্ত্বা দত্তাং পর্য্যুষিতং সদা। এতৎকারণমুদ্দিশ্য নাম পর্য্যুষিতং মম॥ সূচিতা বহবোঽনেন বিপ্রাদ্যা হ্যন্নকাঙ্ক্ষিণঃ। এতৎকারণমুদ্দিশ্য সূচীমুখ মিমং বিদুঃ॥ শীঘ্রং গচ্ছতি বিপ্রেণ যাচিতঃ ক্ষুধিতেন বৈ। পশ্চাদ্ভুঙ্ক্তে দ্বিজঃ শিষ্টমেষ শীঘ্রক উচ্যতে॥ গৃহোপরি সদাভুঙ্‌ক্তে স্বাদু দ্বিজভয়েন হি। দ্বিজায় কুৎসিতং দত্বা এষ রোহক উচ্যতে॥ মৌনেনাপি স্থিরোনিত্যং যাচিতো বিলিখেন্মহীং। অস্মাকমপি পাপিষ্ঠো লেখকো নাম এষ বৈ॥ মেঢ্রেণ লেখকো যাতি রোহকঃ পার্শ্বতঃ শিরা। শীঘ্রকঃ পঙ্গুতাং প্রাপ্তঃ সূচীং সূচীমুখোঽভবৎ॥" (অগ্নিপুরাণ) অর্থাৎ প্রেতগণ বলিল, আমি স্বয়ং সর্ব্বদা স্বাদু দ্রব্য ভোজন করিতাম, কিন্তু পর্য্যুষিত (বাসি) অন্ন দান করিতাম, এই জন্যই আমার নাম পর্য্যুষিত। এই ব্যক্তি বিপ্রাদিকে অন্নাদি দান করিবার সূচনা করিত, কিন্তু পরিশেষে তাহাদিগকে বিমুখ করিত এই নিমিত্তই ইহার নাম সূচক। কোন বিপ্র বা ক্ষুধিত ব্যক্তি ইহার নিকট কিছু যাচ্‌ঞা করিলে এই ব্যক্তি শীঘ্র তথা হইতে প্রস্থান করিত, এই জন্যই ইহার নাম শীঘ্রক। এই ব্যক্তি দ্বিজগণকে কুৎসিতান্ন দান করিয়া তাহাদের ভয়ে স্বয়ং গৃহমধ্যে গোপনে উত্তম দ্রব্য ভক্ষণ করিত, এই নিমিত্ত ইহার নাম রোহক। এই ব্যক্তি কাহারও কর্ত্তৃক যাচিত হইলে মৌনভাবে বসিয়া ভূমি লিখন করিত, অতএব আমাদের অপেক্ষা পাপিষ্ঠ এই ব্যক্তি লেখক নাম প্রাপ্ত হইয়াছে। এই লেখক মেঢ্র দ্বারা এবং রোহক পার্শ্বদেশ দ্বারা গমন করে, শীঘ্রক পঙ্গুত্ব এবং সূচীমুখ সূচীত্ব প্রাপ্ত হইয়াছে।

আপনাদের অভীষ্ট ফলদাতা জ্ঞানে তাহাদের অর্চ্চনা করিয়া থাকে। স্বধর্ম্মভ্রষ্ট ব্রাহ্মণাদি মৃত্যুর পর বায়বীয় প্রেতদেহ প্রাপ্ত হয়, এবং তৎকালে তাহারা উল্‌কামুখ, কটপূতনাদি নামে অভিহিত হয়। তামসী শ্রদ্ধানিষ্ঠ ব্যক্তিগণ এই ভূতপ্রেতগণকে শুভাশুভ ফলপ্রদাতা বলিয়া মনে করে,

---

এই স্থলে প্রেতগণের আহার্য্যও কথিত হইয়াছে। যথা; "দ্বিজ উবাচ। যে জীবা ভুবি তিষ্ঠন্তি সর্ব্বে আহারমূলকাঃ। যুষ্মাকমপি আহারং শ্রোতুমিচ্ছামি তত্ত্বতঃ॥ প্রেতা উচুঃ। শৃণু আহারমস্মাকং সর্ব্বসত্ত্ববিগর্হিতং। শ্লেষ্মমূত্রপুরীষেণ যোষিতাস্তু মলেন চ। গৃহাণি ত্যক্তশৌচানি প্রেতা ভুঞ্জন্তি তত্র বৈ॥ স্ত্রীভির্জগ্ধানি জীর্ণানি সংকীর্ণাপহতানি চ। মলেনাতিজুগুপ্সানি প্রেতা ভুঞ্জন্তি তত্র বৈ। ভয়লজ্জাবিহীনানি পতিতৈঃ সেবিতানি চ। অন্যোন্য দস্যুযুক্তানি প্রেতাভুঞ্জন্তি তত্র বৈ। কলহান্বিতশোকানি ত্যক্তশোভানি মণ্ডনৈঃ। সবর্চ্চস্কানি ভাণ্ডানি প্রেতা ভুঞ্জন্তি তত্র বৈ। বলিমন্ত্রবিহীনানি দ্বিজাদৃষ্টানি যানি চ। নিয়মব্রতহীনানি প্রেতা ভুঞ্জন্তি তত্র বৈ। গুরবো নৈব পূজ্যান্তে স্ত্রিজিতানি মলানি চ। সক্রোধান্যপবিত্রানি প্রেতা ভুঞ্জন্তি তত্র বৈ। ভুঞ্জন্তি ভিন্নভাণ্ডেষু মর্য্যাদারহিতেষু চ। অন্যোন্যোচ্ছিষ্টযুক্তেষু তত্র প্রেতাস্তু ভুঞ্জতে। সকেশ মক্ষিকোচ্ছিষ্টং পূতি পর্য্যুষিতং তথা। সক্রোধঞ্চ সশোকঞ্চ তত্র প্রেতেষু ভোজনং। সনগ্নং ভোজনং যচ্চ নোত্তরীয়ং পদাসনং। সোষ্ণীষং সাম্বরী কক্ষং তচ্চ প্রেতেষু ভোজনং। অর্দ্ধগ্রাসং মহাগ্রাসং সোৎক্ষিপ্তং পতিতং তথা। দুর্ভুক্তং গোষ্ঠিকঞ্চৈব তচ্চ প্রেতেষু ভোজনং। সৌতিকং মৃতকঞ্চৈব রজসং কলুষীকৃতং। নির্দ্দীপং কৃমিবচ্চাগ্রে যদ্ভুক্তং প্রৈতিকস্তু তৎ॥" ইহার ভাবার্থ যথা; ব্রাহ্মণ বলিলেন, পৃথিবীতে যাবতীয় জীবই আহার প্রভাবে জীবিত থাকে, অতএব তোমাদেরও কোনরূপ আহার নিশ্চয়ই নিরূপিত আছে, তোমরা আমার নিকট সেই আহারের বিষয় ব্যক্ত কর। ব্রাহ্মণের বাক্যে প্রেত কহিল, হে বিপ্র! যাহা সর্ব্বজীবের পক্ষে নিন্দিত খাদ্য এবং যাহা শ্লেষ্মা মূত্র বা পুরীষ সংস্পৃষ্ট, তাহাই আমাদের আহার্য্য। যে গৃহ প্রতিদিন পরিস্কৃত না হয়, সেই গৃহই আমাদের ভোজনের স্থান। যে গৃহে কেবল স্ত্রীজাতি ভোজন করে, যাহা জীর্ণ সঙ্কীর্ণ এবং মলাদি দ্বারা দূষিত, সেই গৃহেই প্রেতগণ ভোজন করে। যে গৃহে ভয় বা লজ্জা নাই, যাহাতে পতিতব্যক্তি বাস করে, যাহা দস্যুগণের বাসভূমি, সেই গৃহেই প্রেতগণ ভোজন করে। যে স্থান শোক কলহাদিযুক্ত, যেখানে মণ্ডনাদি শোভা নাই, এবং যে ভাণ্ড বিষ্ঠামূত্রাদি সংযুক্ত [illegible]তেই প্রেতগণ ভোজন করিয়া থাকে। যে স্থান বলি, মন্ত্র নিয়ম ব্রতাদি বিহীন, যে স্থানে [illegible] ব্যক্তি পূজিত হয় না, যেখানে স্ত্রীজাতির প্রভুত্ব যাহা ক্রোধযুক্ত এবং অপবি[illegible] ভোজন করে। ভগ্ন পাত্র, এবং পরস্পরের উচ্ছিষ্ট খাদ্য, মক্ষিকাস্পৃষ্ট, দুর্গন্ধ পর্য্যুষিত প্রভৃতি কদন্ন প্রেতগণের খাদ্য। উলঙ্গভাবে ভোজন, উত্তরীয় বিহীন বা নিরাসনে ভোজন প্রেতের আহার। অর্দ্ধগ্রাসে, বৃহৎ গ্রাসে বা উৎক্ষেপণ পূর্ব্বক ভোজন এবং মুখ হইতে পতিতান্ন, সূতকান্ন বা মৃতকাশৌচান্ন, ধূলি দ্বারা কলুষিতান্ন, এই সমস্ত প্রেতের আহার। অন্ধকারে কৃমির ন্যায় যে আহার তাহাও প্রেতের আহার।

পদ্ম পুরাণে প্রেতত্বজনক কর্ম্মসমূহের উল্লেখ আছে। যথা; "হবি র্জুহ্বতি নাগ্নৌ যে গোবিন্দং নার্চ্চয়ন্তি যে। লভন্তে নাত্মবিদ্যাঞ্চ সুতীর্থবিমুখাশ্চ যে। সুবর্ণবস্ত্রতাম্বূলং রত্ন-

এবং যত্ন সহকারে রোগ শান্তি, কার্য্যসিদ্ধি প্রভৃতি কামনা করিয়া তাহাদের পূজাদির অনুষ্ঠান করিয়া থাকে। এতাদৃশ তামসপ্রকৃতি সম্পন্ন

মন্নং ফলং জলং। আর্ত্তেভ্যো ন প্রযচ্ছন্তি সর্ব্বে দুষ্কৃতকারকাঃ। ব্রহ্মস্বঞ্চ স্ত্রীধনানি লোভাদেব হরন্তি যে। বলেন ছদ্মনা বাপি ধূর্ত্তাশ্চ পরবঞ্চকাঃ। নাস্তিকাঃ কুহকাশ্চৌরা যে চান্যে বকবৃত্তয়ঃ। বালবৃদ্ধাতুরস্ত্রীষু নির্দ্দয়াঃ সত্যবর্জ্জিতাঃ দেবোপদেবদস্যুক্ত রক্ষোযক্ষাদিসেবিনঃ। সর্ব্বদা মাদকদ্রব্যপানমত্তা হরিদ্বিষঃ। দেবতোচ্ছিষ্টপতিতনৃপশ্রাদ্ধান্নভোজনঃ। অসৎকর্ম্মরতো নিত্যং সর্ব্বপাতকপাপিনঃ। পাষণ্ডধর্ম্মাচরণাঃ পুরোধাবৃত্তিজীবনঃ। পিতৃমাতৃস্নুষাপত্যস্বদারত্যাগিনশ্চ যে। যে কদর্য্যাশ্চ লুব্ধাশ্চ নাস্তিকাঃ ধর্ম্মদূষকাঃ। ত্যজন্তি স্বামিনং যুদ্ধে ত্যজন্তি শরণাগতং। গবাং ভূমেশ্চ হর্ত্তারো যে চান্যে রত্নদূষকাঃ। মহৎক্ষেত্রেষু সর্ব্বেষু প্রতিগ্রহরতাশ্চ যে। পরদ্রোহরতা যে চ তথা যে প্রাণিহিংসকাঃ। পরাপবাদিনঃ পাপা দেবতাগুরুনিন্দকাঃ। কুপ্রতিগ্রাহিণঃ সর্ব্বে সম্ভবন্তি পুনঃ পুনঃ। প্রেতরাক্ষসপৈশাচ্যতির্য্যক্‌বৃক্ষকুযোনিষু। ন তেষাং সুখলেশোঽস্তি ইহলোকে পরত্র চ॥" (পদ্ম পুরাণ উত্তর খণ্ড) ইহার ভাবার্থ যথা; যে সকল ব্যক্তি অগ্নিতে আহুতি প্রদান করে না, গোবিন্দকে অর্চ্চনা করে না, যাহারা আত্মবিদ্যা লাভে বা সুতীর্থ গমনে বিমুখ, যাহারা আর্ত্ত ব্যক্তিকে সুবর্ণ, বস্ত্র, তাম্বুল, রত্ন, অন্ন, ফল বা জল দান করে না, যে সকল ধূর্ত্ত প্রবঞ্চক লোভ হেতু বলে বা ছলে ব্রহ্মস্ব এবং স্ত্রীধন হরণ করে, যাহারা নাস্তিক, কুহক বিদ্যাশালী, বকবৃত্তি অর্থাৎ বকধার্ম্মিক, যাহারা বালক বৃদ্ধ আতুর এবং স্ত্রীলোকের প্রতি নির্দ্দয় ব্যবহার করে, যাহারা গৃহে অগ্নি দান করে, বিষ প্রয়োগে নরহত্যা করে এবং মিথ্যাসাক্ষ্য প্রদান করে, যাহারা অগম্যাগামী গ্রামযাজী, যাহারা ব্যাধের ন্যায় হিংসাবৃত্তি পরায়ণ এবং বর্ণাদি ধর্ম্মবিহীন, যাহারা উপদেবতা দৈত্য যক্ষ রাক্ষসাদিকে ভজনা করে, যে সকল ব্যক্তি সর্ব্বদা মাদক পানে মত্ত এবং হরিদ্বেষী, যাহারা উচ্ছিষ্টান্ন, পতিতান্ন, রাজান্ন বা শ্রাদ্ধান্ন ভোজন করে, যাহারা নিয়ত অসৎ কর্ম্মনিরত, যাহারা পাষণ্ডধর্ম্মাচারী এবং পুরোহিত বৃত্তিজীবী, যে সকল ব্যক্তি পিতা, মাতা, ভগিনী, পুত্র এবং দারাকে পরিত্যাগ করে যাহারা কদর্য্য কার্য্যকারী, লুব্ধ নাস্তিক এবং ধর্ম্মদূষক, যাহারা যুদ্ধস্থলে প্রভুকে পরিত্যাগ করে, যাহারা শরণাগতকে ত্যাগ করে, যে সকল ব্যক্তি গো বা ভূমি হরণ করিয়া থাকে, যাহারা রত্নদূষক, যাহারা গঙ্গাদি মহাক্ষেত্রে দান গ্রহণ করে, যে সকল মানব পরানিষ্ট নিরত এবং প্রাণিহিংসক, যাহারা পরের অপবাদ কীর্ত্তন করে এবং দেবতা বা গুরুর নিন্দা ঘোষণা করে, যাহারা নীচ প্রতিগ্রাহী, তাদৃশ ব্যক্তিগণ পুনঃ পুনঃ প্রেত, রাক্ষস, পিশাচ তির্য্যক, বৃক্ষ এবং অন্যান্য নীচ যোনিতে জন্মগ্রহণ করিয়া থাকে। এতাদৃশ ব্যক্তিগণের ইহলোকে বা পরলোকে কোন স্থানেই সুখসম্ভাবনা নাই। অগ্নিপুরাণে কথিত আছে যে, কৃচ্ছ্র চান্দ্রায়ণাদি, দেবপূজা, ঈশ্বরে ভক্তি, সর্ব্বভূতে দয়া, অতিথি সৎকার, বেদাধ্যয়ন, ক্রোধাদি রিপুজয়, তীর্থাদি দর্শন প্রভৃতি কার্য্যের অনুষ্ঠান করিলে মানবকে প্রেতযোনি লাভ করিতে হয় না। মানব মৃত্যুর পরই অতিবাহিক দেহ প্রাপ্ত হয় এবং অশৌচান্ত দিনে দশম পিণ্ড প্রদান করিলে সে প্রেতদেহ লাভ করিয়া থাকে। ইহার পর সপিণ্ডীকরণ অর্থাৎ এক বৎসর পর্য্যন্ত তাহাকে প্রেত নামেই অভিহিত করা হয়। সপিণ্ডকরণের পর সে প্রেতযোনি পরিহার পূর্ব্বক স্বকর্ম্মোচিত লোকে গমন করিয়া থাকে। (১৩৯ পৃষ্ঠার টীপ্পনী দ্রষ্টব্য)"

ব্যক্তিগণ শ্রদ্ধা সহকারে ভূতপ্রেত পিশাচাদির * অর্চ্চনা করিলেও তাদৃশ অর্চ্চনা যে নিতান্ত হেয় এবং অজ্ঞানবর্দ্ধক তদ্বিষয়ে সন্দেহ নাই।

পূজ্যপাদ শ্রীমদ্রামানুজাচার্য্য বলেন যে, দেবপূজানিরতা সাত্ত্বিকী নিষ্ঠা দুঃখহীন উৎকৃষ্ট সুখের হেতুভূত যজ্ঞাদির অনুষ্ঠান হেতু সুখ বিধায়িনী; রাজসী শ্রদ্ধাদ্বারা দুঃখমিশ্রিত সুখ প্রাপ্ত হওয়া যায়, এবং তামসী শ্রদ্ধা দ্বারা দুঃখবহুল অত্যল্প মাত্র সুখ জন্মে।

মূলস্থিত চকার দ্বারা তামসগণ সপ্তমাতৃকাদিরও অর্চ্চনা পরায়ণ, ইহাই সুচিত হইতেছে। "অন্য" পদ ত্রিবিধনিষ্ঠার পরস্পর বৈলক্ষণ্য দ্যোতন হেতু, তিন বাক্যের সহিতই সম্বন্ধ, ইহাই পূজ্যপাদ মধুসূদন সরস্বতী মহোদয়ের অভিপ্রায়।

পূজ্যপাদ শ্রীমদ্রাঘবেন্দ্র যতি মহোদয় অভিপ্রায় প্রকাশ করিয়াছেন যে, যদিও রাজসশ্রদ্ধানিষ্ঠ এবং তামস শ্রদ্ধানিষ্ঠ ব্যক্তিগণ যজ্ঞকালে ইন্দ্রাদি দেবতার নামোল্লেখ পূর্ব্বক যজ্ঞাদি কার্য্য সম্পাদন করে, তথাপি যক্ষাদিই তাহাদের ইষ্ট হেতু যক্ষাদিই সে যজ্ঞের ভোক্তা এবং ফলপ্রদাতা হইয়া থাকে। সাত্ত্বিক শ্রদ্ধাসম্পন্নব্যক্তিগণ দেবপূজা দ্বারা ক্রমশঃ বিষ্ণুভক্তি লাভ করিয়া মোক্ষফল প্রাপ্ত হয়, রাজসী শ্রদ্ধা দ্বারা সাংকল্পিক স্বর্গ এবং তামসী শ্রদ্ধা দ্বারা শিবানুচর ভূতাদি যোনি লাভ করিয়া থাকে। স্মৃতি বলিয়াছেন, "মোক্ষঃ সাংকল্পিকঃ স্বর্গো ভূতাদিত্বং ফলং ক্রমাৎ।" অর্থাৎ সাত্ত্বিকী শ্রদ্ধার ফল মোক্ষ; রাজসী শ্রদ্ধার ফল সাংকল্পিক স্বর্গ এবং তামসী শ্রদ্ধার ফল রুদ্রানুচররূপ ভূতাদিত্ব প্রাপ্তি ॥ ৪ ॥

---

* পিশাচ।—পিশাচগণও দেবযোনি বিশেষ, ইহারা কু[illegible], কদর্য্যভোগী এবং কদাচারী। পদ্মপুরাণে লিখিত আছে, "অন্তরীক্ষচরা যে চ ভূতপ্রেতপিশা[illegible]। বর্জ্জয়িত্বা রুদ্রগণাংস্তে তত্রৈব চরন্তি হি। নোর্দ্ধং বিক্রমণে শক্তিস্তেষাং [illegible] হি বিপ্রেন্দ্র রাক্ষসা যে কৃতৈনসঃ। তে তু সূর্য্যাদধঃ সর্ব্বে বিহরন্ত্যূর্দ্ধ বাঞ্জতাঃ।" (পদ্মপুরাণ স্বর্গ খণ্ড) অর্থাৎ রুদ্রসহচরগণ ব্যতীত ভূত প্রেত পিশাচগণ অন্তরীক্ষে বিচরণ করিয়া থাকে। ইহার ঊর্দ্ধে গমন করিতে তাহাদের শক্তি নাই। পাপপরায়ণ রাক্ষসগণ ইহাদের ঊর্দ্ধে বাস করে। কিন্তু ইহারা সকলেই সূর্য্যের নিম্নভাগে অবস্থান করিয়া থাকে, তদূর্দ্ধে যাইতে পারে না। "অশৌচান্তাদ্দ্বিতীয়েঽহ্নি যস্য নোৎসৃজতে বৃষঃ। পিশাচত্বং ধ্রুবং তস্য দত্তৈঃ শ্রাদ্ধশতৈরপি।" (শুদ্ধি তত্ত্ব) অর্থাৎ অশৌচান্ত দ্বিতীয় দিনে যে মৃত ব্যক্তির উদ্দেশে বৃষোৎসর্গ না করা হয়, শত শত শ্রাদ্ধ করিলেও সে ব্যক্তি নিশ্চয়ই পিশাচত্ব প্রাপ্ত হইবে।

অশাস্ত্রবিহিতং ঘোরং তপ্যন্তে যে তপো জনাঃ।
দম্ভাহঙ্কারসংযুক্তাঃ কামরাগবলান্বিতাঃ॥
কর্শয়ন্তঃ শরীরস্থং ভূতগ্রামমচেতসঃ।
মাঞ্চৈবান্তঃশরীরস্থং তান্ বিদ্ধ্যাসুরনিশ্চয়ান্॥ ৫।৬॥

অন্বয়।—দম্ভাহঙ্কারসংযুক্তাঃ (গর্ব্বাভিমানযুক্তাঃ) কামরাগবলান্বিতাঃ (বিষয়ানুরক্তিবলসম্পন্নাঃ) অচেতসঃ (অবিবেকিনঃ) যে জনাঃ শরীরস্থং (স্বদেহস্থং) ভূতগ্রামং (ইন্দ্রিয়সমুদায়ং) কর্শয়ন্তঃ (কৃশং কুর্ব্বন্তঃ) অন্তঃশরীরস্থং (বুদ্ধিবৃত্ত্যবস্থিতং) মাং (ঈশ্বরং) চ [কর্শয়ন্তঃ] অশাস্ত্রবিহিতং (বেদবিরুদ্ধং) ঘোরং (অত্যুগ্রং) তপঃ তপ্যন্তে (আচরন্তি) তান্ আসুরনিশ্চয়ান্ (অতিক্রূরনিশ্চয়ান্) বিদ্ধি (জানীহি)॥ ৫।৬॥

প্রতিশব্দ।—দম্ভ-এবং-অহঙ্কার যুক্ত, অভিলাষ-আসক্তি-আগ্রহ-সম্পন্ন অবিবেকী যে-সকল ব্যক্তি দেহ-স্থিত ইন্দ্রিয়গণকে কৃশ-করতঃ অন্তঃকরণ-স্থিত আমাকেও [ক্লেশ-দান-করিয়া] বেদ-বিরুদ্ধ ঘোর তপস্যার অনুষ্ঠান-করে তাহাদিগকে অতি-ক্রূর-স্বভাব জানিবে॥ ৫।৬॥

ব্যাখ্যা।—দম্ভ এবং অহঙ্কারাদি সম্পন্ন কামাদি সংযুক্ত যে সকল বিবেক জ্ঞানহীন ব্যক্তি স্বশরীরস্থ ইন্দ্রিয়রূপ আকাশাদি ভূতবর্গকে ক্লিষ্ট করতঃ এবং হৃদয়স্থিত আত্মাকেও ক্লেশ প্রদানপূর্ব্বক বেদাদি বিগর্হিত অতিশয় উগ্র তপোযজ্ঞাদির অনুষ্ঠান করে, তাহাদিগকে আসুরস্বভাব বলিয়া জানিবে॥ ৫।৬॥

শঙ্করাচার্য্য।—এবং কার্য্যতোনির্ণীতাঃ সত্ত্বাদিনিষ্ঠাঃ শাস্ত্রবিধ্যুৎসর্গে, তত্র কশ্চিদেব হস্রেষু পূজাদিতৎপরঃ সত্ত্বনিষ্ঠো ভবতি বাহুল্যেন তু রজোনিষ্ঠাঃ তমোনিষ্ঠাশ্চৈব প্রাণিনো-ভবন্তি, কথং অশাস্ত্রেতি। অশাস্ত্রবিহিতং ন শাস্ত্রবিহিতং অশাস্ত্রবিহিতং ঘোরং পীড়াকরং প্রাণি-নামাত্মনশ্চ তপস্তপ্যন্তে নির্ব্বর্ত্তয়ন্তি যে তপো জনাস্তে চ দম্ভাহঙ্কারসংযুক্তা দম্ভশ্চাহঙ্কারশ্চ দম্ভা-

☞ পাঠান্তর।—কর্ষয়ন্তঃ।

ঙ্কারৌ তাভ্যাং সংযুক্তা দম্ভাহঙ্কারসংযুক্তাঃ কামরাগবলান্বিতাঃ কামশ্চ রাগশ্চ কামরাগৌ তৎকৃতং বলং কামরাগবলস্তেনান্বিতাঃ কামরাগবলৈর্ব্বান্বিতাঃ। কর্শয়ন্ত ইতি। কর্শয়ন্তঃ কৃশীকুর্ব্বন্তঃ শরীরস্থম্ভূতগ্রামঙ্করণসমুদায়মচেতসোঽবিবেকিনো মাঞ্চৈব তৎকর্ম্মবুদ্ধিসাক্ষিভূতমন্তঃশরীরস্থং কর্শয়ন্তঃ মদনুশাসনাকরণমেব মৎকর্শনং তান্বিদ্ধ্যাসুরনিশ্চয়ান্ আসুরোনিশ্চয়ো যেষাস্তে আসুরনিশ্চয়াস্তান্ পরিহরণার্থং বিদ্ধি ইত্যুপদেশঃ॥ ৫। ৬॥

আনন্দগিরি।—নমু সত্ত্বাদিনিষ্ঠাঃ শাস্ত্রেণ জ্ঞাতুং শক্যন্তে কুতঃ কার্য্যলিঙ্গকানুমানেনেতি তত্রাহ এবমিতি। সত্ত্বাদিনিষ্ঠানাং জন্তুনামবান্তরবিশেষং প্রচুরত্বাপ্রচুরত্বরূপং দর্শয়তি তত্রেত্যাদিনা। রাজসানাঞ্চ তামসানাঞ্চ প্রাচুর্য্যং প্রশ্নদ্বারা বিবৃণোতি কথমিত্যাদিনা। কামশ্চ কাম্যমানবিষয়োরাগশ্চ তদ্বিষয়ভোগাভিলাষঃ, তৎকৃতং তন্নিমিত্তমিতি যাবৎ। রজোনিষ্ঠান্ প্রাধান্যেন প্রদর্শ্য তমোনিষ্ঠান্ প্রাধান্যেন দর্শয়তি কর্শয়ন্তইতি। কথং শরীরাদিসাক্ষিণমীশ্বরং প্রতি কৃশীকরণং প্রাণিনাং প্রকল্প্যতে তত্রাহ মদনুশাসনেতি। তেষাং বিপর্য্যাসনিশ্চয়বতাং পরিজ্ঞানং কুত্রোপযুজ্যতে তত্রাহ পরিহরণার্থমিতি॥ ৫। ৬॥

রামানুজ।—এবং শাস্ত্রীয়েষ্বেব যাগাদিষু শ্রদ্ধাযুক্তেষু গুণতঃ ফলবিশেষঃ অশাস্ত্রীয়েষু তপোযাগপ্রভৃতিষু মদনুশাসনবিপরীতত্বেন ন কশ্চিদপি সুখলবঃ অপি ত্বনর্থএবেতি হৃদি নিহিতং ব্যাপ্তয়ন্নাহ অশাস্ত্রেতি। অশাস্ত্রবিহিতমতিঘোরমপি তপো যে জনাস্তপ্যন্তে প্রদর্শনার্থমিদং। অশাস্ত্রবিহিতং বহ্বায়াসং যাগাদিকং যে কুর্ব্বতে দম্ভাহংকারসংযুক্তাঃ কামরাগবলান্বিতাঃ শরীরস্থং পৃথিব্যাদিভূতং কর্ষয়ন্তো মদংশভূতং জীবং মাং চান্তঃশরীরস্থং কর্ষয়ন্তো যে তপ্যন্তে যাগাদিকঞ্চ কুর্ব্বতে তানাসুরনিশ্চয়ান্ বিদ্ধি আসুরাণাং নিশ্চয়ঃ আসুরনিশ্চয়ঃ অসুরা হি মদাজ্ঞাবিপরীতকারিণঃ। মদাজ্ঞাবিপরীতকারিত্বাত্তেষাং সুখলবসংবন্ধো ন বিদ্যতে অপি ত্বনর্থব্রাতে পতন্তীতি পূর্ব্বমেবোক্তং "পতন্তি নরকেঽশুচাবিতি"॥ ৫। ৬॥

হনুমান্।—কর্শয়ন্তস্তনুং কৃশীকুর্ব্বন্তঃ ভূতগ্রামং পৃথিব্যাদি সংঘাতং শরীরান্তরস্থং মাং কর্শয়ন্তঃ ইত্যাসুরোনিশ্চয়ো যেষাং তে আসুরনিশ্চয়াস্তামসা ইত্যর্থঃ॥ ৬॥

শ্রীধর।—রাজসতামসেষ্বপি পুনর্ব্বিশেষান্তরমাহ অশাস্ত্রবিহিতমিতি দ্বাভ্যাং। শাস্ত্রবিধিমজানন্তোঽপি কেচিৎ প্রাচীনপুণ্যসংস্কারেণোত্তমাঃ সাত্ত্বিকা এব ভবন্তি কেচিন্মধ্যমা রাজসা ভবন্তি অধমাস্তু তামসা ভবন্তি যে পুনরত্যন্তং ম[illegible] [illegible]স্তে গতানুগত্যা পাষণ্ডসঙ্গেন চ তদাচারানুবর্ত্তিনঃ সন্তোঽশাস্ত্রবিহিতং ঘোরং ভূতভয়ঙ্করং তপ্যন্তে কুর্ব্বন্তি। তত্র হেতবঃ, দম্ভাহঙ্কারাভ্যাং সংযুক্তাঃ, তথা কামোঽ[illegible] রাগ আসক্তিঃ বলমাগ্রহঃ এতৈরন্বিতাঃ সন্তঃ, তানাসুরনিশ্চয়ান্ বিদ্ধীত্যুত্তরেণান্বয়ঃ। কিঞ্চ কর্শয়ন্ত ইতি। শরীরস্থং আরম্ভকত্বেন দেহে স্থিতং ভূতানাং পৃথিব্যাদীনাং গ্রামং সমূহং কর্শয়ন্তো বৃথৈবোপবাসাদিভিঃ কৃশং কুর্ব্বন্তোঽচেতসোঽবিবেকিনঃ মাঞ্চান্তর্যামিতয়া অন্তঃশরীরস্থং দেহমধ্যে স্থিতং মদাজ্ঞালঙ্ঘনেনৈব কর্শয়ন্তো যে তপশ্চরন্তি তানাসুরনিশ্চয়ান্ আসুরোঽতিক্রূরোনিশ্চয়ো যেষাং তান্ বিদ্ধি॥ ৫। ৬॥

বলদেব।—বেদবাহ্যানাং কদাচিদপি দুর্গতের্নিস্তারো নেতি পূর্ব্বাধ্যায়োক্তম্ দৃঢ়য়ন্নাহ অশাস্ত্রেতি দ্বাভ্যাং। অশাস্ত্রেণ বেদবিরুদ্ধেন স্বাগমেন বিহিতং ঘোরং পরপীড়কং তপো যে তপ্যন্তে কুর্ব্বন্তি। কামরাগো বিষয়স্পৃহা বলং চ ময়া শক্যমেতৎ সিদ্ধং কর্তুমিতি দুরাগ্রহঃ। শরীরস্থমারম্ভকতয়া শরীরে স্থিতং ভূতগ্রামং পৃথিব্যাদিসংঘাতং কর্ষয়ন্তো বৃথোপবাসাদিনা কৃশং কুর্ব্বন্তঃ অন্তঃশরীরস্থং শরীরমধ্যগতান্তর্যামিণং মাং চাবজ্ঞয়া কর্ষয়ন্তঃ। অচেতসঃ শাস্ত্রীয়বিবেকসম্বিদ্বিহীনাঃ। তান্ বেদবাহ্যানাসুরনিশ্চয়ান্ নিশ্চয়েনাসুরান্ বিদ্ধীতি পূর্ব্বোক্তাঃ তেষাং দুর্গতিরবর্জ্জনীয়েবেতি ভাবঃ। স্বভাবজয়া শ্রদ্ধয়া যক্ষরক্ষঃপ্রেতাদীন্ যজতাং বলবদ্বৈদিকসদনুগ্রহে সতি শাস্ত্রীয়শ্রদ্ধয়াসুরভাববিনাশঃ স্যাদেব দেবান্ যজতাং তু বস্তুতঃ সাত্ত্বিকত্বাত্তদনুগ্রহে সতি শাস্ত্রীয়া সুলভেতি স্থিতম্॥ ৫। ৬॥

মধুসূদন।—এবমনাদৃতশাস্ত্রাণাং সত্ত্বাদিনিষ্ঠা কার্য্যতোনির্ণীতা, তত্র কেচিদ্রাজসতামসা অপি প্রাগ্‌ভবীয়পুণ্যপরিপাকাৎ সাত্ত্বিকা ভূত্বা শাস্ত্রীয়সাধনেঽধিক্রিয়ন্তে, যে তু দুরাগ্রহেণ দুর্দ্দৈবপরিপাকপ্রাপ্তদুর্জ্জনসঙ্গাদিদোষেণ চ রাজসতামসতাং ন মুঞ্চন্তি, তে শাস্ত্রীয়মার্গাদ্ভ্রষ্টা অসন্মার্গানুসরণেনেহ লোকে পরত্র চ দুঃখভাগিন এবেত্যাহ দ্বাভ্যাং, অশাস্ত্রবিহিতং শাস্ত্রেণ বেদেন প্রত্যক্ষেণানুমিতেন বা ন বিহিতং অশাস্ত্রেণ বুদ্ধাদ্যাগমেন বোধিতং বা ঘোরং পরস্যাত্মনঃ পীড়াকরং তপস্তপ্তশিলারোহণাদি তপ্যন্তে কুর্ব্বন্তি যে জনাঃ। দম্ভোধার্ম্মিকত্বখ্যাপনং অহঙ্কারোঽহমেব শ্রেষ্ঠ ইতি দুরভিমানঃ তাভ্যাং সম্যগ্‌যুক্তাঃ যোগস্য সম্যক্তমনায়াসেন বিয়োগজননাসামর্থ্যং কামে কাম্যমানবিষয়ে যোরাগস্তন্নিমিত্তং বলমত্যুগ্রদুঃখসহনসামর্থ্যং তেনান্বিতাঃ কামোবিষয়েঽভিলাষঃ রাগঃ সদাতদভিনিবিষ্টস্বরূপোঽভিষঙ্গঃ বলমবশ্যমিদং সাধয়িষ্যামীত্যাগ্রহঃ তৈরন্বিতা ইতি বা, অতএব বলবদ্দুঃখদর্শনেঽপ্যনিবর্ত্তমানাঃ কর্শয়ন্তঃ কৃশীকুর্ব্বন্তো বৃথোপবাসাদিনা শরীরস্থং ভূতগ্রামং দেহেন্দ্রিয়সঙ্ঘাতাকারেণ পরিণতং পৃথিব্যাদিভূতসমুদায়ং অচেতসো বিবেকশূন্যাঃ মাং চান্তঃশরীরস্থং ভোক্তৃরূপেণ স্থিতং ভোগ্যস্য শরীরস্য কৃশীকরণেন কৃশীকুর্ব্বন্ত এব মামন্তর্য্যামিত্বেন শরীরান্তঃস্থিতং বুদ্ধিতদ্বৃত্তিসাক্ষীভূতমীশ্বরমাজ্ঞালঙ্ঘনেন কর্শয়ন্ত ইতি বা, তানৈহিকসর্ব্বভোগবিমুখান্ পরত্র চাধমগতিভাগিনঃ সর্ব্বপুরুষার্থভ্রষ্টানাসুরনিশ্চয়ান্ আসুরোবিপর্য্যাসরূপোবেদার্থাবিরোধিনিশ্চয়োযেষাং তান্ মনুষ্যত্বেন প্রতীয়মানানপ্যসুরকার্য্যকারিত্বাদসুরান্বিদ্ধি জানীহি পরিহরণায় নিশ্চয়স্যাসুরত্বাত্তৎপূর্ব্বিকাণাং সর্ব্বাসামন্তঃকরণবৃত্তীনামাসুরত্বং অসুরত্বজাতিরহিতানাং চ মনুষ্যাণাং কর্ম্মণৈবাসুরত্বাত্তানসুরান্বিদ্ধীতি সাক্ষান্নোক্তমিতি চ দ্রষ্টব্যং॥ ৫। ৬॥

নীলকণ্ঠ।—সাত্ত্বিকানাং দৌর্জ্জন্যমভিপ্রেত্যাহ অশাস্ত্রেতি। শাস্ত্রং বেদাদি তদ্বিরোধিনা কৌলিকাদ্যাগমেন বিহিতং ঘোরং স্বমাংসহোমেন ব্রাহ্মণলোহিতাদিনা বা দেবতাসন্তর্পণাত্মকং যে জনাঃ তপস্তপ্যন্তে তানাসুরনিশ্চয়ান্ বিদ্ধীতি দ্বয়োঃ সম্বন্ধঃ, দম্ভোধর্ম্মধ্বজিত্বং অহঙ্কারঃ স্বস্মিন্ পূজ্যতাবুদ্ধিঃ তয়া সংযুক্তাঃ কামরাগোবিষয়াভিলাষঃ বলং সাহসেনাপি বিষয়সাধনো উৎসাহঃ তাভ্যাং অন্বিতাঃ কর্ষয়ন্ত কৃশংকুর্ব্বন্তঃ ভূতগ্রামং করণসমুদায়ং অচেতসোমূঢ়াঃ মাঞ্চ

অন্তঃশরীরস্থং ভোক্তৃরূপেণ শরীরান্তঃস্থং মাং পরমেশ্বরং বা ভোগ্যস্য শরীরস্য কৃশীকরণেন মদাজ্ঞালঙ্ঘনেন বা কৃশীকুর্ব্বন্তঃ তান্ বিদ্ধ্যাসুরনিশ্চয়ান্ ॥ ৫। ৬॥

বিশ্বনাথ।—যত্ত্বয়া পৃষ্টং যে শাস্ত্রবিধিমুৎসৃজ্য কামভোগরহিতাঃ শ্রদ্ধয়া যজন্তে তেষাং কা নিষ্ঠেতি তস্যোত্তরমধুনা পৃথিতাহ অশাস্ত্রেতি দ্বাভ্যাং। ঘোরং প্রাণিভয়করং তপস্তপ্যন্তে কুর্ব্বন্তীত্যুপলক্ষণং ইদং জপযাগাদিকমপি অশাস্ত্রীয়ং কুর্ব্বন্তি। কামাচরণরাহিত্যং শ্রদ্ধান্বিতত্বঞ্চ স্বতএব লভ্যতে। দম্ভাহঙ্কারসংযুক্তা ইতি। দম্ভাহঙ্কারাভ্যাং বিনা শাস্ত্রবিধ্যুল্লঙ্ঘনানুপপত্তেঃ। কামঃ স্বস্যাজরামরত্ব রাজ্যাদ্যভিলাষঃ। রাগস্তপস্যাসক্তিঃ। বলং হিরণ্যকশিপু প্রভৃতীনামিব তপঃকরণসামর্থ্যং তৈরন্বিতাঃ। শরীরস্থমারম্ভকত্বেন দেহস্থিতং। ভূতানাং পৃথিব্যাদীনাং গ্রামং সমূহং কর্ষয়ন্তঃ কৃশীকুর্ব্বন্তঃ মাঞ্চ মদংশভূতং জীবঞ্চ দুঃখয়ন্তঃ। আসুরনিশ্চয়ান্ অসুরাণামেব নিষ্ঠায়াং স্থিতানিত্যর্থঃ ॥ ৫। ৬॥

তাৎপর্য্য।—যাহারা শাস্ত্রাদি জ্ঞানে প্রযত্ন না করিয়াই কেবল জন্মান্তরীয় সংস্কার বশে সত্ত্বাদি শ্রদ্ধাসম্পন্ন হইয়া থাকে, তাহাদের নিষ্ঠা এবং কার্য্য পূর্ব্বশ্লোকে প্রদর্শিত হইয়াছে। এই ত্রিবিধ শ্রদ্ধা সম্পন্ন ব্যক্তিবর্গের মধ্যে যাহারা রাজস বা তামস শ্রদ্ধাসম্পন্ন, তাহারা শ্রদ্ধাসহকারে রাজসী বা তামসী কার্য্যের অনুষ্ঠান করিতে করিতে হয়তো ক্রমশঃ উন্নতিলাভ করিতে পারে, হয়তো এইরূপ শ্রদ্ধাসহকৃত কার্য্যানুষ্ঠানের ফলে কিঞ্চিৎ কিঞ্চিৎ পুণ্য সঞ্চিত হইয়া, বহু জন্মান্তরে সেই সঞ্চিত পুণ্য সমূহের পরিপাকস্বরূপে সাত্ত্বিকী শ্রদ্ধা লাভ করিতে সমর্থ হয়, এবং সেই শ্রদ্ধা দ্বারা শাস্ত্রীয় সাধনে অধিকার লাভ করে। কিন্তু যে সকল ব্যক্তি দুরাকাঙ্ক্ষার বশবর্ত্তী হইয়া দুর্দ্দৈব ক্রমে দুর্জ্জন সঙ্গে পতিত হয়, সেই সঙ্গ দোষে উন্নতির পথে ধাবিত না হইয়া উত্তরোত্তর অবনতি মার্গেই অগ্রসর হইয়া থাকে, এবং নিকৃষ্ট বাসনার বশ সম্পন্ন হইয়া কদাচিৎ রাজস বা তামস ভাবকে পরিহার করিতে সমর্থ না হয়, যাহারা এককালে শাস্ত্রীয় মার্গ হইতে ভ্রষ্ট হয়, এবং অসৎ মার্গানুসরণ [illegible] বা পরলোকে এজন্মে বা পরজন্মে অত্যল্প মাত্র সুখলাভেও সমর্থ হয় না, প্রত্যুত নিরন্তর দুঃসহ দুঃখই ভোগ করিয়া থাকে। এতাদৃশ ব্যক্তি কোন কালেই জ্ঞান লাভে সমর্থ বা অধিকারী না হইয়া নিরন্তর অজ্ঞানাচ্ছন্ন অন্ধকার মার্গেই বিচরণ করিয়া থাকে। বর্ত্তমান শ্লোকদ্বয়ে শ্রীভগবান্ এতাদৃশ ব্যক্তিগণের পরিণাম নির্দ্দেশ করিতেছেন।

শ্রীভগবান্ বলিতেছেন, কতকগুলি রাজস এবং তামস কার্য্যনিষ্ঠ

ব্যক্তি অশাস্ত্র বিহিত কার্য্যের অনুষ্ঠান করে। যাহা শাস্ত্র, (২৭১৫ পৃষ্ঠার টীপ্পনী দ্রষ্টব্য) বেদ, (৩২০।১৩২৯ পৃষ্ঠার টীপ্পনী দ্রষ্টব্য) প্রত্যক্ষ বা অনুমান দ্বারা অবিহিত বা গর্হিত বলিয়া প্রসিদ্ধ, তাহাই অশাস্ত্র বিহিত। এই সকল ব্যক্তি অশাস্ত্র বিহিত ঘোর অর্থাৎ পরপীড়াকর এবং আত্মার ক্লেশজনক তপস্যার অনুষ্ঠান করে, তপ্তশীলারোহণ, স্বদেহ মাংস দ্বারা হোম, নররক্ত দানে দেবতার তৃপ্তিসাধন প্রভৃতি ভয়ানক কার্য্যের দ্বারা আপনার অভিষ্ট ফল লাভের কামনা করিয়া থাকে। আমি ধার্ম্মিক, আমি দাতা, আমি পুণ্যাত্মা, ইত্যাকার খ্যাপনের নাম দম্ভ, এবং আমি শ্রেষ্ঠ, আমার সদৃশ ধনশালী বা সুখী কেহই নাই, ইত্যাদি অভিমানের নাম অহঙ্কার। এই সকল মানব এই দম্ভ এবং অহঙ্কার সম্পন্ন। কাম্য বস্তুতে অনুরাগ এবং তন্নিবন্ধন সেই কাম্য বস্তুর প্রাপ্তি আশায় বল অর্থাৎ অত্যন্ত দুঃখসহিষ্ণুতা; অথবা তাহারা কাম অর্থাৎ বিষয়াভিলাষ, রাগ অর্থাৎ তাহাতে একান্ত আসক্তি এবং বল অর্থাৎ তত্তৎ অভিলষিত বিষয় লাভের নিমিত্ত একান্ত আগ্রহ, এই সমস্ত ভাবাপন্ন। তাহারা যখন যে সুন্দর বস্তু বা সুখজনক অর্থাদি সন্দর্শন করে, তখনই তাহাদের দুর্ব্বল হৃদয় দুরাকাঙ্ক্ষা দ্বারা তাড়িত হয় এবং অচিরাৎ সেই বস্তু লাভ করিয়া আপনার বাসনা চরিতার্থ করিতে অভিলাষ জন্মে। ইত্যাকার অভিলাষের বশবর্ত্তী হইয়া সেই সকল মানব তত্তদ্ বস্তুতে অতিশয় অনুরক্ত হইয়া পড়ে, এবং যে উপায়ে হউক, এই বস্তু লাভ করিয়া আপনাকে কৃতার্থ বা সুখী করিব, এইরূপ সঙ্কল্প করিয়া থাকে। সম্মুখে ভীষণ বাধা বা ভয়ঙ্কর দুঃখ দর্শনেও তাহারা পূর্ব্ব সংকল্প হইতে বিচলিত বা তদনুসরণ মার্গ হইতে প্রত্যাবৃত্ত হয় না। বরং অধিকতর অগ্রহান্বিত হইয়া ছলে বলে কৌশলে, যে কোন উপায়েই হউক সেই অভীপ্সিত দ্রব্য লাভের জন্য চেষ্টা করিতে থাকে। এতাদৃশ দুরাকাঙ্ক্ষার দাস মানবগণ যে অভিলষিত বস্তু লাভের নিমিত্ত আত্মা ও সর্ব্বপ্রাণীর পীড়াজনক ঘোর তপস্যানুষ্ঠানে প্রবৃত্ত হইবে, তদ্বিষয়ে সন্দেহ নাই। তাহারা শরীরস্থ ভূত গ্রামকে অর্থাৎ দেহেন্দ্রিয় রূপে পরিণত পৃথিব্যাদি ভূতসমুদায়কে বৃথা উপবাসাদির দ্বারা অত্যন্ত ক্লিষ্ট করে। এই সমস্ত বিবেকবুদ্ধি বিহীন মানবগণ অন্তঃশরীরস্থিত আমাকে কর্ষন করে, অর্থাৎ ভোগায়তন শরী-

রের কর্শন দ্বারা তত্তৎ শরীরে ভোক্তারূপে অবস্থিত আত্মাকেও ক্ষীণ করিতে কিছুমাত্র কুণ্ঠিত হয় না। অথবা অন্তর্য্যামিরূপে শরীরস্থ বুদ্ধি বৃত্তির সাক্ষীভূত ঈশ্বরের আজ্ঞা লঙ্ঘনের দ্বারা তাঁহাকে কর্শন করে। এতাদৃশ ব্যক্তিগণ ইহলোকে সর্ব্ব সুখভোগ হইতে বঞ্চিত হয় এবং পর-লোকেও অতি নিকৃষ্ট গতি লাভ করিয়া থাকে। ইহারা সর্ব্ব প্রকার পুরুষার্থ হইতে ভ্রষ্ট। এই সকল মানব মনুষ্যরূপী হইলেও আসুরনিশ্চয় অর্থাৎ ইহাদের অভিলাষ, সঙ্কল্প, অনুষ্ঠানাদি সমস্তই বেদার্থের বিরোধী এবং সর্ব্বদা অসুরযোগ্য কার্য্য কলাপের অনুষ্ঠান নিরত। এই সকল মানবকে অসুর বলিয়াই জ্ঞান করিবে। কারণ ইহারা দৃষ্টতঃ মনুষ্য বটে, কিন্তু ইহাদের অন্তঃকরণ বৃত্তি অসুরভাবে পরিপূর্ণ। অতএব ইহারা অসুর জাতি না হইলেও কার্য্যদর্শনে ইহাদিগকে অসুর বলিয়া জানা যায়।

পূজ্যপাদ শ্রীমন্নীলকণ্ঠ অভিপ্রায় প্রকাশ করিয়াছেন যে, কৌলিক প্রভৃতি তন্ত্রাচারিগণ বেদবিরুদ্ধ তন্ত্রশাস্ত্রানুসারে * স্বদেহমাংস দ্বারা বা বিপ্ররক্তাদির দ্বারা হোম করিয়া ইষ্টদেবতাকে যে তর্পণাদি করে, তাহাই অশাস্ত্র বিহিত। এই অশাস্ত্রবিহিত কার্য্যানুষ্ঠানকারিগণই আসুর নামে অভিহিত।

এতদ্দ্বারা ইহাই প্রতিপন্ন হইতেছে যে, যাদৃশ গুণসম্পন্নই হউন বা দোষযুক্তই হউন, যদি সৌভাগ্যক্রমে সংসঙ্গ লাভ করিতে পারা যায়, তাহা হইলে উন্নতি অবশ্যম্ভাবী এবং যদি দুর্ভাগ্যবশে অসৎসঙ্গে নিপতিত হন, তাহা হইলে নিশ্চয়ই অধোগতি লাভ করিতে হইবে। অতএব যাহাতে ক্রমশঃ আত্মোন্নতি লাভ করিতে পারা যা[illegible] রাজস তামস ভাব বর্জ্জন করিয়া যদ্দ্বারা সাত্ত্বিকভাবে উপনীত হইতে সমর্থ [illegible] যায়, তাদৃশ কর্ম্মানুষ্ঠান এবং তাদৃশ সংসর্গে অবস্থানই বিধেয় ॥ [illegible]

---

* তন্ত্রশাস্ত্র।—প্রসিদ্ধ শাস্ত্রবিশেষ। মহাদেব স্বয়ং এই শাস্ত্রপ্রণেতা বলিয়া খ্যাত। এই শাস্ত্র চতুঃষষ্টি ৬৪ সংখ্যক। যথা; সিদ্ধীশ্বরং মহাতন্ত্রং কালীতন্ত্রং কুলার্ণবং। জ্ঞানার্ণবং নীলতন্ত্রং ফেৎকারী তন্ত্রমুত্তমং। দেব্যাগমং উত্তরাখ্যং শ্রীক্রমং সিদ্ধি যামলং। মৎস্যসূক্তং সিদ্ধসারং সিদ্ধ সারস্বতং তথা। বারাহীতন্ত্রং দেবেশি যোগিনী তন্ত্রমুত্তমং। গণেশবিমর্ষিণী তন্ত্রং নিত্যাতন্ত্রং শিবাগমং। চামুণ্ডাখ্যং মহেশানি মুণ্ডমালাখ্য-তন্ত্রকং। হংসমাহেশ্বরং তন্ত্রং নিরুত্তরমথুত্তমং। কুলপ্রকাশকংদেবি কল্পং গান্ধর্ব্বকং শিবে। ক্রিয়াসারং

আহারস্ত্বপি সর্ব্বস্য ত্রিবিধো ভবতি প্রিয়ঃ।
যজ্ঞস্তপস্তথা দানং তেষাং ভেদমিমং শৃণু ॥ ৭ ॥

অন্বয়।—সর্ব্বস্য আহারঃ অপি ত্রিবিধঃ প্রিয়ঃ (প্রীতিকরঃ) ভবতি তথা যজ্ঞঃ তপঃ দানং [ত্রিবিধং প্রিয়ং ভবতি] তেষাং ইমং (বক্ষ্যমাণং) ভেদং শৃণু (আকর্ণয়) ॥ ৭ ॥

প্রতিশব্দ।—সকলের আহারও ত্রিবিধ প্রিয় হয়, সেই-রূপ যজ্ঞ, তপস্যা, দান [ত্রিবিধ প্রিয় হয়] তাহাদের এই ভেদকে শ্রবণ-কর ॥৭॥

ব্যাখ্যা।—সাত্ত্বিক রাজসিক তামসিক ভেদে সকলের আহারও তিন প্রকারে প্রিয় হইয়া থাকে, এইরূপ যজ্ঞ, তপস্যা দান এই সকলও সত্ত্বাদিভেদে তিন প্রকারে সকলের প্রিয় হয়; ইহাদের ভেদ বলিতেছি শ্রবণ কর ॥ ৭ ॥

শঙ্করাচার্য্য।—আহারাণাঞ্চ রস্যস্নিগ্ধাদিবর্গত্রয়রূপেণ ভিন্নানাং যথাক্রমং সাত্ত্বিক-রাজসতামসপুরুষপ্রিয়ত্বদর্শনমিহ ক্রিয়তে যতোরস্যস্নিগ্ধাদিষাহারবিশেষেষাত্মনঃ প্রীত্যতি-রেকেণ লিঙ্গেন সাত্ত্বিকত্বং রাজসত্বন্তামসত্বঞ্চ বুদ্ধা রজস্তমোলিঙ্গানামাহারাণাং পরিবর্জ্জ-

---

নিবন্ধাখ্যং স্বতন্ত্র তন্ত্রমুত্তমং। সম্মোহনং তন্ত্ররাজং ললিতাখ্যং তথাশিবে। রাধাখ্যং মালিনী তন্ত্রং রুদ্রযামল মুত্তমং। বৃহৎ শ্রীক্রমং তন্ত্রং গবাক্ষং সুকুমুদিনী। বিশুদ্ধেশ্বরতন্ত্রঞ্চমালিনী বিজয়ং তথা। সময়াচার তন্ত্রঞ্চ ভৈরবী তন্ত্রমুত্তমং। যোগিনীহৃদয়ং তন্ত্রং ভৈরবং পরমেশ্বরি। সনৎকুমারকং তন্ত্রং যোনিতন্ত্রং প্রকীর্ত্তিতং। তন্ত্রান্তরঞ্চ দেবেশি নবরত্নেশ্বরং তথা। কুলচূড়ামণি তন্ত্রং ভাবচূড়ামণীয়কং। তন্ত্রদেব প্রকাশঞ্চ কামাখ্যা নামকং তথা। কামধেনু কুমারী চ ভূতডামর সংজ্ঞকং। মালিনীবিজয়ং তন্ত্রং যামলং ব্রহ্মযামলং। বিশ্বসারং মহাতন্ত্রং মহাকালং কুলামৃতং। কুলোড্ডীনং কুব্জিকাখ্যং যন্ত্রচিন্তামণীয়কং। এতানি তন্ত্ররত্নানি সকলানি যুগে যুগে॥" (মহাসিদ্ধি-সারস্বত) এতদ্ব্যতীত ইদানীং আরও বহুবিধ তন্ত্রগ্রন্থ প্রকাশিত হইয়াছে। তন্ত্রগ্রন্থসমূহ অতিশয় দুর্বোধ্য, গুরূপদেশ ব্যতীত এতন্নির্দ্দিষ্ট ক্রিয়াসমূহের অনুষ্ঠান করিলে তাহা বিপরীত ফলপ্রদ হইয়া থাকে। এই তন্ত্রানুসারে কার্য্য করিলে অতি সংক্ষেপে এবং সত্বর কার্য্যসিদ্ধ হয়। অভিচার, মারণ, উচ্চাটনাদি কার্য্যে তন্ত্রই প্রধান সহায়। এতদ্ভিন্ন ভূতপ্রেতাদি সাধন, পিশাচসিদ্ধি প্রভৃতি বিবিধ সিদ্ধি লাভও তন্ত্রে বর্ণিত আছে। ষট্‌চক্রাদি ভেদ, যোগ, মুদ্রা প্রভৃতি বিষয়সমূহও ইহাতে নির্দ্দিষ্ট হইয়াছে। দৈহিক কার্য্যে অশক্ত বহু মূঢ় মানব এই তন্ত্রের সাহায্যে আপন অভীষ্টলাভের নিমিত্ত বিবিধ অনর্থের উদ্ভাবন করিয়া থাকে। শব সাধন, পঞ্চ মকার, প্রভৃতি নানাবিধ ভীষণ ভীষণ কার্য্যের অনুষ্ঠান তন্ত্রে কথিত হইয়াছে। পূর্ব্বোক্ত তন্ত্রসমূহ ব্যতীত আরও অসংখ্য তন্ত্র বা উপতন্ত্র এতদ্দেশে প্রচলিত রহিয়াছে।

নার্থং সম্বন্ধানাঞ্চোপাদানার্থং, তথা যজ্ঞাদীনামপি সত্ত্বাদিগুণভেদেন ত্রিবিধত্বপ্রতিপাদনমিহ রাজসতামসান্ বুদ্ধা কথং নু নাম পরিত্যজেৎ সাত্ত্বিকানেবানুতিষ্ঠেদিত্যেবমর্থমাহ আহারস্থিতি। আহারস্ত্বপি সর্বস্য ভোক্তুস্ত্রিবিধোভবতি প্রিয় ইষ্টস্তথা যজ্ঞস্তপস্তথা দানং তেষামাহারাদীনাম্ভেদমিমং বক্ষ্যমাণং শৃণু ॥ ৭ ॥

আনন্দগিরি।—উত্তরশ্লোকপূর্বার্দ্ধতাৎপর্য্যমাহ আহারাণামিতি। রস্যাদিবর্গস্য সাত্ত্বিকপুরুষপ্রিয়ত্বং কট্বাদিবর্গস্য রাজসপ্রিয়ত্বং যাতযামাদিবর্গস্য তামসপ্রিয়ত্বমিতি দর্শনং কুত্রোপযুজ্যতে তত্রাহ রস্যেতি। শ্লোকোত্তরার্দ্ধতাৎপর্য্যমাহ তথেতি। আহারত্রৈবিধ্যবদিতি যাবৎ। কথমেতেষাং প্রত্যেকং ত্রৈবিধ্যন্তত্রাহ তেষামিতি ॥ ৭ ॥

রামানুজ।—অথ প্রকৃতমেব শাস্ত্রীয়েষু যাগাদিষু গুণতো বিশেষং প্রপঞ্চয়তি। তত্রাপ্যাহারমূলত্বাৎ সত্ত্বাদিবৃদ্ধেরাহারত্রৈবিধ্যং প্রথমমুচ্যতে। "অন্নময়ং হি সৌম্য মনঃ, আহারশুদ্ধৌ সত্ত্বশুদ্ধি"রিতি শ্রূয়তে। আহারোঽপি সর্বস্য প্রাণিজাতস্য সত্ত্বাদিগুণান্বয়েন ত্রিবিধঃ প্রিয়ো ভবতি। তথৈব যজ্ঞোঽপি ত্রিবিধঃ তথা তপো দানঞ্চ। তেষাং ভেদমিমং শৃণু তেষামাহারযজ্ঞতপোদানানাং সত্ত্বাদিভেদেনেমমুচ্যমানং ভেদং শৃণু ॥ ৭ ॥

হনুমান্।—ইদানীং সাত্ত্বিকরাজসতামসানাং প্রাণিনামাহারং দর্শয়িতুমাহ আহারস্থিতি আত্মীয়ত ইত্যাহার অভ্যবহার্য্যং সাত্ত্বিকরাজসতামসস্য প্রাণিনঃ ত্রিবিধঃ ত্রিপ্রকারঃ সাত্ত্বিকো রাজসস্তামসশ্চেতি ভবতি জায়তে প্রিয়ঃ অভিমতঃ তথা তত্ত্রিবিধস্য প্রাণিনঃ ত্রিবিধঃ সাত্ত্বিকঃ রাজসতামসোঃ যজ্ঞো প্রিয় ভবতি তথা তপো তথা দানং তেষামাহারযজ্ঞতপোদানানাং ভেদমিমং সাত্ত্বিকরাজসতামসলক্ষণং শৃণু আকর্ণয় ॥ ৭ ॥

শ্রীধর।—আহারাদিভেদাদপি সাত্ত্বিকাদিভেদং দর্শয়িতুমাহ আহারস্থিত্যাদি ত্রয়োদশভিঃ। সর্বস্যাপি জনস্য য আহারোঽন্নাদিঃ, স তু যথাযথং ত্রিবিধঃ প্রিয়োভবতি, তথা যজ্ঞতপোদানানি ত্রিবিধানি ভবন্তি, তেষাং বক্ষ্যমাণং ভেদমিমং শৃণু। এতচ্চ রাজসতামসাহারযজ্ঞাদিপরিত্যাগেন সাত্ত্বিকাহারযজ্ঞাদিসেবয়া সত্ত্ববৃদ্ধৌ যত্নঃ কর্ত্তব্য ইত্যেতদর্থং কথ্যতে ॥ ৭ ॥

বলদেব।—এবং স্থিতে তদাহারাদীনামপি ত্রৈবিধ্যজ্ঞাপকং ত্রৈবিধ্যমাহ আহারস্থিতি। শ্রদ্ধাবৎ সর্বস্য প্রিয়োঽন্নাদিরাহারোঽপি ত্রিবিধো ভবতি। · ˜ যজ্ঞাদীনি চ ত্রিবিধানি। তেষামাহারাদীনাং চতুর্ণাম্ ॥ ৭ ॥

মধুসূদন।—যে সাত্ত্বিকাস্তে দেবা, যে তু রাজসাস্তামসাশ্চ [illegible] ইতি স্থিতে সাত্ত্বিকানামাদানায় রাজসতামসানাং হানায় চাহার[illegible]দানানাং ত্রৈবিধ্যমাহ আহারেতি। ন কেবলং শ্রদ্ধৈব ত্রিবিধা আহারোঽপি সর্বস্য প্রিয়স্ত্রিবিধ এব ভবতি সর্বস্য ত্রিগুণাত্মকত্বেন চতুর্থবিধায়াঃ অসম্ভবাৎ। যথা দৃষ্টার্থঃ আহারস্ত্রিবিধস্তথা যজ্ঞতপোদানাখ্যদৃষ্টার্থান্যপি ত্রিবিধানি, তত্র যজ্ঞং ব্যাখ্যাস্যামো দ্রব্যং দেবতাত্যাগ ইতি কল্পকারৈর্দেবতোদ্দেশেন দ্রব্যত্যাগোযজ্ঞ ইতি নিরুক্তঃ,স চ "যজতি নাজুহোতি ন চ চোদিতত্বেন যাগোহোমশ্চেতি দ্বিবিধঃ [illegible] উপবিষ্টহোমা স্বাহাকারপ্রয়ো-

গান্তাথাগ্র্যাপুরোনুবাক্যারহিতাঃ জুহোতয়ঃ" ইতি কল্পকারৈর্ব্যাখ্যাতো যজ্ঞশব্দেনোক্তঃ, তপঃ প্রিয়শোষণং কৃচ্ছ্রচান্দ্রায়ণাদি দানং পরস্বত্বাপত্তিফলকঃ স্বস্বত্বত্যাগঃ তেষামাহারযজ্ঞতপো সাত্বিকরাজসতামসভেদং ময়া ব্যাখ্যায়মানমিমং শৃণু ॥ ৭ ॥

নীলকণ্ঠ।—অত্র সাত্বিকানাং শ্রদ্ধায়াধ্যাহারযজ্ঞতপোদানানাং পরিগ্রহার্থং রাজসানাং বর্জ্জনার্থং চ তেষু প্রত্যেকং ত্রৈবিধ্যং জায়তে, তথাপি শ্রদ্ধাত্রৈবিধ্যং ত্রৈবিধ্যঞ্চ প্রাগেবোক্তং আহারাদীনাং ত্রৈবিধ্যং প্রতিজ্ঞাপূর্ব্বকমাহ আহারস্থিতি ইত্যাহারোহপ্যং, অতঃপরং প্রায়েণ পদার্থঃ স্পষ্টঃ, তথাপি কচিৎকচিৎকিঞ্চিদ্ ব্যাখ্যায়তে ॥

বিশ্বনাথ।—তদেবং যে শাস্ত্রবিধিত্যাগিনঃ কামচারেণ বর্ত্তন্তে পূর্ব্বাধ্যায়ে যে চাস্মিন্নধ্যায়ে আসুরশাস্ত্রবিধিনা যক্ষরক্ষঃপ্রেতাদীন যজন্তে যে চ অশাস্ত্রীয়ং তপ কুর্ব্বন্তি তে সর্ব্বে আসুরসর্গমধ্যগতা এব ভবন্তি ইতি প্রকরণার্থঃ। তথাপ্যাহারা বক্ষ্যমাণানাং ত্রৈবিধ্যাৎ তত্তাং যথাযোগং দৈবমাসুরঞ্চ সর্গং স্বয়মেব বিবিচ্য জানীহি আহারস্থিত্যাদি ত্রয়োদশভিঃ ॥ ৭ ॥

তাৎপর্য্য।—পূর্ব্বে সত্ত্বাদিভেদে শ্রদ্ধার ত্রৈবিধ্য পরিব্যক্ত ক এক্ষণে শ্রীভগবান্ সত্ত্বাদি গুণানুসারে আহারের ত্রৈবিধ্য প্রদর্শন করি ছেন। আহারই জীবের জীবন। ভুক্ত অন্নাদি রসরক্তাদি রূপে পরি হইয়া জীবের শরীরপোষণ এবং আয়ুর বর্দ্ধন করিয়া থাকে। আ পরিত্যাগ করিয়া কেহই জীবন ধারণে সমর্থ হয় না। অপিচ এই আহা চিত্তবৃত্তি পরিবর্ত্তনের প্রধান কারণ। যে যেরূপ আহার করিবে, তা অন্তঃকরণও তদনুযায়ী হইবে। সাত্বিক আহার, রাজসিক আ এবং তামসিক আহার এই ত্রিবিধ আহারানুসারে মানবের হৃ সাত্বিকাদি ভাবাপন্ন হইবে। অতএব আত্মার প্রীতিজনক রস্যাদি আ বিশেষের পরিগ্রহ এবং রাজস তামস আহারের পরিবর্জ্জন এক প্রয়োজনীয়। শ্রীভগবান্ বর্ত্তমান শ্লোকে এই ভাবই পরিব্যক্ত করিতেছে

শ্রীভগবান্ বলিতেছেন, সাত্বিকাদি ভেদে শ্রদ্ধাই যে ত্রিবিধ এরূপ ন আহারও সাত্বিকাদি ভেদে ত্রিবিধ। জগতে যাবতীয় বস্তুই গুণত্রয় হই সমুদ্ভূত, অতএব তাহারা সকলেই ত্রিগুণাত্মক। যে মানব যাদৃশ গু সম্পন্ন, তদ্‌গুণাত্মক আহারই তাহার প্রিয়। যে ব্যক্তি সত্ত্বগুণসম্পন্ন সাত্বিক আহারকেই প্রীতির বিষয় বলিয়া মনে করে এবং রাজসিক তামসিক আহারকে ঘৃণার দৃষ্টিতে দর্শন করিয়া থাকে। যাদৃশ আহা সত্ত্বগুণ বর্দ্ধিত হয়, যে আহার দ্বারা হৃদয় রাজস তামস ভাব পরিবর্জ্জ

করিয়া বিশুদ্ধ সত্ত্বসম্পন্ন হয়, সাত্ত্বিক প্রকৃতিবিশিষ্ট মানবগণ সেইরূপ রস্যাদি গুণযুক্ত আহারের অনুরাগী। যাহারা রাজস প্রকৃতিসম্পন্ন, তাঁহারা রজোগুণবর্দ্ধক অন্নাদি আহার করিয়া থাকে, তদ্দ্বারা তাহাদের হৃদয়ে রজোগুণই উত্তরোত্তর বর্দ্ধিত হয়। আর যাহারা তমোগুণবিশিষ্ট, তাহারা তামস আহারকে আপনাদের অতিশয় প্রিয় বলিয়া জ্ঞান করে, এবং তাদৃশ আহারের নিমিত্তই তাহারা আগ্রহান্বিত হইয়া থাকে। এইরূপ আহার তাহাদের তমোগুণ বৃদ্ধির পক্ষেই সহায়তা করে। আহারের ন্যায় মানব যজ্ঞ, তপস্যা এবং দান এই ত্রিবিধ কর্ম্মের অনুষ্ঠান করে। যে ব্যক্তি সত্ত্বগুণশালী, সে সাত্ত্বিক যজ্ঞ, সাত্ত্বিক তপস্যা এবং সাত্ত্বিক দানের অনুরাগী। যে ব্যক্তি রাজস ভাবাপন্ন, রাজসিক যজ্ঞ, রাজসিক তপস্যা এবং রাজসিক দানই তাহার প্রিয়। আর যে মানব তমোগুণসম্পন্ন, সে তামসিক যজ্ঞ, তামসিক তপস্যা এবং তামসিক দানের অনুষ্ঠান করে। সত্ত্বাদি ভেদে আহার, যজ্ঞ, তপস্যা এবং দানের যে বিভিন্নতা আছে তাহা অতঃপর ব্যক্ত করিতেছি, তুমি অবহিত চিত্তে তৎসমূহ শ্রবণ কর। শ্রবণান্তে এই সমস্ত বিষয় হৃদয়ে প্রণিধান পূর্ব্বক রাজসিক এবং তামসিক আহারাদির পরিবর্জ্জন করিয়া সাত্ত্বিক আহারাদির অনুষ্ঠানে রত হও।

আহারই যে চিত্তবৃত্তি পরিবর্ত্তনের মূল কারণ তদ্বিষয়ে কোনই সন্দেহ নাই। সংসারে প্রতিনিয়তই আমরা এ বিষয়ের স্পষ্ট প্রমাণ পাইয়া থাকি। সুপরিস্কৃত বিশুদ্ধ অন্নাদি ভোজন করিলে চিত্ত যেরূপ প্রফুল্ল এবং দেহ যেমন সুস্থ থাকে, অনির্ম্মল অবিশুদ্ধ অন্নাদি আহার করিলে মনের বা দেহের সেরূপ প্রফুল্লতা বা সুস্থতা থাকে না। ইহার কারণ এই যে, লোকে যে সমস্ত দ্রব্যাদি ভোজন করে, সে[illegible] স্ব দ্রব্য পরিপাকান্তে রসাদি রূপে শরীরের সর্ব্বস্থানে সঞ্চালিত হয়, এবং সে[illegible] [illegible] অনুরূপে চিত্তের এবং দেহের অবস্থাও পরিবর্ত্তিত হইয়া থা[illegible] [illegible]রসাদি পদার্থ ভোজন করিলে চিত্ত এবং দেহ উন্নত হইতে থাকে, কিন্তু মদ্যাদি উগ্র পদার্থের পান দ্বারা তাহাদের বিকৃতি এবং অবনতি পরিদৃষ্ট হয়। এই জন্যই আর্য্য ঋষিগণ নিয়মিত বিশুদ্ধ আহারের ব্যবস্থা করিয়াছেন, এবং তাঁহারাও সেইরূপ আহারাদির অনুষ্ঠান দ্বারা যোগসিদ্ধি এবং দীর্ঘজীবনাদি লাভ করিয়াছিলেন। অতএব তাঁহাদের নির্দ্দিষ্ট বিহিত

বিহিত আহারের অনুষ্ঠান এবং অবিহিত অবিশুদ্ধ আহারের পরিবর্জ্জন একান্ত শ্রেয়স্কর এবং সকলেরই তদ্বিষয়ে মনোযোগী হওয়া কর্ত্তব্য।

এতৎ সম্বন্ধে পূজ্যপাদ শ্রীমদ্রামানুজাচার্য্য দুইটী শ্রুতি উদ্ধৃত করিয়াছেন। যথা; "অন্নময়ং হি সৌম্য মনঃ।" অর্থাৎ হে সৌম্য! এই মন অন্নময় অর্থাৎ অন্নবিকার মাত্র। ইহা যাদৃশ অন্নজাত হইবে, তাদৃশ বিকৃতিই প্রাপ্ত হইবে। "আহারশুদ্ধৌ সত্ত্বশুদ্ধিঃ।" অর্থাৎ বিশুদ্ধ আহার দ্বারাই সত্ত্ব অর্থাৎ অন্তঃকরণের বিশুদ্ধতা জন্মে। মুণ্ডকোপনিষদে অন্নসম্বন্ধে কথিত হইয়াছে যে, "তপসা চীয়তে ব্রহ্ম ততো হন্নমভিজায়তে। অন্নাৎ প্রাণো মনঃ সত্যং লোকাঃ কর্ম্মসু চামৃতং॥" (মুণ্ডকোপনিষৎ ১ম খণ্ড ৮ম শ্রুতি) ইহার ভাবার্থ এই যে, তপস্যা অর্থাৎ জ্ঞান দ্বারা ব্রহ্ম এই জগৎ সৃষ্টি করিতে ইচ্ছা করিলে তাহা হইতে প্রথমে অন্নের উৎপত্তি হইল; পরে অন্ন হইতে প্রাণ, মন, সত্য অর্থাৎ পঞ্চ মহাভূত, ভূর্ভুব স্বঃ প্রভৃতি লোকসমূহ এবং অবিনাশী কর্ম্মফল সমুৎপন্ন হইল। অন্যান্য উপনিষদেও বহু স্থলে অন্ন বিষয়ক বিবিধ শ্রুতি উক্ত হইয়াছে॥ ৭॥

——•:):•:(:•——

আয়ুঃসত্ত্ববলারোগ্যসুখপ্রীতিবিবর্দ্ধনাঃ।
রস্যাঃ স্নিগ্ধাঃ স্থিরা হৃদ্যা আহারাঃ সাত্ত্বিকপ্রিয়াঃ॥৮॥

অন্বয়।—আয়ুঃসত্ত্ববলারোগ্যসুখপ্রীতিবিবর্দ্ধনাঃ (জীবনোৎসাহ-শক্তিনিরাময়ত্বচিত্তপ্রসাদাভিরুচীনাং বর্দ্ধকাঃ) রস্যাঃ (রসযুক্তাঃ) স্নিগ্ধাঃ (স্নেহযুক্তাঃ) স্থিরাঃ (স্থিতিশীলাঃ) হৃদ্যাঃ (মনোরমাঃ) আহারাঃ সাত্ত্বিকপ্রিয়াঃ (সাত্ত্বিকানাং ইষ্টাঃ) [ভবন্তি]॥ ৮॥

প্রতিশব্দ।—আয়ু-সত্ত্ব বল-আরোগ্য-সুখ-প্রীতির-বর্দ্ধক রস-যুক্ত স্নিগ্ধ বহু-কাল-স্থায়ী মনোরম আহার সাত্ত্বিকগণের প্রিয় [হয়]॥ ৮॥

ব্যাখ্যা—আয়ু, উৎসাহ, শক্তি, নিরোগিতা সুখ এবং সন্তোষের বর্দ্ধক, রসশালী, স্নিগ্ধ, রসরক্তাদিরূপে দেহে চিরকাল স্থায়ী এবং মনোরম আহারসমূহ সাত্ত্বিকগুণশালী ব্যক্তিগণের প্রিয় হইয়া থাকে॥ ৮॥

শঙ্করাচার্য্য।—আয়ুরিতি। আয়ুশ্চ সত্ত্বঞ্চ বলঞ্চ আরোগ্যঞ্চ সুখঞ্চ প্রীতিশ্চ তাসাং বিবর্দ্ধনাঃ আয়ুঃসত্ত্ববলারোগ্যসুখপ্রীতিবিবর্দ্ধনাঃ রস্যাঃ স্নিগ্ধাঃ তে চ রস্যা রসোপেতাঃ স্নিগ্ধাঃ স্নেহবন্তঃ স্থিরাশ্চিরকালস্থায়িনোদেহে হৃদ্যা হৃদয়প্রিয়া আহারাঃ সাত্ত্বিকস্যেষ্টাঃ ॥ ৮ ॥

আনন্দগিরি।—সাত্ত্বিকপ্রীতিবিষয়মাহারবিশেষমুদাহরতি আয়ুরিতি। আয়ুর্জ্জীবনং সত্ত্বঞ্চিত্তস্থৈর্য্যং বীর্য্যং বা বলং কার্য্যকরণসামর্থ্যং আরোগ্যন্নীরোগতা সুখং অন্তরাহ্লাদঃ প্রীতিঃ পরেষামপি সম্পন্নানাং দর্শনাৎ পরমোহর্ষস্তাসাং বিবর্দ্ধনাঃ বিবর্দ্ধয়ন্তীতি ব্যুৎপত্তেঃ রসোপেতে রসান্বিতব্যাঃ সরসাঃ দেহে চিরকালস্থায়িত্বং চিরশরীরোপকারহেতুত্বং ॥ ৮ ॥

রামানুজ।—আয়ুরিতি। সত্ত্বগুণোপেতস্য সত্ত্বময়া আহারাঃ প্রিয়া ভবন্তি। সত্ত্বময়াশ্চাহারা আয়ুর্ব্বিবর্দ্ধনাঃ পুনরপি সত্ত্বস্য বিবর্দ্ধনাঃ. সত্ত্বমন্তঃকরণং অন্তঃকরণকার্য্যং জ্ঞানমিহ সত্ত্বশব্দেনোচ্যতে। সত্ত্বাং সঞ্জায়তে জ্ঞানমিতি সত্ত্বস্য জ্ঞানবিবৃদ্ধিহেতুবচনাৎ। আহারোহপি সত্ত্বময়ো জ্ঞানবিবৃদ্ধিহেতুঃ। তথা বলারোগ্যয়োরপি বিবর্দ্ধনাঃ সুখপ্রীত্যোরপি বিবর্দ্ধনাঃ পরিণামকালে স্বয়মেব সুখস্য বিবর্দ্ধনাঃ তথা প্রীতিহেতুভূতকর্ম্মারম্ভদ্বারেণ প্রীতিবিবর্দ্ধনাঃ রস্যা মধুররসোপেতাঃ স্নিগ্ধাঃ স্নেহযুক্তাঃ স্থিরাঃ স্থিরপরিণামাঃ হৃদ্যা রমণীয়বেশা এবংবিধাঃ সত্ত্বময়া আহারাঃ সাত্ত্বিকস্য পুরুষস্য প্রিয়াঃ ॥ ৮ ॥

হনুমান্।—আয়ুর্যো বলকালঃ সত্ত্বংপ্রকৃতিঃ পূর্ব্বসংস্কারজাতাবলং স্থৈর্য্যং সুখমানন্দং সন্তোষঃ প্রীতির্যেষাং বিবর্দ্ধনাঃ রস্যাঃ মধুরাঃ স্নিগ্ধা স্নেহবদ্ধাঃ স্থিরাঃ দীর্ঘকালপরিণামিতাঃ হৃদ্যা দর্শনমাত্রেণ প্রীতিহেতবঃ এবংভূতাঃ আহারাঃ স্বয়ং সাত্ত্বিকা সাত্ত্বিকস্য ॥ ৮ ॥

শ্রীধর।—তত্রাহারত্রৈবিধ্যমাহ আয়ুরিতি ত্রিভিঃ। আয়ুর্জীবনং, সত্ত্বমুৎসাহঃ, বলং শক্তিঃ, আরোগ্যং রোগরাহিত্যং, সুখং চিত্তপ্রসাদঃ, প্রীতিরভিরুচিঃ আয়ুরাদীনাং বিবর্দ্ধনাঃ বিশেষেণ বৃদ্ধিকরাঃ তে চ রস্যা রসবন্তঃ স্নিগ্ধাঃ স্নেহযুক্তাঃ স্থিরা দেহে সারাংশেন চিরকালাবস্থায়িনঃ হৃদ্যাঃ দৃষ্টিমাত্রাদেব হৃদয়ঙ্গমাঃ এবম্ভূতা আহারা ভক্ষ্যভোজ্যাদয়ঃ সাত্ত্বিকপ্রিয়াঃ ॥ ৮ ॥

বলদেব।—তত্র সাত্ত্বিকাহারমাহ আয়ুরিতি। আয়ুশ্চিরজীবনং সত্ত্বং চিত্তধৈর্য্যং বলং দেহসামর্থ্যং সুখং তৃপ্তিঃ প্রীতিরভিরুচিঃ। এতাসাং বিবর্দ্ধন রস্যাদিগুণবন্তঃ সগব্যাশর্করাঃ শালিগোধূমাদয়ঃ সাত্ত্বিকানাং প্রিয়াস্তৈরুপাদেয়া ইত্যর্থঃ। রস্যা [illegible] নীরসানাং চণকাদীনাম্ স্নিগ্ধা ইতি রুক্ষাণাং গুড়াদীনাং স্থিরা ইত্যস্থিরাণাং দুগ্ধফেনাদীনাং হৃদ্যে [illegible] দীনাঞ্চ ব্যাবৃত্তিঃ। কুত্সদয়াদাহিতত্বমহৃদ্যত্বং। অত্র পবিত্রা ই[illegible]। তামসপ্রিয়েষ্বমেধ্যপদদর্শনাৎ ॥ ৮ ॥

মধুসূদন।—আহারযজ্ঞতপোদানানাং ভেদঃ পঞ্চদশভির্ব্যাখ্যায়তে, তত্রাহারভেদস্ত্রিভিঃ। আয়ুশ্চিরজীবনং সত্ত্বং চিত্তধৈর্য্যং, বলবত্তি দুঃখেহপি নির্ব্বিকারত্বাপাদকং বলং শরীরসামর্থ্যং স্বোচিতে কার্য্যে শ্রমাভাবপ্রয়োজকং, আরোগ্যং ব্যাধ্যভাবঃ, ভোজনানন্তরাহ্লাদস্তৃপ্তিঃ প্রীতির্ভোজনকালেহনভিরুচিরাহিত্যমিচ্ছোৎকণ্ঠ্যং তেষাং বিবর্দ্ধনাঃ বিশেষেণ

বৃদ্ধিহেতবঃ, রস্যাঃ আস্বাদ্যাঃ মধুররসপ্রধানাঃ স্নিগ্ধাঃ সহজেনাগন্তুকেন বা স্নেহেন যুক্তাঃ স্থিরাঃ রসাদ্যংশেন শরীরে চিরকালস্থায়িনঃ হৃদ্যাঃ হৃদয়ঙ্গতাঃ দুর্গন্ধাশুচিত্বাদিদৃষ্টাদৃষ্টদোষশূন্য আহারাশ্চর্ব্যচোষ্যলেহ্যপেয়াঃ সাত্ত্বিকানাং প্রিয়াঃ এতৈর্লিঙ্গৈঃ সাত্ত্বিকা জ্ঞেয়াঃ সাত্ত্বিকত্বমভিলষদ্ভিশ্চৈত আদেয়া ইত্যর্থঃ ॥ ৮ ॥

নীলকণ্ঠ।—আয়ুর্জ্জীবনং সত্ত্বমুৎসাহঃ বলং শক্তিঃ আরোগ্যং রোগরাহিত্যং সুখং চিত্তপ্রসাদঃ প্রীতিঃ অভিরুচিঃ এতেষাং বিবর্দ্ধনাঃ বৃদ্ধিকরাঃ তে আয়ুঃসত্ত্ববলারোগ্যসুখপ্রীতিবিবর্দ্ধনাঃ রস্যাঃ রসোপেতাঃ স্নিগ্ধাঃ স্নেহবন্তঃ স্থিরাঃ দেহে রসাংশেন চিরকালস্থায়িনঃ হৃদ্যাঃ দৃষ্টমাত্রা এব হৃদয়প্রিয়াঃ আহারা ঘৃতক্ষীরসিতাদয়ঃ সাত্ত্বিকপ্রিয়াঃ ॥ ৮ ॥

বিশ্বনাথ।—আয়ুরিতি। সাত্ত্বিকাহারবতাং আয়ুর্ব্বর্দ্ধতে ইতি প্রসিদ্ধিঃ। সত্ত্বমুৎসাহঃ রস্যা ইতি কেবল গুড়াদীনাং রস্যত্বেঽপি রুক্ষত্বং অত আহ স্নিগ্ধা ইতি। দুগ্ধফেনাদীনাং রস্যত্বস্নিগ্ধত্বেঽপি অস্থৈর্য্যং অত আহ স্থিরা ইতি। পনসফলাদীনাং রস্যত্বস্নিগ্ধত্বস্থিরত্বেঽপি হৃদুদরাদ্যহিতত্বং অতআহ হৃদ্যা হৃদুদরহিতা ইতি। তেন সগব্যশর্করা শালিগোধূমাদয় এব রস্যত্বাদি চতুষ্টয়গুণবত্ত্বাৎ সাত্ত্বিকলোকপ্রিয়া জ্ঞেয়াঃ তেষাং প্রিয়ত্বে সত্যেব সাত্ত্বিকত্বঞ্চ জ্ঞেয়ং। কিঞ্চ গুণচতুষ্টয়বত্ত্বেঽপি অপাবিত্র্যে সতি সাত্ত্বিকপ্রিয়ত্বাদর্শনাৎ অত্র পবিত্রা ইত্যপি বিশেষণং দেয়ং তামসপ্রিয়েষু অমেধ্যপদদর্শনাৎ ॥ ৮ ॥

তাৎপর্য্য।—পূর্ব্ব শ্লোকে শ্রীভগবান্ প্রতিজ্ঞা করিয়াছেন যে, অতঃপর তিনি আহার, যজ্ঞ, তপঃ এবং দান ইহাদের সাত্ত্বিকাদি ভেদ প্রদর্শন করিবেন। এক্ষণে তিনি পঞ্চদশ শ্লোকে পূর্ব্ব প্রতিজ্ঞাত আহারাদির-ভেদ প্রদর্শন করিতে ইচ্ছুক হইয়া অধুনা শ্লোকত্রয়ে সাত্ত্বিক রাজসিক এবং তামসিক আহারের বিষয় নিরূপণ করিতেছেন। শ্রীভগবান্ বলিতেছেন, যাঁহারা সাত্ত্বিক প্রকৃতিসম্পন্ন, তাঁহারা সাত্ত্বিক আহারের অনুরাগী। যে আহারের দ্বারা আয়ুঃ অর্থাৎ জীবন কালের বৃদ্ধি হয়, তাহাই সাত্ত্বিক আহার। সত্ত্ব অর্থাৎ চিত্তস্থৈর্য্য, মহৎ দুঃখ আপতিত হইলেও চিত্তের যে নির্ব্বিকার ভাব, তাহারই নাম সত্ত্ব; আপনার কর্ত্তব্য কার্য্য সম্পাদন করিতে শ্রান্তিবোধ-বিরহিত দৈহিক সামর্থ্যের নাম বল; রোগের * অভাব বা উপশমের নামই আরোগ্য; সুখ অর্থাৎ ভোজন শেষে

* রোগ।—দেহের স্বাভাবিক অবস্থার বৈপরীত্যের নাম রোগ। রুক্, রুজা, উপতাপ, ব্যাধি, গদ এবং আময় ইহার নামান্তর। "জনকঃ সর্ব্বরোগাণাং দুর্নিবারো দারুণো জ্বরঃ। শিবকোপোদ্ভব রোগী চ [illegible] বিকৃতাকৃতিঃ। [illegible] ষড়ভুজো নবলোচনঃ। [illegible] রৌদ্রঃ কালান্তকযমোপমঃ। [illegible] পিত্তশ্লেষ্মসমীরাশ্চ প্রাণিনাং দুঃখদায়কাঃ। বায়ুঃ পিত্তঞ্চৈব

যে অন্তরের তৃপ্তিজনক ভাব; আহারকালে ভক্ষ্য দ্রব্যের প্রতি যে অভিরুচি অর্থাৎ অনুরাগ, তাহাই প্রীতি। সাত্ত্বিক আহার এই সমস্ত গুণের বর্দ্ধক। অপিচ যাহা রস্য অর্থাৎ মধুর রসাস্বাদ বিশিষ্ট, যাহা স্নিগ্ধ অর্থাৎ ঘৃতাদি স্নেহদ্রব্য সংযুক্ত; যাহা রস, রক্ত, মেদাদিরূপে দেহে বহুকাল অবস্থিত হইয়া শরীরের পুষ্টিসাধন করে তাহাই স্থির, যাহাকে দৃষ্টিমাত্রই হৃদয়ের প্রীতিকর ও মনোরম বলিয়া বোধ হয় তাহাই হৃদ্য

শ্লেষ্মজশ্চ তথৈব চ। জ্বরভেদাশ্চ ত্রিবিধাশ্চতুর্থশ্চ ত্রিদোষজঃ। পাণ্ডুশ্চ কামল কুষ্ঠঃ শোথঃ প্লীহা চ শূলকঃ। জ্বরাতিসার গ্রহণী কাসব্রণহলীমকাঃ। মূত্রকৃচ্ছ্রশ্চ গুল্মশ্চ রক্তদোষবিকারজঃ। বিষমেহশ্চ কুব্জশ্চ গোদশ্চ গলগণ্ডকঃ। ভ্রমরী সন্নিপাতশ্চ বিসূচী দারুণী সতি। এষাং ভেদপ্রভেদেন চতুঃষষ্ঠী রুজঃ স্মৃতাঃ। মৃত্যুকন্যা—সুতাশ্চৈতে জরা তস্যাশ্চ কন্যকা। জরা চ ভ্রাতৃভিঃ সার্দ্ধং শশ্বদ্‌ভ্রমতি ভূতলং। এতে চোপায়বেত্তারং ন গচ্ছন্তি চ সংযতং। পলায়ন্তে চ তং দৃষ্ট্বা বৈনতেয়মিবোরগাঃ॥" (ব্রহ্মবৈবর্ত্ত পুরাণ ব্রহ্মখণ্ড ১৬শ অধ্যায়) ইহার তাৎপর্য্য যথা; উপবর্হন নামক গন্ধর্ব্বের পত্নী মালাবতী কর্ত্তৃক জিজ্ঞাসিত হইয়া ব্রাহ্মণকুমার রোগ সমূহের বৃত্তান্ত পরিকীর্ত্তন করিতেছেন। তিনি বলিতেছেন, হে সাধ্বি! যাবতীয় রোগের মধ্যে জ্বর অতিশয় ভয়ঙ্কর ব্যাধি; এই জ্বরই অন্যান্য রোগ সমূহের জনক। এই জ্বর শিবভক্ত, যোগী, কিন্তু অতিশয় নিষ্ঠুর এবং বিকৃতদেহ। ইহার তিনপাদ, তিন মস্তক, ছয় হস্ত এবং নয়টী চক্ষু, ভস্ম ইহার প্রহরণ, এই ভীমদর্শন জ্বর সাক্ষাৎ প্রলয়কারী যমের ন্যায় ভয়ঙ্কর। মন্দাগ্নি জ্বরের জনক, এবং পিত্ত, শ্লেষ্মা ও বায়ু এই তিন মন্দাগ্নির জনক। ইহারা সকলেই জীবগণের পীড়াদায়ক। জ্বর চতুর্ব্বিধ, বায়ুজ, পিত্তজ, শ্লেষ্মজ এবং ত্রিদোষজ অর্থাৎ বায়ু পিত্ত শ্লেষ্মা এই তিনের দোষ হইতেই উৎপন্ন। এতদ্ভিন্ন পাণ্ডু, কামল, কুষ্ঠ, শোথ, প্লীহা, শূল, জ্বরাতিসার, গ্রহণী, কাস, ব্রণ, হলীমক, মূত্রকৃচ্ছ্র, গুল্ম, বিষমেহ, কুব্জ, গোদ, গলগণ্ড, ভ্রমরী, সন্নিপাত, এবং ভয়ঙ্করী বিসূচী প্রভৃতি চতুঃষষ্ঠী ৬৪ প্রকার মূল ব্যাধি আছে। ইহারা মৃত্যুকন্যার পুত্র, জরা মৃত্যুকন্যার তনয়া। এই জরা ভ্রাতৃগণের সহিত ভূতলে নিয়ত ভ্রমণ করিতেছে। কিন্তু উপায়জ্ঞ সংযমী জীবগণকে ইহারা আক্রমণ করিতে পারে না; গরুড়দর্শনে সর্পগণ যেরূপ পলায়ন করে, এই সকল ব্যাধিও উপায়জ্ঞ জীবগণের নিকট হইতে তদ্রূপে পলায়িত হয়।' অতঃপর যে যে উপায়ে মানব জরাক্রান্ত হয় না বা যে যে কারণে অকালে জরা দ্বারা পীড়িত হয় তাহাও কথিত হইয়াছে। যথা; "চক্ষুর্জলঞ্চ ব্যায়ামঃ পাদাধস্তৈলমর্দ্দনং। কর্ণয়োর্মূর্দ্ধ্নি তৈলঞ্চ জরাব্যাধি বিনাশনং। বসন্তে ভ্রমণং বহ্নিসেবাং স্বল্পং করোতি যঃ। বালাঙ্গ সেবতে কালে জ[illegible] নোপগচ্ছতি। খাতশীতোদকস্নায়ী সেবতে চন্দনদ্রবং। নোপযাতি জরা তঞ্চ নিদাঘেঽনিলসেবকম্। প্রাবিষু [illegible] স্নায়ী ঘনতোয়ং ন সেবতে। সময়ে চ সমাহারী জরা তং নোপগচ্ছতি। শরদ্রৌদ্রম্ ন গৃহ্ণাতি ভ্রমণম্ তত্র ব[illegible] সমাহারী জরা তং নোপগচ্ছতি। খাতস্নায়ী চ হেমন্তে কালে বহ্নিঞ্চ সেবতে। ভুঙ্‌[illegible] জরা তং নোপগচ্ছতি। শিশিরেঽংশুকং বহ্নিঞ্চ নবোষ্ণান্নঞ্চ সেবতে। য এবোষ্ণোদকস্নায়ী জরা তম্ নোপগচ্ছতি। সদ্যো মাংসং নবান্নঞ্চ বালাস্ত্রী ক্ষীরভোজনং। ঘৃতঞ্চ সেবতে যো হি জরা তং নোপগচ্ছতি। ভুঙ্‌ক্তে সদন্নং ক্ষুৎকালে তৃষ্ণায়াং পীয়তে জলং। নিত্যং ভুঙ্‌ক্তে চ তাম্বূলং জরা তং নোপগচ্ছতি। দধি হৈয়ঙ্গবীনঞ্চ নবনীতং তথা গুড়ং। নিত্যং ভুঙ্‌ক্তে সংযমী যো জরা তং নোপগচ্ছতি॥ শুষ্ক মাংসং স্ত্রিয়ম্ বৃদ্ধাম্ বালার্কম্ তরুণম্ দধি। সংসেবন্তম্ জরা যাতি প্রহৃষ্টা ভ্রাতৃভিঃ সহ। রাত্রৌ যে দধি সেবন্তে পুংশ্চলীশ্চ রজস্বলাঃ। তানুপৈতি জরা হৃষ্টা ভ্রাতৃভিঃ সহ সুন্দরি। রজস্বলা চ কুলটা চাবীরা জারদূতিকা। শূদ্রযাজকপত্নী যা ঋতুহীনা চ যা সতি। যোহি তাসামন্নভোজী ব্রহ্মহত্যাম্ লভেত্তু সঃ। তেন পাপেন সার্দ্ধম্ সা জরা তমুপগচ্ছতি। পাপানাম্ ব্যাধিভিঃ সার্দ্ধম্ মিত্রতা

এবং যাহা দুর্গন্ধ অশুচিত্ব প্রভৃতি দৃষ্টাদৃষ্ট দোষ পরিশূন্য, তাদৃশ চর্ব্য চোষ্য, লেহ্য এবং পেয় এই চতুর্ব্বিধ আহারের প্রতি সাত্ত্বিক ব্যক্তিগণ অনুরাগী। অর্থাৎ যাঁহারা এতাদৃশ সুপবিত্র খাদ্য সমূহ আহার করিয়া থাকেন, তাঁহাদিগকেই সত্ত্বগুণশালী ব্যক্তি বলিয়া জানিবে। এইরূপ আহারের দ্বারা তাঁহাদের সত্ত্বগুণ উত্তরোত্তর বর্দ্ধিত হইয়া থাকে, তদ্দ্বারা তাঁহারা স্থিরচিত্তে ক্রমশঃ আত্মোন্নতি সহকারে বিবিধ সত্ত্বগুণ বিশিষ্ট

সততং ধ্রুবম্। পাপম্ ব্যাধিজরাবীজম্ বিঘ্নবীজঞ্চ নিশ্চিতম্। পাপেন জায়তে ব্যাধি পাপেন জায়তে জরা। পাপেন জায়তে দৈন্যং দুঃখম্ শোকো ভয়ঙ্করঃ॥" (ব্রহ্মবৈবর্ত্ত পুরাণ ব্রহ্মখণ্ড ১৬শ অধ্যায়) ইহার তাৎপর্য্য যথা; চক্ষুর্দ্বয়ে জলসেক, ব্যায়াম, পদতলে তৈল মর্দ্দন, কর্ণদ্বয়ে তৈল দান এবং মস্তকে তৈল মর্দ্দন করিলে সহসা জরা আক্রমণ করিতে পারে না। যাহারা বসন্ত কালে ভ্রমণ করে, অল্প বহ্নি সেবা করে এবং যথাকালে যুবতী নারীকে উপভোগ করে, তাহাদিকে জরা আক্রমণ করিতে পারে না। যাহারা সরোবরের শীতল জলে স্নান করে, অঙ্গে চন্দন দ্রব বিলেপন করে এবং নিদাঘ কালে মন্দানিল সেবন করে, জরা দ্বারা তাহারা আক্রান্ত হয় না। যাহারা বর্ষাকালে বৃষ্টিজলে স্নান না করিয়া উষ্ণজলে স্নান করে এবং সময়ে পরিমিত আহার করে, জরা তাহাদিগের নিকট গমন করে না। যাহারা শরৎকালে রৌদ্রসেবন বা ভ্রমণ পরিত্যাগ করে এবং খাত জলে স্নান ও সমাহার করিয়া থাকে, জরা তাহাদিগের কোন অনিষ্টই করিতে পারে না। যাহারা হেমন্তকালে পুষ্করিণীর জলে স্নান এবং বহ্নিসেবা পূর্ব্বক উষ্ণ নবান্ন ভোজন করে, তাহারা জরার আক্রমণ হইতে রক্ষা পায়। যাহারা শীত কালে উষ্ণ বস্ত্র ব্যবহার, অগ্নিসেবা ও নব উষ্ণ অন্ন ভোজন করে এবং উষ্ণ জলে স্নান করে, জরা তাহাদিগের কি করিবে? যাহারা সদ্য প্রস্তুত মাংস, নবান্ন ও ঘৃত ভোজন এবং দুগ্ধ পান করে, যুবতী রমণীর সহিত বিহার করে, তাহাদিগের দেহে জরার কোন অধিকার থাকে না। ক্ষুধা হইলে যাহারা উৎকৃষ্ট অন্ন ভোজন ও তৃষ্ণা হইলে সুশীতল জল পান করে এবং সর্ব্বদা তাম্বূল ব্যবহার করে, জরা তাহাদিগকে আক্রমণ করিতে পারে না। যাহারা নিত্য দধি, সদ্যোৎপন্ন ঘৃত, নবনীত এবং গুড় ভোজন করিয়া থাকে, জরা তাহাদের নিকট গমন করিতে পারে না। আর যে সকল ব্যক্তি শুষ্ক মাংস, বৃদ্ধা স্ত্রী, শরতের রৌদ্র এবং পুরাতন দধি সেবা করে, জরা আনন্দ সহকারে ভ্রাতৃগণের সহিত তাহাদিগকে আক্রমণ করিয়া থাকে। যাহারা রাত্রিকালে দধি ভোজন এবং পুংশ্চলী অর্থাৎ ভ্রষ্টা বা রজঃস্বলা কামিনী উপভোগ করে, ভ্রাতৃগণের সহিত জরা তাহাদের দেহে প্রবেশ করে। যাহারা রজঃস্বলা, কুলটা, অবীরা অর্থাৎ পতিপুত্রহীনা, জারদূতিকা (কুট্টনী), শূদ্রযাজক পত্নী এবং ঋতুহীনা স্ত্রীলোকের অন্ন ভোজন করে, তাহারা ব্রহ্মহত্যার পাপে লিপ্ত হয়, এবং সেই পাপে জরা তাহাদিগকে আক্রমণ করে। ব্যাধি সমূহের সহিত পাপের পরম মিত্রতা আছে। পাপই ব্যাধি, জরা এবং বিঘ্ন সমূহের বীজস্বরূপ। পাপ হইতেই ব্যাধি, জরা, দৈন্য দুঃখ এবং শোক জন্মিয়া থাকে।" "রোগস্তু দোষবৈষম্যং দোষ সাম্যমরোগতা। রোগা দুঃখস্য দাতারো জ্বর প্রভৃতয়ো হি তে। তে চ স্বাভাবিকাঃ কেচিৎ কেচিদাগন্তবঃ স্মৃতাঃ। মানসাঃ কেচিদাখ্যাতাঃ কথিতাঃ কেঽপি কায়িকাঃ।" (বাগ্ভট) অর্থাৎ দোষসমূহ বিষমতা প্রাপ্ত হইলে রোগের উৎপত্তি এবং সমতা প্রাপ্ত হইলেই রোগনিবৃত্তি হইয়া থাকে। জ্বর প্রভৃতি রোগসমূহ দুঃখদায়ক, ইহাদের মধ্যে স্বাভাবিক, আগন্তুক, মানস এবং কায়িক এই চতুর্ব্বিধ ভেদ দৃষ্ট হইয়া থাকে। যাহা স্বভাবতই দেহোৎপত্তির সহিত উদ্ভূত হয় তাহাই স্বাভাবিক। যথা, ক্ষুধা, পিপাসা; মৃত্যু প্রভৃতি। অস্বাভাবিক

সৎকার্য্য সমূহের অনুষ্ঠান করিয়া থাকেন। অতএব যাঁহারা সাত্ত্বিক প্রকৃতি লাভের অভিলাষী, তাঁহারা প্রযত্ন সহকারে এতাদৃশ আহারের অনুষ্ঠান করিবেন।

পূজ্যপাদ শ্রীমদ্বলদেব বিদ্যাভূষণ অভিপ্রায় প্রকাশ করিয়াছেন যে, রস্যত্বাদি গুণবিশিষ্ট গব্য ও শর্করাযুক্ত শালিতণ্ডুল এবং গোধূমাদি সাত্ত্বিক ব্যক্তিগণের প্রিয় আহার। নীরস চণক (ছোলা) আদির ব্যাবৃত্তির নিমিত্ত রস্যপদ প্রযুক্ত হইয়াছে ; রুক্ষ গুড়াদির নিষেধ জন্য স্নিগ্ধ পদ দত্ত হইয়াছে, অস্থির দুগ্ধ ফেন প্রভৃতির ব্যাবর্ত্তন জন্য স্থির পদ এবং অহৃদ্য পনস (কাঁঠাল) ফলাদির ব্যাবৃত্তির নিমিত্ত হৃদ্য পদ প্রযুক্ত হইয়াছে। যাহা ক্ষুধা এবং উদরের অহিতকর, তাহাই অহৃদ্য। পরে তামসিক আহারে অমেধ্য পদ দর্শন হেতু এ স্থলে পবিত্র পদ উহ্য করিতে হইবে ॥ ৮ ॥

—•:(*):•—

কট্বম্ললবণাত্যুষ্ণতীক্ষ্ণরুক্ষবিদাহিনঃ।
আহারা রাজসস্যেষ্টা দুঃখশোকাময়প্রদাঃ ॥ ৯ ॥

অন্বয়।—কট্বম্ললবণাত্যুষ্ণতীক্ষ্ণরুক্ষবিদাহিনঃ দুঃখশোকাময়প্রদাঃ (দুঃখদৌর্ম্মনস্যরোগ জনকাঃ) আহারাঃ রাজসস্য (রজোগুণযুক্তস্য) ইষ্টাঃ (প্রিয়াঃ) [ভবন্তি] ॥ ৯ ॥

পতন প্রভৃতি আগন্তুক। কাম ক্রোধ লোভাদি অথবা উন্মাদ, মূর্চ্ছা [illegible] মানস রোগ। পাণ্ডু-কুষ্ঠাদি কায়িক ব্যাধি। এতদ্ভিন্ন কর্ম্মজ রোগও আছে। যথাবিধানে চিকিৎসিত হ[illegible] রোগের উপশম হয় না, তাহাই কর্ম্মজ। পূর্ব্বজন্মকৃত দুষ্কর্ম্ম হইতে ইহার উৎপত্তি। [illegible] কর্ম্মের তারতম্যানুসারে বিবিধ রোগের উদ্ভব হয় যথা; "কুষ্ঠঞ্চ রাজযক্ষ্মা চ প্রমেহো গ্রহণী তথা। মূত্রকৃচ্ছ্রাশ্মরী কাশা অতিসারভগন্দরৌ। দুষ্টব্রণং গণ্ডমালা পক্ষাঘাতোঽক্ষিনাশনং ইত্যেবমাদয়ো রোগা মহাপাপোদ্ভবাঃ স্মৃতাঃ। জলোদর যকৃৎপ্লীহা শূলরোগ ব্রণানি চ। শ্বাসাজীর্ণ জ্বরচ্ছর্দ্দি ভ্রমমোহগলগ্রহাঃ। রক্তার্ব্বুদ বিসর্পাদ্যা উপপাপোদ্ভবা গদাঃ। দণ্ডাপতানক শ্চিত্রবপুঃকম্প বিচর্চ্চিকাঃ। বাল্মীকপুণ্ডরীকাদ্যা রোগাঃ পাপসমুদ্ভবাঃ। অর্শ আদ্যা নৃণাং রোগা অতিপাপাদ্ভবন্তি হি। অন্যে চ বহবো রোগা জায়ন্তে পাপসঙ্করাঃ॥" (মলমাসতত্ত্বধৃত শাতাতপীয় কর্ম্মবিপাক) পাপানুসারে স্বর্ণাদি দানরূপ প্রায়শ্চিত্ত করিলে এই সকল রোগের উপশম হইয়া থাকে।

প্রতিশব্দ।—কটু-অম্ল-লবণ-উষ্ণ-তীক্ষ্ণ-রূক্ষ-বিদাহি-গুণ-যুক্ত দুঃখ শোক-রোগ-জনক আহার রাজস-গণের প্রিয় [হয়] ॥ ৯ ॥

ব্যাখ্যা।—অতিশয় কটু, অতিশয় অম্ল, অতিলবণ, অতি-উষ্ণ, অতি তীক্ষ্ণ-অত্যন্ত নীরস এবং অতি সন্তাপকর, দুঃখ চিত্তবিকার এবং রোগ এই সকলের জনক আহার সমূহ রাজসিক ব্যক্তিগণের অতিশয় প্রিয় হইয়া থাকে ॥ ৯ ॥

শঙ্করাচার্য্য।—কট্বিতি। কট্বম্ললবণাত্যুষ্ণঃ অতিশব্দং কট্বাদিষু সর্ব্বত্র যোজ্যোঽতি-কটুরতিতীক্ষ্ণ ইত্যেবং কট্বম্ললবণাত্যুষ্ণতীক্ষ্ণরূক্ষবিদাহিনঃ এবম্বিধা আহারা রাজসস্যেষ্টা দুঃখশোকাময়প্রদা দুঃখঞ্চ শোকঞ্চ আময়ঞ্চ প্রযচ্ছন্তীতি দুঃখশোকাময়প্রদাঃ ॥ ৯ ॥

আনন্দগিরি।—রাজসপ্রীতিবিষয়মাহারবিশেষং দর্শয়তি কট্বিতি। কটুকস্তিক্তঃ কটুকস্য তীক্ষ্ণশব্দেনোক্তত্বাৎ রূক্ষোবিস্নেহঃ বিদাহী সন্তাপকঃ অতিশব্দস্য সর্ব্বত্র যোজনামে-বাভিনয়তি অতি কটুরিতি। দুঃখং তাৎকালিকী পীড়া ইষ্টবিয়োগজং দুঃখং শোকঃ আময়ো রোগঃ ॥ ৯ ॥

রামানুজ।—কট্বিতি। কটুরসা অম্লরসা লবণোৎকটা অত্যুষ্ণা অতিতীক্ষ্ণাঃ রূক্ষা বিদাহিনশ্চেতি কট্বম্ললবণাত্যুষ্ণতীক্ষ্ণরূক্ষবিদাহিনঃ অতিশৈত্যাতিতৈক্ষ্ণ্যাদিনা দুরুপযোগাস্তীক্ষ্ণাঃ শোষকরাঃ রূক্ষাস্তাপকরাঃ বিদাহিনো দাহকরাঃ এবংবিধা আহারা রাজসস্যেষ্টাঃ। তেচ রজোময়ত্বাৎ দুঃখশোকাময়বিবর্দ্ধনা রজোবর্দ্ধনাশ্চ ॥ ৯ ॥

হনুমান্।—কট্বম্ললবণাঃ রসবিশেষাঃ অতিশব্দ উষ্ণাদিভিঃ প্রত্যেকমভিসম্বধ্যতে এতে কট্বাদয়ঃ আহারাঃ দুঃখশোকাময়প্রদাঃ রাজসস্য পুরুষস্য প্রিয়াঃ অভিমতাঃ স্বয়মপি রাজসঃ ॥ ৯ ॥

শ্রীধর।—তথা কট্বিতি। অতিশব্দঃ কট্বাদিষু সপ্তস্বপি সম্বধ্যতে, তেন অতিকটুর্নিম্বাদিঃ অত্যম্লোঽতিলবণোঽত্যুষ্ণশ্চ প্রসিদ্ধঃ অতিতীক্ষ্ণোমরিচাদিঃ অতিরূক্ষঃ কঙ্গুকোদ্রবাদিঃ অতি-বিদাহীসর্ষপাদিঃ. অতিকট্বাদয় আহারা রাজসস্যেষ্টাঃ প্রিয়াঃ, দুঃখং তাৎকালিকহৃদয়সন্তাপাদি, শোকঃ পশ্চাদ্ভাবিদৌর্ম্মনস্যং, আময়োরোগঃ এতান্ প্রদদতি প্রযচ্ছন্তীতি তথা ॥ ৯ ॥

বলদেব।—রাজসাহারমাহ কট্বিতি। সপ্তস্বতিশব্দো যোজ্যঃ। অতিকটুরতি তিক্তো নিম্বাদিঃ চ মরিচাদিস্তস্য তীক্ষ্ণশব্দেনোক্তেঃ। অত্যম্লোঽতিলবণোঽত্যুষ্ণশ্চ খ্যাতঃ। অতিতীক্ষ্ণো মরীচাদিঃ অতিরূক্ষঃ কঙ্গুকাদিঃ অতিবিদাহী রাজিকাদিঃ এতে রাজসস্যেষ্টাঃ সাত্ত্বিকানাং তু হেয়াঃ। দুঃখং তাৎকালিকং জিহ্বাকণ্ঠাদিশোষণজং। শোকো দৌর্ম্মনস্যং পাশ্চাত্যং আময়ো রুধিরকোপঃ ॥ ৯ ॥

মধুসূদন।—কট্বিতি অতিশব্দঃ কট্বাদিষু সপ্তস্বপি যোজনীয়ঃ। কটুস্তিক্তঃ কটুরসস্য তীক্ষ্ণশব্দেনোক্তত্বাৎ তত্রাতিকটুর্নিম্বাদিঃ অত্যম্লাতিলবণাত্যুষ্ণাঃ প্রসিদ্ধাঃ, অতি-

তীক্ষ্ণোমরীচাদিঃ, অতিরুক্ষঃ স্নেহশূন্যঃ কঙ্গুকোদ্রবাদিঃ, অতিবিদাহী সন্তাপকো রাজিকাদিঃ, দুঃখং তৎকালিকীং পীড়াং, শোকং পশ্চাদ্ভাবি দৌর্ম্মনস্যং, আময়ং রোগঞ্চ ধাতুবৈষম্যদ্বারা প্রদদতীতি তথাবিধা আহারা রাজসস্যেষ্টাঃ, এতৈর্লিঙ্গৈঃ রাজসা জ্ঞেয়াঃ সাত্ত্বিকৈশ্চৈত উপেক্ষণীয়া ইত্যর্থঃ ॥ ৯ ॥

নীলকণ্ঠ।—কট্বিতি অতিশব্দঃ সর্ব্বত্র সম্বধ্যতে অতিকটুঃ নিম্বাদিঃ অত্যম্লাতিলবণাত্যুষ্ণাঃ প্রসিদ্ধাঃ অতিতীক্ষ্ণো মরীচাদিঃ অতিরুক্ষঃ স্নেহশূন্যঃ কঙ্গুকোদ্রবাদিঃ অতিবিদাহী রাজিকাদিঃ দুঃখং তাৎকালিকীং পীড়াং শোকং পশ্চাদ্ভাবি দৌর্ম্মনস্যম্ আময়ো ধাতুবৈষম্যাপাদন রোগস্তৎপ্রদাঃ ॥ ৯ ॥

বিশ্বনাথ।-অতিশব্দঃ কট্বাদিষু সপ্তস্বপি সম্বধ্যতে। অতিকটু নিম্বাদিঃ অত্যম্ললবণোষ্ণঃ প্রসিদ্ধ এব অতি তীক্ষ্ণো মূলিকাবিষাদিঃ মরীচ্যাদির্বা অতিরুক্ষো হিঙ্গুকোদ্রবাদিঃ বিদাহীসন্তাপঃ শোকঃ পশ্চাদ্ভাবিদৌর্ম্মনস্যং আময়োরোগঃ ॥ ৯ ॥

তাৎপর্য্য।— এক্ষণে রাজস আহারের বিষয় কথিত হইতেছে। মূলস্থিত "অতি" শব্দ কট্বাদি সপ্ত পদের বিশেষণ রূপে ব্যবহৃত হইবে। যাহা নিম্বাদির ন্যায় তিক্ত গুণবিশিষ্ট পদার্থ, তাহাই অতিকটু; যেসকল ভক্ষ্য অতি কটু, অতিশয় অম্লগুণ বিশিষ্ট, যাহা অতি লবণযুক্ত এবং অতিশয় উষ্ণ, যাহা মরীচাদির ন্যায় অতি তীক্ষ্ণ গুণশালী, এবং যাহা স্নেহ পদার্থশূন্য কঙ্গুকদ্রবাদির সদৃশ অতিশয় রুক্ষ, যাহা অতিবিদাহী অর্থাৎ সর্ষপাদির ন্যায় অতিশয় দাহকর, সেই সকল আহার্য্যই রাজস প্রকৃতি ব্যক্তিগণের অতি প্রিয়। এতাদৃশ কটু তিক্ত নীরসাদি দ্রব্যের দ্বারা তাহাদের অন্তঃকরণ সমূহ অতিশয় বিকৃত ভাবাপন্ন হইয়া থাকে এবং তাহাতে বিবিধ দৈহিক বিকার উৎপন্ন হয়। দেহের স্বাভাবিক অবস্থার কিঞ্চিন্মাত্র ব্যতিক্রম ঘটিলেই তা[illegible] বহুবিধ রোগের উদ্ভব হইয়া থাকে। রোগবিজড়িত হইলেই তাহার অ[illegible] উৎসাহ, শক্তি চিত্তপ্রসাদ প্রভৃতি সকল গুণই ক্ষয় প্রাপ্ত হই[illegible]মূহের হ্রাসতানিবন্ধন সে পরিণাম-সুখকর আপাত-দুঃখজনক কার্য্য সমূহের অনুষ্ঠানে বিরত হয়। তাহার সঙ্কুচিত হৃদয় সেই সকল মহৎ ভাবের অনুসরণ করিতে সাহস করে না। সে কেবল যে সমস্ত কার্য্যকে আশুফলদায়ক বিবেচনা করে, যাহাতে সে প্রত্যক্ষ সুখজনক বিষয় সমূহ দেখিতে পায়, যাহার অনুষ্ঠান দ্বারা সে তাৎকালিক প্রীতি বা সন্তোষ লাভ করিতে পারিবে বলিয়া স্থির করে, সে সর্ব্ব প্রযত্ন সহকারে তাদৃশ

কার্য্যকলাপ সমূহের অনুষ্ঠানে একান্ত আসক্ত হয়। অতএব এতাদৃশ আহার বা কার্য্যাদির অনুষ্ঠান দ্বারা রাজস প্রকৃতিসম্পন্ন ব্যক্তিগণ যে প্রকৃত সুখ বা সন্তোষ লাভে সমর্থ হয় না, তাহা নিশ্চিত। পূর্ব্বোক্ত কটু, তীক্ষ্ণাদি আহার দ্বারা সে ভোজন কালেও জিহ্বা শোষণাদি দুঃখ বা পীড়া প্রাপ্ত হয় এবং পরিণামেও শোক অর্থাৎ দৌর্ম্মনস্য রোগ প্রভৃতি নানাপ্রকার চিত্ত বিকার দ্বারা আক্রান্ত হইয়া থাকে। অতএব সাত্বিকগণ এতাদৃশ আহারকে সর্ব্বথা পরিবর্জ্জন করিবেন ॥ ৯ ॥

——:০:):০:(——

যাতযামং গতরসং পূতি পর্য্যুষিতঞ্চ যৎ।
উচ্ছিষ্টমপি চামেধ্যং ভোজনং তামসপ্রিয়ং ॥ ১০ ॥

অন্বয়।—যাতযামং (অর্দ্ধপক্কং) গতরসং (রসরহিতং) পূতি (দুর্গন্ধং) পর্য্যুষিতং (দিনান্তরপক্কং) উচ্ছিষ্টং (অন্যভুক্তাবশিষ্টং) অমেধ্যং (অপবিত্রং) অপি যৎ ভোজনং তৎ চ তামসপ্রিয়ং (তামসানাং ইষ্টং) [ভবতি] ॥ ১০ ॥

প্রতিশব্দ।—অর্দ্ধপক, দুর্গন্ধ, পর্য্যুষিত, উচ্ছিষ্ট এবং অপবিত্র যে ভোজন, তাহাই তামস-গণের-প্রিয় [হয়] ॥ ১০ ॥

ব্যাখ্যা।—যাহা অর্দ্ধপক্ক, রসবিহীন দুর্গন্ধবিশিষ্ট, যাহা পর্য্যুষিত (বাসি), যাহা অন্যের উচ্ছিষ্ট এবং অপবিত্র, তাদৃশ ভোজনই তমোগুণ সম্পন্ন ব্যক্তিগণের প্রিয় হইয়া থাকে ॥ ১০ ॥

শঙ্করাচার্য্য।—যাতযামমিতি। যাতযামং মন্দপক্কং নির্ব্বীর্য্যস্য গতরসেনোক্তত্বাৎ গতরসং রসবিযুক্তং পূতি দুর্গন্ধি পর্য্যুষিতঞ্চ পক্কং সৎ রাত্র্যন্তরিতঞ্চ যৎ উচ্ছিষ্টমপি চ ভুক্তশিষ্টমপ্যমেধ্যমযজ্ঞার্হং ভোজনমীদৃশন্তামসপ্রিয়ং ॥ ১০ ॥

আনন্দগিরি।—তামসপ্রিয়মাহারমুদাহরতি। ননু নির্ব্বীর্য্যং যাতযামমুচ্যতে ন পুনঃর্যামিপক্কমিতি নেত্যাহ নির্ব্বীর্য্যস্যেতি ॥ ১০ ॥

রামানুজ।—যাতেতি। যাতযামং চিরকালাবস্থিতং গতরসং ত্যক্ত স্বাভাবিকরসং পূতি দুর্গন্ধোপেতং পর্য্যুষিতং কালান্তরাপত্ত্যা রসান্তরাপন্নং। উচ্ছিষ্টং গুর্ব্বাদিভ্যোঽন্যেষাং

ভুক্তশিষ্টং অমেধ্যমযজ্ঞার্হং অযজ্ঞশিষ্টমিত্যর্থঃ। এবংবিধং তমোময়ং ভোজনং তামসস্য প্রিয়ং ভবতি। ভুক্তস্ত ইত্যাহার এব ভোজনং পুনশ্চ তমসো বর্দ্ধনং অতো হিতৈষিভিঃ সত্ত্ববৃদ্ধয়ে সাত্ত্বিকাহারা এব সেব্যাঃ॥ ১০॥

হনুমান্।—যাতযামঙ্গতরসং গতবীর্য্যং পূতি ক্লিন্নং বিষসংযুক্তং পর্য্যুসিতং পকমুষসাতীতং ক্লান্তমুচ্ছিষ্টং ভুক্তাবিশিষ্টং অপিচেতি সমুচ্চয়ে অমেধ্যমযজ্ঞার্হং তামসানাং প্রিয়ং তামসপ্রিয়ং স্বমপি তামসং॥ ১০॥

শ্রীধর।—যাতযামমিতি। যাতোযামঃ প্রহরোযস্ত পকস্যৌদনাদেঃ যদ্যাতযামং শৈত্যাবস্থাং প্রাপ্তমিত্যর্থঃ, গতরসং নিষ্পীড়িতসারং, পূতি দুর্গন্ধং পর্য্যুষিতং দিনান্তরপক্বং উচ্ছিষ্টং অন্যভুক্তাবশিষ্টং অমেধ্যং অভক্ষ্যং কলঞ্জাদি এবম্ভূতং ভোজনং ভোজ্যং তামসস্ত প্রিয়ং॥ ১০॥

বলদেব।—তামসাহারমাহ যাতেতি। যাতোঽতিক্রান্তো যামঃ প্রহরো যস্য রান্ধস্যান্নাদে স্তদ্যাতযামং গতরসং বৈরস্যবৎ পূতি দুর্গন্ধং, পর্য্যুষিতং পূর্ব্বেঽহ্নি রান্ধং, উচ্ছিষ্টং গুরোরন্যেষাং ভুক্তাবশিষ্টং, অমেধ্যমপবিত্রং কলঞ্জাদি। ঈদৃগ্‌ভোজনং তামসানাং প্রিয়ং সাত্ত্বিকানাং স্বতিদূরতো হেয়ং॥ ১০॥

মধুসূদন।—যাতযামমিতি যাতযামমর্দ্ধপক্বং নির্বীর্য্যস্ত গতরসপদেনোক্তত্বাদিতি ভাষ্যং। গতরসং বিরসতাং প্রাপ্তং শুষ্কং যাতযামং পক্বং সৎ প্রহরাদিব্যবহিতমোদনাদি শৈত্যং প্রাপ্তং গতরসমুদ্ধৃতসারং মথিতদুগ্ধাদীত্যন্যে পূতি দুর্গন্ধং পর্য্যুষিতং পক্বং সদ্রাত্র্যন্তরিতং চেতসঃ তৎকালোপাদকয়ং ধুস্তুরাদি সমুচ্চীয়তে যদতিপ্রসিদ্ধং দুষ্টত্বেন উচ্ছিষ্টং ভুক্তাবশিষ্টং অমেধ্যং অযজ্ঞার্হমশুচি মাংসাদি অপি চেতি বৈদ্যকশাস্ত্রোক্তমপথ্যং সমুচ্চীয়তে এতাদৃশং যদ্ভোজনং ভোজ্যং তত্তামসস্ত প্রিয়ং সাত্ত্বিকৈরতিদূরাদুপেক্ষণীয়মিত্যর্থঃ। এতাদৃশভোজনস্ত দুঃখশোকাময়প্রদত্বমতিপ্রসিদ্ধমিতি কণ্ঠতোনোক্তং। অত্র চ ক্রমেণ রস্যাদিবর্গঃ সাত্ত্বিকঃ কট্বাদিবর্গোরাজসঃ যাতযামাদিবর্গস্তামস ইত্যুক্তমাহারবর্গত্রয়ং। তত্র সাত্ত্বিকবর্গবিরোধিত্বমিতরবর্গদ্বয়ে দ্রষ্টব্যং। তথা হৃতিকটুত্বাদিরস্যত্ব বিরোধিতাদৃশস্যানাস্বাদ্যত্বাৎ রুক্ষত্বং স্নিগ্ধত্ববিরোধি তীক্ষ্ণত্ববিদাহিত্বে ধাতুপোষণবিরোধিত্বাৎ স্থিরত্ববিরোধিনী অত্যুষ্ণত্বাদিকং হৃদ্যত্ববিরোধি আময়প্রদত্বমায়ুর্ব্বলারোগ্যবিরোধি দুঃখশোকপ্রদত্বং সুখপ্রীতিবিরোধি এবং সাত্ত্বিকবর্গবিরোধিত্বং রাজসবর্গে কথা তামসবর্গেঽপি গতরসত্বযাতযামত্বপর্য্যুষিতত্বানি যথাসম্ভবং রস্যত্বস্নিগ্ধত্বস্থিরত্ববিরোধীনি পূতি[illegible]ত্বানি হৃদ্যত্ববিরোধীনি আয়ুঃসত্বাদিবিরোধিত্বং তু স্পষ্টমেব রাজসবর্গে দৃ[illegible]মাত্রং তামসবর্গে তু দৃষ্টাদৃষ্টবিরোধ ইত্যতিশয়ঃ॥ ১০॥

নীলকণ্ঠ।—যাতযামং প্রহরাৎপ্রাক্পক্বং শীতলতাং গতমিত্যর্থঃ যাতযামমর্দ্ধপক্বং নির্ব্বীর্য্যস্য গতরসেনৈবোক্তত্বাদিতিভাষ্যং গতরসং রসবিমুক্তং পূতি দুর্গন্ধি পর্য্যুষিতং পক্বং সদ্রাত্র্যন্তরিতং উচ্ছিষ্টং ভুক্তাবশিষ্টং অমেধ্যং যজ্ঞানর্হং ভোজনং অন্নং তামসপ্রিয়ম্॥ ১০॥

বিশ্বনাথ।—যাতঃ যামঃ প্রহরো যস্য পকস্যোদনাদেস্তৎ যাতযামং শৈত্যাবস্থা প্রাপ্ত

মিত্যর্থঃ। গতরসং ত্যক্তস্বাভাবিকরসং নিষ্পাড়িতরসং পক্বাম্রত্বগষ্ট্যাদিকং বা পূতি দুর্গন্ধং। পর্য্যুষিতং দিনান্তরপক্বং। উচ্ছিষ্টং গুর্ব্বাদিভ্যোঽন্যেষাং ভুক্তাবশিষ্টং অমেধ্যং অভক্ষ্যং কলঞ্জাদি। ততশ্চৈবং পর্য্যালোচ্য স্বহিতৈষিভিঃ সাত্ত্বিকাহার এব সেব্য ইতি ভাবঃ। বৈষ্ণবৈস্তু সোঽপি ভগবদনিবেদিত স্ত্যাজ্য এব ভগবন্নিবেদিতমন্নাদিকন্তু নির্গুণ ভক্তলোকপ্রিয়ং ইতি শ্রীভাগবতাজ্ঞ জ্ঞেয়ং ॥ ১০ ॥

তাৎপর্য্য।—অধুনা শ্রীভগবান্ তমোগুণাবলম্বী ব্যক্তিগণের আহারের বিষয় নিরূপণ করিতেছেন। যে সকল অন্নাদি প্রহরাতীত কালে পক্ব হইয়াছে অর্থাৎ অত্যন্ত শীতলাবস্থা প্রাপ্ত হইয়াছে, কিম্বা যাহা সুসিদ্ধ না হইয়া অর্দ্ধপক্ব হইয়াছে, তাহাই যাতযাম। যাহার সমস্ত রস বা দেহপোষক সারাংশ বহির্গত হইয়া গিয়াছে, যাহা ভোজন কালে অত্যন্ত নীরস বা শুষ্কাবস্থা প্রাপ্ত হইয়াছে, তাহাই গতরস। কেহ কেহ বলেন, উদ্ধৃতসার (মাখন তোলা) দুগ্ধাদিও গতরস। পূতি অর্থাৎ যাহা দুর্গন্ধ বিশিষ্ট। যে ভক্ষ্য দ্রব্য দিনান্তরে পক্ব হইয়াছে, তাহাই পর্য্যুষিত। মূলস্থিত চকার দ্বারা যাহা তাৎকালিক চিত্তোন্মাদকর, অর্থাৎ ভোজনান্তে চিত্তের বিকৃতাবস্থা আনয়ন করে, তাদৃশ ধুস্তুরাদিকেও এস্থলে গ্রহণ করিতে হইবে। উচ্ছিষ্ট অর্থাৎ যাহা গুরুব্যক্তি ব্যতীত অন্যের ভোজনাবশিষ্ট। যে সকল দ্রব্য যজ্ঞীয় বা শাস্ত্রবিহিত নহে, যাহার ভোজন শাস্ত্রে নিষিদ্ধ হইয়াছে, তাদৃশ কলঞ্জ অর্থাৎ বিষাক্ত শস্ত্র দ্বারা বিদ্ধ পশুপক্ষ্যাদি এবং পলাণ্ডু লশুন প্রভৃতি দ্রব্য অমেধ্য। অপিচ কেবল আহারোদ্দেশে যজ্ঞাদি ব্যতীত যে সকল পশুকে নিহত করা হয়, তাহাদের মাংস এবং বৈদ্যক শাস্ত্রোক্ত অন্যান্য অপথ্যও অমেধ্য। যাতযামাদি এসমস্ত আহার অতি নিকৃষ্ট। ইহাতে আয়ুক্ষয়, চিত্তবৈকল্য, দৈহিক ব্যাধি প্রভৃতি বিবিধ শারীরিক অনিষ্ট সংসাধিত হইয়া থাকে। এই সকল অতি নিকৃষ্ট আহার দ্বারা চিত্ত ক্রমশঃ অধিকতর কলুষিত হইয়া আত্মার অধোগতি সম্পাদন করাইয়া থাকে, এবং পরিণামে বিবিধ দুর্গতি ভোগ হয়। কিন্তু তামসিক ব্যক্তিগণ এইরূপ আহারেরই পক্ষপাতী, তাহারা এই সমস্ত কদর্য্য আহারকেই আপনার প্রিয়তর জ্ঞান করিয়া থাকে। এই সকল মানব এতাদৃশ কুৎসিৎ আহার সমূহকেই সুখভোগ্য জ্ঞানে ব্যবহার করিয়া কোনদিনই আত্মার সদ্গতি বিধায়ক কোনরূপ

কার্য্য করিতে সমর্থ হয় না, কেবল উত্তরোত্তর দুঃখজনক বা নরকপ্রদ কার্য্য কলাপের অনুষ্ঠানে রত হইয়া থাকে। কিন্তু যাঁহারা সাত্ত্বিক প্রকৃতি তাঁহারা ঘৃণাবোধে এতাদৃশ আহারকে পরিত্যাগ করেন।

পূজ্যপাদ শ্রীমন্মধুসূদন সরস্বতী মহোদয় অভিপ্রায় প্রকাশ করিয়াছেন যে, এস্থলে রস্যাদি বর্গ সাত্ত্বিকাহার, কট্বাদিবর্গ রাজসাহার এবং যাতযামাদিবর্গ তামসাহার। এতন্মধ্যে রাজস ও তামস এই বর্গদ্বয় সাত্ত্বিক-বর্গের বিরোধী। আস্বাদ বিহীনতা হেতু অতি কটু প্রভৃতি আহার রস্য গুণযুক্ত আহারের বিরোধী; ধাতু পোষণ গুণাভাব প্রযুক্ত তীক্ষ্ণত্ব এবং বিদাহিত্ব স্থিরগুণসম্পন্ন আহারের বিরোধী; অত্যুষ্ণত্বাদি হৃদ্যত্বের বিরোধী; যাহা আময় অর্থাৎ রোগপ্রদ আহার, তাহা আয়ু, সত্ত্ব, বল এবং আরোগ্যের বিরুদ্ধ ভাবাপন্ন; এবং দুঃখপ্রদ ও শোকপ্রদ আহার সুখ বা প্রীতির বিরোধী। এইরূপে রাজস আহার স্পষ্টই সাত্ত্বিকাহারের বিরোধী। তামসাহারের মধ্যেও গতরসত্ব রস্যত্বের বিরোধী, যাতযামত্ব স্নিগ্ধত্বের বিরোধী, এবং পর্য্যুষিতত্ব স্থিরত্বের বিরোধী; পূতি, উচ্ছিষ্ট, অপবিত্র আহার হৃদ্যত্বের বিরোধী। অপিচ এই সমস্ত তামস আহার যে আয়ু সত্ত্ব বল প্রভৃতির বিরোধী, তাহা স্পষ্টই বুঝা যাইতেছে। রাজস আহার সমূহ দৃষ্ট বিরোধী মাত্র, অর্থাৎ ভোজন কালে বা ইহলোকে দুঃখোৎপাদক; কিন্তু তামসিক আহার সমূহ দৃষ্টাদৃষ্ট বিরোধী অর্থাৎ ইহলোকে রোগাদি বিবিধ দুঃখ এবং পরকালে নরকাদিরূপ ভীষণ পরিণামাদি উৎপাদন করিয়া থাকে। এই জন্যই তামস আহার অতিশয় দুঃখজনক জ্ঞানে সর্ব্বথা পরিহার করা মানবের একান্ত কর্ত্তব্য ॥ ১০ ॥

——०:):०:(:०——

অফলাকাঙ্ক্ষিভির্যজ্ঞো বিধিদিষ্টো য ইজ্যতে।
যষ্টব্যমেবেতি মনঃ সমাধায় স সাত্ত্বিকঃ ॥ ১১ ॥

অন্বয়।—অফলাকাঙ্ক্ষিভিঃ (ফলকামনারহিতৈঃ) যষ্টব্যং (যজ্ঞানুষ্ঠানং কর্ত্তব্যং) এব ইতি মনঃ সমাধায় (নিশ্চিত্য) বিধিদিষ্টঃ

(শাস্ত্রবিহিতঃ) যঃ যজ্ঞঃ ইজ্যতে (অনুষ্ঠীয়তে) সঃ সাত্ত্বিকঃ [যজ্ঞঃ] ॥ ১১ ॥

প্রতিশব্দ।—ফল-কামনা-রহিত [ব্যক্তি-কর্তৃক] যজ্ঞানুষ্ঠান-কর্তব্যই এই-রূপে মন নিশ্চয়-করিয়া শাস্ত্র-বিহিত যে যজ্ঞ অনুষ্ঠিত-হয়, তাহা সাত্ত্বিক [যজ্ঞ] ॥ ১১ ॥

ব্যাখ্যা।—ফলকামনাবিরহিত পুরুষ নিষ্কাম যজ্ঞই অবশ্যানুষ্ঠেয় এইরূপ স্থির করিয়া শাস্ত্রনির্দ্দিষ্ট যে যজ্ঞের অনুষ্ঠান করেন, তাহাই সাত্ত্বিক যজ্ঞ নামে অভিহিত হয় ॥ ১১ ॥

শঙ্করাচার্য্য।—অথেদানীং যজ্ঞস্ত্রিবিধ উচ্যতে অফলেতি। অফলাকাঙ্ক্ষিভিরফলার্থিভির্যজ্ঞোবিধিদৃষ্টঃ শাস্ত্রচোদনাদৃষ্টোযোযজ্ঞ ইজ্যতে নির্ব্বর্ত্ত্যতে যষ্টব্যমেবেতি যজ্ঞস্বরূপ-নির্ব্বর্ত্তনমেব কার্য্যমিতি মনঃ সমাধায় নানেন পুরুষার্থোমম কর্ত্তব্য ইত্যেবং নিশ্চিত্য স সাত্ত্বিকোযজ্ঞ উচ্যতে ॥ ১১ ॥

আনন্দগিরি।—হানাদানার্থং আহারত্রৈবিধ্যমেবং বিভজ্য ক্রমপ্রাপ্তং যজ্ঞত্রৈবিধ্যং কথয়তি অথেতি। তত্র সাত্ত্বিকং যজ্ঞং জ্ঞাপয়তি অফলেতি। ফলাভিসন্ধিং বিনা যজ্ঞ-স্বরূপমেব ভাব্যমিতি বুদ্ধা শাস্ত্রেণেহনুষ্ঠীয়মানোযজ্ঞঃ সাত্ত্বিকইত্যর্থঃ ॥ ১১ ॥

রামানুজ।—অফলেতি। ফলাকাঙ্ক্ষারহিতৈঃ পুরুষৈঃ বিধিদৃষ্টঃ শাস্ত্রদৃষ্টঃ মন্ত্রদ্রব্য-ক্রিয়াদিভির্যুক্তঃ। যষ্টব্যমেবেতি ভগবদারাধনত্বেন স্বয়ং প্রয়োজনতয়া যষ্টব্যমিতি মনঃসমাধায় যো যজ্ঞ ইজ্যতে স সাত্ত্বিকঃ ॥ ১১ ॥

হনুমান্।—পুনঃ কৃত্বা যজ্ঞঃ সাত্ত্বিকঃ ॥ ১১ ॥

শ্রীধর।—যজ্ঞোহপি ত্রিবিধস্তত্র সাত্ত্বিকং যজ্ঞমাহ অফলাকাঙ্ক্ষিভিরিতি ত্রিভিঃ। ফলাকাঙ্ক্ষারহিতৈঃ পুরুষৈর্বিধানাদিষ্ট আবশ্যকতয়া বিহিতোযোযজ্ঞ ইজ্যতে অনুষ্ঠীয়তে স সাত্ত্বিকোযজ্ঞঃ, কথমিজ্যতে, যষ্টব্যমেবেতি যজ্ঞানুষ্ঠানমেব কার্য্যং নান্যৎ ফলং সাধনীয়মিত্যেবং মনঃ সমাধায়ৈকাগ্রং কৃত্বেত্যর্থঃ ॥ ১১ ॥

বলদেব।—অথ যজ্ঞত্রৈবিধ্যমাহ অফলেতি ত্রিভিঃ। অফলাকাঙ্ক্ষিভিঃ ফলেচ্ছাশূন্যৈর্যো যজ্ঞ ইজ্যতে ক্রিয়তে বিধিদৃষ্টো বিধিবাক্যজ্ঞাতঃ স সাত্ত্বিকঃ। ননু ফলেচ্ছাং বিনা তত্র কথং প্রবৃত্তিঃ তত্রাহ যষ্টব্যমেবেতি মাং প্রতি বেদেনোক্তত্বাৎ তৎ যজনমেব কার্য্যং ন তু তেন ফলং সাধ্যমিতি মনঃ সমাধায়ৈকাগ্রং কৃত্বেত্যর্থঃ ॥ ১১ ॥

মধুসূদন।—ইদানীং ক্রমপ্রাপ্তং ত্রিবিধং যজ্ঞমাহ ত্রিভিঃ। অগ্নিহোত্রদর্শপূর্ণমাসচাতুর্মাস্যপশুবন্ধজ্যোতিষ্টোমাদির্যজ্ঞোবিবিধঃ কাম্যোনিত্যশ্চ ফলনিশ্চয়েন চোদিতঃ কাম্যঃ সর্ব্বা-

ঙ্গোপসংহারেণৈব মুখ্যকল্পেনানুষ্ঠেয়ঃ, ফলসংযোগং বিনা জীবনাদিনিমিত্তসংযোগেন চোদিতঃ সর্ব্বাঙ্গোপসংহারাসম্ভবে প্রতিনিধ্যাদ্যুপাদানেনামুখ্যকল্পেনাপ্যনুষ্ঠেয়োনিত্যঃ, তত্র সর্ব্বাঙ্গোপসংহারাসম্ভবেঽপি প্রতিনিধিমুপাদায়াবশ্যং যষ্টব্যমেব প্রত্যবায়পরিহারায়াবশ্যকজীবনাদি নিমিত্তেন চোদিতত্বাদিতি মনঃ সমাধায় নিশ্চিত্য অফলাকাঙ্ক্ষিভিরন্তঃকরণশুদ্ধ্যর্থিতয়া কাম্যপ্রয়োগবিমুখৈর্বিধিদৃষ্টোযথাশাস্ত্রং নিশ্চতোযোযজ্ঞ ইজ্যতেঽনুষ্ঠীয়তে স যথাশাস্ত্রমন্তঃকরণশুদ্ধ্যর্থমনুষ্ঠীয়মানো নিত্যপ্রয়োগঃ সাত্ত্বিকো জ্ঞেয়ঃ॥ ১১॥

নীলকণ্ঠ।—যজ্ঞত্রৈবিধ্যমাহ অফলেতি। বিধিদৃষ্টঃ আবশ্যকতয়া বিহিতঃ যষ্টব্যমেব নতু যজ্ঞাদ্ দৃষ্টমদৃষ্টং বা ফলং প্রাপ্তব্যমিতি মনঃ সমাধায় সমাহিতং কৃত্বা যোযজ্ঞ ইজ্যতে স সাত্ত্বিকঃ॥ ১১॥

বিশ্বনাথ।—অথ যজ্ঞস্য ত্রৈবিধ্যমাহ অফলাকাঙ্ক্ষিভিরিতি। ফলাকাঙ্ক্ষারাহিত্যে কথং যজ্ঞে প্রবৃত্তিরত আহ যষ্টব্যমেবেতি স্বানুষ্ঠেয়ত্বেন শাস্ত্রোক্তত্বাদবশ্যকর্ত্তব্যমেতদিতি মনঃ সমাধায়॥ ১১। ১২॥

তাৎপর্য্য।—শ্রীভগবান পূর্ব্বে ব্যক্ত করিয়াছেন যে, সাত্ত্বিক, রাজসিক এবং তামসিকভেদে যজ্ঞ ত্রিবিধ। অধুনা শ্লোকত্রয়ে সেই ত্রিবিধ যজ্ঞ নিরূপিত হইতেছে। বর্ত্তমান শ্লোকে শ্রীভগবান্ সাত্ত্বিক যজ্ঞের বিষয় প্রদর্শন করিতেছেন। সত্ত্বগুণাবলম্বী পুরুষ ফলাকাঙ্ক্ষা পরিবর্জ্জন পূর্ব্বক বিধিবিহিত যে সমস্ত যজ্ঞের অনুষ্ঠান করিয়া থাকেন, তাহাই সাত্ত্বিক যজ্ঞ। সাত্ত্বিকপ্রকৃতি মানবগণ কখনই ফলের কামনা করিয়া কোন কার্য্যের অনুষ্ঠান করেন না। তাঁহারা শাস্ত্রজ্ঞানাদিজনিত বিবেক সহকারে দর্শন করেন যে, কামনা বিজড়িত কর্ম্ম সমূহ স্বর্গাদি বিবিধ সুখফল প্রদানে সমর্থ হইলেও তাহা অতিশয় নিন্দিত এবং আত্মোন্নতির একান্ত প্রতিকূল। এতাদৃশ কর্ম্মের দ্বারা হৃদয় উত্তরোত্তর অবনত হয় এবং তাহাতে পুনঃ পুনঃ সংসার বন্ধন ঘটিয়া থাকে [illegible]বংবিধ বিবেক সহকারে তাঁহারা সর্ব্ববিধ ফলের কামনা পরিত্যাগ করিয়া [illegible]দিত নিষ্কাম কর্ম্ম সমূহের অনুষ্ঠান করেন। এস্থলে সন্দেহ হ[illegible] যে, যদি তাঁহাদের হৃদয়ে ফল কামনা না থাকে; তাহা হইলে তাঁহারা কি জন্য কর্ম্মের অনুষ্ঠান করেন? যাঁহারা কর্ম্মের শুভাশুভ ফলের আকাঙ্ক্ষী নহেন, তাহারা কোন্ উদ্দেশে কার্য্যানুষ্ঠানে ব্যস্ত থাকিবেন? এতাদৃশ আশঙ্কার উত্তর স্বরূপে শ্রীভগবান্ বলিতেছেন, যে সাত্ত্বিকপ্রকৃতি বিশিষ্ট ব্যক্তিগণ ফলকামনা পরিশূন্য হইলেও তাঁহারা যজ্ঞাদি কার্য্যের অনু-

ষ্ঠানে বিরত হন না। কারণ তাঁহারা মনে করেন যে, কর্ম্মের ফলকামনা বিগর্হিত হইলেও বেদাদি শাস্ত্রসমূহ যখন এই সকল কার্য্যের অনুষ্ঠান করিতে বিধান এবং উপদেশ প্রদান করিতেছেন, তখন ইহা মানবের অবশ্য কর্ত্তব্য কর্ম্ম। এই সমস্ত কর্ম্মের অনুষ্ঠান না করিলে শাস্ত্রানুশাসন উল্লঙ্ঘন এবং তাহার বিরোধী হইতে হয়। এই সকল কর্ম্ম অবশ্য অনুষ্ঠেয় অথচ ইহাদের অনুষ্ঠান করিলেই যে ফলোৎপত্তি হইবে তাহা নহে। কর্ম্ম কামনাযুক্ত হইলেই ফলপ্রসূ হইয়া থাকে, অন্যথা তাহা চিত্তশুদ্ধির কারণ হয়। অতএব ফলকামনা পরিহার পূর্ব্বক এই সকল শাস্ত্রনির্দ্দিষ্ট কার্য্যের অনুষ্ঠান করিতে আমি একান্ত বাধ্য। সাত্ত্বিকগণ এইরূপ বিচার সহকারে ফল কামনা না করিলেও কেবল অবশ্যানুষ্ঠেয় জ্ঞানে একাগ্রচিত্তে শাস্ত্রোদিত কার্য্যসমূহের অনুষ্ঠান করিয়া থাকেন। এতাদৃশ বেদবিহিত যজ্ঞাদি কার্য্যই সাত্ত্বিক কার্য্য নামে অভিহিত এবং সত্ত্বগুণশালী বিশুদ্ধচিত্ত সাধুগণ এবংবিধ কর্ম্মেই অনুরক্ত। তাঁহারা মন্ত্র, দ্রব্য, ক্রিয়াদি সম্পন্ন হইয়া কেবল অবশ্য কর্ত্তব্য বোধে এতাদৃশ নিষ্কাম কর্ম্মের দ্বারা শ্রীভগবানের আরাধনা করিয়া থাকেন।

পূজ্যপাদ শ্রীমন্মধুসূদন সরস্বতীর অভিপ্রায়। অগ্নিহোত্র (১৩০।৬৪০ পৃষ্ঠার টীপ্পনী দ্রষ্টব্য) দর্শপৌর্ণমাস (১৯২ পৃষ্ঠার টীপ্পনী দ্রষ্টব্য) চাতুর্ম্মাস্য *

---

* চাতুর্ম্মাস্য।—ইহা ব্রত বিশেষ। আষাঢ়ের শুক্লাদ্বাদশীতে অথবা পূর্ণিমাতে এই ব্রত আরম্ভ করিয়া কার্ত্তিকের পূর্ণিমাতে সমাপ্ত করিতে হয়। চারি মাস এই ব্রতের অনুষ্ঠান করিতে হয় বলিয়া ইহা চাতুর্ম্মাস্য নামে অভিহিত হইয়াছে। এই ব্রতের অনুষ্ঠান করিতে হইলে এক একটী দ্রব্য ত্যাগ করিতে হয়। যথা; "চতুরো বার্ষিকান্ মাসান্ দেবস্যোত্থাপনাবধি। মধুস্বরো ভবেন্নিত্যং নরো গুড়বিবর্জ্জনাৎ। তৈলস্য বর্জ্জনাদেব সুন্দরাঙ্গঃ প্রজায়তে। কটুতৈলপরিত্যাগাৎ শত্রুনাশঃ প্রজায়তে। লভতে সন্ততিং দীর্ঘাং স্থালীপাকমভক্ষয়ন্। সদা মুনিঃ সদা যোগী মধুমাংসস্য বর্জ্জনাৎ। নিরাধির্নীরুগোজস্বী বিষ্ণু ভক্তশ্চ জায়তে। একান্তরোপবাসেন বিষ্ণুলোকমবাপ্নুয়াৎ। ধারণান্নখলোম্নাঞ্চ গঙ্গাস্নানং দিনে দিনে। তাম্বূলবর্জ্জনাৎ ভোগী রক্তকণ্ঠশ্চ জায়তে। ঘৃতত্যাগাৎ সুলাবণ্যং সর্ব্বং স্নিগ্ধং বপুর্ভবেৎ। ফলত্যাগাত্তু মতিমান বহুপুত্রশ্চ জায়তে। নমো নারায়ণায়েতি জপ্তানশনজং ফলং। পাদাভিবন্দনাদ্বিষ্ণোর্লভেৎ গোদানকং ফলং॥" (মৎস্য পুরাণ) অর্থাৎ শ্রীহরির শয়ন হইতে উত্থান পর্য্যন্ত বর্ষা চারি মাস গুড়ভোজন ত্যাগ করিলে মানব মধুর স্বর লাভ করে। তৈল বর্জ্জন করিলে সুন্দরাঙ্গ এবং কটু তৈল (সর্ষপাদি তৈল) ত্যাগে শত্রুনাশ হয়। স্থালীপক্ব দ্রব্য ভক্ষণ না করিলে দীর্ঘসন্ততি লাভ করে। মধু এবং মাংস বর্জ্জন দ্বারা মানব মুনিত্ব বা যোগিত্ব প্রাপ্ত হয়। একদিন অন্তর উপবাস করিলে, আধি অর্থাৎ মনঃপীড়াশূন্য নিরোগী হইয়া বিষ্ণুলোকে গমন

পশুবন্ধন, জ্যোতিষ্টোম (১৭৬ পৃষ্ঠার টীপ্পনী দ্রষ্টব্য) প্রভৃতি যজ্ঞ সমূহ কাম্য ও নিত্যভেদে দ্বিবিধ। যে যজ্ঞ ফলনিশ্চয় সহকারে শাস্ত্রাদিতে নির্দ্দিষ্ট হইয়াছে, তাহাই কাম্য। এই কাম্য যজ্ঞাদি সর্ব্বাঙ্গোপেত ভাবে মুখ্যকল্প দ্বারা অনুষ্ঠেয়, অর্থাৎ কাম্য কর্ম্মের যে সমস্ত অঙ্গ বা উপকরণাদি শাস্ত্রে কথিত হইয়াছে, তাহাদের সকলের যথাবিধানে অনুষ্ঠান করা একান্ত আবশ্যক। কারণ ইহার কোন অঙ্গের হানি হইলে ফলবিষয়ে

করে। নখলোম ধারণ করিলে প্রত্যহ গঙ্গা স্নানের ফল পাওয়া যায়। তাম্বূল ত্যাগ করিলে ভোগী এবং রক্তকণ্ঠ হইয়া থাকে। ঘৃতত্যাগ দ্বারা লাবণ্যবিশিষ্ট অতি সুন্দর দেহ লাভ করা যায়। ফলত্যাগ করিলে বহু পুত্র লাভ করে। 'নমো নারায়ণায়' এই মন্ত্র জপ করিলে উপবাসের ফল হয় এবং শ্রীহরির চরণ বন্দনা দ্বারা গোদানের ফল লব্ধ হইয়া থাকে। ভবিষ্য পুরাণেও এতৎসম্বন্ধে কথিত হইয়াছে যে, "মধুরস্বরসম্পন্নো ভবেল্লবণবর্জ্জনাৎ। লভতে সন্ততিং দীর্ঘাং তৈলস্য পরিবর্জ্জনাৎ। অভ্যঙ্গ বর্জ্জনাৎ পার্থ সুন্দরাঙ্গঃ প্রজায়তে। পক্কতৈল পরিত্যাগাচ্ছত্রুনাশমবাপ্নুয়াৎ। মধুক তৈলত্যাগেন সৌভাগ্যমতুলং ভবেৎ। পুষ্পোপভোগ ত্যাগেন স্বর্গে বিদ্যাধরো ভবেৎ। যোগাভ্যাসী ভবেদ্‌যস্তু স ব্রহ্মপদমাপ্নুয়াৎ। কটুম্লতিক্তমধুরক্ষারকাষায়জান রসান্। যো বর্জ্জয়েৎ স বৈরূপ্যং বৈগন্ধ্যং নাপ্নুয়াৎ ক্বচিৎ। তাম্বূলবর্জ্জনাৎ ভোগী অপক্কাদোহমলো ভবেৎ। পাদাভ্যঙ্গ শিরোহভ্যঙ্গ পরিত্যাগাচ্চ পার্থিব। দীপ্তিমান দীপ্তচরণো যক্ষো দ্রব্যপতির্ভবেৎ। দধিদুগ্ধতক্রনিয়মাৎ গোলোকং লভতে নরঃ। ইন্দ্রাতিথিত্বমায়াতি স্থালীপাকবিবর্জ্জনাৎ। লভেচ্চ সন্ততিং দীর্ঘাং তাপপক্কস্য বর্জ্জনাৎ। ভূমৌ প্রস্তরশায়ী চ বিষ্ণোরনুচরো ভবেৎ। সদামুনিঃ সদাযোগী মধুমাংসস্য বর্জ্জনাৎ। নির্ব্যাধি নীরুগোজস্বী সুরামদ্যবিবর্জ্জনাৎ। একান্তরোপবাসেন ব্রহ্মলোকে মহীয়তে। ধারণান্নখ লোমানাং গঙ্গাস্নানং দিনে দিনে। মৌনব্রতীভবেদ্‌যস্তু তস্যাজ্ঞাস্খলিতা ভবেৎ। ভূমৌ ভুঙ্‌ক্তে সদাযস্তু স পৃথিব্যাঃ পতির্ভবেৎ। নমো নারাণায়েতি জপ্ত্বা দানশতং ফলং। পাদাভিবন্দনাদ্বিষ্ণোর্ভবেৎ গোদানজং ফলং। বিষ্ণুপাদাম্বুজস্পর্শাৎ কৃতকৃত্যো ভবেন্নরঃ। বিষ্ণোর্দ্দেবকুলে কুর্য্যাদুপলেপনমার্জ্জনে। কল্পস্থায়ী ভবেদ্রাজা স নরো নাত্র সংশয়ঃ। প্রদক্ষিণত্রয়ং যস্তু করোতি স্তুতিপাঠকঃ। হংসযুক্তবিমানেন স চ বিষ্ণুপদং ব্রজেৎ। গীতাবাদ্যকরো বিষ্ণোর্গান্ধর্ব্বং লোকমাপ্নুয়াৎ। নিত্যং শাস্ত্রবিনো[illegible]লোকান্ যস্তু প্রবোধয়েৎ। স ব্যাসরূপী ভগবানন্তে বিষ্ণুপুরং ব্রজেৎ। পুষ্পমালাকুলং [illegible] কৃত্বা বিষ্ণোঃ পুরং ব্রজেৎ। কৃত্বা প্রেক্ষণাকং দিব্যং স্থানমপ্সরসাং লভেৎ। তীর্থাম্ভসি [illegible]ত্বা নির্ম্মলং দেহমাপ্নুয়াৎ। পঞ্চগব্যাশনাৎ পার্থ চান্দ্রায়ণফলং লভেৎ। এক[illegible] ফলং লভেৎ। নক্তভোজী সমগ্রস্ত তীর্থযাত্রা ফলং লভেৎ। অযাচিতেন চাপ্নোতি বাপীকূপপ্রপাফলং। ষষ্ঠ কালেহন্নভোজী সঃ স্থায়ী স্বর্গে নরো ভবেৎ। নিত্যস্নায়ী নরো যস্তু নরকং স নপশ্যতি। ভাজনং বর্জ্জয়েৎ যস্তু স স্নানম্ পৌষ্করং লভেৎ। পত্রেষু যো নরো ভুঙ্‌ক্তে কুরুক্ষেত্রফলং লভেৎ। শিলায়াং ভোজনম্ নিত্যম্ ভবেৎ স্নানং প্রয়াগজং। ষাগম্বরজলত্যাগায় রোগৈঃ পরিভূয়তে। এবমাদি ব্রতৈঃ পার্থ তুষ্টিমায়াতি কেশবঃ॥" ইহার ভাবার্থ যথা;—লবণ বর্জ্জন দ্বারা মধুর স্বর লাভ করে এবং তৈল পরিত্যাগ করিলে দীর্ঘ সন্ততি প্রাপ্ত হওয়া যায়। হে পার্থ! (যুধিষ্ঠির) অভ্যঙ্গ দ্বারা সুন্দর দেহ এবং পক্ক তৈল ত্যাগে শত্রুনাশ হয়। মধুক তৈল ত্যাগ

তারতম্য হইয়া থাকে। যে সকল যজ্ঞাদি কর্ম্ম ফলনিশ্চয় ব্যতিরেকে কেবল জীবনাদি নিমিত্ত সংযোগদ্বারা কথিত হইয়াছে, যাহা সর্ব্বাঙ্গ সম্পন্ন রূপে অনুষ্ঠানের অভাব হইলেও প্রতিনিধি নিয়োগ পূর্ব্বক গৌণ কর্ম্মের দ্বারা অনুষ্ঠেয় তাহাই নিত্য। অর্থাৎ নিত্য কর্ম্মের কোনরূপ ফল শাস্ত্রে নির্দ্দিষ্ট নাই; অপিচ ইহার সমস্ত অঙ্গের অনুষ্ঠান অসম্ভব হইলেও যথা-সাধ্য রূপে নিষ্পন্ন হইতে পারে, এবং স্বয়ং অসমর্থ হইলে পুত্র পুরোহিতাদি প্রতিনিধি নিয়োগ দ্বারাও ইহার অনুষ্ঠান করা কর্ত্তব্য। কাম্য কর্ম্ম স্বয়ং

করিলে অতুল সৌভাগ্য প্রাপ্ত হওয়া যায়। পুষ্পভোগ বর্জ্জন দ্বারা বিদ্যাধরত্ব এবং যোগাভ্যাস দ্বারা ব্রহ্মপদ লব্ধ হয়। যে কটু অম্ল, তিক্ত, মধুর, ক্ষার এবং কষায় রস ত্যাগ করে সে সুরূপ ও সৌগন্ধ্য লাভ করে। তাম্বূল বর্জ্জন করিলে ভোগী হইয়া থাকে। পাদাভ্যঙ্গ এবং শীর্ষা-ভ্যঙ্গ ত্যাগ করিলে দীপ্তিশালী দীপ্তপদ ধনপতি যক্ষ হয়। দধি দুগ্ধ এবং তক্র নিয়মপূর্ব্বক বর্জ্জন করিলে মানব গোলোকে গমন করে। স্থালীপাক ত্যাগ করিলে ইন্দ্রলোকে বাস হয়। তপ্তপক্বদ্রব্য পরিত্যাগ দ্বারা বংশ বিস্তৃত হইয়া থাকে। ভূমিতে কিম্বা প্রস্তরে শয়ন করিলে বিষ্ণুর অনুচরত্ব এবং মধু মাংস ত্যাগে মুনিত্ব ও যোগিত্ব লাভ হয়। সুরা ও মদ্য ত্যাগ করিলে নিরোগী ও বলবান হইয়া থাকে। একদিবস অন্তর উপবাস করিলে ব্রহ্মলোকে গমন করে এবং নখলোম ধারণ দ্বারা গঙ্গাস্নানের ফল প্রাপ্ত হওয়া যায়। যে ব্যক্তি মৌনব্রত অব-লম্বন করে, তাহার বাক্য অব্যর্থ হয়। যে ভূমিতে ভোজন করে সে পৃথিবীপতি হইয়া থাকে। "নমো নারায়ণায়" এই মন্ত্র জপ দ্বারা শত দানফল এবং বিষ্ণুর পাদবন্দনা দ্বারা গোদানের ফল লাভ হয়। শ্রীহরির পাদপদ্ম স্পর্শ দ্বারা মানব কৃতার্থ হয়। যে ব্যক্তি বিষ্ণু মন্দির লেপন বা মার্জ্জন করে, সে কল্প কালস্থায়ী রাজ্য লাভ করিয়া থাকে। যিনি স্তুতি পাঠ সহকারে বিষ্ণু প্রদক্ষিণ করেন, তিনি হংসযুক্ত বিমানে আরোহণ করিয়া বিষ্ণু পদে গমন করেন। যিনি বিষ্ণুর সমক্ষে গীতবাদ্য করেন, তিনি গন্ধর্ব্ব লোক প্রাপ্ত হন এবং যিনি প্রত্যহ শাস্ত্রালাপ দ্বারা লোক সমূহকে উপদেশ প্রদান করেন, তিনি ব্যাসরূপে অন্তে বিষ্ণুপুরে গমন করেন। পুষ্পমালা দ্বারা বিষ্ণু পূজা করিলে বিষ্ণুপুরবাসী হয়। তীর্থে স্নান করিলে মানব নির্ম্মল দেহ প্রাপ্ত হইয়া থাকে। পঞ্চগব্য ভোজন দ্বারা মানব চান্দ্রায়ণের ফল লাভ করে। দিবসে একবার ভোজন করিলে অগ্নিহোত্রের ফল লাভ হয়। যে নক্তভোজী অর্থাৎ রাত্রিকালে একবার মাত্র ভোজন করে, সে সমগ্র তীর্থযাত্রার ফল লাভ করে। যে অযাচিত অর্থাৎ যথালব্ধ অন্ন ভক্ষণ করে, সে বাপী কূপ এবং প্রপা অর্থাৎ পানীয় শালা প্রতিষ্ঠার ফল প্রাপ্ত হয়। ষষ্ঠকালে অন্নভোজী ব্যক্তি স্থায়ী স্বর্গ লাভ করে। নিত্যস্নায়ী ব্যক্তি নরক দর্শন করে না। যে অন্ন পাত্র ত্যাগ করে সে পুষ্কর তীর্থে স্নানের ফল প্রাপ্ত হয়। পত্রে ভোজন করিলে মানব কুরুক্ষেত্র গমন ফল এবং শিলাতে ভোজন করিলে নিত্য প্রয়াগ স্নানের ফল লাভ করে। প্রহরদ্বয় জল ত্যাগ দ্বারা রোগাক্রান্ত হইতে হয় না। হে যুধিষ্ঠির! এই সমস্ত ব্রতানুষ্ঠান দ্বারা মানব শ্রীহরির প্রীতি-পাত্র হয়। এতদ্ব্যতীত মাসে মাসে এক একটী দ্রব্য ত্যাগেরও বিধান আছে। যথা;—
"শ্রাবণে বর্জ্জয়েচ্ছাকং দধি ভাদ্রপদে তথা। দুগ্ধমাশ্বযুজে মাসি কার্ত্তিকে চামিষং ত্যজেৎ॥" (স্কন্দপুরাণ নাগরখণ্ড) অর্থাৎ শ্রাবণ মাসে শাক, ভাদ্র মাসে দধি, আশ্বিন মাসে দুগ্ধ এবং কার্ত্তিক মাসে আমিষ ত্যাগ করিবে।

করা আবশ্যক, ইহাতে সর্ব্বত্র প্রতিনিধি নিযুক্ত করা যাইতে পারে না; অতএব সর্ব্বাঙ্গসম্পন্ন ভাবে অনুষ্ঠান করিতে অসমর্থ হইলে, কাম্য কর্ম্ম ফলদায়ক হয় না। কিন্তু নিত্যকর্ম্ম সমূহ অবশ্য করণীয়। স্বয়ং অশক্ত হইলেও প্রতিনিধির দ্বারা ইহার অনুষ্ঠান একান্ত কর্ত্তব্য। প্রত্যবায় নাশের নিমিত্ত বা আবশ্যকীয় জীবনাদি কার্য্য নির্ব্বাহের নিমিত্ত শাস্ত্র-নির্দ্দিষ্ট নিত্য কর্ম্ম সমূহ মানবগণের একান্ত অনুষ্ঠেয় কার্য্য। সাত্ত্বিক-প্রকৃতি সম্পন্ন ব্যক্তিগণ ফলাকাঙ্ক্ষা বিরহিত হইয়া কেবল চিত্তশুদ্ধির নিমিত্ত এই সকল নিত্যানুষ্ঠেয় কর্ম্ম সমূহ সম্পাদন করিয়া থাকেন ॥ ১১ ॥

——(০)——

অভিসন্ধায় তু ফলং দম্ভার্থমপি চৈব যৎ।
ইজ্যতে ভরতশ্রেষ্ঠ! তং যজ্ঞং বিদ্ধি রাজসং ॥ ১২ ॥

অন্বয়।—ফলং (স্বর্গাদি) অভিসন্ধায় (উদ্দিশ্য) অপি তু দম্ভার্থং (স্বমহত্ত্বখ্যাপনার্থং) এব চ যৎ [যজ্ঞং] ইজ্যতে (অনুষ্ঠীয়তে) হে ভরতশ্রেষ্ঠ! তং রাজসং যজ্ঞং বিদ্ধি (জানীহি) ॥ ১২ ॥

প্রতিশব্দ।—ফলকে উদ্দেশ-করিয়া এবং দম্ভের—নিমিত্তই যে [যজ্ঞ] অনুষ্ঠিত-হয়, হে ভরত-শ্রেষ্ঠ! তাহাই রাজস যজ্ঞ জানিবে ॥ ১২ ॥

ব্যাখ্যা।—স্বর্গাদি ফল কামনা স[illegible]রে অথবা কেবল নিজ মহত্ত্বাদি খ্যাপনের নিমিত্ত যে যজ্ঞ সম্পাদ[illegible] করা হয় হে ভরত কুল-প্রদীপ! তাহাকেই রাজস যজ্ঞ বলিয়া [illegible]

শঙ্করাচার্য্য।—অভিসন্ধায়েতি। অভিসন্ধায়োদ্দিশ্য ফলং দম্ভার্থমপি চৈব যৎ ইজ্যতে ভরতশ্রেষ্ঠ! তং যজ্ঞং বিদ্ধি রাজসং ॥ ১২ ॥

আনন্দগিরি।—রাজসং যজ্ঞং হানার্থং দর্শয়তি অভিসন্ধায়েতি। স্বর্গাদ্যুদ্দিশ ধার্ম্মিকত্বখ্যাপনার্থঞ্চ যদ্‌যজনং ক্রিয়তে তদ্‌যজ্ঞং রজসা নির্ব্বৃত্তং ত্যাজ্যমবগচ্ছেত্যর্থঃ ॥ ১২॥

রামানুজ।—অভিসন্ধায়েতি। ফলাভিসন্ধিযুক্তৈর্দম্ভগর্ভোযশো ফলশ্চ যো যজ্ঞ ইজ্যতে তং যজ্ঞং রাজসং বিদ্ধি ॥ ১২ ॥

হনুমান্।—অভিসন্ধায়তু ফলং এতৎফলং মেন্যোদি(?)তাভিসন্ধায় সঙ্কল্প্য দম্ভার্থমপি চৈব যৎধার্ম্মিকত্বখ্যাপনার্থমেব যো যজ্ঞঃ ইজ্যতে নির্ব্বর্ত্ত্যতে তং যজ্ঞং রাজসং বিদ্ধি॥ ১২ ॥

শ্রীধর।—রাজসং যজ্ঞমাহ অভিসন্ধায়েতি। ফলমভিসন্ধায় উদ্দিশ্য যদ্বিজ্যতে যজ্ঞঃ ক্রিয়তে দম্ভার্থঞ্চ স্বমহত্ত্বখ্যাপনায় তং যজ্ঞং রাজসং বিদ্ধি॥ ১২ ॥

বলদেব।—ফলং স্বর্গাদিকমভিসন্ধায় যদিজ্যতে দম্ভার্থং বা স্বমহিমখ্যাপনায় তং যজ্ঞং রাজসং বিদ্ধি॥ ১২ ॥

মধুসূদন।—ফলং কাম্যং স্বর্গাদি অভিসন্ধায় উদ্দিশ্য ন ত্বন্তঃকরণশুদ্ধিং। তুনিত্য-প্রয়োগবৈলক্ষণ্যসূচনার্থঃ। বস্তোলোকে ধার্ম্মিকত্বখ্যাপনং তদর্থমপি চৈবেতি বিকল্পসমুচ্চয়াভ্যাং ত্রৈবিধ্যসূচনার্থৌ। পারলৌকিকং ফলমভিসন্ধায়ৈবাদম্ভার্থঞ্চেৎপি। পারলৌকিকফলানভি-সন্ধানে দম্ভার্থমেবেতি বিকল্পেন দ্বৌ পক্ষৌ পারলৌকিকফলার্থমৈহিকলৌকিকদম্ভার্থমপীতি সমুচ্চয়েনৈকঃ পক্ষঃ। এবং দৃষ্টাদৃষ্টফলাভিসন্ধিনান্তঃকরণশুদ্ধিমনুদ্দিশ্য যদিজ্যতে যথাশাস্ত্রং যোযজ্ঞোঽনুষ্ঠীয়তে তং যজ্ঞং রাজসং বিদ্ধি হানায় হে ভরতশ্রেষ্ঠ! ইতি যোগ্যত্বসূচনম্॥ ১২ ॥

নীলকণ্ঠ।—"বিধিদিষ্টঃ" ইতি স্বামিধৃত পাঠঃ। রাজসং যজ্ঞমাহাভিসন্ধায়েতি॥ ১২ ॥

তাৎপর্য্য।—এক্ষণে শ্রীভগবান্ রাজস যজ্ঞের বিষয় পরিকীর্ত্তন করিতেছেন। রজোগুণাবলম্বী ব্যক্তিগণ নিষ্কাম কর্ম্মের অনুষ্ঠানে সক্ষম হয় না। তাহারা স্বর্গাদি বিবিধ ফলের কামনা সহকারে শাস্ত্রোদিত যজ্ঞ সমূহের অনুষ্ঠান করিয়া থাকে। যে সকল কার্য্যদ্বারা ইহলোকে স্ত্রী পুত্র ঐশ্বর্য্যাদি সুখজনক পদার্থ সমূহ এবং পরলোকে স্বর্গাদি সুখ-সম্পদ্ লাভ হইবে, তাহারা বিহিত বিধানে তাদৃশ ফল জনক কার্য্যের অনুষ্ঠানে ব্যস্ত হয়। অপিচ তাহারা জগতে স্বীয় মহত্ত্ব খ্যাপন অথবা সর্ব্বজন-প্রশংসিত যশো লাভের নিমিত্ত বিবিধ যজ্ঞানুষ্ঠান করে। যে সকল কার্য্যের অনুষ্ঠান করিলে লোকের নিকট প্রতিষ্ঠাভাজন হওয়া যায়; যে সমস্ত বাহ্যাড়ম্বর পূর্ণ সৎকার্য্য দ্বারা সকলে তাহাকে ধার্ম্মিক দাতা মহৎ প্রভৃতি উৎকৃষ্ট বিশেষণে বিশেষিত করে, সে যত্ন সহকারে তাদৃশ কার্য্যের অনুষ্ঠানে রত হয়। পরলোকে শুভফল জনক হউক বা না হউক, কেবল ইহলোকে প্রতিষ্ঠাদি ফল লাভেই সে সন্তুষ্ট হয়, এবং আপ-নাকে সর্ব্বতোভাবে কৃতকৃত্য জ্ঞান করে। হে ভরতকুলশ্রেষ্ঠ অর্জ্জুন! ঈদৃশ ফল কামনা সহকারে এই সকল ব্যক্তি যে সমস্ত যজ্ঞের অনুষ্ঠান করে, তাহাই রাজস যজ্ঞ। রজোগুণাশ্রিত ব্যক্তিগণ এতাদৃশ যজ্ঞেরই পক্ষপাতী।

রাজস ব্যক্তিগণের অনুষ্ঠিত যজ্ঞ বিধিবিগর্হিত না হইলেও ইহা নশ্বর ফল কামনা সংযুক্ত হেতু সাত্ত্বিকগণের অবলম্বনীয় নহে। কারণ এতাদৃশ কার্য্যের দ্বারা স্বর্গাদি বিবিধ সুখজনক ফল লব্ধ হইলেও ইহা চিত্তশুদ্ধির কোনরূপ সহায়তা করিতে পারে না। প্রত্যুত উত্তরোত্তর বহুবিধ কামনা দ্বারা চিত্ত অধিকতর কলুষিত হইয়া থাকে। কর্ম্মানুষ্ঠানের উদ্দেশ্য চিত্তশুদ্ধি লাভ করা; কিন্তু যে কার্য্য কামনাবিজড়িত, যাহা দ্বারা উত্তরোত্তর ফলাকাঙ্ক্ষা বর্দ্ধিত হয়, তাদৃশ কার্য্য দ্বারা এই উদ্দেশ্য সিদ্ধির আশা সুদূর পরাহত। অতএব শাস্ত্র নির্দ্দিষ্ট অনুষ্ঠানবর্জ্জিত না হইলেও এই সমস্ত কর্ম্ম চিত্তশুদ্ধিকামী, আত্মার উন্নতি লাভাকাঙ্ক্ষী সাধুগণের অবশ্য পরিত্যাজ্য।

মূলে যে "তু" শব্দ প্রযুক্ত হইয়াছে, তাহার দ্বারা পূর্ব্বোক্ত নিত্য প্রয়োগ হইতে কাম্য প্রয়োগের বিভিন্নতা সূচিত হইতেছে। "অপি" "চ" "এব" এই পদত্রয় বিকল্প এবং সমুচ্চয় দ্বারা ত্রিবিধ পক্ষ সূচনার নিমিত্ত প্রযুক্ত হইয়াছে। দম্ভ বিরহিত ভাবে পারলৌকিক ফল লাভের নিমিত্ত যজ্ঞানুষ্ঠান, ইহা একপক্ষ; পারলৌকিক ফলের আকাঙ্ক্ষা না করিয়াই কেবল মহত্ত্বাদি খ্যাপনের নিমিত্ত যে যজ্ঞাচরণ, তাহা একপক্ষ; বিকল্প দ্বারা এই দুই পক্ষ সূচিত হইল। এতদ্ব্যতীত পারলৌকিক ফলোদ্দেশে এবং মহত্ত্বাদি খ্যাপনের নিমিত্তও যে যজ্ঞ অনুষ্ঠিত হয়, তাহাও একপক্ষ; সমুচ্চয় দ্বারা এই পক্ষ সূচিত হইতেছে। অতএব রাজস ব্যক্তিগণ এই ত্রিবিধ পক্ষাশ্রিত; ইহাই শ্রীমন্মধুসূদন সরস্বতী মহোদয়ের অভিপ্রায়। "ভরতশ্রেষ্ঠ" এই সম্বোধন পদদ্বারা [illegible]নের সাত্ত্বিক যজ্ঞানুষ্ঠানের যোগ্যতাই সূচিত হইতেছে ॥ ১২ ॥

——(০)——

বিধিহীনমসৃষ্টান্নং মন্ত্রহীনমদক্ষিণং।
শ্রদ্ধাবিরহিতং যজ্ঞং তামসং পরিচক্ষতে ॥ ১৩ ॥

অন্বয়।—বিধিহীনং (শাস্ত্রোক্তবিধিশূন্যং) অসৃষ্টান্নং (অন্নদানহীনং) মন্ত্রহীনং (মন্ত্রবিযুক্তং) অদক্ষিণং (দক্ষিণারহিতং) শ্রদ্ধাবিরহিতং (শ্রদ্ধাশূন্যং) যজ্ঞং তামসং পরিচক্ষতে (কথয়ন্তি) ॥ ১৩ ॥

প্রতিশব্দ।—শাস্ত্র-বিধি-শূন্য অন্ন-দান-হীন মন্ত্র-বিরহিত দক্ষিণা-হীন শ্রদ্ধা-শূন্য যজ্ঞকে তামস [যজ্ঞ] বলেন ॥ ১৩ ॥

ব্যাখ্যা।—শাস্ত্রোক্ত বিধিশূন্য, অন্নদান রহিত, মন্ত্রবর্জ্জিত দক্ষিণা-হীন এবং শ্রদ্ধা-বিরহিত যে যজ্ঞ পণ্ডিতগণ তাহাকেই তামস যজ্ঞ বলিয়া থাকেন ॥ ১৩ ॥

শঙ্করাচার্য্য।—বিধিহীনমিতি। বিধিহীনং যথাচোদিতবিধিবিপরীতং অসৃষ্টান্নং ব্রাহ্মণেভ্যোন সৃষ্টমন্নং যস্মিন্ যজ্ঞে সোঽসৃষ্টান্নস্তমসৃষ্টান্নং মন্ত্রহীনং মন্ত্রতঃ স্বরতোবর্ণতশ্চ বিযুক্তং মন্ত্রহীনং অদক্ষিণমুক্তদক্ষিণারহিতং শ্রদ্ধারহিতং যজ্ঞং তামসং পরিচক্ষতে তমোনির্বৃত্তং কথয়ন্তি ॥ ১৩ ॥

আনন্দগিরি।—তামসং যজ্ঞং হানার্থমেবোদাহরতি বিধীতি ॥ ১৩ ॥

রামানুজ।—বিধীতি বিধিহীনং ব্রাহ্মণোক্তবিধিহীনং সদাচারযুক্তৈর্বিদ্বদ্ভির্ব্রাহ্মণৈর্যজস্বেত্যুক্তিহীনমিত্যর্থঃ অসৃষ্টান্নং অচোদিতদ্রব্যং মন্ত্রহীনমদক্ষিণং শ্রদ্ধাবিরহিতং চ যজ্ঞং তামসং পরিচক্ষতে ॥ ১৩ ॥

হনুমান্।—বিধিহীনং অশাস্ত্রচোদিতমসৃষ্টান্নমন্নদানাদিরহিতং মন্ত্রহীনং মন্ত্রবর্জিতং অদক্ষিণং দক্ষিণারহিতং যজ্ঞং তামসং পচিক্ষতে কথয়ন্তি ॥ ১৩ ॥

শ্রীধর।—তামসং যজ্ঞমাহ বিধীতি। বিধিহীনং শাস্ত্রোক্তবিধিশূন্যং অসৃষ্টান্নং ব্রাহ্মণাদিভ্যোঽসৃষ্টং ন নিষ্পাদিতমন্নং যস্মিংস্তং মন্ত্রৈর্হীনং যথোক্তদক্ষিণারহিতং শ্রদ্ধাশূন্যঞ্চ যজ্ঞং তামসং পরিচক্ষতে কথয়ন্তি শিষ্টাঃ ॥ ১৩ ॥

বলদেব।—বিধীতি। অসৃষ্টান্নমন্নদানরহিতং মন্ত্রহীনং স্বরতো বর্ণতশ্চ হীনেন মন্ত্রেণোপেতং শ্রদ্ধাবিরহিতং ঋত্বিগ্দ্বেষাৎ ॥ ১৩ ॥

মধুসূদন।—যথাশাস্ত্রবোধিতবিপরীতং অন্নদানহীনং স্বরতোবর্ণতশ্চ মন্ত্রহীনং যথোক্তদক্ষিণাহীনং ঋত্বিগ্দ্বেষাদিনা শ্রদ্ধারহিতং তামসং যজ্ঞ পরিচক্ষতে শিষ্টাঃ। বিধিহীনত্বাদেকৈকবিশেষণঃ পঞ্চবিধঃ সর্ব্ববিশেষণসমুচ্চয়েন চৈকবিধ ইতি সট্ দ্বিত্রিচতুর্বিশেষণসমুচ্চয়েন চ বহবোভেদাস্তামসযজ্ঞস্য জ্ঞেয়াঃ, রাজসে যজ্ঞেঽন্তঃকরণশুদ্ধ্যভাবেঽপি ফলোৎপাদকমপূর্ব্বমস্তি যথাশাস্ত্রমনুষ্ঠানাৎ তামসে ত্বযথাশাস্ত্রানুষ্ঠানান্ন কিমপ্যপূর্ব্বমস্তীত্যাভিপ্রায়ঃ ॥ ১৩ ॥

নীলকণ্ঠ।—বিধিহীনং শাস্ত্রোক্তবিধিহীনম্ অসৃষ্টং নদত্তম্ অন্নং যস্মিন্ তৎ অসৃষ্টান্নম্ ॥ ১৩ ॥

বিশ্বনাথ।—অসৃষ্টান্নং অন্নদানরহিতং ॥ ১৩ ॥

তাৎপর্য্য।—শ্লোকদ্বয়ে সাত্ত্বিক ও রাজসিক যজ্ঞের নিরূপণ করিয়া অধুনা শ্রীভগবান্ নিকৃষ্টতম তামস যজ্ঞের বিষয় পরিকীর্ত্তন করিতেছেন।

তামসিক ব্যক্তিগণ যে সমস্ত যজ্ঞের অনুষ্ঠান করে, তাহা অতিশয় নিন্দিত এবং ফলপরিশূন্য। এই সকল যজ্ঞ বিধিহীন, অর্থাৎ বেদে বা অন্যান্য শাস্ত্রে যজ্ঞাদির যাদৃশ অনুষ্ঠান বিহিত হইয়াছে, যে ভাবে সম্পন্ন হইলে যজ্ঞসমূহ ফলপ্রদ হয়, তামসিকগণের অনুষ্ঠিত যজ্ঞাদি তাহার বিপরীত ভাবে সম্পন্ন হইয়া থাকে। কোনও বিধি বা শাস্ত্রোক্ত নিয়মানুসারে ইহা নিষ্পন্ন হয় না। অপিচ এই যজ্ঞ অসৃষ্টান্ন, অর্থাৎ ইহার নিমিত্ত যে সমস্ত অন্নাদির আয়োজন করা হয়, তৎসমূহ দেবোদ্দেশে নিবেদিত হয় না বা ব্রাহ্মণ কিম্বা অতিথিদিগকেও তাহা দান করা হয় না। পরন্তু তাহারা স্বয়ং ঐ সমস্ত অন্নাদি ভোজন করিয়া থাকে, এবং তাহাতেই যজ্ঞ সম্পূর্ণ হইল, এই রূপ জ্ঞান করে। এই সমস্ত যজ্ঞ মন্ত্রহীন অর্থাৎ যজ্ঞাদি কার্য্যের নিমিত্ত বেদে বা তন্ত্রে যে সমস্ত মন্ত্র নির্দ্দিষ্ট হইয়াছে, ইহা তদ্বর্জিত। মন্ত্র প্রভাবেই দেবতাগণ যজ্ঞাধিষ্ঠিত এবং ফলপ্রদ হইয়া থাকেন, কিন্তু তামসযজ্ঞ সমূহ মন্ত্রবর্জ্জিতত্ব হেতু ফলজনক হইতে পারে না। অপিচ এই সমস্ত কার্য্য দক্ষিণাবিহীন অর্থাৎ যজ্ঞসমাপনান্তে যে দক্ষিণার বিধান আছে, ইহা তদ্বিরহিত, দক্ষিণা দ্বারাই কার্য্য সম্পূর্ণ হইয়া থাকে, কিন্তু তামসগণানুষ্ঠিত যজ্ঞসমূহ দক্ষিণা বিহীন, এজন্য তৎসমস্ত অসম্পূর্ণ। এই যজ্ঞ সমূহ শ্রদ্ধা বিরহিত। অর্থাৎ হৃদয়জাত শ্রদ্ধা সহকারে এই সমস্ত যজ্ঞ অনুষ্ঠিত হয় না। শ্রদ্ধার একান্ত অভাব হেতু এই সমস্ত যজ্ঞ যে পূর্ব্বোক্ত দোষ সম্পন্ন হইবে তদ্বিষয়ে সন্দেহ নাই। অতএব পণ্ডিতগণ এতাদৃশ যজ্ঞকেই তামস যজ্ঞ বলিয়া অভিহিত করেন।

তমোগুণাবলম্বী ব্যক্তিগণ অজ্ঞতাপ্রযুক্ত [illegible]স্ত্রোক্ত বিধিসমূহ পরিবর্জ্জন পূর্ব্বক স্বকপোল কল্পিত বিবিধ যজ্ঞাদি কার্য্যে [illegible]নুষ্ঠান করিয়া থাকে। সেই সমস্ত কার্য্যের জন্য যে সকল অন্না[illegible], তৎসমূহ বিধানানুসারে দেবতাকে নিবেদন না করিয়া আপনারাই পরিতৃপ্তি সহকারে ভোজন করে, এবং অভ্যাগত অতিথিগণকে বিমুখ করিয়া তৎসমস্ত কেবল আপনাদের সেবাতেই নিযুক্ত করিয়া থাকে। তাহারা কেবল আত্মোদর পরিতৃপ্তির উদ্দেশেই ছাগাদি বলিদান করে, এবং মদ্যাদি সহকারে তাহা আহার করিয়া উন্মত্ত ভাবে নৃত্যগীতাদি করিয়া থাকে। এই সমস্ত যজ্ঞে ঋত্বিকগণ কর্তৃক কোনরূপ বেদমন্ত্র উচ্চারিত হয় না,

এবং দক্ষিণাদি দ্বারা যাজকগণ পরিতৃপ্ত হন না। তামসিকগণের অনুষ্ঠিত এবম্বিধ শ্রদ্ধাবিহীন যজ্ঞ কোনই শুভ ফল প্রদানে সমর্থ নহে।

পূজ্যপাদ শ্রীমন্মধুসূদন অভিপ্রায় প্রকাশ করিয়াছেন যে, তামসিকগণের অনুষ্ঠিত যজ্ঞ বিধিহীনত্বাদি এক একটী বিশেষণ যুক্ত বা সর্ব্ব সমুচ্চয়ে পঞ্চবিধ বিশেষণ যুক্ত হইয়া থাকে। অর্থাৎ কোন যজ্ঞ বিধিহীন, কোন যজ্ঞ বা শ্রদ্ধা বিরহিত; অথবা কোন যজ্ঞ এই পঞ্চবিধ বিশেষণ যুক্ত হইয়া থাকে। এইরূপে তামস যজ্ঞের বহুবিধ ভেদ আছে। রাজস যজ্ঞে চিত্তশুদ্ধির অভাব হইলেও যথাশাস্ত্র অনুষ্ঠান হেতু স্বর্গাদি ফললাভ হইয়া থাকে। কিন্তু তামস যজ্ঞ যথাশাস্ত্র অনুষ্ঠিত হয় না। অতএব ইহার দ্বারা কোনরূপ শুভ ফলের উৎপত্তি হয় না। ইহাই রাজস ও তামস যজ্ঞের বিভিন্নতা ॥ ১৩ ॥

—০:):•:(:০—

দেবদ্বিজগুরুপ্রাজ্ঞপূজনং শৌচমার্জ্জবং।
ব্রহ্মচর্য্যমহিংসা চ শারীরং তপ উচ্যতে ॥ ১৪ ॥

অন্বয়।—দেবদ্বিজগুরুপ্রাজ্ঞপূজনং শৌচং (শরীরশোধনং) আর্জ্জবং (অকৌটিল্যং) ব্রহ্মচর্য্যং অহিংসা (প্রাণিপীড়নাভাবঃ) চ শারীরং (কায়িকং) তপঃ উচ্যতে (কথ্যতে) ॥ ১৪ ॥

প্রতিশব্দ।—দেবতা-ব্রাহ্মণ-গুরু-প্রাজ্ঞ-গণের-পূজন শৌচ সরলতা ব্রহ্মচর্য্য অহিংসা কায়িক তপস্যা উক্ত-হয় ॥ ১৪ ॥

ব্যাখ্যা।—দেবতা ব্রাহ্মণ গুরু ব্যক্তি এবং প্রাজ্ঞগণের পূজা, শৌচ, সরলতা, ব্রহ্মচর্য্য এবং অহিংসা, এই সকলই কায়িক তপস্যা বলিয়া কথিত হয় ॥ ১৪ ॥

শঙ্করাচার্য্য।—অথেদানীং তপস্ত্রিবিধমুচ্যতে দেবেতি। দেবাশ্চ দ্বিজাশ্চ গুরবশ্চ প্রাজ্ঞাশ্চ দেবদ্বিজগুরুপ্রাজ্ঞাস্তেষাং পূজনং শৌচমার্জ্জবং ঋজুত্বং ব্রহ্মচর্য্যমহিংসা চ শরীরনির্ব্বর্ত্ত্যং শারীরং শরীরপ্রধানৈঃ সর্ব্বৈরেব কার্য্যকারণৈঃ কর্ত্রাদিভিঃ সাধ্যং শারীরন্তপ উচ্যতে ॥ ১৪ ॥

আনন্দগিরি।—সাত্ত্বিকাদিভাবং নিরূপয়িতুং সর্ব্বস্য তপসঃ স্বরূপং ত্রিবিধং নিরূ-

আবশ্যক। দেববিদ্বেষী বা দেবতায় অবিশ্বাসী হইয়া বিবিধ প্রকার শারীরিক তপশ্চর্য্যা করিলে বিফলপ্রয়াস হইয়া থাকে। শাস্ত্রোক্ত বিবিধ ক্রিয়াশীল, সতত বিদ্যমান দেবতাগণের প্রতি ভক্তিমান না হইলে নাস্তিক-পদ বাচ্য হইতে হয়। নাস্তিকের সকল সাধনাই নিষ্ফল হইয়া থাকে। দেবতাগণের পূজন পরায়ণতা যেমন আবশ্যক, দ্বিজপ্রমুখ ব্রাহ্মণের সৎকার ও ভক্তি সহকারে তাঁহাদিগের সম্মাননা করা একান্ত আবশ্যক। ব্রাহ্মণগণ ভূদেব নামে পরিচিত এবং তাঁহারা অশেষ সুকৃতিশালী; বহু পুণ্য ফলে ব্রাহ্মণ জন্ম লব্ধ হইয়া থাকে, এবং বহু অসাধারণ সৎকীর্ত্তির দ্বারা তাঁহারা জগতে পূজার পাত্ররূপে পরিগণিত হইয়াছেন। সেই অমোঘ তেজঃপুঞ্জ ব্রাহ্মণের পূজন শারীরিক তপস্যার একতম অঙ্গ। গুরু পূজনও নিষ্ঠাবান্ সাধুর পরম সেবনীয় কর্ত্তব্য। যে জনক জননীর

তপস্যা সা গৃহিণাং গৃহদেবতা। মুক্তিশক্তিশ্চ মুক্তানামাশা সাংসারিকস্ত সা। মদ্ভক্তানাং ভক্তি শক্তির্ম্মমি ভক্তিপ্রদা সদা। নৃপানাং রাজলক্ষ্মীশ্চ বণিজাং লভ্যরূপিণী। পারে সংসারসিন্ধূনাং ত্রয়ী তত্ত্বাবতারিণী। সৎসু সদ্বুদ্ধিরূপা সা মেধাশক্তি স্বরূপিণী। ব্যাখ্যাশক্তিঃ শ্রুতৌ শাস্ত্রে দাতৃশক্তিশ্চ দাতৃষু। ক্ষত্রাদীনাং বিপ্রভক্তিঃ পতিভক্তিঃ সতীষু চ। এবংরূপা চ যা শক্তির্ম্ময়া দত্তা শিবায় সা॥" (ব্রহ্মবৈবর্ত্ত পুরাণ শ্রীকৃষ্ণ জন্মখণ্ড ৭৫ম অধ্যায়) ইহার ভাবার্থ যথা;—ভগবান্ শ্রীকৃষ্ণ নন্দ কর্ত্তৃক জিজ্ঞাসিত হইয়া অন্যান্য উপদেশের সহিত দুর্গাদেবীর মাহাত্ম্য তাঁহার নিকট বর্ণনা করিয়াছিলেন। ভগবান্ বলিয়াছিলেন, যে আদ্যা বৈষ্ণবীশক্তি সৃষ্টিস্থিতি এবং প্রলয়কারিণী, যাঁহাকে আশ্রয় করিয়া সৃষ্টিকর্ত্তা সৃষ্টি করেন, যাঁহা কর্ত্তৃক ব্রহ্মাদি দেবতাগণ সৃষ্ট হইয়াছেন, যে শক্তি দ্বারা জগৎ সৃষ্ট ও বিজিত হইয়াছে এবং যে শক্তি ব্যতীত জগৎ থাকিতে পারে না, আমি সেই শক্তি শিবকে প্রদান করিয়াছি। সেই শক্তি দয়া, নিদ্রা, ক্ষুধা তৃপ্তি, তৃষ্ণা, শ্রদ্ধা, ক্ষমা, ধৃতি, পুষ্টি, শান্তি এবং লজ্জার অধিষ্ঠাত্রী দেবতা। তিনি বৈকুণ্ঠে মহালক্ষ্মী, গোলোকে রাধিকা, ক্ষীরোদসাগরে মর্ত্ত্যলক্ষ্মী এবং দক্ষকন্যা সতী। তিনি মেনকা কন্যা দুর্গতিনাশিনী দুর্গা এব[illegible] দুর্গাদেবীই স্বর্গলক্ষ্মীরূপে ইন্দ্রাদি দেবতার গৃহে অধিষ্ঠিতা। তিনিই বাণী, তিনিই সাবিত্রী[illegible]ব্রাহ্মণের অধিষ্ঠাত্রী দেবতা; তিনি অগ্নির দাহিকা শক্তি, সূর্য্যের প্রভাশক্তি, পূর্ণচন্দ্রে শোভা শ[illegible] জলে শীতলা শক্তি এবং ধরণীতে শস্যপ্রসূ ও ধারণা শক্তি তিনি ব্রাহ্মণগণের ব্রহ্মণ্য [illegible]শক্তি, তপস্বিগণের তপোশক্তি, এবং গৃহিগণের গৃহদেবতারূপে বিরাজিতা। তিনি মুক্তগণের মুক্তিশক্তি, সংসারিগণের আশা, ঈশ্বর ভক্তগণের ভক্তি শক্তি। তিনি নৃপগণের রাজলক্ষ্মী, বণিকগণের লাভ রূপিণী, সংসার সমুদ্র পারের বেদতত্ত্ব-নৌকারূপিণী। তিনিই সাধুগণের সদ্বুদ্ধি এবং মেধাশক্তি, শাস্ত্রে ব্যাখ্যা শক্তি এবং দাতার দানশক্তি। তিনি ক্ষত্রিয়াদিতে বিপ্রভক্তিরূপিণী, সতীর হৃদয়ে পতিভক্তি। এতাদৃশী শক্তিকেই আমি শিবকে প্রদান করিয়াছি। যে প্রকারে দুর্গাদেবীর পূজা জগতে প্রকাশিত হইয়াছিল, তাহাও অতঃপর বর্ণিত হইয়াছে। যথা;— "প্রথমে পূজিতা সা চ কৃষ্ণেন পরমাত্মনা। বৃন্দাবনে চ সৃষ্ট্যাদৌ গোলোকে রাসমণ্ডলে॥ মধু-

কৃপায় মনুষ্য সংসারে জন্মলাভ করিয়া থাকে, যাঁহারা অশেষ আয়াস ও ত্যাগ স্বীকার সহকারে মনুষ্যকে লালন পালন ও পরিপুষ্ট করিয়া থাকেন, যাঁহাদিগের অনুকম্পায় জড়পিণ্ডবৎ অপোগণ্ড শিশু অশেষ বিঘ্নবাধার হস্ত হইতে মুক্ত হইয়া বর্দ্ধমান হয়, তাঁহারা প্রত্যক্ষ দেবতা স্বরূপ। তদ্রূপ যে আচার্য্যের উপদেশে মনুষ্যের অন্তর হইতে অমান্ধকার অপগত হইয়া সুনির্ম্মল জ্ঞানালোকের আবির্ভাব হইয়া থাকে, যাঁহার সাহায্যে নশ্বর জগতের অসারত্ব অনুধাবন করিয়া মনুষ্য প্রকৃত সত্য ও সার পদার্থের অন্বেষণে প্রবৃত্ত হয় তিনি পরম দেবতা। যিনি মন্ত্রোপদেশ দ্বারা ও অনুষ্ঠান পদ্ধতির শিক্ষা দানদ্বারা মনুষ্যকে সন্মার্গগামী করিয়া থাকেন তিনিও পরম গুরু। এই সকল পরম গুরু দেব

কৈটভভীতেন ব্রহ্মণা সা দ্বিতীয়তঃ। ত্রিপুর প্রেষিতেনৈব তৃতীয়ে ত্রিপুরারিণা। ভ্রষ্টশ্রিয়া মহেন্দ্রেণ শাপাদ্দুর্ব্বাসসঃ পুরা। চতুর্থে পূজিতা দেবী ভক্ত্যা ভগবতী সতী॥ তদামুনীন্দ্রৈঃ সিদ্ধেন্দ্রৈর্দে বৈশ্চ মনুমানবৈঃ। পূজিতা সর্ব্ববিশ্বেষু বভূব সর্ব্বতঃ সদা॥ তেজঃসু সর্ব্ব দেবানামাবির্ভূতা পুরা মুনে। সর্ব্বে দেবা দদুস্তস্যৈ শস্ত্রাণি ভূষণানি চ॥ দুর্গাদয়শ্চ দৈত্যাশ্চ নিহতা দুর্গয়া তয়া। দত্তং স্বরাজ্যং দেবেভ্যো বরঞ্চ যদভীপ্সিতং॥ কালান্তরে পূজিতা সা সুরথেন মহাত্মনা। রাজ্ঞা মেধসশিষ্যেন মৃন্ময্যাঞ্চ সরিত্তটে॥ মেষাদিভিশ্চ মহিষৈঃ কৃষ্ণসারৈশ্চ গণ্ডকৈঃ। ছাগৈর্মীনৈশ্চ কুষ্মাণ্ডৈঃ পক্ষীভির্ব্বলিভি র্মুনে। বেদোক্তানি চ দত্ত্বৈব মুপচারাণি ষোড়শ। ধৃত্বা চ কবচং ধ্যাত্বা সংপূজ্য চ বিধানতঃ। রাজা কৃত্বা পরীহারং বরং প্রাপ যথেপ্সিতং। মুক্তিং সংপ্রাপ বৈশ্যশ্চ সংপূজ্য চ সরিত্তটে॥ তুষ্টাব রাজা বৈশ্যশ্চ সাশ্রুনেত্রঃ পুটাঞ্জলিঃ। বিসসর্জ্জ মৃন্ময়ীন্তাং গভীরে নির্ম্মলে জলে॥" (ব্রহ্মবৈবর্ত্ত পুরাণ প্রকৃতি খণ্ড ৫৭ অধ্যায়) অর্থাৎ সৃষ্টির প্রথমে পরমাত্মা শ্রীকৃষ্ণ গোলোকে রাসমণ্ডলে দুর্গাদেবীর পূজা করিয়াছিলেন। পরে মধুকৈটভ ভীত ব্রহ্মা কর্ত্তৃক দ্বিতীয়বার এবং ত্রিপুর নাশ সময়ে ত্রিপুরারি কর্ত্তৃক তৃতীয়বার তিনি পূজিতা হন। দুর্ব্বাসার শাপে ভ্রষ্টলক্ষ্মী ইন্দ্র ভক্তি সহকারে চতুর্থবার পূজা করেন। অনন্তর মুনীন্দ্র সিদ্ধেন্দ্র এবং ঋষিগণ কর্ত্তৃক তিনি পূজিতা হন। এইরূপে সমগ্র বিশ্বে তাঁহার পূজা প্রচারিত হইল। হে মুনিবর! সেই দুর্গাদেবী দেবগণের তেজ হইতে সমুদ্ভূতা হইয়াছিলেন এবং দেবগণ স্ব স্ব অস্ত্র এবং ভূষণাদি তাঁহাকে প্রদান করিয়াছিলেন। এই দেবী দুর্গ প্রভৃতি দৈত্যগণকে বিনাশ করিয়া দেবগণকে স্বর্গ রাজ্য এবং অভীপ্সিত বর প্রদান করিয়াছিলেন (মার্কণ্ডেয় চণ্ডী দ্রষ্টব্য) কল্পান্তরে মেধস শিষ্য সুরথ নদীতটে মৃন্ময়ী প্রতিমা নির্ম্মাণ করিয়া দেবীর পূজা করিয়াছিলেন এবং মেষ, মহিষ, কৃষ্ণসার ছাগাদি বিবিধ বলি ও উপচারাদির দ্বারা তাঁহার আরাধনা করিয়াছিলেন। এইরূপ আরাধনা দ্বারা মহারাজ সুরথ অভীপ্সিত বর প্রাপ্ত হইয়াছিলেন। তাঁহার সহকারী সমাধি নামক বৈশ্যও এইরূপ পূজা দ্বারা মুক্তিলাভ করিয়াছিলেন। রাজা এবং বৈশ্য দেবীর স্তব করিয়া মৃন্ময়ী প্রতিমাকে নদীজলে বিসর্জ্জন করিয়াছিলেন। দুর্গা দেবীর মাহাত্ম্য মার্কণ্ডেয় পুরাণান্তর্গত দেবী মাহাত্ম্যে বিশেষরূপে বর্ণিত হইয়াছে। শরৎকালে দুর্গা পূজা উপলক্ষে এতদ্দেশে মহা মহোৎসব হইয়া থাকে।

দেবীকে প্রত্যক্ষ দেবতা জ্ঞানে পূজা করিতে মনুষ্য বাধ্য। ইহার অন্যথা ঘটিলে তাহারা নিন্দিতকর্ম্মা নামে পরিচিত হয়, এবং তাহাদের সকল সাধনাই বিফল হইয়া থাকে। এতদ্ব্যতীত প্রাজ্ঞ অর্থাৎ পণ্ডিত গণের পূজা করাও মানবের ধর্ম্ম। যাঁহার নিকট মনুষ্য কোন উপদেশ লাভ করে নাই, অথচ তিনি যদি বেদার্থবিৎ জ্ঞানী মহাপুরুষ হন, তাহা হইলে তাঁহারও সম্মান করিতে মনুষ্য বাধ্য। সম্মানার্হ ব্যক্তির প্রতি বিহিত সম্মান প্রদর্শন করাই আবশ্যক। কেবল যে আচার্য্য বা গুরুর অথবা জনক জননীর সম্মান করিলেই কর্ত্তব্যের পরিসমাপ্তি হইল এরূপ নহে। দৃষ্ট বা অদৃষ্ট যে কোন জ্ঞানী ব্যক্তির সংবাদ মনুষ্য জানিতে পারে, জগতের যে কোন স্থানে সেই তত্ত্বদর্শী মহাত্মা অবস্থান করুন না কেন, তাঁহার প্রতি যথোপযুক্ত সম্মান প্রদর্শন করাই মনুষ্যের কর্ত্তব্য। এইরূপ ভক্তিমান হইয়া দেব দ্বিজ গুরু প্রাজ্ঞের প্রতি সম্মান প্রদর্শনের সঙ্গে সঙ্গেই দৈহিক শোধন একান্ত বিধেয়। মৃত্তিকাবিশেষের সহিত জলদ্বারা দেহ সমুচিত রূপে প্রক্ষালিত করিলে শারীরিক শৌচ লব্ধ হইয়া থাকে। ক্ষারবৎ একপ্রকার মৃত্তিকাদ্বারা কেশাদি ধৌত করিলে তত্তাবৎ নির্ম্মল হয়। অন্য একপ্রকার মৃত্তিকা দ্বারা দেহ ধৌত করিলে লোমকূপ সমূহ মলনির্ম্মুক্ত হয় এবং দেহ বিশুদ্ধ হইয়া থাকে। এই সকল বিশোধনকারী পদার্থের তত্ত্ব পরিজ্ঞাত হইয়া তদ্দ্বারা দৈহিক শৌচ সংসাধিত করা উচিত। দৈহিক বিশুদ্ধির সঙ্গে সঙ্গে আন্তরিক নির্ম্মলতা নিতান্ত আবশ্যক। অন্তরকে সর্ব্বতোভাবে কুটিলতা শূন্য সরল করাই শ্রেয়। হৃদয় যদি নিরন্তর পরস্ত্রীদর্শনে কাতর [illegible] পরের প্রশংসা শ্রবণে অবসন্ন হয়, সম্পদ ও ভোগসুখলালসায় প্রমত্ত [illegible] তাহা হইলে সকল সাধনাই বিফল। অতএব যাহাতে হৃদয় কুটিলতা [illegible] করিয়া ঋজু ভাবাপন্ন হয়, তজ্জন্য নিরন্তর চেষ্টাশীল থাকা আবশ্যক। এতৎসহ ইন্দ্রিয় শাসন বিধেয়। পরস্ত্রীতে উপগত হওয়া বা অবৈধ মৈথুনে প্রবৃত্ত হওয়া মানবের অধোগতি বিধায়ক। এজন্য মনুষ্যের নিষিদ্ধ মৈথুনে অপ্রবৃত্তি রূপ ব্রহ্মচর্য্য অবলম্বন করা শ্রেয়স্কর। আর অহিংসা অর্থাৎ অকারণ প্রাণিনাশাদি দুর্ব্বৃত্ততা পরিহার করাই ধর্ম্ম। এই সকলকে শারীর তপঃ বলা হইয়া থাকে। কেন এই সকল অনুষ্ঠানকে শারীর তপ নামে নির্দ্দেশ

করা হয়, তাহা এই গ্রন্থের অষ্টাদশাধ্যায়ে বিশেষ ... চিত হইবে।

মূলে "অহিংসা" শব্দের পরে যে চকার আছে, তদ্দ্বারা ... এবং অপরিগ্রহ এই দুই ধর্ম্ম সূচিত হইতেছে। মূলস্থিত "আর্জ্জব" শব্দের তত্ত্ব পরবর্ত্তী মানস তপস্যা বিচার স্থলে অধিকতর পরিস্ফুট হইবে।

পূজ্যপাদ শ্রীমদ্রামানুজাচার্য্য শৌচশব্দে বিবিধ তীর্থ জলে স্নানাদি এবং ব্রহ্মচর্য্যশব্দে ভোগবাসনা প্রবৃত্তি পরিশূন্য ভাবে যোষিৎগণকে দর্শন, এইরূপ অর্থ নির্দ্দেশ করিয়াছেন ॥ ১৪ ॥

——:•:•:——

অনুদ্বেগকরং বাক্যং সত্যং প্রিয়হিতঞ্চ যৎ।
স্বাধ্যায়াভ্যসনং চৈব বাঙ্ময়ং তপ উচ্যতে ॥ ১৫ ॥

অন্বয়।—অনুদ্বেগকরং (ন প্রাণিপীড়কং) সত্যং প্রিয়হিতং (মধুরহিতকরং) চ যৎ বাক্যং স্বাধ্যায়াভ্যসনং (বেদাভ্যাসঃ) চ এব বাঙ্ময়ং তপঃ উচ্যতে (কথ্যতে) ॥ ১৫ ॥

প্রতিশব্দ।—অনুদ্বেগ-কারক সত্য ও মধুর-হিত-কর যে বাক্য এবং বেদ-পাঠ-ও বাঙ্ময় তপস্যা কথিত হয় ॥ ১৫ ॥

ব্যাখ্যা।—যে বাক্য কাহারও ক্লেশকর নহে, যাহা সত্য, শ্রুতি-সুখকর অথচ হিতকর যে বাক্য এবং বেদাভ্যাস বাঙ্ময় তপস্যা নামে অভিহিত ॥ ১৫ ॥

শঙ্করাচার্য্য।—পঙ্‌ক্তে তস্য হেতব ইতি হি নক্ষাতি অনুদ্বেগেতি। অনুদ্বেগকরং প্রাণিনাং অদুঃখকরং বাক্যং সত্যং প্রিয়ং হিতঞ্চ যৎ প্রিয়হিতে দৃষ্টাদৃষ্টার্থে অনুদ্বেগকরত্বাদিভি-র্ধর্ম্মৈর্ব্বাক্যং বিশিষ্যতে। বিশেষণধর্ম্মসমুচ্চয়ার্থশ্চশব্দঃ পরপ্রত্যায়নার্থং প্রযুক্তস্য বাক্যস্য সত্য-প্রিয়হিতানুদ্বেগকরত্বাদীনামন্যতমেন দ্বাভ্যাং ত্রিভির্ব্বা হীনতা স্যাৎ, যদি ন তদ্বাঙ্ময়তপস্তথা সত্যবাক্যস্যেতরেষামন্যতমেন দ্বাভ্যাং ত্রিভির্ব্বা হীনতায়াং ন বাঙ্ময়ং তপস্তৎ তথা প্রিয়-বাক্যস্যাপীতরেষামন্যতমেন দ্বাভ্যাং ত্রিভির্হীনস্য ন বাঙ্ময়তপস্ত্বম্‌ তথাহি ন বাক্যস্যাপীতরেষামন্য-তমেন দ্বাভ্যাং ত্রিভির্ব্বা বিযুক্তস্য ন বাঙ্ময়তপস্ত্বং কিং পুনস্তত্তপোযৎ সত্যং বাক্যমনুদ্বেগকরং

প্রিয়ং হিতঞ্চ যৎ তৎ পরমতপোবাঙ্ময়ং যথা শান্তো ভব বৎস! স্বাধ্যায়ং যোগংবানুতিষ্ঠ তথা তে শ্রেয়োভবিষ্যতি স্বাধ্যায়াভ্যসনঞ্চৈব যথাবিধি বাঙ্ময়ং তপ উচ্যতে ॥ ১৫ ॥

আনন্দগিরি।—কথং কর্ত্রাদিসাধ্যত্বে তপসঃ শারীরত্বম্ শারীরত্বে বা কথম্ কর্ত্রাদি-সাধ্যত্বমিত্যাশঙ্ক্যাহ পঞ্চেতি। সম্প্রতি বাঙ্ময়ম্ তপো ব্যপদিশতি অনুদ্বেগকরমিতি। সত্যম্ যথাদৃষ্টার্থবচনম্ প্রিয়ং শ্রুতিসুখং হিতং পরিণামপথ্যম্। প্রিয়হিতয়োর্ব্বিধান্তরেণ বিভাগমাহ প্রিয়েতি। কথমত্র বিশেষণবিশেষ্যত্বম্ তদাহ অনুদ্বেগেতি। বিশেষণানাং ধর্ম্মাণামনুদ্বেগকরত্বা-দীনাং বিশেষণবাক্যেন সমুদিতানাং পরস্পরমপি সমুচ্চয়দ্যোতী চকার ইত্যাহ বিশেষণেতি। কিমিতি বাক্যমেতৈর্ব্বিশিষ্যতে কিমিতি বা তেষাং মিথঃ সমুচ্চয়স্তত্রাহ পরেতি। যদ্যপি বিধায়কবাক্যমাত্রস্যাবিশেষিতস্য বাঙ্ময়তপস্ত্বানুপপত্তিস্তথাপি সত্যবাক্যস্য বাক্যবিশেষণান্তরা-ভাবেতি বাঙ্ময়তপস্ত্বমিত্যাশঙ্ক্যাহ তথেতি। তথাপি প্রিয়বাক্যমাত্রস্য তথাত্বম্ স্যাদিত্যা-শঙ্ক্যাহ তথেতি। তথাপি পরিণামপথ্যং বাক্যমাত্রম্ তথা ভবিষ্যতি নেত্যাহ তথাহিনেতি। কীদৃক্ তর্হি তয়োর্বাঙ্ময়ত্বমিতি প্রশ্নপূর্ব্বকং বিশদয়তি কিং পুনরিতি। বিশিষ্টে বাঙ্ময়ে তপসি দৃষ্টান্তমাহ যথেতি। প্রাঙ্মুখত্বম্ পবিত্রপাণিত্বমিত্যাদি বিধানমনতিক্রম্য স্বাধ্যায়স্যাবর্ত্তনমপি বাঙ্ময়ে তপস্যন্তর্ভবতীত্যাহ স্বাধ্যায়েতি। বাক্প্রাচুর্য্যেণপ্রস্তুতাস্মিন্নিতি বাঙ্ময়ম্ বাক্-প্রধানমিত্যর্থঃ ॥ ১৫ ॥

রামানুজ।—অনুদ্বেগেতি। পরেষামনুদ্বেগকরং সত্যং প্রিয়ং হিতং চ যদ্বাক্যং স্বাধ্যায়াভ্যসনং চেত্যেতদ্বাঙ্ময়ং তপঃ ॥ ১৫ ॥

হনুমান্।—শরীরসাধ্যং তপোবিধায়স্তে উদ্বেগো দুঃখং নোদ্বেগকরং সত্যং অবিতথং প্রিয়ং চ হিতং চ প্রিয়হিতং স্বাধ্যায়ঃ বেদস্য সদাপাঠঃ স্বাধ্যায়াভ্যসনমিত্যেতদ্বাক্যং এবং বচা নির্ব্বত্যং ॥ ১৫ ॥

শ্রীধর।—বাচিকম্ তপ আহ অনুদ্বেগকরমিতি। উদ্বেগং ভয়ং ন করোতীত্যনু-দ্বেগকরং বাক্যং সত্যং শ্রোতুঃ প্রিয়ং হিতঞ্চ পরিণামে সুখকরং স্বাধ্যায়াভ্যসনং বেদাভ্যাসশ্চ বাঙ্ময়ং বাচা নির্ব্বর্ত্যং তপঃ ॥ ১৫ ॥

বলদেব।—অনুদ্বেগকরং উদ্বেগং ভয়ং কস্যাপি ন করোতি। সত্যং প্রামাণিকং শ্রোতুঃ প্রিয়ং পরিণামে হিতং চ। এতদ্বিশেষণচতুষ্টয়বদ্বাক্যং স্বাধ্যায়স্তু বেদস্যাভ্যসনঞ্চ বাঙ্ময়ং বাচা নির্ব্বর্ত্যং তপঃ ॥ ১৫ ॥

মধুসূদন।—অনুদ্বেগকরং ন কস্যচিদ্দুঃখকরং সত্যং প্রমাণমূলমবাধিতার্থং প্রিয়ং শ্রোতুস্তৎকালশ্রুতিসুখং হিতং পরিণামে সুখকরং, চকারো বিশেষণানাং সমুচ্চয়ার্থঃ, অনুদ্বেগকর-ত্বাদিবিশেষণচতুষ্টয়েন বিশিষ্টং নত্বেকেনাপি বিশেষণেন ন্যূনং যদ্বাক্যং যথা শান্তোভব বৎস! স্বাধ্যায়ং যোগং চানুতিষ্ঠ তথা তে শ্রেয়োভবিষ্যতীত্যাদি তদ্বাঙ্ময়ং বাচিকং তপঃ শারীরবৎ স্বাধ্যায়াভ্যসনং চ যথাবিধিবেদাভ্যাসশ্চ বাঙ্ময়ং তপ উচ্যতে। এবকারঃ প্রাক্ বিশেষণসমুচ্চয়া-বধারণে ব্যাখ্যাতঃ ॥ ১৫ ॥

নীলকণ্ঠ। প্রিয়ঞ্চ তৎ হিতঞ্চ প্রিয়হিতং শ্রবণকালে পরিণামে চ সুখদমিত্যর্থঃ ॥১৫॥

বিশ্বনাথ।—অনুদ্বেগকরং সত্যোধ্য ভিন্নানামপ্যনুদ্বেজকং ॥ ১৫ । ১৬ ॥

তাৎপর্য্য।—পূর্ব্ব শ্লোকে শারীর তপের বিষয় কীর্ত্তিত হইয়াছে। এক্ষণে সমালোচ্য শ্লোকে বাঙ্‌ময় তপের প্রসঙ্গ আলোচিত হইতেছে। যেরূপ বাক্য দ্বারা কাহারও হৃদয়ে উদ্বেগ উৎপন্ন না হয় অর্থাৎ যে বাক্য শুনিয়া কেহই চিন্তায় প্রপীড়িত বা আন্তরিক ক্লেশে অভিভূত অথবা কোন প্রকার মর্ম্ম ব্যথায় অবসন্ন না হয়, তাহাই অনুদ্বেগকর বাক্য। এইরূপ অনুদ্বেগকর বাক্য ব্যবহার করাই বাঙ্‌ময় তপের একটী প্রধান লক্ষণ। কিন্তু কেবলমাত্র অনুদ্বেগকর বাক্যের ব্যবহারই যথেষ্ট নহে। বাক্য সত্য হওয়া আবশ্যক। অনুদ্বেগকর বাক্য মিথ্যা হইতে পারে; তাহা হইলে সাধনা বিফল। কারণ মিথ্যাভাষণ সর্ব্ব প্রকার উন্নতির প্রতিকূল। অপিচ সেই সত্য বাক্য সর্ব্বথা প্রিয় হওয়া আবশ্যক, অর্থাৎ শ্রোতা তাহা শ্রবণ মাত্রেই যাহাতে প্রীতি লাভ করেন, এইরূপ বাক্যের ব্যবহার করাই সুসঙ্গত। এতাবতা ইহাই সিদ্ধ হইতেছে যে, রূঢ় কর্কশ ও কটু বাক্যের ব্যবহার সর্ব্বদা পরিবর্জ্জনীয়। অধিকন্তু ব্যবহৃত বাক্য শ্রোতার হিত-সাধক হওয়া বিধেয়। যে বাক্যের মূলে কোনপ্রকার হিতোপদেশ নাই, সেরূপ বাক্য কোন প্রয়োজনে আইসে না। লোককে শান্তভাবে সংসার যাত্রা নির্ব্বাহ করিবার নিমিত্ত উপদেশ অথবা যজ্ঞাদির অনুষ্ঠান করিবার উপায় প্রদর্শন অথবা পরিণামে হিতকর পরামর্শ দানই সাধুজনের কর্ত্তব্য। এই স্থলে একটী চকারের প্রয়োগ হইয়াছে। পূজ্যপাদ শঙ্করা-চার্য্য প্রভৃতির অভিপ্রায় এই যে, অনুদ্বেগকর, সত্য, প্রিয় এবং হিত এই বিশেষণ সমূহের সমুচ্চয়ার্থ এই চকার প্রযুক্ত হইয়াছে। অর্থাৎ বাক্যের উল্লিখিত বিশেষণ সমূহের কোন একটী গুণ থাকিলেই পর্য্যাপ্ত হইবে না। বাক্য কেবল যদি সত্য হয়, অথচ প্রিয়হিত না হয়, তাহা হইলে ফলদায়ক হইবে না। এবং যদি বাক্য কেবল মাত্র হিত হয়, তাহা হইলেও কোন ফলোপধায়ক হইবে না। এই প্রত্যেক গুণ বিশিষ্ট বাক্যই প্রকৃত ফলপ্রদ। এইরূপ সুসংযত বাক্য ব্যবহারের সঙ্গে প্রকৃষ্ট গুরু সমীপে যথারীতি বেদাভ্যাস করিতে হইবে। বেদই (৩২০।১৩২৯) পৃষ্ঠার টীপ্পনী দ্রষ্টব্য। পরম পবিত্র অপৌরুষের বাক্য। প্রলয়েও তাহার ধ্বংস নাই এবং কখনই তাহার

কোন ক্ষয় নাই। সেই পরম বাক্যের অভ্যাসই বাঙ্‌ময় তপের পরম লক্ষণ। এই সকল বাঙ্‌নিষ্ঠা ও অভ্যাসমূলক যে তপঃ তাহাই বাঙ্‌ময় তপঃ নামে অভিহিত হইয়া থাকে।

মূলে "স্বাধ্যায়াভ্যসনং চৈব" স্থলে যে এবকার প্রযুক্ত হইয়াছে, পূজ্যপাদ শ্রীমন্মধুসূদন সরস্বতী পাদের তৎসম্বন্ধে অভিপ্রায় এই যে, সমস্ত বিশেষণের সমুচ্চয় অবধারণ করাই তাহার উদ্দেশ্য।

যে তিন প্রকার সাধনার উল্লেখ করিতে শ্রীভগবান্ এক্ষণে প্রবৃত্ত হইয়াছেন, তাহার প্রথমে শারীর তপের বিবরণ বিন্যস্ত হইয়াছে। তদনন্তর বাঙ্‌ময় তপের প্রসঙ্গও কীর্ত্তিত হইল এবং অচিরে মানস তপের বিষয় আলোচিত হইবে। ইহাতে সহজেই বুঝিতে পারা যাইতেছে যে প্রথমত শরীরকে পবিত্র করাই আবশ্যক। মনুষ্য নিরন্তর যে পাপসাগরে ভাসমান হয়, তাহার অধিকাংশই শরীর দ্বারা সংসাধিত হইয়া থাকে। যৌন সংসর্গ, পরস্বাপহরণ, কুস্থানে ভ্রমণ, সুরাপান প্রভৃতি গর্হিতাচরণ, নিন্দিত ও নিষিদ্ধ ভোজন ইত্যাদি দুষ্কর্ম্ম শরীর দ্বারা আচরিত হয়। এই জন্য শরীরকে পাপমুক্ত ও বিশুদ্ধ করিবার চেষ্টা করা সর্ব্বাগ্রে আবশ্যক তদনন্তর বাক্‌শুদ্ধি বিধেয়। এই বাক্য শরীর ও মনের সন্ধিস্থল স্বরূপ; বাগ্‌যন্ত্রস্বরূপ কণ্ঠ তালু জিহ্বা দন্ত ওষ্ঠ, এই কয়েক প্রকার শারীর অঙ্গের সাহায্যে মনের ভাব পরিব্যক্ত করার নামই বাক্য। শরীর বিশুদ্ধ হইলে বাক্য বিশুদ্ধ করিবার প্রযত্ন করাই সমীচীন। কারণ এই বাক্য ক্রমশঃ মানসিক বিশুদ্ধির সহায়তা করিবে। মানসিক বিশুদ্ধি হইলেই চরম ফল প্রাপ্তি হইয়া থাকে; কি যাহা প্রথমতঃ শরীর তদনন্তর বাক্য বিশুদ্ধির উপর নির্ভর করে॥ ১৫॥

——(:০:)——

মনঃপ্রসাদঃ সৌম্যত্বং মৌনমাত্মবিনিগ্রহঃ।
ভাবসংশুদ্ধিরিত্যেতত্তপো মানসমুচ্যতে ॥ ১৬ ॥

অন্বয়।—মনঃপ্রসাদঃ (চিত্তপ্রশান্তিঃ) সৌম্যত্বং (অক্রূরতা) মৌনং (ভাষণরহিতং) আত্মবিনিগ্রহঃ (মনঃসংযমঃ) ভাবসংশুদ্ধিঃ (অকপটব্যবহারঃ) ইতি এতৎ মানসং তপঃ উচ্যতে (কথ্যতে) ॥ ১৬ ॥

প্রতিশব্দ।—চিত্ত প্রসন্নতা সৌম্যত্ব মৌন মনঃ-সংযম অকপট-ব্যবহার ইহাই মানস তপ কথিত-হয় ॥ ১৬ ॥

ব্যাখ্যা।—চিত্তের প্রসন্নতা, সৌম্য ব্যবহার, বাক্‌সংযমরূপ মৌন, মনের সংযম এবং ব্যবহার কালে কাপট্যহীনতা এই সকলই মানস তপঃ নামে অভিহিত হইয়া থাকে ॥ ১৬ ॥

শঙ্করাচার্য্য।—মন ইতি। মনঃপ্রসাদোমনসঃ প্রশান্তিঃ স্বচ্ছতাপাদনং মনসঃ প্রসাদঃ সৌম্যত্বং যৎ সৌমনস্যমাহুর্ম্মুখাদিসংপ্রসাদকার্য্যান্তঃকরণস্য বৃত্তিঃ মৌনং বাক্‌সংযমোঽপি মনঃসংযমপূর্ব্বকোভবতি ইতি কার্য্যেণ কারণমুচ্যতে মনঃসংযমো মৌনমিতি আত্মবিনিগ্রহোমনোনিরোধঃ সর্ব্বতঃ সামান্যরূপ আত্মবিনিগ্রহোবাগ্বিষয়স্যৈব মনসঃ সংযমমোমৌনমিতি বিশেষঃ ভাবসংশুদ্ধিঃ পরৈর্ব্যবহারকালেঽমায়াবিত্বং ভাবসংশুদ্ধিরিত্যেত্তপোমানসমুচ্যতে ॥ ১৬ ॥

আনন্দগিরি।—মানসন্তপঃ সংক্ষিপতি মন ইতি। প্রশান্তিফলমেব ব্যনক্তি স্বচ্ছতেতি। মনসঃ স্বাচ্ছামনাকুলতা নৈশ্চিন্ত্যমিত্যর্থঃ। সৌমনস্যং সর্ব্বেভ্যো হিতৈষিত্বমহিতাচিন্তনঞ্চ তৎকথম গম্যতে তত্রাহ মুখাদীতি। তস্য স্বরূপমাহ অন্তঃকরণস্যেতি। নমু মৌনম্ বাঙ্‌নিয়মনম্ বাঙ্ময়ে তপস্যন্তর্ভবতি তৎকথম্ মানসে তপসি ব্যপদিশ্যতে তত্র বাচঃ সংযমস্য কার্য্যত্বান্মনঃসংযমস্য কারণত্বাৎ কার্য্যেণ কারণগ্রহণাৎ মানসে তপসি মৌনমুক্তমিত্যাহ বাগিতি। যদ্বা মৌনম্ মুনিভাবো মননম্ আত্মনো মনসো বিনিগ্রহো নিরোধঃ নম্বেবং মৌনস্য মনোনিগ্রহস্য চ মনঃসংযমত্বেনৈকত্বাৎ পৌনরুক্ত্যম্ নেত্যাহ সর্ব্বতইতি। ভাবস্য হৃদয়স্য সংশুদ্ধী রাগাদিমলবিকলতেতি ব্যাচষ্টে পরৈরিতি। মানসং মনসা প্রধানেন নির্ব্বর্ত্ত্যমিত্যর্থঃ ॥ ১৬ ॥

রামানুজ।—মন ইতি। মনঃ প্রসাদঃ মনসঃ ক্রোধাদিরহিতত্বম্ সৌম্যত্বং মনসঃ পরেষামভ্যুদয়প্রাবণ্যং মৌনং মনসো বাক্‌প্রবৃত্তিনিয়মঃ আত্মবিনিগ্রহঃ মনোবৃত্তের্ধ্যেয়বিষয়েঽবস্থাপনং ভাবসংশুদ্ধিরাত্মব্যতিরিক্তবিষয়চিন্তারহিতত্বমেতন্মানসং তপঃ ॥ ১৬ ॥

হনুমান্।—মনঃ প্রসাদঃ মনঃস্বচ্ছতা সৌম্যত্বং সৌমনস্যতা দুঃখাদৌ প্রসাদকারিণী অন্তঃকরণবৃত্তিঃ মৌনং বাক্‌সংযমঃ আত্মবিনিগ্রহঃ মনসোনিরোধঃ ভাবসংশুদ্ধি মায়ারাহিত্যমিতি এতন্মানসং তপঃ উচ্যতে ॥ ১৬ ॥

শ্রীধর।—মানসং তপ আহ মন ইতি। মনঃপ্রসাদঃ স্বচ্ছতা, সৌম্যত্বমক্রূরতা, মৌনম্ মুনের্ভাবোমননমিত্যর্থঃ, আত্মনোমনসোবিনিগ্রহোবিষয়েভ্যঃ প্রত্যাহারঃ, ভাবসংশুদ্ধিঃ ব্যবহারে মায়ারাহিত্যমিত্যেতন্মানসং তপঃ॥ ১৬॥

বলদেব।—মনসঃ প্রসাদো বৈমল্যং বিষয়স্মৃত্যবৈয়গ্রং। সৌম্যত্বমক্রৌর্য্যং সর্ব্বসুখেচ্ছুত্বং। মৌনমাত্মমননং। আত্মনো মনসো বিনিগ্রহো বিষয়েভ্যঃ প্রত্যাহারঃ। ভাবসংশুদ্ধির্ব্যবহারে নিষ্কপটতা। এতন্মানসম্ মনসা নির্ব্বর্ত্ত্যং তপঃ॥ ১৬॥

মধুসূদন।—মনসঃ প্রসাদঃ স্বচ্ছতা বিষয়চিন্তাব্যাকুলত্বরাহিত্যং, সৌম্যত্বম্ সৌমনস্যম্ সর্ব্বলোকহিতৈষিত্বম্ প্রতিষিদ্ধচিন্তনম্ চ মৌনং মুনিভাব একাগ্রতয়াত্মচিন্তনম্ নিদিধ্যাসনাখ্যং বাক্‌সংযমহেতুর্ম্মনঃসংযমোমৌনমিতি ভাষ্যং, আত্মবিনিগ্রহ আত্মনোমনসোবিশেষেণ সর্ব্ববৃত্তিনিগ্রহোনিরোধঃ সমাধিরসংপ্রজ্ঞাতঃ, ভাবস্য হৃদয়স্য শুদ্ধিঃ কামক্রোধলোভাদিমলনিবৃত্তিঃ পুনরশুদ্ধ্যুৎপাদরাহিত্যেন সম্যক্ত্বেন বিশিষ্টা সা ভাবশুদ্ধিঃ পরৈঃ সহ ব্যবহারকালে মায়ারাহিত্যং সেতি ভাষ্যং ইত্যেতৎ এবং প্রকারম্ তপোমানসং উচ্যতে॥ ১৬॥

নীলকণ্ঠ।—মনঃপ্রসাদঃ রাগদ্বেষাদিরাহিত্যং, সৌম্যত্বং পরহিতৈষিত্বং, মৌনং বাকসংযমঃ, আত্মনিগ্রহোমনোনিরোধঃ, ভাবসংশুদ্ধিঃ পরৈর্ব্ব্যবহারকালে মায়ারাহিত্যম্ ইতি এবম্প্রকারং অন্যৎ দয়াদিকম্ এতন্মানসং তপ উচ্যতে॥ ১৬॥

তাৎপর্য্য।—যে তিনপ্রকার তপের বৃত্তান্ত বর্ণন করিতে শ্রীভগবান্ প্রবৃত্ত হইয়াছিলেন, এক্ষণে মানস তপের বিবরণ দ্বারা তাহার উপসংহার করিতেছেন। প্রথমতঃ প্রদর্শন করিতেছেন যে, মনঃপ্রসাদ আবশ্যক। মন আসক্তি শূন্য এবং সকল প্রকার বিষয় ব্যাপারের সহিত নির্লিপ্ত হইলেই সম্পূর্ণ প্রসন্নতা লাভ করে। তখন তাহা নির্ম্মল স্বচ্ছ পদার্থের ন্যায় ভাবাপন্ন হয়। তখন তাহার বাহ্য ও অভ্যন্তর ভাব আর প্রচ্ছন্ন থাকে না; তাহার গূঢ়তম প্রদেশও দে[illegible] পাওয়া যায়। তাহার পর অভ্যাস দ্বারা চিত্তোন্নতি সহকারে সৌম্যভাব [illegible] করিতে হইবে, অর্থাৎ ক্রূরতা রহিত হইয়া নিরন্তর লোকহিতের [illegible] এবং নিষিদ্ধ কর্ম্মানুষ্ঠানে বিরত থাকিতে হইবে। সঙ্গে সঙ্গেই বাঙ্‌নিষ্ঠার পরিপাকান্তে মৌন ভাব অবলম্বন করা বিধেয়। বিষয়ব্যাপার লিপ্ত মনুষ্যেরা নানাবিধ প্রিয়াপ্রিয় সত্যাসত্য বাক্যের ব্যবহার করিয়া থাকে; কিন্তু চিত্তোন্নতির পথে যিনি অগ্রসর হইয়াছেন, তাঁহার আর তাদৃশ অসার বিষয়ানুসরণে অলীকবাক্য ব্যবহারের প্রয়োজন থাকে না। তিনি তখন মুনিব্রতাবলম্বন করিয়া নির্ব্বাক্ থাকেন। তদনন্তর আত্মনিগ্রহ, অর্থাৎ বিষয়

ব্যাপার হইতে সর্ব্ব প্রকারে চিত্তের নির্লিপ্ততা সাধন, মানস সমাধির প্রধান অঙ্গ স্বরূপ। বিষয় ব্যাপার যখন মনকে আর কোনরূপেই বিচলিত করিতে পারে না, কৌটিল্যরহিত পরহিতরত মহাত্মার স্বচ্ছ দর্পণ তুল্য অন্তঃকরণে যখন বাহ্য সুখদুঃখ ঘটিত কোন অঙ্কপাত হয় না, এবং যখন অনর্থক বাক্য পরিহার করিয়া তিনি মৌন ব্রতাবলম্বন করেন তখন স্বতই তাঁহার আত্মনিগ্রহ উপস্থিত হইয়া থাকে। মৌনাবস্থা যোগপথারূঢ় ব্যক্তির পক্ষে নিদিধ্যাসন (৪৪ পৃষ্ঠার টীপ্পনী দ্রষ্টব্য) অবস্থা বলিয়া উল্লেখ করা যাইতে পারে এবং আত্মনিগ্রহ অসম্প্রজ্ঞাত সমাধির (৪৪ পৃষ্ঠার টীপ্পনী দ্রষ্টব্য) অবস্থা বলিয়া মনে করা যাইতে পারে। সমাধি সম্প্রজ্ঞাত ও অসম্প্রজ্ঞাত ভেদে দ্বিবিধ, এই সকল প্রসঙ্গ এই গ্রন্থের নানা স্থানে বিস্তারিত রূপে আলোচিত হইয়াছে, সুতরাং পুনরালোচনা অনাবশ্যক। সঙ্গে সঙ্গে ভাবশুদ্ধি অর্থাৎ চিত্তের মায়া মোহ কাম ক্রোধাদি রাহিত্য ভাব আবশ্যক। পরের সহিত ব্যবহারে বা নিজের প্রতি পরের ব্যবহার দর্শনে যাহাতে কোন প্রকার চিত্তচাঞ্চল্য না হয়, অথবা তৎকালে বা পরবর্ত্তী সময়েও তজ্জন্য চিত্তের কোন প্রকার উদ্বেগ যাহাতে না জন্মে সেইরূপ অবস্থাই প্রকৃত ভাবশুদ্ধি। পূর্ব্বে যে সকল অন্তরোন্নতির কথা আলোচিত হইয়াছে, তাহার পরিণামে এই রূপ ভাবশুদ্ধি অপরিহার্য্য। এই প্রকার যে তপ, তাহাই মানস তপ নামে অভিহিত হইয়া থাকে। এই সকল উন্নতির একটী মাত্র লব্ধ হইলে মানস তপ সম্পূর্ণ হইয়াছে বলা যায় না। যে অবস্থায় ইহার সকল গুলিই সংসাধিত ও পরিপক্ক হয়, সেই অবস্থাই শ্লাঘনীয়। এবং তল্লাভের নিমিত্ত প্রযত্ন পরায়ণ হওয়া আবশ্যক। যে তিন প্রকার তপ অর্থাৎ বিশুদ্ধীকরণের ব্যবস্থা এস্থলে নির্দ্দিষ্ট হইল, তাহা পরস্পরসাপেক্ষ। পরাকাষ্ঠারূপ মানস তপ বিষয়ে সিদ্ধি লাভ করিতে হইলে শরীর ও বাক্য তপের সিদ্ধি প্রথমেই প্রয়োজন। তদ্ব্যতীত পূর্ণাবস্থারূপ মানসতপে সিদ্ধিলাভ করা অসম্ভব। মনুষ্যকে প্রতিনিয়ত প্রথমাবস্থায় শারীর বিশুদ্ধির প্রতি লক্ষ্য রাখিয়া অগ্রসর হইতে হইবে। সঙ্গে সঙ্গে বাক্যসংযমরূপ পবিত্র অনুষ্ঠান তাঁহাকে অবলম্বন করিতে হইবে। তাহা হইলেই পরিণামে তাঁহার মন বিষয় ব্যাপার হইতে প্রত্যাহৃত ও অপ্রিয় অনিষ্টকর অলীক

ভাষণে বিরত হইয়া পরম প্রার্থনীয় মানস তপঃসিদ্ধি প্রাপ্ত হইবে। এই মানস তপের অবস্থা যখন মনুষ্য প্রাপ্ত হন, তখন তাঁহাকে যোগসিদ্ধ মহাপুরুষ বলিয়া মনে করিতে হইবে। তখন তিনি সংসারির পরম হিতৈষী নির্লিপ্ত নিষ্কাম সাধু ॥ ১৬ ॥

——০:):*:(:০——

শ্রদ্ধয়া পরয়া তপ্তং তপস্তত্ত্রিবিধং নরৈঃ।
অফলাকাঙ্ক্ষিভির্যুক্তৈঃ সাত্ত্বিকং পরিচক্ষতে ॥ ১৭ ॥

অন্বয়। অফলাকাঙ্ক্ষিভিঃ (ফলকামনারহিতৈঃ) যুক্তৈঃ (সমাহিতৈঃ) নরৈঃ পরয়া (প্রকৃষ্টয়া) শ্রদ্ধয়া তপ্তং (অনুষ্ঠিতং) তৎ (প্রাগুক্তং) ত্রিবিধং (কায়িকবাচিকমানসং) তপঃ সাত্ত্বিকং পরিচক্ষতে (কথয়ন্তি) [ধীরাঃ] ॥ ১৭ ॥

প্রতিশব্দ।—ফল-কামনা-রহিত সমাহিত মনুষ্য-কর্ত্তৃক পরম শ্রদ্ধা-দ্বারা আচরিত সেই ত্রিবিধ তপস্যাকে সাত্ত্বিক বলেন [পণ্ডিতগণ] ॥ ১৭ ॥

ব্যাখ্যা।—ফলাকাঙ্ক্ষাশূন্য একাগ্রচিত্ত পুরুষ প্রকৃষ্ট শ্রদ্ধাসহকারে যে কায়িক বাচিক ও মানস এই ত্রিবিধ তপস্যার অনুষ্ঠান করেন, পণ্ডিতগণ তাহাকেই সাত্ত্বিক তপস্যা বলিয়া থাকেন ॥ ১৭ ॥

শঙ্করাচার্য্য।—যথোক্তং কায়িকং বাচি[illegible] মানসঞ্চ তপস্তপ্তং নরৈঃ সত্ত্বাদিভেদেন কথং ত্রিবিধম্ভবতীত্যুচ্যতে শ্রদ্ধয়াস্তিক্যবুদ্ধ্যা পরয়া [illegible] যা তপ্তমনুষ্ঠিতং তপস্তৎ প্রকৃতং ত্রিবিধং ত্রিঃপ্রকারং অধিষ্ঠানং নরৈরনুষ্ঠাতৃভিরফলাকাঙ্ক্ষি[illegible] ফলাকাঙ্ক্ষারহিতৈর্যুক্তৈঃ সমাহিতৈর্যদীদৃশস্তপস্তৎ সাত্ত্বিকং সত্ত্বনির্ব্বৃত্তং পরিচক্ষতে [illegible] ॥ ১৭ ॥

আনন্দগিরি।—ত্রিবিধস্য তপসো যথাসম্ভবং সাত্ত্বিকাদিভাবেন তত্ত্রৈবিধ্যমাকাঙ্ক্ষাদ্বারা নিক্ষিপতি যথোক্তমিতি। তত্রৈব অধিষ্ঠানং দেহবাঙ্মনো নির্ব্বর্ত্ত্যমিত্যর্থঃ সমাহিতৈঃ সিদ্ধাসিদ্ধ্যোর্নির্ব্বিকারৈরিতি যাবৎ ॥ ১৭ ॥

রামানুজ।—শ্রদ্ধয়েতি। অফলাকাঙ্ক্ষিভিঃ ফলাকাঙ্ক্ষারহিতৈর্যুক্তৈঃ পরমপুরুষারাধনরূপমিদমিতি চিন্তাযুক্তৈঃ নরৈঃ পরয়া শ্রদ্ধয়া যৎত্রিবিধং তপঃ কায়বাঙ্মনোভিস্তপ্তং তৎসাত্ত্বিকং পরিচক্ষতে ॥ ১৭ ॥

হনুমান্।—শ্রদ্ধয়া আস্তিক্যবুদ্ধ্যা পরয়া প্রকৃষ্টয়া তপ্তমর্জিত ত্রিবিধং তপঃকায়িকাদি নরৈঃ পুরুষৈঃ ফলনিরপেক্ষৈঃ যুক্তৈঃ সাত্ত্বিক মিত্যভিধীয়তে॥ ১৭ ॥

শ্রীধর।—তদেবং শরীরবাঙ্মনোভির্নির্ব্বর্ত্ত্যং ত্রিবিধম্ তপোদর্শিতং, তস্য ত্রিবিধস্যাপি তপসঃ সাত্ত্বিকাদিভেদেন ত্রৈবিধ্যমাহ শ্রদ্ধয়েত্যাদিত্রিভিঃ। তৎ ত্রিবিধমপি তপঃ শ্রেষ্ঠয়া শ্রদ্ধয়া ফলাকাঙ্ক্ষাশূন্যৈর্যুক্তৈরেকাগ্রচিত্তৈন রৈস্তপ্তম্ সাত্ত্বিকম্ কথয়ন্তি॥ ১৭॥

বলদেব।—উক্তস্য তপসঃ সাত্ত্বিকাদিতয়া ত্রৈবিধ্যমাহ শ্রদ্ধয়েতি ত্রিভিঃ। তদুক্তং ত্রিবিধং তপঃ ফলাকাঙ্ক্ষাশূন্যৈর্যুক্তৈরেকাগ্রচিত্তৈর্নরৈঃ পরয়া শ্রদ্ধয়া তপ্তমনুষ্ঠিতং সাত্ত্বিকং॥১৭॥

মধুসূদন।—শারীরবাচিকমানসভেদেন ত্রিবিধস্যোক্তস্য তপসঃ সাত্ত্বিকাদিভেদেন ত্রৈবিধ্যমিদানীং দর্শয়তি ত্রিভিঃ। তৎপূর্ব্বোক্তং ত্রিবিধং শারীরং বাচিকং মানসঞ্চ তপঃ শ্রদ্ধয়া আস্তিক্যবুদ্ধ্যা পরয়া প্রকৃষ্টয়া অপ্রামাণ্যশঙ্কাকলঙ্কশূন্যয়া ফলাভিসন্ধিশূন্যৈর্যুক্তৈঃ সমাহিতৈঃ সিদ্ধ্যসিদ্ধ্যোর্নির্ব্বিকারৈর্নরৈরধিকারিভিস্তপ্তমনুষ্ঠিতং সাত্ত্বিকং পরিচক্ষতে শিষ্টাঃ॥ ১৭॥

নীলকণ্ঠ।—ত্রিবিধং কায়িকবাচিকমানসভেদেন যুক্তৈঃ অবহিতৈঃ॥ ১৭॥

বিশ্বনাথ।—ত্রিবিধং উক্তলক্ষণং কায়িকবাচিকমানসং॥ ১৭॥

তাৎপর্য্য।—পূর্ব্বে যে শারীর, বাচিক এবং মানস তপের বিষয় আলোচিত হইয়াছে, তাহা সাত্ত্বিক রাজসিক ও তামসিক ভেদে ত্রিবিধ। অধুনা এস্থলে প্রথমতঃ সাত্ত্বিক তপের লক্ষণ নির্দ্দিষ্ট হইতেছে। পূর্ব্বোল্লিখিত ত্রিবিধ তপঃ শ্রদ্ধা সহকারে অনুষ্ঠিত হওয়া আবশ্যক। অর্থাৎ আস্তিক্য বুদ্ধি সহকারে পূর্ব্বকথিত লক্ষণ সমূহের অনুসরণ করা বিধেয়। যদি বেদ ও শাস্ত্রাদির বিধান সমূহে বিশ্বাস না থাকে, যদি দেবতা ও ব্রাহ্মণে আন্তরিক ভক্তি না থাকে, তাহা হইলে অনুষ্ঠিত আচরণ সমূহ ফলপ্রসূ হইতে পারে না। এই জন্যই শ্রদ্ধা অর্থাৎ আস্তিক্য বুদ্ধির একান্ত আবশ্যক। অপিচ পূর্ব্বোল্লিখিত তপঃ সমূহ অপ্রামাণ্য অথবা প্রমাণবিহীনতারূপ কলঙ্ক সংলিপ্ত বলিয়া মনে করিলে সকল অনুষ্ঠানই নিষ্ফল হইয়া থাকে। তৎসমস্ত প্রকৃষ্ট বোধে অবলম্বন ও অনুষ্ঠান করা বিধেয়। এই ভাবে ফলাভিসন্ধি শূন্য হইয়া অর্থাৎ আচরিত যাবতীয় কার্য্য পরিণামে কিরূপ শুভাশুভ ফল প্রদান করিবে, তদ্বিষয়ে আসক্তি বা কামনা শূন্য হইয়া যুক্ত অর্থাৎ সমাহিত ভাবে মনুষ্যগণ কর্তৃক আচরিত যে তপ, তাহাই শিষ্টগণ কর্তৃক সাত্ত্বিক নামে অভিহিত হইয়া থাকে।

এতাবতা ইহাই সিদ্ধ হইতেছে যে, অন্তরকে সর্ব্ব প্রকার কামনা পরি-

শূন্য করিয়া ঐকান্তিকী ভক্তি ও বিশ্বাস সহকারে প্রকৃষ্ট বুদ্ধি জ্ঞান সম্পন্ন মনুষ্যগণ যদি উল্লিখিত রূপ তপশ্চর্য্যা করিয়া থাকেন, তবেই তাহা পরম শ্রেয়স্কর হইয়া থাকে। মনুষ্য মধ্যে সকল সাধকই যে এই রূপ সাত্ত্বিক ভাবে তপোঽনুষ্ঠান করিতে সমর্থ, এরূপ নহে। যেমন সোপান পরম্পরা অবলম্বন করিয়া সৌধে আরোহণ করিতে হয়, তদ্রূপ জ্ঞানরাজ্যে উন্নতি লাভ করিতে হইলে অতি নিম্নতম স্থান হইতে সাধনার সূত্রপাত করিতে হয়। এইরূপ সাধনা বলে ক্রমোন্নতি অবশ্যম্ভাবী। সুদৃঢ় অধ্যবসায় সহকারে সাধনায় অনুসরণ করিলে মানব ক্রমে অত্যুন্নতি লাভ করিতে পারেন। যিনি যতদূর অগ্রসর হন, তিনি তদপেক্ষা উচ্চতর সাধনার অধিকারী হইয়া থাকেন। এই অধিকারী ভেদে উন্নতি অবনতির ভেদ হইয়া থাকে।

পূজ্যপাদ শ্রীমদ্রামানুজাচার্য্য মূলস্থিত "যুক্ত" পদের অর্থ নির্দ্দেশ কালে লিখিয়াছেন যে, এই সমস্ত অনুষ্ঠান পরম পুরুষের প্রাপক, এইরূপ চিন্তাযুক্ত ॥ ১৭ ॥

——(০)——

সৎকারমানপূজার্থং তপো দম্ভেন চৈব যৎ।
ক্রিয়তে তদিহ প্রোক্তং রাজসং চলমধ্রুবং ॥ ১৮ ॥

অন্বয়।—সৎকারমানপূজার্থং দম্ভেন (ধার্ম্মিকত্বখ্যাপনেন) চ এব যৎ তপঃ ক্রিয়তে ইহ (লোকে) চলং (অনিয়তং) অধ্রুবং (ক্ষণিকং) তৎ তপঃ রাজসং প্রোক্তং (অভিহিতং) ১৮ ॥

প্রতিশব্দ।—সৎকার-মান-পূজার-নিমিত্ত দম্ভ-হেতু-ও যে তপঃ কৃত-হয়, ইহ-লোকে চঞ্চল ক্ষণ-স্থায়ী। সে তপস্যা রাজস কথিত-হয় ॥ ১৮ ॥

ব্যাখ্যা।—সৎকার মান এবং পূজা লাভের আশায় বা দম্ভ হেতু যে তপস্যার অনুষ্ঠান করা হয়, সেই তপঃ সংসারে অতি চঞ্চল এবং ক্ষণিক ফলযুক্ত, এই তপস্যাই রাজস তপঃ নামে অভিহিত হইয়া থাকে ॥ ১৮ ॥

শঙ্করাচার্য্য।—সৎকারেতি। সৎকারঃ সাধুকারঃ সাধুরয়ং তপস্বী ব্রাহ্মণঃ ইত্যেবমর্থং মানোমাননং প্রত্যুত্থানাভিবাদনাদি তদর্থং পূজা পাদপ্রক্ষালনার্চ্চনাশয়িতৃত্বাদি তদর্থঞ্চ তপঃ সৎকারমানপূজার্থং দম্ভেনৈব চ ক্রিয়তে তপস্তদিহ প্রোক্তং কথিতং রাজসঞ্চলঞ্চাদাচিৎকফলত্বে-নাধ্রুবং॥ ১৮॥

আনন্দগিরি।—রাজসন্তপো নির্দ্দিশতি সৎকারেতি। সাধুকারমেব স্ফোরয়তি সাধুরিতি। দম্ভেন চৈব নাস্তিক্যেন কেবলধর্ম্মধ্বজিত্বেনেত্যর্থঃ তদিহ প্রোক্তমস্মিন্নেব লোকে ফলপ্রদমিত্যর্থঃ কাদাচিৎকফলত্বং ক্ষণিকফলত্বমধ্রুবমনিয়তমনৈকান্তিকফলমিতি যাবৎ॥ ১৮॥

রামানুজ।—সৎকারেতি। মনসাদরঃ সৎকারঃ বাচা প্রশংসা মানঃ শারীরো নমস্কারাদি পূজা ফলাভিসন্ধিপূর্ব্বকং সৎকারাদ্যর্থঞ্চ দম্ভেন হেতুনা যত্তপঃ ক্রিয়তে তদিহ রাজসং প্রোক্তং স্বর্গাদিফলত্বেনাস্থিরত্বাচ্চলমধ্রুবং চলত্বং পাতভয়েন চলনহেতুত্বং অধ্রুবং ক্ষয়িষ্ণুত্বং॥ ১৮॥

হনুমান্।—সৎকারশ্চ মানশ্চ পূজাচ সৎকারমানপূজাঃ সৎকারঃ সাধুরয়ং তপস্বীতিপ্রত্যয়ঃ মানঃ প্রত্যুত্থানাভিবাদনাদি পূজা॥ ১৮॥

শ্রীধর।—রাজসমাহ সৎকারেতি। সৎকারঃ সাধুকারঃ সাধুরয়মিতি তাপসোঽয়মিত্যাদিবাক্‌পূজা মানঃ অভ্যুত্থানাভিবাদনাদির্দৈহিকী পূজা অর্থলাভাদিঃ এতদর্থং দম্ভেন চ তপঃ ক্রিয়তে অতএব চলমনিয়তং অধ্রুবঞ্চ ক্ষণিকং যদেবম্ভূতং তপস্তদিহ রাজসং প্রোক্তং॥ ১৮॥

বলদেব।—সৎকারঃ সাধুরয়ং তপস্বীতি স্তুতিঃ, মানঃ প্রত্যুত্থানাদিরাদরঃ, পূজা চরণপ্রক্ষালনধনদানাদিঃ, তদর্থং যত্তপো দম্ভেন চ ক্রিয়তে তদ্রাজসং প্রোক্তং। চলং কিঞ্চিৎ-কালিকং অধ্রুবমনিয়তসৎকারাদিফলকং॥ ১৮॥

মধুসূদন।—সৎকারঃ সাধুরয়ং তপস্বী ব্রাহ্মণ ইত্যেবমবিবেকিভিঃ ক্রিয়মাণা স্তুতিঃ মানঃ প্রত্যুত্থানাভিবাদনাদিঃ পূজা পাদপ্রক্ষালনার্চ্চনধনদানাদিঃ তদর্থং দম্ভেনৈব চ কেবলং ধর্ম্মধ্বজিত্বেনৈব চ ন স্বাস্তিক্যবুদ্ধ্যা যত্তপঃ ক্রিয়তে তদ্রাজসং প্রোক্তং শিষ্টৈঃ ইহ অস্মিন্নেব লোকে ফলদং ন পারলৌকিকং চলমত্যল্পকালস্থায়িফলঃ অধ্রুবং ফলজনকত্বা-নিয়মশূন্যম্॥ ১৮॥

নীলকণ্ঠ।—সৎকারঃ লোকে সাধুরয়মিতি বাক্‌পূজা, মানঃ অভ্যুত্থানাভিবাদনাদিঃ কায়িকঃ পূজা পূজালাভাদিঃ, এতদর্থং দম্ভেনচ যত্তপঃ ক্রিয়তে তৎ রাজসং চলং বিনাশি, অধ্রুবং অনিশ্চিতফলম্॥ ১৮॥

বিশ্বনাথ।—সৎকারঃ সাধুরয়মিত্যন্যৈঃ কর্ত্তব্যা বাক্‌পূজা, মানঃ প্রত্যুত্থানাভি-বাদনাদিভিরন্যৈঃ কর্ত্তব্যা দৈহিকী পূজা, পূজা অন্যৈর্নিয়মৈর্ধনাদিভিঃ ক্রিয়মাণা মানসী পূজা। তদর্থং দম্ভেন চ যৎ ক্রিয়তে তদ্রাজসং তপঃ চলং কিঞ্চিৎকালিকং অধ্রুবং অনিয়ত-সৎকারাদিফলকং॥ ১৮॥

তাৎপর্য্য।—এক্ষণে রাজস তপের বিবরণ কীর্ত্তিত হইতেছে। সাধু, ব্রাহ্মণাদি রূপে বিহিত সমাদর ও সম্মান লাভার্থ রাজস তপোনিরত ব্যক্তিগণ বিবিধ কার্য্যানুষ্ঠান করিয়া থাকেন। আমি সাধু, আমি ব্রাহ্মণ, ইত্যাকার বোধে তাঁহারা আড়ম্বর সহকারে আপনাদিগের অভ্যর্থনা বৃদ্ধি করিয়া থাকেন। রাজস তপোনিরত ব্যক্তিগণ বিবিধ অনুষ্ঠান সহকারে দেবতাদিগের পূজা করিয়া থাকেন। দেব মন্দিরাদি প্রতিষ্ঠার নিমিত্ত তাঁহারা অনেক অর্থব্যয় ও সমারোহ করেন। এইরূপ অনুষ্ঠান পরম্পরা প্রায়ই অহঙ্কার প্রকাশের জন্য, আত্মপ্রাধান্য স্থাপনের অভিপ্রায়ে দাম্ভিকতার সহিত সম্পাদিত হইয়া থাকে। ইহার মূলে প্রকৃত আস্তিক্য বুদ্ধি অতি বিরল। প্রায়শঃ লোক সমাজে আত্মগরিমা সংস্থাপনই এই সকল অনুষ্ঠানের মুখ্য উদ্দেশ্য। এইরূপ অহঙ্কার সহকারে যে সকল সৎকার্য্য আচরিত হইয়া থাকে, তাহাই শিষ্টগণ কর্তৃক রাজস তপ নামে অভিহিত হয়। এইরূপ রাজস তপের ফল অস্থায়ী। কারণ ইহলোক ব্যতীত কোন পারলৌকিক শুভফল ইহা দ্বারা লব্ধ হয় না। মনুষ্যমণ্ডলী মধ্যে প্রশংসা এবং শ্লাঘা ইহার প্রধান ফল। সে ফল পরিণামে হিতকর হইতে পারে না। কারণ ইহলোকের মনুষ্য মন অতিক্রম করিয়া পরলোকে তাহা প্রবেশ করে না। অপিচ এই ফল অধ্রুব অর্থাৎ অনিশ্চিত। কারণ তজ্জনিত শুভাশুভ নিয়মশূন্য। যে কার্য্য স্থান বিশেষে বড়ই গৌরবজনক ও প্রশংসা বিধায়ক হইয়া থাকে, স্থানান্তরে তাহাই আবার নিন্দিত ও অপ্রশংসার কারণ রূপে পরিগণিত হইতে পারে। [illegible] সেই গৌরব বা অগৌরবের স্থায়িত্ব কালেরও কোন নিয়ম নাই। হয়তে৷ [illegible] কালেই মনুষ্য মন হইতে সেই সৎকীর্ত্তি জনিত প্রশংসার অঙ্ক [illegible] হইতে পারে অথবা ঘটনাক্রমে তাহা অপেক্ষাকৃত অধিককাল স্থায়ী হইতে পারে। সুতরাং এইরূপ কার্য্যের বিশেষ কোন মূল্য নাই। কারণ যাহা পারলৌকিক হিতকর নহে, তাহা বিশেষ সমাদৃত হইবার যোগ্য নহে।

এতাবতা ইহাই প্রতিপন্ন হইতেছে যে, আস্তিক্য বুদ্ধি সহকারে দেব দ্বিজ ও বেদাদি শাস্ত্রে প্রকৃষ্ট বিশ্বাস পূর্ব্বক যে যে কার্য্য অনুষ্ঠিত হয়, তাহাই চরমে পরমফলপ্রদ হইয়া থাকে। কেবল দাম্ভিকতা সহকারে

আত্ম প্রাধান্য স্থাপনের উদ্দেশে যে সকল কার্য্য অনুষ্ঠিত হইয়া থাকে, তাহার ফল অস্থায়ী ও অনিশ্চিত। এই লোকেই এই শ্রেণীর কার্য্যাকার্য্যের পরিণাম ফল পর্য্যবসিত হয়, পারলৌকিক বিশেষ কোন হিতকর সহায়তা তাহা দ্বারা লব্ধ হইতে পারে না।

এই শ্লোকোপলক্ষে পূজ্যপাদ শ্রীমদ্রামানুজাচার্য্য নিম্নলিখিত রূপ অভিপ্রায় প্রকাশ করিয়াছেন। মনের দ্বারা আদর প্রকাশ করার নাম সৎকার; বাক্যের দ্বারা প্রশংসা করার নাম মান; শরীর দ্বারা নমস্কারাদি করার নাম পূজা। ফলাভিসন্ধি পূর্ব্বক দম্ভসহকারে এই সকল আচরণ অনুষ্ঠিত হইলে রাজস বলা যায়। এই সকল কার্য্য দ্বারা স্বর্গাদি ফল প্রাপ্ত হওয়া যাইতে পারে, সুতরাং এতাদৃশ অনুষ্ঠান চল। কারণ তাহা অস্থির এবং তাহা হইতে বিচ্যুত হইবার আশঙ্কা বিদ্যমান, এবং তাহা অধ্রুব অর্থাৎ ক্ষয়িষ্ণু।

এতদ্দ্বারা ইহাই উপলব্ধ হইতেছে যে, উল্লিখিত রূপ কার্য্য স্বর্গাদি ফল প্রদানক্ষম হইলেও মুক্তিরূপ পরম ফল প্রদানে সক্ষম নহে। স্বর্গাদি ফল সকাম ব্যক্তিরই আদরণীয়, কারণ তাহা ভোগস্থান; কিন্তু নিষ্কাম ব্যক্তিগণ স্বর্গাদি ভোগস্থান প্রাপ্তির অভিলাষী নহেন। কারণ অনুষ্ঠিত পুণ্যের ক্ষয় হইলেই পুনরায় সেই ভোগ স্থান হইতে মর্ত্ত্য লোকে আগমন অবশ্যম্ভাবী, সুতরাং সে পরিণাম অনিশ্চিত ও ক্ষয়শীল। নাশরহিত ক্ষয়রহিত বিচ্যুতি-রহিত অতুলনীয় ফল দাম্ভিকতা সহকৃত রাজস তপ দ্বারা প্রাপ্ত হওয়া যায় না। সাত্ত্বিক তপ কামনাহীন কিন্তু রাজস তপ কামনাযুক্ত এইজন্য পরিণাম সম্বন্ধে এতদুভয়ের পার্থক্য যথেষ্ট। দাম্ভিকতাসহকৃত সৎকর্ম্ম অপেক্ষা দীনতাসহকৃত অনুষ্ঠানই প্রশস্য। পূজ্যপাদ শ্রীমদ্বলদেব সৎকারাদি শব্দত্রয়ের নিম্নলিখিত রূপ অর্থ নির্দ্দেশ করিয়াছেন। ইনি সাধু বা তপস্বী ইত্যাকার স্তুতির নাম সৎকার; প্রত্যুত্থানাদি পূর্ব্বক আদরের নাম মান; চরণ প্রক্ষালন ও ধনদানাদির নাম পূজা ॥১৮॥

——(:০:)——

মূঢ়গ্রাহেণাত্মনো যৎ পীড়য়া ক্রিয়তে তপঃ।
পরস্যোৎসাদনার্থং বা তত্তামসমুদাহৃতং ॥ ১৯ ॥

অন্বয়।—মূঢ়গ্রাহেণ (দুরাগ্রহেণ) আত্মনঃ (দেহেন্দ্রিয়সংঘাতস্য) পীড়য়া (ক্লেশপ্রদানেন) পরস্য উৎসাদনার্থং (নাশার্থং) বা যৎ তপঃ ক্রিয়তে তৎ তামসং উদাহৃতং (কথিতং) ॥ ১৯ ॥

প্রতিশব্দ।—দুরাগ্রহ-দ্বারা আপনার পীড়া-দ্বারা বা পরের বিনাশের-নিমিত্ত যে তপস্যা কৃত-হয়, তাহা তামস-রূপে কথিত-হয় ॥ ১৯ ॥

ব্যাখ্যা।—দুরাকাঙ্ক্ষার বশবর্ত্তী হইয়া আপনার দেহেন্দ্রিয় সমুদায়কে ক্লেশ প্রদান পূর্ব্বক অথবা অপরের বিনাশাদি অনিষ্ট সাধনার্থ যে তপস্যা অনুষ্ঠিত হয়, তাহাই তামস তপঃ নামে অভি-হিত হইয়া থাকে ॥ ১৯ ॥

শঙ্করাচার্য্য।—মূঢ়েতি। মূঢ়গ্রাহেণাবিবেকনিশ্চয়েনাত্মনঃ পীড়য়া ক্রিয়তে যত্তপঃ পরস্য উৎসাদনার্থং বিনাশার্থং বা তত্তামসন্তপ উদাহৃতম্ ॥ ১৯ ॥

আনন্দগিরি।—তামসন্তপঃ সংগৃহ্লাতি মূঢ়েতি। মূঢ়োঽত্যন্তাবিবেকী তস্যাগ্রহো-নামাগ্রহাভিনিবেশস্তেনেত্যাহ অবিবেকেতি। আত্মনঃ স্বস্য দেহাদেরিত্যর্থঃ ॥ ১৯ ॥

রামানুজ।—মূঢ়েতি। মূঢ়া অবিবেকিনঃ মূঢ়গ্রাহেণ মূঢ়ৈঃ কৃতেনাভিনিবেশেনাত্মনঃ শক্ত্যাদিকমপরীক্ষ্যাত্মপীড়য়া যত্তপঃ ক্রিয়তে পরস্যোৎসাদনার্থং চ যৎক্রিয়তে তত্তামস-মুদাহৃতং ॥ ১৯ ॥

হনুমান্।—মূঢ়গ্রাহেণ আত্মনঃ স্বস্য পীড়য়া তপঃ ক্রিয়তে পরস্যান্যস্য উৎসাদনার্থং বিনাশার্থং বা তত্তামসং সদাত্বমুক্তমিত্যর্থঃ ॥ ১

শ্রীধর।—তামসং তপ আহ মূঢ়েতি। মূ[illegible]ণাবিবেককৃতেন দুরাগ্রহেণাত্মনঃ পীড়য়া যত্তপঃ ক্রিয়তে পরস্যোৎসাদনার্থম্বা অন্যস্য বিনাশার্থমভি[illegible] তত্তামসমুদাহৃতং কথিতং ॥১৯॥

বলদেব।—মূঢ়গ্রাহেণাবিবেকজেন দু[illegible]। আত্মনো দেহেন্দ্রিয়াদেঃ পীড়য়া চ যত্তপঃ পরস্যোৎসাদনার্থং বিনাশায় বা ক্রিয়তে তত্তামসং ॥ ১৯ ॥

মধুসূদন।—মূঢ়গ্রাহেণ অবিবেকাতিশয়কৃতেন দুরাগ্রহেণ আত্মনোদেহেন্দ্রিয়সংঘাতস্য পীড়য়া যত্তপঃ ক্রিয়তে পরস্যোৎসাদনার্থং বা অন্যস্য বিনাশার্থমভিচাররূপং বা তত্তামসমুদাহৃতং শিষ্টৈঃ ॥ ১৯ ॥

নীলকণ্ঠ।—মূঢ়গ্রাহেণ অবিবেককৃতেন দুরাগ্রহেণ আত্মনঃ শরীরস্য উৎসাদনার্থং বিনাশার্থম্ ॥ ১৯ ॥

বিশ্বনাথ।—মূঢ়গ্রাহেণ মৌঢ্যগ্রহণেন পরস্যোৎসাদনার্থং বিনাশার্থং॥ ১৯॥

তাৎপর্য্য।—অতঃপর তামস তপের বিষয় আলোচিত হইতেছে। অবিবেকিতা সহকারে অজ্ঞানান্ধকারের প্রাবল্যে দেহেন্দ্রিয় সংঘাতের উৎপীড়ন দ্বারা বা পরানিষ্ট সাধনোদ্দেশে যে অভিচারাদি ক্রিয়া অনুষ্ঠিত হয়, তাহাই তামস তপ নামে অভিহিত হইয়া থাকে। অবিবেকিতা হেতু মনুষ্যগণ কোন্ কার্য্য শ্রেয়স্কর অথবা কোন্ কার্য্য অধোগতি বিধায়ক তাহা নির্ণয় করিতে পারে না। অবিবেকিতা দ্বারা পরাভূত ও গ্রস্ত হইয়া তাহারা নিন্দনীয় কার্য্যকে পরম অবলম্বনীয় বলিয়া মনে করে, এবং স্বার্থসিদ্ধির বাসনাপ্রণোদিত হইয়া দুষ্কর্ম্মে প্রমত্ত হয়। কদভিসন্ধি সিদ্ধির নিমিত্ত তাহারা অনেক সময়ে নানা প্রকারে শারীর নিগ্রহ করিয়া থাকে। কখনও উপবাস, কখনও বা কুখাদ্য ভোজন, কখনও বা দৈহিক শোণিত পাত, কখনও বা অবৈধ ইন্দ্রিয় পরিচর্য্যাদি বিবিধ প্রকারে আত্মনিগ্রহ করিয়া পরম ধর্ম্ম অর্জ্জিত হইবে বলিয়া মনে করে। কোন কোন ব্যক্তি ঊর্দ্ধপদে হেটমুণ্ডে অবস্থান করিয়া পরম পুণ্যানুষ্ঠান করিতেছি বলিয়া বিশ্বাস করে। কেহ কেহ বা বাহুদ্বয়কে ঊর্দ্ধদিকে উত্তোলন করিয়া বিশুষ্ক বিকৃত ও অকর্ম্মণ্য করে। কোথাও বা কোন ব্যক্তি আম মাংস বা নিষিদ্ধ খাদ্য ভোজন করিয়া ধর্ম্মানুষ্ঠান করিতেছি বলিয়া বিশ্বাস করে। কোন কোন স্থলে মনুষ্য সুরা সেবন ও অবৈধ সংসর্গে দিবারাত্রি অতিবাহিত করিয়া পারলৌকিক সদ্গতির পথ মুক্ত হইতেছে বলিয়া বিশ্বাস করে। এইরূপে নানা ভাবে ধর্ম্মানুষ্ঠান উদ্দেশে মনুষ্য আত্মনিগ্রহ করিয়া থাকে, অথবা অপরের ঘোরতর অনিষ্ট সাধনোদ্দেশে তাহারা বিবিধ জঘন্য আচরণ করিয়া থাকে। মারণ, উচাটন, বশীকরণ আদি (১৬৬৯ পৃষ্ঠার টিপ্পনী দ্রষ্টব্য) নানা প্রকার আভিচারিক ক্রিয়া কেবল স্বার্থ সিদ্ধির বাসনার বশবর্ত্তী হইয়া মনুষ্যেরা সংসাধন করে। কাহাকেও নির্ব্বংশ করিবার উদ্দেশে, কোনও সুন্দরী ললনাকে প্রেমপাশে বন্ধন করিবার অভিপ্রায়ে, কোন উচ্চ পদস্থ ব্যক্তিকে অবমানিত করিবার কল্পনায়, অথবা কাহারও সম্পত্তি রাশি হস্তগত করিবার বাসনায় মানবেরা যে সকল অনুষ্ঠান করিয়া থাকে, তত্তাবতই ভ্রমপূর্ণ ও অবিবেকিতা-বিজৃম্ভিত। তজ্জন্য তাহারা দেবতাকে

আহ্বান করে এবং পূজাদি দ্বারা দেবতাকে প্রীত করিবার চেষ্টা করে। কিন্তু যেরূপেই কেন অনুষ্ঠিত হউক না, এই সকল কর্ম্ম নিন্দিত এবং বুধগণ কর্তৃক তামস নামে অভিহিত ॥ ১৯ ॥

—(০)—

দাতব্যমিতি যদ্দানং দীয়তেঽনুপকারিণে।
দেশে কালে চ পাত্রে চ তদ্দানং সাত্ত্বিকং স্মৃতং ॥২০॥

অন্বয়।—দাতব্যং (দানং কর্ত্তব্যং) ইতি (এবং) [নিশ্চিত্য] দেশে (কুরুক্ষেত্রাদৌ) কালে (গ্রহণাদৌ) চ পাত্রে (সৎপাত্রে) চ অনুপকারিণে (উপকারাসমর্থায়) যৎ দানং দীয়তে তৎ দানং সাত্ত্বিকং স্মৃতং (উক্তং) ॥ ২০ ॥

প্রতিশব্দ।—দান-করিব এইরূপ [নিশ্চয়-করিয়া] পুণ্য-দেশে পুণ্য-কালে ও সৎ-পাত্রে অনুপকারীকে যে দান, সেই দান সাত্ত্বিক-নামে কথিত ॥ ২০ ॥

ব্যাখ্যা।—আমি দান করিব, এইরূপ স্থির করিয়া কুরুক্ষেত্রাদি পুণ্য ভূমিতে, গ্রহণাদি পুণ্যকালে এবং বেদজ্ঞ ব্রাহ্মণাদি সৎপাত্রে উপকারে অসমর্থ ব্যক্তিকে যে দান করা হয়, তাহাই সাত্ত্বিক দান নামে কথিত হইয়া থাকে ॥ ২০ ॥

শঙ্করাচার্য্য।—ইদানীন্দানভেদমুচ্যতে দাতব্যমিতি। দাতব্যমিতি এবং মনঃ কৃত্বা যদ্দানং দীয়তেঽনুপকারিণে প্রত্যুপকারাসমর্থা.. [illegible]য়াপি নিরপেক্ষন্দীয়তে দেশে পুণ্যে কুরু-ক্ষেত্রাদৌ কালে সংক্রান্ত্যাদৌ পাত্রে চ ষড়ঙ্গবিদ্বেদপা.. [illegible]স্যাদৌ আচারনিষ্ঠায় ইত্যর্থঃ. তদ্দানং সাত্ত্বিকং স্মৃতং ॥ ২০ ॥

আনন্দগিরি।—পূর্ব্বপ্রতিজ্ঞাতমেব ত্রৈবিধ্যমাহ দাতব্যমিতি। দাতব্যমেবেত্যেবং নিশ্চয়েন যদ্দানং দীয়তে অনুপকারিণে প্রত্যুপকারাসমর্থায় দেশে কুরুক্ষেত্রাদৌ কালে গ্রহণাদৌ পাত্রে চেতি দেশমিতি। দাতব্যমিত্যেবং মনঃ কৃত্বা দানমেব ময়া ভাব্যং ন ফলমিত্যভিসন্ধা-য়েত্যর্থঃ ॥ ২০ ॥

রামানুজ।—দাতব্যমিতি। ফলাভিসন্ধিরহিতং দাতব্যমিতি দেশে কালে পাত্রে চানুপকারিণে যদ্দানং দীয়তে তদ্দানং সাত্ত্বিকং স্মৃতং ॥ ২০ ॥

হনুমান্।—দাতব্যমিতি দানং কর্ত্তব্যমিতি যদ্দানং দীয়তে হিরণ্যাদি অনুপকারিণে অনুপকারকায় দেশে পুণ্যদেশে কালে চ গ্রহণসংক্রান্ত্যাদৌ পাত্রে যজ্ঞবেদবিদাদৌ তদ্দানং সাত্ত্বিকং স্মৃতং ॥ ২০ ॥

শ্রীধর।—পূর্ব্বপ্রতিজ্ঞাতমেব দানস্য ত্রৈবিধ্যমাহ দাতব্যমিতি। দাতব্যমেবেত্যেবং নিশ্চয়েন যদ্দানং দীয়তে অনুপকারিণে প্রত্যুপকারাসমর্থায় দেশে কুরুক্ষেত্রাদৌ কালে গ্রহণাদৌ (পাত্রে চেতি দেশকালসাহচর্য্যাৎ সপ্তমী প্রযুক্তা পাত্রে পাত্রভূতায় তপঃশ্রুতাদিসম্পন্নায় ব্রাহ্মণায়েত্যর্থঃ. যদ্বা চতুর্থ্যৈবৈষা পাত্রে ইতি তৃজন্তং রক্ষকায় ইত্যর্থঃ স হি সর্ব্বস্মাদাপদ্গণাদ্দাতারং পাতীতি পাতা তস্মৈ) যদেবং ভূতং দানং তৎ সাত্ত্বিকং ॥ ২০ ॥

বলদেব।—অথ দানস্য ত্রৈবিধ্যমাহ দাতব্যমিতি। নিশ্চয়েন যদ্দানমনুপকারিণে পাত্রে বিদ্যাতপোভ্যাং দাতৃ রক্ষকায় ব্রাহ্মণায় যদ্দীয়তে তদ্দানং সাত্ত্বিকং অনুপকারিণে প্রত্যুপকারমনুদ্দিশ্যেত্যর্থঃ। দেশে তীর্থে কালে চ সংক্রান্ত্যাদৌ ॥ ২০ ॥

মধুসূদন।—ইদানীং ক্রমপ্রাপ্তস্য দানস্য ত্রৈবিধ্যং দর্শয়তি ত্রিভিঃ। দাতব্যমেব শাস্ত্রচোদনাবশাদিত্যেবং নিশ্চয়েন তু ফলাভিসন্ধিনা যদ্দানং তুলাপুরুষাদি দীয়তে অনুপকারিণে প্রত্যুপকারাজনকায় দেশে পুণ্যে কুরুক্ষেত্রাদৌ কালে চ পুণ্যে সূর্য্যোপরাগাদৌ (পাত্রে চেতি চতুর্থ্যর্থে সপ্তমী) কীদৃশায়ানুপকারিণে দীয়তে পাত্রায় চ বিদ্যাতপোযুক্তায় পাত্রে রক্ষকায়েতি বা বিদ্যাতপোভ্যামাত্মনোদাতুশ্চ পালনক্ষম এব প্রতিগৃহ্নীয়াদিতি শাস্ত্রাৎ তদেবংভূতং দানং সাত্ত্বিকং স্মৃতম্ ॥ ২০ ॥

নীলকণ্ঠ।—দাতব্যমেবেতি বুদ্ধ্যা যদ্দানং প্রদেয়দ্রব্যং দীয়তে নতু ফলমুদ্দিশ্য দীয়তে কস্মৈ অনুপকারিণে প্রত্যুপকারাসমর্থায় দেশে কুরুক্ষেত্রাদৌ কালে সংক্রান্ত্যাদৌ যদ্দীয়তে তৎ সাত্ত্বিকমিতি সম্বন্ধঃ যচ্চ পাত্রে দানং সমর্পণং তদপি সাত্ত্বিকমিতিযোজনা (অত্রত্র আদ্যোদানশব্দঃ কর্ম্মণি ব্যুৎপন্নঃ প্রদেয়দ্রব্যবাচী তৎসংযোগাৎ সম্প্রদানে চতুর্থ্যপেক্ষো দ্বিতীয়স্তু ভাবব্যুৎপন্নঃ ত্যাগমাত্রবাচী তেন তত্র পাত্রভূতে পুংসি নচতুর্থ্যপেক্ষা,"কর্ম্মণা যমভিপ্রৈতি স সম্প্রদানমিতি"হি পারিভাষিক্যাঃ সম্প্রদানসংজ্ঞায়া অত্র কর্ম্মণি বিভক্ত্যভাবেনাপ্রবৃত্তেঃ তেন পাত্রে ইতি চতুর্থ্যর্থে সপ্তমীতি বা পাতৃশব্দস্য চতুর্থীয়মিতি বা কল্পনং) ব্যর্থমেব দানশব্দস্যাবৃত্ত্যাচ দেশকালানুপকারিত্ববিশিষ্টে দানমিত্যেকাকোটিঃ পাত্রে দানমিত্যপরা উভয়সমুচ্চয়েতু মহান্ গুণ ইতিভাবঃ ॥ ২০ ॥

বিশ্বনাথ।—দাতব্যমিত্যেব নিশ্চয়েন নতু ফলাভিসন্ধিনা যদ্দানং ॥ ২০ ॥

তাৎপর্য্য।—অতঃপর শ্রীভগবান্ দান কার্য্যের সাত্ত্বিকাদি ভেদ প্রদর্শন করিতেছেন। পরোপকারার্থ আত্মবস্তু উৎসৃজনের নাম দান। এই দান সকল সময়ে ও সকল অবস্থাতেই সৎকর্ম্মরূপে পরিগণিত। তথাপি ঘটনা ও অবস্থা বিশেষে ইহার সাত্ত্বিকাদি ভেদ হইয়া থাকে। এই শ্লোকে কেবল সাত্ত্বিক দানের প্রসঙ্গই কীর্ত্তিত হইতেছে। দান করিতে

হইবে, দান করাই অবশ্য কর্ত্তব্য অনুষ্ঠান, এই বোধের বশবর্ত্তী হইয়া যে ব্যক্তির নিকট প্রত্যুপকার প্রাপ্তির কোনই সম্ভাবনা নাই, অথবা যাহা দ্বারা অনিষ্ট ভিন্ন ইষ্ট লাভের কোন আশা নাই, তাহাকে প্রয়োজনীয় পদার্থাদি সমর্পণ করাই যথার্থ সাত্ত্বিকদান। কোন প্রকার কামনা মনে না রাখিয়া, কোন প্রকার প্রতিদান বা প্রত্যুপকারের আশা না করিয়া, হিতের পরিবর্ত্তে অনিষ্ট সম্ভাবনা জানিয়াও অকাতরে যে দান, তাহাই প্রকৃত সাত্ত্বিক দান। লোকে সাধারণতঃ তুলাপুরুষদান (২৯৭ পৃষ্ঠার টীপ্পনী দ্রষ্টব্য) প্রভৃতি নানা প্রকার শাস্ত্র সঙ্গত দান কার্য্যের অনুষ্ঠান করিয়া থাকে। কিন্তু সে সকল স্থলেই কোন না কোন কামনার বশবর্ত্তী হইয়া মনুষ্যেরা সেই কার্য্য সম্পন্ন করে। কোথাও স্বর্গভোগ কামনায়, কোথাও বা জন্মান্তরে আশানুরূপ সুখপ্রাপ্তির বাসনায়, কোথাও বা ব্যাধি গ্রহপীড়া প্রভৃতি শান্তির অভিপ্রায়ে দান করা হয়। এরূপ দান সৎকর্ম্ম হইলেও যথার্থ সাত্ত্বিক নামের অযোগ্য। কেবল যে নিষ্কাম ভাবে দান করিলেই সাত্ত্বিকদান হইবে এরূপ নহে। দানকালে দেশ কাল পাত্রেরও বিচার করিয়া দান করা আবশ্যক। কুরুক্ষেত্র (৫১ পৃষ্ঠার টিপ্পনী দ্রষ্টব্য) গঙ্গাযমুনার সঙ্গমস্থল প্রয়াগ, মহাদেবের লীলাভূমি স্বরূপ বারাণসী, পরলোক গত প্রেতাত্মার সদ্গতিপ্রদ গয়াধাম প্রভৃতি দেশব্যাপ্ত ভিন্ন ভিন্ন পুণ্যতীর্থে * দান করাই বিধেয়। দান সম্বন্ধে কালের বিচার করাও আবশ্যক। যখন সূর্য্য বা চন্দ্র রাহুগ্রস্ত হইয়া থাকেন, সেই গ্রহণকালই (১৬৪ পৃষ্ঠার টীপ্পনী দ্রষ্টব্য) দানের প্রকৃষ্ট সময়। অপিচ সংক্রান্তি দিনে, হরিবাসরে (১৬৬৯ পৃষ্ঠার টীপ্পনী দ্রষ্টব্য) এবং অন্যান্য পুণ্যাহে দান করাই আবশ্যক। দান করিবার সময় পাত্র বিচার করাও

---

* তীর্থ।—ভারতবর্ষের ভিন্ন ভিন্ন স্থানে এবং ভারতের ভৌগোলিক সীমা অতিক্রম করিয়া পৃথিবীর অনেক স্থানে আর্য্যদিগের সুপবিত্র তীর্থ ক্ষেত্র অতি পুরাকাল হইতে প্রতিষ্ঠিত রহিয়াছে। এই সকল পুণ্যতীর্থে ভ্রমণ, তত্রত্য পূতসলিলে অবগাহন, তথায় পিতৃপুরুষের ঊর্দ্ধদেহিক ক্রিয়া কলাপ সম্পাদন, দান, দেবার্চ্চনা প্রভৃতি কর্ম্ম অপরিসীম ফলপ্রদ। মহাভারতের বনপর্ব্বে বহুল তীর্থের বিবরণ সন্নিবিষ্ট হইয়াছে। নিম্নে তাহার সার সংগৃহীত হইতেছে। সর্ব্বতীর্থপ্রধান পুষ্কর তীর্থ তীর্থরাজ নামে খ্যাত। এই পবিত্র তীর্থে তপস্যা করিয়া দেব, দৈত্য, ঋষিগণ সিদ্ধিলাভ করিয়াছেন। ভগবান্ ব্রহ্মাকর্ত্তৃক এই তীর্থ প্রতিষ্ঠিত। ইহাতে স্নান দানাদি অশেষ ফলপ্রদ হইয়া থাকে। কার্ত্তিকী পূর্ণিমায় এই পুণ্যতীর্থে স্নান করিলে শতবৎসরের

উচিত। যিনি বিদ্যা ও তপোযুক্ত অর্থাৎ যিনি শাস্ত্রার্থদর্শী সাধু, অথবা আত্মজ্ঞাননিষ্ঠ ধর্ম্মপ্রাণ পুরুষ তিনিই দানের যথোপযুক্ত পাত্র। এইরূপ পাত্র নির্ব্বাচন করিয়া দান করাই সুসঙ্গত। উল্লিখিত রূপে কামনাশূন্য হৃদয়ে উপকার প্রত্যাশা না করিয়া দেশ কাল ও পাত্রানুসারে যে দান তাহাই সাত্ত্বিক।

এস্থলে দানার্থ শব্দ থাকিলেও "পাত্র" শব্দে চতুর্থী বিভক্তি না হইয়া সপ্তমী বিভক্তি প্রযুক্ত হইয়াছে। পূজ্যপাদ শ্রীধরস্বামী বলিয়াছেন, "দেশে কালে" এই সপ্তম্যন্ত পদদ্বয়ের সাহচর্য্য হেতু "পাত্রে" পদেও সপ্তমী প্রয়োগ হইয়াছে। এসম্বন্ধে অন্যরূপ মীমাংসাও নির্দ্দিষ্ট হইয়াছে। রক্ষাকর্ত্তা এই অর্থে (পা-তৃ) পাতৃ পদ সিদ্ধ হইতে পারে; এবং তাহারই চতুর্থীতে "পাত্রে" পদ উপপন্ন হয়। শাস্ত্রও বলিতেছেন, "বিদ্যাতপোভ্যামাত্মনো দাতুশ্চ পালনক্ষম এব প্রতিগৃহ্ণীয়াৎ।" ইহার ভাবার্থ এই যে, বিদ্যা এবং তপস্যা দ্বারা যিনি আপনাকে ও দাতাকে পালন করিতে সক্ষম তিনিই প্রতিগ্রহ করিবেন।

দানমাত্রই বিধেয় হইলেও সনাতন ধর্ম্মাবলম্বী আর্য্যগণ সকল দানকে সাত্ত্বিক বলিয়া মনে করিতেন না। এসংসারে দুঃখ অনন্ত, অভাব অপরিমিত। অধিকাংশ স্থলেই পাপাচরণ হেতু দুঃখ ও অভাবের উদ্ভব হইয়া থাকে, সুতরাং তত্তৎস্থলে অভাবজনিত যাতনা ভোগ করা সেই পাপিদিগের অবশ্যম্ভাবী পরিণাম। সেই অনন্ত অভাবের অপনো-

---

অগ্নিহোত্র ফল লব্ধ হইয়া থাকে। হিমালয়ের শৃঙ্গত্রয় হইতে যে প্রস্রবণত্রয় নির্গত হইতেছে, তাহাই পুষ্কর তীর্থ। এই তীর্থে দ্বাদশ রাত্রি বাস এবং তীর্থ প্রদক্ষিণাদি কর্ত্তব্য। জম্বুমার্গ তীর্থ স্নানে অশ্বমেধের ফল লাভ হয়। এই তীর্থে পঞ্চরাত্রি বাস করা বিধেয়। তণ্ডুলিকাশ্রম তীর্থে গমন করিলে অশেষ দুর্গতি নাশ হইয়া থাকে। অগস্ত্য সরোবর তীর্থে ত্রিরাত্র উপবাস ও দেবার্চ্চনা দ্বারা অগ্নিষ্টোমের ফল প্রাপ্ত হওয়া যায়। লোকপ্রসিদ্ধ কণ্বাশ্রম পরম পবিত্র তীর্থ। তথায় প্রবেশ মাত্র সর্ব্বপাপ ক্ষয় হইয়া থাকে। যযাতিপতন ও রুদ্রকোটী তীর্থ পরম পবিত্র। নর্ম্মদা তীর্থে গমন পূর্ব্বক দেব ও পিতৃগণের তর্পণ করা বিধেয়। হিমবৎ সুত অর্ব্বুদ তীর্থ বশিষ্ঠের আশ্রম। এই সুমহৎ তীর্থে একরাত্রি বাস দ্বারা গোসহস্র দানের ফল লাভ হইয়া থাকে। পিঙ্গ তীর্থ গমনে বহুপুণ্য সঞ্চিত হইয়া থাকে। সুপবিত্র প্রভাস তীর্থ সোম তীর্থ নামে খ্যাত। এই তীর্থে ভগবান্ হুতাশন সদা সন্নিহিত। এই তীর্থ স্নানে অগ্নিষ্টোম এবং অতিরাত্রের ফল লব্ধ হইয়া থাকে। সরস্বতী-সাগরসঙ্গম তীর্থ বহুপুণ্যজনক। বরদান তীর্থে ভগবান বিষ্ণুকে মহর্ষি দুর্ব্বাসা বর প্রদান করিয়াছিলেন। এ স্থলে স্নান দানাদির দ্বারা বিশেষ ফল প্রাপ্ত হওয়া যায়। দ্বারাবতীতে পিণ্ডারক তীর্থে স্নান দান করিলে বহু

দন করিতে চেষ্টা করিলে বিধিনিয়োজিত ব্যবস্থার অন্যথা করিতে হয়, অথবা পাপেরই প্রশ্রয় দেওয়া হয়। এই জন্যই আর্য্য শাস্ত্রকৃদ্‌গণ তাদৃশ দানকে সাত্ত্বিক বলিয়া মনে করিতেন না। যাঁহারা মনুষ্যসমাজের কল্যাণ সাধনার্থ জীবনকে দীক্ষিত করিয়াছেন, যাঁহারা পুণ্যানুষ্ঠান দ্বারা অজ্ঞানান্ধকার নাশ করিয়া জগৎকে আলোকিত করিতেছেন, যাঁহারা সৎ সঙ্কল্প ও সাধুচেষ্টা দ্বারা ধর্ম্মকে রক্ষা করিয়া আসিতেছেন, তাঁহারাই যথার্থ দানের পাত্র। তাঁহাদিগের অভাব পরিজ্ঞাত হইয়া পুণ্যক্ষেত্রে পবিত্রদিনে সেই অভাব বিমোচন করাই যথার্থ সাত্ত্বিকদান। এইরূপ মহাপুরুষদিগের অভাব বিমোচন করিবার নিমিত্ত শুভাশুভ কালের বা পুণ্যতীর্থাদির অপেক্ষা করিবার প্রয়োজন না থাকিলেও বাধ্য হইয়া দাতাকে তাহাই করিতে হয়। দাতা নিষ্কাম হইয়া দান করিবেন সত্য, কিন্তু পুণ্যাত্মা গ্রহীতা তাঁহার অবশ্যপ্রাপ্য ফল লাভে তাঁহাকে কখনই বঞ্চিত করিবেন না। সেই সাধু গ্রহীতা শাস্ত্রশাসনের মর্ম্মজ্ঞ। তিনি জানেন যে, পুণ্যতীর্থে ও পুণ্য কালে দানগ্রহণ করিলেই দাতা তজ্জনিত অবশ্য প্রাপ্য ফলের অধিকারী হইবেন, সুতরাং অকালে পাপক্ষেত্রে তিনি ভিক্ষার্থী রূপে কখনই দাতার সম্মুখে উপস্থিত হইবেন না। অতএব দেশ কালের বিচার করিয়াই দানধর্ম্মের অনুষ্ঠান করা বিধেয় ॥ ২০ ॥

সুবর্ণ লাভ হয়। অদ্যাপি ঐ তীর্থে পদ্মচিহ্নিত মুদ্রা এবং ত্রিশূলাঙ্কিত পদ্ম দৃষ্ট হয়। সাগরসিন্ধুসঙ্গম তীর্থ স্নানে বরুণ লোক প্রাপ্তি হয়। শঙ্কুকর্ণেশ্বর, দমী এবং বসুধারা তীর্থ গমনে অশেষ ফল লাভ হয়। সিন্ধূত্তম, ভদ্রতুঙ্গ ও কুমারিকা তীর্থ স্নানে স্বর্গলোক প্রাপ্ত হয়। পঞ্চনদতীর্থ স্নানে পঞ্চযজ্ঞের ফল লাভ হইয়া থাকে। ভীমা স্থান গিরিকুঞ্জ এবং বিমল তীর্থে স্নান দানাদি বিশেষ ফলপ্রদ। বিমল তীর্থে অদ্যাপি সুবর্ণ ও রজতময় মৎস্য দৃষ্ট হইয়া থাকে। শশপান তীর্থ, কুমারকোটী, রুদ্রকোটী তীর্থ গমনে অশেষ পুণ্য সঞ্চিত হয়। কুরুক্ষেত্র তীর্থ গমনে সর্ব্বপাপের ক্ষয় হয়। (৫১ পৃষ্ঠার টিপ্পনী দ্রষ্টব্য) বরাহতীর্থে বরাহরূপী ভগবান্ অবস্থান করিতেছেন। এস্থলে স্নান করিলে অগ্নিষ্টোম যজ্ঞ ফল প্রাপ্ত হওয়া যায়। জয়ন্তী তীর্থ, একহংস তীর্থ, মুঞ্জাবটতীর্থ এই সকল তীর্থে স্নান ও উপবাসাদির দ্বারা অশেষবিধ ফললাভ হয়। রামহ্রদ অতি সুপবিত্র তীর্থ, ভগবান্ পরশুরাম এই স্থানে ক্ষত্রিয় রক্তের দ্বারা পিতৃগণের তর্পণ করিয়াছিলেন। তাঁহার কার্য্যে প্রীত হইয়া পিতৃগণ বর প্রদানে ইচ্ছুক হইলে ভার্গব আপনার ক্ষত্রিয় বধজনিত পাপ বিমোচন এবং এই স্থানের পবিত্রতা প্রার্থনা করিয়াছিলেন। পিতৃগণ তাঁহাকে অভিলষিত বর প্রদান করিয়া সন্তুষ্ট করিয়াছিলেন। এই তীর্থে পিতৃলোকের তর্পণাদি তাঁহাদের ও আপনার উত্তমা গতি বিধায়ক। কায়শোধন, কপিলাতীর্থ, লোকোদ্ধার, শ্রীতীর্থ, সূর্য্যতীর্থ, গোভবন, শঙ্খিনীতীর্থ, এই সকল তীর্থে গমন স্নান ও উপবাসাদি অশেষ পুণ্যদায়ক। ব্রহ্ম-

যত্তু প্রত্যুপকারার্থং ফলমুদ্দিশ্য বা পুনঃ।
দীয়তে চ পরিক্লিষ্টং তদ্দানং রাজসং স্মৃতম্ ॥২১॥

অন্বয়।—যৎ (দানং) তু প্রত্যুপকারার্থং (প্রত্যুপকারলাভায়) ফলং উদ্দিশ্য বা পুনঃ পরিক্লিষ্টং (চিত্তক্লেশযুক্তং) দীয়তে তৎ দানং রাজসং স্মৃতং (কথিতং) ॥ ২১ ॥

প্রতিশব্দ।—যে দান প্রত্যুপকার-লাভের-নিমিত্ত বা ফলের উদ্দেশ-করিয়া পুনর্ব্বার চিত্ত-ক্লেশ-যুক্ত-ভাবে দত্ত-হয় সেই দান রাজস কথিত-হয় ॥ ২১ ॥

ব্যাখ্যা।—প্রত্যুপকার লাভের নিমিত্ত কিম্বা ফলোদ্দেশে যে দান করা হয়, অথবা যাহাতে শেষে ব্যয় হেতু চিত্ত দুঃখিত হয়, সেই দান রাজস নামে অভিহিত ॥ ২১ ॥

লোক প্রাপক ব্রহ্মতীর্থ, পিতৃলোকপ্রদ সুতীর্থ, অশ্বমতী, শীতবন, দশাশ্বমেধিক, এই সকল তীর্থও বিশে পুণ্যজনক। ব্যাধপীড়িত কৃষ্ণসার মৃগগণ মানুষতীর্থে অবগাহন করিয়া মনুষ্যত্ব প্রাপ্ত হইয়াছিল। এই তী স্নানে সর্ব্বপাপ বিমুক্তি হয়। আপগানদী, ব্রহ্মোডুম্বর, ইলাস্পদ প্রভৃতি তীর্থে স্নানাদির দ্বারা স্বর্গা ফল লাভ হয়। অনাজন্ম নামক নারদ প্রতিষ্ঠিত তীর্থে প্রাণত্যাগ করিলে অত্যুত্তম লোক প্রাপ্তি হইয়া থাকে বৈতরণী নদীতে স্নান এবং মহাদেব পূজার দ্বারা পরমপদ লব্ধ হয়। এতদ্ভিন্ন আরও কতকগুলি তীর্থের না সংক্ষেপে লিখিত হইল। নৈমিষকুঞ্জ, ব্রহ্মযোনি, রেণুকাতীর্থ, পঞ্চবট তীর্থ, তৈজস, কুরুতীর্থ, স্বর্গদ্বার, অহিপু স্থানুবট, বদরী পাচন, ইন্দ্রমার্গ, আদিত্যাশ্রম, সোমতীর্থ, কন্যাশ্রম, দধীচি তীর্থ, গয়াহ্রদ, ধর্ম্মতীর্থ, কুরুক্ষে ধূমাবতী, রথাবর্ত্ত, গঙ্গাদ্বার, সপ্তগঙ্গ, ত্রিগঙ্গ, সপ্তাবর্ত্ত, গঙ্গাযমুনাসঙ্গম, কনখল, কপিলাবট, সুগন্ধা, রুদ্রা বর্ত্ত ভদ্রকর্ণহ্রদ, কুজাম্রক, দর্ব্বীসংক্রমণ, অর্দ্ধবেদী, ঋষিকুল্যা, ভৃগুতুঙ্গ, বিদ্যাতীর্থ, মহাশ্রম, নৈমিষারণ্য, বাহুদ নদী, রামতীর্থ, গোতমবন, বিপাশা, নারায়ণ স্থান, জাতিস্মর, বামনতীর্থ, চম্পকারণ্য, দেবকূট, গৌরীশিখর, নন্দা, উদ্দালকতীর্থ, চম্পা তীর্থ, করতোয়া, গঙ্গাসাগরসঙ্গম, বিরজা, মহেন্দ্রপর্ব্বত, কাবেরী, গোকর্ণতীর্থ, গোদা বরী, বরদাসঙ্গম, কুশপ্লবন, দেবহ্রদ, দণ্ডকারণ্য, শরভঙ্গাশ্রম, কুশাশ্রম, কালঞ্জর পর্ব্বত, ত্রিকূটপর্ব্বত, মুঞ্জাবট বাসুকীতীর্থ প্রভৃতি তীর্থ সমূহে স্নান, দান, উপবাসাদি বিশেষ ফলজনক এবং স্বর্গাদি প্রাপক। (মহাভারত বনপর্ব্ব ৮২ম অধ্যায় দ্রষ্টব্য) কাশী প্রসিদ্ধ তীর্থ। স্বয়ং মহাদেব এই তীর্থের প্রতিষ্ঠা করিয়াছেন এবং তথায় পূর্ণভাবে বিরাজিত রহিয়াছেন। ইহা অসি ও বরুণা দ্বারা বেষ্টিত বলিয়া বারাণসী নামে খ্যাত। এই পুণ্যধামে মৃতব্যক্তি শিবপদ প্রাপ্ত হয় এবং পারিণামে মোক্ষলাভ করিয়া থাকে। এই স্থানে দেবদর্শন যাত্রার বিশেষ বিধান আছে। যথা; ব্যাস উবাচ। নিশাময় মহাপ্রাজ্ঞ লোমহর্ষণ যচ্মি তে। যথা প্রথমতো যাত্রা কর্ত্তব্য যাত্রিকৈর্ন্ধা। সচেলমাদৌ সংস্নায় চক্রপুষ্করিণী জলে। সন্তর্প্য দেবান্ সপিতৄন্ ব্রাহ্মণাংশ্চ তপস্বিনঃ। আদিত্য দ্রৌপদীং বিষ্ণুং দণ্ডপাণিং মহেশ্বরং। নমস্কৃত্য ততো গচ্ছেৎ দ্রষ্টুং ঢুণ্ঢিবিনায়কং। জ্ঞানবাপীমুপস্পৃশ

শঙ্করাচার্য্য।—যত্ত্বিতি। যত্তু দানং প্রত্যুপকারার্থং কালে ত্বয়ং মাং প্রত্যুপকরিষ্যতী-ত্যেবমর্থং ফলং বাস্য দানস্য মে ভবিষ্যত্যদৃষ্টমিতি তদুদ্দিশ্য পুনর্দীয়তে চ পরিক্লিষ্টং খেদসংযুক্তং তদ্রাজসং স্মৃতং॥ ২১॥

আনন্দগিরি।—রাজসতামসদানবিভজনং স্পষ্টার্থং॥ ২১। ২২॥

রামানুজ।—যদিতি। প্রত্যুপকারকটাক্ষগর্ভং ফলমুদ্দিশ্য চ পরিক্লিষ্টং অকল্যাণ দ্রব্যাদিকং যদ্দানং দীয়তে তদ্রাজসমুদাহৃতং॥ ২১॥

হনুমান্।—দীয়তে প্রত্যুপকার্য্যার্থমুপকৃতবানুপকরিষ্যতীতি প্রত্যুপকারং ফলং স্পর্শাদি ফলমুদ্দিশ্য বা পরিক্লিষ্টং ক্লেশযুক্তং তদ্দানং রাজসং স্মৃতং॥ ২১॥

শ্রীধর।—রাজসং দানমাহ যত্ত্বিতি। কালান্তরেঽয়ং মাং প্রত্যুপকরিষ্যতীত্যে-বমর্থং ফলং বা স্বর্গাদিকমুদ্দিশ্য যৎ পুনর্দ্দানং দীয়তে পরিক্লিষ্টং চিত্তক্লেশযুক্তং যথা ভবত্যেবংভূতং, তৎদানং রাজসমুদাহৃতং কথিতং॥ ২১॥

বলদেব।—যত্তু প্রত্যুপকারার্থং দৃষ্টফলার্থং ফলং বা স্বর্গাদিকমদৃষ্টমুদ্দিশ্যানুসন্ধায় দীয়তে তদ্দানং রাজসম্। পরিক্লিষ্টং কথমেতাবদ্ব্যয়িতব্যমিতি পশ্চাত্তাপযুক্তং যথা স্যাত্তথা গুরুবাক্যানুরোধাদ্বা যদ্দীয়তে তদ্রাজসম্॥ ২১॥

মধুসূদন।—প্রত্যুপকারার্থং কালান্তরে মাময়মুপকরিষ্যতীত্যেবং দৃষ্টার্থং ফলং বা স্বর্গাদিকমুদ্দিশ্য যৎপুনর্দ্দানং সাত্ত্বিকবিলক্ষণং দীয়তে পরিক্লিষ্টং চ কথমেতাবদ্ব্যয়িতমিতি পশ্চা-ত্তাপযুক্তং যথা ভবত্যেবং চ যদ্দীয়তে, তদ্দানং রাজসং স্মৃতম্॥ ২১॥

নীলকণ্ঠ।—পরিক্লিষ্টং কথমেতাবদ্ব্যয়ঃ কর্ত্তব্য ইত্যাকুলতাযুক্তং যথাস্যাত্তথা দীয়তে ইতি ক্রিয়াবিশেষণম্॥ ২১॥

বিশ্বনাথ।—পরিক্লিষ্টং কথমেতাবদ্ব্যয়িতং ইতি পশ্চাত্তাপযুক্তং। যদ্বা দিৎসায়া অভাবেঽপি গুর্ব্বাদ্যাজ্ঞানুরোধবশাদেব দত্তং। পরিক্লিষ্টং অকল্যাণদ্রব্যকর্ম্মকং বা॥ ২১॥

নন্দিকেশং ততোঽর্চ্চয়েৎ। তারকেশং ততোঽভ্যর্চ্চ্য মহাকালেশ্বরং ততঃ। ততঃ পুনর্দণ্ডপাণিমিত্যেষা পঞ্চ তীর্থিকা। দৈনন্দিনী বিধাতব্যা মহাফলমভীপ্সুভিঃ। ততো বৈশ্বেশ্বরী যাত্রা কার্য্যা সর্ব্বার্থসিদ্ধয়ে। দ্বিসপ্তায়তনানাঞ্চ কার্য্যা যাত্রা প্রযত্নতঃ। কৃষ্ণাং প্রতিপদং প্রাপ্য ভূতাবধি যথাবিধি। অথবা প্রতিভূতঞ্চ ক্ষেত্রশুদ্ধি-মভীপ্সুভিঃ। তত্তত্তীর্থকৃতস্নানস্তত্তাল্লিঙ্গকৃতার্চ্চনঃ। মৌনেন যাত্রাং কুর্ব্বাণঃ ফলং প্রাপ্নোতি যাত্রিকঃ। ওঙ্কারং প্রথমং পশ্যেৎ মৎস্যোদর্য্যাং কৃতোদকঃ। ত্রিপিষ্টপং মহাদেবং ততো বৈ কৃত্তিবাসসং। রত্নেশঞ্চাথ চন্দ্রেশং কেদারঞ্চ ততো ব্রজেৎ। ধর্ম্মেশ্বরঞ্চ বীরেশং গচ্ছেৎ কামেশ্বরং ততঃ। বিশ্বকর্ম্মেশ্বরং চাথ মণিকর্ণীশ্বরং ততঃ। অবিমুক্তেশ্বরং দৃষ্ট্বা ততো বিশ্বেশমর্চ্চয়েৎ। এষা যাত্রা প্রযত্নেন কর্ত্তব্যা ক্ষেত্রবাসিভিঃ। যস্তু ক্ষেত্র মুষিত্বাপি নৈতাং যাত্রাং সমাচরেৎ। বিঘ্নাস্তস্যোপজায়ন্তে ক্ষেত্রোচ্চাটন সূচকাঃ॥" ইহার তাৎপর্য্য যথা;—মহাপ্রাজ্ঞ লোম হর্ষণকে ব্যাসদেব বলিলেন, অগ্রে চক্রসরোবর জলে স্নান করিয়া তীর্থগত ব্যক্তি ব্রাহ্মণ তপস্বী সূর্য্য, বিষ্ণু, মহেশ্বর প্রভৃতিকে নমস্কার করিবে। পরে ঢণ্ঢিগণেশ দর্শন পূর্ব্বক, জ্ঞানবাপী স্পর্শ করিয়া

তাৎপর্য্য।—অতঃপর রাজস দানের বৃত্তান্ত বিবৃত হইতেছে। সংসারে প্রায়শঃ কোন না কোন কামনার বশবর্ত্তী হইয়া লোকে দানাদি সদনুষ্ঠান করিয়া থাকে। যে স্থলে জনসমাজের প্রশংসালাভ বা কোনরূপ প্রত্যুপকার প্রাপ্তির কামনা না থাকে সে স্থলেও দাতার হৃদয়ে দানজনিত স্বর্গাদি প্রাপ্তির কামনা প্রায়ই নিহিত থাকে। এইরূপ দান রাজস নামে অভিহিত হইবার যোগ্য। যে স্থলে দাতা পারলৌকিক শুভফল অর্থাৎ স্বর্গাদি ভোগ কামনায় দান করিয়া থাকেন, অথবা যে স্থলে দাতা কোন না কোন সময়ে গ্রহীতার নিকট হইতে কোন না কোনরূপ প্রত্যুপকার প্রাপ্তির আশা করিয়া দান করেন, অথবা যে স্থলে দান

নন্দিকেশ্বরের অর্চ্চনা করিবে। অনন্তর তারকেশের পূজা করিয়া মহাকালেশ্বর দর্শন পূর্ব্বক দণ্ডপাণি মহেশ্বরের অর্চ্চনাদি করিবে। এই পঞ্চ তীর্থিকা তীর্থগামী ব্যক্তির দৈনন্দিন কার্য্য। অনন্তর বৈশ্বেশ্বরী যাত্রা আবশ্যক। কৃষ্ণা প্রতিপদ হইতে চতুর্দ্দশী পর্য্যন্ত অথবা প্রতি চতুর্দ্দশীতে প্রতি তীর্থে স্নানার্চ্চনাদি বিধে[illegible]। যাত্রা[illegible] মৌনভাব অবলম্বন করিবে। প্রথমে ওঙ্কারেশ্বর দর্শনানন্তর যথাক্রমে ত্রিলোচন মহাদেব, কৃত্তিবা[illegible], [illegible], কেদারনাথ, ধর্ম্মেশ্বর, বীরেশ্বর, কামেশ্বর, বিশ্বকর্ম্মেশ্বর, মণিকর্ণীশ্বর, অবিমুক্তেশ্বর দর্শন করিয়া [illegible] করিবে। এইরূপ ক্ষেত্র যাত্রা না করিলে বিবিধ বিঘ্ন হয়। এতদ্ভিন্ন অষ্টায়তন যাত্রা [illegible]। যথা— "অষ্টায়তনযাত্রাঞ্চ কর্ত্তব্যা বিঘ্নশান্তয়ে। দক্ষেশঃ পার্ব্বতীশশ্চ তথা পশুপতীশ্বরঃ। গঙ্গেশো [illegible] গভস্তীশঃ সতীশ্বরঃ। অষ্টম্যাঞ্চ তারকেশশ্চ প্রত্যষ্টমী বিশেষতঃ। দৃষ্ট্বানোত্তানি লিঙ্গানি [illegible]" (কাশীখণ্ড দ্রষ্টব্য) গয়াক্ষেত্র; এই স্থানে গয়াসুর নামক এক প্রবল পরাক্রান্ত অসুর অতিশয় বিষ্ণু[illegible] ছিলেন। তিনি বহু বর্ষব্যাপী তপস্যায় নিরত হইলে দেবগণ অতিশয় ভীত হইয়া, ব্রহ্মার [illegible] বিষ্ণুর সমীপে উপস্থিত হইলেন। তখন ভগবান বাসুদেব গয়াসুরের নিকট [illegible] হইয়া [illegible] বর প্রদানে উদ্যত হইলে গয়াসুর প্রার্থনা করিলেন যে, যাবতীয় দেব দ্বিজ যজ্ঞ [illegible] এবং [illegible] হইতে আমি পবিত্র হইতে ইচ্ছা করি। বিষ্ণু তাঁহাকে তৎপ্রার্থিত বর প্রদান করিলেন। [illegible] পবিত্র দৈত্যকে দর্শন করিয়া সকলেই নিষ্পাপ হইয়া বিষ্ণুপুরে গমন করিতে লাগিল। [illegible] উঠিল। তদ্দর্শনে চিন্তিত দেবগণ পুনরায় বিধাতার শরণাপন্ন হইলেন। তখন ব্রহ্মা গয়াসুরের [illegible] উপস্থিত হইয়া তাঁহার দেহ যজ্ঞের নিমিত্ত প্রার্থনা করিলেন। গয়াসুর তাঁহার প্রার্থনা পূরণে সম্মত হইয়া সেই স্থানে শয়ন করিলে ব্রহ্মা দেবগণের সহিত যজ্ঞ আরম্ভ করিলেন। তখন ব্রহ্মার আদেশে ধর্ম্মরাজ স্বীয় ভবন হইতে শিলা আনয়ন করিয়া দৈত্যরাজের মস্তকে স্থাপন করিলেন। তখন গয়াসুরও শিলাস্থ প্রায় হইল। কিন্তু তাহার শরীর তখনও বিচলিত হইতে লাগিল। অনন্তর ব্রহ্মার প্রার্থনায় গদাধর বিষ্ণু আসিয়া সেই শিলোপরি উপবিষ্ট হইলে গয়াসুর স্থির হইল। তখন দেবগণ গয়াসুরকে এইরূপ বর প্রদান করিলেন যে, এই শিলোপরি [illegible] উদ্দেশে পিণ্ড [illegible] হইবে, সে সর্ব্ব পাপ বিমুক্ত হইয়া ব্রহ্মলোকে গমন করিবে। যত দিন পৃথিবী চন্দ্র সূর্য্য নক্ষত্র থাকিবে, ততদিন এই শিলোপরি ব্রহ্মা বিষ্ণু মহেশ্বর অধিষ্ঠিত থাকিবেন, এবং সকল লোককে পবিত্র করিবেন। গয়াসুরের মস্তক স্থানের পরিমাণ যথা; "নাগাজ্জনার্দ্দনাৎ কূপাৎ[illegible]

করিয়া দাতা পশ্চাত্তাপে দগ্ধ হইতে থাকেন অর্থাৎ কেন আপনার ন্যায়ার্জ্জিত বস্তু অকারণ এরূপে ক্ষয় করা হইল ভাবিয়া পরিতপ্ত হইতে থাকেন, তত্তৎস্থলে সেই দান কার্য্য রাজস নামে অভিহিত হয়।

সাত্ত্বিক দানের প্রধান লক্ষণ কামনা হীনতা, রাজস দানের প্রধান নিদর্শন কামনাপূর্ণতা। অধিকন্তু সাত্ত্বিক দানে আদৌ পশ্চাত্তাপের সম্ভাবনা থাকে না, কিন্তু রাজস দানের অনেক স্থলে দানের পর দাতার

মানসাৎ। এতদ্গয়াশিরঃ প্রোক্তং ফল্গুতীর্থং তদুচ্যতে। পিতামহং সমাসাদ্য যাবদুত্তরমানসং। ফল্গুতীর্থন্তু বিজ্ঞেয়ং দেবানামপি দুর্লভং। ক্রৌঞ্চপাদাৎ ফল্গুতীর্থং যাবৎসাক্ষাদ্গয়াশিরঃ। মুখং গয়াসুরস্যৈতত্তস্মাৎ-শ্রাদ্ধমথাক্ষয়ম্। মুণ্ডপৃষ্ঠাচ্চ পূর্ব্বস্মিন্ পশ্চিমে দক্ষিণোত্তরে। শ্রাদ্ধে ক্রোশদ্বয়ং মানং গয়ায়াং ব্রহ্মণেরিতং। পঞ্চক্রোশং গয়াক্ষেত্রং ক্রোশমেকং গয়াশিরঃ। তন্মধ্যে সর্ব্বতীর্থানি ত্রৈলোক্যে যানি সন্তি বৈ॥" বহু স্থানে গয়ার মাহাত্ম্য কীর্ত্তিত হইয়াছে। "গয়াশিরসি যঃ পিণ্ডান্ যেষাং নাম্না তু নির্ব্বপেৎ। নরকস্থা দিবং যান্তি স্বর্গস্থা মোক্ষমাপ্নুয়ুঃ॥ গয়ায়াং সর্ব্বকালেষু পিণ্ডং দদ্যাদ্বিচক্ষণঃ। অধিমাসে জন্মদিনে চাস্তেঽপি গুরুশুক্রয়োঃ। ন ত্যক্তব্যং গয়াশ্রাদ্ধং সিংহস্থেঽপি বৃহস্পতৌ। তথা দৈব প্রমাদেন প্রবহৎসু ব্রণেষু চ। পুত্রঃ কর্ম্মাধিকারী চ শ্রাদ্ধকৃদ্ ব্রহ্মলোকভাক্। মীনে মেষে স্থিতে সূর্য্যে কন্যায়াং কার্ম্মুকে ঘটে। নারদ ত্রিষু লোকেষু গয়াশ্রাদ্ধং সুদুর্লভং॥" (বায়ুপুরাণ গয়ামাহাত্ম্য) প্রয়াগ; এই স্থানে স্নান দানাদি অশেষ পুণ্যজনক। এই তীর্থে মুণ্ডন অবশ্য কর্ত্তব্য। যথা, "গঙ্গায়াং ভাস্করক্ষেত্রে মুণ্ডনং যো নকারয়েৎ। [illegible]কোটিকুলসংযুক্তং আকল্পং রৌরবে বসেৎ॥" (প্রায়শ্চিত্ত তত্ত্ব) অর্থাৎ গঙ্গা তীর্থে ও ভাস্করক্ষেত্রে অর্থাৎ [illegible]গ যে ব্যক্তি মুণ্ডন না করে, সে কল্পকাল পর্য্যন্ত রৌরব নরকে বাস করে। এই স্থলে স্ত্রীলোকগণেরও কেশ মুণ্ডন আবশ্যক। পদ্মপুরাণ কূর্ম্মপুরাণ প্রভৃতি বহু পুরাণ উপপুরাণে প্রয়াগের মাহাত্ম্য বর্ণিত হইয়াছে। পুরুষোত্তম; এই সুপবিত্র তীর্থক্ষেত্রে জগন্নাথ দেব বিরাজমান। দক্ষিণে উৎকল দেশে সমুদ্রতীরে এই তীর্থ বিরাজিত। "সাগরস্যোত্তরে তীরে মহানদ্যাস্তু দক্ষিণে। স প্রদেশঃ পৃথিব্যাং হি সর্ব্বতীর্থফলপ্রদঃ। একাম্রকাননাদ্ যাবদ্দক্ষিণোদধি তীরভূঃ। পদাৎ পদাৎ শ্রেষ্ঠতমঃ ক্রমেণ পরিকীর্ত্তিতঃ॥" অর্থাৎ সমুদ্রের উত্তরে মহানদীর দক্ষিণে এই তীর্থ অবস্থিত, ইহা সর্ব্বতীর্থফলপ্রদ। একাম্রকানন হইতে দক্ষিণ সমুদ্রের তীরভূমি পর্য্যন্ত ভূমিখণ্ড প্রতিপদে ক্রমশঃ শ্রেষ্ঠতম। (উৎকলখণ্ড দ্রষ্টব্য) এতদ্ভিন্ন চট্টগ্রামে চন্দ্রনাথ তীর্থ, সেতুবন্ধে রামেশ্বর তীর্থ, হরিদ্বার, প্রভৃতি অনেক তীর্থ আছে। তন্মধ্যে কএকটী তীর্থ মোক্ষবিধায়ক। যথা; "অযোধ্যা মথুরা মায়া কাশী কাঞ্চী অবন্তিকা। পুরী দ্বারাবতী চৈব সপ্তৈতা মোক্ষদায়িকাঃ॥" (পদ্মপুরাণ) সকল তীর্থে শ্রাদ্ধ, উপবাস, দান প্রভৃতি কার্য্য সকল অবশ্যানুষ্ঠেয়। "অশ্রদ্দধানঃ পাপাত্মা নাস্তিকোঽচ্ছিন্নসংশয়ঃ। হেতুনিষ্ঠশ্চ পঞ্চৈতে নতীর্থফলভাগিনঃ॥" (কাশীখণ্ড) অর্থাৎ শ্রদ্ধাহীন, পাপাত্মা, নাস্তিক, সংশয়ী এবং হেতুনিষ্ঠ অর্থাৎ কারণবশতঃ তীর্থযাত্রী ব্যক্তি তীর্থের ফললাভে সমর্থ হয় না। তীর্থযাত্রাকালে এবং তীর্থ হইতে প্রতিগমন করিয়া পিতৃপুরুষগণের উদ্দেশে শ্রাদ্ধ করা অবশ্য কর্ত্তব্য। যথা;—"তীর্থযাত্রাং সমারভ্য তীর্থাৎ প্রত্যাগমেঽপি চ। তীর্থশ্রাদ্ধং প্রকুর্ব্বীত বহুসর্পিঃসমন্বিতং॥" (কূর্ম্মপুরাণ) এতদ্ভিন্ন তীর্থযাত্রাদির অন্যান্য বিধি কাশীখণ্ড, ব্রহ্মপুরাণ, কূর্ম্মপুরাণ প্রভৃতি পুরাণসমূহে দ্রষ্টব্য।

চিত্ত পরিতপ্ত হইতে থাকে। এই ভাব দানরূপ সদনুষ্ঠানের নিতান্ত প্রতিকূল।

পূজ্যপাদ শ্রীমদ্রামানুজাচার্য্য মূলস্থিত "পরিক্লিষ্ট" শব্দের অকল্যাণ-দ্রব্যক, এইরূপ অর্থাবধারণ করিয়াছেন। যে দ্রব্য শ্রেয়স্কর নহে, যাহার ব্যবহারে বা যাহার সাহায্যে লোকের অধোগতি অবশ্যম্ভাবী, তাদৃশ পদার্থ অকল্যাণরূপে পরিগণিত। এরূপ পদার্থের দান সাত্ত্বিক রূপে গণ্য হইতে পারে না।

কোন কোন পূজ্যপাদ ভাষ্য ও টীকাকৃৎ মূলস্থিত "প্রত্যুপকারার্থং" ও "ফলমুদ্দিশ্য" এই দুই শব্দ অবলম্বন করিয়া দৃষ্ট ও অদৃষ্ট এই দুই প্রকার ফলের উল্লেখ করিয়াছেন। উপকৃত ব্যক্তির নিকট হইতে প্রত্যুপকার স্বরূপে পরিণামে যাহা প্রাপ্ত হওয়া যায়, তাহাই দানের দৃষ্ট ফল, এবং এই দেহ নাশের পর স্বর্গভোগাদি যে পারলৌকিক ফল উপস্থিত হইতে পারে, তাহাই অদৃষ্ট ফল।

পূজ্যপাদ শ্রীমদ্বলদেব "পরিক্লিষ্টং" শব্দের প্রসঙ্গে [illegible] বাক্যানুসারে যে দান তাহাই পরিক্লি[illegible] দান [illegible] হৃদয়ের উত্তে-জনায় পরদুঃখ বিমোচনার্থ আত্মপ্রি[illegible] যো দান না করি[illegible] সম্মানার্হ ব্যক্তি বিশেষের বা[illegible] বর্জ্জিতায় ইচ্ছার [illegible] তাহাই পরিক্লিষ্ট।

পূজ্যপাদ শ্রীমদ্রাঘ[illegible] যতি মহোদয় "[illegible]ক্লিষ্টং" শব্দের অন্যায়া-র্জ্জিত ধন এইরূপ অর্থাবধারণ করিয়া[illegible]। চৌর্য্য বা প্রবঞ্চনা দ্বারা পরের সর্ব্বনাশ সাধন করিয়া যে ধ[illegible] হয়, [illegible] ন্যায়া[illegible] বিত্ত নহে। তাদৃশ অসদুপায়ে লব্ধ বিত্ত দান করিলে সাত্ত্বিক [illegible] পরিগণিত হইতে পারে না; এইরূপ দান [illegible] নামে পরি[illegible]

—(৩০)—

অদেশকালে যদ্দানমপাত্রেভ্যশ্চ দীয়তে।
অসৎকৃতমবজ্ঞাতং তত্তামসমুদাহৃতম্॥ ২২॥

অন্বয়।—অদেশকালে (অপবিত্রদেশকালে) অপাত্রেভ্যঃ (মুর্খতস্করাদিভ্যঃ) চ অসৎকৃতং (সৎকাররহিতং) অবজ্ঞাতং (পাত্র-পরিভবযুক্তং) যৎদানং দীয়তে তৎ তামসং উদাহৃতং (কথিতং)॥ ২২॥

প্রতিশব্দ।—অপবিত্র-দেশ-কালে মুর্খ-তস্করাদিকে সৎকার-রহিত পাত্র-তিরস্কার-যুক্ত যে দান প্রদত্ত-হয় তাহা তামস দান কথিত-হয়॥ ২২॥

ব্যাখ্যা।—অপবিত্র দেশে অশুচি কালে মুর্খ তস্করাদি অপাত্র গণকে অসৎকারের সহিত অবজ্ঞাযুক্ত যে দান, তাহাই তামস দান নামে অভিহিত॥ ২২॥

শঙ্করাচার্য্য।—অদেশেতি। অদেশকালে অপুণ্যে দেশে ম্লেচ্ছাশুচ্যাদিসংকীর্ণে অকালে পুণ্যহেতুত্বেনাঽপ্রখ্যাতে সংক্রান্ত্যাদিবিশেষরহিতে অপাত্রেভ্যশ্চ মূর্খতস্করাদিভ্যো দেশাদিসম্পত্তৌ বা অসৎকৃতং প্রিয়বচনপাদপ্রক্ষালনপূজাদিরহিতমবজ্ঞাতং পাত্রপরিভবযুক্তঞ্চ, [illegible] সমুদাহৃতং॥ ২২॥

রামানুজ।—[illegible]দেশকালেতি। অদেশকালে অপাত্রেভ্যশ্চ যদ্দানং দীয়তে। অসৎকৃতং পাদপ্রক্ষালনাদিরহিতং [illegible]জ্ঞাতং সাবজ্ঞ' অনুপচারযুক্তং যদ্দীয়তে তত্তামসমুদাহৃতং॥ ২২॥

হনুমান্।—অদেশকালে পুণ্যদেশকালানপেক্ষ্যো অপাত্রেভ্যশ্চ দীয়তে অপাত্রং সংপ্রদানং চাসৎকৃতং প্রিয়বচনপূজারহিতং সংপ্রদানং সংপ্রদেয়য়োরবজ্ঞাযুক্তং যদেবংদানং তৎ [illegible]সমুদাহৃতম্॥ ২২॥

শ্রীধর।—তামসং দানমাহ অদেশেতি। অদেশে অশুচিস্থানে অকালে অশৌচাদি-সময়ে অপাত্রেভ্যো বিটনটাদিভ্যোযদ্দানং দীয়তে, তৎ দেশকালপাত্রসম্পত্তাবপি অসৎকৃতং পাদ-প্রক্ষালনাদিসৎকারশূন্যং অবজ্ঞাতং পাত্রতিরস্কারযুক্তং এবম্ভূতং দানং তামসমুদাহৃতং॥ ২২॥

বলদেব।—অদেশেঽশুচিস্থানে অকালেঽশুচিসময়ে যদপাত্রেভ্যো নটাদিভ্যো [illegible]ত। দেশাদি সম্পত্তাবপি যদসৎকৃতং চরণপ্রক্ষালনাদি সংকারশূন্যং অবজ্ঞাতং তুংকারা-[illegible]দিরভাষণোপেতং চ যদ্দানং তত্তামসম্॥ ২২॥

মধুসূদন।—অদেশে স্বতোবা দুর্জ্জনসংসর্গাদ্বা পাপহেতাবশুচিস্থানে অকালে পুণ্যহেতুত্বেনা প্রসিদ্ধে যস্মিন্ কস্মিংশ্চিৎ অশৌচকালে বা অপাত্রেভ্যশ্চ বিদ্যাতপোরহিতেভ্যো

নটাদিভ্যঃ যদ্দানং দীয়তে দেশকালপাত্রসম্পত্তাবপি অসৎকৃতং প্রিয়ভাষণপাদপ্রক্ষালনপূজাদি-সংকারশূন্যং অবজ্ঞাতং পাত্রপরিভবযুক্তং চ, তদ্দানং তামসমুদাহৃতং ॥ ২২ ॥

নীলকণ্ঠ।—অসৎকৃতং প্রিয়ভাষণপাদপ্রক্ষালনাদিপূজাসংকাররহিতং অবজ্ঞাতং পাত্রপরিভবযুক্তং দানং প্রদেয়ং হিরণ্যাদি ॥ ২২ ॥

বিশ্বনাথ।—অসৎকারোঽবজ্ঞায় ফলং ॥ ২২ ॥

তাৎপর্য্য।—এক্ষণে তামস দানের বিবরণ বিন্যস্ত হইতেছে। সংক্ষেপতঃ তামস দান সাত্ত্বিক দানের সম্পূর্ণ বিরোধী। রাজসদান এই বিরোধী অনুষ্ঠান দ্বয়ের মধ্যবর্ত্তী। যে দান স্থান বিচারের অনুবর্ত্তী নহে অর্থাৎ যে দেশ পুণ্যতীর্থ বা পবিত্র ক্ষেত্র রূপে পরিগণিত না হওয়ায় দানানুষ্ঠানের অনুকূল নহে, অথবা যে স্থান ম্লেচ্ছাদি* সমাকীর্ণ বা অশুচি-ব্যাপার ও অশৌচ লোক পরিপূর্ণ, তাদৃশ স্থলে যে দান অনুষ্ঠিত হয়, তাহা তামস দান। অপিচ অকালে অর্থাৎ সংক্রান্তি† প্রভৃতি পুণ্যদিনের অপেক্ষা না করিয়া অথবা নিজের অশুচি অবস্থায় যে কোন প্রতিষিদ্ধ সময়ে যে

---

* ম্লেচ্ছ।—কিরাত শবর পুলিন্দ প্রভৃতি জাতি সকল ম্লেচ্ছ নামে অভিহিত। "গোমাংস খাদকো যস্তু বিরুদ্ধং বহু ভাষতে। সর্ব্বাচারবিহীনশ্চ ম্লেচ্ছ ইত্যভিধীয়তে॥" (প্রায়শ্চিত্ত তত্ত্ব) অর্থাৎ যে গোমাংস ভোজী, ধর্ম্ম বিরুদ্ধ বহুবিধ বাক্য উচ্চারণ করে এবং যে সর্ব্ববিধ শাস্ত্রীয়াচার বিহীন, সেই ম্লেচ্ছ নামে অভিহিত। মহারাজ চক্রবর্ত্তী সগর পিতৃবৈরী শক জবনাদিগণকে বিনাশার্থ উদ্যত হইয়া কুলগুরু বশিষ্ঠের আদেশ অনুসারে বিনাশের পরিবর্ত্তে তাহাদিগের বেশ পরিবর্ত্তন করিয়া দিয়াছিলেন। "সগরস্তাং প্রতিজ্ঞাং [illegible] নিশম্য চ। ধর্ম্মং জঘান বৈ তেষাং বেশান্যত্বং চকার হ। অর্দ্ধং শকানাং [illegible] জবনানাং শিরঃ সর্ব্বং কাম্বোজানাং তথৈব চ। পারদা মুক্তকেশাশ্চ পহ্লবাঃ [illegible] নিঃস্বাধ্যায়-বষট্কারাঃ কৃতাস্তেন মহাত্মনা। শকা জবনকাম্বোজাঃ পারদাঃ পহ্লবাস্তথা। কোলসর্পাঃ সমাহিষা দার্ব্বাশ্চোলাঃ সকেরলাঃ। বশিষ্ঠবচনাৎ রাজন্ সগরেণ মহাত্মনা॥" (হরিবংশ) অর্থাৎ সগর [illegible] প্রতিজ্ঞা এবং গুরুর আদেশ উভয় বিবেচনা করিয়া পিতৃশত্রু গণের ধর্ম্ম এবং বেশ পরিবর্ত্তিত [illegible]। শকদেশবাসী ক্ষত্রিয় গণের অর্দ্ধ মস্তক মুণ্ডন করিয়া [illegible] করিয়াছিলেন। জবনগণের [illegible] কাম্বোজ গণের সমস্ত মস্তক মুণ্ডিত হইয়াছিল। পারদ গণের কে[illegible], পহ্লবগণ শ্মশ্রু ধারণ করিতে বাধ্য হইয়াছিল। এইরূপে শক, জবন কাম্বোজ, পারদ, পহ্লব, [illegible] কেরল প্রভৃতি ক্ষত্রিয়গণ সগর কর্ত্তৃক বেদাধ্যয়ন ও বষট্কারাদি রহিত হইল। বিষ্ণুপুরাণ ৪র্থ অংশে তৃতীয় অধ্যায়ে এ সম্বন্ধে বিস্তারিত বিবরণ আছে, তাহা দ্রষ্টব্য। "চাতুর্ব্বর্ণ্যব্যবস্থানং যস্মিন্ দেশে ন বিদ্যতে। ম্লেচ্ছদেশঃ স বিজ্ঞেয়ঃ আর্য্যাবর্ত্তস্ততঃ পরঃ॥", অর্থাৎ যে দেশে চাতুর্ব্বর্ণের ব্যবস্থা নাই, তাহাই ম্লেচ্ছদেশ, তদিতর দেশই আর্য্যাবর্ত্ত। অসংস্কৃত বাক্যোচ্চারণ হেতুই ইহারা ম্লেচ্ছনামে অভিহিত।

† সংক্রান্তি।—যৎকালে সূর্য্য একরাশি হইতে অন্য রাশিতে সংক্রমণ অর্থাৎ গমন করেন, তাহাই সংক্রান্তি নামে অভিহিত। রাশিভেদে সংক্রান্তির [illegible] হয়। যথা, 'মৃগকর্কটসংক্রান্তী দ্বে তূদগ্-

দান অনুষ্ঠিত হয় তাহাও তামস দান। আর কেবল দুঃখ বা কাতরতা দর্শনে ব্যথিতহৃদয় হইয়া দানের পাত্রত্ব বিচার না করিয়া চৌর, নট, তস্কর ও মূর্খাদিকে দান করা অবৈধ। এইরূপ অপাত্রে দান অবিধেয়। কিরূপ পাত্রে দান করা উচিত এবং তজ্জন্য কি প্রকার দেশ ও কাল অনুসরণ করা কর্ত্তব্য, তাহার কথা সাত্ত্বিক দানের প্রসঙ্গে বিস্তারিত রূপে আলোচিত হইয়াছে। দানের পাত্রকে বিহিত বিধানে সংকৃত করা উচিত অর্থাৎ শ্রদ্ধা সহকারে আন্তরিক সম্মান প্রদর্শন পূর্ব্বক চরণ প্রক্ষালনাদি করাইয়া দান করাই ধর্ম্মশাস্ত্র সঙ্গত সুব্যবস্থা। কিন্তু অনেক স্থলেই দেখিতে পাওয়া যায় যে, দাতা নিতান্ত বিরক্তি সহকারে বারংবার দুর্ব্বাক্য প্রয়োগ করিতে করিতে নিরতিশয় অবজ্ঞা প্রদর্শন পূর্ব্বক গ্রহীতাকে বক্রমুখে ও অনিচ্ছায় দান করেন। এরূপ দানও তামস দান।

দান মাত্রই ধর্ম্মানুষ্ঠান বটে, [illegible] কিন্তু তন্মধ্যে [illegible] প্রকার ভেদ নির্দ্দিষ্ট কেন হইল, তাহা প্রত্যেকের লক্ষণ বিচার করিয়া [illegible]খিলেই হৃদয়ঙ্গম হইবে। প্র[illegible] প্রত্যেক সংকর্ম্ম মানবের আভ্যন্তরিক উন্নতির প[illegible]চায়[illegible]র্ক। সংকর্ম্ম এক হইলেও কোন কোন স্থলে তাহা অনুষ্ঠাতার অত্যুন্নতি কোথাও বা তাঁহার হৃদয়ের সঙ্কীর্ণতা ঘোষণা করে। এই দান [illegible]কার্য্যও সেইরূপ করিয়া থাকে।

[illegible] নট, তস্কর ও মূর্খাদি দানের অপাত্র বলিয়া বিবেচিত হইয়াছে, তাহা বিবেচনা করিয়া দেখা উচিত। যে শ্রেণীর লোকেরা নিরন্তর মনুষ্য সমাজের অকল্যাণ সাধিত করিয়া আসিতেছে, তাহাদের দুঃখে দ্রবীভূত হইয়া তাহাদের অভাব দূর করিতে উদ্যত হওয়া অনাবশ্যক। কারণ সংসারসমুদ্র পাপ প্রবাহ নিরুদ্ধ করিবার চেষ্টা করাই সদ্ব্যক্তির লক্ষ্য হওয়া উচিত। দুর্নীতি পরায়ণ ক্লিষ্ট জীবের অভাব বিমোচন করিতে যদি সদয়হৃদয় ব্যক্তি আকৃষ্টচিত্ত হন, তাহা হইলে পাপেরই প্রশ্রয় দেওয়া হয় এবং দুর্নীতির সহায়তা করা হয়। সুতরাং দান কালে পাত্রাপাত্রের নির্ব্বাচন অত্যাবশ্যক ॥ ২২ ॥

দক্ষিণায়নে। বিষুবতী তুলামেষে গোলমধ্যে তথাপরাঃ। ধনুর্ম্মিথুনকন্যাসু মীনে চ ষড়শীতয়ঃ। বৃষবৃশ্চিকসিংহেষু কুম্ভে বিষ্ণুপদী স্মৃতা।" (জ্যোতিষ) ইহার তাৎপর্য্য এই যে, মকর অর্থাৎ মাঘসংক্রান্তি উত্ত-

ওঁ তৎসদিতি নির্দ্দেশো ব্রহ্মণস্ত্রিবিধঃ স্মৃতঃ।
ব্রাহ্মণাস্তেন বেদাশ্চ যজ্ঞাশ্চ বিহিতাঃ পুরা ॥ ২৩ ॥

অন্বয়।—ওঁ তৎ সৎ ইতি ব্রহ্মণঃ ত্রিবিধঃ নির্দ্দেশঃ (নাম) স্মৃতঃ (কথিতঃ) তেন (নির্দ্দেশেন) ব্রাহ্মণাঃ বেদাঃ চ যজ্ঞাঃ চ পুরা (পূর্ব্বং) বিহিতাঃ (নির্ম্মিতাঃ) ॥ ২৩ ॥

প্রতিশব্দ।—ওঁ তৎসৎ এই ব্রহ্মের ত্রিবিধ নাম কথিত-হইয়াছে, সেই-নাম-দ্বারা ব্রাহ্মণ-গণও বেদ-সমূহ এবং যজ্ঞ-সমূহ পূর্ব্বে নির্ম্মিত-হইয়াছে ॥ ২৩ ॥

ব্যাখ্যা।—"ওঁ তৎসৎ" ব্রহ্মের এই ত্রিবিধ নাম শিষ্টগণ কর্ত্তৃক নির্ণীত হইয়াছে, এই নামত্রয় দ্বারাই ব্রাহ্মণ বেদ এবং যজ্ঞ সমূহ পূর্ব্বে ব্রহ্মা কর্ত্তৃক সৃষ্ট হইয়াছে ॥ ২৩ ॥

শঙ্করাচার্য্য।—যজ্ঞদানতপঃপ্রভৃতীনাং সাদ্গুণ্যকরণায়ায়মুপদেশ উচ্যতে ওঁ তৎসদিতি। এষ নির্দ্দেশঃ নির্দ্দিশ্যতেঽনেনেতি নির্দ্দেশঃ ত্রিবিধোনাম নির্দ্দেশোব্রহ্মণঃ স্মৃতশ্চি- ...র্থঃ ॥২৩॥

...য়ণ এবং কর্কট অর্থাৎ শ্রাবণের সংক্রান্তি দক্ষিণায়ণ নামে অভিহিত। তুলা অর্থাৎ কার্ত্তিক ...লবিষুব এবং মেষ অর্থাৎ বৈশাখ সংক্রান্তি মহাবিষুব সংক্রান্তি নামে কথিত। বৃষ অর্থাৎ জ্যৈষ্ঠ, বৃশ্চিক ...র্থাৎ অগ্রহায়ণ, সিংহ অর্থাৎ ভাদ্র কুম্ভ অর্থাৎ ফাল্গুণ সংক্রান্তি বিষ্ণুপদী সংক্রান্তি, এবং ধনু অর্থাৎ পৌষ, ...থুন অর্থাৎ আষাড়, কন্যা অর্থাৎ আশ্বিন, মীন অর্থাৎ চৈত্র সংক্রান্তি ষড়শীতি সংক্রান্তি নামে কথিত। ...ভিন্ন নক্ষত্রানুসারে সংক্রান্তির আরও নামান্তর আছে। যথা; "মন্দা মন্দাকিনী ধ্বাঙ্ক্ষী ঘোরা চৈব মহো- ...রী। রাক্ষসী মিশ্রিতা প্রোক্তা সংক্রান্তিঃ সপ্তধা নৃপ॥ মন্দা ধ্রুবেষু বিজ্ঞেয়া মৃদৌ মন্দাকিনী তথা। ক্ষিপ্রে ...ধ্বাঙ্ক্ষীং বিজানীয়াৎ উগ্রে ঘোরা প্রকীর্ত্তিতা॥ চরে মহোদরী জ্ঞেয়া ক্রূরৈ তু রাক্ষসী। মিশ্রিতা চৈব ...জ্ঞেয়া মিশ্রিতকে তু সংক্রমে॥" অর্থাৎ মন্দা, মন্দাকিনী, ধ্বাঙ্ক্ষী, ঘোরা, মহোদরী, রাক্ষসী এবং মিশ্রিতা ...ই সপ্ত প্রকার সংক্রান্তি ধ্রুব অর্থাৎ উত্তর ফল্গুনী, উত্তরাষাড়া, উত্তর ভাদ্রপদ এবং রোহিণী এই সকল ...ক্ষত্রে সংক্রমণ হইলে মন্দা, মৃদু অর্থাৎ চিত্রা, অনুরাধা, মৃগশিরা এবং রেবতী নক্ষত্রে মন্দাকিনী, ক্ষিপ্রা ...র্থাৎ পুষ্যা অশ্বিনীও হস্তানক্ষত্রে ধ্বাঙ্ক্ষী, উগ্র অর্থাৎ পূর্ব্বফল্গুনী, পূর্ব্বাষাড়া পূর্ব্বভাদ্রপদ এবং মঘা ...ক্ষত্রে ঘোরা, চর অর্থাৎ স্বাতী, পুনর্ব্বসু, শ্রবণা, ধনিষ্ঠা এবং শতভিষা নক্ষত্র সংক্রমণে মহোদরী, ক্রূর অর্থাৎ ...শ্লেষা, আর্দ্রা, জ্যেষ্ঠা এবং মূলা নক্ষত্রে রাক্ষসী এবং মিশ্রিত অর্থাৎ কৃত্তিকা ও বিশাখা নক্ষত্র সংক্রমণে ...মিশ্রিতা সংক্রান্তি হয়। সংক্রমণের সময় ভেদে পুণ্যকালের তারতম্য হইয়া থাকে। সংক্রান্তি সমস্তই ...মে অভিহিত। ইহাতে স্নানদানাদি পুণ্য কর্ম্ম সমূহ অশেষ ফলজনক হইয়া থাকে। বিংশতি আষাঢ়ী,

স্থিতোবেদান্তেষু ব্রহ্মবিদ্ভির্ব্রাহ্মণাস্তেন নির্দ্দেশেন ত্রিবিধেন বেদাশ্চ যজ্ঞাশ্চ বিহিতা নির্ম্মিতাঃ পুরা পূর্ব্বমিতি ॥ ২৩ ॥

আনন্দগিরি।—বিহিতানাং কর্ম্মণাং প্রমাদযুক্তে বৈগুণ্যে কথং পরিহারঃ স্যাদিত্যাশঙ্ক্যাহ যজ্ঞেতি। ওমিতি ব্রহ্মেত্যাদিশ্রুতেঃ ওমিতি তাবদ্ব্রহ্মণোনামনির্দ্দেশঃ। তত্ত্বমসীতিশ্রুতেঃ তদিত্যপি ব্রহ্মণোনামনির্দ্দেশঃ "সদেব সৌম্যেদ"মিতি শ্রুতেঃ সদিত্যপি তস্য নামেতি মত্বাহ ওমিতি। কথং নির্দ্দেশেন তেষাং বিধানমিত্যাশঙ্ক্যাহ নির্দ্দেশেতি। যজ্ঞাদীনাং বৈগুণ্যং প্রতীতিকালে যথোক্তনামন্যতমোচ্চারণাদ্বৈগুণ্যং সিধ্যতীতি ভাবঃ কর্ম্মসাদ্গুণ্যকারণং ত্রিবিধং নাম স্তৌতি ব্রাহ্মণাইতি ॥ ২৩ ॥

রামানুজ।—এবং বৈদিকানাং যজ্ঞতপোদানানাং সত্ত্বাদিগুণভেদেন ভেদ উক্তঃ। ইদানীং তস্য বৈদিকস্য যাগাদেঃ প্রণবসংযোগেন তৎসচ্ছব্দব্যপদেশ্যতয়া চ লক্ষণমুচ্যতে ওমিতি। ওঁ তৎসদিতি ত্রিবিধোঽয়ং নির্দ্দেশঃ শব্দঃ ব্রহ্মণঃ স্মৃতঃ ব্রহ্মণোঽন্বয়ী ভবতি ব্রহ্ম চ বেদঃ বেদশব্দেন বৈদিকং কর্ম্ম চোচ্যতে। বৈদিকং যজ্ঞাদিকং কর্ম্ম ওং তৎসদিতি শব্দান্বিতং ভবতি। ওমিতি শব্দস্যান্বয়ো বৈদিককর্ম্মাঙ্গত্বেন প্রয়োগাদৌ প্রযুজ্যমানতয়া তৎসদিতি শব্দয়োরন্বয়ঃ পূজ্যত্বায় বাচকতয়া তেন ত্রিবিধেন শব্দেনান্বিতা ব্রাহ্মণা বেদান্বয়িনস্ত্রৈবর্ণিকা বেদাশ্চ যজ্ঞাশ্চ বিহিতাঃ পুরা ময়ৈব নির্ম্মিতা ইত্যর্থঃ ॥ ২৩ ॥

হনুমান্।—নির্দ্দিশ্যতে তেন নির্দ্দেশঃ ব্রহ্মণঃ পরমাত্মনঃ ব্রহ্মবিদ্ভিরোমিতি তদিতি সদিতি ত্রিবিধো ব্রহ্মণো নির্দ্দেশঃ অভিধানং স্মৃতমিত্যর্থঃ তেন ত্রিবিধেন নির্দ্দেশো ব্রাহ্মণা বেদিনশ্চ বেদাশ্চ যজ্ঞাশ্চ বিহিতাঃ সৃষ্টাঃ পুরা পূর্ব্বস্মিন্ কালে সকলং জগৎ সৃষ্টা হিরণ্য[illegible] ॥ ২৩ ॥

[illegible]**শ্রীধর।**—নন্বেবং বিচার্য্যমাণে সর্ব্বমপি যজ্ঞতপোদানাদি রাজসতামসপ্রায়মেবেতি ব্যর্থোযজ্ঞাদিপ্রয়াস ইত্যাশঙ্ক্য তথাবিধস্যাপি সাত্ত্বিকত্বোপপাদনপ্রকারং দর্শয়িতুমাহ ওমিতি। ওঁ তৎসদিতি ত্রিবিধোব্রহ্মণঃ পরমাত্মনোনির্দ্দেশোনাম্না ব্যপদেশঃ স্মৃতঃ শিষ্টৈঃ, তত্র তাবদোমিতি ত্রিবৃদ্ব্রহ্মেত্যাদিশ্রুতিপ্রসিদ্ধত্বাৎ বিদুষাং অপরোক্ষত্বাচ্চ তচ্ছব্দোঽপি ব্রহ্মণোনাম, পরমার্থসত্ত্বসাধুত্বপ্রশস্তত্বাদিভিঃ সচ্ছব্দোঽপি ব্রহ্মণোনাম। "সদেব সৌম্যেদমগ্র আসীদি"ত্যাদিশ্রুতেঃ। অয়ং ত্রিবিধোঽপি নামনির্দ্দেশোবিগুণমপি সগুণং কর্ত্তুং সমর্থ ইত্যাশয়েন স্তৌতি তেন ত্রিবিধেন ব্রহ্মণোনির্দ্দেশেন ব্রাহ্মণাশ্চ বেদাশ্চ যজ্ঞাশ্চ পুরা সৃষ্ট্যাদৌ বিহিতা বিধাত্রা নির্ম্মিতাঃ সগুণীকৃতা ইতি বা, যদ্বা যস্মায়ং ত্রিবিধোনির্দ্দেশস্তেন পরমাত্মনা ব্রাহ্মণাদয়ঃ পবিত্রতমাঃ সৃষ্টাশ্চ তস্মাত্তস্যায়ং নির্দ্দেশোঽতিপ্রশস্ত ইত্যর্থঃ ॥ ২৩ ॥

বলদেব।—তদেব যজ্ঞতপোদানানাং ত্রৈবিধ্যকথনেন সাত্ত্বিকানাং তেষামুপাদেয়ত্বং রাজসাদীনাং হেয়ত্বঞ্চ দর্শিতম্। অথ সাত্ত্বিকাধিকারিণাং যজ্ঞাদীনি বিষ্ণুনাম পূর্ব্বকাণ্যেব

কার্ত্তিকী, মাঘী এবং বৈশাখী সংক্রান্তিতে দান অনন্ত ফলদায়ক। সংক্রান্তি দিবসে স্নান অত্যাবশ্যক। সংক্রান্তি দিবসে সায়ংসন্ধ্যা নিষিদ্ধ।

ভবন্তীত্যুচ্যতে ওমিতি। ওমিত্যাদিকস্ত্রিবিধো ব্রহ্মণো বিষ্ণোর্নির্দ্দেশো নামধেয়ং শিষ্টৈঃ স্মৃতঃ "ওমিত্যেতদ্ব্রহ্মণো নেদিষ্টং নামেতি" শ্রুতেঃ ওমিত্যেকং নাম। "তত্ত্বমসীতি" শ্রুতেঃ তদিতি দ্বিতীয়ং নাম "সদেব সৌম্যেতি" শ্রুতেঃ সদিতি তৃতীয়ং নাম। উপলক্ষণমিদং বিষ্ণ্বাদিনাম্নাং তেন ত্রিবিধেন নির্দ্দেশেন ব্রাহ্মণা দেবা যজ্ঞাশ্চ পুরা চতুর্ম্মুখেন বিহিতাঃ প্রকটিতা তস্মান্মহা-প্রভাবোঽয়ং নির্দ্দেশস্তৎপূর্ব্বকাণাং যজ্ঞাদীনাং নাঙ্গবৈগুণ্যং তেন ফলবৈগুণ্যঞ্চ নেতি ॥ ২৩ ॥

মধুসূদন।—তদেবমাহারযজ্ঞতপোদানানাং ত্রৈবিধ্যকথনেন সাত্ত্বিকানি তান্যাদেয়ানি রাজসতামসানি তু পরিহর্ত্তব্যানীত্যুক্তং, তত্রাহারস্য দৃষ্টার্থত্বেন নাস্ত্যঙ্গবৈগুণ্যেন পুণ্যো ফলাভাবশঙ্কা, যজ্ঞতপোদানানাং ত্বদৃষ্টার্থানামঙ্গবৈগুণ্যাদপূর্ব্বানুৎপত্তৌ ফলাভাবঃ স্যাদিতি সাত্ত্বিকানামপি তেষামানর্থক্যং প্রাপ্তং প্রমাদবহুলত্বাদনুষ্ঠাতৄণাং, অতস্তদ্বৈগুণ্যপরিহারায় ওঁ তৎসদিতি ভগবন্নামোচ্চারণরূপং সামান্যপ্রায়শ্চিত্তং পরমকারুণিকতয়োপদিশতি ভগবান্। ওঁ তৎসদিত্যেবংরূপোব্রহ্মণঃ পরমাত্মনোনির্দ্দেশঃ নির্দ্দিশ্যতেঽনেনেতি নির্দ্দেশঃ প্রতিপাদকশব্দঃ নামেতি যাবৎ ত্রিবিধঃ তিস্রোবিধা অবয়বা যস্য স ত্রিবিধঃ স্মৃতঃ বেদান্তবিদ্ভিঃ, একবচসাবয়ব-মেকং নাম প্রণববৎ যস্মাৎপূর্ব্বৈর্ম্মহর্ষিভিরয়ং ব্রহ্মণোনির্দ্দেশঃ স্মৃতস্তস্মাদিদানীন্তনৈরপি স্মর্ত্তব্য ইতি বিধিরত্র কল্প্যতে। বষট্ কর্ত্তুঃ প্রথমভক্ষ্য ইত্যাদিষিব বচনানি ত্বপূর্ব্বত্বাদিতি ন্যায়াৎ যজ্ঞ-দানতপঃক্রিয়াসংযোগাচ্চাস্য তদবৈগুণ্যমেব ফলং নষ্টাশ্বদগ্ধরথবৎ পরস্পরাকাঙ্ক্ষয়া কল্প্যতে "প্রমাদাৎ কুর্ব্বতাং কর্ম্ম প্রচ্যবেতাধ্বরেষু যৎ। স্মরণাদেব তদ্বিষ্ণোঃ সম্পূর্ণং স্যাৎ ইতি শ্রুতি" রিতি স্মৃতেস্তথৈব শিষ্টাচারস্য ব্রহ্মণোনির্দ্দেশঃ স্তূয়তে কর্ম্মবৈগুণ্যপরিহারসামর্থ্যকথনায় ব্রাহ্মণাদ্যাঃ কর্ত্তারঃ বেদাঃ করণানি যজ্ঞাঃ কর্ম্মাণি তেন ব্রহ্মণোনির্দ্দেশেন করণভূতেন পুরা বিহিতাঃ প্রজা-পতিনা তস্মাদ্যজ্ঞাদিস্পৃষ্টহেতুত্বেন তদ্বৈগুণ্যপরিহারসমর্থোমহাপ্রভাবোঽয়ং নির্দ্দেশ ইত্যর্থঃ ॥২৩॥

নীলকণ্ঠ।—অদৃষ্টার্থানাং যজ্ঞদানতপঃপ্রভৃতীনাং বৈকল্যশঙ্কায়াং সাদ্গুণ্যসিদ্ধ্যর্থং প্রায়শ্চিত্তং উপদিশ্যতে ওঁ তৎসদিতি। ওমিতি তদিতি সদিতি চ ত্রিবিধস্ত্রিপ্রকারোঽয়ং ব্রহ্মণো নির্দ্দেশোনাম্না পাঠঃ যথা সহস্রনামপাঠে সহস্রং নামানি এবমস্মিন্নপি নামপাঠে ত্রীণ্যেব নামানী-ত্যর্থঃ, ওমিতি ব্রহ্মেতি তৈত্তিরীয়ে তদিতি "এতস্য মহতোভূতস্য নাম ভবতীতি" তৈত্তিরীয়কে, "সদেব সৌম্যেদমগ্র আসীদি"তি ছান্দোগ্যে চ, এতেষাং শব্দানাং ব্রহ্মনামত্বপ্রসিদ্ধেঃ, যেন নামত্রয়েণ ব্রাহ্মণাদয়োবিহিতাঃ পুরা সর্গাদৌ ব্রহ্মণা এতন্নামত্রয়োচ্চারণসামর্থ্যেনৈব বিধাত্রা বিপ্রাদয়োবিহিতাঃ প্রকাশিতা ইত্যর্থঃ ॥ ২৩ ॥

বিশ্বনাথ।—তদেবং তপোযজ্ঞাদীনাং ত্রৈবিধ্যং সামান্যতো মনুষ্যমাত্রমধিকৃত্যোক্তং তত্র যে সাত্ত্বিকেষপি মধ্যে ব্রহ্মবাদিনঃ তেষান্তু ব্রহ্মনির্দ্দেশপূর্ব্বিকা এব যজ্ঞাদয়ো ভবন্তীত্যাহ ওমিতি। ওঁ তৎ সদিত্যেবং ব্রহ্মণো নির্দ্দেশঃ নাম্না ব্যপদেশঃ স্মৃতঃ শিষ্টৈর্দর্শিতঃ। তত্র ওমিতি সর্ব্বশ্রুতিষু প্রসিদ্ধমেব ব্রহ্মণোনাম। জগৎকারণত্বেনাতিপ্রসিদ্ধেঃ অতন্নিরসনেনচ প্রসিদ্ধেস্তদিতিচ। "সদেব সৌম্যেদমগ্র আসীদিতি" শ্রুতেঃ সদিতি চ। যস্মাৎ ওঁ তৎসৎশব্দবাচ্যেন ব্রহ্মণৈব ব্রাহ্মণা বেদাঃ যজ্ঞাশ্চ বিহিতাঃ কৃতাঃ ॥ ২৩ ॥

তাৎপর্য্য।—পূর্ব্বে শ্রীভগবান্ আহার, যজ্ঞ, তপ এবং দানের প্রসঙ্গ কীর্ত্তন করিয়াছেন এবং তত্তাবতের সাত্ত্বিকাদি ত্রিবিধ লক্ষণ নির্দ্দেশ করিয়াছেন। অতঃপর সেই সকল অনুষ্ঠানের মাহাত্ম্য স্থাপনের উদ্দেশে তত্ত্ব কথার অবতারণা করিতেছেন। অপিচ পূর্ব্বোল্লিখিত ভগবদ্বাক্যের আলোচনা করিলে সিদ্ধান্ত হয় যে, রাজস ও তামস অনুষ্ঠান সমূহ কোনই শুভ ফল প্রসব করেনা সুতরাং তত্তাবৎ বৃথা কার্য্য। বাস্তবিক রাজস ও তামসানুষ্ঠানের পরম ফল প্রদানে সক্ষমতা না থাকিলে ও তদ্দ্বারা কাল সহকারে শুভফলপ্রদ সাত্ত্বিক ভাবের আবির্ভাব হইতে পারে, সুতরাং বুঝিয়া দেখিলে শেষোক্ত দুইপ্রকার অনুষ্ঠান প্রথমোক্ত অনুষ্ঠানরূপ শৈলশৃঙ্গে আরোহণ করিবার সোপান স্বরূপে পরিগণিত হইতে পারে। যাহা এক্ষণে বিগুণ, তাহা কালে সগুণের প্রাপক হইয়া থাকে। এই জ্ঞাতব্য তথ্যের নিরূপণ করাও অতঃপর শ্রীভগবানের অভিপ্রেত। তাহারই সূচনা অধুনা আরব্ধ হইতেছে।

"ওঁ তৎসৎ" একটী ভগবন্নির্দ্দেশক সনাতন বাক্য। এই বাক্যের ওঁ, তৎ এবং সৎ এই তিনটী অঙ্গ। ওঙ্কারের বিস্তারিত আলোচনা এই গ্রন্থের নানা স্থানে নিবদ্ধ হইয়াছে (৮৯৯। ১৫৩৩ পৃষ্ঠার টীপ্পনী দ্রষ্টব্য) তৎবাক্যেরও আলোচনা এই গ্রন্থের সূচনা ও অন্যান্য স্থলে প্রদত্ত হইয়াছে। সৎ শব্দের বিস্তারিত ব্যাখ্যা দ্বিতীয়াধ্যায়ে বহু তাৎপর্য্যে বিন্যস্ত আছে। সর্ব্ব সাকল্যে এই পবিত্র বাক্য ইহাই প্রতিপাদন করে যে, সেই ব্রহ্মই সৎ অর্থাৎ নিত্য, সত্য, অচল, ধ্রুব এবং অবিনাশী। এই পরম নির্দ্দেশক বাক্য ব্রহ্ম দ্বারা প্রতিষ্ঠিত হইয়াছে, অর্থাৎ সৃষ্টির প্রারম্ভকালে ব্রহ্ম এই তিন শব্দাত্মক পবিত্র বাক্যের নির্দ্দেশ করিয়াছেন। এই বাক্যের যে তিন অঙ্গ আছে, তাহার প্রত্যেকটীই ব্রহ্ম প্রতিপাদক। ওঙ্কার সাক্ষাৎ সম্বন্ধে ব্রহ্মের নামান্তর। তৎ শব্দ অপরোক্ষ জ্ঞানলব্ধ ব্রহ্মের পরিচায়ক এবং সৎশব্দ নির্ব্বিশেষ ব্রহ্ম প্রতিপাদক। শ্রুতিও বলিয়াছেন, "সদেব সৌম্য ইদমগ্র আসীৎ।" অর্থাৎ হে সৌম্য! এই সকলের আদিতে কেবল সৎ-ই ছিলেন। এই ব্রহ্মপ্রতিপাদক ত্রিবিধ শব্দাত্মক ওঁ তৎসৎ বাক্য ব্রহ্মা নির্দ্দেশ করিয়াছেন, ইহাই বেদান্তাদি শাস্ত্র (৪৪ পৃষ্ঠার টীপ্পনী দ্রষ্টব্য) কর্ত্তৃক চিহ্নিত ও অবধারিত হইয়াছে। তত্ত্বদর্শী শিষ্টগণ ও ইহারই

অনুমোদন করিয়াছেন। পুরাকালে অর্থাৎ যে সময়ে ধর্ম্ম সম্বন্ধীয় বিধি ব্যবস্থা লোক মধ্যে প্রবর্ত্তিত হইয়াছে, সেই সনাতন সময়ে ব্রাহ্মণগণ কর্ত্তৃক ব্রহ্মের নির্দ্দেশমূলক ওঁ তৎসৎ বাক্যাবলম্বনে বেদ এবং যজ্ঞ বিহিত হইয়াছে. অর্থাৎ অক্ষয়, প্রলয়ান্তেও স্থায়ী, পর ব্রহ্মের নিশ্বাস স্বরূপ বেদ ব্রাহ্মণগণ কর্ত্তৃকই যুগে যুগে ভূতলে বিহিত অর্থাৎ পরিগৃহীত ও অনুসৃত হইয়া থাকে। যজ্ঞাদি সাধন পরম্পরাও পবিত্রাত্মা ব্রাহ্মণগণেরই বিধান ক্রমে মনুষ্যলোকের হিতার্থ অবলম্বিত ও আচরিত হয়। এই সকল কারণে সর্ব্বত্যাগী পুণ্যপরায়ণ লোকহিতব্রত ব্রাহ্মণগণ ভূদেব নামে পরিচিত ও সম্পূজিত হইয়া থাকেন। ওঁ তৎসৎ এই মধুর বাক্যের অভ্যন্তরে ব্রহ্মজ্ঞানের বেদের এবং ধর্ম্মের সাধন পরম্পরার বিবরণ নিহিত আছে। এই পবিত্র বাক্যের আলোচনা করিবার আবশ্যকতা উপলব্ধ হয়। এই ত্রিবিধ ব্রহ্ম নামের নির্দ্দেশ দ্বারা বিগুণও সগুণ হইতে পারে। যাহা আপাততঃ নিন্দনীয় সুতরাং পরিবর্জ্জনীয় তাহাও কালে পরম সমাদৃত ও নিতান্ত অবলম্বনীয় রূপে পরিণত হইতে পারে। এইজন্যই এই ত্রিবিধ বাক্যের প্রশংসা কীর্ত্তনার্থ প্রথমতঃ এই শ্লোক অবতারিত হইয়াছে।

পূজ্যপাদ শ্রীমচ্ছঙ্করাচার্য্য, শ্রীমদানন্দগিরি, শ্রীমৎশ্রীধর স্বামী তথা শ্রীমন্মধুসূদন সরস্বতী মহোদয়গণের অভিপ্রায়। পূর্ব্বে আহার যজ্ঞ তপ দান এই সকল কার্য্যের সাত্ত্বিকাদি ত্রিবিধ ভাব কথিত হইয়াছে। তন্মধ্যে সাত্ত্বিক ভাবই অবলম্বনীয় এবং রাজস ও তামস ভাব পরিবর্জ্জনীয় এই তত্ত্বও প্রকটিত হইয়াছে। তন্মধ্যে আহারের ফলাফল আপাততঃ পরিদৃশ্যমান সুতরাং তাহার অঙ্গবৈগুণ্য জনিত কোন অনিষ্টাশঙ্কা নাই। কিন্তু যজ্ঞ তপ দানাদি অনুষ্ঠান অদৃষ্টার্থ অর্থাৎ তাহার ফলাফল পরিদৃশ্যমান নহে। এই জন্য সেই সকল অনুষ্ঠানের অঙ্গবৈগুণ্য ঘটিলে অপূর্ব্বের উৎপত্তি হয় না, অথবা ফলের অভাব হইয়া থাকে। কর্ম্মানুষ্ঠাতৃগণের প্রমাদ বাহুল্য হেতু অর্থাৎ আরব্ধ কার্য্যে বহুবিধ ভ্রমজনিত অঙ্গহীনতা হেতু সাত্ত্বিক ভাবাপন্নগণেরও ক্রিয়া অনর্থক হইয়া থাকে। ইত্যাকার বৈগুণ্য পরিহারের অভিপ্রায়ে অনুকম্পা পরায়ণ শ্রীভগবান্ ওঁ তৎ সৎ রূপ সহজ প্রায়শ্চিত্তের ব্যবস্থা নির্দ্দেশ করিতেছেন। পর ব্রহ্মের ওঁ তৎ সৎ এই

নাম বেদান্তবিদ্‌গণ কর্ত্তৃক নির্দ্দিষ্ট হইয়াছে। যখন পূর্ব্বতন মহর্ষিগণ কর্ত্তৃক ব্রহ্মের এই পবিত্র নাম স্মৃত অর্থাৎ উচ্চারিত ও আলোচিত হইয়াছে, তখন ইদানীন্তন কালের ধর্ম্মনিষ্ঠগণেরও তাহাই কর্ত্তব্য। স্মৃতি বলিয়াছেন, "প্রমাদাৎ কুর্ব্বতাং কর্ম্ম প্রচ্যবেতাধ্বরেষু যৎ। স্মরণাদেব তদ্বিষ্ণোঃ সংপূর্ণং স্যাদিতি শ্রুতিঃ॥" অর্থাৎ প্রমাদবশতঃ কর্ম্মানুষ্ঠানকারিগণের অনুষ্ঠিত যজ্ঞে কোন অঙ্গহানি ঘটিলে বিষ্ণুস্মরণ দ্বারা তাহা সম্পূর্ণ হয়, ইহাই শ্রুতিসম্মত। কর্ম্মবৈগুণ্য নিবারণ করিতে সুমহৎ ব্রহ্ম নামের সামর্থ আছে বলিয়া তাহারই স্তুতি কীর্ত্তিত হইতেছে। ব্রাহ্মণাদি কর্ত্তৃস্বরূপ বেদাদি করণস্বরূপ এবং যজ্ঞাদি কর্ম্মস্বরূপ সেই ব্রহ্মের নির্দ্দেশ ক্রমে পুরাকালে প্রজাপতি দ্বারা তৎসমস্ত বিহিত হইয়াছে। অতএব এই ওঁ তৎ সৎ রূপ পবিত্র বাক্য যজ্ঞাদির সৃষ্টির হেতু স্বরূপ, এই জন্যই তত্তৎ কার্য্যের বৈগুণ্য নাশ পক্ষে মহা প্রভাবসম্পন্ন।

পূজ্যপাদ শ্রীমদ্রামানুজাচার্য্যের অভিপ্রায়। পূর্ব্বে বৈদিক যজ্ঞ তপ দানাদির সাত্ত্বিকাদি ভেদ নির্দ্দিষ্ট হইয়াছে। এক্ষণে ওঙ্কার সহকৃত তৎ সৎ শব্দের বিবরণ নির্দ্দেশ করিতে করিতে বেদ বিহিত যজ্ঞাদির লক্ষণ নির্দ্দিষ্ট হইতেছে। ওঁ তৎ সৎ এই [illegible] শব্দ ব্রহ্মের সম্বন্ধে [illegible] যুক্ত হইয়া থাকে। ব্রহ্মই বেদ স্বরূপ। বেদ [illegible]। বৈদিক কর্ম্ম যজ্ঞাদি ওঁ তৎ সৎ এই শব্দের সহিত অন্বিত অর্থাৎ যুক্ত। যজ্ঞানুষ্ঠানের পূর্ব্বে প্রথমেই ওঁ শব্দের ব্যবহার হইয়া থাকে। এই জন্যই ওঙ্কার যজ্ঞের সহিত যুক্ত; তৎ সৎ শব্দ পূজ্যত্ব প্রতিপাদনার্থ প্রযুক্ত হইয়া থাকে। সুতরাং প্রতিপন্ন হইতেছে যে, ব্রাহ্মণ, বেদ এবং যজ্ঞ এই তিন, উক্ত ত্রিবিধ শব্দাত্মক ওঁ তৎ সৎ বাক্যের সহিত অন্বিত। ব্রাহ্মণাদি বর্ণত্রয়ের, বেদ ও যজ্ঞ এই তিনের পূর্ব্ব রূপ সম্বন্ধ স্থাপন পুরাকালে আমার দ্বারাই ঘটিয়াছে। আচার্য্য মহোদয়ের অভিপ্রায় আলোচনা করিয়া ইহাই উপপন্ন হইতেছে যে, ওঁ তৎ সৎ এই ত্রিশব্দাত্মক বাক্য বেদস্বরূপ। সেই বেদ যজ্ঞাদি বিবিধকর্ম্ম সাধনোপদেশ বিধায়ক। ব্রাহ্মণাদি, বর্ণ সেই সকল যজ্ঞানুষ্ঠানের কর্ত্তা। অতএব ব্রাহ্মণ বেদ ও যজ্ঞ এই তিনের নিত্য সম্বন্ধ। মূলতঃ ওঁ তৎ সৎ এই বাক্য অবলম্বনে এই সম্বন্ধ শ্রীভগবান্ কর্ত্তৃক সৃষ্টির প্রাক্কালে প্রতি-

ষ্ঠিত হইয়াছে। পূর্ব্বে আচার্য্যগণ ওঁ তৎসৎকে কর্ম্মবৈগুণ্য নিবারণের নিমিত্ত প্রায়শ্চিত্ত স্বরূপে গ্রহণ করিয়াছেন, কিন্তু রামানুজাচার্য্য সে ভাবের কোনই উল্লেখ করেন নাই। ওঁ তৎ সৎ এই সনাতন পবিত্র বাক্য হইতেই সকল পুণ্য ব্যাপারের প্রতিষ্ঠা হইয়াছে, ইহাই তাঁহার অভিপ্রায়।

পূজ্যপাদ শ্রীমদ্বলদেব বিদ্যাভূষণের অভিপ্রায়। যজ্ঞ, তপ, দান, এই সকলের বিবরণ ব্যপদেশে শ্রীভগবান্ সাত্ত্বিকাদি ভেদের কীর্ত্তন করিয়াছেন এবং তন্মধ্যে সাত্ত্বিক ভাবের উপাদেয়ত্ব এবং রাজসাদি ভাবের হেয়ত্ব নির্দ্দেশ করিয়াছেন। এক্ষণে শ্রীভগবান্ ইহাই প্রদর্শন করিতেছেন যে, সাত্ত্বিক ভাবাপন্নগণ বিষ্ণুর পবিত্র নাম উচ্চারণ পূর্ব্বক যজ্ঞানুষ্ঠানে প্রবৃত্ত হইয়া থাকে। ওঁ তৎ সৎ এই ত্রিবিধ শব্দাত্মক বাক্য বিষ্ণুর নির্দ্দেশ অর্থাৎ ধ্যানোপযোগী নামস্বরূপ। শিষ্টগণ অর্থাৎ শাস্ত্র শাসনানুবর্ত্তী বিজ্ঞগণ এইরূপ নির্দ্দেশ করিয়াছেন। শ্রুতি বলিয়াছেন, "ওমিত্যেতদ্ব্রহ্মণো নেদিষ্টং নাম।" ইহার ভাবার্থ এই যে, ওঁ এই শব্দ ব্রহ্মের অতি নিকটবর্ত্তী নাম। ইহার অভিপ্রায় এই যে, অনন্ত স্বরূপ বিষ্ণুর অনন্ত নাম থাকিতে পারে, কিন্তু সকল নামের সহিত সাক্ষাৎ সম্বন্ধে সম্বন্ধ না থাকিতেও পারে। কিন্তু ওঁ এই নাম সাক্ষাৎ সম্বন্ধে তাঁহার অববোধক। অতএব ওঁ একটী নাম। তৎ তাঁহার দ্বিতীয় নাম। শ্রৌত "তত্ত্বমসি" বাক্য (৪২। ৩৮৮ পৃষ্ঠার টীপ্পনী দ্রষ্টব্য) ইহার প্রমাণ। সৎ এই শব্দ বিষ্ণুর তৃতীয় নাম। "সদেব সৌম্য ইদমগ্র আসীৎ" এই শ্রৌত বাক্যই ইহার প্রমাণ। ওঁ তৎ সৎ এই বাক্য ব্রহ্মাববোধক হইলেও বিষ্ণাদি নামের উপলক্ষণ স্বরূপ। (২৩০০ পৃষ্ঠার টীপ্পনী দ্রষ্টব্য) সেই ত্রিবিধ নির্দ্দেশ দ্বারা পুরাকালে ব্রাহ্মণ, বেদ এবং যজ্ঞ এই তিন চতুর্ম্মুখ ব্রহ্মাকর্ত্তৃক প্রকটিত হইয়াছে। অতএব ওঁ তৎ সৎ রূপ নির্দ্দেশ মহাপ্রভাবসম্পন্ন। এই ত্রিবিধ শব্দাত্মক বাক্য পূর্ব্বেই উচ্চারণ করিয়া যে যজ্ঞ অনুষ্ঠিত হয়, তাহার অঙ্গবৈগুণ্য ঘটিবার কোনই আশঙ্কা থাকে না।

পূজ্যপাদ শ্রীমদ্রাঘবেন্দ্র যতি প্রতিপাদন করিয়াছেন যে, ওঙ্কার শ্রীহরিরই নামান্তর। তাঁহাতে প্রবিষ্ট অর্থাৎ তদাশ্রিত, অথবা যাঁহাতে

জগৎ অথবা যিনি জগতে প্রবিষ্ট, এই অর্থে অব ধাতু গ্রহণ করা যাইতে পারে। অব ধাতুর দ্বারা সাধারণত রক্ষণ, কান্তি, গতি ও প্রবেশ এই কয় অর্থ ব্যক্ত হয়। শ্রীহরির সম্বন্ধে এই বিভিন্ন অর্থাত্মক শব্দ প্রযুক্ত হইতে পারে। অব ধাতুর উত্তর মন্-প্রত্যয় করিয়া ওঁ পদ সিদ্ধ হইতে পারে। যথা;—"টিলোপশ্চ" এই পাণিনী সূত্র দ্বারা মন্ প্রত্যয় করিলে অব+ম, তৎপরে টিলোপে অ+ম্, অনন্তর "জ্বরত্বর" এই সূত্রদ্বারা উট্আদেশে উ+ম্, পরে "সার্ব্বধাতুক" এই সূত্রানুসারে উকারের গুণ হইলে ও+ম্; এক্ষণে ওম্ পদ সিদ্ধ হইল। যাহা রক্ষণশীল, গতিশীল এবং প্রবেশক্ষম তাহাই ওম্। ওঙ্কারের এই অভিনব ব্যুৎপত্তি ও পদ নিষ্পাদন অতিশয় ব্যাকরণ জ্ঞানের পরিচায়ক বোধে আমরা এস্থলে ইহা উদ্ধৃত করিলাম।

এই শ্লোকের বিবিধ ভাষ্য ও টীকা আলোচনা করিয়া আমরা তিনটী উপদেশ প্রাপ্ত হইতেছি। প্রথমতঃ ওঁ তৎসৎ এই ত্রিপদাত্মক বাক্য ব্রহ্মেরই নাম স্বরূপ, দ্বিতীয়তঃ এই সনাতন বাক্য হইতে ব্রহ্মা কর্ত্তৃক ব্রাহ্মণ বেদ ও যজ্ঞসমূহের প্রতিষ্ঠা হইয়াছে; তৃতীয়তঃ ওঁ তৎসৎ এই বাক্য স্মরণ করিয়া যজ্ঞ তপ দানাদি অনুষ্ঠিত হইলে সর্ব্ব প্রকার বৈগুণ্য তিরোহিত হয়। এই তিন উপদেশ দ্বারা বুঝা যাইতেছে যে, যজ্ঞ তপ দান ব্যাপারে সাত্ত্বিকগণের অনুষ্ঠান পরম ফলপ্রদ সত্য, এবং তদ্ধেতু তাহাই অত্যুপাদেয় সন্দেহ নাই, কিন্তু রাজস বা তামস ভাবান্বিত গণেরও হতাশ হইবার প্রয়োজন নাই। ওঁ তৎসৎ নামোচ্চারণ পূর্ব্বক কার্য্যে প্রবৃত্ত হইলে তাঁহাদিগেরও যজ্ঞ তপ দান সফল হইবে, এবং সাত্ত্বিক বা তামস সকলেরই অনুষ্ঠানের অঙ্গবৈগুণ্য দূর হইবে। পরবর্ত্তী কতিপয় শ্লোকে এই তত্ত্ব আরও স্পষ্টীকৃত হইবে ॥ ২৩ ॥

——•:):•:(:•——

**তস্মাদোমিত্যুদাহৃত্য যজ্ঞদানতপঃক্রিয়াঃ।
প্রবর্ত্তন্তে বিধানোক্তাঃ সততং ব্রহ্মবাদিনাং॥ ২৪॥**

অন্বয়।—তস্মাৎ [হেতোঃ] ওঁ ইতি উদাহৃত্য (উচ্চার্য্য) ব্রহ্মবাদিনাং (বেদজ্ঞানাং) বিধানোক্তাঃ (শাস্ত্রোক্তাঃ) যজ্ঞদান-তপঃক্রিয়াঃ সততং (সর্ব্বদা) প্রবর্ত্তন্তে (প্রকৃষ্টতয়া বর্ত্তন্তে) ॥ ২৪ ॥

প্রতিশব্দ।—এই-হেতু ওঁ ইহা উচ্চারণ-করিয়া ব্রহ্মজ্ঞ-গণের শাস্ত্রোক্ত যজ্ঞ-দান-তপঃ-ক্রিয়া-সমূহ সর্ব্বদা প্রবর্ত্তিত-হয় ॥ ২৪ ॥

ব্যাখ্যা।—এই জন্যই ব্রহ্মজ্ঞ ব্যক্তিগণ ও এই বাক্য উচ্চারণ করিয়া শাস্ত্রোক্ত যজ্ঞ দান তপস্যা প্রভৃতি বৈদিক কর্ম্ম সমূহ সম্পাদন করিয়া থাকেন ॥ ২৪ ॥

শঙ্করাচার্য্য—নির্দ্দেশস্তত্যর্থমুচ্যতে তস্মাদোমিত্যুদাহৃত্যোচ্চার্য্য যজ্ঞদানতপঃক্রিয়াঃ যজ্ঞাদিস্বরূপাঃ ক্রিয়াঃ প্রবর্ত্তন্তে বিধানোক্তাঃ শাস্ত্রচোদিতাঃ সততং সর্ব্বদা ব্রহ্মবাদিনাং ব্রহ্মবদনশীলানাং ॥ ২৪ ॥

আনন্দগিরি।—পূর্ব্বং সর্গাদৌ নির্ম্মাণঞ্চ প্রজাপতিকর্ত্তৃকং যস্মাদ্ব্রাহ্মণাদীনাং কারণং যস্মাচ্চ ব্রহ্মণো নির্দ্দেশস্তস্মাদিত্যুপসংহরতি তস্মাদিতি। ব্রহ্মবাদিনামিত্যত্র ব্রহ্ম বেদ ॥ ২৪ ॥

রামানুজ।—ত্রয়াণাং ওঁ তৎসদিতি শব্দানামন্বয়প্রকারো বর্ণ্যতে। প্রথমমোমিতি শব্দস্যান্বয়প্রকারমাহ তস্মাদোমিতি। তস্মাদ্ব্রহ্মবাদিনাং বেদবাদিনাং ত্রৈবর্ণিকানাং যজ্ঞদান-তপঃক্রিয়াঃ বিধানোক্তাঃ বেদবিধানোক্তাঃ আদাবোমিত্যুদাহৃত্য সততং সর্ব্বদা প্রবর্ত্তন্তে। বেদাশ্চোমিত্যুদাহৃত্যারভ্যন্তে। এবং বেদানাং বৈদিকানাং চ কর্ম্মণামোমিতি শব্দান্বয়ো বর্ণিতঃ। ওমিতি শব্দান্বিতে বেদধারণাত্তদন্বিত যজ্ঞাদিকর্ম্মকরণাচ্চ ব্রাহ্মণশব্দনির্দ্দিষ্টানাং ত্রৈবর্ণিকানামপ্যো-মিতি শব্দান্বয়ো বর্ণিতঃ ॥ ২৪ ॥

হনুমান্।—তস্মাদোমিত্যুদাহৃত্য প্রবর্ত্তন্ত ইত্যস্য উদাহৃতস্য প্রবর্ত্তয়িতব্যাঃ কর্ত্তব্যা ইত্যর্থঃ [বিধানোক্তাঃ শাস্ত্রোক্তা সততং ব্রহ্মবাদিনাং ব্রহ্মবাদিভিরিত্যর্থঃ ॥ ২৪ ॥

শ্রীধর।—ইদানীং প্রত্যেকমোঙ্কারাদীনাং প্রাশস্ত্যং দর্শয়িষ্যন্নোঙ্কারস্য তদেবাহ তস্মাদিতি। যস্মাদেবং ব্রহ্মণোনির্দ্দেশঃ প্রশস্তস্তস্মাদোমিত্যুদাহৃত্য তদুচ্চার্য্য কৃত্বা বেদবাদিনাং যজ্ঞাদ্যাঃ শাস্ত্রোক্তাশ্চ ক্রিয়াঃ সততং সর্ব্বদা অঙ্গবৈকল্যেঽপি প্রকর্ষেণ বর্ত্তন্তে সগুণা ভবন্তীত্যর্থঃ ॥ ২৪ ॥

বলদেব।—যস্মাদেবং তস্মাদোমিতি নির্দ্দেশমুদাহৃত্যোচ্চার্য্যানুষ্ঠিতা ব্রহ্মবাদিনাং সাত্ত্বিকানাং ত্রৈবর্ণিকানাং যজ্ঞাদ্যাঃ প্রবর্ত্তন্তে অঙ্গবৈকল্যেঽপি সাঙ্গতাং ভজন্তীতি॥ ২৪ ॥

মধুসূদন।—ইদানীমকারোকারব্যাখ্যানেন তৎসমুদায়োঙ্কারব্যাখ্যানবদোঙ্কারতচ্ছব্দসচ্ছব্দব্যাখ্যানেন তৎসমুদায়রূপং ব্রহ্মণোনির্দ্দেশঃ স্তুত্যতিশয়ায় ব্যাখ্যাতুমারভতে চতুর্ভিঃ, তত্র প্রথমমোঙ্কারং ব্যাচষ্টে যস্মাদোমিতি। ব্রহ্মেত্যাদিষু শ্রুতিষোমিতি ব্রহ্মণোনামপ্রসিদ্ধং তস্মাদোমিত্যুদাহৃত্য ওঙ্কারোচ্চারণানন্তরং বিধানোক্তাঃ বিধিশাস্ত্রবোধিতাঃ ব্রহ্মবাদিনাং বেদবাদিনাং যজ্ঞদানতপঃক্রিয়াঃ সততং প্রবর্ত্তন্তে প্রকৃষ্টতয়া বৈগুণ্যরাহিত্যেন বর্ত্তন্তে যস্যৈকাবয়বোচ্চারণাদপ্যবৈগুণ্যং কিং পুনস্তস্য সর্ব্বস্যোচ্চারণাদিতি স্তুত্যতিশয়ঃ॥ ২৪॥

নীলকণ্ঠ।—যস্মাদেতন্নামত্রয়পূর্ব্বকং এতেষাং বিধানং সর্গাদৌ দৃষ্টং তস্মাৎ ত্রিষ্বেতেষু নামসু ওমিত্যেকমেব নাম উদাহৃত্য ব্রহ্মবাদিনাং বৈদিকানাং বিধানোক্তাঃ যজ্ঞাদয়ঃ ক্রিয়াঃ সততং প্রবর্ত্তন্তে তথাচ শ্রুতিঃ "ওমিতি ব্রহ্ম প্রস্তৌতি ওঁ শোমিতি শস্ত্রাণি শংসতি ওমিত্যধ্বর্য্যুঃ প্রতিগিরং প্রতিগৃহ্লাতি ওমিতি সামানি গায়ন্তী"তি যজ্ঞে সর্ব্বেষামৃত্বিজাং ক্রিয়া ওঙ্কারপূর্ব্বিকা ইত্যেতদ্দর্শয়তি॥ ২৪॥

বিশ্বনাথ।—তস্মাৎ ওমিতি ব্রহ্মণোনাম উদাহৃত্য উচ্চার্য্য বর্ত্তমানানাং ব্রহ্মবাদিনাং যজ্ঞাদয়ঃ প্রবর্ত্তন্তে॥ ২৪॥

তাৎপর্য্য।—পূর্ব্বে ওঁ তৎসৎ এই পবিত্র বাক্যের মাহাত্ম্য কীর্ত্তন করিয়া এক্ষণে তাহার অঙ্গীভূত একএকটী স্বতন্ত্র বাক্যের মাহাত্ম্য পরিব্যক্ত করিতেছেন। প্রথমে ওঙ্কার দ্বারা যেরূপ ফলাফল প্রাপ্ত হওয়া যায়, তাহাই আলোচিত হইতেছে। ওঁ এই পবিত্র বাক্য উচ্চারণ করিয়া ব্রহ্মবাদিগণ সতত শাস্ত্রবিধানোক্ত যে যজ্ঞ তপ ও দানাদি ক্রিয়ার অনুষ্ঠান করিয়া থাকেন, তাহাতে কোনই বৈগুণ্য উপস্থিত হয় না। যাঁহারা ব্রহ্মনিষ্ঠ ব্রহ্মজ্ঞানপরায়ণ, তাঁহারাই ব্রহ্মবাদী। এই ব্রহ্মবাদী মহাত্মারা গার্হস্থধর্ম্মেরই অনুবর্ত্তন করুন অথবা বাণপ্রস্থ (১৫। ১২৫০ পৃঃ টীঃ দ্রষ্টব্য) ধর্ম্ম অবলম্বন করিয়া অরণ্যবাসীই হউন, প্রকৃষ্ট পদ্ধতি ক্রমে বিধিবিহিত যজ্ঞ তপদানাদির অনুষ্ঠানে তাঁহারা সর্ব্বদা রত। অবিহিত প্রণালী ক্রমে সাধুজন অবলম্বিত পদ্ধতি পরিত্যাগ পূর্ব্বক কোনরূপ ধর্ম্মানুষ্ঠান করিতে তাঁহারা একান্ত অনিচ্ছুক। এই সকল সদাচারসম্পন্ন পুরুষ যখন যজ্ঞ দানাদি কোন শাস্ত্রীয় কর্ম্মের অনুষ্ঠান করেন, তখন প্রারম্ভ কালে ওঙ্কার স্বরূপ ব্রহ্মনাম উচ্চারণ করিয়া থাকেন। এই নামে পরব্রহ্ম পরিচিত, সুতরাং এই নামের স্মরণ মনন চিন্তন ও উচ্চারণে অশেষ ফল প্রাপ্ত হওয়া যায়।

অপিচ অবলম্বিত ব্রতে যে কোন ত্রুটী বা ভ্রম প্রমাদাদিরূপ অঙ্গবৈগুণ্য সংঘটিত হয়, তত্তাবৎ নিবারিত হইয়া অনুষ্ঠান সম্পূর্ণ ও সফল হইয়া থাকে। সমস্ত বাক্যের একমাত্র অংশ যখন এরূপ ফলপ্রদ, তখন ওঁ তৎসৎ এই পূর্ণ বাক্য যে অপরিসীম ফল প্রদানক্ষম একথা বলাই বাহুল্য।

এই শ্লোকোপলক্ষে পূজ্যপাদ রামানুজাচার্য্য ওঁ তৎসৎ এই বাক্যের অন্তর্গত পদত্রয়ের সংযোগের বিবরণ নির্দ্দেশ করিয়াছেন। উপস্থিত শ্লোকে তিনি দেখাইতেছেন যে, বেদসমূহও ওঁ এই শব্দ উচ্চারণপূর্ব্বক আরব্ধ হইয়া থাকে। এতদ্দ্বারা বেদসমূহের এবং বৈদিক কর্ম্মসমূহের সহিত ওঙ্কারের অন্বয় অর্থাৎ যোগ প্রতিপন্ন হইতেছে। ওঁ শব্দ সংযুক্ত বেদপরায়ণতা এবং বেদবিহিত কর্ম্মসাধনত্ব হেতু ব্রাহ্মণাদি বর্ণত্রয়ও ওঙ্কারের সহিত অন্বিত। এতাবতা আচার্য্য মহোদয় প্রদর্শন করিয়াছেন যে, ওঙ্কারের সহিত বেদ, বৈদিককর্ম্ম এবং ব্রাহ্মণ সকলই সংযুক্ত রহিয়াছে।

মূলে "ব্রহ্মবাদী" শব্দের উল্লেখ আছে। এতদ্দ্বারা কেবল সাত্ত্বিক গণই লক্ষিত হইয়াছেন। কারণ ব্রহ্মবাদিগণ সত্ত্বগুণান্বিত হইয়া থাকেন। এস্থলে প্রশ্ন উপস্থিত হইতে পারে যে, কেবল তাঁহারাই কি তপ যজ্ঞ দানাদির পূর্ব্বে ওঙ্কারের উচ্চারণ করেন এবং তজ্জনিত কর্ম্মবৈগুণ্য তিরোধান হেতু পূর্ণ ফল প্রাপ্ত হইয়া থাকেন? আর রাজস ও তামস কর্ম্মিগণের কি ওঙ্কার রূপ পবিত্র মন্ত্র কর্ম্মারম্ভে উচ্চারণ করিবার অধিকার নাই এবং তাহাদের কি বৈগুণ্য নাশজনিত ফল প্রাপ্তির আশা নাই? এই রূপ প্রশ্নের উত্তরে ইহাই বলিতে পারা যায় যে, পবিত্র ব্রহ্মনামোচ্চারণের পবিত্র ফল সকলেরই প্রাপ্য। সেই সুপবিত্র নামোচ্চারণ জনিত কর্ম্মবৈগুণ্য তিরোধান রূপ পরম ফল সকলেরই লভ্য। কিন্তু কর্ম্মকর্ত্তার মানসিক উন্নতির তারতম্যানুসারে ফলের যে ব্যতিক্রম হইয়া থাকে, তাহা অবশ্যম্ভাবী। অর্থাৎ সত্ত্বপ্রধান মনুষ্য ধর্ম্মানুষ্ঠান জনিত যে ফল লাভ করিয়া থাকেন, তমোগুণান্বিত ক্ষুদ্রচেতা মানব কখনই সে ফল লাভ করিতে পারে না। ওঙ্কার মন্ত্রোচ্চারণের ফল সর্ব্বত্র সমান হইলেও অনুষ্ঠাতার গুণ ধর্ম্মানুসারে ফলাফলের যে বিভিন্নতা ঘটিয়া থাকে, তাহার ব্যতিক্রম করিতে কাহারও সাধ্য নাই। সাধক অনুষ্ঠান দ্বারা, নিরন্তর

সাধনা দ্বারা আত্মোন্নতি লাভ করিয়া তমো ও রজোগুণকে বিসর্জ্জন পূর্ব্বক সত্ত্বগুণাবলম্বী না হইলে পূর্ণ ফল প্রাপ্তির কোনই সম্ভাবনা নাই। ওঙ্কাররূপ পবিত্র মন্ত্রের সার্থকতা অবিসংবাদিত হইলেও অনুষ্ঠাতার ভক্তি শ্রদ্ধা ও একান্ত তন্ময়তা সহকৃত উচ্চারণ ব্যতীত সেই ব্রহ্মনামরূপ মহা মন্ত্র সমুচিত ফল প্রদান করিতে পারে না। কেবল লৌকিক নিয়মানুসারে, কেবল গুরু পুরোহিতের* নিদেশানুসারে, কেবল পদ্ধতির অনুবর্ত্তন ক্রমে অনিচ্ছায় অশ্রদ্ধায় বিহঙ্গের ন্যায় অর্থজ্ঞান শূন্যভাবে মন্ত্রোচ্চারণ করিলে তাহার কোন ফল লব্ধ হইতে পারেনা। এই গ্রন্থের উপসংহার কালে শ্রীভগবান্ স্বয়ং এইরূপ প্রসঙ্গের আলোচনা করিয়াছেন।

লোকে এই পরম মন্ত্র সৃষ্টির প্রাক্কাল হইতে এই পাপপ্লাবিত ধর্ম্ম বিবর্জ্জিত কলিকাল পর্য্যন্ত সর্ব্বকালেই সর্ব্ব কর্ম্মারম্ভেই উচ্চারণ করিয়া আসিতেছে। কিন্তু এখনকার ধর্ম্মহীন বিহিতমার্গ-পরিভ্রষ্ট ক্রিয়াকুশল উপদেষ্টাশূন্য আগ্রহবিহীন উৎসাহবিহীন দায়গ্রস্ত যজমান পুরাকালের পবিত্রচেতা ব্রহ্মপরায়ণ মহাত্মাগণের আচরিত কর্ম্মের অনুরূপ ফল প্রাপ্ত হইতেছে কি? সেই মন্ত্র সমানই আছে, সেই অনুষ্ঠান পদ্ধতি এখনও বিদ্যমান, মন্ত্রের দোষ হয় নাই, বিধির হীনতা ঘটে নাই, অপূর্ণতা ঘটি-

---

* পুরোহিত।—যিনি গৃহস্থদিগের দশকর্ম্ম সম্পাদন করেন, যিনি মন্ত্রাদি উপদেশ দিয়া এবং অনুষ্ঠান পদ্ধতি শিক্ষা দিয়া কৃতীকে ধর্ম্ম কর্ম্ম সম্পাদন করান এবং যিনি আশীর্ব্বাদাদি দ্বারা নিরত যজমানের শুভচিন্তায় নিবিষ্ট থাকেন, তিনিই পুরোহিত। পুরোহিতের নিম্নলিখিত লক্ষণ নীতিজ্ঞ চাণক্য নির্দ্দিষ্ট করিয়াছেন। যথা: "বেদবেদাঙ্গ তত্ত্বজ্ঞো, জপহোমপরায়ণঃ। আশীর্ব্বাদবচোযুক্ত এষ রাজ-পুরোহিতঃ॥" অর্থাৎ যিনি বেদ বেদাঙ্গ সম্বন্ধে অভিজ্ঞ, যিনি নিরত জপহোম পরায়ণ, এবং যিনি সদা আশীর্ব্বাদ বাক্যযুক্ত তিনিই রাজপুরোহিত হইবার উপযুক্ত। "কাণং ব্যঙ্গমপুত্রং বানভিজ্ঞমজিতেন্দ্রিয়ং। ন হ্রস্বং ব্যাধিতং বাপি নৃপঃ কুর্য্যাৎ পুরোহিতং॥" অর্থাৎ চক্ষুহীন, বিকলাঙ্গ, অপুত্রক, শাস্ত্রানভিজ্ঞ, ইন্দ্রিয়পরায়ণ, অতি দীর্ঘাকার এবং ব্যাধিযুক্ত ব্রাহ্মণকে রাজা পুরোহিত পদে বরণ করিবেন না। সর্ব্বজ্ঞানসম্পন্ন বশিষ্ঠ ত্রেতাবতার রামচন্দ্রের পুরোহিত ছিলেন এবং মহাপ্রভাব সম্পন্ন ধৌম্য দ্বাপরে পাণ্ডবগণের পৌরোহিত্য করিয়াছিলেন।

গুরু এবং পুরোহিতের পার্থক্য যথেষ্ট। শিষ্যকে জ্ঞানসাধনের উপায় প্রদর্শন এবং তাহার জ্ঞানের উন্নতি বিধায়ক সাধন পরম্পরার উপদেশ প্রদান, তাহার ধ্যান ও জপাদির নিমিত্ত বিহিত সিদ্ধ মন্ত্র প্রদান গুরুর কার্য্য। আর যজমানের অনুষ্ঠীয়মান নিত্য নৈমিত্তিক ক্রিয়া কলাপ সম্পাদন, তাহার বিবিধ সংস্কারাদি নির্ব্বাহ করা এবং ধর্ম্ম কর্ম্ম অনুষ্ঠান কালে তাহাকে মন্ত্র উপদেশ দেওয়া প্রভৃতি পুরোহিতের কার্য্য। এই সকল কার্য্যের নিমিত্ত দক্ষিণা গ্রহণে গুরু এবং পুরোহিত উভয়েরই অধিকার আছে।

য়াছে অনুষ্ঠাতৃগণের, অভাব হইয়াছে ভক্তি শ্রদ্ধা ও আগ্রহের। এই অভাবেই দেশ ঋত্বিক্‌শূন্য, গৃহস্থ পুরোহিত শূন্য এবং কর্ম্মসমূহ পণ্ড হইতেছে। এই জন্যই ফলাফলের ব্যতিক্রম ঘটিয়াছে ॥ ২৪ ॥

——:(০):——

তদিত্যনভিসন্ধায় ফলং যজ্ঞতপঃক্রিয়াঃ।
দানক্রিয়াশ্চ বিবিধাঃ ক্রিয়ন্তে মোক্ষকাঙ্ক্ষিভিঃ॥ ২৫ ॥

অন্বয়।—মোক্ষকাঙ্ক্ষিভিঃ (মুমুক্ষুভিঃ) তৎ ইতি [উচ্চার্য্য] ফলং অনভিসন্ধায় (অনুদ্দিশ্য) বিবিধাঃ বহুপ্রকারাঃ) যজ্ঞতপঃ-ক্রিয়াঃ দানক্রিয়াঃ চ ক্রিয়ন্তে (অনুষ্ঠীয়ন্তে) ॥ ২৫ ॥

প্রতিশব্দ।—মুমুক্ষুগণ-কর্ত্তৃক তৎ ইহা [উচ্চারণ-করিয়া] ফল কামনা-না-করিয়া বিবিধ যজ্ঞ-তপঃ-কার্য্য ও দান-কার্য্য অনুষ্ঠিত-হয় ॥ ২৫ ॥

ব্যাখ্যা।—মোক্ষাভিলাষী ব্যক্তিগণ "তৎ' এই বাক্য উচ্চারণ পূর্ব্বক ফল কামনা পরিহার করিয়া বিবিধ যজ্ঞ, তপস্যা এবং দান ক্রিয়ার অনুষ্ঠান করিয়া থাকেন ॥ ২৫ ॥

শঙ্করাচার্য্য।—তদিতি। তদিত্যনভিসন্ধায় তদিতি ব্রহ্মাভিধানমুচ্চার্য্য অনভিসন্ধায় চ কর্ম্মণঃ ফলং যজ্ঞতপঃক্রিয়াঃ যজ্ঞক্রিয়াস্তপঃক্রিয়াশ্চ যজ্ঞতপঃক্রিয়াঃ দানক্রিয়াশ্চ বিবিধাঃ ক্ষেত্রহিরণ্যপ্রদানাদিলক্ষণাঃ ক্রিয়ন্তে নির্ব্বর্ত্ত্যন্তে মোক্ষকাঙ্ক্ষিভিঃ ॥ ২৫ ॥

আনন্দগিরি।—ওঁ শব্দস্য বিনিয়োগমুক্ত্বা তচ্ছব্দস্য বিনিয়োগমাহ তদিত্যাদিনা ॥ ২৫ ॥

রামানুজ।—অথৈতেষাস্তদিতি শব্দান্বয়প্রকারমাহ তদিতি। ফলমনভিসন্ধায় বেদাধ্যয়নযজ্ঞদানতপঃক্রিয়া মোক্ষকাঙ্ক্ষিভিস্ত্রৈবর্ণিকৈর্যাঃ ক্রিয়ন্তে তা ব্রহ্মপ্রাপ্ত্যুপায়তয়া ব্রহ্মবাচিনা তদিতি শব্দেন নির্দ্দেশ্যাঃ "সবঃ কঃ কিং যত্তৎপদমনুত্তম"মিতি। তচ্ছব্দোহি ব্রহ্মবাচী প্রসিদ্ধঃ এবং বেদাধ্যয়নযজ্ঞাদীনাং মোক্ষসাধনভূতানাং তচ্ছব্দনির্দ্দেশ্যতয়া তদিতি শব্দান্বয় উক্তঃ। ত্রৈবর্ণিকানামপি তথাবিধ বেদাধ্যয়নাদ্যনুষ্ঠানাদেব তচ্ছব্দান্বয় উপপন্নঃ ॥ ২৫ ॥

হনুমান্।—ক্রিয়ন্তে কর্ত্তা ইতিদানক্রিয়াশ্চ বিবিধাঃ ক্রিয়ন্তে মোক্ষকাঙ্ক্ষিভিঃ তদিতি ওঁ তৎ সদিত্যুপলক্ষণার্থং ওঁ তৎ সদিতি ব্রহ্মস্বরূপং প্রতিপাদ্য যজ্ঞদানতপঃক্রিয়াণাং

ফলং চানভিসন্ধায় ঈশ্বরার্পণবুদ্ধ্যা যজ্ঞদানতপঃক্রিয়াঃ মুমুক্ষুভিঃ ক্রিয়ন্তে কর্ত্তা ইত্যর্থঃ দান ক্রিয়া বিবিধাঃ গোহিরণ্যাদি বিষয়াঃ দানক্রিয়াশ্চ বিবিধাইতি। পুনঃ ক্রিয়াশ্চ বিবিধা ইতি পুনঃ ক্রিয়াগ্রহণং যস্তৎ দানস্য মোক্ষং প্রতি প্রকৃষ্টকারকত্বপ্রদর্শনার্থঃ ॥ ২৫ ॥

শ্রীধর।—দ্বিতীয়ং নাম স্তৌতি তদিতি। উদাহৃত্যেতি পূর্ব্বস্যানুষঙ্গঃ তদিত্যুদাহৃত্য উচ্চার্য্য শুদ্ধচিত্তৈর্ম্মোক্ষকাঙ্ক্ষিভিঃ পুরুষৈঃ ফলাভিসন্ধিমকৃত্বা যজ্ঞাদ্যাঃ ক্রিয়াঃ ক্রিয়ন্তে অতশ্চিত্তশোধনদ্বারা ফলসঙ্কল্পত্যাজনেন মুমুক্ষুত্বসম্পাদকত্বাত্তচ্ছব্দনির্দ্দেশ প্রশস্তইত্যর্থঃ ॥ ২৫ ॥

বলদেব।—তদিতি নির্দ্দেশমুদাহৃত্য ফলমনভিসন্ধায় যজ্ঞাদিক্রিয়া মোক্ষকাঙ্ক্ষিভিস্তৈঃ ক্রিয়ন্তে অনুষ্ঠীয়ন্তে। নিষ্কামতয়া মুমুক্ষাসংপাদনান্মহাপ্রভাবস্তচ্ছব্দঃ ॥ ২৫ ॥

মধুসূদন।—দ্বিতীয়ং তচ্ছব্দং ব্যাচষ্টে তদিতি। তত্ত্বমসীত্যাদিশ্রুতিপ্রসিদ্ধং তদিতি ব্রহ্মণো নামোদাহৃত্য ফলমনভিসন্ধায়ান্তঃকরণশুদ্ধ্যর্থং যজ্ঞতপঃক্রিয়াঃ দানক্রিয়াশ্চ বিবিধা মোক্ষকাঙ্ক্ষিভিঃ ক্রিয়ন্তে তস্মাদতিপ্রশস্তমেতৎ ॥ ২৫ ॥

নীলকণ্ঠ।—ওমিতি নাম্নঃ কাম্যকর্ম্মসাধারণ্যেন যজ্ঞাদৌ বিনিয়োগমুক্ত্বা তদিতি নাম্নো নিষ্কামেষু মুমুক্ষুকর্ম্মসু বিনিয়োগং দর্শয়তি, তদিতি। মোক্ষকাঙ্ক্ষিভিঃ ফলম্ অনভিসন্ধায় বিবিধাঃ যজ্ঞতপঃক্রিয়াঃ দানক্রিয়াশ্চ ক্রিয়ন্তে ইতি যোজনা, নমু ফলং চেন্নাভিসন্ধীয়তে তর্হি কিমভিসন্ধায় ক্রিয়ন্ত ইত্যাকাঙ্ক্ষায়ামাহ তদিতি। ক্রিয়ন্তে ইতি সর্ব্বাঃ ক্রিয়াস্তদিতি ব্রহ্মেতি ক্রিয়ন্তে, যথা ব্রহ্মবাদিভি"র্ব্রহ্মার্পণং ব্রহ্মহবির্ব্রহ্মাগ্নৌ ব্রহ্মণা হুতং। ব্রহ্মৈব তেন গন্তব্যং ব্রহ্মকর্ম্ম সমাধিনে" ত্যুক্তদিশা সর্ব্বাঃ সসাধনফলাঃ ক্রিয়াঃ ব্রহ্মৈবেদং সর্ব্বমিতি বুদ্ধ্যা ক্রিয়ন্তে, তথা মুমুক্ষুভিরপীত্যর্থঃ যদেব হি মুক্তানাং স্বাভাবিকং শীলং তদেব মুমুক্ষুণা শাস্ত্রেণ বিধীয়তে ইতি প্রসিদ্ধেঃ, ফলমনভিসন্ধায়েতি সান্নিধ্যাত্তদিতীত্যত্রাপি সামর্থ্যাদভিসন্ধায়েতি লভ্যতে তেন ফলমনভিসন্ধায় তদিত্যভিসন্ধায় ক্রিয়াঃ প্রবর্ত্তন্ত ইত্যন্বয়োঽপি সুলভ এব তদিতি ব্রহ্মাভিধানমুচ্চার্য্যেতি ভাষ্যেঽপি উদাহৃত্যেতি পূর্ব্বশ্লোকোক্তক্রিয়ানুবৃত্ত্যা যোজনমস্মদুক্তাভিপ্রায়েণৈব ব্যাখ্যেয়ম্ উচ্চারণস্যাপি ব্রহ্মানুসন্ধানার্থত্বাদিতি দিক্ ॥ ২৫ ॥

বিশ্বনাথ।—তদিতি উদাহৃত্যেতি পূর্ব্বস্যানুষঙ্গঃ অনভিসন্ধায় ফলাভিসন্ধিমকৃত্বা ॥২৫॥

তাৎপর্য্য।—এক্ষণে ওঁ তৎসৎ এই ব্রহ্ম নামের স্তুতি চলিতেছে এবং তদুপলক্ষে তৎ এই দ্বিতীয় পদের প্রসঙ্গ অবতারিত হইতেছে। তৎ পদ ব্রহ্মবাচক। এই তৎপদ "তত্ত্বমসি" এই শ্রুতিপ্রসিদ্ধ মহাবাক্যের অন্তর্ভূত এবং ব্রহ্ম পরিচায়করূপে পরিগৃহীত ও সমাদৃত; যাঁহারা ব্রহ্মজ্ঞাননিষ্ঠ ব্রহ্মপরায়ণ এবং ব্রহ্মসাধক, তাঁহারা তৎস্বরূপ ব্রহ্মের নাম উচ্চারণ করিয়া কর্ম্মে প্রবৃত্ত হইয়া থাকেন। তাদৃশ মহাত্মারা কর্ম্মফলের কামনা করেন না। কর্ম্মমাত্রই করণীয় বোধে ফলাভিসন্ধি পরিহার পূর্ব্বক তাঁহারা কর্ত্তব্যসাধন করিয়া থাকেন। এইরূপ অভিসন্ধি পরিশূন্য হৃদয়ে ব্রহ্মজ্ঞ-

গণ যজ্ঞ, তপ, দানাদি ধর্ম্মের অনুষ্ঠান করেন। যে সকল যজ্ঞ সাধারণতঃ অনুষ্ঠিত হয়, তাহার অধিকাংশই বিশেষ বিশেষ কামনা সহকারে যজমান কর্ত্তৃক সম্পন্ন হইয়া থাকে। এইরূপ কামনাপূর্ণ হৃদয়ে তপ ও দানাদি কার্য্যও সম্পাদিত হয়। কিন্তু যাঁহারা জ্ঞানসম্পন্ন, তাঁহারা মরণান্তে বা জন্মান্তরে কোন প্রকার শুভফলের কামনা হৃদয়ে রাখিয়া কার্য্যানুষ্ঠান করেন না। পরকালে স্বর্গাদি ভোগ হইবে, জন্মান্তরে রাজৈশ্বর্য্য লাভ করা যাইবে, ভবিষ্যতে গ্রহীতার নিকট হইতে প্রভূত প্রতিদান প্রাপ্ত হওয়া যাইবে, ইত্যাকার কোন কামনা হৃদয়ে রাখিয়া কার্য্য সম্পাদন করিলে নিষ্কাম কর্ম্মরূপে পরিগণিত হইতে পারে না। ব্রহ্মপরায়ণ ব্যক্তিগণ কোন কামনার লেশ হৃদয়ে রাখিয়া এই প্রকার পবিত্র কর্ম্মে লিপ্ত হন না।

এই শ্লোকদ্বারা পূজ্যপাদ শ্রীমদ্রামানুজাচার্য্য বেদাধ্যয়ন যজ্ঞ তপ দান এই সকল কর্ম্মের সহিত তৎশব্দের সম্বন্ধ প্রতিপাদন করিয়াছেন। এবং তৎশব্দ যে ব্রহ্মবাচক, তাহাও নির্দ্দেশ করিয়াছেন। পূজ্যপাদ শ্রীমদ্বলদেব উপসংহারে উল্লেখ করিয়াছেন যে, এই তৎশব্দ মহাপ্রভাবসম্পন্ন।

মূলে তৎশব্দের পরে স্মরণ বা উচ্চারণসূচক কোন অসমাপিকা ক্রিয়া পদের উল্লেখ নাই। পূজ্যপাদ শ্রীমচ্ছঙ্করাচার্য্য, শ্রীধরস্বামী প্রভৃতি মহোদয়গণ পূর্ব্বশ্লোকের অনুবৃত্তি অনুসারে এস্থলে "উদাহৃত্য" পদ গ্রহণ করিয়াছেন ॥ ২৫ ॥

——(:০:)——

সদ্ভাবে সাধুভাবে চ সদিত্যেতৎ প্রযুজ্যতে।
প্রশস্তে কর্ম্মণি তথা সচ্ছব্দঃ পার্থ! যুজ্যতে ॥ ২৬ ॥

অন্বয়।—হে পার্থ! সদ্ভাবে (অস্তিত্বে) সাধুভাবে চ সৎ ইতি এতৎ (শব্দঃ) প্রযুজ্যতে, তথা (এবং) প্রশস্তে (বিহিতে) কর্ম্মণি সৎ শব্দঃ যুজ্যতে ॥ ২৬ ॥

প্রতিশব্দ।—হে পার্থ! সদ্ভাবে এবং সাধু ভাবে সৎ এই-শব্দ প্রযুক্ত-হয়, এবং প্রশস্ত কর্ম্মে সৎ শব্দ প্রযুক্ত-হয় ॥ ২৬ ॥

ব্যাখ্যা।—হে পার্থ! সৎশব্দ সদ্ভাবে অর্থাৎ অস্তিত্ব বিষয়ে এবং সাধুভাবে প্রযুক্ত হইয়া থাকে, এইরূপ মাঙ্গলিক বিবাহাদি কার্য্যেও সৎশব্দ উচ্চারিত হইয়া থাকে ॥ ২৬ ॥

শঙ্করাচার্য্য।—ওঁতচ্ছব্দয়োর্ব্বিনিয়োগ উক্তোঽথেদানীং সচ্ছব্দস্য বিনিয়োগঃ কথ্যতে সদ্ভাব ইতি। সতঃ সদ্ভাবে যথা অবিদ্যমানস্য পুত্রস্য জন্মনি তথা সাধুভাবে অসদ্বৃত্তস্যাসাধোঃ সদ্বৃত্ততা সাধুভাবস্তস্মিন্ সাধুভাবে চ সদিত্যেতদভিধানং ব্রহ্মণঃ প্রযুজ্যতে তত্রোচ্যতেঽভিধীয়তে প্রশস্তে কর্ম্মণি বিবাহাদৌ চ তথা সচ্ছব্দঃ পার্থ! যুজ্যতে প্রযুজ্যত ইত্যেতৎ ॥ ২৬ ॥

আনন্দগিরি।—বৃত্তমনূদ্যানন্তরশ্লোকতাৎপর্য্যমাহ ওঁ তচ্ছব্দয়োরিতি ॥ ২৬ ॥

রামানুজ।—অথৈতেষাং সচ্ছব্দান্বয়প্রকারং বক্তুং লোকে সচ্ছব্দব্যুৎপত্তিপ্রকারমাহ সদিতি। সদ্ভাবে বিদ্যমানতায়াং সাধুভাবে কল্যাণভাবে চ সর্ব্ববস্তুষু সদিত্যেতৎপদং প্রযুজ্যন্তে। লোকবেদয়োঃ তথা যেন কেনচিৎ পুরুষেণানুষ্ঠিতে লৌকিকে প্রশস্তে কল্যাণে কর্ম্মণি সৎকর্ম্মেদমিতি সচ্ছব্দো যুজ্যতে প্রযুজ্যত ইত্যর্থঃ ॥ ২৬ ॥

হনুমান্।—কিঞ্চান্যৎ সদ্ভাবে অথাতঃ পুত্রাদেঃ উৎপাদনকর্ত্তব্যে তথা সাধুভাবে সতএব সম্যক্তস্য সদ্বৃত্ততায়াং কর্ত্তব্যং। ওঁ তৎ সদিতি ব্রহ্মণো নির্দ্দেশ ত্রয়ঃ প্রযুজ্যতে প্রযোক্তব্যমিত্যর্থঃ। প্রশস্তে কর্ম্মণি উপনয়নাদিকর্ম্মণি পুরুষার্থরূপে চ ভাবে সদিত্যেতৎ পদত্রয়ং ব্রহ্মধ্যানসাধনং তু প্রযোক্তব্যমিত্যর্থঃ ॥ ২৬ ॥

শ্রীধর।—সচ্ছব্দস্য প্রাশস্ত্যমাহ সদ্ভাব ইতি দ্বাভ্যাং। সদ্ভাবে অস্তিত্বে দেবদত্তস্য পুত্রাদিকমস্তীত্যস্মিন্নর্থে সাধুভাবে চ সাধুত্বে দেবদত্তস্য পুত্রাদি শ্রেষ্ঠমিত্যস্মিন্নর্থে সদিত্যেতৎ পদং প্রযুজ্যতে। প্রশস্তে মাঙ্গলিকে বিবাহাদি কর্ম্মণি চ সদিদং কর্ম্মেতি সচ্ছব্দো যুজ্যতে সঙ্গচ্ছত ইতি বা ॥ ২৬ ॥

বলদেব।—সদিতি নির্দ্দেশঃ প্রশস্তেষ্বর্থান্তরেষু বর্ত্ততে তস্মাৎ প্রশস্তে কর্ম্মমাত্রে স প্রযোজ্য ইতি ভাবেনাহ সদ্ভাব ইতি দ্বাভ্যাম্। সদ্ভাবে ব্রহ্মত্বে সাধুভাবে চ ব্রহ্মজ্ঞত্বেঽভিধায়কতয়া সচ্ছব্দঃ প্রযুজ্যতে সদেব সৌম্যেত্যাদৌ। সতাং প্রসঙ্গাদিত্যাদৌ চ। তথা প্রশস্তে উপনয়নবিবাহাদিকে চ মাঙ্গলিকে কর্ম্মণি সচ্ছব্দো যুজ্যতে সঙ্গচ্ছতে ॥ ২৬ ॥

মধুসূদন।—তৃতীয়ং সচ্ছব্দং ব্যাচষ্টে দ্বাভ্যাং। "সদেব সৌম্যেদমগ্র আসীৎ" ইত্যাদি শ্রুতিপ্রসিদ্ধং সদিত্যেতদ্ব্রহ্মণোনাম সদ্ভাবে অবিদ্যমানত্বশঙ্কায়াং বিদ্যমানত্বে সাধুভাবে চ অসাধুত্বশঙ্কায়াং সাধুত্বে চ প্রযুজ্যতে শিষ্টৈঃ, তস্মাদ্বৈগুণ্যপরিহারেণ যজ্ঞাদেঃ সাধুত্বং তৎফলস্য চ বিদ্যমানত্বং কর্ত্তুং ক্ষমতে তদিত্যর্থঃ, তথা সদ্ভাবসাধুভাবয়োরিব প্রশস্তে অপ্রতিবন্ধেনাশু সুখজনকে মাঙ্গলিকে কর্ম্মণি বিবাহাদৌ সচ্ছব্দো হে পার্থ! যুজ্যতে প্রযুজ্যতে তস্মাদপ্রতিবন্ধেনাশু ফলজনকত্বং বৈগুণ্যপরিহারেণ যজ্ঞাদেঃ সমর্থমেতন্নামেতি প্রশস্ততরমেতদিত্যর্থঃ ॥ ২৬ ॥

নীলকণ্ঠ।—ওঁ তৎসচ্ছব্দয়োর্বিনিয়োগমুক্ত্বা সচ্ছব্দস্য বিনিয়োগমাহ দ্বাভ্যাং সদ্ভাবে ইতি সদ্ভাবে অস্তিত্বে, সাধুভাবে সমীচীনে চ সচ্ছব্দঃ সদিদং কর্ম্মেতি প্রশস্তে কর্ম্মণি সৎ সম্যক্ বেদোক্তত্বাদস্তোবেতি সৎ শব্দঃ প্রযুজ্যতে আস্তিকৈঃ ॥ ২৬ ॥

বিশ্বনাথ।—ব্রহ্মবাচকঃ সৎশব্দঃ প্রশস্তেষ্বপি বর্ত্ততে তস্মাৎ প্রশস্তমাত্রে কর্ম্মণি প্রাকৃতেঽপি সৎশব্দঃ প্রযোক্তব্যঃ ইত্যাশয়েনাহ সদ্ভাবে ইতি দ্বাভ্যাং। সদ্ভাবে ব্রহ্মত্বে সাধুভাবে ব্রহ্মবাদিত্বে প্রযুজ্যতে সংগচ্ছতে ইত্যর্থঃ ॥ ২৬ ॥

তাৎপর্য্য।—অতঃপর উপর্য্যুপরি দুই শ্লোকে সৎ শব্দের প্রসঙ্গ আলোচিত হইতেছে। পূর্ব্বে ওঁ তৎ সৎ ত্রিবিধ শব্দাত্মক বাক্যের তদনন্তর ওঁকার এবং তৎ এই শব্দের মাহাত্ম্য প্রতিপাদিত হইয়াছে।

শিষ্টগণ অর্থাৎ সূক্ষ্মদর্শী জ্ঞানিগণ বিদ্যমানতা অর্থে সৎশব্দের প্রয়োগ করিয়া থাকেন। যাহা সর্ব্ব প্রকার প্রমাণসিদ্ধ, যাহা অখণ্ডনীয় ও অবিসংবাদিত, তাহা সৎ। এই জন্যই পরমাত্মতত্ত্ব পরম সদ্রূপে নির্দ্দিষ্ট হইয়া থাকে। এই সতের ভাবই সত্য। যাহা অলীক, যাহা কল্পিত, তাহাই অসৎ। যাহা তাহার বিরোধী তাহাই সত্য। এইজন্য শ্রুতি, সৎকেই ব্রহ্মরূপে নির্দ্দেশ করিয়াছেন। কারণ জগতের সকল পদার্থই অসৎ, কিন্তু পরব্রহ্মই পরম সৎ। শ্রুতি বলিয়াছেন, "সদেব সোম্য ইদমগ্র আসীৎ।" বর্ত্তমান অর্থেও সৎপদের ব্যবহার হইয়া থাকে। যেমন দেবদত্তের পুত্র আছে, ইত্যাদিরূপ স্থলে বর্ত্তমানত্ব বুঝাইবার নিমিত্ত সৎ শব্দের প্রয়োগ হইয়া থাকে।

বিজ্ঞ মহাত্মগণ সাধুভাব পরিব্যক্ত করিতেও সৎশব্দ প্রয়োগ করিয়া থাকেন। দেবদত্তের পুত্রগণ সাধু, এই ভাব প্রকাশ করিবার জন্য সৎশব্দ প্রযুক্ত হয়। ব্যক্তিবিশেষ সচ্চরিত্র, ক্রিয়াবিশেষ সৎকর্ম্ম, চিন্তাবিশেষ সচ্চিন্তা, লোক বিশেষ সল্লোকনামে নির্দ্দিষ্ট হইয়া থাকেন। ইত্যাকার সকল স্থলেই সাধুতার সমর্থনার্থ সৎশব্দ ব্যবহৃত হইয়া থাকে।

এতদ্ব্যতীত সৎশব্দের আরও প্রয়োগ স্থল আছে। বিবাহাদি মাঙ্গলিক কর্ম্ম সৎকর্ম্ম নামে অভিহিত হইয়া থাকে। যে সকল সংস্কারের *

* সংস্কার।—সংস্কার দশবিধ। যথা ;—বিবাহ, গর্ভাধান, পুংসবন, সীমন্তোন্নয়ন, জাতকর্ম্ম, নামকরণ, অন্নপ্রাশন, চূড়াকরণ, উপনয়ন, সমাবর্ত্তন। আর্য্যগণ এই দশবিধ সংস্কার দ্বারা সংস্কৃত হইয়া থাকেন। বিবাহ অষ্টবিধ। "ব্রাহ্মো দৈবস্তথৈবার্ষঃ প্রাজাপত্যস্তথাসুরঃ। গান্ধর্ব্বরাক্ষসো বান্যো পৈশাচশ্চাষ্টমোঽধমঃ॥"

সহিত মনুষ্যের জীবনান্ত ব্যাপী সম্বন্ধ, যে সকল মাঙ্গলিক সদাচার পালন করিতে গৃহস্থ ধর্ম্মাবলম্বী সজ্জনগণ বাধ্য, তত্তাবতের সম্বন্ধেও সৎশব্দ প্রযুক্ত হইয়া থাকে।

বহুক্ষণ পরে এই শ্লোকে শ্রীভগবান্ প্রিয়বন্ধুকে আত্মীয়তাসূচক নামে সম্বোধন করিয়াছেন।

সৎশব্দ দ্বারা ব্রহ্ম অভিহিত হইয়া থাকেন এবং ব্রহ্মজ্ঞও নির্দ্দিষ্ট হন। "সতাং প্রসঙ্গ" ইত্যাদিরূপ স্থলে যে সৎপদের ব্যবহার হইতেছে, তদ্দ্বারা ব্রহ্মনিষ্ঠ পুরুষগণকে বুঝাইতেছে, আর "সদেব সৌম্য" এস্থলে সৎশব্দে ব্রহ্মকে বুঝাইতেছে।

(বিষ্ণুপুরাণ ৩য় অংশ ১০ম অধ্যায়) অর্থাৎ ব্রাহ্ম, দৈব, আর্ষ, প্রাজাপত্য, আসুর, গান্ধর্ব্ব, রাক্ষস এবং পৈশাচ এই অষ্টবিধ বিবাহ। ব্রাহ্ম বিবাহই শ্রেষ্ঠ। গুণান্বিত পাত্রকে যথাশক্তি অলঙ্কৃতা কন্যা দানের নাম ব্রাহ্মবিবাহ। দৈব, আর্ষ এবং প্রজাপত্য বিবাহের অধুনা প্রচলন নাই। অর্থগ্রহণ পূর্ব্বক কন্যাদানের নাম আসুর বিবাহ, ইহা অতিশয় নিন্দিত। বরকন্যার পরস্পর মনোমিলন হইলে গোপনে তাহাদিগের যে বিবাহ তাহাই গান্ধর্ব্ব। যুদ্ধ করিয়া কন্যা হরণের নাম রাক্ষস। ইহা পূর্ব্বে ক্ষত্রিয়গণের মধ্যে প্রচলিত ছিল। বলপূর্ব্বক কন্যাহরণ করিয়া যে বিবাহ, তাহাই পৈশাচ। এই বিবাহ সর্ব্বাপেক্ষা অধম। ব্রাহ্মণাদি বর্ণত্রয়ের সমানগোত্রে বিবাহ নিষিদ্ধ। অপিচ, "সপ্তমীং পিতৃপক্ষাচ্চ মাতৃপক্ষাচ্চ পঞ্চমীং। উদ্বহেত দ্বিজো ভার্য্যাং ন্যায়েন বিধিনা নৃপ॥" (বিষ্ণু পুরাণ ৩। ১০) অর্থাৎ পিতৃপক্ষ হইতে এবং পিতৃবন্ধু পক্ষ হইতে সপ্তম পুরুষান্তরিতা এবং মাতামহ পক্ষ হইতে ও মাতৃবন্ধু পক্ষ হইতে পঞ্চম পুরুষান্তরিতা কন্যাকে বিবাহ করিবে। পিতার পিতৃস্বসৃ পুত্র (পিসতুত ভাই), মাতৃস্বসৃ পুত্র (মাসতুত ভাই) এবং মাতুলপুত্র পিতৃবন্ধু। এইরূপ মাতার পিতৃস্বসৃ পুত্র, মাতৃস্বসৃ পুত্র এবং মাতুলপুত্র মাতৃবন্ধু। মাতৃনামা কন্যাকে বিবাহ করা নিষিদ্ধ। অপিচ কপিলবর্ণা, অধিক অঙ্গ বিশিষ্টা বা অল্পাঙ্গ বিশিষ্টা, রোগযুক্তা, লোমশূন্যা বা বহুলোমা, বহুভাষিণী, নক্ষত্র বৃক্ষ নদী বা নীচ পর্ব্বত নামধারিণী, পক্ষি সর্প বা ভীষণ নামিকা কন্যাকে বিবাহ শাস্ত্রে নিষিদ্ধ। কিন্তু নদীর মধ্যে গঙ্গা, যমুনা ও সরস্বতী, বৃক্ষের মধ্যে মালতী বা তুলসী, নক্ষত্র মধ্যে রেবতী অশ্বিনী বা রোহিণী নামধারিণী কন্যা বিবাহে প্রশস্ত। দশম বর্ষ পর্য্যন্ত কন্যার বিবাহ কাল। যথা; "অষ্টবর্ষা ভবেদ্‌গৌরী নববর্ষা তু রোহিণী। দশমে কন্যকা প্রোক্তা অত ঊর্দ্ধং রজস্বলা॥" অর্থাৎ অষ্টম বর্ষে কন্যা গৌরী, নবম বর্ষে রোহিণী এবং দশমবর্ষে কন্যা নামে অভিহিতা। ইহার পর তাহাকে রজস্বলা বলা হয়। অতএব দশম বর্ষের মধ্যে কন্যাদান কর্ত্তব্য। ইহার পর বিবাহে অকালাদি দোষ বিশেষ নিষিদ্ধ নহে। বিশেষ বিবরণ উদ্বাহতত্ত্বে দ্রষ্টব্য। স্ত্রীলোকের আদ্য ঋতু কালে গর্ভাধান সংস্কার কর্ত্তব্য। আদ্য ঋতুদিবস হইতে ষোড়শ দিবসের মধ্যে গর্ভাধান সংস্কার কর্ত্তব্য। তন্মধ্যে আদ্য চতুর্থদিন পরিত্যাজ্য। ইহার পর একাদশ ও ত্রয়োদশ দিন ত্যাগ করিয়া যুগ্মদিবসে বিহিত দিনে সংস্কার কর্ত্তব্য। প্রথম গর্ভকালে তৃতীয় মাসে পুংসবন ক্রিয়া কর্ত্তব্য। গর্ভের চতুর্থ, ষষ্ঠ বা অষ্টম মাসে সীমন্তোন্নয়ন বিধেয়। পুত্র জন্মিলেই তাহার নাড়ীচ্ছেদনের পূর্ব্বে পিতা জাতকর্ম্মের অনুষ্ঠান করিবেন। পুত্র জন্মের দশম, একাদশ, দ্বাদশ বা শত দিবসে অথবা মতান্তরে সংবৎসর মধ্যে শুভদিনে পুত্রের নামকরণ বিধেয়। শিশুর প্রথম অন্নভক্ষণরূপ যে সংস্কার

এতাবতা ইহাই সিদ্ধ হইতেছে যে, যজ্ঞাদি কর্ম্মের বৈগুণ্য পরিহার পূর্ব্বক তাহাকে সাধুত্ব সম্পন্ন এবং সেই যজ্ঞাদির ফলের বিদ্যমানতার বিধান করিতে এই সংবাক্যের নিশ্চয়ই সামর্থ্য আছে। আশু সুখপ্রদ মাঙ্গলিক অনুষ্ঠান সমূহের সম্বন্ধেও সংশব্দ প্রযুক্ত হইয়া থাকে, সুতরাং বুঝিতে হইবে যে, আশু মঙ্গল বিধানে এই সংশব্দের সামর্থ্য আছে ॥ ২৬ ॥

—৹৹৹—

যজ্ঞে তপসি দানে চ স্থিতিঃ সদিতি চোচ্যতে।
কর্ম্ম চৈব তদর্থীয়ং সদিত্যেবাভিধীয়তে ॥ ২৭ ॥

অন্বয়।—যজ্ঞে তপসি দানে চ [যা] স্থিতিঃ (নিষ্ঠা) [সা] সৎ ইতি চ উচ্যতে (কথ্যতে) তদর্থীয়ং (ঈশ্বরোদ্দেশ্যং) এব কর্ম্ম চ সৎ ইতি এব অভিধীয়তে (কথ্যতে) ॥ ২৭ ॥

প্রতিশব্দ।—যজ্ঞে তপস্যায় এবং দানে [যে] নিষ্ঠা [তাহা] সৎ, ইহা উক্ত-হয়, ঈশ্বর-উদ্দেশক-ই কর্ম্ম সৎ ইহা-ই অভিহিত-হয় ॥ ২৭ ॥

ব্যাখ্যা।—যজ্ঞ, তপস্যা এবং দান কার্য্যে যে একান্ত নিষ্ঠা, তাহা সৎরূপে নির্দ্দিষ্ট এবং ব্রহ্মজ্ঞানানুকূল যে সমস্ত কর্ম্ম অনুষ্ঠিত হয়, তাহাও সৎ নামে অভিহিত হইয়া থাকে ॥ ২৭ ॥

তাহাই অন্নপ্রাশন। "ততোঽন্নপ্রাশনং ষষ্ঠেমাসি কার্য্যং যথাবিধি। অষ্টমে বাপি কর্ত্তব্যং যদেষ্টং মঙ্গলং কুলে॥" অর্থাৎ ষষ্ঠ বা অষ্টম মাসে শুভদিনে বালকের অন্নপ্রাশন কর্ত্তব্য। কুল প্রথানুসারে দশমাদি মাসেও নির্দ্দিষ্ট আছে। কন্যার পঞ্চম বা সপ্তম মাসে অন্নপ্রাশন বিধেয়। প্রথম বা তৃতীয় বর্ষে বিহিত দিবসে চূড়াকরণ কর্ত্তব্য। প্রথানুসারে কোন কোন স্থলে উপনয়নকালেও চূড়াকরণ হইয়া থাকে। উপনয়ন দ্বিজাতির প্রধান সংস্কার। এই সংস্কার দ্বারা তাহার বেদপাঠে অধিকার জন্মে এবং দ্বিজ নামের অধিকারী হয়। "গর্ভাষ্টমেঽষ্টমে বাব্দে ব্রাহ্মণস্যোপনায়নং। রাজ্ঞামেকাদশে সৈকে বিশামেকে যথাকুলং॥" (মনু) অর্থাৎ গর্ভ হইতে অষ্টমবর্ষে কিম্বা জন্মাবধি অষ্টমবর্ষে ব্রাহ্মণের উপনয়ন কর্ত্তব্য। ক্ষত্রিয়ের একাদশবর্ষে এবং বৈশ্যের দ্বাদশ বর্ষে উপনয়ন বিধেয়। ইহা মুখ্য কাল। ইহা ব্যতীত ব্রাহ্মণের ষোড়শবর্ষ, ক্ষত্রিয়ের দ্বাবিংশতি এবং বৈশ্যের চতুর্ব্বিংশতি বর্ষ পর্য্যন্ত উপনয়নের গৌণকাল। ইহার পর তাহারা সাবিত্রীপতিত হইয়া থাকে। শুক্লকালে শুভদিনে উপনয়ন সংস্কার বিধেয়। উপনয়নান্তে সমাবর্ত্তন সংস্কার নির্দ্দিষ্ট আছে। এই দশবিধ সংস্কার দ্বারা সংস্কৃত হইয়া আর্য্য সন্তানগণ সমস্ত বৈদিকাদি কর্ম্মে অধিকারী হইয়া থাকেন।

শঙ্করাচার্য্য।—যজ্ঞে যজ্ঞকর্ম্মণি যা স্থিতিস্তপসি চ যা স্থিতির্দানে চ যা স্থিতিঃ সা চ সদিত্যুচ্যতে বিদ্বদ্ভিঃ কর্ম্ম চ এবং তদর্থীয়ং যজ্ঞদানতপোঽর্থীয়মথবা যস্যাভিধানত্রয়ং প্রকৃতং তদর্থীয়মীশ্বরার্থীয়মিত্যেতৎ সদিত্যেবাভিধীয়তে, তদেতৎ যজ্ঞদানতপআদিকর্ম্ম অসাত্ত্বিকং বিগুণমপি শ্রদ্ধাপূর্ব্বকং ব্রহ্মণোঽভিধানত্রয়প্রয়োগেন সগুণং সাত্ত্বিকং সম্পাদিতম্ভবতি ॥ ২৭ ॥

আনন্দগিরি।—প্রকারান্তরেণ সচ্ছব্দস্য বিনিয়োগমাহ যজ্ঞইতি। নামত্রয়োচ্চারণেন সাদ্গুণ্যং সিধ্যতীতি প্রকরণার্থমুপসংহরতি তদেতদিতি ॥ ২৭ ॥

রামানুজ।—যজ্ঞইতি। অতো বৈদিকানাং ত্রৈবর্ণিকানাং যজ্ঞে তপসি দানে চ স্থিতিঃ কল্যাণতয়া সদিত্যুচ্যতে। কর্ম্ম চ তদর্থীয়ং ত্রৈবর্ণিকার্থীয়ং [ত্রিবর্ণেভ্যো হিতং] যজ্ঞদানাদিকং সদিত্যেবাভিধীয়তে। তস্মাদ্বেদা বৈদিকানি কর্ম্মাণি ব্রাহ্মণশব্দনির্দ্দিষ্টাস্ত্রৈবর্ণিকাশ্চ ওঁ তৎসদিতি শব্দান্বয়রূপলক্ষণেনাবেদেভ্যশ্চাবৈদিকেভ্যশ্চাব্যাবৃত্তা বেদিতব্যা ॥ ২৭ ॥

হনুমান্।—কিঞ্চান্যৎ যজ্ঞে তপসি দানে চ স্থিতিঃ নৈরন্তর্য্যেণ প্রবৃত্তিঃ সা যদসাধ্যং ভবতি তৎ ওঁ তৎ সদিতি পদত্রয়েন ব্রহ্মোচ্যতে নৈরন্তর্য্যেণ নির্দ্দেষ্টব্যমিত্যর্থঃ কর্ম্মচৈব তদর্থীয়ং কর্ম্ম যজ্ঞদানতপস্বাধ্যায়লক্ষণং তদর্থীয়ং তদর্থং (স্বার্থে যৎ প্রত্যয়)স্তদর্থোযদা ক্রিয়তে তদাতেন পদত্রয়েণ ব্রহ্মাভিধীয়তে অভিধানার্থমিত্যর্থঃ ॥ ২৭ ॥

শ্রীধর।—কিঞ্চ যজ্ঞ ইতি। যজ্ঞাদিষু স্থিতিস্তাৎপর্য্যেণাবস্থানং তদপি সদিত্যুচ্যতে। যস্য চেদং নামত্রয়ং স এব পরমাত্মা অর্থঃ ফলং যস্য তত্তদর্থং কর্ম্ম পূজোপহারগৃহাঙ্গনপরিমার্জ্জনোপলেপনরঙ্গমাঙ্গলিকাদিক্রিয়া তৎসিদ্ধয়ে যদন্যৎ কর্ম্ম ক্রিয়তে উদ্যানশালিক্ষেত্রধনার্জ্জনাদিবিষয়ং তৎকর্ম্ম তদর্থীয়ং তচ্চাতিব্যবহিতমপি সদিত্যেবাভিধীয়তে। যস্মাদেবমতিপ্রশস্তমেতন্নামত্রয়ং, তস্মাদেতৎ সর্ব্বকর্ম্মসাদ্গুণ্যার্থং সংকীর্ত্তয়েদিতি তাৎপর্য্যার্থঃ। অত্র চার্থবাদানুপপত্ত্যা বিধিঃ কল্প্যতে বিধেয়ং স্তূয়তে বস্তিতিন্যায়াৎ। অপরে তু প্রবর্ত্তন্তে বিধানোক্তাঃ ক্রিয়ন্তে মোক্ষকাঙ্ক্ষিভিরিত্যাদি বর্ত্তমানোপদেশঃ সমিধোযজতীত্যাদিবদ্বিদিতয়া পরিণমনীয় ইত্যাহুস্তত্ত্ব সদ্ভাবে সাধুভাবে চেত্যাদিষু প্রাপ্তার্থত্বান্ন সঙ্গচ্ছত ইতি পূর্ব্বোক্তক্রমেণ বিধিকল্পনৈব জ্যায়সী ॥ ২৭ ॥

বলদেব।—যজ্ঞাদৌ যা তেষাং স্থিতিস্তাৎপর্য্যেণাবস্থিতিস্তদপি সদিত্যুচ্যতে। যস্যেদং নামত্রয়ং তদর্থীয়ং কর্ম্ম চ তন্মন্দিরনির্ম্মাণতদ্বিমার্জ্জনাদি সদিত্যভিধীয়তে। অত্র ত্রিবিধোঽয়ং নির্দ্দেশঃ স্মর্ত্তব্য ইতি বিধিঃ কল্প্যতে। বষট্‌কর্ত্তুঃ প্রথমঃ ভক্ষ্য ইত্যাদাবিব বচনানি ত্বপূর্ব্বত্বাদিতি ন্যায়াৎ যজ্ঞদানাদিসংযোগাচ্চাস্য তদ্বৈগুণ্যমেব ফলম্। "প্রমাদাৎ কুর্ব্বতাং কর্ম্ম প্রচ্যবেতাধ্বরেষু যৎ। স্মরণাদেব তদ্বিষ্ণোঃ সম্পূর্ণং স্যাদিতি শ্রুতি"রিতি স্মরণাচ্চ ॥ ২৭ ॥

মধুসূদন।—যজ্ঞে তপসি দানে চ যা স্থিতিস্তৎপরতয়াবস্থিতির্নিষ্ঠা সাপি সদিত্যুচ্যতে বিদ্বদ্ভিঃ কর্ম্ম চৈব তদর্থীয়ং তেষু যজ্ঞদানতপোরূপেম্বর্থেষু . ভবং তদনুকূলমেব চ কর্ম্ম অথবা যস্য ব্রহ্মণোনামেদং প্রস্তুতং তদেবার্থোবিষয়োযস্য তদর্থং শুদ্ধব্রহ্মজ্ঞানং তদনুকূলং কর্ম্ম তদর্থীয়ং ভগবদর্পণবুদ্ধ্যা ক্রিয়মাণং কর্ম্ম বা তদর্থীয়ং সদিত্যেবাভিধীয়তে তস্মাৎ সদিতি নাম কর্ম্মবৈগুণ্যাপ-

নোদনসমর্থং প্রশস্ততরং যস্তৈকৈকোঽপ্যেতাদৃশঃ কিং বক্তব্যং তৎ সমুদায়স্তোমৃতৎসদিতি নির্দ্দেশস্ত মাহাত্ম্যমিতি সম্পিণ্ডিতার্থঃ॥ ২৭॥

নীলকণ্ঠ।—কিঞ্চ যজ্ঞাদৌ স্থিতির্নিষ্ঠা সদিতি সমীচীন ইতি উচ্যতে তদর্থে পরমেশ্বরার্থে কৃতং তদর্থীয়ং পরমেশ্বরপ্রাপ্ত্যর্থং কৃতং কর্ম্ম সদিত্যেব সমীচীনমিত্যেবাভিধীয়তে লোকে তদেবম্ অসাত্ত্বিকং বিগুণং বা যজ্ঞাদিকং শ্রদ্ধাপূর্ব্বকং ব্রহ্মণোঽভিধানত্রয়োচ্চারণেন সাত্ত্বিকং সদ্গুণঞ্চ সম্পাদিতং ভবতি॥ ২৭॥

বিশ্বনাথ।—যজ্ঞাদৌ স্থিতিঃ যজ্ঞাদিতাৎপর্য্যেণাবস্থানমিত্যর্থঃ। তদর্থীয়ং কর্ম্ম ব্রহ্ম পরিচর্য্যোপযোগি যৎকর্ম্ম ভগবন্মন্দিরমার্জ্জনাদিকং তদপি॥ ২৭॥

তাৎপর্য্য।—সৎশব্দের মাহাত্ম্যপূর্ণ রূপে পরিব্যক্ত ও পরিস্ফুট হয় নাই। এজন্য এই শ্লোক অবতারিত হইতেছে।

যজ্ঞে তপস্যায় এবং দানে যে স্থিতি অর্থাৎ তৎসম্পাদনে আগ্রহ সহকৃত যে নিষ্ঠা তাহাও সৎনামে অভিহিত হইয়া থাকে। স্থিতি অর্থাৎ অবস্থিতি শব্দের গূঢ় তাৎপর্য্য আছে। যজ্ঞে তপস্যায় ও দানে স্থিতি বা অবস্থান বলিলে ইহাই বুঝিতে হইবে যে, একান্ত বাসনাসহকারে আদি হইতে অন্ত পর্য্যন্ত উল্লিখিত কর্ম্ম সমূহ সর্ব্বাঙ্গসুন্দর করিবার যে প্রবৃত্তি বা আগ্রহ এবং অচ্যুতি বা অধৈর্য্য বিরহিত ভাবে আরব্ধ কার্য্যের সৌষ্ঠব যুক্ত সমাপ্তির জন্য যে নিষ্ঠা। এই অবস্থান পূর্ব্ব শ্লোকোক্ত বিদ্যমানতা ভাবেরই পোষণ করিতেছে। অতএব এতৎসম্বন্ধেও বিদ্বানগণ কর্ত্তৃক সৎশব্দ প্রযুক্ত হইয়া থাকে। আর সূক্ষ্মদর্শিগণ উল্লিখিতরূপ যজ্ঞ তপস্যা ও দান সংসিদ্ধির নিমিত্ত অনুষ্ঠীয়মান কর্ম্ম সমূহকেও সৎশব্দে নির্দ্দেশ করিয়া থাকেন। অর্থাৎ কথিত অনুষ্ঠানত্রয় সুসম্পন্ন করিতে নানা প্রকার কর্ম্মের প্রয়োজন হইয়া থাকে। সেই সকল কর্ম্মও সৎনামে অভিহিত হয়। এই স্থলে কোন কোন পূজ্যপাদ ব্যাখ্যাতা আরও দুই প্রকার অর্থের অবতারণা করিয়াছেন। মূলে "তদর্থীয়ং কর্ম্মচ" এই বাক্যের ব্যবহার আছে। তৎ-শব্দ ব্রহ্মাববোধক; একথা পূর্ব্বে বিশেষরূপে প্রতিপাদিত হইয়াছে। সেই ব্রহ্মের নিমিত্ত অর্থাৎ সেই ব্রহ্মজ্ঞানের অনুকূল ও সহায় স্বরূপ যে যে কর্ম্ম অনুষ্ঠিত হইয়া থাকে, তত্তাবৎ সৎনামে অভিহিত হয়। অথবা ভগবানে অর্পণ করিবার বুদ্ধি সহকারে যে কর্ম্ম অনুষ্ঠিত হয়, তাহাও সৎ। এই স্থলে পূজ্যপাদ শ্রীধর স্বামী, দেবতার উদ্দেশে পূজা, উপহার, তন্মন্দি-

রাদির পরিমার্জ্জন, উপলেপন, বিগ্রহের বেশবিন্যাস ও মাঙ্গলিক ক্রিয়া সমূহের অনুষ্ঠানকে কর্ম্ম সুতরাং সৎশব্দের বাচ্য বলিয়া অভিহিত করিয়াছেন। তিনি আরও বলিয়াছেন যে, এইরূপ পূজার্চ্চনাদি ভগবৎ সেবা সুসম্পাদনের নিমিত্ত যে উদ্যান ও শস্যক্ষেত্রাদির দ্বারা ও অন্যান্য উপায়ে ধনার্জ্জন রূপ যে কর্ম্ম, তাহাও সৎকর্ম্ম নামে অভিহিত হইতে পারে। শেষোক্ত শ্রেণীর কর্ম্ম সমূহ ভগবৎসেবনের সহিত প্রত্যক্ষত সম্পর্কশূন্য অতি ব্যবহিত হইলেও বস্তুত যদি তত্তাবৎ কেবল ভগবৎ সাধনার উদ্দেশেই প্রধানত অনুষ্ঠিত হয়, তাহা হইলে সে সকল কর্ম্মও সৎনামে নির্দ্দিষ্ট হইতে পারে।

ব্যাখ্যার উপসংহার কালে পূজ্যপাদ শ্রীমন্মধুসূদন সরস্বতী মহোদয় লিখিয়াছেন যে, এক্ষণে ইহাই সিদ্ধ হইতেছে যে, সৎ এই শব্দ কর্ম্মবৈগুণ্য নাশকল্পে প্রশস্ততর অর্থাৎ অনুষ্ঠীয়মান কর্ম্মের অঙ্গহীনতা নিবারণ পক্ষে সৎ এই শব্দ অতিশয় শক্তিশালী। সুতরাং ইহাই প্রতিপন্ন হইতেছে যে, যখন ওঁ তৎসৎ এই বাক্যের এক এক অংশ উল্লিখিত রূপ ফলপ্রদানে সমর্থ, তখন সর্ব্বাবয়ব সম্পন্ন সেই ওঁ তৎ সৎরূপ পূর্ণ বাক্য যে অপরিসীম ফলপ্রদানে সক্ষম একথা বলাই বাহুল্য।

ব্রহ্মস্মরণ পূর্ব্বক কর্ম্মে প্রবৃত্ত হওয়া উচিত। কারণ ব্রহ্মস্মরণ নিবন্ধন সেই কর্ম্মের ফলবৈগুণ্য নিবারিত হয়। আর্য্য সমাজে কেবল ভগবদুদ্দেশে অনুষ্ঠিত পুণ্যকর্ম্ম ব্যতীত সাংসারিক যাবতীয় কর্ম্মে প্রবৃত্ত হইবার পূর্ব্বে বিশেষ বিশেষ দেবতার নাম স্মরণ* করিবার ব্যবস্থা আছে। লোকে এইরূপ অকারণ দেবতার নামগ্রহণ নিষ্প্রয়োজন বলিয়া মনে করিতে পারেন। কিন্তু এরূপ মনে করা নাস্তিকতার প্রকার ভেদ মাত্র। সনাতন ধর্ম্মে ও সনাতন আচার ব্যবহারে শ্রদ্ধাবান মনুষ্য এরূপ আপত্তি উত্থাপন করিলে পাপভাগী হইবেন। পথপার্শ্বস্থ বটবৃক্ষমূলস্থিত সিন্দূরলেপিত শিলাখণ্ড হইতে, পবিত্রতাপূর্ণ তীর্থ ক্ষেত্রস্থিত অপূর্ব্ব মন্দির মধ্যে

* ঔষধে চিন্তয়েদ্বিষ্ণুং ভোজনে চ জনার্দ্দনং। শয়নে পদ্মনাভঞ্চ বিবাহে চ প্রজাপতিং। যুদ্ধে চক্রধরঞ্চৈব প্রবাসেষু ত্রিবিক্রমং। নারায়ণং তনুত্যাগে শ্রীধরং প্রিয়সঙ্গমে। দুঃস্বপ্নে স্মর গোবিন্দং সঙ্কটে মধুসূদনং। কাননে নরসিংহঞ্চ পাবকে জলশায়িনং। জলমধ্যে বরাহঞ্চ পর্ব্বতে রঘুনন্দনং। গমনে বামনঞ্চৈব সর্ব্বকার্য্যেষু মাধবং॥

সুদক্ষ শিল্পিগঠিত মঞ্চাসীন মনোহর ভগবদ্বিগ্রহ, সকলই সেই পরম পুরুষের বিকাশ এবং তাঁহারই বিভূতি বা পরিচয় স্বরূপ। সুতরাং তত্তাবন্তের প্রতি ভক্তি বা শ্রদ্ধা প্রকাশ করিলে সেই পরম পুরুষের প্রতি আসক্তির পরিচয় দেওয়া হয়। অতএব সাংসারিক সকল ব্যাপারে সর্ব্বশক্তির মূলস্বরূপ পরমেশ্বরের নাম গ্রহণ কখনই দোষাবহ হইতে পারে না।

ওঁ তৎ সৎ এই পবিত্র ভগবন্নাম অশেষ শক্তিসম্পন্ন। পুণ্য কর্ম্মানুষ্ঠানের সূচনায় এই নামের স্মরণ ও উচ্চারণ করিলে কর্ম্মবৈগুণ্য নষ্ট হইয়া যায় অথবা বৈগুণ্য থাকিলেও অনুষ্ঠীয়মান কর্ম্ম যথোপযুক্ত ফলপ্রদান করে। এই পবিত্র বাক্য স্মরণ করিলে যখন পুণ্য কর্ম্ম দোষশূন্য হয়, তখন সাংসারিক ব্যাপারে এই নামের নিত্যস্মরণ ও উচ্চারণ যে পরমোন্নতি বিধানে সমর্থ তাহাতে আর সন্দেহ কি। ইহার গৌণ ফল যাহাই হউক, মুখ্যফল সম্বন্ধে সন্দেহ করিবার কোনই অবসর নাই। নিয়ত ব্রহ্মাববোধক এই শব্দের স্মরণ ও উচ্চারণ করিতে করিতে স্বতঃ ব্রহ্মনিষ্ঠা হৃদয়ে উপজাত হয়। সুকঠিন শিলাখণ্ডের উপর সতত সুকোমল সলিল সম্পাতে পাষাণে অঙ্কপাত হয়। অতএব সকল ব্যাপারেই সতত ব্রহ্ম নাম উচ্চারণ ও ব্রহ্মনামের স্মরণ পরম ফলপ্রদ। মুখ্য উদ্দেশ্য পরিদৃশ্যমান, তৎসিদ্ধি বিষয়ে সন্দেহের কোন কারণ নাই। এই অবিসংবাদিত ফল প্রাপ্ত হওয়ার পর ইহার গৌণ ফল সম্বন্ধে মনুষ্যকে আর কোন কথাই বুঝাইতে হইবে না। কারণ তখন তিনি স্বয়ং নিধানরূপ পরম ধন লাভ করিয়া ধন্য হইবেন এবং গৌণ ফল যে অবশ্যম্ভাবী, তদ্বিষয়ে তাঁহার আর কোন সন্দেহ থাকিবে না। অতএব ওঁ তৎসৎ রূপ ব্রহ্মনাম সর্ব্ব কর্ম্মারম্ভে উচ্চারণ করা সকল অবস্থাতেই মনুষ্যের একান্ত কর্ত্তব্য ॥ ২৭ ॥

——(:০:: :)——

অশ্রদ্ধয়া হুতং দত্তং তপস্তপ্তং কৃতঞ্চ যৎ।
অসদিত্যুচ্যতে পার্থ! ন চ তৎ প্রেত্য নো ইহ ॥ ২৮ ॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং ভীষ্মপর্ব্বণি শ্রীভগবদ্গীতাসূপনিষৎসু ব্রহ্মবিদ্যায়াং যোগশাস্ত্রে শ্রীকৃষ্ণার্জ্জুনসম্বাদে শ্রদ্ধাত্রয়-বিভাগযোগনাম সপ্তদশোঽধ্যায়ঃ।

অন্বয়।—হে পার্থ! (পৃথাতনয়!) অশ্রদ্ধয়া (অসাত্ত্বিক্যা বুদ্ধ্যা) যৎ হুতং (হবনং) দত্তং তপঃ তপ্তং (নিবর্ত্তিতং) [অন্যৎ] চ কৃতং [তৎ] অসৎ ইতি উচ্যতে (কথ্যতে) তৎ প্রেত্য (লোকান্তরে) ন, ইহ (অস্মিন্ লোকে) চ নো (ন ফলতি) ॥ ২৮ ॥

প্রতিশব্দ।—হে পার্থ! অশ্রদ্ধাদ্বারা যাহা হুত দত্ত তপস্যা অনুষ্ঠিত [অন্য] ও কৃত-হয়, [তাহা] অসৎ ইহা উক্ত-হয় তাহা লোকান্তরে নয়, ইহ-লোকেও ফল-জনক-নয় ॥ ২৮ ॥

ব্যাখ্যা।—হে পার্থ! অশ্রদ্ধা সহকারে যাহা হুত হয়, যে তপস্যা অনুষ্ঠিত হয়, এবং অন্য যে সমস্ত কর্ম্ম কৃত হয়, তাহাই অসৎরূপে নির্দ্দিষ্ট, এতাদৃশ কর্ম্ম ইহলোকে বা পরলোকে ফলদায়ক নহে ॥ ২৮ ॥

শঙ্করাচার্য্য।—তত্র চ সর্ব্বত্র শ্রদ্ধাপ্রধানতয়া সর্ব্বং সম্পাদ্যতে যস্মাৎ অশ্রদ্ধয়েতি। তস্মাৎ অশ্রদ্ধয়া হুতং হবনং কৃতং দত্তঞ্চ ব্রাহ্মণেভ্যোঽশ্রদ্ধয়া তপস্তপ্তমনুষ্ঠিতমশ্রদ্ধয়া তথা অশ্রদ্ধয়ৈবং কৃতং যৎ স্তুতিনমস্কারাদি তৎ সর্ব্বমসদিত্যুচ্যতে মৎপ্রাপ্তিসাধনমার্গবাহ্যত্বাৎ পার্থ! ন চ তদ্বহ্বায়াসমপি প্রেত্য ফলায় নাপীহার্থং সাধুভির্নিন্দিতত্বাদিতি ॥ ২৮ ॥

ইতি শ্রীগোবিন্দ ভগবৎ পূজ্যপাদশিষ্য-পরমহংস পরিব্রাজকাচার্য্য-শ্রীমচ্ছঙ্কর ভাগবতকৃতৌ গীতাভাষ্যে সপ্তদশোঽধ্যায়ঃ।

আনন্দগিরি।—অশ্রদ্ধান্বিতস্যাপি কর্ম্মণো নামত্রয়োচ্চারণাদবৈগুণ্যে শ্রদ্ধাপ্রাধান্যং ন স্যাদিত্যাশঙ্ক্যাহ তত্র চেতি। সপ্তমীত্যাং প্রকৃতং যজ্ঞাদি গৃহ্যতে সর্ব্বযজ্ঞাদি সগুণমিতিশেষঃ। তস্যাসত্বং সাধয়তি মৎপ্রাপ্তীতি। ঐহিকামুষ্মিকত্বা ফলমশ্রদ্ধিতেনাপি কর্ম্মণা সংপৎস্যতে কুতোঽস্যাসত্বমিত্যাশঙ্ক্যাহ নচেতি। তস্যোভয়বিধফলাহেতুত্বে হেতুমাহ সাধুভিরিতি। নিন্দন্তি হি সাধবঃ শ্রদ্ধারহিতং কর্ম্ম অতো নৈতদুভয়ফলোপয়িকমিত্যর্থঃ, তদনেন শাস্ত্রানভিজ্ঞানামপি শ্রদ্ধাবতাং শ্রদ্ধয়া সাত্বিকত্বাদিত্রৈবিধ্যভাজাং রাজসতামসাহারাদিত্যাগেন সাত্বিকাহারাদিসেবয়া সত্বৈকশরণানাং প্রাপ্তমপি যজ্ঞাদিবৈগুণ্যং ব্রহ্মনামনির্দ্দেশেন পরিহরতাং পরিশুদ্ধবুদ্ধীনাং শ্রবণাদিসামগ্রীসম্পাততত্বসাক্ষাৎকারবতাং মোক্ষোপপত্তিরিতি স্থিতং॥ ২৮॥

ইতি শ্রীমৎ পরমহংস পরিব্রাজকাচার্য্য শুদ্ধানন্দ পূজ্যপাদশিষ্য ভগবদানন্দগিরিবিরচিতে শ্রীভগবদ্গীতাভাষ্য বিবেচনে সপ্তদশোঽধ্যায়ঃ।

রামানুজ।—অশ্রদ্ধয়েতি। অশ্রদ্ধয়া কৃতং শাস্ত্রীয়মপি হোমাদিকং অসদিত্যুচ্যতে। কুতঃ ন চ তৎপ্রেত্য নো ইহ ন মোক্ষায় ন সাংসারিকায় চ ফলায়েতি॥ ২৮॥

ইতি শ্রীমদ্রামানুজাচার্য্য বিরচিতে শ্রীমদ্ভগবদ্গীতাভাষ্যে সপ্তদশোঽধ্যায়ঃ।

হনুমান্।—অশ্রদ্ধয়া নাস্তিক্যবুদ্ধ্যাহুতং তপস্তপ্তং কৃতঞ্চযৎ স্বাধ্যায়াদি তদসদিত্যুচ্যতে তদারাধনমপি যন্ন সদসত্তদারাধনং তৎনভবতীত্যুচ্যতে ব্রহ্মবাদিভিঃ কিং তদিত্যত্রাহ নচ তৎপ্রেত্যান খলু পরলোকেঽপি তস্যোপকারকং নো ইহ তস্মাদদৃষ্টং দানং তপঃ স্বাধ্যায়াদি লক্ষণং কর্ম্মফলসঙ্গং ত্যক্ত্বা প্রকৃতপদত্রয়নির্দ্দেশেন পদত্রয়েন ব্রহ্মস্বরূপং ধ্যাত্বা শ্রদ্ধয়া তদারাধনত্বেন কর্ত্তব্যং মোক্ষার্থিভিরিত্যর্থঃ॥ ২৮॥

ইতি শ্রীমদ্ধনুমদীয়ে পৈশাচভাষ্যে সপ্তদশোঽধ্যায়ঃ।

শ্রীধর।—ইদানীং সর্ব্বকর্ম্মসু শ্রদ্ধয়ৈব প্রবৃত্ত্যর্থমশ্রদ্ধয়া কৃতং সর্ব্বং নিন্দতি অশ্রদ্ধয়েতি। অশ্রদ্ধয়া হুতং হবনং দত্তং দানং তপস্তপ্তং যচ্চান্যদপি কৃতং তৎ সর্ব্বমসদিত্যুচ্যতে, যতস্তৎ প্রেত্য লোকান্তরে ন ফলতি বিগুণত্বাৎ নো ইহ ন চাস্মিন্ লোকে ফলতি অযশস্করত্বাৎ। রজস্তমোময়ীং ত্যক্ত্বা শ্রদ্ধাং সত্বময়ীং শ্রিতঃ। তত্ত্বজ্ঞানেঽধিকারী স্যাদিতি সপ্তদশে স্থিতং॥ ২৮॥

ইতি শ্রীভগবদ্গীতায়াং স্বামিকৃত টীকায়াং সপ্তদশোঽধ্যায়ঃ।

বলদেব।—অথ সাত্ত্বিক্যা শ্রদ্ধয়া সর্ব্বেষু কর্ম্মসু প্রবর্ত্তিতব্যম্। তয়া বিনা কৃতং সর্ব্বং ব্যর্থমিতি নিন্দতি অশ্রদ্ধয়েতি। হুতং হোমঃ, দত্তং দানং, তপ্তমনুষ্ঠিতম্। যচ্চান্যদপি স্তুতিপ্রণত্যাদিকর্ম্ম কৃতং তৎ সর্ব্বমসন্নিন্দ্যমিত্যুচ্যতে। কৃত ইত্যত্রাহ ন চেতি। হেতৌ চশব্দঃ যতোঽশ্রদ্ধয়া কৃতং তৎ প্রেত্য পরলোকে ন ফলতি বিগুণাত্তস্মাদপূর্ব্বানুৎপত্তেঃ নাপীহ লোকে কীর্ত্তিঃ সদ্ভির্নিন্দিতত্বাৎ। শ্রদ্ধাং স্বভাবজাং হিত্বা শাস্ত্রজাং তাং সমাশ্রিতঃ। নিঃশ্রেয়সাধিকারী স্যাদিতি সপ্তদশী স্থিতিঃ॥ ২৮॥

ইতি শ্রীমদ্বলদেবকৃতে শ্রীভগবদ্গীতোপনিষদ্ভাষ্যে সপ্তদশোঽধ্যায়ঃ।

মধুসূদন।—যদ্যালস্যাদিনা শাস্ত্রীয়ং বিধিমুৎসৃজ্য শ্রদ্দধানতয়ৈব বৃদ্ধব্যবহারমাত্রেণ যজ্ঞতপোদানাদি কুর্ব্বতাং প্রমাদাদ্বৈগুণ্যে প্রাপ্তে তু তৎসদিতি ব্রহ্মনির্দ্দেশেন তৎপরিহারস্তর্হি-শ্রদ্দধানতয়া শাস্ত্রীয়ং বিধিমুৎসৃজ্য কামকারেণ যৎকিঞ্চিদ্যজ্ঞাদি কুর্ব্বতামসুরাণামপি তেনৈব বৈগুণ্যপরিহারঃ স্যাদিতি কৃতং শ্রদ্ধয়া সাত্ত্বিকত্বহেতুভূতয়েত্যত আহ অশ্রদ্ধয়েতি। অশ্রদ্ধয়া যদ্ধুতং হবনং কৃতমগ্নৌ দত্তং যৎ ব্রাহ্মণেভ্যঃ যত্তপস্তপ্তং যচ্চান্যৎকর্ম্মকৃতং স্তুতিনমস্কারাদি তৎসর্ব্বমশ্রদ্ধয়া কৃতং অসৎ অসাধ্বিত্যুচ্যতে। অতঃ ওঁ তৎসদিতিনির্দ্দেশেন ন তস্য সাধুভাবঃ শক্যতে কর্ত্তুং সর্ব্বথা তদযোগ্যত্বাচ্ছিলায়া ইবাঙ্কুরঃ তৎকস্মাদসদিত্যুচ্যতে শৃণু হে পার্থ! চোহেতৌ যস্মাত্তদ-শ্রদ্ধাকৃতং ন প্রেত্য পরলোকে ফলতি বিগুণত্বেনাপূর্ব্বাজনকত্বাৎ, নো ইহ নাপ্যহ লোকে যশঃ সাধুভির্নিন্দিতত্বাৎ অত ঐহিকামুষ্মিকফলবিকলত্বাদশ্রদ্ধাকৃতস্য সাত্ত্বিক্যা শ্রদ্ধয়ৈব সাত্ত্বিকং যজ্ঞাদি কুর্য্যাদন্তঃকরণশুদ্ধয়ে তাদৃশস্যৈব শ্রদ্ধাপূর্ব্বকস্য সাত্ত্বিকস্য যজ্ঞাদের্দ্দৈবাদ্বৈগুণ্যাশঙ্কায়াং ব্রহ্মণো নামনির্দ্দেশেন সাদ্গুণ্যং সম্পাদনীয়মিতি পরমার্থঃ। শ্রদ্ধাপূর্ব্বকমসাত্ত্বিকমপি যজ্ঞাদি বিগুণম্ ব্রহ্মণোনামনির্দ্দেশেন সাত্ত্বিকং সগুণং সম্পাদিতং ভবতীতি ভাষ্যং। তদেবমস্মিন্নধ্যায়ে আলস্যা-দিনাঽনাদৃতশাস্ত্রাণাং শ্রদ্ধাপূর্ব্বকং বৃদ্ধব্যবহারমাত্রেণ শাস্ত্রানাদরেণাসুরসাধর্ম্ম্যেণ শ্রদ্ধাপূর্ব্বকা-নুষ্ঠানেন চ দেবসাধর্ম্ম্যেণ কিমসুরা অমী দেবা বেত্যর্জ্জুনসংশয়বিষয়াণাং রাজসতামসশ্রদ্ধাপূর্ব্বকং রাজসতামসযজ্ঞাদিকারিণোঽসুরাঃ শা[illegible]নসাধনানধিকারিণঃ সাত্ত্বিকশ্রদ্ধাপূর্ব্বকং সাত্ত্বিক-যজ্ঞাদিকারিণস্তু দেবাঃ শাস্ত্রীয়জ্ঞানসাধনাধিকারিণ ইতি শ্রদ্ধাত্রৈবিধ্যপ্রদর্শনমুখেনাহারাদিত্রৈবিধ্য-প্রদর্শনেন চ ভগবতা নির্ণয়ঃ কৃত ইতি সিদ্ধং॥ ২৮॥

ইতি শ্রীমৎ পরমহংস পরিব্রাজকাচার্য্য শ্রীবিশ্বেশ্বর সরস্বতী শ্রীপাদশিষ্য শ্রীমন্মধুসূদন সরস্বতী বিরচিতায়াং শ্রীভগবদ্গীতা গূঢ়ার্থদীপিকায়াং শ্রদ্ধাত্রয় বিভাগ যোগোনাম সপ্তদশোঽধ্যায়ঃ।

নীলকণ্ঠ।—সর্ব্বত্র সাদ্‌গুণ্যহেতুরিতি ব্যতিরেকমুখেনাহ অশ্রদ্ধয়েতি। হুতং হোমঃ দত্তং দানং তপঃ তপ্তম্‌ অনুষ্ঠিতং কৃতম্‌ অশ্রদ্ধয়া বিহিতং ভগবন্নামস্মরণমপি যচ্চান্যৎ তৎসর্ব্বমসৎ অভাবভূতমিত্যুচ্যতে পার্থ অতএব তৎপ্রেত্য মৃত্বা পরলোকে নোপযুজ্যতে ইহ অস্মিঁল্লোকে বা নৈব উপযুজ্যতে তস্মাচ্ছ্রদ্ধৈব সাত্ত্বিকী মাতেব সুখকামৈঃ শরণীয়েতি ভাবঃ॥ ২৮॥

ইতি শ্রীমৎপদবাক্যপ্রমাণমর্য্যাদাধুরন্ধরচতুর্ধরবংশাবতংস শ্রীগোবিন্দসূরিসূনোঃ শ্রীনীলকণ্ঠস্য কৃতৌ ভারতভাবদীপে ভীষ্মপর্ব্বণি ভগবদ্গীতার্থপ্রকাশো নাম সপ্তদশোঽধ্যায়।

বিশ্বনাথ।—সৎকর্ম্ম শ্রুতং তথা অসৎকর্ম্ম কিমিত্যপেক্ষায়ামাহ অশ্রদ্ধয়া ইতি। হুতং হবনং দত্তং দানং তপস্তপ্তং। কৃতং যদন্যচ্চাপি কর্ম্ম কৃতং তৎ সর্ব্বমসদিতি হুতমপ্যহুতমেব দত্তমপ্যদত্তমেব তপোঽপ্যতপ এব কৃতমপ্যকৃতমেব যতস্তৎ ন প্রেত্য পরলোকে ফলতি নাপীহ-লোকে ফলতি। উক্তেষু বিবিধেষ্বিব সাত্ত্বিকং শ্রদ্ধয়াকৃতং। যৎস্যাত্তদেবমোক্ষার্হমিত্যধ্যায়ার্থঃ ঈরিতঃ॥ ২৮॥

ইতি সারার্থবর্ষিণ্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং। গীতাস্বয়ং সপ্তদশ সঙ্গতঃ সঙ্গতঃ সতাং।

তাৎপর্য্য।—পূর্ব্বে ওঁ তৎসৎ এই বাক্যমাহাত্ম্য প্রসঙ্গে যাহা কথিত হইয়াছে, তাহা দ্বারা ইহাই প্রতিপন্ন হইয়াছে যে, আলস্য অনবধানতা প্রভৃতি কারণে অনুষ্ঠীয়মান কর্ম্মে যদি কোন বৈগুণ্য সংঘটিত হয়, ভগবন্নাম মাহাত্ম্যে সেই বৈগুণ্য অপনোদিত হয় সত্য, কিন্তু তাহাতে এরূপ বুঝিতে হইবে না যে, অশ্রদ্ধা সহকারে হৃদয়ের যথার্থ আসক্তি বিরহিত ভাবে কেবল মাত্র সনাতন ব্যবহারের অনুবর্ত্তী হইয়া কর্ম্মানুষ্ঠান করিলেও তাহা সম্যক্‌ ফলপ্রদ হইবে। শ্রদ্ধা সহকৃত যে যজ্ঞতপদানাদি কর্ম্ম অনুষ্ঠিত হয় তাহাতে যদি দৈবাৎ কোন বৈগুণ্য উপস্থিত হয়, ওঁ তৎসৎ এই নাম মাহাত্ম্যে সেই বৈগুণ্য তিরোহিত হইয়া থাকে এবং কর্ম্মজনিত ফলপ্রাপ্তির কোনই অসম্ভাবনা থাকে না। যদি কেহ আশঙ্কা করেন যে, শাস্ত্রীয় বিধি অবহেলা করিয়া কেবল কামনা পরতন্ত্র হইয়া অশ্রদ্ধা সহকারে অসুর গণ অসাত্ত্বিক ভাবে যে কর্ম্মানুষ্ঠান করে, তাহাতেও কি বৈগুণ্য ঘটিলে

ওঁ তৎসৎ নাম প্রভাবে কর্ম্মোচিত ফল লব্ধ হইবে ? এইরূপ আশঙ্কা পরিহার করিবার বাসনায় শ্রীভগবান্ এই অধ্যায়ের উপসংহার কালে শ্রদ্ধা-সহকৃত কর্ম্মের স্তুতি কীর্ত্তন করিতেছেন।

অশ্রদ্ধা সহকারে আন্তরিক আগ্রহ, আসক্তি ও পবিত্র ভাব বিরহিত হইয়া যে হোমকার্য্য সম্পন্ন হয় অর্থাৎ যজ্ঞীয় পবিত্র অগ্নিতে যে হব্যাদি হবনরূপে প্রদত্ত হয়, আর ব্রাহ্মণাদি যথোচিত পাত্রকে দেশ কালাদি বিধি লঙ্ঘন না করিয়া যে দান করা যায়, তাহার মূলে যদি শ্রদ্ধা না থাকে, আর তপ যদি যথার্থ বিধি সহকারে অনুষ্ঠিত হয়, অথচ যদি সেই অনুষ্ঠানের সহিত আন্তরিক শ্রদ্ধার সংযোগ না থাকে, আর অন্য যে কোন কর্ম্ম অনুষ্ঠান করা যায় অর্থাৎ গুরু ব্রাহ্মণাদির সৎকার, দেবপূজার্চ্চনাদির সুব্যবস্থা, দেবালয় প্রাঙ্গণাদির পরিমার্জ্জন, ভগবন্নামকীর্ত্তনাদি, অতিথি সেবা, আশ্রিত বাৎসল্য প্রভৃতি যে কোন সদাচার অনুষ্ঠিত হয়, তত্তাবতের সহিত যদি হৃদয়ের ঐকান্তিকী শ্রদ্ধা মিশ্রিত না থাকে, তাহা হইলে সেই হোম, দান, তপস্যা এবং অন্যান্য কর্ম্ম অসৎ বলিয়া পরিগণিত হয়। শিষ্টগণ, তত্ত্বদর্শী মহানুভবগণ অশ্রদ্ধা সহকৃত উল্লিখিত কার্য্য সমূহ অসৎ নামে নির্দ্দেশ করিয়া থাকেন। অতএব এতাদৃশ শ্রদ্ধাবিরহিত কর্ম্মানুষ্ঠান কালে ওঁ তৎ সৎ বাক্য স্মরণ বা উচ্চারণ করিলে সেই কর্ম্মের সাধুত্ব সংঘটন সম্ভবপর নহে। কারণ তাদৃশ কর্ম্ম সাধুত্ব প্রাপ্তির সর্ব্বথা অনুপযোগী। যেমন শিলার উপর নিপতিত বীজ হইতে অঙ্কুরোৎপাদনের সম্ভাবনা নাই, তদ্রূপ শ্রদ্ধাবিরহিত অসৎ কর্ম্মের সাধুরূপে পরিগণিত হইবার কোনই সম্ভাবনা থাকে না। এই সকল কার্য্য কেন অসৎরূপে পরিগণিত হইয়া থাকে, হে পার্থ! তাহা শ্রবণ কর। উল্লিখিতরূপ শ্রদ্ধাবিরহিত কর্ম্ম পারলৌকিক কোন শুভফল প্রদান করিতে পারে না। কারণ বৈগুণ্য হেতু অপূর্ব্ব উৎপাদনের শক্তি সে কর্ম্মের থাকিতে পারে না। অপিচ ইহলোকেও তদ্দ্বারা কোন শ্রেয়ঃ লব্ধ হয় না। কারণ সাধুগণ কর্ত্তৃক তাদৃশ অনুষ্ঠান নিন্দিত। অতএব ইহাই স্থির হইতেছে যে, যখন অশ্রদ্ধা সহকৃত কর্ম্মের অত্র বা অমুত্র কোনই শুভফল প্রদান করিবার সামর্থ্য নাই, তখন চিত্তশুদ্ধির নিমিত্ত সাত্ত্বিক ভাবাপন্ন হইয়া সাত্ত্বিক কর্ম্মের অনুষ্ঠান করাই আবশ্যক। তাদৃশ শ্রদ্ধাসংকৃত সাত্ত্বিকভাবে অনুষ্ঠিত

কর্ম্মের বৈগুণ্য সম্ভাবনা অতি বিরল। যদি বা তাহাতে দৈবাৎ কোনরূপ বৈগুণ্য উপস্থিত হয়, ওঁ তৎসৎ এই প্রভাবশালী ভগবন্নামোচ্চারণে সেই বৈগুণ্য তিরোহিত হইয়া থাকে, ইহাই এই শ্লোকের মুখ্যার্থ।

অতঃপর প্রশ্ন হইতে পারে যে, শ্রদ্ধা সহকারে সম্পাদিত অসাত্ত্বিক ক্রিয়া কলাপের প্রারম্ভকালে যদি ওঁ তৎ সৎ রূপ ব্রহ্মনাম উচ্চারণ করা হয়, তাহা হইলে সেই মাহাত্ম্য পূর্ণ নামের শক্তিতে কোন প্রকার উপকার অর্থাৎ ইষ্টসিদ্ধি ঘটিত পারে না কি? এইরূপ প্রশ্নের উত্তরে ইহাই কথিত হইতেছে যে, শ্রদ্ধা পূর্ব্বক অনুষ্ঠিত সাত্ত্বিকভাব বিরহিত কর্ম্মেরও প্রাক্কালে ওঁ তৎ সৎ নামোচ্চারণ করিলে ক্রমশঃ কর্ম্মকর্ত্তার হৃদয়ে সাত্ত্বিক ভাবের আবির্ভাব হইয়া থাকে, এবং কালক্রমে তিনি যথার্থ সাত্ত্বিক কর্ম্মের অনুষ্ঠানকারী হইতে পারেন।

এই অধ্যায়ে ত্রিবিধ ব্যবহার ও তাহার ত্রিবিধ ফলাফলের প্রসঙ্গ আলোচিত হইয়াছে। প্রথমত সাত্ত্বিক রাজসিক ও তামসিক এই ত্রিবিধ আহারের বিষয় শ্রীভগবান্ পরিব্যক্ত করিয়াছেন। আহারের সহিত জ্ঞানোন্নতির, অন্তরোন্নতির ও নৈতিকোন্নতির অতি নিকট সম্বন্ধ। এ বিষয়ের অধিক বাদানুবাদ অনাবশ্যক। কারণ স্পষ্টত পরিদৃষ্ট হইয়া থাকে যে, যাহারা অজ্ঞানান্ধ দুরাচার ও সংসারের নিষ্করুণ শত্রু বিশেষ তাহারা অতিশয় নিন্দিত খাদ্যপ্রিয়। তাহারা বৃথা মাংসভোজী, অতি অপকৃষ্ট জীবমাংসলোলুপ, গলিত ও পূতি পদার্থাশী, সুরা গঞ্জিকা প্রভৃতি মাদকানুরক্ত, বহ্বাহারী, এবং সর্ব্বথা নিন্দিত আচরণের অনুরাগী। আহারের অনুরূপ হীন কুকার্য্যেই তাহারা রত। আবার যাঁহারা সময়ে সময়ে নিকৃষ্ট ভোজ্যে আসক্ত হইয়া থাকে, কিন্তু সতত তাদৃশ জঘন্য খাদ্য গ্রহণে প্রবৃত্ত হয় না, সেই মাধ্যমিক অবস্থাপন্ন লোকেরা সদসৎ উভয় কর্ম্মই অনুষ্ঠান করিয়া থাকে। আর যাঁহারা কেবল মাত্র পবিত্র পদার্থ পরিমিতরূপে আহার করেন, সতত সংযম ও ব্রতনিয়মাদির অনুষ্ঠান করেন, নিত্য যথাকালে শান্তচিত্তে অহিংসার্জ্জিত দ্রব্যাদি উদরস্থ করেন, মাদকাদি নিন্দিত সামগ্রী স্পর্শও করেন না, তাঁহাদিগের দ্বারা সমাজের অকল্যাণকর কোন কর্ম্ম কদাপি অনুষ্ঠিত হয় না। তাঁহারা শান্তমূর্ত্তিতে মনুষ্য লোকে বিচরণ করেন, এবং বাক্যে ও কার্য্যে নিরন্তর মানবের হিত

চেষ্টাই করিয়া থাকেন। আহারের এবংবিধ পার্থক্যে যেরূপ ফলবৈষম্য স্পষ্টতঃ পরিদৃষ্ট হয়, তদ্রূপ যজ্ঞাদি নিঃশ্রেয়সপ্রাপক ক্রিয়া কলাপেরও ত্রিবিধ ভাব এবং তত্তাবতেরও ত্রিবিধ ফলবৈষম্য হইয়া থাকে। যজ্ঞ,তপ, দান এই তিনই সাত্ত্বিক, রাজসিক ও তামসিক ভেদে ত্রিবিধ। সেই ত্রিবিধের মধ্যে সাত্ত্বিকানুষ্ঠানই যথার্থ ফলপ্রদানে সক্ষম, তদ্ব্যতীত অন্যান্য অনুষ্ঠান প্রকৃত ফলপ্রদানে অসমর্থ। মনুষ্যের সকল কর্ম্মই সাত্ত্বিক ভাবে আচরিত হওয়া আবশ্যক, এবং সাত্ত্বিক ভাবকেই লক্ষ্য করিয়া মনুষ্যের কর্ত্তব্য পথে অগ্রসর হওয়া উচিত। যদিও ভগবন্নামোচ্চারণ পূর্ব্বক অনুষ্ঠীয়মান কর্ম্ম যথাকালে সর্ব্ব বৈগুণ্য অপনোদন করিয়া প্রভূত ফল-প্রদানে সক্ষম, তথাপি সেই কর্ম্মের মূলে যদি সাত্ত্বিক ভাব না থাকে তাহা হইলে তদ্দ্বারা শাস্ত্রবিহিত ফল প্রাপ্ত হওয়া যায় না। ওঁ তৎসৎ বাক্যও সেই শ্রদ্ধারহিত আসত্ত্বিক অনুষ্ঠানের বৈগুণ্য নাশ করিয়া পরম ফল প্রদান করিতে পারে না। এই শ্রদ্ধামূলক কর্ম্ম তত্ত্ব এই অধ্যায়ে আমূল আলোচিত হইয়াছে, এই জন্যই ইহা "শ্রদ্ধাত্রয়যোগবিভাগ" নামে অভি-হিত হইয়াছে।

বর্ত্তমান অধ্যায়ের প্রথম শ্লোকে জ্ঞানার্থীরূপে অর্জ্জুন জ্ঞানার্ণব সদৃশ বাসুদেবকে সুমধুর ও পরম প্রিয় কৃষ্ণনামে সম্বোধন করিয়া জিজ্ঞাসা করিয়াছেন যে, এসংসারে যাহারা আলস্যাদি পরতন্ত্র হইয়া শাস্ত্রার্থ পরি-জ্ঞানে অসমর্থ, অথচ যথানির্দ্দিষ্ট পরম্পরাগত কর্ম্ম পরায়ণ তাহাদিগের সেই নিষ্ঠা কিরূপে পরিগণিত হইবে? তাহারা একদিকে শাস্ত্র পরিবর্জ্জন হেতু আসুরভাবসম্পন্ন, এবং অন্যদিকে শ্রদ্ধাসহকারে কর্ম্মানুষ্ঠান হেতু দেবভাব বিশিষ্ট। অতএব এরূপ উভয় ভাববিশিষ্ট মনুষ্যগণকে দেব বা অসুর কোন নামে অভিহিত করা যাইতে পারে? এবিষয়ে অর্জ্জুনের ন্যায় লব্ধজ্ঞান মহাপুরুষের কোন প্রকার সন্দেহ ঘটিবার বিশেষ সম্ভাবনা ছিল না। তথাপি লোকহিতার্থ তিনি অজ্ঞের ন্যায় এই প্রশ্ন উত্থাপিত করিয়া পরম পুরুষের মুখারবিন্দবিগলিত উপদেশ-সুধা জনসমাজে প্রচররূপ করিয়া রাখিয়াছেন। গীতা মাহাত্ম্যে কথিত হইয়াছে যে, "সর্ব্বোপনিষদো গাবো দোগ্ধা গোপালনন্দনঃ। পার্থো বৎসঃ সুধীর্ভোক্তা দুগ্ধং গীতামৃতং মহৎ॥" (এই গ্রন্থের উপসংহার খণ্ড গীতামাহাত্ম্য দ্রষ্টব্য) এই স্থলে পার্থকে

বৎসরূপে উল্লেখ করা হইয়াছে, বৎস যেমন মাতৃস্তনে আঘাত করিয়া দুগ্ধ আনয়ন করে, যেরূপে স্বয়ং পান করিয়া অপরের দুগ্ধ লাভের উপায় করিয়া দেয়, বসুন্ধরার কল্যাণব্রত অর্জ্জুন সেইরূপে গীতামৃত প্রবহমান করিবার নিমিত্ত বারংবার আবশ্যক স্থলে প্রশ্নরূপ আঘাত প্রদান করিয়াছেন। অভিন্নহৃদয় বান্ধবের এই মঙ্গলময় প্রশ্ন শ্রবণ করিয়া পরম কারুণিক শ্রীভগবান্ যে উত্তর প্রদান করিয়াছেন, তাহার মর্ম্ম এই যে মনুষ্যেরা ত্রিবিধ শ্রদ্ধার অনুবর্ত্তী। কেহ বা সাত্ত্বিক, কেহ বা রাজসিক কেহ বা তামসিক শ্রদ্ধার অনুসরণ করিয়া ক্রিয়াকলাপ সম্পাদন করে। এক্ষণে অধ্যায়োপসংহার কালে পূর্ব্ব কথিত ত্রিবিধ শ্রদ্ধার ফলবৈষম্য প্রদর্শন করিয়াছেন। যাহারা রাজসী ও তামসী শ্রদ্ধা সহকারে রাজস ও তামস যজ্ঞাদির অনুষ্ঠান করিয়া থাকে, তাহারা শাস্ত্রীয় জ্ঞানসাধনে অনধিকারী, এবং অসুর নামে অভিহিত, আর যাঁহারা সাত্ত্বিকী শ্রদ্ধা সহকারে সাত্ত্বিকী যজ্ঞাদি কর্ম্মের অনুষ্ঠান করিয়া থাকেন, তাঁহারা শাস্ত্রীয় জ্ঞান সাধনে অধিকারী এবং দেব নামে অভিহিত।

এই অধ্যায়ের আলোচনায় উপদেশ প্রাপ্ত হওয়া যাইতেছে যে, কর্ম্ম যে ভাবেই অনুষ্ঠিত হউক না কেন, তাহার মূলে শ্রদ্ধা নিহিত থাকা একান্ত আবশ্যক। যথার্থ শ্রদ্ধা সহকারে যে কর্ম্ম অনুষ্ঠিত হয়, তাহাই সাত্ত্বিক; সাত্ত্বিক কর্ম্মকারিগণের যদি অনবধানতা হেতু কার্য্যে কোন বৈগুণ্য জন্মে, তাহা বিদূরিত হইয়া শুভফল উপস্থিত হয়, কিন্তু শ্রদ্ধা বিরহিত ভাবে অনুষ্ঠিত কর্ম্মের বৈগুণ্য অপচিত হইবার কোনই সম্ভাবনা নাই।

মূলে "ন চ তৎপ্রেত্য নো ইহ" স্থলে যে চকার প্রযুক্ত হইয়াছে তাহা হেতু বোধক ॥ ২৮ ॥

—:(०):—

পূজ্যপাদ শ্রীমৎ শ্রীধর স্বামীর উপসংহার বাক্য। রজঃ তমোময়ী শ্রদ্ধা পরিহার পূর্ব্বক সাত্ত্বিকী শ্রদ্ধাকে আশ্রয় করিলে তত্ত্বজ্ঞানের অধিকার লাভ করা যায়, এই প্রসঙ্গই সপ্তদশাধ্যায়ে আলোচিত হইয়াছে।

পূজ্যপাদ শ্রীমদ্বলদেব বিদ্যাভূষণের উপসংহার বাক্য। স্বভাবজা শ্রদ্ধা

পরিত্যাগ পূর্ব্বক শাস্ত্রজ্ঞা শ্রদ্ধা অবলম্বন করিলে নিঃশ্রেয়স লাভের অধিকারী হওয়া যায়, এই তত্ত্ব সপ্তদশাধ্যায়ে কীর্ত্তিত হইয়াছে।

পূজ্যপাদ শ্রীমদ্বিশ্বনাথের অভিপ্রায়। বিবিধপ্রকারে বিবৃত হইয়াছে যে, সাত্ত্বিকশ্রদ্ধা সহকারে যাহা অনুষ্ঠিত হইয়া থাকে, তাহাই মোক্ষবিধায়ক হয়, ইহাই বর্ত্তমান অধ্যায়ে নিরূপিত হইয়াছে।

যামুনমুনি।—"অশাস্ত্রমাসুরং কৃৎস্নং শাস্ত্রীয়ং গুণতঃ পৃথক্। লক্ষণং শাস্ত্রসিদ্ধস্য ত্রিধা সপ্তদশোদিতং ॥"

তাৎপর্য্য।—আসুরভাব সকলই শাস্ত্রবিগর্হিত; গুণানুসারে শাস্ত্রীয় অনুষ্ঠান সম্পূর্ণ বিভিন্ন; শাস্ত্রসিদ্ধ অনুষ্ঠানের তিনপ্রকার লক্ষণ সপ্তদশাধ্যায়ে কথিত হইয়াছে।

———

অষ্টাদশোঽধ্যায়ঃ।

অর্জ্জুন উবাচ।

সন্ন্যাসস্য মহাবাহো! তত্ত্বমিচ্ছামি বেদিতুং।
ত্যাগস্য চ হৃষীকেশ! পৃথক্ কেশিনিসূদন! ॥ ১ ॥

অন্বয়।—অর্জ্জুনঃ উবাচ (কথয়ামাস) হে হৃষীকেশ! (ইন্দ্রিয়-নিয়ামক!) মহাবাহো! (মহাশক্তিশালিন্!) কেশিনিসূদন! (কেশিবিনাশক!) সন্ন্যাসস্য ত্যাগস্য চ তত্ত্বং (যাথাত্ম্যং) পৃথক্ বেদিতুং (জ্ঞাতুং) ইচ্ছামি (অভিলষামি) ॥ ১ ॥

প্রতিশব্দ।—অর্জ্জুন বলিলেন, হে হৃষীকেশ! হে মহাবাহো! হে কেশি-বিনাশিন্! সন্ন্যাসের এবং ত্যাগের তত্ত্বকে পৃথক-রূপে জানিবার-নিমিত্ত ইচ্ছা-করি ॥ ১ ॥

ব্যাখ্যা।—অর্জ্জুন বলিলেন, হে হৃষীকেশ! হে মহাবাহো! হে কেশিনিসূদন! আমি এক্ষণে সন্ন্যাস এবং ত্যাগ এতদুভয়ের যাথার্থ্য ভিন্ন ভিন্নরূপে জানিতে বাসনা করি ॥ ১ ॥

শঙ্করাচার্য্য।—সর্ব্বস্যৈব গীতাশাস্ত্রস্যার্থোঽস্মিন্নধ্যায়ে উপসংহৃত্য সর্ব্বশ্চ বেদার্থো বক্তব্য ইত্যেবমর্থোঽয়মধ্যায় আরভ্যতে। সর্ব্বেষু হ্যতীতেষ্বধ্যায়েষু উক্তোঽর্থোঽস্মিন্নধ্যায়েঽবগম্যতেঽর্জ্জুনস্তু সন্ন্যাসত্যাগশব্দার্থয়োরেব বিশেষং বুভুৎসুরুবাচ সন্ন্যাসস্যেতি। সন্ন্যাসস্য সন্ন্যাসশব্দার্থস্য ইত্যেতৎ হে মহাবাহো! তত্ত্বং তস্য ভাবস্তত্ত্বং যাথাত্ম্যমিত্যেতৎ ইচ্ছামি বেদিতুং জ্ঞাতুং ত্যাগস্য চ ত্যাগশব্দার্থস্যেত্যেতৎ হৃষীকেশ! পৃথক্ ইতরেতরবিভাগতঃ কেশিনিসূদন! কেশিনামা কশ্চিৎ অসুরস্তন্নিসূদিতবান্ ভগবান্ বাসুদেবস্তেন তন্নাম্না সম্বোধ্যতেঽর্জ্জুনেন ॥ ১ ॥

আনন্দগিরি।—পূর্ব্বৈরধ্যায়ৈর্ব্বিস্তরেণ যত্রতত্রোবিক্ষিপ্ততয়োক্তমর্থং সুখপ্রতিপত্ত্যর্থং সংক্ষেপেণোপসংহৃত্যাভিধাতুমধ্যায়ান্তরমবতারয়তি সর্ব্বস্যৈবেতি। উপসংহৃত্য বক্তব্যইতি

সম্বন্ধঃ। কিঞ্চোপনিষৎসু যতস্ততো বিস্তৃতস্তার্থস্য বুদ্ধিসৌকর্য্যার্থমস্মিন্নধ্যায়ে সংক্ষিপ্তাভিধানং কর্ত্তব্যমুপনিষদাং গীতানাঞ্চৈকার্থত্বাদিত্যাহ সর্ব্বশ্চেতি। কথং সর্ব্বোহপি শাস্ত্রার্থোহস্মিন্নধ্যায়ে সংক্ষিপ্যোপসংহ্রিয়তে তত্রাহ সর্ব্বেষু হীতি। নমু বেদার্থশ্চেদশেষতোহত্র সঞ্জিহীর্ষিতস্তর্হি কিমিতি ত্যাগেনৈকে সন্ন্যাসযোগাদিতি চ বেদার্থৈকদেশবিষয়ং প্রশ্নপ্রতিবচনস্তত্রাহ অর্জ্জুনস্থিতি। পৃথগনয়োস্তত্বং বেদিতুমিচ্ছামীতি বিশেষণাদপৃথগর্থস্তয়োরস্তীতি গম্যতে বুভুৎসিতস্ত প্রষ্টব্যত্বাদে-কদেশে তদভাবাদুক্তপ্রশ্নোপপত্তিরিতিভাবঃ ॥ ১ ॥

রামানুজ।—অতীতেনাধ্যায়দ্বয়েনাভ্যুদয়শ্রেয়ঃসাধনভূত বৈদিকমেব যজ্ঞতপোদানা-দিকং কর্ম্ম নান্যৎ বৈদিকস্য কর্ম্মণঃ সামান্যলক্ষণং প্রণবান্বয়ঃ। তত্র মোক্ষাভ্যুদয়-সাধনয়োর্ভেদস্তৎসচ্ছব্দনির্দ্দেশ্যত্বেন মোক্ষসাধনং চ কর্ম্মফলাভিসন্ধিরহিতং যজ্ঞাদিকং তদারম্ভশ্চ সত্বোদ্রেকাৎ ভবতি সত্ববৃদ্ধিশ্চ সাত্বিকাহারসেবয়েত্যুক্তং। অনন্তরং মোক্ষসাধনতয়া নির্দ্দিষ্টয়ো-স্ত্যাগসংন্যাসয়োরৈক্যং ত্যাগস্য সন্ন্যাসস্ত চ স্বরূপং ভগবতি সর্ব্বেশ্বরে চ সর্ব্বকর্ম্মণাং কর্তৃত্বা-মুসন্ধানং সত্বরজস্তমসাং কার্য্যবর্ণনেন সত্বগুণস্যাবশ্যোপাদেয়ত্বং স্ববর্ণোচিতানাং কর্ম্মণাং পরম-পুরুষারাধনভূতানাং পরমপুরুষপ্রাপ্তিনির্ব্বর্ত্তনপ্রকারঃ কৃৎস্নস্ত গীতাশাস্ত্রস্ত সারার্থো ভক্তিযোগ ইত্যেতে প্রতিপাদ্যন্তে তত্র তাবৎ ত্যাগসংন্যাসয়োঃ পৃথক্ত্বৈকত্বেন স্বরূপনির্ণয়ায় চার্জ্জুনঃ পৃচ্ছতি অর্জ্জুন উবাচ সংন্যাসস্যেতি। ত্যাগসংন্যাসৌ দ্বৌ মোক্ষসাধনায় বিহিতৌ, "ন কর্ম্মণা ন প্রজয়া ধনেন ত্যাগেনৈকেনামৃতত্বমানশুঃ। বেদান্তবিজ্ঞানসুনিশ্চিতার্থাঃ সংন্যাস-যোগাদ্যতয়ঃ শুদ্ধসত্বাঃ। তে ব্রহ্মলোকে তু পরান্তকালে পরামৃতাৎ পরিমুচ্যন্তি সর্ব্বে।" ইত্যাদিষু সংন্যাসস্ত ত্যাগস্য চ তত্বং যাথাত্ম্যং পৃথক্ বেদিতুমিচ্ছামি। অয়মভিপ্রায়ঃ কিমেতৌ সংন্যাসত্যাগশব্দৌ পৃথগর্থৌ উত একার্থৌ বা যদা পৃথগর্থৌ তদা পৃথক্ত্বেন স্বরূপং বেদিতুমিচ্ছামি একত্বেহপি তস্য স্বরূপং বক্তব্যমিতি ॥ ১ ॥

হনুমান্।—সর্ব্বেষধ্যায়েষু ভগবতা বহুশঃ সংন্যাসযোগো নির্দ্দিষ্টঃ অতো বিবেকেন তস্য স্বরূপবুভুৎসয়া অর্জ্জুন উবাচ সংন্যাসস্যেতি। সংন্যাসলক্ষণস্যার্থস্য তত্বং তদ্ভাবম্ বেদিতুমিচ্ছামি পৃথক্ ত্যাগস্বরূপব্যাবৃতং ত্যাগস্যাপি স্বরূপং বেদিতুমিচ্ছামি। কেশিনাম কশ্চিৎ অসুরস্তন্নিসূদিতবান্ বাসুদেবস্তস্য সম্বোধনম্ ॥ ১ ॥

শ্রীধর।—স্যাসত্যাগবিভাগেন সর্ব্বগীতার্থসংগ্রহং। স্পষ্টমষ্টাদশে প্রাহ পরমার্থ-বিনির্ণয়ে ॥ অত্র চ, "সর্ব্বকর্ম্মাণি মনসা সংন্যস্যাস্তে সুখং বশী। সংন্যাসযোগযুক্তাত্মে"ত্যাদিষু কর্ম্মসংন্যাস উপদিষ্টস্তথা "ত্যক্ত্বা কর্ম্মফলাসঙ্গং নিত্যতৃপ্তোনিরাশ্রয়ঃ। সর্ব্বকর্ম্মফলত্যাগং ততঃ কুরু যতাত্মবানি"ত্যাদিষু চ ফলমাত্রত্যাগেন কর্ম্মানুষ্ঠানমুপদিষ্টং, নচ পরস্পরবিরুদ্ধং সর্ব্বজ্ঞঃ পরম-কারুণিকোভগবানুপদিশেৎ অতঃ কর্ম্মসন্ন্যাসস্ত তদনুষ্ঠানস্ত চাবিরোধপ্রকারং বুভুৎসুরর্জ্জুন উবাচ সন্ন্যাসস্যেতি। ভো হৃষীকেশ! সর্ব্বেন্দ্রিয়নিয়ামক! হে কেশিনিসূদন! কেশি-নাম্নো মহতোহয়াকৃতের্দৈত্যস্ত যুদ্ধে মুখং ব্যাদায় ভক্ষিতুমিচ্ছতোহত্যন্তং ব্যাত্তমুখে বামবাহুং প্রবেশ্য তৎক্ষণমেব বিবৃদ্ধেন তেনৈব বাহুনা কর্কটিকাফলবত্তং বিদার্য্য নিসূদিতবান, অতএব

হে মহাবাহো! ইতি সম্বোধনং, সন্ন্যাসস্য ত্যাগস্য চ তত্ত্বং পৃথক্ বিবেকেন বেদিতুমিচ্ছামি ॥ ১ ॥

বলদেব।—গীতার্থানিহ সংগৃহ্নন্ হরিরষ্টাদশেঽখিলান্। ভক্তেস্তত্র প্রপত্তেশ্চ সোঽব্রবীদতিগোপ্যতাম্॥ "সর্ব্বকর্ম্মাণি মনসা সংন্যস্যাস্তে সুখং বশী"ত্যাদৌ সন্ন্যাসশব্দেন কিমুক্তং, "ত্যক্ত্বা কর্ম্মফলাসঙ্গ"মিত্যাদৌ ত্যাগশব্দেন চ কিমুক্তং ভগবতা তত্র সন্দিহানোঽর্জ্জুনঃ পৃচ্ছতি সন্ন্যাসস্যেতি। সন্ন্যাসত্যাগশব্দৌ শৈলতরুশব্দাবিব বিজাতীয়ার্থৌ কিংবা কুরুপাণ্ডবশব্দাবিব সজাতীয়ার্থৌ। যদ্যাদ্যস্তর্হি সংন্যাসস্য ত্যাগস্য চ তত্ত্বং পৃথগ্বেদিতুমিচ্ছামি। যদ্যন্ত্যস্তর্হি তত্রাবান্তরোপাধিমাত্রং ভেদকং ভাবি তচ্চ বেদিতুমিচ্ছামি। হে মহাবাহো কৃষ্ণ! হৃষীকেশেতি ধীবৃত্তিপ্রেরকত্বাত্ত্বমেব মৎসন্দেহমুৎপাদয়সি। কেশিনিসূদনেতি ত্বম্ মৎসন্দেহম্ কেশিনমিব বিনাশয়েতি ॥ ১ ॥

মধুসূদন।—পূর্ব্বাধ্যায়ে শ্রদ্ধাত্রৈবিধ্যেনাহারযজ্ঞতপোদানত্রৈবিধ্যেন চ কর্ম্মিণাং ত্রৈবিধ্যমুক্তং সাত্ত্বিকানামাদানায় রাজসতামসানাং চ হানায়, ইদানীং তু সংন্যাসত্রৈবিধ্যকথনেন সন্ন্যাসিনামপি ত্রৈবিধ্যং বক্তব্যং, তত্র তত্ত্ববোধনানন্তরং যঃ ফলভূতঃ সর্ব্বকর্ম্মসংন্যাসঃ স চতুর্দ্দশেঽধ্যায়ে গুণাতীতত্বেন ব্যাখ্যাতত্বান্ন সাত্ত্বিকরাজসতামসভেদমর্হতি, যোঽপি তত্ত্ববোধাৎ প্রাক্ তদর্থং সর্ব্বকর্ম্মসংন্যাসস্তত্ত্ববুভুৎসয়া বেদান্তবাক্যবিচারায় ভবতি সোঽপি "ত্রৈগুণ্যবিষয়া বেদা নিস্ত্রৈগুণ্যো ভবার্জ্জুনে"ত্যাদিনা নির্গুণত্বেন ব্যাখ্যাতঃ, যস্ত্বনুৎপন্নতত্ত্ববোধানামনুৎপন্নতত্ত্ববুভুৎসূনাং চ কর্ম্মসংন্যাসঃ স সংন্যাসী চ যোগী চেত্যাদিনা গৌণোব্যাখ্যাতস্তস্য ত্রৈবিধ্যসম্ভবাত্তদ্বিশেষং বুভুৎসুঃ অবিদুষামনুপজাতবিবিদিষাণাং চ কর্ম্মাধিকৃতানামেব কিঞ্চিৎকর্ম্মগ্রহেণ কিঞ্চিৎকর্ম্মপরিত্যাগেযঃ স ত্যাগাংশগুণযোগাৎ সংন্যাসশব্দেনোচ্যতে, এতাদৃশস্যান্তঃকরণশুদ্ধ্যর্থমবিদ্বৎকর্ম্মাধিকারিকর্ত্তৃকস্য সংন্যাসস্য কেনচিদ্রূপেণ কর্ম্মত্যাগস্য তত্ত্বং স্বরূপং পৃথক্ সাত্ত্বিকরাজসতামসভেদেন বেদিতুমিচ্ছামি ত্যাগস্য চ তত্ত্বং বেদিতুমিচ্ছামি, কিং সংন্যাসত্যাগশব্দৌ ঘটপটশব্দাবিব ভিন্নজাতীয়ার্থৌ, কিম্বা ব্রাহ্মণপরিব্রাজকশব্দাবিবৈকজাতীয়ার্থৌ, যদ্যাদ্যস্তর্হি ত্যাগস্য তত্ত্বং সংন্যাসাৎ পৃথক্ বেদিতুমিচ্ছামি, যদি দ্বিতীয়স্তর্হ্যবান্তরোপাধিভেদমাত্রং বক্তব্যং একব্যাখ্যানেনৈবোভয়ং ব্যাখ্যাতং ভবিষ্যতি। মহাবাহো কেশিনিসূদন ইতি সম্বোধনাভ্যাম্ বাহ্যোপদ্রবনিবারণস্বরূপযোগ্যতাফলোপধানে প্রদর্শিতে, হৃষীকেশেত্যন্তোপদ্রবনিবারণসামর্থ্যমিতি ভেদঃ, অত্যানুরাগাৎ সম্বোধনত্রয়ং। অত্রার্জ্জুনস্য দ্বৌ প্রশ্নৌ কর্ম্মাধিকারিকর্তৃত্বেন পূর্ব্বোক্তযজ্ঞাদিসাধর্ম্ম্যেণ সংন্যাসশব্দপ্রতিপাদ্যত্বেন চ গুণাতীতসংন্যাসত্বসাধর্ম্ম্যেণ ত্রৈগুণ্যসত্ত্বাসত্ত্বাভ্যাম্ সংশয়ঃ প্রথমস্য প্রশ্নস্য বীজং, দ্বিতীয়স্য তু সংন্যাসত্যাগশব্দয়োঃ পর্য্যায়ত্বাৎ কর্ম্মফলত্যাগরূপেণ চ বৈলক্ষণ্যোক্তেঃ সংশয়ঃ ॥ ১ ॥

নীলকণ্ঠ।—অস্যামষ্টাদশাধ্যায্যাং প্রথমে উপোদ্ঘাতিতানাং দ্বিতীয়ে সূত্রিতানাং শেষৈর্ব্যুৎপাদিতানামর্থানাং কার্ৎস্নেনোপসংহারার্থোঽয়মন্তিমোঽধ্যায় আরভ্যতে, তত্র পূর্ব্বাধ্যায়ান্তেঽশ্রদ্ধয়া হুতং সর্ব্বং ব্যর্থমিত্যুক্তং তত্র ফলাবশ্যম্ভাবনিশ্চয়ঃ শ্রদ্ধা সাচ ফলবতাং কর্ম্মণা-

মেবাঙ্গং নতু কর্ম্মবিরহরূপস্য সন্ন্যাসস্য ভাবরূপফলবর্জ্জিতস্য, অভাবাৎ ভাবোৎপত্তেরযোগাৎ, তস্মাচ্ছ্রদ্ধাসাপেক্ষকর্ম্মাপেক্ষয়া শ্রদ্ধানপেক্ষঃ সন্ন্যাসঃ শ্রেয়ান্, নচাস্যৈবংরূপস্য শ্রদ্ধাত্রৈবিধ্য প্রযুক্তং সাত্ত্বিকাদিভেদেন ত্রৈবিধ্যং সংভবতি যেন ফলে তারতম্যং স্যাৎ তৎফলস্য দৃষ্টিবিক্ষেপ-নিবৃত্তিরূপস্য সর্ব্বত্র তুল্যত্বাৎ, স চ সংন্যাসো যদি কর্ম্মত্যাগ এব তর্হি সিদ্ধং নঃ সমীহিতং যদি তু তৌ ভিন্নৌ তর্হি তয়োর্ব্বৈলক্ষণ্যং বিচার্য্যমিত্যাশয়েনার্জ্জুন উবাচ সংন্যাসস্যেতি। হে মহাবাহো! হে হৃষীকেশ! হে কেশিনিসূদনেতি বহুকৃত্বঃ সম্বোধয়ন্ জিজ্ঞাসিতেঽর্থেঽত্যাদরং দর্শয়তি, সন্ন্যাসস্য তত্ত্বং যাথাত্ম্যং ত্যাগাৎ পৃথগ্‌ভূতং বেদিতুমিচ্ছামি ত্যাগস্য যাথাত্ম্যং সন্ন্যাসাৎ পৃথগ্‌ভূতং বেদিতুমিচ্ছামীতি চকারেণানুবর্ত্ততে॥ ১॥

বিশ্বনাথ।—সন্ন্যাসজ্ঞানকর্ম্মাদেস্ত্রৈবিধ্যং মুক্তিনির্ণয়ঃ। গুহ্যসারতমা ভক্তিরিত্য-ষ্টাদশ উচ্যতে॥ অনন্তরাধ্যায়ে "তদিত্যনভিসন্ধায় ফলং যজ্ঞতপঃক্রিয়াঃ। দানক্রিয়াশ্চ বিবিধাঃ ক্রিয়ন্তে মোক্ষকাঙ্ক্ষিভিঃ।" ইত্যত্র ভবদ্বাক্যে মোক্ষকাঙ্ক্ষিশব্দেন সন্ন্যাসিন এবোচ্যন্তে অন্যেবা, যদ্যন্যে এব তে তর্হি "সর্ব্বকর্ম্মফলত্যাগং ততঃ কুরু যতাত্মবান।" ইতি ত্বদুক্তানাং সর্ব্ব-কর্ম্মফলত্যাগিনাং তেষাং স ত্যাগঃ কঃ সন্ন্যাসিনাঞ্চ কোবা সন্ন্যাস ইতি বিবেকতো জিজ্ঞাসুরাহ সন্ন্যাসস্তেতি। পৃথগিতি যদি সন্ন্যাসত্যাগশব্দৌ ভিন্নার্থৌ তদা সন্ন্যাসস্য ত্যাগস্যচ তত্ত্বং পৃথগ্বেদিতু-মিচ্ছামি। হে হৃষীকেশেতি মদ্বুদ্ধেঃ প্রবর্ত্তকত্বাৎ ত্বমেব ইমং সন্দেহমুত্থাপয়সি। কেশিনিসূদন ইতি ত্বং মহাবাহুবলান্বিতোঽহং কিঞ্চিদ্বাহুবলান্বিত ইত্যেতদংশেনৈব ময়াসহ সখ্যং তব নতু সার্ব্বজ্ঞাদিভিরংশৈঃ অতস্ত্বদ্দত্ত কিঞ্চিৎ সখ্যভাবাদেব প্রশ্নে মম নিঃশঙ্কতা ইতি ভাবঃ॥ ১॥

তাৎপর্য্য।—জ্ঞানোপদেশপূর্ণ তত্ত্ব কথার নিকেতন স্বরূপ সুপবিত্র গীতাশাস্ত্রের শেষ অধ্যায়ে জ্ঞাতব্য বিষয়ের সারসমূহ আলোচিত হই-তেছে। গ্রন্থোপসংহার কালে যে যে স্থল সন্দেহসঙ্কুল অথবা দুর্ব্বোধ বলিয়া অনুমিত হইয়াছে, শ্রীভগবান্ তত্তাবতের প্রাঞ্জল ও সরল মীমাংসা বিন্যাস করিতেছেন। গত অধ্যায়ের উপসংহার কালে উল্লেখ করা হই-য়াছে যে, অর্জ্জুনকৃত প্রশ্ন অবলম্বন করিয়াই উত্তর স্বরূপে ভগবান্ বিশেষ বিশেষ প্রসঙ্গের অবতারণা করিয়াছেন। এই অষ্টাদশ অধ্যায়ও অর্জ্জুন কৃত প্রশ্নের উত্তর স্বরূপে আরব্ধ হইতেছে।

পূজ্যপাদ শ্রীমচ্ছঙ্করাচার্য্য তথা শ্রীমদানন্দগিরির অভিপ্রায়। সমগ্র গীতাশাস্ত্রের যাবতীয় অর্থ সংগ্রহ করিয়া সকল বেদের যথাবৎ অর্থ ব্যক্ত করিবার অভিপ্রায়ে এই অধ্যায় আরব্ধ হইতেছে। অতীত অধ্যায়নিচয়ে যে সকল তত্ত্বার্থ প্রকটিত হইয়াছে, তাহার রহস্য এই অধ্যায়ে পরিজ্ঞাত হওয়া যাইবে। সন্ন্যাস এবং ত্যাগ এই উভয়ের বিশেষত্ব প্রণিধান

করিবার আকাঙ্ক্ষায় অর্জ্জুন বাক্যারম্ভ করিতেছেন। অর্জ্জুন বলিতেছেন, হে মহাবাহো! সন্ন্যাস শব্দের তত্ত্ব অর্থাৎ যাথাত্ম্য আমি জানিতে অভিলাষ করি। অপি চ ত্যাগ শব্দেরও ইতরেতর বিশেষ নির্দ্দেশ সহকৃত যাথাত্ম্য আমি জানিতে বাসনা করি। হে হৃষীকেশ, হে কেশি-নিসূদন, এই সম্বোধন বাক্যের মধ্যে শেষ শব্দ দ্বারা ব্যক্ত হইতেছে যে, কেশি নামক কোন দুষ্ট অসুরকে বধ করিয়া ভগবান্ বাসুদেব কেশি-নিসূদন নামে পরিচিত হইয়াছেন। সেই নাম অবলম্বনে অর্জ্জুন তাঁহাকে সম্বোধন করিতেছেন।

পূজ্যপাদ শ্রীমদ্রামানুজাচার্য্যের অভিপ্রায়। অতীত অধ্যায়দ্বয়ে মানবের অভ্যুদয় এবং শ্রেয়ঃসাধক বৈদিক যজ্ঞ তপোদানাদির প্রসঙ্গো-পলক্ষে বেদবিহিত কর্ম্মের সহিত প্রণবের সম্বন্ধ আলোচিত হইয়াছে। তথায় মোক্ষরূপ অভ্যুদয় এবং তৎসাধনের ভেদ বর্ণনব্যপদেশে কথিত হইয়াছে যে, তৎসৎশব্দ নির্দ্দেশপূর্ব্বক কামনা বিরহিত যজ্ঞাদির অনুষ্ঠান সত্ত্বগুণের উদ্রেক হইতেই সম্পন্ন হইয়া থাকে এবং তাদৃশ যজ্ঞাদির অনু-ষ্ঠান দ্বারা মোক্ষরূপ অভ্যুদয় লব্ধ হয়। ইহাও পূর্ব্বে কথিত হইয়াছে যে, সাত্ত্বিক আহারাদির সেবনেই সত্ত্বগুণের বৃদ্ধি হইয়া থাকে। অনন্তর মোক্ষ সাধনের হেতুভূত ত্যাগ ও সন্ন্যাসের ঐক্য,ত্যাগ ও সন্ন্যাসের স্বরূপ, শ্রীভগবানকে সকল কর্ম্মের কর্ত্তারূপে অনুসন্ধান, সত্ত্ব রজ তম এই ত্রিবিধ গুণের ভিন্ন ভিন্ন কার্য্য বর্ণন দ্বারা সত্ত্ব গুণের উপাদেয়ত্ব, পরম পুরুষের আরাধনভূত স্ববর্ণোচিত কর্ম্ম সাধন দ্বারা পরম পুরুষ প্রাপ্তির প্রকার, সমস্ত গীতাশাস্ত্রের সারস্বরূপ ভক্তিযোগ, এই সকল প্রসঙ্গ এই অধ্যায়ে প্রতিপাদিত হইতেছে। অধ্যায়ারম্ভে ত্যাগ ও সন্ন্যাসের একত্ব ও পৃথক্ত্ব নির্ণয় করিবার অভিপ্রায়ে, এবং তদুভয়ের স্বরূপ পরিজ্ঞানের নিমিত্ত অর্জ্জুন প্রশ্ন উত্থাপন করিতেছেন। ত্যাগ এবং সন্ন্যাস এতদুভয়ই মোক্ষ সাধনের উপায়স্বরূপে বিহিত হইয়াছে। "ন কর্ম্মণা ন প্রজয়া ধনেন ত্যাগেনৈকেন অমৃতত্বমানশুঃ। বেদান্তবিজ্ঞানসুনিশ্চিতার্থাঃ সন্ন্যাসযোগাৎ যতয়ঃ শুদ্ধসত্ত্বাঃ। তে ব্রহ্মলোকেতু পরান্তকালে পরামৃতাৎ পরিমুচ্যন্তি সর্ব্বে॥" ইহার ভাবার্থ যথা; 'কেবল ত্যাগ দ্বারাই অমৃতত্ব অর্থাৎ মোক্ষ লব্ধ হইয়া থাকে, কর্ম্ম দ্বারা ধনদ্বারা বা প্রজা দ্বারা তাহা

লাভ করা যায় না। বেদান্ত বিজ্ঞান দ্বারা সুনিশ্চিত জ্ঞানসম্পন্ন শুদ্ধসত্ত্ব যতিগণ সন্ন্যাসযোগ দ্বারা মৃত্যুর পরে ব্রহ্মলোকে গমন করিয়া পরিমুক্ত হইয়া থাকেন।' ইত্যাদি শাস্ত্রীয় বচন, ত্যাগ ও সন্ন্যাসের মোক্ষ বিধায়কত্ব সমর্থন করিতেছেন। এই সন্ন্যাস ও ত্যাগের পৃথক্ যাথাত্ম্য জানিতে আমি ইচ্ছা করি। অর্জ্জুনের ইহাই অভিপ্রায়, সন্ন্যাস এবং ত্যাগ পৃথকার্থবোধক অথবা উভয়ই একার্থক। যদি এই দুই পৃথকার্থবোধক হয়, তাহা হইলে আমি পৃথক্‌ভাবে তদুভয়ের স্বরূপ জানিতে ইচ্ছা করি; আর যদি তদুভয়ের ভাব একই হয়, তাহা হইলে আপনি তাহাও ব্যক্ত করুন।

পূজ্যপাদ শ্রীমদ্ধনুমানের অভিপ্রায়। অতীত অধ্যায় নিচয়ের নানা স্থানে শ্রীভগবান্ সন্ন্যাসযোগের কথা ব্যক্ত করিয়াছেন। বিবেক সহকারে সেই সন্ন্যাসের স্বরূপ জানিবার আকাঙ্ক্ষায় অর্জ্জুন প্রশ্নের অবতারণা করিয়াছেন।

পূজ্যপাদ শ্রীধর স্বামীর অভিপ্রায়। এই গ্রন্থে "সর্ব্বকর্ম্মাণি মনসা সংন্যস্যাস্তে" (৫ম অধ্যায় ১৩ শ্লোক) "সন্ন্যাসযোগযুক্তাত্মা" (৯ম অধ্যায় ২৮ শ্লোক) ইত্যাদি স্থলে কর্ম্মসন্ন্যাসের বিষয় উপদিষ্ট হইয়াছে। "ত্যক্ত্বা কর্ম্মফলাসঙ্গং নিত্যতৃপ্তো নিরাশ্রয়ঃ।" (৪র্থ অধ্যায় ২০ শ্লোক) "সর্ব্বকর্ম্মফলত্যাগং ততঃ কুরু যতাত্মবান্" (১২শ অধ্যায় ১১শ শ্লোক) ইত্যাদি স্থলে ফলাভিসন্ধি পরিত্যাগ পূর্ব্বক কর্ম্মানুষ্ঠানের বিষয় পরিব্যক্ত হইয়াছে। পরম কারুণিক সর্ব্বজ্ঞ শ্রীভগবানের মুখ হইতে কখনই পরস্পর বিরোধী তত্ত্ব নির্গত হওয়া সম্ভাবিত নহে। এক্ষণে শ্রীমদর্জ্জুন সেই কর্ম্মসন্ন্যাস ও কর্ম্মসাধন এতদুভয়ের অবিরোধিতা পরিজ্ঞানের কামনায় এ স্থলে প্রশ্ন উত্থাপিত করিয়াছেন। হে হৃষীকেশ অর্থাৎ সর্ব্বেন্দ্রিয়নিয়ামক! হে কেশিনিসূদন অর্থাৎ কেশি নামক অশ্বাকৃতি অতি দুরন্ত দৈত্যের ব্যাদিত মুখগহ্বরে বাহু প্রবিষ্ট করিয়া এবং সেই বাহু পরিবর্দ্ধন করিয়া সেই অসুরকে তৎক্ষণাৎ অনায়াসে যিনি কর্কটিকা (কাঁকুড়) ফলের ন্যায় বিদারণ পূর্ব্বক হনন করিয়াছিলেন (৩০ পৃষ্ঠার টীপ্পনী দ্রষ্টব্য), তিনি নিশ্চয়ই মহাবাহু; অতএব মহাবাহো! এই সম্বোধন সুসঙ্গত হইয়াছে। সন্ন্যাস এবং ত্যাগের তত্ত্ব পৃথক্ ভাবে জানিতে আমি ইচ্ছা করি।

পূজ্যপাদ শ্রীমদ্বলদেবের অভিপ্রায়। "সর্ব্বকর্ম্মাণি মনসা" (৫ম অধ্যায় ১৩ শ্লোক) এই স্থলে শ্রীভগবান্ সন্ন্যাস শব্দ দ্বারা কিরূপ অর্থ পরিব্যক্ত করিয়াছেন, এবং "ত্যক্ত্বা কর্ম্মফলাসঙ্গং" (৪র্থ অধ্যায় ২০ শ্লোক) এই স্থলেই বা শ্রীভগবান্ ত্যাগ শব্দ দ্বারা কোন অর্থ নিরূপিত করিয়াছেন, এতদ্বিষয়ে সন্দিহান হইয়া অর্জ্জুন প্রশ্নোত্থাপন করিতেছেন। সন্ন্যাস ও ত্যাগ শব্দ, শৈল ও বৃক্ষ শব্দের ন্যায় বিজাতীয় অর্থবোধক, অথবা কুরুপাণ্ডব শব্দ তুল্য সজাতীয় অর্থবাচক? যদি পূর্ব্বার্থ বোধক হয়, তাহা হইলে সন্ন্যাস এবং ত্যাগের যে পৃথক্ অর্থ, তাহা পৃথকরূপে জানিতে ইচ্ছা করি। অথবা যদি এই উভয় শব্দ শেষার্থবাচী হয়, তাহা হইলে ইহার সজাতীয় ভেদ না থাকিলেও যে অবান্তর উপাধিমাত্র ভেদ আছে, তাহাও জানিবার নিমিত্ত আমি বাসনা করি। হে মহাবাহো! কৃষ্ণ! হৃষীকেশ অর্থাৎ বুদ্ধিবৃত্তির নিয়ামক! অতএব তুমিই আমার হৃদয়জাত সন্দেহের উত্থাপক, অপিচ তুমি কেশিনিসূদন, এই জন্য তুমিই আমার এই সন্দেহকে কেশি নামক অসুরের ন্যায় বিনাশ কর।

পূজ্যপাদ শ্রীমন্মধুসূদনের অভিপ্রায়। পূর্ব্বাধ্যায়ে ত্রিবিধ শ্রদ্ধার প্রসঙ্গ ক্রমে ত্রিবিধ আহার যজ্ঞ তপোদানের ভেদ নির্দ্দেশ দ্বারা তিন প্রকার ভেদের বিবরণ বিন্যস্ত হইয়াছে। তাহাতে ইহাই মীমাংসিত হইয়াছে যে, সাত্ত্বিক ভাবই গ্রহণীয় এবং রাজস ও তামস ভাব পরিত্যাজ্য। অধুনা সন্ন্যাসের ত্রিবিধ ভেদ নির্দ্দেশ দ্বারা সন্ন্যাসিগণেরও ত্রিবিধ ভেদ নির্দ্দিষ্ট হইতেছে। এই গ্রন্থের চতুর্দ্দশাধ্যায়ে বিবৃত হইয়াছে যে, তত্ত্ব বোধ উপজাত হওয়ার পর ফলভূত স্বরূপ যে সর্ব্ব কর্ম্ম সন্ন্যাসের আবির্ভাব হয়, সে অবস্থায় সাত্ত্বিক রাজসিক তামসিক গুণের কোন প্রলেপ থাকে না। অর্থাৎ সেই গুণাতীত অবস্থায় সত্ত্বাদি কোন গুণজনিত ভেদের সম্ভাবনা থাকে না। তত্ত্বজ্ঞান লাভের পূর্ব্বে তল্লাভার্থ তত্ত্বজ্ঞান কামনা প্রণোদিত বেদান্তবাক্য বিচারজনিত যে সর্ব্বকর্ম্মসন্ন্যাস, তাহাও "ত্রৈগুণ্য-বিষয়া বেদা নিস্ত্রৈগুণ্যো ভবার্জ্জুন" (২য় অধ্যায় ৪৫ শ্লোক) এই স্থলে নির্গুণত্বরূপে ব্যাখ্যাত হইয়াছে। যে স্থলে তত্ত্বজ্ঞান উৎপন্ন হয় নাই, যাঁহাদের হৃদয়ে তত্ত্বজ্ঞানেচ্ছা জন্মে নাই, তাদৃশ স্থলে ব্যক্তিগণের যে কর্ম্ম-সন্ন্যাস, তাহা "স সন্ন্যাসী চ যোগী চ" (৬ষ্ঠ অঃ ১ শ্লোক) এই বাক্যে

গৌণরূপে নির্ণীত হইয়াছে। এইরূপ কর্ম্মসন্ন্যাসীর সাত্বিকাদি ত্রিবিধ ভেদসম্ভাবিত। সেই ভেদেরই বিশেষত্ব জানিবার বাসনায় অর্জ্জুন প্রশ্ন করিতেছেন। যাহাদিগের হৃদয়ে জ্ঞানের উন্মেষ হয় নাই, অথবা যাহাদের জ্ঞানেচ্ছার আবির্ভাব হয় নাই, তাদৃশ কর্ম্মাধিকারিগণের যে কিঞ্চিৎ কর্ম্ম অবলম্বন এবং কিঞ্চিৎ কর্ম্ম পরিত্যাগ, তাহাতে ত্যাগাংশের সহিত গুণযোগ হওয়ায় তাহাও সন্ন্যাস নামে অভিহিত হয়। অন্তঃকরণ বিশুদ্ধির নিমিত্ত অপরিজ্ঞাতকর্ম্মতত্ত্ব কর্ম্মাধিকারিগণের যে এতাদৃশ সন্ন্যাস, তাহার স্বরূপ পৃথক্ ভাবে অর্থাৎ তাহার সাত্বিক রাজসিক ও তামসিক ভেদ জানিতে আমি ইচ্ছা করি। এইরূপ সন্ন্যাসের তত্ত্ব জানিতে আমার যেরূপ অভিলাষ, সেইরূপ ত্যাগের তত্ত্ব জানিতেও আমার আকাঙ্ক্ষা। আমার অভিপ্রায় এই যে, এই সন্ন্যাস ও ত্যাগ শব্দ কি ঘট পটাদিবৎ সম্পূর্ণ ভিন্ন ভিন্ন জাতীয় বস্তুর বোধক অথবা তদুভয় শব্দ কি ব্রাহ্মণ পরিব্রাজক শব্দবৎ এক জাতীয় বস্তুর পরিচায়ক? যদি আদ্য অর্থাৎ ঘট পটাদিবৎ পৃথক জাতীয়বাচক হয়, তাহা হইলে ত্যাগের তত্ত্ব সন্ন্যাস হইতে পৃথক জানিতে ইচ্ছা করি, অর্থাৎ সন্ন্যাসের সহিত ত্যাগের যে পার্থক্য তাহা আমি স্পষ্টরূপে বুঝিতে বাসনা করি। আর যদি দ্বিতীয় অর্থাৎ ব্রাহ্মণ পরিব্রাজকবৎ তদুভয়ের এক জাতীয় বিভিন্নতা থাকে, তাহা হইলে তাহার অবান্তর উপাধি ভেদমাত্র আমার নিকট প্রকাশ করুন। একের ব্যাখ্যা হইলে উভয়ের তত্ত্বই ব্যাখ্যাত হইবে, অর্থাৎ সন্ন্যাস ও ত্যাগ এতদুভয়ের পরস্পর ভেদ না থাকিলে একতরের তত্ত্ব পরিব্যক্ত করিলে অপরের তত্ত্ব সঙ্গে সঙ্গে পরিস্ফুট হইবে। মহাবাহো ও কেশিনিসূদন এই দুই সম্বোধন বাক্য দ্বারা শ্রীভগবানের বাহ্যোপদ্রব নিবারণ যোগ্যতা সূচিত হইয়াছে, আর হৃষীকেশ সম্বোধন দ্বারা তাঁহার অন্তর উপদ্রব নিবারণ যোগ্যত্ব সুচিত হইয়াছে। অনুরাগের আতিশয্য হেতু এ স্থলে তিনটী সম্বোধন পদ প্রযুক্ত হইয়াছে। এই স্থলে অর্জ্জুন যে প্রশ্ন উত্থাপিত করিয়াছেন, তাহা দুইটী ভিন্ন ভিন্ন প্রশ্নের উত্থাপন করিতেছে। কর্ম্মাধিকারিগণের পক্ষে পূর্ব্বোক্ত যজ্ঞাদির অনুষ্ঠানে ত্রৈগুণ্যাশ্রয়ের সম্ভাবনা আছে, কিন্তু গুণাতীত সর্ব্ব কর্ম্মসন্ন্যাসিগণের পক্ষে কোন কর্ম্মেই গুণাশ্রয়ের সম্ভাবনা নাই, ইহাই অর্জ্জুনের প্রথম প্রশ্নের

বীজস্বরূপ, অর্থাৎ সন্ন্যাসতত্ত্ব সুন্দররূপে হৃদয়ঙ্গম হইলে এইরূপ গুণাশ্রিত ও গুণাতীত সন্ন্যাসিগণের তত্ত্ব যথার্থতঃ প্রণিধান করা যাইবে, সুতরাং তৎপরিজ্ঞানের নিমিত্ত প্রশ্ন আবশ্যক। আর সন্ন্যাস ও ত্যাগ শব্দ সমার্থ-বাচক, তন্মধ্যে কর্ম্মফল ত্যাগরূপ যে বৈলক্ষণ্য আছে, তাহারই মর্ম্ম পরিজ্ঞানের নিমিত্ত সংশয় উপস্থিত হওয়ায় দ্বিতীয় প্রশ্ন সুচিত হইতেছে।

পূজ্যপাদ শ্রীমন্নীলকণ্ঠের অভিপ্রায়। এই গ্রন্থে, দ্বিতীয়াদি অধ্যায়ে যে সকল প্রসঙ্গ সুচিত হইয়াছে এবং পরে যাহার নানাপ্রকার আলোচনা হইয়াছে, তৎসমস্ত এই উপসংহার স্বরূপ অষ্টাদশ অধ্যায়ে বিন্যস্ত হই-তেছে। পূর্ব্বাধ্যায়ান্তে অর্থাৎ সপ্তদশাধ্যায়ান্তে প্রতিপন্ন হইয়াছে যে, অশ্রদ্ধা সহকারে অনুষ্ঠিত সমস্ত কার্য্যই ব্যর্থ হইয়া থাকে। কর্ম্মসমূহের ফলসদ্ভাব নিশ্চয়তা অর্থাৎ কর্ম্মজনিত ফল প্রাপ্তির যে অবশ্যম্ভাবিতা তাহাই শ্রদ্ধা। ইহার ভাবার্থ এই যে, সেই শ্রদ্ধাই কর্ম্মজনিত ফলাফল আনয়ন করে, এবং তাহার সদ্ভাব ও অসদ্ভাবে ফলের ব্যতিক্রম ঘটে। সেই শ্রদ্ধা ফলপরিণামী কর্ম্মের অঙ্গস্বরূপ, অর্থাৎ যে কর্ম্ম যথাকালে বিহিত ফল প্রদান করিবে, শ্রদ্ধা সেই কর্ম্মেরই নিত্য সঙ্গিনী। শ্রদ্ধা-বিরহিত ভাবে সম্পাদিত কোন ক্রিয়া ফল প্রদান করিতে পারে না। কিন্তু কর্ম্ম বিরতরূপ সন্ন্যাসের সহিত শ্রদ্ধার সেরূপ সম্বন্ধ নাই, অর্থাৎ কর্ম্ম শ্রদ্ধা-হীনরূপ সন্ন্যাসের সঙ্গিনী নহে। কারণ কর্ম্মজনিত যে ফল, তাহা ভাব অর্থাৎ বিদ্যমান রূপে পরিগণিত, সুতরাং যেখানে সর্ব্বকর্ম্মের সন্ন্যাস অর্থাৎ কর্ম্মের অভাব, সেখানে ভাবরূপ ফলের বিদ্যমানতা অসম্ভব, অতএব শ্রদ্ধাও তথায় থাকিতে পারে না। কারণ অভাবের সহিত ভাবের সঙ্গ নাই। অতএব সিদ্ধান্ত হইতেছে যে, শ্রদ্ধাসহকৃত কর্ম্ম অর্থাৎ পরিণামে ফলপ্রদানক্ষম শ্রদ্ধাযুক্ত যজ্ঞ দানাদি ব্যাপার এবং শ্রদ্ধা নির-পেক্ষ সন্ন্যাস অর্থাৎ শ্রদ্ধার আবশ্যকতাবিহীন সর্ব্বকর্ম্মরাহিত্য, এত-দুভয়ের মধ্যে সন্ন্যাস শ্রেয়। এই সন্ন্যাসের ত্রিবিধ শ্রদ্ধার সহিত সংযোগ অথবা সাত্ত্বিকাদি ত্রিবিধ ভেদ অসম্ভব। এইরূপ শ্রদ্ধার সংযোগ ও সাত্ত্বিকাদি ভেদানুসারে ফলের তারতম্য ঘটিয়া থাকে। কিন্তু এ স্থলে তাদৃশ কোন সংশ্রব না থাকায় ফল তারতম্যেরও কোন আশঙ্কা নাই। কারণ সংন্যাসের পরিণামে দৃষ্টিবিক্ষেপরাহিত্য অর্থাৎ সমদর্শিতা উপস্থিত

হয়। সুতরাং কর্ম্মসন্ন্যাস সর্ব্বত্র তুল্যবোধ সম্পন্ন। অতএব সংন্যাস অর্থে যদি কেবল কর্ম্মত্যাগই বুঝায়, তাহা হইলে আমাদিগের অভিপ্রায় সিদ্ধ হইতেছে; কিন্তু যদি ত্যাগ ও সংন্যাস এই দুইটী ভিন্ন হয়, অর্থাৎ ত্যাগের লক্ষণের সহিত সংন্যাসের লক্ষণের সমত্ব না থাকে, তাহা হইলে তাহাদের বৈলক্ষণ্য বিচারের বিষয় হইয়া পড়ে। এইরূপ মনে করিয়া এ স্থলে অর্জ্জুন তদ্বিষয়ক উপদেশপ্রার্থী হইয়াছেন। ইত্যাদি।

পূজ্যপাদ শ্রীমদ্বিশ্বনাথের অভিপ্রায়। সপ্তদশাধ্যায়ে "তদিত্যনভিসন্ধায় ফলং যজ্ঞতপঃক্রিয়াঃ।" (২৫ শ্লোক) এই ভগবদ্বাক্যে যে মোক্ষাকাঙ্ক্ষী শব্দের উল্লেখ আছে, তাহা কি সংন্যাসিগণকে লক্ষ্য করিয়া প্রযুক্ত হইয়াছে? অথবা অন্য কাহারও উদ্দেশে ব্যবহৃত হইয়াছে? যদি সংন্যাসিগণকে লক্ষ্য না করিয়া অন্যকেই লক্ষ্য করা হইয়া থাকে, তাহা হইলে সেই লক্ষিত পাত্র কে? শ্রীভগবান্ পূর্ব্বে বলিয়াছেন, "সর্ব্বকর্ম্মফলত্যাগং ততঃ কুরু যতাত্মবান্।" (১২শ অধ্যায় ১১ শ্লোক) এই বাক্য মধ্যে যে সর্ব্বকর্ম্মত্যাগিদিগের উল্লেখ রহিয়াছে, তাহাদিগের ত্যাগই বা কি? সংন্যাসিদিগের সংন্যাসই বা কাহাকে বলে? এই সকল বিষয় বিবেকসহকারে জানিবার আকাঙ্ক্ষায় এই শ্লোক অবতারিত হইয়াছে। যদি সংন্যাস ও ত্যাগ শব্দ ভিন্নার্থবাচী হয়, তাহা হইলে তাহার তত্ত্ব জানিতে ইচ্ছা করি। যদি তোমার মতে তদুভয় একার্থ হয়, তাহা হইলে তাহাও আমি জানিতে বাসনা করি। হৃষীকেশ, এই সম্বোধন দ্বারা ইহাই সূচিত হইতেছে যে, তুমিই মদ্‌বুদ্ধির প্রবর্ত্তক, অতএব আমার চিত্তে এই সন্দেহ তোমারই ব্যবস্থায় জন্মিয়াছে। কেশিনিসূদন, এই সম্বোধনে ইহাই সূচিত হইতেছে যে, তুমি যেরূপে কেশিকে নাশ করিয়াছিলে, সেইরূপে আমারও এই সন্দেহ বিনাশ কর। মহাবাহো, এই সম্বোধন দ্বারা সূচিত হইতেছে যে, তুমি অতি বলশালী, আমি কিঞ্চিন্মাত্র বলসম্পন্ন। এই অংশে সাম্য হেতুই তোমার সহিত আমার সখ্য সম্বন্ধ, তোমার সর্ব্বজ্ঞত্বাদি ধর্ম্মের সহিত আমার তুল্যতা নাই, অতএব তজ্জন্য আমাদের সখ্যভাব নহে। এই হেতু তোমার প্রদত্ত কিঞ্চিৎ সখ্যভাবের প্রভাবেই আমি নিঃশঙ্কিত চিত্তে তোমাকে প্রশ্ন জিজ্ঞাসা করিতে সমর্থ হইয়াছি ॥ ১ ॥

কাম্যানাং কর্ম্মণাং ন্যাসং সন্ন্যাসং কবয়ো বিদুঃ।
সর্ব্বকর্ম্মফলত্যাগং প্রাহুস্ত্যাগং বিচক্ষণাঃ ॥ ২ ॥

অন্বয়।—শ্রীভগবান্ উবাচ (কথয়ামাস)। কবয়ঃ (পণ্ডিতাঃ) কাম্যানাং (স্বর্গাদিকামনাযুক্তাশ্বমেধাদীনাং) কর্ম্মণাং ন্যাসং (ত্যাগং) সন্ন্যাসং বিদুঃ (জানন্তি), বিচক্ষণাঃ (বিদ্বাংসঃ) সর্ব্বকর্ম্মফলত্যাগং (সর্ব্বকর্ম্মণাং ফলবর্জ্জনং) ত্যাগং প্রাহুঃ (কথয়ন্তি) ॥ ২ ॥

প্রতিশব্দ।—শ্রীভগবান্ বলিয়াছিলেন, পণ্ডিতগণ কামনা-যুক্ত কর্ম্ম-সমূহের ত্যাগকে সন্ন্যাস [বলিয়া] জানেন, বিদ্বান্-গণ সমস্ত-কর্ম্মের ফল-ত্যাগকে ত্যাগ বলেন ॥ ২ ॥

ব্যাখ্যা।—শ্রীভগবান্ বলিলেন, পণ্ডিতগণ কাম্য কর্ম্মসমূহের পরিত্যাগকে সন্ন্যাস বলিয়া থাকেন এবং সর্ব্বকর্ম্মের ফল পরিহার করাকেই ত্যাগ বলেন ॥ ২ ॥

শঙ্করাচার্য্য।—তত্র তত্র নির্দ্দিষ্টৌ সন্ন্যাসত্যাগশব্দৌ ন নির্লুঠিতার্থৌ পূর্ব্বেষধ্যায়েষ্বতোঽর্জ্জুনায় পৃষ্টবতে তন্নির্ণয়ায় ভগবানুবাচ কাম্যেতি। কাম্যানাং অশ্বমেধাদীনাং কর্ম্মণান্যাসম্পরিত্যাগং সন্ন্যাসং সন্ন্যাসশব্দার্থমনুষ্ঠেয়ত্বেন প্রাপ্তস্যানুষ্ঠানং কবয়ঃ পণ্ডিতাঃ কেচিদ্বিজানন্তি নিত্যনৈমিত্তিকানামনুষ্ঠীয়মানানাং সর্ব্বকর্ম্মণামাত্মসম্বন্ধিতয়া প্রাপ্তস্য ফলস্য ত্যাগঃ সর্ব্বকর্ম্মফলত্যাগঃ তমাহুঃ কথয়ন্তি ত্যাগং ত্যাগশব্দার্থং বিচক্ষণাঃ পণ্ডিতাঃ ॥ ২ ॥

আনন্দগিরি।—নন্থ পূর্ব্বেষধ্যায়েষু তত্র সংন্যাসত্যাগয়োরুক্তত্বাৎ কিমিতি পুনস্তৌ পৃচ্ছ্যেতে জ্ঞানে তদযোগাৎ তত্রাহ তত্র তত্রেতি। ন নির্লুঠিতার্থৌ ন নিষ্কৃষ্টার্থৌ ন বিবিক্তার্থাবিত্যর্থঃ। বুভুৎসয়া প্রশ্নস্য প্রবৃত্তত্বাৎ প্রষ্টুরভিপ্রায়ং প্রশ্নেন প্রতিপদ্য ভগবানুত্তরমুক্তবানিত্যাহ অতইতি। পক্ষদ্বয়োপন্যাসেন সংন্যাসত্যাগশব্দয়োরর্থভেদং কথয়তি কাম্যানামিতি ॥ ২ ॥

রামানুজ।—অথানয়োরেকমেব স্বরূপং তচ্চেদৃশং ইতি নির্ণেতুং বাদিবিপ্রতিপত্তিং দর্শয়ন্ শ্রীভগবানুবাচ। কেচন বিদ্বাংসঃ কাম্যানাং কর্ম্মণাং ন্যাসং স্বরূপত্যাগং সংন্যাসং বিদুঃ। কেচিচ্চ বিচক্ষণা নিত্যানাং নৈমিত্তিকানাং কাম্যানাঞ্চ কর্ম্মণাং ফলত্যাগএব মোক্ষশাস্ত্রেষু ত্যাগ শব্দার্থইতি প্রাহুঃ। তত্র শাস্ত্রীয়ত্যাগঃ কাম্যকর্ম্মস্বরূপবিষয়ঃ সর্ব্বকর্ম্মফলবিষয় ইতি বিবাদং প্রদর্শয়ন্নেকত্র সংন্যাসশব্দমিতরত্র ত্যাগশব্দং প্রযুক্তবান্। অতস্ত্যাগসংন্যাসশব্দয়োরেকার্থত্বমঙ্গীকৃতমিতি জ্ঞায়তে। তথা "নিশ্চয়ং শৃণু মে তত্র ত্যাগে ভরতসত্তমে"তি

ত্যাগশব্দেনৈব নির্ণয়বচনাৎ "নিয়তস্য তু সংন্যাসঃ কর্ম্মণো নোপপদ্যতে। মোহাত্তস্য পরিত্যাগস্তামসঃ পরিকীর্ত্তিতঃ॥ অনিষ্টমিষ্টং মিশ্রং চ ত্রিবিধং কর্ম্মণঃ ফলং। ভবত্যত্যাগিনাং প্রেত্য নতু সংন্যাসিনাং ক্বচিদি"তি চ পরস্পরপর্য্যায়তাদর্শনাচ্চ তয়োরেকত্বং প্রতীয়ত ইতি নিশ্চীয়তে॥ ২॥

হনুমান্।—অর্জ্জুনেন বুভুৎসিতমর্থং যথাবদুক্তকামঃ শ্রীভগবানুবাচ কাম্যেতি। কাম্যানাং কর্ম্মণাং ফলানাং কর্ম্মণাং কর্ত্তব্যতয়া প্রাপ্তানাং শাস্ত্রতোরাগতোবা ন্যাসং সন্ন্যাসং বিদুঃ জানন্তি কবয়ঃ পণ্ডিতাঃ। নমু চ কাম্যানামিতি বিশেষণমনর্থকং যাবজ্জীবমগ্নিহোত্রং জুহোতীত্যাদি শ্রুতিচোদিতানাং ব্যাবৃতমিতি চেৎ এতেষামপি কর্ম্মণাং ফলত্বেন. কাম্য কর্ত্তৃত্বা"দথ ত্রয়োলোকা বৈলোকানাং শ্রেষ্ঠত্বমস্তম্মাদ্ধিয়া প্রশংসন্তীতি" শ্রুতেঃ তথা "সর্ব্ববর্ণানাং ধর্ম্মে বর্ত্তমানানাং পরমিতিক্রতং সুখ"মিতি স্মৃতেশ্চ তথা ইহৈব বক্ষ্যতি ভগবান "অনিষ্টমিষ্টং মিশ্রঞ্চ ত্রিবিধং কর্ম্মণঃ ফল"মিতি তস্মাৎ কমনীয়ফলত্বাৎ কর্ত্তব্যতয়া প্রাপ্ত নিত্যনৈমিত্তিক-কাম্যপ্রতিষিদ্ধানি কর্ম্মাণি কাম্যান্যেবাতঃ কর্ত্তব্যতয়া প্রাপ্তানাং কর্ম্মাবাচ্যানাং স্বরূপানুবাদঃ সর্ব্বাণি তানি কর্ম্মাণি নিত্যনৈমিত্তিকানি সংজ্ঞিতানি তেষাং ফলত্যাগং ইদং মে ফলং স্যাদিতি সংকল্পত্যাগং ত্যাগমাহুর্ব্বিচক্ষণাঃ পণ্ডিতাঃ সর্ব্বগ্রহণেন কাম্যকর্ম্মগ্রহণং যস্মাৎ তস্মাৎ কাম্য কর্ম্মত্যাগেন তৎফল ত্যাগস্য সিদ্ধত্বাৎ ত্যাগয়োঃ সাংকর্য্য প্রশংসা ন স্যাৎ। তন্নিত্যনৈমিত্তিক ফলত্যাগঃ॥ ২॥

শ্রীধর।—তত্রোত্তরং শ্রীভগবানুবাচ কাম্যানামিতি। কাম্যানাং পুত্রকামোযজেত স্বর্গকামোযজেতেত্যাদিকামোপবন্ধেন বিহিতানাং কর্ম্মণাং ন্যাসং পরিত্যাগং সংন্যাসং কবয়োবিদুঃ সম্যক্‌ফলৈঃ সহ কর্ম্মণামপি ন্যাসং সংন্যাসং পণ্ডিতা জানন্তীত্যর্থঃ। সর্ব্বেষাং কাম্যানাং চ কর্ম্মণাং ফলমাত্রত্যাগং প্রাহুস্ত্যাগং বিচক্ষণা নিপুণাঃ ন তু স্বরূপতঃ কর্ম্মত্যাগং। নমু নিত্যনৈমিত্তিকানাং ফলাশ্রবণাদবিদ্যমানস্য ফলস্য.কথং ত্যাগঃ স্যাৎ, নহি বন্ধ্যায়াঃ পুত্রত্যাগঃ সম্ভবতি, উচ্যতে, যদ্যপি স্বর্গকামঃ পশুকামঃ ইত্যাদিবৎ অহরহঃ সন্ধ্যামুপাসীত যাবজ্জীবমগ্নিহোত্রং জুহোতীত্যাদিষু ফলবিশেষোন শ্রূয়তে তথাপ্যপুরুষার্থে ব্যাপারে প্রেক্ষাবন্তং প্রবর্ত্তয়িতুমশক্নুবন্, বিধির্ব্বিশ্বজিতা যজেতেত্যাদিম্বিব সামান্যতঃ কিমপি ফলমাক্ষিপত্যেব। ন চাতীবগুরুমতঃ শ্রদ্ধয়া স্বসিদ্ধিরেব বিধেঃ প্রয়োজনং মন্তব্যং পুরুষপ্রবৃত্ত্যনুপপত্তের্দুষ্পরিহরত্বাৎ। শ্রূয়তে চ নিত্যাদাবপি ফলং সর্ব্ব এতে পুণ্যলোকা ভবন্তীতি, কর্ম্মণা পিতৃলোক ইতি, ধর্ম্মেণ পাপমপনু-দতীত্যাদিষু। তস্মাদ্যুক্তমুক্তং সর্ব্বকর্ম্মফলত্যাগং প্রাহুস্ত্যাগং বিচক্ষণা ইতি। নমু ফলত্যাগে পুনরপি নিষ্ফলেষু কর্ম্মসু প্রবৃত্তিরেব ন স্যাৎ, তন্ন, সর্ব্বেষাং কর্ম্মণাং সংযোগপৃথক্ত্বেন বিবিদি-ষার্থতয়া বিনিয়োগাৎ। তথা চ শ্রুতিঃ। "তমেতমাত্মানং বেদানুবচনেন ব্রাহ্মণা বিবিদিষন্তি যজ্ঞেন দানেন তপসানাশকেনে"তি। ততশ্চ শ্রুতিপদোক্তং সর্ব্বং ফলং বন্ধকত্বেন ত্যক্ত্বা বিবিদিষার্থং সর্ব্বকর্ম্মানুষ্ঠানং ঘটত এব। বিবিদিষা চ নিত্যানিত্যবস্তুবিবেকেন নিবৃত্তদেহাদ্য-ভিমানতয়া বুদ্ধেঃ প্রত্যক্‌প্রবণতা তাবৎপর্য্যন্তঞ্চ সত্বশুদ্ধ্যর্থং জ্ঞানাবিরুদ্ধং যথোচিতমাবশ্যকং

কর্ম্ম কুর্ব্বতস্তৎফলত্যাগ এব কর্ম্মত্যাগোনাম, ন স্বরূপেণ। তথা চ শ্রুতিঃ। "কুর্ব্বন্নেবেহ কর্ম্মাণি জিজীবিষেচ্ছতং সমা" ইতি। ততঃ পরন্তু সর্ব্বকর্ম্মনিবৃত্তিঃ স্বতএব ভবতি। তদুক্তং নৈষ্কর্ম্ম্য-সিদ্ধৌ,—"প্রত্যক্প্রবণতাং বুদ্ধেঃ কর্ম্মাণ্যুৎপাদ্য শুদ্ধিতঃ। কৃতার্থান্যস্তমায়ান্তি প্রাবৃড়ন্তে ঘনা ইব॥" উক্তঞ্চ ভগবতা যস্ত্বাত্মরতিরেব স্যাদিত্যাদি। বশিষ্ঠেন চোক্তং, "ন কর্ম্মাণি ত্যজেদ্যোগী কর্ম্মভিস্ত্যজ্যতে হ্যসাবি"তি। জ্ঞাননিষ্ঠাবিক্ষেপকত্বমালক্ষ্য ত্যজেদ্বা। তদুক্তং শ্রীভাগবতে, "তাবৎকর্ম্মাণি কুর্ব্বীত ন নির্ব্বিদ্যেত যাবতা। মৎকথাশ্রবণাদৌ বা শ্রদ্ধা যাবন্ন জায়তে॥ জ্ঞাননিষ্ঠো বিরক্তো বা মদ্ভক্তো বাহনপেক্ষকঃ। সলিঙ্গানাশ্রমাংস্ত্যক্ত্বা চরেদবিধিগোচরঃ॥" ইত্যাদি। অলমতিপ্রসঙ্গেন প্রকৃতমনুসরামঃ, অবিদুষঃ ফলত্যাগমাত্রমেব ত্যাগশব্দার্থোন কর্ম্মত্যাগ ইতি॥ ২॥

বলদেব।—এবং পৃষ্টো ভগবানুবাচ কাম্যানামিতি। পুত্রকামো যজেত স্বর্গকামো যজেতেত্যেবং কামোপনিবন্ধেন বিহিতানাং পুত্রেষ্টিজ্যোতিষ্টোমাদীনাং কর্ম্মণাং ন্যাসং স্বরূপেণ ত্যাগং কবয়ঃ পণ্ডিতাঃ সন্ন্যাসং বিদুর্ন তু নিত্যানামগ্নিহোত্রাদীনামিত্যর্থঃ। তেষু বিচক্ষণাস্তু সর্ব্বেষাং কাম্যানাং নিত্যানাঞ্চ কর্ম্মণাং ফলত্যাগমেব ন তু স্বরূপতস্ত্যাগং সন্ন্যাসলক্ষণং ত্যাগং প্রাহুঃ। নিত্যকর্ম্মণাং চ ফলমস্তি "কর্ম্মণা পিতৃলোকো, ধর্ম্মেণ পাপমপনুদতী"ত্যাদি শ্রবণাৎ। যদ্যপ্যহরহঃ সন্ধ্যামুপাসীত যাবজ্জীবনমগ্নিহোত্রং জুহোতি ইত্যাদৌ পুত্রকামো যজেতেত্যা-দাবিব ফলবিশেষো ন শ্রুতস্তথাপি বিশ্বজিতা যজেতেত্যাদাবিব বিধিঃ কিঞ্চিৎ ফলমাক্ষিপেদেব। ইতরথা পুরুষপ্রবৃত্ত্যনুপপত্তের্দুষ্পরিহরতাপত্তিঃ। তথা চ কাম্যকর্ম্মণাং স্বরূপতস্ত্যাগো নিত্য-কর্ম্মণাং তু ফলত্যাগঃ সন্ন্যাসশব্দার্থঃ, সর্ব্বেষাং কর্ম্মণাং ফলেচ্ছাং ত্যক্ত্বানুষ্ঠানং খলু ত্যাগ-শব্দার্থঃ। পূর্ব্বোক্তরীত্যা জ্ঞানোদয়ফলস্য সত্ত্বাদপ্রবৃত্তের্দুষ্পরিহরত্বং প্রত্যুক্তং॥ ২॥

মধুসূদন।—তত্রাস্তিমস্ত সূচীকটাহন্যায়েন নিরাকরণায়োত্তরং কাম্যানামিতি। কাম্যানাং ফলকামনয়া চোদিতানামন্তঃকরণশুদ্ধাবনুপযুক্তানাং কর্ম্মণামিষ্টিপশুসোমাদীনাং ন্যাসং ত্যাগং সংন্যাসং বিদুর্জ্জানন্তি কবয়ঃ সূক্ষ্মদর্শিনঃ,কেচিৎ "তমেতং বেদানুবচনেন ব্রাহ্মণা বিবিদিষন্তি যজ্ঞেন দানেন তপসাহনাশকেন"ইতি বাক্যেন বেদানুবচনশব্দোপলক্ষিতস্য ব্রহ্মচারিধর্ম্মস্য যজ্ঞদান-শব্দাভ্যামুপলক্ষিতস্য গৃহস্থধর্ম্মস্য তপোহনাশকশব্দাভ্যামুপলক্ষিতস্য ব্রহ্মচারিধর্ম্মস্য নিত্যস্য নিত্যেন হিতেন পাপক্ষয়েণ দ্বারেণাত্মজ্ঞানার্থত্বং বোধ্যতে, ন চ বিনিয়োগবৈয়র্থ্যং "জ্ঞানমুৎ-পদ্যতে পুংসাং ক্ষয়াৎ পাপস্য কর্ম্মণ" ইত্যনেনৈব লব্ধত্বাদিতি বাচ্যং, বিনিয়োগাভাবে হি সত্যপি নিত্যকর্ম্মানুষ্ঠানে জ্ঞানং স্যাদ্বা ন বা স্যাৎ, সতি তু বিনিয়োগে জ্ঞানমবশ্যং ভবেদেবেতি নিয়মার্থত্বাৎ, তস্মান্নিত্যকর্ম্মণামেব বেদনে বিবিদিষায়াং বা বিনিয়োগাৎ বা সত্ত্বশুদ্ধিবিবিদিষোৎ-পত্তিপূর্ব্বকবেদনার্থিনা নিত্যান্যেব কর্ম্মাণি ভগবদর্পণবুদ্ধ্যাহনুষ্ঠেয়ানি, কাম্যানি তু সর্ব্বাণি সফলানি পরিত্যাজ্যানীত্যেকং মতং, অপরং মতং সর্ব্বকর্ম্মফলত্যাগং প্রাহুস্ত্যাগং বিচক্ষণাঃ সর্ব্বেষাং কাম্যানাং নিত্যানাং চ শ্রুতিপদোক্তফলত্যাগং সত্ত্বশুদ্ধ্যর্থিতয়া বিবিদিষাসংযোগেনা-নুষ্ঠানং বিচক্ষণা বিচারকুশলাস্ত্যাগং প্রাহুঃ "খাদিরো যূপোভবতি খাদিরং বীর্য্যকামস্য যূপং

করোতী"ত্যত্র যথৈকস্য খাদিরত্বস্য ক্রতুপ্রকরণপাঠাৎ ফলসংযোগাচ্চ ক্রত্বর্থত্বং পুরুষার্থত্বঞ্চ প্রমাণভেদাৎ যথাহগ্নিহোত্রেষ্টিপশুসোমানাং সর্ব্বেষামপি শতপথপঠিতানাং চোৎপত্তিবিধিসিদ্ধানাং তত্তৎফলসংযোগঃ প্রত্যেকবাক্যেন বিবিদিষাসংযোগশ্চ যজ্ঞাদিবাক্যেন ক্রিয়ত ইত্যুপপন্নং,"একস্য তূভয়ত্বে সংযোগপৃথক্ত্ব"মিতি ন্যায়াৎ। তদুক্তং সঙ্ক্ষেপশারীরকে, "যজ্ঞেনেত্যাদিবাক্যং শতপথবিহিতং কর্ম্মবৃন্দং গৃহীত্বা সোৎপত্ত্যাম্নাতসিদ্ধং পুরুষবিবিদিষামাত্রসাধ্যে যুনক্তীতি," তস্মাৎ কাম্যান্যপি ফলাভিসন্ধিমকৃত্বাহন্তঃকরণশুদ্ধয়ে কর্ত্তব্যানি ন হ্যগ্নিহোত্রাদিকর্ম্মণাং স্বতঃ কাম্যত্বনিত্যত্বরূপোবিশেষোহস্তি পুরুষাভিপ্রায়ভেদকৃতস্তু বিশেষঃ ফলাভিসন্ধিত্যাগে কুতস্ত্যঃ নিত্যকর্ম্মণাং প্রাতিস্বিকফলসদ্ভাব"মনিষ্টংমিষ্টংমিশ্রং চ ত্রিবিধং কর্ম্মণঃ ফল"মিত্যত্র বক্ষ্যতি। নিত্যানামেব বিবিদিষাসংযোগেন কাম্যানাং কর্ম্মণাং ফলেন সহ স্বরূপতোহপি পরিত্যাগঃ পূর্ব্বার্দ্ধস্যার্থঃ, কাম্যানাং নিত্যানাঞ্চ সংযোগপৃথক্ত্বেন বিবিদিষাসংযোগাত্তদর্থং স্বরূপতোহনুষ্ঠানেহতিপ্রাতীকফলাভিসন্ধিমাত্রপরিত্যাগ ইত্যুত্তরার্দ্ধস্যার্থঃ। তদেতদাহুর্ব্বার্ত্তিককৃতঃ,—"বেদানুবচনাদীনামৈকাত্ম্যজ্ঞানজন্মনে। তমেতমিতি বাক্যেন নিত্যানাং বক্ষ্যতে বিধিঃ॥ যদ্বা বিবিদিষার্থত্বং সর্ব্বেষামপি কর্ম্মণাং। তমেতমিতি বাক্যেন সংযোগস্য পৃথক্ত্বতঃ॥" ইতি। তদেবং সফলকাম্যকর্ম্মত্যাগঃ সংন্যাসশব্দার্থঃ, সর্ব্বেষামপি কর্ম্মণাং ফলাভিসন্ধিত্যাগস্ত্যাগশব্দার্থ ইতি ন ঘটপটশব্দয়োরিব সংন্যাসত্যাগশব্দয়োর্ভিন্নজাতীয়ার্থত্বং, কিংত্বন্তঃকরণশুদ্ধ্যর্থকর্ম্মানুষ্ঠানে ফলাভিসন্ধিত্যাগ ইত্যেক এবার্থ উভয়োরিতি নির্ণীত একঃ প্রশ্নোহর্জ্জুনস্য॥ ২॥

নীলকণ্ঠ।—শ্রীভগবানুবাচ কাম্যানামিতি। কাম্যানাং রাগতঃ প্রাপ্তানাং পুত্রকামেন যজ্ঞাদীনাং। নন্বফলস্য কামনাবিষয়ত্বাৎ সর্ব্বস্য কর্ম্মণঃ ফলবত্ত্বনিয়মাৎ সর্ব্বং কর্ম্ম কাম্যমেবেতি নিত্যাদীনামপি মুমুক্ষোস্ত্যাগঃ স্যাদিতি সিদ্ধং নঃ সমীহিতমিত্যাশঙ্ক্যাহ সর্ব্বেতি। সর্ব্বেষাং নিত্যনৈমিত্তিককাম্যানাং কর্ম্মণাং ফলত্যাগমেব ত্যাগং বিচক্ষণাঃ প্রাহু র্ন স্বরূপতঃ ত্যাগং প্রাহুঃ অতো ন ত্বদিষ্টঃ সন্ন্যাসঃ সিধ্যতীত্যর্থঃ। অয়মাশয়ঃ যদ্যপি সন্ন্যাসত্যাগশব্দৌ নিবৃত্তিমেব ব্রূতঃ তথাপি সা বৈরাগ্যাদ্বাকায়ক্লেশভয়াদ্বা মৌঢ্যাদ্বা ভবতীতি তৎকারণানাং সাত্ত্বিকাদিভেদেন ভিন্নত্বাৎ তস্য অপি সাত্ত্বিকরাজসতামসভেদেন ত্রৈবিধ্যং ত্রিবিধশ্রদ্ধাপ্রধানত্বঞ্চ দুর্ব্বারং, নচাতিরিক্তোহশ্রদ্দধানশ্চ ত্যক্তকর্ম্মাপি দৃষ্টবিক্ষেপহীনো দৃশ্যতে যথোক্তং বার্ত্তিকাচার্য্যৈঃ "প্রমাদিনো বহিশ্চিত্তাঃ পিশুনাঃ কলহোৎসুকাঃ। সংন্যাসিনোহপি দৃশ্যন্তে দৈবসংদূষিতাশয়াঃ॥" ইতি তস্মাদবিরক্তকৃত সন্ন্যাসাপেক্ষয়া নিষ্কামকর্ম্মাচরণমেব শ্রেয় ইত্যাশয়েন ভগবতা কাম্যকর্ম্মত্যাগঃ সন্ন্যাসত্বেন নিত্যাদি কর্ম্মণাং ফলানভিসন্ধানঞ্চ ত্যাগত্বেন স্তূয়তে ইতি, তস্মাদশ্রদ্ধয়া কৃতঃ সন্ন্যাসোহপ্যসন্নেবেতি সন্ন্যাসাদ্ব্রহ্মণঃ স্থানমিতিস্মৃতং স্বফলং দাতুং ন সমর্থ ইতি যুক্তমুক্তং ভগবতা অশ্রদ্ধয়াকৃতং সর্ব্বং ব্যর্থমিতি। ততো নিত্যানামেব বিবিদিষাযোগাৎ কাম্যানাং স্বরূপতোহপিত্যাগঃ পূর্ব্বার্দ্ধস্যার্থঃ সর্ব্বেষাং কর্ম্মণাং ফলতত্ত্যাগ ইত্যুত্তরার্দ্ধ ইতি ব্যাখ্যানং পক্ষদ্বয়প্রদর্শনপরং তদগ্রিমেণ শ্লোকেন পৌনরুক্ত্যমাবহতীত্যুপেক্ষিতম্॥ ২॥

বিশ্বনাথ।—প্রথমং প্রাচাং মতমাশ্রিত্য সন্ন্যাসত্যাগশব্দয়োর্ভিন্নজাতীয়ার্থত্বমাহ

কাম্যানামিতি। পুত্রকামো যজেত স্বর্গকামো যজেত ইত্যেবংকামোপবন্ধেন বিহিতানাং কাম্যানাং কর্ম্মণাং ন্যাসং স্বরূপেণৈব ত্যাগং সন্ন্যাসং বিদুঃ নতু নিত্যানামপি সন্ধ্যোপাস্ত্যাদীনামিতি-ভাবঃ। সর্ব্বেষাং কাম্যানাং নিত্যানামপি কর্ম্মণাং ফলত্যাগমেব নতু স্বরূপত্যাগং কেষাম-পীতিভাবঃ। নিত্যানামপি কর্ম্মণাং ফলং কর্ম্মণা পিতৃলোক ইতি ধর্ম্মেণ পাপমপনু-দতীত্যাদ্যাশ্রুতয়ঃ প্রতিপাদয়ন্ত্যেব। ইত্যতঃ ত্যাগে ফলাভিসন্ধিরহিতং সর্ব্বকর্ম্মকরণং। সন্ন্যাসেতু ফলাভিসন্ধিরহিতং নিত্যকর্ম্মকরণং কাম্যকর্ম্মণাং তু স্বরূপেণৈব ত্যাগ ইতি ভেদোজ্ঞেয়ঃ ॥ ২ ॥

তাৎপর্য্য।—পূজ্যপাদ শ্রীমদ্ধনুমানের অভিপ্রায়। অর্জ্জুনের জ্ঞানেচ্ছা সহকৃত প্রশ্নের যথাযথ উত্তর প্রদানের বাসনায় শ্রীভগবান্ বলিতেছেন। শাস্ত্রোপদেশ বিহিত অথবা রাগপ্রাপ্ত কাম্যকর্ম্মের এবং কর্ম্মজনিত ফলের ত্যাগকে কবিগণ অর্থাৎ পণ্ডিতগণ সন্ন্যাস বলিয়া জানেন। যদি বলা যায়, মূলে "কাম্যানাং" এই যে বিশেষণ প্রযুক্ত হইয়াছে, তাহা অনর্থক। শ্রুতিতে 'যাবজ্জীবন অগ্নিহোত্র করিবে' ইত্যাকার যে সকল ব্যবস্থা আছে, এ স্থলে তাহা ব্যাবৃত্ত হইতেছে। তদুত্তরে কথিত হইতেছে যে, এই সকল কর্ম্মও ফল প্রদানত্ব হেতু কাম্যরূপে অনুষ্ঠিত হইয়া থাকে। শ্রুতিও নানা স্থানে এইরূপ কীর্ত্তন করিয়াছেন। এই গ্রন্থে অনতিকাল পরে শ্রীভগবানও বলিতেছেন যে, কর্ম্মের ফল তিন প্রকার, অনিষ্ট, ইষ্ট ও মিশ্র। অতএব কমনীয় ফল প্রদান করে বলিয়া নিত্য নৈমিত্তিকাদি কর্ম্ম কাম্যরূপেই পরিগণিত। নিত্য নৈমিত্তিকাদি সকলই কর্ম্ম শব্দে সংজ্ঞিত। তৎসমূহের অনুষ্ঠান কালে, 'আমার এই ফল হউক,' ইত্যাকার যে সঙ্কল্প তাহারই পরিত্যাগের নাম ত্যাগ, বিচক্ষণ অর্থাৎ পণ্ডিতগণ এইরূপ বলিয়া থাকেন। এ স্থলে কাম্যগ্রহণ দ্বারা ইহাই বুঝিতে হইবে যে, কাম্যকর্ম্মের ত্যাগ দ্বারা তৎফলেরও ত্যাগসিদ্ধি হেতু নিত্য নৈমিত্তিক ফল ত্যাগের বিষয়ও এ স্থলে নিরূপিত হইয়াছে।

পূজ্যপাদ শ্রীমৎ শ্রীধর স্বামীর অভিপ্রায়। অর্জ্জুনকৃত সংন্যাস ও ত্যাগ সম্বন্ধীয় প্রশ্নোত্তর স্বরূপে শ্রীভগবান্ বলিতেছেন, কবিগণ অর্থাৎ ক্রান্তদর্শি-গণ জানেন যে, কাম্যকর্ম্মের পরিত্যাগ, যথা 'পুত্র কামনায় যজ্ঞ করিবে,' 'স্বর্গ কামনায় যজ্ঞ করিবে,' ইত্যাদি কামনা দ্বারা বিহিত কর্ম্ম মাত্রের যে ন্যাস অর্থাৎ ত্যাগ, তাহারই নাম সংন্যাস। ইহার অভিপ্রায় এই যে, পণ্ডিতগণ জ্ঞাত আছেন যে সর্ব্ব প্রকার ফল ত্যাগের সহিত কর্ম্মেরও

যে ত্যাগ তাহাই সংন্যাস। বিচক্ষণ অর্থাৎ নিপুণ অভিজ্ঞগণ বলিয়া থাকেন যে, সর্ব্ব প্রকার কাম্যকর্ম্মের ফলমাত্র ত্যাগের নামই ত্যাগ। কিন্তু এতদ্দ্বারা স্বরূপত কর্ম্ম ত্যাগ বিহিত হইতেছে না। এ স্থলে প্রশ্ন হইতে পারে যে, যখন নিত্য ও নৈমিত্তিক কর্ম্মের কোনই ফল নাই, তখন সেই অবিদ্যমান ফলের ত্যাগ কিরূপে সম্ভবপর হইবে? বন্ধ্যার যেমন পুত্র ত্যাগ অসম্ভব, তদ্রূপ ফলহীন কর্ম্মের ফলত্যাগও অসম্ভব। ইহার উত্তরে কথিত হইতেছে যে, 'পশুকাম' 'স্বর্গকাম' প্রভৃতি ব্যবস্থার সঙ্গে সঙ্গে যেরূপ ফলের বিধান আছে, 'অহরহঃ সন্ধ্যাবন্দনা করিবে' 'যাবজ্জীবন অগ্নিহোত্র হোম করিবে,' ইত্যাদি ব্যবস্থায় যদিও ফলের কোন বিধান নাই, তথাপি ইহাই বুঝিতে হইবে যে, যে কার্য্যে কোনই পুরুষার্থ নাই, তাহাতেও মানবকে প্রবর্ত্তিত করিবার নিমিত্ত কিছু না কিছু ফলের বিধান আছে। "বিধির্ব্বিশ্বজিতা যজেত" ইত্যাদিরূপ যজ্ঞীয় ব্যবস্থাতেও ফলের সম্বন্ধ আছে। সে ফলের বিধান অতীব গুরু নহে সত্য, কিন্তু কথঞ্চিৎ ফলসম্বন্ধ সূচনা করিতেছে সন্দেহ নাই। এই সকল সামান্য ফলের বিধান মানবের মনে শ্রদ্ধা উৎপাদন করিয়া তদভিমুখী করিবার নিমিত্ত বিহিত হইয়াছে। কারণ পুরুষের প্রবৃত্তির কর্ম্মে অনাসক্তি দুর্লঙ্ঘনীয়। শ্রুতিও নিত্য কর্ম্মের ফল কীর্ত্তন করিয়াছেন। যথা; "সর্ব্ব এতে পুণ্যলোকা ভবন্তি" "কর্ম্মণা পিতৃলোকঃ" "ধর্ম্মেণ পাপমনুদতি" অর্থাৎ এই সকল কর্ম্ম দ্বারা পুণ্যলোক প্রাপ্ত হওয়া যায়; কর্ম্ম দ্বারা পিতৃলোক লাভ হয়; ধর্ম্ম করিলে পাপ উদিত হয় না। অতএব বিচক্ষণগণ সর্ব্ব কর্ম্মের ফল ত্যাগকেই যে ত্যাগ শব্দে নির্দ্দেশ করিয়াছেন, তাহা সুসঙ্গত হইয়াছে। যদি পুনরায় নিষ্ফল কর্ম্ম সাধনে প্রবৃত্তি না হয়, তদুত্তরে কথিত হইতেছে যে, এরূপ আশঙ্কা অমূলক। কারণ সকল কর্ম্ম সংযোগপৃথক ন্যায়ানুসারে জ্ঞানার্থ বিনিযুক্ত হইয়াছে, অর্থাৎ কোন কোন কর্ম্ম অবস্থা বিশেষে জ্ঞানেরই সহায়, আবার অন্যত্র ফলবিধায়ক হইয়া থাকে। (এই প্রসঙ্গের বিস্তারিত আলোচনা ৪৩৯ পৃষ্ঠার টীপ্পনীতে দ্রষ্টব্য) শ্রুতি বলিয়াছেন, "তমেতমাত্মানং বেদানুবচনেন ব্রাহ্মণা বিবিদিষন্তি যজ্ঞেন দানেন তপসানাশকেন।" (৪৩৯ পৃষ্ঠার তাৎপর্য্য দ্রষ্টব্য) এই শ্রৌত প্রমাণ দ্বারা ইহাই সূচিত হইতেছে যে, সকল ফল বন্ধন

হেতুভূত বোধে পরিত্যাগ পূর্ব্বক কেবল জ্ঞানের নিমিত্তই কর্ম্ম সাধিত হয়। নিত্য এবং অনিত্য বস্তুর বিবেকজনিত দেহাদির অভিমান নিবৃত্ত হইলে বুদ্ধির আত্মাভিমুখী হওয়ার নামই বিবিদিষা অর্থাৎ জ্ঞানেচ্ছা। যতক্ষণ সেইরূপ জ্ঞানেচ্ছা বলবতী না হয়, ততক্ষণ পর্য্যন্ত সত্ত্বশুদ্ধির নিমিত্ত জ্ঞানের অবিরোধী যথোচিত আবশ্যক কর্ম্ম সম্পাদন কালে তত্তৎ কর্ম্মজনিত ফলাভিসন্ধি পরিত্যাগ করার নাম কর্ম্ম ত্যাগ। স্বরূপত কর্ম্ম ত্যাগ বাস্তবিক সর্ব্বতোভাবে কর্ম্মহীনতারূপ ত্যাগ শব্দে লক্ষিত নহে। শ্রুতি বলিতেছেন, "কুর্ব্বন্নেবেহ কর্ম্মাণি জীজিবিষেচ্ছতং সমাঃ।" (ঈশোপনিষৎ ২য় শ্রুতি) ইহার ভাবার্থ এই যে, কর্ম্মানুষ্ঠান করিতে করিতে শতবর্ষ জীবিত থাকিতে অভিলাষ করিবে। এতদ্দ্বারা ইহাই উপলব্ধ হইতেছে যে, কর্ম্ম পরিত্যাগ করিয়া জীবন ধারণ করা মনুষ্যের পক্ষে শ্রেয়স্কর নহে। বিহিত কর্ম্ম সম্পাদন করিতে করিতে সুদীর্ঘ জীবন অতিবাহিত করাই শাস্ত্রের উপদেশ। এইরূপ ভাবে ফলাভিসন্ধি পরি-বর্জ্জন পূর্ব্বক কর্ম্ম সাধন করিতে করিতে ক্রমশঃ আপনিই সর্ব্বকর্ম্ম ত্যাগ ঘটিবে, অর্থাৎ ফলকামনা পরিবর্জ্জন পূর্ব্বক বিহিত কর্ম্মানুসরণ করিতে থাকিলে উত্তরোত্তর জ্ঞানের পরিপাকানুসারে কর্ম্মসংন্যাস স্বতঃ উপজাত হইবে। তথাচ উক্ত হইয়াছে যে, "প্রত্যক্‌প্রবণতাং বুদ্ধেঃ কর্ম্মাণ্যুৎপাদ্য শুদ্ধিতঃ। কৃতার্থান্যস্তমায়ান্তি প্রাবৃড়ন্তে ঘনা ইব॥" ইহার ভাবার্থ এই যে 'কর্ম্মসমূহ চিত্তশুদ্ধি দ্বারা বুদ্ধিকে প্রত্যগভিমুখী করিয়া কৃতার্থ হয়, অর্থাৎ যে বিশেষ উদ্দেশ্য সিদ্ধির নিমিত্ত তাহাদিগের অনুষ্ঠান হইতে-ছিল, তৎসিদ্ধির পর সেই সকল কর্ম্মের প্রয়োজন পর্য্যবসিত হইয়া যায়। তদনন্তর বর্ষাকালের অবসানে মেঘসমূহ যেরূপ তিরোহিত হয়, তদ্রূপে তাহাদেরও অবসান হইয়া থাকে।' শ্রীভগবানও এই গ্রন্থে বলিয়াছেন, "যস্ত্বাত্মরতিরেব স্যাৎ" (৩য় অধ্যায় ১৭ শ্লোক) এই স্থলে ভগবান্ স্পষ্টতঃ বলিয়াছেন যে, যে মানব আত্মাবস্থায় তৃপ্ত, এবং আত্মাতেই যাঁহার আনন্দ, তাঁহার আর কোন কর্ম্মেরই প্রয়োজন নাই। ভগবান্ বশিষ্ঠও বলিয়াছেন, "ন কর্ম্মাণি ত্যজেদ্‌যোগী কর্ম্মভিস্ত্যজ্যতে হ্যসৌ।" অর্থাৎ যোগী কর্ম্মসমূহকে পরিত্যাগ করেন না, তিনিই কর্ম্মসমূহ কর্ত্তৃক পরিত্যক্ত হইয়া থাকেন। শ্রীমদ্ভাগবতেও উক্ত হইয়াছে যে, "তাবৎ কর্ম্মাণি

কুর্ব্বীত ন নির্ব্বিদ্যেত যাবতা। মৎকথাশ্রবণাদৌ বা শ্রদ্ধা যাবন্ন জায়তে॥" (শ্রীমদ্ভাগবত ১১শ স্কন্ধ ২০শ অধ্যায় ৯ শ্লোক) "জ্ঞাননিষ্ঠো বিরক্তো বা মদ্ভক্তো বাহনপেক্ষকঃ। সলিঙ্গানাশ্রমাংস্ত্যক্ত্বা চরেদবিধিগোচরঃ॥" (ভাগবত) অর্থাৎ 'যে পর্য্যন্ত কর্ম্মাদিতে বিরক্তি না হয়, কিম্বা যাবৎ কাল মৎপ্রসঙ্গ শ্রবণাদি বিষয়ে শ্রদ্ধা উপজাত না হয়, ততদিন পর্য্যন্ত কর্ম্মানুষ্ঠান করিবে। অন্যত্র যথা; জ্ঞাননিষ্ঠ এবং বিরক্ত অথবা মদ্ভক্ত কিম্বা সর্ব্বাপেক্ষা রহিত ব্যক্তি আশ্রমাদি পরিত্যাগ পূর্ব্বক বিধি-বিরহিত ভাবে বিচরণ করেন।' অনন্তর প্রস্তাব অধিকতর পল্লবিত না করিয়া প্রকৃত বিষয়ের অনুসরণ করা যাইতেছে। অজ্ঞ ব্যক্তিগণের পক্ষে ফলত্যাগ মাত্রই ত্যাগ শব্দ দ্বারা লক্ষিত, কর্মত্যাগ লক্ষিত নহে।

পূজ্যপাদ শ্রীমন্মধুসূদন সরস্বতীর অভিপ্রায়। অন্তিমে অর্থাৎ অষ্টাদশাধ্যায়ে শ্রীভগবান্ সূচীকটাহ ন্যায়ানুসারে অর্জ্জুনকৃত প্রশ্নের উত্তর প্রদান করিতেছেন। কর্ম্মকারের নিকট কটাহ প্রস্তুত করাইয়া লইবার নিমিত্ত এক ব্যক্তি উপস্থিত; সঙ্গে সঙ্গেই অপর ব্যক্তি সূচী প্রস্তুত করাইয়া লইবার অভিপ্রায়ে তথায় উপস্থিত হইলে কর্ম্মকার কটাহপ্রার্থী ব্যক্তিকে কিয়ৎকাল বিশ্রাম করিতে বলিয়া অগ্রে সূচী প্রস্তুত করিতে প্রবৃত্ত হইল এবং অচিরে তাহা সমাপ্ত করিয়া কটাহ নির্ম্মাণে প্রবৃত্ত হইল। এক বৃহৎ কার্য্য আরব্ধ করিবার অবকাশে কৌশলী লোকেরা ক্ষুদ্র ক্ষুদ্র কার্য্য বিশেষ সম্পন্ন করিয়া লইতে পারেন। ইহাকেই সূচীকটাহ ন্যায় বলে। পূর্ব্বশ্লোকের টীকায় দুইটী প্রশ্নাভাষ কথিত হইয়াছে; তন্মধ্যে উল্লিখিত সূচীকটাহ ন্যায়ানুসারে দ্বিতীয় প্রশ্নের উত্তর অগ্রে প্রদত্ত হইতেছে। কামনা সহকৃত চিত্তশোধনক্ষম ইষ্টি পশু সোমাদি কর্ম্মের পরিত্যাগই সংন্যাস। সূক্ষ্মদর্শী বিদ্বদ্গণ এইরূপই জানেন, অর্থাৎ, ইষ্টি যাগ, সোম যাগ প্রভৃতি যে সকল কর্ম্ম ফলাভিসন্ধি সহকারে অনুষ্ঠিত এবং তদ্ধেতু অন্তঃকরণ বিশুদ্ধি সংঘটন করিতে যে সকল কর্ম্ম অক্ষম, কবিগণ তাহার ত্যাগকেই সংন্যাস বলিয়া নির্দ্দেশ করেন। "তমেতং বেদানুবচনেন ব্রাহ্মণা বিবিদিষন্তি যজ্ঞেন দানেন তপসাহনাশকেন" (৪৩৯ পৃষ্ঠার তাৎপর্য্য দ্রষ্টব্য) এই বেদাধ্যয়ন শব্দ দ্বারা কেহ কেহ ব্রহ্মচারিগণের আত্মজ্ঞানলাভার্থ অনুষ্ঠান লক্ষিত করিয়াছেন, এবং যজ্ঞ ও দান এই দুই

শব্দ দ্বারা লক্ষিত গৃহস্থগণের আত্মজ্ঞান বিষয়ক কর্ম্মসাধন স্বীকার করি
ছেন; আর তপ অনাশক শব্দদ্বয়ের দ্বারা লক্ষিত বাণপ্রস্থদিগে
(১৫।১২৩০ পৃষ্ঠার টীপ্পনী দ্রষ্টব্য) আত্মজ্ঞান বিধায়ক কর্ম্ম লক্ষ্য করিয়াছে
অর্থাৎ উক্ত শ্রৌত বচনে বেদাধ্যয়ন, দান ও যজ্ঞ, তপ ও অনাশক, এ
কয়টী স্বতন্ত্র বাক্যে স্বতন্ত্র স্বতন্ত্র সাধকগণ লক্ষিত বলিয়া কেহ কেহ মা
করিয়াছেন। বেদাধ্যয়ন ব্রহ্মচারিদিগেরই অবলম্বনীয়, যজ্ঞ ও দা
গৃহস্থদিগেরই করণীয় এবং তপস্যা ও অনাশক অর্থাৎ কামের অনশ
বাণপ্রস্থগণেরই কর্ত্তব্য। কোন কোন বিচক্ষণ ব্যক্তি মনে করেন যে
উল্লিখিতরূপ আশ্রমত্রয়ে অবস্থিত জনগণের পক্ষে উল্লিখিত বিহিত সাধ
সমূহ দ্বারা আত্মজ্ঞান প্রাপ্তিই এ স্থলে লক্ষিত। উক্তরূপ কর্ম্মানুষ্ঠান দ্বা
পাপক্ষয়রূপ হিত সংসাধিত হয় এবং তজ্জন্য আত্মজ্ঞান লব্ধ হইয়া থাকে
কর্ম্ম সম্বন্ধে এক প্রকার মত এই যে, নিত্য কর্ম্ম সমূহ ভগদর্পণ বু
সহকারে অনুষ্ঠান করা আবশ্যক এবং কাম্যকর্ম্মসমূহ তত্তৎ কর্ম্মজা
ফলাফলের সহিত পরিত্যাগ করা বিধেয়। অপর এক মতে বিচক্ষণগ
বলিয়া থাকেন যে, সর্ব্বকর্ম্মের ফলত্যাগই ত্যাগ। সর্ব্বপ্রকার কাম্য ও
নিত্যকর্ম্মের শ্রুতি বিহিত ফলত্যাগ পূর্ব্বক সত্ত্বশুদ্ধির বাসনায় জ্ঞানেচ্ছ
সহকারে অনুষ্ঠানকে বিচারকুশল বিজ্ঞগণ ত্যাগ বলিয়া উল্লেখ করেন
ব্যবস্থা আছে যে, "খাদিরো যূপো ভবতি" এবং "খাদিরং বীর্য্যকামস্য
যূপং করোতি" অর্থাৎ 'খদির কাষ্ঠের যূপ করিবে,' 'বীর্য্যকাম ব্যক্তি
নিমিত্ত খদির কাষ্ঠের যূপ করিবে।' এ স্থলে দেখা যাইতেছে যে, একা
খাদির যূপ এক স্থানে যজ্ঞকর্ম্মের অঙ্গরূপে নির্দ্দিষ্ট হইয়াছে, এবং অন
স্থানে যজ্ঞকর্ত্তার কামনা সিদ্ধির সহায় হইয়াছে, সুতরাং দেখিতে হইবে
যে, প্রথমোক্ত স্থলে ফলের সহিত তাহার কোন সম্বন্ধ নাই, কিন্তু দ্বিতীয়
স্থানে তাহা ফলসংযুক্ত রহিয়াছে। অতএব একই অনুষ্ঠান কোথাও
ক্রত্বর্থ অর্থাৎ যজ্ঞ সাধনার্থ প্রযুক্ত, অন্যত্র ফলবিধানার্থ বিনিযুক্ত। শত-
পথ শ্রুতিতে অগ্নিহোত্র (১৩০।৬৪০ পৃষ্ঠার টীপ্পনী দ্রষ্টব্য) পশুসোম
প্রভৃতি স্থলে বিবিদিষা অর্থাৎ জ্ঞানেচ্ছা এবং কর্ম্মজনিত ফল উভয়েরই
বিধান আছে। একেরই উভয়ত্বের বিধান, সংযোগপৃথকত্ব ন্যায়ানুসারে
(৪৩৯ পৃষ্ঠার টীপ্পনী দ্রষ্টব্য) ঘটিতেছে। অর্থাৎ এক স্থলে উভয় ব্যবস্থাই

সংযুক্ত ভাবে অথবা পৃথক্ পৃথক্ ভাবে গ্রহণ করা যায়। সংক্ষিপ্ত শারীরক ভাষ্যে কথিত আছে যে, "শতপথ ব্রাহ্মণনির্দ্দিষ্ট 'যজ্ঞেন' ইত্যাদি বাক্য সমূহকে গ্রহণ করিয়া স্বকার্য্য সাধনান্তে পুরুষের জ্ঞানেচ্ছা সাধনে নিযুক্ত হয়।" অতএব ফলাভিসন্ধি না করিয়া অন্তঃকরণ শুদ্ধির আকাঙ্ক্ষায় কাম্যকর্ম্মেরও অনুষ্ঠান করা কর্ত্তব্য। অগ্নিহোত্রাদি বৈদিকক্রিয়ার স্বতঃ কাম্য বা নিত্যরূপ বিশেষত্ব নাই, অর্থাৎ কাম্য ভাব ও নিত্য কর্ত্তব্যতা এই সম্বন্ধ তাহার সহিত স্বতঃ সংযুক্ত নহে; পুরুষের অভিপ্রায় ভেদানুসারে তাদৃশ বিশেষত্ব ঘটিয়া থাকে। অর্থাৎ অনুষ্ঠাতা যদি তাহা কোন কামনা সিদ্ধির সহায় ভাবিয়া অনুষ্ঠান করেন, তাহা হইলেই তাহার কাম্যরূপ বিশেষত্ব ঘটে; আর যদি অবশ্য গ্রহণীয় নিত্যকর্ম্ম বোধে তিনি তাহার অনুষ্ঠান করেন, তাহা হইলে তাহার নিত্যত্বরূপ বিশেষত্ব ঘটিয়া থাকে। ফলাভিসন্ধি যদি পরিহার করা হয়, তাহা হইলে উল্লিখিত রূপ ভেদের সম্ভাবনা আর কোথায় আছে? নিত্য কর্ম্মের সহিত ফল সদ্ভাবের অসাধারণ সম্বন্ধ। কর্ম্মের ইষ্ট অনিষ্ট মিশ্র ভেদে ত্রিবিধ ফল শ্রীভগবান্ পরে "অনিষ্ট মিষ্টংমিশ্রঞ্চ" (১২শ শ্লোক) এই স্থলে বলিবেন। জ্ঞানেচ্ছা দ্বারা নিত্য কর্ম্মের এবং কাম্যকর্ম্মের পরিত্যাগই প্রথমার্দ্ধের অর্থ। প্রথমার্দ্ধে শ্রীভগবান্ সন্ন্যাসের লক্ষণ নির্দ্দেশ করিয়াছেন। ফলের সহিত কাম্যকর্ম্মের পরিহারই সেইরূপ সন্ন্যাসের লক্ষণ। কাম্য ও নিত্য কর্ম্মের সহিত জ্ঞানেচ্ছার সংযোগ হেতু সুদূরবর্ত্তী ফল প্রাপ্তির আকাঙ্ক্ষা পরিত্যাগ করাই দ্বিতীয়ার্দ্ধে লক্ষিত। শ্লোকের দ্বিতীয়াংশে ত্যাগের লক্ষণ বিহিত হইয়াছে। জ্ঞানেচ্ছা বলবতী হইলে তুচ্ছ ফল প্রাপ্তির কামনা আর থাকে না, তখন ফলাভিসন্ধি পরিহার পূর্ব্বক কেবল জ্ঞান লাভেচ্ছার বশবর্ত্তী হইয়া পুরুষেরা কর্ম্ম সাধন করিয়া থাকেন। সেই অবস্থার নাম ত্যাগ। বার্ত্তিককারও এইরূপ অভিপ্রায়ের সমর্থন করিয়াছেন। অতএব ইহাই উপলব্ধ হইতেছে যে, ফলের সহিত কাম্যকর্ম্ম পরিত্যাগের নামই সন্ন্যাস। সর্ব্ব প্রকার কর্ম্মের ফলাভিসন্ধি পরিত্যাগের নামই ত্যাগ। এতাবতা ইহাই সিদ্ধ হইতেছে, ঘট, পট, যেরূপ পরস্পর ভিন্ন জাতীয়, সন্ন্যাস ও ত্যাগ সেরূপ ভিন্ন জাতীয় নহে। কিন্তু অন্তঃকরণ শুদ্ধির নিমিত্ত ফলাভিসন্ধি পরিত্যাগরূপ সন্ন্যাস ও ত্যাগ

উভয়েরই সমান প্রয়োজন। অর্জ্জুনকৃত একটী প্রশ্নের উত্তর এস্থলে প্রদত্ত হইল।

পূজ্যপাদ শ্রীমন্নীলকণ্ঠের অভিপ্রায়। মনুষ্য পুত্রাদি কামনায় যজ্ঞাদির অনুষ্ঠান করিয়া থাকে, সুতরাং বুঝিতে হইবে যে, সেই সকল অনুষ্ঠানের মূলে কামনা নিহিত রহিয়াছে। সর্ব্ব কর্ম্মই কোন না কোন প্রকার ফলের নিমিত্ত অনুষ্ঠিত হয়, সুতরাং তত্তাবতই কাম্যরূপেই পরিগণিত। নিত্যাদিও কাম্য শ্রেণীর অন্তর্ভূত, অতএব মুক্তিকামিদিগের নিত্যাদিকেও ত্যাগ করিতে হইবে। এইরূপ সিদ্ধান্ত সমীচীন নহে। এই জন্যই শ্রীভগবান্ বলিতেছেন, সর্ব্বপ্রকার কাম্য, নিত্য ও নৈমিত্তিক কর্ম্মের ফলত্যাগই ত্যাগ, বিচক্ষণেরা এইরূপ বলিয়া থাকেন। অর্থাৎ কেবল কর্ম্মজনিত ফলত্যাগই ত্যাগ, সঙ্গে সঙ্গে কর্ম্মত্যাগও ত্যাগ শব্দে লক্ষিত নহে। এতদ্দ্বারা সন্ন্যাস অর্থাৎ সর্ব্বকর্ম্ম ত্যাগ সিদ্ধ হইতেছে না। ইহার ভাবার্থ এই যে, সন্ন্যাস এবং ত্যাগ এতদুভয়কে যদিও নিবৃত্তিমাত্র বোধক বলা হয়, তাহা হইলেও ইহা স্পষ্টতঃ উপলব্ধ হইতেছে যে, সেই নিবৃত্তি কেবল বৈরাগ্য, কায়ক্লেশভীতি বা মূঢ়তা হইতে কখনই জন্মিতে পারে না। সাংসারিক বিবিধ বিরোধী ঘটনার সংঘর্ষে অবসন্ন ও বিরক্ত হইয়া যদি কেহ ত্যাগের পথ অবলম্বন করে, তাহা হইলে তাহার সেই ত্যাগবলে যে নিবৃত্তি উপজাত হইবে, অথবা যদি কেহ আলস্য পরতন্ত্র ও দৈহিক শ্রমবিমুখ হইয়া ত্যাগাবলম্বন করে, তাহা হইলে সেই ত্যাগের দ্বারা যে তাহার নিবৃত্তি জন্মিবে, অথবা কেহ যদি মূঢ়তা হেতু কর্ম্ম বিমুখ হইয়া ত্যাগাশ্রয় করে, তাহা হইলে তদ্দ্বারা যে তাহার নিবৃত্তি লাভ ঘটিবে, এরূপ মনে করা অসঙ্গত। দেখিতে হইবে যে, নিবৃত্তির কারণ স্বরূপ ত্যাগ সাত্ত্বিক, রাজসিক ও তামসিক ভেদে ত্রিবিধ, সুতরাং সেই নিবৃত্তিকেও ত্রিবিধা বলিয়া মনে করিতে হইবে। সেই তিন ভাগ শ্রদ্ধা-প্রধান অর্থাৎ ত্রিবিধ শ্রদ্ধামূলক। প্রকৃত শ্রদ্ধার আবির্ভাব না হইলে, প্রকৃত বিরক্তি হৃদয়ে না জন্মিলে, ত্যাগাশ্রয় করিলেও চিত্ত সতত শান্তভাবে ত্যাগানুরত থাকে না, এবং বহু বিষয়ে বিক্ষিপ্ত হইয়া থাকে। এইজন্য বার্ত্তিকাচার্য্য লিখিয়াছেন যে, "প্রমাদিনো বহিশ্চিত্তাঃ পিশুনাঃ কলহোৎসুকাঃ। সন্ন্যাসিনোঽপি দৃশ্যন্তে দৈবসংদূষিতাশয়াঃ ॥" ইহার

ভাবার্থ এই যে, 'ভ্রমপরায়ণ বিক্ষিপ্তচিত্ত ক্রূর বিবাদপ্রিয় সন্ন্যাসীরা কলুষিতান্তঃকরণ।' অতএব হৃদয়ে যথার্থ বিরক্তি না জন্মিলেও যে সন্ন্যাস অবলম্বিত হয়, তাহার অপেক্ষা নিষ্কাম কর্ম্মাচরণই শ্রেষ্ঠ। এইরূপ অভিপ্রায়েই শ্রীভগবান্ কাম্য কর্ম্ম ত্যাগকে সন্ন্যাসরূপে এবং নিত্যাদি কর্ম্মের ফলকামনা ত্যাগকে ত্যাগরূপে প্রশংসা করিতেছেন। ইহার ভাবার্থ এই যে, সন্ন্যাসে কেবল কাম্যকর্ম্ম ত্যাগেরই প্রয়োজন, এবং ত্যাগে কেবল নিত্য কর্ম্মাদির ফলকামনা পরিহার করা আবশ্যক। অতএব অশ্রদ্ধা সহকৃত যে সন্ন্যাস, তাহা অসৎ বলিয়া বুঝিতে হইবে। পূর্ব্বাধ্যায়ের উপসংহার কালে শ্রীভগবান্ যে বলিয়াছেন, অশ্রদ্ধা দ্বারা কৃত সমস্ত কার্য্যই ব্যর্থ, তদ্বিষয়ে কোনই সন্দেহ নাই। নিত্যকর্ম্ম সমূহের সহিত জ্ঞানেচ্ছা মিলিত হইলে তত্তৎকর্ম্মজনিত ফলাকাঙ্ক্ষা দূর হইয়া যায়, সুতরাং তত্তাবৎ অনুষ্ঠানের প্রয়োজনীয়তা আর থাকে না, এইরূপে নিত্যকর্ম্মের ত্যাগ এবং স্বরূপত অর্থাৎ কামনাসহ কাম্য কর্ম্মের ত্যাগ, এই শ্লোকের প্রথমার্দ্ধ দ্বারা লক্ষিত। সর্ব্ব প্রকার কর্ম্মের ফলাভিসন্ধি পরিত্যাগই শ্লোকের দ্বিতীয়ার্দ্ধে লক্ষিত। পক্ষদ্বয় প্রদর্শন অর্থাৎ ত্যাগ ও সন্ন্যাস এই উভয় ভাব প্রদর্শনের নিমিত্ত এই ব্যাখ্যা অবতারিত হইল। এস্থানে এতদ্বিষয়ক অধিক আলোচনা অনাবশ্যক। কারণ পূর্ব্বশ্লোকে এতদ্বিষয়ের অনেক আলোচনা হইয়াছে।

এই গীতা শাস্ত্র প্রথম হইতে শেষ পর্য্যন্ত যত তত্ত্বকথার আলোচনায় পরিপূরিত, ত্যাগ ও সন্ন্যাস বিষয়ক তত্ত্ব তন্মধ্যে প্রধানতম বলিয়া উল্লেখ করিলে অত্যুক্তি হয়না। বস্তুতঃ জ্ঞানের নিমিত্তই এই পরম পবিত্র শাস্ত্র জগতে প্রতিষ্ঠিত হইয়াছে। সেই জ্ঞানের উন্মেষ হইলে অথবা জ্ঞানেচ্ছা বলবতী হইলে মনুষ্য স্বতঃ সন্ন্যাস বা ত্যাগ এতদুভয়ের একতর পথ আশ্রয় না করিয়া থাকিতে পারে না। সুতরাং সন্ন্যাস কাহাকে বলে এবং ত্যাগই বা কি, ইহা সম্যক্‌রূপে প্রণিধান করা সকলেরই আবশ্যক। সন্ন্যাস শব্দ ত্যাগবাচক, অতএব সহজেই উভয় শব্দ সমানার্থবাচী বলিয়া মনে হইতে পারে। এই জন্যই শ্রীমদর্জ্জুন স্পষ্টরূপে এই প্রশ্নের উত্থাপন করিয়াছেন। পরম কারুণিক শ্রীভগবান্ এসম্বন্ধে উপদেশ প্রদান করিয়াছেন যে, কাম্য কর্ম্ম পরিত্যাগের নামই সন্ন্যাস, এবং সর্ব্ব

কর্ম্মের ফল ত্যাগের নামই ত্যাগ। ভগবদুক্তি বিশদ ও পরিষ্কার হই-লেও পূজ্যপাদ ভাষ্য ও টীকাকৃদ্‌গণের অনেকে নানা প্রকার কূটার্থের অবতারণা করি য়াছেন। সেই ব্যাখ্যা-সমুদ্র মন্থন করিলে ইহাই লব্ধ হয় যে, যত কিছু অনুষ্ঠেয় কর্ম্ম আছে, তন্মধ্যে কামমূলক কর্ম্ম সমূহ অর্থাৎ যে সকল কর্ম্মের মূলে ভাবী কামনা বিশেষের বীজ নিহিত আছে, তত্তা-বতের পরিত্যাগ করাই সন্ন্যাস। অনুষ্ঠেয় বিস্তর কর্ম্মই কামনামূলক। বেদাদি ধর্ম্মশাস্ত্র কামনা বিশেষ সিদ্ধির নিমিত্ত বিশেষ বিশেষ কর্ম্মের ব্যবস্থা করিয়াছেন, সেই সকল কর্ম্মের অনুসরণ সন্ন্যাসীর পক্ষে অবিধেয়। আর ত্যাগ শব্দদ্বারা শ্রীভগবান্ কোন কর্ম্মত্যাগ লক্ষ্য করেন নাই। সামান্য ও মহৎ, নিত্য ও নৈমিত্তিক, মনুষ্যের তাবৎ কর্ম্মের মূলে কামনা রহি-য়াছে। সেই কামনাই তাহার উন্নতির অন্তরায়। মনুষ্য যত ইচ্ছা কার্য্য করুক, অবিচ্ছেদে নিত্য নৈমিত্তিক ক্রিয়া কলাপ সম্পাদন করিতে থাকুক, কিন্তু তজ্জনিত ফলাভিসন্ধি পরিহার করাই তাহার পক্ষে বিধেয়। এইরূপ ফলকামনা পরিত্যাগ পূর্ব্বক কর্ম্মানুষ্ঠানের নাম ত্যাগ।

মোক্ষলাভার্থী মানবের পক্ষে প্রথম হইতেই সাংসারিক কার্য্য সাধন কালে ত্যাগ অভ্যাস করা আবশ্যক। বৈষয়িক ব্যাপারে, লৌকিক উন্নতি সাধনে সর্ব্বত্রই ধীরে ধীরে হৃদয়ে ত্যাগের ভাব বদ্ধমূল করা শ্রেয়ঃ। অধ্যবসায়ের বিফলতায়, আরব্ধ ব্রতের অসমাপ্তিতে, আকাঙ্ক্ষার অতৃপ্তিতে এবং অভিসন্ধির অসাফল্যে হতাশ না হইয়া, কাতর না হইয়া, এবং ফলা-ফলের দিকে দৃষ্টিপাত না করিয়া সমভাবে গন্তব্যপথে অগ্রসর হওয়াই মনুষ্যের পক্ষে পরম কল্যাণকর। ক্ষুদ্র ত্যাগ অভ্যস্ত হইলে, ফলাফলের সহিত সম্বন্ধ অন্তর হইতে অন্তরিত হইলে ক্রমশঃ মহৎ ত্যাগ আয়ত্ত হইবে এবং যে ত্যাগের ফলে নির্লিপ্ততা উপজাত হইয়া মনুষ্যকে আত্মানন্দে উন্মত্ত করিয়া রাখিবে, পারলৌকিক নিঃশ্রেয়সের পথ উন্মুক্ত করিয়া দিবে, সেই অতি প্রার্থিত পরম ত্যাগ অভ্যস্ত হইবে। এই সংসার আমাদিগের শিক্ষা স্থল। আমরা যে সকল অসার অলীক বিষয়ের অনুসরণে সংসারে জীবনপাত করি, সতর্ক থাকিলে তত্তাবতের মধ্য হইতেই নিরন্তর পরম শিক্ষা লাভ করিতে পারি। আমরা চক্ষু কর্ণ যথোপযুক্তরূপে ব্যবহার করিলে বুঝিতে পারি যে, আশার সাফল্য ও বৈফল্য সমানই কথা। কারণ

যে রঙ্গভূমিতে আমরা অভিনয় করিতেছি, তাহা ক্ষণস্থায়ী এবং তাহার সহিত আমাদিগের সম্বন্ধ অত্যল্পকাল ব্যাপী, সেখানে সফলতা ও বিফলতা জনিত কোন ক্ষতি বৃদ্ধি আমাদিগের ঘটে না। আজি যে জন্য লালায়িত হইতেছি, কালি তাহা ফুরাইয়া যাইবে। অতএব প্রণিধান করিয়া এই শিক্ষাক্ষেত্রে ত্যাগ অভ্যাস করা আবশ্যক। কারণ সেই ত্যাগ আমাদিগকে পরম হিতকর পথে লইয়া যাইবে ॥ ২ ॥

——(:০::·:)——

ত্যাজ্যং দোষবদিত্যেকে কর্ম্ম প্রাহুর্ম্মনীষিণঃ।
যজ্ঞদানতপঃকর্ম্ম ন ত্যাজ্যমিতি চাপরে ॥ ৩ ॥

অন্বয়।—একে মনীষিণঃ (সাংখ্যবাদিনঃ) কর্ম্ম দোষবৎ (দোষযুক্তং) ইতি (হেতোঃ) ত্যাজ্যং (ত্যাগার্হং) প্রাহুঃ (বদন্তি) অপরে (মীমাংসকাঃ) যজ্ঞদানতপঃকর্ম্ম ন ত্যাজ্যং (পরিত্যক্তব্যং) ইতি [কথয়ন্তি] ॥ ৩ ॥

প্রতিশব্দ।—কোন সাংখ্য-বাদিগণ কর্ম্ম দোষ-যুক্ত এই-হেতু ত্যাজ্য বলেন, অন্য-মীমাংসকগণ যজ্ঞ-দান-তপ-রূপ-কর্ম্ম পরিত্যাজ্য নহে ইহা [বলেন] ॥ ৩ ॥

ব্যাখ্যা।—সাংখ্যবাদিগণ বলেন, সকল কর্ম্মই দোষযুক্ত, অতএব ইহা পরিত্যাগ করাই কর্ত্তব্য; মীমাংসকগণ বলেন যে, যজ্ঞ দান তপ প্রভৃতি কর্ম্ম কখনই পরিত্যাজ্য নহে, ইহা অবশ্যানুষ্ঠেয় ॥ ৩ ॥

শঙ্করাচার্য্য।—যদি কাম্যকর্ম্মপরিত্যাগঃ ফলপরিত্যাগো বার্থোবক্তব্যঃ সর্ব্বথা পরিত্যাগমাত্রং সংন্যাসত্যাগশব্দয়োরেকোঽর্থঃ স্যাৎ তদ্বটপটশব্দাবিব জাত্যন্তরভূতার্থৌ। নন্বু নিত্যনৈমিত্তিকানাং কর্ম্মণাং ফলমেব নাস্তীত্যাহুঃ কথমুচ্যতে তেষাং ফলত্যাগঃ যথা বন্ধ্যায়াঃ পুত্রত্যাগো, নৈষ দোষঃ নিত্যানামপি কর্ম্মণাং ভগবতা ফলবত্ত্বস্যেষ্টত্বাৎ, বক্ষ্যতি ভগবান্ অনিষ্টমিতি ন তু সন্ন্যাসিনামিতি চ। সন্ন্যাসিনামেব হি কেবলং কর্ম্মফলাসম্বন্ধং দর্শয়ন্নসন্ন্যাসিনাং নিত্যকর্ম্মফলপ্রাপ্তির্ভবত্যত্যাগিনাং প্রেত্যেতি দর্শয়তি ত্যাজ্যং দোষেতি। ত্যাজ্যন্ত্যক্তব্যং দোষবৎ দোষোঽস্যাস্তীতি দোষবৎ কিং তৎ কর্ম্ম বন্ধহেতুত্বাৎ সর্ব্বমেব অথবা দোষোযথা-

রাগাদিত্যজ্যতে তথা ত্যাজ্যমিত্যেকে কর্ম্ম প্রাহুর্মনীষিণঃ পণ্ডিতাঃ সাঙ্খ্যাদিদৃষ্টিমাশ্রিতাঃ অধিকৃতানান্ত কর্ম্মিণামপীতি। তত্রৈব যজ্ঞদানতপঃকর্ম্ম ন ত্যাজ্যমিতি চাপরে কর্ম্মিণ এবাধিকৃতাস্তানপেক্ষ্যেতে বিকল্পাঃ ন তু জ্ঞাননিষ্ঠান্ ব্যুত্থায়িনঃ সন্ন্যাসিনোঽপেক্ষ্য জ্ঞানযোগেন সাঙ্খ্যানাং নিষ্ঠা ময়া পুরা প্রোক্তা ইতি কর্ম্মাধিকারাদপাকৃতা যে ন তান্ প্রতি বিহিতা চিন্তা, ননু কর্ম্মযোগেন যোগিনামিতি অধিকৃতাঃ পূর্ব্বং বিভক্তনিষ্ঠা অপীহ সর্ব্বশাস্ত্রোপসংহারপ্রকরণে যথা বিচার্য্যন্তে তথা সাঙ্খ্যা অপি জ্ঞাননিষ্ঠা বিচার্য্যন্তামিতি ন তেষাং মোহক্লেশদুঃখনিমিত্তত্যাগানুপপত্তের্ন কায়ক্লেশনিমিত্তানি দুঃখানি সাঙ্খ্যা আত্মনি পশ্যন্তি ইচ্ছাদীনাং ক্ষেত্রধর্ম্মত্বেনৈব দর্শিতত্বাৎ, অতস্তে ন কায়ক্লেশদুঃখভয়াৎ কর্ম্ম পরিত্যজন্তি নাপি তে কর্ম্মাণ্যাত্মনি পশ্যন্তি যেন নিয়তং কর্ম্ম মোহাৎ পরিত্যজেয়ুর্গুণানাং কর্ম্ম নৈব কিঞ্চিৎকরোমীতি হি তে সন্ন্যস্যন্তি সর্ব্বকর্ম্মাণি মনসা সন্ন্যস্যেত্যাদিভির্হি তত্ত্ববিদঃ সন্ন্যাসপ্রকার উক্তস্তস্মাদ্যেঽধিকৃতাঃ কর্ম্মণ্যনাত্মবিদোযেষাঞ্চ মোহাৎ ত্যাগঃ সম্ভবতি কায়ক্লেশভয়াচ্চ ত এব তামসাস্ত্যাগিনোরাজসাশ্চেতি নিন্দ্যন্তে কর্ম্মিণামনাত্মজ্ঞানাং কর্ম্মফলত্যাগস্তুত্যর্থং সর্ব্বারম্ভপরিত্যাগী মৌনী সন্তুষ্টোযেন কেনচিদনিকেতঃ স্থিরমতিরিতি গুণাতীতলক্ষণে চ পরমার্থসন্ন্যাসিনোবিশেষিতত্বাৎ, বক্ষ্যতি চ জ্ঞানস্য যা পরা নিষ্ঠেতি, তস্মাৎ জ্ঞাননিষ্ঠাঃ সন্ন্যাসিনো নেহ বিবক্ষিতাঃ কর্ম্মফলত্যাগ এব সাত্ত্বিকত্বেন গুণেন তামসত্বাদ্যপেক্ষয়া সন্ন্যাস উচ্যতে ন মুখ্যঃ সর্ব্বকর্ম্মসন্ন্যাসঃ সর্ব্বকর্ম্মসন্ন্যাসাসম্ভবে চ ন হি দেহভৃতেতি হেতুবচনান্মুখ্য এবেতি চেন্ন হেতুবচনস্য স্তুত্যর্থত্বাৎ যথা ত্যাগাচ্ছান্তিরনন্তরমিতি কর্ম্মফলত্যাগস্তুতিরেব যথোক্তানেকপক্ষানুষ্ঠানাশক্তিমন্তং অর্জ্জুনং প্রতি বিধানাৎ তথেদমপি নহি দেহভৃতা শক্যমিতি কর্ম্মফলত্যাগস্তুত্যর্থং ন সর্ব্বাণি কর্ম্মাণি মনসা সন্ন্যস্য নৈব কুর্ব্বন্ন কারয়ন্নাস্তে ইত্যস্য পক্ষস্যাপবাদঃ কেনচিদ্দর্শয়িতুং শক্যস্তস্মাৎ কর্ম্মণ্যধিকৃতান্ প্রত্যেবৈষ সন্ন্যাসত্যাগবিকল্পঃ যে তু পরমার্থদর্শিনঃ সাঙ্খ্যাস্তেষাং জ্ঞাননিষ্ঠায়ামেব সর্ব্বকর্ম্মসন্ন্যাসলক্ষণায়ামধিকারো নান্যত্রেতি ন তে বিকল্পার্হাস্তথোপপাদিতমস্মাভির্বেদাবিনাশিনমিত্যস্মিন্ প্রদেশে তৃতীয়াদৌ চ ॥ ৩ ॥

আনন্দগিরি।—তং কিমিদানীং সন্ন্যাসত্যাগশব্দয়োরাত্যন্তিকং ভিন্নার্থত্বন্তথা চ প্রসিদ্ধিবিরোধঃ স্যাদিত্যাশঙ্ক্যাবান্তরভেদেঽপি নাত্যন্তিকভেদোঽস্তীত্যাহ যদীতি। পুত্রাভাবাবন্ধ্যায়াস্তত্ত্যাগাযোগবন্নিত্যনৈমিত্তিককর্ম্মণামফলানাং ফলত্যাগানুপপত্তেস্তত্ত্যাগশব্দার্থো ন সিধ্যতীতি শঙ্কতে নন্বিতি। নিত্যনৈমিত্তিককর্ম্মফলস্য বন্ধ্যাপুত্রসাদৃশ্যাভাবাত্তত্ত্যাগসম্ভবাত্তত্ত্যাগশব্দার্থঃ সম্ভবতীতি সমাধত্তে নৈষ দোষইতি। ভগবতা তেষাং ফলবত্ত্বমিষ্টমিত্যত্র বাক্যশেষমনুকূলয়তি বক্ষ্যতীতি। তর্হি সন্ন্যাসিনামসন্ন্যাসিনাঞ্চ নিত্যাদ্যনুষ্ঠায়িনামবিশেষেণ তৎফলং স্যাদিতি চেন্নৈবেত্যাহ ন ত্বিতি। বক্ষ্যতীত্যনুকর্ষণঞ্চকারার্থঃ। প্রসক্তস্য বচসোঽর্থং প্রকৃতোপযোগিত্বেন সংগৃহ্য স্মারয়তি সন্ন্যাসিনামিতি। কাম্যানি বর্জ্জয়িত্বা নিত্যনৈমিত্তিকানি ফলাভিলাষাদৃতে কর্ত্তব্যানীত্যুক্তং পক্ষং প্রতিপক্ষনিরাসেন দ্রঢ়য়িতুং বিপ্রতিপত্তিমাহ ত্যাজ্যমিতি। কর্ম্মণঃ সর্ব্বস্য দোষবত্ত্বে হেতুমাহ বন্ধেতি। দোষবদিত্যোক্তদৃষ্টান্তত্বেন ব্যাচষ্টে অথবেতি।

কর্ম্মণ্যনধিকৃতানামকর্ম্মিণামেব কর্ম্ম ত্যাজ্যং কর্ম্মিণাস্তত্ত্যাগে প্রত্যবায়াদিত্যাশঙ্ক্যাহ অধিকৃতানামিতি। ন হি তেষামপি কর্ম্ম ত্যজতাং প্রত্যবায়োহিংসাদিযুক্তস্য কর্ম্মণোঽনুষ্ঠানে পরং প্রত্যবায়াদিতি ভাবঃ, সাঙ্খ্যাদিপক্ষসমাপ্তাবিতিশব্দঃ। মীমাংসকপক্ষমাহ তত্রৈবেতি। কর্ম্মাধিকৃতেষ্বেবেতি যাবৎ, কর্ম্ম নিত্যং নৈমিত্তিকঞ্চ। কাম্যানাং কর্ম্মণামিত্যারভ্য শ্লোকাভ্যাম্ কর্ম্মিণোঽধিকৃতাননধিকৃতাংশ্চাপেক্ষ্য দর্শিতবিকল্পানাং প্রবৃত্তিরিত্যাশঙ্ক্যাহ কর্ম্মিণ ইতি। এবকারব্যবচ্ছেদ্যমাহ নত্বিতি। তদেব স্ফুটয়তি জ্ঞানেতি। কর্ম্মাধিকৃতানাং জ্ঞাননিষ্ঠাতোবিভক্তনিষ্ঠাবত্ত্বেন পূর্ব্বোক্তানামপি শাস্ত্রার্থোপসংহারে পুনর্ব্বিচার্য্যত্বণজ্জাতনিষ্ঠানামপি বিচার্য্যত্বমত্রাবিরুদ্ধমিতি শঙ্কতে নন্বিতি। সাঙ্খ্যানাং পরমার্থজ্ঞাননিষ্ঠানাং নাত্র বিচার্য্যতেত্যুত্তরমাহ ন তেষামিতি। নন্বু তেষামপি স্বাত্মনি ক্লেশদুঃখাদিপশ্যতাস্তদনুরোধেন রাজসকর্ম্মত্যাগসিদ্ধের্ব্বিচার্য্যত্বং নেত্যাহ ন কায়েতি। তত্র ক্ষেত্রাণ্যায়োক্তং হেতুং করোতি ইচ্ছাদীনামিতি। স্বাত্মনি সাঙ্খ্যাদীনাং ক্লেশাদ্যপ্রতিপত্তৌ ফলিতমাহ অত ইতি। নন্বু তেষাং ক্লেশাদ্যদর্শনেঽপি স্বাত্মনি কর্ম্মাণি পশ্যতাস্তত্ত্যাগোযুক্তস্তেষাং কায়ক্লেশাদিকরত্বান্নেত্যাহ নাপীতি। অজ্ঞানাম্মোহমাহাত্ম্যাৎ নিয়তমপি কর্ম্ম ত্যক্তুং শক্যং ন তত্ত্ববিদাং স্বাত্মনি কর্ম্মাদর্শনে ত্যাগে হেত্বভাবাদিতি মত্বাহ মোহাদিতি। কথং তর্হি তেষামাত্মনি কর্ম্মাণ্যপশ্যতাং প্রাপ্তভাবে তত্ত্যাগঃ সন্ন্যাসস্তত্রাহ গুণানামিতি। অবিবেকপ্রাপ্তানাং কর্ম্মণাং ত্যাগস্তত্ত্ববিদামিত্যুক্তং স্মারয়ন্ প্রাপ্তপ্রতিষেধং প্রত্যাদিশতি সর্ব্বেতি। তত্ত্ববিদামত্রাবিচার্য্যত্বে ফলিতমাহ তস্মাদিতি। যেনাত্মবিদস্তত এবেত্যুত্তরত্র সম্বন্ধঃ। কর্ম্মণ্যধিকৃতানামনাত্মবিদাং কর্ম্মত্যাগসম্ভাবনাং দর্শয়তি যেষামিতি। তন্নিন্দা কুত্রোপযুক্তেত্যাশঙ্ক্যাহ কর্ম্মিণামিতি। কিঞ্চ পরমার্থসন্ন্যাসিনাং প্রশস্ততোপলম্ভান্ন নিন্দাবিষয়ত্বমিত্যাহ সর্ব্বেতি। কিঞ্চাত্রাপি সিদ্ধিং প্রাপ্তো যথেত্যাদিনা জ্ঞাননিষ্ঠায়া বক্ষ্যমাণত্বাত্তদ্বতাম্নেহ বিচার্য্যতেত্যাহ বক্ষ্যতীতি। কর্ম্মাধিকৃতানামেবাত্র বিবক্ষিতত্বাৎ ন জ্ঞাননিষ্ঠানামিত্যুপসংহরতি তস্মাদিতি। নন্বু সন্ন্যাসশব্দেন সর্ব্বকর্ম্মসন্ন্যাসস্য গ্রাহ্যত্বাত্তথাবিধসন্ন্যাসিনামিহ বিবক্ষিতত্বম্ প্রতিভাতি তত্রাহ কর্ম্মেতি। সন্ন্যাসশব্দেন মুখ্যস্যৈব সন্ন্যাসস্য গ্রহণাদ্গৌণমুখ্যয়োর্মুখ্যে সংপ্রত্যয়াদন্যথা তদসম্ভবে হেতুক্তিবৈয়র্থ্যাদপ্রাপ্তপ্রতিষেধাদিতি শঙ্কতে সর্ব্বেতি। নেদং হেতুবচনং সর্ব্বকর্ম্মসন্ন্যাসাসম্ভবসাধকং কর্ম্মফলত্যাগস্তুতিপরত্বাদিতি পরিহরতি নেত্যাদিনা। এতদেব দৃষ্টান্তেন স্পষ্টয়তি যথেতি। দৃষ্টান্তেঽপি যথাশ্রুতার্থত্বং কিং ন স্যাদিত্যাশঙ্ক্যাহ যথোক্তেতি। নহি ফলত্যাগাদেব জ্ঞানং বিনা মুক্তির্যুক্তা মুক্তের্জ্ঞানৈকাধীনত্বসাধকশ্রুতিস্মৃতিবিরোধাদদ্বেষ্টেত্যাদিনা চানন্তরমেব জ্ঞানসাধনবিধানানর্থক্যাদত্যাগস্তুতিরেবাত্র গ্রাহ্যেত্যর্থঃ। দৃষ্টান্তগতমর্থং দার্ষ্টান্তিকে যোজয়তি তথেতি। প্রাগুক্তপক্ষাপবাদবিবক্ষয়া হেতুক্তের্মুখ্যার্থত্বমেব কিম্ ন স্যাদিত্যাশঙ্ক্য তদপবাদে হেত্বভাবান্নৈবমিত্যাহ সর্ব্বেতি। নচেয়মেব হেতুক্তিস্তদপবাদিকান্যথা সিদ্ধেরুক্তত্বাদিতিভাবঃ। মুখ্যসন্ন্যাসাপবাদাসম্ভবে সন্ন্যাসত্যাগবিকল্পস্য কথম্ সাবকাশতেত্যাশঙ্ক্যাহ তস্মাদিতি। জ্ঞাননিষ্ঠান্ প্রত্যুক্তবিকল্পানুপপত্তৌ কুত্র তেষামধিকারস্তত্রাহ যে ত্বিতি। সন্ন্যাসিনাং বিকল্পানর্হত্বেন জ্ঞাননিষ্ঠায়ামেবাধিকারস্য ভূয়ঃসু প্রদেশেষু সাধিতত্বান্ন সাধনীয়ত্বাপেক্ষেত্যাহ তথেতি ॥ ৩ ॥

রামানুজ।—ত্যাজ্যমিতি। ত্যাজ্যং দোষবদিত্যেকে কর্ম্ম প্রাহুর্ম্মনীষিণঃ। একে মনীষিণঃ কাপিলা বৈদিকাশ্চ তন্মতানুসারিণো রাগাদিদোষবদ্বন্ধকত্বাৎ সর্ব্বং যজ্ঞাদিকং কর্ম্ম মুমুক্ষুণা ত্যাজ্যমিতি প্রাহুঃ। [অপরে পণ্ডিতা যজ্ঞাদিকং কর্ম্ম ন ত্যাজ্যমিতি প্রাহুঃ] ॥ ৩ ॥

হনুমান্।—ত্যাজ্যং ত্যক্তব্যং দোষবৎ কর্ম্ম তস্মাৎ বন্ধহেতুত্বাৎ ত্যাজ্যমিত্যেকে মনীষিণঃ প্রাহুঃ অথবা দোষশব্দেন রাগদ্বেষৌ উচ্যেতে দোষবৎ রাগদ্বেষবলাভ্যাং তুল্যং কর্ম্মত্যাজ্যমেব বন্ধকত্বাদিত্যেকে মনীষিণঃ প্রাহুঃ নিত্যং যজ্ঞদানতপঃ কর্ম্ম ন ত্যাজ্যমিতি "স্বকর্ম্মণা তমভ্যর্চ্চ্য সিদ্ধিং বিন্দন্তি মানব" ইতি বচনাৎ মোক্ষার্থিনামপি ন ত্যাজ্যমিত্যর্থঃ ॥ ৩ ॥

শ্রীধর।—এতদেব মতান্তরনিরাসেন দ্রঢ়ীকর্তুং মতভেদং দর্শয়তি ত্যাজ্যমিতি। দোষবদ্ধিংসাদিদোষবত্ত্বেন বন্ধকমিতি হেতোঃ সর্ব্বমপি কর্ম্ম ত্যাজ্যমিত্যেকে সাংখ্যাঃ প্রাহুর্ম্মনীষিণ ইতি। অয়ময়ং ভাবঃ, মা হিংস্যাৎ সর্ব্বা ভূতানীতি নিষেধঃ পুরুষস্যানর্থহেতুর্হিংসেত্যাহ অগ্নীষোমীয়ং পশুমালভেতেত্যাদিপ্রাকরণিকো বিধিস্তু হিংসায়াঃ ক্রতূপকারত্বমাহ অতো ভিন্নবিষয়ত্বেন সামান্যবিশেষন্যায়াগোচরত্বাৎ দ্রব্যসাধ্যেষু সর্ব্বেষ্বপি কর্ম্মসু হিংসাদেঃ সম্ভবাৎ সর্ব্বমপি কর্ম্ম ত্যাজ্যমেবেতি। তদুক্তং, "দৃষ্টবদানুশ্রবিকঃ স হ্যবিশুদ্ধিক্ষয়াতিশয়যুক্ত" ইতি। অপরে তু মীমাংসকা যজ্ঞাদিকং কর্ম্ম ন ত্যাজ্যমেবেতি প্রাহুঃ। অয়ং ভাবঃ, ক্রত্বর্থাপি সতীয়ং হিংসা পুরুষেণ কর্ত্তব্যা সা চান্যোদ্দেশেনাপি কৃতা পুংসস্য প্রত্যবায়হেতুরেব, তথাহি বিধির্ব্বিধেয়স্য তদুদ্দেশেনানুষ্ঠানং বিধত্তে তাদর্থ্যলক্ষণত্বাত্তচ্ছেষস্য, নত্বেবং নিষেধো নিষেধ্যস্য তাদর্থ্যমপেক্ষ্যতে প্রাপ্তিমাত্রাপেক্ষত্বাৎ অন্যথা অজ্ঞানপ্রমাদাদিকৃতে দোষাভাবপ্রসঙ্গাৎ, সমানবিষয়ত্বেন সামান্যশাস্ত্রস্য বিশেষেণ বাধো নাস্তি দোষবত্ত্বং অতো নিত্যং যজ্ঞাদিকর্ম্ম ন ত্যাজ্যমিতি ॥ ৩ ॥

বলদেব।—ত্যাগে পুনরপি মতভেদমাহ ত্যাজ্যমিতি। একে মনীষিণো ন হিংস্যাৎ সর্ব্বা ভূতানীতি শ্রুতিদর্শিনঃ কাপিলাঃ কর্ম্ম দোষবৎ পশুহিংসাদিদোষযুক্তং ভবত্যতস্ত্যাজ্যং স্বরূপতো হেয়মিত্যাহুঃ। অগ্নিষোমীয়ং পশুমালভেতেতি শ্রুতিস্তু হিংসায়াঃ ক্রত্বঙ্গত্বমাহ অনর্থহেতুত্বং তস্যা নিবারয়তি। তথা চ দ্রব্যসাধ্যত্বেন হিংসায়াঃ সম্ভবাৎ সর্ব্বং কর্ম্ম ত্যাজ্যমিতি। অপরে জৈমিনীয়াস্তু যজ্ঞাদিকর্ম্ম ন ত্যাজ্যং তস্য বেদবিহিতত্বেন নির্দ্দোষত্বাদিত্যাহুঃ। যদ্যপি হিংসানুগ্রহাত্মকং কর্ম্ম তথাপি তস্য বেদেন ধর্ম্মত্বাভিধানান্ন দোষবত্ত্বমতঃ কার্য্যমেবেত্যর্থঃ। ন হিংস্যাদিতি সামান্যতো নিষেধস্তু ক্রতোরন্যত্র তস্যাঃ পাপতামাহেতি ন কিঞ্চিদবদ্যং ॥ ৩ ॥

মধুসূদন।—অধুনা দ্বিতীয়প্রশ্নপ্রতিবচনায় সংন্যাসত্যাগশব্দার্থস্য দ্বৈবিধ্যং নিরূপয়িতুং তত্র বিপ্রতিপত্তিমাহ ত্যাজ্যমিতি। সর্ব্বং কর্ম্ম বন্ধহেতুত্বাৎ দোষবৎ দুষ্টং অতঃ কর্ম্মাধিকৃতৈরপি কর্ম্ম ত্যাজ্যমেবেত্যেকে মনীষিণঃ প্রাহুঃ যথা দোষবৎ দোষ ইব যথা দোষো রাগাদিস্ত্যজ্যতে তদ্বৎ কর্ম্ম ত্যাজ্যমনুৎপন্নবোধৈরনুৎপন্নবিবিদিষৈঃ কর্ম্মাধিকারিভিরপীত্যেকঃ পক্ষঃ, অত্র দ্বিতীয়ঃ পক্ষঃ কর্ম্মাধিকারিভিরন্তঃকরণশুদ্ধিদ্বারা বিবিদিষোৎপত্ত্যর্থং যজ্ঞদানতপঃ কর্ম্ম ন ত্যাজ্যমিতি চাপরে মনীষিণঃ প্রাহুঃ ॥ ৩ ॥

নীলকণ্ঠ।—ইদমেব পক্ষদ্বয়মাহ ত্যাজ্যমিতি। একে মুখ্যা মনীষিণো মনোনিগ্রহ-

সমর্থাঃ পরমাত্মন্যুৎপন্ন বিবিদিষাণাং পুরুষাণাং দোষবৎ রাগাদয়ো যথা ত্যাজ্যা তদ্বৎ কর্ম্ম ত্যাজ্যমিতি প্রাহুঃ। অপরে তু বিবিদিষণার্থিনা যজ্ঞাদিকম্ ন ত্যাজ্যমিতি বা প্রাহুরিত্যনুবর্ত্ততে। তথাচ দ্বিবিধাঃ শ্রুতয়ঃ উপলভ্যন্তে "ন কর্ম্মণা ন প্রজয়া ধনেন ত্যাগেনৈকে অমৃতত্বমানশুঃ" "কুর্ব্বন্নেবেহ কর্ম্মাণি জিজীবিষেচ্ছতং সমাঃ।" ইত্যাদ্যাঃ। অচিদ্বিষয়মেবৈতৎ পক্ষদ্বয়ং বিদুষাস্তু কর্ম্মসু প্রবৃত্তিকারণস্যাজ্ঞানাস্য নষ্টত্বাৎ স্বতঃ সিদ্ধ এব ত্যাগঃ ইতি ন তান্ প্রতি কর্ম্ম বিধির্ব্বা তৎত্যাগবিধির্ব্বা প্রবর্ত্ততে। যথোক্তং "ন কর্ম্মাণি ত্যজেদ্যোগী কর্ম্মভিস্ত্যজতে হ্যসা"বিতি॥ ৩॥

বিশ্বনাথ।—ত্যাগে পুনরপি মতভেদমুপক্ষিপতি ত্যাজ্যমিতি। দোষবৎ হিংসাদিদোষবত্ত্বাৎ কর্ম্ম স্বরূপত এব ত্যাজ্যমিত্যেকে সাংখ্যাঃ। অপরে মীমাংসকাঃ যজ্ঞাদিকং কর্ম্ম শাস্ত্রে বিহিতত্বাৎ ন ত্যাজ্যমিত্যাহুঃ॥ ৩॥

তাৎপর্য্য।—অতঃপর শ্রীভগবান্ ত্যাগের তত্ত্ব বিশদরূপে বুঝাইতে প্রবৃত্ত হইতেছেন। পূর্ব্বশ্লোকে সন্ন্যাসীর পক্ষে কাম্যকর্ম্ম পরিত্যাগ এবং ত্যাগীর পক্ষে ফলাভিসন্ধি পরিত্যাগের কথা কথিত হইয়াছে। উভয়ত্রই ত্যাগ সাধারণ লক্ষণরূপে নির্দ্দিষ্ট হইয়াছে, সুতরাং এই ত্যাগের প্রসঙ্গ আরও স্পষ্টরূপে বিবৃত করা বিধেয়; নতুবা ত্যাগের তত্ত্ব প্রণিধান করিতে ভ্রম হওয়া সম্ভবপর।

পূজ্যপাদ শ্রীমচ্ছঙ্করাচার্য্য তথা শ্রীমদানন্দগিরির অভিপ্রায়। যদি কাম্যকর্ম্ম পরিত্যাগ অথবা ফলপরিত্যাগ করাই ভগবদুক্তির লক্ষিত হয়, তাহা হইলে সন্ন্যাস ও ত্যাগ শব্দের পরিত্যাগ এক অর্থরূপে পরিগণিত হইতেছে। তাহা হইলে দেখা যাইতেছে যে, ঘট ও পটের ন্যায় সন্ন্যাস ও ত্যাগের অর্থ জাত্যন্তরভূত। এতদুভয়ের অবান্তর ভেদ থাকিলেও আত্যন্তিক ভেদ নাই। এস্থলে প্রশ্ন হইতে পারে যে, নিত্য ও নৈমিত্তিক ক্রিয়ার কোন ফল নাই, অতএব তৎসম্বন্ধে ফল পরিত্যাগের প্রসঙ্গ সম্পূর্ণ ব্যর্থ। যেমন বন্ধ্যার পুত্রত্যাগ অলীক, তদ্রূপ ফলহীন কর্ম্মের ফলত্যাগের প্রস্তাবও অনর্থক। কিন্তু বিবেচনা করিয়া দেখিলে বুঝা যাইবে যে, এরূপ ফল ত্যাগের প্রসঙ্গে কোন দোষ হইতেছে না। ভগবান্ নিত্য কর্ম্মেরও ইষ্টস্বরূপ ফল বিধান করিয়াছেন বলিয়া ফলত্যাগের প্রসঙ্গ দোষাবহ হইতে পারে না। এই অধ্যায়ের ১২শ শ্লোকে "অনিষ্টমিষ্টং মিশ্রঞ্চ" এই বাক্যে শ্রীভগবান্ কর্ম্মজনিত ফলের নির্দ্দেশ করিয়াছেন।

সুতরাং কোন প্রকার কর্ম্মই সম্পূর্ণ নিষ্ফল বলিয়া মনে করা যাইতে পারে না। এক্ষণে প্রশ্ন হইতে পারে যে, সন্ন্যাসী অর্থাৎ কাম্যকর্ম্মত্যাগী এবং অসন্ন্যাসী অর্থাৎ নিত্যাদি কর্ম্মের অনুষ্ঠানকারী, এতদুভয়ই কি নিত্যাদি কর্ম্মসমূহের অনুষ্ঠান করিলে সমান ফলভাগী হইবে? তাহা হইতে পারে না। উল্লিখিত ১২শ শ্লোকের মধ্যে সন্ন্যাসিদিগেরই কেবল কর্ম্ম ফলের সহিত অসম্বন্ধ প্রদর্শন করিয়া অসন্ন্যাসিদিগের নিত্যকর্ম্মজনিত ফলপ্রাপ্তি ঘটিয়া থাকে, এই অভিপ্রায় ব্যক্ত করিয়াছেন। কর্ম্ম দোষবৎ পরিত্যাগ করা আবশ্যক। দোষাবহ মনে করিয়া কর্ম্মের সংশ্রব পরিত্যাজ্য অথবা রাগাদি দোষ যেরূপ পরিহার করা উচিত, তদ্রূপ কর্ম্মের সংশ্রব পরিত্যাজ্য। কারণ তাহা বন্ধনের হেতুভূত। সাঙ্খ্যদৃষ্টিসম্পন্ন অর্থাৎ জ্ঞানবান্ বিচক্ষণগণ এইরূপ অভিপ্রায় প্রকাশ করিয়া থাকেন। ইহাই এক শ্রেণীর অর্থাৎ সাংখ্য সম্প্রদায়ের অভিপ্রায় (২৯ পৃষ্ঠার টিপ্পনী দ্রষ্টব্য)। যাহারা কর্ম্মে অধিকারী এবং যাহারা কর্ম্মানুষ্ঠানকারী, উভয়েরই কর্ম্ম ত্যাগ করা আবশ্যক। এস্থলে আশঙ্কা হইতে পারে যে, অকর্ম্মিদিগের ন্যায় কর্ম্মাধিকারীরা যদি কর্ম্ম ত্যাগ করে, তাহা হইলে তাহাদিগের প্রত্যবায় ঘটিতে পারে? এরূপ আশঙ্কা অনর্থক; অধিকারিদিগেরও কর্ম্ম ত্যাগ করা আবশ্যক। অপর এক সম্প্রদায় বলিয়া থাকেন যে, যজ্ঞ দান তপঃ প্রভৃতি কর্ম্ম পরিত্যাজ্য নহে। যে ত্যাগের কথা আলোচিত হইতেছে, তাহা কর্ম্মিদিগকে লক্ষ্য করিয়াই প্রযুক্ত হইতেছে। কর্ম্মত্যাগী জ্ঞাননিষ্ঠ শুদ্ধ বুদ্ধ সন্ন্যাসিগণ ইহার লক্ষ্য স্থল নহে। পূর্ব্বে "জ্ঞানযজ্ঞেন সাংখ্যানাং" (৩য় অধ্যায় ৩য় শ্লোক) ইত্যাদি বাক্যে শ্রীভগবান্ বলিয়াছেন যে, জ্ঞানযোগিদিগের পক্ষে অর্থাৎ জ্ঞানসম্পন্ন মহাত্মাদিগের পক্ষে কোন কর্ম্মের বিধান নাই। সুতরাং যাঁহারা কর্ম্মাধিকারী হইতে অতীত, তাঁহাদিগের পক্ষে কোনই কর্ম্মের ব্যবস্থা নাই। যদি বলা যায় পূর্ব্বোল্লিখিত ৩য় অধ্যায় স্থিত ৩য় শ্লোকে "কর্ম্মযোগেন যোগিনাং" এই বাক্যে কর্ম্মাধিকারীর পক্ষে কর্ম্মযোগের ব্যবস্থা বিহিত হইয়াছে। এক্ষণে গ্রন্থের উপসংহারাধ্যায়ে সেই কর্ম্মাধিকারিগণের প্রসঙ্গ যেরূপ ভাবে শ্রীভগবান্ বিচার করিতে প্রবৃত্ত হইয়াছেন, সর্ব্বকর্ম্মত্যাগী সন্ন্যাসীর প্রসঙ্গও কি সেইরূপ বিচার্য্য হইতে হইবে? তদুত্তরে

কথিত হইতেছে যে, এরূপ অনুমান অসঙ্গত। কারণ সাংখ্য অর্থাৎ জ্ঞাননিষ্ঠ সন্ন্যাসিগণ দুঃখ ক্লেশ বা মোহ নিবন্ধন ত্যাগাবলম্বন করেন না, অর্থাৎ কোন প্রয়োজনে বাধ্য হইয়া তাঁহারা ত্যাগ পরায়ণ হন না। কেবল জ্ঞাননিষ্ঠার প্রাবল্যে মোক্ষ লাভার্থ তাঁহারা ত্যাগধর্ম্ম অবলম্বন করিয়া থাকেন। তাঁহারা আপনার মধ্যে কোনরূপ শারীরিক ক্লেশজনিত দুঃখ দর্শন করেন না, অর্থাৎ দৈহিক কোনরূপ ক্লেশ তাঁহাদিগকে কোনরূপে অভিভূত করিতে পারে না। ইচ্ছা দ্বেষ প্রভৃতি সকলই ক্ষেত্রের ধর্ম্ম (১৩শ অধ্যায় ৫। ৬ শ্লোক দ্রষ্টব্য) ইহা পূর্ব্বে নির্দ্দিষ্ট হইয়াছে। তাঁহাদিগের জ্ঞান তাঁহাদিগকে ক্ষেত্রজ্ঞের সহিত সম্মিলিত করিয়াছে, সুতরাং তাঁহারা কায়ক্লেশ দুঃখ নিমিত্ত কর্ম্ম পরিত্যাগ করেন না। মনুষ্যেরা সাধারণত কর্ত্তব্য পালনে দুঃখ ও ক্লেশ বোধ করিয়া থাকে। যাঁহারা জ্ঞাননিষ্ঠাসম্পন্ন তাঁহারা সেই ক্লেশের অতীত; অতএব সে ভয়ে তাঁহাদিগকে কর্ম্ম পরিত্যাগ করিতে হয় না। অথবা তাঁহারা আত্মার মধ্যে কোন কর্ম্ম দর্শন করেন না, অর্থাৎ জ্ঞানবলে তাঁহারা বুঝিয়াছেন যে, আত্মা কোন কর্ম্মের সহিত লিপ্ত নহেন। অতএব মোহের বশবর্ত্তী হইয়া এবং আত্মাকে কর্ত্তা জ্ঞান করিয়া তাঁহাদিগকে কর্ম্ম ত্যাগ করিতে হয় না। কর্ম্ম সমূহ গুণাশ্রিত, অর্থাৎ গুণের দ্বারাই কর্ম্ম অনুষ্ঠিত হইয়া থাকে, আত্মা কিছুই করেন না, গুণাতীত পুরুষেরা এইরূপ জ্ঞান সহকারেকর্ম্ম সন্ন্যাস করেন। শ্রীভগবান্ পূর্ব্বে "সর্ব্বকর্ম্মাণি মনসা সন্ন্যসেৎ" (৫ম অধ্যায় ১৩শ শ্লোক) ইত্যাদি বাক্যে তত্ত্ববিদ্গণের সন্ন্যাসের প্রকার বিবৃত করিয়াছেন। অর্থাৎ যেরূপ ভাবে সর্ব্বকর্ম্ম পরিত্যাগরূপ সন্ন্যাসের উদ্ভব হইয়া থাকে তাহার কীর্ত্তন করিয়াছেন। জ্ঞাননিষ্ঠ ত্যাগিগণের কথা কথিত হইল। অন্য যে এক প্রকার কর্ম্মাধিকারী আছেন, তাঁহাদিগের কথা অতঃপর বিবেচিত হইতেছে। তাঁহারা অনাত্মবিৎ অর্থাৎ আত্মতত্ত্ব সম্বন্ধে অনভিজ্ঞ, সুতরাং মোহপ্রযুক্ত তাঁহাদিগের পক্ষে ত্যাগ সম্ভব। অর্থাৎ আত্মতত্ত্ব প্রকৃষ্টরূপে পরিজ্ঞাত না থাকায় আত্মাকে কর্ম্মী বা কর্ত্তা জ্ঞান করিয়া মোহ হেতু তাঁহারা কর্ম্ম ত্যাগ করিতে পারেন। কায়ক্লেশ ভয়েও তাঁহাদিগের পক্ষে কর্ম্ম ত্যাগ সম্ভব। এইরূপ কর্ম্মত্যাগিগণকে তামস ত্যাগী অথবা রাজস ত্যাগী বলিয়া বিজ্ঞগণ

নিন্দা করিয়া থাকেন। কারণ তাহারা অনাত্মজ্ঞ কর্ম্মী। কর্ম্ম ফল-ত্যাগের স্তুতি অর্থাৎ প্রশংসা ব্যক্ত করিবার নিমিত্ত পূর্ব্বে বহু স্থানে ভগবান্ বহু প্রকার বাক্য প্রয়োগ করিয়াছেন। "সর্ব্বারম্ভ পরিত্যাগী" "তুল্যনিন্দাস্তুতির্মৌনী সন্তুষ্টো যেন কেনচিৎ। অনিকেতঃ স্থির মতিঃ" (১২শ অধ্যায় ১৬।১৯ শ্লোক) প্রভৃতি স্থান সমূহ দ্রষ্টব্য। অপিচ গুণাতীত লক্ষণেও (১৪শ অধ্যায় ১৫ শ্লোক দ্রষ্টব্য) পরমার্থ সন্ন্যাসীর শ্রেষ্ঠত্ব প্রতিপাদিত হইয়াছে, অর্থাৎ এই গ্রন্থের পূর্ব্ব ভাগে শ্রীভগবানের বিবিধ উক্তির দ্বারা জ্ঞাননিষ্ঠা সংকৃত বুদ্ধিযোগসম্পন্ন সন্ন্যাসি-দিগের প্রশংসা কীর্ত্তিত হইয়াছে। অতএব জ্ঞাননিষ্ঠ কর্ম্মত্যাগিগণের প্রসঙ্গ এস্থলে বিবক্ষিত নহে। সর্ব্ব কর্ম্মত্যাগরূপ মুখ্য সন্ন্যাসের কথা এস্থলে আলোচিত হইতেছে না। সাত্ত্বিকগুণ প্রভাবে কর্ম্মফলত্যাগ-কারী সন্ন্যাসীই যে তামস ত্যাগীর অপেক্ষা শ্রেষ্ঠ তাহাই এস্থলে প্রতি পাদিত হইয়াছে। শ্রীভগবান্ এই অধ্যায়ের ১১শ শ্লোকে বলিয়াছেন, "নহি দেহভৃতা শক্যং" ইত্যাদি। অর্থাৎ দেহধারিদিগের পক্ষে সর্ব্ব কর্ম্ম ত্যাগ সম্ভব নহে। অতএব বুঝিতে হইবে যে, সর্ব্বত্যাগী জ্ঞানী মুখ্য সন্ন্যাসিদিগের কথা এস্থলে বিচার্য্য নহে, অনাত্মবিদ্ গৌণ সন্ন্যাসি-গণের প্রসঙ্গই এস্থলে আলোচ্য। এই গ্রন্থে পূর্ব্বেও কথিত হইয়াছে যে, "ত্যাগাচ্ছান্তিরনন্তরং" অর্থাৎ কর্ম্ম ফল ত্যাগের পরিণামে শান্তি হইয়া থাকে। এতদ্দ্বারা কর্ম্ম ফলত্যাগেরই স্তুতি প্রকটিত হইয়াছে। সে স্থলেও অনেক কর্ত্তব্যোপদেশ পালনে অক্ষম অর্জ্জুনের প্রতি সামান্য বিধি দ্বারা কর্ম্ম ফলত্যাগেরই ব্যবস্থা করা হইয়াছিল। এস্থলেও "নহি দেহভৃতা" এই বাক্যে সর্ব্ব সাধারণের পক্ষে সর্ব্বকর্ম্মত্যাগরূপ জ্ঞাননিষ্ঠা অসম্ভব বুঝিয়া কেবল কর্ম্মফলত্যাগেরই প্রশংসা নিবদ্ধ করিয়াছেন। "যে তু সর্ব্বাণি কর্ম্মাণি" (১২ অধ্যায় ৬ শ্লোক) "নৈব কুর্ব্বন্ন কারয়ন্" এই সকল স্থলে সর্ব্বকর্ম্ম ত্যাগেরই প্রসঙ্গ স্পষ্টরূপে নির্দ্দিষ্ট হইয়াছে। এই সকল ভগবদুক্তির প্রতি অপবাদ আরোপ করিতে কাহারও সাধ্য নাই। অর্থাৎ এই সকল বাক্য অবিসংবাদিত সত্যরূপে পরিগৃহীত। অতএব বুঝিতে হইবে যে, কর্ম্মাধিকারিগণের পক্ষেই বিকল্পরূপে সন্ন্যাস ও ত্যাগ নির্দ্দিষ্ট হইয়াছে। যাঁহারা জ্ঞাননিষ্ঠ সাংখ্য সন্ন্যাসী,

তাঁহারা সর্ব্বত্যাগেরই অধিকারী এবং তাঁহারা অত্রত্য সন্ন্যাস ও ত্যাগ এই বিকল্পদ্বয়ের অন্তর্ভুক্ত নহেন। "বেদাবিনাশিনং নিত্যং" (২য় অধ্যায় ২১শ শ্লোক) ও তৃতীয়াধ্যায়, ইত্যাদি স্থলে আমরা এই তত্ত্ব প্রতিপন্ন করিয়াছি।

পূজ্যপাদ শ্রীমচ্ছঙ্করাচার্য্য মহোদয়ের ভাষ্যালোচনায় ইহাই উপলব্ধ হইতেছে যে, মূলস্থিত সন্ন্যাস ও ত্যাগ এতদুভয় শব্দ দ্বারা কেবল কর্ম্ম ফলত্যাগই লক্ষিত। যাঁহারা কর্ম্মাধিকারী, তাঁহারাই এস্থলে আলোচনার বিষয়ীভূত; যাঁহারা জ্ঞাননিষ্ঠ সর্ব্বকর্ম্মত্যাগী, তাঁহারা এই কর্ম্মিগণের শ্রেণী মধ্যে নিবিষ্ট নহেন, এবং তাঁহারা নিত্য কর্ম্মত্যাগী ও কর্ম্ম ত্যাগের অধিকার সম্পন্ন। কর্ম্মাধিকারিগণের মধ্যেও দুই প্রকার বিভাগ সম্ভব,এক সাত্ত্বিক গুণপ্রভাবে কর্ম্মফলত্যাগী, আর অপর রাজস বা তামস ত্যাগী। এতদুভয়ই এস্থলে লক্ষিত। তন্মধ্যে প্রথমোক্তগণের কর্ম্মফলত্যাগ সংন্যাস নামে অভিহিত।

পূজ্যপাদ শ্রীমৎ শ্রীধর স্বামীর অভিপ্রায়। মতান্তরের নিরাস করিয়া সুদৃঢ় করিবার উদ্দেশে শ্রীভগবান্ মতভেদ করিতে উদ্যত হইয়াছেন। হিংসাদি কর্ম্ম যেরূপ দোষবৎ, সুতরাং বন্ধনের হেতুভূত, সর্ব্বপ্রকার কর্ম্মও তদ্রূপ দোষযুক্ত, সুতরাং বর্জ্জনীয়। অতএব হিংসাদিযুক্ত সর্ব্বকর্ম্ম পরিত্যাজ্য। এইরূপ অভিপ্রায় বিচক্ষণ জ্ঞানী মহোদয়গণ ব্যক্ত করিয়াছেন। ইহার তাৎপর্য্য যথা; "মা হিংস্যাৎ সর্ব্বাভূতানি" অর্থাৎ কোন জীবকে হিংসা করিবে না, ইহা ধর্ম্মশাস্ত্রীয় নিষেধ। কারণ হিংসাই পুরুষের অনর্থের হেতুভূত অর্থাৎ হিংসা দ্বারা পুরুষের জন্ম মৃত্যুরূপ বন্ধন দূর হয় না, অধিকন্তু তাহার অধোগতি হইয়া থাকে। 'অগ্নিসোমীয় যজ্ঞে পশু হনন করিবে' এইরূপ ব্যবস্থা দ্বারা হিংসামূলক কার্য্যে যজ্ঞের উপকারোপায় বিহিত হইয়াছে। অর্থাৎ পশু হনন হিংসাপ্রধান কার্য্য হইলেও এবং সর্ব্বপ্রকার হিংসা পরিবর্জ্জনীয় বিধি হইলেও বিশেষ বিশেষ স্থলে বিশেষ বিশেষ উপকার লাভার্থ হিংসারও ব্যবস্থা দেখিতে পাওয়া যায়। কিন্তু হিংসা বিষয়ক যে সাধারণ ব্যবস্থা অর্থাৎ 'কোন জীবকে হিংসা করিবে না,' এই নিষেধ সূচক আদেশের বলে সর্ব্ববিধ হিংসাই পরিত্যাজ্য। তদ্রূপ সর্ব্বত্রই কর্ম্ম বন্ধনের হেতুভূত এইরূপ জানিয়া বিশেষ

বিশেষ স্থলেও কর্ম্ম করিবে না। কারণ সকল কর্ম্মেই হিংসার সম্ভাবনা আছে। যাহা কিছু করিতে প্রবৃত্ত হওয়া যায়, তাহার অনেক স্থলেই কোন না কোন পরানিষ্টের সম্ভাবনা আছে। অতএব, সর্ব্বকর্ম্ম পরিত্যাগ করাই শ্রেয়ঃ। শাস্ত্রে উক্ত আছে যে, "দৃষ্টবদানুশ্রবিকঃ সহ্যবিশুদ্ধি-ক্ষয়াতিশয়যুক্তঃ।" (সাংখ্যতত্ত্ব কৌমুদী) ইহার ভাবার্থ এই যে, দৃষ্ট অর্থাৎ পরিদৃশ্যমান স্ত্রী, পুত্র, বসন, ভূষণ অট্টালিকাদি যেরূপ অবিশুদ্ধ ও নশ্বর, সেইরূপ আনুশ্রবিক অর্থাৎ বেদবিহিত স্বর্গ, বিদেহত্ব, প্রকৃতিলয় প্রভৃতিও অবিশুদ্ধ ও ক্ষয়শীল। বর্ত্তমান সুখবিধায়ক দ্রব্যসমূহ যেমন নিত্যসঙ্গী নহে, সেইরূপ স্বর্গাদি ভোগও চিরস্থায়ী নহে। লৌকিক ভোগ্য পদার্থ সমূহ পরিত্যাগ করিয়া অচিরকাল মধ্যেই যেমন মানবকে পরলোকের অভিমুখে ধাবিত হইতে হয়, সেইরূপ পারলৌকিক স্বর্গাদি ভোগও নিয়মিত কালাবসানে পরিত্যাগ করিয়া পুনরায় মর্ত্ত্যলোকে প্রবেশ করিতে হয়। (১৭৬ পৃষ্ঠার তাৎপর্য্য দ্রষ্টব্য) জ্ঞানিগণের অভি-প্রায়সঙ্গত যজ্ঞাদি কর্ম্মের পরিবর্জ্জনের কথা আলোচিত হইল, এক্ষণে অপর পক্ষ অর্থাৎ মীমাংসকগণ যাহা বলেন, তাহার আলোচনা করা যাইতেছে। মীমাংসকগণের মতানুসারে যজ্ঞাদি কর্ম্ম পরিত্যাজ্য নহে। তাঁহারা বলেন, ক্রতু অর্থাৎ যজ্ঞের নিমিত্ত এইরূপ হিংসা পুরুষের কর্ত্তব্য। যজ্ঞীয় ইষ্ট সাধনোদ্দেশে এইরূপ হিংসাচরণ মনুষ্যের পক্ষে আবশ্যক। যদি সেই হিংসা যজ্ঞোদ্দেশ ব্যতীত অন্য কোনরূপ উদ্দেশে সম্পাদন করা হয়, তাহা হইলে পুরুষকে তজ্জন্য প্রত্যবায়ভাগী হইতে হয়। অর্থাৎ যদি রসনা তৃপ্তির জন্য বা লোকরঞ্জনের জন্য বা সামর্থ্যের পরিচয় প্রদান জন্য বা অন্য কোন কারণে জীবের প্রতি হিংসা করা হয়, তাহা হইলে তজ্জন্য মনুষ্যকে পাপগ্রস্ত হইতে হয়। বিধানানুরূপ কর্ম্ম সাধন বিষয়ে বিধি বিধেয়কে নিয়োজিত করিয়া থাকে। যজ্ঞীয় পশুহনন শাস্ত্রীয় বিধি, এতদ্দ্বারা লোককে সেই বিধিসম্মত কার্য্য করিতে প্রবর্ত্তিত করা হই-তেছে। কারণ সেই বিধিবিহিত লক্ষণ তদুদ্দিষ্ট কর্ম্ম সম্পাদন মাত্রেই পর্য্যবসিত। এবম্প্রকার নিষেধ তদুদ্দিষ্ট নিষেধের অপেক্ষা করে না। নিষেধসূচক আদেশ প্রাপ্তি মাত্র তাহার পর্য্যবসান হইয়া থাকে। ইহার ভাবার্থ এই যে, কোন কর্ম্ম সম্বন্ধে কোনপ্রকার বিধি প্রাপ্ত হইলে, সেই

কর্ম্মের সেইরূপ বিধিসঙ্গত অনুষ্ঠান দ্বারা বিধানের মর্য্যাদা রক্ষা করিতে হয়। নিষেধ সম্বন্ধে সেরূপ করিতে হয় না। নিষেধ স্থলে আর অনুষ্ঠানের প্রয়োজন হয় না, কেবল নিষেধ প্রাপ্তিই তদ্বিষয়ক শেষ ব্যবস্থা। এরূপ না হইলে অজ্ঞান প্রমাদাদি কৃত কার্য্যে দোষাভাবের প্রসঙ্গ আসিয়া উপস্থিত হয়। হিংসা বিষয়ক বিধি এবং হিংসা বিষয়ক নিষেধ, বিষয়ানুসারে উভয়েই সমান। সমান বিষয় স্থলে বিশেষ বিধির দ্বারা সামান্য বিধির বাধ হইয়া থাকে। অতএব যজ্ঞাদি কর্ম্মে কোনই দোষ হইতে পারে না, সুতরাং যজ্ঞাদি কার্য্য নিত্য কর্ত্তব্য।

এই শ্লোকের ভাষ্য ও টীকা সমূহ আলোচনা করিয়া পরিদৃষ্ট হইতেছে যে, সর্ব্ব কর্ম্ম পরিত্যাগ রূপ জ্ঞাননিষ্ঠাজনিত সন্ন্যাস এ শ্লোকের আলোচ্য নহে। কাম্য কর্ম্ম পরিত্যাগ ও ফলাভিসন্ধির পরিবর্জ্জন এতদুভয়ই এই শ্লোকের আলোচনার বিষয়। কোন কোন মহাত্মা অভিপ্রায় প্রকাশ করিয়াছেন যে, জ্ঞানবান্ সন্ন্যাসিদিগের প্রসঙ্গ এই শ্লোকে উপস্থিত করা হয় নাই। কাম্য ও নিত্যকর্ম্ম ত্যাগী এবং ফলাভিসন্ধি ত্যাগপরায়ণ কর্ম্মী এতদুভয়ের প্রসঙ্গই এই শ্লোকের বিচার্য্য। ফলকামনা যুক্ত নিত্য কর্ম্মাদি পরিত্যাগ করা উচিত কিনা, অনেকেই ইহার বিচার করিয়াছেন। কামনা বিশিষ্ট সর্ব্ব প্রকার কর্ম্ম পরিত্যাগ করাই সকলেরই অভিপ্রেত। কেবল ভগবত্তত্ত্ব পরিজ্ঞানের নিমিত্ত কামনা ব্যতীত অন্য সকল কামনাই বন্ধনের হেতুভূত ও অধোগতি প্রাপক। মূলে তাদৃশ কাম্য কর্ম্ম দোষবৎ বলিয়া উল্লিখিত হইয়াছে ॥ ৩ ॥

——(:•::•:)——

নিশ্চয়ং শৃণু মে তত্র ত্যাগে ভরতসত্তম!।
ত্যাগো হি পুরুষব্যাঘ্র! ত্রিবিধঃ সংপ্রকীর্ত্তিতঃ ॥ ৪ ॥

অন্বয়।—হে ভরতসত্তম! (ভরতশ্রেষ্ঠ!) হে পুরুষব্যাঘ্র! (পুরুষপ্রবর!) তত্র (ত্যাগে) মে (মম) নিশ্চয়ং (অভিমতং) শৃণু (অবধারয়) হি (যস্মাৎ) ত্যাগঃ ত্রিবিধঃ (ত্রিপ্রকারঃ) সম্প্রকীর্ত্তিতঃ (শাস্ত্রেষু নির্দ্দিষ্টঃ) ॥ ৪ ॥

প্রতিশব্দ।—হে ভরত-শ্রেষ্ঠ! হে পুরুষ-প্রবর! ত্যাগ-বিষয়ে

আমার অভিমত শ্রবণ-কর, যে-হেতু ত্যাগ ত্রিবিধ, শাস্ত্রে-কীর্ত্তিত-হইয়াছে ॥ ৪ ॥

ব্যাখ্যা।—হে ভরতকুলোত্তম! হে পুরুষপ্রবর! তুমি যে ত্যাগের বিষয় জিজ্ঞাসা করিয়াছ, তৎসম্বন্ধে আমার অভিপ্রায় শ্রবণ কর; এই ত্যাগ তত্ত্ব দুর্ব্বোধ, কারণ তাহা শাস্ত্রে সাত্ত্বিকাদি ভেদে তিন প্রকার বলিয়া নির্দ্দিষ্ট হইয়াছে ॥ ৪ ॥

শঙ্করাচার্য্য।—তত্রৈতেষু বিকল্পভেদেষু নিশ্চয়মিতি নিশ্চয়ং শৃণু অবধারয় মে মম বচনাৎ তত্র ত্যাগে ত্যাগসন্ন্যাসবিকল্পে যথা দর্শিতে ভরতানাং সাধুতম! ত্যাগোহি ত্যাগসন্ন্যাসশব্দবাচ্যোহি যোঽর্থঃ স এক এবেত্যভিপ্রেত্যাহ ত্যাগোহীতি। পুরুষব্যাঘ্র! ত্রিবিধস্ত্রিপ্রকারস্তামসাদিপ্রকারৈঃ সংপ্রকীর্ত্তিতঃ শাস্ত্রেষু সম্যক্ কথিতঃ যস্মাত্তামসাদিভেদেন ত্যাগসন্ন্যাসশব্দবাচ্যোঽর্থোঽধিকৃতস্য কর্ম্মিণোঽনাত্মজ্ঞস্য ত্রিবিধঃ সম্ভবতি ন পরমার্থদর্শিন ইত্যয়মর্থো দুর্জ্ঞানস্তস্মাৎ অত্র তত্ত্বং নান্যো বক্তুং সমর্থস্তস্মান্নিশ্চয়ং পরমার্থশাস্ত্রার্থবিষয়মধ্যবসায়মৈশ্বরং মে মম শৃণু ॥ ৪ ॥

আনন্দগিরি।—কর্ম্মাধিকৃতান্ প্রত্যেবোক্তবিকল্পপ্রবৃত্তাবপি কুতো নির্দ্ধারণসিদ্ধিস্তত্রাহ তত্রেতি। তমেব নিশ্চয়ং দর্শয়িতুমাদৌ ত্যাগগতমবান্তরবিভাগমাহ ত্যাগোহীতি। নন্বত্যাগসন্ন্যাসয়োরুভয়োরপি প্রকৃতত্বাবিশেষে ত্যাগস্যৈবাবান্তরবিভাগাভিধানে সন্ন্যাসস্যাপেক্ষিকত্বমাপদ্যেত নেত্যাহ ত্যাগোহীতি। সাত্ত্বিকো রাজসস্তামসশ্চেত্যুক্তেঽর্থে ত্রৈবিধ্যেঽপি স্বয়মেব নিশ্চয়সম্ভবোক্তিমত্র ভাগবতেন নিশ্চয়েনেত্যাশঙ্ক্যাহ যস্মাদিতি। ভগবতোঽন্যেনোক্তবিভাগে তত্ত্বানিশ্চয়াদ্ভাগবতনিশ্চয়স্য শ্রোতব্যতেতি নিগময়তি তস্মাদিতি ॥ ৪ ॥

রামানুজ।—নিশ্চয়মিতি। তত্রৈবং বাদিপ্রতিপন্নে ত্যাগে ত্যাগবিষয়ং নিশ্চয়ং মে মত্তঃ শৃণু। ত্যাগঃ ক্রিয়মাণেষু কর্ম্মস্বেব বৈদিকেষু ফলবিষয়তয়া কর্ত্তৃত্ববিষয়তয়া চ মমতাবিষয়তয়া চ পূর্ব্বমেব ময়া ত্রিবিধঃ সংপ্রকীর্ত্তিতঃ। "ময়ি সর্ব্বাণি কর্ম্মাণি সংন্যস্যাধ্যাত্মচেতসা। নিরাশী নির্ম্মমো ভূত্বা যুধ্যস্ব বিগতজ্বরঃ॥" ইতি কর্ম্মজন্যং স্বর্গাদিকং ফলং মম নস্যাদিতি ফলত্যাগঃ মদীয় ফলসাধনতয়া মদীয়মিদং কর্ম্মেতি কর্ম্মণি মমতায়াঃ পরিত্যাগঃ কর্ম্মবিষয়ঃ ত্যাগঃ সর্ব্বেশ্বরে কর্তৃত্বানুসন্ধানেনাত্মনঃ কর্তৃতায়াস্ত্যাগঃ কর্ত্তৃত্ববিষয়ঃ ত্যাগঃ ॥ ৪ ॥

হনুমান্।—তস্মাৎ ত্রৈবিধ্যাত্ত্যাগমতভেদাচ্চ তত্র ত্যাগে মে মতং নিশ্চয়ং শৃণু ॥ ৪ ॥

শ্রীধর।—এবং মতভেদমুপন্যস্য স্বমতং কথয়িতুমাহ নিশ্চয়ং শৃণ্বিতি। তত্রৈবং বিপ্রতিপন্নে ত্যাগে নিশ্চয়ং মে বচনাচ্ছৃণু. ত্যাগস্য লোকপ্রসিদ্ধত্বাৎ কিমত্র শ্রোতব্যমিতি মাবমংস্থা ইত্যাহ হে পুরুষব্যাঘ্র! পুরুষশ্রেষ্ঠ! ত্যাগোহি দুর্ব্বোধঃ হি যস্মাদয়ং কর্ম্মত্যাগস্ত্রিবিধস্তামসাদিভেদেন ত্রিবিধঃ সম্যগ্বিবেকেন প্রকীর্ত্তিতঃ, ত্রৈবিধ্যঞ্চ "নিয়তস্য তু সন্ন্যাসঃ কর্ম্মণ" ইত্যাদিনা বক্ষ্যতি ॥ ৪ ॥

বলদেব।—এবং মতভেদমুপবর্ণ্য স্বমতমাহ নিশ্চয়মিতি। মতভেদগ্রস্তে ত্যাগে মে পরমেশ্বরস্য সর্ব্বজ্ঞস্য নিশ্চয়ং শৃণু। নমু ত্যাগস্য খ্যাতত্বাত্তত্র শ্রোতব্যং কিমস্তি তত্রাহ ত্যাগো হীতি। হি যতস্ত্যাগস্তামসাদিভেদেন বিজ্ঞৈস্ত্রিবিধঃ সংপ্রকীর্ত্তিতো বিবিচ্যোক্তঃ। তথা চ দুর্ব্বোধোঽসৌ শ্রোতব্য ইতি ত্যাগত্রৈবিধ্যং নিয়তস্য ত্বিত্যাদিভিরগ্রে বাচ্যঃ ॥ ৪ ॥

মধুসূদন।—এবং বিপ্রতিপত্তৌ তত্র ত্বয়া পৃষ্টে কর্ম্মাধিকারিকর্ত্তৃকে সংন্যাসত্যাগশব্দাভ্যাং প্রতিপাদিতে ত্যাগে ফলাভিসন্ধিপূর্ব্বককর্ম্মত্যাগে মে মম বচনান্নিশ্চয়ং পূর্ব্বাচার্য্যৈঃ কৃতং শৃণু হে ভরতসত্তম! কিং তত্র দুর্জ্ঞেয়মস্তীত্যত আহ ত্বে পুরুষব্যাঘ্র! পুরুষশ্রেষ্ঠ! হি যস্মাৎ ত্যাগঃ কর্ম্মাধিকারিকর্ত্তৃকঃ ফলাভিসন্ধিপূর্ব্বককর্ম্মত্যাগঃ ত্রিবিধস্ত্রিপ্রকারস্তামসাদিভেদেন সংপ্রকীর্ত্তিতঃ। অথবা বিশিষ্টাভাবরূপস্ত্যাগো বিশেষণাভাবাদ্বিশেষ্যাভাবাদুভয়াভাবাচ্চ ত্রিবিধঃ সংপ্রকীর্ত্তিতঃ তথাহি ফলাভিসন্ধিপূর্ব্বক কর্ম্মত্যাগঃ সত্যপি কর্ম্মণি ফলাভিসন্ধি ত্যাগাদেকঃ, সত্যপি ফলাভিসন্ধৌ কর্ম্মত্যাগাদ্দ্বিতীয়ঃ, ফলাভিসন্ধেঃ কর্ম্মণশ্চ ত্যাগাত্তৃতীয়ঃ। প্রথমঃ সাত্ত্বিক আদেয়ঃ দ্বিতীয়স্তু হেয়োদ্বিবিধঃ দুঃখবুদ্ধ্যা কৃতোরাজসঃ বিপর্য্যাসেন কৃতস্তামসঃ এতাবান্ কর্ম্মাধিকারিকর্ত্তৃক স্ত্যাগোঽর্জ্জুনস্য প্রশ্নবিষয়ঃ, তৃতীয়স্তু কর্ম্মানধিকারিকর্ত্তৃকোনৈর্গুণ্যরূপো নার্জ্জুন প্রশ্নবিষয়ঃ, সোঽপি সাধনফলভেদেন দ্বিবিধঃ, তত্র সাত্ত্বিকেন ফলাভিসন্ধিত্যাগপূর্ব্বককর্ম্মানুষ্ঠানরূপেণ ত্যাগেন শুদ্ধান্তঃকরণস্যোৎপন্নবিবিদিষস্যাত্মজ্ঞানসাধন শ্রবণাখ্যবেদান্তবিচারস্য ফলাভিসন্ধিরহিতস্যান্তঃকরণশুদ্ধৌ সত্যাং তৎসাধনস্য কর্ম্মণোনৈতুষো জাত ইবাবহননস্য পরিত্যাগঃ স একঃ সাধনভূতোবিবিদিষাসংন্যাস উচ্যতে তমগ্রে নৈষ্কর্ম্ম্যসিদ্ধিং পরমামিতি বক্ষ্যতি। দ্বিতীয়স্তু জন্মান্তরকৃত সাধনাভ্যাসপরিপাকাদস্মিন্ জন্মন্যাদাবেবোৎপন্নাত্মবোধস্য কৃতকৃত্যা।। স্যত এব ফলাভিসন্ধেঃ কর্ম্মণশ্চ পরিত্যাগঃ ফলভূতঃ স বিদ্বৎসংন্যাস ইত্যুচ্যতে, স তু যস্ত্বাত্মরতিরেব স্যাদিত্যাদি শ্লোকাভ্যাং প্রাগ্ব্যাখ্যাতঃ স্থিতপ্রজ্ঞলক্ষণাদিভিশ্চ বহুধা প্রপঞ্চিতঃ। যস্মাদেবং ত্যাগস্য তত্ত্বং দুর্জ্ঞেয়ং ত্বয়া চোক্তং বেদিতুমিচ্ছামীতি অতোমম সর্ব্বজ্ঞস্য বচনাদ্বিদ্ধীত্যভিপ্রায়ঃ। সম্বোধনদ্বয়েন কুলনিমিত্তোৎকর্ষঃ পৌরুষনিমিত্তোৎকর্ষশ্চ যোগ্যতাতিশয়সূচনায়োক্তঃ ॥ ৪ ॥

নীলকণ্ঠ।—নিশ্চয়মিতি। তত্র কর্ম্মণাং ত্যাগাত্যাগবিষয়ে নিশ্চিতং প্রতিপত্তৌ সত্যাং প্রথমোপাত্তে ত্যাগে নিশ্চয়ে মে মদ্বচনান্নিশ্চয়ং শৃণু হি যস্মাৎ হে পুরুষব্যাঘ্র! ত্যাগস্ত্রিবিধঃ সাত্ত্বিকরাজসতামসভেদেন ত্রিপ্রকারঃ পরিকীর্ত্তিতঃ। শাস্ত্রে দৃঢ়বৈরাগ্যপূর্ব্বকঃ কর্ম্মসন্ন্যাসঃ সাত্ত্বিকঃ, আয়াসভয়াৎ তু তত্ত্যাগঃ রাজসঃ, মৌঢ্যাৎ তত্ত্যাগস্তামস ইতি, তথাতিগহনত্বাৎ ত্যাগো নিশ্চয়েন বিবেচনীয় ইত্যর্থঃ ॥ ৪ ॥

বিশ্বনাথ।—স্বমতমাহ নিশ্চয়মিতি। ত্রিবিধঃ সাত্ত্বিকো রাজসস্তামসশ্চেতি অত্র ত্যাগস্য ত্রৈবিধ্যমুৎক্রম্য "নিয়তস্যতু সন্ন্যাসঃ কর্ম্মণোনোপপদ্যতে। মোহাত্তস্য পরিত্যাগস্তামসঃ পরিকীর্ত্তিতঃ।" ইতি তস্য এব তামসভেদৈঃ সন্ন্যাসশব্দপ্রয়োগাৎ ভগবন্মতে ত্যাগসন্ন্যাসশব্দয়োরৈকার্থ্যমেবেত্যবগম্যতে ॥ ৪ ॥

তাৎপর্য্য।—পূর্ব্ব শ্লোকে শ্রীভগবান্ সন্ন্যাস ও ত্যাগের প্রসঙ্গ কীর্ত্তন করিয়াছেন। তন্মধ্যে কোন্‌টী শ্রেয়স্কর এবং অবলম্বনীয়, ইহাই জানিবার নিমিত্ত অর্জ্জুনের মনে স্বতই বলবতী বাসনা জন্মিতে পারে। এইরূপ বিবেচনার বশবর্ত্তী হইয়া শ্রীভগবান্ অধুনা ত্যাগের প্রসঙ্গ স্পষ্টরূপে বিবৃত করিতেছেন। ত্যাগের প্রকারভেদ এবং প্রয়োজনীয়তা ব্যক্ত করাই শ্রীভগবানের উদ্দেশ্য।

পূজ্যপাদ শ্রীমদ্রামানুজাচার্য্যের অভিপ্রায়। পূর্ব্ব শ্লোকে ত্যাগ সম্বন্ধে যেরূপ অভিপ্রায় বিন্যস্ত হইয়াছে, তাহাতে মতান্তরের অবতারণা ঘটিয়াছে। অতএব তদ্বিষয়ে সুনিশ্চিত অভিপ্রায় পরিজ্ঞাত হওয়া অর্জ্জুনের আবশ্যক। এই জন্য শ্রীভগবান্ বলিতেছেন, তৎসম্বন্ধে আমার নিশ্চিত অভিপ্রায় তুমি শ্রবণ কর। পূর্ব্বে আমি অনুষ্ঠীয়মান বৈদিক কর্ম্মাদি সম্বন্ধে ফলবিষয়ক ত্যাগ, কর্ত্তৃত্ববিষয়ক ত্যাগ, এবং মমতা বিষয়ক ত্যাগ, এই ত্রিবিধ ত্যাগের কথা ব্যক্ত করিয়াছি। "ময়ি সর্ব্বাণি কর্ম্মাণি সংন্যস্যাধ্যাত্মচেতসা। নিরাশী র্নির্ম্মমো ভূত্বা যুধ্যস্ব বিগতজ্বরঃ॥" (৩য় অধ্যায় ৩০ শ্লোক) এই বাক্যে আমার অভিপ্রায় সুস্পষ্টরূপে পরিস্ফুট রহিয়াছে। যে ত্রিবিধ ত্যাগের কথা উপরে নির্দ্দিষ্ট হইল, তাহার মর্ম্ম যথা; স্বর্গাদি ফল আমার না হউক, এইরূপ সঙ্কল্পই ফলত্যাগ; আমার ফলপ্রদ, অতএব এই কর্ম্ম আমার, এইরূপ ত্যাগ মমতা ত্যাগ; এবং সর্ব্বেশ্বর ভগবানকে সকল কর্ম্মের কর্ত্তা জ্ঞান করিয়া সর্ব্বব্যাপারে আপনার কর্ত্তৃত্ব বুদ্ধি পরিত্যাগ করার নাম কর্ত্তৃত্ব ত্যাগ। এই ত্রিবিধ ত্যাগ সংসাধিত হইলে অর্থাৎ সর্ব্বকালে মনুষ্যহৃদয় হইতে ফলাভিসন্ধি কর্ত্তৃত্বাভিমান ও মমতার আকর্ষণ তিরোহিত হইলেই তাঁহাকে যথার্থ ত্যাগী বলিয়া মনে করিতে হইবে। তৃতীয় অধ্যায়ের যে শ্লোক এ স্থলে উদ্ধৃত হইয়াছে, তাহার অভিপ্রায় সম্যক্ রূপে প্রণিধান করিয়া যিনি তদনুসরণ ক্রমে ত্যাগনিষ্ঠ হইয়াছেন, তিনিই যথার্থ ত্যাগী।

পূজ্যপাদ শ্রীমন্মধুসূদন সরস্বতীর অভিপ্রায়। অর্জ্জুন কর্ম্মাধিকারী, তাঁহার প্রার্থনানুসারে তাঁহার নিকট ত্যাগ ও সন্ন্যাসের বৃত্তান্ত বিবৃত করিয়াছেন। সেই ত্যাগের অর্থাৎ ফলাভিসন্ধি পূর্ব্বক কর্ম্ম ত্যাগের বিষয় শ্রীভগবান্ এক্ষণে আচার্য্যগণের উপদেশ প্রণালীর সহিত সঙ্গতি ক্রমে নিশ্চয়রূপে

বিবৃত করিতে প্রবৃত্ত হইয়া শ্রবণার্থী অর্জ্জুনকে তদ্বিষয়ে অবহিত চিত্তে শ্রবণ করিবার নিমিত্ত হে ভরতসত্তম, এই বাক্যে সম্বোধন পূর্ব্বক আকৃষ্টচিত্ত করিতেছেন। সহজেই মনে হইতে পারে যে, এই প্রসঙ্গের মধ্যে দুর্জ্ঞেয় তত্ত্ব আর কি আছে, এবং সে জন্য ভগবানের এরূপ নিশ্চয় পূর্ব্বক সুদৃঢ় সমর্থন বাক্যের প্রয়োজনই বা কি হইতে পারে? তদুত্তরে কথিত হইতেছে যে, ফলকামনা পূর্ব্বক কর্ম্ম ত্যাগ তিন প্রকারে বিভক্ত, সুতরাং তাহার মর্ম্ম প্রণিধান করা অনায়াসসাধ্য নহে। কর্ম্মাধিকারী কর্ত্তৃক ফলকামনা সহকৃত কর্ম্মত্যাগ সাত্ত্বিক, রাজস ও তামস ভেদে তিন প্রকার। এইরূপ ত্যাগের ত্রৈবিধ্যের প্রসঙ্গ শাস্ত্র সমূহে পরিব্যক্ত আছে। অথবা বিশিষ্টাভাবরূপ ত্যাগ বিশেষ্যের অভাব, বিশেষণের অভাব, এবং বিশেষ্য বিশেষণ উভয়েরই অভাব রূপ তিন ভাগে বিভক্ত। ফলকামনা পূর্ব্বক কর্ম্মত্যাগই বিশিষ্টাভাব রূপে পরিগণিত। তাদৃশ রূপ ফলকামনা পূর্ব্বক কর্ম্মত্যাগের মধ্যে ও কামনা হীনতা ত্যাগের এক প্রকার ভেদ; ইহাই ত্যাগের বিশেষণাভাব রূপে পূর্ব্বে নির্দ্দিষ্ট হইয়াছে। ফলাভিসন্ধি থাকিলেও যদি কর্ম্মত্যাগ ঘটে, তাহা হইলে তাহা ত্যাগের দ্বিতীয় প্রকার ভেদরূপে পরিগণিত; ইহাই বিশেষ্যাভাব রূপে পূর্ব্বে নির্দ্দিষ্ট হইয়াছে। আর যে স্থলে ফলাভিসন্ধি এবং কর্ম্ম উভয়েরই ত্যাগ ঘটে, সেই স্থলে ত্যাগের তৃতীয় প্রকার ভেদ উপস্থিত হয়; ইহাই বিশেষ্যবিশেষণাভাব রূপে পূর্ব্বে নির্দ্দিষ্ট হইয়াছে। তন্মধ্যে প্রথম অর্থাৎ কর্ম্ম বর্ত্তমান থাকিলেও ফল কামনার অভাবরূপ যে প্রকার, তাহাই আদেয় অর্থাৎ গ্রহণীয়। দ্বিতীয় হেয় এবং তাহা দুই ভাগে বিভক্ত। দুঃখ বুদ্ধি সহকারে অবলম্বিত যে ত্যাগ, তাহা রাজস; বিপরীত ভাবে অর্থাৎ কোন প্রকার মোহাদিঘটিত কারণজনিত যে ত্যাগ, তাহার নাম তামস। কর্ম্মাধিকারিকৃত এবম্প্রকার ত্যাগ সমূহই অর্জ্জুনের প্রশ্নের বিষয়ীভূত। কর্ম্মের অনধিকারিগণকৃত নৈগুর্ণ্যরূপ ত্যাগই তৃতীয় প্রকার, অর্থাৎ ফল কামনা এবং কর্ম্ম, উভয়েরই ত্যাগ, এই তৃতীয় রূপে পরিগণিত হইয়া থাকে। ইহা অর্জ্জুনের প্রশ্নের বিষয়ীভূত নহে। এই শেষোক্ত প্রকার ত্যাগই জ্ঞাননিষ্ঠা সহকৃত সন্ন্যাস নামে অভিহিত হইয়াছে। এই প্রকার ত্যাগও সাধনফল ভেদানুসারে দুই প্রকার। সাত্ত্বিক ভাব সহকারে ফলাভিসন্ধিপরিশূন্য হৃদয়ে

কর্ম্মানুষ্ঠান করিতে করিতে চিত্তশুদ্ধি উপজাত হইয়া থাকে। এইরূপ চিত্তশুদ্ধি হইতে জ্ঞানেচ্ছা উৎপন্ন হয়। তখন আত্মজ্ঞান সাধনার্থ শ্রবণরূপ-বেদান্তবিচারনিষ্ঠ সেই ফলাভিসন্ধি শূন্য শুদ্ধচিত্তের কর্ম্ম সম্বন্ধে বিতৃষ্ণা জন্মিয়া থাকে। এইরূপ কর্ম্মবিতৃষ্ণ ব্যক্তি যজ্ঞাদি পরিত্যাগ করিয়া থাকেন। ইহাই উল্লিখিত কর্ম্মসন্ন্যাসিগণের একপ্রকার ভেদ। ইহাকে সাধনভূত জ্ঞানেচ্ছাযুক্ত সন্ন্যাস বলিয়া নির্দ্দেশ করা হয়। আর জন্মান্তরকৃত সাধন পরিপাকে বর্ত্তমান জন্মে অনায়াসে অগ্রেই আত্মজ্ঞানের আবির্ভাবে সাধক কৃতকৃত্য হইয়া থাকেন। তাদৃশ কৃতকৃত্য জন্মান্তরার্জ্জিত-আত্মজ্ঞানসম্পন্ন মহাত্মারা স্বতই ফলাভিসন্ধি শূন্য এবং কর্ম্মত্যাগী হইয়া থাকেন। ইহাই কর্ম্মত্যাগের দ্বিতীয় ভাগ; এইরূপ ত্যাগকে ফলভূত বিদ্বৎসন্ন্যাস নামে অভিহিত করা হইয়া থাকে। প্রথমোক্ত সাধনভূত বিবিদিষা জনিত সন্ন্যাসের বিষয় শ্রীভগবান্ অনতি-কাল পরে "নৈষ্কর্ম্ম্যসিদ্ধিং পরমাং" (১৮শ অধ্যায় ৪৯ শ্লোক) ইত্যাদি বাক্যে বিশদব্যাখ্যা বিন্যস্ত করিবেন। আর দ্বিতীয় প্রকার ফলভূত বিদ্বৎসন্ন্যাসের বিষয় "যস্ত্বাত্মরতিরেব স্যাৎ" (৩য় অধ্যায় ১৭ শ্লোক) ইত্যাদি বাক্যে আলোচিত হইয়াছে। দ্বিতীয়াধ্যায়ে স্থিতপ্রজ্ঞের লক্ষণ নির্দ্দেশ কালে এবং অন্যান্য অনেকস্থলেও এই বিষয় বহু প্রকারে বিবৃত হইয়াছে। ত্যাগের তত্ত্ব যখন এরূপ দুরবগম্য, এবং যখন শ্রীমদ-র্জ্জুনও নিজ মুখে বলিয়াছেন যে, "তত্ত্বং বেদিতুমিচ্ছামি" (১৮শ অধ্যায় ১ শ্লোক) অর্থাৎ 'এই তত্ত্ব আমি জানিতে ইচ্ছা করি,' তখন সর্ব্বজ্ঞ স্বরূপ শ্রীভগবান্ স্বকীয় দুর্লভ বচন দ্বারা অর্জ্জুনের জ্ঞানবর্দ্ধন মানসে তাহার তত্ত্ব ব্যক্ত করিতেছেন।

মূলে "ভরতসত্তম" "পুরুষব্যাঘ্র" এই দুই সম্বোধন পদের প্রয়োগ হইয়াছে। অর্জ্জুনের অতিশয় যোগ্যতা লক্ষ্য করিয়া অর্থাৎ তত্ত্বজ্ঞানো-পদেশ গ্রহণের উপযুক্ত পাত্রবোধে, তাঁহার বংশগত শ্রেষ্ঠতা এবং দৈহিক সামর্থ্য নিমিত্ত উৎকর্ষ্য খ্যাপনার্থ এই দুই সম্বোধন পদ প্রযুক্ত হইয়াছে।

এই শ্লোকে ত্রিবিধ ত্যাগের কথা অনেকেই উত্থাপন করিয়াছেন। শাস্ত্রাদিতে নির্দ্দিষ্ট ব্যবস্থাদির প্রতি দৃঢ় অনুরাগ সহকারে যে ত্যাগ অনুষ্ঠিত হয়, তাহাই সাত্ত্বিক ত্যাগ। আর কায়ক্লেশাদি ভয়ে যে ত্যাগা-

চরণ করা হয়, তাহার নাম রাজসিক ত্যাগ। আর মূঢ়তা বশতঃ ত্যাগ অনুসৃত হইয়া থাকে, তাহার নাম তামস ত্যাগ। তন্মধ্যে প্রথমো ত্যাগই প্রশংসনীয় এবং অবলম্বনীয়। পূজ্যপাদ শঙ্করাচার্য্য প্রভৃতি মঃ আরা পূর্ব্বেই নির্দ্দেশ করিয়াছেন যে, জ্ঞাননিষ্ঠাসহকৃত ফলাভিসন্ধি এ কর্ম্ম উভয়েরই পরিত্যাগরূপ সন্ন্যাস, এ স্থলে লক্ষিত নহে। অর্জ্জুনকৃ প্রশ্নের উত্তরে শ্রীভগবান্ ত্যাগের তত্ত্ব বিশদরূপে পরিব্যক্ত করা আবশ্য বলিয়া স্থির করিয়াছেন, তজ্জন্য উল্লিখিত প্রকার সর্ব্বকর্ম্ম সন্ন্যাসে প্রসঙ্গ উত্থাপন না করিয়া সাধারণত ত্যাগের প্রসঙ্গই এস্থলে বিবৃ করিতেছেন॥ ৪॥

যজ্ঞদানতপঃকর্ম্ম ন ত্যাজ্যং কার্য্যমেব তৎ।
যজ্ঞো দানং তপশ্চৈব পাবনানি মনীষিণাং॥ ৫॥

অন্বয়।—যজ্ঞদানতপঃকর্ম্ম ন ত্যাজ্যং (ত্যক্তব্যং) তৎ কার্য্যং (করণীয়ং) এব যজ্ঞঃ দানং তপঃ চ মনীষিণাং (বিবেকিনাং) পাবনানি (চিত্তশুদ্ধিকরাণি) [ভবন্তি] এব॥ ৫॥

প্রতিশব্দ।—যজ্ঞ-দান-তপঃ-কর্ম্ম ত্যাজ্য নহে, তাহা করণীয়ই; যজ্ঞ দান এবং তপস্যা বিবেকি-গণের চিত্ত-শোধক [হয়]॥ ৫॥

ব্যাখ্যা।—যজ্ঞ দান তপস্যা প্রভৃতি কর্ম্মসমূহ কখনই পরিত্যাগ করা উচিত নহে, বরং তাহাদের অনুষ্ঠান করাই সর্ব্বতোভাবে কর্ত্তব্য; কারণ যজ্ঞ দান তপস্যা প্রভৃতি কর্ম্মনিচয় ফলকামনা শূন্য বিবেকি-গণের চিত্তশুদ্ধি উৎপাদন করিয়া থাকে। অতএব ইহার অনুষ্ঠান অতীব বিধেয়॥ ৫॥

শঙ্করাচার্য্য।—কঃ পুনরসৌ নিশ্চয় ইত্যাহ যজ্ঞ ইতি। যজ্ঞোদানস্তপ ইত্যেত-ত্রিবিধং কর্ম্ম ন ত্যাজ্যং ন ত্যক্তব্যং, কার্য্যং করণীয়মেব তৎ, কস্মাৎ যজ্ঞোদানং তপশ্চৈব পাবনানি বিশুদ্ধিকারণানি মনীষিণাং ফলানভিসন্ধীনামিত্যেতৎ॥ ৫॥

আনন্দগিরি।—তমেব ভগবতোনিশ্চয়ং বিশেষতোনির্দ্ধারয়িতুং প্রশ্নপূর্ব্বকমনন্তর-শ্লোকপ্রবৃত্তিং দর্শয়তি কঃ পুনরিতি। যজ্ঞাদীনাং কর্ত্তব্যত্বে হেতুমাহ যজ্ঞ ইতি ন কেবলং ন

ত্যাজ্যং কিন্তু কর্ত্তব্যমেবেত্যাহ কার্য্যমিতি। প্রতিজ্ঞামেবং বিভজ্য হেতুং বিভজতে কর্ম্মাণিতি ॥ ৫ ॥

রামানুজ।—যজ্ঞেতি। যজ্ঞদানতপঃ প্রভৃতি বৈদিকং কর্ম্ম মুমুক্ষুণা কদাচিদপি নত্যাজ্যং অপিত্বাপ্রয়াণাদহরহঃ কার্য্যমেব কুতঃ যজ্ঞদানতপঃ প্রভৃতীনি বর্ণাশ্রমসম্বন্ধীনি কর্ম্মাণি মনীষিণাং মননশীলানাং পাবনানি। মননং উপাসনং মুমুক্ষুণাং যাবজ্জীবং উপাসনং কুর্ব্বতামুপাসননিষ্পত্তিবিরোধি প্রাচীনকর্ম্মবিনাশনার্থানীত্যর্থঃ ॥ ৫ ॥

হনুমান্।—যজ্ঞদানতপঃ কর্ম্ম ন ত্যাজ্যং সত্ত্বশুদ্ধ্যর্থমীশ্বরারাধনার্থঞ্চ কার্য্যমেব যৎ যজ্ঞোদানং তপশ্চৈব পাবনানি উপাস্তৃহৃদিতক্ষয়ার্থানি মনীষিণাং জ্ঞানিনাং যস্মাত্তানি যজ্ঞদানতপাংস্যপাস্তদুরিতক্ষয়ার্থং তস্মাৎ কার্য্যাণ্যেবেত্যভিপ্রায়ঃ ॥ ৫ ॥

শ্রীধর।—প্রথমং তাবন্নিশ্চয়মাহ যজ্ঞে ত দ্বাভ্যাং। মনীষিণাং বিবেকিনাং পাবনানি চিত্তশুদ্ধিকরাণি ॥ ৫ ॥

বলদেব।—প্রথমং তস্মিন স্বনিশ্চয়মাহ যজ্ঞেতি দ্বাভ্যাং। যজ্ঞাদীনি মনীষিণাং কার্য্যাণ্যেব ন ত্যাজ্যানি যদমূনি বিশতস্ত্বদস্তরস্থাদিতজ্ঞানদ্বারা পাবনানি সংসৃতিদোষবিনাশকানি ভবন্তি ॥ ৫ ॥

মধুসূদন।—কোঽসৌ নিশ্চয়ো বিপ্রতিপত্তিকোটিদ্বয়োঃ পক্ষযোর্দ্বিতীয়ঃপক্ষ ইত্যাহ যজ্ঞেতি দ্বাভ্যাং। চোহেতৌ যস্মাৎ যজ্ঞদানতপাংসি মনীষিণামকৃতফলাভিসন্ধীনাং পাবনানি জ্ঞানপ্রতিবন্ধকপাপমলক্ষালনেন জ্ঞানোৎপত্তিযোগ্যতাক্ষপপুণ্যগুণাধানেন চ শোধকানি অকৃতফলাভিসন্ধীনামেব যজ্ঞদানতপাংস্যেব শোধকানি ভবন্ত্যেব উপাধিশুদ্ধ্যোবোপহিতশুদ্ধিরত্রাভিপ্রেতা, তস্মাদন্তঃকরণশুদ্ধ্যর্থিভিঃ কর্ম্মাধিকৃতৈর্যজ্ঞোদানং তপ ইতি যৎ ফলাভিসন্ধিরহিতং কর্ম্ম তন্ন ত্যাজ্যং কিন্তু কার্য্যমেব, তৎ অত্যাজ্যত্বেন কার্য্যত্বে লব্ধেঽপ্যত্যাদরার্থং পুনঃ কার্য্যমেবেত্যুক্তং, যস্মাৎ কার্য্যং কর্ত্তব্যতয়া শাস্ত্রবিহিতং তস্মান্ন ত্যাজ্যমেবেতি বা ॥ ৫ ॥

নীলকণ্ঠ।—সূচীকটাহন্যায়েন ত্যাগস্বরূপকথনাৎ প্রাক্পরমতন্ত্যাগপক্ষপন্যস্তি যজ্ঞেতি। যজ্ঞাদিকং কর্ম্ম ন ত্যাজ্যং কিন্তু কার্য্যমেব বিধিগৃহীতত্বেনৈব প্রশংসাবচসমনুষ্ঠেয়মেবতৎ অকরণে প্রত্যবায়শ্রবণাৎ, চকারো হেত্বর্থঃ, যস্মাৎ যজ্ঞোদানং তপশ্চৈব মনীষিণাং নিষ্কামানাং দম্ভাদিরহিতানাং পাবনানি চিত্তশোধকানি, তথাচ শ্রুতিঃ, "ত্রয়োধর্ম্মস্কন্ধা যজ্ঞোঽধ্যয়নং দানমিতি প্রথমস্তপ এব দ্বিতীয়োব্রহ্মচর্য্যা আচার্য্যকুলবাসী তৃতীয়ঃ, সর্ব্ব এতে পুণ্যলোকা ভবন্তি" ইতি যজ্ঞাদীনাং গৃহস্থধর্ম্মাণাং তপসো বনস্থধর্ম্মস্যাচার্য্যকুলবাসস্য ব্রহ্মচারিধর্ম্মস্য চ পাবনত্বং দর্শয়তি। অত্রাপি যজ্ঞদানশব্দেন গৃহস্থধর্ম্মা জ্ঞেয়া তপ ইতি বানপ্রস্থধর্ম্মাঃ পারিশেষ্যাৎ কর্ম্মেতি ব্রহ্মচারিধর্ম্মাশ্চ জ্ঞেয়াঃ ॥ ৫ ॥

বিশ্বনাথ।—কাম্যানামপি মধ্যে ভগবন্মতে সাত্ত্বিকানি যজ্ঞদানতপাংসি ফলাকাঙ্ক্ষারহিতৈঃ কর্ত্তব্যানি ইত্যাহ যজ্ঞাদিকং কর্ত্তব্যমেব তত্র হেতুঃ পাবনানীতি চিত্তশুদ্ধিকরত্বাদিত্যর্থঃ ॥ ৫ ॥

তাৎপর্য্য।—পূর্ব্বে ত্যাগের তত্ত্ব নিশ্চয় রূপে পরিব্যক্ত করিতে শ্রীভগবান্ প্রবৃত্ত হইয়াছেন। এক্ষণে উপর্য্যুপরি শ্লোকদ্বয়ে সেই নিশ্চয়তা বিশেষরূপে প্রতিপাদন করিতেছেন। মনীষী অর্থাৎ বিজ্ঞগণ ফলাভিসন্ধি পরিশূন্য হইয়া কর্ম্ম সম্পাদন করেন। এইরূপ ফলকামনা রাহিত্য হেতু কাল সহকারে চিত্ত নির্ম্মল হয়। তদনন্তর আত্মজ্ঞানের উদ্ভব হইয়া থাকে। অতএব কামনাহীন কর্ম্ম অত্যুন্নতির প্রধান সহায় স্বরূপ। এই জন্যই তাদৃশ কর্ম্ম বর্জ্জনীয় নহে, বরং আন্তরিক শ্রদ্ধা সহকারে অবলম্বনীয়।

শ্রীভগবান্ বলিতেছেন, যজ্ঞ দান তপ কর্ম্ম কখনই ত্যক্তব্য নহে, অর্থাৎ তাহার অনুষ্ঠানে বিরত হওয়া কোন মতেই উচিত নহে। বরং তত্তাবত কার্য্য, অর্থাৎ অবশ্য করণীয়। কারণ এই যজ্ঞ দান তপ, বুদ্ধিযোগনিষ্ঠ মহাত্মাগণের পাবন স্বরূপ অর্থাৎ পবিত্রতা বিধায়ক। এইরূপ কামনা শূন্য অনুষ্ঠানবলে হৃদয় বিশুদ্ধ হয় অর্থাৎ চিত্তশুদ্ধি জন্মে। এই চিত্তশুদ্ধিই জ্ঞানরূপ পরম মঙ্গলময় বৃক্ষোৎপাদনের প্রকৃষ্ট ক্ষেত্রস্বরূপ। চিত্তশুদ্ধি ব্যতীত জ্ঞানের আবির্ভাব হয় না, এবং নিষ্কাম কর্ম্ম ব্যতীত চিত্তশুদ্ধি ঘটে না। সুতরাং কামনা বিহীন কর্ম্মকেই সেই প্রার্থিত অবস্থা প্রাপ্তির একমাত্র অনুকূল সহায় বলিয়া মনে করিতে হইবে। এরূপ কল্যাণ বিধায়ক ফলাভিসন্ধি শূন্য যজ্ঞদান তপাদি রূপ কর্ম্মানুষ্ঠান কদাপি পরিত্যাজ্য হইতে পারে না। অধিকন্তু অশেষ শুভ সংসাধক কর্ত্তব্য বোধে তাহা অবলম্বনীয়।

এইরূপ নিষ্কাম যজ্ঞতপদানাদি কর্ম্মানুষ্ঠান দ্বারা জ্ঞানপ্রতিবন্ধক পাপরূপ মলিনতা প্রধৌত হইয়া থাকে। অধিকন্তু তদ্দ্বারা হৃদয়ক্ষেত্রে জ্ঞানাবির্ভাবের অনুকূল পুণ্যগুণাদির সঞ্চার হয়। এইরূপে ফলাভিসন্ধি শূন্য যজ্ঞতপদানাদি কর্ম্ম চিত্তশুদ্ধির হেতুভূত হয়। এই উপায়ে উপাধি ও উপহিত উভয়েরই বিশুদ্ধি সংঘটিত হয়।

মূলে "তপশ্চৈব" এই স্থানে যে চকার আছে, কোন কোন পূজ্যপাদ টীকাকারের মতে তাহা হেতু বাচক। "কার্য্যমেব" এইস্থলে যে এবকার প্রযুক্ত হইয়াছে, তাহা বিশেষ সমর্থন প্রকাশক। কারণ যখন ভগবান্ উল্লিখিতরূপ যজ্ঞতপ দানাদি ত্যাজ্য নহে বলিয়া নির্দ্দেশ করিয়াছেন,

তখনই উপপন্ন হইয়াছে যে, তত্তাবত অবশ্য কর্ত্তব্য। তথাপি পুনরায় "কার্য্যমেব" অর্থাৎ অবশ্য করণীয়, এইরূপ নির্দ্দেশ করায় বুঝিতে হইবে যে, তিনি স্বকীয় অভিপ্রায় বিশেষ রূপে সমর্থন করিতেছেন।

পূজ্যপাদ শ্রীমন্নীলকণ্ঠের অভিপ্রায়। সূচীকটাহন্যায়ানুসারে (গত শ্লোকে মধুসূদন সরস্বতীর অভিপ্রায়ে ইহার বিবরণ আছে) এস্থলে ভগবান্ পরমতম ত্যাগের পক্ষ উপন্যস্ত করিতেছেন। যজ্ঞাদি কর্ম্ম ত্যাজ্য নহে কিন্তু কর্ত্তব্যই বুঝিতে হইবে। পরিগৃহীত ভার বহন করিতে মনুষ্য যেরূপ বাধ্য, যজ্ঞাদি কর্ম্ম সম্পাদনেও তদ্রূপ বাধ্য। যে কর্ত্তব্য ভার বল পূর্ব্বক কোন প্রতাপশালী ব্যক্তি স্কন্ধে আরোপ করিয়াছে, তাহা সমাপ্ত করিলে কোন লাভ থাকুক বা না থাকুক, তথাপি পুরুষ তাহা সম্পাদন করিতে দায়ী। তাহা সমাপ্ত না হইলে মনুষ্যকে নিয়োজকের নিকট অপরাধী হইতে হয়; তদ্রূপ যজ্ঞাদি কর্ম্ম সম্পন্ন করিতে অশক্ত হইলে মনুষ্যকে প্রত্যবায়গ্রস্ত হইতে হয়। যজ্ঞ তপ দানাদি সঙ্গরহিত নিষ্কাম মনীষিদিগের পাবন অর্থাৎ চিত্তশোধক। শ্রুতিও এই কথার সমর্থন করিয়াছেন। যথা; "ত্রয়ো ধর্ম্মস্কন্ধা যজ্ঞোঽধ্যয়নং দানমিতি, প্রথমস্তপ এব দ্বিতীয়ো ব্রহ্মচর্য্যা আচার্য্যকুলবাসী তৃতীয়ঃ; সর্ব্ব এতে পুণ্যলোকা ভবন্তি।" অর্থাৎ যজ্ঞ, অধ্যয়ন ও দান, ধর্ম্মের এই তিনটী স্কন্ধ স্বরূপ; তপই প্রথম, ব্রহ্মচর্য্য দ্বিতীয়, আচার্য্য কুলবাস তৃতীয়, এই সকলের দ্বারা পুণ্যলোক প্রাপ্তি ঘটিয়া থাকে। এই শ্রুতি দ্বারা প্রদর্শিত হইতেছে যে, যজ্ঞাদি কর্ম্ম গৃহস্থেরই অনুষ্ঠেয়, অতএব তদ্দ্বারা গার্হস্থ্য ধর্ম্মই সূচিত হইতেছে। তপ বনস্থদিগের ধর্ম্ম এবং আচার্য্যকুলবাস ব্রহ্মচারিধর্ম্মের পরিচায়ক। এতাবতা যজ্ঞদান তপ এই সকল কর্ম্ম সকল অবস্থাতে যে পাবন স্বরূপ, তাহাই প্রদর্শিত হইল। এস্থলেও যজ্ঞদান এই দুই শব্দ গৃহস্থের ধর্ম্ম জানিতে হইবে। আর তপ বাণপ্রস্থ অবস্থার ধর্ম্ম বুঝিতে হইবে। শেষস্থিত কর্ম্ম এই শব্দ দ্বারা ব্রহ্মচারীর ধর্ম্ম জানিতে হইবে। সুতরাং যজ্ঞদান তপ কর্ম্ম কখনই ত্যাজ্য নহে; তাহা সকল অবস্থাতেই মনুষ্যের চিত্ত বিশুদ্ধিকর পবন ধর্ম্ম ॥ ৫ ॥

——০:০:০——

এতান্যপি তু কর্ম্মাণি সঙ্গং ত্যক্ত্বা ফলানি চ।
কর্ত্তব্যানীতি মে পার্থ! নিশ্চিতং মতমুত্তমং ॥ ৬ ॥

অন্বয়।—হে পার্থ! এতানি (বন্ধহেতুভূতানি) অপি কর্ম্মাণি (যজ্ঞদানাদীনি) তু সঙ্গং (আসক্তিং) ত্যক্ত্বা (বর্জ্জয়িত্বা) ফলানি চ [ত্যক্ত্বা] কর্ত্তব্যানি (অনুষ্ঠেয়ানি) ইতি মে (মম) নিশ্চিতং (স্থিরং) উত্তমং মতং (অভিপ্রায়ং) ॥ ৬ ॥

প্রতিশব্দ।—হে পার্থ! এই-সকল কর্ম্ম সঙ্গ ত্যাগ-করিয়া এবং ফল [বর্জ্জন-করিয়া] অনুষ্ঠেয় ইহাই আমার নিশ্চিত উত্তম অভিপ্রায় ॥ ৬ ॥

ব্যাখ্যা।—হে পার্থ! বন্ধনের হেতুভূত হইলেও আসক্তি এবং ফলকামনা পরিত্যাগ করিয়া পূর্ব্বোক্ত যজ্ঞদানাদি কর্ম্ম সমূহকে অনুষ্ঠান করিবে, ইহাই আমার স্থির এবং উৎকৃষ্ট অভিমত জানিবে ॥ ৬ ॥

শঙ্করাচার্য্য।—এতান্যপীতি। এতান্যপি তু কর্ম্মাণি যজ্ঞদানতপাংসি পাবনান্যুক্তানি সঙ্গমাসক্তিন্তেষু ত্যক্ত্বা ফলানি চ তেষাং পরিত্যাজ্য কর্ত্তব্যানীতি অনুষ্ঠেয়ানীতি মে মম নিশ্চিতং মতমুত্তমং নিশ্চয়ং শৃণু মে তত্রেতি প্রতিজ্ঞায় পাবনত্বং চ সহেতুমুক্ত্বা এতান্যপি কর্ম্মাণি কর্ত্তব্যানীত্যেতন্নিশ্চিতং মতং অমুত্তমমিতি প্রতিজ্ঞাতার্থোপসংহার এব নাপূর্ব্বার্থঃ বচনমেতান্যপীতি প্রকৃতসন্নিকৃষ্টার্থত্বোপপত্তেঃ সসঙ্গস্য ফলার্থিনোবন্ধহেতুন্যেতান্যপি কর্ম্মাণি মুমুক্ষোঃ কর্ত্তব্যানীতি অপিশব্দস্যার্থঃ, নত্বত্যাগি কর্ম্মাণ্যপেক্ষ্যৈতান্যপীত্যুচ্যন্তে। অন্যে বর্ণয়ন্তি নিত্যানাং কর্ম্মণাং ফলাভাবাৎ সঙ্গং ত্যক্ত্বা ফলানি চেতি নোপপদ্যতে। এতান্যপীতি যানি কাম্যানি কর্ম্মাণি নিত্যেভ্যোঽন্যানি এতানি অপি কর্ত্তব্যানি কিমুত যজ্ঞদানতপাংসি নিত্যানি ইতি তদসৎ, নিত্যানামপি কর্ম্মণাং ফলবত্ত্বস্যোপপাদিতত্বাৎ যজ্ঞোদানং তপশ্চৈব পাবনানীত্যাদিবচনেন নিত্যান্যপি কর্ম্মাণি বন্ধহেতুত্বাশঙ্কয়া জিহাসোর্ম্মুমুক্ষোঃ কুতঃ কাম্যেষু প্রসঙ্গঃ, দূরেণ হ্যবরঙ্কর্ম্মেতি চ নিন্দিতত্বাৎ যজ্ঞার্থাৎ কর্ম্মণোঽন্যত্রেতি চ কাম্যকর্ম্মণাং বন্ধহেতুত্বস্য নিশ্চিতত্বাৎ "ত্রৈগুণ্যবিষয়া বেদাস্ত্রৈবিদ্যা মাং সোমপাঃ ক্ষীণে পুণ্যে মর্ত্ত্যলোকং বিশন্তীতি" চ দূরব্যবহিতত্বাচ্চ ন কাম্যেষ্বেতান্যপীতি ব্যপদেশঃ ॥ ৬ ॥

আনন্দগিরি।—প্রতিজ্ঞাতমর্থমুপসংহরতি এতান্যপীতি। উপসংহারশ্লোকাক্ষরাণি ব্যাকরোতি এতানীত্যাদিনা। অক্ষরার্থমুক্ত্বা তাৎপর্য্যার্থমাহ নিশ্চয়মিতি। প্রকৃতার্থোপসংহারে গমকমাহ এতান্যপীতি। অপিশব্দস্য বিবক্ষিতমর্থং দর্শয়তি সাসঙ্গস্যেতি। ব্যাবর্ত্ত্যং কীর্ত্তয়তি নত্বিতি। এতান্যপীত্যাদিবাক্যং ন নিত্যকর্ম্মবিষয়মিতি মতমুপন্যস্যতি অন্যইতি। ন চেদি-

দন্নিত্যকর্ম্মবিষয়ং কিং বিষয়ন্তর্হি ইত্যাশঙ্ক্য বাক্যমনূতার্থ্য ব্যাকরোতি এতানীত্যাদিনা নিত্যানামফলত্বমুপেত্য যচ্চোদ্যন্তদযুক্তমিতি দূষয়ন্তি তদসদিতি। যত্তু কাম্যান্যপি কর্ত্তব্যানীতি তন্নিরস্যতি নিত্যান্যপীতি। কিঞ্চ কাম্যানাং ভগবতা নিন্দিতত্বান্ন তেষু মুমুক্ষোরনুষ্ঠানমিত্যাহ দূরেণেতি। কিঞ্চ মুমুক্ষোরপেক্ষিতমোক্ষাপেক্ষয়া বিরুদ্ধফলবত্ত্বাৎ কাম্যকর্ম্মণাং ন তেষু তস্যানুষ্ঠানমিত্যাহ যজ্ঞার্থাদিতি। কাম্যানাং বন্ধহেতুত্বং নিশ্চিতমিত্যত্রৈব পূর্ব্বোত্তরবাক্যানুকূল্যং দর্শয়তি ত্রৈগুণ্যেতি। কিঞ্চ পূর্ব্বশ্লোকে যজ্ঞাদিনিত্যকর্ম্মণাং প্রকৃতত্বাদেতচ্ছব্দেন সন্নিহিতবাচিনা পরামর্শাৎ কাম্যকর্ম্মণাঞ্চ কাম্যানাং কর্ম্মণামিতি ব্যবহিতানাং সন্নিহিতপরামর্শকৈতচ্ছব্দাবিষয়ত্বান্ন কাম্যকর্ম্মাণ্যেতান্যপীতি ব্যপদেশমর্হন্তীত্যাহ দূরেতি ॥ ৬ ॥

রামানুজ।—এতানীতি। যস্মান্মনীষিণাং যজ্ঞদানতপঃপ্রভৃতীনি পাবনানি তস্মাদুপাসনবদেতান্যপি যজ্ঞাদীনি কর্ম্মাণি। মদারাধনরূপাণি সঙ্গং কর্ম্মণি মমতাং ফলানি চ ত্যক্ত্বা অহরহ আপ্রয়াণাদুপাসননির্ব্বৃত্তয়ে মুমুক্ষুণা কর্ত্তব্যানীতি মম নিশ্চিতমুত্তমং মতং ॥ ৬ ॥

হনুমান্।—এবং তু কর্ত্তব্যানি কথমেতানি কর্ম্মাণি যজ্ঞাদীনি সঙ্গং ফলং স্পৃহাং ফলানি চ ত্যক্ত্বা কর্ত্তব্যানীতি নিশ্চিতমসন্দিগ্ধমুত্তমং শ্রেষ্ঠং ॥ ৬ ॥

শ্রীধর।—যেন প্রকারেণ কৃতান্যেতানি পাবনানি ভবন্তি তৎপ্রকারং দর্শয়ন্নাহ এতান্যপীতি। যানি যজ্ঞাদীনি কর্ম্মাণি ময়া পাবনানীত্যুক্তান্যেতান্যপ্যেবং কর্ত্তব্যানি কথং সঙ্গং কর্ত্তৃত্বাভিনিবেশং ত্যক্ত্বা কেবলমীশ্বরাধীনতয়া কর্ত্তব্যানি, ফলানি চ ত্যক্ত্বা কর্ত্তব্যানীতি মে মতং নিশ্চিতং অতএবোত্তমং ॥ ৬ ॥

বলদেব।—যজ্ঞাদীনাং পাবনতাপ্রকারমাহ এতান্যপীতি। সঙ্গং কর্ত্তৃত্বাভিনিবেশং ফলানি চ প্রতিপদোক্তানি পিতৃলোকাদীনি চ সর্ব্বাণি ত্যক্ত্বা কেবলমীশ্বরার্চ্চনধিয়া কর্ত্তব্যানীতি মে ময়া নিশ্চিতমত উত্তমমিদং মতং। কর্ত্তৃত্বাভিনিবেশত্যাগস্যাপি প্রবেশাৎ পার্থসারথের্ম্মতং বরীয়ঃ ॥ ৬ ॥

মধুসূদন।—যদি যজ্ঞদানতপসামন্তঃকরণশোধনে সামর্থ্যমস্তি তর্হি ফলাভিসন্ধিনা কৃতান্যপি তানি তচ্ছোধকানি ভবিষ্যন্তি কৃতং ফলাভিসন্ধিত্যাগেনেত্যাহ এতান্যপীতি। তুশব্দঃ শঙ্কানিরাকরণার্থঃ। যদ্যপি কাম্যানামপি শুদ্ধিমাদধতি ধর্ম্মত্বাভাবাৎ তথাপি সা তৎফলভোগোপযোগিন্যেব ন জ্ঞানোপযোগিনী। তদুক্তং বার্ত্তিককৃদ্ভিঃ "কাম্যেঽপি শুদ্ধিরস্ত্যেব ভোগসিদ্ধ্যর্থমেব সা। বিড়্‌বরাহাদিদেহেন নহৈন্দ্রং ভুজ্যতে ফলং ॥" ইতি। জ্ঞানোপযোগিনীং তু শুদ্ধিমাদধতি যানি যজ্ঞাদীনি কর্ম্মাণি এতানি ফলাভিসন্ধিপূর্ব্বকত্বেন বন্ধনহেতুভূতান্যপি মুমুক্ষুভিঃ সঙ্গমহমেবং করোমীতি কর্ত্তৃত্বাভিনিবেশং ফলানি চাভিসন্ধীয়মানানি ত্যক্ত্বান্তঃকরণশুদ্ধয়ে কর্ত্তব্যানীতি মে মম নিশ্চিতং। অতএব হে পার্থ! কর্ম্মাধিকৃতৈঃ কর্ম্মাণি ত্যাজ্যানি ন ত্যাজ্যানি বেতি দ্বয়োর্ম্মতয়োর্ন ত্যাজ্যানীতি মম নিশ্চিতং মতমুত্তমং শ্রেষ্ঠং। যদুক্তং নিশ্চয়ং শৃণু মে তত্রেতি সোঽয়ং নিশ্চয় উপসংহৃতঃ, "ভগবৎপূজ্যপাদানামপি প্রায়োঽস্মীরিতঃ। অনিষ্ণাততয়া ভাষ্যে দুরাপোঽমন্দবুদ্ধিভিঃ" ॥ ৬ ॥

নীলকণ্ঠ।—এবমত্যাগপক্ষামুক্ত্বা ঔৎসুক্যাৎ প্রথমং স্বাভিমতং ত্যাগাৎ ত্যাগসমুচ্চয় পক্ষং দর্শয়তি এতানীতি তুশব্দঃ পূর্ব্বোপন্যস্তাৎ পক্ষাৎ বৈলক্ষণ্যং দর্শয়তি অপিশব্দ এবশব্দার্থঃ, এতান্যেব কর্ম্মাণি যজ্ঞদানতপাংসি সঙ্গং ত্যক্ত্বা অহমেতেষাং কর্ত্তা মমাবশ্যমেতানি কর্ত্তব্যানীতি অভিমানং বয়োবর্ণাদ্যাধ্যাসনিমিত্তং ত্যক্ত্বা এতৈঃ কৃতৈরহং স্বর্গং বা চিত্তশুদ্ধিং বা জ্ঞানং বা প্রাপ্স্যামীতি ফলানি চ ত্যক্ত্বা চকারাদেষামকরণে মম প্রত্যবায়োভবিষ্যতীত্যেতমপ্যভিসন্ধিং ত্যক্ত্বা ব্রহ্মনিষ্ঠেনেবাসঙ্গস্বভাবেন পুরুষেণ কর্ত্তব্যাণি, ইতি এবং প্রকারং মে মম মতমুত্তমং পূর্ব্বমতাৎ শ্রেষ্ঠং তত্র হি কর্ত্তৃত্বাভিমানরূপেণ সঙ্গেন প্রত্যবায়োৎপাদভয়াচ্চ কর্ম্মানুষ্ঠানং বিহিতং অত্র তু তদভাবাদসঙ্গত্বাদ্যংশেন কর্ম্মণাং ত্যাগঃ স্বরূপেণাত্যাগ ইতি ভেদঃ॥ ৬॥

বিশ্বনাথ।—যেন প্রকারেণ কৃতান্যেতানি পাবনানি ভবন্তি তং প্রকারং দর্শয়তি। কর্ত্তৃত্বাভিনিবেশং ফলাভিসন্ধিঞ্চ। ফলাভিসন্ধিকর্ত্তৃত্বাভিনিবেশয়োস্ত্যাগ এব ত্যাগঃ সন্ন্যাসশ্চোচ্যতে ইতিভাবঃ॥ ৬॥

তাৎপর্য্য।—এক্ষণে ফলকামনা বিরহিত কর্ম্মানুষ্ঠানের প্রয়োজনীয়তা শ্রীভগবান্ উপসংহার করিতেছেন। তিনি পূর্ব্বে বলিয়াছেন, "নিশ্চয়ং শৃণু মে" অর্থাৎ এসম্বন্ধে আমার নিশ্চিত বাক্য শ্রবণ কর। অধুনা তাঁহার বদনারবিন্দ হইতে উপসংহার কালে সেই নিশ্চয়াত্মিকা বাক্যসুধা বিগলিত হইতেছে।

পূজ্যপাদ শ্রীমচ্ছঙ্করাচার্য্য এবং শ্রীমদানন্দগিরির অভিপ্রায়। যজ্ঞ, দান, তপ, এই সকল কর্ম্ম পাবন রূপে পূর্ব্বে উল্লেখ করা হইয়াছে। এই সকল কর্ম্ম সঙ্গ ত্যাগ করিয়া অর্থাৎ আসক্তি শূন্য হইয়া এবং তত্তৎ কর্ম্ম জনিত ফলাফল ত্যাগ করিয়া অনুষ্ঠান করা কর্ত্তব্য, ইহাই আমার নিশ্চিত এবং উত্তম অভিপ্রায় জানিবে। "নিশ্চয়ং শৃণুমে তত্র" এই প্রতিজ্ঞার পর, কারণ প্রদর্শন পূর্ব্বক নিষ্কাম কর্ম্মের পাবনত্ব ব্যক্ত করিয়া, এই সকল যজ্ঞাদি কর্ম্ম অবশ্য করণীয়, এই নিশ্চিত অভিপ্রায় প্রকটন সহকারে প্রতিজ্ঞাত অর্থের উপসংহার করা হইল। এ স্থলে শ্রীভগবান্ কোন অপূর্ব্ব অভিপ্রায় ব্যক্ত করিলেন এরূপ নহে। "এতান্যপি" এই পদ মধ্যস্থ অপি শব্দ দ্বারা ইহাই সূচিত হইতেছে যে, আসক্তি ও ফলাভিসন্ধি সহকারে অনুষ্ঠিত হইলে এই সকল কর্ম্ম বন্ধনের হেতুভূত হইয়া থাকে; তথাপি মুমুক্ষুগণের এই সকলেরই অনুষ্ঠান অত্যাবশ্যক। ত্যাগানর্হ অন্যান্য কর্ম্মকে লক্ষ্য করিয়া যে "এতান্যপি" বাক্য প্রযুক্ত হইয়াছে,

তাহা নহে। কেহ কেহ বলেন নিত্য কর্মের কোন ফল না থাকায় "সঙ্গং ত্যক্ত্বা ফলানি চ" শ্রীভগবানের বর্তমান শ্লোকস্থ এই উক্তি অসঙ্গত হই-তেছে। কারণ যাহার ফলসম্ভাবনা নাই, তৎসম্বন্ধে ফল ত্যাগের প্রসঙ্গ অনাবশ্যক। "এতান্যপি" এই বাক্য দ্বারা নিত্যকর্ম ব্যতীত তদতিরিক্ত যাবতীয় কাম্য কর্ম্ম লক্ষিত হইতেছে। এই সকল কাম্য কর্ম্মই যখন করণীয়, তখন যজ্ঞদান প্রভৃতি নিত্য কর্ম্মসমূহ কেনই না করণীয় হইবে? প্রতিপক্ষদিগের এইরূপ অভিপ্রায় অসৎ। কারণ নিত্য কর্ম্মেরও যে ফল আছে, তাহা পূর্ব্বে উপপাদিত হইয়াছে। "যজ্ঞোদানং তপশ্চৈব পাবনানি" ইত্যাদি বাক্যে শ্রীভগবান্ ব্যক্ত করিয়াছেন যে, যখন যজ্ঞাদি কর্ম্মেও বন্ধনের আশঙ্কা আছে বলিয়া মুমুক্ষুগণ তত্তৎকর্ম্ম ত্যাগের প্রয়াসী হইয়া থাকেন, তখন অন্যান্য কাম্য কর্ম্মের কথা অব-তারণা করাই যাইতে পারে না। শ্রীভগবান্ পূর্ব্বেও বলিয়াছেন "দূরেণ হ্যবরং কর্ম্ম" (২য় অধ্যায় ৪৯ শ্লোক) এ স্থলেও কর্ম্মের নিন্দা ঘোষিত হইয়াছে। অপি চ "যজ্ঞার্থাৎ কর্ম্মণোঽন্যত্র" (৩য় অধ্যায় ৯ম শ্লোক) ইত্যাদি স্থলেও কাম্য কর্ম্ম সমূহের বন্ধহেতুত্ব প্রতিপাদিত হইয়াছে। "ত্রৈগুণ্যবিষয়া বেদা নিস্ত্রৈগুণ্যো ভবার্জ্জুন।" (২য় অধ্যায় ৪৫শ শ্লোক) "ত্রৈবিদ্যা মাং সোমপাঃ পূতপাপাঃ" (৯ম অধ্যায় ২০শ শ্লোক) "ক্ষীণে পুণ্যে মর্ত্তলোকং বিশন্তি" (৯ম অধ্যায় ২১ শ্লোক) এই সকল কাম্য প্রতিপাদক হইলেও অতি দূরস্থিত নির্দ্দেশ। অচিরপূর্ব্ব গত শ্লোকে নিত্য কর্ম্মের প্রসঙ্গ আলোচিত হইয়াছে। এ স্থলে মূলে 'এতদ্' শব্দের ব্যবহার থাকায় তাহার সন্নিহিত প্রসঙ্গের সহিতই সম্বন্ধ বুঝিতে হইবে। দূর ব্যবহিত কাম্য কর্ম্মের সহিত পরামর্শ সম্ভবপর নহে। কারণ এতদ্ শব্দ সন্নিহিতবাচী। অতএব এতান্যপি শব্দ দ্বারা পূর্ব্বশ্লোকোক্ত নিত্য কর্ম্ম লক্ষিত হইতেছে।

পূজ্যপাদ শ্রীমন্মধুসূদন সরস্বতীর অভিপ্রায়। যদি যজ্ঞদান এবং তপ-স্যার অন্তঃকরণ শোধন সামর্থ্য আছে বলিয়া স্বীকার করা যায়, তাহা হইলে কামনা সহকারে তত্তৎকর্ম্ম অনুষ্ঠিত হইলেও কেন চিত্তশুদ্ধি না ঘটিবে? অনর্থক ফলাভিসন্ধি ত্যাগ না করিলেও তত্তৎকর্ম্ম দ্বারা স্বতঃ চিত্তশুদ্ধি জন্মিতে পারে। এইরূপ আশঙ্কার উত্তর স্বরূপে এই শ্লোক অবতারিত

হইয়াছে। শঙ্কা নিরাকরণ নিমিত্ত "এতান্যপি তু" এই "তু" শব্দ প্রযুক্ত হইয়াছে। যদি অনুষ্ঠীয়মান কর্ম্ম কামনা যুক্ত হইলেও স্বাভাবিক ধর্ম্মানুসারে শুদ্ধিরূপ ফল প্রদান করিতে পারে, তাহা হইলেও বুঝিতে হইবে যে, সেই ফল জ্ঞানোৎপাদনের কোনই সহায়তা করিতে পারে না, কেবল সেই শুদ্ধি কাম্য কর্ম্মজনিত ফল ভোগোপযোগী হইয়া থাকে। বার্ত্তিককার বলিয়াছেন, "কাম্যেঽপি শুদ্ধিরস্ত্যেব ভোগসিদ্ধ্যর্থমেব সা। বিড়্‌বরাহাদিদেহেন নহ্যৈন্দ্রং ভুজ্যতে ফলং ॥" ইহার ভাবার্থ এই যে, 'কাম্য কর্ম্মানুষ্ঠানের ফলেও শুদ্ধ হইতে পারে; কিন্তু সেই শুদ্ধি ভোগসিদ্ধিতেই পর্য্যাপ্ত হইয়া থাকে। সামান্য মূষিক বরাহাদির দেহে ইন্দ্রতুল্য ভোগ সম্ভবপর নহে, অর্থাৎ যে অবস্থায় যে পরিমাণে ভোগ সম্ভবপর, সেই অবস্থায় তাহাই ঘটিতে পারে। কামনামূলক কর্ম্ম দ্বারা মনুষ্যের যতটুকু ভোগফল প্রাপ্তি সঙ্গত, তাহাই সে প্রাপ্ত হয়।' যে যজ্ঞাদি কর্ম্ম জ্ঞান প্রাপ্তির উপযোগী চিত্তশুদ্ধি প্রদান করিয়া থাকে, সেই যজ্ঞাদি কর্ম্ম ফলাভিসন্ধি সহকারে অনুষ্ঠিত হইলে বন্ধনের হেতুভূত হইয়া থাকে। এরূপ হইলেও মুক্তিকামগণের পক্ষে তত্তৎবিষয়ে সঙ্গ অর্থাৎ আমি এইরূপ করিতেছি, ইত্যাকার কর্ত্তৃত্বাভিনিবেশ এবং কর্ম্ম জনিত ফল কামনা ত্যাগ করিয়া কেবল অন্তঃকরণ শুদ্ধির নিমিত্তই তদনুষ্ঠানে প্রবৃত্ত হওয়া আবশ্যক। ইহাই আমার নিশ্চয় অর্থাৎ অবধারিত বক্তব্য। অতএব হে পার্থ! কর্ম্মাধিকারিগণের পক্ষে কর্ম্ম ত্যাজ্য কি না, এই দুই বিরোধী প্রশ্নের উত্তর স্বরূপে আমি নির্দ্দেশ করিতেছি যে, কর্ম্ম কখনই ত্যাজ্য নহে। ইহাই আমার নিশ্চিত এবং উত্তম অর্থাৎ শ্রেষ্ঠ অভিপ্রায়। পূর্ব্বে যে, "নিশ্চয়ং শৃণু মে তত্র" বলিয়াছি, এক্ষণে তাহার উপসংহার হইল।

পূজ্যপাদ শ্রীমন্নীলকণ্ঠের অভিপ্রায়। পূর্ব্ব শ্লোকে অত্যাগ পক্ষের আলোচনা করিয়া এক্ষণে শ্রীভগবান্ ঔৎসুক্য নিবারণ হেতু প্রথমেই ত্যাগ ও অত্যাগের সমুচ্চয় বিষয়ক স্বকীয় অভিপ্রায় প্রকটিত করিতেছেন। মূলস্থিত "তু" শব্দ পূর্ব্বোপন্যস্ত বিষয়ের সহিত বৈলক্ষণ্য প্রদর্শনার্থ প্রযুক্ত হইয়াছে। মূলস্থিত "অপি" শব্দ এব শব্দের ভাব ব্যঞ্জক। যজ্ঞদানতপ এই সকল কর্ম্মও সঙ্গ ত্যাগ করিয়া অনুষ্ঠান করা পুরুষের কর্ত্তব্য। অর্থাৎ

এই সকলের আমি কর্ত্তা, এ সকলই আমার অবশ্য কর্ত্তব্য; বয়স, জাতি-গত শ্রেষ্ঠতা প্রভৃতি অধ্যাস জনিত উল্লিখিত রূপ অভিমান ত্যাগ করিয়া কর্ম্মানুসরণ করা উচিত। অপিচ, এই সকল কর্ম্মানুষ্ঠানের ফলে আমি স্বর্গলাভ করিব, অথবা চিত্তশুদ্ধি বা জ্ঞান প্রাপ্ত হইব, ইত্যাকার রূপ ফল সমূহ পরিত্যাগ করিয়া কর্ম্মানুষ্ঠান কর্ত্তব্য। এস্থলে মূলে যে চকার আছে, তাহার দ্বারা ইহাই সূচিত হইতেছে যে, এই সকল কর্ম্ম না করিলে আমার প্রত্যবায় ঘটিবে, অর্থাৎ যজ্ঞদানাদির অকরণ হেতু আমি পাপ-ভাগী হইব, এইরূপ অভিসন্ধিও পরিহার করিয়া কর্ম্মানুষ্ঠান করা বিধেয়। ব্রহ্মনিষ্ঠ পুরুষেরা যেরূপ নির্লিপ্ত অনাসক্ত ও নিষ্কাম হইয়া থাকেন, তদ্রূপে উল্লিখিত কর্ম্ম সমূহের অনুষ্ঠান কর্ত্তব্য। আমার এবম্প্রকার মত উত্তম, অর্থাৎ পূর্ব্বপরিব্যক্ত মতের অপেক্ষা শ্রেষ্ঠ। পূর্ব্বে কর্ম্মানুষ্ঠান সম্বন্ধে যে মত ব্যক্ত করা হইয়াছে, তাহা কর্তৃত্বাভিনিবেশ যুক্ত, আসক্তি যুক্ত এবং প্রত্যবায়োৎপাদনভীতি সংযুক্ত। অর্থাৎ সেই সকল কর্ম্মের মূলে আমি কর্ত্তা এই রূপ অহঙ্কার ভাবের সমাবেশ আছে, আসক্তি এবং কামনা নিহিত আছে, আর অকরণ জনিত অপরাধ ঘটিবে বলিয়া আশঙ্কার অবসর আছে। এরূপ কর্ম্ম শ্রেষ্ঠ স্বীকৃত হইতে পারে না। এস্থলে যেরূপ কর্ম্মের বিধান করা হইতেছে, তাহাতে উল্লিখিতরূপ কোন দোষের সম্ভাব নাই। অসঙ্গত্বাদি কর্ম্মের সহিত সংলিপ্ত ভাবসমূহের পরিত্যাগ হেতু স্বরূপতঃ কর্ম্ম ত্যাগ হয় না, তাহা বস্তুতঃ কর্ম্মের অত্যাগ বলিয়াই বুঝিতে হইবে। পূর্ব্বকথিত ত্যাগের সহিত সমালোচ্য ত্যাগের প্রভেদ এই যে, তাহাতে কর্তৃত্বাভিনিবেশ ও সঙ্গত্বাদি দোষের সংলেপ আছে। অধুনা যে ত্যাগের প্রসঙ্গ কীর্ত্তিত হইতেছে, তাহার সহিত উল্লিখিত দোষ নিচ-য়ের সংশ্রব নাই। কর্ম্ম উভয়ত্রই বিহিত হইয়াছে, কর্ম্মত্যাগের প্রসঙ্গ কুত্রাপি নাই ॥ ৬ ॥

——(•)——

নিয়তস্য তু সন্ন্যাসঃ কর্ম্মণো নোপপদ্যতে।
মোহাত্তস্য পরিত্যাগস্তামসঃ পরিকীর্ত্তিতঃ ॥ ৭ ॥

অন্বয়।—নিয়তস্য (নিত্যস্য) তু কর্ম্মণঃ সন্ন্যাসঃ (ত্যাগঃ) ন উপপদ্যতে (সম্ভবতি) মোহাৎ (অজ্ঞানাৎ) তস্য (কর্ম্মণঃ) পরিত্যাগঃ তামসঃ পরিকীর্ত্তিতঃ (কথিতঃ) ॥ ৭ ॥

প্রতিশব্দ।—নিত্য কর্ম্মের ত্যাগ সম্ভব-হয় না, মোহ হেতু তাহার পরিত্যাগ তামস কথিত-হয় ॥ ৭ ॥

ব্যাখ্যা।—নিত্য কর্ম্মসমূহের পরিত্যাগ কখনই যুক্তিযুক্ত নহে, মোহ প্রযুক্ত নিত্য কর্ম্মের ত্যাগ তামস ত্যাগ নামে অভিহিত হয় ॥৭॥

শঙ্করাচার্য্য।—তস্মাদজ্ঞস্যাধিকৃতস্য মুমুক্ষোঃ নিয়তস্যেতি। নিয়তস্য তু নিত্যস্য সন্ন্যাসঃ পরিত্যাগঃ কর্ম্মণো নোপপদ্যতে অজ্ঞস্য পাবনত্বস্যেষ্টত্বাৎ মোহাদজ্ঞানাত্তস্য নিয়তস্য পরিত্যাগো নিয়তঞ্চাবশ্যং কর্ত্তব্যং ত্যজ্যতে চেতি বিপ্রতিষিদ্ধমতো মোহনিমিত্তঃ পরিত্যাগস্তামসঃ পরিকীর্ত্তিতো মোহশ্চ তম ইতি ॥ ৭ ॥

আনন্দগিরি।—নিত্যকর্ম্মণামবশ্যকর্ত্তব্যত্বমুক্তমুপজীব্যাপেক্ষিতং পূরয়ন্ননন্তরশ্লোকমবতারয়তি তস্মাদিতি। নন্বু কশ্চিন্নিয়তমপি কর্ম্ম ত্যজন্নুপলভ্যতে তত্রাহ মোহাদিতি। অজ্ঞানং পাবনত্বাপরিজ্ঞানং অজ্ঞস্য নিত্যকর্ম্মত্যাগো মোহাদিত্যেতদুপপাদয়তি নিয়তঞ্চেতি। নিত্যকর্ম্মত্যাগস্য মোহকৃতত্বে কুতস্তামসত্বমিত্যাশঙ্ক্যাহ মোহশ্চেতি ॥ ৭ ॥

রামানুজ।—নিয়তস্যেতি। নিয়তস্য নিত্যনৈমিত্তিকস্য মহাযজ্ঞাদেঃ কর্ম্মণঃ সংন্যাসস্ত্যাগো নোপপদ্যতে "শরীরযাত্রাপি চ তে ন প্রসিদ্ধ্যেদকর্ম্মণ" ইতি শরীরযাত্রায়া এবাসিদ্ধেঃ। শরীরযাত্রা হি যজ্ঞশিষ্টাশনেননির্ব্বর্ত্ত্যমানা সম্যক্ জ্ঞানায় প্রভবতি। অন্যথা তেত্বঘং ভুঞ্জতে পাপা ইত্যযজ্ঞশিষ্টাঘরূপাশনাপ্যায়নং মনসো বিপরীতজ্ঞানায় ভবতি। "অন্নময়ং হি সৌম্য মনঃ" ইত্যন্নেন হি মন আপ্যায়তে। "আহারশুদ্ধৌ সত্ত্বশুদ্ধিঃ সত্ত্বশুদ্ধৌ ধ্রুবা স্মৃতিঃ। স্মৃতিলম্ভে সর্ব্বগ্রন্থীনাং বিপ্রমোক্ষঃ" ইতি ব্রহ্মরূপসাক্ষাৎকাররূপং জ্ঞানং আহারশুদ্ধ্যায়ত্তমিতি শ্রূয়তে। তস্মান্মহাযজ্ঞাদি নিত্যনৈমিত্তিকং কর্ম্মা প্রায়াণাৎ ব্রহ্মজ্ঞানায়ৈবোপাদেয়মিতি। তস্য ত্যাগো নোপপদ্যতে। এবং জ্ঞানোৎপাদিনঃ কর্ম্মণো বন্ধকত্বমোহাৎ পরিত্যাগস্তামসঃ পরিকীর্ত্তিতঃ। তমোমূলস্ত্যাগস্তামসঃ তমঃকার্য্যাজ্ঞানমূলত্বেন ত্যাগস্য তমোমূলত্বং। তমো হ্যজ্ঞানস্য মূলং "প্রমাদমোহৌ তমসো ভবতোঽজ্ঞানমেব চ" ইত্যত্রোক্তং। অজ্ঞানন্তু জ্ঞানবিরোধিবিপরীতজ্ঞানং তথা চ বক্ষ্যতে, "অধর্ম্মং ধর্ম্মমিতি যা মন্যতে তমসাবৃতা। সর্ব্বার্থান্বি-

পরীতাংশ্চ বুদ্ধিঃ সা পার্থ তামসী"তি। অতো নিত্যনৈমিত্তিকাদেঃ কর্ম্মণস্ত্যাগো বিপরীতজ্ঞান-মূলইত্যর্থঃ ॥ ৭ ॥

হনুমান্‌।—কাম্যকর্ম্মণস্ত্যাগোঽস্তু নিত্যস্য নিয়তস্য কর্ম্মণস্ত্যাগো নোপপদ্যতে সত্ত্ব-শুদ্ধ্যর্থং মুমুক্ষুণাং। কর্ত্তৃত্বমোহাদজ্ঞানাত্তস্য নিয়তস্য কর্ম্মণস্ত্যাগস্তামসঃ পরিকীর্ত্তিতঃ ॥ ৭ ॥

শ্রীধর।—প্রতিজ্ঞাতং ত্যাগত্রৈবিধ্যমিদানীং দর্শয়তি নিয়তস্যেতি ত্রিভিঃ। কাম্যস্য কর্ম্মণোবন্ধকত্বাৎ সংন্যাসোযুক্তঃ নিয়তস্য তু নিত্যস্য পুনঃ কর্ম্মণঃ সন্ন্যাসস্ত্যাগো নোপপদ্যতে সত্ত্বশুদ্ধিদ্বারা মোক্ষহেতুত্বাৎ অতস্তস্য পরিত্যাগ উপাদেয়ত্বেঽপি ত্যাজ্যমিত্যেবং লক্ষণান্মোহাদেব ভবেৎ স চ মোহস্য তামসত্বাত্তামসঃ পরিকীর্ত্তিতঃ ॥ ৭ ॥

বলদেব।—প্রতিজ্ঞাতং ত্যাগত্রৈবিধ্যমাহ নিয়তস্যেতি ত্রিভিঃ। কাম্যস্য কর্ম্মণো বন্ধকত্বাত্তৎত্যাগো যুক্তঃ। নিয়তস্য নিত্যনৈমিত্তিকস্য মহাযজ্ঞাদেঃ কর্ম্মণঃ সংন্যাসস্ত্যাগো নোপপদ্যতে। আত্মোদ্দেশাদ্বিশোর্ণাদিবদস্তর্গতজ্ঞানস্য তস্য মোচকত্বাৎ দেহযাত্রাসাধকত্বাচ্চ তত্ত্যাগো ন যুক্তঃ। তেন হি দেবতাত্মবদ্বিভূতিরর্চ্চ্যতাং তচ্ছেষৈঃ পূতৈঃ সিদ্ধা দেহযাত্রা তত্ত্বজ্ঞানায় সংপদ্যতে। বৈপরীত্যে পূর্ব্বমভিহিত" নিয়তং কুরু কর্ম্ম ত্বমিত্যাদিভিস্তৃতীয়ে তস্যাপি মোহাদ্বন্ধকমিদমিত্যজ্ঞানাৎ পরিতঃ স্বরূপেণ ত্যাগস্তামসো ভবতি মোহস্য তমোধর্ম্মত্বাৎ ॥ ৭ ॥

মধুসূদন।—তদেবং যজ্ঞদানতপঃ কর্ম্ম ন ত্যাজ্যমিতি চাপর ইতি স্বপক্ষঃ স্থাপিতঃ, ইদানীং ত্যাজ্যং দোষবদিত্যেকে কর্ম্ম প্রাহুর্ম্মনীষিণ ইতি পরপক্ষস্য পূর্ব্বোক্তত্যাগত্রৈবিধ্য-ব্যাখ্যানেন নিরাকরণমারভতে নিয়তস্যেতি। কাম্যস্য কর্ম্মণোঽন্তঃকরণশুদ্ধিহেতুত্বাভাবেন বন্ধ-হেতুত্বেন চ দোষবত্ত্বাদ্বন্ধনিবৃত্তিহেতুবোধার্থিনা ক্রিয়মাণত্যাগ উপপদ্যত এব, নিয়তস্য তু নিত্যস্য কর্ম্মণঃ শুদ্ধিহেতুত্বেনাদোষস্য সংন্যাসস্ত্যাগোমুমুক্ষুণান্তঃকরণশুদ্ধ্যর্থিনা নোপপদ্যতে শাস্ত্রযুক্তিভ্যাং তস্যান্তঃকরণশুদ্ধ্যর্থমবশ্যানুষ্ঠেয়ত্বাৎ। তথাচোক্তং প্রাক্, "আরুরুক্ষোর্মুনের্যোগং কর্ম্ম কারণ-মুচ্যতে" ইতি। নম্বু দোষবত্ত্বং কাম্যস্যেব নিত্যস্যাপি দর্শপূর্ণমাসজ্যোতিষ্টোমাদের্ব্রীহিপশ্বাদিহিংসা-মিশ্রিতত্বেন সাংখ্যৈরভিহিতং, ন চ "ব্রীহীনবহন্তি অগ্নিষোমীয়ং পশুমালভেত" ইত্যাদি বিশেষবিধি-গোচরত্বাৎ ক্রত্বঙ্গহিংসায়া ন হিংস্যাৎ সর্ব্বভূতানীতি সামান্যনিষেধস্য তদিতরপরত্বমিতি সাম্প্রতং ভিন্নবিষয়ত্বেন বিধিনিষেধয়োরবাধেনৈব সমাবেশসংভবাৎ নিষেধেন হি পুরুষস্যানর্থহেতুর্হিংসে-ত্যভিহিতং ন তু ক্রত্বর্থা সেতি, বিধিনা চ ক্রত্বর্থা সেত্যভিহিতং, ন ত্বনর্থহেতুর্নেতি, তথা চ ক্রতুপকারকত্বপুরুষানর্থহেতুত্বয়োরেকত্র সংভবাৎ ক্রত্বর্থাপি হিংসা নিষিদ্ধৈবেতি হিংসাযুক্তং দর্শপূর্ণমাসজ্যোতিষ্টোমাদি সর্ব্বং দুষ্টমেব, বিহিতস্যাপি নিষিদ্ধত্বং নিষিদ্ধস্যাপি চ বিহিতত্বং শ্যেনাদিবদুপপন্নমেব। যথাহি শ্যেনেনাভিচরন্ যজেতেত্যাদ্যভিচারবিধিনা বিহিতোঽপি শ্যেনা-দির্ন হিংস্যাৎ সর্ব্বভূতানীতি নিষেধবিষয়ত্বাদনর্থহেতুরেব তদ্দোষসহিষ্ণোরেব চ রাগদ্বেষাদি-বশীকৃতস্য তত্রাধিকারঃ এবং জ্যোতিষ্টোমাদাবপি। তথা চোক্তং মহাভারতে,—"জপস্তু সর্ব্ব-ধর্ম্মেভ্যঃ পরমোধর্ম্ম উচ্যতে। অহিংসয়া হি ভূতানাং জপযজ্ঞঃ প্রবর্ত্ততে ॥" ইতি। মনুনাপি,— "জপ্যেনৈব তু সংসিদ্ধ্যেদ্ব্রাহ্মণো নাত্র সংশয়ঃ। কুর্য্যাদন্যন্ন বা কুর্য্যান্মৈত্রো ব্রাহ্মণ উচ্যতে ॥"

ইতি বদতা মৈত্রীমহিংসাং প্রশংসতা হিংসায়া দুষ্টত্বমেব প্রতিপাদিতং, অন্তঃকরণশুদ্ধিশ্চেদৃশেন গায়ত্রীজপাদিনা সুতরামুপপৎস্যত ইতি। হিংসাদিদোষদুষ্টং জ্যোতিষ্টোমাদি নিত্যং কর্ম্ম দোষাসহিষ্ণুনা শ্যেনাদিকমিব কর্ম্মাধিকারিণাপি ত্যাজ্যমিতি প্রাপ্তে ব্রূমঃ, ন ত্বক্রত্বর্থা হিংসা ঽনর্থহেতুঃ বিধিস্পৃষ্টে নিষেধানবকাশাৎ। তথাহি বিধিনা বলবদিচ্ছাবিষয়সাধনতাবোধরূপাং প্রবর্ত্তনাং কুর্ব্বতাঽনর্থসাধনে তদনুপপত্তেঃ স্ববিষয়স্য প্রবর্ত্তনাগোচরস্যানর্থসাধনত্বাভাবোঽপ্যর্থাদাক্ষিপ্যতে, তেন বিধিবিষয়স্য নানর্থহেতুত্বং যুজ্যতে ন হি ক্রত্বর্থত্বং সাক্ষাদ্বিধ্যর্থঃ, যেন বিরোধোন স্যাৎ, কিন্তু প্রবর্ত্তনাকর্ম্মভূতা তু পুরুষপ্রবৃত্তিঃ পুরুষার্থমেব বিষয়ীকুর্ব্বতী ক্বচিৎ ক্রতুমপি পুরুষার্থসাধনত্বেন পুরুষার্থভাবমাপন্নং বিষয়ীকরোতীত্যন্যৎ, পুরুষপ্রবৃত্তিশ্চ বলবদিচ্ছোপধানদশায়াং জায়মানা ন ভাব্যস্যার্থহেতুতামাক্ষিপতি ন বাঽনর্থহেতুতাং প্রতিক্ষিপতি, কিন্তু যথাপ্রাপ্তমেবালম্বতে বলবদিচ্ছাবিষয়ে স্বতএব প্রবৃত্তেঃ স্বর্গাদৌ বিধ্যনপেক্ষণাৎ, অতএব বিহিতশ্যেনফলস্যাপি শত্রুবধরূপস্যাভিচারস্যার্থহেতুত্বমুপপদ্যত এব ফলস্য বিধিজন্যপ্রবৃত্তিবিষয়ত্বাভাবাৎ, বিধিজন্যপ্রবৃত্তিবিষয়ং তু ধাত্বর্থং করণং প্রবর্ত্তনাবলম্বতে, সা চানর্থহেতুং ন বিষয়ীকরোতীতি বিশেষবিধিবাধিতং সামান্যনিষেধবাক্যং রাগদ্বেষাদিমূলাক্রত্বর্থলৌকিকহিংসাবিষয়ং তেন শ্যেনাগ্নীষোমীয়য়োর্বৈষম্যাদুপপন্নমদুষ্টত্বং জ্যোতিষ্টোমাদেঃ বিধিস্পৃষ্টস্যাপি নিষেধবিষয়ত্বে ষোড়শিগ্রহণস্যাপ্যনর্থহেতুত্বাপত্তির্নাতিরাত্রে ষোড়শিনং গৃহ্লাতীতি নিষেধাৎ, তস্মান্ন কিঞ্চিদেতদিতি ভাট্টং দর্শনং, প্রাভাকরং তু দর্শনং ফলসাধনে রাগতএব প্রবৃত্তিসিদ্ধের্ন নিয়োগস্য প্রবর্ত্তকত্বং, তেন শ্যেনস্য রাগজন্যপ্রবৃত্তিবিষয়ত্বেন বিধেরৌদাসীন্যান্ন তস্যানর্থহেতুত্বং বিধিনা প্রতিক্ষিপ্যতে অগ্নীষোমীয়হিংসায়াং তু ক্রত্বঙ্গভূতায়াং ফলসাধনত্বাভাবেন রাগাভাবাদ্বিধিরেব প্রবর্ত্তকঃ, স চ স্ববিষয়স্যানর্থহেতুতাং প্রতিক্ষিপতীতি প্রধানভূতা হিংসানর্থং জনয়তি, ন ক্রত্বর্থেতি ন হিংসামিশ্রত্বেন জ্যোতিষ্টোমাদের্দুষ্টত্বমিতি সমমেব, এতাবন্মাত্রে তু বিশেষঃ চোদনালক্ষণোঽর্থোধর্ম্ম ইত্যত্রার্থপদব্যাবর্ত্ত্যত্বেনাধর্ম্মত্বং শ্যেনাদেঃ প্রাভাকরমতে, ভাট্টমতে তু শ্যেনফলস্যৈবাভিচারস্যানর্থহেতুত্বাদধর্ম্মত্বং, শ্যেনস্য তু বিহিতস্য সমীহিতসাধনস্য ধর্ম্মত্বমেব অর্থপদব্যাবর্ত্ত্যত্বং তু কলঞ্জভক্ষণাদের্নিষিদ্ধস্যৈবেতি ফলতোঽনর্থহেতুত্বেন তু শিষ্টানাং শ্যেনাদৌ ন ধর্ম্মত্বেন ব্যবহারঃ। তদুক্তং,—"ফলতোঽপি চ যৎকর্ম্ম নানর্থেনানুবধ্যতে। কেবল প্রীতিহেতুত্বাত্তদ্ধর্ম্ম ইতি কথ্যতে॥" ইতি। তার্কিকাণাং তু দর্শনং কৃতিসাধ্যত্বমর্থহেতুত্বমনর্থাহেতুত্বং চেতি ত্রয়ং বিধ্যর্থঃ, তত্র ক্রত্বর্থহিংসায়াং সাক্ষান্নিষেধাভাবাৎ প্রায়শ্চিত্তানুপদেশাচ্চ কৃতিসাধ্যত্বার্থহেতুত্ববদনর্থাহেতুত্বমপি বিধিনা বোধ্যত ইতি ন তস্যানর্থহেতুত্বং শ্যেনাদেস্ত্বভিচারস্য সাক্ষাদেব নিষেধাৎ প্রায়শ্চিত্তোপদেশাচ্চানর্থহেতুত্বাবগমাত্তাবন্মাত্রং তত্র বিধিনা বোধ্যত ইত্যুপপন্নং শ্যেনাগ্নীষোময়োর্বৈলক্ষণ্যং, ঔপনিষদৈস্তু ভাট্টমেব দর্শনং ব্যবহারে প্রায়েণাবলম্বিতং। তথা চ ভগবদ্বাদরায়ণপ্রণীতং সূত্রং,—"অশুদ্ধমিতি চেন্ন শব্দাদি"তি। জ্যোতিষ্টোমাদিকর্ম্ম অগ্নীষোমীয়হিংসাদিমিশ্রিতত্বেন দুষ্টমিতি চেৎ ন অগ্নীষোমীয়ং পশুমালভেতেত্যাদিবিধিশব্দাদিত্যক্ষরার্থঃ, জপপ্রশংসাপরং তু বাক্যং ন ক্রত্বর্থহিংসায়া অধর্ম্মত্ববোধকং তস্য তত্রাতাৎপর্য্যাৎ।

তথাচ সাংখ্যানাং বিহিতে নিষিদ্ধত্বজ্ঞানমনর্থাহেতাবনর্থহেতুত্বজ্ঞানং ধর্ম্মে চাধর্ম্মত্বজ্ঞানমনুষ্ঠেয়ে চাননুষ্ঠেয়ত্বজ্ঞানং বিপর্য্যাসরূপোমোহঃ তস্মান্মোহান্নিত্যস্য কর্ম্মণোযঃ পরিত্যাগঃ স তামসঃ পরিকীর্ত্তিতঃ মোহো হি তমঃ ॥ ৭ ॥

নীলকণ্ঠ।—প্রাক্‌প্রতিজ্ঞাতং ত্যাগত্রৈবিধ্যমাহ নিয়তস্যেতি। তুশব্দঃ পূর্ব্বোক্তপক্ষদ্বয়বৈলক্ষণ্যার্থঃ যস্মাদধিকৃতস্য মুমুক্ষো নিয়তস্যাবশ্যানুষ্ঠেয়স্য কর্ম্মণঃ সন্ন্যাসঃ স্বরূপেণ ত্যাগো নোপপদ্যতে ন যুজ্যতে অজ্ঞান শুদ্ধ্যাপেক্ষত্বাৎ এবং সতি যো মোহাদজ্ঞানাৎ তস্য নিয়তস্য কর্ম্মণঃ পরিত্যাগঃ তামসঃ পরিকীর্ত্তিতঃ, আবশ্যকঞ্চ ত্যজ্যতে নেতি বিপ্রতিষেধাৎ ॥ ৭ ॥

বিশ্বনাথ।—প্রক্রান্তস্য ত্রিবিধত্যাগস্য তামসং ভেদমাহ নিয়তস্যেতি। নিয়তস্য নিত্যস্য মোহাৎ শাস্ত্রতাৎপর্য্যাজ্ঞানাৎ। সন্ন্যাসী কাম্যকর্ম্মাণি আবশ্যকত্বাভাবাৎ পরিত্যজতু নাম নিত্যস্য তু কর্ম্মণস্ত্যাগো নোপপদ্যতে ইতি তু শব্দার্থঃ। মোহাদজ্ঞানাৎ। তামস ইতি তামসস্ত্যাগস্য ফলং অজ্ঞানপ্রাপ্তিরেব নত্বভীপ্সিতজ্ঞানপ্রাপ্তিরিতিভাবঃ ॥ ৭ ॥

তাৎপর্য্য।—পূর্ব্বে শ্রীভগবান্ যজ্ঞ দানাদি কর্ম্মের অবশ্য কর্ত্তব্যতা প্রতিপাদন করিয়াছেন। অধুনা তিনি প্রদর্শন করিতেছেন যে, নিত্যকর্ম্ম* সমূহ কখনই পরিত্যাজ্য নহে। তদনুষ্ঠানে বিরত হইলে মানবের মোহাতিশয্যের পরিচয় প্রদান করা হয়।

শ্রীভগবান্ বলিতেছেন, নিয়ত অর্থাৎ নিত্যকর্ম্মের পরিত্যাগ কখনই সমীচীন নহে। অর্থাৎ তাদৃশ নিত্যকর্ম্মের পরিহার করিলে মানবের

* নিত্যকর্ম্ম।—"নিত্যানি, অকরণে প্রত্যবায়সাধকানি সন্ধ্যাবন্দনাদীনি।" (বেদান্তসার) অর্থাৎ যাহা করিলে পুণ্য সঞ্চয় হয় না, না করিলে প্রত্যবায়ভাগী হইতে হয়, তাহাই নিত্য কর্ম্ম; যথা, সন্ধ্যা বন্দনাদি।" "নিত্যং নৈমিত্তিকঞ্চৈব নিত্যনৈমিত্তিকন্তথা। গৃহস্থস্য ত্রিধা কর্ম্ম তন্নিশাময় পুত্রক। পঞ্চযজ্ঞাশ্রিতং নিত্যং যদেতৎ কথিতং তব। নৈমিত্তিকং তথা চান্যৎ পুত্রজন্মক্রিয়াদিকং। নিত্যনৈমিত্তিকং জ্ঞেয়ং পর্ব্বশ্রাদ্ধাদি পণ্ডিতৈঃ॥" (মার্কণ্ডেয় পুরাণ) অর্থাৎ নিত্য, নৈমিত্তিক, এবং নিত্যনৈমিত্তিক, এই ত্রিবিধ কর্ম্ম গৃহস্থদিগের সম্বন্ধে নির্দ্দিষ্ট আছে। পঞ্চযজ্ঞাদি (৬৬৯ পৃঃ টিঃ দ্রঃ) কর্ম্ম নিত্য, পুত্র জন্মাদি নিমিত্তক ক্রিয়া নৈমিত্তিক, এবং পর্ব্বশ্রাদ্ধাদি নিত্য ও নৈমিত্তিক এই উভয় প্রকার। সন্ধ্যাবন্দন, পঞ্চযজ্ঞ, শিবপূজা প্রভৃতি কার্য্য সমূহ নিত্য। নৈমিত্তিক যথা; "পুত্রজন্মাদ্যনুবন্ধীনি জাতেষ্ট্যাদীনি" (বেদান্তসার) অর্থাৎ পুত্রজন্মাদি নিমিত্তকে প্রাপ্ত হইয়া যাহা অনুষ্ঠিত হয় তাহাই নৈমিত্তিক। যথা, পুত্রের জাতকর্ম্মাদি সংস্কার, পিতৃশ্রাদ্ধাদি; পাপশান্তির নিমিত্ত যে দান তাহা নৈমিত্তিক দান, গ্রহণাদিতে বা চাণ্ডালাদি স্পর্শনিমিত্ত যে স্নান, তাহা নৈমিত্তিক স্নান, ইত্যাদি। কোন কামনা সহকারে যাহা অনুষ্ঠিত হয়, তাহাই কাম্য। "কাম্যানি স্বর্গাদীষ্টসাধনানি জ্যোতিষ্টোমাদীনি।" (বেদান্তসার) অর্থাৎ স্বর্গাদি শুভফলজনক জ্যোতিষ্টোমাদি কার্য্য সমূহ কাম্য। কাম্য কর্ম্ম বহুবিধ। অনেক কর্ম্ম নিত্য ও কাম্য উভয় মিশ্রিত। অর্থাৎ সেই সকল কর্ম্ম না করিলে প্রত্যবায়ভাগী হইতে হয়, এবং অনুষ্ঠান করিলে স্বর্গাদি ফলজনক হইয়া থাকে। যথা, দুর্গোৎসব, জন্মাষ্টমী, শিবরাত্রিব্রত প্রভৃতি কর্ম্ম সমূহ নিত্য ও কাম্য।

অনিষ্ট ভিন্ন ইষ্ট সম্ভাবনা কিছুই নাই। কারণ নিত্যকর্ম্মের অনুষ্ঠান হইতে ক্রমশঃ চিত্তশুদ্ধি উপজাত হয়, এবং সেই চিত্তশুদ্ধি হইতে কালে পরম জ্ঞানের উদ্ভব হইয়া থাকে। যাহা এবম্বিধ হিতকর, তাহার অনুষ্ঠানে বিরত হওয়া কখনই শ্রেয়স্কর হইতে পারে না। মানব দূরদর্শিতার অভাবে এবং স্বকীয় সামান্য বুদ্ধির উপর নির্ভর করিয়া অনেক সময় নিত্যানুষ্ঠেয় যজ্ঞাদি বিবিধ কর্ম্মে বহুবিধ দোষ দর্শন করিয়া থাকে, এবং তাদৃশ দোষের নিদান বোধে নিত্যকর্ম্মাদি পরিত্যাগ করে। মোহ অর্থাৎ অজ্ঞানের প্রাবল্যে ইত্যাকার নিত্যকর্ম্ম ত্যাগ তামস ত্যাগ নামে পরি-গণিত হয়। এরূপ ত্যাগে সনাতন শাস্ত্রাদির প্রতি অনাস্থা প্রকাশ করা হয় এবং আপনার অজ্ঞানেরই পরিচয় প্রদান করা হয়। যে ব্যবস্থা অপৌরুষেয়, বেদসম্মত, তাহার অন্যথাচরণ করিলে মানবের শ্রেয়ঃ কখনই সাধিত হইতে পারে না। এই জন্যই উল্লিখিতরূপ শাস্ত্রবিরুদ্ধ ত্যাগ তামস ত্যাগ নামে অভিহিত হয়।

যাঁহারা যথার্থ জ্ঞানার্থী, তাঁহারা কর্ম্ম দ্বারা চিত্তশুদ্ধির কামনা করিয়া থাকেন, এবং কর্ম্মানুষ্ঠানকে চিত্তশুদ্ধির একমাত্র পন্থা জানিয়া বিহিত প্রযত্নে তদনুসরণ করেন। নিত্য ক্রিয়াকে অবৈধ বোধে পরিত্যাগ করিতে তাঁহারা কখনই সাহসী হন না, প্রত্যুত তদনুসরণ ক্রমে তাঁহারা পরমোন্নতির পথে অগ্রসর হইয়া থাকেন।

পূজ্যপাদ শ্রীমদ্রামানুজাচার্য্যের অভিপ্রায়। নিত্য নৈমিত্তিক মহা-যজ্ঞাদি কর্ম্ম ত্যাগ করা যাইতে পারে না। শ্রীভগবান্ পূর্ব্বেই বলিয়াছেন, "শরীরযাত্রাপি চ তে ন প্রসিদ্ধ্যেদকর্ম্মণঃ।" (৩য় অধ্যায় ৮ শ্লোক) সুতরাং শরীরযাত্রার নিমিত্তও কর্ম্মত্যাগ অসিদ্ধ। যে হেতু নিয়ত শরীর-যাত্রার নিমিত্ত যজ্ঞাদিজনিত বিহিত অশনাদি জ্ঞানবর্দ্ধনের হেতুভূত হইয়া থাকে। ইহার ভাবার্থ এই যে, লৌকিক ধর্ম্মরক্ষার অনুরোধে যজ্ঞাদির অনুষ্ঠান করিয়া যজ্ঞাবশিষ্ট পবিত্র অন্ন ভোজন করিতে থাকিলে ক্রমশঃ চিত্ত পবিত্র হইয়া উঠে এবং জ্ঞানের উন্মেষ হয়। যাহারা ইহার অন্যথাচরণ করে, অর্থাৎ যাহারা যজ্ঞাবশিষ্ট ভোজন না করিয়া ইচ্ছামত খাদ্যাদি উপভোগ করে, শ্রীভগবান্ তাহাদের সম্বন্ধে বলিয়াছেন যে, "ভুঞ্জতে তে ত্বঘং পাপা যে পচন্ত্যাত্মকারণাৎ।" (৩য় অধ্যায় ১৩শ

শ্লোক) সুতরাং এই অযরূপ অশিষ্ট ভোজনাদি মনের প্রকৃষ্ট জ্ঞান উৎপাদন না করিয়া বিপরীত জ্ঞানেরই বৃদ্ধি করিয়া থাকে। শ্রুতি বলিয়াছেন, "অন্নময়ং হি সৌম্য মনঃ" অর্থাৎ হে সৌম্য! মন অন্নময়। সুতরাং সিদ্ধ হইতেছে যে, অন্ন দ্বারাই মন গঠিত হইয়া থাকে। শাস্ত্রেও উক্ত হইয়াছে যে, "আহারশুদ্ধৌ সত্ত্বশুদ্ধিঃ সত্ত্বশুদ্ধৌ ধ্রুবা স্মৃতিঃ। স্মৃতিলম্ভে সর্ব্বগ্রন্থীনাং বিপ্রমোক্ষঃ" অর্থাৎ 'আহারশুদ্ধির প্রভাবেই অন্তঃকরণশুদ্ধি সংঘটিত হয়, সত্ত্বশুদ্ধি হইতে ধ্রুবা স্মৃতির উদ্ভব হয়, সেই স্মৃতি লব্ধ হইলে সকল গ্রন্থির বিপ্রমোক্ষ হইয়া থাকে।' অতএব শ্রুতির বিধানদ্বারা ইহাই প্রতিপন্ন হইতেছে যে, আহার শুদ্ধির ফলে কালে ব্রহ্মজ্ঞান লব্ধ হইয়া থাকে। এতাবতা ইহাই সপ্রমাণ হইতেছে যে, প্রয়াণকাল পর্য্যন্ত মহাযজ্ঞাদি নিত্যনৈমিত্তিক কর্ম্মের অনুষ্ঠান করা মানবের পক্ষে একান্ত আবশ্যক, তৎসমস্তের পরিত্যাগ কখনই বিধেয় নহে। এইরূপ জ্ঞানোৎপাদন কর্ম্ম মোহপ্রযুক্ত বন্ধনের হেতুভূত মনে করিয়া পরিত্যাগ করিলে সে ত্যাগ তামস নামে অভিহিত হয়। তমোমূলক যে ত্যাগ তাহাই তামস। অজ্ঞান তমোগুণের কার্য্য, অতএব তজ্জনিত ত্যাগ তমোমূলক ত্যাগরূপে পরিগণিত। যে হেতু তমোগুণই অজ্ঞানের মূল; শ্রীভগবান্ বলিয়াছেন, "প্রমাদমোহৌ তমসো ভবতোঽজ্ঞানমেব চ।" (১৪শ অধ্যায় ১৭ শ্লোক) জ্ঞানের বিরোধী বিপরীত জ্ঞানই অজ্ঞান। বর্ত্তমান অধ্যায়ের ৩২শ শ্লোকেও শ্রীভগবান্ এইরূপ অভিপ্রায় প্রকাশ করিয়াছেন। অতএব ইহাই অবধারিত হইতেছে যে, নিত্যনৈমিত্তাদি কর্ম্মত্যাগ বিপরীত জ্ঞানমূলক। আচার্য্য মহোদয় প্রতিপন্ন করিয়াছেন যে, বিশুদ্ধ আহার হইতে পরম তত্ত্বজ্ঞান প্রাপ্ত হওয়া যায়। শ্রৌত প্রমাণাদি দ্বারা তিনি স্বকীয় অভিপ্রায় নিঃসংশয়িতরূপে প্রমাণিত করিয়াছেন। আহার সংযমের এবং তদ্বিশুদ্ধির প্রতি সতত লক্ষ্য রাখা একান্ত আবশ্যক।

এই শ্লোকোপলক্ষ্যে শ্রীমধুসূদন সরস্বতী এক সুদীর্ঘ টীকা বিন্যস্ত করিয়াছেন। তাহার স্থূল তাৎপর্য্য ইতঃপূর্ব্বে বর্ত্তমান অধ্যায়ের ৩য় শ্লোকে পূজ্যপাদ শঙ্করাচার্য্যের ভাষ্য ব্যাখ্যাস্থলে প্রদত্ত হইয়াছে। অধুনা সরস্বতীপাদের অভিপ্রায় সংক্ষিপ্ত ভাবে সমাহৃত হইতেছে।

পূর্ব্বে শ্রীভগবান্ উল্লেখ করিয়াছেন যে, "যজ্ঞদানতপঃ কর্ম্ম ন ত্যাজ্যমিতি চাপরে।" (১৮।৩) পূর্ব্ববর্ত্তী শ্লোক দ্বারা সেই মত সম্যক্‌রূপে সমর্থিত হইয়াছে। অতঃপর "ত্যাজ্যং দোষবদিত্যেকে কর্ম্ম প্রাহুর্ম্মনীষিণঃ" (১৮।৩) এই মতান্তরের আলোচনায় প্রবৃত্ত হইতেছেন। কাম্যকর্ম্মের দ্বারা অন্তঃকরণ শুদ্ধি সংঘটিত হয় না এবং তাহা বন্ধনের হেতুভূত; এই জন্য তত্তাবৎ দোষযুক্ত; সুতরাং যাঁহারা বন্ধনিবৃত্তির জন্য জ্ঞানের অভিলাষী অর্থাৎ যাঁহারা বন্ধনের কারণে বিজড়িত হইতে বাসনা করেন না, তাঁহাদিগের পক্ষে তাদৃশ কর্ম্মের পরিত্যাগ সুসঙ্গত। কিন্তু নিয়ত অর্থাৎ নিত্যকর্ম্ম সমূহ শুদ্ধির হেতুভূত সুতরাং দোষরহিত। যাঁহারা মুমুক্ষু অর্থাৎ মুক্তিকামী তাঁহাদিগের পক্ষে শুদ্ধি বিধায়ক তাদৃশ নিত্য-কর্ম্মের সন্ন্যাস অর্থাৎ পরিত্যাগ যুক্তিসিদ্ধ নহে। শাস্ত্রীয় বিধান ও যুক্তি অনুসারেও সেই সকল চিত্ত শুদ্ধিকর নিত্যকর্ম্ম অবশ্য অনুষ্ঠেয় বলিয়া প্রতিপন্ন হইয়াছে। শ্রীভগবানও বলিয়াছেন, "আরুরুক্ষো র্মুনের্যোগং কর্ম্ম কারণমুচ্যতে।" (৬ষ্ঠ অধ্যায় ৩য় শ্লোক) ইত্যাদি। ভগবানের এই পূর্ব্বকথিত বাক্যেও ইহাই সিদ্ধান্ত হইতেছে যে, যোগমার্গে আরো-হণকামী পুরুষের পক্ষে কর্ম্মই প্রধান সহায়। যদি আপত্তি করা যায় যে, কাম্য কর্ম্মের ন্যায় দর্শপৌর্ণমাস (১৯২ পৃষ্ঠার টিপ্পনী দ্রষ্টব্য) জ্যোতিষ্টোমাদি নিত্যকর্ম্মেও ব্রীহি পশ্বাদির হিংসা বিহিত হইয়াছে, সুতরাং সাঙ্খ্যগণের মতানুসারে সেই হিংসামূলক কর্ম্ম সমূহ উন্নতির বিরোধী বিবেচনায় পরিত্যাগ করা কর্ত্তব্য। যদিও "মা হিংস্যাৎ সর্ব্বা ভূতানি" ইত্যাদি বাক্য দ্বারা হিংসামূলক কার্য্য বিশেষরূপে নিষিদ্ধ হইয়াছে, এবং যদিও সেই বিধির প্রতি লক্ষ্য রাখিলে নিত্যানুষ্ঠেয় যজ্ঞাদি কর্ম্মে পশু বধাদি হিংসামূলক কার্য্য সহসা অকর্ত্তব্য বলিয়া প্রতীত হইতে পারে, তথাপি বুঝিয়া দেখা উচিত যে, পরানিষ্টের বাসনায় বিশেষ কোনরূপ প্রবল কামনার অধীন হইয়া অথবা কোনরূপ আসক্তি বা অনুরাগের প্রাবল্যে যে স্থলে হিংসামূলক কার্য্য অনুষ্ঠিত হয়, তথায় তাহা দোষাবহরূপে পরিগণিত হইতে পারে। কেবল নিত্যনৈমিত্তিক ক্রিয়া অবশ্য কর্ত্তব্য বোধে তজ্জনিত ফলাফলের প্রতি দৃষ্টি না রাখিয়া যে কার্য্য অনুষ্ঠিত হয়, তাহার মূলে হিংসা থাকিলেও সে হিংসা দোষাবহরূপে পরি-

গণিত হইতে পারে না। বিশেষ বিধি দ্বারা সামান্য বিধি নিয়মিত হয় বটে, কিন্তু এ স্থলে সেরূপ বাধা ঘটিতে পারে না। যদিও মহাভারতে উক্ত আছে যে, "জপস্তু সর্ব্বধর্ম্মেভ্যঃ পরমোধর্ম্ম উচ্যতে। অহিংসয়া হি ভূতানাং জপযজ্ঞঃ প্রবর্ত্ততে॥" (মহাভারত শান্তিপর্ব্ব) ইহার ভাবার্থ এই যে, 'জপই সকল ধর্ম্মের অপেক্ষা পরম ধর্ম্ম বলিয়া অভিহিত হইয়া থাকে, কারণ প্রাণি সমূহের অহিংসা দ্বারাই জপযজ্ঞ প্রবর্ত্তিত হয়।' ভগবান্ মনুও বলিয়াছেন; "জপ্যেনৈব তু সংসিদ্ধ্যেদ্‌ব্রাহ্মণো নাত্র সংশয়ঃ। কুর্য্যাদন্যন্নবা কুর্য্যা-ন্মৈত্রো ব্রাহ্মণ উচ্যতে॥" (মনু ২য় অধ্যায় ৮৭ শ্লোক) ইহার ভাবার্থ যথা; 'কেবল জপ দ্বারাই ব্রাহ্মণগণ নিঃসংশয় সিদ্ধি লাভ করিতে পারেন, অন্য বৈদিক যাগাদির অনুষ্ঠান না করিলেও মৈত্র অর্থাৎ হিংসাবৃত্তিশূন্য হইয়া সর্ব্বজীবে মিত্রভাবাপন্ন হইলেই তাঁহাকে ব্রাহ্মণ বলা যায়।' এই সকল পবিত্র শাস্ত্রোক্তির দ্বারা অহিংসার শ্রেষ্ঠত্ব এবং হিংসার দুষ্টত্ব প্রতিপন্ন হইতেছে সত্য, এবং ইহাই পরিব্যক্ত হইয়াছে যে, কেবল গায়ত্রী (১৯১২ পৃষ্ঠার টিপ্পনী দ্রষ্টব্য) জপাদির দ্বারাই অন্তঃকরণ শুদ্ধি সংসাধিত হইতে পারে সুতরাং হিংসাদিবহুল জ্যোতিষ্টোমাদি যজ্ঞ ত্যাজ্য। কিন্তু বিবেচনা করিয়া দেখিলে উপলব্ধ হইবে যে, জ্যোতিষ্টোমাদি যজ্ঞে যে হিংসার ব্যবস্থা আছে, তাহার সহিত কামনার কোনও সংশ্রব নাই। উপরে যে সকল শাস্ত্রীয় বচন উদ্ধৃত হইয়াছে, তত্তাবতের মর্ম্ম এই যে, কোন কামনার বশবর্ত্তী হইয়া হিংসাপ্রধান কার্য্যানুষ্ঠান করিলে চিত্ত শুদ্ধ না হইয়া অবিশুদ্ধ হইয়া থাকে সুতরাং মুক্তির পথ উন্মুক্ত না হইয়া বন্ধই সংঘটিত হয়। কিন্তু নিত্যানুষ্ঠেয় কর্ত্তব্য যজ্ঞাদি কার্য্যে চিত্তশুদ্ধি হইয়া উত্তরোত্তর আত্মজ্ঞান জন্মিতে থাকে, ইহারও সুস্পষ্ট বিধান আছে। অপি চ অভিচারাদি (১৬৬৯ পৃষ্ঠার টিপ্পনী দ্রষ্টব্য) ক্রিয়ার ন্যায় তাহার মূলে কোন লৌকিক স্বার্থসিদ্ধির বাসনা নিহিত নাই এবং কোনরূপ কাম-নার পরতন্ত্র হইয়া তাহা অনুষ্ঠিত হয় নাই। অতএব তজ্জন্য চিত্তশুদ্ধির কোন ব্যাঘাত ঘটিতে পারে না। ক্রত্বর্থ যে কার্য্য অনুষ্ঠিত হয়, তাহা অনর্থোৎপাদক নহে। জ্যোতিষ্টোমাদি ক্রিয়ায় ক্রত্বর্থই হিংসাচরণ করা হয়, সুতরাং সে হিংসা অনর্থজনক বলিয়া পরিগণিত হইতে পারে না। আপত্তি হইতে পারে যে, শ্যেনযজ্ঞেও ক্রত্বর্থ হিংসা আচরিত

হইয়া থাকে, সুতরাং সে হিংসাও অনর্থজনক নহে। অতি সহজেই এ ভ্রম নিরস্ত হইবে। কারণ শ্যেনযজ্ঞ যজ্ঞ সত্য, কিন্তু তাহা আভিচারিক ক্রিয়াবিশেষ, এবং শত্রু নিপাতের উদ্দেশে তাহা অনুষ্ঠিত হয়। জ্যোতিষ্টোমাদি ব্যাপার, কেবল ধর্ম্মমূলক এবং তাহার সহিত পরানিষ্ট সাধনেচ্ছার কোনই সম্ভাবনা নাই। অতএব শ্যেনযজ্ঞের সহিত জ্যোতিষ্টোমাদির সমতা কখনই স্থাপিত হইতে পারে না। অতঃপর সরস্বতীপাদ, ভাট্ট ও প্রাভাকর সম্প্রদায়ের মত আলোচনা করিয়া দেখাইয়াছেন যে, তাঁহাদিগেরও মত উল্লিখিত সিদ্ধান্তের অনুকুল। তার্কিক সম্প্রদায়ও বলেন যে, বিধির অভিপ্রায় মাত্রেরই তিনটী লক্ষণ থাকে; কৃতিসাধ্যত্ব, অর্থহেতুত্ব এবং অনর্থের অহেতুত্ব। ক্রত্বর্থ হিংসা বিষয়ে সাক্ষাৎ কোন নিষেধ নাই, এবং তজ্জন্য কোন প্রায়শ্চিত্তেরও ব্যবস্থা নাই, সুতরাং বুঝিতে হইবে যে, সে স্থলে কৃতিসাধ্যত্ব, অর্থ হেতুত্ব এবং অনর্থাহেতুত্ব বিদ্যমান। অতএব এরূপ যজ্ঞে অনর্থ নাই। শ্যেনাদি যজ্ঞসম্বন্ধে সাক্ষাৎ নিষেধ দেখিতে পাওয়া যায়, এবং তৎসম্বন্ধে প্রায়শ্চিত্তেরও বিধান আছে, সুতরাং তাহাতে অনর্থের হেতুত্ব বিদ্যমান। এতদ্দ্বারা শ্যেন যজ্ঞে ও অগ্নিসোমীয় যজ্ঞে যে বৈলক্ষণ্য রহিয়াছে, তাহা স্পষ্টতঃ প্রতীয়মান হইবে। ভগবান্ বাদরায়ণ প্রণীত বেদান্ত সুত্রে নিবদ্ধ আছে যে, "অশুদ্ধমিতি চেন্ন শব্দাৎ।" (৩য় অধ্যায় ১ম পাদ ২৫ সুত্র) এই সূত্রের শঙ্করভাষ্য সঙ্গত ভাবার্থ যথা; 'পূর্ব্বে উক্ত হইয়াছে যে, হিংসাদি সম্বন্ধহেতু যজ্ঞ কার্য্য অশুদ্ধ; অতএব তাহা অনিষ্টফল প্রদান করিয়া থাকে। এই জন্যই অনুষ্ঠায়িদিগের ধান্যাদি জন্ম মুখ্য, কিন্তু গৌণ নহে; ইহার গৌণত্ব কল্পনা অনর্থক। বর্ত্তমান সূত্রে পূর্ব্ব কথিত সেই দোষের পরিহার করা হইতেছে। যজ্ঞাদি জনিত অপূর্ব্ব অশুদ্ধ নহে। কারণ ধর্ম্মাধর্ম্ম জ্ঞানের প্রতি শাস্ত্রই একমাত্র হেতু অর্থাৎ অববোধক। ধর্ম্মাধর্ম্ম চক্ষুরাদি ইন্দ্রিয়ের অবিষয়, অতএব শাস্ত্র ব্যতীত তাহা জানিবার উপায় নাই। বিশেষতঃ ধর্ম্মাধর্ম্মের দেশ কালাদির নিয়ম নাই। যে কার্য্য একদেশে এককালে এক নিমিত্তের বশে ধর্ম্মরূপে পরিগৃহীত হয়, তাহাই আবার অন্য দেশে অন্য কালে নিমিত্তান্তরে অধর্ম্মরূপে পরিগণিত হইয়া থাকে। সুতরাং শাস্ত্র ব্যতীত ধর্ম্মাধর্ম্ম বিষয়ক বিজ্ঞান

জন্মিতে পারে না। শাস্ত্রে নির্দ্দিষ্ট হইয়াছে যে, হিংসা এবং অনুগ্রহাদি যুক্ত জ্যোতিষ্টোমাদি কর্ম্ম ধর্ম্মজনক। অতএব শাস্ত্রনির্ণীত ধর্ম্ম ক্রিয়াকে কিরূপে অশুদ্ধ বলিতে পারা যায়। যদি বলা যায় যে "সর্ব্বভূতে হিংসা করিবে না" এই নিষেধ শাস্ত্র ভূতবিষয়ক হিংসার অধর্ম্মকারিতা বোধ করাইতেছে? সত্য, কিন্তু ইহা উৎসর্গ অর্থাৎ সামান্য শাস্ত্র। এই সামান্য শাস্ত্রের অপবাদ স্বরূপে "অগ্নি ও সোমদেবতার উদ্দেশে পশুহনন করিবে" এই বিশেষ শাস্ত্র নির্দ্দিষ্ট হইয়াছে। সামান্য ও বিশেষ এই উভয়বিধ শাস্ত্রে বিষয়ভেদে ব্যবস্থা হইয়া থাকে। যে বিষয় বিশেষ বিধির অন্তর্ভূত নহে, তাহাই সামান্য শাস্ত্রের দ্বারা অধিকৃত। অতএব এস্থলে নিরূপিত হইতেছে যে, বৈধ হিংসা ধর্ম্মজনক, অবৈধ হিংসা অধর্ম্মজনক। সুতরাং ইহাই প্রতিপন্ন হইতেছে যে, বৈদিক ধর্ম্ম অশুদ্ধ নহে, তাহা বিশুদ্ধ এবং তজ্জন্যই শিষ্টগণ তৎসমুদায়ের অনুষ্ঠান করিয়া থাকেন। কোন শাস্ত্রেও বেদোক্ত কর্ম্ম সমূহের নিন্দা কথিত হয় নাই। ইত্যাদি।' অতএব মহাভারতাদিতে যে, জপপ্রশংসাত্মক বাক্য বিন্যস্ত হইয়াছে তাহা ধর্ম্মার্থানুষ্ঠিত হিংসার অধর্ম্মত্ববোধক নহে। মহাভারতের যেস্থলে জপের প্রশংসা কীর্ত্তিত হইয়াছে, তথায় যজ্ঞজনিত হিংসার প্রসঙ্গ অবতারিত হয় নাই। সুতরাং প্রতিপন্ন হইতেছে যে, সাংখ্যদিগের বিধেয় কর্ম্মে নিষিদ্ধত্ব বোধ, অনর্থের অহেতুতে অনর্থ হেতুত্ব জ্ঞান, ধর্ম্ম কার্য্যে অধর্ম্মত্ব জ্ঞান, অনুষ্ঠেয় বিষয়ে অননুষ্ঠেয়ত্ব বোধ বিপরীত রূপ মোহ; তাদৃশ মোহের প্রাবল্যে নিত্য কর্ম্মের যে পরিত্যাগ, তাহা তামস ত্যাগ বলিয়া স্বীকার্য্য॥ ৭॥

——(:•::•:)——

দুঃখমিত্যেব যৎ কর্ম্ম কায়ক্লেশভয়াত্ত্যজেৎ।
স কৃত্বা রাজসং ত্যাগং নৈব ত্যাগফলং লভেৎ॥৮॥

অন্বয়।—দুঃখং ইতি এব [যস্মা] যৎ কর্ম্ম কায়ক্লেশভয়াৎ (শরীরায়াসভয়াৎ) ত্যজেৎ সঃ রাজসং ত্যাগং কৃত্বা ত্যাগফলং ন লভেৎ (প্রাপ্নুয়াৎ) এব॥ ৮॥

প্রতিশব্দ।— দুঃখ ইহাই [বোধ-করিয়া] যে কর্ম্মকে শরীর-আয়াস-ভয়-হেতু ত্যাগ-করে, সে রাজস ত্যাগ করিয়া ত্যাগ-ফল প্রাপ্ত-হয়ই না॥ ৮॥

ব্যাখ্যা।—দুঃখকর বোধে কায়ক্লেশ ভয়ে কর্ম্ম ত্যাগ করিলে পুরুষ সেইরূপ রাজস ত্যাগের দ্বারা জ্ঞানপ্রাপ্তিরূপ ত্যাগফল প্রাপ্ত হয় না॥ ৮॥

শঙ্করাচার্য্য।—কিঞ্চ দুঃখমিতি। দুঃখমিত্যেব যৎ কর্ম্ম কায়ক্লেশভয়াৎ শরীরদুঃখভয়াত্ত্যজেৎ স কৃত্বা রাজসং রজোনির্ব্বর্ত্ত্যং ত্যাগং নৈব ত্যাগফলং জ্ঞানপূর্ব্বকস্য সর্ব্বকর্ম্মত্যাগস্য ফলং মোক্ষাখ্যং ন লভেন্নৈব লভতে॥ ৮॥

আনন্দগিরি।—ইতশ্চ নিত্যকর্ম্মত্যাগো নাজ্ঞস্য সম্ভবতীত্যাহ কিঞ্চেতি। নন্থ মোহং বিনৈব দুঃখাত্মকং কর্ম্ম কায়ক্লেশভয়াত্ত্যজতি করণানি হি কার্য্যং জনয়ন্তি শ্রামাস্তি তথাচ ন তত্ত্যাগস্তামসোযুক্তস্তত্রাহ দুঃখমিত্যেবেতি। যৎ কর্ম্ম দুঃখাত্মকমশক্যসাধ্যমিত্যেবালোচ্য তন্নির্ব্বর্ত্তে দেহস্যেন্দ্রিয়াণাঞ্চ ক্লেশাত্মনো ভয়াত্ত্যজতি স তত্ত্যক্ত্বা রজোনিমিত্তং ত্যাগং কৃত্বাপি ন তৎফলং মোক্ষং লভতে কিন্তু কৃতেনৈব রাজসেন ত্যাগেন তদনুরূপং নরকং প্রতিপদ্যেতেত্যাহ দুঃখমিত্যেবেত্যাদিনা। কর্ম্মত্যাগস্তামসোরাজসশ্চেতি দ্বিবিধো দর্শিতঃ॥ ৮॥

রামানুজ।—দুঃখমিতি। যদ্যপি পরম্পরয়া মোক্ষসাধনভূতং কর্ম্ম তথাপি দুঃখাত্মকদ্রব্যার্জ্জনসাধ্যত্বাৎ বহ্বায়াসরূপতয়া কায়ক্লেশকরত্বাচ্চ মনসোঽবসাদকরমিতি তদ্ভীত্যা যোগনিষ্পত্তয়ে জ্ঞানাভ্যাসএব যতনীয়ইতি যো মহাযজ্ঞাদ্যাশ্রমকর্ম্ম পরিত্যজেৎ, স রাজসং রজোমূলং ত্যাগং কৃত্বা তদযথাবস্থিতং শাস্ত্রার্থরূপমিতি জ্ঞানোৎপত্তিরূপং ত্যাগফলং ন লভেত। "অযথাবৎ প্রজানাতি বুদ্ধিঃ সা পার্থ রাজসী"তি বক্ষ্যতে। নহি কর্ম্মাদৃষ্টদ্বারেণ মনঃ প্রসাদহেতু অপিতু ভগবৎপ্রসাদদ্বারেণ॥ ৮॥

হনুমান্।—কর্ম্ম কায়ক্লেশভয়াৎ দুঃখং দুঃখতরমিত্যনেন ত্যজেৎ স রাজসঃ রজসি ভব ত্যাগং কৃত্বা নৈব জ্ঞানপূর্ব্বত্যাগফলং মোক্ষং লভেৎ॥ ৮॥

শ্রীধর।—রাজসং ত্যাগমাহ দুঃখমিতি। দুঃখমিত্যেবং মত্বা শরীরায়াসভয়ান্নিত্যং কর্ম্ম ত্যজেদিতি যস্তাদৃশস্ত্যাগো রাজসো দুঃখস্য রাজসত্বাৎ, অতস্তং রাজসং ত্যাগং কৃত্বা স রাজসঃ পুরুষস্ত্যাগফলং জ্ঞাননিষ্ঠালক্ষণং নৈব লভত ইত্যর্থ॥ ৮॥

বলদেব।—নিষ্কামতয়ানুষ্ঠিতং বিহিতং কর্ম্ম মুক্তিহেতুরিতি জানন্নপি দ্রব্যোপার্জ্জনপ্রাতঃস্নানাদিনা দুঃখরূপমিতি কায়ক্লেশভয়াচ্চৈতন্মুমুক্ষুরপি ত্যজেৎ। স ত্যাগো রাজসঃ দুঃখস্য রজোধর্ম্মত্বাৎ। তং ত্যাগং কৃত্বাপি জনস্তস্য ফলং জ্ঞাননিষ্ঠাং ন লভতে॥ ৮॥

মধুসূদন।—পূর্ব্বোক্তমোহাভাবেঽপি অনুপজাতান্তঃকরণশুদ্ধিতয়া কর্ম্মাধিকৃতোঽপি

দুঃখমেবেদমিতি মত্বা কায়ক্লেশভয়ান্নিত্যং কর্ম্ম ত্যজেদিতি যৎ স ত্যাগোরাজসঃ দুঃখং হি রজঃ অতঃ স মোহরহিতোঽপি রাজসঃ পুরুষস্তাদৃশং রাজসং ত্যাগং কৃত্বা নৈব ত্যাগফলং সাত্ত্বিকত্যাগস্য ফলং জ্ঞাননিষ্ঠালক্ষণং নৈব লভেৎ ন লভেত ॥ ৮॥

নীলকণ্ঠ।—এবং তামসং ত্যাগমুক্ত্বা রাজসং ত্যাগমাহ দুঃখমিতি। যো দুঃখরূপমেবেদং কর্ম্মেতি মত্বা কায়ক্লেশভয়াৎ যৎ ত্যজেৎ স পুমান্ তস্মাদেব হেতোঃ রাজসং রজোগুণনির্ব্বৃত্তং ত্যাগং কৃত্বা ত্যাগফলং চিত্তশুদ্ধিদ্বারা মোক্ষং নৈব লভেৎ লভেত ॥ ৮॥

বিশ্বনাথ।—দুঃখমিত্যেবেতি। যদ্যপি নিত্যকর্ম্মণামাবশ্যকমেব তৎকরণে গুণএব নতু দোষ ইতি জানাম্যেব তদপি তৈঃ শরীরং মত্বা কথং বৃথা ক্লেশয়িতব্যং ইতিভাবঃ। ত্যাগফলং জ্ঞানং ন লভেত ॥ ৮॥

তাৎপর্য্য।—পূর্ব্বশ্লোকে তামস ত্যাগের বিবরণ কথিত হইয়াছে। অতঃপর রাজস ত্যাগের বৃত্তান্ত বিবৃত হইতেছে। যে ত্যাগে চিত্তের বিশুদ্ধি জন্মে না, যে ত্যাগে রাগ দ্বেষ বা আসক্তি অনুরাগ বিদূরিত হইয়া অন্তঃকরণ নির্ম্মল হয় না, যে ত্যাগে জ্ঞানের উন্মেষ হইয়া হৃদয় ক্ষেত্রে আত্মজ্ঞানের উদ্ভব হয় না, সে ত্যাগ কোনই পরমার্থ সাধনের হেতু নহে। এইরূপ ত্যাগে মনুষ্যের সংসার-বন্ধন মুক্তি ঘটে না, এবং কোনই শ্রেয়ঃ লব্ধ হয় না।

নিত্য ও নৈমিত্তিক ক্রিয়া সমূহ বিবিধ কঠোরতা ও শারীরিক আয়াস সাপেক্ষ। যথাকালে ব্রাহ্মমুহূর্ত্তে পবিত্রতোয়া সুরধুনী নীরে অবগাহন করিয়া সন্ধ্যাবন্দনাদি করিতে হইলে ঋতুবিশেষে নিদারুণ শীতে অভিভূত হইয়া কষ্ট পাইতে হয়, অথবা সময়ান্তরে বর্ষার বারিধারা দেহকে প্রপীড়িত করে। বিবিধ বিহিত কর্ম্ম সম্পাদন করিয়া অতিথি সেবাদির পর মধ্যাহ্ন কালে ভোজন করিতে হইলে ক্ষুৎপিপাসায় শরীর অবসন্ন হয়। নিয়মিত কালে বেদবিহিত যজ্ঞাদি কর্ম্ম সম্পাদন করিতে হইলে শীতবাতাতপ জনিত অনেক ক্লেশ ভোগ করিতে হয়, এবং যথা সময়ে ভোজন বিশ্রামাদির ব্যতিক্রম ঘটায় দৈহিক অনেক ক্লেশ অনুভব করিতে হয়। পিতৃমাতৃ বিয়োগের পর যথাকালে তাঁহাদিগের ঊর্দ্ধদৈহিক ক্রিয়া সম্পাদন করিতে সন্তানকে অনেক ক্লেশ ভোগ করিতে হয়। কোন ঋতু বা কালের শাসন না মানিয়া পুত্রকে বিনামাবিহীন পদে বিচরণ করিতে হয়, যথাকালে হবিষ্যান্ন গ্রহণ করিয়া কথঞ্চিৎ রূপে উদর পূরণ করিতে হয়। স্রকৃচন্দন বনিতা প্রভৃতির সঙ্গ ত্যাগ করিয়া চর্ম্মাসনে বিশ্রাম

করিতে হয়। ইত্যাকার বিবিধ ক্লেশ নিত্য ও নৈমিত্তিক ক্রিয়ার অপরিহার্য্য সহচর। যিনি অনুরাগী, যিনি এ সকল কর্ম্ম ধর্ম্মসাধনের সহায় বলিয়া অনুভব করেন, যিনি এই সকল অনুষ্ঠান দ্বারা অন্তরে অপার আনন্দ অনুভব করেন, তাঁহার কথা স্বতন্ত্র। কিন্তু সংসারে বহু লোকই ইত্যাকার ক্লেশ পরম্পরা ভোগ করিতে নিতান্ত বিমুখ। অনেকেই এই সকল অনুষ্ঠানকে ভারভূত ও বিড়ম্বনাময় জ্ঞান করিয়া থাকেন।

যাঁহারা এই নিত্য নৈমিত্তিক অনুষ্ঠানসমূহ দুষ্কর ও দৈহিক দুঃখপ্রদ বোধে পরিহার করেন, তাঁহাদিগের সে ত্যাগ কোনই ফলবিধায়ক হয় না। সেই দুঃখবোধ-জনিত ত্যাগ রাজস ত্যাগ নামে অভিহিত হইয়া থাকে। কারণ রজোগুণই দুঃখস্বরূপ। এইরূপ দুঃখবোধ জনিত রাজস ত্যাগ দ্বারা ত্যাগজনিত কোনই ফল প্রাপ্ত হওয়া যায় না।

যখন চিত্তশুদ্ধির পর আত্মজ্ঞান হয়, তখন কর্ম্ম আপনিই সরিয়া যায়। তখন কর্ম্ম অকর্ম্ম, প্রয়োজন অপ্রয়োজন, সকলই মনুষ্যের পক্ষে সমান হইয়া যায়। তৎকালে আসক্তি বা আকর্ষণ, দ্বেষ বা হিংসা, লোভ বা মোহ কিছুতেই মনুষ্য-মন বিচলিত হয় না। সেইরূপ অসুলভ অবস্থায় যে কর্ম্মত্যাগ, তাহাই যথার্থ ত্যাগরূপে পরিগণিত। কারণ সেই কর্ম্মত্যাগে যে ফল আনয়ন করিয়াছে, তাহা তুলনা রহিত, মনুষ্যের কথা দূরে থাকুক, তাহা দেবতারও প্রার্থনীয়। সেরূপ জ্ঞানের অভ্যুদয় না হইলে কেবল দুঃখবোধে বা দৈহিক কায়ক্লেশ ভয়ে যে রাজস কর্ম্মত্যাগ তাহা অনর্থক ॥ ৮ ॥

—(:•:)—

কার্য্যমিত্যেব যৎ কর্ম্ম নিয়তং ক্রিয়তেঽর্জ্জুন।
সঙ্গং ত্যক্ত্বা ফলঞ্চৈব স ত্যাগঃ সাত্ত্বিকো মতঃ ॥ ৯ ॥

অন্বয়।—হে অর্জ্জুন! সঙ্গং (কর্ত্তৃত্বাভিনিবেশং) ফলং চ এব ত্যক্ত্বা (পরিহায়) কার্য্যং (কর্ত্তব্যং) ইতি [মত্বা] এব যৎ নিয়তং (নিত্যং) কর্ম্ম ক্রিয়তে স ত্যাগঃ সাত্ত্বিকঃ মতঃ (কথিতঃ) ॥ ৯ ॥

প্রতিশব্দ।—হে অর্জ্জুন! সঙ্গ ও ফলকে ত্যাগ-করিয়া কর্ত্তব্য ইহ [বোধ করিয়া]ই যে নিত্য কর্ম্ম কৃত-হয়, সেই ত্যাগ সাত্ত্বিক কথিত-হয়॥ ৯॥

ব্যাখ্যা।—হে অর্জ্জুন! কর্ম্মের আমি কর্ত্তা ইত্যাকার জ্ঞান এবং ফল পরিত্যাগ করিয়া অবশ্য কর্ত্তব্য বোধেই যে নিত্য কর্ম্ম অনুষ্ঠিত হয়, সেই আসক্তি ও কর্ম্মফল ত্যাগই সাত্ত্বিক ত্যাগ নামে অভিহিত হইয়া থাকে॥ ৯॥

শঙ্করাচার্য্য।—কঃ পুনঃ সাত্ত্বিকস্ত্যাগঃ কার্য্যমিতি। কার্য্যং কর্ত্তব্যমিত্যেব যৎ কর্ম্ম নিয়তং নিত্যং ক্রিয়তে নির্ব্বর্ত্ত্যতে হে অর্জ্জুন! সঙ্গং ফলঞ্চ এব নিত্যানাং কর্ম্মণাং ফলবত্ত্বে ভগবদ্বচনং প্রমাণমবোচামাথবা যদ্যপি ফলং ন শ্রূয়তে নিত্যস্য কর্ম্মণস্তথাপি নিত্যং কর্ম্ম কৃতমাত্মসংস্কারং প্রত্যবায়পরিহারং বা ফলং করোত্যাত্মন ইতি কল্পয়ত্যেবাজ্ঞস্তত্র তামপি কল্পনাং নিবারয়তি ফলং ত্যক্ত্বেত্যনেনাতঃ সাধূক্তং সঙ্গং ত্যক্ত্বা ফলঞ্চেতি স ত্যাগো নিত্যকর্ম্মসু সঙ্গফলপরিত্যাগঃ সাত্ত্বিকঃ সত্ত্বনিবৃত্তো মতোঽভিমতঃ॥ ৯॥

আনন্দগিরি।—সম্প্রতি সাত্ত্বিকং ত্যাগং প্রশ্নপূর্ব্বকং বর্ণয়তি কঃ পুনরিতি। কর্ত্তব্যমিত্যেবেত্যেবকারেণ নিত্যস্য ভাব্যান্তরং নিষিধ্যতে। নিত্যানাং বিধ্যুদ্দেশে ফলাশ্রবণাৎ তেষাং ফলং ত্যক্ত্বেত্যযুক্তমিত্যাশঙ্ক্যাহ নিত্যানামিতি। ফলং ত্যক্ত্বেত্যস্য বিধান্তরেণ তাৎপর্য্যমাহ অথবেতি। নহি বিধিনা কৃতং কর্ম্ম অনর্থকং বিধ্যানর্থক্যাদেন শ্রৌতফলাভাবেঽপি নিত্যং কর্ম্মং বিধিতোঽনুতিষ্ঠন্নাত্মানমজ্ঞানমনুপহতমনস্তোক্ত্যা তস্মিন্ কর্ম্মণ্যাত্মসংস্কারং ফলং কল্পয়তি তদকরণে প্রত্যবায়স্মৃত্যা তৎকরণং কর্ত্তুরাত্মনস্তন্নিবৃত্তিং করোতীতি বা নিত্যকর্ম্মণ্যুক্তাং কল্পনামনুনিষ্পাদিতফলকল্পনাঞ্চ ফলং ত্যক্ত্বেত্যনেন ভগবান্নিবারয়তীত্যর্থঃ। নিত্যকর্ম্মসু ফলত্যাগোক্তেঃ সম্ভবে ফলিতমাহ অতইতি॥ ৯॥

রামানুজ।—কার্য্যমিত্যেবেতি। নিত্যনৈমিত্তিকমহাযজ্ঞাদিবর্ণাশ্রমবিহিতং কর্ম্ম মদারাধনরূপতয়া কার্য্যং স্বপ্রয়োজনমিতি মত্বা সঙ্গং কর্ম্মণি মমতাং ফলঞ্চ ত্যক্ত্বা যৎ ক্রিয়তে স ত্যাগঃ সাত্ত্বিকোমতঃ সত্ত্বমূলঃ যথাবস্থিতশাস্ত্রার্থজ্ঞানমূলইত্যর্থঃ। তৎ সত্ত্বং যথাবস্থিতজ্ঞানমুৎপাদয়তীত্যুক্তং। "সত্ত্বাৎ সংজায়তে জ্ঞান"মিতি। বক্ষ্যতে চ "প্রবৃত্তিং চ নিবৃত্তিঞ্চ কার্য্যাকার্য্যে ভয়াভয়ে। বন্ধং মোক্ষঞ্চ যা বেত্তি বুদ্ধিঃ সা পার্থ সাত্ত্বিকী"তি॥ ৯॥

হনুমান্।—কার্য্যং কর্ম্ম কর্ত্তব্যমিত্যেব যৎ যজ্ঞাদি নিয়তং নিত্যং ক্রিয়তে নির্ব্বর্ত্ত্যতে সঙ্গং ফলেচ্ছাং তথাবিধ মানসং ফলত্যাগো সাত্ত্বিকঃ সত্ত্বনির্বৃত্তঃ নিয়তং নিত্যং কর্ম্ম সঙ্গং ত্যক্ত্বা কদাচিৎ ত্যক্ত্বা সদা ক্রিয়তে ইতি ঈশ্বরবচনাৎ নিত্যকর্ম্মণাং সফলত্বং সিদ্ধং॥ ৯॥

শ্রীধর।—সাত্ত্বিকং ত্যাগমাহ কার্য্যমিতি। কার্য্যমিত্যেব বুদ্ধ্যা নিয়তমবশ্যং কর্ত্তব্যতয়া বিহিতং কর্ম্ম সঙ্গং ফলঞ্চ ত্যক্ত্বা ক্রিয়তইতি যত্তাদৃশস্ত্যাগঃ সাত্ত্বিকোমতঃ ॥ ৯ ॥

বলদেব।—কার্য্যমবশ্যকর্ত্তব্যতয়া বিহিতং কর্ম্ম নিয়তং যথা ভবতি তথা সঙ্গং কর্ত্তৃত্বাভিনিবেশং ফলং চ নিখিলং ত্যক্ত্বা ক্রিয়তে ইতি যৎ স ত্যাগঃ সাত্ত্বিকস্তাদৃশজ্ঞানস্য সত্ত্বধর্ম্মত্বাৎ ॥ ৯ ॥

মধুসূদন।—কর্ম্মত্যাগস্তামসো রাজসশ্চ হেয়োদর্শিতঃ। কীদৃশঃ পুনরুপাদেয়ঃ সাত্ত্বিকস্ত্যাগ ইত্যুচ্যতে কার্য্যমিতি। বিধ্যুদ্দেশে ফলাশ্রবণেঽপি কার্য্যং কর্ত্তব্যমেবেতি বুদ্ধ্যা নিয়তং নিত্যং কর্ম্ম সঙ্গং কর্ত্তৃত্বাভিনিবেশং ফলঞ্চ ত্যক্ত্বৈব যৎক্রিয়তেঽন্তঃকরণশুদ্ধিপর্য্যন্তং স ত্যাগঃ সাত্ত্বিকঃ সত্ত্বনির্বৃত্তোমত আদেয়ত্বেন সম্মতঃ শিষ্টানাং। নম্ন নিত্যানাং ফলমেব নাস্তি কথং ত্যক্তেত্যুক্তং, উচ্যতে অস্মাদেব ভগবদ্বচনাৎ নিত্যানাং ফলমস্তীতি গম্যতে নিষ্ফলস্যানুষ্ঠানাসম্ভবাৎ। তথাচাপস্তম্বঃ। "তদ্যথাম্রে ফলার্থে নির্ম্মিতে ছায়াগন্ধ ইত্যনূৎপদ্যেতে এবং ধর্ম্মং চর্য্যমাণমর্থাঽনূৎপদ্যন্ত" ইত্যানুষঙ্গিকং ফলং নিত্যানাং দর্শয়তি, অকরণে প্রত্যবায়স্মৃতিশ্চ নিত্যানাং প্রত্যবায়পরিহারং ফলং দর্শয়তি। "ধর্ম্মেণ পাপমপনুদতি তস্মাদ্ধর্ম্মং পরমং বদন্তি যেন কেন চ যজেতাপি বা দর্ব্বিহোমেনানুপহতমনাএব ভবতি তদাহুর্দেবযাজী ইত্যাত্মযাজীতিহ ব্রূয়াৎ সহবা আত্মযাজী যোবেদেদমনেনাঙ্গং সংস্ক্রিয়ত ইদমনেনাঙ্গমুপধীয়ত" ইত্যাদিশ্রুতয়শ্চ জ্ঞানপ্রতিবন্ধকপাপক্ষয়লক্ষণং জ্ঞানযোগ্যতারূপপুণ্যোৎপত্তিলক্ষণঞ্চাত্মসংস্কারং নিত্যানাং কর্ম্মণাং ফলং দর্শয়ন্তি। তদভিসন্ধিং ত্যক্ত্বা তান্যনুষ্ঠেয়ানীত্যর্থঃ। যত্নুক্তং ত্যাগসন্ন্যাসশব্দৌ ঘটপটশব্দাবিব ন ভিন্নজাতীয়ার্থৌ কিন্তু ফলাভিসন্ধিপূর্ব্বককর্ম্মত্যাগ এব তয়োরর্থ ইতি তন্ন বিমর্ষ্টব্যং তত্র সত্যপি ফলাভিসন্ধৌ মোহাদ্বা কায়ক্লেশভয়াদ্বা যঃ কর্ম্মত্যাগঃ স বিশেষ্যাভাবকৃতো বিশিষ্টাভাবস্তামসত্বেন রাজসত্বেনচ নিন্দিতঃ, যস্তু সত্যপি কর্ম্মণি ফলাভিসন্ধিত্যাগঃ স বিশেষণাভাবকৃতো বিশিষ্টাভাবঃ সাত্ত্বিকত্বেন স্তূয়ত ইতি বিশেষ্যাভাবকৃতে বিশেষণাভাবকৃতেচ বিশিষ্টাভাবত্বস্য সমানত্বান্ন পূর্ব্বাপরবিরোধঃ উভয়াভাবকৃতস্তু নিগুণত্বান্ন বিরোধ মধ্যে গণনীয় ইতি চাবোচাম। এতেন "ত্যাগোহি পুরুষব্যাঘ্র ত্রিবিধঃ সংপ্রকীর্ত্তিত" ইতি প্রতিজ্ঞায় কর্ম্মত্যাগলক্ষণে দ্বে বিধে দর্শয়িত্বা প্রতিজ্ঞানানুরূপাং কর্ম্মানুষ্ঠানলক্ষণাং তৃতীয়াং বিধাং দর্শয়তো ভগবতঃ প্রকটমকৌশলমাপতিতং। নহি ভবতি ত্রয়ো ব্রাহ্মণাভোজয়িতব্যা দ্বৌ কঠকৌণ্ডিন্যৌ তৃতীয়ঃ ক্ষত্রিয়ঃ ইতি তদ্বদিতি পরাস্তং ত্রিসৃণামপি বিধানং বিশিষ্টাভাবরূপত্বেন ত্যাগসামান্যেনৈকজাতীয়তয়া প্রাপ্যাখ্যাতত্বাৎ, তস্মাদ্ভগবদকৌশলোদ্ভাবনমেব মহদকৌশলমিতি দ্রষ্টব্যং ॥ ৯ ॥

নীলকণ্ঠ।—এবং দ্বাভ্যাং শ্লোকাভ্যাং তামসরাজসৌ মুখ্যাবেব ত্যাগাবুক্তৌ তামসরাজসয়োরমুখ্যত্যাগয়োরসম্ভবস্য ভগবতৈব মোহাৎ তস্য পরিত্যাগ ইতি কায়ক্লেশভয়াৎ ত্যজেদিতি চ সূচনাৎ, ন হ্যেবং সম্ভবতি মূঢ়শ্চ করোতি চেতি বিপ্রতিষেধাৎ যদি করোতি নৈব

মূঢ়ো যদি মূঢ়স্তর্হি নৈব করোতি এবং যদি কায়ক্লেশাদ্বিভেতি নৈব করোতি যদি করোতি নৈব কায়ক্লেশাদ্বিভেতি তস্মাৎ করোতি চ কায়ক্লেশাদ্বিভেতি চেতি বিপ্রতিষিদ্ধং অতস্তামসরাজসয়োরমুখ্যত্যাগয়োরসম্ভবাৎ তৌ নৈবোক্তৌ সাত্ত্বিকস্তমুখ্যত্যাগঃ সম্ভবতি, যথা স্ফটিকে জবা কুসুমাশ্রিতে লৌহিত্যং বিবেকিনাং প্রতীতিত এব চাস্তি ন বস্তুত এবমাত্মনি ঈশ্বরাধীনে বিবেকিনাং কর্তৃত্বং প্রতীত এবাস্তি ন বস্তুত ইতি বক্তুং শক্যং এবঞ্চ কর্তৃত্বাভিনিবেশশূন্যঃ পুমান্ প্রতীতঃ কালেত্যেব ন বস্তুতঃ ইতি সম্ভবত্যনুখ্যোঽপি সাত্ত্বিকস্ত্যাগ ইতি তমেব মুখ্যত্যাগেঽধিকারহেতুং প্রথমমাহ কার্য্যমিতি। কার্য্যং কর্তব্যমিত্যেবং যৎ কর্ম্ম নিয়তং নিত্যং ক্রিয়তে, হে অর্জ্জুন! সঙ্গং ফলঞ্চ ত্যক্ত্বৈবেত্যবধারণং প্রাগুক্তস্যাত্যাগপক্ষস্য ব্যাবৃত্ত্যর্থং স এবমুক্তস্ত্যাগঃ সাত্ত্বিকো মতো বেদে দৃষ্টঃ, তথাচ শ্রুতিঃ "ঈশা বাস্যমিদং সর্ব্বং যৎ কিঞ্চ জগত্যাং জগৎ। তেন ত্যক্তেন ভুঞ্জীথা মাগৃধঃ কস্যস্বিদ্ধনমিতি॥" ঈশা ঈশেন পরমেশ্বরেণ সর্ব্বকার্য্যকরণকর্ত্রা স্বপ্রবর্ত্তকেন ইদং জগৎ স্থাবরং জঙ্গমং জগত্যাং ব্রহ্মাণ্ডে স্থিতং বাস্যমাচ্ছাদিতং ব্যাপ্তং যেন হেতুনা সর্ব্বং তদধীনং তেন কারণেন ত্যাগেন কর্তৃত্বভোক্তৃত্বাভিমানবর্জ্জনেন ভুঞ্জীথাঃ বিষয়ান্ ভুঙ্ক্ষ মাগৃধঃ গর্দ্ধং মাকার্ষীঃ কস্যস্বিদ্ধনং ন কস্যাপি তত্র স্বামিত্বমস্তীতি বৃথৈব তত্র গর্দ্ধ ইত্যর্থঃ। এবং কর্ম্মাণ্যপি যজ্ঞাদীনি কর্তৃত্বাভিমানং ত্যক্ত্বা কুর্ব্বতস্তব কর্ম্মলোপো ন ভবিষ্যতি এতদ্ব্যতিরেকেণ তবোপায়ান্তরঞ্চ নাস্তীত্যগ্রিমমন্ত্রেণ প্রদর্শ্যতে "কুর্ব্বন্নেবেহ কর্ম্মাণি জিজীবিষেচ্ছতং সমাঃ। এবং ত্বয়ি নান্যথেতোঽস্তি ন কর্ম্ম লিপ্যতে নরে॥" ইতি, ইদমেব মুখ্যং স্বমতং ভগবতা প্রদর্শিতং এতান্যপি তু কর্ম্মাণীতি শ্লোকে। ননু নিত্যানাং ফলমেব নাস্তি কিং ত্যক্তব্যমিতি চেৎ ইত এব ভগবদ্বচনাৎ তেষামপি ফলমস্তি ইতি জানীহি নিষ্ফলস্য বেদনানুষ্ঠাপনাসম্ভবাৎ। তথাচাপস্তম্বস্মৃতৌ, "আম্রফলার্থং নির্ম্মিতে ছায়াগন্ধ ইত্যনুৎপদ্যেতে এবং ধর্ম্মং চর্য্যমাণমর্থা অনুৎপদ্যন্তে" ইতি আনুষঙ্গিকং ফলং নিত্যানাং দর্শয়তি অকরণে প্রত্যবায়স্মৃত্যাপি তেষাং প্রত্যবায়পরীহারঃ ফলমিতি প্রদর্শ্যতে ধর্ম্মেণ পাপমপনুদতি ইত্যাদিনা চ নিত্যেষ্বপি কর্ম্মসু ফলং দৃশ্যতে তদেব বক্তব্যমিতি ন কোঽপি দোষঃ॥ ৯॥

বিশ্বনাথ।—কার্য্যমবশ্যকর্ত্তব্যমিতি বুদ্ধ্যা নিয়তং নিত্যং কর্ম্ম সাত্ত্বিক ইতি ত্যাগাত্যাগফলং জ্ঞানং লভেতৈবেতিভাবঃ॥ ৯॥

তাৎপর্য্য।—পূর্ব্বে তামস ও রাজস ত্যাগের বিবরণ বিন্যস্ত হইয়াছে এবং ব্যক্ত করা হইয়াছে যে, তদুভয় প্রকারই হেয়। এক্ষণে সহজেই মন তৃতীয় প্রকার ত্যাগের বৃত্তান্ত শুনিবার নিমিত্ত আকাঙ্ক্ষিত হইতে পারে এবং কোন্ প্রকার ত্যাগ আদেয়, তাহা জানিবার জন্য ব্যাকুল হইতে পারে। এইজন্য শ্রীভগবান্ তৃতীয় প্রকার ত্যাগের প্রসঙ্গ অবতারণা করিতেছেন।

শাস্ত্রীয় বিধির যথারীতি অনুসরণ ক্রমে কর্ম্মানুষ্ঠান করা আবশ্যক।

সেই কর্ম্মজন্য কি ফল উদ্ভব হইবে তাহা না জানিয়াও কেবল তাহা কর্ত্তব্য সুতরাং অবশ্য সম্পাদ্য, এই বোধের বশবর্ত্তী হইয়া নিত্য নৈমিত্তিক কর্ম্ম সম্পাদন করা বিধেয়। কর্ম্ম মাত্রই ফলপ্রসূ, অতএব সেই অনুষ্ঠীয়-মান কার্য্য অবশ্যই কোন না কোন ফল প্রসব করিবে, ইত্যাকার অভি-সন্ধি ত্যাগ, এবং কার্য্যসম্বন্ধে সঙ্গ অর্থাৎ আসক্তি বা কর্ত্তৃত্বাভিনিবেশ পরিত্যাগ করাই যথার্থ সাত্ত্বিক ত্যাগ। ইহার ভাবার্থ এই যে, যে যে নিত্য নৈমিত্তিক কার্য্য সম্পাদন করিতে মনুষ্য বাধ্য, তদনুষ্ঠানজনিত পরিণামে কি হইবে, তাহার বিচার না করিয়া অথবা তাহা জানিবার নিমিত্ত হৃদয়ে কোন আকাঙ্ক্ষা পোষণ না করিয়া তৎসম্পাদন করাই মানবের আবশ্যক। কর্ম্মজনিত যে ফল জন্মিতে পারে, তাহার আকাঙ্ক্ষা পরিবর্জ্জন এবং তদ্বিষয়ে অনুরাগ ও কর্ত্তৃত্বাভিমান বিসর্জ্জন করাই প্রকৃত সাত্ত্বিক ত্যাগের পরিচায়ক।

এস্থলে প্রশ্ন উপস্থিত হইতে পারে যে, নিত্য কর্ম্মের কোনই ফল নাই, তবে মূলে "ফলং ত্যক্ত্বা" অর্থাৎ ফলত্যাগ করিয়া, এরূপ বাক্য কেন প্রযুক্ত হইল? কিন্তু শ্রীভগবান্ এই স্থলে যখন নিত্যকর্ম্মের সহিত ফল-ত্যাগের প্রসঙ্গ উত্থাপন করিয়াছেন, তখন উপলব্ধ হইতেছে যে, অবশ্যই নিত্য কর্ম্মেরও ফল আছে। এ সংসারে যে কোন কর্ম্মের অনুষ্ঠান করা যায়, তাহার দ্বারা নিশ্চয়ই কোন না কোন ফলের উদ্ভব হয়। আমরা সকল সময়ে সকল কর্ম্মের ফলাফল অবধারণ করিতে পারি না সত্য, কিন্তু কর্ম্মমাত্রই যে ন্যূনাধিক পরিমাণে ফল প্রসব করিয়া থাকে, তদ্বিষয়ে কোনই সংশয় নাই। ইচ্ছায় বা অনিচ্ছায় করসঞ্চালন করিলে বায়ু সঞ্চা-লিত হয়, কোন স্থানে আঘাত করিলে শব্দ উৎপন্ন হয়, অথবা প্রত্যাহত হইতে হয়। ইত্যাকারে দেখিলেই বুঝিতে পারা যাইবে যে, নিষ্ফল কর্ম্মের অনুষ্ঠান অসম্ভব। আপস্তম্ব বলিয়াছেন, "তদ্যথাম্রে ফলার্থে নির্ম্মিতে ছায়াগন্ধ ইত্যনুৎপদ্যেতে এবং ধর্ম্মং চর্য্যমাণমর্থা অনুৎপদ্যন্তে।" ইহার ভাবার্থ এই যে, ফলের নিমিত্ত আম্রবৃক্ষ রোপিত হইলেও যেমন ছায়া ও সুগন্ধ লব্ধ লইয়া থাকে, সেইরূপ ধর্ম্ম সাধনের নিমিত্ত অনুষ্ঠীয়মান ক্রিয়া দ্বারা তজ্জনিত অর্থাৎ স্বাভাবিক ফল স্বতঃ লব্ধ হইয়া থাকে। এইরূপ সুন্দর দৃষ্টান্ত দ্বারা নিত্য কর্ম্মেরও অবশ্যম্ভাবী আনুষঙ্গিক ফল

সম্ভাবনা প্রদর্শন করিয়াছেন। নিত্য কর্ম্মের অকরণে প্রত্যবায়ভাগী হইতে হয়। তৎসম্বন্ধে অনেক সুস্পষ্ট ব্যবস্থা নিবদ্ধ আছে যথা ; "নিত্যানাং কর্ম্মণাং বিপ্র তস্য হানিরহর্নিশং। অকুর্ব্বন্ বিহিতং কর্ম্ম শক্তঃ পততি তদ্দিনে॥ প্রায়শ্চিত্তেন মহতা শুদ্ধিং প্রাপ্নোত্যনাপদি। পক্ষং নিত্যক্রিয়াহানেঃ কর্ত্তা মৈত্রেয় মানবঃ॥ সংবৎসরং ক্রিয়াহানির্যস্য পুংসোঽভিজায়তে। তস্যাবলোকনাৎ সূর্য্যো নিরীক্ষ্যঃ সাধুভিঃ সদা॥ স্পৃষ্টে স্নানং সচেলস্য শুদ্ধিহেতুর্ম্মহামতে। পুংসো ভবতি তস্যোক্তা ন শুদ্ধিঃ পাপকর্ম্মণঃ॥" (বিষ্ণুপুরাণ ৩য় অংশ ১৮শ অধ্যায় ৩৭—৪০ শ্লোক) ইহার ভাবার্থ যথা, 'সক্ষম হইয়া যে ব্যক্তি একদিন মাত্র বিহিত কর্ম্মের অনুষ্ঠান না করে, সে সেইদিনেই পতিত হয় এবং তাহার পূর্ব্বানুষ্ঠিত সমস্ত নিত্য কর্ম্মের নাশ হয়। হে মৈত্রেয়! আপৎকাল ব্যতীত যে একপক্ষ নিত্যক্রিয়ার অনুষ্ঠান না করে, সে উৎকট প্রায়শ্চিত্তভাগী হইয়া থাকে। যে ব্যক্তি একবৎসর কাল নিত্যক্রিয়ানুষ্ঠানে বিরত হয়, তাহাকে দর্শন করিলে সূর্য্য দর্শন করা কর্ত্তব্য। এরূপ ব্যক্তিকে স্পর্শ করিলে সাধুগণ সবস্ত্র স্নান করিয়া শুদ্ধ হন, কিন্তু সেই পাপাত্মা ব্যক্তি কোনরূপেই শুদ্ধ হইতে পারে না।' নিত্যকর্ম্ম করণে ফল যথা, "ধর্ম্মেণ পাপমনুদতি তস্মাদ্ধর্ম্মং পরমং বদন্তি" অর্থাৎ ধর্ম্মকার্য্যানুষ্ঠান দ্বারা পাপ উদিত হয় না ; পরন্তু তাহা হইতে পরম ধর্ম্ম উৎপন্ন হয়। অপিচ, "সন্ধ্যামুপাসতে যে চ নিয়তং সংশিতব্রতাঃ। বিধূতপাপাস্তে যান্তি ব্রহ্মলোকমনাময়ং॥" অর্থাৎ যাঁহারা নিত্য সংযত ভাবে সন্ধ্যা উপাসনা করেন, তাঁহারা সমস্ত পাপ-নির্ম্মুক্ত হইয়া ব্রহ্মলোকে গমন করেন। ইত্যাদি। অতএব প্রতিপন্ন হইতেছে যে, জ্ঞানের প্রতিবন্ধকস্বরূপ পাপের ক্ষয় এবং জ্ঞানের উৎপাদনোপযোগী পুণ্যোৎপত্তিরূপ আত্মসংস্কার নিত্য কর্ম্মের ফল। অর্থাৎ পাপ জ্ঞানোন্নতির প্রতিবন্ধক, নিত্য কর্ম্মানুষ্ঠান দ্বারা সেই পাপ সমূলে নিঃশেষ হয়, আর পুণ্যদ্বারা জ্ঞান লব্ধ হইয়া থাকে। নিত্যকর্ম্মানুষ্ঠান ফলে সেই পুণ্যাবির্ভাবে মানবহৃদয় সম্যকরূপে জ্ঞানলাভের উপযোগী হয়। নিত্য কর্ম্মানুষ্ঠানের এইরূপ অপরিসীম ফলবিধায়িনী শক্তি থাকিলেও সেই ফল বিষয়ে কোনরূপ লক্ষ্য না রাখিয়া কেবল কর্ত্তব্য বোধে তত্তৎ কর্ম্মের অনুষ্ঠান করা আবশ্যক।

পূর্ব্বে উক্ত হইয়াছে যে, ঘটপটের ন্যায় ত্যাগ ও সন্ন্যাস ভিন্ন জাতীয়ত্ব বোধক নহে সত্য, কিন্তু ফলাভিসন্ধি পরিহার পূর্ব্বক কর্ম্মত্যাগই তদুভয়ের উদ্দেশ্য। এই কথা এস্থলেও স্মরণ করা আবশ্যক। পূর্ব্বে ৪র্থ শ্লোকের তাৎপর্য্যে কর্ম্মত্যাগের ত্রৈবিধ্য প্রদর্শিত হইয়াছে। তন্মধ্যে ফলাভিসন্ধি থাকিলেও মোহপ্রযুক্ত বা দুঃখ ভয়ে যে কর্ম্মত্যাগ তাহাই রাজস ও তামস ত্যাগরূপে নিন্দিত হইয়া থাকে। আর যে স্থলে কর্ম্ম থাকিলেও ফলাভিসন্ধি থাকে না, সেই স্থলে ত্যাগ সাত্ত্বিকরূপে প্রশংসিত হয়। দৈহিক ক্লেশ ভয়ে বা মূঢ়ত্বাবশতঃ কর্ত্তব্য পরিহার করা ধর্ম্ম নহে। ফলকামনা না রাখিয়া এবং কর্ম্ম সম্বন্ধে কর্ত্তৃত্বাভিমান বিসর্জ্জন দিয়া যথাবিহিত কার্য্যানুষ্ঠান করাই জ্ঞানোন্নতির উপায় ॥ ৯ ॥

——•:•:•——

ন দ্বেষ্ট্যকুশলং কর্ম্ম কুশলে নানুষজ্জতে।
ত্যাগী সত্ত্বসমাবিষ্টো মেধাবী ছিন্নসংশয়ঃ ॥ ১০ ॥

অন্বয়।—সত্ত্বসমাবিষ্টঃ (সত্ত্বগুণসম্পন্নঃ) মেধাবী (স্থিরবুদ্ধিঃ) ছিন্নসংশয়ঃ (সংশয়রহিতঃ) ত্যাগী অকুশলং (দুঃখাবহং) কর্ম্ম ন দ্বেষ্টি (প্রতিকূলং মন্যতে) কুশলে (সুখকরে) [কর্ম্মণি] ন অনুষজ্জতে (অনুরক্তো ভবতি) ॥ ১০ ॥

প্রতিশব্দ।—সত্ত্ব-গুণ-সম্পন্ন স্থির-বুদ্ধি সংশয়-হীন ত্যাগী দুঃখ-জনক কর্ম্মকে দ্বেষ-করেন না, সুখকর [কর্ম্মে] অনুরক্ত-হন না ॥ ১০ ॥

ব্যাখ্যা।—সত্ত্বগুণশালী, স্থিরবুদ্ধিসম্পন্ন, অবিদ্যাজনিত সংশয়হীন ত্যাগী ব্যক্তি দুঃখজনক কার্য্য সমূহকে বিদ্বেষ করেন না, অথবা সুখকর বা শোভন কর্ম্ম সমূহে অনুরক্ত হন না, অর্থাৎ তাঁহারা সকল কর্ম্মকেই কর্ত্তব্য বোধে অনুষ্ঠান করিয়া থাকেন ॥ ১০ ॥

শঙ্করাচার্য্য।—নন্থ কর্ম্মপরিত্যাগস্ত্রিবিধঃ সন্ন্যাস ইতি চ প্রকৃতস্তত্র তামসোরাজসশ্চোক্তস্ত্যাগঃ কথমিহ সত্ত্বফলত্যাগস্তৃতীয়ত্বেনোচ্যতে যথাত্র যে ব্রাহ্মণা আগতাস্তত্র ষড়ঙ্গবিদৌ দ্বৌ ক্ষত্রিয়স্তৃতীয় ইতি তদ্বৎ নৈষদোষস্ত্যাগসামান্যেন স্তত্যর্থত্বাদস্তি হি কর্ম্মসন্ন্যাসস্য ফলাভি-

সঙ্গিত্যাগস্য চ ত্যাগত্বসামান্যন্তত্র রাজসতামসত্বেন কর্ম্মত্যাগানিন্দয়া কর্ম্মফলাভিসন্ধিত্যাগঃ সাত্ত্বিকত্বেন স্তূয়তে স ত্যাগঃ সাত্ত্বিকো মত ইতি। যস্ত্বধিকৃতঃ সঙ্গং ত্যক্ত্বা ফলাভিসন্ধিঞ্চ নিত্যং কর্ম্ম করোতি তস্য ফলরাগাদিনা অকলুষীক্রিয়মাণমন্তঃকরণং নিত্যৈশ্চ কর্ম্মভিঃ সংস্ক্রিয়মাণং বিশুধ্যতি তৎ বিশুদ্ধং প্রসন্নমাত্মালোচনক্ষমং ভবতি তস্যৈব নিত্যকর্ম্মানুষ্ঠানেন বিশুদ্ধান্তঃকরণস্যাত্মজ্ঞানাভিমুখস্য ক্রমেণ যথা তন্নিষ্ঠা স্যাত্তদ্বক্তব্যমিত্যাহ ন দ্বেষ্টীতি। ন দ্বেষ্টি অকুশলং অশোভনং কাম্যং কর্ম্ম শরীরারম্ভদ্বারেণ সংসারকারণং কিমনেনেত্যেবং কুশলে শোভনে নিত্যে কর্ম্মণি সত্ত্বশুদ্ধিজ্ঞানোৎপত্তিতন্নিষ্ঠাহেতুত্বেন মোক্ষকারণমিদমিত্যেবং নানুষজ্জতে তত্রাপি প্রয়োজনমপশ্যন্ননুষঙ্গং প্রীতিং ন করোতীত্যেতৎ। কঃ পুনরসৌ ত্যাগী পূর্ব্বোক্তেন সঙ্গফলপরিত্যাগেন তদ্বাংস্ত্যাগী যঃ কর্ম্মণি সঙ্গং ত্যক্ত্বা তৎফলে চ নিত্যকর্ম্মানুষ্ঠায়ী স ত্যাগী। কদা পুনরসাবকুশলং কর্ম্ম ন দ্বেষ্টি কুশলে চ নানুষজ্জত ইত্যুচ্যতে সত্ত্বসমাবিষ্টো যদা সত্ত্বেনাত্মানাত্মবিবেকবিজ্ঞানহেতুনা সমাবিষ্টঃ সংব্যাপ্তঃ সংযুক্ত ইত্যেতৎ। অতএব চ মেধাবী মেধয়াত্মজ্ঞানলক্ষণয়া প্রজ্ঞয়া সংযুক্তস্তদ্বান্মেধাবী মেধাবিত্বাদেব ছিন্নসংশয়ঃ ছিন্নোঽবিদ্যাকৃতঃ সংশয়ো যস্য আত্মস্বরূপাবস্থানমেব পরং নিঃশ্রেয়সসাধনং নান্যৎ কিঞ্চিদিত্যেবং নিশ্চয়েন ছিন্নসংশয়ঃ ॥ ১০ ॥

আনন্দগিরি।—কর্ম্মতৎফলত্যাগস্য ত্যাগসন্ন্যাসশব্দাভ্যাং প্রকৃতস্য ত্যাগো হীতি ত্রৈবিধ্যং প্রতিজ্ঞায় প্রতিজ্ঞানুরোধেন দ্বিবিধে ব্যুৎপাদ্য তৃতীয়াং বিধাং তদ্বিরোধেন ব্যুৎপাদয়তো ভগবতোঽকৌশলমাপাদিতমিতি শঙ্কতে নম্বিতি। প্রক্রমপ্রতিকূলমুপসংহারবচনমনুচিতমিত্যত্র দৃষ্টান্তমাহ যথেতি। পূর্ব্বোত্তরবিরোধেন প্রাপ্তমকৌশলং প্রত্যাদিশতি নৈষ দোষ ইতি। কর্ম্মত্যাগফলত্যাগয়োস্ত্যাগত্বেন সাদৃশ্যাৎ কর্ম্মত্যাগানিন্দয়া তৎফলত্যাগস্তুত্যর্থমিদম্বচনমিত্যুপগমাৎ ন বিরোধোঽস্তীত্যুক্তমেব ব্যক্তীকুর্ব্বন্নাদৌ ত্যাগসামান্যং বিশদয়তি অস্তীতি। সতি সামান্যে নির্দ্দেশস্য স্তুত্যর্থত্বং সমর্থয়তে তত্রেতি। এবং পূর্ব্বাপরবিরোধং পরাকৃত্য অনন্তরশ্লোকতাৎপর্য্যমাহ যস্ত্বিতি। ফলরাগাদিনেত্যাদিশব্দেন কর্ম্মস্বরূপাসঙ্গো গৃহ্যতে অন্তঃকরণমকলুষীক্রিয়মাণমিতিচ্ছেদঃ। বিশুদ্ধেঽন্তঃকরণে কিং স্যাদিত্যাশঙ্ক্যাহ বিশুদ্ধমিতি। মলাবকলনং বিশুদ্ধত্বং সংস্কারবত্ত্বং প্রসন্নত্বমিতি ভেদঃ, ক্রমেণ শ্রবণাদ্যাবৃত্তিদ্বারেণেত্যর্থঃ। তন্নিষ্ঠেত্যাত্মজ্ঞাননিষ্ঠোক্তা। কাম্যকর্ম্মণ ত্যাজ্যত্বেন দ্বেষমাভনয়তি কিমিতি। উভয়ত্র দ্বেষং প্রীতিঞ্চ ন করোতীতি সামান্যেনোক্তং কর্ত্তারং প্রশ্নপূর্ব্বকং বিশেষতো নির্দ্দিশতি কঃ পুনরিতি। ত্যাগীত্যুক্তং ত্যাগিনমভিব্যনক্তি পূর্ব্বোক্তেনেতি। কর্ম্মণি সঙ্গস্য তৎফলস্যচ ত্যাগেনেতি যাবৎ। উক্তমেব ত্যাগিনং বিবৃণোতি যঃ কর্ম্মণীতি। তৎফলং ত্যক্ত্বেতি সম্বন্ধঃ। কাম্যে নিষিদ্ধেচ কর্ম্মণি বন্ধহেতুরিতি ন দ্বেষ্টি নিত্যে নৈমিত্তিকে চ মোক্ষহেতুরিতি ন প্রীয়তে। তত্র কালবিশেষং পৃচ্ছতি তদেতি। নিত্যাদিকর্ম্মণা ফলাভিসন্ধিবর্জিতেন ক্ষয়িতকল্মষস্য পরস্য যথার্থগ্রহণসমর্থমুদ্বুধ্যতে তেন সমাবেশদশায়ামুক্তপ্রীতিদ্বেষয়োরভাবো ভবতীত্যাহ উচ্যত ইতি। চতুর্থপাদং ব্যাকরোতি অতএবেতি। সমুদ্বুদ্ধযথার্থগ্রহণসামর্থ্যে সমাবিষ্টত্বাদিত্যর্থঃ। ছিন্নসংশয়ত্বমেব বিশদয়তি আত্মেতি। পরং নিঃশ্রেয়সস্য চ সাধনং সম্যগ্জ্ঞানমেবেতি যোজনা ॥ ১০ ॥

রামানুজ।—নদ্বেষ্টীতি। এবং সত্ত্বসমাবিষ্টো মেধাবী যথাবস্থিততত্ত্বজ্ঞানস্তত এব ছিন্নসংশয়ঃ কর্ম্মণি সঙ্গফলকর্ত্তৃত্বত্যাগী ন দ্বেষ্ট্যকুশলং কর্ম্ম কুশলে চ কর্ম্মণি নানুষজ্জতে। অকুশলং কর্ম্মানিষ্টফলং কুশলং চ কর্ম্মেষ্টরূপস্বর্গপুত্রপশ্বন্নাদিফলং সর্ব্বস্মিন্ কর্ম্মণি মমতারহিতত্বাত্যক্তব্রহ্মব্যতিরিক্তসর্ব্বফলত্বাত্ত্যক্তকর্ত্তৃত্বাচ্চ তয়োঃ ক্রিয়মাণয়োঃ প্রীতিদ্বেষৌ ন করোতি। অনিষ্টফলং পাপং কর্ম্মাত্র প্রামাদিকমভিপ্রেতং। "নাবিরতো দুশ্চরিতান্নাশান্তো নাসমাহিতঃ। নাশান্তমানসো বাপি প্রজ্ঞানেনৈনমাপ্নুয়া"দিতি দুশ্চরিতানিবৃত্তেজ্ঞানোৎপত্তিবিরোধিত্বশ্রবণাৎ অতঃ কর্ম্মণি কর্ত্তৃত্বাসঙ্গফলানাং ত্যাগঃ শাস্ত্রীয়স্ত্যাগঃ ন [illegible]স্বরূপস্ত্যাগঃ ॥ ১০ ॥

হনুমান্।—ন দ্বেষ্টি ন ক্রুধ্যতি অকুশলং দুঃখসাধনং কর্ম্ম হেমন্তে প্রাতঃস্নানাদিকং সুখসাধনেঽপি তস্মিন্নেবকালে অগ্নিসেবাদৌ নানুষজ্জতে। ত্যাগী কর্ম্মফলানাং। সত্ত্বসমাবিষ্টঃ সাত্ত্বিকো মেধাবী বিবেকী অতএব ছিন্নসংশয়ঃ সত্ত্বশুদ্ধ্যর্থং নিত্যানি কর্ত্তব্যানি ইতি নিশ্চয়াৎ ॥ ১০ ॥

শ্রীধর।—এবংভূতসাত্ত্বিকত্যাগপরিনিষ্ঠিতস্য লক্ষণমাহ ন দ্বেষ্টীত্যাদি। সত্ত্বসমাবিষ্টঃ সত্ত্বেন ব্যাপ্তঃ সাত্ত্বিকত্যাগী অকুশলং দুঃখাবহং প্রাতঃস্নানাদিকং কর্ম্ম ন দ্বেষ্টি কুশলে চ সুখকরে কর্ম্মণি নিদাঘে মধ্যাহ্নস্নানাদৌ নানুষজ্জতে প্রীতিং ন করোতি। তত্র হেতুঃ মেধাবী স্থিরবুদ্ধিঃ যত্র পরপরিভবাদি মহদপি দুঃখং সহতে স্বর্গাদিসুখঞ্চ ত্যজতি তত্র কিয়দেতত্তাৎকালিকং সুখং দুঃখঞ্চেত্যেবমনুসন্ধানবানিত্যর্থঃ। অতএব ছিন্নঃ সংশয়ো মিথ্যাজ্ঞানং দৈহিকসুখদুঃখয়োরুপাদিৎসাপরিজিহীর্ষালক্ষণং যস্য সঃ ॥ ১০ ॥

বলদেব।—সাত্ত্বিকত্যাগিনো লক্ষণমাহ ন দ্বেষ্টীতি। অকুশলং দুঃখদং হেমন্তপ্রাতঃস্নানাদি ন দ্বেষ্টি কুশলে সুখদে নিদাঘমধ্যাহ্নে স্নানাদৌ ন সজ্জতে। যতঃ সত্ত্বসমাবিষ্টোঽতিধীরঃ মেধাবী স্থিরধীঃ ছিন্নো বিহিতানি কর্ম্মাণি ক্লেশেনানুষ্ঠিতানি জ্ঞানং জনয়েয়ুর্নবেত্যেবংলক্ষণঃ সংশয়ো যেন সঃ। ঈদৃশঃ সাত্ত্বিকত্যাগী বোধ্যঃ ॥ ১০ ॥

মধুসূদন।—সাত্ত্বিকস্ত ত্যাগস্যাদানায় সত্ত্বশুদ্ধিদ্বারেণ জ্ঞাননিষ্ঠাং ফলমাহ ন দ্বেষ্টীতি। যস্ত্যাগী সাত্ত্বিকেন ত্যাগেন যুক্তঃ পূর্ব্বোক্তেন প্রকারেণ কর্ত্তৃত্বাভিনিবেশং ফলাভিসন্ধিং চ ত্যক্ত্বান্তঃকরণশুদ্ধ্যর্থং বিহিতকর্ম্মানুষ্ঠায়ী স যদা সত্ত্বসমাবিষ্টঃ সত্ত্বেনাত্মানাত্মবিবেকজ্ঞানহেতুনা চিত্তগতেনাতিশয়েন সম্যগ্‌জ্ঞানপ্রতিবন্ধকরজস্তমোমলরাহিত্যেনাসমন্তাৎ ফলাব্যভিচারেণাবিষ্টো ব্যাপ্তোভবতি ভগবদর্পিতনিত্যকর্ম্মানুষ্ঠানাৎ পাপমলাপকর্ষলক্ষণেন জ্ঞানোৎপত্তিযোগ্যতারূপপুণ্যগুণাধানলক্ষণেন চ সংস্কারেণ সংস্কৃতমন্তঃকরণং যদা ভবতীত্যর্থঃ, তদা মেধাবী শমদমসর্ব্বকর্ম্মোপরমগুরূপসদনাদিসামবায়িকাঙ্গযুক্তেন মননিদিধ্যাসনাখ্যফলোপকার্য্যঙ্গযুক্তেন চ শ্রবণাখ্যবেদান্তবাক্যবিচারেণ পরিনিষ্পন্নঃ বেদান্তমহাবাক্যকরণকঃ নিরস্তসমস্তাপ্রামাণ্যাশঙ্কঃ চিদন্ত্যবিষয়কমহং ব্রহ্মাস্মীতি ব্রহ্মাত্মৈক্যজ্ঞানমেব মেধা তয়া নিত্যযুক্তো মেধাবী স্থিতপ্রজ্ঞোভবতি তদা ছিন্নসংশয়ঃ অহং ব্রহ্মাস্মীতি বিদ্যারূপয়া মেধয়া তদবিদ্যোচ্ছেদে তৎকার্য্যসংশয়বিপর্য্যয়শূন্যোভবতি তদা ক্ষীণকর্ম্মত্বাৎ ন দ্বেষ্ট্যকুশলং কর্ম্ম অশোভনং কাম্যং নিষিদ্ধং বা কর্ম্ম ন প্রতিকূলতয়া মন্যতে, কুশলে শোভনে নিত্যে কর্ম্মণি নানুষজ্জতে ন প্রীতিং করোতি, কর্ত্তৃত্বাদ্যভিমানরহি-

তত্ত্বেন কৃতকৃত্যত্বাৎ। তথা চ শ্রুতিঃ,—"ভিদ্যতে হৃদয়গ্রন্থিশ্ছিদ্যন্তে সর্ব্বসংশয়াঃ। ক্ষীয়ন্তে চাস্য কর্ম্মাণি তস্মিন্ দৃষ্টে পরাবরে" ইতি। যস্মাদেবং সাত্ত্বিকস্য ত্যাগস্য ফলং তস্মাম্মহত্তাভিযত্নেন স এবোপাদেয় ইত্যর্থঃ ॥ ১০ ॥

নীলকণ্ঠ।—এবমমুখ্যং সাত্ত্বিকং ত্যাগমুক্ত্বা মুখ্যমাহ ন দ্বেষ্টীতি। সত্ত্বেন সমাসাবিষ্টো ব্যাপ্তস্ত্যাগী মুখ্যঃ সাত্ত্বিকস্ত্যাগী সংন্যাসীত্যর্থঃ অকুশলমসুখপ্রদং কর্ম্ম ত্রিষবণস্নানচতুর্গুণশৌচভিক্ষাটনাদিপ্রয়াসরূপং ন দ্বেষ্টি কুশলে মিষ্টান্নভিক্ষাদৌ নানুষজ্জতে ন সঙ্গং কাকবৎ প্রীতিং করোতি। যদ্বা কর্ম্মকুশলে সেবাদিকর্ম্মকুশলে শিষ্যাদৌ ন সজ্জতে তত্রাকুশলং বা তং ন দ্বেষ্টি তেন রাগদ্বেষশূন্যত্বমস্য দর্শিতং। তদপি কুত ইত্যপেক্ষায়ামাহ মেধাবীতি। উহাপোহকুশলতয়া নিত্যানিত্যবস্তুবিবেচনাদৌ প্রজ্ঞাবান্ অতএব ছিন্নসংশয়ঃ কিং কর্ম্মাণ্যেব মুক্তিসাধনানি উত সন্ন্যাস এবেতি বিচিকিৎসারহিতঃ এবঞ্চ ত্যাগীত্যনেন "যজ্ঞোদানং তপঃ কর্ম্ম ন ত্যাজ্য"মিত্যুক্তাদত্যাগাদ্ব্যাবৃত্তিঃ। মেধাবীত্যনেন "মোহাৎ তস্য পরিত্যাগঃ" ইত্যুক্তাৎ তামসত্যাগাদ্ব্যাবৃত্তিঃ। পূর্ব্বার্দ্ধেন রাগদ্বেষাভাবপ্রতিপাদনেন কায়ক্লেশভয়াৎ ত্যজেদিত্যুক্তা-রাজসত্যাগাদ্ব্যাবৃত্তিঃ। ছিন্নসংশয় ইত্যনেন কার্য্যমিত্যেব যৎ কর্ম্ম ইত্যুক্তাদমুখ্যসাত্ত্বিক ত্যাগাদ্ব্যাবৃত্তিঃ। ন হ্যসৌ কর্ম্মণাং তুচ্ছত্বং সংন্যাসস্য মহাভাগ্যত্বঞ্চ তত্ত্বতো বেদ চেৎ ক্ষণমপি কর্ম্মসু নতিষ্ঠেৎ নহি দাহোপশমার্থী নিকটস্থং জাহ্নবীমহাহ্রদং জানন্ গ্রীষ্মোষ্মপ্রতপ্তপাংসু পথে ক্ষণমপি রমেত। সংশয়চ্ছিন্নেঽপি হেতুঃ সত্ত্বসমাবিষ্ট ইতি যতঃ সত্ত্বেনৈব কর্ত্রা সম্যগাবিষ্টোঽয়ং ন স্বয়ং সত্ত্বমাশ্রিত ইতি মহান্ বিশেষঃ, এবঞ্চ পূর্ব্বশ্লোকোক্তস্য সাত্ত্বিকত্যাগরূপস্য কর্ম্মযোগস্য ফলভূতোঽয়ং মুখ্যঃ সংন্যাসঃ বিবিদিষুণামনুষ্ঠেয়ো "যদহরেব বিরজেৎ তদহরেব প্রব্রজেৎ এতমেব প্রব্রাজিনো লোকমিচ্ছন্তঃ প্রব্রজন্তী"তি শ্রুতিসিদ্ধঃ। ভাষ্যে তু "নন্ত কর্ম্মপরিত্যাগস্ত্রিবিধঃ সংন্যাস ইতি চ প্রকৃতস্তত্র তামসো রাজসশ্চোক্তস্ত্যাগঃ কথমিহ সঙ্গফলত্যাগস্তৃতীয়ত্বেনোচ্যতে যথা ত্রয়ো ব্রাহ্মণা আগতাঃ ষড়ঙ্গবিদৌ দ্বৌ ক্ষত্রিয় তৃতীয় ইতি তদ্বৎ নৈষদোষঃ ত্যাগসামান্যেন স্তুত্যর্থত্বাৎ অস্তি কর্ম্মসংন্যাসস্য ফলাভিসন্ধিত্যাগস্য চ ত্যাগত্ব-সামান্যং তত্র রাজসতামসত্বেন কর্ম্মত্যাগনিন্দয়া কর্ম্মফলাভিসন্ধিত্যাগঃ সাত্ত্বিকত্বেন স্তূয়তে স ত্যাগঃ সাত্ত্বিকোমত" ইতি গ্রন্থেন ত্যাগত্রৈবিধ্যং সমাধায়ৈবং সঙ্গফলত্যাগপূর্ব্বকং নিত্যকর্ম্মানুষ্ঠানেন বিশুদ্ধান্তঃকরণস্যাত্মজ্ঞানাভিমুখস্য তন্নিষ্ঠাক্রমকথনার্থোঽয়ং শ্লোক ইত্যুক্তং তথৈব শ্লোকং ব্যাখ্যায় পূর্ব্বোক্তস্য কর্ম্মযোগস্য প্রয়োজনমনেন শ্লোকেনোক্তমিত্যুপসংহৃতং। অন্যে তু ফলাভিসন্ধিবিশিষ্টস্য কর্ম্মণস্ত্যাগস্ত্রিবিধঃ বিশেষণাভাবাৎ বিশেষ্যাভাবাদুভয়াভাবাচ্চ আদ্যোঽত্রৈব বিধিৎসিতো দ্বিতীয়স্তু তামসরাজসভেদেন দ্বিবিধোঽত্রৈব নিন্দিতঃ তৃতীয়স্তু কর্ম্মানধিকারিণা বিবিদিষুণা বিদুষা চ কর্তুং যোগ্যঃ দ্বিধা তত্রাদ্যাঃ স্থিতপ্রজ্ঞলক্ষণাদৌ প্রাগ্ব্যাখ্যাতঃ, আদ্যস্তু নৈষ্কর্ম্ম্যসিদ্ধিং পরমামিত্যত্র বক্ষ্যতে তত্র ভাষ্যে ত্রিবিধস্ত্যাগবিধাঃ প্রতিজ্ঞায় যে যথাবৎ প্রদর্শ্য তৃতীয়াপি কেনচিৎ সামান্যেন প্রতিপাদিতা অত্র তু একস্যাঃ দ্বয়োরন্তর্ভাবং কৃত্বা দ্বে এব বিধে উপপাদ্য তৃতীয়া প্রদেশান্তরে প্রক্ষিপ্তেতি গ্রন্থে প্রতিজ্ঞাযা অনির্ব্বাহ ইতি বিশেষঃ ॥ ১০ ॥

বিশ্বনাথ।—এবম্ভূত সাত্ত্বিকত্যাগপরিনিষ্ঠিতস্য লক্ষণমাহ ন দ্বেষ্টীতি। অকুশলমসুখদং শীতে প্রাতঃস্নানাদিকং ন দ্বেষ্টি কুশলে সুখগ্রীষ্মস্নানাদৌ ॥ ১০ ॥

তাৎপর্য্য।—সাত্ত্বিক ত্যাগিগণের কিরূপ ভাব হইয়া থাকে, তাঁহারা কিরূপ প্রশান্ত চিত্তে নিত্যনৈমিত্তিক কর্ম্মের অনুসরণ করিয়া থাকেন, তাহাই অতঃপর শ্রীভগবান্ বিবৃত করিতেছেন। তাঁহারা কার্য্যবিশেষকে ক্লেশপ্রদ বোধে তৎসাধনে বীতস্পৃহ হন না, অথবা কার্য্যান্তরকে সুখবিধায়ক জ্ঞান করিয়া তৎসম্পাদনে আগ্রহান্বিত হন না। নিষ্কাম কর্ম্মসাধন ফলে এবং আসক্তি ও অনুরাগের অভাব হেতু তাঁহারা আত্মজ্ঞানসম্পন্ন এবং সর্ব্বসংশয়বিহীন হইয়া থাকেন।

পূজ্যপাদ শ্রীমচ্ছঙ্করাচার্য্যের অভিপ্রায়। তিন প্রকার কর্ম্মত্যাগের বিবরণ ব্যক্ত করিতে শ্রীভগবান্ উদ্যত হইয়াছেন। তন্মধ্যে রাজস ও তামস কর্ম্মত্যাগের প্রসঙ্গ কীর্ত্তন করিয়া তৃতীয় প্রকার কর্ম্মত্যাগের প্রসঙ্গ স্থলে কর্ম্মফল ও সঙ্গ ত্যাগের বিবরণ কেন ভগবান্ উত্থাপন করিতেছেন? অর্থাৎ কর্ম্মত্যাগের কথা কহিতে কহিতে কর্ম্মফল ত্যাগের কথা কেন অবতারিত হইতেছে? যদি বলা যায় যে, তিনজন ব্রাহ্মণ উপস্থিত হইয়াছেন, তাহার মধ্যে দুইজন ষড়ঙ্গবিদ্ ব্রাহ্মণ, এবং তৃতীয় ব্যক্তি ক্ষত্রিয়; তাহা হইলে সে উক্তি যেরূপ অসঙ্গত বলিয়া মনে হইতে পারে, বর্ত্তমান স্থলেও কর্ম্ম ত্যাগের প্রসঙ্গ মধ্যে কর্ম্মফলত্যাগের কথা সেইরূপ অসঙ্গত বলিয়া বিবেচিত হইতে পারে। একটু স্থিরচিত্তে বিবেচনা করিয়া দেখিলে এ ক্ষেত্রে কোনই দোষ উপলব্ধ হইবে না এবং এতাদৃশ উক্তি অসঙ্গত বলিয়া মনে হইবে না। কারণ কর্ম্মত্যাগ ও ফলত্যাগ উভয়ত্রই ত্যাগসামান্য বিদ্যমান, অর্থাৎ উভয় স্থলেই ত্যাগধর্ম্ম সমানরূপে লক্ষিত হইতেছে। কর্ম্মসন্ন্যাস বলিলেও কর্ম্মত্যাগ বুঝায়, এবং কামনাশূন্য কর্ম্ম বলিলেও কামনা ত্যাগ বুঝায়। সুতরাং উভয়ত্রই ত্যাগের কথা সমানই রহিয়াছে। রাজস তামস কর্ম্মত্যাগের নিন্দাবাদ ঘোষণা করিয়া শ্রীভগবান্ কর্ম্মফলাভিসন্ধি শূন্য সাত্ত্বিক ত্যাগের প্রশংসা পূর্ব্ব শ্লোকে কীর্ত্তন করিয়াছেন। যে কর্ম্মাধিকারী সঙ্গশূন্য হইয়া ও ফলকামনা পরিহার করিয়া নিত্য কর্ম্মের অনুষ্ঠান করেন, তাঁহার চিত্তক্ষেত্র হইতে কর্ম্মানুরাগাদি জনিত কলুষরাশি বিধৌত হইতে থাকে, এবং অনুষ্ঠীয়মান

নিত্য কর্ম্মাদি অন্তঃকরণকে সংস্কৃত করিতে করিতে বিশুদ্ধ করিয়া থাকে। এইরূপ হইলে মানব বিশুদ্ধ প্রসন্ন এবং আত্মজ্ঞানলাভে সমর্থ হইয়া থাকেন। এইরূপ নিত্য কর্ম্মানুষ্ঠান দ্বারা বিশুদ্ধান্তঃকরণ আত্ম-জ্ঞানাভিমুখ ব্যক্তির ক্রমে ক্রমে যেরূপে সেই পরম প্রার্থনীয় অবস্থা উপস্থিত হয়, তাহাই বর্ত্তমান শ্লোকে আলোচিত হইতেছে। যিনি অশোভন কাম্যকর্ম্মাদি সম্বন্ধে কোন দ্বেষ প্রকাশ করেন না অর্থাৎ তৎসমস্ত কেবল সংসারের হেতুভূত, অতএব তাহাতে কি প্রয়োজন, ইত্যাদি রূপ বাক্য দ্বারা তদ্বিষয়ে অবজ্ঞা প্রকাশ করেন না, অথবা শোভন নিত্যকর্ম্ম সমূহ চিত্তশুদ্ধিবিধায়ক, সুতরাং আত্মজ্ঞানপ্রদ ও মোক্ষের হেতুভূত বলিয়া তদনুষ্ঠানে বিশেষ অনুরাগ প্রকাশ করেন না, তিনিই যথার্থ ত্যাগী। তাদৃশ ত্যাগী কর্ম্মবিশেষের প্রয়োজনহীনতা লক্ষ্য করিয়া তৎপ্রতি বীতস্পৃহ হন না, অথবা কর্ম্মান্তরের বিশেষ আবশ্যকতা অনুভব করিয়া তৎপ্রতি অত্যধিক অনুরাগ প্রকাশ করেন না। কে এবংপ্রকার ত্যাগী-রূপে পরিগণিত? তদুত্তরে কথিত হইতেছে যে, যিনি পূর্ব্ব কথিত শ্লোকের মর্ম্মানুসারে ফলকামনা ও আসক্তি শূন্যভাবে নিত্যকর্ম্মানুষ্ঠান করিয়া আসিতেছেন, তিনিই উল্লিখিত রূপ ত্যাগী। কখন্ এইরূপ ত্যাগনিষ্ঠ পুরুষ অকুশল কর্ম্মে দ্বেষ প্রকাশ করেন না, এবং কুশল কর্ম্মেও অনুরক্ত হন না, তাহাই কথিত হইতেছে। যখন আত্মানাত্মবিবেক-জনিত সত্ত্ব-গুণের সমাবেশ হয়, তখনই তাঁহার দ্বেষানুরাগরহিত সাম্যভাবের অভ্যুদয় হয়। এইরূপ অবস্থাপন্ন ব্যক্তি মেধাবী নামে নির্দ্দিষ্ট হইয়া থাকেন। মেধা অর্থাৎ আত্মজ্ঞানলক্ষণা প্রজ্ঞা, যিনি তদ্বিশিষ্ট তিনি মেধাবী। এইরূপ মেধাবী ব্যক্তি নিশ্চয়ই ছিন্নসংশয় হইয়া থাকেন। যাঁহার অবিদ্যাজনিত সংশয় ছিন্ন হইয়াছে, আত্মস্বরূপাবস্থানই পরম নিঃশ্রেয়স বিধায়ক, তদ্ব্যতীত অন্য কিছুই তাঁহার সাধন নহে, এইরূপ সুদৃঢ়বিশ্বাসে যাঁহার অন্তরের যাবতীয় সংশয়ান্ধকার দূরীভূত হইয়াছে, তিনিই ছিন্নসংশয়।

পূজ্যপাদ শ্রীমদ্রামানুজাচার্য্যের অভিপ্রায়। পূর্ব্বকথিত প্রকারে সত্ত্ব-গুণাবিষ্ট পুরুষ মেধাবী অর্থাৎ যথাবস্থিত তত্ত্বজ্ঞানসম্পন্ন সুতরাং সংশয়-পরিশূন্য হইয়া থাকেন। তিনি অকুশল কর্ম্মের প্রতি দ্বেষ প্রকাশ

করেন না, এবং কুশল কর্ম্মের প্রতিও অনুরাগ প্রদর্শন করেন না। অকুশল কর্ম্মসমূহ অনিষ্ট ফলপ্রদ, এবং কুশল কর্ম্মসমূহ স্বর্গ, পুত্র, পশু, অন্ন প্রভৃতি ইষ্ট ফলপ্রদানক্ষম। সকল কর্ম্মের প্রতি তিনি মমতাশূন্য; ব্রহ্মপ্রাপ্তি ব্যতীত অন্য সর্ব্বপ্রকার ফলকামনা বিবর্জ্জিত; এবং সর্ব্বব্যাপারে কর্ত্তৃত্বাভিনিবেশ পরিশূন্য। এই জন্য অনুষ্ঠীয়মান কোন কর্ম্মের প্রতি তাঁহার প্রীতি বা দ্বেষ থাকিতে পারে না। অর্থাৎ সর্ব্বত্র সমবুদ্ধি সম্পন্ন ও মমতারহিত হওয়ায় তিনি আপনাকে কোন কর্ম্মেরই কর্ত্তা বলিয়া মনে করেন না এবং ব্রহ্মাববোধ ব্যতীত কর্ম্মানুষ্ঠানের অন্য কোন অভিসন্ধিও হৃদয়ে পোষণ করেন না; সুতরাং কর্ম্মবিশেষকে কুশল বোধে অবলম্বন করিতে এবং কর্ম্মান্তরকে অকুশল বোধে পরিহার করিতে তাঁহার প্রবৃত্তি হয় না। অত্রত্য অকুশল কর্ম্ম অনিষ্ট ফলবাচক। পাপ কর্ম্ম ব্যতীত মনুষ্যের পক্ষে অনিষ্ট আর কিছুই নাই। মূলের অভিপ্রায় আলোচনা করিয়া উপলব্ধ হইতেছে যে, অনিষ্টফলরূপ পাপ কর্ম্মেও মেধাবী ছিন্নসংশয় ব্যক্তিগণের দ্বেষ থাকে না। পাপাচরণে বিদ্বেষহীনতা জ্ঞানলাভের অন্তরায়। সুতরাং বুঝিতে হইবে যে, প্রামাদিক পাপকর্ম্ম এস্থলে লক্ষিত। অর্থাৎ প্রমাদ বা ভ্রম-প্রযুক্ত যে পাপ কর্ম্ম সংসাধিত হয় তৎপ্রতিও জ্ঞানী ব্যক্তির দ্বেষ বা প্রীতি থাকিতে পারে না। পাপকর্ম্ম যে জ্ঞানোন্নতির প্রতিকূল, শাস্ত্র তাহার সমর্থন করিয়াছেন। যথা; "নাবিরতো দুশ্চরিতান্নাশান্তো নাসমাহিতঃ। নাশান্তমানসোবাপি প্রজ্ঞানেনৈনমাপ্নুয়াৎ॥" (কঠোপনিষৎ ২য়বল্লী ২৪শ্রুতি) ইহার ভাবার্থ এই যে, 'দুষ্কর্ম্মাচরণে অবিরত, অশান্ত, অসমাহিতচিত্ত, অশান্তহৃদয়, ব্যক্তি প্রজ্ঞা দ্বারা ব্রহ্মকে প্রাপ্ত হয় না।' এতদ্দ্বারা দুশ্চরিত্র ব্যক্তিগণের অথবা পাপাচারী মানবগণের জ্ঞানপ্রাপ্তি অসম্ভব, ইহাই পরিব্যক্ত হইতেছে; অতএব কর্ম্ম সম্বন্ধে কর্ত্তৃত্ব, সঙ্গ এবং ফলের ত্যাগই যথার্থ শাস্ত্রীয় ত্যাগ; কর্ম্মস্বরূপ ত্যাগ অর্থাৎ কর্ম্মসন্ন্যাস প্রকৃত ত্যাগ নহে।

পূজ্যপাদ শ্রীমন্মধুসূদন সরস্বতীর অভিপ্রায়। সাত্ত্বিকত্যাগের অনুসরণ ক্রমে সত্ত্বশুদ্ধি উপজাত হইলে যেরূপ পরিণাম ঘটে, তাহাই বর্ত্তমান শ্লোকে বিবৃত হইতেছে। যে ত্যাগী পুরুষ সাত্ত্বিক ত্যাগযুক্ত অর্থাৎ বিহি

পূর্ব্বোক্ত প্রকারে কর্তৃত্বাভিনিবেশ এবং ফলাভিসন্ধি পরিহার পূর্ব্বক কেবল অন্তঃকরণ শুদ্ধির নিমিত্ত বিহিত কর্ম্মের অনুষ্ঠান করিয়া থাকেন, তিনি সত্ত্বগুণধর্ম্মানুসারে জ্ঞানলাভ করেন। আত্মানাত্ম বিবেকজ্ঞানপ্রভাবে চিত্তের জ্ঞানোন্নতির নিদারুণ প্রতিবন্ধকস্বরূপ রজস্তমঃ-মল নিঃশেষ রূপে রাহিত্য হেতু সর্ব্বত্র তাহার ফলের অব্যভিচারী ভাবে তাঁহার চিত্ত পরিব্যাপ্ত হয়। অর্থাৎ তাঁহার বিশুদ্ধ হৃদয় ফলাফলের প্রতি লক্ষ্য না করিয়া উদাসীন ভাবে সকল ব্যাপার দর্শন করিতে সমর্থ হইয়া থাকে। তিনি ভগবানে অর্পণ করিয়া নিত্যকর্ম্ম সমূহের অনুষ্ঠান করেন; অর্থাৎ স্বকীয় কোন ফল কামনার লেশমাত্র হৃদয়ে পোষণ না করিয়া কেবল ভগবদর্পণ-বুদ্ধি সহকারে নিত্য ক্রিয়াকলাপের অনুষ্ঠান করিয়া থাকেন। তজ্জন্য তাঁহার অন্তঃকরণ হইতে পাপমলা নিঃশেষে অপগত হইয়া থাকে, এবং জ্ঞানোন্নতি যোগ্যতারূপ পুণ্যগুণের সম্পূর্ণ সমাবেশ হয়। এইরূপ লক্ষণাক্রান্ত পুরুষই মেধাবী। তিনি শমদমসম্পন্ন (৪৩পৃষ্ঠার টিপ্পনী দ্রষ্টব্য) সর্ব্বকর্ম্মোপরতিযুক্ত এবং যথাযথ গুরূপদেশ অনুসারে শ্রবণ মনন নিদিধ্যাসন পরায়ণ (৪৪। ৫০। ৫৯০ পৃষ্ঠার টিপ্পনী দ্রষ্টব্য)। শ্রুতি ও বেদান্ত মহাবাক্য (৪৩।৯৯০ পৃষ্ঠার টিপ্পনী দ্রষ্টব্য) বিচার দ্বারা তাঁহার সমস্ত ভ্রম ও আশঙ্কা নিরাকৃত হইয়াছে। চিৎ ব্যতীত অন্য সমস্ত অসত্য অপ্রামাণিক বলিয়া সুদৃঢ় প্রতীতি জন্মিয়াছে। 'অহং ব্রহ্মাস্মি' রূপ বেদান্ত মহাবাক্যানুসারে তিনি আপনাকেই ব্রহ্ম বলিয়া বুঝিয়াছেন। এইরূপ বুদ্ধির নামই মেধা। এতাদৃশ মেধার সহিত যিনি নিত্যযুক্ত, তিনিই মেধাবী অর্থাৎ স্থিতপ্রজ্ঞ। এইরূপ অবস্থাপন্ন হইলে পুরুষ ছিন্নসংশয় হইয়া থাকে, অর্থাৎ 'অহং ব্রহ্মাস্মি' এই বিদ্যা প্রভাবে অবিদ্যার উচ্ছেদ হইয়া থাকে, এবং অবিদ্যার কার্য্যস্বরূপ সংশয় বিপর্য্যয়শূন্য হইয়া থাকে। এইরূপ অবস্থাপন্ন পুরুষ ক্ষীণকর্ম্ম হইয়া থাকেন, সুতরাং তিনি অশোভন অর্থাৎ কাম্য বা নিষিদ্ধ কর্ম্ম সমূহকে প্রতিকূল বলিয়া মনে করেন না, অথবা শোভন অর্থাৎ নিত্যকর্ম্ম সমূহের প্রতি প্রীতিপ্রকাশ করেন না। কারণ কর্তৃত্বাদি অভিমানবিহীনতা হেতু তিনি কৃতকৃত্য হইয়াছেন। শ্রুতিও বলিয়াছেন, "ভিদ্যতে হৃদয়গ্রন্থিশ্ছিদ্যন্তে সর্ব্বসংশয়াঃ। ক্ষীয়ন্তে চাস্য কর্ম্মাণি তস্মিন্ দৃষ্টে পরাবরে ॥" (মুণ্ডকোপনিষৎ ২য় খণ্ড ৮ শ্রুতি

অর্থাৎ সেই পরম পুরুষকে দর্শন করিলে হৃদয়গ্রন্থি ভিন্ন হয়, সকল সংশয়ের ছেদ হইয়া যায়, এবং দ্রষ্টার সকল কর্ম্মই ক্ষয়-প্রাপ্ত হয়। (৯৫১।১৬৪৯ পৃষ্ঠার তাৎপর্য্য দ্রষ্টব্য) সাত্ত্বিক ত্যাগের যখন এতই মাহাত্ম্য, তখন পরম উপাদেয় জ্ঞানে তাহা অবলম্বনীয়, ইহাই এই শ্লোকের ভাবার্থ।

পূজ্যপাদ শ্রীমন্নীলকণ্ঠের অভিপ্রায়। পূর্ব্বশ্লোকে অমুখ্য সাত্ত্বিক ত্যাগের বিবরণ বিন্যস্ত হইয়াছে; এক্ষণে মুখ্য সাত্ত্বিক ত্যাগের বিষয় আলোচিত হইতেছে। যিনি সত্ত্ব দ্বারা আবিষ্ট অর্থাৎ সেই ভাবে সর্ব্বত্র পরিব্যাপ্ত, তিনিই সাত্ত্বিক ত্যাগী অর্থাৎ সন্ন্যাসী। তাদৃশ মহাত্মারা অকুশল অর্থাৎ ত্রিষবণ স্নান*

---

* স্নান।—স্নান সপ্তবিধ। "মান্ত্রং ভৌমং তথাগ্নেয়ং বায়ব্যং দিব্যমেব চ। বারুণং মানসঞ্চৈবং সপ্তস্নানং প্রকীর্ত্তিতং॥ আপোহিষ্ঠেতি বৈ মান্ত্রঃ মৃদালম্ভস্তু পার্থিবং। আগ্নেয়ং ভস্মনা স্নানং বায়ব্যং গোরজঃ স্মৃতং। যত্ত্বাতপবর্ষেণ স্নানং তদ্দিব্যমুচ্যতে। বারুণঞ্চাবগাহশ্চ মানসং বিষ্ণুচিন্তনং॥" অর্থাৎ মান্ত্র, ভৌম, আগ্নেয়, বায়ব্য, দিব্য, বারুণ এবং মানস এই সপ্তবিধ স্নান। আপোহিষ্ঠা প্রভৃতি মন্ত্র উচ্চারণে স্নানের কার্য্য নির্ব্বাহ হয়, ইহাই মান্ত্র স্নান। গঙ্গামৃত্তিকা প্রভৃতি দ্বারা তিলকাদিরূপ যে স্নান তাহা ভৌম। সংস্কৃত ভস্মলেপনে যে স্নান তাহা আগ্নেয়। গো পদধূলি দ্বারা মার্জ্জন বায়ব্য। বৃষ্টিজলে স্নান দিব্য। জলাশয়ে অবগাহন পূর্ব্বক যে স্নান তাহা বারুণ এবং বিষ্ণুচিন্তা মানস স্নান। এতন্মধ্যে অবগাহন স্নানই প্রশস্ত, অন্যান্য স্নান কালদোষ অসামর্থ্য প্রভৃতি কারণেই ব্যবহৃত। কোন কোন পুরাণে ষোড়শ প্রকার স্নানের উল্লেখ দৃষ্ট হয়। অস্নাত ব্যক্তি কোন কর্ম্মানুষ্ঠানে অধিকারী নহে। যথা, "অস্নাতস্তু পুমান্নার্হো জপাদিহবনাদিষু।" (গরুড়পুরাণ ১০৫ অধ্যায়) "ন স্নানমাচরেদ্ভুক্ত্বা নাতুরো ন মহানিশি। ন বাসোভিঃ সহাজস্রং নাবিজ্ঞাতে জলাশয়ে॥"(মনু ৪। ১২০) অর্থাৎ 'ভোজনান্তে, পীড়িতাবস্থায় এবং মহানিশাকালে স্নান বিধেয় নহে। বহু বস্ত্রাদি বেষ্টিত হইয়া বা অজ্ঞাত জলাশয়ে স্নান করা উচিত নহে।' কিন্তু গ্রহণাদি নৈমিত্তিক কর্ম্মে মহানিশাতেও স্নানের ব্যবস্থা আছে। রাত্রির মধ্যম প্রহরদ্বয়ের নাম মহানিশা। স্নানের নিয়মাদি যাজ্ঞবল্ক্য বিধান করিয়াছেন। যথা; "স্রোতসাং সম্মুখো মজ্জেৎ যত্রাপঃ প্রবহন্তি বৈ। স্থাবরেষু গৃহে চৈব সূর্য্যসম্মুখঃ আপ্লবেৎ॥" অর্থাৎ প্রবহমান নদ্যাদি জলে, স্রোতের সম্মুখভাগে দণ্ডায়মান হইয়া স্নান করিবে, আর স্থির জলাশয়ে অথবা গৃহে সূর্য্যাভিমুখ হইয়া স্নান করিবে। বামনপুরাণে আছে, "নাভিমাত্রজলে গত্বা কৃত্বা কেশান্ দ্বিধা দ্বিজঃ। নিরুদ্ধ্য কর্ণৌ নাসাঞ্চ ত্রিঃকৃত্বো মজ্জনং ততঃ॥" অর্থাৎ নাভি পরিমিত জলে দণ্ডায়মান হইয়া কেশ সমূহকে দ্বিধা বিভক্ত করণান্তর কর্ণ এবং নাসাছিদ্রকে হস্ত দ্বারা রোধ করিয়া বারত্রয় মজ্জন করিবে। প্রাতঃস্নান অতি প্রশস্ত। যথা, "অজ্ঞানাৎ যদি বা মোহাৎ রাত্রৌ দুশ্চরিতং কৃতং। প্রাতঃস্নানেন তৎসর্ব্বং শোধয়ন্তি দ্বিজাতয়ঃ॥" অর্থাৎ অজ্ঞান বা মোহ প্রযুক্ত রাত্রিকালে আচরিত পাপসমূহ প্রাতঃস্নানের দ্বারা বিনষ্ট হয়। প্রাতঃস্নানের কাল যথা; "প্রাতঃস্নায্যারুণকিরণগ্রস্তাং প্রাচীমবলোক্য স্নায়াৎ।" অর্থাৎ পূর্ব্বদিক অরুণকিরণ দ্বারা রঞ্জিত দর্শন করিয়া প্রাতঃস্নান করিবে। অপিচ, "সংক্রমে গ্রহণে চৈব ন স্নায়াদ্যস্তু মানবঃ। সপ্তজন্মস্বসৌ রোগী নির্দ্ধনশ্চোপজায়তে॥" অর্থাৎ সংক্রান্তি দিবসে এবং গ্রহণকালে যে ব্যক্তি স্নান না করে, সে সপ্তজন্ম যাবৎ রোগী এবং দরিদ্র হইয়া

চতুর্ব্বিধ শৌচ * এবং ভিক্ষাটনাদি কর্ম্ম অতিশয় আয়াসসাধ্য ও অসুখকর বোধে তৎসম্বন্ধে দ্বেষ প্রকাশ করেন না, অথবা কুশল অর্থাৎ মিষ্টান্ন ভিক্ষাদি কর্ম্মের প্রতি আসক্তি প্রকাশ বা কাকবৎ প্রীতি প্রকাশ করেন না। অন্যরূপ অর্থও গ্রহণ করা যাইতে পারে। কর্ম্মকুশল অর্থাৎ সেবাদি কর্ম্মে তৎপর শিষ্যাদির প্রতি তিনি অনুরাগ প্রকাশ করেন না, অথবা তদ্বিষয়ে অকুশল অর্থাৎ অপটুগণের প্রতি দ্বেষ প্রকাশ করেন না। এতদ্দ্বারা তাঁহার আসক্তি ও দ্বেষরাহিত্য সূচিত হইতেছে। এইরূপ ভাব কোথা হইতে জন্মে, তাহাই পরিব্যক্ত করিবার নিমিত্ত মেধাবী শব্দ প্রযুক্ত হইয়াছে। তর্কবিতর্ক পটুতা হেতু মেধাবী ব্যক্তি নিত্যানিত্য বস্তু বিবেচনা পূর্ব্বক প্রজ্ঞাবান্ হইয়াছেন। এইরূপ লব্ধপ্রজ্ঞ হওয়ায় তিনি ছিন্নসংশয় অর্থাৎ কর্ম্মসাধনই মুক্তি লাভের উপায় কিম্বা কর্ম্ম সন্ন্যাসই মুক্তির হেতুভূত, ইত্যাকার মতদ্বৈধ রহিত। মূলস্থিত "ত্যাগী" শব্দ দ্বারা 'যজ্ঞ, দান, তপঃ কর্ম্ম ত্যাজ্য নহে' (১৮।৫) পূর্ব্বোক্ত এই বাক্যনির্দ্দিষ্ট অত্যাগ হইতে পার্থক্য প্রদর্শিত হইল।

জন্মগ্রহণ করিয়া থাকে। অস্পৃশ্য স্পর্শনে স্নান করা উচিত। জীবৎ-পিতৃক ব্যক্তির অমাবস্যা নিমিত্তক স্নান নিষেধ। স্নানের অন্যান্য বিধি ও মন্ত্রাদি স্থানান্তরে দ্রষ্টব্য।

* শৌচ।—সত্যশৌচ, মনঃশৌচ, ইন্দ্রিয় নিগ্রহ, এবং সর্ব্বভূত দয়া এই চতুর্ব্বিধ শৌচ শাস্ত্রে নির্দ্দিষ্ট হইয়াছে। এতদ্ভিন্ন জলাদি দ্বারা শৌচও পঞ্চম শৌচ নামে গরুড়পুরাণাদিতে কথিত হইয়াছে। মনু বলিয়াছেন, "জ্ঞানং তপোঽগ্নিরাহারো মৃন্মনো বার্য্যুপাঞ্জনং। বায়ুঃ কর্ম্মার্ককালৌ চ শুদ্ধেঃ কর্ত্তৃণি দেহিনাং॥ সর্ব্বেষামেব শৌচানামর্থশৌচঃ পরং স্মৃতং। যোঽর্থে শুচির্হি স শুচির্ন মৃদ্বারিশুচিঃ শুচিঃ॥ ক্ষান্ত্যা শুদ্ধ্যন্তি বিদ্বাংসো দানেন কার্য্যকারিণঃ। প্রচ্ছন্নপাপা জপ্যেন তপসা বেদবিত্তমাঃ॥ মৃত্তোয়ৈঃ শুধ্যতে শোধ্যং নদী বেগেন শুধ্যতি। রজসা স্ত্রী মনোদুষ্টা সন্ন্যাসেন দ্বিজোত্তমঃ॥ অদ্ভির্গাত্রাণি শুধ্যন্তি মনঃ সত্যেন শুধ্যতি। বিদ্যাতপোভ্যাং ভূতাত্মা বুদ্ধির্জ্ঞানেন শুধ্যতি॥" (মনু ৫ম অধ্যায় ১০৫—১০৯ শ্লোক) অর্থাৎ জ্ঞান, তপস্যা, অগ্নি, বিশুদ্ধ আহার, মৃত্তিকা, মন, জল, উপলেপন, বায়ু, সৎকর্ম্ম, সূর্য্য এবং নিরূপিত কাল, ইহারা মানবগণের শুদ্ধির হেতুভূত। সকল শৌচ অপেক্ষা অর্থ শৌচ অর্থাৎ অন্যায় পূর্ব্বক পরধন গ্রহণ না করাই উৎকৃষ্ট শৌচ; যে মানব অর্থশৌচ সম্পন্ন, সেই যথার্থ শুচি, মৃত্তিকা জলাদির দ্বারা শুচি ব্যক্তিকে প্রকৃত শুচি বলা যায় না। বিদ্বানগণ ক্ষমা দ্বারা, দুষ্কর্ম্মকারিগণ দান দ্বারা গুপ্তপাপানুষ্ঠায়িগণ জপ দ্বারা এবং বেদজ্ঞগণ তপস্যা দ্বারা শৌচ সম্পন্ন হইয়া থাকেন। মলিন দ্রব্য মৃত্তিকা জলাদির দ্বারা, নদী স্রোতের দ্বারা, মনে মনে পাপসঙ্কল্পকারিণী স্ত্রীজাতি ঋতু দ্বারা এবং পাপী ব্রাহ্মণ সন্ন্যাস অর্থাৎ ব্রহ্মচিন্তা দ্বারা শুচিসম্পন্ন হন। জল দ্বারা গাত্র শুদ্ধ হয়, সত্যবাক্যের দ্বারা মন শুদ্ধ হয়, বিদ্যা ও তপস্যা দ্বারা জীবাত্মা শুদ্ধ হয়, এবং জ্ঞান দ্বারা বুদ্ধি শুদ্ধ হইয়া থাকে। মহাভারতেও কথিত হইয়াছে, যথা;

"মেধাবী" এই শব্দ দ্বারা মোহপ্রযুক্ত তামস ত্যাগের (১৮।৭) সহিত বৈলক্ষণ্য প্রদর্শিত হইল। এই শ্লোকের পূর্ব্বার্দ্ধ অর্থাৎ "ন দ্বেষ্ট্যকুশলং কর্ম্ম কুশলে নানুষজ্জতে" এই অংশে অনুরাগ ও দ্বেষের অভাব প্রদর্শিত হওয়ায় কায়ক্লেশ ভয়হেতু রাজস কর্ম্মত্যাগ (১৮।৮) হইতে ব্যাবৃত্তি নিরূপিত হইল। "ছিন্নসংশয়" এই শব্দ দ্বারা পূর্ব্বকথিত "কার্য্যমিত্যেব যৎ কর্ম্ম" (১৮।৯) এই অমুখ্য সাত্ত্বিকত্যাগ হইতে ব্যাবৃত্তি প্রদর্শিত হইতেছে। উল্লিখিতরূপ জ্ঞানসম্পন্ন ব্যক্তি কর্ম্মকে অতিশয় তুচ্ছ এবং সন্ন্যাসকে মহা ভাগ্যস্বরূপ জ্ঞান করেন না। যদি তিনি এরূপ মনে করিতেন, তাহা হইলে ক্ষণকালও কর্ম্ম সাধনে নিযুক্ত থাকিতেন না।

ভীষ্ম কহিলেন, হে যুধিষ্ঠির, অতঃপর ব্রাহ্মণের হিতকর শৌচের বিষয় বলিতেছি শ্রবণ কর। ভোজনের পূর্ব্বে এবং ভোজন শেষে ব্রাহ্মতীর্থ দ্বারা আচমন করা ব্রাহ্মণের কর্ত্তব্য; অন্যান্য শৌচকার্য্যেও ব্রাহ্মতীর্থই গ্রহণীয়। নিষ্ঠীবন ত্যাগ ও ক্ষুৎকার্য্যের (হাঁচির) পর আচমন দ্বারা পবিত্রতা লাভ হয়। দরিদ্র, জ্ঞাতি, বৃদ্ধ এবং মিত্রগণকে স্বীয় আলয়ে রক্ষা করা অবশ্য কর্ত্তব্য। শুক শারিকা পারাবত ও তৈলপায়িক (তেলপোকা) গৃহে অবস্থান করিলে গৃহস্থের মঙ্গল লাভ হইয়া থাকে। খদ্যোৎ, গৃধ্র, উৎক্রোশ (কুরর পক্ষী) বনকপোত এবং ভ্রমর গৃহে প্রবিষ্ট হইলে তজ্জন্য শান্তিকার্য্যের অনুষ্ঠান করা বিধেয়। মহাত্মাগণের গোপনীয় বিষয় সমূহ ব্যক্ত করা অকর্ত্তব্য। রাজা, বৈশ্য, বালক, ভৃত্য, বন্ধু, ব্রাহ্মণ, আশ্রিত এবং স্বসম্পর্কীয় ব্যক্তির পত্নীর সহিত সংসর্গ করা উচিত নহে। শাস্ত্রজ্ঞ ব্রাহ্মণের উপদেশানুসারে গৃহনির্ম্মাণ ও তন্মধ্যে বাস করাই কর্ত্তব্য। সন্ধ্যাকালে শয়ন, ভোজন বা বিদ্যালোচনা করা অনুচিত। রাত্রিকালে পিতৃকার্য্য, স্নান ও শক্তু ভোজন করা বিধেয় নহে এবং ভোজন শেষে কেশ বিন্যাসাদি করাও নিষিদ্ধ। পানভোজনাবশিষ্ট উপাদেয় দ্রব্যও পরিত্যাজ্য। রাত্রিকালে আহারের সময়ে নিমন্ত্রিত ব্যক্তিবর্গকে পরিতোষ সহকারে ভোজন করান উচিত। মস্তকনিমজ্জন পূর্ব্বক স্নানান্তে দৈব ও পৈতৃক কার্য্যানুষ্ঠান করিবে। জন্মনক্ষত্রে শ্রাদ্ধানুষ্ঠান অনুচিত। এতদ্ব্যতীত জ্যোতিষ শাস্ত্রোক্ত কৃত্তিকাদি নক্ষত্রে শ্রাদ্ধানুষ্ঠান অবিহিত এবং বিহিত নক্ষত্র ও সময়ে তদনুষ্ঠান বিধেয়। পূর্ব্বাস্য বা উত্তরাস্য হইয়া ক্ষৌর কার্য্য করিবে। পরগ্লানি সর্ব্বথা অকর্ত্তব্য। শাস্ত্র নির্দ্দেশ ক্রমে বিবাহ করাই কর্ত্তব্য। নিত্য বহ্নিস্থাপন পূর্ব্বক বেদবিহিত ক্রিয়াকলাপের অনুষ্ঠান করা উচিত। যত্ন সহকারে ভার্য্যাকে রক্ষা করিবে। ঈর্ষা প্রদর্শন দিবানিদ্রা এবং সূর্য্যোদয়ের পর শয়ন আয়ুঃক্ষয়কর, অতএব সর্ব্বতোভাবে তাহা পরিত্যাগ করিবে। প্রভাতে শয়ন, রাত্রিকালে অশুচি অবস্থায় শয়ন এবং পরদারে অনুরাগ প্রদর্শন কদাপি শ্রেয়স্কর নহে। সন্ধ্যা সময়ে বেদপাঠ, বেদাখ্যান, ভোজন বা স্নান অকর্ত্তব্য, তৎকালে প্রযতভাবে অবস্থানই উচিত। স্নানান্তে বিপ্রগণের পূজা, দেবগণকে নমস্কার এবং গুরু ব্যক্তিবর্গকে অভিবাদন করা বিধেয়। কেবল যজ্ঞ দর্শন ব্যতীত অনিমন্ত্রিত ভাবে কোন স্থলেই গমন উচিত নহে। পিতা মাতা প্রভৃতি গুরুজনের আজ্ঞা অবিচলিত ভাবে পালন করা কর্ত্তব্য। ঋতুকালে ভার্য্যাতে উপগত হইয়া সন্তানোৎপাদন করিবে। ইত্যাদি ধর্ম্ম সকল পালনে গৃহস্থ পবিত্র ও পুণ্যলাভের অধিকারী হইয়া থাকে। (মহাভারত আনুশাসনিক পর্ব্ব ১৪৪ অধ্যায়)

দৈহিক দাহ নিবারণের নিমিত্ত সুশীতল জাহ্নবীখাত নিকটস্থ জানিয়াও কেহ কখন গ্রীষ্মতপ্ত সামান্য জলাশয়ে শান্তির জন্য ক্ষণকালের নিমিত্তও অবস্থান করে কি? সংশয়চ্ছেদ সম্বন্ধে সত্বসমাবেশই কারণ, যে হেতু তিনি সত্ব দ্বারাই আবিষ্ট, তিনি সত্বাশ্রিত নহেন। ইহাই প্রধান বিশেষ। এতদ্দ্বারা ইহাই প্রতিপন্ন হইতেছে যে, পূর্ব্ব শ্লোকোক্ত সাত্বিকত্যাগরূপ কর্ম্মযোগের ফলভূত এই মুখ্য সন্ন্যাস বিবিদিষু অর্থাৎ জ্ঞানেচ্ছুগণের অনুষ্ঠেয়। শ্রুতি বলিয়াছেন যে, "যদহরেব বিরজেৎ তদহরেব প্রব্রজেৎ এতমেব প্রব্রাজিনো লোকমিচ্ছন্তঃ প্রব্রজন্তি।" ইহার ভাবার্থ যথা, 'যে দিন বিরাগ উৎপাদন হইবে, সেই দিনই প্রব্রজিত হইবে, পরিব্রাজকগণ এই লোককে ইচ্ছা করিয়া প্রব্রজ্যা করিবে।' অতঃপর পূজ্যপাদ শঙ্করাচার্য্যের ভাষ্যাংশ এস্থলে আলোচিত হইয়াছে। তদনন্তর পূজ্যপাদ মধুসূদনের গত চতুর্থ শ্লোকে বিশেষ্যাভাব, বিশেষণাভাব এবং উভয়াভাব ইত্যাদি কথার অবতারণা করা হইয়াছে। তত্তৎ প্রসঙ্গ পূর্ব্বে আলোচিত হইয়াছে, এজন্য এস্থলে পরিত্যক্ত হইল। তন্মধ্যে আদ্য অর্থাৎ বিশেষণাভাব বর্ত্তমান শ্লোকে প্রদর্শিত হইল। দ্বিতীয় অর্থাৎ বিশেষ্যাভাব তামস রাজস ভেদে দ্বিবিধ, তাহা এই স্থলে নিন্দিত হইল। তৃতীয় অর্থাৎ উভয়াভাব কর্ম্মের অধিকারী জ্ঞানেচ্ছু এবং জ্ঞানী এই উভয় ভেদে দ্বিবিধ, ইহার শেষোক্ত অর্থাৎ জ্ঞানীর বিবরণ স্থিতপ্রজ্ঞলক্ষণে (২য় অধ্যায় ৫৫ শ্লোক) ব্যাখ্যাত হইয়াছে। এবং আদ্যভাগ "নৈষ্কর্ম্ম্য সিদ্ধিং পরমাং" (১৮।৪৯) শ্লোকে ব্যাখ্যাত হইবে। ভগবান্ ভাষ্যকার তিন প্রকার ত্যাগের প্রসঙ্গ প্রদর্শন করিতে গিয়া দুই প্রকার লক্ষণ নির্দ্দেশ করিয়াছেন, এবং তৃতীয় প্রকার ফলসামান্য হেতু তদন্তর্ভূত করিয়াছেন। এস্থলে একটী বিধিকে দুইটীর অন্তর্ভূত করিয়া এবং দুইটী মাত্র প্রকার স্থাপন করিয়া তৃতীয় প্রকারকে প্রদেশান্তরে প্রক্ষিপ্ত করা হইয়াছে। ইহাই এই ব্যাখ্যার বিশেষত্ব॥ ১০॥

——(:০:)——

ন হি দেহভৃতা শক্যং ত্যক্তুং কর্ম্মাণ্যশেষতঃ।
যস্তু কর্ম্মফলত্যাগী স ত্যাগীত্যভিধীয়তে॥ ১১॥

অন্বয়।—দেহভৃতা (দেহধারিণা) অশেষতঃ (নিঃশেষেণ) কর্ম্মাণি ত্যক্তুং নহি শক্যং যঃ তু কর্ম্মফলত্যাগী সঃ ত্যাগী ইতি অভিধীয়তে (কথ্যতে)॥ ১১॥

প্রতিশব্দ।—দেহ-ধারি-কর্ত্তৃক নিঃশেষরূপে কর্ম্ম-সকল ত্যাগ-নিমিত্ত শক্য নহে, যে কর্ম্ম-ফল-ত্যাগী সেই ত্যাগী ইহা কথিত-হয়॥১১॥

ব্যাখ্যা।—দেহধারী মানব নিঃশেষরূপে কর্ম্ম ত্যাগ করিতে সমর্থ হয় না; কিন্তু যে ব্যক্তি কর্ম্মফলত্যাগী, সেই ব্যক্তিই যথার্থ ত্যাগী নামে অভিহিত॥ ১১॥

শঙ্করাচার্য্য। যোঽধিকৃতঃ পুরুষঃ পূর্ব্বোক্তেন প্রকারেণ কর্ম্মযোগানুষ্ঠানেন ক্রমেণ সংস্কৃতাত্মা সন্ জন্মাদিবিক্রিয়ারহিতত্বেন নিষ্ক্রিয়মাত্মানমাত্মত্বেন সম্বুদ্ধঃ স সর্ব্বকর্ম্মাণি মনসা সন্ন্যস্য নৈব কুর্ব্বন্ন কারয়ন্নাসীনো নৈষ্কর্ম্ম্যলক্ষণাং জ্ঞাননিষ্ঠামশ্নুত ইত্যেতৎ পূর্ব্বোক্তস্য কর্ম্মযোগস্য প্রয়োজনমনেন শ্লোকেনোক্তং, যঃ পুনরধিকৃতঃ সন্ দেহাত্মাভিমানিত্বেন দেহভৃদজ্ঞো বাধিতাত্ম-কর্ত্তৃত্ববিজ্ঞানতয়াহং কর্ত্তেতি নিশ্চিতবুদ্ধিস্তস্যাশেষকর্ম্মপরিত্যাগস্যাশক্যত্বাৎ কর্ম্মফলত্যাগেন চোদিতকর্ম্মানুষ্ঠান এবাধিকারো ন ত্যাগ ইত্যেতমর্থং দর্শয়িতুমাহ ন হীতি। ন হি যস্মাদ্দেহভৃতা দেহং বিভর্ত্তীতি দেহভৃদ্দেহাত্মাভিমানবান্ দেহভৃদুচ্যতে, ন হি বিবেকী স হি বেদাবিনাশিনমিত্যা-দিনা কর্ত্তৃত্বাধিকারান্নিবর্ত্তিতোঽতস্তেন দেহভৃতাজ্ঞেন ন শক্যং ত্যক্তুং সন্ন্যসিতুং কর্ম্মাণ্যশেষতো নিঃশেষেণ তস্মাদজ্ঞোঽধিকৃতো নিত্যানি কর্ম্মাণি কুর্ব্বন্ কর্ম্মফলত্যাগী কর্ম্মফলাভিসন্ধিমাত্র-সন্ন্যাসী স ত্যাগীত্যভিধীয়তে কর্ম্মাণ্যপি সন্নিতি স্তুতিপ্রায়েণ তস্মাৎ পরমার্থদর্শিত্বেনৈবাদেহ-ভৃতাদেহাত্মভাবরহিতেনাশেষকর্ম্মসন্ন্যাসঃ শক্যতে কর্ত্তুং॥ ১১॥

আনন্দগিরি। নদ্বেষ্টীত্যাদিনা শ্লোকেনোক্তমর্থং সংক্ষিপ্যানুবদতি যোঽধিকৃত ইতি। পূর্ব্বোক্তপ্রকারেণেতি কর্ম্মণি তৎফলে চ সঙ্গত্যাগেনেত্যর্থঃ, কর্ম্মাখ্যযোগস্যানুষ্ঠানেন সংস্কৃতাত্মা সন্ ক্রমেণ শ্রবণাদ্যনুষ্ঠানদ্বারেণ কূটস্থং ব্রহ্ম প্রত্যক্ত্বেন সম্বুদ্ধ ইতি সম্বন্ধঃ। পরস্য নিষ্ক্রিয়ত্বে হেতুমাহ জন্মাদীতি। উক্তজ্ঞানবতঃ সর্ব্বকর্ম্মত্যাগদ্বারা মুক্তিভাক্ত্বং দর্শয়তি স সর্ব্বেতি। আত্ম-জ্ঞানবতঃ সর্ব্বকর্ম্মত্যাগসম্ভাবনামুক্ত্বা তদ্বীনস্য তদসম্ভবে হেতুবচনত্বেন অনন্তরশ্লোকমব-তারয়তি যঃ পুনরিতি। ন বাধিতমাত্মনি কর্ত্তৃত্ববিজ্ঞানমস্যেত্যজ্ঞস্তথা তস্য ভাবস্তত্তা তয়েতি যাবৎ, যএতমর্থং দর্শয়িতুমস্য সর্ব্বকর্ম্মসন্ন্যাসাসম্ভবে হেতুমাহেতি যোজনা, যস্মাদিত্যস্য তস্মাদিত্যুত্তরেণ

সম্বন্ধঃ। বিবেকিনোঽপি দেহধারিতয়া দেহভৃত্ত্ববিশেষে কর্ম্মাধিকারঃ স্যাদিত্যাশঙ্ক্যাহ নহীতি। কর্ত্তৃত্বাধিকারস্তৎপূর্ব্বকং কর্ম্মানুষ্ঠানং তস্মাদিতি যাবৎ। জ্ঞানবতো দেহধারণেঽপি তদভিমানিত্বাভাবোঽতঃ শব্দার্থঃ। অজ্ঞস্য সর্ব্বকর্ম্মত্যাগাযোগমুক্তং হেতুকৃত্য ফলিতমাহ তস্মাদিতি। কর্ম্মানুষ্ঠায়িনস্ত্যাগিত্বোক্তিরযুক্তেত্যাশঙ্ক্যাহ কর্ম্মেতি। কস্মিংশ্চিদপি ফলত্যাগেন ত্যাগিত্ববচনং ফলত্যাগস্তুত্যর্থমিত্যর্থঃ। কস্য তর্হি সর্ব্বকর্ম্মত্যাগঃ সম্ভবতীত্যাশঙ্ক্য বিবেকবৈরাগ্যাদিমতে দেহাভিমানহীনস্যেত্যুক্তং নিগময়তি তস্মাদিতি ॥ ১১ ॥

রামানুজ।—নহীতি। নহি দেহভৃতা ধ্রিয়মাণশরীরেণ কর্ম্মাণ্যশেষতস্ত্যক্তুং শক্যং দেহধারণার্থানামশনপানাদীনাং তদনুবন্ধিনাঞ্চ কর্ম্মণামবর্জ্জনীয়ত্বাৎ। তদর্থঞ্চ মহাযজ্ঞাদ্যনুষ্ঠানমবর্জ্জনীয়ং। যস্তু তেষু মহাযজ্ঞাদিকর্ম্মসু ফলত্যাগী সএব "ত্যাগেনৈকেন অমৃতত্বমানশু"রিত্যাদি শাস্ত্রেষু ত্যাগীত্যভিধীয়তে। ফলত্যাগীতি প্রদর্শনার্থঃ। ফলকর্ত্তৃত্বকর্ম্মসঙ্গানাং ত্যাগো ত্রিবিধঃ সংপ্রকীর্ত্তিত ইতি প্রক্রমাৎ ॥ ১১ ॥

হনুমান্।—অনুখ্যমেব সত্ত্বিকং ত্যাগমনূদ্য তৎ প্রয়োজনমাহ দ্বাভ্যাং নহীতি। দেহভৃতা দেহাভিমানিনা হি যস্মাৎ অশেষতঃ কর্ম্মাণি ত্যক্তুং ন শক্যং অশক্যং প্রাণযাত্রালোপপ্রসঙ্গাৎ তস্মাদধিকৃতঃ সন্ যঃ কর্ম্মফলত্যাগশীলঃ, স তুশব্দ এবার্থে, স এব ত্যাগীত্যুচ্যতে যস্ত্বশেষতঃ কর্ম্মাণি ত্যক্তুং শক্নোতি পরমার্থদর্শী স মুখ্য ত্যাগীত্যর্থঃ ॥ ১১ ॥

শ্রীধর।—নম্বেবংভূতাৎ কর্ম্মফলত্যাগাদ্বরং সর্ব্বকর্ম্মত্যাগস্তথা সতি কর্ম্মবিক্ষেপাভাবেন জ্ঞাননিষ্ঠাসুখং সংপদ্যতে তত্রাহ নহীতি। দেহভৃতা দেহাভিমানবতা নিঃশেষেণ সর্ব্বাণি কর্ম্মাণি ত্যক্তুং, ন হি শক্যানি। তদুক্তং, "নহি কশ্চিৎ ক্ষণমপি জাতু তিষ্ঠত্যকর্ম্মকৃদি"ত্যাদিনা। তস্মাদ্যস্তু কর্ম্মাণি কুর্ব্বন্নপি কর্ম্মফলত্যাগী সএব মুখ্যঃ ত্যাগীত্যভিধীয়তে ॥ ১১ ॥

বলদেব।—নম্বীদৃশাৎ ফলত্যাগাৎ স্বরূপতঃ কর্ম্মত্যাগো বরীয়ান্ বিক্ষেপাভাবেন জ্ঞাননিষ্ঠা সাধকত্বাদিতি চেত্তত্রাহ নহীতি। দেহভৃতা কর্ম্মাণ্যশেষতস্ত্যক্তুং ন হি শক্যং ন শক্যানি। যদুক্তং ন হি কশ্চিৎ ক্ষণমপীত্যাদি। তস্মাদ্যঃ কর্ম্মাণি কুর্ব্বন্নেব তৎফলত্যাগী স এব ত্যাগীত্যুচ্যতে। তথাচ সনিষ্ঠোঽধিকারী কর্ত্তৃত্বাভিনিবেশফলেচ্ছাশূন্যো যথাশক্তি কর্ম্মাণি জ্ঞানার্থী সন্ কুর্য্যাদিতি পার্থসারথের্ম্মতম্ ॥ ১১ ॥

মধুসূদন।—তদেবমাত্মজ্ঞানবতঃ সর্ব্বকর্ম্মত্যাগঃ সম্ভবতি কর্ম্মপ্রবৃত্তিহেত্বো রাগদ্বেষয়োরভাবাদিত্যুক্তং, সংপ্রত্যজ্ঞস্য কর্ম্মত্যাগাসম্ভবে হেতুরুচ্যতে নহীতি। মনুষ্যোঽহং ব্রাহ্মণোঽহং গৃহস্থোঽহমিত্যাদ্যভিমানেনাবাধিতেন দেহং কর্ম্মাধিকারহেতুবর্ণাশ্রমাদিরূপং কর্ত্তৃভোক্তৃত্বাশ্রয়ং স্থূলসূক্ষ্মশরীরেন্দ্রিয়সঙ্ঘাতং বিভর্ত্তি অনাদ্যবিদ্যাবাসনাবশাদ্ব্যবহারযোগিত্বেন কল্পিতমসত্যমপি সত্যতয়া স্বভিন্নমপি স্বাভিন্নতয়া পশ্যন্ ধারয়তি পোষয়তি চেতি দেহভৃদবাধিতকর্ম্মাধিকারহেতুর্দেহাভিমানস্তেন বিবেকজ্ঞানশূন্যেন দেহভৃতা কর্ম্মপ্রবৃত্তিহেতুরাগদ্বেষপৌষ্কল্যেন সততং কর্ম্মসু প্রবর্ত্তমানেন কর্ম্মাণ্যশেষতঃ নিঃশেষেণ ত্যক্তুং হি যস্মান্ন শক্যানি

সত্যাং কারণসামগ্র্যাং কার্য্যত্যাগস্যাশক্যত্বাৎ, তস্মাৎ যস্তত্তোহধিকারী সত্ত্বশুদ্ধ্যর্থং কর্ম্মাণি কুর্ব্বন্নপি ভগবদনুকম্পয়া তৎকালফলত্যাগী তুশব্দস্তস্য দুর্লভত্বদ্যোতনার্থঃ স ত্যাগীত্যভিধীয়তে গৌণ্যা বৃত্ত্যা স্বত্যার্থমত্যাগ্যপি সন্ অশেষকর্ম্মসংন্যাসস্ত পরমার্থদর্শিত্বেনৈব দেহভৃতা শক্যতে কর্ত্তুমিতি সএব মুখ্যয়া বৃত্ত্যা ত্যাগীত্যভিপ্রায়ঃ ॥ ১১ ॥

নীলকণ্ঠ।—দেহং বিভর্ত্তীতি দেহভৃদবিদ্যাবান্ দেহাত্মদর্শী। তেন দেহভৃতা কর্ম্মাণ্যশেষতঃ ত্যক্তুং ন শক্যং যস্তু বিদ্যয়া সত্ত্বশুদ্ধ্যর্থং কর্ম্মাণি কুর্ব্বন্ কর্ম্মফলত্যাগী স কর্ম্মসংন্যাসীতি স্তূয়তে ॥ ১১ ॥

বিশ্বনাথ।—ইতোহপি শাস্ত্রীয়ং কর্ম্ম ন ত্যাজ্যং ইত্যাহ নহীতি। ত্যক্তুং ন শক্যা নশক্যানি তদুক্তং "নহিকশ্চিৎক্ষণমপিজাতু তিষ্ঠত্যকর্ম্মকৃৎ" ॥ ১১ ॥

তাৎপর্য্য।—অতঃপর কর্ম্মফল ত্যাগের প্রশংসা কীর্ত্তনচ্ছলে শ্রীভগবান্ প্রদর্শন করিতেছেন যে, দেহধারী সাধারণ বিবেকবুদ্ধিসম্পন্ন মানবের পক্ষে কর্ম্মত্যাগ অসম্ভব ব্যাপার। এরূপ অবস্থায় কর্ম্মফল ত্যাগই প্রকৃত ত্যাগরূপে গ্রহণ করিতে হইবে। মনুষ্যের জীবিত প্রয়োজন সুনির্ব্বাহিত করিবার নিমিত্ত অশেষ কর্ম্মসাধনের আবশ্যক। কর্ম্ম ব্যতীত জীবনের দৈনন্দিন কোন কার্য্যই সম্পন্ন হইতে পারে না। অন্নবস্ত্র প্রভৃতি অতি প্রয়োজনীয় সামগ্রী সংগ্রহ করিতে হইলেও কর্ম্মের আবশ্যক। তীর্থ পর্য্যটনাদি ধর্ম্ম অর্জ্জন করিতেও কর্ম্মের প্রয়োজন। নিত্য নৈমিত্তিক শ্রেয়স্কর পুণ্য লাভ করিবার নিমিত্তও কর্ম্মসাধন আবশ্যক। ভিক্ষাটনাদির নিমিত্তও কর্ম্ম সংসাধন বিধেয়। ফলতঃ জীবনের কোন ব্যাপারই কর্ম্ম ভিন্ন-সংসিদ্ধ হইবার নহে। ধর্ম্ম, অর্থ, কাম ও মোক্ষ, এই চতুর্ব্বর্গ ফল লাভের নিমিত্ত কর্ম্মই মানবের একমাত্র অবলম্বনীয়। কর্ম্ম যদি মানবজীবনের এরূপ অবিচ্ছিন্নসহচর, কর্ম্ম ব্যতীত মনুষ্যের ইহলৌকিক ও পারলৌকিক কোনই শ্রেয়ঃ লব্ধ হইতে পারে না, তাহা হইলে ইহা স্বতঃসিদ্ধ যে, এই কর্ম্মই মানবের অবিচ্ছিন্ন সঙ্গী। পাপ হউক, পুণ্য হউক, ধর্ম্ম হউক, অধর্ম্ম হউক, সুখ হউক, দুঃখ হউক, ভোগ হউক, ত্যাগ হউক, সকল অবস্থাতেই কর্ম্মরাশি মনুষ্যের চতুর্দ্দিকে বেষ্টন করিয়া ধাবিত হইতেছে।

যদি কর্ম্মের সহিত মানবের এইরূপ সুদৃঢ় সম্বন্ধ বিদ্যমান রহিয়াছে, তাহা হইলে স্বতই প্রশ্ন হইতে পারে যে, কেন তবে ত্যাগের প্রসঙ্গ বার-বার আলোচিত হইতেছে? কর্ম্মত্যাগ যখন অসম্ভব, কর্ম্ম সাধন ব্যতীত

যখন গত্যন্তর নাই, তখন ত্যাগের প্রসঙ্গ অনাবশ্যক এবং তাহার তত্ত্ব-বিনির্ণয়ের চেষ্টাও নিষ্প্রয়োজন। এইরূপ আশঙ্কিত প্রশ্নের উত্তর স্বরূপে শ্রীভগবান্ সমালোচ্য শ্লোকে সুস্পষ্ট ভাষায় পরিব্যক্ত করিতেছেন যে, কর্ম্মত্যাগ মানবের পক্ষে অসম্ভব; কিন্তু কর্ম্মফলের সহিত সম্বন্ধ ত্যাগ তাহার সাধ্যাতীত নহে। ফলকামনা পরিত্যাগ করিয়া কর্ম্ম সম্পাদন করিতে কর্ম্মাধিকারী মানব অনায়াসেই সক্ষম। সেই অবস্থাই তাহার ত্যাগের অবস্থা। অভ্যাস দ্বারা, অনুশীলন দ্বারা মনকে গঠিত করিয়া ক্রমশঃ ফলকামনা বিসর্জ্জন পূর্ব্বক কর্ম্ম সাধন করিতে পারিলেই মানবকে ত্যাগশীল বলিয়া পরিগণিত করিতে হইবে, এবং তাদৃশ ফলাভিসন্ধি বিরহিত ত্যাগনিষ্ঠ পুরুষই ত্যাগীরূপে সম্মানিত হইবেন। এইরূপ ত্যাগের ফলে তিনি চিত্তশুদ্ধিরূপ পরম অবস্থা লাভ করিয়া আত্মজ্ঞানের উপযোগী হইবেন এবং এই কামনা ত্যাগের পথ দিয়াই তিনি পরমোন্নতি অর্জ্জন করিবেন।

পূজ্যপাদ শ্রীমচ্ছঙ্করাচার্য্য ও শ্রীমদানন্দগিরির অভিপ্রায়। যে কর্ম্মধিকারী পুরুষ পূর্ব্বোক্ত প্রণালী ক্রমে কর্ম্মানুষ্ঠান দ্বারা সংস্কৃতাত্মা অর্থাৎ বিশুদ্ধচিত্ত হইয়াছেন, জন্মাদি বিক্রিয়ারাহিত্য হেতু ক্রিয়ারহিত আত্মার স্বরূপ বুঝিতে পারিয়াছেন, সেই পুরুষ সকল কর্ম্ম মনের দ্বারা পরিত্যাগ পূর্ব্বক, "নৈব কুর্ব্বন্ন কারয়ন্" (৫। ১৩) এইতত্ত্বাববোধজনিত নিষ্ক্রিয়ভাবে উপবিষ্ট থাকিয়া নৈষ্কর্ম্মলক্ষণা জ্ঞাননিষ্ঠাকে প্রাপ্ত হন, অর্থাৎ কার্য্যের কর্ত্তৃত্ব বা কারয়িতৃত্ব কিছুই তিনি স্কন্ধে গ্রহণ করেন না, জ্ঞাননিষ্ঠা রূপ পরম অবস্থা প্রাপ্ত হইয়া তিনি লৌকিক কার্য্যাকার্য্যের প্রয়োজনীয়তা পরিহার করিয়াছেন। পূর্ব্বশ্লোকে ইত্যাকার বাক্যে কর্ম্মযোগের প্রয়োজনীয়তা পরিব্যক্ত হইয়াছে। বর্ত্তমান শ্লোকে ইহাই প্রদর্শিত হইতেছে যে, যে ব্যক্তি কর্ম্মাধিকারী হইয়াও দেহাদির অহঙ্কার প্রযুক্ত দেহভৃৎ অর্থাৎ অজ্ঞ, সেই ব্যক্তি আত্মাতেই কর্ত্তৃত্বের আরোপ করিয়া এবং প্রকৃষ্ট আত্মজ্ঞান শূন্য হইয়া আপনাকেই সকল ব্যাপারের কর্ত্তা বলিয়া নিশ্চয় করিয়া থাকে। তাদৃশ ব্যক্তি অশেষ কর্ম্ম পরিত্যাগে অশক্ত, অর্থাৎ যে অশেষ কর্ম্ম-জালে সে আবদ্ধ, তাহা বিচ্ছিন্ন করিয়া কর্ম্ম-নির্ম্মুক্ত হইতে তাহার সাধ্য নাই। তাদৃশ কর্ম্মাধিকারী ব্যক্তির পক্ষে ফলত্যাগ দ্বারা

কর্ম্মানুষ্ঠান করাই বিধেয়, কর্ম্মত্যাগ তাহার পক্ষে আবশ্যক নহে। এই তত্ত্বই এই স্থলে পরিস্ফুট হইতেছে। যাঁহারা দেহকে ধারণ করেন তাঁহারাই দেহভৃৎ; যাঁহারা দেহাত্মাভিমানপরায়ণ, অর্থাৎ দেহকেই আত্মা বোধে তৎসেবায় যাঁহারা আসক্ত, তাঁহারাই দেহভৃৎ। যাঁহারা বিবেকী অর্থাৎ বিবেকবলে যাঁহারা সারাসার বিনির্ণয়ে সমর্থ, তাঁহারা দেহভৃৎ-পদের বাচ্য নহেন। কারণ তাঁহারা "বেদাবিনাশিনং নিত্যং" (২য় অধ্যায় ২১ শ্লোক) ইত্যাদি রূপ তত্ত্বজ্ঞান প্রভাবে কর্ত্তৃত্বাভিমান হইতে নিবর্ত্তিত, অর্থাৎ এ সংসারের সকল ব্যাপারই নশ্বর ও অসারবোধে এবং আত্মা একমাত্র সৎ ও অবিক্রিয় পূর্ণ পদার্থ জ্ঞানে তাঁহারা অনুষ্ঠীয়মান যাবতীয় কর্ম্মে কর্ত্তৃত্বাভিমান শূন্য। আমি করিতেছি, আমি দেখিতেছি, ইত্যাকার বুদ্ধি সেই বিবেকী পুরুষদিগের নাই। কিন্তু যাঁহারা দেহভৃৎ অর্থাৎ অজ্ঞ, তাঁহারা নিঃশেষ রূপে কর্ম্মত্যাগ করিতে কদাপি সমর্থ নহেন। অর্থাৎ যথার্থ জ্ঞানের অভাবে তাঁহারা সত্যাসত্য বিনির্ণয়ে অক্ষম, সুতরাং প্রকৃষ্টরূপে সকল কর্ম্মত্যাগ তাঁহাদিগের পক্ষে সম্ভবপর নহে। অতএব যাঁহারা এতাদৃশ অজ্ঞ কর্ম্মাধিকারী, অর্থাৎ কর্ম্মনিষ্ঠ এবং কর্ম্ম দ্বারা জ্ঞানোন্নতিলিপ্সু অথবা সম্যক্ জ্ঞানালোকাভাবে প্রকৃত তত্ত্বাববোধে অক্ষম, তাঁহারা নিত্যকর্ম্ম করিতে করিতে যদি কর্ম্মজনিত ফলত্যাগ করিতে পারেন, তাহা হইলে তাঁহাদিগের সেই কর্ম্মফলাভিসন্ধিমাত্র ত্যাগ হেতু তাঁহারা ত্যাগী নামে অভিহিত হইয়া থাকেন। ইহার ভাবার্থ এই যে, তাঁহারা কর্ম্মত্যাগ না করিয়া কেবল ফলাভিসন্ধি ত্যাগ পূর্ব্বক যদি নিত্যাদি শ্রেয়ঃসাধক কর্ম্ম সম্পন্ন করেন, তাহা হইলেও তাঁহাদিগকে ত্যাগী বলিয়া স্বীকার করিতে হইবে। কিন্তু যাঁহারা অদেহভৃৎ অর্থাৎ বিবেক জ্ঞানসম্পন্ন এবং দেহে আত্মভাবের আরোপজনিত ভ্রান্তি বিরহিত, তাঁহারা নিঃশেষে কর্ম্মসন্ন্যাস করিতে সমর্থ। ইহার অভিপ্রায় এই যে, যাঁহারা প্রকৃত তত্ত্বজ্ঞ, যাঁহারা আত্মানাত্মবোধসম্পন্ন, তাঁহাদিগের উল্লিখিত অজ্ঞদিগের ন্যায় কর্ম্মবন্ধনে বদ্ধ থাকিতে হয় না, তাঁহারা আত্মাববোধজনিত নৈষ্কর্ম্ম্য অবলম্বন করিয়া নিঃশেষে নিত্য নৈমিত্তিক সর্ব্বপ্রকার কর্ম্ম পরিত্যাগ করিতে পারেন।

পূজ্যপাদ শ্রীমৎ শ্রীধর স্বামীর অভিপ্রায়। যদি কেহ বলেন যে,

এবম্ভূত কর্ম্মফল ত্যাগের অপেক্ষা বরং সর্ব্বকর্ম্ম ত্যাগই প্রশংসনীয়; কারণ সেরূপ সর্ব্বকর্ম্মত্যাগী হইলে কর্ম্মজনিত বিক্ষেপাভাবে অতি সহজেই হৃদয়ে জ্ঞানের আবির্ভাব হইতে পারিবে, অর্থাৎ কর্ম্মসাধনে নিবিষ্ট থাকিলে তাহা মনুষ্যের চিত্তকে নানা দিকে আকৃষ্ট করিয়া রাখে, কিন্তু এক বিষয়াভিমুখী না হইলে চিত্তের তদ্বিষয়ক সম্যক্ উন্নতি ঘটিতে পারে না। সুতরাং বলিতে হইবে যে, কর্ম্মসাধন চিত্তের বিক্ষেপকত্ব হেতু জ্ঞানোন্নতির প্রতিকূল। এরূপ অবস্থায় সর্ব্বতোভাবে কর্ম্মসন্ন্যাসই জ্ঞানোন্নতির অনুকূল সহায়। এইরূপ আশঙ্কা নিবারণ করিবার উদ্দেশে এই শ্লোক উপস্থিত করা হইতেছে। দেহভৃৎ অর্থাৎ দেহাভিমানী ব্যক্তিগণ নিঃশেষে কর্ম্মত্যাগ করিতে কখনই সক্ষম নহেন। শ্রীভগবানই পূর্ব্বে বলিয়াছেন, "নহি কশ্চিৎ ক্ষণমপি জাতু তিষ্ঠত্যকর্ম্মকৃৎ।" (৩য় অধ্যায় ৫ শ্লোক) অতএব যে ব্যক্তি কর্ম্ম করিতে করিতেই কর্ম্ম ফলত্যাগ করিতে সক্ষম হইয়াছেন, তিনিই মুখ্য ত্যাগী।

পূজ্যপাদ আচার্য্য মহোদয় ও স্বামী মহোদয়ের উপরিস্থিত অভিপ্রায়দ্বয় আলোচনা করিলে উপলব্ধ হয় যে, ভগবান্ শঙ্করাচার্য্য সর্ব্ব কর্ম্ম ত্যাগকেই শ্রেষ্ঠরূপে অবধারণ করিয়াছেন, এবং অজ্ঞ কর্ম্মাধিকারীর পক্ষে কর্ম্ম ফলত্যাগই বিধেয় বলিয়া নির্দ্দেশ করিয়াছেন। কিন্তু স্বামী মহোদয় দেখাইয়াছেন যে, কর্ম্মানুষ্ঠান পরায়ণ থাকিয়াও যদি কর্ম্মফল সন্ন্যাস হয়, তাহা হইলেই মুখ্য ত্যাগ বলিতে হইবে। এই মহাত্মাদ্বয়ের এতাদৃশ পার্থক্য আলোচনার বিষয়॥ ১১॥

——(:০::০:)——

অনিষ্টমিষ্টং মিশ্রঞ্চ ত্রিবিধং কর্ম্মণঃ ফলম্।
ভবত্যত্যাগিনাং প্রেত্য ন তু সন্ন্যাসিনাং ক্বচিৎ॥ ১২॥

অন্বয়। অত্যাগিনাং (কামনাযুক্তানাং) প্রেত্য (শরীরপাতানন্তরং) অনিষ্টং (নারকিত্বং) ইষ্টং (দেবত্বং) মিশ্রং (মনুষ্যত্বং) চ ত্রিবিধং (ত্রিপ্রকারং) কর্ম্মণঃ ফলং ভবতি, সন্ন্যাসিনাং (প্রকৃতত্যাগীনাং) তু ক্বচিৎ (কদাচিৎ) ন [ভবতি]॥ ১২॥

প্রতিশব্দ।— ত্যাগাশক্ত-গণের দেহপাতের-পর অনিষ্ট ইষ্ট এবং মিশ্র তিন-প্রকার কর্ম্মের ফল হয়, কিন্তু সন্ন্যাসিদিগের কখনও [হয়] না॥ ১২॥

ব্যাখ্যা।—কামনাপরায়ণ অত্যাগী ব্যক্তি মৃত্যুর পর নরকাদি প্রাপ্তিরূপ অনিষ্ট, স্বর্গভোগাদি রূপ ইষ্ট এবং মনুষ্যলোক প্রাপ্তি লক্ষণ মিশ্র, অনুষ্ঠিত কর্ম্মের এই ত্রিবিধ ফল লাভ করিয়া থাকে; কিন্তু যথার্থ ত্যাগী ব্যক্তিগণকে আচরিত কর্ম্মের ফলাভিসন্ধি পরিত্যাগ হেতু ইত্যাকার ফল লাভ করিতে হয় না॥ ১২॥

শঙ্করাচার্য্য।—কিং পুনস্তৎ প্রয়োজনং যৎসর্ব্বকর্ম্মপরিত্যাগাৎ স্যাদিত্যুচ্যতে। অনিষ্টং নরকতির্য্যগাদিলক্ষণং ইষ্টং দেবাদিলক্ষণং মিশ্রং ইষ্টানিষ্টসংযুক্তং মনুষ্যলক্ষণঞ্চৈবং ত্রিবিধং ত্রিঃপ্রকারং কর্ম্মণোধর্ম্মাধর্ম্মলক্ষণস্য ফলং বাহ্যানেককারকরূপং ব্যাপারনিষ্পন্নং সদবিদ্যাকৃত-মিন্দ্রজালমায়োপমং মহামোহকরং প্রত্যগাত্মোপসর্পীব ফল্‌গুতয়া লয়মদর্শনং গচ্ছতীতি ফল-নির্ব্বচনং তদেতদেব লক্ষণং ফলং ভবত্যত্যাগিনামজ্ঞানাং কর্ম্মিণামপরমার্থসন্ন্যাসিনাং প্রেত্য শরীরপাতাদূর্দ্ধং, ন তু পরমার্থসন্ন্যাসিনাং পরমহংসপরিব্রাজকাণাং কেবলজ্ঞাননিষ্ঠানাং কচিৎ হি কেবলসম্যগ্‌দর্শননিষ্ঠাহবিদ্যাদিসংসারবীজং নোন্মূলয়ন্তি কদাচিদিত্যর্থঃ॥ ১২॥

আনন্দগিরি।—উক্তাধিকারিণঃ সর্ব্বকর্ম্মসন্ন্যাসাসম্ভবেহপি ফলাভাবে কুতস্তস্য কর্ত্তব্যতেতিশঙ্কতে কিংপুনরিতি। গৌণস্য মুখ্যস্য বা সন্ন্যাসস্য ফলং পিপৃচ্ছিষিতমিতি বিকল্পয়তি উচ্যতইতি। সর্ব্বকর্ম্মত্যাগোনাম তদনুষ্ঠানেহপি তৎফলাভিসন্ধিত্যাগঃ সচামুখ্য-সন্ন্যাসস্তস্য ফলমাহ অনিষ্টমিতি। মুখ্যে তু সন্ন্যাসে সর্ব্বকর্ম্মত্যাগে সম্যগ্‌ধীদ্বারা সর্ব্বসংসা-রোচ্ছিত্তিরেব ফলমিত্যাহ নত্বিতি। পাদত্রয়ং ব্যাকরোতি অনিষ্টমিত্যাদিনা। তির্য্যগাদীত্যাদি-পদমবশিষ্টনিকৃষ্টযোনিসংগ্রহার্থং দেবাদীত্যাদিপদং বিশিষ্টোৎকৃষ্টযোনিগ্রহণায়েতি বিভাগঃ। ফলশব্দং ব্যুৎপাদয়তি বাহ্যেতি। কারণদ্বারকমনেকবিধত্বমুক্ত্বা মিথ্যাত্বমাহ অবিদ্যেতি। তৎকৃত-ত্বেন দৃষ্টিমাত্রদেহত্বে দৃষ্টান্তমাহ ইন্দ্রেতি। প্রতীতিতোরমণীয়ত্বং সূচয়তি মহামোহেতি। অবি-চাখ্যশ্চাবিদ্যাশ্রিতত্বাদাত্মাশ্রিতত্বং বস্তুতোনাস্তীত্যাহ প্রত্যগিতি। উক্তং ফলং কর্ম্মিণামীষ্যতে চদমুখ্যসন্ন্যাসফলোক্তিপরত্বং পাদত্রয়স্য কথমিষ্টমিত্যাশঙ্ক্যাহ অপরমার্থেতি। ফলাভিসন্ধি-রকলানাং কর্ম্মিণাং দেহপাতাদূর্দ্ধং কর্ম্মানুরোধি ফলমাবশ্যকমিত্যর্থঃ। কর্ম্মিণামেব সতামফলাভি-হীনামমুখ্যসন্ন্যাসিত্বাত্তদীয়ামুখ্যসন্ন্যাসস্য ফলমুক্ত্বা চতুর্থপাদং ব্যাচষ্টে নত্বিতি। অমুখ্যসন্ন্যাস-বস্তুরপ্রকৃতং ব্যবচ্ছিনত্তি পরমার্থেতি তেষাং প্রধানং ধর্ম্মমুপদিশতি কেবলেতি। কচিদ্দেশে দেশে বা নাস্তি যথোক্তং ফলং তেষামিতি সম্বন্ধঃ। তর্হি পরমার্থসন্ন্যাসোহফলত্বাৎ নানুষ্ঠেয়স্তে-শঙ্ক্য তস্য শোকাবসায়িত্বাৎসময়িত্বাহ নহীতি॥ ১২॥

রামানুজ।—নমু কর্ম্মাণ্যগ্নিহোত্রদর্শপূর্ণমাসজ্যোতিষ্টোমাদীনি মহাযজ্ঞাদীনি চ স্বর্গাদিফলসম্বন্ধতয়া শাস্ত্রৈর্বিধীয়ন্তে। নিত্যনৈমিত্তিকানামপি প্রাজাপত্যং গৃহস্থানামিত্যাদি ফলসম্বন্ধিতয়ৈব হি চোদনা অতস্তত্তৎ ফলসাধনস্বভাবতয়াবগতানাং কর্ম্মণামনুষ্ঠানে বীজাপাদীনামিবানভিসংহিতফলস্যাপীষ্টানিষ্টরূপফলসম্বন্ধোহবর্জ্জনীয়ঃ। অতো মোক্ষবিরোধিফলত্বেন মুমুক্ষুণা ন কর্ম্মানুষ্ঠেয়মিত্যত উত্তরমাহ অনিষ্টমিতি। অনিষ্টং নরকাদিফলং ইষ্টং স্বর্গাদি ফলং মিশ্রমনিষ্টসংভিন্নং পুত্রার্থপশ্বন্নাদি এতৎ ত্রিবিধং কর্ম্মণঃ ফলমত্যাগিনাং কর্ত্তৃত্বমমতাফলত্যাগরহিতানাং প্রেত্য ভবতি প্রেত্য কর্ম্মানুষ্ঠানোত্তরকালমিত্যর্থঃ। নতু সন্ন্যাসিনাং কচিৎ নতু কর্ত্তৃত্বাদিপরিত্যাগিনাং ক্বচিদপি মোক্ষবিরোধিফলং ভবতি। এতদুক্তং ভবতি। যদ্যপ্যগ্নিহোত্রমহাযজ্ঞাদীনি নিত্যান্যেব তথাপি জীবনাধিকারকামাধিকারয়োরিব মোক্ষাধিকারেচ বিনিয়োগঃ পৃথক্‌ত্বেন পরিহ্রিয়তে। মোক্ষবিনিয়োগশ্চ "তমেতং বেদানুবচনেন ব্রাহ্মণা বিবিদিষন্তি যজ্ঞেন দানেন তপসা নাশকেনে"ত্যাদিভিরিতি। তদেবং ক্রিয়মাণেষু স্বকর্ম্মসু কর্ত্তৃত্বাদিপরিত্যাগঃ শাস্ত্রসিদ্ধঃ সন্ন্যাসঃ সএব চ ত্যাগ ইত্যুক্তং ॥১২॥

হনুমান্।—অনিষ্টং কেখ্যং ইষ্টমিষ্যমাণং মিশ্রমুভয়াত্মকং ইষ্টানিষ্টকর্ম্মণঃ ফলং ফলতয়া লীয়ত ইতি ফলং তত্র ত্রিবিধং প্রকারং ভবতি জায়তে অত্যাগিনামজ্ঞানাং কর্ম্মিণাং পরমার্থ সংন্যাসিনাং কেবলজ্ঞাননিষ্ঠানাং তু কৃতসর্ব্বকর্ম্মসংন্যাসাত্তু ভবতিইতি প্রকৃতে ন সর্ব্বং ইতি কর্ম্মানুষ্ঠানেন ফলাভিসন্ধিরহিতেন প্রাপ্তসত্ত্বশুদ্ধীনাং সকলকর্ম্মসংন্যাসো বিধীয়তে॥ ১২॥

শ্রীধর।—এবম্ভূতস্য কর্ম্মফলত্যাগস্য ফলমাহ অনিষ্টমিতি। অনিষ্টং নারকিত্বং ইষ্টং দেবত্বং মিশ্রং মনুষ্যত্বং এবং ত্রিবিধং পাপস্য পুণ্যস্য চোভয়মিশ্রস্য চ কর্ম্মণোযৎ ফলং প্রসিদ্ধং তৎ সর্ব্বমত্যাগিনাং সকামানামেব প্রেত্য পরত্র ভবতি তেষাং ত্রিবিধকর্ম্মসম্ভবাৎ নতু সংন্যাসিনাং ক্বচিদপি ভবতি। সন্ন্যাসিশব্দেনাত্র ফলত্যাগসাম্যাৎ প্রকৃতাঃ কর্ম্মফলত্যাগিনো গৃহ্যন্তে, "অনাশ্রিতঃ কর্ম্মফলং কার্য্যং কর্ম্ম করোতি যঃ। স সংন্যাসী চ যোগী চে"ত্যেবমাদৌ কর্ম্মফলত্যাগিষু সংন্যাসিশব্দপ্রয়োগদর্শনাৎ। তেষাং সাত্ত্বিকানাং পাপাসম্ভবাদীশ্বরার্পণেন চ পুণ্যফলস্য ত্যক্তত্বাৎ ত্রিবিধমপি কর্ম্মফলং ন ভবতীত্যর্থঃ॥ ১২॥

বলদেব।—ঈদৃশত্যাগাভাবে দোষমাহানিষ্টমিতি। অনিষ্টং নারকিত্বম্, ইষ্টং স্বর্গিত্বম্, মিশ্রং মনুষ্যত্বম্। দুঃখসুখযোগীতি ত্রিবিধং কর্ম্মফলম্। অত্যাগিনামুক্তত্যাগরহিতানাং প্রেত্য পরকালে ভবতি ন তু সন্ন্যাসিনামুক্তত্যাগবতাং তেষাং তু কর্ম্মানুগতেন জ্ঞানেন মোক্ষো ভবতীতি ত্যাগফলমুক্তম্॥ ১২॥

মধুসূদন।—নমু দেহভৃতঃ পরমাত্মজ্ঞানশূন্যস্য কর্ম্মিণোহপি কর্ম্মফলাভিসন্ধিত্যাগিত্বেন গৌণসংন্যাসিনঃ পরমাত্মজ্ঞানবতোদেহাভিমানরহিতস্য সর্ব্বকর্ম্মত্যাগিনোমুখ্যসংন্যাসিনশ্চ কঃ ফলে বিশেষো যদলাভেন গৌণত্বমেকস্য সন্ন্যাসেন চ মুখ্যত্বমন্যস্য, কর্ম্মফলত্যাগিত্বং তু দ্বয়োরপি তুল্যমিত্যাশঙ্ক্যাবিশেষোবাচ্যঃ, উচ্যতে, অত্যাগিনাং কর্ম্মফলত্যাগিত্বেহপি কর্ম্মানুষ্ঠায়িনামজ্ঞানাং গৌণসংন্যাসিনাং প্রেত্য বিবিদিষাপর্য্যন্তসত্ত্বশুদ্ধেঃ প্রাগেব মৃত্যনা পূর্ব্বকৃতস্য কর্ম্মণঃ ফলং

শরীরগ্রহণং ভবতি মায়াময়ং ফল্গুতয়া লয়মদর্শনং গচ্ছতীত নিরুক্তেঃ (কর্ম্মণ ইতি জাত্যভিপ্রায়মেকবচনং) একস্য ত্রিবিধফলত্বানুপপত্তেঃ তচ্চ ফলং কর্ম্মণস্ত্রিবিধত্বাৎ ত্রিবিধং পাপস্যানিষ্টং প্রতিকূলবেদনীয়ং নারকতির্য্যগাদিলক্ষণং পুণ্যস্য ইষ্টমনুকূলবেদনীয়ং দেবাদিলক্ষণং, মিশ্রস্য তু পাপপুণ্যযুগলস্য মিশ্রমিষ্টানিষ্টসংযুক্তং মানুষ্যলক্ষণমিত্যেবং ত্রিবিধমিত্যনুবাদোঽয়মস্যার্থঃ এবং গৌণসংন্যাসিনাং শরীরপাতাদূর্দ্ধং শরীরান্তরগ্রহণমাবশ্যকমিত্যুক্ত্বা মুখ্যসংন্যাসিনাং পরমাত্মসাক্ষাৎকারেণাঽবিদ্যা তৎকার্য্যনিবৃত্তৌ বিদেহকৈবল্যমেবেত্যাহ ন তু সংন্যাসিনাং পরমাত্মজ্ঞানবতাং মুখ্যসংন্যাসিনাং পরমহংসপরিব্রাজকানাং প্রেত্য কর্ম্মণঃ ফলং শরীরগ্রহণমনিষ্টমিষ্টং মিশ্রঞ্চ কচিদ্দেশে কালে বা ন ভবত্যেবেত্যবধারণার্থস্তুশব্দঃ। জ্ঞানেনাজ্ঞানস্যোচ্ছেদে তৎকার্য্যানাং কর্ম্মণামুচ্ছিন্নত্বাৎ। তথা চ শ্রুতিঃ,—"ভিদ্যতে হৃদয়গ্রন্থিশ্ছিদ্যন্তে সর্ব্বসংশয়াঃ। ক্ষীয়ন্তে চাস্য কর্ম্মাণি তস্মিন্ দৃষ্টে পরাবরইতি।" পারমর্ষং চ সূত্রম্। "তদধিগমউত্তরপূর্ব্বাঘয়োরশ্লেষবিনাশৌ তদ্ব্যপদেশাদিতি।" পরমাত্মজ্ঞানাদশেষকর্ম্মক্ষয়ং দর্শয়তি তেন গৌণসংন্যাসিনাং পুনঃ সংসারঃ মুখ্যসংন্যাসিনাং তু মোক্ষ ইতি ফলে বিশেষ উক্তঃ। অত্র কশ্চিদাহ "অনাশ্রিতঃ কর্ম্মফলং কার্য্যং কর্ম্ম করোতি যঃ। স সংন্যাসী চে"ত্যাদৌ কর্ম্মফলত্যাগিষু সংন্যাসিশব্দপ্রয়োগাৎ কর্ম্মিণ এবাত্র ফলত্যাগসাম্যাৎ সংন্যাসিশব্দেন গৃহ্যন্তে তেষাং চ সাত্ত্বিকানাং নিত্যকর্ম্মানুষ্ঠানেন নিষিদ্ধকর্ম্মানুষ্ঠানেন চ পাপাসম্ভবাৎ নানিষ্টং ফলং সম্ভবতি, নাপীষ্টং কাম্যাননুষ্ঠানাৎ ঈশ্বরার্পণেন ফলস্য ত্যক্তত্বাচ্চ, অতএব মিশ্রমপি নেতি ত্রিবিধকর্ম্মফলাসম্ভবঃ। অতএবোক্তং,—"মোক্ষার্থী ন প্রবর্ত্তেত তত্র কাম্যনিষিদ্ধয়োঃ। নিত্যনৈমিত্তিকে কুর্য্যাৎ প্রত্যবায়জিহাসয়া॥" ইতি। স বক্তব্যঃ শব্দস্যার্থস্য চ মর্য্যাদা ন নিরধারি ভবতেতি। তথাহি গৌণমুখ্যয়োর্মুখ্যে কার্য্যসংপ্রত্যয় ইতি শব্দমর্য্যাদা, যথা "অমাবাস্যায়ামপরাহ্নে পিণ্ডপিতৃযজ্ঞেন চরন্তী"ত্যত্র অমাবস্যাশব্দঃ কালে মুখ্যঃ তৎকালোৎপন্নে কর্ম্মণি চ গৌণঃ, স এবং বিদ্বানমাবাস্যাং যজত ইত্যাদৌ তত্রামাবাস্যামিতি কর্ম্মগ্রহণে পিতৃযজ্ঞস্য তদঙ্গত্বান্ন ফলং কল্পনীয়মিতি বিধের্লাঘবমিতি পূর্ব্বপক্ষিতং কাত্যায়নেন অঙ্গং বা সমভিব্যাহারাদিতি গৌণার্থস্য মুখ্যার্থোপস্থিতিপূর্ব্বকত্বান্মুখ্যার্থস্য চেহাবাধাদমাবাস্যাশব্দেন কাল এব গৃহ্যতে ফলকল্পনাগৌরবং তূত্তরকালীনং প্রমাণত্বাদঙ্গীকার্য্যমিতি সিদ্ধান্তিতং জৈমিনিনা। পিতৃযজ্ঞঃ স্বকালত্বাদনঙ্গং স্যাদিতি। এবং স্থিতে সংন্যাসিশব্দস্য সর্ব্বকর্ম্মত্যাগিনি মুখ্যত্বাৎ কর্ম্মণি চ ফলত্যাগসাম্যেন গৌণত্বান্মুখ্যার্থস্য চেহাবাধাত্তস্যৈব সংন্যাসিশব্দেন গ্রহণমিতি শব্দমর্য্যাদয়া সিদ্ধং। সত্যাং কারণসামগ্র্যাং কার্য্যোৎপাদ ইতি চার্থমর্য্যাদা। তথাহি ঈশ্বরার্পণেন ত্যক্তকর্ম্মফলস্যাপি সত্ত্বশুদ্ধ্যর্থং নিত্যানি কর্ম্মাণ্যনুতিষ্ঠতোঽন্তরালে মৃতস্য প্রাগর্জ্জিতৈঃ কর্ম্মভিস্ত্রিবিধং শরীরগ্রহণং কেন বার্য্যতে,—"যো বা এতদক্ষরং গার্গ্যবিদিত্বাঽস্মাল্লোকাৎ প্রৈতি স কৃপণ" ইতি শ্রুতেঃ। অন্ততঃ সত্ত্বশুদ্ধিফলজ্ঞানোৎপত্ত্যর্থং তদধিকারিশরীরমপি তস্যাবশ্যকমেব, অতএব বিবিদিষাসংন্যাসিনঃ শ্রবণাদিকং কুর্ব্বতোঽন্তরালে মৃতস্য যোগভ্রষ্টশব্দবাচ্যস্য "শুচীনাং শ্রীমতাং গেহে যোগভ্রষ্টোঽভিজায়তে" ইত্যাদিনা জ্ঞানাধিকারিশরীরপ্রাপ্তিরবশ্যং ভাবিনীতি নির্ণীতং ষষ্ঠে। যত্র সর্ব্বকর্ম্মত্যাগিনোঽপ্যজ্ঞস্য শরীরগ্রহণমাবশ্যকং তত্র কিং বক্তব্যমজ্ঞস্য কর্ম্মিণইতি, ২

যেরূপ ফলাফলের উদ্ভব হইয়া থাকে, তাহা তিন ভাগে বিভক্ত হইতে পারে। তাহারই বিবরণ এই শ্লোকে বর্ণনীয়।

পূজ্যপাদ শ্রীমচ্ছঙ্করাচার্য্যের অভিপ্রায়। সর্ব্বকর্ম্ম পরিত্যাগ হেতু কি হইয়া থাকে, এবং সেরূপ কর্ম্মত্যাগের প্রযোজনই বা কি, তাহাই এক্ষণে কথিত হইতেছে। কর্ম্মের ফল ত্রিবিধ; অনিষ্ট, ইষ্ট এবং মিশ্র। নরক-তির্য্যগাদি লক্ষণ ফলই অনিষ্ট, অর্থাৎ যে কর্ম্ম দ্বারা নরক প্রাপ্তি ব. তির্য্যগাদিরূপ জন্মান্তর সংঘটিত হয়, তাহাই অনিষ্ট। দেবাদিলক্ষণ অর্থাৎ দেবাদির ভাব প্রাপ্তি বা তল্লোকপ্রাপ্তি ইষ্টফল রূপে গ্রহণীয়। আর ইষ্টানিষ্টযুক্ত মনুষ্যলক্ষণ যে ফল, তাহাই মিশ্র। ধর্ম্মাধর্ম্ম লক্ষণ কর্ম্মের উল্লিখিত রূপ তিন প্রকার ফল নির্দ্দিষ্ট আছে। এই সকল ফল বাহ্যতঃ অনেককারকরূপ, অর্থাৎ বহুপ্রকার কারণ যুক্ত, অনেক ব্যাপারের পরিণাম স্বরূপ, এবং ইন্দ্রজাল (২৫৪৮ পৃষ্ঠার টিপ্পনী দ্রষ্টব্য) যেমন অলীক, তদ্বৎ সেই সমস্ত ফল মায়াচ্ছন্ন অবিদ্যাকৃত; ইহার ভাবার্থ এই যে, উপরে যে ত্রিবিধ ফলের প্রসঙ্গ নির্দ্দিষ্ট হইল, তৎ-সমস্ত অবিদ্যাকৃত মিথ্যাভূত অর্থাৎ তাহার কোন ফলই চিরস্থায়ী নহে এবং কিছুরই সহিত অবিনাশী সম্বন্ধ হইতে পারে না। কারণ নিয়মিত ভোগাবসানে নরকত্ব বা তির্য্যকত্বের অবসান হয়, দেবত্বেরও শেষ হয় এবং মনুষ্যত্বেরও সমাপ্তি হয়। সুতরাং তৎসমস্ত ফল মহামোহকর; দারুণ মোহপ্রযুক্ত লোকে তৎপ্রতি আকৃষ্ট হইয়া থাকে, অথবা সেই ফলসমূহই লোকের হৃদয়ে দুর্দ্দমনীয় মোহের উদ্ভাবন করিয়া তৎপ্রতি আকৃষ্টচিত্ত করিয়া থাকে। এই কারণে প্রত্যগাত্মার অর্থাৎ দেহবদ্ধ আত্মার সহিত সেই সকল ফলের কোনই সম্বন্ধ নাই। তত্তাবৎ অসার ও নিরর্থক রূপে স্বতই লয়প্রাপ্ত হয়। এই সকল ফল অত্যাগী অর্থাৎ অজ্ঞানী, কর্ম্মাধিকারী, অপরমার্থ সন্ন্যাসিদিগেরই ঘটিয়া থাকে, অর্থাৎ জ্ঞানের দ্বারা যাঁহাদিগের কর্ম্মবন্ধন ছিন্ন হয় নাই, যাঁহারা বিবেক বলে সারাসার অবধারণ কবিতে সক্ষম হন নাই, তাদৃশ কর্ম্মনিষ্ঠ অপরমার্থ সন্ন্যাসিগণই মরণের পর উল্লিখিত রূপ ফল প্রাপ্ত হইয়া থাকেন। এই শরীরপাতের পর উল্লিখিতরূপে নানা প্রকার ফল কর্ম্মানুসারে তাঁহাদিগকে আশ্রয় করে। কিন্তু যাঁহারা পরমার্থ সন্ন্যাসী, যাঁহা

পরমহংস, পরিব্রাজক*, যাঁহারা জ্ঞাননিষ্ঠ, তাঁহাদিগকে মরণোত্তর কালে কদাচ এরূপ ফলাফলের অধীন হইতে হয় না। তাঁহাদিগের সম্যক্ দর্শন প্রভাবেই অবিদ্যাজনিত সংসার-বীজ উন্মূলিত হইয়া থাকে। এতাবতা অজ্ঞান কর্ম্মিগণের কর্ম্মের অপেক্ষা জ্ঞানবানগণের কর্ম্মত্যাগ প্রশংসিত হইল। অজ্ঞানিগণের কৃত কর্ম্ম সমূহ যে ফল প্রসব করে, তাহা অনর্থক; কিন্তু জ্ঞানিগণ বিবেক বলে পরমার্থ সন্ন্যাস অবলম্বন করিয়া পরম তত্ত্ব লাভ করেন।

পূজ্যপাদ শ্রীমদ্রামানুজাচার্য্যের অভিপ্রায়। আশঙ্কা হইতে পারে যে, অগ্নিহোত্র,দর্শ পৌর্ণমাস (১৯২ পৃষ্ঠার টিপ্পনী দ্রষ্টব্য) জ্যোতিষ্টোমাদি ও মহাযজ্ঞাদি ক্রিয়া সমূহের অনুষ্ঠান স্বর্গাদি ফলজনক রূপে শাস্ত্রাদিতে বিহিত হইয়াছে। সুতরাং ইহাও অনুমিত হইতেছে যে, নিত্য নৈমিত্তিক ক্রিয়া সমূহ গৃহস্থদিগের ফলবিধায়ক রূপে বিহিত হইয়াছে। অতএব বীজ বপন করিলে কাল সহকারে যেমন তাহার ফল উৎপন্ন হইয়া থাকে, তদ্রূপ ফলাভিসন্ধি পরিত্যাগ করিয়াও কর্ম্মানুষ্ঠান করিলে অবশ্যই যথা কালে তাহার বিহিত ফল উপস্থিত হইবে। অতএব মুমুক্ষুব্যক্তিগণ মনে করিতে পারেন যে, কর্ম্মসমূহ মোক্ষের বিরোধী, সুতরাং তত্তাবতের অনুষ্ঠান না করাই শ্রেয়ঃ। তাঁহাদিগের মনে হইতে পারে যে, ইচ্ছায় হউক অনিচ্ছায় হউক, কর্ম্মানুষ্ঠান করিলে সেই কর্ম্মের অপরিবর্জ্জনীয় ফল তাঁহাকে নিশ্চয়ই আশ্রয় করিবে। তিনি এরূপও জানেন যে, সেই ফল মোক্ষ নহে, তাহা রূপান্তরিত বন্ধন মাত্র। অতএব এতাদৃশ মোক্ষবিরোধী ফলপ্রসূ কর্ম্মসাধনে মোক্ষাভিলাষী ব্যক্তির কেন আকাঙ্ক্ষা হইবে? এইরূপ আশঙ্কার উত্তর এই শ্লোকে প্রদত্ত হইতেছে। কর্ম্মের ত্রিবিধ ফল;

* পরিব্রাজক।—সন্ন্যাসীর নামান্তর। যে চারি আশ্রমে পারম্পর্য্য ক্রমে জীবন অতিবাহিত করিতে সনাতন ধর্ম্মাবলম্বী ব্রাহ্মণগণ বাধ্য, পরিব্রাজকাশ্রম তাহারই চতুর্থ। এই সময়ে তাঁহারা ভিক্ষু বা সন্ন্যাসী নামেও অভিহিত হইয়া থাকেন। পরিব্রাজকগণ সর্ব্বকর্ম্ম ত্যাগী, অনির্দ্দিষ্ট বাস, বহুতীর্থাদি ভ্রমণনিষ্ঠ। গরুড় পুরাণে তাঁহাদিগের সম্বন্ধে নিম্নলিখিত বিবরণ দৃষ্ট হয়। "সর্ব্বারম্ভপরিত্যাগী ভৈক্ষ্যাশ্যং বৃক্ষমূলতা। নিষ্পরিগ্রহতাদ্রোহঃ সমতা সর্ব্বজন্তুষু। প্রিয়াপ্রিয়পরিষঙ্গে সুখদুঃখাবিকারিতা। সবাহ্যাভ্যন্তরং শৌচং সুখদুঃখাবিকারিতা। সর্ব্বেন্দ্রিয় সমাহারো ধারণাধ্যাননিত্যতা। ভাবসংশুদ্ধিরিত্যেষ পরিব্রাড়্‌ধর্ম্ম উচ্যতে॥" (গরুড় পুরাণ)

নরকাদি ফল অনিষ্ট, স্বর্গাদি ফল ইষ্ট এবং অনিষ্ট মিশ্রিত পুত্র, পশু, অন্নাদি ফল মিশ্র। সংসারে পুত্র, পশু, অন্ন প্রভৃতি পদার্থ মানবের পরম সুখবিধায়ক সামগ্রী হইলেও যে পরমার্থ লাভ করা মনুষ্য জীবনের লক্ষ্য, তত্তাবৎ তাহার প্রতিকূল। এই জন্যই তৎসমস্তকে অনিষ্টসংভিন্ন শব্দে বিশেষিত করা হইয়াছে। যাঁহাদের হৃদয় হইতে মমত্ব, কর্তৃত্ব এবং ফলাভিসন্ধি দূর হয় নাই, সেই অত্যাগিদিগের কর্ম্মানুষ্ঠানোত্তর কালে উল্লিখিত তিন প্রকার ফল উৎপন্ন হইয়া থাকে। যতদিন দেহের সহিত আত্মার সম্বন্ধ, ততদিনই কর্ম্মানুষ্ঠান; কালে মৃত্যুর দ্বারা সেই সম্বন্ধ অবসিত হইলে মনুষ্যের কর্ম্মোচিত ফলাফল প্রাপ্তির সময় উপস্থিত হয়। কিন্তু সন্ন্যাসিদিগের কখনই এরূপ হয় না। যাঁহারা কর্তৃত্বাদি অভিমা পরিত্যাগী, তাঁহাদিগকে কখনই মোক্ষ বিরোধী ফল প্রাপ্ত হইতে হয় না ইহাও বলা যাইতে পারে যে, যদিও অগ্নিহোত্র, মহাযজ্ঞাদি কর্মসমূ কেবল ফলপ্রদ রূপে নির্দ্দিষ্ট হইয়াছে, তথাপি তত্তাবৎ পৃথক্ ভাবে মোক্ষ বিধায়ক রূপে অনুষ্ঠিত হইতে পারে, অর্থাৎ সেই সকল নিত্যকর্ম্মের যেম ফল প্রদান শক্তি আছে, সেইরূপ মোক্ষপ্রদান সামর্থ্যও আছে শ্রুতিও বলিয়াছেন, "তমেতং বেদানুবচনেন ব্রাহ্মণা বিবিদিষন্তি যজ্ঞে দানেন তপসানাশকেন।" (বৃহদারণ্যকোপনিষৎ ৪।৪।২২) এতদ্দ্বার ইহাই প্রতিপন্ন হইতেছে যে, উল্লিখিত কর্মসমূহ কামনামূলক বা ফলপ্র হইলেও তত্তাবৎ যে ব্রহ্মপ্রাপক সুতরাং মোক্ষবিধায়ক তদ্বিষয়ে সংশ নাই। অতএব ইহাই সিদ্ধ হইতেছে যে, অনুষ্ঠীয়মান স্বকর্ম্ম হইতে স্বকী কর্তৃত্বাদি অভিমান পরিহার করাই যথার্থ শাস্ত্রীয় সন্ন্যাস, তাহাই ত্যা নামেও অভিহিত।

পূজ্যপাদ শ্রীমৎ শ্রীধরস্বামীর অভিপ্রায়। উল্লিখিত রূপে কর্ম্মফল ত্যাগের ফল কি, তাহাই এক্ষণে প্রদর্শিত হইতেছে। মনুষ্যের কর্ম সমূহ পাপপুণ্য উভয় মিশ্রিত। এই পাপপুণ্য মিশ্রিত কর্ম্মের ত্রিবিধ ফল উৎপন্ন হইয়া থাকে। নারকিত্বরূপ অনিষ্ট, দেবত্ব রূপ ইষ্ট এবং মনুষ্যত্ব রূপ মিশ্র। যাঁহারা অত্যাগী অর্থাৎ সকাম, তাঁহাদিগেরই পরত্র উল্লিখিত ত্রিবিধ ফল ঘটিয়া থাকে। কিন্তু সন্ন্যাসিদিগের কখনও এরূপ ফল হ না; এস্থলে সন্ন্যাসী শব্দ দ্বারা প্রকৃতিসিদ্ধ কর্ম্মফল ত্যাগিদিগেরা

উল্লেখ করা হইয়াছে। কর্ম্মফল ত্যাগ ও কর্ম্মত্যাগ এই উভয়েই ত্যাগের সাম্য আছে। সেই সাম্য হেতু ফলত্যাগিগণই এস্থলে লক্ষিত। শ্রীভগবান্‌ও পূর্ব্বে সন্ন্যাসী শব্দের এইরূপই অর্থ-নির্দ্দেশ করিয়াছেন। যথা; "অনাশ্রিতঃ কর্ম্মফলং কার্য্যং কর্ম্ম করোতি যঃ। স সন্ন্যাসী চ যোগী চ ন নিরগ্নির্ন চাক্রিয়ঃ॥" (৬ষ্ঠ অধ্যায় ১ম শ্লোক) এতদ্দ্বারা কর্ম্মফল ত্যাগিগণই সন্ন্যাসী নামে নির্দ্দিষ্ট হইয়াছেন। সেই সত্ত্বগুণাবলম্বী মহাত্মাগণের পক্ষে পাপোদয় অসম্ভব; কারণ তাঁহারা কর্ম্ম মাত্রেরই ফলত্যাগী, তজ্জন্য যদি কোন পুণ্য ফল থাকে, তাহাও তাঁহারা ঈশ্বরে অর্পণ করিয়াছেন। এজন্য কর্ম্মজনিত উক্ত ত্রিবিধ ফল তাঁহাদিগকে আশ্রয় করিতে পারে না।

এতাবতা ইহাই লব্ধ হইতেছে যে, ফলকামনা পূর্ব্বক কর্ম্মানুষ্ঠান করাই যাবতীয় অনিষ্টের হেতুভূত। ইষ্টানিষ্ট বা মিশ্রফল সকলই অকিঞ্চিৎকর। সেই সামান্য ফললোভে অন্ধ হইয়া মনুষ্য আপনার অধোগতি আনয়ন করে। ঐহিক কামনায় ব্যাপৃত হইয়া বারংবার মনুষ্য অথবা তদপেক্ষাও হীনতর জন্ম পরিগ্রহ করে, অথবা নরকাদি বাসরূপ নিদারুণ ক্লেশে দগ্ধ হইতে থাকে। কিন্তু যাঁহারা ফলত্যাগী, তাঁহাদের এরূপ কোন অনিষ্টাশঙ্কা নাই। এই জন্য মানবের কর্ম্মসাধন কালে ফলত্যাগ এবং কর্ম্মজনিত পুণ্যাদি শ্রীভগবচ্চরণে সমর্পণ করিবার অভ্যাস করা উচিত। হৃদয় হইতে কর্ত্তৃত্বাভিমান ও ফলাভিসন্ধি পরিহার করিবার অভ্যাস সহসা সঞ্জাত হয় না, ধীরে ধীরে সতত লক্ষ্য স্থির রাখিয়া কর্ম্মানুষ্ঠান করিতে করিতে সেই অভ্যাস কালক্রমে দৃঢ়ীভূত হইতে পারে॥ ১২॥

——(:০০:)——

পঞ্চৈমানি মহাবাহো! কারণানি নিবোধ মে।
সাংখ্যে কৃতান্তে প্রোক্তানি সিদ্ধয়ে সর্ব্বকর্ম্মণাং॥১৩॥

অন্বয়।—হে মহাবাহো! সর্ব্বকর্ম্মণাং সিদ্ধয়ে (নিষ্পত্তয়ে) কৃতান্তে (কর্ম্মান্তপ্রতিপাদকে) সাংখ্যে (বেদান্তে) প্রোক্তানি (কথি-

☞ পাঠান্তর।—পঞ্চৈতানি।

তানি) এতানি (বক্ষ্যমাণানি) পঞ্চ কারণানি মে (মম সকাশাৎ) নিবোধ (জানীহি) ॥ ১৩ ॥

প্রতিশব্দ।—হে মহাবাহো! সকল-কর্ম্মের সিদ্ধির-নিমিত্ত কর্ম্মান্ত-প্রতিপাদক বেদান্তে কথিত এই পঞ্চ কারণ আমার-নিকট জ্ঞাত-হও ॥ ১৩ ॥

ব্যাখ্যা।—হে মহাবাহো অর্জ্জুন! কর্ম্মসমূহের সিদ্ধিবিষয়ে, কর্ম্ম-সমাপ্তি প্রতিপাদক বেদান্ত শাস্ত্রে নির্দ্দিষ্ট, বক্ষ্যমাণ পঞ্চবিধ কারণ আমি নির্দ্দেশ করিতেছি, তুমি তাহা শ্রবণ করিয়া তদ্বিষয় সবিশেষ জ্ঞাত হও ॥ ১৩ ॥

শঙ্করাচার্য্য।—অতঃ পরমার্থদর্শিন· এবাশেষকর্ম্মসন্ন্যাসিত্বং সম্ভবত্যবিদ্যাধ্যারোপিত-ত্বাদাত্মনি ক্রিয়াকারকফলানাং ন ত্বজ্ঞস্যাধিষ্ঠানাদীনি ক্রিয়াকর্ত্তৄণি কারকাণ্যাত্মত্বেন পশ্যতোহশেষকর্ম্মসন্ন্যাসঃ সম্ভবতি। তদেতদুত্তরৈঃ শ্লোকৈর্দর্শয়তি পঞ্চেতি। পঞ্চ ইমানি বক্ষ্যমাণানি হে মহাবাহো! কারণানি নিবর্ত্তকানি নিবোধ মে মম ইত্যুত্তরত্র চেতঃসমাধানার্থং বস্তুবৈষম্যপ্রদর্শনার্থং চ, তানি চ কারণানি জ্ঞাতব্যতয়া স্তৌতি, সাঙ্খ্যে জ্ঞাতব্যাঃ পদার্থাঃ সঙ্খ্যায়ন্তে যস্মিন্ শাস্ত্রে তৎ সাঙ্খ্যং বেদান্তঃ, কৃতান্ত ইতি তস্যৈব বিশেষণং কৃতমিতি কর্ম্মোচ্যতে তস্যান্তঃ পরিসমাপ্তির্যত্র স কৃতান্তঃ কর্ম্মান্তঃ ইত্যেতৎ "যাবানর্থ উদপানে, সর্ব্বং কর্ম্মাখিলং পার্থ! জ্ঞানে পরিসমাপ্যতে" ইত্যাত্মজ্ঞানে সঞ্জাতে সর্ব্বকর্ম্মণাং নিবৃত্তিং দর্শয়তি, অতস্তস্মিন্নাত্ম-জ্ঞানার্থে সাঙ্খ্যে কৃতান্তে বেদান্তে প্রোক্তানি কথিতানি সিদ্ধয়ে নিষ্পত্ত্যর্থং সর্ব্বকর্ম্মণাং ॥ ১৩ ॥

আনন্দগিরি।—নম্বপরমার্থসন্ন্যাসবদবিশেষাদজ্ঞানাং পরমার্থসন্ন্যাসোহপি কিং ন স্যাত্ত্যাগস্য সুকরত্বাত্তত্রাহ অতঃপরমার্থেতি। তস্য সম্যগ্দর্শনাদবিদ্যানিবৃত্তৌ তদারোপিত-ক্রিয়াকারকাদিনিবৃত্তেরিতি হেত্বর্থঃ। বিদ্যাবতঃ সর্ব্বকর্ম্মসন্ন্যাসিত্বসম্ভাবনামুক্ত্বা এবকারব্যাবর্ত্ত্যং দর্শয়তি নত্বিতি। অবিদুষোহশেষকর্ম্মণাং তদ্ধেতূনাঞ্চ রাগাদীনাং ত্যাগাযোগে কারকেষ্বধিষ্ঠা-নাদিষ্বাত্মদর্শনং হেতুমাহ ক্রিয়েতি। কথমধিষ্ঠানাদীনাং ক্রিয়াকর্তৃত্বং কথম্বা বিদুষস্তেষাত্মত্ব-ধীরিত্যাশঙ্ক্যানন্তরশ্লোকচতুষ্টয়স্য তাৎপর্য্যমাহ তদেতদিতি। কর্ম্মার্থানামধিষ্ঠানাদীনাম-প্রামাণিকত্বাশঙ্কামাদাবুদ্ধরতি পঞ্চেতি। উত্তরত্রেত্যধিষ্ঠানাদিষু বক্ষ্যমাণেষ্বিত্যর্থঃ। বস্তূনাং তেষামেব বৈষম্যং নির্দ্দিদর্শয়িষিতং ন হি চেতঃসমাধানাদৃতে জ্ঞাতুং শক্যং তৎসাঙ্খ্যশব্দং ব্যুৎপাদয়তি জ্ঞাতব্যেতি। আত্মা ত্বং পদার্থস্তৎপদার্থোব্রহ্ম তয়োরৈক্যধীস্তদুপযোগিনশ্চ শ্রবণাদয়ঃ পদার্থাস্তে সংখ্যায়ন্তে ব্যুৎপাদ্যন্তে। কৃতান্তশব্দস্য বেদান্তবিষয়ত্বং বিভজতে কৃতমিত্যাদিনা। বেদান্তস্য তত্ত্বধীদ্বারা কর্ম্মাবসানভূমিত্বে বাক্যোপক্রমানুকূল্যং দর্শয়তি যাবানিতি। উদপানে কূপাদৌ যাবানর্থঃ স্নানাদিঃ তাবানর্থঃ সমুদ্রে সম্পদ্যতে অতোযথা

কূপাদিকৃতং কার্য্যং সর্ব্বং সমুদ্রেঽন্তর্ভবতি তথা সর্ব্বেষু কর্ম্মার্থেষু যাবৎ ফলং তাবৎ জ্ঞানবতো ব্রাহ্মণস্য জ্ঞানেঽন্তর্ভবতি জ্ঞানং প্রাপ্তস্য কর্ত্তব্যানবশেষাদিত্যর্থঃ। তত্রৈব বাক্যান্তরমনুক্রামতি সর্ব্বমিতি। উদাহৃতবাক্যয়োস্তাৎপর্য্যমাহ আত্মেতি। আত্মজ্ঞানে সতি সর্ব্বকর্ম্মনিবৃত্তাবপি কথং বেদান্তস্য কৃতান্তত্বমিত্যাশঙ্ক্যাহ অতইতি। তানি মদ্বচনতো নিবোধেতি পূর্ব্বেণ সম্বন্ধঃ ॥ ১৩ ॥

রামানুজ।—ইদানীং ভগবতি পুরুষোত্তমেঽন্তর্যামিণি কর্ত্তৃত্বানুসন্ধানেনাত্মনাকর্ত্তৃত্বানুসন্ধানপ্রকারমাহ। তত এব ফলকর্ম্মণোরপি মমতাপরিত্যাগো ভবতীতি। পরমপুরুষো হি স্বকীয়েন জীবাত্মনা স্বকীয়ৈশ্চ করণকলেবরপ্রাণৈঃ স্বলীলাদিপ্রয়োজনায় কর্ম্মাণ্যারভতে অতো জীবাত্মগতং ক্ষুন্নিবৃত্ত্যাদিকমপিফলং তৎসাধনভূতং চ কর্ম্ম পরমপুরুষং চেতি সাংখ্যাবিদ্ভিঃ সাংখ্যে কৃতান্তে যথাবস্থিতবস্তুবিষয়য়া বৈদিক্যা বুদ্ধ্যানুসংহিতে নির্ণয়ে সর্ব্বকর্ম্মণাং সিদ্ধয়ে উৎপত্তয়ে প্রোক্তানি পঞ্চৈমানি কারণানি তানি নিবোধ মে মত্ত সকাশাৎ অনুসন্ধৎস্ব। বৈদিকীহি বুদ্ধিঃ শরীরেন্দ্রিয়প্রাণজীবাত্মোপকরণং পরমাত্মানমেব কর্ত্তারমবধারয়তি "য আত্মনি তিষ্ঠন্নাত্মনোঽন্তরোঽয়মাত্মা নবেদ, যস্যাত্মাশরীরং, য আত্মানমন্তরোযময়তি সত আত্মান্তর্য্যাম্য মৃতঃ, অন্তঃপ্রবিষ্টঃ শাস্তা জনানাং সর্ব্বাত্মে"ত্যাদিষু ॥ ১৩ ॥

হনুমান্।—সাংখ্যে কৃতান্তে প্রোক্তানি সিদ্ধয়ে সর্ব্বকর্ম্মণাং, সাংখ্যে কৃতান্তে পুরুষার্থ ইতি সাংখ্যো বেদাঃ স এব সাংখ্যং (স্বার্থে অন্) অত্র কৃতনিশ্চয়ো কৃতান্তঃ তত্র কৃতান্তে তানি নিশ্চয়প্রোক্তানি কথিতানি নিশ্চিতার্থে বেদে প্রোক্তানীত্যর্থঃ সিদ্ধয়ে নিষ্পত্তয়ে সর্ব্বকর্ম্মণাং শরীরাদীনাং ॥ ১৩ ॥

শ্রীধর।—ননু কর্ম্ম কুর্ব্বতঃ কর্ম্মফলং কথং ন ভবেদিত্যাশঙ্ক্য সঙ্গত্যাগিনোনিরহঙ্কারস্য কর্ম্মলেপো নাস্তীত্যুপপাদয়িতুমাহ পঞ্চেতি পঞ্চভিঃ। সর্ব্বকর্ম্মণাং সিদ্ধয়ে নিষ্পত্তয়ে ইমানি বক্ষ্যমাণানি পঞ্চ কারণানি মে বচনান্নিবোধ জানীহি। আত্মনঃ কর্ত্তৃত্বাভিমাননিবৃত্ত্যর্থমবশ্যমেতানি জ্ঞাতব্যানীত্যেবং তেষাং স্তুত্যর্থমেবাহ সাংখ্য ইতি। সম্যক্ খ্যায়তে জ্ঞায়তে পরমাত্মা অনেনেতি সাংখ্যং তত্ত্বজ্ঞানং তস্মিন্ প্রকাশমান আত্মবোধঃ সাংখ্যঃ তস্মিন্, কৃতং কর্ম্ম তস্যান্তঃ সমাপ্তিরস্মিন্নিতি কৃতান্তস্তস্মিন্ বেদান্তসিদ্ধান্ত ইত্যর্থঃ। যদ্বা, সংখ্যায়ন্তে গণ্যন্তে তত্ত্বান্যস্মিন্নিতি সাংখ্যং কৃতোঽন্তোনির্ণয়োঽস্মিন্নিতি কৃতান্তং সাংখ্যশাস্ত্রমেব তস্মিন্ প্রোক্তানি অতঃ সম্যক্ নিবোধেত্যর্থঃ ॥ ১৩ ॥

বলদেব।—ননু কর্ম্মাণি কুর্ব্বতাং তৎফলানি কুতো ন স্যুরিতি চেৎ স্বস্মিন্ কর্ত্তৃত্বাভিনিবেশত্যাগেন পরমেশ্বরে মুখ্যকর্ত্তৃত্বনিশ্চয়েন ভবন্তীত্যাশয়েনাহ পঞ্চৈতানীতি পঞ্চভিঃ। হে মহাবাহো সর্ব্বকর্ম্মণাং সিদ্ধয়ে নিষ্পত্তয়ে এতানি পঞ্চ কারণানি মে মত্তো নিবোধ জানীহি। প্রমাণমাহ সাংখ্যে ইতি। সাংখ্যং জ্ঞানং তৎপ্রতিপাদকং বেদান্তশাস্ত্রং সাংখ্যং তস্মিন্। কীদৃশীত্যাহ। কৃতান্তে কৃতনির্ণয়ে সর্ব্বেষাং কর্ম্মহেতূনাং প্রবর্ত্তকঃ পরমাত্মেতি নির্ণয়-

কারিণীত্যর্থঃ। অন্তর্যামিব্রাহ্মণে বিদিতমেতৎ। ইহাপি সর্ব্বস্য চাহং হৃদীত্যাদ্যুক্তং বক্ষ্যতে চেশ্বরঃ সর্ব্বভূতানামিত্যাদি ॥ ১৩ ॥

মধুসূদন।—তত্রাত্মজ্ঞানরহিতস্য সংসারিত্বে হেতুঃ কর্ম্মত্যাগাসম্ভব উক্তঃ "ন হি দেহভৃতা শক্যং ত্যক্তুং কর্ম্মাণ্যশেষত" ইতি। তত্রাজ্ঞস্য কর্ম্মত্যাগাসম্ভবে কোহেতুঃ কর্ম্মহেতাবধিষ্ঠানাদিপঞ্চকে তাদাত্ম্যাভিমান ইতীমমর্থং চতুর্ভিঃ শ্লোকৈঃ প্রপঞ্চয়তি, তত্র প্রথমেনাধিষ্ঠানাদীনি পঞ্চ বেদান্তপ্রমাণমূলানি হেয়ত্বার্থমবশ্যং জ্ঞাতব্যানীত্যাহ পঞ্চেতি। ইমানি বক্ষ্যমাণানি পঞ্চ সর্ব্বকর্ম্মণাং সিদ্ধয়ে নিষ্পত্তয়ে কারণানি নির্ব্বর্ত্তকানি হে মহাবাহো! মে মম পরমাপ্তস্য সর্ব্বজ্ঞস্য বচনান্নিবোধ বোদ্ধুং সাবধানোভব ন হ্যত্যন্তদুর্জ্ঞানান্যেতান্যনবহিতচেতসা শক্যন্তে জ্ঞাতুমিতি চেতঃসমাধানবিধানেন তানি স্তৌতি, মহাবাহুত্বেন চ সৎপুরুষ এব শক্তোজ্ঞাতুমিতি সূচয়তি স্তুত্যর্থমেব। কিমেতান্য প্রমাণকান্যেব তব বচনাজ্‌জ্ঞেয়ানি নেত্যাহ সাংখ্যে কৃতান্তে প্রোক্তানি নিরতিশয়পুরুষার্থপ্রাপ্ত্যর্থং সর্ব্বানর্থনিবৃত্ত্যর্থং চ জ্ঞাতব্যানি জীবোব্রহ্ম তয়োরৈক্যং তদ্বোধোপযোগিনশ্চ শ্রবণাদয়ঃ পদার্থাঃ সঙ্খ্যায়ন্তে ব্যুৎপাদ্যন্তেঽস্মিন্নিতি সাঙ্খ্যং বেদান্তশাস্ত্রং তস্মিন্নাত্মবস্তুমাত্রপ্রতিপাদকে কিমর্থমনাত্মভূতান্যবস্তূনি লোকসিদ্ধানি চ কর্ম্মকারণানি পঞ্চ প্রতিপাদ্যন্ত ইত্যতঃ শাস্ত্রবিশেষণং কৃতান্ত ইতি। কৃতমিতি কর্ম্মোচ্যতে তস্যান্তঃ পরিসমাপ্তিস্তত্ত্বজ্ঞানোৎপত্ত্যা যত্র তস্মিন্ কৃতান্তে শাস্ত্রে প্রোক্তানি প্রসিদ্ধান্যেব লোকেঽনাত্মভূতান্যেবাত্মতয়া মিথ্যাজ্ঞানারোপেণ গৃহীতান্যাত্মতত্ত্বজ্ঞানেন বাধসিদ্ধয়ে হেয়ত্বেনোক্তানি যদা হ্যনধর্ম্মএব কর্ম্মাত্মন্যবিদ্যয়াঽধ্যারোপিতমিত্যুচ্যতে, তদা শুদ্ধাত্মজ্ঞানেন তদ্বাধাৎ কর্ম্মণোঽন্তঃকৃতোভবতি, অতঃ আত্মনঃ কর্ম্মাসম্বন্ধপ্রতিপাদনায়ানাত্মভূতান্যেব পঞ্চ কর্ম্মকারণানি বেদান্তশাস্ত্রে মায়াকল্পিতান্যনূদিতানীতি নাদ্বৈতাত্মমাত্রতাৎপর্য্যহানিস্তেষাং তদঙ্গত্বেনৈবেতরপ্রতিপাদনাৎ, ইহাপি চ সর্ব্বকর্ম্মান্তত্বং জ্ঞানস্য প্রতিপাদিতং "সর্ব্বং কর্ম্মাখিলং পার্থ! জ্ঞানে পরিসমাপ্যত" ইতি, তস্মাজ্‌জ্ঞানশাস্ত্রস্য কর্ম্মান্তত্বমুপপন্নং ॥ ১৩ ॥

নীলকণ্ঠ।—নম্বাত্মনঃ কর্ম্মালেপনিমিত্তং যদকর্ত্তৃত্বানুসন্ধানং তৎ কিং যোষিদগ্নিদৃষ্ট্যাদিবদাহার্য্যমুত বাস্তবমেব সদবিদ্যাদ্যস্তকর্ত্তৃত্বেনাবৃতমিতি শাস্ত্রদৃষ্ট্যা কর্ত্তৃত্বতিরোধানেনাকর্ত্তৃত্বমেব ভাব্যতে ইত্যাশঙ্ক্যাগ্নিত্বেন দৃষ্টায়াং যোষিতি দগ্ধৃত্বাদর্শনেনেব কল্পিতেনাকর্ত্তৃত্বেন বাস্তবস্য কর্ম্মালেপস্যাসম্ভবাদাদ্যং নিরস্য দ্বিতীয়মুপপাদয়িষ্যন্ পীঠিকামাচরতি পঞ্চেতি। হে মহাবাহো! সর্ব্বকর্ম্মণাং সিদ্ধয়ে ইমানি বক্ষ্যমাণানি পঞ্চকারণানি নির্ব্বর্ত্তকানি মে মদ্বচনান্নিবোধ বুধ্যস্ব স্ববচনে বিশ্বাসোৎপাদনার্থং কারণানাং সমূলত্বমাহ সাংখ্যে কৃতান্তে প্রোক্তানীতি। সম্যগ্বিবিচ্য খ্যায়ন্তে প্রকটীক্রিয়ন্তে তত্ত্বান্যাত্মানাত্মপদার্থরূপাণি যস্মিংস্তৎ সাংখ্যং বেদান্তশাস্ত্রং তদেব বিশিনষ্টি কৃতান্তে কৃতস্য কর্ম্মণো ঽন্তঃ পরিসমাপ্তির্যস্মিন্ "সর্ব্বং কর্ম্মাখিলং পার্থ জ্ঞানে পরিসমাপ্যতে" ইত্যাত্মজ্ঞানে সতি সর্ব্বকর্ম্মণাং সমাপ্তিদর্শনাৎ। তস্মিন্ সাংখ্যে কৃতান্তে প্রোক্তানি" ১৩॥

বিশ্বনাথ।—নন্বু কর্ম্ম কুর্ব্বতঃ কর্ম্মফলং কথং নভবেদিতি অশক্য নিরহংকারত্বে সতি

কর্ম্মলেপো নাস্তীত্যুপপাদয়িতুমাহ পঞ্চেমানীতি পঞ্চভিঃ। সর্ব্বকর্ম্মণাং সিদ্ধয়ে নিষ্পত্তয়ে ইমানি পঞ্চকারণানি মে মমবচনান্নিবোধ জানীহি সম্যক্ পরমাত্মানং কথয়তীতি সংখ্যং সংখ্যমেব সাংখ্যং বেদান্তশাস্ত্রং তস্মিন্ কীদৃশে কৃতং কর্ম্ম তস্যান্তোনাশো যস্মাত্তস্মিন্ প্রোক্তানি ॥ ১৩॥

তাৎপর্য্য।—অতঃপর শ্লোকপঞ্চকে শ্রীভগবান্ ইহাই প্রদর্শন করিতেছেন যে, নিরহঙ্কারী সঙ্গশূন্য ব্যক্তিগণের কর্ম্মত্যাগ সম্ভব নহে। কর্ম্মত্যাগ না করিয়াও কর্ম্ম-ফলত্যাগ আপাততঃ অসম্ভব মনে হইতে পারে। এইরূপ আশঙ্কা তিরোহিত করিবার নিমিত্ত উপর্য্যুপরি কয়েকটী শ্লোক অবতারিত হইতেছে।

পূজ্যপাদ শ্রীমচ্ছঙ্করাচার্য্য তথা শ্রীমদানন্দগিরির অভিপ্রায়। যাঁহারা পরমার্থদর্শী, তাঁহাদের পক্ষেই নিঃশেষে কর্ম্মত্যাগ সম্ভব; কিন্তু যাহারা অজ্ঞান, যাহারা আপনাকেই কর্ম্মসমূহের কর্ত্তা বলিয়া মনে করে, তাহাদিগের পক্ষে কর্ম্মত্যাগ কখনই সম্ভব নহে। সেই তত্ত্বই এক্ষণে কতিপয় শ্লোকে প্রদর্শিত হইতেছে। হে মহাবাহো! এইরূপ ঘটিবার পাঁচটি কারণ আছে, অর্থাৎ হে অর্জ্জুন! পাঁচটী কারণে সর্ব্বকর্ম্ম সিদ্ধ হইয়া থাকে। আমার বাক্য শ্রবণ করিয়া তুমি এই তত্ত্ব বোধগম্য কর। অর্জ্জুনের চিত্ত আকৃষ্ট করিবার নিমিত্ত এবং বস্তু বৈষম্য প্রদর্শনার্থ "নিবোধ মে" বাক্য প্রযুক্ত হইয়াছে। সেই সকল কারণ যে অবশ্য জ্ঞাতব্য তাহাই প্রতিপন্ন করিবার নিমিত্ত তত্তাবত্তের প্রশংসাবাদ করিতেছেন। যে শাস্ত্রে জ্ঞাতব্য পদার্থের সংখ্যা নির্দ্দিষ্ট হইয়াছে, তাহারই নাম সাংখ্য। ইহা বেদান্ত শাস্ত্র নামে অভিহিত হইয়া থাকে। এই সাংখ্য শাস্ত্র বিশেষিত করিবার নিমিত্ত কৃতান্ত শব্দ ব্যবহৃত হইয়াছে। কৃত অর্থাৎ কর্ম্মের অন্ত অর্থাৎ পরিসমাপ্তি বুঝাইবার নিমিত্তই এই শব্দের প্রয়োগ। ভগবান্ পূর্ব্বে "যাবান্ অর্থ উদপানে" (২য় অধ্যায় ৪৬ শ্লোক) এবং "সর্ব্বং কর্ম্মাখিলং পার্থ জ্ঞানে পরিসমাপ্যতে।" (৪র্থ অধ্যায় ৩৩ শ্লোক) ইত্যাদি স্থলে ইহাই প্রদর্শন করিয়াছেন যে, আত্মজ্ঞান সঞ্জাত হইলে সর্ব্বকর্ম্ম নিবৃত্ত হইয়া থাকে। আত্মজ্ঞান বিধায়ক কর্ম্মান্তপ্রতিপাদক বেদান্ত শাস্ত্রে এই তত্ত্ব প্রকটিত হইয়াছে যে, জ্ঞানের আবির্ভাব হইলে কর্ম্মের পরিসমাপ্তি হইয়া থাকে, এবং তখন সর্ব্বকর্ম্মের সিদ্ধি বা নিষ্পত্তি হইয়া যায়।

অপিচ সাংখ্য শাস্ত্রে ইহাও প্রদর্শিত হইয়াছে যে, সমালোচ্য কারণ পঞ্চ-কের দ্বারাই কর্ম্মসিদ্ধি উপস্থিত হইয়া থাকে।

পূজ্যপাদ শ্রীমদ্রামানুজাচার্য্যের অভিপ্রায়। অধুনা সর্ব্বান্তর্যামী শ্রীভগবানকে সকল কর্ম্মের কর্ত্তারূপে অনুসন্ধান করা এবং সঙ্গে সঙ্গে আপনাকে সর্ব্বব্যাপারের অকর্ত্তারূপে অনুমান করার প্রকার প্রদর্শিত হইতেছে। এইরূপ ভাবেই চিত্তকে প্রস্তুত করিয়া কর্ম্ম সম্পাদন অভ্যাস করিলে ফলপ্রসূ কর্ম্ম সমূহের প্রতি মমতা রহিত হইয়া যায় অর্থাৎ সেই কর্ম্ম বা তাহার ফলের সহিত মমত্ব বোধ তিরোহিত হয়। পরম পুরুষ আপনার জীবাত্মার দ্বারা, আপনার ইন্দ্রিয়াদি কলেবর এবং প্রাণ দ্বারা স্বকীয় লীলাদি প্রয়োজনে কর্ম্ম সমূহ আরম্ভ করিয়া থাকেন। ইহার ভাবার্থ এই যে, যখন সেই সর্ব্বশক্তিমান্ পরমপুরুষ লীলা প্রকাশের আবশ্যকতা অনুভব করেন, তখন তিনি স্বকীয় অঙ্গ প্রত্যঙ্গাদির দ্বারা কর্ম্মারম্ভ করিয়া থাকেন। অতএব এসংসারে যত কর্ম্ম এবং কর্ম্মজনিত ফল, সকলই সেই পরম পুরুষ। জীবাত্মগত ক্ষুন্নিবৃত্তিরূপ ফল এবং তাহার সাধন স্বরূপ কর্ম্ম, উভয়ই সেই পরম পুরুষ। কৃতান্ত সাংখ্যে বৈদিক বুদ্ধিনিষ্ঠ মনীষিগণ যথাবস্থিত বস্তুতত্ত্ব ধারণ সম্বন্ধে বৈদিকী বুদ্ধির দ্বারা অবধারণ করিয়াছেন যে, সর্ব্ব কর্ম্মের উৎপত্তির পক্ষে এই পাঁচটীই (যেকথা পরে বলা হইতেছে) কারণ। সেই কারণনিচয় আমার নিকট হইতে বুঝিয়া লও অর্থাৎ আমার সকাশে সেই কারণ বিষয়ক জ্ঞানের নিমিত্ত অনুসন্ধিৎসু হও। বৈদিকী বুদ্ধি দ্বারা পরমাত্মাই শরীর, ইন্দ্রিয়, প্রাণ এবং জীবাত্মা উপকরণাদি সর্ব্বব্যাপারের কর্ত্তা বলিয়া অবধারিত হয়। শ্রুতি বলিয়াছেন, "আত্মনি তিষ্ঠন্নাত্মনোঽন্তরোঽয়মাত্মা নবেদ" "যস্যাত্মা শরীরং;" "য আত্মানমন্তরো যময়তি" "স আত্মান্তর্যাম্যমৃত" "অন্তঃপ্রবিষ্টঃ শাস্তা জনানাং সর্ব্বাত্মা" ইত্যাদি।

পূজ্যপাদ শ্রীমন্মধুসূদনের অভিপ্রায়। পূর্ব্বে উক্ত হইয়াছে যে, আত্মজ্ঞান রহিতগণের পক্ষে কর্ম্মত্যাগ অসম্ভব। এইজন্যই তাহার সংসারিত্ব ঘটিয়া থাকে। "নহি দেহভৃতা শক্যং ত্যক্তুং কর্ম্মাণ্যশেষতঃ।" (১৮। ১১) তাদৃশ অজ্ঞজনের কর্ম্মত্যাগ অসম্ভব কেন? ইহার উত্তরে কথিত হইতেছে যে, কর্ম্মের হেতুভূত অধিষ্ঠানাদি পঞ্চকে তাদাত্ম্যাভিমানই

তাহার হেতু। অর্থাৎ শরীরেন্দ্রিয়াদি পঞ্চের উপর কর্তৃত্বের আরোপ করায় অজ্ঞানী মানবের পক্ষে কর্মত্যাগ অসম্ভব হইয়া থাকে। অধুনা শ্লোক চতুষ্টয়ে এই অর্থ পরিব্যক্ত হইতেছে। তন্মধ্যে অধিষ্ঠানাদি পঞ্চ, বেদান্তাদি শাস্ত্রানুসারে প্রমাণিত। তত্তাবৎকে হেয় রূপে জানিয়া রাখা আবশ্যক। এ তত্ত্ব পরিজ্ঞান নিতান্ত অসম্ভব নহে, অবহিতচিত্তে শ্রবণ করিলে এই জ্ঞাতব্য প্রসঙ্গ বোধগম্য হইতে পারিবে। "মহাবাহো" এই সম্বোধন পদ দ্বারা ইহাই সূচিত হইতেছে যে, সৎপুরুষের পক্ষে এ তত্ত্বজ্ঞান দুষ্কর নহে। হে অর্জ্জুন! যদি তোমার মনে সন্দেহ উপস্থিত হয় যে, আমি যে জ্ঞাতব্য তথ্যের কথা ব্যক্ত করিব, তাহা প্রমাণসিদ্ধ কি না, এইরূপ সন্দেহ নিরাস করিবার অভিপ্রায়ে বলিতেছি যে, এরূপ আশঙ্কা করিও না। কারণ এই তত্ত্ব কর্ম্মান্তবিধায়ক সাংখ্যশাস্ত্রে কথিত হইয়াছে। নিরতিশয় পুরুষার্থ প্রাপ্তির হেতু স্বরূপ এবং সর্ব্বানর্থ নিরারণের নিমিত্ত এই বস্তু জ্ঞাতব্য। জীব ও ব্রহ্ম এবং তদুভয়ের ঐক্যবিষয়ক বোধোপযোগী শ্রবণাদি পদার্থ সমূহের সংখ্যা বা ব্যুৎপত্তি যাহাতে সাধিত হইয়াছে সেই শাস্ত্রের নাম সাংখ্য। এইরূপ অর্থ দ্বারা বুঝিতে হইবে যে, বেদান্ত শাস্ত্রই এস্থলে সাঙ্খ্য শব্দে লক্ষিত। সেই আত্মবস্তুমাত্র প্রতিপাদক পরমশাস্ত্রে অনাত্মভূত অবস্তু সমূহ এবং লোকপ্রসিদ্ধ কর্ম্মের পঞ্চ কারণ প্রতিপাদিত হওয়ায় পাছে তৎসম্বন্ধে অশ্রদ্ধা জন্মে, এই জন্য বিশেষণ রূপে কৃতান্ত শব্দ ব্যবহৃত হইয়াছে। কৃতশব্দে কর্ম্মকে বুঝায়। জ্ঞানোৎপত্তির দ্বারা যে স্থলে সেই কর্ম্মের পরিসমাপ্তি হয়, তাহারই নাম কৃতান্ত। সেই কৃতান্ত শাস্ত্রে এই কারণ লোকপ্রসিদ্ধ হইলেও হেয়রূপে পরিকীর্ত্তিত হইয়াছে। কারণ তত্তাবৎ অনাত্মভূত হইলেও লোকে ভ্রমপ্রযুক্ত আত্মস্বরূপে গ্রহণ করে এবং মিথ্যাভূত হইলেও সত্যরূপে গ্রহণ করিয়া থাকে, এজন্য তত্তাবৎ আত্মতত্ত্ব জ্ঞানের প্রতিবন্ধকস্বরূপ। যদি এরূপ বলা যায় যে, অনুষ্ঠীয়মান কর্ম্ম আত্মার ধর্ম্ম নহে, তাহা অবিদ্যাপ্রভাবে আত্মায় অধ্যারোপিত মাত্র, তাহা হইলে সহজেই বুঝা যাইতেছে, প্রকৃত আত্মজ্ঞানের উদয় হইলে সেই অবিদ্যার অধ্যারোপ তিরোহিত হইয়া যায় এবং কর্ম্মেরও পরিসমাপ্তি হয়। অতএব আত্মার সহিত কর্ম্মের সম্বন্ধহীনতা প্রতিপাদন

করিবার নিমিত্ত কর্ম্মের, অনাত্মভূত পঞ্চ কারণকে বেদান্ত শাস্ত্রে মায়া-কল্পিত বলিয়া ব্যাখ্যা করা হইয়াছে। অর্থাৎ যে পঞ্চকে কর্ম্মের কারণ বলিয়া লোকে অবধারণ করিয়া থাকে এবং আত্মস্বরূপে গ্রহণ করে, বাস্তবিক সে গুলি অনাত্মভূত এবং মায়াকল্পিত। এতাবতা সেই কারণ নিচয়ই ইতররূপে প্রতিপাদিত হইতেছে, অদ্বৈত আত্মার কোন তাৎপর্য্য হানি ঘটিতেছে না। এই গ্রন্থেও প্রতিপাদিত হইয়াছে যে, জ্ঞানের দ্বারা সর্ব্বকর্ম্মের অন্ত হইয়া থাকে। যথা; "সর্ব্বং কর্ম্মাখিলং পার্থ! জ্ঞানে পরিসমাপ্যতে।" (৪র্থ অধ্যায় ৩৩ শ্লোক) জ্ঞানই সর্ব্বকর্ম্মান্তক।

যে কারণ পঞ্চকের নিমিত্ত মনুষ্য সঙ্গরহিত ও ফলাভিসন্ধি শূন্য হইয়া কর্ম্মানুষ্ঠান করিতে পারেনা, তাহার প্রসঙ্গ পরবর্ত্তী শ্লোকে বিন্যস্ত হইতেছে। অজ্ঞানাচ্ছন্ন মানবগণ সেই কারণ পঞ্চকে সর্ব্ব ব্যাপারের হেতু বলিয়া অনুভব করে এবং তজ্জন্য প্রকৃত কর্ত্তাকে অন্বেষণ করিতে বিরত হয়। যে পরম পুরুষ সৃষ্টি স্থিতি এবং লয়ের কর্ত্তা তাঁহারই উপর সমস্ত ব্যাপারের কর্তৃত্ব আরোপ করিলে মনুষ্য বুঝিতে পারে যে, এসংসারে তাহারা কেবল যন্ত্রচালিত পুত্তলিবৎ গন্তব্য পথে অগ্রসর হইতেছে, প্রকৃত কর্তৃত্ব সেই সর্ব্বমঙ্গলময় পরম কর্ত্তার হস্তে ন্যস্ত রহিয়াছে। এই-রূপ বুদ্ধির উন্মেষ হইলে অভিমান দূর হইয়া যায়, ফলকামনা তিরোহিত হয়, মমতা ও আসক্তি হৃদয় হইতে প্রস্থান করে। যে কারণ পঞ্চ মনুষ্যকে এরূপ ভ্রান্ত করিয়া রাখিয়াছে, তাহার তত্ত্ব অবধারণ করা নিতান্ত আবশ্যক; কারণ রোগের নিদান বুঝিতে পারিলেই ঔষধ নির্ণীত হয়। এই জন্য শ্রীভগবান্ সেই কারণ নিচয়ের প্রসঙ্গ উত্থাপন করিতেছেন এবং তত্তাবৎ তাঁহার মতানুসারে অপিচ বেদান্তশাস্ত্রানুসারে নিতান্ত হেয় বলিয়া পরিব্যক্ত করিতেছেন ॥ ১৩ ॥

——(:০:'০:)——

অধিষ্ঠানং তথা কর্ত্তা করণঞ্চ পৃথগ্বিধং।
বিবিধাশ্চ পৃথক্ চেষ্টা দৈবঞ্চৈবাত্র পঞ্চমং ॥ ১৪ ॥

অন্বয়।—অধিষ্ঠানং (শরীরং) তথা কর্ত্তা (অহঙ্কারঃ) পৃথগ্বিধং (অনেকপ্রকারং) করণং (শ্রোত্রাদিকং) চ বিবিধাঃ পৃথক্ চেষ্টাঃ (প্রাণাদিব্যাপারাঃ) চ অত্র (এতেষু) পঞ্চমং দৈবং এব চ ॥ ১৪ ॥

প্রতিশব্দ।—শরীর সেই-রূপ অহঙ্কার, বহুবিধ শ্রোত্রাদি-ইন্দ্রিয়, ও বিবিধ পৃথক্ প্রাণাদি-ব্যাপার, এবং ইহাদের-মধ্যে পঞ্চম দৈবও ॥ ১৪ ॥

ব্যাখ্যা।—অধিষ্ঠান অর্থাৎ দেহ, কর্ত্তা অহঙ্কার, শ্রোত্রাদি ইন্দ্রিয়-বর্গ, বিবিধ প্রকার চেষ্টা এবং তন্মধ্যে পঞ্চম দৈব, এই পঞ্চকারণই কর্ম্মসিদ্ধির হেতু ॥ ১৪ ॥

শঙ্করাচার্য্য।—কানি তানীত্যুচ্যতে অধিষ্ঠানমিতি। অধিষ্ঠানমিচ্ছাদ্বেষসুখদুঃখজ্ঞানাদীনামভিব্যক্তেরাশ্রয়োঽধিষ্ঠানং শরীরস্তথা কর্ত্তা উপাধিলক্ষণোভোক্তা করণঞ্চ শ্রোত্রাদিকং শব্দাদ্যুপলব্ধয়ে পৃথগ্বিধং নানাপ্রকারং দ্বাদশসঙ্খ্যং বিবিধাশ্চ পৃথক্চেষ্টা বায়বীয়াঃ প্রাণাপানাদ্যা দৈবঞ্চৈব দৈবমেবাত্র এতেষু চতুর্ষু পঞ্চমং পঞ্চানাং পূরণমাদিত্যাদি চক্ষুরাদ্যনুগ্রাহকং ॥ ১৪ ॥

আনন্দগিরি।—কর্ম্মার্থান্যধিষ্ঠানাদীনি মানমূলত্বাৎ জ্ঞেয়ানীত্যুক্তমিদানীং প্রশ্নপূর্ব্বকং বিশেষতস্তানি নির্দ্দিশতি কানীত্যাদিনা। প্রতীকমাদায় ব্যাকরোতি অধিষ্ঠানমিতি। উপাধিলক্ষণো বুদ্ধ্যাদিরূপাধিস্তল্লক্ষণস্তৎস্বভাবো বুদ্ধ্যাদ্যনুবিধায়ী তদ্ধর্ম্মমাত্মনি পশ্যন্নুপহিতস্তৎপ্রধান ইত্যর্থঃ। তত্র কার্য্যলিঙ্গকমনুমানং সূচয়তি শব্দাদীতি। জ্ঞানেন্দ্রিয়াণি পঞ্চ পঞ্চকর্ম্মেন্দ্রিয়াণি মনোবুদ্ধিশ্চেতি দ্বাদশসংখ্যত্বং চেষ্টায়া বিবিধত্বং নানাপ্রকারত্বং তদেব স্পষ্টয়তি বায়বীয়াইতি। পৃথকত্বমসঙ্কীর্ণত্বং নহি প্রাণাপানাদিচেষ্টানাং মিথঃ সঙ্করোঽস্তি। দৈবং বিশদয়তি আদিত্যাদীতি ॥ ১৪ ॥

রামানুজ।—তদিদমাহ অধিষ্ঠানমিতি শরীরবাঙ্মনোভিরিতি। ন্যায্যে শাস্ত্রসিদ্ধে বিপরীতে প্রতিষিদ্ধে বা সর্ব্বস্মিন্ কর্ম্মণি শারীরে বাচিকে মানসে চ পঞ্চৈতে হেতবঃ। অধিষ্ঠানং শরীরং। অধিষ্ঠীয়তে জীবাত্মনেতি মহাভূতসংঘাতরূপং শরীরমধিষ্ঠানং তথা কর্ত্তা জীবাত্মা অস্য জীবাত্মনো কর্ত্তৃত্বজ্ঞাতৃত্বঞ্চ "জ্ঞোতএব কর্ত্তা শাস্ত্রার্থবত্ত্বাদি"তি চ সূত্রোপপাদিতং। করণঞ্চ পৃথগ্বিধং বাক্পানিপাদাদিপঞ্চকং সমনস্কং কর্ম্মেন্দ্রিয়ং পৃথগ্বিধং কর্ম্মনিষ্পত্তৌ পৃথগ্ব্যাপারং বিবিধা চ পৃথক্চেষ্টা চেষ্টাশব্দেন পঞ্চাত্মা বায়ুরভিধীয়তে তস্য তদ্বৃত্তিবাচিনঃ শরীরেন্দ্রিয়ধারণগু

প্রাণাপানাদিভেদভিন্নস্য চ বায়োঃ পঞ্চাত্মনো বিবিধা চ চেষ্টা বিবিধা বৃত্তিঃ। দৈবং চৈবাত্র পঞ্চমং অত্র কর্ম্মহেতুকলাপে দৈবং পঞ্চমং পরমাত্মান্তর্যামী কর্ম্মনিষ্পত্তৌ প্রধানহেতুরিত্যর্থঃ। উক্তং হি "সর্ব্বস্য চাহং হৃদি সন্নিবিষ্টো মত্তঃ স্মৃতির্জ্ঞানমপোহনং চে"তি। বক্ষ্যতি চ "ঈশ্বরঃ সর্ব্বভূতানাং হৃদ্দেশেঽর্জ্জুন তিষ্ঠতি। ভ্রাময়ন্ সর্ব্বভূতানি যন্ত্রারূঢ়াণি মায়য়ে"তি। পরমাত্মায়ত্তং জীবাত্মনঃ কর্তৃত্বং "পরাত্তু তচ্ছ্রুতে"রিত্যুপপাদিতং। নন্বেবং পরমাত্মায়ত্তে জীবাত্মনঃ কর্তৃত্বে জীবাত্মা কর্ম্মণ্যনিয়োজ্যো ভবতীতি বিধিনিষেধ শাস্ত্রাণ্যনর্থকানি স্যুঃ। ইদমপি চোদ্যং সূত্রকারেণ পরিহৃতং "কৃতপ্রযত্নাপেক্ষস্তু বিহিতপ্রতিষিদ্ধাবৈয়র্থ্যাদিভ্য" ইতি। এতদুক্তং ভবতি পরমাত্মনা দত্তৈস্তদাধারৈশ্চ করণকলেবরাদিভিঃ তদাহিতশক্তিভিঃ স্বয়ং চ জীবাত্মা তদাধারস্তদাহিতশক্তিঃ সন্ কর্ম্মনিষ্পত্তয়ে স্বেচ্ছয়া করণাদ্যধিষ্ঠানাকারং প্রযত্নং চারভতে। তদন্তরবস্থিতঃ পরমাত্মা স্বানুমতিদানেন তং প্রবর্ত্তয়তীতি জীবস্যাপি স্ববুদ্ধ্যৈব প্রবৃত্তিহেতুত্বমস্তি। যথা গুরুতরশিলামহীরুহাদিচলনাদিপ্রবৃত্তিষু বহুপুরুষসাধ্যাসু বহূনাং হেতুত্বং বিধিনিষেধভাক্ত্বঞ্চেতি ॥ ১৪। ১৫ ॥

হনুমান।—তানি কানীত্যত্রোচ্যতে। অধিষ্ঠানং শরীরং তথা কর্ত্তা যোঽয়মহমীশ্বরোঽহমস্মীতি মন্যতে করণঞ্চ শ্রোত্রাদীন্দ্রিয়ং পৃথগ্বিধং বিবিধা নানা প্রকারা পৃথকচেষ্টা প্রাণাদি বায়ূনাং প্রবৃত্তিঃ অত্রকারণবর্গে পঞ্চানাং পূরণং দৈবং ॥ ১৪ ॥

শ্রীধর।—তান্যেবাহ অধিষ্ঠানমিতি। অধিষ্ঠানং শরীরং, কর্ত্তা চিদচিদ্গ্রন্থিরহঙ্কারঃ, পৃথগ্বিধমনেকপ্রকারং করণং চক্ষুঃশ্রোত্রাদি, বিবিধাঃ কার্য্যতঃ স্বরূপতশ্চ পৃথগ্ভূতাশ্চেষ্টাঃ প্রাণাপানাদীনাং ব্যাপারাঃ, অত্র এতেষ্বেব পঞ্চমং দৈবং চক্ষুরাদ্যনুগ্রাহকমাদিত্যাদিসর্ব্বপ্রেরকোঽন্তর্যামী বা ॥ ১৪ ॥

বলদেব।—তানি গণয়তি অধীতি। অধিষ্ঠীয়তে জীবেনেত্যধিষ্ঠানং শরীরম্। কর্ত্তা জীবঃ অস্য জ্ঞাতৃত্বকর্তৃত্বে শ্রুতিরাহ "এষ হি দ্রষ্টা স্রষ্টে"ত্যাদিনা। সূত্রকারশ্চ। "জ্ঞোঽত এবে"তি "কর্ত্তা শাস্ত্রার্থবত্ত্বাদি"ত্যাদি চ। করণং শ্রোত্রাদিসমনস্কম্। পৃথগ্বিধং কর্ম্মনিষ্পত্তৌ পৃথক্ব্যাপারং। বিবিধা চ পৃথক্ চেষ্টা প্রাণাপানাদীনাং নানাবিধা ব্যাপারাঃ। দৈবঞ্চেতি। অত্র কর্ম্মনিষ্পাদকে হেতুপ্রচয়ে দৈবং সর্ব্বারাধ্যং পরং ব্রহ্ম পঞ্চমম্। কর্ম্মনিষ্পত্তাবন্তর্যামী হরির্মুখ্যো হেতুরিত্যর্থঃ। দেহেন্দ্রিয়প্রাণজীবোপকরণোঽসৌ কর্ম্মপ্রবর্ত্তক ইতি নিশ্চয়বতাং কর্ম্ম তৎফলেষু কর্তৃত্বাভিনিবেশস্পৃহাবিরহিতানাং কর্ম্মাণি ন বন্ধকানীতি ভাবঃ। নন্বু জীবস্য কর্তৃত্বে পরেশায়ত্তে সতি তস্য কর্ম্ম স্বনিযোজ্যত্বাপত্তিঃ। কাষ্ঠাদিতুল্যত্বাৎ। বিধিনিষেধশাস্ত্রাণি চ ব্যর্থানি স্যুঃ। স্বধিয়া প্রবর্ত্তিতুং নিবর্ত্তিতুং চ শক্তো নিযোজ্যো দৃষ্টঃ। উচ্যতে। পরেশেন দত্তৈর্দেহেন্দ্রিয়াদিভিস্তৈনৈবাহিতশক্তিভিস্তদাধারভূতো জীবস্তদাহিতশক্তিকঃ সন্ কর্ম্মসিদ্ধয়ে স্বেচ্ছয়ৈব দেহেন্দ্রিয়াদিকমধিতিষ্ঠতি পরেশস্তু তৎ সর্ব্বান্তঃস্থস্তস্মিন্ননুমতিং দদানস্তং প্রেরয়তীতি জীবস্য স্বধিয়া প্রবৃত্তিনিবৃত্তিমত্ত্বং অস্তীতি ন কিঞ্চিচ্চোদ্যম্। এবমেব সূত্রকারো নির্ণীতবান্। "পরাত্তু তচ্ছ্রুতে"রিত্যাদিনা। নন্বু মুক্তস্য জীবস্য কর্তৃত্বং ন স্যাৎ তস্য দেহেন্দ্রিয়প্রাণানাং বিগলিতি চেন্ন। তদা সংকল্পসিদ্ধানাং দিব্যানাং তেষাং সত্ত্বাৎ ॥ ১৪ ॥

মধুসূদন।—প্রমাণমূলানি কর্ম্মকারণানি পঞ্চাত্মনোকর্তৃত্বসিদ্ধার্থং হেয়ত্বেন জ্ঞাতব্যানী ত্যুক্তে কানি তানীত্যপেক্ষায়াং তৎস্বরূপমাহ দ্বিতীয়েন। ইচ্ছাদ্বেষসুখদুঃখচেতনাভিব্যক্তেরা শ্রয়োঽধিষ্ঠানং শরীরং তথা কর্ত্তা যথাধিষ্ঠানমনাত্মা ভৌতিকং মায়াকল্পিতং স্বাপ্নগৃহরথাদিবৎ তৎ কর্ত্তাঽহং করোমীত্যাদ্যভিমানবান্ জ্ঞানশক্তিপ্রধানাপঞ্চীকৃতপঞ্চমহাভূতকার্য্যোঽহঙ্কারোঽন্তঃ করণং বুদ্ধির্বিজ্ঞানমিত্যাদিপর্য্যায়শব্দবাচ্যস্তাদাত্ম্যাধ্যাসেনাত্মনি কর্তৃত্বাদি ধর্ম্মাধ্যারোপহেতুরনাত্ম ভৌতিকোমায়াকল্পিতশ্চেতি তথা শব্দার্থঃ স্থূলশরীরস্য লোকায়তিকৈরাত্মত্বেন পরিগৃহীতস্যাপ্যৈত্ত পরীক্ষকৈরনাত্মত্বেন নিশ্চয়াত্তদ্দৃষ্টান্তেন তার্কিকাদভিরাত্মত্বেন পরিগৃহীতস্য কর্ত্তুরপ্যনাত্মত্ব নিশ্চয়ঃ সুকর ইত্যর্থঃ। করণংচ শ্রোত্রাদিশব্দাদ্যুপলব্ধিসাধনং। চ শব্দস্তথেত্যনুকর্ষার্থঃ পৃথগ্বিধং নানাপ্রকারং পঞ্চজ্ঞানেন্দ্রিয়াণি পঞ্চকর্ম্মেন্দ্রিয়াণি মনোবুদ্ধিশ্চেতি দ্বাদশসংখ্যং করণবর্গ মনোবুদ্ধিশ্চেতি বৃত্তিমাংস্ত্বহঙ্কারঃ কর্ত্তৈব চিদাভাসস্তু সর্ব্বত্রৈবাবিশিষ্টঃ বিবিধা নানাপ্রকারা পঞ্চধা দশধা বা প্রসিদ্ধাঃ, চশব্দস্তথেত্যনুকর্ষার্থঃ। পৃথক্ অসঙ্কীর্ণাঃ চেষ্টাঃ ক্রিয়ারূপাঃ ক্রিয়া শক্তিপ্রধানা পঞ্চীকৃতপঞ্চমহাভূতকার্য্যাঃ ক্রিয়াপ্রাধান্যেন বায়বীয়ত্বেন ব্যপদিশ্যমানা প্রাণাপানব্যানোদানসমানাঃ নাগকূর্ম্মকৃকরদেবদত্তধনঞ্জয়াখ্যাশ্চ তদন্তর্ভূতা এব। অত্র সুষুপ্তাবন্তঃকরণস্য কর্ত্তুর্লয়েঽপি প্রাণব্যাপারদর্শনাদ্ভেদব্যপদেশাচ্চান্তঃকরণাদত্যন্তভিন্ন ইব প্রা ইতি কেচিৎ, ক্রিয়াশক্তিজ্ঞানশক্তিমদেকমেব জীবস্যোপাধিভূতমপঞ্চীকৃতপঞ্চমহাভূতকার্য ক্রিয়াশক্তিপ্রাধান্যেন প্রাণ ইতি জ্ঞানশক্তিপ্রাধান্যেন চান্তঃকরণমিতি ব্যপদিশ্যত ইত্যভিযুক্তা "স ঈক্ষাংচক্রে কস্মিন্নহমুৎক্রান্তে উৎক্রান্তোভবিষ্যামি কস্মিন্বা প্রতিষ্ঠিতে প্রতিষ্ঠাস্যামীতি প্রাণমসৃজতেতি" শ্রুতাবুৎক্রান্ত্যাদ্যুপাধিত্বং প্রাণস্যোক্তং, তথা "স ধীঃ স্বপ্নোভূত্বেমং লোকমতি ক্রামতি মৃত্যোরূপাণি ধ্যায়তীব লেলায়তীবে"ত্যাদি শ্রুতাবুৎক্রান্ত্যাদ্যুপাধিত্বং বুদ্ধেরুক্তং স্বতন্ত্রে পাধিভেদে চ জীবভেদপ্রসঙ্গঃ, তস্মাৎ বুদ্ধিপ্রাণয়োরেকত্বেনৈবোৎক্রান্ত্যাদ্যুপাধিত্বং যুক্তং ভেদব্যপদেশশ্চ শক্তিভেদাৎ সুষুপ্তৌ চ জ্ঞানশক্তিভাগলয়েঽপি ক্রিয়াশক্তিভাগদর্শনমেকত্বেঽপি ন বিরুদ্ধমনুভবসিদ্ধত্বাৎ দৃষ্টিসৃষ্টিপক্ষে সর্ব্বপক্ষেঽপি প্রাণব্যাপারবচ্ছরীরস্য সুষুপ্তোঽয়মিত্যেব রূপেণ পরৈঃ কল্পিতত্বাচ্চ, তস্মাদুভয়থাপি ব্যপদেশভেদ উপপন্নঃ দৈবং চ অনুগ্রাহকদেবতাজাতং চ শব্দস্তথেত্যনুকর্ষণার্থঃ। অত্র কারণবর্গে পঞ্চমং পঞ্চসংখ্যাপূরণং। এবশব্দস্তথাশব্দেঃ সম্বধ্যমানোঽনাত্মত্বভৌতিকত্বকল্পিতত্বাদ্যবধারণার্থঃ। পঞ্চানামপি তত্র শরীরস্য কর্তৃকরণক্রিয়া ধিষ্ঠানস্য "দেবতা পৃথিবী যত্রাস্য পুরুষস্য মৃতস্যাগ্নিং বাগপ্যেতি বাতং প্রাণশ্চক্ষুরাদিত্যং দিশ শ্রোত্রং মনশ্চন্দ্রং পৃথিবীং শরীরম্"ইতি শ্রুতৌ বাগাদ্যধিষ্ঠাত্র্যাগ্ন্যাদিভিঃ সহ শরীরাধিষ্ঠাতৃত্বেন পৃথিবীপাঠাৎ কর্ত্তুরহঙ্কারস্যাধিষ্ঠাত্রী দেবতা রুদ্রঃ পুরাণাদিপ্রসিদ্ধঃ করণানাং চাধিষ্ঠাত্র্যোদেবতা সুপ্রসিদ্ধাঃ শ্রোত্রত্বক্চক্ষুরসনঘ্রাণানাং দিগ্বাতার্কপ্রচেতোঽশ্বিনঃ বাক্পাণিপাদপায়ূপস্থানা বহ্নীন্দ্রোপেন্দ্রমিত্রপ্রজাপতয়ঃ মনোবুদ্ধ্যোশ্চন্দ্রবৃহস্পতী ইতি পঞ্চপ্রাণানাং ক্রিয়ারূপাণাং সদ্যো জাতবামদেবাঘোরতৎপুরুষেশানাঃ পুরাণপ্রসিদ্ধাঃ তাভ্যো দৈবমাদিত্যাদিচক্ষুরাদ্যনুগ্রাহকমিত্য ধিষ্ঠানাদিদেবতানামপ্যুপলক্ষণং ॥ ১৪ ॥

নীলকণ্ঠ।—তান্যেব পঞ্চ গণয়তি অধিষ্ঠানমিতি। অধিষ্ঠানমিচ্ছাদ্বেষসুখদুঃখজ্ঞানাদীনামভিব্যক্তেরাশ্রয়ো দেহঃ তস্যানাত্মত্বং চার্ব্বাকব্যতিরিক্ত সমস্ত বাদিসিদ্ধং, তথা কর্ত্তা বুদ্ধিবিশিষ্টশ্চিদাভাসঃ প্রমাতা নামাহম্প্রত্যয়বিষয়োঽহঙ্কার শুথেত্যনেন তদ্বদেবানাত্মত্বেন জ্ঞেয় ইত্যুক্তং দেহস্যৈব সৃষ্টৌ প্রলয়ে চ তস্যাপ্যুৎপত্তি বিনাশয়োর্দর্শনাৎ এতচ্চ বিশেষণনাশাৎ বিশিষ্ট নাশং বিশেষণোৎপত্ত্যা চ বিশিষ্টোৎপত্তিমভিপ্রেত্য শ্রূয়তে "বিজ্ঞান ঘন এবৈতেভ্যো ভূতেভ্যঃ সমুত্থায় তান্যেবানুবিনশ্যতী"তি "যথাগ্নেঃ ক্ষুদ্রা বিস্ফুলিঙ্গা ব্যুচ্চরন্ত্যেবমেতস্মাদাত্মনঃ সর্ব্ব এত আত্মানোব্যুচ্চরন্তী"তি চ বিশিষ্টস্যৈবানতিরেকাদর্শনাদনাত্মত্বং সিদ্ধং, করণঞ্চ শব্দাদ্যুপলব্ধি সাধনং পৃথগ্বিধং দ্বাদশবিধং পঞ্চ কর্ম্মেন্দ্রিয়াণি পঞ্চ জ্ঞানেন্দ্রিয়াণি মনো বুদ্ধিশ্চ তথা বিবিধাশ্চ পৃথক্ চেষ্টা বায়বীয়াঃ প্রাণনাদি রূপাঃ দৈবং পুণ্যপাপরূপং তত্তৎকরণানুগ্রাহক সূর্য্যাদিদেবতারূপং পঞ্চমং পঞ্চানাং পূরণং ॥ ১৪ ॥

বিশ্বনাথ।—তান্যেব গণয়তি অধিষ্ঠানং শরীরং। কর্ত্তা চিজ্জড়গ্রন্থিরহঙ্কারঃ। করণং চক্ষুঃশ্রোত্রাদি পৃথগ্বিধমনেকপ্রকারং। পৃথক্ চেষ্টা প্রাণাপানাদীনাং পৃথকব্যাপারাঃ। দৈবং সর্ব্বপ্রেরকোঽন্তর্যামীচ ॥ ১৪ ॥

তাৎপর্য্য।—পূর্ব্ব শ্লোকে যে পঞ্চবিধ কারণের প্রসঙ্গ উত্থাপিত হইয়াছে, এক্ষণে তাহারই বিষয় পরিব্যক্ত হইতেছে। ন্যায় হউক বা অন্যায় হউক, মনুষ্য যে কোন কর্ম্ম আরম্ভ করে এই পঞ্চই তাহার হেতু।

পূজ্যপাদ শ্রীমচ্ছঙ্করাচার্য্য তথা শ্রীমদানন্দগিরির অভিপ্রায়। যে পঞ্চ কারণের কথা পূর্ব্বে উল্লেখ করা হইয়াছে. তাহা কি কি, তাহাই এস্থলে নির্দ্দিষ্ট হইতেছে। ইচ্ছা, দ্বেষ, সুখ দুঃখাদির অভিব্যক্তি যাহাকে আশ্রয় করিয়া হয়, সেই শরীরের নাম অধিষ্ঠান। উপাধি লক্ষণাক্রান্ত ভোক্তার নাম কর্ত্তা। শ্রোত্রাদি ইন্দ্রিয় সমূহের নাম করণ; এই ইন্দ্রিয় নানা প্রকার; শব্দগ্রহণাদি কার্য্যভেদে তাহা দ্বাদশবিধ। প্রাণ অপানাদি দেহস্থিত বায়ু সমূহের ভিন্ন ভিন্ন রূপ চেষ্টা অর্থাৎ ক্রিয়া নির্ব্বাহিত হইয়া থাকে। দৈব পঞ্চম কারণ। আদিত্যাদি দেবতা, দর্শনাদি ব্যাপারের কারণ স্বরূপ, এজন্য দৈব পঞ্চম কারণ নামে অভিহিত হইয়াছে।

পূজ্যপাদ শ্রীমদ্বলদেবের অভিপ্রায়। সেই পঞ্চ কারণ গণনা পূর্ব্বক নির্দ্দেশ করিতেছেন। জীব যাহাতে অধিষ্ঠান করে, তাহারই নাম শরীর। জীবই কর্ত্তা। জীবের জ্ঞাতৃত্ব কর্তৃত্ব সম্বন্ধে শ্রুতি বলিয়াছেন, "এষহি দ্রষ্টা স্রষ্টা" (প্রশ্নোপনিষৎ ৪র্থ প্রশ্ন) ইনিই দ্রষ্টা, ইনিই স্রষ্টা, ইত্যাদি।

বেদান্ত সূত্রেও এইরূপ নির্দ্দিষ্ট হইয়াছে। "জ্ঞোহত এব" (বেদান্তসূত্র ২য় অধ্যায় ৩য় পাদ ১৮ সূত্র) ইহার ভাবার্থ এই যে; 'আত্মার উৎপত্তি ও লয় নাই, ব্রহ্মই জীবভাব প্রাপ্ত হইয়া থাকেন, অতএব আত্মা নিত্য চৈতন্য।' "কর্ত্তাশাস্ত্রার্থবত্ত্বাৎ।" (বেদান্তসূত্র ২য় অঃ ৩য় পাঃ ৩৩ সূঃ) ইহার ভাবার্থ যথা, 'জীবই কর্ত্তা, ইহাই শাস্ত্র সমূহে নিরূপিত। (২৩৬২।২৩৬৯ পৃষ্ঠার তাৎপর্য্য দ্রষ্টব্য) করণ অর্থাৎ মন সহকৃত শ্রোত্রাদি ইন্দ্রিয় সমূহ। ইহারা পৃথগ্বিধ, অর্থাৎ কর্ম্ম নিষ্পত্তির নিমিত্ত স্বতন্ত্র ব্যাপার বিশিষ্ট। বিবিধ পৃথক্ চেষ্টা অর্থাৎ প্রাণ অপানাদির বিবিধ ব্যাপার। দৈব অর্থাৎ সর্ব্বারাধ্য পর ব্রহ্ম পঞ্চম কারণ; যে হেতু সর্ব্ব কর্ম্ম সম্পাদন বিষয়ে তিনিই হেতু, অর্থাৎ কর্ম্মনিষ্পত্তি সম্বন্ধে অন্তর্যামী শ্রীহরিই মুখ্য হেতু স্বরূপ। সেই ইন্দ্রিয়, প্রাণ এবং জীব উপকরণ বিশিষ্ট শ্রীহরি কর্ম্মপ্রবর্ত্তক, ইহা যাঁহারা নিশ্চয় রূপে অবধারণ করিয়াছেন, কর্ম্ম তাঁহাদিগের বন্ধনের হেতুভূত নহে। কারণ তাঁহারা কর্ম্ম এবং তৎফলে স্পৃহাবিরহিত হইয়া থাকেন। যদি বলা যায় যে, কর্ম্ম সম্পাদন পরেশায়ত্ত অর্থাৎ শ্রীহরির অধীন, তাহা হইলে জীবের স্বনিযোজ্যত্ব আপত্তির বিষয় হইতেছে। কারণ কাষ্ঠতুল্য সামর্থ্যহীন জীব অপরের নিয়োজনে কার্য্য সম্পাদন করে মাত্র, সুতরাং কার্য্য বিষয়ে তাহার কর্তৃত্ব ও বিধি নিষেধ সূচক শাস্ত্র বিফল হইতেছে। কিন্তু জীব কর্ম্ম বিষয়ে নিযোজিত হইলেও স্বকীয় বুদ্ধি দ্বারা কর্ম্মে প্রবর্ত্তিত বা নিবর্ত্তিত হইতে সক্ষম, ইহাও পরিদৃষ্ট হইতেছে। এই বিরোধের উত্তরে কথিত হইতেছে যে, পরেশ প্রদত্ত দেহেন্দ্রিয়াদি দ্বারা এবং তাঁহারই প্রভাবে শক্তিমান্ হইয়া, শ্রীহরির আধারভূত জীব কর্ম্মসিদ্ধির নিমিত্ত স্বেচ্ছা পূর্ব্বক দেহেন্দ্রিয়াদিতে অধিষ্ঠিত থাকে। কিন্তু পরেশ সেই সকলের অন্তরাবস্থিত থাকিয়া জীবকে কর্ম্ম সম্পাদন বিষয়ে অনুমতিদাতারূপে কর্ম্মে প্রেরণ করেন, অর্থাৎ এই শরীর ও ইন্দ্রিয়গ্রাম এবং জীব, সকলই সেই পরেশ-প্রেরিত এবং তাঁহারই নিযোজন ক্রমে কর্ম্মে প্রবৃত্ত হইলেও জীবের নিজ বুদ্ধির স্বাধীনতা আছে। জীব স্বকীয় বুদ্ধি সহকারে কর্ম্মে প্রবৃত্ত বা নিবৃত্ত হইয়া থাকে। সুতরাং এ সম্বন্ধে বিরোধের কোনই কারণ নাই। বেদান্ত সূত্রেও নির্ণীত হইয়াছে যে, "পরাত্তু তচ্ছ্রুতেঃ।" (বেদান্ত সূত্র ২য় অঃ ৩ পাঃ

৪১ সূঃ) অর্থাৎ কর্ত্তৃত্ব ভোক্তৃত্বাদি যাবতীয় কার্য্যই পরমাত্মার অধীন, কারণ শ্রুতিও এইরূপ নির্দ্দেশ করিয়াছেন। এই সূত্রোপলক্ষে পূজ্যপাদ শঙ্করাচার্য্যের শারীরক ভাষ্যে যে আলোচনা উপস্থিত হইয়াছে, তাহা অত্রত্য অভিপ্রায়ের পোষক। যদি বলা যায় যে, মুক্ত জীবের কোনই কর্ত্তৃত্ব নাই, কারণ তাঁহার দেহ ও প্রাণ বিগত হইয়াছে। এরূপ উক্তিও সঙ্গত নহে। কারণ তদবস্থায় জীব সংকল্পসিদ্ধ ও দিব্য হইলেও তাঁহার সত্তা নাশ হইতেছে না সুতরাং কর্ত্তৃত্ব নাশ কেন হইবে ?

পূজ্যপাদ শ্রীমন্মধুসূদনের অভিপ্রায়। কর্ম্মের কারণস্বরূপ যে ব্যাপার পঞ্চক কর্ত্তৃত্বসিদ্ধ করে, তত্তাবৎকে হেয় বলিয়া জানিতে হইবে। সে গুলি কি কি তাহাই বুঝাইবার জন্য তত্তাবতের স্বরূপ বিবৃত হইতেছে। ইচ্ছা দ্বেষ, সুখ, দুঃখ এবং চেতনা অভিব্যক্তির আশ্রয় স্বরূপ এই শরীরের নাম অধিষ্ঠান। যেমন এই অধিষ্ঠান অনাত্মস্বরূপ মায়াকল্পিত ভৌতিক স্বপ্নদৃষ্ট গৃহ রথাদির ন্যায়, সেইরূপ কর্ত্তা অর্থাৎ 'আমি করিতেছি' ইত্যাদি রূপ অহঙ্কারযুক্ত। এই কর্ত্তৃত্বাভিমানরূপ অহঙ্কার জ্ঞানশক্তি-প্রধান, অপঞ্চীকৃত (১৪ পৃষ্ঠার টিপ্পনী দ্রষ্টব্য) পঞ্চ মহাভূতের কার্য্য স্বরূপ, এবং অন্তঃকরণ, বুদ্ধি, বিজ্ঞান ইত্যাদি পর্য্যায় শব্দবাচ্য। এই অহঙ্কারই অধ্যাসবলে আত্মাতে কর্ত্তৃত্বাদি আরোপ করিবার হেতু স্বরূপ। মূলস্থিত "তথা" শব্দ দ্বারা ইহাও অনাত্মা ভৌতিক এবং মায়া-কল্পিত সূচিত হইতেছে। যদিও লোকায়তিকগণ কর্ত্তৃক (২৪৬ পৃষ্ঠার টিপ্পনী দ্রষ্টব্য) স্থূল শরীর আত্মারূপে পরিগৃহীত হইয়াছে, তথাপি অন্য পরীক্ষকেরা অর্থাৎ উপনিষৎ বেদান্তাদি জ্ঞাননিষ্ঠ সাম্প্রদায়িকেরা তাহা নিশ্চিতরূপে অনাত্মা বলিয়া অবধারণ করিয়াছেন। সেই দৃষ্টান্তের অনুসরণ ক্রমে তার্কিকাদিগণ কর্ত্তৃক আত্মা কর্ত্তৃরূপে পরিগৃহীত হইলেও উল্লিখিত জ্ঞানসম্পন্ন মেধাবিগণের মতানুসারে আত্মার প্রতি কর্ত্তৃত্বের আরোপ অনায়াসেই অগ্রাহ্য করা যাইতে পারে। শব্দাদি উপলব্ধির সাধন স্বরূপ শ্রবণাদির নামই করণ। এস্থলে মূলে যে "চ" কার প্রযুক্ত হইয়াছে, তাহা তথা শব্দবাচক। তত্তাবৎ পৃথগ্বিধ অর্থাৎ নানাপ্রকার। পঞ্চ জ্ঞানেন্দ্রিয়, পঞ্চ কর্ম্মেন্দ্রিয় ও তৎসহ বুদ্ধি, মন এই দ্বাদশ প্রকার করণ নামে কীর্ত্তিত হইয়া থাকে। বুদ্ধি ও মন বৃত্তি বিশেষ ;

বৃত্তিযুক্ত অহঙ্কার কর্ত্তার ন্যায় অবভাসিত হইয়া থাকে। বিবিধ অর্থাৎ নানাপ্রকার, পঞ্চধা অথবা দশধারূপে প্রসিদ্ধ। এস্থলেও যে "চ" শব্দ প্রযুক্ত হইয়াছে, তাহা "তথা" শব্দের ভাব প্রকাশ করিতেছে। পৃথক্ অর্থাৎ অসঙ্কীর্ণ চেষ্টা; এই চেষ্টা ক্রিয়ারূপা এবং কার্য্যপ্রধানা; ইহা পঞ্চীকৃত পঞ্চ মহাভূতের কার্য্য স্বরূপ। ক্রিয়াপ্রাধান্য হেতু এই চেষ্টা বায়বীয়রূপে নির্দ্দিষ্ট হইয়া থাকে। বায়ু পঞ্চ প্রকার। যথা; প্রাণ, অপান, সমান, উদান, ব্যান। নাগ, কূর্ম্ম, কৃকর, দেবদত্ত, ধনঞ্জয়, ইহারা প্রাণাদিরই অন্তর্ভূত। (৯২২। ১৪৮৯ পৃষ্ঠার টিপ্পনী দ্রষ্টব্য) কোন কোন দার্শনিক সম্প্রদায় বলিয়া থাকেন যে, সুষুপ্তিকালে অন্তঃকরণের কর্তৃত্ব ব্যাপার লয় প্রাপ্ত হইলেও প্রাণের কার্য্য দেখিতে পাওয়া যায়, সুতরাং এতদুভয়ের ভেদ দর্শনে প্রাণকে অন্তঃকরণ হইতে অত্যন্ত ভেদযুক্ত বলিয়া বোধ হয়। জ্ঞানশক্তি অন্তঃকরণের লক্ষণ, এবং ক্রিয়াশক্তি প্রাণের লক্ষণ। এতদুভয়ের একত্বে অবস্থানই জীবত্ব। ইহার একাংশের লয় হইলেও অপ-রাংশের বিদ্যমানতা সর্ব্বথা সুসঙ্গত। সুষুপ্তিতে যে লয় পরিদৃষ্ট হয়, তাহাতে প্রকৃত লয় কাহারও হয় না। আপাততঃ যে ভেদ দৃষ্ট হয়, তাহা প্রকৃত ভেদ নহে ভেদের ব্যপদেশ মাত্র। শ্রুতিও বলিয়াছেন, "স ঈক্ষাঞ্চক্রে কস্মিন্নহমুৎক্রান্তে উৎক্রান্তো ভবিষ্যামি কস্মিন্ বা প্রতিষ্ঠিতে প্রতিষ্ঠাস্যামি ইতি স প্রাণমসৃজত।" (প্রশ্নোপনিষৎ ৬।৩) ইহার ভাবার্থ যথা; 'তিনি দেখিয়াছিলেন, কোন্ উৎক্রান্তের উত্তর আমি প্রতিষ্ঠিত হইব; ইহা দেখিয়া তিনি প্রাণকে সৃষ্টি করিলেন। এই শ্রুতি দ্বারা প্রাণের উৎক্রান্তি রূপ উপাধির কথা পরিব্যক্ত হইতেছে। অপিচ, "সধীঃ স্বপ্নোভূত্বেমং লোকমতিক্রামতি মৃত্যো রূপাণি ধ্যায়তীব লেলায়তীব" অর্থাৎ সেই বুদ্ধি স্বপ্নরূপে এই লোক অতিক্রম করেন, মৃত্যুর রূপকে যেন ধ্যান করেন এবং তদ্রূপে যেন গমন করেন। এই শ্রুতি দ্বারা বুদ্ধির উৎক্রান্তি লক্ষণ প্রতিপাদিত হইতেছে। এই দুই শ্রৌত প্রমাণে উপপন্ন হইতেছে যে, বুদ্ধি এবং প্রাণ উভয়েরই একত্রে উৎক্রান্তি সংঘটিত হইয়া থাকে। উভয়ের যে ভেদ ব্যপদেশ কথিত হইয়াছে, তাহা কেবল শক্তিভেদেরই পরিণাম মাত্র। অর্থাৎ একের জ্ঞানশক্তি অপরের ক্রিয়া শক্তি, এই শক্তি ভেদেই উভয়ের ভেদ ব্যপদেশ, অন্যথা উভয়েই এক।

দৈব অর্থাৎ অনুগ্রাহক দেবতাজাত। 'চ'শব্দ 'তথা' শব্দের অর্থ-বাচক। এই স্থলে কারণ বর্গের পঞ্চম সংখ্যা পূরণ হইল। "এব" শব্দ তথা শব্দের ন্যায় ভৌতিকত্ব অনাত্মত্ব এবং কল্পিতত্ব প্রতিপাদক। সেই পঞ্চ কারণের মধ্যে কর্ত্তৃ করণ ক্রিয়ার অধিষ্ঠান স্বরূপ শরীরের দেবতা পৃথিবী। শ্রুতিও বলিয়াছেন, "যত্রাস্য পুরুষস্য মৃতস্যাগ্নিং বাগপ্যেতি বাতং প্রাণশ্চক্ষুরাদিত্যং দিশ শ্রোত্রং মনশ্চন্দ্রংপৃথিবীং শরীরং।" অর্থাৎ এই মৃত পুরুষের বাক্য অগ্নিতে, প্রাণ বায়ুতে, আদিত্যে চক্ষু, দিক্ সমূহে শ্রোত্র, চন্দ্রে মন এবং পৃথিবীতে শরীর গমন করে। এই শ্রুতিতে বাগাদির অধিষ্ঠাতা অগ্ন্যাদি দেবতার উল্লেখের সহিত শরীর ও পৃথিবীর উল্লেখ হওয়ায় বুঝা যাইতেছে যে, পৃথিবীই শরীরের অধিষ্ঠাত্রী দেবতা। অহঙ্কাররূপ কর্ত্তার অধিষ্ঠাতা দেবতা রুদ্র, ইহা পুরাণাদিতে প্রসিদ্ধ। ইন্দ্রিয় সমূহের অধিষ্ঠাতৃ দেবতা সর্ব্ব পরিচিত। যথা; শ্রোত্রের দিক্, ত্বকের বায়ু, চক্ষুর সূর্য্য, রসনার বরুণ, ঘ্রাণের অশ্বিনীকুমারদ্বয়, বাক্যের অগ্নি, পাণির ইন্দ্র, পাদের উপেন্দ্র, পায়ুর মিত্র, উপস্থের প্রজাপতি, মনের চন্দ্র এবং বুদ্ধির বৃহস্পতি। ক্রিয়ারূপ বায়ু পঞ্চকের অধিষ্ঠাতৃ দেবতা যথা; সদ্যোজাত, বামদেব, অঘোর, তৎপুরুষ, ঈশান। এইরূপ অধিষ্ঠাতা দেবতাগণের বৃত্তান্ত পুরাণপ্রসিদ্ধ।

এই সমস্ত ভাষ্য ও টীকা আলোচনা করিয়া ইহাই উপলব্ধ হইতেছে যে, শরীর, জীব, ইন্দ্রিয় সমূহ, তত্তাবতের বিবিধ চেষ্টা এবং তত্তদিন্দ্রিয়ের দেবতা মনুষ্যের কর্ম্মপ্রয়োজক। বাস্তবিক এই শরীর বিবিধ কর্ম্ম সম্পাদন করে, কারণ তাহার অন্তরস্থ জীব কর্ত্তৃরূপে দেহকে কর্ম্ম বিষয়ে উত্তেজিত করিয়া থাকে। দেহস্থিত ইন্দ্রিয়নিচয় বিশেষ বিশেষ ভোগাসক্তিতে বা কামনায় জীবকে বিচলিত করে এবং সেই চাঞ্চল্য-প্রণোদিত বুদ্ধি ও মন শরীরকে অনুরূপ কার্য্যে বিনিযোজিত করিয়া থাকে। ইন্দ্রিয়গ্রামের চেষ্টা অনেক; যে হেতু বহু ব্যাপারের অববোধ ইন্দ্রিয় দ্বারাই সংসাধিত হইয়া থাকে। কোন কোন ব্যাখ্যাতা মহোদয় মূলস্থিত "দৈব" পরমেশ্বর বাচক বলিয়া গ্রহণ করিয়াছেন। কেহ কেহবা বিবিধ ইন্দ্রিয়াদিতে স্বতন্ত্র স্বতন্ত্ররূপে অধিষ্ঠিত দেবতা লক্ষ্য করিয়াছেন। ফলিতার্থ সমানই হইতেছে। স্বতন্ত্র স্বতন্ত্র দেবতাও পরমেশ্বরেরই অংশ। প্রত্যেক ইন্দ্রি-

য়ের অধিষ্ঠাতা দেবতা কার্য্যের প্রযোজক অথবা সর্ব্বনিয়ন্তা পরমেশ্বরই কর্ম্ম বিধানকর্ত্তা, এতদুভয়ই সমান ভাব ব্যঞ্জক। এইরূপ দৈবপ্রেরিত শরীরী জীব ইন্দ্রিয়গণের চেষ্টাপথে নিরন্তর প্রধাবিত হইয়া বহুবিধ কার্য্য সম্পাদন করিতেছে ॥ ১৪ ॥

——(:•••:)——

শরীরবাঙ্‌মনোভির্যৎ কর্ম্ম প্রারভতে নরঃ।
ন্যায্যং বা বিপরীতং বা পঞ্চৈতে তস্য হেতবঃ ॥ ১৫ ॥

অন্বয়।—নরঃ শরীরবাঙ্‌মনোভিঃ ন্যায্যং (ধর্ম্ম্যং) বা বিপরীতং (অধর্ম্ম্যং) বা যৎ কর্ম্ম প্রারভতে (নির্ব্বর্ত্তয়তি) এতে (পূর্ব্বোক্তাঃ) পঞ্চ (অধিষ্ঠানাদয়ঃ) তস্য (কর্ম্মণঃ) হেতবঃ (কারণানি) [ভবন্তি] ॥ ১৫ ॥

প্রতিশব্দ।—মানব শরীর-বাক্য-মনের-দ্বারা ধর্ম্ম বা অধর্ম্ম যে কর্ম্মকে সম্পাদন-করে, এই পঞ্চ তাহার কারণ [হয়] ॥ ১৫ ॥

ব্যাখ্যা।—মানব দেহ বাক্য ও মনের দ্বারা ধর্ম্মযুক্ত বা অধর্ম্মযুক্ত যে কর্ম্ম সমূহ সম্পাদন করে, পূর্ব্বোক্ত অধিষ্ঠানাদি পঞ্চই তাহার কারণ অর্থাৎ ইহাদের দ্বারাই সমস্ত কার্য্য সম্পন্ন হইয়া থাকে ॥ ১৫ ॥

শঙ্করাচার্য্য। শরীরেতি। শরীরবাঙ্মনোভির্যৎ কর্ম্ম ত্রিভিরেতৈ প্রারভতে নির্ব্বর্ত্তয়তি নরঃ ন্যায্যম্বাৎ ধর্ম্ম্যং শাস্ত্রীয়ং বিপরীতং বা অশাস্ত্রীয়ং অধর্ম্ম্যং যচ্চাপি নিমিষিতচেষ্টাদি জীবন-হেতুস্তদপি পূর্ব্বকৃতধর্ম্মাধর্ম্ময়োরেব কার্য্যমিতি ন্যায্যবিপরীতয়োরেব গ্রহণেন গৃহীতং, পঞ্চৈতে যথোক্তাস্তস্য সর্ব্বস্যৈব কর্ম্মণোহেতবঃ কারণানি। নন্থ অধিষ্ঠানাদীনি সর্ব্বকর্ম্মণাং কারণানি কথমুচ্যতে শরীরবাঙ্‌মনোভিঃ প্রারভ্যত ইতি নৈষ দোষঃ বিধিপ্রতিষেধলক্ষণং সর্ব্বং কর্ম্ম শরীরাদিত্রয়প্রধানং তদঙ্গতয়া দর্শনশ্রবণাদি জীবনলক্ষণং ত্রিধৈব রাশীকৃতমুচ্যতে শরীরাদিভি-রারভ্যত ইতি ফলকালেঽপি তৎপ্রধানৈর্ভুজ্যত ইতি পঞ্চানামেব হেতুত্বং ন বিরুধ্যতে ॥ ১৫ ॥

আনন্দগিরি।—পঞ্চানামধিষ্ঠানাদীনামুক্তানাং সর্ব্বকর্ম্মসিদ্ধ্যর্থং স্ফুটয়তি শরীরেতি। নন্থ জীবনকৃতং নিমিষোন্মেষাদি কর্ম্মান্তরং সাধারণমস্তি তৎ কথং রাশিত্রয়করণমিতি তত্রাহ যচ্চেতি। অধিষ্ঠানাদীনাং কর্ম্মমাত্রহেতুত্বং প্রতিজ্ঞায় শরীরাদিত্রিবিধকর্ম্ম হেতুত্বোক্তিরযুক্তেতি শঙ্কতে নন্বিতি। পূর্ব্বাপরবিরোধং পরিহরতি নৈষ দোষ ইতি। নন্থ জীবনকৃতানি স্বাভাবিকানি

কর্ম্মাণি দর্শনাদীনি বিধিনিষেধবাহ্যত্বান্ন দেহাদিনির্ব্বর্ত্ত্যানীত্যাশঙ্ক্যাহ তদঙ্গতয়েতি। তস্য দেহাদিত্রয়স্য প্রধানস্যাঙ্গক্ষুরাদি তন্নিষ্পাদ্যত্বেন জীবনকৃতং দর্শনাদি প্রধানকর্ম্মণ্যন্তর্ভূতমিতি ত্রৈবিধ্যমবিরুদ্ধমিত্যর্থঃ। দেহাদ্যারম্ভে ত্রিবিধে কর্ম্মণি সর্ব্বকর্ম্মান্তর্ভাবেঽপি কথং পঞ্চানামে-বাধিষ্ঠানাদীনাং তত্র হেতুত্বং ফলোপভোগকালে করণান্তরাপেক্ষাসম্ভবাদিত্যাশঙ্ক্যাঃ জন্মকাল-ভাবিনো ভোগকালভাবিনশ্চ সর্ব্বস্য কারণস্য তেষ্বেবান্তর্ভাবান্নৈবমিত্যাহ ফলেতি॥ ১৫॥

হনুমান।—শারীরং চ বাক্যতশ্চ শারীরং বাহ্যতাং তৈ (?) তাক্তমিন্দ্রিয়রূপং প্রারভতে নরঃ ন্যায্যংবাশাস্ত্রীয়ং বা তস্য কর্ম্মণস্তে পঞ্চহেতবঃ॥ ১৫॥

শ্রীধর।—এতেষামেব সর্ব্বকর্ম্মহেতুত্বমাহ শরীরেতি। যথোক্তৈঃ পঞ্চভিঃ প্রারভ্য-মাণং কর্ম্ম ত্রিধেবান্তর্ভাব্যশরীরবাঙমনোভিরিত্যুক্তং শারীরং বাচিকং মানসঞ্চ ত্রিবিধং কর্ম্মেতি প্রসিদ্ধং, শরীরাদিভির্যৎ কর্ম্ম ধর্ম্ম্যমধর্ম্ম্যং বা করোতি নরস্তস্য সর্ব্বস্য কর্ম্মণ এতে পঞ্চ হেতবঃ॥ ১৫॥

বলদেব।—শরীরেতি। ন্যায্যং শাস্ত্রীয়ং বিপরীতমশাস্ত্রীয়ম্॥ ১৫॥

মধুসূদন।—স্বরূপমুক্ত্বা তেষাং পঞ্চানাং কর্ম্মহেতুত্বমাহ তৃতীয়েন। শারীরং বাচিকং মানসিকং চ বিধিপ্রতিষেধলক্ষণং ত্রিবিধং কর্ম্ম শাস্ত্রেষু প্রসিদ্ধং অক্ষপাদেন চোক্তং—"প্রবৃত্তি-র্ব্বাগ্বুদ্ধিশরীরারম্ভ" ইতি। বুদ্ধির্মনঃ অতঃ প্রাধান্যাভিপ্রায়েণোচ্যতে শরীরেণ বাচা মনসা বা যৎকর্ম্ম প্রারভতে নির্ব্বর্ত্তয়তি নরঃ মনুষ্যাধিকারত্বাচ্ছাস্ত্রস্য কীদৃশং কর্ম্ম ন্যায্যং বা শাস্ত্রীয়ং ধর্ম্মং বিপরীতং বা অশাস্ত্রীয়মধর্ম্মং যচ্চ নিমিষিতচেষ্টিতাদি জীবনহেতুরন্যদ্বা বিহিতপ্রতিষিদ্ধসমং তৎসর্ব্বং পূর্ব্বকৃতধর্ম্মাধর্ম্ময়োরেব কার্য্যমিতি ন্যায্যবিপরীতয়োরেবান্তর্ভূতং পঠ্যেতে যথোক্তা অধিষ্ঠানাদয়স্তস্য সর্ব্বস্যৈব কর্ম্মণো হেতবঃ কারণানি॥ ১৫॥

নীলকণ্ঠ।—শরীরেতি। ন্যায্যং ধর্ম্ম্যং শাস্ত্রীয়ং বিপরীতমন্যায্যমধর্ম্ম্যমশাস্ত্রীয়ং নমু শরীরাদিভিস্ত্রিভিরারভ্যতে পঠ্যেতে তস্য হেতব ইতি চ বিপ্রতিষিদ্ধমুচ্যতে নৈষ দোষঃ অত্রাধিকারী পদেনাধিষ্ঠানস্য নরপদেন কর্ত্তুর্ব্বাত্মন ইতি করণস্যারভত ইতি চেষ্টানাং ন্যায্যমিতি। ধর্ম্মাধর্ম্মরূপস্য দৈবস্য চ সংগ্রহাৎ সর্ব্বেষু কর্ম্মসু পঞ্চানাং সমানেঽপ্যুপযোগে বিধিপ্রতিষেধলক্ষণং ত্রিবিধমেব কর্ম্ম শাস্ত্রপ্রসিদ্ধমিতি ইদং শারীরং কর্ম্মেদং মানসমিদং বাচিকমিতিব্যপদেশো দেহাদীনাং প্রাধান্যাপেক্ষ ইতি ন কশ্চিদ্বিরোধঃ॥ ১৫॥

বিশ্বনাথ।—শরীরাদিভিরিতি। শারীরং বাচিকং মানসং চেতি কর্ম্ম ত্রিবিধং তচ্চ সর্ব্বং দ্বিবিধং ন্যায্যং ধর্ম্মঃ বিপরীতমন্যায্যং অধর্ম্মং তস্য সর্ব্বস্যাপি কর্ম্মণ এতে পঞ্চ হেতবঃ॥ ১৫॥

তাৎপর্য্য।—যে পঞ্চকের বৃত্তান্ত পূর্ব্বে বিবৃত হইয়াছে, তত্তাবতই যে মনুষ্যের যাবতীয় কর্ম্মের কারণ তাহাই এক্ষণে বিবৃত হইতেছে। শরীর বাক্য এবং মনের দ্বারা মনুষ্য যে যে ন্যায্য বা তদ্বিপরীত কর্ম্ম আরম্ভ

করে, পূর্ব্বোল্লিখিত অধিষ্ঠানাদি পঞ্চই তাহার হেতু। প্রথমতঃ শরীরের কথা; এই শরীর দ্বারা মনুষ্য বহুবিধ ধর্ম্মাধর্ম্ম সাধন করে। স্বার্থের জন্য দস্যুতা চৌর্য্য নরহত্যা প্রভৃতি পাপ কার্য্য মনুষ্যেরা দেহের দ্বারাই সংসাধিত করিয়া থাকে, আবার লোকহিতের নিমিত্ত শ্রমস্বীকার, ভার বহন, শবদাহনাদি পুণ্য কর্ম্মও লোকে শরীর দ্বারাই সম্পন্ন করে। বাক্য দ্বারাও মনুষ্য বিবিধ হিতাহিত সাধিত করিয়া থাকে। সত্যবাদিতা, প্রিয়ভাষিতা এবং ধর্ম্মমূলক মন্ত্রাদির উচ্চারণ বাগ্‌যন্ত্রের সাহায্যেই সম্পাদিত হয়। আবার মিথ্যাভাষণ, কটু বাক্য প্রয়োগ এবং অহিতকর মন্ত্রণা বাগ্‌যন্ত্রের সহায়ে নিষ্পন্ন হয়। সর্ব্বোপরি মনের কথা। হিতাহিত সমস্ত কার্য্যের মনই প্রবর্ত্তক। মনের প্ররোচনায় মনুষ্য হিতাহিত বিবেচনা রহিত হইয়া সকল প্রকার কার্য্যে প্রবৃত্ত হইয়া থাকে। এই সকল অবলম্বনে মনুষ্য যে যে কার্য্যে প্রবৃত্ত হয়, তাহা ন্যায্য বা তদ্বিপরীত অর্থাৎ ন্যায়বিরুদ্ধ হইতে পারে। যে যে কার্য্য শাস্ত্রীয় বিধিসঙ্গত, অথবা যে যে কার্য্য শাস্ত্রজ্ঞ আচার্য্যোপদেশানুগত, তত্তাবতই ন্যায্য বা ধর্ম্মসঙ্গত রূপে পরিগণিত। যে যে কার্য্য তদ্বিরুদ্ধ, অর্থাৎ শাস্ত্রনিষিদ্ধ বা জ্ঞানী আচার্য্যের অননুমোদিত তৎসমস্তই অন্যায্য বা অধর্ম্ম কর্ম্মরূপে পরিগণিত। মনুষ্যানুষ্ঠিত প্রায় সকল কার্য্যই এই দুই বিভাগের অন্তর্ভূত। স্বাভাবিক জীবিতচেষ্টাদি কতকগুলি কার্য্য পূর্ব্বকৃত ধর্ম্মাধর্ম্মের কার্য্য, অতএব সে সকল ন্যায্য বা অন্যায্যের অন্তর্ভূত। এবম্ভূত ধর্ম্মাধর্ম্ম বিধি নিষেধ সঙ্গত কার্য্যাকার্য্য সমূহ সম্বন্ধে পূর্ব্ব শ্লোকোক্ত অধিষ্ঠানাদি পঞ্চই হেতুস্বরূপ; অর্থাৎ সেই পঞ্চকারণ দ্বারাই মানবের ন্যায্য বা তদ্বিপরীত কার্য্যসমূহ সম্পন্ন হইয়া থাকে।

পূর্ব্বশ্লোকে অধিষ্ঠানাদি পঞ্চকে কারণ বলা হইয়াছে, সমালোচ্য শ্লোকেও সেই পঞ্চকেই হেতুরূপে নির্দ্দেশ করা হইল, অথচ শরীর, বাক্ ও মনের দ্বারা মনুষ্য কার্য্যারম্ভ করে বলিয়া উল্লেখ করা হইতেছে। পঞ্চ কারণের উল্লেখের সহিত তিনটীকে বিশেষরূপে নির্দ্দেশ করা আপাততঃ অসঙ্গত বলিয়া মনে হইতে পারে; কিন্তু বিবেচনা করিয়া দেখিলে প্রতিপন্ন হইবে যে ইহাতে অসঙ্গতি কিছুই ঘটে নাই। পূর্ব্বে অধিষ্ঠানাদি যে পঞ্চকের কথা উল্লেখ করা হইয়াছে, শরীর বাক্য ও মন তত্তাবতের মধ্যে

প্রধান। অতএব সকলের পৃথক্‌রূপে উল্লেখ না করিয়া প্রধানত্রয়ের উল্লেখ কোনরূপ দোষাবহ নহে। ন্যায়দর্শন প্রণেতা ভগবান্ গৌতম বলিয়াছেন, "প্রবৃত্তির্বাগ্ বুদ্ধিশরীরারম্ভঃ।" ইহার ভাবার্থ এই যে, 'বাক্য, বুদ্ধি এবং শরীর দ্বারা প্রবৃত্তির আরম্ভ হইয়া থাকে। এস্থলে বুদ্ধি শব্দ মনেরই বাচক ॥১৫॥

—(:০:)—

তত্রৈবং সতি কর্ত্তারমাত্মানং কেবলন্তু যঃ।
পশ্যত্যকৃতবুদ্ধিত্বান্ন স পশ্যতি দুর্ম্মতিঃ ॥ ১৬ ॥

অন্বয়।—এবং সতি (অধিষ্ঠানাদৌ কার্য্য-কারণে সতি) যঃ তত্র (কর্ম্মণি) কেবলং (শুদ্ধং) আত্মানং তু অকৃতবুদ্ধিত্বাৎ (অসংস্কৃত-বুদ্ধিত্বাৎ) কর্ত্তারং পশ্যতি সঃ দুর্ম্মতিঃ (দুষ্টবুদ্ধিঃ) ন [সম্যক্] পশ্যতি ॥ ১৬ ॥

প্রতিশব্দ।—এই—রূপ হইলে যে সেই—কর্ম্মে কেবল আত্মাকে অসংস্কৃত—বুদ্ধি—হেতু কর্ত্তা দর্শন—করে, সেই দুর্ম্মতি [সম্যক্] দর্শন—করে না। ॥ ১৬ ॥

ব্যাখ্যা।—এইরূপ অধিষ্ঠানাদি পঞ্চ কার্য্য সম্পাদনে কর্ত্তা হইলেও অবিবেক হেতু যে ব্যক্তি শুদ্ধ আত্মাকেই কর্ত্তৃরূপে দর্শন করে, সেই দুর্ম্মতি ব্যক্তি সম্যক্ দর্শনে অক্ষম অর্থাৎ সেই নষ্টবুদ্ধি মানব সম্যক্ দৃষ্টির অভাবে ইষ্টানিষ্ট বিবিধ কর্ম্মফল ভোগ করিয়া থাকে ॥

শঙ্করাচার্য্য।—তত্রেতি। তত্রেতি প্রকৃতেন সম্বধ্যতে, এবং সতি এবং যথোক্তৈঃ পঞ্চভির্হেতুভির্নির্ব্বর্ত্ত্যে সতি কর্ম্মণি তত্রৈবং সতীতি দুর্ম্মতিত্বস্য হেতুত্বেন [illegible] অতেবা-মাত্মানমনন্যত্বেনাবিদ্যয়া পরিকল্পিতৈঃ ক্রিয়মাণস্য কর্ম্মণোঽহমেব কর্ত্তেতি কর্ত্তারমাত্মানং কেবলং শুদ্ধং তু যঃ পশ্যত্যবিদ্বান্ কস্মাদ্বেদান্তাচার্য্যোপদেশন্যায়ৈরকৃতবুদ্ধিত্বাদসংস্কৃতবুদ্ধিত্বাদ্যো-ঽপি দেহাদিব্যতিরিক্তাত্মবাদ্যন্যমাত্মানমেব কেবলং কর্ত্তারং পশ্যত্যসাবপ্যকৃতবুদ্ধিরেবাতোঽকৃতবুদ্ধিত্বান্ন স পশ্যত্যাত্মনস্তত্ত্বং কর্ম্মণো বেত্যর্থোঽতোদুর্ম্মতিঃ কুৎসিতা বিপরীতা দুষ্টাজস্রং জননমরণাপ্রতিপত্তিহেতুভূতা মতিরস্যেতি দুর্ম্মতিঃ স পশ্যন্নপি ন পশ্যতি যথা তৈমিরিকোঽনেকশ্চন্দ্রং যথা বাভ্রেষু ধাবৎসু চন্দ্রং ধাবন্তং যথা বা বাহনউপবিষ্টোঽন্যেষু ধাবৎস্বাত্মানং ধাবন্তং ॥১৬॥

দাসীনমকর্ত্তারমবিক্রিয়মদ্বিতীয়ং তু এব পরমার্থতঃ অবিদ্যয়া স্বাধিষ্ঠানাদৌ প্রতিবিম্বিতমাদিত্যমিব তোয়ে তত্তাদাত্মকমনন্যত্বেন পরিকল্প্য তোয়চলনেনাদিত্যশ্চলতীতিবদধিষ্ঠানাদিকর্ম্মণোঽহমেব কর্ত্তেতি সাক্ষিণমপি সন্তং কর্ত্তারং ক্রিয়াশ্রয়ং যঃ পশ্যত্যবিদ্যয়া কল্পয়তি রজ্জুমিব ভুজঙ্গং স এবং পশ্যন্নপি ন পশ্যত্যাত্মানং তত্ত্বেন স্বরূপাজ্ঞানকৃতত্বাদধ্যাসস্য স ভ্রান্ত্যা বিপরীতমেব পশ্যতি ন যথাতত্ত্বমিত্যত্র কো হেতুরত আহ অকৃতবুদ্ধিত্বাৎ শাস্ত্রাচার্য্যোপদেশন্যায়ৈরনুপজনিতবিবেকবুদ্ধিত্বাৎ, ন হি রজ্জুতত্ত্বসাক্ষাৎকারাভাবে ভুজঙ্গভ্রমং কশ্চন বাধতে এবং শাস্ত্রাচার্য্যোপদেশন্যায়ৈঃ পরিনিষ্ঠিতেঽহমস্মি সত্যং জ্ঞানমনন্তমকর্ত্রভোক্তৃপরমানন্দমনবদ্যমদ্বয়ং ব্রহ্মেতি সাক্ষাৎকারেঽনুপজনিতে কুতো মিথ্যাজ্ঞানতৎকার্য্যবাধঃ এতাদৃশং সাক্ষাৎকারমেব গুরুমুপসৃত্য বেদান্তবাক্যবিচারেণ কুতো ন জনয়তীত্যত আহ। দুর্ম্মতিঃ দুষ্টা বিবেকপ্রতিবন্ধকপাপেন মলিনা মতির্যস্য সঃ অতোঽশুদ্ধবুদ্ধিত্বান্নিত্যানিত্যবস্তুবিবেকাদিশূন্যত্বেন তত্ত্বজ্ঞানাযোগ্যত্বাদকর্ত্তারমপি কর্ত্তারং কেবলমপ্যকেবলমাত্মানমবিদ্যয়া কল্পয়ন্ সংসারী ধর্ম্মাধিকারী দেহভৃদকৃতবুদ্ধিঃ কর্ম্মকর্ত্তৃত্ব তাদাত্ম্যাভিমানাৎ কর্ম্মত্যাগাসমর্থঃ সর্ব্বদা জননমরণপ্রবন্ধেনানিষ্টমিষ্টং মিশ্রঞ্চ কর্ম্মফলমনুভবতি, এতেন যস্তার্কিকো দেহাদিব্যতিরিক্ত আত্মানমেব কর্ত্তারং কেবলং পশ্যতি সোঽপ্যকৃতবুদ্ধিত্বেন ব্যাখ্যাতঃ। অন্যস্ত্বাহ আত্মা কেবলোন কর্ত্তা কিন্ত্বধিষ্ঠানাদিভিঃ সংহতঃ সন্ পরমার্থতঃ কর্ত্তৈব, কর্ত্তারমাত্মানং কেবলং পশ্যন্ দুর্ম্মতিরিতি কেবলশব্দপ্রয়োগাদিতি, তন্ন পরমার্থতঃ সর্ব্বক্রিয়াশূন্যস্যাসঙ্গস্যাত্মনোঽধিষ্ঠানাদিভিঃ সংহতত্বানুপপত্তেঃ জলসূর্য্যাদিবদবিদ্যকেন সংহতত্বেন কর্ত্তৃত্বস্য তাদৃশত্বেন অধিষ্ঠানাদিনামপ্যাবিদ্যকত্বাচ্চ, কেবলশব্দস্য স্বভাবাসিদ্ধমাত্মনোঽসঙ্গাদিত্বমনুবদতি। কর্ত্তৃত্বদর্শিনো দুর্ম্মতিত্বহেতুত্বেনেত্যদোষঃ॥ ১৬॥

নীলকণ্ঠ।—এতৎপ্রতিপাদনফলং কর্ত্তৃত্বাদেরোপাধিকত্বমিতিরক্তৃত্বস্য স্বাভাবিকত্বসিদ্ধিশ্চেতি দ্বাভ্যাং শ্লোকাভ্যাং দর্শয়তি তত্রৈতি। তত্র তস্মিন্ কর্ম্মণি এবমুক্তরীত্যা পঞ্চভির্নিষ্পাদ্যে সতি কেবলং স্বকর্ত্তারমপ্যাত্মানং চেতনং "সাক্ষী চেতা কেবলো নির্গুণশ্চেতি" শ্রুতেঃ,অধিষ্ঠানাদি পঞ্চকপ্রকারদর্শিনমুদাসীনমপি যঃ কর্ত্তারং কর্ত্তৃত্বাশ্রয়ং পশ্যতি স দুর্ম্মতিঃ পাপাভিভূতমতির্নপশ্যত্যন্ধএব সঃ, অদর্শনে হেতুরকৃতবুদ্ধিত্বাদিতি। শাস্ত্রাচার্য্যোপদেশশমদমাদিসংস্কৃতা বুদ্ধির্যস্য স কৃতবুদ্ধিস্তদ্বিপরীতোঽকৃতবুদ্ধিস্তস্য ভাবস্তত্ত্বং তস্মাৎ যথা স্বমুখস্তোদপাত্রং সংসর্গিকত্বং পশ্যতা জলচাঞ্চল্যমপি তত্রারোপ্যত এবমাত্মনো বুদ্ধিসংসৃষ্টত্বং পশ্যতা বুদ্ধিধর্ম্মঃকর্ত্তৃত্বাদিরপ্যাত্মন্যারোপ্যতে ইতি ভাবঃ॥ ১৬॥

বিশ্বনাথ।—ততঃ কিমত আহ তত্র সর্ব্বস্মিন কর্ম্মণি পঞ্চৈব হেতব ইত্যেবং সতি কেবলং বস্তুতো নিঃসঙ্গমেবাত্মানং জীবং যঃ কর্ত্তারং পশ্যতি সোঽকৃতবুদ্ধিত্বাৎ দুর্ম্মতির্নৈব পশ্যতি সোঽজ্ঞানী অন্ধ এবোচ্যতে ইতি ভাবঃ॥ ১৬॥

তাৎপর্য্য।—পূর্ব্ব শ্লোকদ্বয়ে যে যে বস্তুকে কর্ম্মের কারণ রূপে নির্দ্দেশ

ক। হইল, তদ্বিষয়ক জ্ঞান দৃঢ়ীভূত হইলে আত্মাকে কর্ত্তা বলিয়া আর ভ্রম জন্মিতে পারে না। এই তত্ত্বই উপস্থিত শ্লোকে প্রতিপাদিত হইবে।

পূজ্যপাদ শ্রীমন্মধুসূদন সরস্বতীর অভিপ্রায়। ইদানীং অধিষ্ঠানাদির ফল নিরূপণস্বরূপে ইহাই পরিব্যক্ত হইতেছে যে, তৎ সমস্তের কর্ম্মকর্তৃত্ব হেতু আত্মার কর্তৃত্ব নাই। পূর্ব্বোক্তরূপ সর্ব্ব প্রকার কর্ম্মের উল্লিখিত পঞ্চ প্রকারই কারণ। এইরূপ জ্ঞান তত্ত্বতঃ উপজাত হইলে আত্মাকে আর কর্ত্তা বলিয়া ভ্রম হইতে পারে না। আত্মা সর্ব্বজড়প্রপঞ্চের ভাসক, যাবতীয় জড় পদার্থ আত্মার দ্বারাই প্রকাশিত; তিনি সত্তাস্ফূর্ত্তিরূপ অর্থাৎ বস্তু সমূহের অস্তিত্ব আত্মার দ্বারাই স্ফূরিত হইতেছে; স্বপ্রকাশ অর্থাৎ আত্মা আপনিই প্রকাশিত, তাঁহাকে প্রকাশ করিবার জন্য পদার্থান্তরের সাহায্য অনাবশ্যক; পরমানন্দ অর্থাৎ তিনি ঘন আনন্দস্বরূপ; অবাধ্য অর্থাৎ কিছুতেই তাঁহাকে অধীন করিতে পারে না, এবং তিনিও কোন বস্তুরই বাধ্য নহেন; কেবল অর্থাৎ সঙ্গরহিত উদাসীন, অকর্ত্তা, অবিক্রিয়, অদ্বিতীয়। ইহাই আত্মতত্ত্বের পরমার্থ ভাব। কিন্তু অবিদ্যা প্রভাবে আত্মবিষয়ক এরূপ পরমার্থ জ্ঞান দূরাপসারিত হইয়া যায়। আত্মা বস্তুতঃ অধিষ্ঠানাদিতে আদিত্যের ন্যায় অবভাসিত হইলেও অবিদ্যা প্রভাবে যেমন জলে প্রতিবিম্বিত সূর্য্যকে প্রকৃত সূর্য্যের ন্যায় ভ্রম হয় এবং জল চলিতেছে দেখিয়া সূর্য্য চলিতেছে বলিয়া মনে হয়, তদ্রূপ অধিষ্ঠানাদিকে আত্মারূপে ভ্রম হয় এবং তৎকৃত কার্য্য সমূহকে আত্মার কার্য্য বলিয়া মনে হয়। এইরূপ ভ্রমের বশবর্ত্তী হইয়া যাহারা সেই সাক্ষী স্বরূপ আত্মাকে কর্ত্তা জ্ঞান করিয়া আমি কর্ত্তা, আমি ভোক্তা ইত্যাদি রূপে উল্লেখ করে, তাহারা অবিদ্যাপ্রযুক্ত মিথ্যা জ্ঞানের বশীভূত হইয়া রজ্জুতে ভুজঙ্গকল্পনার ন্যায় দেখিয়াও দেখিতে পায় না, অর্থাৎ প্রকৃত জ্ঞানের অভাবে তাহারা মিথ্যা বিষয়কে সত্যরূপে দর্শন করে। এইরূপ ভ্রান্তিজনিত অসত্যকে সত্যরূপে দর্শন এবং নির্লিপ্তকে লিপ্ত বলিয়া বোধ করিবার হেতু কি? শাস্ত্রাচার্য্য উপদেশ দ্বারা বিবেক বুদ্ধি উপজাত না হওয়াই এবংবিধ মিথ্যা জ্ঞানের কারণ। রজ্জু যতক্ষণ পরিদৃষ্ট না হয় অথবা রজ্জু বলিয়া বোধ না জন্মে, ততক্ষণ ভুজঙ্গভ্রম নিবারণ করিতে কাহারও সাধ্য নাই। পথি মধ্যে বক্রাকারে ভুজঙ্গবৎ নিপতিত রজ্জু

দর্শনে যে সর্পভ্রম ও ভীতি জন্মে, কোন কারণে—হয় কোন বিজ্ঞ ব্যক্তির বাক্যে অথবা স্বকীয় তীক্ষ্ণদৃষ্টি সহকৃত স্থির বুদ্ধি সহকারে—যতক্ষণ রজ্জু নির্ণয় না হইবে, ততক্ষণ সেই ভ্রম বা ভীতি অপগত হইবে না। তদ্রূপ শাস্ত্রাচার্য্যোপদেশাদির দ্বারা সত্য, জ্ঞান, অনন্ত, অকর্ত্তা, অভোক্তা, পরমানন্দ, অনবস্থ, অদ্বয়, ব্রহ্মতত্ত্ব বিষয়ক জ্ঞান প্রত্যক্ষত উপজাত না হইলে, মিথ্যা জ্ঞান তিরোহিত হইবে কিরূপে? এরূপ অত্যাবশ্যকীয় জ্ঞান গুরুসমীপস্থ হইয়া তন্মুখ-নিঃসৃত উপদেশাদি সহকৃত বেদান্ত বাক্যাদি বিচার দ্বারা কেন লোকে অর্জ্জন করিতে প্রয়াসপর হয় না? তদুত্তরে কথিত হইতেছে যে, তাহারা দুর্ম্মতি অর্থাৎ পাপপ্রভাবে তাহাদের বুদ্ধি দুষ্ট ও মলিন হইয়াছে। অতএব তাদৃশ অশুদ্ধ বুদ্ধি হেতু তাহারা নিত্যানিত্য বস্তুবিবেক বিহীনতা প্রযুক্ত তত্ত্বজ্ঞানের অযোগ্য। সুতরাং অবিদ্যা দ্বারা অকর্ত্তাকে কর্ত্তা, কেবলকে অকেবল কল্পনা করিতে করিতে সংসারী দেহধারী অকৃতবুদ্ধি হইয়া থাকে, তাহারা কর্ম্ম কর্ত্তা সমূহকে আত্মবোধ করিয়া কর্ম্মত্যাগে অসমর্থ হয়, সুতরাং সর্ব্বদা জনন মরণ প্রবন্ধসংমিশ্রিত অনিষ্ট ইষ্ট এবং মিশ্র কর্ম্মফল ভোগ করিতে থাকে। যে তার্কিক সম্প্রদায় দেহাদি ব্যতিরিক্ত আত্মাকে কর্ত্তা বলিয়া স্বীকার করেন, তাঁহারাও অকৃতবুদ্ধিরূপে পরিগণিত। অন্যেরা বলিয়া থাকেন, আত্মা একাকী কর্ত্তা নহেন, অধিষ্ঠানভূত দেহাদিতে সংযুক্ত হইয়া পরমার্থত তিনিই কর্ত্তারূপে কার্য্য করিয়া থাকেন। তাঁহারা আরও বলেন যে, কেবল আত্মাকে কর্ত্তারূপে অবধারণ করা দুর্ম্মতির কার্য্য। এই বাক্যে মূলস্থিত "কেবল" শব্দ দ্বারা ইহাই উপপন্ন হইতেছে। সর্ব্বক্রিয়া শূন্য অসঙ্গ আত্মার অধিষ্ঠানাদি সহযোগেও কর্ম্মকর্ত্তৃত্ব কখনই সিদ্ধ হইতে পারে না। জলমধ্যস্থিত সূর্য্যের ন্যায় অবিদ্যা সংযোগ হেতু আত্মার কর্ত্তৃত্ব দর্শন অমূলক। অর্থাৎ জলমধ্যস্থিত সূর্য্যের কম্পনাদি কার্য্য যেমন প্রকৃত সূর্য্যের কার্য্য নহে, তদ্রূপ দেহাদিতে অধিষ্ঠিত অবিদ্যাকৃত আত্মাও প্রকৃত কর্ত্তা নহেন। এ স্থলে কেবল শব্দ দ্বারা আত্মার স্বভাবসিদ্ধ অসঙ্গত্ব অদ্বিতীয়ত্ব পরিব্যক্ত হইতেছে। দুর্ম্মতি প্রযুক্তই লোকে আত্মার কর্ত্তৃত্ব দর্শন করিয়া থাকে।

সাংসারিক কার্য্যসমূহ অধিষ্ঠানাদি কারণ পঞ্চক দ্বারাই সাধিত হইয়া

থাকে। কিন্তু যাহাদিগের সম্যক্ দর্শন শক্তি জন্মে নাই সেই দুর্ম্মতিগণ প্রকৃত কারণ দেখিতে না পাইয়া আত্মাকে সেই কার্য্যের কারণ রূপে অবধারণ করে। বস্তুতঃ আত্মা, মন বুদ্ধি ও ইন্দ্রিয়গ্রাম সংবলিত এই দেহের মধ্যে অধিষ্ঠিত হইলেও ক্রিয়া রহিত, নিঃসঙ্গ ও নির্ব্বিকার। এই তত্ত্ব হৃদয় মধ্যে সুদৃঢ় রূপে প্রতিষ্ঠিত না হইলে ভ্রমপরায়ণ মানবগণ সেই অকর্ত্তারূপ আত্মাতে সর্ব্বকর্ত্তৃত্বের আরোপ করিবে, ইহাতে বিচিত্রতা কি! তৈমিরিক নামক নেত্ররোগ ঘটিলে লোকে নভোমণ্ডলে বহুচন্দ্র দর্শন করিয়া থাকে। লোকে বেগগামী যানে আরোহণ করিয়া অগ্রসর হইতে হইতে মনে করে পার্শ্বস্থ বস্তুনিচয় ধাবিত হইতেছে; অথবা মেঘ সমূহ নভোমণ্ডলে বেগে ধাবিত হইতেছে দেখিয়া লোকে মনে করে নিশানাথ ধাবিত হইতেছেন। এই সকলই ভ্রম মাত্র। এইরূপ ভ্রমের বশীভূত হইয়া স্থির নিষ্ক্রিয় আত্মাকে অজ্ঞ মনুষ্যেরা কর্ত্তা বলিয়া মনে করে। প্রকৃতজ্ঞানের আবির্ভাব হইলে ভ্রম তিরোহিত হইয়া যায়। অতএব ভ্রমই এরূপ বোধের কারণ। এই জন্যই যাহারা আত্মাকে কর্ত্তৃরূপে অনুভব করে, তাহাদিগকে দুর্ম্মতি বলিয়া উল্লেখ করা হইয়াছে। বুদ্ধিহীনতা বশতঃ তাহারা কোন বিষয়ই যথার্থ রূপে দর্শন করিতে সমর্থ নহে ॥ ১৬ ॥

——(:•:)——

যস্য নাহংকৃতো ভাবো বুদ্ধির্যস্য ন লিপ্যতে।
হত্বাপি স ইমাঁল্লোকান্ন হন্তি ন নিবধ্যতে ॥ ১৭ ॥

অন্বয়।—যস্য অহঙ্কৃতঃ (অহং কর্ত্তেতি) ভাবঃ (বুদ্ধিঃ) ন, যস্য বুদ্ধিঃ ন লিপ্যতে (কর্ম্মসু সজ্জতে), স ইমান্ লোকান্ হত্বা অপি ন হন্তি ন নিবধ্যতে (বন্ধনং প্রাপ্নোতি) ॥ ১৭ ॥

প্রতিশব্দ। যাহার অহঙ্কৃত বুদ্ধি নাই, যাহার বুদ্ধি কর্ম্ম-লিপ্ত-হয় না, সে এই-সকল লোককে হনন-করিলেও হনন-করে না, বদ্ধ-হয় না ॥ ১৭ ॥

ব্যাখ্যা।—যাহার 'আমি কর্ত্তা' এইরূপ জ্ঞান নাই এবং যাহার

বুদ্ধি কর্ম্মে লিপ্ত হয় না, সেই নিরহঙ্কারী কিংবা নির্লিপ্ত লোকসমূহকে হত্যা করিলেও তজ্জন্য প্রত্যবায়ভাগী হয় না এবং তৎকর্ম্মজনিত বন্ধনও প্রাপ্ত হয় না ॥ ১৭ ॥

শঙ্করাচার্য্য।—কঃ পুনঃ সুমতির্যঃ সম্যক্ পশ্যতীত্যুচ্যতে যস্যেতি। যস্য শাস্ত্রাচার্য্যোপদেশন্যায়সংস্কৃতাত্মনোন ভবত্যহংকৃতোঽহং কর্ত্তেত্যেবংলক্ষণোভাবনাপ্রত্যয় এত এব পঞ্চাধিষ্ঠানাদয়োঽবিদ্যয়াত্মনি কল্পিতাঃ সর্ব্বকর্ম্মণাং কর্ত্তারোনাহমহন্তু তদ্ব্যাপারাণাং সাক্ষিভূতঃ অপ্রাণোহ্যমনাঃ শুভ্রোঽক্ষরাৎ পরতঃ পরঃ কেবলোঽবিক্রিয় ইত্যেবং পশ্যতীতি এবং বুদ্ধিরন্তঃকরণং যস্যাত্মন উপাধিভূতা ন লিপ্যতে নানুশয়িনী ভবতীদমহকার্ষন্তেনাহং নরকং গমিষ্যামীত্যেবং যস্য বুদ্ধির্ন লিপ্যতে স সুমতিঃ স পশ্যতি হত্বাপি স ইমাঁল্লোকান্ সর্ব্বান্ প্রাণিন ইত্যর্থঃ। ন হন্তি হননক্রিয়াং ন করোতি ন নিবধ্যতে, নাপি তৎকার্য্যেণাধর্ম্মফলেন সম্বধ্যতে। নমু হত্বাপি ন হন্তীতি বিপ্রতিষিদ্ধমুচ্যতে, যদ্যপি স্তুতিঃ নৈষ দোষঃ লৌকিকপারমার্থিকদৃষ্ট্যপেক্ষয়া তদুপপত্তেঃ দেহাদ্যাত্মবুদ্ধ্যা হন্তাহমিতি লৌকিকীং দৃষ্টিমাশ্রিত্য হত্বাপীত্যাহ যথা দর্শিতাং পারমার্থিকীং দৃষ্টিমাশ্রিত্য ন হন্তি ন নিবধ্যত ইতি তদুভয়মুপপদ্যত এব। নন্বধিষ্ঠানাদিভিঃ সম্ভূয় করোত্যেবাত্মা কর্ত্তারমাত্মানং কেবলং ত্বিতি কেবলশব্দপ্রয়োগান্নৈষ দোষঃ আত্মনোঽবিক্রিয়স্বভাবত্বেঽধিষ্ঠানাদিভিঃ সংহতত্বানুপপত্তেঃ বিক্রিয়াবতোহ্যন্যৈঃ সংহননং সম্ভবতি সংহত্য বা কর্ত্তৃত্বং স্যান্নত্ববিক্রিয়স্যাত্মনঃ কেনচিৎ সংহননমস্তি ইতি ন সম্ভূয় কর্ত্তৃত্বমুপপদ্যতে, অতঃ কেবলত্বং আত্মনঃ স্বাভাবিকমিতি কেবলশব্দোঽনুবাদমাত্রং, অবিক্রিয়ত্বঞ্চাত্মনঃ শ্রুতিস্মৃতিন্যায়প্রসিদ্ধং অবিকার্য্যোঽয়মুচ্যতে, গুণৈরেব কর্ম্মাণি ক্রিয়ন্তে, শরীরস্থোঽপি ন করোতীত্যাদ্যসকৃদুপপাদিতং গীতাস্বেব তাবৎ। শ্রুতিষু চ ধ্যায়তীব লেলায়তীবেত্যেবমাদ্যাসু যানি বাক্যানি দর্শিতং ন্যায়তশ্চ নিরবয়বমপরতন্ত্রমবিক্রিয়মাত্মতত্ত্বমিতি রাজমার্গঃ। বিক্রিয়াবত্ত্বাভ্যুপগমেঽপ্যাত্মনঃ স্বকীয়ৈব বিক্রিয়া স্বস্য ভবিতুমর্হতি নাধিষ্ঠানাদীনাং কর্ম্মাণ্যাত্মকর্ত্তৃকানি স্যুর্নহি পরস্য কর্ম্ম পরেণ কৃতমাগন্তুমর্হতি যত্ত্ববিদ্যয়া গমিতং ন তত্তস্য যথা রজতত্বং ন শুক্তিকায়াং যথা বা তলমলবত্ত্বং বালৈর্গমিতমবিদ্যয়া নাকাশস্য তথাধিষ্ঠানাদিবিক্রিয়াপি তেষামেবেতি নাত্মনঃ, তস্মাৎ যুক্তমুক্তং অহংকৃতত্ববুদ্ধিলেপাভাবাৎ বিদ্বান্ হন্তি ন নিবধ্যতে ইতি নায়ং হন্তি ন হন্যত ইতি প্রতিজ্ঞায় ন জায়ত ইত্যাদিহেতুবচনেনাবিক্রিয়ত্বমাত্মন উক্ত্বা বেদাবিনাশিনমিতি বিদুষঃ কর্ম্মাধিকারনিবৃত্তিশাস্ত্রাদৌ সংক্ষেপত উক্ত্বা মধ্যে প্রসারিতঞ্চ, তত্র তত্র প্রসঙ্গং কৃত্বা ইহোপসংহরতি শাস্ত্রার্থপিণ্ডীকরণায় বিদ্বান্ হন্তি ন নিবধ্যত ইতি, এবঞ্চ সতি দেহভৃত্বাভিমানানুপপত্তাববিদ্যাকৃতাশেষকর্ম্মসন্ন্যাসোপপত্তেঃ সন্ন্যাসিনামনিষ্টাদি ত্রিবিধং কর্ম্মণঃ ফলং ন ভবতীত্যুপপন্নং, তদ্বিপর্য্যয়াচ্চেতরেষাং ভবতীত্যেতচ্চাপরিহার্য্যমিত্যেষ গীতাশাস্ত্রস্যার্থ উপসংহৃতঃ, স এষ সর্ব্ববেদার্থসারো নিপুণমতিভিঃ পণ্ডিতৈর্বিচার্য্য প্রতিপত্তব্য ইতি তত্র তত্র প্রকরণবিভাগেন দর্শিতোঽস্মাভিঃ শাস্ত্রন্যায়ানুসারেণ ॥ ১৭ ॥

আনন্দগিরি।—বিপরীতদৃষ্টের্দুর্মতিত্বং স্পষ্টং। সম্যগদৃষ্টেঃ সুমতিত্বং প্রশ্নপূর্ব্বকমাহ কঃ পুনরিত্যাদিনা। অহং কর্ত্তেত্যাত্মনি কর্ত্তৃত্বপ্রত্যয়াভাবে কুত্র কর্ত্তৃত্বধীরিত্যাশঙ্ক্যাহ এত-ইতি। কথং তর্হি অকর্ত্তৃত্বধীরাত্মনীত্যাশঙ্ক্যাধিষ্ঠানাদীনাং তদ্ব্যাপারাণাঞ্চ সাক্ষিত্বাদিত্যাশঙ্ক্যাহ অহংত্বিতি। আত্মনোন স্বতোঽস্তি ক্রিয়াশক্তিমত্ত্বমিত্যত্র প্রমাণমাহ অপ্রাণোহীতি। নাপি তস্য স্বতোজ্ঞানশক্তিত্বমিত্যাহ অমনাইতি। উপাধিদ্বয়াসম্বন্ধে শুদ্ধত্বং ফলিতমাহ শুভ্রইতি। কারণসম্বন্ধাদশুদ্ধিমাশঙ্ক্যোক্তং অক্ষরাদিতি। কার্য্যকারণয়োরাত্মাস্পর্শিত্বেন পার্থক্যে সদ্বি-তীয়ত্বমাশঙ্ক্য তয়োরাবিদ্যকপারবশ্যত্বান্নৈবমিত্যাহ কেবলইতি। জন্মাদিসর্ব্ববিক্রিয়ারহিতত্বেন কৌটস্থ্যমাহ অবিক্রিয়ইতি। বুদ্ধির্যস্যেত্যাদি ব্যাচষ্টে বুদ্ধিরিতি। নানুশায়িনী নানুশয়বতী ন ক্লেশশালিনীত্যর্থঃ। দ্বিতীয়পাদস্যাক্ষরার্থমুক্ত্বা বাক্যার্থমাহ হদামতি। পাপং কর্ম্ম ইদমাপন্না-মৃশ্যতে। লোকানাং প্রাণসম্বন্ধাভাবে কুতোঽহংসেত্যাশঙ্ক্যাহ প্রাণিনইতি। বিরুদ্ধার্থোক্ত্যা স্তুতিরপি ন যুক্তেতি শঙ্কতে নন্বিতি। বিরোধং পরিহরতি নৈষদোষইতি। লৌকিকদৃষ্টিমবষ্ট-ভ্যাহ হত্বাপীতি। নির্দ্দেশং বিশদয়তি দেহাদীতি। তাত্ত্বিকীং দৃষ্টিমাস্থায় ন হন্তীতি নির্দ্দেশ-মুপপাদয়তি যথেতি। নাহং কর্ত্তা কিন্তু কর্ত্তৃতদ্ব্যাপারয়োঃ সাক্ষী ক্রিয়াজ্ঞানশক্তিমদুপাধিদ্বয়-বিনির্ম্মুক্তঃ শুদ্ধঃ সন্ কার্য্যকারণাসম্বন্ধোঽদ্বিতীয়োঽবিক্রিয়ইত্যেবং পারমার্থিকদৃষ্টের্যথাদর্শিতত্বং দ্রষ্টব্যং। হত্বাপীত্যেতন্ন হন্তীত্যাদি চোভয়ং দৃষ্টিদ্বয়াবষ্টম্ভাদুপপন্নমিত্যুপসংহরতি তদুভয়মিতি। কেবলমেবাত্মানং কর্ত্তারং পশ্যন্ দুর্ম্মতিরিত্যত্রাত্মবিশেষণমপাকৃত্য কেবলশব্দসামর্থ্যাদাত্মনোবিশি-ষ্টস্য কর্ত্তৃত্বমিতি শংকতে নন্বিতি। আত্মনো বৈশিষ্ট্যাযোগান্ন বিশিষ্টস্যাপি কর্ত্তৃত্বমিতি দূষয়তি নৈষদোষইতি। অবিক্রিয়স্বাভাব্যেঽপি কথমাত্মনোঽসংহতত্বমিত্যাশংক্যাহ অবিক্রিয়েতি। অধিষ্ঠানাদিভিরাত্মনঃ সংহননেঽপি ন কর্ত্তৃত্বমবিক্রিয়স্য ক্রিয়াশ্রয়ত্বাঘাতাদিত্যাহ সংহত্যেতি। সংহতত্বানুপপত্তিং ব্যক্তীকরোতি নাস্তীতি। অসংহতত্বে ফলিতমাহ ইতি নেতি। কথং তর্হি কেবলত্বমাত্মনি কেবলশব্দাদুক্তং তত্রাহ অতইতি। কর্ত্তৃত্বমাত্মনোঽনুপপন্নং নাস্যাবিক্রিয়ত্বমুপে-তীত্যাশঙ্ক্যাহ অবিক্রিয়ত্বেতি। তচ্চ শ্রুতিবাক্যাদ্যুদাহরতি অবিকার্য্যোঽয়মিতি। নায়ং হন্তি ন হন্যত ইত্যাদিবাক্যাদিশব্দার্থঃ। উক্তবাক্যানামাত্মাবিক্রিয়ত্বে তাৎপর্য্যং সূচয়তি অসকৃদিতি। নিষ্কলং নিষ্ক্রিয়ং শান্তমিত্যাদি বাক্যং শ্রুত্যাদিশব্দার্থঃ, যানি বাক্যানি তৈরাত্মনো-বিক্রিয়ত্বং দর্শিতমিতি যোজনা, ন্যায়তশ্চ তদ্দর্শিতমিতি পূর্ব্বেণ সম্বন্ধঃ। ন্যায়মেব দর্শয়তি নিরবয়বমিতি। ন তাবদাত্মা স্বতোবিক্রিয়তে নিরবয়বস্যানারম্ভকস্যাপি পরতোঽসঙ্গস্যাকার্য্যস্য পরাধীনত্বাযোগাদিত্যর্থঃ। কিং বাত্মনঃ স্বনিষ্ঠা বা বিক্রিয়াধিষ্ঠানাদিনিষ্ঠা বা নাদ্যঃ স্বনিষ্ঠা-বিক্রিয়ানুপপত্তেরাত্মনোদর্শিতত্বাদিত্যাশয়েনাহ নিক্রিয়স্যেতি। সা চাযুক্তেত্যুক্তমিতিশেষঃ। দ্বিতীয়ং দূষয়তি নেত্যাদিনা। অধিষ্ঠানাদিকৃতমপি কর্ম্ম তৎসংযোগাদাত্মগামীতি চেত্তত্রাহ তদাগমনং বাস্তবমাবিদ্যং বেতি বিকল্প্যাদ্যং দূষয়তি নহীতি। দ্বিতীয়ং নিরস্যতি যদ্বিতি আত্মবিদ্যাপ্রাপিতং কর্ম্ম নাত্মীয়মিত্যেতদ্দৃষ্টান্তাভ্যামুপপাদয়তি যথেত্যাদিনা। আত্মনোঽ-বিক্রিয়ত্বেন কর্ত্তৃত্বাভাবে ফলিতমাহ তস্মাদিতি। নহু প্রাগেবাত্মনোঽবিক্রিয়ত্বং প্রতিপাদিত

তদিহ কস্মাদুচ্যতে তত্রাহ নায়মিতি। শাস্ত্রাদৌ প্রতিজ্ঞায় হেতুপূর্ব্বকং সংক্ষিপ্যোক্ত্বা মধ্যে তৎপ্রসঙ্গং কৃত্বা প্রসারিতাং কর্ম্মাধিকারনিবৃত্তিমিহোপসংহরতীতিসম্বন্ধঃ। প্রতিজ্ঞাতস্য হেতুনোপপাদিতস্যান্তে নিগমনং কিমর্থমিত্যাশঙ্ক্যাহ শাস্ত্রার্থেতি। কর্ম্মাধিকারো বিদুষোনেতি স্থিতে তস্য দেহাভিমানাভাবে সত্যবিদ্যোত্থসর্ব্বকর্ম্মত্যাগসিদ্ধেরনিষ্টমিষ্টং মিশ্রঞ্চেতি ত্রিবিধং কর্ম্মফলসন্ন্যাসিনাং নেতি প্রাগুক্তং যুক্তমেবেতি পরমপ্রকৃতমুপসংহরতি এবঞ্চেতি। যে পুনরবিদ্বাংসো দেহাভিমানিনস্তেষাং ত্রিবিধং কর্ম্মফলস্তবত্যেবেতি হেতুবচনমিদমর্থং নিগময়তি তদ্বিপর্য্যয়াচ্চেতি। অধিষ্ঠানাদিকৃতং কর্ম্ম ত্বাত্মকৃতমবিদুষামেব কর্ম্মাধিকারোদেহাভিমানিত্বেন তত্ত্যাগাযোগাদ্দেহাভিমানাভাবাত্তু বিদুষাং কর্ম্মাধিকারনিবৃত্তিরিত্যুপসংহৃতমর্থং সঙ্ক্ষিপ্যাহ ইত্যেষইতি। উক্তশ্চ গীতার্থো বেদার্থত্বাদুপাদেয় ইত্যাহ স এষইতি। কথময়মর্থোবেদার্থোঽপি প্রতিপত্তুং শক্যতে তত্রাহ নিপুণেতি। ভাষ্যকৃতা মানযুক্তিভ্যাং বিভজ্যানুক্তত্বান্মায়ার্থস্যোপাদেয়ত্বমিত্যাশঙ্ক্যাহ তত্রেতি॥ ১৭॥

রামানুজ।—যস্যেতি। পরমপুরুষকর্ত্তৃত্বানুসন্ধানেন যস্য ভাবঃ কর্ত্তৃত্ববিশেষবিষয়ো মনোবৃত্তিবিশেষো নাহংকৃতঃ অহং করোমীতি জ্ঞানং যস্য ন বিদ্যত ইত্যর্থঃ। বুদ্ধির্যস্য ন লিপ্যতে অস্মিন্ কর্ম্মণি মম কর্ত্তৃত্বাভাবাদেতৎ ফলং ন ময়া সংবধ্যতে নচ মদীয়মিদং কর্ম্মেতি যস্য বুদ্ধির্জায়ত ইত্যর্থঃ স ইমাঁল্লোকান্ যুদ্ধে হত্বাপি তান্ ন হন্তি ন কেবলং ভীষ্মাদীনিত্যর্থঃ। ততস্তেন যুদ্ধাখ্যেন কর্ম্মণা ন নিবধ্যতে তৎফলং নানুভবতীত্যর্থঃ॥ ১৭॥

হনুমান্।—নকেবলং তস্য যোগিনঃ সকলকর্ম্মসংন্যাস এব সঃ যস্য শাস্ত্রাচার্য্যোপদেশ ন্যায়ৈঃ সংস্কৃতাত্মনঃ অহং কর্ত্তেত্যেবংভূতোভাবঃ প্রত্যয়ো ন ভবতি এতস্য বাধিষ্ঠানাদয়ো হ্যধিষ্ঠানকর্ত্তৃকরণচেষ্টাদীনি সর্ব্বকর্ম্মণাং করণানি অবিদ্যয়াচৈব কল্পিতানি সর্ব্বকর্ম্মণাং কর্ত্তারো নাহং অহন্তুতেষাং সাক্ষিভূত ইতি পশ্যতীতি বুদ্ধিঃ নিশ্চয়ো যস্য নানুশোচিতা ভবতি তদহং অকার্য্যং কৃত্বা তেন নরকং গমিষ্যামীতি ন লিপ্যতে হত্বাপি ইমান্ লোকান্ প্রাণিনঃ ন হন্তি ন চ হননৈককর্ম্মণা নিবধ্যতে। ন চ হত্বাপি ন হন্তি ননিবধ্যতে ইতি এতদ্বচনং বিরুদ্ধং নৈষদোষঃ লৌকিকপরমার্থিকদৃষ্ট্যপেক্ষয়াতদুপপত্তেস্তস্মাদুক্তং ন হন্তি ন নিবধ্যতে ইতি॥ ১৭॥

শ্রীধর।—কস্তর্হি সুমতির্যস্য কর্ম্মলেপো নাস্তীত্যুক্তমিত্যপেক্ষায়ামাহ যস্যেতি। অহমিতি কৃতোঽহঙ্কর্ত্তেত্যেবংভূতোভাবোঽভিপ্রায়োযস্য নাস্তি, যদ্বা অহং কৃতোঽহংকারস্য ভাবঃ স্বভাবঃ কর্ত্তৃত্বাভিনিবেশোযস্য নাস্তি শরীরাদীনামেব কর্ম্মকর্ত্তৃত্বালোচনাদিত্যর্থঃ, অতএব যস্য বুদ্ধির্ন লিপ্যতে ইষ্টানিষ্টবুদ্ধ্যা কর্ম্মসু ন সজ্জতে স এবংভূতোদেহাদিব্যতিরিক্তাত্মদর্শী ইমান্ লোকান্ সর্ব্বানপি প্রাণিনো লোকদৃষ্ট্যা হত্বাপি বিবিক্ততয়া স্বদৃষ্ট্যা ন হন্তি ন চ তৎফলৈর্নিবধ্যতে বন্ধনং প্রাপ্নোতি কিং পুনঃ সত্ত্বশুদ্ধিদ্বারা পরোক্ষজ্ঞানোৎপত্তিহেতুভিঃ কর্ম্মভিস্তস্য বন্ধাশঙ্কেত্যর্থঃ। তদুক্তং, "ব্রহ্মণ্যাধায় কর্ম্মাণি সঙ্গং ত্যক্ত্বা করোতি যঃ। লিপ্যতে ন স পাপেন পদ্মপত্রমিবাম্ভসে"তি॥ ১৭॥

বলদেব।—কস্তর্হি চতুর্ণাং সুমতিস্তত্রাহ যস্যেতি। যস্য পুরুষস্য মনোবৃত্তিরূপো

ভাবো নাহংকৃতঃ স্বকর্তৃত্বে পরেণাস্তেহনুসন্ধিতে সতি কর্ম্মাণ্যহমেব করোমীত্যভিমানকৃতো ন ভবেৎ। যস্য চ বুদ্ধির্ন লিপ্যতে কর্ম্মফলস্পৃহয়া স ইমাঁল্লোকান্ কেবলং ভীষ্মাদীন্ হত্বাপি ন হন্তি। ন চ তেন সর্ব্বলোকহননেন কর্ম্মণা নিবধ্যতে লিপ্যতে ॥ ১৭ ॥

মধুসূদন।—তদেবং চতুর্ভিঃ শ্লোকৈরনিষ্টমিষ্টং মিশ্রঞ্চ ত্রিবিধং কর্ম্মণঃ ফলং। ভবত্যত্যাগিনাং প্রেত্যেতি চরণত্রয়ং ব্যাখ্যাতমিদানীং ন তু সংন্যাসিনাং ক্বচিদিতি তুরীয়ং চরণমেকেন ব্যাচষ্টে, যস্য পূর্ব্বোক্তবিপরীতস্য পুণ্যৈঃ কর্ম্মভিঃ ক্ষপিতেষু বিবেকবিরোধিপাপেষু নিত্যানিত্যবস্তুবিবেকাদিসাধনচতুষ্টয়ং প্রাপ্তবতঃ শাস্ত্রাচার্য্যোপদেশন্যায়জনিতাকর্ত্রভোক্তৃস্বপ্রকাশপরমানন্দাদ্বিতীয়ব্রহ্মাত্মসাক্ষাৎকারস্যাজ্ঞানে সকার্য্যবাধিতেন ভবত্যহং কর্ত্তেত্যেবং রূপোভাবঃ প্রত্যয়ঃ যস্য ভাবঃ সদ্ভাবঃ প্রত্যয়ঃ অহংকৃতোহহমিতি ব্যপদেশার্হেন অহঙ্কারবাধেন শুদ্ধস্বরূপমাত্রপরিশেষাদিতি বা অহংকৃতোহহঙ্কারস্য ভাবঃ তত্তাদাত্ম্যং যস্য ন বিবেকেন বাধিতত্বাদিতি বা বাধিতানুবৃত্তাবপি এত এব পঞ্চাধিষ্ঠানাদয়ো মায়য়া ময়ি সর্ব্বাত্মনি কল্পিতা সর্ব্বকর্ম্মণাং কর্ত্তারো ময়া স্বপ্রকাশচৈতন্যেনাসঙ্গেন কল্পিতসংবন্ধেন প্রকাশ্যমানা অহং তু ন কর্ত্তা কিন্তু কর্ত্তৃতদ্ব্যাপারাণাং সাক্ষিভূতঃ ক্রিয়াজ্ঞানশক্তিমদুপাধিদ্বয়নির্ম্মুক্তঃ শুদ্ধঃ সর্ব্বকার্য্যকারণাসংবদ্ধঃ কূটস্থনিত্যোনির্দ্বয়ঃ সর্ব্ববিকারশূন্যঃ—"অসঙ্গোহ্যয়ং পুরুষঃ, সাক্ষী চেতা কেবলোনির্গুণশ্চ, অপ্রাণোহ্যমনাঃ শুভ্রঃ অক্ষরাৎ পরতঃ পরঃ, অজ আত্মা মহান্ ধ্রুবঃ সলিল, একোদ্রষ্টাহদ্বৈতঃ, অজোনিত্যঃ শাশ্বতোহয়ং পুরাণঃ, নিষ্কলং নিষ্ক্রিয়ং শান্তং নিরবদ্যং নিরঞ্জনম্" ইত্যাদিশ্রুতিভ্যঃ "অবিকার্য্যোহয়মুচ্যতে, প্রকৃতেঃ ক্রিয়মাণানি গুণৈঃ কর্ম্মাণি সর্ব্বশঃ, অহঙ্কারবিমূঢ়াত্মা কর্ত্তাহমিতিমন্যতে ॥ তত্ত্ববিত্তু ন সজ্জতে, শরীরস্থোহপি কৌন্তেয়! ন করোতি ন লিপ্যতে" ইত্যাদিস্মৃতিভ্যশ্চ। তস্মান্নাহং কর্ত্তেত্যেবং পরমার্থদৃষ্টেঃ বুদ্ধিরন্তঃকরণং যস্য ন লিপ্যতে নানুশায়িনী ভবতি ইদমহমকার্ষমেতৎ ফলং ভোক্ষ্য ইত্যনুসন্ধানং কর্ত্তৃত্ববাসনানিমিত্তং লেপোহনুশয়ঃ স চ পুণ্যে কর্ম্মণি হর্ষরূপঃ, পাপে পশ্চাত্তাপরূপঃ ঈদৃশেন দ্বিবিধেনাপি লেপেন বুদ্ধির্ন যুজ্যতে কর্ত্তৃত্বাভিমানবাধাৎ, তথা চ জ্ঞানিনং প্রকৃত্য শ্রুতিঃ,—"এতমুহৈবৈতে ন তরত ইত্যতঃ পাপমকরবামেত্যতঃ কল্যাণমকরবমিত্যুভে উহৈবৈষ এতে তরতি নৈনং কৃতাকৃতে তপতঃ।" তথেত দৃচাভ্যুক্ত "মেষ নিত্যোমহিমা ব্রাহ্মণস্য ন কর্ম্মণা বর্দ্ধতে নোকনীয়ান্, তস্যৈবাত্মা পদবিত্তং বিদিত্বা ন কর্ম্মণা লিপ্যতে পাপকেনে"তি।" পাপকেনেতি পুণ্যস্যাপ্যুপলক্ষণং, বর্দ্ধতে কনীয়ানিতি চ পুণ্যপাপয়োঃ পরিতোষপরিতাপাভিপ্রায়ং, এবং যস্য নাহঙ্কৃতোভাবোবুদ্ধির্যস্য ন লিপ্যতে স পূর্ব্বোক্তদুর্ম্মতিবিলক্ষণঃ সুমতিঃ পরমার্থদর্শী পশ্যত্যকর্ত্তারমাত্মানং কেবলং কর্ত্তৃত্বাভিমানাভাবাদনিষ্টাদিত্রিবিধকর্ম্মফলভাগী ন ভবতীত্যেতাবতি শাস্ত্রার্থেহহঙ্কারাভাববুদ্ধিলেপাভাবৌ স্তোতুমাহ হত্বা হিংসিত্বাপি স ইমান্ লোকান্ প্রাণিনঃ ন হন্তি হননক্রিয়ায়াঃ কর্ত্তা ন ভবতি অকর্ত্তৃস্বরূপসাক্ষাৎকারাৎ ন নিবধ্যতে নাপি তৎকার্য্যেণাধর্ম্মফলেন সংবধ্যতে। অত্র নাহংকৃতোভাব ইত্যস্য ফলং ন হন্তীতি বুদ্ধির্ন লিপ্যত ইত্যস্য ফলং ন নিবধ্যত ইতি অন্যেন চ কর্ম্মালোপ্রদর্শনেহহন্তিশব্দমাত্রমুক্তং, ন তু সর্ব্বপ্রাণিহননং সম্ভবতি হত্বাপীতি কর্ত্তৃত্বাভ্যুপগমা-

বাধিতকর্তৃত্ববৃত্ত্যা লৌকিক্যা ন হন্তীতি কর্তৃত্বনিষেধঃ শাস্ত্রীয়য়া পরমার্থদৃষ্ট্যেতি ন নি বধ্যঃ শাস্ত্রাদৌ নায়ং হন্তি ন হন্যতে ইতি সর্ব্বকর্ম্মাসংস্পর্শিত্বমাত্মনঃ প্রতিজ্ঞায় ন জায়তে ইত্যাদিহেতুবচনেন সাধয়িত্বা বেদাবিনাশিনমিত্যাদিনা বিদুষঃ সর্ব্বকর্ম্মাধিকারনিবৃত্তিঃ সংক্ষেপেণোক্তা, মধ্যে চ তেন তেন প্রসঙ্গেন প্রসারিতেহশাস্ত্রার্থৈতাবত্ত্বপ্রদর্শনায়োপসংহৃতা, ন হন্তি ন নিবধ্যত ইতি এবং চাবিদ্যাকল্পিতানামধিষ্ঠানাদ্যানাত্মকৃতানাং সর্ব্বেষামপি কর্ম্মণামাত্মবিদ্যয়া সমুচ্ছেদোপপত্তেঃ পরমার্থসন্ন্যাসিনাং অনিষ্টাদিত্রিবিধং কর্ম্ম ন ভবতীত্যুপপন্নম্, পরমার্থসন্ন্যাসশ্চাকর্ত্রাত্মসাক্ষাৎকার এব জনকাদীনামেতাদৃশসন্ন্যাসিত্বেহপি বলবৎপ্রারব্ধকর্ম্মবশাৎ বাধিতানুবৃত্ত্যা পরপরিকল্পনয়া বা কর্ম্মদর্শনং ন বিরুদ্ধং পরমহংসানামীদৃশানাং ভিক্ষাটনাদিবৎ, অতএব জ্ঞভূতো বিদ্বৎসন্ন্যাস উচ্যতে, সাধনভূতস্তু বিবিদিষাসন্ন্যাসো নৈববিধোহপি প্রথমসূত্রে জ্ঞানোৎপত্তাবেবংবিধো ভবতীতি বক্ষ্যতে ॥ ১৭ ॥

নীলকণ্ঠ।—দ্বিতীয়ং প্রয়োজনমাহ যস্যেতি। যস্য প্রমাতুর্ভাবঃ প্রত্যয়মাত্রস্বরূপ আত্মা নাহংকৃতঃ অহমিবকৃতোহহংকারতাদাত্ম্যং প্রাপিতোহহঙ্কৃতস্তথা ন যস্য বুদ্ধির্ন লিপ্যতে আত্মভাবেন রঞ্জিতা ন ভবতি যস্য বুদ্ধে র্ব্যতিরিক্তমাত্মানং পশ্যতো বুদ্ধিধর্ম্মাঃ কর্তৃত্বাদয়ো নাত্মনি প্রতীয়ন্তে ইতি কর্ত্তাত্মবাদি তার্কিকনিরাসঃ। যস্য চাত্মধর্ম্মাশ্চৈতন্যাদয়ো বুদ্ধৌ ন সংসজ্যন্ত ইতি বুদ্ধিমেব চেতনাং বদতো বৌদ্ধস্য নিরাসঃ। চিদচিতোরন্যোন্যস্মিন্নন্যোন্য ধর্ম্মাধ্যাসেন বাধ্যত ইতি দুঃখাদিসংসর্গনিষেধেন ভোক্তৃত্বাভাবোদর্শিতঃ, হত্বাপি স ইমান্ লোকান্ ন হন্তি ন নিবধ্যত ইতি তু শ্রুতিমাত্রং কর্তৃত্বস্যৈব বাধেন হন্তৃত্বাযোগাৎ দগ্ধপটবৎ কর্তৃত্বানুবৃত্তাবপি হননক্রিয়ায়াং প্রবর্ত্তকস্য রাগদ্বেষাদেরভাবাচ্চ, এতেনাত্মন স্বাভাবিকমকর্তৃত্বং ভাবয়তা কৃতং কর্ম্ম তাত্ত্বিককর্তৃত্বাভিমাননিমিত্তং স্বফলং প্রসোতুং নার্হতীতি দর্শিতং। নহি রজ্জুসর্পে রজ্জুবুদ্ধিং কৃত্বা প্রহরতঃ সর্পক্ষোভজং দংশনাদিফলং ভবতি সর্পে তু তথা কুর্ব্বতস্তদ্ভবত্যেব তদ্বদিদমপি জ্ঞেয়ং ॥ ১৭ ॥

বিশ্বনাথ।—কস্তর্হি সুমতিশ্চক্ষুমান্ ইত্যত আহ যস্যেতি। অহঙ্কৃতোহহংকারস্য ভাবঃ স্বভাবঃ কর্তৃত্বাভিনিবেশো যস্য নাস্তি। অতএব যস্য বুদ্ধির্নলিপ্যতে ইষ্টানিষ্টবুদ্ধ্যা কর্ম্মসু ন সজ্জতি নহি কর্ম্মফলং ন প্রাপ্নোতীতি কিংবক্তব্যং সহি কর্ম্ম ভদ্রাভদ্রং কুর্ব্বন্নপি নৈব করোতীত্যাহ হত্বাপীতি স ইমান্ সর্ব্বানপি প্রাণিনো লোকদৃষ্ট্যা হত্বাপি স্বদৃষ্ট্যা নৈব হন্তি নিরভিসন্ধিত্বাদিতিভাবঃ অতোন নিবধ্যতে কর্ম্ম ফলং ন প্রাপ্নোতীতি ॥ ১৭ ॥

তাৎপর্য্য।—পূর্ব্ব শ্লোকে সম্যক্‌দর্শিদিগের প্রসঙ্গ উত্থাপিত হইয়াছে। চিত্তের কিরূপ পরিণতি হইলে সেই মহদ্ভাব উপজাত হইতে পারে এবং তদনন্তর তাদৃশ ব্যক্তির কিরূপ পরিণাম হইয়া থাকে, তাহাই সমালোচ্য শ্লোকে পরিব্যক্ত হইতেছে। যাঁহার কোনরূপ অহঙ্কারের ভাব নাই, অর্থাৎ যাঁহার হৃদয়ে, আমি করিতেছি, আমি ভোক্তা, ইত্যাকার

কোন অভিমান নাই এবং যিনি কোন কর্ম্মেই আসক্ত নহেন, অর্থাৎ যাবতীয় কর্ত্তব্য সাধনে যিনি ফলাভিসন্ধি ও অনুরাগশূন্য ভাবে বিনিযুক্ত হইয়া থাকেন, সুতরাং কর্ম্মের প্রলেপ যাঁহার অন্তরকে কদাপি কলঙ্কিত করে না, তিনিই সম্যক্‌দর্শী। তাদৃশ পুরুষের পক্ষে কোনরূপ পাপাচরণ সম্ভব নহে। এইরূপ ব্যক্তি হত্যাদি লোক-বিগর্হিত মহাপাপের অনুষ্ঠান করিলেও যথার্থতঃ কোন প্রাণিহিংসা করেন না এবং তজ্জন্য কোনরূপে বদ্ধ হন না। কেবল হিংসাবৃত্তি চরিতার্থ করিবার নিমিত্ত বা স্বার্থসাধনোদ্দেশে যে হত্যা কার্য্য সংসাধিত হয়, তাহাই পাপের হেতুভূত হইয়া থাকে। আসক্তিবিহীন পাপশূন্য কর্ম্ম, বন্ধন বিধায়ক হইতে পারে না, সুতরাং ফলাভিসন্ধিশূন্য, অহঙ্কার বিরহিত, অনুরাগ বিবর্জ্জিত সাধুগণ পাপ ও পুণ্য উভয়েরই অতীত। অধিষ্ঠানাদি পঞ্চই কর্ম্মের কারণ, এইরূপ ধ্রুব বিশ্বাস সঞ্জাত হইলে মনুষ্য বুঝিতে পারে যে, আমি করিতেছি, আমি ভোগ করিতেছি, ইত্যাকার যে অহঙ্কার, তাহা সর্ব্বথা ভ্রমাত্মক। কারণ অধিষ্ঠানাদি কোন বস্তুই 'আমি' নহে, 'আমি' বলিলে যাঁহাকে বুঝায়, তিনি এ দেহেন্দ্রিয়াদির অতীত এবং এতাবতের সহিত সম্পর্ক রহিত। তিনি কোন কর্ম্ম করেন না এবং কিছুতেই লিপ্ত হন না। এইরূপ আত্মতত্ত্ব প্রণিধান করিলে মনুষ্য অনায়াসেই বুঝিতে পারে যে, আত্মা কদাপি কর্ম্মসম্পাদক নহেন এবং তজ্জনিত বন্ধনেও বদ্ধ নহেন। তিনি কর্ম্মসমূহ ব্রহ্মে সমাধান পূর্ব্বক আপনাকে ক্রিয়ারহিত সুতরাং কর্ম্মজনিত ফলাফলের অনধীন বলিয়া জানেন। শ্রীভগবানও বলিয়াছেন, "ব্রহ্মণ্যাধায় কর্ম্মাণি সঙ্গং ত্যক্ত্বা করোতি যঃ। লিপ্যতে ন স পাপেন পদ্মপত্রমিবাম্ভসা॥" (৫ম অধ্যায় ১০ম শ্লোক)

পূজ্যপাদ শ্রীমচ্ছঙ্করাচার্য্য, শ্রীমদানন্দগিরি এবং শ্রীমন্মধুসূদনের অভিপ্রায়। কর্ম্মের ইষ্ট, অনিষ্ট ও মিশ্র এই ত্রিবিধ ফলের বিষয়, অব্যবহিত শ্লোক চতুষ্টয়ে প্রদর্শিত হইয়াছে, অধুনা চতুর্থ চরণোক্ত "নতু সন্ন্যাসিনাং কচিৎ" এই শেষাংশের অভিপ্রায় এক শ্লোকে প্রদর্শিত হইতেছে। পূর্ব্বে যাহাদিগকে দুর্ম্মতি নামে অভিহিত করা হইয়াছে, অর্থাৎ প্রকৃত-তত্ত্বদর্শনের অভাবে যাঁহারা সংসার-কূপে নিরন্ত নিমজ্জিত, সেই অসাত্ত্বিকগণের বিপরীত ভাবাপন্নগণ অহঙ্কারের অধীন হন না। তাঁহার পুণ্যানুষ্ঠান

প্রভাবে জ্ঞানোন্নতির প্রতিকূল পাপসমূহ তাঁহাদিগকে পরিত্যাগ করিয়াছে; তাঁহারা নিত্যানিত্য বস্তুবিবেক সহকৃত সাধন চতুষ্টয় প্রাপ্ত হইয়াছেন, তাঁহারা শাস্ত্র ও আচার্য্যের উপদেশ প্রণিধান হেতু আপনাকে অকর্ত্তা, অভোক্তা, বলিয়া বুঝিয়াছেন এবং স্বপ্রকাশ পরমানন্দ স্বরূপ অদ্বিতীয় ব্রহ্ম সাক্ষাৎকার লাভ করিয়া চরিতার্থ হইয়াছেন। এতাদৃশ মহাত্মাদিগের হৃদয়ে অজ্ঞান এবং তজ্জনিত কর্ত্তৃত্বাভিমানের কোনই সমাবেশ হইতে পারে না। তাঁহাদিগের নির্ম্মলচিত্ত অজ্ঞানজনিত অহঙ্কারাদি মালিন্যকণা বিরহিত এবং তাহা নিরবচ্ছিন্ন শুদ্ধ স্বরূপে পর্য্যবসিত। তাদাত্ম্যবোধ অর্থাৎ সম্যক্ আত্মজ্ঞান প্রভাবে অথবা বিবেকের প্রাবল্যে যাঁহার অহঙ্কারের ভাব এককালে নির্ম্মূল হইয়াছে, তিনি নিরহঙ্কৃত। এই অধিষ্ঠানাদি পঞ্চ প্রকৃত কর্ত্তা হইলেও মায়া দ্বারা সর্ব্বাত্মরূপ আমাকে অর্থাৎ জীবকে সকল কর্ম্মের কর্ত্তারূপে গ্রহণ করিয়া থাকে; কিন্তু আমি স্বপ্রকাশ অসঙ্গ চৈতন্য দ্বারা, কল্পিত সম্বন্ধ সহকারে প্রকাশিত মাত্র, সুতরাং বস্তুতঃ আমি কর্ত্তা নহি; কিন্তু প্রকৃত কর্ত্তৃগণ কর্ত্তৃক অনুষ্ঠিত তত্তৎ ব্যাপারের সাক্ষী স্বরূপে অবস্থিত। অনুষ্ঠীয়মান কর্ম্মের জ্ঞানশক্তি আমার আছে, এই জন্যই আমি সাক্ষী। অপিচ আমি উপাধিদ্বয় শূন্য, শুদ্ধ, সর্ব্বকার্য্য বা কারণের সহিত অসংবদ্ধ, কূটস্থ, (২০৭ পৃষ্ঠার টিপ্পনী দ্রষ্টব্য) নিত্য, অদ্বয় এবং সর্ব্ববিকার রহিত। শ্রুতি বলিয়াছেন, "অসঙ্গো হ্যয়ং পুরুষঃ" অর্থাৎ এই পুরুষ অসঙ্গ। "সাক্ষী চেতা কেবলো নির্গুণশ্চ" (শ্বেতাশ্বতরোপনিষৎ ৬ অধ্যায় ১১ শ্রুতি) অর্থাৎ এই আত্মা চিত্তের সাক্ষী মাত্র, অদ্বিতীয় এবং নির্গুণ। "অপ্রাণোহ্যমনা শুদ্ধঃ অক্ষরাৎ পরতঃ পরঃ।" (মুণ্ডকোপনিষৎ ২।১।২) অর্থাৎ তিনি অপ্রাণ, অমনাঃ, শুদ্ধ এবং পরম অক্ষর হইতেও শ্রেষ্ঠ। "অজ আত্মা মহান্ ধ্রুবঃ" অর্থাৎ তিনি অজ, আত্মা, মহান্ এবং ধ্রুব। "একো দ্রষ্টা অদ্বৈতঃ" অর্থাৎ তিনি এক, দ্রষ্টা, অদ্বিতীয়। "অজো নিত্যঃ শাশ্বতোঽয়ং পুরাণঃ" (কঠোপনিষৎ ১।২।১৮) তিনি অজ, নিত্য, শাশ্বত এবং আদি। "নিষ্কলং নিষ্ক্রিয়ং শান্তং নিরবদ্যং নিরঞ্জনং" (শ্বেতাশ্বতরোপনিষৎ ৬ অধ্যায় ১৯ শ্রুতি) অর্থাৎ আত্মা অংশ রহিত, ক্রিয়ারহিত, শান্ত, নিরবদ্য অর্থাৎ নির্দ্দোষ, এবং নিরঞ্জন। এই গীতা শাস্ত্রেও শ্রীভগবান্ এইরূপ অভিপ্রায় পুনঃ

পুনঃ প্রকটীকৃত করিয়াছেন। যথা; "অবিকার্য্যোঽয়মুচ্যতে" (২য় অধ্যায় ২৪ শ্লোক) "প্রকৃতেঃ ক্রিয়মাণানি গুণৈঃ কর্ম্মাণি সর্ব্বশঃ। অহঙ্কার-বিমূঢ়াত্মা কর্ত্তাহমিতি মন্যতে।" (৩য় অধ্যায় ২৭ শ্লোক) "তত্ত্ববিত্তু ন সজ্জতে" (৩। ২৮) "শরীরস্থোঽপি কৌন্তেয় ন করোতি ন লিপ্যতে।" (১৩শ অধ্যায় ৩১শ শ্লোক) ইত্যাদি। অতএব 'আমি কর্ত্তা নহি' ইত্যাকার পরমার্থ দৃষ্টি বশতঃ তাঁহার বুদ্ধি লিপ্ত হয় না. আমি কর্ম্ম সম্পাদন করিয়াছি, ইহার ফলভোগ করিব, ইত্যাদি রূপ অনুসন্ধান ও কর্ত্তৃত্ববাসনাজনিত লেপের নাম অনুশয়। পুণ্য কর্ম্মানুষ্ঠানে হর্ষরূপ অনুশয়ের উদ্ভব হয় এবং পাপ কর্ম্ম নিমিত্ত পশ্চাত্তাপরূপ অনুশয় জন্মিয়া থাকে। এই দুই প্রকার লেপ অর্থাৎ অনুশয়ের সহিত তাঁহার বুদ্ধি যুক্ত হয় না, তিনি এই দ্বিবিধ অনুশয়ের অতীত। কারণ তাঁহার কর্ত্তৃত্বাভিমান রহিত হইয়াছে। জ্ঞানিগণের সম্বন্ধে শ্রুতি নির্দ্দেশ করিয়াছেন যথা; "এতমুহৈবৈতে ন তরত ইত্যতঃ পাপমকরমা-মেত্যতঃ কল্যাণমকরবমিত্যুভে উহৈবৈষ এতে তরতি নৈনং কৃতাকৃতে তপতঃ।" ইহার ভাবার্থ এই যে, পাপানুষ্ঠান বা পুণ্যানুষ্ঠান এই উভয় প্রকার পক্ষ হইতে জ্ঞানিগণ অতীত; অনুষ্ঠিত বা অননুষ্ঠিত কোন প্রকার কার্য্য দ্বারাই তাঁহারা প্রতপ্ত হন না। অপিচ, "এষো নিত্যো মহিমা ব্রাহ্মণস্য ন কর্ম্মণা বর্দ্ধতে নো কনীয়ান্। তস্যৈবাত্মা পদবিত্তং বিদিত্বা ন কর্ম্মণা লিপ্যতে পাপকেন।" অর্থাৎ ব্রহ্মজ্ঞ ব্যক্তির এইরূপ নিত্য মহিমা প্রতিষ্ঠিত আছে যে, তিনি কর্ম্ম দ্বারা পরিতোষ প্রাপ্ত হন না, অথবা কর্ম্মান্তর দ্বারা পরিতাপভাগীও হন না; আত্মার স্বরূপ অবগত হইয়া তিনি কোন পাপজনক কর্ম্ম দ্বারা লিপ্ত হন না। ইহাও সূচিত হইতেছে যে, পুণ্যজনক কোন কর্ম্মলেপও তাঁহার ঘটে না। যাঁহার ভাব এইরূপ অহঙ্কার বিরহিত এবং যাঁহার বুদ্ধি পূর্ব্বকথিত প্রণালী ক্রমে কিছুতেই লিপ্ত হয় না, তিনিই পূর্ব্বোক্তরূপ দুর্ম্মতির বিপরীত অর্থাৎ সুমতি। তাদৃশ সম্যক্ আত্মতত্ত্বদর্শী, অদ্বিতীয় আত্মাকে অকর্ত্তা রূপেই দর্শন করেন। এইরূপ কর্ত্তৃত্বাভিমান রাহিত্য হেতু তিনি পূর্ব্বকথিত রূপ ত্রিবিধ ফলভাগী হন না। এইরূপ শাস্ত্রার্থানুসারে অহঙ্কারের অভাব এবং বুদ্ধিলেপ রাহিত্যের প্রশংসা কীর্ত্তনাভিপ্রায়ে কথিত হইতেছে যে,

এই লোক সমূহের যাবতীয় প্রাণীর হিংসাচরণ করিলেও তিনি হনন ক্রিয়ার কর্ত্তৃরূপে পরিগণিত হন না। কারণ অকর্ত্তৃ স্বরূপ আত্মসাক্ষাৎকার সংঘটিত হওয়ায় তিনি পাপপুণ্যাতীত হইয়াছেন। তিনি নিবদ্ধ হন না, অর্থাৎ তাদৃশ হিংসা রূপ পাপকার্য্যজনিত ফলের সহিত সংবদ্ধ হন না। এস্থলে নিরহঙ্কারী ও নির্লিপ্ত ব্যক্তির প্রশংসা কীর্ত্তন ব্যপদেশে যাহা উক্ত হইয়াছে, তাহা অতিশয় বলিয়া বোধ করিতে হইবে। কারণ সহজেই অনুমিত হইবে যে, তাদৃশ ব্যক্তির পক্ষে সর্ব্ব প্রাণীর হিংসা সাধন কখনও সম্ভবপর নহে। এস্থলে "হত্বাপি" এই মূলস্থিত পদদ্বারা হত্যারূপ হিংসা কার্য্য সূচিত হইতেছে বটে, কিন্তু লৌকিক দৃষ্টি সম্পন্ন, কর্ত্তৃত্বাভিমানী লোকের দৃষ্টিতেই তাদৃশ বিধি, যাঁহারা শাস্ত্রীয় জ্ঞান সহকারে পরমার্থ দৃষ্টি সম্পন্ন, তাঁহাদিগের দৃষ্টিতে এ বাক্য হনন না করারই পোষক। সুতরাং এস্থলে কোন বিরোধ শঙ্কা নাই। এই গীতা শাস্ত্রেও পূর্ব্বে, "নায়ং হন্তি ন হন্যতে" (২।১৯) ইত্যাদি বাক্য দ্বারা আত্মার সর্ব্বকর্ম্ম-সংস্পর্শ শূন্যতা ব্যক্ত করিয়া তদনন্তর, "ন জায়তে ম্রিয়তে বা কদাচিৎ" (২।২০) ইত্যাদি বাক্যে তদ্বিষয়ক হেতুবাদ প্রদর্শন করিয়া এবং "বেদাবিনাশিনং নিত্যং" (২য় অধ্যায় ২১ শ্লোক) ইত্যাদি বাক্যে বিদ্বান্‌গণের অর্থাৎ আত্মতত্ত্বজ্ঞ ব্যক্তির সর্ব্ব কর্ম্মাধিকার নিবৃত্তির বিষয় সংক্ষেপে পরিকীর্ত্তিত হইয়াছে। গ্রন্থের মধ্য ভাগেও স্থানে স্থানে প্রসঙ্গ ক্রমে এই শাস্ত্রার্থ সমর্থিত হইয়াছে। এক্ষণে গ্রন্থের উপসংহার কালেও "ন হন্তি ন নিবধ্যতে" এই বাক্য দ্বারা সেই অভিপ্রায়ই পুনরায় প্রকটীকৃত হইতেছে। অপিচ, অবিদ্যাকল্পিত অধিষ্ঠানাদি অনাত্ম বস্তুর দ্বারা সম্পাদিত কর্ম্ম সমূহের আত্মবিদ্যা প্রভাবে সমুচ্ছেদ হইয়া থাকে। অতএব এতাদৃশ অবিদ্যালেপ রহিত জ্ঞানবান্ পরমার্থ সন্ন্যাসিদিগের অনিষ্ট, ইষ্ট ও মিশ্র এই ত্রিবিধ কর্ম্মফল সংঘটিত হয় না, ইহাই এস্থলে প্রতিপাদিত হইল। আত্মাকে অকর্ত্তারূপে সাক্ষাৎকারই পরমার্থ-সন্ন্যাসের লক্ষণ। আপত্তি হইতে পারে যে, জনকাদির ন্যায় পরমার্থ সন্ন্যাসীরাও কর্ম্মনিরত ছিলেন, সুতরাং পরম জ্ঞানের পরও কর্ম্ম অসম্ভব নহে। কিন্তু বুঝিতে হইবে যে, হয় বলবান্ প্রারব্ধ কর্ম্মের বশবর্ত্তিতা হেতু অথবা জ্ঞান বলে কর্ম্মাকর্ম্ম সম্বন্ধে সমদৃষ্টি হেতু তাঁহারা নির্লিপ্তভাবে

কর্ম্ম সাধন করায় কোন বিরোধ ঘটিতেছে না। জ্ঞানী পরমহংসেরা (১১২৭।২৪২৯ পৃষ্ঠার টিপ্পনী দ্রষ্টব্য) যেরূপ অনাসক্ত ভাবে ভিক্ষাটনাদি করিয়া থাকেন, ইহাও সেইরূপ বুঝিতে হইবে। অতএব এস্থলে জ্ঞান-ফলভূত বিদ্বৎ-সন্ন্যাসের প্রসঙ্গই কীর্ত্তিত হইল, সাধনভূত জ্ঞানেচ্ছামূলক অপরিপক্ক সন্ন্যাস এ প্রকার নহে। সাধনের পরিপাকে জ্ঞান লাভের পর এইরূপ অবস্থা ঘটিয়া থাকে। এই তত্ত্ব পরে পরিব্যক্ত হইবে।

পূজ্যপাদ শ্রীমন্নীলকণ্ঠের অভিপ্রায়। যে অধিকারীর ভাব অহঙ্কৃত নহে অর্থাৎ যাঁহার প্রত্যয় মাত্রস্বরূপ আত্মা 'আমি করিয়াছি' এইরূপ অহঙ্কৃত ভাবরহিত, যাঁহার বুদ্ধি লিপ্ত অর্থাৎ আত্মভাবে রঞ্জিত হয় না, যাঁহার বুদ্ধি তদ্ব্যতিরিক্ত আত্মাকে দর্শন করিয়া তাঁহাতে কোন কর্ত্তৃত্বের আরোপ করে না, যিনি আত্মাতে কর্ত্তৃত্বাদি অনুভব করেন না, তিনি নিবদ্ধ হন না। এইরূপ আত্মজ্ঞানতত্ত্ব দ্বারা আত্মবাদী তার্কিকগণের মত নিরস্ত হইল। তাঁহার আত্মধর্ম্মস্বরূপ চৈতন্যাদি, বুদ্ধির সহিত সংসৃষ্ট হয় না। এই উক্তি দ্বারা যে বৌদ্ধগণ (২৩৩৯ পৃষ্ঠার টিপ্পনী দ্রষ্টব্য) বুদ্ধিকে চেতনারূপে উল্লেখ করিয়া থাকেন, সেই বৌদ্ধগণের মতও খণ্ডিত হইল। চিৎ ও অচিৎ উভয়ই অসংসৃষ্ট, সুতরাং তাহাতে পরস্পর ধর্ম্মারোপও অসিদ্ধ; অতএব দুঃখাদি ব্যাপারের সহিত অসংমিশ্রণ হেতু আত্মার ভোক্তৃত্বের অভাব প্রদর্শিত হইতেছে। দুঃখাদি ব্যাপার অচিৎবস্তুই ভোগ করিয়া থাকে; কিন্তু যখন অচিৎ বস্তুর ধর্ম্ম চিদ্বস্তুতে যাইতে পারে না, তখন অচিদ্‌গুণ দুঃখাদিরও চিদ্বস্তু ভোক্তা হইতে পারে না। 'এই লোকসমূহের জীববৃন্দকে হত্যা করিয়াও তিনি হত্যা করেন না বা নিবদ্ধ হন না' এই ভগবদুক্তি কেবল স্তুতিরূপেই প্রযুক্ত হইয়াছে। কর্ত্তৃত্বেরই যখন অভাব হইতেছে, তখন তৎসহ কর্ত্তৃত্বের যোগ সম্পূর্ণ অসম্ভব। জ্ঞানোদয়ে কর্ত্তৃত্ব যখন ধ্বংস হইয়াছে, তখন তৎসহ হন্তৃত্বাদি কর্ম্মও ধ্বংস হইয়াছে। পট যদি দগ্ধ হইয়া যায়, তাহা হইলে যে বস্ত্রখণ্ডের উপর প্রতিকৃতি অঙ্কিত, তাহাও দগ্ধ হইয়া থাকে। যদি স্বীকার করা যায় যে, কর্ত্তৃত্বের অনুবৃত্তি আছে, তাহা হইলেও বুঝিতে হইবে, যে রাগ দ্বেষাদির প্ররোচনায় মনুষ্য হিংসাদি কর্ম্মে রত হইয়া থাকে, তাহার কুসমাবেশ প্রাপ্তি নাই। সুতরাং হিংসা কার্য্য কিরূপে সম্ভব হইবে?

এতদ্দ্বারা ইহাই উপপন্ন হইতেছে যে, যিনি আত্মাকে পরমার্থতঃ অকর্ত্তৃ-রূপে ভাবনা করেন, তাঁহার কর্ত্তৃক অনুষ্ঠিত কর্ম্ম কখনও অপরমার্থ কর্ত্তৃত্বা-ভিমান নিমিত্ত নিজফল দান করে না। অর্থাৎ পরমার্থদর্শী কর্ম্মিগণের কর্ত্তৃত্বাভিমান রাহিত্য হেতু কোনই কর্ম্মফল ঘটে না। কিন্তু যাহারা ফলাভিসন্ধিযুক্ত অপরমার্থদর্শী, তাহারাই ফলপ্রাপ্ত হইয়া থাকে। সর্পরূপে অবস্থিত রজ্জুকে রজ্জু জানিয়াও যদি প্রহার করা যায়, তাহা হইলে সে রজ্জু কদাপি ফণা বিস্তার করিয়া দংশন করিতে আইসে না। কিন্তু প্রকৃত সর্পকে সেরূপ আঘাতাদি করিলে সে নিশ্চয়ই কুপিত হইয়া দংশন করিতে আইসে। এই দৃষ্টান্ত দ্বারা ইহাই প্রতীত হইতেছে যে, কর্ম্ম ফল-প্রসূ নহে, এইরূপ স্থির বিশ্বাস সহকারে তাহার অনুষ্ঠান করিলে কোনরূপ ফলোপলেপ ঘটে না; কিন্তু তাহা ফলপ্রদ বুঝিয়া অনুসরণ করিলে তজ্জন্য বন্ধন অবশ্যম্ভাবী ॥ ১৭ ॥

—(:o:)—

জ্ঞানং জ্ঞেয়ং পরিজ্ঞাতা ত্রিবিধা কর্ম্মচোদনা।
করণং কর্ম্ম কর্ত্তেতি ত্রিবিধঃ কর্ম্মসংগ্রহঃ ॥ ১৮ ॥

অন্বয়।—জ্ঞানং (বোধঃ) জ্ঞেয়ং (জ্ঞাতব্যং) পরিজ্ঞাতা (জ্ঞানা-শ্রয়ঃ) [ইতি] ত্রিবিধা কর্ম্মচোদনা (কর্ম্মপ্রবৃত্তিহেতুঃ) করণং কর্ম্ম কর্ত্তা ইতি ত্রিবিধঃ কর্ম্মসংগ্রহঃ (কর্ম্মাশ্রয়ঃ) ॥ ১৮ ॥

প্রতিশব্দ।—জ্ঞান, জ্ঞেয়, জ্ঞাতা, [এই] ত্রিবিধ কর্ম্ম—প্রবৃত্তির—হেতু, করণ, কর্ম্ম, কর্ত্তা, এই ত্রিবিধ কর্ম্মের—আশ্রয় ॥ ১৮ ॥

ব্যাখ্যা।—বস্তু বিষয়ক জ্ঞান, জ্ঞাতব্য বিষয় এবং জ্ঞাতা অর্থাৎ ভোক্তা, ইহারাই ইন্দ্রিয়াদির ক্রিয়া প্রবৃত্তি বিষয়ে মূল কারণ, অর্থাৎ এই তিন কারণ দ্বারাই ইন্দ্রিয় সমূহ কার্য্যে প্রবৃত্ত হয়; আর শ্রোত্রাদি করণ, ঈপ্সিত কর্ম্ম এবং ক্রিয়াসম্পাদক কর্ত্তা এই তিনই ক্রিয়ার আশ্রয়, অর্থাৎ এই আশ্রয় দ্বারাই কর্ম্ম সংগৃহীত হইয়া থাকে ॥ ১৮ ॥

শঙ্করাচার্য্য।—অথেদানীং তেষাং কর্ম্মণাং প্রবর্ত্তকমুচ্যতে জ্ঞানমিতি। জ্ঞানং জ্ঞায়তেঽনেনেতি সর্ব্ববিষয়মবিশেষেণোচ্যতে, তথা জ্ঞেয়ং জ্ঞাতব্যং তদপি সামান্যেনৈব সর্ব্বমুচ্যতে তথা পরিজ্ঞাতোপাধিলক্ষণোঽবিদ্যাকল্পিতোভোক্তা ইত্যেতত্ত্রয়মেষামবিশেষেণ সর্ব্বকর্ম্মণাং প্রবর্ত্তিকা ত্রিবিধা ত্রিঃপ্রকারা কর্ম্মচোদনা জ্ঞানাদীনাং হি ত্রয়াণাং সন্নিপাতে হানোপাদানাদিপ্রয়োজনঃ সর্ব্বকর্ম্মারম্ভঃ স্যাত্ততঃ পঞ্চভিরধিষ্ঠানাদিভিরারব্ধং বাঙ্মনঃকায়াশ্রয়ভেদেন ত্রিধারাশীকৃতং ত্রিষু করণাদিষু সংগৃহ্যতে ইত্যেতদুচ্যতে করণং ক্রিয়তেঽনেনেতি বাহ্যং শ্রোত্রাদ্যন্তঃস্থং বুদ্ধ্যাদি কর্ম্মেপ্সিততমং কর্ত্তুঃ ক্রিয়য়া ব্যাপ্যমানং কর্ত্তা করণানাং ব্যাপারয়িতোপাধিলক্ষণ ইতি ত্রিবিধঃ ত্রিঃপ্রকারঃ কর্ম্মসংগ্রহঃ সংগৃহ্যতে অস্মিন্নিতি সংগ্রহঃ কর্ম্মণঃ সংগ্রহঃ কর্ম্মসংগ্রহঃ কর্ম্ম এষু হি ত্রিষু সমবৈতি তেনায়ং ত্রিবিধঃ কর্ম্মসংগ্রহঃ ॥ ১৮ ॥

আনন্দগিরি।—শাস্ত্রার্থোপসংহারানন্তর্য্যমথেত্যুক্তমিদানীমিতি। প্রবর্ত্তকাপদেশাপেক্ষাবস্থোক্তা কর্ম্মণাং যেষু বিদুষাং নাধিকারোঽবিদুষশ্চাধিকারস্তেষামিত্যর্থঃ। জ্ঞানশব্দস্য করণব্যুৎপত্ত্যা জ্ঞানমাত্রার্থত্বমাহ জ্ঞানমিতি। জ্ঞেয়শব্দস্যাপি তদ্বদেব জ্ঞাতব্যমাত্রার্থত্বমাহ তথেতি। উপাধিলক্ষণত্বং তৎপ্রধানত্বমুপহিতত্বং তস্যাবস্তুত্বার্থমবিদ্যাকল্পিতবিশেষণমেতদেব ত্রয়ং সর্ব্বকর্ম্মপ্রবর্ত্তকমিত্যাহ ইত্যেতদিতি। সর্ব্বকর্ম্মণাং প্রবর্ত্তকমিত্যধ্যাহর্ত্তব্যং। চোদনেতি ক্রিয়ায়াঃ প্রবর্ত্তকং বচনমিতি ভাষ্যানুসারেণচোদনাশব্দার্থমাহ প্রবর্ত্তিকেতি। সর্ব্বকর্ম্মণামিতি পূর্ব্বেণ সম্বন্ধঃ, ত্রৈবিধ্যং জ্ঞানাদীনাং প্রাগুক্তং কর্ম্মণাং চোদনেতি বিগ্রহঃ। তেষাং সর্ব্বকর্ম্মপ্রবর্ত্তকত্বমন্নুভবেন সাধয়তি জ্ঞানাদীনামিতি। হানোপাদানাদীত্যাদিপদেনোপেক্ষাবিবক্ষিতা। করণমিত্যাদেস্তাৎপর্য্যমাহ ততইতি। জ্ঞানাদীনাং প্রবর্ত্তকত্বাদিত্যর্থঃ। উক্তেঽর্থে শ্লোকভাগমবতারয়তি ইত্যেতদিতি। বাহ্যমন্তস্থঞ্চ দ্বিবিধং করণব্যুৎপত্ত্যা কথয়তি করণমিতি। উক্তলক্ষণং কর্ম্মৈব স্ফুটয়তি কর্ত্তুরিতি। স্বতন্ত্রোহি কর্ত্তা স্বাতন্ত্র্যঞ্চ কারকাপ্রযোজ্যস্য তৎপ্রযোক্তৃত্বমিত্যাহ কর্ত্তেতি। কথমুক্তে ত্রিবিধে কর্ম্ম সংগৃহ্যতে তত্রাহ কর্ম্মেতি। কর্ম্মণোহি প্রসিদ্ধং কারকাশ্রয়ত্বমিতি ভাবঃ ॥ ১৮ ॥

রামানুজ।—সর্ব্বমিদং কর্ত্তৃত্বাদ্যানুসন্ধানং সত্ত্বগুণবৃদ্ধ্যৈব ভবতীতি সত্ত্বস্যোপাদেয়তাজ্ঞাপনায় কর্ম্মণি সত্ত্বাদিগুণকৃতং বৈষম্যং প্রপঞ্চয়িষ্যন্ কর্ম্মচোদনাপ্রকারং তাবদাহ জ্ঞানমিতি। জ্ঞানং কর্ত্তব্যকর্ম্মবিধিবিষয়জ্ঞানং, জ্ঞেয়ং চ কর্ত্তব্যং কর্ম্ম, পরিজ্ঞাতা কর্ম্মণস্তস্য বোদ্ধেতি ত্রিবিধা কর্ম্মচোদনা বোধবোদ্ধব্যবোদ্ধৃযুক্তো জ্যোতিষ্টোমাদিকর্ম্মবিধিরিত্যর্থঃ। তত্র বোদ্ধব্যরূপং কর্ম্ম ত্রিবিধং সংগৃহ্যতে [হস্মিন্নিতি সংগ্রহঃ] করণং কর্ম্ম কর্ত্তেতি। করণং সাধনভূতং দ্রব্যাদিকং, কর্ম্ম যাগাদি, কর্ত্তানুষ্ঠাতেতি ॥ ১৮ ॥

হনুমান্।—জ্ঞায়তে যেনেতি জ্ঞানং প্রকাশনং জ্ঞায়তে ইতি জ্ঞেয়ং জ্ঞানক্রিয়ায়া কর্ত্তা ভোক্তা পরিজ্ঞাতা জ্ঞানং ক্রিয়া কর্ত্তা অবিদ্যাকল্পিতং এতত্ত্রিবিধং কর্ম্মণঃ ক্রিয়ায়া চোদনা প্রবর্ত্তিকা এতত্ত্রিতয়সন্নিধৌ প্রবৃত্তঃ দৃশ্যতে অতঃ ইয়ং কর্ম্মচোদনা জ্ঞানং জ্ঞেয়ং পরিজ্ঞাতেত্যাত্মিকা ক্রিয়তেঽনেনেতি করণং শ্রোত্রাদি বুদ্ধীন্দ্রিয়ং বাগাদি কর্ম্মেন্দ্রিয়ঞ্চ। কর্ম্ম কর্ত্তুঃ ক্রিয়া [illegible]

মিষ্টতমং কর্ত্তা অহং কারোমীতি প্রতীয়তে এতত্রিতয়ং কর্ম্মসংগ্রহঃ কর্ম্ম ক্রিয়ালক্ষণং সংগৃহ্যতে আত্মনি ব্যবস্থাপ্যতে অনেনেতি সংগ্রহঃ করণকর্ম্মকর্ত্তৃষু হি সর্ব্বং কর্ম্ম সমবেতং-মতোঽয়ং ত্রিবিধঃ কর্ম্মসংগ্রহ ইত্যুচ্যতে ॥ ১৮ ॥

শ্রীধর।—হত্বাপি ন হন্তি ন নিবধ্যত ইত্যেতদেবোপপাদয়িতুং কর্ম্মচোদনায়াঃ কর্ম্মাশ্রয়স্য চ কর্ম্মফলাদীনাঞ্চ ত্রিগুণাত্মকত্বান্নির্গুণস্য আত্মনস্তৎসম্বন্ধোনাস্তীত্যভিপ্রায়েণ কর্ম্মচোদনাং কর্ম্মাশ্রয়ঞ্চাহ জ্ঞানমিতি। জ্ঞানমিষ্টসাধনমেতদিতি বোধঃ, জ্ঞেয়মিষ্টসাধনং কর্ম্ম. পরিজ্ঞাতা এতৎজ্ঞানাশ্রয়ঃ এবং ত্রিবিধা কর্ম্মচোদনা চোদ্যতে প্রবর্ত্ততেঽনয়েতি চোদনা জ্ঞানাদিত্রিতয়ং কর্ম্মপ্রবৃত্তিহেতুরিত্যর্থঃ। যদ্বা, চোদনেতি বিধিরুচ্যতে তদুক্তং ভট্টৈঃ,—"চোদনা চোপদেশশ্চ বিধিশ্চৈকার্থবাচিন ইতি।" ততশ্চায়মর্থঃ, উক্তলক্ষণং ত্রিগুণাত্মকং জ্ঞানাদিত্রয়মবলম্ব্য কর্ম্মবিধিঃ প্রবর্ত্তত ইতি তদুক্তং "ত্রৈগুণ্যবিষয়া বেদা" ইতি, তথা করণং সাধকতমং কর্ম্ম চ কর্ত্তুরীপ্সিততমং কর্ত্তা ক্রিয়ানির্বর্ত্তকঃ, কর্ম্ম সংগৃহ্যতেঽস্মিন্নিতি কর্ম্মসংগ্রহঃ করণাদিত্রিবিধং কারকং ক্রিয়াশ্রয় ইত্যর্থঃ। সম্প্রদানাদিকারকত্রয়স্তু পরম্পরয়া ক্রিয়াপ্রবর্ত্তকমেব কেবলং ন তু সাক্ষাৎ ক্রিয়ায়া আশ্রয়ঃ অতঃ করণাদিত্রয়মেব ক্রিয়াশ্রয় ইত্যুক্তং ॥ ১৮ ॥

বলদেব।—জ্ঞানকাণ্ডবৎ কর্ম্মকাণ্ডেঽপি জ্ঞানাদিত্রয়মস্তি। তচ্চ সনিষ্ঠেন কর্ম্মঠেন বোধ্যমিতি উপদিশতি জ্ঞানমিতি। জ্ঞানং জ্ঞেয়ং পরিজ্ঞাতেত্যেবংত্রিকযুক্তা কর্ম্মচোদনা জ্যোতিষ্টোমাদিকর্ম্মবিধিঃ। "চোদনা চোপদেশশ্চ বিধিশ্চৈকার্থবাচিন" ইত্যভিযুক্তোক্তেঃ। তত্ত্রিকং স্বয়মেব ব্যাখ্যাতি করণমিতি। যজ্জ্ঞানং তৎ করণং জ্ঞায়তেঽনেনেতি নিরুক্তেঃ করণকারকমিত্যর্থঃ। যজ্জ্ঞেয়ং কর্ত্তব্যং জ্যোতিষ্টোমাদি তৎ কর্ম্মকারকম্। যস্তু তস্য পরিজ্ঞাতোঽনুষ্ঠানেন জ্ঞাতা স কর্ত্তেতি কর্ত্তৃকারকম্। এবং কর্ম্মসংগ্রহো জ্যোতিষ্টোমাদিকর্ম্মবিধিস্ত্রিবিধঃ। করণাদিকারকত্রয়সাধ্যঃ। চোদনাসংগ্রহশব্দয়োরৈক্যার্থঃ ॥ ১৮ ॥

মধুসূদন।—পূর্ব্বমধিষ্ঠানাদিপঞ্চকস্য ক্রিয়াহেতুত্বেনাত্মনঃ সর্ব্বকর্ম্মাসংস্পর্শিত্বমুক্তং, সম্প্রতি তমেবার্থং জ্ঞানজ্ঞেয়াদিপ্রক্রিয়ারচনয়া ত্রৈগুণ্যভেদব্যাখ্যয়া চ বিবরীতুমুপক্রমতে। জ্ঞানং বিষয়প্রকাশক্রিয়া, জ্ঞেয়ং তস্য কর্ম্ম, পরিজ্ঞাতা তস্যাশ্রয়োভোক্তান্তঃকরণোপাধিপরিকল্পিতঃ এতেষাং ত্রয়াণাং সন্নিপাতে হি হানোপাদানাদিসর্ব্বকর্ম্মারম্ভঃ স্যাদত এতত্রয়ং সর্ব্বেষাং কর্ম্মণাং প্রবর্ত্তকং, তদেতদাহ ত্রিবিধা কর্ম্মচোদনেতি প্রবর্ত্তকমুচ্যতে চোদনেতি ক্রিয়ায়াঃ প্রবর্ত্তকং বচনমাহুরিতি শাবরে "চোদনা চোপদেশশ্চ বিধিশ্চৈকার্থবাচিন' ইতি। ভাট্টে চ বচনে ক্রিয়াপ্রবর্ত্তকবচনত্বং যদ্যপি চোদনাপদশক্যতয়া প্রতীয়তে তথাপি বচনত্বং বিহায় প্রবর্ত্তকমাত্রমিহ লক্ষ্যতে জ্ঞানাদিষু বচনত্বাভাবাৎ, এবঞ্চ প্রেরণায়াং প্রেরকত্বং চানাত্মন এব নাত্মন ইত্যভিপ্রায়ঃ। তথা করণং সাধকতমং বাহ্যং শ্রোত্রাদ্যন্তরং বুদ্ধ্যাদি, কর্ম্ম কর্ত্তুরীপ্সিততমং ক্রিয়য়া ব্যাপ্যমানং উৎপাদ্যমাপ্যং বিকার্য্যং সংস্কার্য্যঞ্চ, কর্ত্তা চ ইতরকারকাপ্রয়োজ্যত্বে সতি সকলকারকাণাং প্রয়োক্তা ক্রিয়ায়া নির্ব্বর্ত্তকশ্চিদচিদ্গ্রন্থিরূপ, ইতি ত্রিবিধস্ত্রিপ্রকারঃ কর্ম্ম সংগৃহ্যতে সমবৈত্যত্রেতি কর্ম্মসংগ্রহঃ কর্ম্মাশ্রয়ঃ চকারার্থাদিতি শব্দাৎ সম্প্রদানমপাদানমধিকরণঞ্চ

রাশিত্রয়ান্তর্ভূতং এবং কারকষট্কমেব ত্রিবিধং ক্রিয়ায়া আশ্রয়ো ন তু কূটস্থ আত্মেত্যর্থঃ।
কর্ম্মপ্রেরকস্ত কর্ম্মাশ্রয়স্ত চ কারকরূপত্বাৎ ত্রৈগুণ্যাত্মকত্বাচ্চাকারকস্বভাবো গুণাতীত
জ্ঞানং প্রেরণারূপং লিঙ্গাদিশব্দজন্যং জ্ঞেয়ং তস্য জ্ঞানস্য বিষয়ত্বেন লিঙাদিশব্দরূপং প্রেরক
পরিজ্ঞাতা তস্ত জ্ঞানস্তাশ্রয়ঃ প্রেরণীয়ঃ ইত্যেবং ত্রিবিধা কর্ম্মচোদনা কর্ম্ম ক্রিয়া পুরুষব্যাপার
রূপার্থীভাবনা তদ্বিষয়া চোদনা প্রেরণা বিধিরূপা শাব্দীভাবনেত্যর্থঃ, তথা করণং সেতিকর্ত্তব্য
তাকং সাধনং ধাত্বর্থঃ কর্ম্ম ভাব্যং স্বর্গাদিফলং কর্ত্তা ফলকামনাবান্ পুরুষঃ লিয়ায়া নির্বর্ত্তক
ইত্যেবং ত্রিবিধঃ কর্ম্মসংগ্রহঃ কর্ম্মণঃ পুংব্যাপাররূপসংগ্রহঃ সঙ্ক্ষেপঃ তদেবমর্থভাবনারূপস্য
প্রযত্নস্য বিধেয়স্যাভাবাচ্ছব্দভাবনারূপো বিধির্ন শুদ্ধমাত্মানং গোচরয়তি কারকাশ্রয়ত্বাদ্বিধি
বিধেয়যোগঃ। তদুক্তং "ত্রৈগুণ্যবিষয়া বেদানিস্ত্রৈগুণ্যো ভবার্জ্জুনেতি" কারকাণাং চ ত্রৈগুণ্যা
ত্মকমনন্তরমেব ব্যাখ্যাস্যত ইত্যভিপ্রায়ঃ। অত্র প্রসঙ্গাদ্বিধিশ্চিন্ত্যতে প্রবৃত্তিহেতুত্বেন প্রেরণা
তাবৎসর্ব্বলোকানুভবসিদ্ধা রাজ্ঞা প্রেরিতো বালেন প্রেরিতো ব্রাহ্মণেন প্রেরিতোঽহমিতি হি
প্রবর্ত্তমানা বক্তারো ভবন্তি, সা চ প্রবর্ত্তনা প্রবর্ত্তকরাজাদিনিষ্ঠা, তত্রোৎকৃষ্টস্ত নিকৃষ্টং প্রতি
প্রবর্ত্তনা আজ্ঞা প্রেষণেতি চোচ্যতে, নিকৃষ্টস্যোৎকৃষ্টং প্রতি প্রবর্ত্তনায়াশ্চাধ্যেষণেতি চোচ্যতে
সমস্ত সমং প্রত্যুৎকর্ষনিকর্ষৌদাসীন্যেন প্রবর্ত্তনাঽনুজ্ঞাঽনুমতিরিতি চোচ্যতে, তে চাজ্ঞাদয়ো জ্ঞান
বিশেষা ইচ্ছাবিশেষা বা চেতনধর্ম্মা এব লোকে প্রসিদ্ধাঃ, বেদে তু বিধিনাঽহং প্রেরিতঃ করো
মীতি ব্যবহর্ত্তারো ভবন্তি, তত্র স্বয়মচেতনত্বাদপৌরুষেয়ত্বাচ্চ বৈদিকস্য বিধের্ন চেতনধর্ম্মেণাজ্ঞা
দিনা প্রেরকতা সম্ভবত্যতঃ স্বধর্ম্মেণৈব সাভ্যুপগন্তব্যা গত্যন্তরাসম্ভবাৎ, স এব চ ধর্ম্মশ্চোদনা
প্রবর্ত্তনা প্রেরণা বিধিরুপদেশঃ শব্দভাবনেতি চোচ্যতে। তত্র কেচিদলৌকিকমেব শব্দব্যাপারং
কল্পয়ন্তি, অন্যে তু ক্লৃপ্তেনৈবোপপত্তৌ নালৌকিককল্পনাং সহন্তে, প্রবর্ত্তনা হি প্রবৃত্তিহেতু
র্ব্যাপারো বিধিশব্দস্য চাখ্যাতত্বেন দশলকারসাধারণেনোপাধিনা পুরুষপ্রবৃত্তিরূপার্থভাবনাং
প্রতি বাচকত্বং তজ্জ্ঞানহেতুত্বমিতি যাবৎ, সা চ জ্ঞাতৈবানুষ্ঠাতুং শক্যত ইতি তদীয়েতো
রপি শব্দস্য তদ্ধেতুত্বং পরম্পরয়া ভবত্যেব, তত্র বিধিশব্দস্য পুরুষপ্রবৃত্তিরূপভাবনাজ্ঞান
হেতুর্ব্যাপারঃ পুরুষপ্রবৃত্তিবাচকস্তদ্বাচকশক্তিমত্তয়া বিধিশব্দজ্ঞানং, স এব চ তস্য প্রবৃত্তি
হেতুর্ব্যাপার ইতি প্রবর্ত্তনাভিধানীয়কং লভতে জ্ঞানদ্বারেণৈব শব্দস্য প্রবৃত্তিজনকত্বাৎ জ্ঞানজন
ব্যাপারাতিরিক্তব্যাপারকল্পনে মানাভাবাৎ জ্ঞানজনকশ্চ ব্যাপারস্তস্য স্বজ্ঞানং শক্তিজ্ঞানে
শক্তিবিশিষ্টস্বজ্ঞানঞ্চ, তত্রাদ্যয়োরন্যতরস্য শব্দভাবনাত্বং তৃতীয়স্য তু তত্র করণত্বমিতি বিবেক
এবং স্থিতে নিষ্কর্ষঃ, বিধিনা স্বজ্ঞানং জন্যতে প্রবর্ত্তনাখ্যেনাভিধীয়তে অপাতি বিধিজ্ঞান
শব্দভাবনা তস্যাঞ্চ পুরুষপ্রবৃত্তিরূপার্থভাবনৈব ভাব্যতয়াম্বেতি করণতয়া চ প্রবৃত্তিবাচকশক্তি
র্বিধিজ্ঞানমেব, ভাবনাসাধ্যত্বাপি ফলাবচ্ছিন্নাং ভাবনাং প্রতি করণত্বং ফলকরণত্বাদেব যাগস্য
র্থভাবনাং প্রতি ন বিরুধ্যতে। তথা চ পুরুষপ্রবৃত্তিং ভাবয়েৎ কেনেত্যপেক্ষায়াং পুরুষপ্রবৃত্তি
বাচকশক্তিমত্তয়া জ্ঞানেন বিধিশব্দেনেতি করণাংশপূরণং কথমিত্যাকাঙ্ক্ষায়ামর্থবাদৈঃ
কর্ত্তব্যতাংশপূরণং ইয়ং গৌঃ ক্রয্যেতি লৌকিকে বিধৌ বহুক্ষীরা জীবৎবৎসা সুলভত্যা মন্দবেগিনি

ত্যাদিলৌকিকার্থবাদবৎ সমাং সমাং প্রতিবর্ষং প্রসূয়তে সা গৌঃ। নন্বাখ্যাতত্বেন বিধিশব্দাদুপস্থিতা পুরুষপ্রবৃত্তির্ভাব্যতয়ান্বেতু করণং তু কথমনুপস্থিতমন্বেতি। উচ্যতে বিধিশব্দস্তাবচ্ছ্রবণেনোপস্থাপিতস্ত পুরুষপ্রবৃত্তিবাচকশক্তিরপি স্মরণেনোপস্থাপিতা, তদুভয়বৈশিষ্ট্যং তন্নিষ্ঠাজ্ঞাততা চ মনসেতি বাচকশক্তিমত্তয়া জ্ঞাতোবিধিশব্দ উপস্থিত এব অনেন যচ্ছব্দ্য়া তদ্ভাবয়েদিতি প্রতিশব্দং স্বাধ্যায়বিধিতাৎপর্য্যাচ্ছব্দাতিরিক্তেনোপস্থিতমপি শাব্দবোধে ভাসত এব, যথা জ্যোতিষ্টোমাদি নামধেয়ং যথা বা লিঙ্গবিনিযোজ্যোমন্ত্রঃ। তদুক্তমাচার্য্যৈরুদ্ভিদধিকরণে অনুপস্থিতবিশেষণাবিশিষ্টে বুদ্ধির্ন ভবতি ন ত্বনভিহিতবিশেষণেতি, এবমর্থবাদানামুপস্থিতিঃ, শ্রোত্রেণ প্রাশস্ত্যস্ত তু তৈরেব লক্ষণয়া তদুভয়নিষ্ঠজ্ঞাততায়াস্তু মনসেত্যর্থবাদৈঃ প্রশস্তত্বেন জ্ঞাত্বেতীতি কর্ত্তব্যতাংশান্বয়োঽপ্যুপপন্ন এব। নন্বু কিং প্রাশস্ত্যং ন তাবৎ ফলসাধনং তস্য যাগেন ভাবয়েৎ স্বর্গমিত্যর্থভাবনান্বয়বশেন বিধিবাক্যাদেব লব্ধত্বাৎ নান্তৎ প্রবৃত্তাবনুপযোগাৎ, উচ্যতে বলবদনিষ্টানমুবন্ধিত্বং প্রাশস্ত্যং, তচ্চ নেষ্টহেতুত্বজ্ঞানাল্লভ্যতে ইষ্টহেতোরপি কলঞ্জভক্ষণাদাবনিষ্টহেতুত্বস্যাপি দর্শনাৎ, বিহিতশ্যেনফলস্য চ শত্রুবধায়ানিষ্টানুবন্ধিত্বং দৃষ্টং, অতো যাবৎ সাধনস্ত ফলস্ত চানিষ্টহেতুত্বং নোচ্যতে, তাবদিষ্টহেতুত্বেন জ্ঞাতেঽপি তত্র পুরুষো ন প্রবর্ত্ততে, অতএবোক্তং "ফলতোঽপি চ যৎ কর্ম্ম নানর্থেনানুবধ্যতে। কেবলপ্রীতিহেতুত্বাত্তদ্ধর্ম্ম ইতি কথ্যত॥" ইতি। অতঃ স্বতঃ ফলতোবানর্থানুবন্ধিত্বরূপপ্রাশস্ত্যবোধনেনার্থবাদবিধিশক্তিমুক্তস্তস্তি,ক উক্তস্তঃ স্বতঃ ফলতোবার্থানমুবন্ধিত্বশঙ্কায়াঃ প্রবৃত্তিপ্রতিবন্ধিকায়া বিগমঃ, ইদমেব চ বিধেঃ প্রবৃত্তিজননে সাহায্যমর্থবাদৈঃ ক্রিয়ত ইতি বিধিরর্থবাদসাকাঙ্ক্ষ এবমর্থবাদা অপ্যভিধয়া গৌণ্যা বা বৃত্ত্যা ভূতমর্থং বদন্তোঽপি স্বাধ্যায়বিধ্যাপাদিতপ্রয়োজনবত্ত্বলাভায় বিধিসাকাঙ্ক্ষাঃ, সোঽয়ং নষ্টাশ্বদগ্ধরথবৎ সম্প্রয়োগঃ। যথৈকস্য দগ্ধরথস্ত জীবস্তিরশ্বৈরশ্বস্ত বিদ্যমানস্ত রথস্যাবিদ্যমানাশ্বস্ত সম্প্রয়োগঃ পরস্পরস্যার্থবত্ত্বায়, তথার্থবাদানাং প্রয়োজনাংশো বিধিনা পূর্য্যতে, বিধেশ্চ শব্দভাবনায়া ইতিকর্ত্তব্যতাংশোঽর্থবাদৈরিতি তদিদমুভয়োঃ শ্রবণে পূর্ণমেব বাক্যং। একস্ত শ্রবণে ত্বন্যস্ত কল্পনয়া পূরণীয়ং। যথা বসন্তায় কপিঞ্জলানালভত ইতি বিধাবর্থবাদাংশোঽশ্রুতোঽপি কল্প্যতে প্রতিতিষ্ঠন্তি হবায় এতা রাত্রীরূপযন্তীত্যাদ্যর্থবাদে বিধ্যংশঃ। তথা চ সূত্রং "বিধিনা ত্বেকবাক্যত্বাৎ স্তুত্যর্থেন বিধীনাং স্যু"রিতি বিধিনা স্তুতিসাকাঙ্ক্ষেণ প্রয়োজনসাকাঙ্ক্ষাণামর্থবাদানামেকবাক্যত্বাদ্বিধীনাং বিধেয়ানাং স্তুত্যর্থেন স্তুতিপ্রয়োজনেন স্তুতিরূপেণ প্রয়োজনসাকাঙ্ক্ষেণ লাক্ষণিকেনার্থেন বানর্থক্যাভাবাদর্থবাদাধর্ম্মে প্রমাণানি স্যুরিতি তস্যার্থঃ। নন্বু "য এব লৌকিকাঃ শব্দাস্ত এব বৈদিকাস্তএব চামীষামর্থা" ইতি ন্যায়াদ্বিধিশব্দস্য লোকে যত্র শক্তির্গৃহীতা বেদেঽপি তদর্থকেনৈব তেন ভবিতব্যং, লোকে চ প্রেষণাদি পুরুষধর্ম্মবাচিত্বং ক্লৃপ্তমিতি বেদে শব্দভাবনাবাচিত্বং কথমুপপদ্যতে। উচ্যতে লোকবেদয়োরৈকরূপ্যমেব। তথাহি লোকে প্রেষণাদিকং ন তেন রূপেণ বিধিপদবাচ্যং অননুগমেন নানার্থত্বপ্রসঙ্গাত্তদ্বদেব ভাবনাবাচিত্বোপপত্তেশ্চ, কিন্তু প্রেষণাধ্যেষণানুজ্ঞাস্বস্তি প্রবর্ত্তনাত্মমেকং তচ্চ শব্দব্যাপারেঽপি তুল্যমিতি তদেব লিঙাদিপদবাচ্যং, তচ্চ লৌকিকশব্দেষ্বেব, তত্র রাজাদীনামেব প্রবর্ত্তকত্বং প্রবর্ত্তকব্যাপার এব হি প্রেষণাত্বেন ইত্যাদিনা ন

বিধিপদবাচ্যং কিন্তু প্রবর্ত্তনাত্বেন বাচ্যং প্রবর্ত্তনাপ্রবর্ত্তকত্বং চ রাজাদেরিব বেদস্যাপ্যনুভবসিদ্ধং। নন্বু বেদেঽপি প্রবর্ত্তনাবানীশ্বরঃ কল্প্যতাং লোকে রাজাদিবৎ তদুক্তং বিধিরেব তাবদ্গর্ভইব শ্রুতিকুমার্য্যাঃ পুংযোগে মানমিতি ন বেদস্যাপৌরুষেয়ত্বাৎ ন হি বেদস্য কর্ত্তা পুরুষো লোকে বেদে বা প্রসিদ্ধঃ, তৎ কল্পনে চ তজ্‌জ্ঞানপ্রামাণ্যাপেক্ষয়া বেদপ্রামাণ্যে নিরপেক্ষত্বেন স্থিতং স্বতঃ প্রামাণ্যং ভগ্নং স্যাৎ বুদ্ধবাক্যেঽপি প্রামাণ্যপ্রসঙ্গাচ্চ, ঈশ্বরবচনত্বে সমানেঽপি বুদ্ধবাক্যং ন প্রমাণং, বেদবাক্যং তু প্রমাণমিতি সুভগাভিক্ষুকন্যায়প্রসঙ্গঃ মহাজনানামুভয়-সিদ্ধত্বাভাবেন তৎপরিগ্রহাভ্যামপি বিশেষানুপপত্তেঃ, ঈশ্বরপ্রেরণায়া লোকবেদসাধারণত্বেন লোকেঽপি রাজাদীনাং প্রেরকত্বং স্যাৎ, ঈশ্বরপ্রেরণায়াং স্থিতায়ামেব রাজাদিরপ্যসাধারণত্বয়া প্রেরক ইতি চেৎ হন্ত সা তিষ্ঠতু ন বা, কিং ত্বিহাপ্যসাধারণঃ প্রেরকো বেদ এব রাজাদিস্থানীয় ইত্যাগতং মার্গে। ঈশ্বরপ্রেরণায়াঃ সাধারণায়া অসাধারণপ্রেরণাসহকারেণৈব প্রবর্ত্তকত্বাৎ। কিঞ্চ ঈশ্বরপ্রেরণায়াং সর্ব্বোঽপি বিহিতং কুর্য্যাদেব ন তু কশ্চিদপি লঙ্ঘয়েৎ নিষিদ্ধেঽপি চেশ্বরপ্রেরণাস্ত্যেব অন্যথা ন কোঽপি তত্র প্রবর্ত্তেতেতি তদপি বিহিতং স্যাৎ। তথা চোক্তং—"অজ্ঞোজন্তুরনীশোঽয়মাত্মনঃ সুখদুঃখয়োঃ। ঈশ্বরপ্রেরিতো গচ্ছেৎ স্বর্গং বা শ্বভ্রমেব বা॥" তস্মাদ্রাজাদিরিব বেদোঽপি স্বপ্রবর্ত্তনাং জ্ঞাপয়ন্নিচ্ছোপহারমুখেন প্রবর্ত্তয়-তীতি সিদ্ধং লোকবেদয়োরৈকরূপ্যং, পূর্ব্বমীমাংসকানাং স্বতন্ত্রোবেদো ব্রহ্মমীমাংসকানাং তু ব্রহ্মবিবর্ত্তস্তৎপরতন্ত্রোবেদ ইতি যদ্যপি বিশেষস্তথাপি শ্বসিততুল্যত্বেন বেদস্যাপৌরুষেয়ত্বমুভয়ে-ষামপি সমানং। অত্র চ প্রবৃত্ত্যনুকূলব্যাপারবত্ত্বং প্রবর্ত্তনাত্বং স খণ্ডোঽখণ্ডোবোপাধিস্তস্মিন্ বিধি-পদশক্যেঽপি তদাশ্রয়বিশেষোপস্থিতির্গবাদিতুল্যৈব অনুকূলব্যাপারত্বং বা শক্যং প্রবৃত্ত্যংশস্ত্বাখ্যাত-ত্বেন শক্ত্যন্তরলভ্যৈব দণ্ডীত্যত্র সংবন্ধিনি মত্বর্থে প্রকৃত্যর্থং দণ্ডাংশবৎ ফলসাধনতাবোধএব প্রেরণা তামেব কুর্ব্বন্ প্রেরকোবিধিরতঃ ফলসাধনত্বৈব প্রেরণাত্বেন বিধিপদশক্যেতি মণ্ডনাচার্য্যাঃ। ফলসাধনতা চার্থভাবনায়ামলভ্যেত্যুক্তং প্রাক্। ইমমেব চ পক্ষং পার্থসারথি-প্রভৃতয়ঃ পণ্ডিতাঃ প্রতিপন্নাঃ। ঔপনিষদামপি কেষাঞ্চিদিষ্টসাধনতাবাদোঽনেনৈব মতেনোপ-পাদনীয়ঃ। ইষ্টসাধনত্বং স্বরূপেণৈব লিঙাদিপদশক্যং ন প্রেরণাত্বেনেতি তার্কিকাঃ। তত্র গৌরবাদনন্যলভ্যত্বাদন্বয়াযোগ্যত্বাচ্চ ইচ্ছাবিষয়সাধনত্বাপেক্ষয়া প্রবর্ত্তনাত্বমতিলঘু ইচ্ছাতাদ্বিষয়য়োর-প্রবেশাৎ ইচ্ছাজ্ঞানস্যাপি প্রবৃত্তিজ্ঞানবৎ প্রবৃত্তিহেতুত্বাপাতাৎ বস্তুগত্যা য ইচ্ছাবিষয়স্তৎসাধন-মিতিশব্দেন প্রতিপাদয়িতুমশক্যত্বাৎ সাধনত্বমাত্রস্যৈব শক্যত্বে চ তেনৈব প্রত্যয়েনোপস্থাপিতয়া প্রবৃত্ত্যা সহ শ্রুত্যা তদন্বয়সম্ভবে পদান্তরোপস্থাপিতস্বর্গেণ সহ বাক্যেন তদন্বয়াসম্ভবাৎ প্রবর্ত্তনায় এব পর্য্যবসানং শ্রুত্যা বাক্যস্য বাধাৎ প্রত্যয়শ্রুতেঃ পদশ্রুতিতোঽপি বলীয়স্ত্বেন পশুনা যজেতেত্যত্র প্রকৃত্যর্থং পশুং বিহায় প্রত্যয়ার্থেন করণেন সহৈবৈকত্বস্যান্বয়াদেকং করণং পশুরিতি বচনব্যক্ত্যা ক্রত্বঙ্গত্বমেকত্বস্য স্থিতং কিমুবক্তব্যং পদান্তরসমভিব্যাহাররূপাদ্বাক্যাৎ প্রত্যয়শ্রুতিবলীয়স্ত্বমিতি বাক্যার্থান্বয়লভ্যত্বাচ্চ নেষ্টসাধনত্বং পদার্থঃ, তথা হি প্রবর্ত্তনাকর্ম্মভূতা পুরুষপ্রবৃত্তি-রূপার্থভাবনা কিং কেন কথমিত্যংশত্রয়বতী বিধিনাশব্দত্বেন প্রতিপাদ্যত ইত্যুক্তং প্রাক্

অপুরুষার্থকর্ম্মিকায়াং চ তস্যাং প্রবর্ত্তনানুপপত্তেরেকপদোপস্থাপিতমপ্যপুরুষার্থং ধাত্বর্থং বিহায় ভিন্নপদোপাত্তমপ্যবিশেষণমপি কামপদসম্বন্ধেন সাধ্যতান্বয়যোগ্যং স্বর্গমেব পুরুষার্থং সা ভাব্যতয়ালম্বতে (স্বর্গং কাময়তে স্বর্গকাম ইতি কর্ম্মণ্যণি) দ্বিতীয়ায়া অন্তর্ভূতত্বাৎ, যজতেরকর্ম্মকত্বেন স্বর্গমিত্যাক্ষেপেনানন্বয়াচ্চ, অতএব যত্র কামিপদং ন শ্রূয়তে, তত্রাপি তৎ কল্প্যতে যথা প্রতিতিষ্ঠন্তি হবা য এতা রাত্রীরুপযন্তীত্যাদৌ, প্রতিষ্ঠাকামারাত্রিসত্র-মুপেয়ুরিত্যাদি, এবং চ লব্ধভাব্যায়াং তস্যাং সমানপদোপস্থাপিতোধাত্বর্থ এব করণতয়ান্বেতি ভাব্যাংশস্য কর্ম্মিবিষয়েণাবরুদ্ধত্বাৎ সুপ্‌বিভক্তিযোগ্যে ধাত্বর্থনামধেয়ে জ্যোতিষ্টোমাদৌ তৃতীয়া-শ্রবণাৎ, যত্রাপি নামধেয়ে দ্বিতীয়া শ্রূয়তে, তত্রাপি ব্যত্যয়ানুশাসনেন তৃতীয়াকল্পনাৎ। তদুক্তং মহাভাষ্যকারৈ"রগ্নিহোত্রং জুহোতীতি তৃতীয়ার্থে দ্বিতীয়েতি।" অতএব তৈঃ প্রকৃতিপ্রত্যয়ৌ প্রত্যয়ার্থং সহ ব্রূতস্তয়োঃ প্রত্যয়ার্থঃ প্রাধান্যেন প্রকৃত্যর্থো গুণত্বেনেতি প্রত্যয়ার্থং ভাবনাং প্রতি ধাত্বর্থস্য গুণত্বেন করণত্বমুক্তং আখ্যাতং ক্রিয়াপ্রধানমিতি বদদ্ভির্নিরুক্তকারৈরপ্যেত-দেবোক্তং। ভাবার্থাধিকরণে চ তথৈব স্থিতং, তেন সর্ব্বত্র প্রত্যয়ার্থং প্রতি ধাত্বর্থস্য করণ-ত্বেনৈবান্বয়নিয়মঃ। অতএব, গুণবিশিষ্টধাত্বর্থবিধৌ ধাত্বর্থানুবাদেন কেবলগুণবিধৌ চ মত্বর্থ-লক্ষণাবিধের্ব্বিপ্রকৃষ্টবিষয়ত্বং চ যথা সোমেন যজেতেতি বিশিষ্টবিধৌ সোমবতা যাগেনেতি দধ্না জুহোতীতি গুণবিধৌ দধিমতা হোমেনেতি নামধেয়ান্বয়ে তু সামানাধিকরণ্যোপপত্তের্ধাত্বর্থমাত্র বিধানাচ্চ ন মত্বর্থলক্ষণা ন বা বিধিবিপ্রকর্ষঃ,তদেবং জ্যোতিষ্টোমেন যজেত স্বর্গকাম ইত্যত্রাখ্যা-তার্থোভাবয়েদিতি কিমিত্যাকাঙ্ক্ষায়াং কর্ম্মিবিষয়ং স্বর্গমিতি বিধিশ্রুতের্ব্বলীয়স্ত্বাদাকাঙ্ক্ষায়া উৎকটত্বাচ্চ তথাহবস্থিতং ষষ্ঠাদ্যে ততঃ কেনেত্যপেক্ষিতে যোগেনেতি তৃতীয়ান্তপদসমানাধি-করণত্বাৎ করণত্বেনৈবান্বয়নিয়মাচ্চ কিংনাম্নেত্যপেক্ষিতে জ্যোতিষ্টোমেনেতি তন্নাম্নেত্যর্থঃ শব্দাদনুপস্থিতোহপি জ্যোতিষ্টোমশব্দোভাসত এব শাব্দবোধে শ্রবণেনোপস্থাপিতত্বাৎপ্রাথম্যবশাৎ নামধেয়ান্বয়ে চ ন বিভক্ত্যর্থোদ্বারং নঞি বাচ্যার্থান্বয় ইব তেন মত্বর্থলক্ষণামন্তরেণৈব। জ্যোতিষ্টোম-শব্দবত্তেত্যন্বয়লাভঃ। তথা চ কবিপ্রয়োগঃ "হিমালয়োনাম নগাধিরাজ" ইতি হিমালয়নামবা-নিত্যর্থঃ, এবং "ইহ প্রফুল্লকমলোদরে মধূনি মধুকরঃ পিবতী"ত্যাদাবগৃহীতসঙ্গতিকৈকপদবতি বাক্যে মধুকরাদিপদং স্বরূপেণৈব ভাসতে নামধেয়বৎ নার্থমুপস্থাপয়তি প্রাগগৃহীতসঙ্গতিকত্বাৎ, অতএব মধুকরশব্দবাচ্য ইত্যপি লক্ষণাবয়ঃ। শক্যজ্ঞানপূর্ব্বকত্বাল্লক্ষ্যজ্ঞানস্য, স্বরূপতস্তু শব্দে ভাতে বাচ্যবাচকসম্বন্ধ পশ্চাৎ কল্প্যতে সংসর্গানিষ্পত্তিরেতি তদয়ং বাক্যার্থঃ। জ্যোতিষ্টোম-নাম্না যাগেন স্বর্গমিষ্টং ভাবয়েদিতি কথমিত্যপেক্ষিতে শ্রুতিলিঙ্গবাক্যপ্রকরণস্থানসমাখ্যাভিঃ সামবায়িকারাদুপকারকাঙ্গগ্রামং পূর্ব্বেতি বিকৃতৌ প্রকৃতিবদিত্যুপবন্ধেন নিত্যে যথাশক্তী-ত্যুপবন্ধেন মুখ্যালাভে প্রতিনিধায়াপীতি যাবন্ন্যায়লভ্যং তৎপূরণং, এবং চ যাগস্য স্বর্গাবচ্ছিন্ন ভাবনাকরণত্বেন চ সাক্ষাৎকর্ত্তৃব্যাপারবিষয়ত্বরূপং কৃতিসাধ্যত্বং শ্রুত্যর্থাভ্যাং লভ্যত ইতি তদুভয়মপি ন লিঙ্গাদিপদবাচ্যং অপ্রাপ্তে শাস্ত্রমর্থবদিতি ন্যায়াৎ অনন্বয়াচ্চ। ইষ্টসাধনমিতি সমাসে গুণভূতমিষ্টপদং স্বর্গকাম ইতি সমাসান্তরগুণভূতেন স্বর্গপদেন কথমন্বিয়াৎ ইষ্টস্বর্গসাধন-

সহ সম্বন্ধক্রিয়া (ইন্দ্রিয়ঞ্চ মনশ্চ যুক্তঞ্চেতি বিগ্রহে ইন্দ্রিয়মনোযুক্তমিতি দ্বন্দ্বৈকবদ্ভাবঃ) এতৎ ত্রয়ং ভোক্তা আত্মেত্যাহুর্মনীষিণ ইতি শ্রুত্যর্থঃ। এবং হি শ্রুতিস্মৃত্যোর্ব্যাখ্যানে তয়োর্মূলমূলিভাবো যুজ্যতে নান্যথা তথাচ কর্তৃবৎ ভোক্তুরপ্যনাত্মগণপতিতত্বাদ্ভোক্তৃত্বং ভোগকর্তৃত্বমিতি নির্ব্বাচনাদ্‌যঃ কর্তা স এব ভোক্তেতি প্রতিপাদনাদহমকর্তা অভোক্তেতি চানুসন্ধানপূর্ব্বকং কর্ম্মাণি কুর্ব্বতঃ কর্তৃত্বভোক্তৃত্বকৃতঃ কর্ম্মলেপোনাস্তীতি সিদ্ধং, ভাষ্যস্য চায়মেবার্থঃ। যেতু করণং ক্রিয়ায়াঃ সাধকতমং দশবিধং ব্যাহ্যং, মনোবুদ্ধিরূপমান্তরং, কর্ম্ম কর্তুরীপ্সিততমং ক্রিয়য়া ব্যাপ্যমানমুৎপাদ্যমাপ্যং বিকার্য্যং সংস্কার্য্যঞ্চেতি চতুর্ব্বিধং, কর্তা কারকান্তরপ্রয়োজক শ্চিদচিদ্‌গ্রন্থিঃ এতৎত্রয়ং কর্ম্মসংগ্রহঃ কর্ম্মাশ্রয়ঃ কর্তেত্যর্থঃ। তথা জ্ঞানং বিষয়প্রকাশন শক্তিঃ, জ্ঞেয়ং বিষয়ঃ, পরিজ্ঞাতা জ্ঞানাশ্রয়ো ভোক্তা এতৎত্রয়ং কর্ম্মণি প্রবর্ত্তকমিতি ব্যাচক্ষতে তেষামপ্যাত্মা ন কর্তা নাপি সাংখ্যানামিব ভোক্তৃত্বেন প্রকৃতেঃ প্রবর্ত্তক ইত্যেবাশয়ঃ। তথাপি ক্রিয়য়া ব্যাপ্যমানস্য বক্ষ্যমাণ সাত্ত্বিকাদিভেদানর্হস্য ঘটাদিরূপস্য কর্ম্মণঃ কর্তৃকোটৌ প্রবেশাযোগঃ তস্য ক্রিয়াশ্রয়ত্বমাত্রবিবক্ষায়াং প্রকৃতে তৎ কথনানুপযোগশ্চ স্পষ্টঃ। তথাস্মাকন্তু ঘটাদিব্যাপকক্রিয়ায়াঃ কর্ম্মশব্দবাচ্যত্বং মুখ্যং কর্তৃকোটিপ্রবেশশ্চ ক্রিয়াক্রিয়াবতোর্ধর্ম্মধর্ম্মিণোরভেদাপেক্ষয়া যুজ্যতে তথা জ্ঞানং প্রকাশনক্রিয়েতি মতেতি ক্রিয়ারূপেঽস্মিন্ প্রবর্ত্তকজ্ঞানান্তরস্যাপেক্ষেতি তত্রতত্রান্যস্যান্যস্যাপেক্ষেত্যনবস্থা দুর্নিবারাঃ ॥ ১৮ ॥

বিশ্বনাথ।—তদেবং ভগবন্মতে উক্তলক্ষণঃ সাত্ত্বিকস্ত্যাগ এব সন্ন্যাসো জ্ঞানিনাং। ভক্তানান্তু কর্ম্মযোগস্য স্বরূপেণৈব ত্যাগোঽবগম্যতে। যদুক্তং একাদশে ভগবতৈব। "আজ্ঞায়ৈব গুণান্ দোষান্ ময়াদিষ্টানপিস্বকান্। ধর্ম্মান্ সংত্যজ্য যঃ সর্ব্বান্ মাং ভজেৎ সচ সত্তমঃ।" ইত্যস্যার্থঃ স্বামিচরণৈর্ব্যাখ্যাতো যথা, ময়া বেদরূপেণাদিষ্টানপি স্বধর্ম্মান্ সংত্যজ্য যো মাংভজেৎ সচ সত্তম ইতি কিমজ্ঞানত নাস্তিক্যাদ্বা নধর্ম্মাচরণে সত্ত্বশুদ্ধ্যাদীন্ গুণান্ বিপক্ষে দোষান্ প্রত্যবায়াংশ্চ আজ্ঞায় জ্ঞাত্বাপি মদ্ধ্যানবিক্ষেপকতয়া মদ্ভক্ত্যৈব সর্ব্বং ভবিষ্যতীতি দৃঢ়নিশ্চয়েনৈব ধর্ম্মান্ সংতজ্য ইতি। অত্র ধর্ম্মান ধর্ম্মফলানি সংত্যজ্য ইতিতু ব্যাখ্যানং ঘটক্তে নহি ধর্ম্মফলত্যাগে কশ্চিদত্র প্রত্যবায়ো ভবেদিত্যবধেয়ং। অয়ং ভাবঃ ভগবদ্বাক্যানাং তদ্ব্যাখ্যাতৃণাঞ্চ, জ্ঞানং হি চিত্তশুদ্ধিমবশ্যমেবাপেক্ষতে নিষ্কামকর্ম্মভিঃ চিত্তশুদ্ধিতারতম্যে বৃত্তে এব জ্ঞানোদয়তারতম্যং ভবেন্নান্যথা অতএব সম্যক্ জ্ঞানোদয়সিদ্ধ্যর্থং সন্ন্যাসিভিরপি নিষ্কামং কর্ম্ম কর্ত্তব্যমেব কর্ম্মভিঃ সম্যক্‌তয়া চিত্তশুদ্ধৌ বৃত্তায়াং তু তৈরপি কর্ম্ম ন কর্তব্যমেব। যদুক্তং "আরুরুক্ষোর্মুনের্যোগং কর্ম্ম কারণমুচ্যতে। যোগারূঢ়স্য তস্যৈব শমঃ কারণমুচ্যতে" ইতি। "যস্ত্বাত্মরতিরেবস্যাদাত্মতৃপ্তশ্চ মানবঃ। আত্মন্যেবচ সংতুষ্টস্তস্য কার্য্যং নবিদ্যতে।" ইতি। ভক্তিস্তু পরমাস্বতন্ত্রা মহা প্রবলা চিত্তশুদ্ধিং নৈবাপেক্ষতে যদুক্তং। "বিক্রীড়িতং ব্রজবধূভিরিদঞ্চ বিষ্ণোঃ শ্রদ্ধান্বিতোঽনুশৃণুয়াদনুবর্ণয়েদ্ যঃ। ভক্তিং পরাং ভগবতি প্রতিলভ্য কামং হৃদ্রোগমাশ্বপহিনোত্যচিরেণ ধীরঃ।" ইতি। অত্রত্যাস্ম প্রত্যয়েন হৃদ্রোগবত্যেবাধিকারিণি পরমায়া ভক্তেরপি প্রথমমেব প্রবেশঃ ততস্তত্রৈব হৃদ্রোগাদীনামপগমশ্চ। তথা। "প্রবিষ্টঃ কর্ণরন্ধ্রেণ স্বানাং ভাব-

সরোরুহং। ধুনোতি শমলং কৃষ্ণঃ সলিলস্য যথা শরদি"তি চেত্যতো ভক্ত্যৈব যদি তাদৃশী চিত্তশুদ্ধিঃ স্যাৎ তদা ভক্তঃ কথং কর্ম্ম কর্ত্তব্যঃ ইতি। অথ প্রকৃতমনুসরামঃ। কিঞ্চ ন কেবলং দেহাদিব্যতিরিক্তস্যাত্মনো জ্ঞানমেব জ্ঞানং তথাত্মতত্ত্বমপি জ্ঞেয়ং তাদৃশ জ্ঞানাশ্রয় এব জ্ঞানী কিন্ত্বেতত্ত্রিকং কর্ম্ম সম্বন্ধ্য বর্ত্ততে তদপি সন্ন্যাসিভির্জ্ঞেয়ং ইত্যাহ জ্ঞানমিতি। অত্র চোদনা শব্দেন বিধিরুচ্যতে। যদুক্তং ভট্টৈঃ। "চোদনা চোপদেশশ্চ বিধিশ্চৈকার্থবাচিনঃ" ইতি। উক্তং শ্লোকার্দ্ধং স্বয়মেব ব্যাচষ্টে করণমিতি। যজ্জ্ঞানং তৎকরণং কারকং জ্ঞায়তেঽনেনেতি জ্ঞানং ইতি ব্যুৎপত্তেঃ। যজ্জ্ঞেয়ং জীবাত্মতত্ত্বং তদেব কর্ম্ম কারকং। যস্তু পরিজ্ঞাতা স কর্ত্তা ইতি ত্রিবিধঃ করণং কর্ম্মকর্ত্তা ইতি ত্রিবিধং কারকমিত্যর্থঃ। কর্ম্মসংগ্রহঃ কর্ম্মণো নিষ্কাম কর্ম্মানুষ্ঠানেনৈবসংগৃহ্যত ইতি কর্ম্মচোদনা পদব্যাখ্যা। জ্ঞানত্বং জ্ঞেয়ত্বং জ্ঞাতৃত্বঞ্চ এতত্ত্রয়ং নিষ্কামকর্ম্মানুষ্ঠানমূলকমিতিভাবঃ॥ ১৮। ১৯॥

তাৎপর্য্য।—পূর্ব্বে আত্মার অকর্ত্তৃত্ব সম্বন্ধে অনেক কথা বিন্যস্ত হইলেও এই দুরবগম্য তত্ত্ব সকলের হৃদয়ঙ্গম হইবার সম্ভাবনা নাই। এই জন্য পুনরায় সেই কথা এইস্থলে বিশদীকৃত হইতেছে। প্রথমতঃ বিবৃত হইতেছে যে, মনুষ্য সতত যে সকল কর্ম্ম সম্পাদন করিয়া থাকে, তাহার প্রয়োজক কে, অর্থাৎ কাহার প্রবর্ত্তনাপরতন্ত্র হইয়া মানবেরা কার্য্য সাধনে বিনিযুক্ত হয়। অনুধাবন সহকারে দেখিলেই উপলব্ধ হয় যে, জ্ঞান, জ্ঞেয় এবং পরিজ্ঞাতা, এই তিনই কর্ম্মের প্রবর্ত্তক। যে বিষয়ে প্রবৃত্ত হইতে হইবে, তৎসম্বন্ধীয় জ্ঞান না থাকিলে মনুষ্য কখনই তাহাতে বিনিযুক্ত হইত না। অতএব জ্ঞান যে কর্ম্মের অন্যতম প্রবর্ত্তক, তাহা সহজেই অনুমান করা যাইতে পারে। তদ্রূপ জ্ঞেয় অর্থাৎ অবলম্বনীয় কর্ম্মের তত্ত্বাববোধ এবং পরিজ্ঞাতা অর্থাৎ জ্ঞান ও জ্ঞেয় এতদুভয়ের বিষয়ীভূত কর্ম্মের ভোক্তাও কর্ম্মের প্রবর্ত্তক হইয়া থাকে। এই তিনের সমবায়েই কর্ম্মসমূহ প্রবর্ত্তিত হয়। অপিচ, জ্ঞান, জ্ঞেয় ও পরিজ্ঞাতা এই তিন আবার আর তিন বস্তুকে আশ্রয় করিয়া কর্ম্ম সম্পাদন করে। করণ অর্থাৎ ইন্দ্রিয় সমূহ, কর্ম্ম এবং কর্ত্তা এই তিনকে আশ্রয় করিয়া কর্ম্ম সমূহ সম্পন্ন হয়। এসকলের বিশদ ব্যাখ্যা পরে বিনিবিষ্ট হইতেছে। আপাততঃ সংক্ষেপে ইহাই বক্তব্য যে, যেরূপ ভাবেই আলোচনা করা হউক না কেন, আত্মাকে ক্রিয়মাণ কর্ম্ম সমূহের কর্ত্তৃরূপে গ্রহণ করিবার কোনই অবসর নাই। যে দিক দিয়া যে ভাবেই দর্শন করা যাউক, দেখিতে পাওয়া যাইবে যে, আত্মা সকল ব্যাপারেই নিষ্ক্রিয় ও নির্লিপ্ত।

পূজ্যপাদ শ্রীমৎ শ্রীধর স্বামীর অভিপ্রায়। পূর্ব্ব শ্লোকে "হত্বাপি ন নিবধ্যতে" অর্থাৎ হনন করিলেও বদ্ধ হন না, এই যে উক্তি নিবদ্ধ হইয়াছে, তাহাই উপপাদন করিবার নিমিত্ত কর্ম্ম-প্রবর্ত্তক, এবং কর্ম্মাশ্রয়ের বিবরণ বিন্যস্ত হইতেছে। এই সমস্ত ত্রিগুণাত্মক, কিন্তু আত্মা নির্গুণ; অতএব সেই নির্গুণ আত্মার ত্রিগুণাত্মক কর্ম্মের সহিত কোনই সম্বন্ধ নাই ইহাও এই স্থলে প্রতিপাদিত হইতেছে। এই বস্তু বা এই কার্য্য ইষ্ট সাধক এইরূপ বোধের নাম জ্ঞান; ইষ্ট সাধনরূপ কর্ম্মের নাম জ্ঞেয়; উল্লিখিত জ্ঞানের আশ্রয়ের নাম পরিজ্ঞাতা। জ্ঞান, জ্ঞেয় ও পরিজ্ঞাতা, এই তিন কর্ম্ম প্রবর্ত্তক। মূলস্থিত "চোদনা" শব্দ বিধিবাচকও হইতে পারে। ভট্টপাদ বলিয়াছেন, "চোদনা চোপদেশশ্চ বিধিশ্চৈকার্থবাচিনঃ।" অর্থাৎ চোদনা, উপদেশ ও বিধি এই শব্দত্রয় একার্থবাচক। যদি এই নির্দ্দেশ অনুসারে বিধি অর্থ গ্রহণ করা যায়, তাহা হইলে বুঝিতে হইবে যে, উল্লিখিত লক্ষণানুরূপ জ্ঞান, জ্ঞেয় ও পরিজ্ঞাতা ত্রিগুণাত্মক এই তিন প্রকারকে অবলম্বন করিয়া কর্ম্মবিধি প্রবর্ত্তিত হইয়া থাকে। এই গীতা শাস্ত্রেও পূর্ব্বে কথিত হইয়াছে, "ত্রৈগুণ্যবিষয়া বেদা" (২য় অধ্যায় ৪৫শ্লোক) বেদশাস্ত্র কর্ম্ম বিধায়ক; সেই বেদ ত্রৈগুণ্যবিষয়স্বরূপ, সুতরাং কর্ম্মসমূহও যে ত্রিগুণাত্মক, তাহা সহজেই অনুমেয়। যাহার দ্বারা ক্রিয়া সাধিত হয়, তাহাই করণ; যাহা কর্ত্তার ঈপ্সিত বা বাঞ্ছিত, তাহাই কর্ম্ম; আর যাহা ক্রিয়ার নিবর্ত্তক বা সম্পাদক, তাহাই কর্ত্তা। এই তিনই কর্ম্ম সংগ্রহ অর্থাৎ এই তিনই কর্ম্মের আশ্রয়। সম্প্রদানাদি কারক * ত্রয় পরম্পরা

---

* কারক।—যাহা ক্রিয়ার নিমিত্ত, তাহাই কারক। কারক ছয় প্রকার। কর্ত্তা, কর্ম্ম, করণ, সম্প্রদান, অপাদান, অধিকরণ। যাহা ক্রিয়াকে নিষ্পন্ন করে, তাহাই কর্ত্তা। কর্ত্তায় প্রথমা বিভক্তি হয়। যাহা ক্রিয়ার বিষয়ীভূত বা কর্ত্তার ঈপ্সিত অর্থাৎ কর্ত্তা যে কার্য্যকে সম্পন্ন করে তাহাই কর্ম্ম। এই কর্ম্ম আবার চতুর্ব্বিধ। যথা; নির্ব্বর্ত্ত্য, বিকার্য্য, প্রাপ্য এবং ঈপ্সিততম। কর্ম্মে দ্বিতীয়া বিভক্তি হয়। যদ্দ্বারা ক্রিয়া নিষ্পন্ন হয়, তাহাই সাধন বা করণ। করণ কারকে তৃতীয়া বিভক্তি হয়। নিজ স্বত্ব ত্যাগ পূর্ব্বক যাহাকে কোন বস্তু দান করা যায়, তাহাই সম্প্রদান কারক। সম্প্রদানে চতুর্থী বিভক্তি হয়। যাহা হইতে চলন, পতন, ভয়, নিবৃত্তি, গ্রহণ প্রভৃতি বুঝায়, তাহা অপাদান কারক। অপাদানে পঞ্চমী বিভক্তি হয়। অধিকরণ তিন প্রকার, কাল, ভাব এবং আধার। যে সময় বা কালকে ব্যাপিয়া ক্রিয়া নিষ্পন্ন হয়, তাহাই কালাধিকরণ। ভাববাচক ক্রিয়া যুক্ত হইয়া যে অধিকরণ হয়, তাহাই ভাবাধিকরণ। আর যাহাতে কোন বস্তু বা বিষয়ের অবস্থিতি বুঝায় তাহাই আধারাধিকরণ। এই আধারাধি-

ভাবে ক্রিয়া প্রবর্ত্তক, সাক্ষাৎ সম্বন্ধে তাহারা ক্রিয়ার আশ্রয় নহে। কিন্তু করণাদি কারকত্রয় সাক্ষাৎ সম্বন্ধে ক্রিয়ার প্রযোজক।

পূজ্যপাদ শ্রীমদ্বলদেব বিদ্যাভূষণের অভিপ্রায়। জ্ঞানকাণ্ডের ন্যায় কর্ম্মকাণ্ডেও জ্ঞান, জ্ঞেয় এবং জ্ঞাতা এই তিনটী ভেদ আছে। যিনি নিষ্ঠাবান্ ও কর্ম্মপরায়ণ তিনিই তাহা বোধগম্য করিতে সমর্থ। এই তত্ত্বই এস্থলে উপদিষ্ট হইতেছে। জ্যোতিষ্টোমাদি কর্ম্মবিধি, জ্ঞান, জ্ঞেয় এবং পরিজ্ঞাতা এই তিন যুক্ত। শ্রীধর স্বামীর তাৎপর্য্যে নির্দ্দিষ্ট চোদনা শব্দের বিধি অর্থই এস্থলে গৃহীত হইল। সেই তিনের ব্যাখ্যা শ্রীভগবান্ স্বয়ংই করিতেছেন। যাহা জ্ঞান তাহাই করণ, নিরুক্তকার নির্দ্দেশ করিয়াছেন, যে যাহা দ্বারা জানা যায় তাহাই জ্ঞান, অর্থাৎ করণ কারক। যাহা জ্ঞেয় অর্থাৎ জ্যোতিষ্টোমাদি কর্ত্তব্য কার্য্য, তাহাই কর্ম্মকারক। অনুষ্ঠান দ্বারা যিনি তাহা জানেন, তিনিই জ্ঞাতা অর্থাৎ কর্ত্তৃকারক। এই রূপে জ্যোতিষ্টোমাদি কর্ম্মবিধি তিন প্রকার, অর্থাৎ করণাদি কারকত্রয় সাধ্য। "চোদনা" ও "সংগ্রহ" শব্দ একার্থবাচক।

পূজ্যপাদ শ্রীমন্মধুসূদনের অভিপ্রায়। পূর্ব্বে অধিষ্ঠানাদি কারণ পঞ্চকে সকল কর্ম্মের হেতু স্বরূপে নির্দ্দেশ করা হইয়াছে। সুতরাং সঙ্গে সঙ্গে আত্মার সর্ব্বকর্ম্ম সম্পর্ক শূন্যতাও প্রতিপাদিত হইয়াছে। জ্ঞান জ্ঞেয়াদি প্রক্রিয়া রচনা দ্বারা এবং ত্রৈগুণ্য ভেদ ব্যাখ্যা পূর্ব্বক শ্রীভগবান্ সম্প্রতি সেই অর্থ বিবৃত করিতে উপক্রম করিতেছেন। বিষয় প্রকাশক ক্রিয়ার নাম জ্ঞান; তাহার কর্ম্মের নাম জ্ঞেয়; পরিজ্ঞাতা তাহার আশ্রয়, অর্থাৎ অন্তঃকরণ-উপাধিপরিকল্পিত ভোক্তা। এই তিনের সন্নিপাতে ভাল মন্দ সকল কর্ম্মই নির্ব্বাহিত হইয়া থাকে। অতএব এই তিনই সকল প্রকার কর্ম্মেরই প্রবর্ত্তক। এই জন্যই ত্রিবিধ কর্ম্মচোদনা অর্থাৎ তৎপ্রবর্ত্তকরূপে উল্লিখিত হইয়াছে। শবরস্বামীর (দার্শনিক গ্রন্থকার বিশেষ) মতে ক্রিয়া

করণ আবার চারিপ্রকার। সামীপ্য, উপশ্লেষ, বিষয় এবং ব্যাপ্তি। যে আধারের সমীপে থাকিয়া ক্রিয়া নির্ব্বাহ করে, তাহাই সামীপ্যাধার। যে আধারের একদেশে আধেয় অবস্থিতি করে, তাহা উপশ্লেষ অধিকরণ। যে আধার কোনও বস্তু বিষয়কে লক্ষ্য করিয়া প্রযুক্ত হয়, তাহাই বিষয়াধিকরণ। যে আধারের সমস্ত স্থান ব্যাপিয়া আধেয় অবস্থিত থাকে, তাহাই ব্যাপ্ত্যাধিকরণ। অধিকরণে সপ্তমী বিভক্তি হয়।

প্রবর্ত্তকই চোদনা ; ভাট্টের এতদ্বিষয়ক অভিপ্রায় অর্থাৎ ক্রিয়াপ্রবর্ত্তক বিধি বাক্য চোদনা, এইরূপ অর্থ পূর্ব্বে লিখিত হইয়াছে। যদিও প্রবর্ত্তক বচনই এতদুভয় মতে চোদনা শব্দের প্রকৃতার্থ, তথাপি বচনাংশ পরিত্যাগ পূর্ব্বক প্রবর্ত্তক অর্থই এস্থলে গৃহীত হইয়াছে। কারণ জ্ঞানাদির পক্ষে বচনত্ব অসম্ভব। এতাবতা ইহাই সিদ্ধ হইতেছে যে, প্রেরণীয়ত্ব ও প্রবর্ত্তকত্ব উভয়ই অনাত্ম বস্তুর ধর্ম্ম, আত্মার ধর্ম্ম নহে। করণ সাধক স্বরূপ ; যাহা দ্বারা কর্ম্ম সাধিত হয় তাহাই করণ। এই করণ বাহ্য শ্রোত্রাদি এবং অন্তঃস্থ বুদ্ধ্যাদি। কর্ত্তার ঈপ্সিত বিষয়ই কর্ম্ম, এই কর্ম্ম ক্রিয়া দ্বারা ব্যাপ্যমান এবং উৎপাদ্য, আপ্য, বিকার্য্য ও সংস্কার্য্য ভেদে চতুর্ব্বিধ। কর্ত্তা স্বয়ং কোন কারকের দ্বারা প্রযুক্ত না হইয়া স্বয়ং সকল কারকের প্রযোক্তা, অর্থাৎ ক্রিয়ার নিবর্ত্তক ; সেই কর্ত্তা চিৎ এবং অচিতের গ্রন্থিস্বরূপ। এই ত্রিবিধই কর্ম্মসংগ্রহ অর্থাৎ কর্ম্মের আশ্রয়। মূলস্থিত "ইতি" শব্দ চকারার্থ বাচক। এতদ্দ্বারা সম্প্রদান, অপাদান এবং অধিকরণ কারক এই রাশিত্রয়ের অন্তর্ভূত হইয়াছে। এই রূপে ষট্ কারক তিন প্রকারে ক্রিয়ার আশ্রয় হইয়া থাকে, কিন্তু কুটস্থ আত্মা এইরূপ ক্রিয়াশ্রয়ী নহেন। কর্ম্ম-প্রেরক এবং কর্ম্মাশ্রয় উভয়েই কারকরূপ, সুতরাং ত্রৈগুণ্যাত্মক; কিন্তু আত্মা অকারক স্বরূপ এবং গুণাতীত। জ্ঞান প্রেরণারূপ, জ্ঞেয় তাহার বিষয় স্বরূপ, পরিজ্ঞাতাই প্রেরক। এবম্প্রকার কর্ম্ম বিষয়ে পুরুষব্যাপার রূপ যে ভাবনা বা বিধিরূপ প্রেরণা তাহাই কর্ম্মচোদনা। ইতি কর্ত্তব্যতা সহকৃত সাধনই করণ, সম্ভাবিত স্বর্গাদি ফলই কর্ম্ম। যে ফলকামনাবান্ পুরুষ ক্রিয়ায় প্রবৃত্ত হইয়া থাকেন, তিনিই কর্ত্তা। এই তিন প্রকারই কর্ম্মসংগ্রহ অর্থাৎ পুংব্যাপার রূপ। এই সকল পুংব্যাপারাদি ক্রিয়া ও তৎসাধন করণাদি সমূহ ত্রিগুণাত্মক। কুটস্থ চৈতন্য স্বরূপ আত্মা সর্ব্ব গুণাতীত; এজন্য এসকল কখনই আত্মাকে আশ্রয় করিতে পারে না। এই জন্যই গীতায় পূর্ব্বে কথিত হইয়াছে যে, "ত্রৈগুণ্যবিষয়া বেদা নিস্ত্রৈগুণ্যো ভবার্জ্জুন।" (২য় অধ্যায় ৪৫ শ্লোক) প্রবৃত্তিহেতুক প্রেরণার কথা সকল লোকেই অনুভব করিতে পারেন। কর্ম্মে প্রবর্ত্তমান ব্যক্তিরা, 'রাজপ্রেরিত' 'শিশুপ্রেরিত' বা 'ব্রাহ্মণ-প্রেরিত' এইরূপ বলিয়া থাকে। সেই যে কর্ম্ম প্রবর্ত্তনা তাহা প্রবর্ত্তক

রাজাদিনিষ্ঠ বলিয়া বুঝিতে হইবে। উৎকৃষ্ট ব্যক্তির নিকৃষ্টের প্রতি যে প্রবর্ত্তনা, তাহা আজ্ঞা ও প্রেষণা নামে অভিহিত হয়; আর নিকৃষ্ট ব্যক্তির দ্বারা উৎকৃষ্টের প্রতি যে প্রবর্ত্তনা, তাহা অধ্যেষণা নামে অভিহিত হইয়া থাকে; সম পর্য্যায়স্থ ব্যক্তির সমানের প্রতি যে প্রবর্ত্তনা তাহা অনুজ্ঞা বা অনুমতি নামে কথিত হইয়া থাকে। উপরে আজ্ঞাদি যে সকল প্রসঙ্গ লিখিত হইল, তৎ সমস্তই চেতনের কার্য্য, অর্থাৎ চিৎ সম্পন্ন ব্যক্তি বিশেষের প্রবর্ত্তনা বা বিধিপরতন্ত্র হইয়া অপর এক চিৎ শক্তিসম্পন্ন ব্যক্তি অনুরূপ কার্য্যে প্রবৃত্ত হইয়া থাকে। কিন্তু বেদের যে সকল বিধি পালন করিয়া মনুষ্যকে কার্য্য সম্পাদন করিতে হয়, তত্তৎ স্থলে সাক্ষাৎ সম্বন্ধে মনুষ্যের, চিৎশক্তি সম্পন্ন ব্যক্তিবিশেষের প্রবর্ত্তনা থাকে না। কারণ বেদ অচেতন এবং অপৌরুষেয় অর্থাৎ তাহা কোন পুরুষ বিশেষের দ্বারা রচিত বা নিবদ্ধ নহে। প্রলয়ান্তেও তত্তাবৎ পরব্রহ্মে লীন থাকে, এবং পরে নিশ্বাসরূপে উদ্ভূত হইয়া জগতে আবির্ভূত হয়। অতএব তাহার চৈতন্যসম্পন্ন ব্যক্তি বিশেষের ন্যায় প্রবর্ত্তনা করিবার শক্তি নাই। কিন্তু এ স্থলে চেতন শক্তি না থাকিলেও বিধির প্রবর্ত্তনায় লোকে বেদবিহিত কার্য্য সম্পাদন করে। অতএব বিধিকেই বলবান বলিয়া বুঝিতে হইবে। এবং ইহাও স্থির করিতে হইবে যে, প্রেরণা বিধির স্বধর্ম্ম। সেই ধর্ম্মই চোদনা, প্রবর্ত্তনা, প্রেরণা, বিধি, উপদেশ এবং শব্দ ভাবনা বলিয়া কথিত হইয়া থাকে।

অতঃপর সরস্বতীপাদ বিধি ও ষট্কারকের সহিত জ্ঞানাদির সম্বন্ধ বিষয়ক সুদীর্ঘ বিচারান্তে ব্যাখ্যার সমাপ্তি করিয়াছেন।

পূজ্যপাদ শ্রীমন্নীলকণ্ঠের অভিপ্রায়। সাত্ত্বিক ত্যাগের উপপাদনোপযোগী আত্মার অকর্ত্তৃত্ব উপপাদন প্রকার সমাপ্ত হইয়াছে, অর্থাৎ আত্মার অকর্ত্তৃত্ব বিষয়ক বোধপ্রভাবে কামনা ও সঙ্গাদি শূন্য ভাবে যে সাত্ত্বিক ত্যাগ বুদ্ধির উদ্ভব হইয়া থাকে, তাহার প্রণালী পূর্ব্বে কথিত হইয়াছে। এ সম্বন্ধে সাংখ্যেরা বলেন যে, "পঞ্চৈতে তস্য হেতবঃ" (১৮।১৫) এবং "ন হন্তি" (১৮।১৭) এই গীতোক্ত অভিপ্রায় সমীচীন নহে। এতদ্বিষয়ে তাঁহারা কারণ স্বরূপে ইহাই বলেন যে, পরিণাম ধর্ম্ম-পরিশূন্য চেতন কখন পরিস্পন্দাত্মক কায়িকাদি ত্রিবিধ কর্ম্মের কর্ত্তা হইতে

পারে না, এইরূপ উক্তি কোন ক্রমেই যুক্তিযুক্ত নহে। ইহার ভাবার্থ এই যে, মনুষ্য কায়িক, বাচিক ও মানসিক যে ত্রিবিধ কার্য্য সতত সম্পাদন করিয়া থাকে, তাহা প্রচলন শীল, অর্থাৎ চিরস্থির নহে, তাহার আরম্ভ ও সমাপ্তি আছে এবং তাহা নিয়ত পরিবর্ত্তনশীল। চেতন আত্মা পরিণাম ধর্ম্মশূন্য, অর্থাৎ সর্ব্ব কালে ও সর্ব্বাবস্থায় তিনি সমভাবাপন্ন, এই জন্য তাদৃশ আত্মাকে পরিণাম ধর্ম্মযুক্ত কর্ম্ম সমূহের কর্ত্তৃরূপে অবধারণ করা অসঙ্গত বলিয়া জ্ঞানিগণ মনে করেন। সাংখ্যেরা বলিতেছেন, এরূপ মীমাংসা যুক্তি বিগর্হিত। তাঁহারা আরও বলেন যে, পূর্ব্বে আত্মার সম্বন্ধে "ন নিবধ্যতে" অর্থাৎ নিবদ্ধ হন না এই যে উক্তি প্রযুক্ত হইয়াছে, তাহাও সুসঙ্গত নহে। বন্ধন সম্ভাবনা থাকিলেই বন্ধন বিহীনতার উল্লেখ সঙ্গত হইতে পারে। যাহার কখনই বন্ধন বা কর্ম্মলেপ নাই, তাহার পক্ষে এরূপ উক্তি নিতান্ত অনাবশ্যক। দৃষ্টান্ত স্বরূপে তাঁহারা বলিয়াছেন যে, কুলালচক্র স্বতঃ প্রবৃত্ত হইয়া ঘটাদি নির্ম্মাণোদ্যোগ করে না। ভোক্তৃরূপ কর্ত্তার ইচ্ছা প্রযুক্ত হইয়াই তাহারা নির্দ্দিষ্ট কর্ম্ম সম্পাদন করিয়া থাকে। ভোক্তার অভাব হইলে তাহাদিগের সেই প্রবৃত্তি সম্পূর্ণ ব্যর্থ হইত। ইহার অভিপ্রায় এই যে, চেতন আত্মা যদি ভোক্তা বা কর্ত্তারূপে পরিগণিত না হন, তাহা হইলে শরীরাদি যন্ত্র সমূহের নির্দ্দিষ্ট কর্ম্মসাধনের কোনই প্রয়োজন থাকে না। তাহারা স্বতঃ প্রবৃত্ত হইয়া কোন কার্য্য সম্পাদন করে না, ভোক্তৃ পুরুষ কর্ত্তৃক প্রযুক্ত হইয়াই তাহারা কর্ম্মে প্রবৃত্ত হয়। অতএব ইহা স্থির বুঝিতে হইবে যে, পুরুষ ভোক্তৃস্বভাব, এই জন্যই তিনি আপনাকে কর্ত্তৃরূপে অবধারণ করুন বা না করুন, অনুষ্ঠিত সকল ব্যাপারের তিনিই যে ভোক্তা তদ্বিষয়ে কোনই সন্দেহ হইতে পারে না; সাত্ত্বিকত্যাগে আত্মায় কর্ম্মলেপ হয় না, এই যে বাক্য তাহা সম্পূর্ণ অসঙ্গত। সাংখ্যদিগের এইরূপ মত নিরাস করিবার জন্য এই শ্লোক অবতারিত হইতেছে। যাহা দ্বারা বস্তুতত্ত্ব প্রকাশিত হয় তাহাই জ্ঞান; প্রত্যক্ষাদি প্রমাণ জন্য ঘটাদি প্রকাশ অর্থাৎ ঘটাদি বিষয়ক জ্ঞান জন্মে। এই জ্ঞান বর্ত্তমান বিষয় সম্বন্ধীয় বা অতীত বিষয়াদি সম্বন্ধীয় হইতে পারে, অর্থাৎ প্রত্যক্ষাদি প্রমাণ দ্বারা অতীত অদৃষ্ট বিষয়ের জ্ঞান যেমন জন্মিতে পারে,

সেইরূপ বর্ত্তমান সম্মুখস্থ বিষয় বিশেষের জ্ঞানও উপজাত হইতে পারে। ঘটাদিরূপ বোধের বিষয় সমূহই জ্ঞেয় অর্থাৎ যে বিষয়কে লক্ষ্য করিয়া জ্ঞানের উদ্ভব হয় সেই বিষয়ই জ্ঞেয়। আর যিনি বিষয়ী অর্থাৎ বিষয়-বিষয়ক জ্ঞানগ্রহীতা, তিনিই ভোক্তারূপে কথিত হইয়া থাকেন। এই পরিজ্ঞাতা আভাসযুক্ত বুদ্ধিরূপ, এইরূপ তিন প্রকার বিশিষ্টই কর্ম্ম-চোদনা অর্থাৎ প্রবর্ত্তক। এই তিন সমুচ্চিত হইয়া কর্ম্মপ্রবর্ত্তক হইয়া থাকে, অর্থাৎ এই তিনের সম্মিলনে মনুষ্যের কর্ম্ম প্রবর্ত্তনা ঘটিয়া থাকে। জ্ঞেয় বা জ্ঞাতা থাকিলেও যদি জ্ঞান না থাকে, তাহা হইলে প্রবৃত্তি সিদ্ধ হয় না। আর জ্ঞান এবং জ্ঞাতা থাকিলেও যদি জ্ঞেয় দেশকাল ব্যবহিত থাকে তাহা হইলে কর্ম্ম সম্বন্ধে প্রবৃত্তি সিদ্ধ হয় না। আর যদি সংস্কারাত্মক জ্ঞান এবং জ্ঞেয় সন্নিহিত থাকে, অথচ প্রমাতৃস্বরূপ জ্ঞাতা যদি মোহা-চ্ছন্ন বা সুষুপ্ত থাকে, তাহা হইলেও প্রবৃত্তি সিদ্ধ হইতে পারে না। এতা-বতা ইহাই সিদ্ধ হইতেছে যে, এই তিন পরস্পর সাপেক্ষ, অর্থাৎ একের অভাব হইলে অপর দুইয়ের কার্য্য সিদ্ধ হয় না। এই তিন সম্মিলিত হইয়া হিতাহিত বিষয়ে মনুষ্যের বুদ্ধি উৎপাদন করে এবং শ্রেয়ঃ ও অশ্রেয়ঃ কর্ম্মে তাহাদিগকে প্রবর্ত্তিত করে। এই জন্য এই তিনটী কর্ত্তৃরূপে কর্ম্ম সম্পাদন করাইয়া থাকে। করণ শব্দ ইন্দ্রিয় বাচক; তাহার দ্বারা যাহা অনুষ্ঠিত হয়, তাহাই কর্ম্ম অর্থাৎ বিষয়গ্রহণ; পূর্ব্বে যাহাকে পরি-জ্ঞাতা বলিয়া নির্দ্দেশ করা হইয়াছে, তাহাই কর্ত্তা। এই তিন সম্মিলিত হইয়া কর্ম্মসংগ্রহ অর্থাৎ কর্ম্মের সংশ্লেষ স্থান রূপে পরিণত হয়। অর্থাৎ ভোক্তা রূপে নির্দ্দিষ্ট হইয়া থাকে। যদি ভোক্তা এবং করণ থাকে, অথচ ক্রিয়া না থাকে, তাহা হইলে ভোগ সম্ভব হইতে পারে না। ক্রিয়ার যদি আশ্রয় না থাকে, তাহা হইলে তাহার স্বরূপ লব্ধ হয় না। আর আশ্রয়ের যদি করণ না থাকে, তাহা হইলে ভোক্তৃত্ব সিদ্ধ হইতে পারে না। ইহার অর্থ এই যে, এই তিন মিলিত হইলেই ভোক্তা নামে অভি-হিত হইতে পারে। শ্রুতিও বলিয়াছেন, "আত্মেন্দ্রিয়মনোযুক্তং ভোক্তে-ত্যাহুর্মনীষিণঃ।" (কঠোপনিষৎ ১।৩।৪) ইহার ভাবার্থ এই যে, ইন্দ্রিয় মন এবং ক্রিয়া এই তিনকে মনীষিগণ ভোক্তা আত্মা নামে অভিহিত করিয়া থাকেন। ইন্দ্রিয় শব্দের প্রসিদ্ধার্থই এ স্থলে লক্ষিত। মনঃ শব্দ

বুদ্ধি রূপে গ্রহণীয়। আর শ্রুত্যুক্ত যুক্ত শব্দের অর্থ এই যে, ইন্দ্রিয় দ্বারা মনের ভোগ্য বিষয়ের সহিত সংযোগরূপ ক্রিয়া। ইন্দ্রিয়, মন এবং যুক্ত অর্থাৎ ক্রিয়া এই তিনটী ভোক্তা আত্মা। অতএব ইহাই দেখা যাইতেছে যে, শ্রুতি স্মৃতিতে সর্ব্বত্রই তদুভয়ের মূলমূলি ভাব অঙ্গীকৃত হইয়াছে। এতাবতা ইহাই সিদ্ধ হইতেছে যে, যে যে পদার্থ ভোক্তৃরূপে নির্দ্দিষ্ট হইয়াছে, তৎসমস্তই অনাত্মবস্তু। কিন্তু যিনি কর্ত্তা তিনিই ভোক্তা। আমি অর্থাৎ আত্মা কোন বিষয়েরই কর্ত্তা বা ভোক্তা নহে, কারণ অনাত্মবস্তু জ্ঞানাদিই কর্ত্তা, তন্মধ্যে আত্মার সমাবেশ অসম্ভব। এই রূপে আত্মাকে অকর্ত্তৃরূপে অবধারণ করিয়া যে কার্য্য অনুষ্ঠিত হয়, সে কর্ম্মের প্রলেপ আত্মায় কখন লিপ্ত হইতে পারে না। এ স্থলে মতান্তর আলোচনা উপলক্ষে করণাদি শব্দের যেরূপ আলোচনা করা হইতেছে, তাহা পূজ্যপাদ মধুসূদন সরস্বতীর অভিপ্রায়ে দ্রষ্টব্য। সেই রূপ অর্থাবধারণকারিদিগের মতেও আত্মা কর্ত্তা নহেন। সাংখ্যগণ বলিয়া থাকেন যে; আত্মা ভোক্তৃত্ব ভাবে প্রকৃতির প্রবর্ত্তক; ইহাও অসিদ্ধ।

পূজ্যপাদ শ্রীমদ্বিশ্বনাথের অভিপ্রায়। শ্রীভগবানের অভিপ্রায় আলোচনা করিয়া ইহাই উপলব্ধ হইতেছে যে, জ্ঞানিদিগের পক্ষে সাত্ত্বিক ত্যাগরূপ সন্ন্যাসই অবলম্বনীয়। আর ভক্তবৃন্দের পক্ষে স্বরূপতঃ কর্ম্মযোগের পরিহারই বিধেয়। শ্রীভগবান্ ভাগবতের একাদশ স্কন্ধে স্বয়ং বলিয়াছেন যে, "আজ্ঞায়ৈব গুণান্ দোষান্ ময়াদিষ্টানপি স্বকান্। ধর্ম্মান্ সংত্যজ্য যঃ সর্ব্বান্ মাং ভজেৎ স চ সত্তমঃ॥" (ভাগবত ১১শ স্কন্ধ ১১শ অধ্যায় ৩২ শ্লোক) ইহার ভাবার্থ এই যে, 'আমার কর্তৃক বেদরূপে নির্দ্দিষ্ট স্বধর্ম্মকে পরিত্যাগ করিয়া এবং ধর্ম্মাধর্ম্মের গুণদোষ সম্যক্‌রূপে বিচার করিয়া যে ব্যক্তি আমাকে ভজনা করে, হে উদ্ধব! তিনি সত্তম।' এই শ্লোকোপলক্ষে পূজ্যপাদ শ্রীধর স্বামীর টীকা উদ্ধৃত হইয়াছে। তাহার ভাবার্থ যথা; 'মৎ কর্তৃক বেদরূপে আদিষ্ট স্বধর্ম্মসমূহ পরিত্যাগ করিয়া যে ব্যক্তি আমার ভজনা করে, সে ব্যক্তিও পূর্ব্বোক্ত (পূর্ব্ব শ্লোকে যে কতিপয় জ্ঞানী ব্যক্তির শ্রেণী নির্দ্দেশ করিয়াছেন) সত্তম। অজ্ঞান প্রযুক্ত বা নাস্তিক্য হেতু বেদবিহিত স্বধর্ম্ম পরিহার করিলে কি সত্তমরূপে পরিগণিত হইবেন? উত্তর স্বরূপে কথিত হইতেছে যে, না। ধর্ম্মাচরণ

বিষয়ে সত্ত্বশুদ্ধ্যাদি গুণসমূহ এবং বিরোধী দোষসমূহের বৃত্তান্ত যথাযথরূপে পরিজ্ঞাত হইয়া, অন্যান্য কর্ম্ম মদ্ধ্যানের বিক্ষেপক বুঝিয়া এবং কেবল মদ্ভক্তির দ্বারা সকলই সিদ্ধ হইবে এইরূপ দৃঢ় নিশ্চয় করিয়া স্বধর্ম্ম পরিত্যাগ করিলেই সত্তম নামে অভিহিত হইবেন।' এই পর্য্যন্ত পূজ্যপাদ স্বামী মহোদয়ের টীকার উক্তাংশ। অতঃপর চক্রবর্ত্তী মহাশয়ের অনুসরণ করা হইতেছে। এস্থলে 'ধর্ম্ম অর্থাৎ ধর্ম্মফলসমূহ পরিত্যাগ করিয়া,' এইরূপ অভিপ্রায় লক্ষিত বলিয়া বুঝিতে হইবে। এরূপ স্থলে ধর্ম্মফলত্যাগে কোনই প্রত্যবায় ঘটিতে পারে না, ইহাই অবধারণ করিতে হইবে। ভগবদ্বাক্য এবং তদ্ব্যাখ্যাতৃগণের এইরূপ অভিপ্রায়। যেহেতু জ্ঞান নিশ্চয়ই চিত্তশুদ্ধির অপেক্ষা করে, অর্থাৎ চিত্তশুদ্ধি ব্যতীত জ্ঞান লাভের কোনই সম্ভাবনা নাই। নিষ্কামকর্ম্ম দ্বারাই চিত্তশুদ্ধি ঘটিয়া থাকে, এবং তাহার তারতম্যানুসারে জ্ঞানোদয়েরও তারতম্য উপস্থিত হয়। ইহার অন্যথা নাই। অতএব সম্যক্ জ্ঞানোদয় নিমিত্ত সন্ন্যাসিদিগেরও নিষ্কামকর্ম্ম সাধন একান্ত কর্ত্তব্য। কর্ম্ম দ্বারা সম্যক্ চিত্তশুদ্ধি সংঘটিত হইলে তাঁহাদিগের আর কর্ম্মের আবশ্যক নাই। পূর্ব্বে শ্রীভগবান্ বলিয়াছেন, "আরুরুক্ষোর্মুনের্যোগং কর্ম্ম কারণমুচ্যতে। যোগারূঢ়স্য তস্যৈব শমঃ কারণমুচ্যতে॥" (৬ষ্ঠ অধ্যায় ৩ শ্লোক) অপিচ, "যস্ত্বাত্ম-রতিরেব স্যাদাত্মতৃপ্তশ্চ মানবঃ।" ইত্যাদি (৩য় অধ্যায় ১৭ শ্লোক) কিন্তু ভক্তির ভাব অন্যরূপ। তাহা পরমা স্বতন্ত্রা, মহাপ্রবলা, তাহা চিত্তশুদ্ধির অপেক্ষা করে না। মধুময় শ্রীবৃন্দাবনে যে মধুর রাসলীলার *

* রাসলীলা।—শ্রীভগবান্ শ্রীবৃন্দাবনে যে মধুর লীলা বিস্তার করিয়া পুরুষোত্তম প্রেমের অত্যদ্ভুত নিদর্শন স্থাপন করিয়াছেন, এবং যে লীলায় অকৈতব প্রেমবিশিষ্ট ভক্তি সহকারে গোপিকাগণ দেবদুর্লভ ভগবচ্চরণে আত্ম নিবেদন করিয়াছেন, তাহা ভক্তবৃন্দের হৃদয়-সরসিজে চিরদিনই প্রেমের সুন্দর আন্দোলন উপস্থিত করিয়া থাকে। সেই রাসলীলা প্রেমিক ভক্তগণ ভক্তিকণ্টকিত কলেবরে প্রেমাশ্রুধারাপূরিত নয়নে নিরন্তর আলোচনা করিয়া থাকেন, এবং গোপিগণের ন্যায় অকিঞ্চনা ভক্তি সহকারে ভগবচ্চরণে আত্ম সমর্পণ করিবার নিমিত্ত সতত প্রয়াসবান্ হইয়া থাকেন। স্ব স্ব অন্তরে সেই পুরুষোত্তমের সহিত অচ্ছেদ্য প্রেমবন্ধন সংঘটন করিয়া নিরন্তর তন্ময়তা অনুভব করা এবং সেই জগৎপতির সহিত সতত অন্তরের পূতকন্দরে প্রেমলীলা সম্ভোগ করা তাঁহাদিগের প্রাণের ঐকান্তিকী কামনা। পবিত্র বিষ্ণু-পুরাণ, ব্রহ্মবৈবর্ত্ত পুরাণ প্রভৃতি গ্রন্থে এই ভগবল্লীলার বিস্তারিত বিবরণ বিবৃত আছে। কিন্তু

অনুষ্ঠান করিয়া শ্রীভগবান্ বসুন্ধরাকে ধন্য করিয়াছেন, তদ্বিবরণে উপসংহার কালে শ্রীমদ্ভাগবতে কথিত হইয়াছে যে, "বিক্রীড়িতং ব্রজবধূভিরিদঞ্চ বিষ্ণোঃ শ্রদ্ধান্বিতোঽনুশৃণুয়াদনুবর্ণয়েৎ যঃ। ভক্তিং পরাং ভগবতি প্রতিলভ্য কামং হৃদ্রোগমাশ্বপহিনোত্যচিরেণ ধীরঃ॥" (শ্রীমদ্ভাগবত

ভক্তগণের পরম আদরের গ্রন্থ শ্রীমদ্ভাগবতে রাসলীলার যেরূপ বিবরণ আছে, তাহাই এস্থলে বিবৃত হইতেছে। এই লীলার গূঢ় ভাব ও ব্যাখ্যাতৃ মহোদয়গণের অভিপ্রায় সঙ্কলন করিতে হইলে এক প্রকাণ্ড পুস্তকের প্রয়োজন হয়, সুতরাং সেই প্রীতিপ্রদ হৃদয়ানন্দবর্দ্ধক কর্ত্তব্য পরিত্যাগ করিয়া আমরা এস্থলে কেবল মূলের ভাব সংক্ষেপে নিবদ্ধ করিতেছি মাত্র।

ভগবান্ শ্রীকৃষ্ণ শারদীয়া পৌর্ণমাসী যামিনী সমাগত দর্শন করিয়া যোগমায়া অবলম্বন পূর্ব্বক মধুর রাসক্রীড়া করিতে বাসনা করিলেন। তৎকালে চন্দ্রদেব পূর্ব্বগগণে সমুদিত হইয়াছিলেন। দীর্ঘ বিরহাবসানে সমাগত প্রণয়ী যেরূপ অরুণ কুঙ্কুম দ্বারা প্রিয়ার বদনমণ্ডল রঞ্জিত করে, নিশানাথও তদ্রূপ স্বীয় স্নিগ্ধ অরুণ কররাজি দ্বারা রবিকরতপ্ত পূর্ব্বাশার বদনমণ্ডল অনুরঞ্জিত করিতে করিতে দর্শন দিলেন। তাঁহার আগমনে রজনী অতি মনোহারিণী কান্তি ধারণ করিল। কুমুদ কহলার পরিশোভিত সরসী সমূহ হাসিয়া উঠিল, বিবিধ পুষ্পপল্লবাদি শোভিত বনস্থলী নব চন্দ্রকিরণমণ্ডিত হইয়া নবকুঙ্কুম-রাগরঞ্জিত লক্ষ্মীর বদন শোভা ধারণ করিল। ভগবান্, যামিনী সুন্দরীর এতাদৃশী শোভা দর্শন করিয়া অতীব প্রীত হইলেন এবং স্ত্রীজনমনোহর বংশীধ্বনি করিতে আরম্ভ করিলেন। তাঁহার এই কলমধুর বংশী নিনাদ শ্রবণ করিয়া গোপবালাগণ বিমুগ্ধ হইলেন, এবং তাঁহাদের চিত্ত কৃষ্ণ দর্শন লালসায় অতিশয় উৎকণ্ঠিত হইয়া উঠিল। তখন তাঁহারা সর্ব্বকর্ম্ম পরিহার পূর্ব্বক কৃষ্ণ দর্শন মানসে, যে স্থান হইতে বংশীধ্বনি উত্থিত হইতেছিল, তৎস্থানাভিমুখে দ্রুতপদে ধাবিত হইলেন। তাঁহারা যে যে কার্য্য করিতেছিলেন, সেই সেই কার্য্য অসম্পূর্ণ অবস্থায় পরিত্যাগ করিয়াই বন মধ্যে গমন করিতে লাগিলেন। তাঁহাদের মধ্যে কেহ গাভী দোহন করিতেছিলেন, কিন্তু যেমনই শ্রীকৃষ্ণের মধুর বংশীরব কর্ণরন্ধ্রে প্রবেশ করিল, অমনই তিনি দোহন কার্য্য ত্যাগ করিয়া ধাবিতা হইলেন; কেহ বা দুগ্ধ পাক করিতেছিলেন, তিনি ব্যস্ততা বশতঃ চুল্লীর উপর হইতে দুগ্ধভাণ্ড না নামাইয়াই প্রস্থান করিলেন; কেহ বা অর্দ্ধসিদ্ধ যবান্ন ফেলিয়াই ছুটিলেন; কেহ বা পরিবেশন করিতে করিতে অন্নপাত্র রাখিয়াই চলিলেন; কেহ বা দুগ্ধপাননিরত শিশুকে পরিত্যাগ করিয়া, কেহ কেহ বা পতিসেবা করিতে করিতে তাহা ছাড়িয়া, কেহ বা ভোজন করিতে করিতে অন্ন ফেলিয়া কৃষ্ণের উদ্দেশে ধাবিত হইলেন। যিনি অবগাহন করিতেছিলেন, তিনি সেই সিক্ত বস্ত্র পরিধান করিয়াই, যিনি নয়নে অঞ্জন লেপন করিতেছিলেন, তিনি একটী মাত্র চক্ষুতে অঞ্জন পরিয়াই কেহ বা ব্যস্ততা প্রযুক্ত গাত্রবস্ত্র পরিধান ও পরিধেয় বস্ত্র গায়ে দিয়াই ছুটিলেন। এইরূপে কৃষ্ণপ্রেমমুগ্ধা গোপরমণীগণ পতি, পিতা, ভ্রাতা, বন্ধু প্রভৃতি আত্মীয়গণ কর্ত্তৃক নিবারিতা হইয়াও প্রত্যাবর্ত্তন করেন নাই; কারণ তৎকালে তাঁহাদের চিত্ত, সর্ব্বেন্দ্রিয়প্রবর্ত্তক হৃষীকেশের প্রতি এরূপ ভাবে আকৃষ্ট হইয়াছিল যে, তাহাতে লজ্জা, ভীতি, সম্ভ্রম প্রভৃতি কোনরূপ সাংসারিক ভাব স্থান পায় নাই। যে সকল গোপবালা আত্মীয়গণ কর্ত্তৃক গৃহ মধ্যে অবরুদ্ধ হইয়াছিলেন, তাঁহারা কৃষ্ণ সন্নিধানে গমন করিতে না পাইয়া সেই গৃহ মধ্যেই পড়িয়া পড়িয়া নিমীলিত নেত্রে কৃষ্ণ চিন্তা করিতে লাগিলেন। দুঃসহ কৃষ্ণবিরহতাপে তাঁহাদিগের পাপ সমূহ ভস্মীভূত হইয়া গেল এবং ধ্যান দ্বারাই কৃষ্ণের আলিঙ্গন প্রাপ্তি হওয়ায় পুণ্যেরও ক্ষয় হইল।

১০ম স্কন্ধ ৩৩ অধ্যায়) ইহার ভাবার্থ এই যে, ব্রজাঙ্গনাগণ সহ শ্রীভগবানের এই ক্রীড়ালীলা যে ব্যক্তি শ্রদ্ধাযুক্ত হইয়া নিরন্তর শ্রবণ ও বর্ণন করেন, তিনি শ্রীহরির প্রতি ঐকান্তিকী ভক্তি লাভ করিয়া শীঘ্রই বাসনাজনিত পাপতাপাদি হৃদ্রোগ হইতে বিমুক্ত হইয়া থাকেন। পবিত্র ভাগবত গ্রন্থের

এইরূপে শ্রীভগবানকে উপপতি বোধেও একান্ত ভাবে ভাবনা করিতে করিতে তাঁহারা পুণ্যাপাপাতীত হইয়া এই গুণময় দেহ ত্যাগ করিলেন; তাঁহাদের সংসার বন্ধন ছিন্ন হইয়া গেল। এই স্থলে সন্দেহযুক্ত হইয়া মহারাজ পরীক্ষিৎ শুকদেবকে জিজ্ঞাসা করিলেন, ভগবন্! সেই গোপীগণ শ্রীকৃষ্ণকে কান্তরূপে জানিতেন, তাঁহারা কখনও তাঁহাকে ব্রহ্মভাবে ভজনা করেন নাই, তবে কি জন্য গুণময় চিত্ত হইতে গুণের বিরতি হইল? শুকদেব বলিলেন, মহারাজ! এ বিষয় আমি আপনাকে পূর্ব্বেই বলিয়াছি। এইরূপে কৃষ্ণদ্বেষী শিশুপালও মুক্তি লাভ করিতে সমর্থ হইয়াছিল। অতএব ভগবানকে দ্বেষ করিয়াও যখন শিশুপাল মুক্ত হইল, তখন যাঁহারা কৃষ্ণপ্রিয়া তাঁহারা যে মুক্ত হইবেন তদ্বিষয়ে আর আশ্চর্য্য কি? মহারাজ! এইরূপে অজ্ঞমানবগণের কল্যাণ সাধনের অভিপ্রায়েই অব্যয়, অপ্রমেয়, নির্গুণ পরমাত্মার অবতার রূপে আবির্ভাব। কাম, ক্রোধ, ভয়, স্নেহ, সৌহৃদ্য প্রভৃতি যে কোন কারণেই হউক, চিত্ত ভগবানে একান্ত আসক্ত হইলেই মানব তাঁহাকে লাভ করিয়া থাকে। মহাযোগেশ্বর ভগবান শ্রীহরির কার্য্যে এরূপ বিস্ময় প্রকাশ করিবেন না। কারণ তাঁহার কার্য্য কলাপ সমস্তই অদ্ভুত। তাঁহারই কৃপায় গোপীগণ মুক্তি লাভ করিলেন। হে মহারাজ! অনন্তর ভগবান্ ব্রজস্ত্রীগণকে সমাগতা দর্শন করিয়া মনোহর বাক্যে তাহাদিগকে সম্বোধন করিয়া বলিতে লাগিলেন। ভগবান্ বলিলেন, অয়ি ভাগ্যবতিগণ! তোমাদের মঙ্গল তো? তোমরা রজনীকালে এরূপ ব্যস্তভাবে আগমন করিতেছ কেন? ব্রজের কোন অকুশল হয় নাই তো? বল আমি তোমাদের কি প্রিয় কার্য্য করিব? এই গভীরা রজনী, হিংস্র জন্তুগণ ইতস্ততঃ বিচরণ করিতেছে। অতএব তোমাদের এস্থানে অবস্থান উচিত নহে, তোমরা শীঘ্র গৃহে প্রত্যাগমন কর। তোমাদের মাতা, পিতা, পুত্র, ভ্রাতা এবং স্বামী প্রভৃতি আত্মীয়বর্গ তোমাদিগকে দেখিতে না পাইয়া অত্যন্ত উৎকণ্ঠিত হইয়াছে। এই কানন কুসুমিত এবং পূর্ণ শশধরের কিরণ দ্বারা অনুরঞ্জিত হইয়াছে, যমুনা-সলিল-শীকরবাহী মৃদু অনিল দ্বারা তরুপল্লব কম্পিত; এই সমস্ত দর্শন করিয়া তোমরা প্রতিনিবৃত্ত হও। তোমরা শীঘ্র গৃহে গমন করিয়া পতির শুশ্রূষা কর, তোমাদের শিশুসন্তানগণ রোদন করিতেছে, তাহাদিগকে স্তনদানে সান্ত্বনা কর এবং গোদোহনাদি গৃহকর্ম্ম সকলের অনুষ্ঠান করিতে যত্নবতী হও। বুঝিয়াছি, আমার প্রতি অনুরাগ বশতঃই তোমরা এ স্থলে আগমন করিয়াছ। ইহা যুক্ত, কারণ যাবতীয় জীবই আমাতে অনুরক্ত হইয়া থাকে। কিন্তু তোমাদের এরূপ অনুরাগ উচিত নহে। অকপট ভাবে পতিশুশ্রূষা, গুরুজনের সেবা এবং সন্তানগণের পালনই স্ত্রীলোকের পরম ধর্ম্ম। পতি যদিও দুশ্চরিত্র, দুর্ভাগ্য, বৃদ্ধ, জড়, রোগী অথবা নির্ধন হন, তথাপি তাঁহাকে ত্যাগ করা স্ত্রীলোকের কর্ত্তব্য নহে। কুলস্ত্রীগণের উপপতি সঙ্গ অস্বর্গকর, অযশস্কর, অতি ভয়াবহ এবং সর্ব্বত্র নিন্দিত। অতএব তোমরা আমার সন্নিধি ত্যাগ করিয়া গৃহে গমন কর। আর যদি তোমরা আমাতেই একান্ত অনুরক্ত হইয়া থাক, তবে আমার শ্রবণ, দর্শন, ধ্যান এবং কীর্ত্তন দ্বারা আমাকে ভজনা কর। কারণ এই সকলের দ্বারা আমাতে যেরূপ ভাবোদয় হয়, আমার নিকটে থাকিলে তাহা হয় না। শুকদেব কহিলেন, গোপীগণ গোবিন্দের এববিধ

এই শ্লোক আলোচনা করিলে ইহাই উপলব্ধ হয় যে, যাহারা পাপতাপাদি রূপ হৃদ্রোগে পরিক্লিষ্ট তাদৃশ অধিকারিগণের হৃদয়ে প্রথমে পরমাভক্তি প্রবেশ লাভ করিয়া ক্রমশঃ তাহাদের হৃদয় নির্ম্মল করিতে থাকে এবং তদ্দ্বারা কামাদি তিরোহিত হইয়া যায়। এই অভিপ্রায়ের অনুকূল

অপ্রিয় বাক্যাবলী শ্রবণ করিয়া অত্যন্ত বিষণ্ণ এবং চিন্তাযুক্ত হইলেন। তাঁহারা শুষ্কমুখে দীর্ঘ নিশ্বাস ত্যাগ করিতে করিতে পদাঙ্গুষ্ঠ দ্বারা মৃত্তিকা খনন করিতে লাগিলেন, নয়নাঞ্জন মিশ্রিত অশ্রুপ্রবাহ তাঁহাদের বক্ষস্থলের কুঙ্কুমরাগ বিধৌত করিতে লাগিল। গভীর দুঃখে তাঁহারা তূষ্ণীম্ভাব ধারণ করিলেন। তাঁহারা কৃষ্ণের নিমিত্তই সমস্ত ত্যাগ করিয়াছিলেন, এক্ষণে সেই প্রিয় কৃষ্ণ কর্ত্তৃক এইরূপ অপ্রিয় ভাবে ভাষিতা হইয়া নেত্র মার্জ্জন করিতে করিতে বাষ্পগদ্গদ স্বরে বলিতে লাগিলেন, হে বিভো! এরূপ নৃশংস বাক্য প্রয়োগ করা আপনার উচিত হয় নাই। কারণ ভক্তগণ সকল বিষয় পরিত্যাগ করিয়া আপনার চরণমাত্র আশ্রয় করে। অতএব হে নাথ! আমাদিগকে পরিত্যাগ করিবেন না। আপনি বলিলেন, পতিপুত্র সুহৃদ্‌গণের সেবা করাই পরম ধর্ম্ম। কিন্তু হে সর্ব্বলোকেশ! আপনার অপেক্ষা জীবগণের আর কে শ্রেষ্ঠ বন্ধু আছে যে, তোমার উপদেশানুসারে তোমাকে ছাড়িয়া তাহার সেবন করিব? যখন সর্ব্বজনপ্রিয় তোমাতে অনুরক্ত হইলে পরম মঙ্গল লাভ হয়, তখন শোক দুঃখ প্রভৃতি পীড়াদায়ক স্বামী পুত্রাদিতে আসক্ত হইবার প্রয়োজন কি? অতএব হে প্রভো! আমাদিগের প্রতি প্রসন্ন হও, আমাদিগের চিরবর্দ্ধিতা আশালতিকাকে ছেদন করিও না। আমাদের চিত্ত তুমি হরণ করিয়াছ, এক্ষণে তাহা আর গৃহকার্য্যে নিবিষ্ট হইতে পারে না, আমাদের হস্তদ্বয় আর সাংসারিক কার্য্য করিতে চাহে না, পদদ্বয়ও তোমার চরণমূল হইতে দূরে যাইতেছে না। এক্ষণে আমরা কিরূপে ব্রজে যাইব এবং গিয়াই বা কি করিব? এক্ষণে তোমার অধরামৃত দানে, তোমার হাস্য, মনোহরকটাক্ষ এবং বংশীধ্বনি দ্বারা আমাদের হৃদয়ে যে অগ্নি প্রজ্বলিত হইয়াছে, তাহা নির্ব্বাপিত কর। নতুবা হে সখে! আমরা তোমাকেই ধ্যান করিতে করিতে বিরহানলে দেহ ত্যাগ করিয়া তোমার চরণসন্নিধি লাভ করিব। হে পদ্মপলাশলোচন! যখন হইতে আমরা তোমার ঐ কমলাবাঞ্ছিত পদযুগল দর্শন করিয়াছি, তখন হইতেই উহাকে অরণ্যবাসি আমাদের জানিয়া উহাতে অনুরক্ত হইয়াছি, এক্ষণে উহাকে ত্যাগ করিব কিরূপে? তোমার বক্ষোবাসিনী হইয়াও লক্ষ্মী, তুলসীসেবিত যে চরণকমল সেবা করিতে অভিলাষ করে, আমরাও এক্ষণে সেই পদরেণুর আশ্রিত। আমরা সমস্ত ত্যাগ করিয়া এক্ষণে একমাত্র তোমার চরণযুগলই প্রার্থনা করিতেছি, হে পুরুষভূষণ! আমাদিগকে তাহার দাস্য প্রদান কর। তোমার মুখমণ্ডল অলকাবৃত, শ্রুতিযুগল কুণ্ডলালঙ্কৃত, হাস্যযুক্ত দৃষ্টিতে সুধাক্ষরিত, ভুজযুগ অভয়প্রদ, বক্ষঃ কমলার বাসভূমি; এই সমস্ত দর্শন করিয়া আমরা তোমারই দাস্য প্রার্থনা করি। তোমার কলমধুর এই বংশীধ্বনি শ্রবণ করিয়া ত্রিভুবনে কোন্ রমণী স্থির থাকিতে পারে? তোমার এই ত্রিলোকদুর্ল্লভ রূপ দর্শন করিয়া গাভীগণ, পক্ষিগণ, বৃক্ষসমূহ এবং মৃগগণও পুলকিত হইয়া তোমার অনুসরণ করে; অতএব আমরা যে এইরূপে মুগ্ধ হইব, তাহাতে বিচিত্র কি। ভগবান্ বিষ্ণু যেরূপ সুরলোক রক্ষা করেন, তদ্রূপ তুমিও ব্রজভূমিকে রক্ষা করিবার জন্যই জন্মগ্রহণ করিয়াছ। অতএব হে দীনবন্ধো! আমরা মদনপীড়িত, আমাদিগকে রক্ষা কর। ভগবান্ গোপীগণের এইরূপ কাতর বাক্য শ্রবণ করিয়া হাস্য সহকারে তাহাদিগের সহিত বনক্রীড়ায় প্রবৃত্ত হইলেন। সেই সকল উৎফুল্লমুখী ব্রজাঙ্গনাগণের দ্বারা বেষ্টিত হইয়া ভগবান্ তারকাবলী পরিবৃত শশধরের ন্যায়

শ্লোকান্তর উদ্ধৃত হইতেছে। "প্রবিষ্টঃ কর্ণরন্ধ্রেণ স্বানাং ভাবসরোরুহং। ধুনোতি শমলং কৃষ্ণঃ সলিলস্য যথা শরৎ ॥" (ভাগবত) অর্থাৎ শ্রীহরির সুপবিত্র নাম কর্ণরন্ধ্রে প্রবেশ করিলে হৃদয় সরোরুহের ভাবসমূহ পরম কারুণিক শ্রীকৃষ্ণ সুপরিষ্কৃত করিয়া দেন; শরৎকালাগমে সলিল রাশি

শোভা পাইতে লাগিলেন। তাঁহার হাস্যকালে দশনপংক্তিতে কুন্দকুসুমের কান্তি বিচ্ছুরিত হইয়া উঠিল। এইরূপে বনিতাগণের সহিত গান গাহিতে গাহিতে তিনি মন্দানিল-হিল্লোলিত হিমশুভ্রবালুকামণ্ডিত যমুনাপুলিনে ভ্রমণ করিতে লাগিলেন। এইরূপে সকলেই শ্রীকৃষ্ণের বাহু ধারণ, তাঁহাকে আলিঙ্গন প্রভৃতি ক্রীড়া করিতে লাগিলেন। প্রত্যেকেই আপনাকে তাঁহার অতিশয় প্রিয়া বলিয়া মনে করিলেন। ভগবান্ তাঁহাদের এই আনন্দ দর্শন করিয়া সকলকে শান্ত করিবার নিমিত্ত সহসা সেই ক্রীড়া স্থল হইতে অন্তর্হিত হইলেন।

এইরূপে ভগবান্ সহসা সেই গোপীগণের মধ্য হইতে অন্তর্হিত হইলে, হস্তিনী যেরূপ যূথপতিকে অন্বেষণ করে, তদ্রূপ ব্রজাঙ্গনারাও তাঁহাকে চতুর্দিকে অন্বেষণ করিতে লাগিলেন। তখন তাঁহাদের বিরহ সন্তাপ ক্রমেই বৃদ্ধি প্রাপ্ত হইল। এইরূপে অন্বেষণ করিতে করিতে ক্রমেই তাঁহারা তন্ময়তা প্রাপ্ত হইয়া কৃষ্ণের গতি, হাস্য, দৃষ্টি, আলাপ, বিহার প্রভৃতি লীলার অনুকরণ করিতে লাগিলেন, এবং পরস্পর পরস্পরকে "আমি কৃষ্ণ" "আমি কৃষ্ণ" ইত্যাদি বলিতে আরম্ভ করিলেন। তাঁহারা প্রমত্ত ভাবে সমস্ত বন পর্য্যটন করিয়াও কৃষ্ণকে না পাইয়া অশ্বত্থ, বট, কুরুবক, অশোক, চম্পক, মালতী, তুলসী, চূত, পিয়াল প্রভৃতি বৃক্ষসমূহকে সম্বোধন পূর্ব্বক কৃষ্ণের বার্ত্তা জিজ্ঞাসা করিতে লাগিলেন। কিন্তু তাহাদিগের নিকট কোন উত্তর না পাইয়া দূর্ব্বাঙ্কুর সমন্বিত ভূমিকে কৃষ্ণ পাদপদ্ম স্পর্শে রোমাঞ্চিতা জ্ঞান করিয়া তাহাকে শ্রীকৃষ্ণের তত্ত্ব জিজ্ঞাসা করিলেন। পশ্চাদ্ভাগে হরিণীকে দর্শন করিয়া বলিলেন, অয়ি হরিণি! তুমি কি শ্রীকৃষ্ণের বদনমণ্ডল দর্শন করিয়া নয়ন সার্থক করিয়াছ? তবে বল, প্রিয়াসহচর শ্রীকৃষ্ণ এ স্থানে কতক্ষণ ছিলেন, আমরা এ স্থানে যেন কান্তার অঙ্গসঙ্গ দ্বারা মর্দ্দিত তাঁহার কুন্দকুসুম মালার গন্ধ অনুভব করিতেছি। কাহারও নিকট কোনও উত্তর না পাইয়া তাঁহারা বলিতে লাগিলেন, শ্রীকৃষ্ণ এই স্থান দিয়া নিশ্চয়ই গমন করিয়াছেন; তাঁহাকে দর্শন করিয়া প্রণাম করিয়াছিল, এই জন্য তরুশাখাগণ এখনও নামত হইয়া রহিয়াছে। এই লতাকে জিজ্ঞাসা করা যাউক, কারণ এ যখন বনস্পতিকে আলিঙ্গন করিয়াও এইরূপ পুলকাঙ্কিত হইয়াছে, তখন ইহা নিশ্চয়ই শ্রীকৃষ্ণের নখর দ্বারা স্পৃষ্ট হইয়াছে; পরমানন্দের স্পর্শ ভিন্ন এরূপ পুলক সম্ভব নহে। গোপীগণ এইরূপ উন্মত্ত প্রলাপ বাক্যে কৃষ্ণকে অন্বেষণ করিতে করিতে কাতরা হইয়া সকলে তাঁহার লীলার অনুকরণ করিতে লাগিলেন। কেহ পূতনা হওয়া কৃষ্ণকে স্তনপান করাইতে প্রবৃত্ত হইলেন; কেহ শকটাসুর হইলেন, কেহ বা শিশু কৃষ্ণ হইয়া পদাঘাতে তাহাকে দূরে নিক্ষেপ করিলেন। কেহ তৃণাবর্ত্ত দৈত্য হইয়া কৃষ্ণকে হরণ করিলেন, কেহ বা কৃষ্ণরূপে হামাগুড়ি দিয়া চলিলেন। কাহারাও কৃষ্ণবাম সাজিয়া ক্রীড়া করিতে লাগিলেন। কাহারাও গোপগোপী সাজিলেন। কেহ বৎসাসুর হইলেন, কেহ বা তাহাকে হনন করিতে উদ্যত হইলেন। কেহ বকাসুর সাজিলেন, কেহ বা তাহাকে নাশ করিতে চলিলেন। কেহ বংশীধ্বনি করিতে লাগিলেন, কেহ বা "আমি কৃষ্ণ" এই বলিয়া কৃষ্ণের গতির অনুকরণ করিতে আরম্ভ করিলেন। কোন গোপী বা গোবর্দ্ধন ধারণের অনুকরণ করিয়া "ভয় নাই" "ভয় নাই" বলিতে লাগিলেন। কেহ কালীয় দমনে নিযুক্ত হইলেন। কেহ কৃষ্ণ হইয়া দাবিকাও

যেরূপ নির্ম্মল হইয়া থাকে, শ্রীভগবানের কৃপায় তদীয় নামপ্রভাবে মানবের হৃৎপদ্মও সেইরূপ সুনির্ম্মল হয়। এতাবতা ইহাই সিদ্ধান্ত হইতেছে যে, যদি কেবল মাত্র ভক্তির দ্বারাই চিত্তশুদ্ধি জন্মে তাহা হইলে ভক্তগণ কেন অনর্থক কর্ম্মানুষ্ঠানে প্রবৃত্ত হইবে। ভক্তিবাদিগণ এস্থলে

ভগ্ন করিলেন, কেহ বা তাঁহাকে উদূখলে বন্ধন করিতে লাগিলেন। এইরূপে কৃষ্ণলীলানুকরণ করিতে করিতে বনের এক স্থানে ভগবানের পদচিহ্ন দেখিতে পাইলেন। তখন তাঁহারা মহা আনন্দ সহকারে বিবিধ হর্ষধ্বনি করিতে করিতে সেই পদচিহ্নের অনুসরণ করিয়া চলিলেন। এদিকে শ্রীকৃষ্ণ যে শ্রেষ্ঠা গোপীকে সঙ্গে লইয়া অন্তর্হিত হইয়াছিলেন, তিনি মনে করিতে লাগিলেন, কৃষ্ণ যখন সকলকে ত্যাগ করিয়া কেবল আমাকেই ক্রীড়াসঙ্গিনী করিয়াছেন, তখন আমার মত সৌভাগ্য কাহার আছে? এইরূপ মনে করিয়া তিনি কৃষ্ণকে সম্বোধন করিয়া বলিলেন, আমি আর চলিতে পারিতেছি না, তুমি আমাকে বহন করিয়া লইয়া চল। ভগবান্ তাঁহার গর্ব্ব বুঝিতে পারিয়া ঈষৎ হাস্য সহকারে তাঁহাকে স্বীয় স্কন্ধে আরোহণ করিতে বলিলেন, এবং আপনি জানু পাতিয়া উপবেশন করিলেন। গর্ব্বিতা গোপী যেমন তাঁহার স্কন্ধে আরোহণ করিলেন অমনই শ্রীহরি তথা হইতে অন্তর্হিত হইলেন। ইহা দেখিয়া সেই রমণী, হা নাথ! হা প্রিয়! বলিয়া রোদন করিতে লাগিলেন। এদিকে অপরা গোপীগণ কৃষ্ণের অন্বেষণ করিতে করিতে সেই স্থানে উপস্থিত হইলেন, এবং রোরুদ্যমানা সখার নিকট সমস্ত বৃত্তান্ত অবগত হইয়া সাতিশয় বিস্মিতা হইলেন। অনন্তর তাঁহারা চন্দ্রকর-বিহীন গভীর বন প্রদেশ অবলোকন করিয়া তথা হইতে প্রত্যাবৃত্ত হইলেন এবং পুনর্ব্বার যমুনা পুলিনে আগমন পূর্ব্বক তথায় কৃষ্ণগুণ গান করিতে করিতে বিচরণ করিতে লাগিলেন। তৎকালে গৃহাদির কথা তাঁহাদের মনে রহিল না। গোপিকাগণ বলিতে লাগিলেন, হে কৃষ্ণ! তোমার জন্মে ব্রজধাম পবিত্র ও জয়যুক্ত হইয়াছে, বৈকুণ্ঠবাসিনী লক্ষ্মী এক্ষণে ব্রজবাসিনী হইয়াছেন। তোমার কৃপায় ব্রজবাসিগণ পরম সুখ প্রাপ্ত হইয়াছে। তুমিই একমাত্র ব্রজের আশ্রয়। তুমি বিষজলপানে মৃত বালকগণকে জীবন প্রদান করিয়াছ, অঘাসুর, বকাসুর, কালীয় প্রভৃতি বিনাশ করিয়া ব্রজ ভূমিকে নিরুপদ্রব করিয়াছ, গোবর্দ্ধন ধারণ করিয়া ইন্দ্রকোপ হইতে আমাদিগকে রক্ষা করিয়াছ। তোমার মহিমা অনন্ত। হে নাথ! হে দয়িত! আমরা এক্ষণে ব্যাকুল ভাবে তোমাকে অন্বেষণ করিতেছি, তুমি প্রেমান্ধা আমাদিগকে দর্শন দান করিয়া আমাদের জীবনদান কর। তোমার মোহন রূপ দর্শনে, তোমার কলমধুর বংশীধ্বনি শ্রবণে পশুপক্ষী তরুলতাগণও বিমুগ্ধ, আমরা কোন ছার! তোমার চরণাশ্রয় করিয়া জীবগণ সংসারবন্ধন বা শমনভীতি হইতে মুক্তি লাভ করে। হে দীনবন্ধো! আমরাও সমস্ত ত্যাগ করিয়া তোমার চরণমাত্র সার করিয়াছি। অতএব তুমি আমাদিগকে রক্ষা কর। গোপীগণ শ্রীকৃষ্ণকে না পাইয়া এইরূপে কৃষ্ণগুণ গান করতঃ বিলাপ করিতে লাগিলেন। এমন সময় সহসা পীতাম্বরধারী, বনমালাবিভূষণ, ঈষদ্ধাস্যবদন, কন্দর্পদর্পনাশন শ্রীকৃষ্ণ সেই স্থানে সমুপস্থিত হইলেন। গোপাগণ তাঁহাকে সমাগত দর্শন করিয়া প্রীতি-প্রফুল্লনেত্রে তাঁহার অপরূপ সৌন্দর্য্য দর্শন করিতে লাগিলেন, তাঁহাদের মৃতদেহে যেন জীবন আসিল। তখন আনন্দ সহকারে সকলেই তাঁহাকে বেষ্টন করিলেন। কেহ উভয় হস্তে তাঁহার করপদ্ম ধারণ করিলেন; কেহ তাঁহার চন্দনচর্চ্চিত বাহু ধরিলেন; কেহবা তাঁহার চরণদ্বয় আপনার বিরহসন্তপ্ত বক্ষোপরি স্থাপন করিলেন; কেহ ভ্রুকুটী সহকারে তাঁহার প্রতি কটাক্ষ

ইহাই প্রদর্শন করিলেন যে, অভীষ্ট সিদ্ধির নিমিত্ত যে যে সাধনা মনুষ্য অবলম্বন করিয়া থাকে, ভক্তির তুলনায় তৎসমস্ত অতি অকিঞ্চিৎকর। হৃদয়ে ভক্তিকণার আবির্ভাব হইলে ক্রমশঃ পাপতাপ তিরোহিত হইয়া যায়, এবং মনুষ্য চিত্তশুদ্ধ্যাদিরূপ পরম সুখময় অবস্থা স্বতঃ প্রাপ্ত হয়।

নিক্ষেপ করিতে লাগিলেন, কেহ বা অনিমিষ নেত্রে তাঁহার রূপসুধা পান করিতে লাগিলেন। ভক্তগণ যেমন বিবিধ প্রকারে তাঁহার সেবা করিয়াও পরিতৃপ্ত হন না, তদ্রূপ তাঁহারাও কোন রূপেই আত্মতৃপ্তি লাভ করিতে পারিলেন না। তখন ভগবান্ সেই গোপাঙ্গনাগণকে লইয়া যমুনাপুলিনে উপবেশন করিলেন। সে স্থান বিকশিত কুন্দকুসুমের সৌরভে আমোদিত, সুধাকরের ধবল কিরণমালায় উদ্ভাসিত এবং ভগবান্ উপবেশন করিবেন বলিয়াই যেন স্বয়ং যমুনা কর্তৃক পরিষ্কৃত হইয়াছিল। মহাযোগিগণের হৃদয় যাঁহার আসন সেই শ্রীহরি সেই স্থানে গোপীগণের কুঙ্কুমরঞ্জিত বসনের উপর উপবেশন করিলেন। তখন ব্রজবালাগণ ঈষৎ কুপিতার ন্যায় তাঁহাকে ভর্ৎসনা করিতে লাগিলেন। গোপীগণ বলিলেন, হে মাধব! কেহ ভজনাকারীকে ভজনা করিয়া থাকে, কেহ বা ইহার বিপর্য্যয় করে, অর্থাৎ যে তাহাকে ভজনা করে, তাহাকে ভজনা না করিয়া যে ভজনা করে না, তাহাকেই ভজনা করিয়া থাকে; আবার কেহ বা ভজনাকারী বা অভজনকারী উভয়কেই ভজনা করে না। ইহা অতি বিচিত্র ব্যাপার। অতএব, ইহার কারণ কি, তাহা বল। গোপীগণের বাক্য শ্রবণ করিয়া চতুর চূড়ামণি ভগবান কহিলেন, যে স্থলে স্বার্থের নিমিত্ত অর্থাৎ উপকার প্রত্যুপকার স্বরূপে পরস্পরকে ভজনা করে, তাহা প্রকৃত সৌহৃদ্য নহে, কারণ এরূপ ভজনা দ্বারা আপনারই ভজনা করা হয়। আর ভজনা না করিলেও তাহাকে যাহারা ভজনা করে, তাহারা পিতামাতার ন্যায়, অর্থাৎ তাহাদের কেহ দয়ালু, কেহ বা স্নেহশীল। দয়ালুগণের এই ভজনা দ্বারা নিষ্কাম ধর্ম্ম লাভ হইয়া থাকে, আর স্নেহশীলগণ সৌহৃদ্য লাভ করে। আর কতকগুলি বাহ্যদৃষ্টি বিরহিত ব্যক্তি এবং বিষয়গৃধ্নু, মূঢ় ও অকৃতজ্ঞ ব্যক্তি, ইহারা ভজনাকারীকে ভজনা করে না। কিন্তু যাহারা ভজনা করে না, তাহাদিগকে অন্যের ভজনা করা সম্ভবপর নহে। এক্ষণে আমি তোমাদিগকে কি জন্য দর্শন দিই নাই, তাহা বলিতেছি। নির্দ্ধন ব্যক্তি ধন পাইলে সহসা যদি তাহার সেই ধন কোন রূপে বিনষ্ট হয়, তাহা হইলে সে যেরূপ অনন্যচিত্তে সেই ধনের চিন্তাতেই নিমগ্ন থাকে, তদ্রূপ আমাকে হারাইয়া আমার ভজনাকারিগণ একান্তচিত্তে আমারই ধ্যানপরায়ণ হইবে বলিয়াই আমি তাহাদিগকে ভজনা করিনা। তোমরা আমার নিমিত্ত লোকাচার, বেদ, ধর্ম্ম প্রভৃতি সমস্ত ত্যাগ করিয়াছ। অতএব আমি পরোক্ষ ভাবে ভজনা করিয়াই তোমাদের নিকট অন্তর্হিত হইয়াছিলাম। এজন্য আমার প্রতি দোষারোপ উচিত নহে। তোমরা দুশ্ছেদ্য গৃহশৃঙ্খল ছেদন করিয়া আমার ভজনা করিয়াছ, অতএব আমার সহিত তোমাদের নির্ম্মল প্রেমসংযোগ হইয়াছে। আমি তোমাদিগের এ প্রেমের নিকট অঋণী হইতে পারিব না। ভগবানের এইরূপ বাক্য শ্রবণান্তে গোপীগণের বিরহ সন্তাপ বিদূরিত হইয়াছিল। তখন ভগবান তাঁহাদের সহিত রাসক্রীড়া আরম্ভ করিলেন। গোপীগণ পরস্পর বাহু ধারণ করিয়া মণ্ডলাকারে তাঁহাকে বেষ্টন করিলেন, শ্রীকৃষ্ণ তাঁহাদের দুই দুই জনের মধ্যে দণ্ডায়মান হইলেন। ইহাতে সকলেই তাঁহাকে আপনার নিকটস্থ এবং প্রিয় জ্ঞান করিতে লাগিলেন। এই রাসলীলা দর্শন নিমিত্ত দেবগণ বিমানারোহণে অন্তরীক্ষে উপস্থিত হইলেন। ঘন ঘন দুন্দুভিধ্বনি এবং পুষ্পবৃষ্টি হইতে লাগিল, গন্ধর্ব্বগণ শ্রীহরির যশোগান করিতে লাগি-

সুতরাং যে ভাগ্যবানের হৃদয়ে দেবদুর্ল্লভা ভক্তির সঞ্চার হইয়াছে, তাঁহার কঠোর কর্ম্মসাধনাদিরূপ অনুষ্ঠান পরম্পরা অবলম্বন করিবার কোনই প্রয়োজন নাই। অতঃপর প্রকৃত প্রস্তাবের অনুসরণ করা হইতেছে। দেহাদ্যতিরিক্ত আত্ম বিষয়ক জ্ঞানই জ্ঞান নহে, আর কেবল আত্মতত্ত্বই

লেন। এদিকে রাসমণ্ডলে ব্রজবধূগণের বলয় নূপুর এবং কিঙ্কিনীর শ্রুতিমনোহর তুমুল রোল উত্থিত হইল। হৈমমণির মধ্যগত মহামারকত মণি যেরূপ শোভা ধারণ করে, গোপীমণ্ডল মধ্যস্থ কৃষ্ণও সেইরূপ শোভা ধারণ করিয়াছিলেন। তৎকালে গোপীগণের পাদবিক্ষেপ, বাহু কম্পন, সহাস্য ভ্রুভঙ্গী দ্বারা মনোহর শোভা বিস্তীর্ণ হইতেছিল। নৃত্যকালে তাঁহাদের কটিদেশ চালিত হইতেছিল, বক্ষোবাস উড়িতেছিল, চঞ্চল কুণ্ডল গণ্ডসমীপে দুলিতেছিল, ললাটে স্বেদোদগম হইতেছিল। এইরূপে তাঁহারা গীতধ্বনি করিতে করিতে নবজলধরবক্ষস্থ সৌদামিনীর ন্যায় দৃষ্ট হইয়াছিলেন। এইরূপে নৃত্যপরায়ণা গোপাঙ্গনাগণ কৃষ্ণের সহিত বিবিধ আমোদ প্রমোদে মত্ত হইলেন। কেহ আবেশ ভরে তাঁহার শ্রীঅঙ্গে ঢলিয়া পড়িতে লাগিলেন। কেহ বা তাঁহার চন্দনলিপ্ত দেহ আলিঙ্গন করিলেন। কেহ বা বিবিধ ভাবাবেশ প্রদর্শন পূর্ব্বক চিন্ময়ের সহিত ক্রীড়ায় প্রবৃত্তা হইলেন। অনাদি অনন্তস্বরূপ শ্রীহরিও সেই প্রেমবিহ্বলা ব্রজবালাগণের সহিত তাঁহাদের অভিলষিত ক্রীড়ায় যোগদান করিয়া সকলকে পরিতুষ্ট করিতে লাগিলেন। এইরূপে ক্রীড়া করিতে সকলে যমুনার জলে অবতরণ করিলেন। তাঁহাদের অঙ্গস্পর্শে যমুনা উচ্ছ্বসিতা হইয়া উঠিল, দিগন্ত আমোদিত হইল, দেবঋষিগণ সুললিত স্বরে ভগবানের স্তুতি কীর্ত্তন করিতে লাগিলেন।

মহারাজ পরীক্ষিৎ সংশয়যুক্ত হইয়া জিজ্ঞাসা করিলেন, হে ঋষিবর! যিনি ধর্ম্ম সংস্থাপন এবং অধর্ম্মের বিনাশের নিমিত্ত ধরাধামে অবতীর্ণ হইয়াছেন, সেই ধর্ম্মরক্ষক শ্রীহরি স্বয়ং কিরূপে পরস্ত্রী গমনরূপ অধর্ম্মাচরণে প্রবৃত্ত হইলেন? রাজার এবম্বিধ সন্দিগ্ধ বাক্য শ্রবণে শুকদেব কহিলেন, মহারাজ! যিনি সর্ব্বেশ্বর সর্ব্বশক্তিমান্, তাঁহার নিকট অধর্ম্মাচরণ কি আছে? সর্ব্বভুক্ কোন অপবিত্র দ্রব্য ভক্ষণ করিলেও তাহার পবিত্রতা নষ্ট হয় না। কিন্তু যাহারা তাঁহার সদৃশ ক্ষমতাশালী নহে, অথচ তাঁহার লীলানুকরণ করিয়া ধর্ম্ম ব্যতিক্রমের প্রয়াসী হয়, সেই সকল মূঢ় ব্যক্তি আশু বিনাশ প্রাপ্ত হইয়া থাকে। হে নরপতে! মহাদেব ভিন্ন আর কে বিষ ভোজন করিয়া তাহার পরিপাকে সমর্থ হয়? ঈশ্বরদিগের বাক্যই সত্য স্বরূপে গ্রহণ করিবে, কিন্তু তাঁহাদের আচরিত কার্য্যের অনুসরণ করা বিধেয় নহে। কারণ তাঁহারা কর্ম্মমুক্ত। ইহাঁদের কর্ম্মজনিত বন্ধন নাই; এই জনই শুভাশুভ বা ধর্ম্মাধর্ম্ম কার্য্যের দ্বারা ইষ্টানিষ্টেরও সম্ভাবনা নাই। অপিচ, যাঁহার পাদপদ্ম সেবা দ্বারা মুনিগণ অশেষ কর্ম্মবন্ধন এবং সংসার ভীতি হইতে বিমুক্ত হন, যিনি স্বেচ্ছায় নরদেহ ধারণ করিয়া ধরাধামে বিচরণ করিতেছেন, তাঁহার আবার কর্ম্মাকর্ম্মের পাপপুণ্যের বন্ধন কি? বিশেষতঃ তাঁহার আত্মপর কিছুই নাই। কারণ এই সমস্ত গোপী ও তাঁহাদের পতিগণের এবং সর্ব্বজীবের হৃদয়ে যিনি সতত ক্রীড়া করিতেছেন, তাঁহার পক্ষে পর কে এবং পরস্ত্রী গমনরূপ অধর্ম্মই বা কি? তিনি নির্গুণ, নিরাকার, কেবল ভক্তগণের প্রতি অনুগ্রহ প্রকাশ নিমিত্তই তিনি মানব শরীর ধারণ করিয়া এইরূপ অলৌকিক ক্রীড়া প্রদর্শন করিয়া থাকেন। তাঁহারই মায়ামুগ্ধ ব্রজবাসিগণ স্ব স্ব পত্নীগণকে কৃষ্ণ পার্শ্বে গমন করিতে দেখিয়াও কেহই তাঁহার প্রতি অসূয়া প্রকাশ করে নাই। অপিচ তাহারা যোগমায়া প্রভাবে স্ব স্ব ভার্য্যাকে আপনাদিগের পার্শ্বেই অবস্থিত দেখিয়াছিল।

জ্ঞেয় নহে এবং কেবল তাদৃশ জ্ঞানের আশ্রয়ীই জ্ঞানী নহেন। কিন্তু এই তিনের বিশেষ সম্বন্ধ আছে, তদ্বিষয়ক পরিজ্ঞানও সন্ন্যাসিগণের বিশেষ আবশ্যক, এবং সেই জন্যই এই শ্লোক অবতারিত হইয়াছে। (টীকাকৃৎ-কৃত মূলের শব্দার্থ অপরাপরের প্রায় অনুরূপ, সুতরাং তাহার পুনরুল্লেখ অনাবশ্যক) উপসংহার কালে কথিত হইয়াছে যে, জ্ঞানত্ব, জ্ঞেয়ত্ব এবং জ্ঞাতৃত্ব এই তিনই নিষ্কাম কর্ম্মানুষ্ঠানমূলক ॥ ১৮ ॥

——(:০::০:)——

জ্ঞানং কর্ম্ম চ কর্ত্তা চ ত্রিধৈব গুণভেদতঃ।
প্রোচ্যতে গুণসংখ্যানে যথাবচ্ছৃণু তান্যপি ॥ ১৯ ॥

অন্বয়।—গুণসংখ্যানে (সাংখ্যশাস্ত্রে) জ্ঞানং কর্ম্ম চ কর্ত্তা চ গুণভেদতঃ (সত্ত্বাদিভেদেন) ত্রিধা (ত্রিপ্রকারং) প্রোচ্যতে (কথ্যতে) তানি অপি যথাবৎ (যথাশাস্ত্রং) শৃণু ॥ ১৯ ॥

প্রতিশব্দ।—সাংখ্য-শাস্ত্রে জ্ঞান ও কর্ম্ম এবং কর্ত্তা গুণ-ভেদ-হেতু তিন-প্রকার কথিত-হয়, সেই-সকলও যথা-শাস্ত্র শ্রবণ-কর ॥ ১৯ ॥

ব্যাখ্যা।—সাংখ্য শাস্ত্রে সত্ত্বাদি গুণভেদে জ্ঞান, কর্ম্ম এবং কর্ত্তা তিন প্রকারে উক্ত হইয়াছে ; এক্ষণে আমি তৎসমস্তের বিবরণও বলিতেছি, তুমি মনঃসমাধান পূর্ব্বক তাহা শ্রবণ কর ॥ ১৯ ॥

শঙ্করাচার্য্য।—অথেদানীং ক্রিয়াকারকফলানাং সর্ব্বেষাং গুণাত্মকত্বাৎ সত্ত্বরজস্তমোগুণভেদতঃ ত্রিবিধো ভেদো বক্তব্য ইত্যারভ্যতে জ্ঞানং কর্ম্ম চেতি। জ্ঞানং জ্ঞায়তেঽনেনেতি কর্ম্ম চ ক্রিয়া ন কারকং পারিভাষিকমীপ্সিততমং কর্ম্ম কর্ত্তা চ নির্ব্বর্ত্তকঃ ক্রিয়াণাং ত্রিধৈবাবধারণং গুণব্যতিরিক্তজাত্যন্তরাভাবপ্রদর্শনার্থং গুণভেদতঃ সত্ত্বাদিভেদেনেত্যর্থঃ প্রোচ্যতে কথ্যতে গুণসংখ্যানে কাপিলে শাস্ত্রে তদপি গুণসংখ্যানং শাস্ত্রং গুণভোক্তৃবিষয়ে

এদিকে রাস যামিনী অবসানে ভগবানের আজ্ঞা ক্রমে শ্রীকৃষ্ণ প্রিয়াগণ অনিচ্ছা সহকারে স্ব স্ব গৃহে প্রত্যাবৃত্ত হইয়াছিলেন। যাঁহারা শ্রদ্ধা সহকারে বন্ধুগণের সহিত ভগবানের এই লীলা কাহিনী শ্রবণ বা বর্ণন করেন, তাঁহারা ভগবানের পরমাভক্তি লাভ করতঃ অচিরেই হৃদয়ের কামনারূপ রোগ হইতে মুক্ত হইয়া থাকেন। (শ্রীমদ্ভাগবত, ১০ম স্কন্ধ ২৯ হইতে ৩৩ অধ্যায় দ্রষ্টব্য)।

প্রমাণমেব পরমার্থব্রহ্মৈকত্ববিষয়ে যদ্যপি বিরুধ্যতে তথাপি তে হি কাপিলা গুণগৌণব্যাপারনিরূপণেঽভিযুক্তা ইতি তচ্ছাস্ত্রমপি বক্ষ্যমাণার্থস্তুত্যর্থত্বেনোপাদীয়ত ইতি ন বিরোধঃ। যথাবদ্যথাশাস্ত্রং শৃণু তান্যপি জ্ঞানাদীনি তদ্ভেদজাতানি গুণভেদকৃতানি শৃণু বক্ষ্যমাণেঽর্থে মনঃসমাধিং কুর্ব্বিত্যর্থঃ ॥ ১৯ ॥

আনন্দগিরি।—অনন্তরশ্লোকনবকতাৎপর্য্যমাহ অথেতি। জ্ঞানাদিপ্রস্তাবানন্তর্য্যমথশব্দার্থঃ, ইদানীং প্রস্তুত জ্ঞানাদ্যবান্তরভেদাপেক্ষায়ামিত্যর্থঃ। তেষাং গুণভেদাৎ ত্রৈবিধ্যে হেতুমাহ গুণাত্মকত্বাদিতি। বক্তব্যোবক্ষ্যমাণশ্লোকনবকেনেতি শেষঃ। এবং স্থিতে প্রথমমবান্তরভেদপ্রতিজ্ঞা ক্রিয়তইত্যাহ ইত্যাদভ্যতইতি। কর্ত্তুরীপ্সিততমং কর্ম্মেতি যত্নৎপরিভাষ্যতে তন্মাত্র কর্ম্মশব্দবাচ্যমিত্যাহ নেতি। গুণাতিরেকেণ বিধান্তরং জ্ঞানাদিষু নেতি নির্দ্ধারয়িতুমবধারণমিত্যাহ গুণেতি। জ্ঞানাদীনাং প্রত্যেকং গুণভেদপ্রযুক্তে ত্রৈবিধ্যে প্রমাণমাহ প্রোচ্যতইতি। নমু কাপিলং পাতঞ্জলমিত্যাদি শাস্ত্রং বিরুদ্ধার্থত্বাদপ্রমাণং কথমিহ প্রমাণীক্রিয়তে তত্রাহ তথাপীতি। বিষয়বিশেষবিরোধেঽপি প্রকৃতেঽর্থে প্রামাণ্যমবিরুদ্ধমিত্যর্থঃ। যদ্যপি কাপিলাদয়ো গুণবৃত্তবিচারে গৌণব্যাপারস্য ভোগাদের্নিরূপণে চ নিপুণাস্তথাপি কথং তদীয়ং শাস্ত্রমত্র প্রমাণীকৃতমিত্যাশঙ্ক্যাহ তে হীতি। জ্ঞানাদিষু প্রত্যেকমবান্তরভেদোবক্ষ্যমাণোঽর্থস্তস্ত তন্ত্রান্তরেঽপি প্রসিদ্ধিকথনং স্তুতিস্তাদর্থ্যেন কাপিলাদিমতোপাদানমিহোপযোগীত্যর্থঃ। তৃতীয়পাদস্যাবিরুদ্ধার্থত্বং নিগময়তি নেতি। যথাবদিত্যাদিব্যাচষ্টে যথান্যায়মিতি ॥ ১৯ ॥

রামানুজ।—জ্ঞানমিতি। কর্ত্তব্যকর্ম্মবিষয়ং জ্ঞানং, অনুষ্ঠীয়মানং চ কর্ম্ম, কর্ত্তা তদনুষ্ঠাতা সত্ত্বাদিগুণভেদতঃ ত্রিধৈবোপপদ্যতে। গুণসংখ্যানে গুণকার্য্যগণনে যথাবৎ শৃণু তান্যপি তত্রাপি গুণতো ভিন্নানি জ্ঞানাদীনি যথাবৎ শৃণু ॥ ১৯ ॥

হনুমান্।—অথেদানীং ক্রিয়াকারকফলানাং সর্ব্বেষাং সত্ত্বরজস্তমাত্মকত্বাং ত্রৈবিধ্যমুচ্যতে জ্ঞানমিতি। জ্ঞানং পূর্ব্বোক্তং কর্ম্ম ক্রিয়ারূপং কর্ত্তা জ্ঞাতা নিবর্ত্তয়িতা চ ত্রিধা ত্রিপ্রকারা গুণভেদতঃ প্রোচ্যতে কথ্যতে গুণসংখ্যানে গুণানাং প্রতিপাদকে শাস্ত্রে যথাবৎ যথাতত্ত্বো তান্যপি তাদৃশানি ॥ ১৯ ॥

শ্রীধর।—ততঃ কিমত আহ জ্ঞানং কর্ম্ম চেতি। গুণাঃ সম্যক্ কার্য্যভেদেন খ্যায়ন্তে প্রতিপাদ্যন্তেঽস্মিন্নিতি গুণসংখ্যানং সাংখ্যশাস্ত্রং তস্মিন্ জ্ঞানঞ্চ কর্ম্ম চ কর্ত্তা চ প্রত্যেকং সত্ত্বাদিগুণভেদেন ত্রিধৈবোচ্যতে, তান্যপি জ্ঞানাদীনি বক্ষ্যমাণানি যথাবচ্ছৃণু. ত্রিধৈবেত্যেবকারো গুণত্রয়োপাধিব্যতিরেকেণাত্মনঃ স্বতঃ কর্ত্ত্বাদিপ্রতিষেধার্থঃ, চতুর্দ্দশাধ্যায়ে তত্র সত্ত্বং নির্ম্মলত্বাদিত্যাদিনা গুণানাং বন্ধকত্বপ্রকারোনিরূপিতঃ, সপ্তদশাধ্যায়ে যজন্তে সাত্ত্বিকা দেবানিত্যাদিনা গুণকৃতত্রিবিধস্বভাবনিরূপণেন রজস্তমঃস্বভাবং পরিত্যজ্য সাত্ত্বিকাহারাদিসেবয়া সাত্ত্বিকস্বভাবঃ সম্পাদনীয় ইত্যুক্তং, ইহ তু ক্রিয়াকারকফলাদীনামাত্মসম্বন্ধো নাস্তীতি দর্শয়িতুং সর্ব্বেষাং ত্রিগুণাত্মকত্বমুচ্যত ইতি বিশেষো জ্ঞাতব্যঃ॥ ১৯ ॥

বলদেব।—জ্ঞানমিতি। গুণসংখ্যানে গুণনিরূপকে শাস্ত্রে চতুর্দ্দশে তত্র সত্ত্বং নির্ম্মলত্বাদিত্যাদিনা গুণানাং বন্ধকতা প্রকারঃ। সপ্তদশে যজন্তে সাত্ত্বিকা দেবানিত্যাদিনা গুণকৃতস্বভাবভেদশ্চোক্তঃ। ইহ তু গুণসংজ্ঞানাং জ্ঞানাদীনাং ত্রৈবিধ্যমুচ্যতে ইতি বোধ্যম্ ॥১৯॥

মধুসূদন।—ইদানীং জ্ঞানং জ্ঞেয়ং জ্ঞাতৃরূপস্য করণকর্ম্মকর্তৃরূপস্য চ ত্রিকদ্বয়স্য ত্রিগুণাত্মকত্বং বক্তব্যমিতি তদ্দ্বয়ং সঙ্ক্ষিপ্য ত্রিগুণাত্মকত্বং প্রতিজানীতে জ্ঞানমিতি। জ্ঞানং প্রাগ্ব্যাখ্যাতং জ্ঞেয়মপ্যত্রৈবান্তর্ভূতং জ্ঞানোপাধিকত্বাৎ জ্ঞেয়ত্বস্য কর্ম্ম ক্রিয়া ত্রিবিধঃ কর্ম্মসংগ্রহ ইত্যত্রোক্তা চকারাৎ করণকর্ম্মকারকয়োরত্রৈবান্তর্ভাবঃ ক্রিয়োপহিতত্বাৎ কারকত্বস্য, কর্ত্তা ক্রিয়ায়াঃ নির্ব্বর্ত্তকঃ চকারাৎ জ্ঞাতা চ কর্তুঃ ক্রিয়োপাধিকত্বেঽপি পৃথক্ ত্রিগুণ্যকথনং কুতার্কিকভ্রমকল্পিতাত্মত্বনিবারণার্থং, তে হি কর্ত্তৈবাত্মেতি মন্যন্তে গুণা সত্ত্বরজস্তমাংসি সম্যক্ কার্য্যভেদেন ব্যাখ্যায়ন্তে প্রতিপাদ্যন্তেঽস্মিন্নিতি গুণসংখ্যানং কাপিলং তস্মিন্ জ্ঞানং ক্রিয়া চ কর্ত্তা চ গুণভেদতঃ সত্ত্বরজস্তমোভেদেন ত্রিধৈব প্রোচ্যতে এবকারো বিধান্তরনিবারণার্থঃ। যদ্যপি কাপিলং শাস্ত্রং পরমার্থব্রহ্মৈকত্ববিষয়ে ন প্রমাণং তথাপ্যপরমার্থগুণগৌণভেদনিরূপণে ব্যাবহারিকং প্রমাণং ভবত্যেব ইতি বক্ষ্যমাণার্থস্তুত্যর্থং গুণসংখ্যানে প্রোচ্যত ইত্যুক্তং, তন্ত্রান্তরেঽপি প্রসিদ্ধমিদং ন কেবলমস্মিন্নেব শাস্ত্র ইতিস্তুতিঃ। যথাবৎ যথাশাস্ত্রং শৃণু শ্রোতুং সাবধানো ভব তানি জ্ঞানাদীনি অপিশব্দাত্তদ্ভেদজাতানি চ গুণভেদকৃতানি। অত্র চৈবমপৌনরুক্ত্যং দ্রষ্টব্যং। চতুর্দ্দশেঽধ্যায়ে তত্র সত্ত্বং নির্ম্মলত্বাদিত্যাদিনা গুণানাং বন্ধহেতুত্বপ্রকারো নিরূপিতো গুণাতীতস্য জীবন্মুক্তত্বনিরূপণায় সপ্তদশে পুনর্যজন্তে সাত্ত্বিকা দেবানিত্যাদিনা গুণকৃতত্রিবিধস্বভাবনিরূপণেনাসুরং রাজসতামসস্বভাবং পরিত্যজ্য সাত্ত্বিকাহারাদিসেবয়া দৈবঃ সাত্ত্বিকঃ স্বভাবঃ সম্পাদনীয় ইত্যুক্তং। ইহ তু স্বভাবতো গুণাতীতস্যাত্মনঃ ক্রিয়াকারকফলসম্বন্ধো নাস্তীতি দর্শয়িতুং তেষাং সর্ব্বেষাং ত্রিগুণাত্মকত্বমেব ন রূপান্তরমস্তি যেনাত্মসম্বন্ধিতা স্যাদিত্যুচ্যতে ইতি বিশেষঃ ॥ ১৯ ॥

নীলকণ্ঠ।—পূর্ব্বশ্লোকোক্তে জ্ঞানাদি ষট্কে পরিজ্ঞাতা কর্ত্তা চৈক এবোক্ত পারিশেষ্যাঃ পঞ্চ তেষাং সর্ব্বেষাং প্রাকৃতত্বেন ত্রিগুণাত্মত্বে প্রাপ্তে জ্ঞেয়করণয়োর্জড়য়োঃ ঘটকুঠারকয়োঃ পরিসংখ্যার্থং ত্রয়াণামেব প্রত্যেকং ত্রৈবিধ্যং বিবরীতুং প্রতিজানীতে জ্ঞানমিতি। জ্ঞানং কর্ম্ম কর্ত্তা চেতি ত্রয়মেব গুণভেদত ত্রিধা ন তু জ্ঞেয়করণে, গুণসংখ্যানে কাপিলে শাস্ত্রে যদ্যপি তত্রৈকস্যাং প্রমদায়াং ভর্তুঃ সুখং জায়তে তং প্রতি তস্যাঃ সত্ত্বোদ্ভূতত্বাৎ, তামবিন্দত শ্চৈত্রস্য দুঃখং জায়তে তং প্রতি তস্যা রজ উদ্ভূতত্বাৎ, তস্যামেব সপত্ন্যা মোহস্তং প্রতি তস্যাস্তম উদ্ভূতত্বাৎ প্রমদৈব সর্ব্বে ভাবা ব্যাখ্যাতা ইতি কাপিলানাং জ্ঞেয়করণয়োরপি ত্রৈবিধ্যং প্রসিদ্ধং তথাপি প্রমদাদশ একস্যৈব পুংসো নিমিত্তভেদেন প্রীতিদুঃখবৈষম্যবিষয়া অপি ভবন্তীতি পূর্ব্বোক্ত ব্যবস্থায়া নির্ম্মূলত্বাৎ প্রীত্যাদীনাং কর্তৃসমবায়িতয়া প্রতীয়মানানামাশ্রয়ভূতায়াঃ প্রমদায়াঃ প্রীত্যাদ্যাত্মকত্বং কল্পয়িতুং ন শক্যতে ইতি নৈপুণ্যবতা স্বয়মেবাবিষয় ব্যাখ্যায়তে। অক্ষরার্থঃ স্পষ্টার্থঃ ॥ ১৯ ॥

তাৎপর্য্য।—পূর্ব্বশ্লোকে জ্ঞান জ্ঞেয়াদি এবং করণাদির প্রসঙ্গ আলোচিত হইয়াছে এক্ষণে জ্ঞান কর্ম্মাদি সম্বন্ধে ভগবান্ কপিল (১৬০।১৭৬৯ পৃষ্ঠার টিপ্পনী দ্রষ্টব্য) যেরূপ নির্দ্দেশ করিয়াছেন, তাহাই যথাযথ বিবৃত হইবে। যে শাস্ত্র সাংখ্য নামে সর্ব্বত্র সমাদৃত এবং জ্ঞানিগণের পরম অবলম্বনীয়, তাহা ভগবান্ কপিল কর্ত্তৃক প্রবর্ত্তিত হইয়াছে। এজন্য তাহা কপিল দর্শন (২৫৯০ পৃষ্ঠার সাংখ্যদর্শন টিপ্পনী দ্রষ্টব্য) নামেও অভিহিত হইয়া থাকে। সেই শাস্ত্রে জ্ঞান কর্ম্মাদির যেরূপ বিভাগ বিধিবদ্ধ হইয়াছে, তাহারই কীর্ত্তন করা অধুনা শ্রীভগবানের অভি[illegible]

পূজ্যপাদ শ্রীমন্মধুসূদন সরস্বতীর অভিপ্রায়। অধুনা জ্ঞা[illegible] এবং জ্ঞাতা, আর করণ কর্ম্ম এবং কর্ত্তা এই দুই শ্রেণী যে ত্রিগু[illegible] তাহাই বিবৃত করিবার অভিপ্রায়ে তদুভয়কে সংক্ষেপ করিয়া তত্ত ত্রিগুণত্ব বিবৃত হইতেছে। জ্ঞানের বিষয় পূর্ব্বে ব্যাখ্যাত হই[illegible] জ্ঞেয় এই জ্ঞানেরই অন্তর্ভুত বলিয়া বুঝিতে হইবে। কারণ, জ্ঞেয়ত্বের উপাধি। কর্ম্ম ক্রিয়ারই নামান্তর, "ত্রিবিধঃ কর্ম্ম[illegible] (১৮) এই স্থলে উক্ত হইয়াছে। এস্থলে মূলে যে চকার প্রযুক্ত, তাহার দ্বারা ইহাই সূচিত হইতেছে যে, করণ এবং [illegible] ইহারই অন্তর্ভুত। কারণ কারকত্ব ক্রিয়াদ্বারা উপা[illegible] কারকের ক্রিয়াতেই পর্য্যবসান হইয়া থাকে। যাহা ক্রিয়ার [illegible] বা প্রবর্ত্তক তাহাই কর্ত্তা। এই স্থলে মূলে যে চকার প্রযুক্ত [illegible] তদ্দারা জ্ঞাতা লক্ষিত হইতেছে। যদিও কর্ত্তা ক্রিয়োপাধিক অর্থাৎ যদিও ক্রিয়া, কর্ত্তার উপাধিস্বরূপ, তথাপি কুতার্কিকেরা ভ্রম প্রযুক্ত কর্ত্তাতেই আত্মত্বের আরোপ করিয়া থাকে। এই ভ্রম ভঞ্জনের নিমিত্তই কর্ত্তার ত্রৈগুণ্য পৃথক্ ভাবে বিবরণের আবশ্যক। কারণ কুতার্কিকেরা আত্মাকেই কর্ত্তা বলিয়া মনে করে, কিন্তু কর্ত্তা ত্রিগুণযুক্ত এবং আত্মা ত্রিগুণাতীত, এই তথ্য নিশ্চিতরূপে হৃদয়ঙ্গম করিতে পারিলে কর্ত্তায় আত্মত্বের আরোপ সম্ভব হইতে পারে না সত্ত্ব, রজঃ এবং তমঃ এই তিনই গুণ নামে অভিহিত হয়। এই তিন গুণের তত্ত্ব কার্য্যভেদ সহকারে [illegible] সম্যক্‌রূপে ব্যাখ্যাত হইয়াছে, সেই গুণ সংখ্যানই কাপিলদর্শন শাস্ত্র। সেই সাংখ্য শাস্ত্রে জ্ঞান, ক্রিয়া এবং কর্ত্তা, গুণভেদানুসারে

অর্থাৎ সত্ত্ব রজঃ ও তমোগুণের বিভাগ ক্রমে তিন প্রকারে কথিত। এই স্থলে মূলে যে "এব" শব্দ প্রযুক্ত হইয়াছে, তাহা বিধ্যন্তর নিবারণের নিমিত্ত অর্থাৎ অন্য কোন বিধি অসম্ভব ইহাই বুঝাইবার জন্য বিহিত হইয়াছে। যদিও কাপিল দর্শন ব্রহ্মৈকত্বরূপ পরমার্থ বিষয়ে প্রমাণিক শাস্ত্র নহে, তথাপি গুণগৌণ ভেদ রূপ অপরমার্থ ভেদ ব্যাপারের আলোচনায় এই শাস্ত্র বিনিযুক্ত এবং ব্যবহারতঃ তৎ সমুদায়ের প্রমাণরূপে পরিগৃহীত হইয়া থাকে। এই কারণেই বক্ষ্যমাণ অভিপ্রায়ের অভিমুখে শ্রোতৃমন আকৃষ্ট করিবার নিমিত্ত কথিত হইয়াছে যে, "গুণসংখ্যানে ইহা উক্ত হইয়াছে।" এস্থলে ইহাও বক্তব্য, কেবল কাপিল তন্ত্রেই যে, জ্ঞানাদির ত্রৈগুণ্য কথিত হইয়াছে এমন নহে, অন্যান্য শাস্ত্রেও এইরূপেই প্রসিদ্ধ আছে। সেই জ্ঞানাদির প্রসঙ্গ হে অর্জ্জুন! তুমি এক্ষণে অবহিতচিত্তে যথাশাস্ত্র শ্রবণ কর এবং শ্রবণ করিয়া তদ্বিষয়ে সাবধান হও। এস্থলে মূলে যে "অপি" শব্দ প্রযুক্ত হইয়াছে, তদ্দ্বারা সুচিত হইয়াছে যে জ্ঞানাদির এতাদৃশ ভেদও গুণভেদে কৃত। পূর্ব্বে চতুর্দ্দশাদি অধ্যায়ে এইরূপ অনেক প্রসঙ্গ অবতারিত হইয়াছে। কিন্তু তথাপি এস্থলে পুনরুক্তি দোষ ঘটে নাই। চতুর্দ্দশাধ্যায়ে, "তত্র সত্ত্বং নির্ম্মলত্বাৎ" (১৪ অধ্যায় ৬ শ্লোক) স্থলে গুণসমূহই যে বন্ধনের হেতুভূত, তাহারই প্রকার নিরূপিত হইয়াছে। সপ্তদশাধ্যায়ে, "যজন্তে সাত্ত্বিকা দেবান্" (৪ শ্লোক) স্থলে গুণাতীত পুরুষের জীবন্মুক্তত্ব নিরূপণ করিবার অভিপ্রায়ে গুণকৃত ত্রিবিধ স্বভাব নিরূপণ পূর্ব্বক রজস্তমোরূপ আসুর ভাব পরিত্যাগ করিয়া সাত্ত্বিক আহারাদির সেবন দ্বারা দৈব সাত্ত্বিক ভাবই যে অবলম্বনীয় তাহাই প্রতিপাদিত হইয়াছে। স্বভাবতঃ গুণাতীত আত্মার ক্রিয়াকারকাদি কোনরূপ সম্বন্ধ নাই, এই তত্ত্ব প্রতিপাদন করিবার নিমিত্ত এস্থলে কথিত হইয়াছে যে, সেই জ্ঞানাদি ত্রিগুণাত্মক এবং তদ্ভাবত্বের কোন রূপান্তর নাই; সুতরাং আত্মার সহিত সম্বন্ধযুক্ত হইবার কোনই সম্ভাবনা নাই। পূর্ব্বের সহিত বর্ত্তমান শ্লোকের ইহাই বিশেষ ॥ ১৯ ॥

——(:০০:)——

সর্ব্বভূতেষু যেনৈকং ভাবমব্যয়মীক্ষতে।
অবিভক্তং বিভক্তেষু তজ্জ্ঞানং বিদ্ধি সাত্ত্বিকং ॥২০॥

অন্বয়।—যেন (জ্ঞানেন) বিভক্তেষু (পরস্পরব্যাবৃত্তেষু) সর্ব্বভূতেষু অবিভক্তং (অভিন্নং) একং অব্যয়ং (সর্ব্ববিক্রিয়াশূন্যং) ভাবং (পরমাত্মতত্ত্বং) ঈক্ষতে (পশ্যতি) তৎ জ্ঞানং সাত্ত্বিকং বিদ্ধি (জানীহি)॥ ২০॥

প্রতিশব্দ।—যে-জ্ঞান-দ্বারা পরস্পর-ভিন্ন সকল-ভূতে অভিন্ন এক অব্যয় ভাব দেখে, সেই জ্ঞান সাত্ত্বিক জানিবে॥ ২০॥

ব্যাখ্যা।—যে জ্ঞানের আবির্ভাবে মানব পরস্পর ভেদভাব বিশিষ্ট সর্ব্বভূতে ভেদ-রহিত একমাত্র পরমাত্মভাব দর্শন করিতে থাকে, সেই অদ্বৈতাত্মদর্শন সম্পন্ন জ্ঞানকেই সাত্ত্বিক জ্ঞান বলিয়া জানিবে॥ ২০॥

শঙ্করাচার্য্য।—জ্ঞানস্য তু তাবৎ ত্রিবিধত্বমুচ্যতে সর্ব্বেতি। সর্ব্বেভূতেষু অব্যক্তাদিস্থাবরান্তেষু ভূতেষু যেন জ্ঞানেনৈকং ভাবং বস্তু ভাবশব্দোবস্তুবাচী একমাত্মবস্ত্বিত্যর্থঃ অব্যয়ং ন ব্যেতি স্বাত্মনা স্বধর্ম্মণা বা কূটস্থং নিত্যমিত্যর্থঃ ঈক্ষতে যেন জ্ঞানেন পশ্যতি তঞ্চ ভাবমবিভক্তং প্রতিদেহং বিভক্তেষু দেহভেদেষু ন বিভক্তং তদাত্মবস্তু ব্যোমবন্নিরন্তরমিত্যর্থঃ তৎ জ্ঞানং অদ্বৈতাত্মদর্শনং সাত্ত্বিকং সম্যক্ দর্শনং বিদ্ধীতি॥ ২০॥

আনন্দগিরি।—জ্ঞানাদীনাং প্রত্যেকং ত্রৈবিধ্যং জ্ঞাতব্যং প্রতিজ্ঞায় জ্ঞানত্রৈবিধ্যার্থং শ্লোকত্রয়মবতারয়তি জ্ঞানস্যেতি। তত্র সাত্ত্বিকং জ্ঞানমুপন্যস্যতি সর্ব্বেতি। ভূতানি কার্য্যকারণাত্মকান্যুপাধিজাতানি অদ্বিতীয়মর্থঞ্চৈকরসং প্রত্যগাত্মভূতমবাধিতস্বরূপং জ্ঞেয়ত্বেন বিবক্ষিতমিত্যাহ একমিতি। বিবক্ষিতমব্যয়ত্বং সঙ্ক্ষিপতি কূটস্থেতি। প্রতিদেহমবিভক্তমিত্যুক্তং ব্যনক্তি বিভক্তেষ্বিতি। তৎ জ্ঞানমিত্যাদি ব্যাকরোতি অদ্বৈতেতি॥ ২০॥

রামানুজ।—সর্ব্বভূতেষ্বিতি। ব্রাহ্মণক্ষত্রিয়ব্রহ্মচারিগৃহস্থাদিরূপেণ বিভক্তেষু কর্ম্মাধিকারিষু যেন জ্ঞানেনৈকাকারমাত্মাখ্যং ভাবং তত্রাপ্যবিভক্তং ব্রাহ্মণত্বাদ্যনেকাকারেষ্বপি ভূতেষু সিতদীর্ঘাদিবিভাগবৎসু জ্ঞানাকারাত্মনি বিভাগরহিতং অব্যয়ং ব্যয়স্বভাবেষ্বপি ব্রাহ্মণাদিশরীরেষ্বব্যয়ং অবিকৃতং ফলাদিসঙ্গানর্হং চ কর্ম্মাধিকারবেলায়ামীক্ষতে তৎজ্ঞানং সাত্ত্বিকং বিদ্ধি॥ ২০॥

হনুমান্।—অব্যক্তাদি স্থাবরান্তেষু যেন জ্ঞানেন একং ভাবং ভাবশব্দো বস্তুবাচী একমাত্মানমিত্যর্থঃ। ঈক্ষতে পশ্যতি যেন জ্ঞানেন] কথংভূতং ভাবমবিভক্তমপি

ভিন্নং ব্রহ্মাদিস্থাবরান্তেষু ভূতেষু দেহভেদেষু ব্যোমবদবিভক্তং সাধুজ্ঞানং বিদ্ধি সাত্ত্বিকং সম্যানবৃত্তং ॥ ২০ ॥

শ্রীধর —তত্র জ্ঞানস্য সাত্ত্বিকাদিত্রৈবিধ্যমাহ সর্ব্বেতি ত্রিভিঃ। সর্ব্বেষু ভূতেষু ব্রহ্মাদি-স্থাবরান্তেষু বিভক্তেষু পরস্পরং ব্যাবৃত্তেষু অবিভক্তমনুস্যূতং একমব্যয়ং নির্ব্বিকারং ভাবং পরমাত্মতত্ত্বং যেন জ্ঞানেনেক্ষতে আলোচয়তি তৎ জ্ঞানং সাত্ত্বিকং বিদ্ধি ॥ ২০ ॥

বলদেব ।—সাত্ত্বিকজ্ঞানমাহ সর্ব্বেতি। সর্ব্বভূতেষু দেবেষু নানাকর্ম্মফলভোগার্থং ক্রমেণ বর্ত্তমানভাবং জীবাত্মানং যেনৈকং বীক্ষতে। অব্যয়ং নশ্বরেষু তেষ্বনশ্বরং বিভক্তেষু মিথোভিন্নেষু তেষ্ববিভক্তমেকরূপঞ্চ যেন তং বীক্ষতে তজ্জ্ঞানং সাত্ত্বিকমৌপনিষদবিবিক্তাত্মজ্ঞানং তদিত্যর্থঃ ॥ ২০ ॥

মধুসূদন ।—এবং জ্ঞানস্য কর্ম্মণঃ কর্ত্তুশ্চ প্রত্যেকং ত্রৈবিধ্যে জ্ঞাতব্যত্বেন প্রতিজ্ঞাতে প্রথমং জ্ঞানত্রৈবিধ্যং নিরূপয়তি ত্রিভিঃ শ্লোকৈঃ তত্রাদ্বৈতবাদিনাং সাত্ত্বিকং সর্ব্বেতি জ্ঞানমাহ। সর্ব্বেষু ভূতেষু অব্যাকৃতহিরণ্যগর্ভবিরাট্সংজ্ঞেষু বীজসূক্ষ্মস্থূলরূপেষু সমষ্টিব্যষ্ট্যাত্মকেষু, সর্ব্বেতি-ত্যনেনৈবনির্ব্বাহে ভূতেষিত্যনেন ভবনধর্ম্মকথনমুচ্যতে তেনোৎপত্তিবিনাশশীলেষু দৃশ্যবর্গেষু বিভক্তেষু পরস্পরব্যাবৃত্তেষু নানারূপেষু অব্যয়মুৎপত্তিবিনাশাদিসর্ব্ববিক্রিয়াশূন্যম্ দৃশ্যমবিভক্তমব্যাবৃত্তং সর্ব্বত্রানুস্যূতমধিষ্ঠানতয়া বাধাবধিতয়া চ একমদ্বিতীয়ং ভাবং পরমার্থসত্যরূপং স্বপ্রকাশানন্দমাত্মানং যেনান্তঃকরণপরিণামভেদেন বেদান্তবাক্যবিচারপরিনিষ্পন্নেনেক্ষতে সাক্ষাৎ-করোতি তন্মিথ্যাপ্রপঞ্চবাধকমদ্বৈতাত্মদর্শনং সাত্ত্বিকং সর্ব্বসংসারোচ্ছিত্তিকারণং জ্ঞানং বিদ্ধি দ্বৈতদর্শনং তু রাজসং তামসং চ সংসারকারণং ন সাত্ত্বিকমিত্যভিপ্রায়ঃ ॥ ২০ ॥

নীলকণ্ঠ ।—এবং জ্ঞানাদিত্রয়স্য ত্রৈবিধ্যং বক্তুং প্রতিজ্ঞায় জ্ঞানত্রৈবিধ্যং তাবদাহ সর্ব্ব ভূতেষিতি। যথা কটককুণ্ডলাদিষু ব্যাবর্ত্তমানেষু তত্ত্ববিবেকং কাঞ্চনমেবেদমিতি পশ্যতি এবং যেন জ্ঞানেন সর্ব্বভূতেষু নানা নামরূপভেদভিন্নেষব্যয়মপরিণামিনমেকং ভাবং চিন্মাত্ররূপমীক্ষতে সর্ব্বং ব্রহ্মৈবেদমিতি পশ্যতি তজ্জ্ঞানং সাত্ত্বিকং বিদ্ধি ঐকাত্ম্যজ্ঞানমেব সাত্ত্বিকমিত্যর্থঃ ॥ ২০ ॥

বিশ্বনাথ ।—সাত্ত্বিকং জ্ঞানমাহ সর্ব্বভূতেষিতি। একং ভাবং একমেব জীবাত্মানং নানাবিধ ফলভোগার্থং ক্রমেণ সর্ব্বভূতেষু মনুষ্যদেবতির্য্যগাদিষু বর্ত্তমানমব্যয়ং নশ্বরেষপি তেষ্ব-নশ্বরং বিভক্তেষু পরস্পরং বিভিন্নেষপি অবিভক্তং একরূপং যেন কর্ম্মসম্বন্ধিনা জ্ঞানেনেক্ষতে তৎসাত্ত্বিকং জ্ঞানং ॥ ২০ ॥

তাৎপর্য্য ।—পূর্ব্বশ্লোকে জ্ঞান, কর্ম্ম এবং কর্ত্তা এই তিনই. ত্রিগুণানুসারে বিভক্ত, এইরূপ অভিপ্রায় শ্রীভগবানের বদন-সরোজ হইতে নিঃসৃত হইয়াছে। এক্ষণে সেই অভিপ্রায় বিশদ করিবার নিমিত্ত জ্ঞানের

সাত্ত্বিকাদি গুণানুযায়ী ভেদের বিবরণ শ্লোকত্রয়ে বিবৃত করিতে প্রবৃত্ত হইতেছেন। প্রথমে সাত্ত্বিক জ্ঞানের প্রসঙ্গ অবতারিত হইতেছে।

যে জ্ঞানের দ্বারা সর্ব্বভূতে এক ভাব পরিদৃষ্ট হইয়া থাকে, তাহাই সাত্ত্বিক জ্ঞান বলিয়া বুঝিতে হইবে। গলিত পদার্থবিহারী অতি ক্ষুদ্র কীট হইতে চন্দনচর্চ্চিত মাল্যালঙ্কার বিভূষিত মনুষ্যোত্তম পর্য্যন্ত সকলেই সমান, সকলেই একরূপ ভাবাপন্ন এবং সকলেই অনুরূপ সাধারণ ধর্ম্মাদির অধীন, এইরূপ বিবেচনার বশবর্ত্তী হইয়া যে জ্ঞানী তত্তাবৎকে সমভাবে দর্শন করিতে সমর্থ, তিনিই সাত্ত্বিক জ্ঞানী। তিনি বুঝিয়াছেন যে, সকলই সেই সর্ব্বময় পরমাত্মার অংশ স্বরূপ এবং সকলেই তাঁহারই শক্তিতে শক্তি-মান, তাঁহারই প্রভাবে প্রভাবান্বিত এবং তাঁহারই প্রাণে অনুপ্রাণিত। এইরূপ জ্ঞানই সাত্ত্বিক জ্ঞান নামে অভিহিত হইয়া থাকে। এই সাত্ত্বিক জ্ঞান প্রভাবে সকল বস্তুর সম্বন্ধে সমদর্শনের উদ্ভব হয়। অর্থাৎ সকল বস্তুই সেই আত্মবস্তুরই বিকাশ বলিয়া অনুভূতি জন্মে। এইরূপ জ্ঞানের বশবর্ত্তী হইয়া সাত্ত্বিক জ্ঞানিগণ সর্ব্বত্র অব্যয় ভাবসমন্বিত পরমাত্মার প্রাদুর্ভাব দেখিয়া থাকেন। পরমাত্মার পরিণাম নাই, বিকার নাই, এবং ক্ষয় নাই। জীবসত্ত্বের শক্তি বিধায়ক এবং তন্মধ্যবর্ত্তী আত্মবস্তুও সেই পরমাত্মারই অংশ স্বরূপ সুতরাং তত্তাবতেরও কোনরূপ নাশ, ধ্বংস বা ক্ষয় থাকিতে পারে না। এইরূপ সাত্ত্বিক জ্ঞানসম্পন্ন ব্যক্তিগণ স্পষ্টতঃ উপলব্ধি করিয়া থাকেন যে, ভূতগ্রাম নানাপ্রকারে এবং নানা আকারে বিভক্ত হইলেও তত্তাবতের মধ্যে নির্বিকার, বিভাগরহিত, সমাবস্থ পরমাত্মা সতত বিরাজমান। যে আকাশ সমস্ত পৃথিবীর সর্ব্ব-স্থানে পরিব্যাপ্ত হইয়াছে, তাহা প্রকৃত এক, তথাপি ঘট মধ্যগত বা ভাণ্ডান্তর মধ্যস্থিত আকাশ স্বতন্ত্র ও বিচ্ছিন্ন বলিয়া মনে হইয়া থাকে, কিন্তু তত্তৎ পাত্র ভগ্ন হইলে তন্মধ্যগত ক্ষুদ্রাকাশও আপনার বিচ্ছিন্নভাব পরিত্যাগ করিয়া যেরূপ অনায়াসে এবং সম্পূর্ণ ভাবে মহাকাশের সহিত মিলিত হইয়া যায়, তদ্রূপ ক্ষুদ্র ক্ষুদ্র বহু সংখ্যক জীবের দেহে বিরাজমান হইলেও তত্তৎ দেহস্থিত পরমাত্মা অনায়াসে অবিভক্ত ভাবে সেই সর্ব্বব্যাপী [illegible]ার সহিত মিলিত হইয়া যায়। এইরূপ ভাবে স্বরূপ দর্শনের শক্তি [illegible]হইলেই প্রকৃষ্ট জ্ঞানের উদ্ভব হইয়াছে বলিতে হইবে। এইরূপ [illegible]কই শাস্ত্রাচার্য্যগণ সাত্ত্বিকজ্ঞান নামে উল্লেখ করিয়াছেন।

পূজ্যপাদ শ্রীমদ্রামানুজাচার্য্যের অভিপ্রায়। সংসারে যে সকল কর্ম্মাধিকারী মানব পরিদৃষ্ট হইয়া থাকেন, তাঁহারা ব্রাহ্মণ, ক্ষত্রিয়, ব্রহ্মচারী, গৃহস্থ ইত্যাদি রূপ বিবিধ ভাবে বিভক্ত। কিন্তু তত্তাবতের মধ্যে যে আত্মা বিরাজমান তিনি একই। সেই এক আত্মা উল্লিখিত রূপ বহুবিধ বিভাগ মধ্যস্থ হইলেও বস্তুতঃ অবিভক্ত ভাবেই থাকেন, অর্থাৎ ব্রাহ্মণাদি অনেক আকারযুক্ত ভূত মধ্যেও তত্তাবতের শ্বেত বা কৃষ্ণবর্ণ, দীর্ঘত্ব বা খর্ব্বতা কিছুরই অপেক্ষা না করিয়া জ্ঞানাকার আত্মা বিভাগ শূন্য ভাবে অধিষ্ঠিত থাকেন। তিনি ব্যয় অর্থাৎ ক্ষয়ধর্ম্মাধীন ব্রাহ্মণাদি শরীরে অধিষ্ঠিত হইলেও অব্যয় অর্থাৎ বিকাররহিত। তিনি অবিকৃত এবং ফলাদি সঙ্গ শূন্য, অর্থাৎ যে যে দেহে তিনি অধিষ্ঠিত সেই সেই দেহধারী ব্রাহ্মণাদি মানবগণ যে সকল কর্ম্মের অনুষ্ঠান করিয়া থাকেন, তত্তাবৎ কর্ম্মজনিত ফলাফলের সহিত সেই আত্ম বস্তু সম্পর্ক রহিত। যে সময়ে মানবের কর্ম্মাধিকারিত্বের অবসান হয় না, অর্থাৎ যৎকালে মানবগণ কর্ম্মাধিকারিত্ব হেতু কর্ম্মসাধন করিতে বাধ্য থাকেন, তৎকালে যে জ্ঞান প্রভাবে উল্লিখিতরূপ স্বরূপ দর্শন করিতে পারা যায়, তাহাই সাত্ত্বিক বলিয়া জানিবে।

পূজ্যপাদ শ্রীমন্মধুসূদন সরস্বতীর অভিপ্রায়। এক্ষণে অদ্বৈতবাদিদিগের সাত্ত্বিক জ্ঞানের স্বরূপ কথিত হইতেছে। অব্যাকৃত, হিরণ্যগর্ভ (২৪৬।১৪৬১।১৫৪৭ পৃষ্ঠার টিপ্পনী দ্রষ্টব্য) ও বিরাট এই তিনই জগতের সর্ব্বভূতের আদি স্বরূপ। তন্মধ্যে অব্যাকৃত বীজস্বরূপ, হিরণ্যগর্ভ সূক্ষ্মস্বরূপ এবং বিরাট স্থূলস্বরূপ। মূল কারণ যখন এক স্থানস্থ, তখন তিনি সমষ্টিস্বরূপ এবং যখন সংসারের বিভিন্ন পদার্থে পরিব্যাপ্ত তখনই তিনি ব্যষ্টি স্বরূপ (২০১ পৃষ্ঠার টিপ্পনী দ্রষ্টব্য)। জগতের জীবপুঞ্জে সেই মূল কারণ ব্যষ্টিভাবে বিস্তৃত। মূলস্থিত "সর্ব্বেষু" এই পদ দ্বারাই অভিপ্রায় পরিব্যক্ত হইতে পারিত, তথাপি "ভূতেষু" এই পদ প্রয়োগ দ্বারা ইহাই উপলব্ধ হইতেছে যে, সকল পদার্থই ভবনধর্ম্মসম্পন্ন, অর্থাৎ উৎপত্তি বিনাশ ধর্ম্মযুক্ত। সেই সৃষ্ট ভূতসমূহ বিভক্ত অর্থাৎ পরস্পর ব্যাবৃত্ত এবং বহুবিধ ভাব সম্পন্ন। অব্যয় অর্থাৎ উৎপত্তি বিনাশাদি বিক্রিয়া রহিত। অবিভক্ত অর্থাৎ অব্যাবৃত্ত, সর্ব্বত্র অনুস্যূত,

এক অর্থাৎ অদ্বিতীয়। সেই পরমার্থ সত্তারূপ অদ্বিতীয়, আনন্দময়, স্বপ্রকাশ আত্মাকে যিনি বেদান্তবাক্য বিচার-সমুৎপন্ন জ্ঞানের দ্বারা সাক্ষাৎ করিয়া থাকেন, তাঁহার সেই জ্ঞান মিথ্যাপ্রপঞ্চের বাধক, অদ্বৈত-আত্মদর্শন বিধায়ক, সাত্ত্বিক এবং সর্ব্ব সংসারের উচ্ছেদ কারণ। যে জ্ঞানে দ্বৈতদর্শন বিদ্যমান থাকে অর্থাৎ অভেদ ভাব হৃদ্গত না হয়, সেই জ্ঞান রাজস ও তামস নামে অভিহিত হইয়া থাকে, এবং তাহা সংসার-বন্ধনবিধায়ক সুতরাং সাত্ত্বিক নামে অভিহিত হইতে পারে না॥ ২০॥

—০—

পৃথক্‌ত্বেন তু যজ্‌জ্ঞানং নানাভাবান্ পৃথগ্বিধান্।
বেত্তি সর্ব্বেষু ভূতেষু তজ্‌জ্ঞানং বিদ্ধি রাজসং॥ ২১॥

অন্বয়।—পৃথক্‌ত্বেন (ভেদভাবেন) তু যৎ জ্ঞানং সর্ব্বেষু ভূতেষু পৃথগ্বিধান্ (বিভিন্নরূপান্) নানাভাবান্ বেত্তি তৎ জ্ঞানং রাজসং বিদ্ধি (জানীহি)॥ ২১॥

প্রতিশব্দ।—পৃথক্-রূপে যে জ্ঞান সকল ভূতে বিভিন্ন-রূপ অনেক-ভাব বোধ-করে, সেই জ্ঞান রাজস জানিবে॥ ২১॥

ব্যাখ্যা।—যে জ্ঞানের দ্বারা বস্তুতঃ ভেদ না থাকিলেও সর্ব্বভূতে ভেদ জ্ঞান হয় এবং প্রত্যেক ভূতে সুখী দুঃখী প্রভৃতি বিভিন্ন লক্ষণ সমূহ দৃষ্ট হইয়া থাকে, তাহাই রাজস জ্ঞান॥ ২১॥

শঙ্করাচার্য্য। যানি দ্বৈতদর্শনান্যসম্যক্‌তানি রাজসানি তামসানি চেতি ন সাক্ষাৎ সংসারোচ্ছিত্তয়ে ভবন্তি পৃথক্‌ত্বেনেতি। পৃথক্ত্বেন তু ভেদেন প্রতিশরীরমন্যত্বেন যৎ জ্ঞানং নানাভাবান্ ভিন্নানাত্মনঃ পৃথগ্বিধান্ পৃথক্ প্রকারান্ ভিন্নলক্ষণানিত্যর্থঃ। বেত্তি বিজানাতি যৎ জ্ঞানং সর্ব্বেষু ভূতেষু জ্ঞানস্য কর্তৃত্বাসম্ভবাদ্যেন জ্ঞানেন বেত্তীত্যর্থঃ॥ ২১॥

আনন্দগিরি।—দ্বৈতদর্শনান্যপি কানিচিন্নিবস্তি সর্ব্বনির্ব্বাণানি সমাক্ষীত্যাশঙ্ক্যাহ যানীতি। তেষামসমাক্তে, হেতুমাহ রাজসানীতি। প্রতিদেহমন্যত্বেন ভিন্নাত্মনো যেন জ্ঞানেন জানাতি তৎ জ্ঞানং রাজসমিতি ব্যাচষ্টে ভেদেনেতি। পৃথক্ত্বং পৃথগ্বিধত্বঞ্চ পুনরুক্তমিত্যা-শঙ্ক্য হেতুহেতুমত্ত্বেন বিভাগং বিবক্ষিত্বাহ ভিন্নেতি। জ্ঞানস্য জ্ঞানকর্তৃত্বমযুক্তমিত্যাশঙ্ক্যাহ যেনেতি॥ ২১॥

রামানুজ।—পৃথক্ত্বেনেতি। সর্ব্বেষু ভূতেষু ব্রাহ্মণাদিষু ব্রাহ্মণাদ্যাকার পৃথকত্বেনাত্মা-খ্যানান্ ভাবান্ নানাভূতান্ সিতদীর্ঘাদি পৃথগ্বিধান্ ফলাদিসংযোগযোগ্যান্ কর্ম্মাধিকারবেলায়াং যদ্জ্ঞানং বেত্তি তং জ্ঞানং রাজসং বিদ্ধি॥ ২১॥

হনুমান্।—পৃথক্ত্বেন ভেদেন নানাভাবান্ পৃথগ্বিধান্ ত্রিপ্রকারান্ বেত্তি জানাতি (করণং কর্ত্তৃত্বেনোপচর্য্যতে) সর্ব্বেষু ভূতেষু তজ্জ্ঞানং বিদ্ধি রাজসং॥ ২১॥

শ্রীধর।—রাজসং জ্ঞানমাহ পৃথক্ত্বেনেতি। পৃথক্ত্বেন তু যৎ জ্ঞানমিত্যস্যৈব বিবরণং সর্ব্বেষু ভূতেষু দেহে নানাভাবান্ বস্তুত এবানেকান্ ক্ষেত্রজ্ঞান্ পৃথগ্বিধান্ সুখিদুঃখিত্বাদিরূপেণ বিলক্ষণান্ যেন জ্ঞানেন বেত্তি তং জ্ঞানং রাজসং বিদ্ধি॥ ২১॥

বলদেব।—রাজসজ্ঞানমাহ পৃথক্ত্বেনেতি। সর্ব্বেষু ভূতেষু দেবমনুষ্যাদিদেহেষু জীবাত্মনঃ পৃথক্ত্বেন যজ্জ্ঞানং দেহবিনাশে এবাত্মবিনাশ ইতি যজ্জ্ঞানমিত্যর্থঃ। যেন চ নানাবিধান্ ভাবানভিপ্রায়ান্ বেত্তি। দেহ এবাত্মেতি, দেহাদন্যো দেহপরিমাণ আত্মেতি, ক্ষণিকবিজ্ঞানমাত্মেতি, নিত্যবিজ্ঞানমাত্রবিভুরাত্মেতি, দেহাদন্যো নরবিশেষগুণাশ্রয়োঽজড়ো বিভুরাত্মেত্যেবং লোকায়তিকজৈনবৌদ্ধমায়িতার্কিকাদিবাদান্ যেন জানাতি তদ্রাজসং জ্ঞানং॥২১॥

মধুসূদন।—পৃথগিতি। তু শব্দঃ প্রাগুক্তসাত্ত্বিকব্যতিরেক প্রদর্শনার্থঃ। পৃথক্ত্বেন ভেদেন স্থিতেষু সর্ব্বভূতেষু দেহাদিষু নানাভাবান্ প্রতিদেহমন্যানাত্মনঃ পৃথগ্বিধান্ সুখিদুঃখিত্বাদিরূপেণ পরস্পরবিলক্ষণান্ যেন জ্ঞানেন বেত্তীতি বক্তব্যে যজ্জ্ঞানং বেত্তীতি করণে কর্ত্তৃত্বোপ-চারাদেধাংসি পচন্তীতিবৎ কর্ত্তুরহঙ্কারস্য তদবৃত্ত্যভেদাদ্বা তজ্জ্ঞানং বিদ্ধি রাজসমিতি পুনর্জ্ঞান-গ্রহণাদ্ভেদজ্ঞানমনাত্মভেদজ্ঞানং চ পরামৃশতি তেনাত্মনাং পরস্পরং ভেদস্তেষামীশ্বরাদ্ভেদস্তেষা ঈশ্বরাদন্যোন্যতশ্চাচেতনবর্গস্য ভেদ ইত্যনৌপাধিকভেদপঞ্চকজ্ঞানং কুতার্কিকাণাং রাজস-মেবেত্যভিপ্রায়ঃ॥ ২১॥

নীলকণ্ঠ।—ভেদজ্ঞানে রাজসত্বমাহ পৃথক্ত্বেনেতি। যৎ পৃথক্ত্বেন ভিন্নত্বেন জ্ঞানং তদ্রাজসমিতি সম্বন্ধঃ পৃথক্ত্বেনেত্যেতদ্বিবৃণোতি সর্ব্বেষু ভূতেষু পাঞ্চভৌতিকত্বেনাবিশিষ্টেষু নানাভাবান্ সুরনরতির্য্যক্স্থাবরত্বভেদেন নানাত্বানি বহুবচনমত্যন্তভেদপ্রদর্শনার্থং পৃথগ্বিধান্ একজাতীয়েষ্বপি নরাদিষু প্রত্যেকং বিভিন্নপ্রকারান্ যজ্জ্ঞানং বেত্তি বিষয়ীকরোতীতি যেন জ্ঞানেন বেত্তীতি বক্তব্যে এধাংসি পচন্তীতিবৎ যজ্জ্ঞানং বেত্তীতি করণে কর্ত্তৃত্বোপচারো বোধ্যঃ তেনাত্মনাং পরস্পরভেদস্তেষামীশ্বরাদ্ভেদস্তেষা ঈশ্বরাদন্যোন্যতশ্চ জড়বর্গস্য ভেদ ইত্যনৌপাধিকভেদপঞ্চকজ্ঞানং কুতার্কিকাণাং রাজসমেবেত্যভিপ্রায়ঃ॥ ২১॥

বিশ্বনাথ।—রাজসং জ্ঞানমাহ। সর্ব্বভূতেষু জীবাত্মনঃ পৃথকত্বেন যৎজ্ঞানমিতি দেহনাশঃ এবাত্মনোনাশ ইত্যসুরাণাং মতং। অতএব পৃথক পৃথক দেহেষু পৃথক পৃথগেবাত্মা ইতি তথাশাস্ত্র কারণাৎ পৃথকবিধান্ নানাভাবান্ নানাভিপ্রায়ান। আত্মা [illegible] ইতি, সুখ দুঃখাদ্যনাশ্রয় ইতি, জড় ইতি, চেতন ইতি, ব্যাপক ইতি, অণুপরিমাণ ইতি, অনেক ইতি। ইত্যাদি কল্পান্ যেন এক ইত্যাদি বেদ তদ্রাজসং॥ ২১॥

তাৎপর্য্য।—অতঃপর রাজস জ্ঞানের বিবরণ কীর্ত্তিত হইতেছে। সাত্ত্বিক জ্ঞানে যেরূপ অদ্বৈত দর্শন ঘটিয়া থাকে, রাজস জ্ঞানে তাহা ঘটিতে পারে না। ইহা দ্বৈত দর্শনের বিধায়ক, এজন্য সাত্ত্বিক জ্ঞানের অপেক্ষা নিকৃষ্ট।

এ সংসার বিবিধ প্রকার জীবের নিবাসভূমি। প্রত্যেক ভূতই নানাপ্রকারে অপরের সহিত বিলক্ষণ। জীবরাজ্যে আকৃতি ও প্রকৃতিগত বৈলক্ষণ্যের বিষয় আলোচনা করিলে বিস্ময়াবিষ্ট হইতে হয়। ভিন্ন ভিন্ন জীবের পরস্পর বৈষম্যের কথা ছাড়িয়া দিয়াও কেবল মনুষ্যের বৈলক্ষণ্যের বিষয়ও অতীব আশ্চর্য্যজনক। মনুষ্য নানাজাতিতে বিভক্ত। সেই জাতি সমূহ বর্ণগত, আকৃতিগত নানা রূপে বিলক্ষণ। একজাতি মধ্যস্থ দুইজন মনুষ্যেরও সম্পূর্ণ সৌসাদৃশ্য পরিলক্ষিত হয় না। মুখের গঠন, কণ্ঠস্বর প্রভৃতির বৈলক্ষণ্য সহোদরগণের মধ্যেও বর্ত্তমান। অধিকন্তু মনুষ্যগণ সুখদুঃখাদির তারতম্যানুসারে সাতিশয় বিলক্ষণ। একজন সুখী, আর একজন দুঃখী, অনবরতই দৃষ্ট হয়। বিশেষতঃ এই সুখদুঃখের কারণও অতিশয় পৃথক। যাহাতে একজনের সুখ, তাহাতেই অপরের দুঃখ। কিন্তু মানবের সুখদুঃখের ভাব এবংবিধ পৃথক্ হইলেও অথবা তাহাদিগের মধ্যে নানা প্রকার বৈলক্ষণ্য বিদ্যমান থাকিলেও বস্তুতঃ তাহাদিগের মধ্যে যে পরমাত্মা বিরাজমান আছেন, তিনি সর্ব্বথা অভিন্ন ও সমভাবাপন্ন। যে জ্ঞানের প্রভাবে সেই সাম্য দর্শন উপজাত না হয়, অর্থাৎ যে জ্ঞান বাহ্য বৈলক্ষণ্য অনুসারে সকল জীবকে পৃথক্ বা বিলক্ষণ বলিয়া অনুভব করে, তাহাই রাজস জ্ঞান।

পূজ্যপাদ শ্রীমদ্রামানুজাচার্য্যের অভিপ্রায়। ব্রাহ্মণাদি বিবিধ বিভাগাত্মক সর্ব্বপ্রকার ভূতগ্রামের মধ্যে ব্রাহ্মণাদির পার্থক্য হেতু কর্ম্মাধিকার সময়ে যে জ্ঞান প্রভাবে তত্তাবতের কৃষ্ণত্ব বা শুক্লত্ব, দীর্ঘত্ব বা হ্রস্বত্ব অনুসারে ফলসংযোগ সম্ভাবনা বিরহিত আত্মাও পৃথক্ এবং ফলসংযোগযোগ্যরূপে দৃষ্ট হয়, সেই জ্ঞানের নাম রাজস।

পূজ্যপাদ শ্রীমদ্বলদেবের অভিপ্রায়। দেব মনুষ্যাদি সর্ব্বপ্রকার ভূতদেহে যে জীবাত্মার অধিষ্ঠান আছে, তাহা পরস্পর পৃথক্ এবং দেহবিনাশের সহিতই তাহার বিনাশ হইবে, ইত্যাদিরূপ যে জ্ঞান তাহাই রাজস।

এইরূপ রাজস জ্ঞানের দ্বারা নানারূপ ভাব অর্থাৎ অভিপ্রায় পরিজ্ঞাত হওয়া যায়। লোকায়তগণ (২৪৬ পৃষ্ঠার টিপ্পনী দ্রষ্টব্য) বলিয়া থাকেন, "দেহ এব আত্মা" অর্থাৎ দেহই আত্মা। জৈনগণ (২৬৬৩ পৃষ্ঠার টিপ্পনী দ্রষ্টব্য) বলিয়া থাকেন, "দেহাদন্যো দেহপরিমাণো আত্মা" আত্মা দেহ হইতে ভিন্ন এবং দেহ পরিমিত। বৌদ্ধগণ (২৬৬১ পৃষ্ঠার টিপ্পনী দ্রষ্টব্য) বলিয়া থাকেন, "ক্ষণিক বিজ্ঞানমাত্মা" অর্থাৎ আত্মা ক্ষণিক বিজ্ঞানরূপ। মায়িগণ বলিয়া থাকেন, "নিত্য বিজ্ঞানমাত্র বিভুরাত্মা" অর্থাৎ নিত্য বিজ্ঞানরূপ বিভুই আত্মা। তার্কিকগণ বলিয়া থাকেন, "দেহাদন্যো নব-বিশেষগুণাশ্রয়োহজড়ো বিভুরাত্মা" অর্থাৎ আত্মা দেহ হইতে স্বতন্ত্র নব-বিশেষগুণের আশ্রয় এবং অজড়। ইত্যাকার আত্মসম্বন্ধীয় ভিন্ন ভিন্ন অভিপ্রায় যাহা দ্বারা জানা যায় তাহাই রাজস জ্ঞান।

পূজ্যপাদ শ্রীমন্মধুসূদন ও নীলকণ্ঠের অভিপ্রায়। এই শ্লোকে যে "তু" শব্দ প্রযুক্ত হইয়াছে, তাহা পূর্ব্বশ্লোকোক্ত সাত্ত্বিক জ্ঞানের ব্যতিরেক প্রদর্শনের নিমিত্ত। যে জ্ঞানদ্বারা পৃথক্‌রূপে ভিন্ন ভিন্ন দেহে অবস্থিত আত্মাকে পৃথক্ বলিয়া অনুভব করা যায়, তাহাই রাজস জ্ঞান। দেবতা, মনুষ্য, তির্য্যক্ প্রভৃতি বিভিন্ন দেহে আত্মার বিদ্যমানতা আছে। কিন্তু তত্তাবতের বিভিন্নতা হেতু আত্মাকেও বিভিন্ন বলিয়া যে জ্ঞানে উপলব্ধ হয়, তাহাই রাজস জ্ঞান। এই জ্ঞান প্রভাবে জীবের মধ্যে কাহাকেও সুখী, কাহাকেও বা দুঃখী, কাহাকেও বা হৃষ্ট, কাহাকেও বা ক্লিষ্ট দেখিয়া আত্মা-কেও তদনুরূপে সুখদুঃখাদি জনিত বিভিন্ন ভাবাপন্ন বলিয়া মনে হয়। পূর্ব্ব শ্লোকে "যেন বেত্তি" এই তৃতীয়ান্ত করণ কারকের প্রয়োগ আছে। বর্ত্ত-মান শ্লোকে, "যৎ জ্ঞানং বেত্তি", অর্থাৎ যে জ্ঞান জানে, এইরূপ উল্লেখ দেখা যাইতেছে। কিন্তু জ্ঞান স্বয়ং কিছু জানে না, জ্ঞানের দ্বারা জানা যায়। সুতরাং এস্থলেও করণ কারকের (২৯৮৬ পৃষ্ঠার টিপ্পনী দ্রষ্টব্য) প্রয়োগ হওয়া উচিত ছিল। কিন্তু "এধাংসি পচন্তি" অর্থাৎ কাষ্ঠসমূহ পাক করে, এইরূপ প্রয়োগ স্থলে বস্তুতঃ কাষ্ঠ পাক না করিলেও কাষ্ঠ দ্বারা পাককার্য্যের বোধ বিষয়ে যেরূপ কোনই অসুবিধা হয় না, এস্থলেও তদ্রূপ কোন অসুবিধা নাই। অর্থাৎ "যৎ জ্ঞানং" ইহাদ্বারা যে জ্ঞান দ্বারা এইরূপই বুঝিতে হইবে। কারণ এস্থলে করণে কর্ত্তৃত্বের উপচার

হইয়াছে। মূলে প্রথমে "যজ্জ্ঞানং" উল্লেখ করা হইয়াছে। তদনন্তর আবার "তজ্জ্ঞানং" লিখিত হইয়াছে। এই উভয় স্থলে জ্ঞানপদের প্রয়োগ অনাবশ্যক নহে। কারণ এই উভয় জ্ঞানপদের দ্বারা আত্মভেদ-জ্ঞান এবং অনাত্ম ভেদজ্ঞান সূচিত হইতেছে। এতদ্দ্বারা আত্মা সমূহের পরস্পর ভেদ, ঈশ্বর হইতে তত্ত্বাবতের ভেদ, তত্ত্বাবৎ হইতে ঈশ্বরের ভেদ, তাহার অন্যোন্য ভেদ এবং অচেতনবর্গ হইতে আত্মার ভেদ, কুতার্কিক দিগের অভিপ্রায়সঙ্গত এই পঞ্চ প্রকার মিথ্যা ভেদজ্ঞান রাজস নামে অভিহিত। (এই পঞ্চ প্রকার ভেদ সম্বন্ধে এই শ্লোকস্থ বলদেব বিদ্যা-ভূষণের তাৎপর্য্য দ্রষ্টব্য) ॥ ২১ ॥

——•:):•:(:•——

যত্তু কৃৎস্নবদেকস্মিন্ কার্য্যে সক্তমহৈতুকম্।
অতত্ত্বার্থবদল্পঞ্চ তত্তামসমুদাহৃতম্ ॥ ২২ ॥

অন্বয়।—যৎ (জ্ঞানং) তু একস্মিন্ কার্য্যে (দেহপ্রতিমাদৌ) কৃৎস্নবৎ (পরিপূর্ণবৎ) সক্তং (অভিনিবিষ্টং) অহৈতুকং (অযুক্তিকং) অতত্ত্বার্থবৎ (তত্ত্বানুসন্ধানশূন্যং) অল্পং (তুচ্ছং) চ তৎ (জ্ঞানং) তামসং উদাহৃতং (উক্তং) ॥ ২২ ॥

প্রতিশব্দ।—যে জ্ঞান এক দেহাদি-কার্য্যে সম্পূর্ণের-ন্যায় অভি-নিবিষ্ট, যুক্তি রহিত, তত্ত্বার্থ-শূন্য এবং তুচ্ছ, তাহা তামস কথিত-হয় ॥ ২২ ॥

ব্যাখ্যা।—যে জ্ঞান কেবল একমাত্র দেহ বা প্রতিমাদিকেই আত্মা বা ঈশ্বর জ্ঞানে তাহাতে সম্পূর্ণরূপে আসক্ত, যাহা হেতু প্রমাণাদি শূন্য, অপারমার্থিক এবং তুচ্ছ, তাহাই তামস জ্ঞান নামে অভিহিত হয় ॥ ২২ ॥

শঙ্করাচার্য্য।—যদিতি। যত্তু জ্ঞানং কৃৎস্নবৎ সর্ব্ববিষয়মিব একস্মিন কার্য্যে দেহে বহির্ব্বা প্রতিমাদৌ সক্তং এতাবানেবাত্মেশ্বরোবা নাতঃ পরমস্তীতি যথা নগ্নক্ষপণকাদীনাং শরীরান্তর্ব্বর্ত্তী দেহপরিমাণো জীব ঈশ্বরোবা পাষাণদারুতাম্রাদিমাত্রং ইত্যেবং একস্মিন্ কার্য্যে সক্তম-

হৈতুকং হেতুবর্জ্জিতং অযুক্তিকং নিষ্প্রমাণকমতত্ত্বার্থবৎ অযথাভূতার্থবৎ যথাভূতোঽর্থস্তত্ত্বার্থঃ সোঽস্য জ্ঞেয়ভূতোঽস্তীতি তত্ত্বার্থবৎ ন তত্ত্বার্থবদতত্ত্বার্থবদহৈতুকত্বাদেবাল্পঞ্চাল্পবিষয়ত্বাদল্পফলত্বাদ্বা তত্তামসমুদাহৃতং তামসানাং হি প্রাণিনামবিবেকিনামীদৃশং জ্ঞানং দৃশ্যতে॥ ২২॥

আনন্দগিরি।—যত্ত্বিতি। সক্তত্বমেব ব্যাচষ্টে এতাবানিতি। একস্মিন্‌কার্য্যে জ্ঞানস্য সক্তত্বমেব দৃষ্টান্তেন সাধয়তি যথেত্যাদিনা। যদযুক্তিকত্বমেব জ্ঞানস্য তামসত্বে কারণমিত্যাহ অহৈতুকত্বাদিতি। স্বরূপতো বিষয়তশ্চ তামসত্বং ফলতোঽপ্যাহ অল্পমিতি। তামসং জ্ঞানমুক্তলক্ষণমিত্যজ্ঞানানুভবং প্রমাণয়তি তামসানাং হীতি॥ ২২॥

রামানুজ।—যত্ত্বিতি। যত্তু জ্ঞানমেকস্মিন্ কার্য্যে একস্মিন্ কর্ত্তব্যে কর্ম্মণি প্রেতভূতগণাদ্যারাধনরূপেঽত্যল্পফলে কৃৎস্নফলবৎসক্তমহৈতুকং বস্তুতস্তু কৃৎস্নফলবত্ত্বা তথাবিধাসঙ্গহেতুরহিতং অতত্ত্বার্থবৎ পূর্ব্ববদেবাত্মানি পৃথক্ত্বাদিযুক্ততয়া মিথ্যাভূতার্থবিষয়ং অত্যল্পফলঞ্চ প্রেতাদ্যারাধনরূপাবিষয়ত্বাদল্পঞ্চ তজ্জ্ঞানং তামসমুদাহৃতং॥ ২২॥

হনুমান্।—যজ্জ্ঞানং কৃৎস্নবৎ সর্ব্বথা একস্মিন্ কার্য্যে দেহে প্রতিমাদৌ বা সক্তং নিবিষ্টং নাতঃ পরমস্তীতি অহৈতুকমযুক্তিকমতএবাতত্ত্বার্থবৎ চাপরমার্থবিষয়ং অল্পঞ্চ অল্পত্বাৎ অল্পবিষয়ত্বাদল্পফলং বা তজ্জ্ঞানং তামসং তমঃপ্রভাবমুদাহৃতমুক্তং তামসানাং হি প্রাণিনামবিবেকিনামীদৃশং জ্ঞানং দৃশ্যতে॥ ২২॥

শ্রীধর।—তামসং জ্ঞানমাহ যত্ত্বিতি। একস্মিন্ কার্য্যে দেহে প্রতিমাদৌ বা কৃৎস্নবৎ পরিপূর্ণবৎ সক্তং এতাবানেবাত্মা ঈশ্বরো বেত্যভিনিবেশযুক্তং অহৈতুকং নিরুপপত্তিকং অতত্ত্বার্থবৎ পরমার্থালম্বনশূন্যং অতএবাল্পং তুচ্ছং অল্পবিষয়ত্বাৎ অল্পফলত্বাচ্চ যদেবম্ভূতং জ্ঞানং তত্তামসমুদাহৃতং॥ ২২॥

বলদেব।—তামসং জ্ঞানমাহ যত্ত্বিতি। যত্তু জ্ঞানমহৈতুকং স্বাভাবিকং ন তু শাস্ত্রোক্তহেতোর্জ্জাতং। অতএবৈকস্মিন্ লৌকিকে স্নানভোজনযোষিৎপ্রসঙ্গাদৌ কার্য্যে ন তু বৈদিকে যাগদানাদৌ সক্তং কৃৎস্নবৎ পূর্ণং নাতোঽধিকমস্তীত্যর্থঃ। অতএবাতত্ত্বার্থবৎ। যত্র তত্ত্বরূপোঽর্থো নাস্তি। অল্পং পশ্বাদিসাধারণ্যাত্তুচ্ছং তল্লৌকিকস্নানভোজনাদিজ্ঞানং তামসং॥ ২২॥

মধুসূদন।—যত্ত্বিতি। তুশব্দো রাজসাদ্বিশিনষ্টি বহুষু ভূতকার্য্যেষু বিদ্যমানেষু একস্মিন্ কার্য্যে বিকারে ভূতদেহে প্রতিমাদৌ বা অহৈতুকং হেতুরূপপত্তিস্তদ্রহিতং অন্যেষাং ভূতকার্য্যাণামাত্মত্বাভাবে কথমেকস্য তাদৃশত্বমিত্যনুসন্ধানশূন্যং কৃৎস্নবৎ সক্তং এতাবানেবাত্মা ঈশ্বরো বা নাতঃ পরমস্তীত্যভিনিবেশেন সক্তং যথা দিগম্বরাণাং শরীরপরিমাণ আত্মেতি যথা চার্ব্বাকাণাং দেহ এবাত্মেতি এবং পাষাণদার্ব্বাদিমাত্রমীশ্বর ইত্যেকস্মিন্ কার্য্যে সক্তমহৈতুকত্বাদেবাতত্ত্বার্থবৎ ন তত্ত্বার্থালম্বনং অল্পঞ্চ নিত্যত্ববিভুত্বগ্রহাৎ ঈদৃশং নিত্যবিভুদেহাতিরিক্তাত্মতত্ত্বাতিরিক্তেশ্বরগ্রাহিতার্কিকজ্ঞানবিলক্ষণমনিত্যপরিচ্ছিন্নদেহাত্মাভিমানরূপং চার্ব্বাকাদীনাং তত্তামসমুদাহৃতং তামসানাং প্রাকৃতজনানামীদৃশজ্ঞানদর্শিতঃ॥ ২২॥

নীলকণ্ঠ।—যত্ত্বিতি। যত্ত্ব জ্ঞানমেকস্মিন্ কার্য্যে দেহে প্রতিমাদৌ বা কৃৎস্নবৎ পরিপূর্ণবদেতাবানেবাত্মা ঈশ্বরোবেতি সক্তমভিনিবেশযুক্তং অহৈতুকং নিরুপপত্তিকং অতত্ত্বার্থবৎ পরমার্থাবলম্বনশূন্যঃ অল্পং তুচ্ছবিষয়ত্বাদল্পফলবিষয়ত্বাদল্পফলত্বাচ্চ যদেবংভূতং জ্ঞানং তৎ তামসমুদাহৃতং॥ ২২॥

বিশ্বনাথ।—তামসং জ্ঞানমাহ। যত্তু জ্ঞানমহৈতুকমৌৎপত্তিকমেব অতএবৈকস্মিন্ কার্য্যে লৌকিকে এব স্নানভোজনপানস্ত্রীসংভোগে তৎ সাধনেচ কর্ম্মণি সক্তং নতু বৈদিকে কর্ম্মণি যজ্ঞদানাদৌ অতএব অতত্ত্বার্থবৎ। তত্র তত্ত্বরূপোঽর্থং কোপি নাস্তীত্যর্থঃ। অল্পং পশূনামিব যৎক্ষুদ্রং তৎ তামসং জ্ঞানং দেহাত্মতিরিক্তত্বেন তৎ পদার্থং জ্ঞানং সাত্ত্বিকং নানা-বাদপ্রতিপাদকং ন্যায়াদিশাস্ত্রজ্ঞানং রাজসং স্নানভোজনাদি ব্যবহারিকজ্ঞানং তামসমিতি সংক্ষেপঃ॥ ২২॥

তাৎপর্য্য।—অতঃপর তামস জ্ঞানের বিষয় বিবৃত হইতেছে। সাত্ত্বিক ও রাজসিক জ্ঞান হইতে তামস জ্ঞান সম্পূর্ণ বিলক্ষণ। সাত্ত্বিক জ্ঞানে সমদর্শন জন্মে, এবং তজ্জনিত পরমাত্মতত্ত্ব প্রণিধান হয়। রাজস জ্ঞানে সেরূপ পরম ফল লব্ধ হয় না, কিন্তু সাধনার পরিপাকে রাজস জ্ঞানও সাধককে পরমফল প্রাপ্তির পথে লইয়া যাইতে পারে। কিন্তু তামস জ্ঞান বড়ই অধম। তাহা কুপথেই মনুষ্যকে পরিচালিত করে এবং ভ্রমের কূপেই নিমজ্জিত করিয়া রাখে। সুতরাং এই তামস জ্ঞান কেবল অধো-গতিরই হেতুভূত বলিয়া বিবেচিত হইয়াছে।

যে জ্ঞান প্রভাবে মনুষ্য একমাত্র বিষয়েই সর্ব্ব জ্ঞাতব্যের সম্মিলন দর্শন করে, অর্থাৎ যে জ্ঞানে দেহ অথবা প্রতিমাদিতে আত্মা বলিয়া বিশ্বাস জন্মে, এবং তত্তাবতই একান্ত সাধ্য বলিয়া অনুভূতি হয়, সেইরূপ জ্ঞান ভ্রমের হেতুভূত। কারণ কুতার্কিকগণ, অবিশ্বাসী বা নাস্তিকগণ দেহকে আত্মা বলিয়া মনে করে এবং দেহের পরিপোষণ ও সৌন্দর্য্য সংসাধনই জীবনের ব্রত বলিয়া জ্ঞান করে, অথবা জ্ঞানের অপূর্ণতা হেতু প্রতিমাদি বস্তু বিশেষকে ঈশ্বর বলিয়া তাহারা বিশ্বাস করে এবং সেই প্রতিমার অর্চ্চনাদিতেই পরিতৃপ্ত থাকে। তাহারা মনে করে যে, সেই অঙ্গাদি সহকৃত সীমাবদ্ধ মনুষ্য হস্তনির্ম্মিত প্রতিমাই আত্মা, তদতিরিক্ত জ্ঞান বা আত্ম তত্ত্বান্বেষণ অনাবশ্যক। এইরূপ জ্ঞান সর্ব্বথা নিন্দনীয়; কারণ এই জ্ঞান অহৈতুক অর্থাৎ হেতুবিহীন। সংসারে কার্য্য কারণ বিবেচনা

করিয়া যুক্তি পরম্পরা দ্বারা যে মীমাংসায় উপনীত হওয়া যায়, তাহাই সহৈতুক; কেবল অন্ধবিশ্বাসের বশবর্ত্তী হইয়া, কোনরূপ বিশেষ কারণ বিচার না করিয়া যে অসঙ্গত মীমাংসায় উপনীত হওয়া যায়, তাহাই অহেতুক। অপিচ এই জ্ঞান অতত্ত্বার্থবৎ অর্থাৎ তত্ত্বদ্বারা যে অর্থ নিরূপিত হয়, এ জ্ঞান তাহার বিরোধী। তত্ত্বালোচনা ও তত্ত্বান্বেষণ প্রবৃত্তিমূলা সাধনা দ্বারা এ সংসারে সকল অর্থ অর্থাৎ জ্ঞাতব্য তথ্য নিরূপিত হইয়া থাকে। যে জ্ঞান প্রভাবে সেই প্রকৃষ্ট ও সমীচীন উপায়ের ব্যতিক্রম করিয়া ইচ্ছানুগত কল্পনাপ্রসূত বিচার-বিগর্হিত অভিপ্রায় সিদ্ধ করা হয়, তাহাই তত্ত্বার্থ বিবর্জ্জিত। অতএব এতাদৃশ জ্ঞান নিতান্ত অকিঞ্চিৎকর বলিয়া বুঝিতে হইবে। এই জন্যই এইরূপ তুচ্ছ জ্ঞান তামস নামে অভিহিত হইয়া থাকে। উল্লিখিতরূপ ব্যাখ্যা পূজ্যপাদ শ্রীমচ্ছঙ্করাচার্য্য, শ্রীমদানন্দগিরি, শ্রীমৎশ্রীধরস্বামী, শ্রীমদ্ধনুমান প্রভৃতির অভিপ্রায় সঙ্গত। (নিম্নে শ্রীমন্মধুসূদন সরস্বতীর অভিপ্রায়ে এই ভাব আরও স্পষ্টীকৃত হইবে)।

পূজ্যপাদ শ্রীমদ্রামানুজাচার্য্যের অভিপ্রায়। যে জ্ঞানে মনুষ্য সামান্য ফলপ্রদ অকিঞ্চিৎকর ভূত প্রেতাদির পূজনরূপ তুচ্ছ কর্ম্মকে সর্ব্বফলপ্রদ পরম কার্য্য বলিয়া অনুসরণ করে, অর্থাৎ সামান্য ফলপ্রদ হীন কার্য্যকেই সর্ব্বপ্রকার ফলবিধায়ক মহৎ কর্ত্তব্য বলিয়া গ্রহণ করে, তাহাই তামস জ্ঞান। এই জ্ঞান অহেতুক অর্থাৎ সামান্য ও সীমাবদ্ধ ফলবিধায়ক। অপিচ এই জ্ঞান মিথ্যাভূত বিষয়পরায়ণ এবং প্রেতাদি আরাধনরূপ কর্ম্মজনিত অতি সামান্য ফলের উৎপাদক। এইরূপ জ্ঞান তামস।

পূজ্যপাদ শ্রীমদ্বলদেবের অভিপ্রায়। শাস্ত্রাদি অধ্যয়ন জনিত যে জ্ঞান তাহাই হৈতুক; কিন্তু যে জ্ঞান স্বাভাবিক অর্থাৎ শাস্ত্রাদি অধ্যয়ন দ্বারা সঞ্জাত নহে, তাহাই অহৈতুক। এইরূপ অহৈতুক জ্ঞান প্রভাবে মনুষ্য স্নান ভোজন এবং রমণীসঙ্গ জনিত আনন্দাদি প্রসঙ্গে যেরূপ আসক্ত হইয়া থাকে, বৈদিক যজ্ঞদানাদি ক্রিয়া কাণ্ডে তাদৃশ আসক্তি কখনই হয় না। তাহারা অবলম্বিত অকিঞ্চিৎকর কার্য্যকে সম্পূর্ণ বলিয়া মনে করে এবং বিশ্বাস করে যে, তদপেক্ষা অধিক আর কিছুই নাই। এই জন্যই তাহাদিগের অবলম্বিত কার্য্য তত্ত্বরূপ অর্থ বিহীন। তাদৃশ

কার্য্য অল্প অর্থাৎ তুচ্ছ। কারণ পশুদিগের সহিত তাহা সমান। ইহার ভাবার্থ এই যে, পশুরাও আহার, নিদ্রা, ভয়, মৈথুন, এই সকল প্রবৃত্তির অধীন হইয়া জীবনপাত করে। যে জ্ঞান প্রভাবে মনুষ্যেরা তাদৃশ কার্য্য-মাত্র অবলম্বন করে, তাহাদিগের অনুষ্ঠান যে অতি তুচ্ছ, এ কথা বলাই বাহুল্য। এইরূপ লৌকিক স্নান ভোজনাদি বিধায়ক যে জ্ঞান, তাহাই তামস।

পূজ্যপাদ শ্রীমন্মধুসূদনের অভিপ্রায়। মূলস্থিত "তু" শব্দ রাজসাদি জ্ঞানের সহিত ভিন্নার্থ প্রতিপাদনের নিমিত্ত প্রযুক্ত হইয়াছে। বহু প্রকার জীবকার্য্যে অর্থাৎ জীবন ধারণ, ধর্ম্মসাধন, পারলৌকিক সদ্গতি অন্বেষণ প্রভৃতি কার্য্যে প্রবৃত্ত থাকিয়াও একমাত্র কার্য্যে অত্যাসক্তি তামস জ্ঞানের পরিণাম স্বরূপ। মানবের বিকারস্বরূপ এই ভূতদেহে বা প্রতি-মাদিতে অহেতুক অর্থাৎ উপপত্তি রহিত জ্ঞানই তামস। সংসারে বহু ভূতদেহ এবং বহু প্রতিমাদি বিদ্যমান থাকিলেও অন্যত্র আত্মার বিদ্য-মানতা অনুসন্ধান না করিয়া কেবল একমাত্র দেহাদিতে আত্মবোধ করাই অহেতুক জ্ঞান। এইরূপ জ্ঞানে সেই একমাত্র বিষয়েই আত্মা বলিয়া বিশ্বাস এবং ইহার অতিরিক্ত স্বতন্ত্র ঈশ্বর নাই বলিয়া তদ্বিষয়ে একান্ত লগ্ন হইয়া থাকে। দৃষ্টান্তস্বরূপে কথিত হইতেছে যে, দিগম্বরগণ (২৪৭ পৃষ্ঠার টিপ্পনী দ্রষ্টব্য) এই সাবয়ব পরিমিত দেহকেই আত্মা বলিয়া জ্ঞান করে অথবা চার্ব্বাকগণ (২৪৬ পৃষ্ঠার টিপ্পনী দ্রষ্টব্য) দেহকেই আত্মা বলিয়া বিশ্বাস করে। পাষাণ বা দারু বিশেষকে ঈশ্বরবোধে তৎপ্রতি আসক্তি এইরূপ জ্ঞানের পরিণাম। এইরূপ জ্ঞান অহেতুক সুতরাং অতত্ত্বার্থবৎ অর্থাৎ তত্ত্বার্থরূপ আলম্বনশূন্য। ইহা অল্প; কারণ নিত্য স্বরূপ বিভুস্বরূপ ঈশ্বরকে গ্রহণ না করিয়া এই জ্ঞানে ক্ষুদ্র সীমাবদ্ধ অনিত্য দেহাদিকে ঈশ্বররূপে পরিগৃহীত হইয়া থাকে। অপরিচ্ছিন্ন পরম বস্তু পরিত্যাগ করিয়া পরিচ্ছিন্ন ক্ষুদ্র বস্তুকে তার্কিক চার্ব্বাকাদির মতানুসারে গ্রহণ করাই তামস জ্ঞানের লক্ষণ। তামস অর্থাৎ প্রাকৃত জনদিগেরই এইরূপ জ্ঞান উদাহৃত অর্থাৎ কথিত হয়। ২২॥

—:o:—

নিয়তং সঙ্গরহিতমরাগদ্বেষতঃ কৃতং।
অফলপ্রেপ্সুনা কর্ম্ম যত্তৎ সাত্ত্বিকমুচ্যতে ॥ ২৩ ॥

অন্বয়।—অফলপ্রেপ্সুনা (ফলাকাঙ্ক্ষাবিরহিতেন) নিয়তং (নিত্যং) সঙ্গরহিতং (আসক্তিবর্জ্জিতং) অরাগদ্বেষতঃ (রাগদ্বেষ-শূন্যেন) কৃতং যৎ কর্ম্ম, তৎ (কর্ম্ম) সাত্ত্বিকং উচ্যতে (কথ্যতে) ॥২৩॥

প্রতিশব্দ।—ফলাকাঙ্ক্ষা-শূন্য-ব্যক্তি-কর্ত্তৃক নিত্য আসক্তি-রহিত রাগ-দ্বেষ-শূন্য-ভাবে কৃত যে কর্ম্ম, তাহা সাত্ত্বিক কথিত-হয় ॥ ২৩ ॥

ব্যাখ্যা।—ফলকামনা পরিশূন্য মানব নিত্য আসক্তিশূন্য ভাবে অনুরাগ এবং দ্বেষ বিরহিত হইয়া যে কর্ম্মের অনুষ্ঠান করেন, সেই কর্ম্মই সাত্ত্বিক নামে অভিহিত হইয়া থাকে ॥ ২৩ ॥

শঙ্করাচার্য্য।—অথ কর্ম্মণাং ত্রৈবিধ্যমুচ্যতে নিয়তমিতি। নিয়তং নিত্যং সঙ্গরহিত-মাসক্তিবর্জ্জিতমরাগদ্বেষতঃ কৃতং রাগপ্রযুক্তেন দ্বেষপ্রযুক্তেন চ কৃতং তদ্বিপরীতং কৃতমরাগদ্বেষতঃ কৃতমফলপ্রেপ্সুনা ফলং প্রেপ্সতীতি ফলপ্রেপ্সুঃ ফলতৃষ্ণস্তদ্বিপরীতেনাফলপ্রেপ্সুনা কর্ত্রা কৃতং কর্ম্ম যত্তৎ সাত্ত্বিকমুচ্যতে ॥ ২৩ ॥

আনন্দগিরি।—ত্রিবিধং কর্ম্ম বক্তুমনন্তরশ্লোকত্রয়মবতারয়তি অথেতি। তত্র সাত্ত্বিকং কর্ম্ম নিরূপয়তি নিয়তমিতি ॥ ২৩ ॥

রামানুজ।—এবং কর্ত্তব্য কর্ম্ম বিষয়জ্ঞানস্যাধিকারবেলায়ামধিকার্য্যংশেন গুণতস্ত্রৈবিধ্যমুক্ত্বানুষ্ঠেয়স্য কর্ম্মণো গুণতস্ত্রৈবিধ্যমাহ নিয়তমিতি। নিয়তং স্ববর্ণাশ্রমোচিতং সঙ্গরহিতং কর্তৃত্বাদিসঙ্গরহিতং অরাগদ্বেষতঃ কৃতং কীর্ত্তিরাগাদকীর্ত্তিদ্বেষাচ্চ ন কৃতং অদম্ভেন কৃতমিত্যর্থঃ। অফলপ্রেপ্সুনা অফলাভিসন্ধিনা কার্য্যমিত্যেব কৃতং যৎ কর্ম্ম তৎসাত্ত্বিকং কর্ম্মেত্যুচ্যতে ॥ ২৩ ॥

হনুমান্।—নিয়তং নিত্যং সঙ্গরহিতং ফলেচ্ছাবর্জ্জিতমরাগদ্বেষতঃ কৃতং শাস্ত্রচোদিত-মিত্যর্থঃ। অফলপ্রেপ্সুনা কর্ত্রা কৃতং কর্ম্ম যত্তৎ সাত্ত্বিকমুচ্যতে ॥ ২৩ ॥

শ্রীধর।—ইদানীং ত্রিবিধং কর্ম্মাহ নিয়তমিতি ত্রিভিঃ। নিয়তং নিত্যতয়া বিহিতং সঙ্গরহিতমভিনিবেশশূন্যং অরাগদ্বেষতঃ পুত্রাদিপ্রীত্যা বা শত্রুদ্বেষেণ বা যৎ কৃতং ন ভবতি ফলং প্রাপ্তুমিচ্ছতীতি ফলপ্রেপ্সুস্তদ্বিলক্ষণেন নিষ্কামেণ কর্ত্রা যৎ কৃতং কর্ম্ম তৎ সাত্ত্বিকমুচ্যতে ॥ ২৩ ॥

বলদেব।—অথ কর্ম্মত্রৈবিধ্যমাহ নিয়তমিতি ত্রিভিঃ। নিয়তং স্ববর্ণাশ্রমবিহিতং।

সঙ্গরহিতং কর্ত্তৃত্বাভিনিবেশবর্জ্জিতং। অরাগদ্বেষতঃ কৃতং কীর্ত্ত্যৈ রাগাদকীর্ত্ত্যৈ দ্বেষাচ্চ যন্ন কৃতং কিন্ত্বীশ্বরার্চ্চনতয়ৈবাফলপ্রেপ্সুনা ফলেচ্ছাশূন্যেন যৎ কর্ম্ম কৃতং তৎ সাত্ত্বিকং॥ ২৩॥

মধুসূদন।—তদেবমৌপনিষদানামদ্বৈতাত্মদর্শনং সাত্ত্বিকমুপাদেয়ং মুমুক্ষুভির্দ্বৈতদর্শিনাং তু নিত্যবিভুপরস্পরবিভিন্নাত্মদর্শনং রাজসং অনিত্যপরিচ্ছিন্নাত্মদর্শনঞ্চ তামসং হেয়মুক্তং, সংপ্রতি ত্রিবিধং কর্ম্মোচ্যতে নিয়তমিতি। নিয়তং যাবদঙ্গোপসংহারাসমর্থানামপি ফলাবশ্যংভাবব্যাপ্তং নিত্যমিতি যাবৎ সঙ্গোঽহমেব মহাযাজ্ঞিক ইত্যাদ্যভিমানরূপোঽহঙ্কারাপরপর্য্যায়ো রাজসোগর্ব্ব বিশেষস্তেন শূন্যং সঙ্গরহিতং যাবদজ্ঞানং তু কর্ত্তৃত্বভোক্তৃত্বপ্রবর্ত্তনোঽহঙ্কারোঽনুবর্ত্তত এব সাত্ত্বিকস্যাপি তদ্রহিতস্য তত্ত্ববিদো ন কর্ম্মাধিকার ইত্যুক্তমসকৃৎ রাগোরাজসম্মানাদিকমনেন লপ্স্যে ইত্যভিপ্রায়ঃ দ্বেষঃ শত্রুমনেন পরাজেষ্য ইত্যভিপ্রায়স্তাভ্যাং ন কৃতং অফলপ্রেপ্সুনা ফলাভিলাষরহিতেন কর্ত্রা যৎ কৃতং কর্ম্ম যাগদানহোমাদি তৎ সাত্ত্বিকমুচ্যতে॥ ২৩॥

নীলকণ্ঠ।—অথ কর্ম্মত্রৈবিধ্যমাহ নিয়তমিত্যাদিনা। নিয়তং নিত্যং সঙ্গরহিতমভিমানবর্জ্জিতং, রাগ ইষ্টে প্রীতিঃ দ্বেষোঽনিষ্টাবপ্রীতিস্তাভ্যাং কৃতমিষ্টানিষ্টপ্রাপ্তিপরিহারার্থং কৃতং রাগদ্বেষতঃ কৃতং তদন্যদরাগদ্বেষতঃ কৃতং নিষ্কামমিত্যর্থঃ ফলঞ্চ লীয়তে চেতি ফলং ক্রিয়য়া প্রাপ্যমনাত্মবস্তু তদন্যদফলমনাগন্তুকং পরিপূর্ণমবিনাশি আত্মতত্ত্বং তৎপ্রেপ্সুনা কৃতং "বিবিদিষন্তি যজ্ঞেনে"তি শ্রুত্যা আত্মলাভার্থং যজ্ঞাদেবিনিয়োগাৎ তৎ কর্ম্ম সাত্ত্বিকমুচ্যতে॥ ২৩॥

বিশ্বনাথ।—ত্রিবিধং জ্ঞানমুক্ত্বা ত্রিবিধং কর্ম্মাহ নিয়তমিতি। নিয়তং নিত্যত্বয়াবিহিতং সঙ্গরহিতং অভিনিবেশশূন্যং অতএবারাগদ্বেষতঃ রাগদ্বেষাভ্যাং বিনৈব কৃতং। অফলপ্রেপ্সুনা ফলাকাঙ্ক্ষারহিতেনৈব কর্ত্রা কৃতং কর্ম্ম যৎ সাত্ত্বিকং॥ ২৩॥

তাৎপর্য্য।—জ্ঞানের ত্রৈবিধ্য আলোচনা করিয়া এক্ষণে শ্রীভগবান্ কর্ম্মের সাত্ত্বিকাদি ত্রিবিধ ভাবের বিবরণ করিতে প্রবৃত্ত হইতেছেন। যেরূপ কর্ম্ম এই গ্রন্থের পূর্ব্বভাগে বহুশঃ প্রশংসিত হইয়াছে এবং যে নিষ্কাম কর্ম্মের উপর ভিত্তি স্থাপন করিয়া জ্ঞানরূপ পরম সৌধ বিনির্ম্মাণের ব্যবস্থা হইয়াছে, তাহাই সাত্ত্বিক কর্ম্ম। অধুনা সেই পরমোন্নতি বিধায়ক কর্ম্মের সকল ভাব পর্য্যালোচন ব্যপদেশে প্রথমে সাত্ত্বিক ভাবের বিন্যাস হইতেছে।

যে সকল কর্ম্ম নিত্যবিহিত অর্থাৎ যে সকল কর্ম্মানুষ্ঠানের নিমিত্ত নিত্যবিধি প্রযুক্ত হইয়াছে, তত্তাবৎ সঙ্গরহিত ভাবে অনুষ্ঠেয়; অর্থাৎ সেই সকল কর্ম্মের প্রতি আসক্তি বিবর্জ্জিত হওয়া আবশ্যক। আমি মহা যাজ্ঞিক, আমি প্রধান কর্ম্মপরায়ণ, ইত্যাকার অহঙ্কার রূপ সঙ্গ পরিহার করাই শ্রেয়ঃ। অপিচ তত্তাবৎ কর্ম্ম রাগদ্বেষ বিবর্জ্জিত ভাবে সম্পাদন

করাই সুসঙ্গত। কোনরূপ বিশেষ ফলাকাঙ্ক্ষা প্রণোদিত হইয়া কর্ম্মানুষ্ঠান করিলে অথবা ব্যক্তিবিশেষের প্রতি বিদ্বেষ বুদ্ধির বশবর্ত্তী হইয়া কর্ম্ম করিলে রাগদ্বেষের পরিচয় প্রদান করা হয়। অপত্যাদির প্রীতির নিমিত্ত অথবা রাজসম্মানাদি লাভ কামনায় কর্ম্মানুষ্ঠান করাই রাগের পরিচায়ক; শত্রুবিশেষকে পরাভূত করিবার বাসনায় অথবা পরানিষ্ট কামনায় কার্য্যানুষ্ঠান দ্বেষের পরিচায়ক। এতদুভয়ই নিন্দনীয়। এইরূপ ভাবে ফলকামনা বিবর্জ্জিত ব্যক্তি কর্ত্তৃক যে কর্ম্ম অনুষ্ঠিত হয়, তাহাই সাত্ত্বিক-নামে কীর্ত্তিত হয়। অতএব সহজেই উপলব্ধ হইতেছে যে, বারংবার বিবিধ বিধানে যে নিষ্কাম কর্ম্মের বহু প্রশংসা কীর্ত্তিত হইয়াছে, তাহাই সাত্ত্বিক কর্ম্ম।

পূজ্যপাদ শ্রীমদ্রামানুজাচার্য্যের অভিপ্রায়। এক্ষণে অনুষ্ঠেয় কর্ম্মের গুণানুসারে ত্রৈবিধ্য কথিত হইতেছে। নিয়ত অর্থাৎ স্ববর্ণাশ্রমোচিত সঙ্গরহিত অর্থাৎ কর্তৃত্বাদি সঙ্গরহিত। অরাগদ্বেষকৃত অর্থাৎ কীর্ত্তিরূপ রাগ অথবা অকীর্ত্তিরূপ দ্বেষপ্রযুক্ত অনুষ্ঠিত নহে; অর্থাৎ দম্ভরহিত ভাবে অনুষ্ঠিত। ফলাভিসন্ধি রহিত ব্যক্তি কর্ত্তৃক অনুষ্ঠিত কার্য্য সাত্ত্বিক নামে অভিহিত হইয়া থাকে। পূজ্যপাদ শ্রীমধ্বদেব উল্লিখিত রূপ অভিপ্রায় ব্যক্ত করিয়া উপসংহার কালে লিখিয়াছেন যে, ঈশ্বরার্চ্চন বুদ্ধির বশবর্ত্তী হইয়া ফলকামনা বিরহিত ব্যক্তি কর্ত্তৃক যে কর্ম্ম অনুষ্ঠিত হয় তাহাই সাত্ত্বিক ॥ ২৩ ॥

—:*:—

যত্তু কামেপ্সুনা কর্ম্ম সাহঙ্কারেণ বা পুনঃ।
ক্রিয়তে বহুলায়াসং তদ্রাজসমুদাহৃতং ॥ ২৪ ॥

অন্বয়।—যৎ তু কর্ম্ম কামেপ্সুনা (ফলাভিলাষিণা) সাহঙ্কারেণ (অহঙ্কারযুক্তেন) বা পুনঃ ক্রিয়তে (অনুষ্ঠীয়তে) বহুলায়াসং (অতিক্লেশযুক্তং) তৎ (কর্ম্ম) রাজসং উদাহৃতং (উক্তং) ॥ ২৪ ॥

প্রতিশব্দ।—যে কর্ম্ম ফলাভিলাষী বা অহঙ্কার-যুক্ত [ব্যক্তি-কর্ত্তৃক] অনুষ্ঠিত-হয়, বহু-ক্লেশ-যুক্ত সেই-কর্ম্ম রাজস উক্ত-হয় ॥২৪॥

ব্যাখ্যা।—ফলাভিলাষী বা অহঙ্কারী ব্যক্তি কামনা বা গর্ব্বসহকারে যে কর্ম্মের অনুষ্ঠান করে, সেই বিবিধ আয়াসযুক্ত কর্ম্মই রাজস নামে অভিহিত হইয়া থাকে ॥ ২৪ ॥

শঙ্করাচার্য্য।—যদিতি। যত্তু কামেপ্সুনা কর্ম্মফলপ্রেপ্সুনেত্যর্থঃ কর্ম্ম সাহঙ্কারেণেতি ন তত্ত্বজ্ঞানাপেক্ষয়া কিং তর্হি লৌকিকশ্রোত্রিয়নিরহংকারাপেক্ষয়া যোহি পরমার্থনিরহংকার আত্মবিন্ন তস্য কামেপ্সুত্ববহুলায়াসকর্তৃত্বপ্রাপ্তিরস্তি সাত্ত্বিকস্যাপি কর্ম্মণোহনাত্মবিৎ সাহংকারঃ কর্ত্তা কিমুত রাজসতামসয়োর্লোকেহনাত্মবিদপি শ্রোত্রিয়োনিরহঙ্কারঃ উচ্যতে নিরহংকারো যোহয়ং ব্রাহ্মণঃ ইতি তস্মাত্তদপেক্ষয়ৈব সাহংকারেণ বেত্যুক্তং। পুনঃশব্দঃ পাদপূরণার্থঃ। ক্রিয়তে বহুলায়াসং কর্ম্ম মহতায়াসেন নির্ব্বর্ত্ত্যতে তৎ কর্ম্ম রাজসমুদাহৃতং ॥ ২৪ ॥

আনন্দগিরি।—রাজসং কর্ম্ম নির্দ্দিশতি যদিতি। ফলপ্রেপ্সুনা কর্ত্রা যৎ কর্ম্ম ক্রিয়তে তদ্রাজসমিত্যুত্তরত্র সম্বন্ধঃ। তত্ত্বজ্ঞানবতা নিরহংকারেণ সাহংকারেণাতত্ত্বজ্ঞেন ক্রিয়তে কর্ম্মেতি বিবক্ষাং বারয়তি সাহংকারেণেতি। তত্ত্বজ্ঞানবতা নিরহংকারেণ কৃতং কর্ম্মাপেক্ষ্য সাহংকারেণাজ্ঞেন কৃতমেতৎ কর্ম্মেতি ন বিবক্ষ্যতে চেত্তর্হি কিমত্র বিবক্ষিতমিতি পৃচ্ছতি কিং তর্হীতি। যোহি দুরিতরহিতঃ শ্রোত্রিয়ো লোকাদনপেতস্তস্য যদহংকারবর্জ্জিতং কর্ম্ম তদপেক্ষয়েদং সাহংকারেণ কৃতং কর্ম্মেত্যুক্তমিত্যাহ লৌকিকেতি। ননু তত্ত্বজ্ঞানবতো নিরহংকারস্য কর্ম্মকর্তৃত্বমপেক্ষ্য সাহংকারেণেত্যাদি কিং নেষ্যতে তত্রাহ যোহীতি। বিশেষণান্তরবশাদেব তত্ত্ববিদো নিবারিতত্বান্ন তদপেক্ষমিদং বিশেষণমিত্যর্থঃ। সাহংকারস্যৈব রাজসে কর্ম্মণি কর্তৃত্বমিত্যেতৎ কৈমুতিকন্যায়েন সাধয়তি সাত্ত্বিকস্যেতি। নন্বাত্মবিদোহন্যস্য নিরহংকারস্যাযোগাৎ কথং তদপেক্ষয়া সাহংকারেণেত্যুক্তং তত্রাহ লোকইতি ॥ ২৪ ॥

রামানুজ।—যদিতি। যত্তু পুনঃ কামেপ্সুনা ফলপ্রেপ্সুনা সাহংকারেণ বা, বা শব্দশ্চার্থে কর্তৃত্বাভিমানযুক্তেন চ বহুলায়াসং যৎকর্ম্ম ক্রিয়তে তদ্রাজসং বহুলায়াসমিদং কর্ম্ম ময়ৈব ক্রিয়ত ইত্যেবং রূপাভিমানযুক্তেন যৎকর্ম্ম ক্রিয়তে তদ্রাজসমিত্যর্থঃ ॥ ২৪ ॥

হনুমান্।—যত্তু কামেপ্সুনা ফলার্থিনা সাহংকারেণ কৃতাত্মসম্ভাবনেনাপরমার্থজ্ঞানেন বহুলায়াসং তদ্রাজসং ॥ ২৪ ॥

শ্রীধর।—রাজসং কর্ম্মাহ যদিতি। যত্তু কর্ম্ম কামেপ্সুনা ফলং প্রাপ্তুমিচ্ছতা সাহঙ্কারেণ বা মৎসমঃ কোঽন্যঃ শ্রোত্রিয়োঽস্তীত্যেবং নিরূঢ়াহঙ্কারযুক্তেন চ ক্রিয়তে তচ্চ পুনর্ব্বহুলায়াসমতিক্লেশযুক্তং তৎ কর্ম্ম রাজসমুদাহৃতং ॥ ২৪ ॥

বলদেব।—যৎ কামেপ্সুনা ফলাকাঙ্ক্ষিণা সাহঙ্কারেণ কর্তৃত্বাভিনিবেশিনা জনেন বহুলায়াসমতিক্লেশযুক্তং কর্ম্ম ক্রিয়তে তদ্রাজসং ॥ ২৪ ॥

মধুসূদন।—যদিতি তু সাত্ত্বিকাদ্ভেদার্থ কামেপ্সুনা ফলকামেন কর্ত্রা সাহঙ্কারেণ

প্রাগুক্তসত্ত্বাত্মকগর্ব্বযুক্তেন চ। বাশব্দঃ সমুচ্চয়ে পুনরিত্যনিয়তঃ যাবৎ কামনং কাম্যাবৃত্তেঃ বহুলায়াসং সর্ব্বাঙ্গোপসংহারেণ ক্লেশাবহং যৎ কাম্যং কর্ম্ম ক্রিয়তে তদ্রাজসমুদাহৃতং অত্র সর্ব্বৈর্ব্বিশেষণৈঃ সাত্ত্বিকসর্ব্ববিশেষণব্যতিরেকো দর্শিতঃ ॥ ২০ ॥

নীলকণ্ঠ।—যত্তু কামেপ্সুনা ফলার্থিনা সাহংকারেণ যদপি সাত্ত্বিকোঽহমস্মিতি সাহঙ্কারস্তথাপ্যহমেব কর্ম্মকুশলো মহান্ শ্রোত্রিয় ইত্যভিমানোঽহঙ্কারবতা সাহঙ্কারেণ বা শব্দশ্চার্থে, ক্রিয়তে বহুলায়াসমতিশ্রমকরং তৎকর্ম্ম রাজসমুদাহৃতম্ ॥ ২৪ ॥

বিশ্বনাথ।—কামেপ্সুনাহঙ্কারবতা ইত্যর্থঃ সাহঙ্কারেণেত্যহঙ্কারবতা ইত্যর্থঃ ॥২৪॥

তাৎপর্য্য।—অতঃপর রাজস কর্ম্মের বিবরণ কথিত হইয়াছে। সাত্ত্বিক কর্ম্মের সহিত পার্থক্য প্রদর্শনার্থ মূলে "তু" শব্দ প্রযুক্ত হইয়াছে। সাত্ত্বিক কর্ম্মের শ্রেষ্ঠত্ব প্রতিপাদনের নিমিত্ত কথিত হইয়াছে যে, অফলপ্রেপ্সু ব্যক্তি কর্তৃক তাহা অনুষ্ঠিত হইয়া থাকে। এস্থলে তাহারই সহিত ব্যতিক্রম প্রদর্শনের নিমিত্ত কামেপ্সু অর্থাৎ বাসনা বা ফলবিশেষ অভিলাষী ব্যক্তি কর্তৃক অনুষ্ঠিত কার্য্য লক্ষিত হইতেছে।

কাম অর্থাৎ ফলাভিসন্ধি যুক্ত হইয়া যিনি কর্ম্মানুষ্ঠান করেন, তিনিই কামেপ্সু। পূর্ব্বে নানা স্থানে নানাভাবে বিশেষরূপে পরিব্যক্ত হইয়াছে যে, বাসনা সহকৃত কর্ম্ম কোনই শুভফল প্রদান করে না। বাসনা বর্জ্জন ব্যতীত পরম ফল লব্ধ হইবার নহে। কামেপ্সু ব্যক্তি প্রায়শঃ ইহলৌকিক কীর্ত্তি, গৌরব ও আত্মমর্য্যাদা স্থাপনোদ্দেশেই কর্ম্মসম্পাদন করেন। এইরূপ কর্ম্ম তাঁহার বন্ধনেরই হেতুভূত হইয়া থাকে। অথবা অহঙ্কার প্রখ্যাপনের নিমিত্ত অনেক সময়েই কর্ম্মানুষ্ঠিত হয়। আমি বড় ক্রিয়াশীল, আমি বড় যোগী বা যাজ্ঞিক, ইত্যাদিরূপ দম্ভ ও অহঙ্কার সহকারে যে কর্ম্ম অনুষ্ঠিত হয় তাহাই রাজস। এই সকল কাম্যকর্ম্ম বহু আয়াসযুক্ত। কারণ সর্ব্বাঙ্গসুন্দররূপে নিষ্পন্ন না হইলে তত্তাবৎ ঈপ্সিত ফলপ্রদানে অসমর্থ, সুতরাং কামেপ্সু ব্যক্তিকে বহুল আয়াস অর্থাৎ যত্ন ও ক্লেশ স্বীকার করিয়া তত্তাবতের পরিসমাপ্তি করিতে হয়, এইরূপ কর্ম্ম রাজস নামে অভিহিত হইয়া থাকে।

মূলে যে "পুনঃ" শব্দ আছে, তাহা পূজ্যপাদ শঙ্করাচার্য্যের মতে পাদপূরণার্থ। পূজ্যপাদ মধুসূদনের মতে তাহা অনিয়ত অর্থ প্রকাশক। মূলে "বা" পদের প্রয়োগ আছে, শেষোক্ত মহাত্মার মতে তাহা সমুচ্চয়ার্থ। পূজ্যপাদ নীলকণ্ঠ ও রামানুজের মতে ইহা চকারার্থবাচক ॥ ২৪ ॥

অনুবন্ধং ক্ষয়ং হিংসামনপেক্ষ্য চ পৌরুষং।
মোহাদারভ্যতে কর্ম্ম যত্তত্তামসমুচ্যতে ॥ ২৫ ॥

অন্বয়।—অনুবন্ধং (ভাবিশুভাশুভং) ক্ষয়ং (ধনাদিবিনাশং) হিংসাং (প্রাণিপীড়াং) পৌরুষং (স্বসামর্থ্যং) চ অনপেক্ষ্য (অনালোচ্য) মোহাৎ (অবিবেকাৎ) যৎ কর্ম্ম আরভ্যতে (অনুষ্ঠীয়তে) তৎ (কর্ম্ম) তামসং উদাহৃতং (অভিহিতং) ॥ ২৫ ॥

প্রতিশব্দ।—ভাবি-শুভ-অশুভ, ধনাদি-ক্ষয়, পর-পীড়া, স্বকীয়-সামর্থ্য অপেক্ষা-না-করিয়া অবিবেক-হেতু যে কর্ম্ম আরব্ধ-হয় তাহাই তামস-নামে অভিহিত-হয় ॥ ২৫ ॥

ব্যাখ্যা।—কর্ম্মজনিত পশ্চাদ্ভাবি শুভাশুভ ফল, দৈহিক ও আর্থিক ক্ষয়, প্রাণিহিংসা এবং কার্য্যসম্পাদন বিষয়ে স্বীয় সামর্থ্য, এই সমস্ত আলোচনা না করিয়াই অবিবেকিতা প্রযুক্ত লোকে যে কর্ম্মের অনুষ্ঠান করে, তাহাই তামস কর্ম্ম নামে অভিহিত হইয়া থাকে ॥ ২৫ ॥

শঙ্করাচার্য্য।—অনুবন্ধমিতি। অনুবন্ধঃ পশ্চাদ্ভাবি যদ্বস্তু সোঽনুবন্ধ উচ্যতে, তঞ্চানুবন্ধং ক্ষয়ং যস্মিন্ কর্ম্মণি ক্রিয়মাণে শক্তিক্ষয়োঽর্থক্ষয়োবা স্যাত্তং ক্ষয়ং হিংসাং প্রাণিপীড়াঞ্চানপেক্ষ্য চ পৌরুষং পুরুষকারং শক্নোমীদং কর্ম্ম সমাপয়িতুমিত্যেবমাত্মসামর্থ্যাৎ ইত্যেতান্যনুবন্ধাদীন্যনপেক্ষ্য পৌরুষান্তানি মোহাদবিবেকত আরভ্যতে কর্ম্ম যৎ তৎ তামসন্তমোনির্বৃত্তমুচ্যতে ॥ ২৫ ॥

আনন্দগিরি।—সম্প্রতি তামসং কর্ম্মোদাহরতি অনুবন্ধমিত্যাদিনা ॥ ২৫ ॥

রামানুজ।—অনুবন্ধমিতি। কৃতে কর্ম্মণ্যনুবধ্যমানং দুঃখমনুবন্ধঃ ক্ষয়ঃ কর্ম্মণি ক্রিয়মাণেঽর্থবিনাশঃ। তত্র প্রাণিপীড়া হিংসা পৌরুষং আত্মনঃ কর্ম্মসমাপনসামর্থ্যং এতাননবেক্ষ্যাবিমৃষ্য মোহাৎ পরমপুরুষকর্তৃত্বাজ্ঞানাৎ যৎকর্ম্ম ক্রিয়তে তত্তামসমুচ্যতে ॥ ২৫ ॥

হনুমান্।—অনুবধ্যতইতি অনুবন্ধঃ কর্ম্মণি ক্রিয়মাণে যেন সংবধ্যতে যোঽনুবন্ধস্তমনবেক্ষ্য কর্ম্মনিমিত্তাং হিংসাং পুরুষাকারং বানবেক্ষ্য মোহাদজ্ঞানাদারভ্যতে তত্তামসং ॥ ২৫ ॥

শ্রীধর।—তামসং কর্ম্মাহ অনুবন্ধমিতি। অনুবধ্যত ইত্যনুবন্ধং পশ্চাদ্ভাবি শুভাশুভং ক্ষয়ং বিত্তক্ষয়ং হিংসাং পরপীড়াং পৌরুষঞ্চ স্বসামর্থ্যমনপেক্ষ্যাপর্য্যালোচ্য কেবলং মোহাদেব যৎ কর্ম্মারভ্যতে তত্তামসমুদাহৃতং ॥ ২৫ ॥

বলদেব।—অনু কর্ম্মানুষ্ঠানানন্তরং বন্ধং রাজদূতযমদূতকৃতং। ক্ষয়ং ধর্ম্মাদিবিনাশং। হিংসাং প্রাণিপীড়াং। পৌরুষং স্ববলঞ্চানপেক্ষ্য যৎ কর্ম্ম মোহাদারভ্যতে তত্তামসং॥ ২৫॥

মধুসূদন।—অনুবন্ধং পশ্চাদ্ভাব্যশুভং ক্ষয়ং শরীরসামর্থ্যস্য ধনস্য সেনায়াশ্চ নাশং হিংসাং প্রাণিপীড়াং পৌরুষং আত্মসামর্থ্যং চ অনপেক্ষ্য অপর্য্যালোচ্য মোহাৎ কেবলাবিবেকাদে-বারভ্যতে যৎ কর্ম্ম যথা দুর্য্যোধনেন যুদ্ধং তত্তামসমুচ্যতে॥ ২৫॥

নীলকণ্ঠ।—অনুবন্ধমিতি। অনুবধ্যতেঽনেনেতি অনুবন্ধঃ ফলং ক্ষয়ং শক্তেরর্থানাঞ্চ নাশং হিংসাং পরপীড়াং পৌরুষং স্বসামর্থ্যং অনপেক্ষ্যানালোচ্য কেবলং মোহাদবিবেকতো যদারভ্যতে কর্ম্ম তৎ তামসমুদাহৃতম্॥ ২৫॥

বিশ্বনাথ।—অনু কর্ম্মানুষ্ঠানানন্তরং আয়ত্যাং ভাবিনং বন্ধং রাজদণ্ডযমদূতাদিভির্বন্ধনং ক্ষয়ং ধর্ম্মজ্ঞানাদ্যপচয়ং হিংসাং স্বস্য নাশঞ্চ অনপেক্ষ্য অপর্য্যালোচ্য পৌরুষং ব্যাবহারিকপুরুষ মাত্রকর্ত্তব্যং কর্ম্ম মোহাদজ্ঞানাদেব যৎ আরভ্যতে তত্তামসং॥ ২৫॥

তাৎপর্য্য।—এক্ষণে তামস কর্ম্মের বিবরণ কথিত হইতেছে। কেবল অবিবেকিতা সহকারে মোহ প্রযুক্ত তামসিক কর্ম্ম অনুষ্ঠিত হইয়া থাকে। অনুবন্ধ পশ্চাদ্ভাবি শুভাশুভ; ক্ষয় অর্থাৎ দৈহিক সামর্থ্য, অর্থ বা সৈন্য-বলাদির নাশ; অপিচ হিংসা অর্থাৎ প্রাণিপীড়া এবং পৌরুষ অর্থাৎ স্বকীয় ক্ষমতাবলে অনুষ্ঠীয়মান কর্ম্ম সম্পন্ন হইবে কি না, ইত্যাকার বিবেচনা না করিয়া কেবল অবিবেকিতা সহকারে যে কর্ম্ম আরব্ধ হয়, তাহাই তামস কর্ম্ম। ইহার স্থূল তাৎপর্য্য এই যে, অবলম্বিত কর্ম্ম পরিণামে হিতকর অথবা অনিষ্ট জনক হইবে কিনা তদ্বিষয়ক কোন বিচার না করিয়া কার্য্যে প্রবৃত্ত হইলে অথবা তদ্দ্বারা স্বকীয় শারীরিক অনিষ্ট কিম্বা লোকক্ষয় ঘটিবে কিনা তাহার কোন অপেক্ষা না করিয়া, আর সেই কার্য্য কেবল অকারণ প্রাণিহিংসায় পর্য্যবসিত হইবে কিনা, তাহা বিবেচনা না করিয়া এবং স্বকীয় পৌরুষ প্রভাবে তাহার পরিসমাপ্তি হইবে কিনা এরূপ বিচার না করিয়া মোহের বশবর্ত্তী অবিবেকী মানব যে কার্য্য সম্পাদন করে, তাহাই তামস কর্ম্ম। মহাভারতীয় কুরুক্ষেত্র সমরে দুর্য্যোধনের অনুষ্ঠান এইরূপ তামস বলিয়া কীর্ত্তিত হইয়াছে।

মূলস্থিত "অনুবন্ধ" শব্দের অর্থাবধারণ স্থলে পূজ্যপাদ রামানুজাচার্য্য লিখিয়াছেন, অনুষ্ঠিত কর্ম্মে অনুবধ্যমান দুঃখই অনুবন্ধ। পূজ্যপাদ বলদেব লিখিয়াছেন, কর্ম্মানুষ্ঠানের পরে রাজদূত বা যমদূত কৃত বন্ধন অনুবন্ধ॥ ২৫॥

মুক্তসঙ্গোঽনহংবাদী ধৃত্যুৎসাহসমন্বিতঃ।
সিদ্ধ্যসিদ্ধ্যোর্নির্ব্বিকারঃ কর্ত্তা সাত্ত্বিক উচ্যতে॥ ২৬॥

অন্বয়।—মুক্তসঙ্গঃ (ফলাভিসন্ধিরহিতঃ) অনহংবাদী (অহঙ্কার-বিরহিতঃ) ধৃত্যুৎসাহসমন্বিতঃ (ধৈর্য্যোদ্যমসম্পন্নঃ) সিদ্ধ্যসিদ্ধ্যোঃ (কার্য্যস্য সিদ্ধৌ অসিদ্ধৌ চ) নির্ব্বিকারঃ (হর্ষবিষাদশূন্যঃ) কর্ত্তা সাত্ত্বিকঃ উচ্যতে (অভিধীয়তে)॥ ২৬॥

প্রতিশব্দ।—ফলাভিসন্ধি-রহিত, অহঙ্কার-শূন্য, ধৈর্য্য-ও-উদ্যম-সম্পন্ন, কার্য্য-সিদ্ধি-এবং-অসিদ্ধিতে হর্ষ-বিষাদ-শূন্য কর্ত্তা সাত্ত্বিক-নামে অভিহিত-হন॥ ২৬॥

ব্যাখ্যা।—যাঁহার হৃদয় ফলকামনা হইতে পরিমুক্ত, যিনি গর্ব্বশূন্য এবং ধৈর্য্য ও উৎসাহ সম্পন্ন, কার্য্য সিদ্ধিতে যিনি হৃষ্ট নহেন বা অসিদ্ধিতেও ক্লিষ্ট নহেন, তাদৃশ কর্ত্তাই সাত্ত্বিক নামে অভিহিত হইয়া থাকেন॥ ২৬॥

শঙ্করাচার্য্য।—মুক্তেতি। মুক্তসঙ্গোমুক্তঃ পরিত্যক্তঃ সঙ্গোযেন স মুক্তসঙ্গোঽনহংবাদী নাহংবদনশীলো ধৃত্যুৎসাহসমন্বিতোধৃতির্দ্ধারণমুৎসাহমুদ্যমস্তাভ্যাং সমন্বিতঃ সংযুক্তোধৃত্যুৎসাহসমন্বিতঃ সিদ্ধ্যসিদ্ধ্যোঃ ক্রিয়মাণস্য কর্ম্মণঃ ফলসিদ্ধাবসিদ্ধৌ চ সিদ্ধ্যসিদ্ধ্যোঃ নির্ব্বিকারঃ কেবলং শাস্ত্রপ্রমাণপ্রযুক্তফলরাগাদিনা যুক্তোযঃ স নির্ব্বিকার উচ্যতে এবম্ভূতঃ কর্ত্তা যঃ স সাত্ত্বিক উচ্যতে॥ ২৬॥

আনন্দগিরি।—ইদানীং কর্ত্তৃত্রৈবিধ্যং ব্রুবন্নাদৌ সাত্ত্বিকং কর্ত্তারং দর্শয়তি মুক্তেতি। সঙ্গোনাম ফলাভিসন্ধির্ব্বা কর্ত্তৃত্বাভিমানোবা নাহং বচনশীলঃ কর্ত্তাহমিতি বদনশীলোন ভবতীত্যর্থঃ, ধারণং ধৈর্য্যং ক্রিয়মাণস্য কর্ম্মণো যদি ফলাসিদ্ধিস্তর্হি নানুষ্ঠানবিভ্রান্তঃ সত্ত্ববেদিত্বাশক্যাহ কেবলমিতি। ফলরাগাদিনেত্যাদিশব্দেন কর্ম্মরাগো গৃহ্যতে। অযুক্ত ইতি চ্ছেদঃ॥ ২৬॥

রামানুজ।—মুক্তসঙ্গইতি। মুক্তসঙ্গঃ ফলসঙ্গরহিতঃ অনহংবাদী কর্ত্তৃত্বাভিমানরহিতঃ ধৃত্যুৎসাহসমন্বিতঃ আরব্ধে কর্ম্মণি যাবৎ কর্ম্ম সমাপ্ত্যবর্জ্জনীয় দুঃখধারণং ধৃতিঃ উৎসাহঃ উদ্যুক্তচেতস্ত্বং তাভ্যাং সমন্বিতঃ সিদ্ধসিদ্ধ্যো নির্ব্বিকারঃ যুদ্ধাদৌ কর্ম্মণি তদুপকরণভূত দ্রব্যার্জ্জনাদিষু চ সিদ্ধ্যসিদ্ধ্যোরবিকৃতচিত্তঃ কর্ত্তা সাত্ত্বিক উচ্যতে॥ ২৬॥

হনুমান্।— মুক্তসঙ্গঃ মুক্তফলস্পৃহঃ অনহংবাদী আত্মানং সম্ভাবিতং ন বক্তি ধৃতি

আত্মনঃ সন্ধারণমুৎসাহঃ উদ্যমঃ তাভ্যামন্বিতঃ ধৃত্যুৎসাহসমন্বিতঃ সিদ্ধিশ্চাসিদ্ধিশ্চ সিদ্ধ্য-সিদ্ধী তয়োঃ নির্ব্বিকারঃ হর্ষবিষাদরহিতঃ কর্ত্তা সাত্ত্বিকঃ ॥ ২৬ ॥

শ্রীধর।—কর্ত্তারং ত্রিবিধমাহ মুক্তসঙ্গ ইতি ত্রিভিঃ। মুক্তসঙ্গস্ত্যক্তাভিনিবেশঃ অনহংবাদী গর্ব্বোক্তিরহিতঃ ধৃতির্ধৈর্য্যং উৎসাহ উদ্যমস্তাভ্যাং সমন্বিতঃ সংযুক্তঃ আরব্ধস্য কর্ম্মণঃ সিদ্ধাবসিদ্ধৌ চ নির্ব্বিকারো হর্ষবিষাদশূন্যঃ স এবম্ভূতঃ কর্ত্তা সাত্ত্বিক উচ্যতে ॥ ২৬ ॥

বলদেব।—অথ কর্ত্তুস্ত্রৈবিধ্যমাহ মুক্তেতি ত্রিভিঃ। মুক্তসঙ্গঃ কর্ত্তৃত্বাভিনিবেশফলেচ্ছাশূন্যঃ। অনহংবাদী গর্ব্বোক্তিশূন্যঃ। ধৃতিরারব্ধকর্ম্মপূর্ত্তিপর্য্যন্তাবর্জ্জনীয়দুঃখসহিষ্ণুতা উৎসাহস্তদনুষ্ঠানোদ্যতচিত্ততা তাভ্যাং সমন্বিতঃ। আনুষঙ্গিকস্য ফলস্য সিদ্ধাবসিদ্ধৌ চ নির্ব্বিকারঃ। সুখেন দুঃখেন চ রহিতঃ ঈদৃশঃ কর্ত্তা সাত্ত্বিকঃ ॥ ২৬ ॥

মধুসূদন।—ইদানীং ত্রিবিধঃ কর্ত্তোচ্যতে মুক্তেতি। মুক্তসঙ্গস্ত্যক্তফলাভিসন্ধিঃ অনহংবাদী কর্ত্তাহমিতি বদনশীলো ন ভবতি স্বগুণশ্লাঘাবিহীনো বা ধৃতির্বিঘ্নাদ্যুপস্থিতাবপি প্রারব্ধাপরিত্যাগে হেতুরন্তঃকরণবৃত্তিবিশেষো ধৈর্য্যং উৎসাহ ইদমহং করিষ্যাম্যেবেতি নিশ্চয়াত্মিকা বুদ্ধির্ধৃতিহেতুভূতা তাভ্যাং সংযুক্তঃ ধৃত্যুৎসাহসমন্বিতঃ কর্ম্মণঃ ক্রিয়মাণস্য ফলস্য সিদ্ধাবসিদ্ধৌ চ হর্ষশোকাভ্যাং যো বিকারো বদনবিকাসম্লানত্বাদিস্তেন রহিতঃ সিদ্ধ্যসিদ্ধ্যোর্নির্ব্বিকারঃ কেবলং শাস্ত্রপ্রমাণ-প্রযুক্তো ন ফলরাগেণ অত এবম্ভূতঃ কর্ত্তা সাত্ত্বিক উচ্যতে ॥ ২৬ ॥

নীলকণ্ঠ।—কর্ত্তুস্ত্রৈবিধ্যমাহ মুক্তেত্যাদিনা। মুক্তসঙ্গস্ত্যক্তাভিনিবেশঃ অনহংবাদী পূর্ব্বোক্তাহঙ্কারোক্তিরহিতঃ ধৃতির্ধৈর্য্যং উৎসাহঃ সাধয়িষ্যাম্যেবেতিবুদ্ধিনিশ্চয়ঃ তাভ্যাং সমন্বিতঃ সিদ্ধ্যসিদ্ধ্যোঃ কর্ম্মণ আরব্ধস্যেতি শেষঃ। নির্ব্বিকারো হর্ষবিষাদশূন্যঃ কর্ত্তা সাত্ত্বিক উচ্যতে ॥ ২৬ ॥

বিশ্বনাথ।—ত্রিবিধং কর্ম্মোক্ত্বা ত্রিবিধং কর্ত্তারমাহ মুক্তসঙ্গ ইতি ॥ ২৬ ॥

তাৎপর্য্য।—অধুনা সাত্ত্বিকাদি ভেদে কর্ত্তার লক্ষণ নির্দ্দিষ্ট হইতেছে। যিনি মুক্তসঙ্গ অর্থাৎ ফলাভিসন্ধি হইতে নির্ম্মুক্ত, যিনি আমি কর্ত্তা এইরূপ অভিপ্রায় কখনই ব্যক্ত করেন না অথবা স্বগুণ শ্লাঘাবিহীন, যিনি ধৃতি ও উৎসাহ সমন্বিত; ধৃতি অর্থাৎ বিঘ্নাদি হেতু অবলম্বিত কর্ম্মের অপরিত্যাগ রূপ ধৈর্য্য, উৎসাহ অর্থাৎ এই কর্ম্ম আমি করিবই, ধৈর্য্য হেতু-ভূতা এতাদৃশী নিশ্চয়াত্মিকা বুদ্ধি, যাঁহার নিত্য সহচর; যিনি অবলম্বিত কার্য্যে সিদ্ধিজনিত উৎফুল্ল বা হৃষ্টভাব প্রদর্শন করেন না, অথবা অসিদ্ধি জনিত দুঃখে ম্লানমুখ হইয়া কাতরতা প্রকাশ করেন না; তিনিই সাত্ত্বিক কর্ত্তা। কেবল সাত্ত্বিক ভাবে শাস্ত্রাচার্য্য প্রদত্ত উপদেশের অনুসরণ করে সর্ব্ব প্রকার কামনা হৃদয় হইতে বিসর্জ্জন দিয়া যিনি কর্ম্মানুষ্ঠান করিয়া থাকেন, তাঁহাকেই সাত্ত্বিক কর্ত্তা বলিয়া স্বীকার করিতে হইবে।

মূলে "অনহংবাদী" লিখিত হইয়াছে। আপনাকে যে ব্যক্তি কার্য্যের কর্ত্তা বলিয়া মনে করে সে অনহংবাদী হইতে পারে না। যিনি নিরন্তর তত্ত্ব জ্ঞানের আলোচনা দ্বারা বুঝিয়াছেন যে, আমি কর্ম্ম সম্পাদন করিতেছি বটে, কিন্তু তাহার কর্ত্তা আমি নহি অথবা কোন বিষয়ের কোন কর্ত্তৃত্বই স্বহস্তে গ্রহণ করিবার অধিকার আমার নাই, তিনি কখনই আপনাকে কর্ত্তা বলিয়া মনে করিতে পারেন না, সুতরাং তাদৃশ কোন উক্তি তাঁহার মুখ হইতে বিনির্গত হয় না। এ সংসারে আপনাকে অকর্ত্তারূপে অবধারণ করা চরমোন্নতির পরম সোপান। কেবল এই ভাব স্থায়ীরূপে হৃদয়ে অঙ্কিত হইলে এই শ্লোকোক্ত অন্যান্য লক্ষণসমূহ স্বতঃ সমুপস্থিত হয়। যিনি আপনার স্কন্ধ হইতে কর্ত্তৃত্বের গুরুভার সুদূরে প্রক্ষেপ করিতে সমর্থ হইয়াছেন, তিনি কার্য্যজনিত ফলাফলের কামনা হইতে সম্পূর্ণ নির্ম্মুক্ত। তাঁহার হৃদয় সফলতার প্রতিবিম্ব দর্শনে উল্লাসে নৃত্য করে না অথবা অসাফল্যের ভ্রুকুটীভঙ্গী দর্শনে অবসন্ন হয় না। অবশ্য পালনীয় কর্ত্তব্য সম্পাদনে তাঁহার হৃদয় নিরন্তর যত্ন পরায়ণ এবং সতত উৎসাহশীল। এতাদৃশ কর্ম্মে মমতা শূন্য অনহংবাদী পুরুষই সাত্ত্বিক কর্ত্তা ॥ ২৬ ॥

——(:•:)——

রাগী কর্ম্মফলপ্রেপ্সুর্লুব্ধো হিংসাত্মকোঽশুচিঃ।
হর্ষশোকান্বিতঃ কর্ত্তা রাজসঃ পরিকীর্ত্তিতঃ ॥ ২৭ ॥

অন্বয়।—রাগী (অনুরাগযুক্তঃ) কর্ম্মফলপ্রেপ্সুঃ (কর্ম্মফলার্থী) লুব্ধঃ (পরস্বাভিলাষী) হিংসাত্মকঃ (হিংসাস্বভাবঃ) অশুচিঃ (শৌচরহিতঃ) হর্ষশোকান্বিতঃ (লাভালাভে হর্ষশোকযুক্তঃ) কর্ত্তা রাজসঃ পরিকীর্ত্তিতঃ (কথিতঃ) ॥ ২৭ ॥

প্রতিশব্দ।—অনুরাগ-যুক্ত, কর্ম্ম-ফল-লাভার্থী, লোভী, হিংসক, শৌচ-শূন্য, হর্ষ-শোক-সম্পন্ন কর্ত্তা রাজস-নামে কথিত-হয় ॥ ২৭ ॥

ব্যাখ্যা। কামাদি রাগযুক্ত, কর্ম্মফলপ্রার্থী, পরস্ব গ্রহণে অভি-

লাষী, হিংসাপরায়ণ, বাহ্যান্তর শৌচবিহীন এবং লাভালাভে হর্ষ-শোকযুক্ত কর্ত্তা রাজস নামে কথিত হইয়া থাকে ।। ২৭ ।।

শঙ্করাচার্য্য।—রাগীতি। রাগী রাগোঽস্যাস্তীতি রাগী কর্ম্মফলপ্রেপ্সুঃ কর্ম্মফলার্থী লুব্ধঃ পরদ্রব্যেষু সঞ্জাততৃষ্ণঃ তীর্থাদৌ চ স্বদ্রব্যাপরিত্যাগী হিংসাত্মকঃ পরপীড়কস্বভাবঃ অশুচি-র্ব্বাহ্যান্তঃশৌচবর্জ্জিতো হর্ষশোকান্বিতঃ ইষ্টপ্রাপ্তৌ হর্ষোঽনিষ্টপ্রাপ্তাবিষ্টবিয়োগে চ শোকস্তাভ্যাং হর্ষশোকাভ্যাং সমন্বিতঃ সংযুক্তঃ তস্যৈব চ কর্ম্মণঃ সম্পত্তিবিপত্ত্যোর্হর্ষশোকৌ স্যাতাং তাভ্যাং সমন্বিতঃ সংযুক্তোযঃ কর্ত্তা, স রাজসঃ পরিকীর্ত্তিতঃ ॥ ২৭ ॥

আনন্দগিরি।—রাজসং কর্ত্তারং কথয়তি রাগীতি। কর্ম্মবিষয়োরাগঃ, কর্ম্মফল-প্রেপ্সুরিতি ফলরাগস্য পৃথক্‌কথনাৎ স্বাভিপ্রায়াপ্রকটীকরণপূর্ব্বকং পরপীড়নং পরবৃত্তি-বিচ্ছেদনং তেন স্বার্থপর ইত্যর্থঃ ॥ ২৭ ॥

রামানুজ।—রাগীতি। রাগী যশোঽর্থী কর্ম্মফলপ্রেপ্সুঃ কর্ম্মফলার্থী। লুব্ধঃ কর্ম্মা-পেক্ষিতদ্রব্যব্যয়স্বভাবরহিতঃ। হিংসাত্মকঃ পরান্ পীড়য়িত্বা তৈঃ কর্ম্ম কুর্ব্বাণঃ অশুচিঃ কর্ম্মাপেক্ষিত শুদ্ধিরহিতঃ হর্ষশোকান্বিতঃ যুদ্ধাদৌ কর্ম্মণি বিজয়াদিসিদ্ধ্যসিদ্ধ্যোর্হর্ষশোকান্বিতঃ কর্ত্তা রাজসঃ পরিকীর্ত্তিতঃ ॥ ২৭ ॥

হনুমান্।—রাগোঽস্যাস্তীতি রাগী লুব্ধঃ দক্ষিণাত্যাগবর্জ্জিতঃ হর্ষশোকাভ্যামন্বিতঃ হর্ষশোকান্বিত এবংভূতঃ কর্ত্তা রাজসঃ ॥ ২৭ ॥

শ্রীধর।—রাজসং কর্ত্তারমাহ রাগীতি। রাগী পুত্রাদিপ্রীতিমান্ কর্ম্মফলপ্রেপ্সুঃ কর্ম্ম-ফলকামী লুব্ধঃ পরস্বাভিলাষী হিংসাত্মকোমারকস্বভাবঃ অশুচিঃ বিহিতশৌচশূন্যঃ লাভালাভয়ো-র্হর্ষশোকাভ্যাং সমন্বিতঃ কর্ত্তা রাজসঃ ॥ ২৭ ॥

বলদেব।—রাগী স্ত্রীপুত্রাদিষ্বাসক্তঃ। কর্ম্মফলপ্রেপ্সুঃ পশুপুত্রান্নস্বর্গাদিষ্বতিস্পৃহয়ালুঃ। লুব্ধঃ কর্ম্মাপেক্ষিতদ্রব্যব্যয়াক্ষমঃ। হিংসাত্মকঃ পরান্ প্রপীড্য কর্ম্ম কুর্ব্বাণঃ। অশুচিঃ কর্ম্মাপেক্ষিতবিহিতশুদ্ধিশূন্যঃ। কর্ম্মফলসিদ্ধিতদসিদ্ধ্যোর্হর্ষশোকাভ্যামন্বিতঃ। ঈদৃশঃ কর্ত্তা রাজসঃ ॥ ২৭ ॥

মধুসূদন।—রাগী কামাদ্যাকুলচিত্তঃ অতএব কর্ম্মফলপ্রেপ্সুঃ কর্ম্মফলার্থী লুব্ধঃ পরদ্রব্যাভিলাষী ধর্ম্মার্থং স্বদ্রব্যত্যাগাসমর্থশ্চ স্বাভিপ্রায়প্রকটনেন পরবৃত্তিচ্ছেদনং হিংসা তদাত্মকস্তৎস্বভাবঃ স্বাভিপ্রায়াপ্রকটনে তু নৈকৃতিক ইতি ভেদঃ অশুচিঃ শাস্ত্রোক্তশৌচহীনঃ সিদ্ধ্যসিদ্ধ্যোঃ কর্ম্মফলস্য হর্ষশোকান্বিতঃ কর্ত্তা রাজসঃ পরিকীর্ত্তিতঃ ॥ ২৭ ॥

নীলকণ্ঠ।—রাগীতি। রাগী বিষয়লোলুপঃ অতএব কর্ম্মণঃ ফলং প্রেপ্সতীতি কর্ম্মফলপ্রেপ্সুঃ, লুব্ধঃ পরদ্রব্যাদৌ সঞ্জাততৃষ্ণস্তীর্থাদৌ বা দ্রব্যাপরিত্যাগী হিংসাত্মকঃ পরপীড়া-করস্বভাবঃ অশুচিবার্হ্যান্তঃ শৌচবর্জ্জিতঃ ইষ্টানিষ্টপ্রাপ্তৌ হর্ষশোকান্বিতশ্চ যঃ কর্ত্তা সরাজসঃ পরিকীর্ত্তিতঃ ॥ ২৭ ॥

বিশ্বনাথ।—রাগী কর্ম্মফলাসক্তঃ লুব্ধো বিষয়াসক্তঃ ॥ ২৭ ॥

তাৎপর্য্য।—অতঃপর রাজস কর্ত্তার বিবরণ কীর্ত্তিত হইতেছে। যিনি রাগী অর্থাৎ কামাদি জনিত আকুলচিত্ত; যিনি কর্ম্মফলপ্রেপ্সু অর্থাৎ কর্ম্ম জনিত ফলকামী; যিনি লুব্ধ অর্থাৎ পরদ্রব্যাভিলাষী অথবা যিনি ধর্ম্মসাধনার্থ স্বকীয় অর্থাদি পরিত্যাগ করিতে কাতর, তীর্থে দান, কর্ম্মো-পলক্ষে ব্রাহ্মণাদি যোগ্য পাত্রে বিহিত ধনাদি অর্পণ বিষয়ে অনিচ্ছুক; যিনি হিংসাত্মক অর্থাৎ পরপীড়ক অথবা স্বকীয় অভিলষিত সিদ্ধির নিমিত্ত পরানিষ্ট পরায়ণ; যিনি অশুচি অর্থাৎ বাহ্যান্তর শৌচবিহীন; যিনি হর্ষশোকান্বিত অর্থাৎ ইষ্টপ্রাপ্তিজনিত আনন্দ এবং অনিষ্টাগমজনিত দুঃখ সংযুক্ত, তিনিই রাজস কর্ত্তা নামে পরিচিত।

যিনি ঐহিক ভোগ বিধায়ক সামগ্রী সমূহের বাহুল্য কামনায় কর্ম্ম সম্পাদন করেন, যিনি কর্ম্মজনিত সম্ভাবিত ফলের আলেখ্য সম্মুখে স্থাপন করিয়া কর্ম্মে প্রবৃত্ত হইয়া থাকেন, যিনি পরবিত্তাভিলাষী অথবা কর্ম্মসম্পা-দনে অবশ্য ব্যয়িতব্য দ্রব্যাদি ব্যয় করিতেও কুণ্ঠিত, যিনি পরপীড়ন-নিরত অথবা স্বকীয় কল্যাণ কামনায় পরকীয় বৃত্তি নাশে প্রস্তুত বা পরের সর্ব্বনাশ সাধন করিয়া তদর্জ্জিত অর্থ দ্বারা কর্ম্মানুষ্ঠায়ী, যিনি ক্লেদমালিন্য-যুক্তকলেবর এবং আকাঙ্ক্ষা রূপ কালিমায় কলঙ্কিতান্তর, যিনি নিয়ত কর্ম্মফলের প্রতি লক্ষ্য রাখিয়া কখনও বা তদ্বিষয়ক সফলতা দর্শনে হর্ষান্বিত, কখনও বা অনুষ্ঠিত কার্য্যের পরিণামে অসাফল্য দর্শনে শোকে মুহ্যমান তাদৃশ কর্ত্তাই রাজস নামে অভিহিত হইয়া থাকেন।

প্রসঙ্গতঃ এস্থলে বলা আবশ্যক যে, রাগ শব্দে সাধারণতঃ ক্রোধ বুঝায়। এই গীতা গ্রন্থের বহুস্থলে এই শব্দ প্রযুক্ত হইয়াছে, কিন্তু কুত্রাপি ইহা সাধারণ অর্থে ব্যবহৃত হয় না। রন্‌জ্ ধাতু হইতে রাগ শব্দের উৎপত্তি। অনুরাগ শব্দে রাগ যে অর্থে প্রযুক্ত হইয়াছে তাহাই এই শব্দের প্রকৃতার্থ। ২৭।

——(:০:)——

অযুক্তঃ প্রাকৃতঃ স্তব্ধঃ শঠো নৈষ্কৃতিকোঽলসঃ।
বিষাদী দীর্ঘসূত্রী চ কর্ত্তা তামস উচ্যতে ॥ ২৮ ॥

অন্বয়।—অযুক্তঃ (অসমাহিতঃ) প্রাকৃতঃ (বিবেকরহিতঃ) স্তব্ধঃ (অনম্রঃ) শঠঃ (প্রবঞ্চকঃ) নৈষ্কৃতিকঃ (পরবৃত্তিচ্ছেদকঃ) অলসঃ (অনুদ্যমশীলঃ) বিষাদী (শোকস্বভাবঃ) দীর্ঘসূত্রী চ কর্ত্তা তামসঃ উচ্যতে (কথ্যতে) ॥ ২৮ ॥

প্রতিশব্দ।—অসমাহিত-চিত্ত, বিবেকশূন্য, অনম্র, প্রবঞ্চক, পর-বৃত্তি-চ্ছেদক, অলস-স্বভাব, বিষাদযুক্ত এবং দীর্ঘসূত্রী কর্ত্তা তামস কথিত-হয় ॥ ২৮ ॥

ব্যাখ্যা।—যে ব্যক্তি অসংযত চিত্ত, অবিবেকী, যে গুরুজন সম্মুখে নত হয় না, যে প্রবঞ্চনা পরায়ণ এবং পরবৃত্তি চ্ছেদকারী, যে আলস্যযুক্ত, ও সর্ব্বদা বিষাদ সম্পন্ন, যে স্বল্পকাল সাধ্য কার্য্যকেও বহুদিনে সম্পাদন করে, তাদৃশ কর্ত্তাই তামস নামে অভিহিত হয় ।২৮॥

শঙ্করাচার্য্য।—অযুক্ত ইতি। অযুক্তোঽসমাহিতঃ প্রাকৃতোঽত্যন্তাসংস্কৃতবুদ্ধিঃ প্রকৃতিপরবশোবালিশঃ স্তব্ধোদণ্ডবৎ ন নমতি কস্মৈচিচ্ছঠঃ মায়াবী শক্তিগূহনকারী মায়া-বান্নৈষ্কৃতিকঃ পরবৃত্তিচ্ছেদনপরঃ অলসোঽপ্রবৃত্তিশীলঃ কর্ত্তব্যেষ্বপি, বিষাদী সর্ব্বদা অবসন্নস্বভাবঃ দীর্ঘসূত্রী চ কর্ত্তব্যানাং দীর্ঘপ্রসারণঃ সর্ব্বদামন্দস্বভাবঃ যদদ্য শ্বোবা কর্ত্তব্যং তন্মাসেনাপি ন করোতি যশ্চৈবম্ভূতঃ স কর্ত্তা তামস উচ্যতে ॥ ২৮ ॥

আনন্দগিরি।—দীর্ঘং সূত্রয়িতুং শীলমস্যেতি ব্যুৎপত্তিং গৃহীত্বা বিবক্ষিতমর্থমাহ কর্ত্তব্যানামিতি। এবং ক্রিয়মাণে সতি অনিষ্টমিদং কথঞ্চিদাপস্যেত যদা পুনরেবং ক্রিয়তে তদা ত্বনিষ্টমেব সম্ভাবনোপনীতমিতি চিন্তাপরংপরায়াং মন্দপ্রবৃত্তিরিত্যর্থঃ। তদেব স্পষ্টয়তি যদদ্যেতি ॥ ২৮ ॥

রামানুজ।—অযুক্ত ইতি। অযুক্তঃ শাস্ত্রীয়কর্ম্মাযোগ্যঃ প্রাকৃতঃ অনধিগতবিদ্যঃ স্তব্ধ অনারম্ভশীলঃ শঠঃ অভিচারাদিকর্ম্মরুচিঃ নৈষ্কৃতিকঃ বঞ্চনপরঃ অলসঃ আরব্ধেষ্বপি কর্ম্মস্বমন্দ-প্রবৃত্তিঃ বিষাদী অতিমাত্র বিষাদশীলঃ অভিচারাদি কর্ম্ম কুর্ব্বাণিতরেষু দীর্ঘকালবর্ত্ত্যনর্থশীলঃ এবংভূতো যঃ কর্ত্তা স তামসঃ ॥ ২৮ ॥

হনুমান্।—অযুক্তঃ অসমাহিতঃ প্রাকৃতঃ অসংস্কৃতবুদ্ধিঃ স্তব্ধ অপ্রমাণশীলঃ শঠঃ বঞ্চকঃ নিকৃত্যানর্ত্তত ইতি নৈষ্কৃতিকঃ ক্রূরঃ অলসঃ অপ্রবৃত্তিশীলঃ বিষাদী দীর্ঘসূত্রীচ প্রাপ্তং কর্ম্ম দীর্ঘেন কালেন নির্ব্বর্ত্তয়তি স তামসঃ ॥ ২৮ ॥

শ্রীধর।—তামসং কর্ত্তারমাহ অযুক্ত ইতি। অযুক্তোঽনভিহিতঃ প্রাকৃতোবিবেকশূন্যঃ স্তব্ধোঽনম্রঃ শঠঃ শক্তিগূহনকারী নৈষ্কৃতিকঃ পরাপমানী অলসোঽনুদ্যমশীলঃ বিষাদী শোকশীলঃ যদদ্য শ্বোবা কর্ত্তব্যং তন্মাসেনাপি ন সম্পাদয়তি যঃ স দীর্ঘসূত্রী এবংভূতঃ কর্ত্তা তামসঃ। কর্ত্তৃত্রৈবিধ্যেনৈব জ্ঞাতুরপি ত্রৈবিধ্যমুক্তং কর্ম্মত্রৈবিধ্যেন চ জ্ঞেয়স্যাপি ত্রৈবিধ্যমুক্তং জ্ঞাতব্যং বুদ্ধেস্ত্রৈবিধ্যেন চ করণস্যাপ্যুক্তং ভবিষ্যতি॥ ২৮॥

বলদেব।—অযুক্তোঽনৌচিত্যকৃৎ। প্রাকৃতঃ প্রকৃতৌ স্বভাবে বর্ত্তমানঃ স্বপ্রকৃত্যনুসারেণৈব ন তু শাস্ত্রানুসারেণ কর্ম্মকৃদিত্যর্থঃ। স্তব্ধোঽনম্রঃ। শঠঃ স্বশক্তিগোপনকৃৎ। নৈষ্কৃতিকঃ পরাপমানকৃৎ। অলসঃ প্রারব্ধে কর্ম্মণি শিথিলঃ। বিষাদী শোকাকুলঃ। দীর্ঘসূত্রী দিবসৈককর্ত্তব্যং বর্ষেণাপি যো ন করোতি। ঈদৃশঃ কর্ত্তা তামসঃ॥ ২৮॥

মধুসূদন।—অযুক্তঃ সর্ব্বদা বিষয়াপহৃতচিত্তত্বেন কর্ত্তব্যেষ্বনবহিতঃ প্রাকৃতঃ শাস্ত্রাসংস্কৃতবুদ্ধির্ব্বালসমঃ স্তব্ধো গুরুদেবতাদিষ্বপ্যনম্রঃ শঠঃ পরবঞ্চনার্থমন্যথা জানন্নপ্যন্যথাবাদী নৈষ্কৃতিকঃ স্বস্মিন্নুপকারিষ্বভ্রমমুৎপাদ্য পরবৃত্তিচ্ছেদনেন স্বার্থপরঃ অলসঃ অবশ্যকর্ত্তব্যেষ্বপ্যপ্রবৃত্তিশীলঃ বিষাদী সততমসন্তুষ্টস্বভাবত্বেনানুশোচনশীলঃ দীর্ঘসূত্রী নিরন্তরশঙ্কাসহস্রকবলিতান্তঃকরণত্বেনাতিমন্থরপ্রবৃত্তির্যদদ্য কর্ত্তব্যং তন্মাসেনাপি করোতি নবেত্যেবংশীলশ্চ কর্ত্তা তামস উচ্যতে॥ ২৮॥

নীলকণ্ঠ।—অযুক্তইতি। অযুক্তোঽনবহিতঃ প্রাকৃতোঽত্যন্তাসংস্কৃতবুদ্ধির্ব্বালসমঃ, স্তব্ধো দণ্ডবন্ন নমতি কস্মৈচিৎ শঠঃ শক্তিগূহনকারী নৈষ্কৃতিকোবঞ্চকঃ পরাবমানী বা অলসঃ অপ্রবৃত্তিশীলঃ কর্ত্তব্যেষ্বপি বিষাদী সর্ব্বদা অবসন্নস্বভাবঃ দীর্ঘসূত্রী চিরকারী একাহসাধ্যং কার্য্যং মাসেনাপি ন করোতীত্যর্থঃ য এবম্ভূতঃ স কর্ত্তা তামস উচ্যতে॥ ২৮॥

বিশ্বনাথ।—অযুক্তোঽনৌচিত্যকারী প্রাকৃতঃ প্রকৃতৌ স্ব স্ব ভাবে এব বর্ত্তমানঃ যদেব স্বমনসি আয়তি তদেবানুতিষ্ঠতি নতু গুরোরপি বচঃ প্রমাণয়তীত্যর্থঃ। নৈষ্কৃতিকঃ পরাপমানকর্ত্তা। তদেবং জ্ঞানিভিরুক্তলক্ষণঃ সাত্ত্বিক এব ত্যাগঃ কর্ত্তব্যঃ সাত্ত্বিকমেব কর্ম্মনিষ্ঠং জ্ঞানমাশ্রয়ণীয়ং সাত্ত্বিকমেব কর্ম্ম কর্ত্তব্যং সাত্ত্বিকেনৈব কর্ত্রা ভবিতব্যং এষ এব সন্ন্যাসো জ্ঞানিনামিতি জ্ঞানং প্রকরণার্থঃ নিষ্কর্ষঃ। ভক্তানাং তু ত্রিগুণাতীতমেবজ্ঞানং ত্রিগুণাতীতমেব কর্ম্ম ভক্তিযোগাখ্যং ত্রিগুণাতীতা এব কর্ত্তারঃ। যদুক্তং ভগবতৈব শ্রীমদ্ভাগবতে। "কৈবল্যং সাত্ত্বিকং জ্ঞানং রজো বৈকল্পিকং তু যৎ। প্রাকৃতং তামসং জ্ঞানং মন্নিষ্ঠং নির্গুণং স্মৃতং" ইতি। "লক্ষণং ভক্তিযোগস্য নির্গুণস্যেত্যুদাহৃতং" ইতি। "সাত্ত্বিকঃ কারকোঽসঙ্গী রাগান্ধো রাজসঃ স্মৃতঃ। তামসঃ স্মৃতিবিভ্রষ্টোনির্গুণোমদপাশ্রয়ঃ।" ইতি। কিঞ্চ ন কেবলমেতত্ত্রিকমেব ভক্তিমতে গুণাতীতমপি তু ভক্তি সম্বন্ধি সর্ব্বমেব গুণাতীতং। যদুক্তং তত্রৈব "সাত্ত্বিক্যাধ্যাত্মিকী শ্রদ্ধা কর্ম্মশ্রদ্ধাতু রাজসী। তামস্যধর্ম্মে যা শ্রদ্ধা মৎসেবায়াস্তু নির্গুণা।" ইতি। "বনন্তু সাত্ত্বিকোবাসঃ গ্রামো রাজস উচ্যতে। তামসং দ্যূতসদনং মন্নিকেতন্তু নির্গুণং" ইতি। "সাত্ত্বিকং সুখমাত্মোত্থং বিষয়োত্থন্তু রাজসং। তামসং মোহদৈন্যোত্থং নির্গুণং মদপাশ্রয়ং।" ইতি।

তদেবং গুণাতীতানাং ভক্তানাং ভক্তিসম্বন্ধীনি জ্ঞানকর্ম্মশ্রদ্ধাদৌ স্বসুখাদীনি সর্ব্বাণ্যেব গুণাতীতানি। সাত্ত্বিকানাং জ্ঞানিনাং জ্ঞানসম্বন্ধীনি তানি সর্ব্বাণি সাত্ত্বিকান্যেব। রাজসানাং কর্ম্মিণাং তানি সর্ব্বাণি রাজসান্যেব। তামসানামুচ্ছৃঙ্খলানাং তানি সর্ব্বাণি তামসান্যেব ইতি শ্রীগীতা ভাগবতার্থদৃষ্ট্যা জ্ঞেয়ং। জ্ঞানিনামপি পুনরন্তিমদশায়াং জ্ঞানসন্ন্যাসানন্তরমুর্ব্বরিতয়া কেবলয়া ভক্ত্যৈব গুণাতীতত্বং চতুর্দ্দশাধ্যায়ে উক্তং ॥ ২৮ ॥

তাৎপর্য্য।—এক্ষণে তামস কর্ত্তার বিবরণ বিন্যস্ত হইতেছে; কতকগুলি বিশেষ বিশেষ লক্ষণদ্বারা তামস কর্ত্তার নির্দ্দেশ করা হইয়াছে। সেই বিশেষণ গুলির ভাবার্থ নিম্নে বিবৃত হইতেছে। অযুক্ত অর্থাৎ সর্ব্বদা বিষয়াসক্তির প্রবলতা হেতু কর্ত্তব্য বিষয়ে অনবহিত অথবা অসমাহিত। প্রাকৃত অর্থাৎ বিবেক শূন্য অথবা শাস্ত্রাদির আলোচনা জনিত সংস্কৃত বুদ্ধি পরিশূন্য, অথবা বালসম প্রকৃতি পরবশ। স্তব্ধ অর্থাৎ গুরুদেবতাদির নিকটেও অনম্র। শঠ অর্থাৎ শক্তিসঙ্গোপনকারী মায়াবী অথবা একরূপ জানিয়া অন্যরূপ বাক্যকারী। নৈষ্কৃতিক অর্থাৎ পরবৃত্তিনাশক বা পরাপমানী অথবা আপনাকে উপকারীরূপে প্রতিপন্ন করিয়া পরবৃত্তিচ্ছেদনদ্বারা স্বার্থান্বেষণ পরায়ণ। অলস অর্থাৎ কর্ত্তব্য কর্ম্মেও প্রবৃত্তি বিহীন অথবা উদ্যম রহিত। বিষাদী অর্থাৎ সর্ব্বদা অবসন্নস্বভাব অথবা সতত অসন্তোষ হেতু অনুশোচন পরায়ণ। দীর্ঘসূত্রী অর্থাৎ নিরন্তর শঙ্কাকুলচিত্ততা হেতু কর্ম্ম সম্পাদনে সঙ্কোচ, যে কার্য্য অবশ্য কর্ত্তব্য বোধে আশু সম্পাদ্য, তাহা এক মাসেও সম্পাদন হয় কি না হয়, ইত্যাকার রূপ কালবিলম্বকারী। এইরূপ লক্ষণাক্রান্ত কর্ত্তা তামস নামে অভিহিত হইয়া থাকেন।

ইহার ভাবার্থ এই যে, যে ব্যক্তি ধর্ম্মবিহীন অর্থাৎ ধর্ম্ম বুদ্ধির বশবর্ত্তী হইয়া কার্য্যে প্রবৃত্ত হয় না, যে ব্যক্তির বুদ্ধি সৎসঙ্গ সংশাস্ত্র প্রভৃতির আলোচনা দ্বারা পরিমার্জ্জিত ও নির্ম্মল হয় নাই, যে ব্যক্তি অহঙ্কার প্রভাবে বা কর্ত্তব্য জ্ঞানের অভাবে সম্মানিতব্যক্তির প্রতি কোনরূপ সম্মান প্রদর্শনে অক্ষম, যে ব্যক্তি প্রবঞ্চনার দ্বারা স্বার্থসিদ্ধির কামনা করে এবং আপনার দুষ্টবুদ্ধি প্রচ্ছন্ন রাখিয়া সদুপকারী ব্যক্তির ভাবে সমাজ মধ্যে আত্মপ্রখ্যাপন করে, যে ব্যক্তি সততার আবরণে আবৃত হইয়া কেবল পরানিষ্টের চেষ্টায় ব্যাপৃত থাকে অথবা পরকীয় বৃত্তি বিনাশ করিয়া স্বকীয় স্বার্থসিদ্ধির উপায় অন্বেষণ করে, যে ব্যক্তি আলস্য পরতন্ত্র হইয়া কর্ত্তব্য

সাধনে সদা পশ্চাৎপদ, যে ব্যক্তি কর্ম্মের পরিণাম সম্বন্ধে শঙ্কাকুল হইয়া সতত কার্য্যে হস্তক্ষেপ করিতে পরাঙ্মুখ, যে ব্যক্তি অচিরকাল মধ্যে করণীয় কার্য্য সুদীর্ঘ কালেও সম্পন্ন করিয়া উঠিতে পারে না, তাহাকেই তামস কর্ত্তা বলা যায়।

পূজ্যপাদ শ্রীমদ্রামানুজাচার্য্য তামস কর্ত্তা সম্বন্ধে প্রযুক্ত বিশেষণ সমূহের অনুরূপ সারগর্ভ অর্থ নির্দ্দেশ করিয়াছেন। তাহার পুনরুল্লেখ এস্থলে নিষ্প্রয়োজন।

এস্থলে পূজ্যপাদ শ্রীমদ্বিশ্বনাথ চক্রবর্ত্তী মহোদয় জ্ঞানী সন্ন্যাসিদিগের এবং ভক্তদিগের ভেদ প্রদর্শন উপলক্ষ্যে অনেক সুসঙ্গত যুক্তি ও তর্কের অবতারণা করিয়াছেন। তিনি বলিয়াছেন যে, জ্ঞানিদিগের পক্ষে উল্লিখিত লক্ষণানুগত ত্যাগ অবলম্বন করাই বিধেয়, এবং সাত্ত্বিক কর্ম্মনিষ্ঠ জ্ঞানই তাহাদিগের অবলম্বনীয়। তাঁহাদিগের পক্ষে সাত্ত্বিক কর্ম্মই কর্ত্তব্য এবং সাত্ত্বিক কর্ত্তৃত্ব সহকারে কর্ম্ম নিষ্পাদন করাই আবশ্যক। জ্ঞানিদিগের পক্ষে এইরূপ সন্ন্যাসই কর্ত্তব্যরূপে বিহিত হইয়াছে। জ্ঞানপ্রকরণের ইহাই সিদ্ধান্ত। কিন্তু ভক্তদিগের পক্ষে স্বতন্ত্র ব্যবস্থা। তাঁহাদিগের জ্ঞান ত্রিগুণাতীত এবং ভক্তিযোগ নামাভিধেয় কর্ম্মও ত্রিগুণাতীত। কর্ত্তাও ত্রিগুণাতীত। শ্রীমদ্ভাগবতে কথিত আছে যে, "কৈবল্যং সাত্ত্বিকং জ্ঞানং রজো বৈকল্পিকং তু যৎ। প্রাকৃতং তামসং জ্ঞানং মন্নিষ্ঠং নির্গুণং স্মৃতং॥" (ভাগবত ১১।২৫ ২৩) ইহার ভাবার্থ এই যে, কৈবল্য অর্থাৎ দেহাদি ব্যতিরিক্ত আত্ম বিষয়ের যে জ্ঞান তাহা সাত্ত্বিক; বৈকল্পিক অর্থাৎ দেহাদি সম্বন্ধীয় যে জ্ঞান, তাহাই রাজসিক; প্রাকৃত অর্থাৎ শিশু, মূক প্রভৃতির ন্যায় যে জ্ঞান তাহাই তামসিক; কিন্তু মন্নিষ্ঠা অর্থাৎ পরমেশ্বর বিষয়ে যে নিষ্ঠা তাহা নির্গুণ নামে উক্ত হয়। অপিচ, "লক্ষণং ভক্তিযোগস্য নির্গুণমিত্যুদাহৃতং।" অর্থাৎ নির্গুণ ভক্তিযোগের এইরূপ লক্ষণ নির্দ্দিষ্ট হইয়াছে। "সাত্ত্বিকঃ কারকোঽসঙ্গী রাগান্ধঃ রাজসঃ স্মৃতঃ। তামসঃ স্মৃতিবিভ্রষ্টো নির্গুণো মদপাশ্রয়ঃ॥ (ভাগবত ১১।২৫।২৫) অর্থাৎ সাত্ত্বিক কর্ত্তা সঙ্গ রহিত, রাজস কর্ত্তা নিরতিশয় বিষয়নিবিষ্ট, তামস কর্ত্তা অনুসন্ধান শূন্য, আর যিনি কেবল আমারই আশ্রিত ও মদেকশরণ, তিনিই নিরহঙ্কার হেতু নির্গুণ কর্ত্তা। কেবল যে এই তিনটীই ভক্তি মতানুসারে গুণাতীত, এরূপ নহে, কিন্তু

ভক্তি সম্বন্ধীয় সকলই গুণাতীত বুঝিতে হইবে। উল্লিখিত ভক্তিসম্বন্ধীয় পরম গ্রন্থ শ্রীমদ্ভাগবতে কথিত হইয়াছে যে,"সাত্ত্বিক্যাধ্যাত্মিকী শ্রদ্ধা কর্ম্ম-শ্রদ্ধা তু রাজসী। তামস্যধর্ম্মে যা শ্রদ্ধা মৎসেবায়াস্তু নির্গুণা ॥" (ভাগবত ১১।২৫।২৬) অর্থাৎ আধ্যাত্মিক অর্থাৎ আত্মবিষয়ে যে শ্রদ্ধা তাহাই সাত্ত্বিক, লৌকিক কর্ম্ম বিষয়ে যে শ্রদ্ধা তাহাই রাজসিক, এবং অধর্ম্মে ধর্ম্ম বলিয়া যে শ্রদ্ধা তাহাই তামসিক; কিন্তু মৎসেবা বিষয়ে যে শ্রদ্ধা তাহা নির্গুণা। অপিচ, "বনন্তু সাত্ত্বিকো বাসঃ গ্রামো রাজস উচ্যতে। তামসং দ্যূতসদনং মন্নিকেতন্তু নির্গুণং ॥" (ভাগবত ১১।২৫।২৪) অর্থাৎ বন বিবিক্ত এজন্য তথায় বাস সাত্ত্বিক, গ্রাম বিষয়-ব্যাকুলতা পূর্ণ, এজন্য তথায় বাস রাজস, আর দ্যূত ক্রীড়াদির স্থান হীনতাপূর্ণ, এজন্য তথায় বাস তামস, কিন্তু ভগবন্নিকেতন সাক্ষাৎ তাঁহার আবির্ভাব স্থান, সুতরাং তথায় বাস নির্গুণ। অপিচ, "সাত্ত্বিকং সুখমাত্মোত্থং বিষয়োত্থং তু রাজসং। তামসং মোহদৈন্যোত্থং নির্গুণং মদপাশ্রয়ং ॥" (ভাগবত ১১।২৫।২৮) অর্থাৎ আত্মজ্ঞান জনিত সুখ সাত্ত্বিক; বিষয় জনিত সুখ রাজসিক, মোহ এবং দৈন্যজনিত সুখ তামসিক, কিন্তু ভগবচ্চিন্তা জনিত যে সুখ তাহা নির্গুণ। অতএব ইহাই সিদ্ধান্ত হইতেছে যে, গুণাতীত ভক্তবর্গের ভক্তি-বিষয়িণী জ্ঞান, কর্ম্ম, শ্রদ্ধা এবং স্বকীয় সুখাদি সমস্তই ত্রিগুণাতীত। সাত্ত্বিক জ্ঞানিদিগের উল্লিখিত সকলই সাত্ত্বিক জ্ঞানেরই স্বরূপ; রাজস কর্ম্মিদিগের তৎসমস্ত রাজস; এবং উচ্ছৃঙ্খল তামসদিগের তত্তাবৎ তামসই হইয়া থাকে। শ্রীমদ্ভগবদ্গীতা এবং শ্রীমদ্ভাগবত উভয়ের অভিপ্রায় আলোচনা করিয়া এইরূপ অবধারিত হয়। এই গ্রন্থের চতুর্দ্দশাধ্যায়ে বিবৃত হইয়াছে যে, জ্ঞানী সন্ন্যাসিদিগেরও অন্তিম কালে জ্ঞান-সন্ন্যাসের পরিণাম স্বরূপে সমুদ্ভূতা কেবলা ভক্তির দ্বারাই গুণাতীতত্ব প্রাপ্তি ঘটে। এতাবতা চক্রবর্ত্তী ঠক্কুর ভক্তির মাহাত্ম্যই সম্পূর্ণরূপে সমর্থন করিলেন ॥ ২৮ ॥

——•:):•:(:•——

বুদ্ধের্ভেদং ধৃতেশ্চৈব গুণতস্ত্রিবিধং শৃণু।
প্রোচ্যমানমশেষেণ পৃথক্ত্বেন ধনঞ্জয়! ॥ ২৯ ॥

অন্বয়।—হে ধনঞ্জয়! বুদ্ধেঃ ধৃতেঃ চ গুণতঃ (গুণভেদতঃ) এব ত্রিবিধং ভেদং পৃথক্ত্বেন (বিবেকেন) অশেষেণ (সম্পূর্ণতঃ) [ময়া] প্রোচ্যমানং (কথিতং) শৃণু ॥ ২৯ ॥

প্রতিশব্দ।—হে ধনঞ্জয়! বুদ্ধি ও ধৃতির গুণের-ভেদ-দ্বারাই ত্রিবিধ ভেদ পৃথক্-ভাবে অশেষ-প্রকারে [আমার-কর্তৃক] কথিত শ্রবণ-কর ॥ ২৯ ॥

ব্যাখ্যা।—হে ধনঞ্জয়! সত্ত্বাদি গুণানুসারে বুদ্ধি ও ধৃতির যে ত্রিবিধ ভেদ আছে, তাহা বিচারসহকারে অশেষরূপে আমি বলিতেছি, তুমি তৎসমস্ত শ্রবণ কর ॥ ২৯ ॥

শঙ্করাচার্য্য।—বুদ্ধের্ভেদমিতি। বুদ্ধের্ভেদং ধৃতেশ্চৈব ভেদং গুণতঃ সত্ত্বাদিগুণতঃ ত্রিবিধং শৃণ্বিতি সূত্রোপন্যাসঃ প্রোচ্যমানং কথ্যমানমশেষেণ নিরবশেষতো যথাবৎ পৃথক্ত্বেন বিবেকতো ধনঞ্জয়! দিগ্বিজয়ে মানুষং দৈবঞ্চ প্রভূতং ধনং জয়তি তেনাসৌ [illegible]ঞ্জয়োঽর্জ্জুনঃ ॥২৯॥

আনন্দগিরি।—জ্ঞানাদীনাং প্রত্যেকং ত্রৈবিধ্যমুক্ত্বা বুদ্ধিম[illegible] বু[illegible]শ্চ ধৃত্যাখ্যায়াত্রৈবিধ্যং সূচয়তি বুদ্ধেরিতি। সূত্রবিবরণং প্রতিজানীতে প্রোচ্যমানমিতি। [illegible]র্জুনস্য ধনঞ্জয়ত্বং ব্যুৎপাদয়তি দিগিতি ॥ ২৯ ॥

রামানুজ।—এবং কর্ত্তব্যকর্ম্মবিষয়জ্ঞানে কর্ত্তব্যে চ কর্ম্মণ্যনুষ্ঠাতরি চ গুণতস্ত্রৈবিধ্যমুক্তং ইদানীং সর্ব্বতত্ত্বপুরুষার্থনিশ্চয়রূপায়া বুদ্ধের্ধৃতেশ্চ গুণতস্ত্রৈবিধ্যমাহ বুদ্ধেরিতি। বুদ্ধির্বিবেকপূর্ব্বক নিশ্চয়রূপং জ্ঞানং ধৃতিরারব্ধায়াঃ মোক্ষসাধনভূতায়াঃ ক্রিয়ায়াঃ বিঘ্নোপনিপাতেঽপি ধারণসামর্থ্যং তয়োঃ সত্ত্বাদিগুণতস্ত্রিবিধং ভেদং পৃথকত্বেন প্রোচ্যমানং যথাবৎ শৃণু ॥ ২৯ ॥

হনুমান।—বুদ্ধের্জ্ঞানস্য ধৃতেঃ ধৈর্য্যস্যচৈব গুণতঃ গুণৈঃ পৃথক্ত্বেন বিবেকসহাকরণেন ॥ ২৯ ॥

শ্রীধর।—ইদানীং বুদ্ধের্ধৃতেশ্চ ত্রৈবিধ্যং প্রতিজানীতে বুদ্ধের্ভেদমিতি। স্পষ্টোঽর্থঃ ॥২৯

বলদেব।—এবং জ্ঞানজ্ঞেয়পরিজ্ঞাতৄণাং ত্রৈবিধ্যমুক্ত্বা বুদ্ধিধৃত্যোস্তদ্বক্তুং প্রতিজানীতে বুদ্ধেরিতি স্ফুটার্থং ॥ ২৯ ॥

মধুসূদন।—তদেবং জ্ঞানং কর্ম্মচ কর্ত্তা চ ত্রিবিধং গুণভেদত ইতি ব্যাখ্যাতং, সংপ্রতি

ধৃত্যুৎসাহসমন্বিত ইত্যত্র সূচিতয়োর্বুদ্ধিধৃত্যোস্ত্রৈবিধ্যং প্রতিজানীতে বুদ্ধেরিতি। বুদ্ধেরধ্যবসায়াদি-বৃত্তিমত্যাধৃতেশ্চ তত্ত্বতঃ সত্ত্বাদিগুণতস্ত্রিবিধমেব ভেদং ময়া ত্বাং প্রতি তাত্কালত্বেন পরমাপ্তেন প্রোচ্যমানমশেষেণ নিরবশেষং পৃথক্ত্বেন হেয়োপাদেয়বিবেকেন শৃণু শ্রোতুং সাবধানোভব হে ধনঞ্জয়েতি দিগ্বিজয়ে প্রসিদ্ধং মহিমানং সূচয়ন্ প্রোৎসাহয়তি। অত্রেদং চিন্ত্যতে কিমত্র বুদ্ধিশব্দেন বৃত্তিমাত্রমভিপ্রেতং কিম্বা বৃত্তিমদন্তঃকরণং প্রথমে জ্ঞানং পৃথক্ ন বক্তব্যং,দ্বিতীয়ে কর্ত্তা পৃথক্ ন বক্তব্যঃ বৃত্তিমদন্তঃকরণস্যৈব কর্তৃত্বাৎ জ্ঞানধৃত্যোঃ পৃথক্ কথনবৈয়র্থ্যাচ্চ ন চেচ্ছাদিপরিসংখ্যার্থং তৎ বৃত্তিমদন্তঃকরণত্রৈবিধ্যকথনেন সর্ব্বাসামপি তদ্বৃত্তীনাং ত্রৈবিধ্যস্য বিবক্ষিতত্বাৎ, উচ্যতে অন্তঃকরণোপাহিতশ্চিদাভাসঃ কর্ত্তা ইহ তূপাহতাবিক্ষ্যা উপাধিমাত্রং করণত্বেন বিবক্ষিতং সর্ব্বত্র করণোপহিতস্য কর্তৃত্বাৎ যদ্যপি চ "কামঃ সংকল্পোবিচিকিৎসা শ্রদ্ধাঽশ্রদ্ধা ধৃতির-ধৃতির্হ্রীর্ধীর্ভীরিত্যেতৎসর্ব্বং মন এবে"তি শ্রুত্যন্বিতানাং সর্ব্বাসামপি বৃত্তীনাং ত্রৈবিধ্যং বিব-ক্ষিতং, তথাপি ধীধৃত্যোস্ত্রৈবিধ্যং পৃথগুক্তং জ্ঞানশক্তিক্রিয়াশক্ত্যুপলক্ষণার্থং ন তু পরিসংখ্যার্থমিতি রহস্যং॥ ২৯॥

নীলকণ্ঠ।—বুদ্ধিধৃত্যো স্ত্রৈবিধ্যেন ব্যাখ্যাতুমাহ বুদ্ধেরিতি। তত্র বুদ্ধিবিশিষ্টশ্চিদাভাসঃ কর্ত্তা জ্ঞানঞ্চ প্রাগুক্তং অন্তঃকরণ। বুদ্ধির্ধৃতিশ্চ তদীয় বৃত্ত্যন্তরোপলক্ষণার্থং তদ্বৃত্তিবিশেষো-বৃত্তি ত্রৈবিধ্যেন কথ্যতে ইত্যর্থঃ॥ ২৯।

বিশ্বনাথ।—জ্ঞানিভিঃ সর্ব্বমপি বস্তু সাত্ত্বিকমেবোপাদেয়মিতি জ্ঞাপয়িতুং বুদ্ধ্যাদীনা-মপি ত্রৈবিধ্যমাহ বুদ্ধেরিতি॥ ২৯।

তাৎপর্য্য।—জ্ঞান, কর্ম্ম ও কর্ত্তার ত্রৈবিধ্য প্রদর্শিত হইল। অতঃ-পর শ্রীভগবান্ বুদ্ধি ও ধৃতির ত্রৈবিধ্য প্রদর্শনে প্রবৃত্ত হইতেছেন, এবং সুহৃৎ শিষ্য অর্জ্জুনকে তদ্বিষয় শ্রবণ করিবার নিমিত্ত আকৃষ্টচিত্ত করিতেছেন।

পূর্ব্বে শ্রীভগবান্ ২৬ শ্লোকে "ধৃত্যুৎসাহসমন্বিতঃ" এই বাক্যে যাহার সূচনা করিয়াছেন, এক্ষণে তাহাই বিশদীকৃত করিতে প্রবৃত্ত হইতেছেন। বুদ্ধি এবং অধ্যবসায়রূপা ধৃতি, এতদুভয়ের গুণভেদানুসারে পরিজ্ঞান নিতান্ত আবশ্যক। আমি আলস্য পরিহার করিয়া পরম জ্ঞান সাহায্যে হে অর্জ্জুন! সেই তত্ত্ব তোমার নিকট পরিব্যক্ত করিতেছি। সেই তত্ত্ব নিঃশেষরূপে এবং তাহার হেয়ত্ব ও উপাদেয়ত্ব বিনির্ণয় পূর্ব্বক স্বতন্ত্র স্বতন্ত্র ভাবে সমাহিত চিত্তে শ্রবণ কর।

"হে ধনঞ্জয়" এই সম্বোধন দ্বারা ইহাই সূচিত হইতেছে যে, অর্জ্জুন প্রসিদ্ধ দিগ্বিজয়ী এবং বিপুল পার্থিব ধনার্জ্জনে সক্ষম; সুতরাং এই

শঙ্করাচার্য্য।—প্রবৃত্তিঞ্চেতি। প্রবৃত্তিঞ্চ প্রবর্ত্তনং বন্ধহেতুঃ কর্ম্মমার্গঃ নিবৃত্তিঞ্চ নিবৃত্তির্মোক্ষহেতুঃ সন্ন্যাসমার্গঃ বন্ধমোক্ষসমানবাক্যত্বাৎ প্রবৃত্তিনিবৃত্তী কর্ম্ম সন্ন্যাসমার্গাবিত্যবগম্যতে, অথবা কার্য্যাকার্য্যে বিহিতপ্রতিষিদ্ধে লৌকিকে বা শাস্ত্রবুদ্ধের্বা কর্ত্তব্যাকর্ত্তব্যে করণাকরণে ইত্যেতৎ কস্য দেশকালাদ্যপেক্ষয়া বিজানাতি দৃষ্টাদৃষ্টার্থানাং কর্ম্মণাং ভয়াভয়ে বিভেত্যস্মাদিতি ভয়ন্তদ্বিপরীতমভয়ং ভয়ঞ্চাভয়ঞ্চ ভয়াভয়ে দৃষ্টাদৃষ্টয়োর্ভয়াভয়য়োঃ কারণে ইত্যর্থঃ বন্ধং সহেতুকং মোক্ষঞ্চ সহেতুকং যা বেত্তি বিজানাতি বুদ্ধিঃ সা পার্থ! সাত্ত্বিকী তত্র জ্ঞানং বুদ্ধের্বৃত্তির্ব্ব দ্ধিস্ত বৃত্তিমতী ধৃতিরপি বৃত্তিবিশেষ এব বুদ্ধেঃ॥ ৩০॥

আনন্দগিরি।—তত্রাদৌ সাত্ত্বিকীং বুদ্ধিং নির্দ্দিশতি প্রবৃত্তিঞ্চেতি। প্রবৃত্তিরাচরণমাত্রং অনাচরণমাত্রঞ্চ নিবৃত্তিরিতি কিং নেষ্যতে তত্রাহ বন্ধেতি। যস্মিন্ বাক্যে বন্ধমোক্ষাবুচ্যেতে তস্মিন্নেব প্রবৃত্তিনিবৃত্ত্যোরুক্তত্বাৎ কর্ম্মমার্গস্য বন্ধহেতুত্বান্মোক্ষহেতুত্বাচ্চ সন্ন্যাসমার্গস্য তাবেবাত্র গ্রাহ্যাবিত্যর্থঃ। করণাকরণয়োর্নির্ব্বিষয়ত্বাযোগাদ্বিষয়াপেক্ষামবতার্য্য যোগ্যং বিষয়ং নির্দ্দিশতি কস্যেতি। অনিষ্টসাধনং ভয়মিষ্টসাধনমভয়মিতি বিভজতে ভয়েতি। বন্ধাদিজ্ঞানমাত্রস্য বুদ্ধ্যন্তরেঽপি সম্ভবাদ্বিশেষণং ন বুদ্ধিশব্দিতস্য জ্ঞানস্য প্রাগেব ত্রৈবিধ্যপ্রতিপাদনাৎ কিমিতি বুদ্ধেরিদানীং ত্রৈবিধ্যং প্রতিজ্ঞায় ব্যুৎপাদ্যতে তত্রাহ জ্ঞানমিতি। তর্হি জ্ঞানেন গতত্বান্ন পুনর্ধৃতির্ব্ব্যুৎপাদনীয়েত্যাশঙ্ক্যাহ বৃত্তিরপীতি। বিশেষশব্দেন জ্ঞানাদ্যাবৃত্তিরিষ্টা॥ ৩০॥

রামানুজ।—প্রবৃত্তিমিতি। প্রবৃত্তিরভ্যুদয়সাধনভূতো ধর্ম্মঃ নিবৃত্তির্মোক্ষসাধনভূতো ধর্ম্মঃ তৌ শুভৌ যথাবৎস্থিতৌ যা বুদ্ধিঃ কার্য্যাকার্য্যে সর্ব্ববর্ণানাং প্রবৃত্তি নিবৃত্তিধর্ম্ময়োরন্যতর-

---

পরিসংখ্যা ত্রিদোষিকা।" (প্রায়শ্চিত্ততত্ত্বধৃত বচন) অর্থাৎ পরিসংখ্যা বিধি, বিধি-নির্দ্দিষ্ট অর্থের পরিত্যাগ করিয়া বিধির দ্বারা অনির্দ্দিষ্ট অর্থের গ্রহণ করিয়া থাকে, এবং প্রাপ্ত অর্থের বাধ করে, এই জন্যই এই বিধি ত্রিদোষযুক্ত। পূর্ব্বোক্ত অযাচিত চতুস্ত্রিংশতি গ্রাস ভোজন বিষয়ে পরিসংখ্যা বিধি দ্বারা কল্পিত হয় যে, ভোজন ভোক্তার ইচ্ছাধীন, অতএব যদি ভোজন করে, তবে অযাচিত চতুস্ত্রিংশতি গ্রাসের অধিক ভোজন করিবে না এবং যদি ভোজনে ইচ্ছা না হয়, তবে একেবারে ভোজন না করিলেও দোষ নাই। কিন্তু তদতিরিক্ত কোন দ্রব্য ভক্ষণ করিবে না। এস্থলে বিধিনির্দ্দিষ্ট ভোজনের পরিত্যাগ, তদতিরিক্ত অভোজন বিধির কল্পনা এবং তদ্ব্যতিরিক্ত দ্রব্যের ভোজন নিষেধরূপ বিধিত্রয় কল্পিত হইল। এই জন্যই ইহা ত্রিদোষযুক্ত। যেখানে অন্য কোন বিধি পাওয়া যায় না, সেই স্থানে অগত্যা এই পরিসংখ্যা বিধির কল্পনা করিতে হয়। অপিচ, "অন্যার্থশ্রূয়মানা যা চান্যার্থ প্রতিষেধিকা। পরিসংখ্যা তু সা জ্ঞেয়া যথা প্রোক্ষিতভোজনং।" (প্রায়শ্চিত্ত তত্ত্বধৃত ভট্টপাদ বচন) অর্থাৎ যে বিধিতে এক অর্থ শ্রুত হইয়া অন্যার্থের নিষেধ হইয়া থাকে, তাহাই পরিসংখ্যা বিধি। ইহার দৃষ্টান্ত যথা,—"প্রোক্ষিত মাংস ভোজন করিবে" এই বিধির স্থলে 'অপ্রোক্ষিত মাংস ভোজন করিবে না,' এই নিষেধ বিধির উৎপত্তি হইল। অন্যান্য বিধি স্থলে বিধি নির্দ্দিষ্ট বাক্য অবশ্যই পালন করিতে হইবে, কিন্তু পরিসংখ্যা বিধি স্থলে তাহার ব্যবস্থা অন্যরূপ। পূর্ব্বোক্ত প্রাজাপত্য ব্রতের ভোজনস্থলে ভোক্তা যদি নির্দ্দিষ্ট ভোজ্য ভোজন না করিয়া উপবাস করে, তবে তাহাতে কোনও দোষ হইবে না বা ব্রতের কোনরূপ অঙ্গহানির সম্ভাবনা নাই।

নিষ্ঠানাং দেশকালাবস্থাবিশেষেষু ইদং কার্য্যমিদমকার্য্যমিতি চ যা বেত্তি ভয়াভয়ে শাস্ত্রাদিষ্প্রবৃত্তির্ভয়স্থানং তদনুবৃত্তিরভয়স্থানং বন্ধং মোক্ষঞ্চ সংসারযাথাত্ম্যং তদ্বিগমযাথাত্ম্যং চ যা বেত্তি সা সাত্ত্বিকী বুদ্ধিঃ॥ ৩০ ॥

হনুমান্।—প্রবৃত্তিঃ প্রবর্ত্তনং মোক্ষার্থে নিবৃত্তিঃ সংন্যাসঃ কার্য্যাকার্য্যে কার্য্যং কর্ত্তব্যং অকার্য্যং তদভাবঃ ভয়াভয়ে ভয়ং সংসারঃ অভয়ং তদভাবরূপো মোক্ষঃ বন্ধঃ বন্ধনং মোক্ষো মুক্তিঃ এতান সর্ব্বান্ যা বুদ্ধির্ব্বেত্তি সা সাত্ত্বিকী॥ ৩০ ॥

শ্রীধর।—তত্র বুদ্ধেস্ত্রৈবিধ্যমাহ। প্রবৃত্তিং ধর্ম্মে নিবৃত্তিমধর্ম্মে যস্মিন্ দেশে কালে চ যৎ কার্য্যমকার্য্যঞ্চ ভয়াভয়ে কার্য্যাকার্য্যনিমিত্তৌ অর্থানর্থৌ কথং বন্ধঃ কথং বা মোক্ষ ইতি যা বুদ্ধিরন্তঃকরণং বেত্তি সা সাত্ত্বিকী। যয়া পুমান্ বেত্তীতি বক্তব্যে করণে কর্ত্তৃত্বোপচারঃ কাষ্ঠানি পচন্তীতিবৎ॥ ৩০ ॥

বলদেব।—তত্র বুদ্ধেস্ত্রৈবিধ্যমাহ প্রবৃত্তিঞ্চেতি ত্রিভিঃ। যা বুদ্ধিঃ ধর্ম্মে প্রবৃত্তিমধর্ম্মান্নিবৃত্তিঞ্চ বেত্তি যয়া বেত্তীতি বক্তব্যে যা বেত্তীতি করণে কর্ত্তৃত্বমুপচরিতং। কুঠারশ্ছিনত্তীতিবৎ। নিষ্কামং কর্ম্ম কার্য্যং সকামং ত্বকার্য্যমিতি কার্য্যাকার্য্যে যা বেত্তি। অশাস্ত্রীয়প্রবৃত্তিতো ভয়ং শাস্ত্রীয়প্রবৃত্তিতস্ত্বভয়মিতি ভয়াভয়ে যা বেত্তি। বন্ধং সংসারযাথাত্ম্যং মোক্ষং তচ্ছেদযাথাত্ম্যং চ যা বেত্তি সা বুদ্ধিঃ সাত্ত্বিকী॥ ৩০ ॥

মধুসূদন।—তত্র বুদ্ধেস্ত্রৈবিধ্যমাহ ত্রিভিঃ। প্রবৃত্তিং কর্ম্মমার্গং নিবৃত্তিং সংন্যাসমার্গং কার্য্যং প্রবৃত্তিমার্গে কর্ম্মণাং করণং অকার্য্যং নিবৃত্তিমার্গে কর্ম্মণামকরণং ভয়ং প্রবৃত্তিমার্গে গর্ভবাসাদিদুঃখং অভয়ং নিবৃত্তিমার্গে তদভাবং বন্ধং প্রবৃত্তিমার্গে মিথ্যাজ্ঞানকৃতং কর্ত্তৃত্বাদ্যভিমানং মোক্ষং নিবৃত্তিমার্গে তত্ত্বজ্ঞানকৃতমজ্ঞানতৎকার্য্যাভাবং চ যা বেত্তি করণে কর্ত্তৃত্বোপচারাৎ যয়া বেত্তিঃকর্ত্তা বুদ্ধিঃ সা প্রমাণজনিতবিনিশ্চয়বতী হে পার্থ! সাত্ত্বিকী বন্ধমোক্ষয়োরন্তে কীর্ত্তনাত্তদ্বিষয়মেব প্রবৃত্ত্যাদি ব্যাখ্যাতং॥ ৩০ ॥

নীলকণ্ঠ।—প্রবৃত্তিঞ্চেতি। প্রবৃত্তিনিবৃত্তী শাস্ত্রবিহিতপ্রতিষিদ্ধবিষয়ে "যজেত স্বর্গকামো ন সুরাং পিবে"দিত্যাদিরূপে কার্য্যং কৃতিসাধ্যং স্বর্গাদি অকার্য্যং নিত্যসিদ্ধং তেন নিত্যানিত্য বস্তুনী উক্তে ভয়াভয়ে কার্য্যাকার্য্যনিমিত্তে বন্ধং মোক্ষঞ্চ যা বেত্তি যয়া বেত্তীতি পূর্ব্ববৎ করণে কর্ত্তৃত্বোপচারঃ বুদ্ধিঃ সা:পার্থ! সাত্ত্বিকী॥ ৩০ ॥

বিশ্বনাথ।—ভয়াভয়ে সংসারাসংসার হেতুকে॥ ৩০ ॥

তাৎপর্য্য।—অতঃপর বুদ্ধির সাত্ত্বিকাদি প্রকার ভেদ প্রদর্শিত হইতেছে। প্রথমেই সাত্ত্বিক বুদ্ধির প্রসঙ্গ আলোচ্য। এ সংসারে মানব নিয়তই কার্য্য এবং অকার্য্যের অনুসরণ করে। যে ব্যাপার অবশ্য কর্ত্তব্য এবং যাহা পরিণামে পরম শুভফল প্রদান করিতে সমর্থ তাহাই কার্য্য।

আর যাহা কেবল লৌকিক সন্তোষের বিধান করে অথচ পরিণামে বিষম অকল্যাণের হেতুভূত হয় তাহা অকার্য্য। মানব ভ্রমপ্রযুক্ত অথবা মোহের প্রাবল্যে কার্য্যের অনুসরণ না করিয়া অনেক সময়েই অকার্য্যের অনুসরণ করিয়া থাকে। সুধাভ্রমে তাহারা গরল পান করে, এবং শান্তির অন্বেষণ করিতে গিয়া তাহারা ঘোর অশান্তির কূপে নিমগ্ন হয়। এইরূপে সংসারে ভীতি বিধায়ক ও ভীতি বিনাশক ব্যাপারও যথেষ্ট। মানবেরা ভয়ের অধীন হইয়া সঙ্কুচিত পদে কার্য্যক্ষেত্রে অগ্রসর হয়। দেহের মৃত্যু, সন্তানাদি প্রিয় ব্যক্তিগণের বিয়োগ, বিত্তনাশ, ঐহিক মনস্কামনার অপরিতোষ ইত্যাদি আশঙ্কায় মানবগণ নিয়তই ব্যাকুল। কিন্তু বিবেচনা করিয়া দেখিলে বুঝা যাইবে যে, এই সকল ব্যাপার কদাপি প্রকৃত ভয়ঙ্কর নহে। চরমের অমঙ্গল যাহাতে আনয়ন করে, পরম সুখের পথ যাহাতে রোধ করিয়া দেয় তাহাই যথার্থ ভয় বিধায়ক। প্রকৃত প্রস্তাবে স্থিরবুদ্ধি সহকারে পর্য্যালোচনা করিলে দেখিতে পাওয়া যায়, ভয় এবং অভয়ের বিনির্ণয়ে মনুষ্য অনেক সময়েই অশক্ত। উল্লিখিতরূপ কার্য্য ও অকার্য্য ভয় ও অভয়, বন্ধ এবং মোক্ষের হেতুভূত। অর্থাৎ সম্যক্ অবধারণ সহকারে প্রকৃত পন্থার অনুসরণ করিতে না পারিলে বন্ধন অপরিহার্য্য এবং মোক্ষ সুদূর পরাহত। এইরূপে নিদারুণ ক্লেশপূর্ণ সংসাররূপ বন্ধন এবং অনন্ত আনন্দময় মুক্তি, কার্য্যাকার্য্যাদি অবধারণের ফলেই সংঘটিত হয়। আমাদিগের বুদ্ধি সেইরূপ অবধারণের একমাত্র সহায়। যে বুদ্ধি এই উভয়ের দোষ গুণ দর্শন করিয়া প্রকৃত সন্মার্গের অবধারণ করিয়া দেয়, তাহাই সাত্বিকী বুদ্ধি।

পূজ্যপাদ শ্রীমচ্ছঙ্করাচার্য্য বলিয়াছেন, প্রবৃত্তি, বন্ধনের হেতুস্বরূপ কর্ম্মমার্গ এবং নিবৃত্তি মোক্ষের হেতু স্বরূপ সন্ন্যাস মার্গ। কার্য্যাকার্য্য কি, তাহারই উত্তর স্বরূপে আচার্য্য বলিয়াছেন যে, যাহা বিহিত, যাহা শাস্ত্রসিদ্ধ, তাহাই কার্য্য; আর যাহা প্রতিষিদ্ধ এবং লৌকিক,তাহাই অকার্য্য। দৃষ্ট এবং অদৃষ্ট বিষয়ের কারণ সম্বন্ধে ভয় এবং অভয়ের উদ্ভব হইয়া থাকে। তদুভয়েরই কারণ পরিজ্ঞান জনিত সহেতুক বন্ধন বা মোক্ষ যে বুদ্ধি জ্ঞাপন করে, হে পার্থ! তাহাই সাত্বিকী বুদ্ধি। বুদ্ধি বৃত্তিসংযুক্তা, ধৃতিও বুদ্ধির বৃত্তি বিশেষ।

পূজ্যপাদ শ্রীমৎ শ্রীধর স্বামীর অভিপ্রায়। ধর্ম্মে প্রবৃত্তি এবং অধর্ম্মে নিবৃত্তি; দেশ কালানুসারে কার্য্যাকার্য্যের বিভিন্নতা লক্ষিত হয়। যাহা একদেশে বা এককালে কার্য্যরূপে পরিগণিত, তাহাই দেশান্তরে বা কালান্তরে অকার্য্যরূপে গৃহীত হইয়া থাকে। কার্য্য এবং অকার্য্যের নিমিত্ত অর্থ অর্থাৎ বাসনাসিদ্ধি বা অনর্থ অর্থাৎ বিপৎপাত ভয়াভয় রূপে পরিগণিত। এই সকল ব্যাপারে কিরূপে বন্ধন বা কিরূপে মোক্ষ ঘটিয়া থাকে, তাহাই যে বুদ্ধি অর্থাৎ অন্তঃকরণ জানাইয়া দেয়, তাহাই সাত্ত্বিকী। 'যাহা দ্বারা মনুষ্য জানে' মূলস্থিত এইরূপ উক্তি দ্বারা করণে কর্তৃত্বের আরোপ হইয়াছে। 'কাষ্ঠানি পচন্তি' অর্থাৎ কাষ্ঠ, পাক করিতেছে; এইরূপ বলিলে কাষ্ঠের উপর পাকক্রিয়ার কর্তৃত্ব আরোপিত হয় বটে, কিন্তু বস্তুতঃ কাষ্ঠ দ্বারা পাক ক্রিয়া নির্ব্বাহিত হয় না, সুতরাং করণের স্থলে কর্তৃত্বের আরোপ হইয়াছে। সেইরূপ 'বুদ্ধি জানে' এই স্থলে করণে কর্তৃত্ব আরোপিত হইয়াছে।

পূজ্যপাদ শ্রীমদ্রামানুজাচার্য্যের অভিপ্রায়। অভ্যুদয় সাধনাভূত ধর্ম্মের নাম প্রবৃত্তি, মোক্ষসাধনভূত ধর্ম্মের নাম নিবৃত্তি; যথাবস্থিত তদুভয়কে যে বুদ্ধি জানে তাহাই সাত্ত্বিকী। সর্ব্ববর্ণের নিমিত্ত কার্য্যাকার্য্য বিহিত আছে। দেশ কালানুসারে, প্রবৃত্তি ধর্ম্মানুসারে তাহার ব্যতিক্রম ঘটিলেও তন্মধ্য হইতে ইহাই কার্য্য, ইহাই অকার্য্য, যে বুদ্ধি দ্বারা এইরূপ বিনির্ণয় হয়, তাহাই সাত্ত্বিকী বুদ্ধি। শাস্ত্রের অতিবৃত্তি অর্থাৎ শাস্ত্রীয় বিধি ব্যবস্থা ও শাসনের লঙ্ঘন এবং তাহার অনুবৃত্তি অর্থাৎ তত্তাবতের অনুপালন যথাক্রমে ভয় এবং অভয়স্থান; এই তত্ত্ব অপিচ বন্ধ অর্থাৎ সংসার যাথাত্ম্য এবং মোক্ষ অর্থাৎ তদ্বিনাশযাথাত্ম্য যে বুদ্ধি জানে তাহাই সাত্ত্বিকী।

পূজ্যপাদ শ্রীমন্মধুসূদন সরস্বতীর অভিপ্রায়। প্রবৃত্তি কর্ম্ম মার্গ এবং নিবৃত্তি সন্ন্যাস মার্গ। প্রবৃত্তি মার্গে কর্ম্ম সমূহের করণই কার্য্য, এবং নিবৃত্তি মার্গে কর্ম্ম সমূহের অকরণই অকার্য্য। প্রবৃত্তি মার্গে গর্ভবাসাদি দুঃখই ভয় এবং নিবৃত্তি মার্গে তাদৃশ দুঃখাদির অভাবই অভয়। মিথ্যাজ্ঞান জনিত কর্তৃত্বাদি অভিমানই বন্ধ, আর নিবৃত্তি মার্গে তত্ত্বজ্ঞান দ্বারা অজ্ঞান ও তৎকার্য্যের অভাব মোক্ষ। যে বুদ্ধি দ্বারা এই সকল তত্ত্ব

প্রণিধান করা যায়, তাহাই প্রমাণজনিতা নিশ্চয়াত্মিকা সাত্ত্বিকী বুদ্ধি। বন্ধ ও মোক্ষ এই প্রসঙ্গদ্বয় শেষ ভাগে উল্লেখ করায় তদ্বিষয়েই প্রবৃত্তি এবং নিবৃত্তির সম্বন্ধ সূচিত হইতেছে।

এই শ্লোকে 'পার্থ' নামে অর্জ্জুনকে সম্বোধন করা হইয়াছে। সাত্ত্বিকী বুদ্ধিসম্পন্ন মহদ্বংশজাত অর্জ্জুনের সহিত সত্ত্বগুণস্বরূপ শ্রীভগবানের শোণিত সম্বন্ধ, এই সম্বোধন বাক্যে প্রতিপাদিত হইতেছে।

কার্য্য অকার্য্য, ভয় অভয়, সম্বন্ধে পূজ্যপাদ ভাষ্য ও টীকাকৃদ্গণের যে সামান্য মতভেদ আছে, গভীর রূপে আলোচনা করিলে বস্তুতই তৎ-সমস্ত একভাবে পর্য্যবসিত হয়। সুতরাং তাহা আলোচ্য। শ্রীমন্মধুসূদন সরস্বতীপাদ এই বিষয় সংক্ষেপে অথচ সুন্দর ভাবে প্রকাশ করিয়াছেন ॥ ৩০ ॥

——:*:——

যয়া ধর্ম্মমধর্ম্মঞ্চ কার্য্যঞ্চাকার্য্যমেব চ।
অযথাবৎ প্রজানাতি বুদ্ধিঃ সা পার্থ! রাজসী ॥৩১॥

অন্বয়।—হে পার্থ! যয়া (বুদ্ধ্যা) ধর্ম্মং অধর্ম্মং চ কার্য্যং অকার্য্যং চ অযথাবৎ (অসম্যক্তয়া) এব প্রজানাতি সা রাজসী বুদ্ধিঃ ॥ ৩১ ॥

প্রতিশব্দ।—হে পার্থ! যাহা-দ্বারা ধর্ম্মকে ও অধর্ম্মকে, কার্য্য এবং অকার্য্যকে অসম্যক্ভাবে জানে, তাহা রাজসী বুদ্ধি ॥ ৩১ ॥

ব্যাখ্যা।—হে পার্থ! যে বুদ্ধি দ্বারা ধর্ম্ম ও অধর্ম্ম, কার্য্য ও অকার্য্য অযথার্থরূপে জানিতে পারা যায়, সেই বুদ্ধিই রাজসী বুদ্ধি ॥ ৩১ ॥

শঙ্করাচার্য্য।—যয়েতি। যয়া ধর্ম্মং শাস্ত্রচোদিতং অধর্ম্মঞ্চ প্রতিষিদ্ধং কার্য্যাকার্য্যমেব চ পূর্ব্বোক্তে এব কার্য্যাকার্য্যে অযথাবদ্ যথাবৎ সর্ব্বতোনির্ণয়েন ন প্রজানাতি যা বুদ্ধিঃ সা পার্থ! রাজসী ॥ ৩১ ॥

আনন্দগিরি।—কার্য্যাকার্য্যয়োর্দ্ধর্ম্মাধর্ম্মাভ্যাং পৌনরুক্ত্যং পরিহরতি পূর্ব্বোক্তে ইতি। পূর্ব্বশ্লোকে কার্য্যাকার্য্যশব্দাভ্যাং দৃষ্টাদৃষ্টার্থানাং কর্ম্মণাং করণাকরণে নির্দ্দিষ্টে তয়োরেবাত্রাপি

প্রবণোর ধর্ম্মাধর্ম্মাভ্যং পূর্ব্বপর্য্যায়াভ্যামজ্ঞাণভেত্যর্থঃ যা বুদ্ধির্যয়া বুদ্ধ্যা বোদ্ধা নির্ণয়েন ন জানাতীত্যর্থঃ ॥ ৩১ ॥

রামানুজ।—যয়েতি। যয়া পূর্ব্বোক্তং দ্বিবিধং ধর্ম্মং তদ্বিপরীতঞ্চ তন্নিষ্ঠানাং দেশকালা-বস্থাদিষু কার্য্যং চাকার্য্যং চ যথাবন্ন জানাতি সা রাজসী বুদ্ধিঃ ॥ ৩১ ॥

হনুমান্।—যয়া বুদ্ধ্যা ধর্ম্মং শ্রেয়ঃসাধনং অকার্য্যং চাযথাবৎ প্রজানাত্যন্যথা প্রজানাতি সা রাজসী ॥ ৩১ ॥

শ্রীধর।—রাজসীং বুদ্ধিমাহ যয়েতি। অযথাবৎ সন্দেহাস্পদত্বেনেত্যর্থঃ। স্পষ্ট-মন্যৎ ॥ ৩১ ॥

বলদেব।—রাজসীং বুদ্ধিমাহ যয়েতি। অযথাবদসম্যক্ত্বেন ॥ ৩১ ॥

মধুসূদন।—ধর্ম্মং শাস্ত্রবিহিতং অধর্ম্মং শাস্ত্রপ্রতিষিদ্ধং অদৃষ্টার্থমুভয়ং কার্য্যাকার্য্যং অযথাবদেব প্রজানাতি যথাবন্ন জানাতি কিং স্বিদিদমিত্থং নবেতি চানধ্যবসায়ং সংশয়ং বা ভজতে যয়া বুদ্ধ্যা সা রাজসী বুদ্ধিঃ। অত্র তৃতীয়ানির্দ্দেশাদন্যত্রাপি করণত্বং ব্যাখ্যেয়ং ॥ ৩১ ॥

নীলকণ্ঠ।—যয়েতি। অযথাবৎ সন্দেহাস্পদত্বেন। স্পষ্টমন্যৎ ॥ ৩১ ॥

বিশ্বনাথ।—অযথাবৎ অসম্যক্তয়া ইত্যর্থঃ ॥ ৩১ ॥

তাৎপর্য্য।—সাত্ত্বিকীবুদ্ধির লক্ষণ নির্দ্দেশ করিয়া অতঃপর শ্রীভগবান্ রাজসী বুদ্ধির বিবরণ করিতেছেন। এসংসারে মনুষ্য অনেক সময়েই সম্যক্‌রূপে ধর্ম্মাধর্ম্ম বিনির্ণয় করিতে সক্ষম হয় না। প্রকৃষ্ট জ্ঞানের অভাবে ধর্ম্মাধর্ম্ম বিষয়ে অনেক সময়েই তাহারা সন্দিহান হয়। সেইরূপে কার্য্যা-কার্য্য বিনির্ণয়েও তাহাদিগের ক্ষমতা সকল ক্ষেত্রে যথাবৎ পরিচালিত হয় না। ধর্ম্মাধর্ম্ম ও কার্য্যাকার্য্য প্রকৃতরূপে তাহাদিগের হৃদয়ে সর্ব্বদা অব-জাত হয় না। এইরূপ সুমীমাংসার অভাবে তাহারা সন্দেহ সহকারে অন্যথা দর্শন করে এবং প্রকৃষ্ট পথ পরিত্যাগ করিয়া হয়তো নীচগামী হইয়া পড়ে; যে বুদ্ধি দ্বারা মনুষ্যেরা ধর্ম্ম এবং অধর্ম্ম, কার্য্য এবং অকার্য্য অযথাবৎ দর্শন করে, হে পার্থ! তাদৃশী অনিশ্চয়াত্মিকা বুদ্ধি রাজসী নামে অভিহিত হইয়া থাকে।

পূজ্যপাদ শ্রীমদ্রামানুজাচার্য্য বলিয়াছেন, পূর্ব্বশ্লোকে নির্দ্দিষ্ট ধর্ম্ম এবং তাহার বিপরীত অধর্ম্ম, নিষ্ঠাবানগণের দেশ, কাল, অবস্থানুসারে কার্য্য এবং অকার্য্য যথাবৎ যে বুদ্ধি দ্বারা জ্ঞাত হওয়া যায় না, তাহাই রাজসী বুদ্ধি।

সাত্ত্বিকী বুদ্ধি কেবল সন্মার্গই প্রদর্শন করে, রাজসী বুদ্ধিদ্বারা সদসৎ পরিস্ফুট রূপে হৃদয়ঙ্গম হয় না। অযথাবৎ প্রদর্শনই রাজসী বুদ্ধির প্রধান লক্ষণ। ॥ ৩১ ॥

——•:):•:(:•——

অধর্ম্মং ধর্ম্মমিতি যা মন্যতে তমসাবৃতা।
সর্ব্বার্থান্ বিপরীতাংশ্চ বুদ্ধিঃ সা পার্থ! তামসী ॥ ৩২ ॥

অন্বয়।—হে পার্থ! তমসা (তমোগুণেন) আবৃতা (আচ্ছন্না) যা (বুদ্ধিঃ) অধর্ম্মং (প্রতিবিদ্ধং) ধর্ম্মং (বিহিতং) ইতি মন্যতে (জানাতি) সর্ব্বার্থান্ (সর্ব্বপ্রয়োজনান্) বিপরীতান্ চ [মন্যতে] সা বুদ্ধিঃ তামসী ॥ ৩২ ॥

প্রতিশব্দ।—হে পার্থ! তমো-গুণ-দ্বারা আবৃতা যে-বুদ্ধি অধর্ম্মকে ধর্ম্ম ইহা জানে, এবং সর্ব্ব-বিষয়কে বিপরীত [মনে-করে] সেই বুদ্ধি তামসী ॥ ৩২ ॥

ব্যাখ্যা।—হে পার্থ! যে বুদ্ধি তমোগুণ দ্বারা আচ্ছন্ন হইয়া অধর্ম্মকে ধর্ম্ম বলিয়া বোধ জন্মায় এবং দৃষ্টাদৃষ্টার্থ সর্ব্বব্যাপারকে বিপরীতরূপে প্রণিধান করে, তাহাই তামসী বুদ্ধি নামে অভিহিত ॥ ৩২ ॥

শঙ্করাচার্য্য।—অধর্ম্মমিতি। অধর্ম্মং প্রতিষিদ্ধং ধর্ম্মং বিহিতমিতি যা মন্যতে জানাতি তমসাবৃতা সতী, সর্ব্বার্থান্ সর্ব্বানেব জ্ঞেয়পদার্থান্বিপরীতানেব জানাতি বুদ্ধিঃ সা পার্থ! তামসী ॥ ৩২ ॥

আনন্দগিরি।—ধর্ম্মশব্দো নপুংসকলিঙ্গোঽপীত্যভিপ্রেত্য ধর্ম্মমিত্যুক্তং তমসাবৃতাঽবিবেকেন বেষ্টিতেত্যর্থঃ। কার্য্যাকার্য্যাদীন্নুক্তানন্নুক্তাংশ্চ সংগ্রহীতুং সর্ব্বার্থানিত্যুক্তং তদ্ব্যাচষ্টে সর্ব্বানেবেতি। বিপরীতাংশ্চেতি চকারমবধারণে গৃহীত্বা বিপরীতানেবেত্যুক্তং ॥ ৩২ ॥

রামানুজ।—অধর্ম্মমিতি। তামসীতু বুদ্ধিস্তমসাবৃতা সতী সর্ব্বার্থান্বিপরীতান্মন্যতে। অধর্ম্মং ধর্ম্মং ধর্ম্মং চাধর্ম্মং, সন্তং চার্থং অসন্তং, অসন্তং চার্থং সন্তং, পরঞ্চ তত্ত্বমপরং অপরঞ্চ তত্ত্বং পরং। এবং সর্ব্বং বিপরীতং মন্যত ইত্যর্থঃ ॥ ৩২ ॥

হনুমান্।—অধর্ম্মং শ্রেয়স্করং ধর্ম্মমিতি ধর্ম্মস্বরূপেণ বিপরীতান্ বিপর্য্যস্তান্ সা তামসী॥ ৩২॥

শ্রীধর।—তামসীং বুদ্ধিমাহ অধর্ম্মমিতি। বিপরীতগ্রাহিণী বুদ্ধিস্তামসীত্যর্থঃ। বুদ্ধিরন্তঃকরণং পূর্ব্বোক্তং জ্ঞানন্তত্বৃত্তিঃ ধৃতিরপি তদ্বৃত্তিরেব। যথা, অন্তঃকরণস্য ধর্ম্মিণোবুদ্ধিরূপ্যধ্যবসায়লক্ষণা বৃত্তিরেব ইচ্ছাদ্বেষাদীনাং তদ্বৃত্তীনাং বহুত্বেঽপি ধর্ম্মাধর্ম্মতন্ত্রাভরসাধনত্বেন প্রাধান্যাদেতাসাং ত্রৈবিধ্যমুক্তং উপলক্ষণঞ্চৈতদন্যাসাং॥ ৩২॥

বলদেব।—তামসীং বুদ্ধিমাহ অধর্ম্মমিতি। বিপরীতগ্রাহিণী বুদ্ধিস্তামসীত্যর্থঃ। সর্ব্বার্থান্ বিপরীতানিতি। সাধুমসাধুমসাধুঞ্চ সাধুং। পরং তত্ত্বমপরং অপরঞ্চ তত্ত্বং পরমিত্যেবং সর্ব্বানর্থান্ বিপরীতান্মন্যত ইত্যর্থঃ॥ ৩২॥

মধুসূদন।—তমসা বিশেষদর্শনবিরোধিনা দোষেণাবৃতা যা বুদ্ধিরধর্ম্মং ধর্ম্মমিতি মন্যতে অদৃষ্টার্থে সর্ব্বত্র বিপর্য্যস্তেতি তথা সর্ব্বার্থান্ সর্ব্বান্ দৃষ্টপ্রয়োজনানপি জ্ঞেয়পদার্থান্ বিপরীতানেব মন্যতে, সা বিপর্য্যয়বতী বুদ্ধিস্তামসী॥ ৩২॥

নীলকণ্ঠ।—অধর্ম্মমিতি। বিপরীতগ্রাহিণী বুদ্ধিস্তামসীত্যর্থঃ॥ ৩২॥

বিশ্বনাথ।—যা মন্যত ইতি কুঠারশ্ছিনত্তীতিবৎ যয়া মন্যতে ইত্যর্থঃ॥ ৩২॥

তাৎপর্য্য।—অতঃপর তামসী বুদ্ধির লক্ষণ নির্দ্দিষ্ট হইতেছে। যে বুদ্ধি দ্বারা অধর্ম্মকে ধর্ম্ম বলিয়া মনে হয়, অর্থাৎ প্রতিষিদ্ধ অনুষ্ঠান সমূহকে বিহিত বলিয়া জ্ঞান জন্মে, তাহাই তামসী বুদ্ধি। এইরূপ বুদ্ধি তমঃ অর্থাৎ অন্ধকারাচ্ছন্না। কারণ মোহের প্রাবল্যে এই বুদ্ধি স্বরূপতঃ তত্ত্ব সমূহ অবগত হইতে দেয় না। সংসারে অনেক কার্য্যই অধর্ম্মজনক এবং উন্নতির প্রতিকূল। কিন্তু তমসাচ্ছন্না বুদ্ধির প্রভাবে তত্তাবতকে ধর্ম্মসঙ্গত জ্ঞান করিয়া মনুষ্য প্রভূত উদ্যম ও আয়াস সহকারে তাহারই অনুসরণ করিয়া থাকে। এইরূপ বুদ্ধির প্রভাবে যাহা অবশ্য পরিত্যাজ্য এবং যাহা চরমোন্নতির পরম প্রতিবন্ধক, সেই লৌকিক ব্যাপারে মনুষ্য অত্যাসক্ত হয় এবং তাহাই সংসারধর্ম্মের সার কর্ত্তব্য জ্ঞানে আজীবন সেবা করে। হে পার্থ! এইরূপ তমসাবৃতা নিকৃষ্টা বুদ্ধি তামসী নামে অভিহিতা হইয়া থাকে।

এই শ্লোকত্রয়ে বুদ্ধির ব্যাখ্যান কালে শ্রীভগবান্ প্রত্যেক স্থলেই অর্জ্জুনকে 'পার্থ' নামে সম্বোধন করিয়াছেন। ইহার সার্থকতা পূর্ব্বেই প্রদর্শিত হইয়াছে।

এই শ্লোকোপলক্ষ্যে বুদ্ধি শব্দ অবলম্বন করিয়া পূজ্যপাদ শ্রীমৎ শ্রীধর স্বামী নিম্নলিখিতরূপ অভিপ্রায় পরিব্যক্ত করিয়াছেন। বুদ্ধি অর্থাৎ অন্তঃকরণ। পূর্ব্বোক্তরূপ জ্ঞান তাহার বৃত্তি বিশেষ; ধৃতিও সেই বুদ্ধির বৃত্তি। অথবা ধর্ম্মী অন্তঃকরণের বুদ্ধিও অধ্যবসায় লক্ষণা বৃত্তি। ইচ্ছা দ্বেষাদি তাহার আরও অনেক বৃত্তি আছে। ধর্ম্মাধর্ম্ম এবং ভয়াভয় সাধনত্ব হেতু এই তিনেরই প্রাধান্য। এইজন্য অন্যান্য বৃত্তির প্রসঙ্গ আলোচনা না করিয়া এই তিনেরই বিবরণ করা হইল। উপলক্ষণ দ্বারা অন্যান্য বৃত্তি সমূহও লক্ষিত হইতেছে॥ ৩২॥

——•:):•:(:•——

ধৃত্যা যয়া ধারয়তে মনঃপ্রাণেন্দ্রিয়ক্রিয়াঃ।
যোগেনাব্যভিচারিণ্যা ধৃতিঃ সা পার্থ! সাত্ত্বিকী॥৩৩॥

অন্বয়:—হে পার্থ! যোগেন (চিত্তৈকাগ্র্যেণ) অব্যভিচারিণ্যা (স্থিরভূতয়া) যয়া ধৃত্যা মনঃপ্রাণেন্দ্রিয়ক্রিয়াঃ ধারয়তে সা ধৃতিঃ সাত্ত্বিকী॥ ৩৩॥

প্রতিশব্দ।—হে পার্থ! যোগ-হেতু অব্যভিচারী যে ধৃতি-দ্বারা মন-প্রাণ-ইন্দ্রিয়-গণের-কার্য্য সংযত-হয় সেই ধৃতি সাত্ত্বিকী॥ ৩৩॥

ব্যাখ্যা।—হে পার্থ! চিত্তের একাগ্রতা প্রযুক্ত ব্যভিচার রহিত যে ধৃতি দ্বারা মন, প্রাণ এবং ইন্দ্রিয় সমূহের ক্রিয়া নিয়মিত হয়, তাহাই সাত্ত্বিকী ধৃতি বলিয়া জানিবে॥ ৩৩॥

শঙ্করাচার্য্য।—ধৃত্যেতি। ধৃত্যা যয়াঽব্যভিচারিণ্যেতি ব্যবহিতেন সম্বন্ধঃ, ধারয়তে কিং মনঃপ্রাণেন্দ্রিয়ক্রিয়াঃ মনশ্চ প্রাণাশ্চেন্দ্রিয়াণি তেষাং ক্রিয়াশ্চেষ্টাস্তা উচ্ছাস্ত্রমার্গপ্রবৃত্তের্ধারয়তি ধৃত্যা হি ধার্য্যমাণা অনুচ্ছাস্ত্রমার্গবিষয়া ভবন্তি। যোগেনেতি যোগেন সমাধানেনাব্যভিচারিণ্যা নিত্যসমাধানানুগতয়েত্যর্থঃ, এতদুক্তং ভবত্যভিচারিণ্যা ধৃত্যা মনঃপ্রাণেন্দ্রিয়ক্রিয়াঃ ধার্য্যমাণা যোগেন ধারয়তীতি বৈবংলক্ষণা ধৃতিঃ সা পার্থ! সাত্ত্বিকী॥ ৩৩॥

আনন্দগিরি।—ইদানীং ধৃতিত্রৈবিধ্যং ব্যুৎপিপাদয়িষুরাদৌ সাত্ত্বিকীং ধৃতিং ব্যুৎপাদয়তি ধৃত্যেতি। নির্দ্দিষ্টানাং চেষ্টানাং কথং ধৃত্যা ধারণং তদাহ তা ইতি। তদেবাহুভবেন

সাধয়তি ধৃত্যা ইতি। ধ্রিয়তেঽনয়েতি ধৃতির্যত্র বিশেষঃ তয়া ধৃত্যা ধার্য্যমাণা যথোপদিষ্টাশ্চেষ্টাঃ শাস্ত্রমতিক্রম্য নার্থান্তরাবগাহিন্যো ভবন্তীত্যর্থঃ। ধৃতিমেব সমাধ্যবিনাভূতত্বেন বিশিনষ্টি যোগেন ইতি। নমু ধৃতের্নিয়মেন সমাধ্যনুগতত্বং কথমুক্তক্রিয়াধারণোপযোগীতাশঙ্ক্যাহ এতদিতি। উক্তক্রিয়া ধার্য্যমাণা যোগেন ব্রহ্মণি সমাধানেনৈকাগ্র্যেণাব্যভিচারিণ্যাঽবিনাভূতয়া ধৃত্যা ধার্য্যতীত্যর্থঃ তদবিনাভাবাভাবে নিয়মেন তদ্ধারণাসিদ্ধেরিত্যর্থঃ ॥ ৩৩ ॥

রামানুজ ।—ধৃত্যেতি। যয়া ধৃত্যা যোগেনাব্যভিচারিণ্যা মনঃপ্রাণেন্দ্রিয়াণাং ক্রিয়াঃ পুরুষো ধারয়তে। যোগো মোক্ষসাধনভূতং ভগবদুপাসনং যোগেন প্রয়োজনভূতেনাব্যভিচারিণ্যা যোগোদ্দেশেন প্রবৃত্তাস্তৎসাধনভূতা মনঃ প্রভৃতীনাং যাঃ ক্রিয়া যয়া ধৃত্যা ধারয়তে সা সাত্ত্বিকীত্যর্থঃ ॥ ৩৩ ॥

হনুমান্ ।—ধৃত্যা ধৈর্য্যেন ধারয়তি বিস্তার্য্য প্রাণা অনবস্থেষাং ক্রিয়াব্যাপারাৎ যোগেন সমাধিনা অব্যভিচারিণ্যা নিত্যয়া ধৃত্যা সা সাত্ত্বিকী ॥ ৩৩ ॥

শ্রীধর ।—ইদানীং ধৃতেস্ত্রৈবিধ্যমাহ ধৃত্যেতি ত্রিভিঃ। যোগেন চিত্তৈকাগ্র্যেণ হেতুনাঽব্যভিচারিণ্যা বিষয়ান্তরমধারয়ন্ত্যা যয়া ধৃত্যা মনসঃ প্রাণস্য ইন্দ্রিয়াণাঞ্চ ক্রিয়া ধারয়তে নিযচ্ছতি, সা ধৃতিঃ সাত্ত্বিকী ॥ ৩৩ ॥

বলদেব ।—ধৃতেস্ত্রৈবিধ্যমাহ ধৃত্যেতি ত্রিভিঃ। যয়া মনঃপ্রাণেন্দ্রিয়াণাং যোগোপায়ভূতাঃ ক্রিয়াঃ পুরুষো ধারয়তে সা ধৃতিঃ সাত্ত্বিকী। কীদৃশেত্যাহ যোগেনেতি। যোগঃ পরাত্মচিন্তনং। তেনাব্যভিচারিণ্যা তদন্যং বিষয়মগৃহ্লন্ত্যেত্যর্থঃ ॥ ৩৩ ॥

মধুসূদন ।—ইদানীং ধৃতেস্ত্রৈবিধ্যমাহ ত্রিভিঃ। যোগেন সমাধিনাঽব্যভিচারিণ্যাঽবিনাভূতয়া সমাধিব্যাপ্তয়া যয়া ধৃত্যা প্রযত্নেন মনসঃ প্রাণস্যেন্দ্রিয়াণাং চ ক্রিয়াশ্চেষ্টা ধারয়তে উচ্ছাস্ত্রপ্রবৃত্তের্নিরুণদ্ধি, যস্যাং সত্যামবশ্যং সমাধির্ভবতি, যয়া চ ধার্য্যমাণা মনআদিক্রিয়াঃ শাস্ত্রমতিক্রম্য নার্থান্তরমবগাহন্তে, ধৃতিঃ সা পার্থ! সাত্ত্বিকী ॥ ৩৩॥

নীলকণ্ঠ ।—ধৃত্যেতি। যয়া ধৃত্যা অব্যভিচারিণ্যা সমাধ্যনুগতয়া মনঃপ্রাণেন্দ্রিয়াণাং ক্রিয়াশ্চেষ্টাঃ সঙ্কল্পঃ শ্বাসপ্রশ্বাসৌ শব্দাদিগ্রহণঞ্চ যোগেন চিত্তবৃত্তিনিরোধেন ঐকাগ্র্যেণ বা সংযতাত্মাত্তথৈব নিরোধাবস্থায়ামৈকাগ্র্যাবস্থায়াং বা ধারয়তে চিরমবস্থাপয়তি সা ধৃতিঃ পার্থ! সাত্ত্বিকী ॥ ৩৩ ॥

বিশ্বনাথ ।—ধৃতেস্ত্রৈবিধ্যমাহ ধৃত্যেতি ॥ ৩৩। ৩৪। ৩৫ ॥

তাৎপর্য্য ।—পূর্ব্বে জ্ঞান, তদনন্তর বুদ্ধির লক্ষণ নিরূপিত হইয়াছে। অতঃপর শ্লোকত্রয়ে ধৃতির সাত্ত্বিকাদি ভেদ নির্দ্ধারিত হইতেছে। যে বৃত্তি মন প্রাণ এবং ইন্দ্রিয়ের ক্রিয়াসমূহ সুদৃঢ়রূপে ধারণ করিয়া রাখে তাহারই নাম ধৃতি। যোগদ্বারা মনুষ্যের হৃদয়বলের সম্যক্ উন্নতি হয় এবং যোগের পূর্ণাবস্থারূপ সমাধি হইলে চিত্ত সর্ব্বপ্রকার বিক্ষেপ শূন্য হইয়া

থাকে। সেইরূপ অবস্থায় নিবাতনিকম্প প্রদীপের ন্যায় মনুষ্য মন অবিচলিত ভাবে একই ধ্যানে নিবিষ্ট হয়। তখন মনের সকল কার্য্য তিরোহিত হইয়া যায়, প্রাণ সম্পূর্ণরূপে নির্লিপ্ত ভাবে দেহের সহিত সংলিপ্ত হয় এবং ইন্দ্রিয়গণ কূর্ম্মের ন্যায় অঙ্গপ্রত্যঙ্গ সঙ্কুচিত করিয়া কেবল নিষ্ক্রিয় ভাবে চিত্তমধ্যে অবস্থিতি করে। এইরূপ যোগদ্বারা অব্যভিচারী ভাবে যে ধৃতি আত্মমধ্যে মন, প্রাণ এবং ইন্দ্রিয়গণকে ধারণ করে, তাহাই সাত্ত্বিকী বলিয়া জানিবে। ব্যভিচার রাহিত্য, সাত্ত্বিকী ধৃতির প্রধান লক্ষণ; অর্থাৎ কখনও কখনও যদি মন, প্রাণ ও ইন্দ্রিয়গ্রাম যোগজনিত স্থিরাবস্থা হইতে বিচ্যুত হইয়া বিষয়ান্তরে নিবিষ্ট হয়, কদাপি যদি তত্তাবত স্বাধীন ভাবে স্বেচ্ছামত পথে বিচরণ করিতে পারে, তাহা হইলে তাহাদিগের ব্যভিচার ঘটে। যোগবলে যদি মন, প্রাণ ও ইন্দ্রিয় সমাহিত হয় এবং ধৃতি যদি তাহাদিগকে ধারণ করিয়া নিষ্ক্রিয় ভাবে রাখে, তাহা হইলেও কখনও যদি তাহারা নিরঙ্কুশ ভাবে বিচরণ করে, তাহা হইলে সে ধৃতি সাত্ত্বিকী নামে অভিহিত হয় না। অতএব সাত্ত্বিকী ধৃতির লক্ষণ বুঝিতে হইলে মূলস্থিত "যোগেন" এবং "অব্যভিচারিণ্যা" বাক্যদ্বয়ের প্রতি বিশেষ লক্ষ্য রাখিতে হইবে।

পূজ্যপাদ শ্রীমচ্ছঙ্করাচার্য্য, শ্রীমদানন্দগিরি তথা শ্রীমন্মধুসূদন সরস্বতীর অভিপ্রায়।—যে ধৃতি দ্বারা অব্যভিচারিরূপে মন প্রাণ ও ইন্দ্রিয়ের ক্রিয়া ধারণ করা যায়, তাহাই সাত্ত্বিকী ধৃতি। সেই ধারণ কিরূপ, ইহাই বুঝাইবার নিমিত্ত বলিতেছেন যে, তত্তাবত সতত শাস্ত্রবিরোধী পথে পরিভ্রমণে আসক্ত। ধৃতির প্রভাবে তাহারা উন্মার্গগামী না হইয়া শাস্ত্রীয় মার্গে ধৃত হইয়া থাকে। এইরূপ অবস্থা ঘটিলে যোগের পরিপাকস্বরূপ সমাধি অবশ্যম্ভাবী। কিরূপে তাহারা এতাদৃশভাবে ধৃত হয়, তাহাই বুঝাইবার জন্য বলিয়াছেন যে, যোগ অর্থাৎ সমাধানানুগত ভাবে অর্থাৎ সমাধান সিদ্ধির অনুকূলরূপে তাহাদিগকে ধারণ করিয়া রাখিতে হয়। এইরূপ লক্ষণাক্রান্তা যে ধৃতি, তাহাই সাত্ত্বিকী।

পূজ্যপাদ শ্রীমদ্রামানুজাচার্য্য যোগ শব্দের অর্থস্বরূপে মোক্ষসাধন স্বরূপ ভগবানের উপাসনা এবং পূজ্যপাদ শ্রীমদ্বলদেব পরমাত্ম চিন্তা, এই অর্থ নির্দ্দেশ করিয়াছেন ॥ ৩৩ ॥

যয়া তু ধর্ম্মকামার্থান্ ধৃত্যা ধারয়তেঽর্জ্জুন!।
প্রসঙ্গেন ফলাকাঙ্ক্ষী ধৃতিঃ সা পার্থ! রাজসী ॥ ৩৪ ॥

অন্বয়।—হে অর্জ্জুন! প্রসঙ্গেন (কর্ত্তৃত্বাদ্যভিনিবেশেন) ফলাকাঙ্ক্ষী [সন্] যয়া তু ধৃত্যা ধর্ম্মকামার্থান্ ধারয়তে (অবধারয়তি) হে পার্থ! সা ধৃতিঃ রাজসী ॥ ৩৪ ॥

প্রতিশব্দ।—হে অর্জ্জুন! প্রসঙ্গ-হেতু ফলাকাঙ্ক্ষী [হইয়া] যে ধৃতি-দ্বারা ধর্ম্ম-কাম-অর্থকে অবধারণ-করে, হে পার্থ! সেই ধৃতি রাজসী ॥ ৩৪ ॥

ব্যাখ্যা।—হে অর্জ্জুন! কর্ত্তৃত্বাদি অভিনিবেশ হেতু ফলাকাঙ্ক্ষী হইয়া মানব যে ধৃতি দ্বারা ধর্ম্ম কামার্থকে অবধারণ করে, হে পার্থ! সেই ধৃতিই রাজসী নামে অভিহিত ॥ ৩৪ ॥

শঙ্করাচার্য্য।—যয়েতি। যয়া তু ধর্ম্মকামার্থান্ ধর্ম্মশ্চ কামশ্চার্থশ্চ তে ধর্ম্মকামার্থাঃ তান্ ধর্ম্মকামার্থান্ ধৃত্যা যয়া ধারয়তে মনসি নিত্যকর্ত্তব্যরূপানেব ধারয়তে হে অর্জ্জুন! প্রসঙ্গেন যস্য যস্য ধর্ম্মাদের্ধারণপ্রসঙ্গস্তেন তেন প্রসঙ্গেন ফলাকাঙ্ক্ষী চ ভবতি যঃ পুরুষঃ, তস্য ধৃতির্যা সা পার্থ! রাজসী ॥ ৩৪ ॥

আনন্দগিরি।—রাজসীং ধৃতিং দর্শয়তি যয়াত্বিতি। তেষাং ধারণপ্রকারমভিনয়তি মনসীতি। ফলাকাঙ্ক্ষীতি কস্য বিশেষণং তত্রাহ যঃ পুরুষইতি॥ ৩৪ ॥

রামানুজ।—যয়েতি। ফলাকাঙ্ক্ষী পুরুষঃ প্রকৃষ্টসঙ্গেন ধর্ম্মকামার্থান্ যয়া ধৃত্যা ধারয়তি সা রাজসী ধর্ম্মকামার্থশব্দেন তৎসাধনভূতা মনঃপ্রাণেন্দ্রিয়ক্রিয়া লক্ষ্যন্তে ফলাকাঙ্ক্ষীত্যত্রাপি ফলশব্দেন রাজসত্বাৎ ধর্ম্মকামার্থা এব বিবক্ষিতাঃ অতো ধর্ম্মকামার্থাপেক্ষয়া মনঃপ্রভৃতীনাং ক্রিয়াঃ যয়া ধৃত্যা ধারয়তে সা রাজসীত্যুক্তং ভবতি ॥ ৩৪ ॥

হনুমান্।—যয়া তু ধর্ম্মকামার্থান্ ধারয়তে বিভর্ত্তি প্রসঙ্গেন প্রসক্ত্যা নতু নিত্যমিত্যর্থঃ ॥ ৩৪ ॥

শ্রীধর।—রাজসীং ধৃতিমাহ যয়া ত্বিতি। যয়া তু ধৃত্যা ধর্ম্মার্থকামান্ প্রাধান্যেন ধারয়তে ন বিমুঞ্চতি তৎপ্রসঙ্গেন তৎফলাকাঙ্ক্ষী চ ভবতি সা রাজসী ধৃতিঃ ॥ ৩৪ ॥

বলদেব।—সকামবিবৎপ্রসঙ্গেন ফলাকাঙ্ক্ষী পুরুষঃ যয়া ধর্ম্মাদীন্ তৎসাধনভূতা মনঃপ্রাণেন্দ্রিয়ক্রিয়া ধারয়তে সা ধৃতিঃ রাজসী ॥ ৩৪ ॥

মধুসূদন।—তু: সাত্ত্বিক্যা ভিনত্তি। প্রসঙ্গেন কর্তৃত্বাদ্যভিনিবেশেন ফলাকাঙ্ক্ষী সন্ যয়া ধৃত্যা ধর্মং কামমর্থঞ্চ ধারয়তে নিত্যং কর্তব্যতয়াঽবধারয়তি ন তু মোক্ষং কদাচিদপি, ধৃতিঃ সা পার্থ! রাজসী ॥ ৩৪ ॥

নীলকণ্ঠ।—যয়াত্বিতি। যয়া ধৃত্যা ধর্মাদীন্ ধারয়তে অনুরোধ্যতয়া নিশ্চিনোতি প্রসঙ্গেন ধর্মাদেঃ সম্বন্ধেন ফলাকাঙ্ক্ষী চ ভবতি পুরুষো ধৃতিঃ সা পার্থ: রাজসী ॥ ৩৪ ॥

তাৎপর্য্য।—অতঃপর রাজসীধৃতির প্রসঙ্গ আলোচিত হইতেছে। মূলস্থিত "তু" শব্দ পার্থক্য প্রতিপাদনের নিমিত্ত প্রযুক্ত হইয়াছে। যে ধৃতি দ্বারা ধর্ম্ম অর্থ এবং কাম প্রাপ্তির উপায় প্রদর্শিত হয়, এবং যে ধৃতি কর্তৃত্বাভিনিবেশ সহকারে ঐ তিন ফলেরই আকাঙ্ক্ষা করে তাহাই রাজসী ধৃতি। যে তিন ফলের প্রসঙ্গ কীর্ত্তিত হইয়াছে, মোক্ষ তাহার উপরও পরম ফলস্বরূপ। কিন্তু রাজসী ধৃতি মোক্ষফল লক্ষ্য করে না। ধর্ম্ম ইহ-লৌকিক ও পারলৌকিক উন্নতির সোপান হইলেও কেবল ধর্ম্ম দ্বারাই মোক্ষ লব্ধ হয় না, তৎসহ জ্ঞানের প্রয়োজন। রাজসী ধৃতিতে ধর্ম্ম থাকে, কিন্তু জ্ঞানের কোন উল্লেখ নাই। অর্থ লৌকিক সুখের প্রধান হেতু স্বরূপ। তদ্দ্বারা ধর্ম্মসঙ্গত কর্ম্মও নানা উপায়ে সম্পাদিত হইতে পারে, কিন্তু প্রধা-নতঃ তাহা ঐহিক সুখের পথই প্রশস্ত করিয়া দেয়, সুতরাং তদ্দ্বারা মোক্ষ প্রাপ্তির কোন উপায় হইতে পারে না। আর কাম অর্থাৎ কাম্য বস্তু প্রাপ্তিরূপ তৃপ্তি কেবলই সাময়িক অকিঞ্চিৎকর সুখের হেতু স্বরূপ। পর-মোন্নতির পথ হইতে তাহা মনুষ্যকে সুদূরে আনয়ন করে, সুতরাং তাহার সেবা মোক্ষ দূরে থাকুক, কেবল মাত্র বন্ধনেরই হেতুভূত হয়। এই তিন ফল প্রাপ্তির নিমিত্ত যে ধৃতি কার্য্যকরী হইয়া থাকে, তাহাই রাজসী। অতএব বুঝিতে হইবে যে, রাজসী ধৃতি ব্যামিশ্র ফলপ্রসূ। তাহাতে ধর্ম্ম আছে, ধর্ম্মদ্বারা স্বর্গাদি ফল প্রাপ্তি সম্ভব। আর তাহাতে কামও আছে, তাহার দ্বারা বন্ধন অবশ্যম্ভাবী। রাজসী ধৃতি মোক্ষ প্রাপ্তির সুযোগ আনয়ন করিতে পারে না।

পূজ্যপাদ শ্রীমদ্রামানুজাচার্য্যের অভিপ্রায়। ফলাকাঙ্ক্ষী মানব অত্যা-সক্তি হেতু যে ধৃতি দ্বারা ধর্ম্ম, অর্থ এবং কাম ধারণ করে, তাহাই রাজসী ধৃতি। ধর্ম্ম কামার্থ শব্দ দ্বারা তৎপ্রাপ্তির সাধন স্বরূপ প্রাণেন্দ্রিয়ের ক্রিয়া সূচিত হইয়াছে। মূলে "ফলাকাঙ্ক্ষী" শব্দ স্থিত ফলশব্দ দ্বারা রাজস ভাবই

পরিত্যক্ত হইতেছে এবং ধর্ম্ম অর্থ কাম বিবক্ষিত হওয়ায় তৎসমস্তের অপেক্ষা মন প্রভৃতির ক্রিয়া যে ধৃতি দ্বারা ধারণ করা যায়, তাহাই রাজসী।

এস্থলে পূজ্যপাদ শ্রীমদ্রাঘবেন্দ্র যতি লিখিয়াছেন, প্রসঙ্গ অর্থাৎ প্রকৃষ্ট অর্থাৎ কর্ম্মে মদীয় বোধ সহকারে ফলাকাঙ্ক্ষাযুক্ত। ইহার ভাবার্থ এই যে, সাংসারিক ব্যাপার সমূহে মমত্ববোধই তত্তৎ প্রাপ্তির প্রণোদক। যদি বোধ জন্মে যে, কোন লৌকিক কর্ম্ম পারলৌকিক মোক্ষ প্রাপ্তির হেতু নহে এবং সকলই নশ্বর বা ক্ষণকালের নিমিত্ত সম্বন্ধবদ্ধ, তাহা হইলে তত্তাবন্তের প্রতি মদীয় বোধ বা মমত্ব জন্মিতে পারে না। এই মমত্ব বোধই আসক্তির নিয়ামক। এইরূপ আসক্তি যে ধৃতি দ্বারা জন্মে তাহাই রাজসী ॥ ৩৪ ॥

——০::০:(:০——

যয়া স্বপ্নং ভয়ং শোকং বিষাদং মদমেব চ।
ন বিমুঞ্চতি দুর্মেধা ধৃতিঃ সা তামসী মতা ॥ ৩৫ ॥

অন্বয়।—হে পার্থ! দুর্ম্মেধাঃ (বিবেকরহিতঃ) যয়া (ধৃত্যা) স্বপ্নং ভয়ং ক্রোধং বিষাদং মদং এব চ ন বিমুঞ্চতি (পরিত্যজতি) সা ধৃতিঃ তামসী মতা ॥ ৩৫ ॥

প্রতিশব্দ।—হে পার্থ! বিবেক-শূন্য [ব্যক্তি] যাহা-দ্বারা স্বপ্ন, ভয়, শোক, বিষাদ এবং মদকে না ত্যাগ-করে, সে ধৃতি তামসী কথিত-হয় ॥ ৩৫ ॥

ব্যাখ্যা।—হে পার্থ! অবিবেকী পুরুষ যে ধৃতি দ্বারা স্বপ্ন, ভয়, শোক, বিষাদ এবং মদ এই সমস্তকে পরিত্যাগ করিতে না পারে, অধিকন্তু এই সমস্ত আরও অধিকতররূপে উদ্রিক্ত হয়, তাহাই তামসী ধৃতি নামে অভিহিত হইয়া থাকে ॥ ৩৫ ॥

শঙ্করাচার্য্য।—যয়েতি। যয়া স্বপ্নং নিদ্রাং ভয়ং ত্রাসং শোকং সন্তাপং বিষাদং বিষণ্ণতাং মদং বিষয়সেবাং আত্মনো বহুমন্যমানো মত্ত ইব মদমেব চ মনসি নিত্যমেব কর্ত্তব্যতয়া কুর্ব্বন্ন বিমুঞ্চতি ধারয়ত্যেব দুর্ম্মেধাঃ কুৎসিতমেধাঃ পুরুষো যস্য ধৃতিঃ সা তামসী মতা ॥ ৩৫ ॥

আনন্দগিরি।—তামসীং ধৃতিং ব্যাচষ্টে যয়েতি। শোকং প্রিয়বিয়োগনিমিত্তং সন্তাপং বিষণ্ণতামিন্দ্রিয়াণাং গ্লানিঃ বিষয়সেবা কুমার্গপ্রবৃত্তেরুপলক্ষণমুক্তং স্বপ্নাদিমদান্তং সর্ব্বমেব কর্ত্তব্যতরাত্মনোবহুমন্যমানো মনসি নিত্যমেব কুর্ব্বন্দুর্ম্মেধাঃ ন মুঞ্চতি কিন্তু ধারয়ত্যেবেতি যোজনা ॥ ৩৫ ॥

রামানুজ।—যয়েতি। যয়া ধৃত্যা স্বপ্নং নিদ্রাং মদং বিষয়ানুভবজনিতং মদং স্বপ্নমদাবুদ্দিশ্য যয়া যুক্তো মনঃপ্রাণাদীনাং ক্রিয়া দুর্ম্মেধা ন বিমুঞ্চতি ধারয়তি। ভয়শোকবিষাদশব্দাশ্চ ভয়শোকাদিদায়িনঃ বিষয়পরাস্তৎসাধনভূতাশ্চ মনঃপ্রাণাদিক্রিয়া যয়া ধারয়তে সা ধৃতিস্তামসী ॥ ৩৫ ॥

হনুমান্।—তমঃ প্রভাবঃ ॥ ৩৫ ॥

শ্রীধর।—তামসীং ধৃতিমাহ যয়েতি। দুষ্টা অবিবেকবহুলা মেধা যস্য স দুর্ম্মেধাঃ পুরুষো যয়া ধৃত্যা স্বপ্নাদীন্ন বিমুঞ্চতি পুনঃ পুনরাবর্ত্তয়তি স্বপ্নোঽত্র নিদ্রা সা ধৃতিস্তামসী ॥ ৩৫ ॥

বলদেব।—যয়া স্বপ্নাদীন্ন বিমুঞ্চতি দুর্ম্মেধাস্তান্ ধারয়ত্যেব সা ধৃতিস্তামসী। স্বপ্নো নিদ্রা। মদো বিষয়ভোগজো গর্ব্বঃ। স্বপ্নাদিশব্দৈস্তদ্ধেতুভূতা বিষয়া লক্ষ্যাঃ তৎসাধনভূতা মনঃপ্রাণেন্দ্রিয়ক্রিয়া যয়া ধারয়তে সা তামসী ধৃতিরিত্যর্থঃ ॥ ৩৫ ॥

মধুসূদন।—স্বপ্নং নিদ্রাং ভয়ং ত্রাসং শোকং ইষ্টবিয়োগনিমিত্তং সন্তাপং বিষাদমিন্দ্রিয়াবসাদং মদমশাস্ত্রীয়বিষয়সেবোন্মুখত্বং চ যয়া ন বিমুঞ্চত্যেব কিন্তু সদৈব কর্ত্তব্যতয়া মন্যতে দুর্ম্মেধাঃ বিবেকাসমর্থঃ, ধৃতিঃ সা পার্থ! তামসী ॥ ৩৫ ॥

নীলকণ্ঠ।—যয়া স্বপ্নমিতি। স্বপ্নং নিদ্রাং ভয়ং ত্রাসং শোকং প্রসিদ্ধং বিষাদং বিষণ্ণতাং মদমশাস্ত্রীয়বিষয়সেবয়া চিত্তস্য বিবশত্বং এতান্ ন বিমুঞ্চতি ধারয়ত্যেব যয়া ধৃত্যা সা ধৃতিঃ পার্থ! তামসী ॥ ৩৫ ॥

তাৎপর্য্য।—অতঃপর তামসী ধৃতির প্রসঙ্গ আলোচিত হইতেছে, এবং তদুপলক্ষে অজ্ঞান জনিত নানা প্রকার অবস্থা কীর্ত্তিত হইতেছে। তদ্‌যথা; (১) স্বপ্ন অর্থাৎ নিদ্রা; নিদ্রাকালে মনুষ্য নানা প্রকার সুখ দুঃখপূর্ণ স্বপ্ন দর্শন করিয়া থাকে। স্বপ্নাবেশে কখন রাজৈশ্বর্য্য উপভোগ করিতে করিতে আনন্দ অনুভব করে, কখন বা বিজাতীয় যন্ত্রণার ভয়ে অবসন্ন হইয়া ভগ্ননিদ্র হয়। এইজন্য শাস্ত্রে আলস্যপরায়ণ ঘৃণিত ব্যক্তিগণকে স্বপ্ন সুখরত বলিয়া বর্ণনা করা হয়। স্বপ্নে * মানব আপনার শুভা-

* স্বপ্ন।—নিদ্রাকালে নরনারী নানাপ্রকার বস্তু, লোক, জীব ও ঘটনা এবং দৃশ্যাবলী সংবলিত বিবিধ ব্যাপার দর্শন করে এবং কখন কখন আপনারা সেই সকল কাণ্ডের মধ্যে অভিনেতারূপে লিপ্ত হইয়া সুখ দুঃখ অনুভব করে। ইহাই স্বপ্ন। সুষুপ্তিকালে অর্থাৎ গাঢ় নিদ্রার সময়

শুভ পরীক্ষা করে। কোন কোন স্বপ্ন সুস্বপ্ন এবং কোন কোনটী দুঃস্বপ্ন বলিয়া তাহারা জ্ঞান করে। সুস্বপ্নের প্রভাবে তাহারা আপনাদের সুনিশ্চিত ভাবী অভ্যুদয়ের কল্পনা করিয়া আনন্দিত হয় এবং দুঃস্বপ্ন মহদনিষ্টের সূচক জানিয়া তচ্ছান্তির বিবিধ উপায় চিন্তা করে। (২) ভয়

স্বপ্ন থাকে না। কোন কারণে সুনিদ্রার অভাব হইলেই নিরন্তর বহুবিধ স্বপ্ন মনুষ্যকে আশ্রয় করে। নিদ্রাভঙ্গের পর স্বপ্নদৃষ্ট বস্তুর স্মৃতি প্রায়ই বিলুপ্ত হইয়া যায়। কোন কোন স্মৃতি স্থায়ীরূপে সুদীর্ঘকাল হৃদয়ে অঙ্কিত থাকে। স্বপ্নের সহিত ভাবী মঙ্গলামঙ্গলের সম্বন্ধ আছে বলিয়া বহুদিনাবধি এতদ্দেশীয়গণের বিশ্বাস আছে। পুরাণাদিতে এতদ্বিষয়ক অনেক লক্ষণ দেখিতে পাওয়া যায়। গোপরাজ নন্দ মথুরাধাম হইতে ভগবান্ বাসুদেবের সহিত বিদায় কালে নিরতিশয় শোকবিহ্বল হইয়া উচ্চৈঃস্বরে রোদন ও আর্ত্তনাদ করিতেছিলেন। তাঁহাকে এতাদৃশ কাতর দর্শন করিয়া অন্তর্যামী শ্রীকৃষ্ণ বিবিধ সারগর্ভ ও দুর্লভ উপদেশ প্রদান করিয়াছিলেন। সেই পরমোপদেশ সমূহের সহিত বিস্তর অবান্তর কথা আবির্ভূত হইয়াছিল। সুস্বপ্ন ও দুঃস্বপ্ন সম্বন্ধে অনেক বিবরণ সেই সময়েই নন্দনন্দনের মুখারবিন্দ হইতে বিগলিত হইয়াছিল। এ স্থলে সেই ভগবদুক্তির সার সংগ্রহ করা যাইতেছে।

যামিনীর প্রথম প্রহরে স্বপ্ন দর্শন করিলে সংবৎসর মধ্যে তাহার ফললাভ হয়, দ্বিতীয় যামে অষ্টম মাসে, তৃতীয় যামে তিন মাসে, চতুর্থ যামে এক পক্ষ মধ্যে এবং অরুণোদয় কালে স্বপ্ন দর্শনে দশ দিবস মধ্যে দৃষ্ট স্বপ্নের ফললাভ হয়। প্রাতঃকালে স্বপ্ন দর্শনান্তে মানব জাগরিত হইলে তৎক্ষণাৎ সেই স্বপ্নের ফল লব্ধ হইয়া থাকে। চিন্তাব্যাধিযুক্ত মানব দিবসে মনে মনে যে সমস্ত বিষয় চিন্তা করে, রাত্রিকালে তৎসমুদয় স্বপ্নে দর্শন করিলে সে স্বপ্ন কোন কার্য্যকারী হয় না। মূত্র বিষ্ঠাসংযুক্ত, ভয়াকুল, উলঙ্গ ও মুক্তকেশ মানব স্বপ্নের ফল প্রাপ্ত হয় না। রাত্রিকালে স্বপ্ন বিষয় প্রকাশ করিলে সে স্বপ্ন নিষ্ফল হয়। কাশ্যপ গোত্রীয় ব্যক্তির নিকট স্বপ্ন বৃত্তান্ত কীর্ত্তন করিলে বিপন্ন, দুর্দ্দশাপন্ন লোকের নিকট প্রকাশে দুর্গতি প্রাপ্ত, নীচ ব্যক্তির নিকট প্রকাশে ব্যাধিগ্রস্ত হইয়া থাকে। সুস্বপ্ন বৃত্তান্ত শত্রুর নিকট প্রকাশে ভয়, মূর্খের নিকট বর্ণনে কলহ, কামিনীর নিকট বর্ণনে অর্থ হানি এবং রাত্রিকালে বর্ণনে চৌর ভয় হয়। সুস্বপ্ন দর্শনের পরও নিদ্রাগত থাকিলে মানব শোক প্রাপ্ত হয় এবং পণ্ডিতের নিকট প্রকাশে বাঞ্ছিত ফললাভ করে। মানব স্বপ্নে গো, হস্তী, অশ্ব, অট্টালিকা দর্শনে, শৈল ও বৃক্ষ আরোহণে, ভোজন বা রোদনে ধন লাভ করে, বাণাগ্রহণ করিতেছে দেখিলে শস্য সমাবৃত ভূমি লাভ হয়। অস্ত্র দ্বারা বিদ্ধ, ব্রণপীড়িত, কৃমি দ্বারা দষ্ট অথবা বিষ্ঠা ও রুধির দ্বারা দেহ লিপ্ত হইয়াছে, এরূপ স্বপ্ন দর্শনে অর্থ লাভ হয়। স্বপ্নে অগম্যাগমন ও নীচ জাতীয়া ভার্য্যা লাভ হইলে নিরয়ে গমন করে। নগরে প্রবেশ করিতেছে, রক্তপান, সমুদ্রপান বা সুধাপান করিতেছে, এরূপ দেখিলে শুভ সংবাদ ও বিপুল অর্থ লাভ হয়। স্বপ্নে হস্তী, নৃপ, স্বর্ণ, বৃষ, ধেনু, দীপ, অন্ন, ফলপুষ্প, কন্যা, পুত্র, রথ, ধ্বজ, বা কুটুম্ব দর্শন করিলে বিপুল সম্পত্তি লাভ হয়। পূর্ণ কুম্ভ, দ্বিজ, অগ্নি, পুষ্প, তাম্বুল, মন্দির, শুক্লধান্য, নট, বেশ্যা দর্শনে ঐশ্বর্য্য এবং গোক্ষীর ও ঘৃত দর্শনে অভীষ্ট লাভ হইয়া থাকে। পদ্ম পত্রে পায়স, দধি, দুগ্ধ, ঘৃত, মধু, মিষ্টান্ন ও স্বস্তিক (পিষ্টক বিশেষ) ভোজন করিলে রাজ্য লাভ অবশ্যম্ভাবী। পক্ষী মাংস বা মনুষ্য মাংস ভোজনে বহু অর্থ, শুভ বার্ত্তা এবং বাঞ্ছিত ফল লাভ হয়। স্বপ্নে ছত্র ও পাদুকা লাভ, কিংবা তীক্ষ্ণ অসি

অর্থাৎ ত্রাস; প্রিয় বস্তু নাশের আশঙ্কায় মনুষ্য ভয়ে বিকলচিত্ত হয়। পত্নী বা সন্তানাদি পীড়িত হইলে মরণ ভয়ে, কোনরূপ দৈব দুর্বিপাক হেতু অর্থ বা বিষয় নাশ ভয়ে, অথবা শত্রুর কৌশলজাল দ্বারা নানারূপ অনিষ্টা-পাতের ভয়ে মনুষ্য সতত অবসন্ন। (৬) শোক অর্থাৎ সন্তাপ; ইষ্ট বস্তু

গ্রহণে ভ্রমণ হয়। ভেলা দ্বারা সন্তরণে প্রাধান্য লাভ এবং সর্প দ্বারা দষ্ট হইতেছে দেখিলে ধন লাভ হইয়া থাকে। ফলবান বৃক্ষ সন্দর্শনেও অর্থ প্রাপ্তি ঘটে। স্বপ্নে সূর্য্য, চন্দ্র দর্শনে ব্যাধি উপশম হয় এবং ঘোটকী, কুক্কুটী ও ক্রৌঞ্চী (বকী) দর্শনে ভার্য্যা লাভ হয়। নিগড় দ্বারা বদ্ধ হইতেছি, এরূপ দেখিলে পুত্র ও প্রতিষ্ঠা লাভ হইয়া থাকে। নদীতীরে সরস বা শুষ্ক পদ্ম-পত্রে দধ্যন্ন বা পায়স ভোজন করিতেছি, স্বপ্নে এরূপ দর্শন করিলে সে ব্যক্তি রাজা হয়। স্বপ্নে জলৌকা (জোঁক), বৃশ্চিক বা সর্প দর্শনে ধন, পুত্র, বিজয় এবং প্রতিষ্ঠা লাভ হয়। শৃঙ্গী, দংষ্ট্রী, বরাহ বা বানর দ্বারা উৎপীড়িত হইতেছি, স্বপ্নাবস্থায় এরূপ দর্শন করিলে সে ব্যক্তি নিশ্চয়ই রাজা হইয়া থাকে। স্বপ্নে মৎস্য, মাংস, মুক্তা, শঙ্খ, চন্দন, হীরক, সুরা, রুধির এবং বিষ্ঠা দৃষ্ট হইলে ধন লাভ হয়। প্রতিমা এবং শিবলিঙ্গ দর্শনে জয় ও ধন পাওয়া যায়। পুষ্পিত ও ফলিত বিল্ব বা আম্র বৃক্ষ দেখিলে ধন লাভ ঘটে। প্রজ্বলিত অগ্নি দর্শনে ধন, বুদ্ধি ও ঐশ্বর্য্য লাভ হয়। আম্রাতক (আমড়া), আমলকী ও উৎপল দর্শনে ধনাগম হয়। স্বপ্ন কালে দেবতা, দ্বিজগৃহ বা পিতৃগণের আলিঙ্গন দর্শন করিলে সম্পত্তি লাভ হইয়া থাকে। শুক্লাম্বরধারিণী, শুক্লমাল্যভূষণা কামিনীকে যে ব্যক্তি স্বপ্নে আলিঙ্গন করে, কমলা তাহাকে আশ্রয় করেন। পীতাম্বরধরা পীতমাল্যানুলেপনবিশিষ্টা রমণীকে আলিঙ্গন করিলে মঙ্গল লাভ হয়। ভস্ম, অস্থি এবং কার্পাস ব্যতীত শুক্ল বস্তু গৃহে উপস্থিত হইয়াছে, রত্নভূষণা সহাস্যবদনা দিব্যাঙ্গী ব্রাহ্মণ-পত্নী গৃহে আগমন করিয়াছেন, এইরূপ, স্বপ্ন দর্শন করিলে বিপুল সম্পত্তি লাভ হইয়া থাকে। স্বপ্নে ব্রাহ্মণ, দেব, দেবকন্যা বা ব্রাহ্মণী ফলদান করিতেছেন, এরূপ দর্শনে পুত্র প্রাপ্তি হইয়া থাকে। স্বপ্নে ব্রাহ্মণের আশীর্ব্বাদ লাভ করিলে সুখ, সম্মান ও গৌরব লাভ হয়। অকস্মাৎ সাধ্বী সুরভীকে দর্শন করিলে ভূমি ও পতিব্রতা ভার্য্যা লাভ হয়। হস্তী শুণ্ড দ্বারা ধারণ করিয়া মস্তকে স্থাপন করিতেছে এরূপ স্বপ্ন দেখিলে নিশ্চয়ই রাজ্য লাভ হয়। স্বপ্নে ব্রাহ্মণ সন্তুষ্ট হইয়া যাহাকে আলিঙ্গন করে, সে ব্যক্তি তীর্থ স্নানের ফলভাগী ও শ্রীসমন্বিত হইয়া থাকে, এবং ব্রাহ্মণ যে পুণ্যশীল ব্যক্তিকে পুষ্প প্রদান করে, সে যশস্বী ধনী ও সুখী হয়। স্বপ্নে তীর্থ, সৌধ, ও রত্নগৃহ দর্শনে জয়যুক্ত ও ধনবান হইয়া থাকে। কেহ স্বপ্নে কাহাকেও পূর্ণকুম্ভ দান করিলে বাসস্থান, পুত্র ও সম্পত্তি লাভ হইয়া থাকে। কোন নারী হস্তে কুড়ব বা আঢ়ক ধারণ করিয়া গৃহে প্রবেশ করিতেছে এরূপ দেখিলে লক্ষ্মী লাভ হয়। দিব্যাঙ্গী স্ত্রী গৃহে আগমন করিয়া পুরীষ ত্যাগ করিতেছে, এরূপ স্বপ্ন দর্শন করিলে অর্থলাভ ও দারিদ্র্য মোচন হয়। ব্রাহ্মণ ভার্য্যার সহিত গৃহে উপস্থিত হইয়াছেন অথবা মহাদেব পার্ব্বতীর সহিত বা নারায়ণ লক্ষ্মীর সহিত গৃহে আগমন করিতেছেন কিম্বা ব্রাহ্মণ ও ব্রাহ্মণী ধান্য বা পুষ্পাঞ্জলি প্রদান করিতেছেন, এরূপ স্বপ্ন দেখিলে অতুল সম্পত্তিশালী ও সুখী হইয়া থাকে। ব্রাহ্মণ প্রদত্ত মুক্তাহার, পুষ্প,মাল্য বা চন্দন লাভ করিলে সমৃদ্ধিশালী হয়। গোরোচনা, পতাকা, হরিদ্রা ইক্ষুদণ্ড ও সিদ্ধান্ন লাভে সুখী হইয়া থাকে। স্বপ্নে ব্রাহ্মণ বা ব্রাহ্মণী যাহার মস্তকে ছত্র ধারণ বা শুক্লমাল্য প্রদান করে, সে রাজ্যলাভ করে। কোন শুক্লমাল্যধারী বা চন্দনলিপ্তাঙ্গ পুরুষ রথে উপবিষ্ট বা তথায় পায়স ভোজন করিতেছে

নাশে ক্ষুদ্রহৃদয় মনুষ্যের সন্তাপের সীমা থাকে না। প্রিয় আত্মীয়ের মৃত্যু বা তথাবিধ অনিষ্টাপাতে শোকবিহ্বল হইয়া মনুষ্য আর্ত্তনাদ ও রোদনধ্বনিতে বসুধা নিনাদিত করিতে থাকে। (৪) বিষাদ অর্থাৎ অবসাদ; অধিক ভোগে বা অত্যাচারে ইন্দ্রিয়গ্রাম অবসন্ন হইয়া পড়ে।

এরূপ স্বপ্ন দর্শনে মানব রাজ্যেশ্বর হয়। ব্রাহ্মণ বা ব্রাহ্মণী স্বপ্নে দধি, সুধা বা প্রশস্ত পাত্র দান করিতেছে দেখিলেও লোকে রাজা হইয়া থাকে। রত্নভূষিতা অষ্টম বর্ষীয়া কুমারী স্বপ্নে তুষ্ট হইলে ভগবতীর প্রসন্নতা লাভ হয়, শুক্লাম্বর বা পীতাম্বরধারিণী রত্নভূষণা রমণী তুষ্ট হইলে মানব কবি ও পণ্ডিত হয়। ঐরূপ রমণী যে পুণ্যশীল ব্যক্তিকে পুস্তক প্রদান করেন সে বিশ্ববিখ্যাত কবিশ্রেষ্ঠ হইয়া থাকে। আরও এতাদৃশা রমণী মাতৃবৎ অধ্যয়ন করাইলে সে সরস্বতীর বরপুত্র হয় এবং ইহলোকে তাহার সদৃশ পণ্ডিত থাকে না। পিতা যেরূপ পুত্রকে শিক্ষা দেয়, তদ্রূপ কোনও ব্রাহ্মণ অধ্যয়ন করাইতেছেন বা পুস্তক প্রদান করিতেছেন, এরূপ স্বপ্ন দেখিলে সেই ব্যক্তি বিদ্বান্ ও গুণবান হয়। স্বপ্নে পথিমধ্যে বা যে কোন স্থানে পুস্তক প্রাপ্তি হইলে সেই ব্যক্তি পণ্ডিত যশস্বী ও বিখ্যাত হইয়া থাকে। কোন বিপ্র বা বিপ্রপত্নী মন্ত্র প্রদান করিতেছেন, অথবা দেব প্রতিমা বা শিলাময়ী দেবমূর্ত্তি দিতেছেন, এরূপ স্বপ্ন দর্শনে মানব গুণবান ধনবান ও মন্ত্রসিদ্ধ হইয়া থাকে। বিপ্র বা বিপ্রপত্নী দর্শন করিয়া তাঁহাদিগকে প্রণাম পূর্ব্বক আশীর্ব্বাদ গ্রহণ করিলে মানব রাজেন্দ্র কবি বা সুপণ্ডিত হয়। কোন বিপ্র শুক্লমাল্য সমন্বিত ভূমিপ্রদান করিতেছেন এরূপ স্বপ্ন দর্শনে রাজা হইয়া থাকে। রথারূঢ় ব্রাহ্মণ নানাবিধ স্বর্গ দর্শন করাইতেছেন, এরূপ দেখিলে দীর্ঘজীবী হয়। কোন বিপ্র বা তৎপত্নী কাহাকেও কন্যাদান করিতেছে, এরূপ দর্শনে ধনাঢ্য ভূপতি হইয়া থাকে। স্বপ্নে সরোবর, সমুদ্র, নদনদী, শুক্ল সর্প ও ধবলগিরি দর্শনে ঐশ্বর্য্য লাভ, মৃত দর্শনে দীর্ঘজীবী, রোগী দর্শনে দুঃখী এবং সুখী দর্শনে সুখী হইয়া থাকে। স্বপ্নে কোন দিব্যাঙ্গনা আসিয়া পত্নীত্ব প্রার্থনা করিলে এবং সেই স্বপ্নদর্শনের পরই জাগরিত হইলে নিশ্চয়ই রাজ্যলাভ হয়। বালিকা, ইন্দ্রধনু, স্ফটিক মালা. ও শুক্লমেঘ দর্শনে প্রতিষ্ঠা লাভ হয়। স্বপ্নে যদি কোন ব্রাহ্মণ বলে, তুমি আমার দাস হও, তাহা হইলে সে ব্যক্তি হরি ভক্তিলাভ করে। বিপ্র, হরি, শম্ভু, ব্রাহ্মণী, কমলা, পার্ব্বতী, শুক্লবর্ণা স্ত্রী, সাবিত্রী, জাহ্নবী, গোপিকাবেশধারিণী রাধিকা সদৃশী বালিকা, বালক ও গোপাল দর্শন করিলে মানবের অতুল সুকৃতি প্রাপ্তি হইয়া থাকে, ইহা স্বপ্নবিদ্ পণ্ডিতগণ ব্যক্ত করিয়াছেন। (ব্রহ্মবৈবর্ত্ত পুরাণ শ্রীকৃষ্ণ জন্মখণ্ড ৭৭ অধ্যায়) স্থানান্তরে দুঃস্বপ্ন সম্বন্ধে ভগবান নিম্নলিখিত রূপ মত পরিব্যক্ত করিয়াছেন। যে ব্যক্তি স্বপ্নকালে আনন্দে হাস্য করে বা বিবাহ ও নৃত্যগীত দর্শন করে, তাহার নিশ্চয়ই বিপদ ঘটিয়া থাকে। স্বপ্নে দন্তে দন্ত নিষ্পীড়ন করিলে বা কাহাকেও ভ্রমণ করিতে দেখিলে ধনহানি ও দৈহিক পীড়া ঘটে। তৈলাভ্যক্ত হইয়া গর্দ্দভ, উষ্ট্র বা মহিষযানে আরোহণ করতঃ দক্ষিণদিকে গমন করিতেছে, এরূপ স্বপ্ন দর্শনে অচিরে নিশ্চয় মৃত্যু হইবে। চূর্ণ, জবা, অশোক ও করবীর পুষ্প বা তৈল লবণ দেখিলে বিপদ উপস্থিত হয়। উলঙ্গী কৃষ্ণবর্ণা ছিন্ননাসা নারী, শূদ্র জাতীয়া বিধবা স্ত্রী বা কপর্দ্দক ও তাল ফল দর্শনে মানব মোহে পতিত হয়। ক্রুদ্ধ ব্রাহ্মণ ও ব্রাহ্মণী দর্শনে বিপদ্গ্রস্ত ও লক্ষ্মীভ্রষ্ট হয়। স্বপ্নে রক্তবর্ণ বনপুষ্প, পলাশ, কার্পাস বা শুক্লবস্ত্র দর্শনে মানব দুঃখ ভোগ করে। কৃষ্ণাম্বর পরিধানা নারীকে গান বা হাস্য করিতে দেখিলে বা কৃষ্ণকায়া বিধবা রমণীকে দর্শন করিলে মৃত্যু

যে ভোগের নিমিত্ত মনুষ্য লালায়িত, অকালে বা তৃপ্তির বহু পূর্ব্বেই তাহার উপায় রহিত হয়; তখন অতৃপ্তি জনিত বিষাদ বা অবসন্নতা জীবনের সহচর হইয়া থাকে। (৫) মদ অর্থাৎ বিষয় সেবা; বিষয় সেবা শাস্ত্র বিহিত ও শাস্ত্রপ্রতিষিদ্ধ হইতে পারে। এস্থলে শাস্ত্র প্রতিষিদ্ধ বিষয় সেবাই লক্ষিত। যে বিষয় সেবা কেবল সঙ্কীর্ণ হৃদয়তার পরিচয় দেয়

উপস্থিত হয়। দেবগণ কোন স্থানে নৃত্য, গাত, হাস্য, ও আস্ফোটন করিতেছেন, এরূপ স্বপ্ন দর্শনে সেই দেশ বিনাশ প্রাপ্ত হয়। স্বপ্নযোগে বাত, মূত্র, পুরীষ, বৈদ্য, সুবর্ণ বা রৌপ্য দর্শন করিলে মানব দশমাস জীবিত থাকে, এবং কৃষ্ণাম্বরধারিণী কৃষ্ণমাল্যবিভূষিতা নারীকে আলিঙ্গন করিলে নিশ্চয়ই মৃত্যু হয়। স্বপ্নে মৃগ বা মনুষ্যের মৃতশিশু দর্শন করিলে বা অস্থি-মালা দর্শন করিলে নিশ্চয় বিপদ সমুপস্থিত হয়। ঘৃত, ক্ষীর, মধু, তক্র, বা গুড় দ্বারা অভ্যক্ত হইলে রোগগ্রস্ত হয়; স্বপ্নে একাকী গর্দ্দভ ও উষ্ট্র সংযুক্ত রথে আরোহণ করিয়া জাগরিত হইলে মৃত্যু হয়। রক্তবস্ত্র ধারিণী রক্তমাল্য ভূষিতা রমণীকে আলিঙ্গন করিলে রোগাক্রান্ত হইতে হয়। পতিত কেশ, নির্ব্বাণ অঙ্গার ও ভস্মপূর্ণ চিতাদর্শনে মানব কালগ্রাসে নিপতিত হয়। শ্মশানস্থিত তৃণ কাষ্ঠ, তৃণরাশি লৌহ বা অম্ল কৃষ্ণবর্ণ মসী দর্শনে নিশ্চয় দুঃখ ভোগ করে। পাদুকা, রক্তপুষ্প, মাল্য, মাষ মসূর ও মুদ্গ দর্শনে ব্রণরোগ হয় এবং কঙ্ক, শকুন কাক, ভল্লুক, বানর, বিষ বা গাত্রমল দর্শনে ব্যাধি উপস্থিত হয়। ভগ্ন ভাণ্ড, গলিতকুষ্ঠ-রোগাক্রান্ত, রক্তাম্বরধারী জটিল, ক্ষতশূদ্র, শূকর, মহিষ, গর্দ্দভ, মহা অন্ধকার ও ভয়ঙ্কর মৃতজীব দর্শনে বিপদ উপস্থিত হইয়া থাকে। কুৎসিৎ বেশী ম্লেচ্ছ, পাশহস্তে ভয়ঙ্কর যমদূত, এবং পাশ ও শস্ত্র দর্শন করিলে মানব কালগ্রাসে পতিত হয়। ব্রাহ্মণ বা ব্রাহ্মণী, বালক বালিকাকে ক্রোধে বিদায় করিতেছে এরূপ স্বপ্ন দর্শনে দুঃখ প্রাপ্তি ঘটে। কৃষ্ণপুষ্প ও কৃষ্ণমাল্যধারী সৈন্য দর্শনে এবং বিকৃতকায়া ম্লেচ্ছা স্ত্রী দর্শনে মৃত্যু অবশ্যম্ভাবী। স্বপ্নে নৃত্য, গীত, রক্তবস্ত্র-ধারী গায়ক, মৃদঙ্গ বাদ্য এবং আনন্দোৎসব দেখিলে দুঃখ ভোগ হয়। প্রাণত্যাগী বা মৃতব্যক্তি সন্দর্শনে মৃত্যু হয়, এবং মৎস্যাদি ধারণ করিলে ভ্রাতৃবিয়োগ হয়। ছিন্ন কবন্ধ বা বিকৃত মুক্ত-কেশ সম্পন্ন ক্রন্দনর্ত্তনশীল পুরুষকে দেখিলে মৃত্যু হইয়া থাকে। মৃত পুরুষ বা মৃতা স্ত্রী, কৃষ্ণ বর্ণ ম্লেচ্ছ পুরুষের সহিত সংসর্গ করিতেছে, এরূপ স্বপ্ন দেখিলে মৃত্যু নিশ্চিত। স্বপ্নে যাহার দন্ত ভগ্ন এবং কেশ পতিত হয়, তাহার ধনহানি অথবা শারীরিক পীড়া উপস্থিত হইয়া থাকে। শৃঙ্গী, দংষ্ট্রী বা বাণশিক্ষার্থী ব্যক্তির সহিত একত্র বাসে রাজভয় উপস্থিত হয়। স্বপ্নে বৃক্ষ পতিত হইতেছে বা শিলাবৃষ্টি, তুষ, ক্ষুর, রক্ত, অঙ্গার ও ভস্ম বৃষ্টি হইতেছে দেখিলে মানব দুঃখ ভোগ করে। স্বপ্ন যোগে রথ, গৃহ, বৃক্ষ, পর্ব্বত, গো, হস্তী, তুরঙ্গ বা আকাশ হইতে পতিত হইলে বিপৎপাত অবশ্যম্ভাবী। উচ্চ স্থান হইতে ভস্ম, অঙ্গার, চিতা বা ক্ষারকুণ্ডে পতিত হইলে মৃত্যু হয়। কোন দুষ্ট ব্যক্তি বলপূর্ব্বক মস্তক হইতে ছত্র গ্রহণ করিতেছে, এরূপ স্বপ্ন দেখিলে তাহার পিতা, গুরু বা রাজার বিনাশ হয়। সুরভী ত্রস্ত হইয়া যাহার গৃহ হইতে পলায়ন করে, সে লক্ষ্মীহীন হয়। ম্লেচ্ছ বা যমদূতগণ পাশবদ্ধ করিয়া লইয়া যাইতেছে, এরূপ স্বপ্ন দর্শনে মৃত্যু কাল নিকটবর্ত্তী হয়। গণক, ব্রাহ্মণ, ব্রাহ্মণী বা গুরু রুষ্ট হইয়া শাপপ্রদান করিলে বিপদ উপস্থিত হয়। বিরোধী পুরুষ, কাক, কুকুর বা ভল্লুক আসিয়া গাত্রে পতিত হইতেছে দেখিলে সেই ব্যক্তির মৃত্যু হইয়া থাকে। স্বপ্নে মহিষ ভল্লুক, উষ্ট্র, শূকর বা গর্দ্দভ

এবং অধোগতি আনয়ন করে, তাহা সর্ব্বথা নিন্দনীয়। এ সকলই দুর্ম্মতির পরিচায়ক। একান্ত জ্ঞানাভাব এবং সর্ব্বপ্রকার সদনুরাগ, প্রবৃত্তির পরিপন্থী এই সকল ভাব পরিহার করা একান্ত আবশ্যক হইলেও বিবেকাসমর্থ নিকৃষ্টচেতাঃ মানবগণ কখনই তাহা পরিহার করিতে পারে না। অধিকন্তু এই সকল আকর্ষণ হইতে বিমুক্ত হওয়া দূরে থাকুক, তাহারা সদা করণীয় এবং শ্রেষ্ঠ অনুষ্ঠেয় বোধে নিরন্তর এতাবতের প্রতি অত্যাসক্তি পরায়ণ হয়। যে ধৃতি দ্বারা পুরুষ এইরূপ ভাব ধারণ করে, তাহার নাম তামসী।

ক্রুদ্ধ হইয়া অভিমুখে ধাবিত হইতেছে দেখিলে রোগ উপস্থিত হয়। (ব্রহ্মবৈবর্ত্ত পুরাণ শ্রীকৃষ্ণ জন্মখণ্ড ৮২ অধ্যায়)

রোগিগণের অরিষ্ট লক্ষণ কথন মধ্যেও স্বপ্নের বিবরণ দেখিতে পাওয়া যায়। যথা;—রক্তবস্ত্র বা কৃষ্ণবস্ত্র পরিধান করিয়া কোন রমণী হাসিতে হাসিতে দাক্ষিণাত্যমুখে লইয়া যাইতেছে, এরূপ স্বপ্ন দর্শন করিলে শীঘ্র মৃত্যু হয়। উলঙ্গ সন্ন্যাসী হাস্য করিতেছে, নৃত্য করিতেছে বা ক্রূর দৃষ্টিতে চাহিতেছে দেখিলে মৃত্যু আসন্নবর্ত্তী। গর্ত্তে পতিত হইয়া আর উঠিতে পারিল না, এবং অন্ধকার গৃহে প্রবেশ করিবা মাত্র দ্বার রুদ্ধ হইল, এরূপ স্বপ্ন দর্শন করিলে অধিক দিন জীবিত থাকে না। অগ্নি মধ্যে প্রবেশ করিয়া বা জলমধ্যে নিমগ্ন হইয়া আর উঠিতে সক্ষম হইল না এরূপ স্বপ্ন দেখিলে বুঝিতে হইবে যে, আয়ুর শেষ হইয়াছে। কৃষ্ণকায় ভয়ঙ্কর পুরুষ অস্ত্র উত্তোলন করিয়া আঘাত করিতে আসিতেছে, এরূপ স্বপ্ন দর্শনে সেই দিনেই মৃত্যু হইয়া থাকে।

ব্রহ্মবৈবর্ত্তপুরাণে ভগবান্ দুঃস্বপ্ন শান্তিকারক উপায়েরও বর্ণনা করিয়াছেন। নিম্নে তাহাও সংগৃহীত হইল। ভগবদ্ভক্তগণ সহস্রবার মধুসূদন নাম জপ করিলে দুঃস্বপ্নও সুস্বপ্ন হইয়া থাকে। অপিচ, প্রাতঃকালে শুচিভাবে পূর্ব্বাস্য হইয়া অচ্যুত, কেশব, বিষ্ণু, হরি, সত্য, জনার্দ্দন, হংস, নারায়ণ, এই নামাষ্টক দশবার জপ করিলে দুঃস্বপ্ন সুস্বপ্নে পরিণত হয়। বিষ্ণু, নারায়ণ, কৃষ্ণ, মাধব, মধুসূদন, হরি, নরহরি, রাম, গোবিন্দ, দধিবামন, ভগবানের এই সকল নাম ভক্তিযুক্ত হইয়া জপ করিলে দুঃস্বপ্ন বিনষ্ট হয়। নামান্তে শিব, দুর্গা, গণপতি, কার্ত্তিকেয়, মহেশ্বর, ধর্ম্ম, গঙ্গা, তুলসী, রাধা, লক্ষ্মী, সরস্বতী, এই সকল নাম জপ করিলে দুঃস্বপ্নের ফল বিনষ্ট হয়। "ওঁ মৃত্যুঞ্জয়ায় স্বাহা" এই মন্ত্র লক্ষবার জপ করিলে মৃত্যুস্বপ্ন দর্শন করিয়াও শতবর্ষ জীবিত থাকে। পূর্ব্বাস্য বা উত্তরাস্য হইয়া প্রাজ্ঞ ব্যক্তির নিকট স্বপ্ন বৃত্তান্ত প্রকাশ করিবে। অশ্বত্থ বৃক্ষ সমীপে, গণক সমীপে, বিপ্র সমীপে, বৈষ্ণব বা মিত্রসমীপে স্বপ্নবৃত্তান্ত প্রকাশ করা উচিত। (ব্রহ্মবৈবর্ত্ত পুরাণ শ্রীকৃষ্ণ জন্মখণ্ড ৮২ অধ্যায়) এতদ্ব্যতীত ব্রহ্মবৈবর্ত্ত পুরাণ শ্রীকৃষ্ণ জন্মখণ্ড ৭০ অধ্যায়ে অক্রূর দৃষ্ট সুস্বপ্ন, ৬৩ অধ্যায়ে কংস দৃষ্ট দুঃস্বপ্ন, গণপতি খণ্ড ৩৩ অধ্যায়ে পরশুরামদৃষ্ট সুস্বপ্ন এবং ৩৪ অধ্যায়ে কার্ত্তবীর্য্যার্জ্জুন দৃষ্ট দুঃস্বপ্নের বিবরণ বিস্তৃত আছে। অপিচ, দেবীপুরাণ, মৎস্যপুরাণ এবং কালিকাপুরাণেও স্বপ্নের বিস্তৃত বিবরণ বর্ণিত হইয়াছে। বাহুল্য ভয়ে তৎসমস্ত এস্থলে উদ্ধৃত হইল না।

এই তামসী বৃত্তি প্রায়শঃ প্রাকৃত জনগণের হৃদয়ে প্রবলা। সুতরাং জ্ঞানোন্নতি এবং ধর্ম্মোন্নতি সুদূরে পলায়ন করিয়াছে এবং মানবকুল পাপ-পঙ্কে সর্ব্বথা নিমজ্জিত হইয়া আপাতত মনোহর সুখে প্রবৃত্ত রহিয়াছে। পরকাল আত্মনাত্ম বিচার প্রভৃতি পরম তত্ত্ব সমূহ বিনির্ণয়ে তাহাদিগের আর অবসর নাই ॥ ৩৫ ॥

——•:)::(:•——

সুখং ত্বিদানীং ত্রিবিধং শৃণু মে ভরতর্ষভ।।
অভ্যাসাদ্রমতে যত্র দুঃখান্তঞ্চ নিগচ্ছতি ॥ ৩৬ ॥

অন্বয়।—হে ভরতর্ষভ! (ভরতকুলোত্তম!) ইদানীং তু ত্রিবিধং সুখং মে (মম সকাশাৎ) শৃণু, যত্র (সুখে) অভ্যাসাৎ (চিরানুশীলনাৎ) রমতে (রতিং প্রাপ্নোতি) দুঃখান্তং (সংসারদুঃখাবসানং) চ নিগচ্ছতি (প্রতিপদ্যতে) ॥ ৩৬ ॥

প্রতিশব্দ।—হে ভরত-কুল-শ্রেষ্ঠ! এক্ষণে ত্রিবিধ সুখ আমার-নিকট-হইতে শ্রবণ-কর, যে-সুখে অতি-পরিচয়-হেতু তৃপ্তি লাভ-করে এবং দুঃখ-শেষকেও গমন-করে ॥ ৩৬ ॥

ব্যাখ্যা।—হে ভরতকুলোত্তম! এক্ষণে তুমি আমার নিকট ত্রিবিধ সুখের বিষয় মনোযোগ সহকারে শ্রবণ কর; বহুকাল হইতে অনুশীলন হেতু এই সাত্ত্বিক সুখে মানব পরিতৃপ্তি লাভ করে এবং সংসার দুঃখের পারে গমন করিয়া থাকে ॥ ৩৬ ॥

শঙ্করাচার্য্য।—গুণভেদেন ক্রিয়াণাং কারকাণাঞ্চ ত্রিধা ভেদ উক্তোঽথেদানীং ফলস্য সুখস্য ত্রিবিধোভেদ উচ্যতে সুখমিতি। সুখন্তু ইদানীং ত্রিবিধং শৃণু সমাধানং কুর্ব্বিত্যে-তদ্মে মম ভরতর্ষভ! অভ্যাসাৎ পরিচয়াদাবৃত্তেঃ রমতে রতিং প্রতিপদ্যতে যত্র যস্মিন্ সুখানুভবে দুঃখান্তঞ্চ দুঃখাবসানং দুঃখোপশমঞ্চ নিগচ্ছতি নিশ্চয়েন প্রাপ্নোতি ॥ ৩৬ ॥

আনন্দগিরি।—বৃত্তমনুস্থানন্তরশ্লোকতাৎপর্য্যমাহ গুণেত্যাদিনা। ক্রিয়মাণং কারকাণাং গুণতস্ত্রৈবিধ্যোক্ত্যনন্তরং ফলস্য সুখস্য ত্রৈবিধ্যোক্ত্যবসরে সতীত্যাহ ইদানীমিতি। হেয়োপাদেয়ভেদার্থং ত্রৈবিধ্যং সমাধানমৈকাগ্র্যং মম বচনাদিতি শেষঃ, যত্রেত্যাত্তরত্র সম্বধ্যতে, তত্ত্রিবিধং সুখমিতি পূর্ব্বেণ সম্বন্ধঃ ॥ ৩৬ ॥

রামানুজ।—সুখমিতি। পূর্ব্বোক্তাঃ সর্ব্বে জ্ঞানকর্ম্মকর্তৃত্বাদয়ো যচ্ছেষভূতাস্তস্য সুখং গুণতস্ত্রিবিধং ইদানীং শৃণু। যস্মিন্ সুখে চিরকালাভ্যাসাৎ ক্রমেণ নিরতিশয়াং রতিমাপ্নোতি দুঃখান্তঞ্চ নিগচ্ছতি নিখিলস্য সাংসারিকস্য দুঃখস্যান্তং নিগচ্ছতি ॥ ৩৬ ॥

হনুমান।—সুখং শর্ম্ম অভ্যাসাদাবৃত্ত্যা রমতে রতিং গচ্ছতি দুঃখান্তং দুঃখাবসানং গচ্ছতি প্রাপ্নোতি ॥ ৩৬ ॥

শ্রীধর।—ইদানীং সুখস্য ত্রৈবিধ্যং প্রতিজানীতে সুখমিতি। স্পষ্টোঽর্থঃ। তত্র, সাত্ত্বিকং সুখমাহ অভ্যাসাদিতি সার্দ্ধেন। যত্র যস্মিন্ সুখে অভ্যাসাদ্রমতে ন তু বিষয়সুখ ইব সহসা রতিং প্রাপ্নোতি, যস্মিন্ রমমাণশ্চ দুঃখস্যান্তমবসানং নিতরাং গচ্ছতি প্রাপ্নোতি ॥ ৩৬ ॥

বলদেব।—অথ সুখত্রৈবিধ্যম্প্রতিজানীতে সুখং ত্বিত্যর্দ্ধকেন। তত্র সাত্ত্বিকং সুখমাহ অভ্যাসাদিতি সার্দ্ধকেন। অভ্যাসাৎ পুনঃ পুনঃ পরিশীলনাদ্যত্র রমতে ন তু বিষয়েষ্বিবোৎপত্ত্যা। যস্মিন্ রমমাণো দুঃখান্তং নিগচ্ছতি সংসারং তরতি ॥ ৩৬ ॥

মধুসূদন।—এবং ক্রিয়াণাং কারকাণাং চ গুণতস্ত্রৈবিধ্যমুক্ত্বা তৎফলস্য সুখস্য ত্রৈবিধ্যং প্রতিজানীতে শ্লোকার্দ্ধেন। সাত্ত্বিকং সুখমাহার্দ্ধেন চ। মে মম বচনাৎ শৃণু শ্রেয়োপাদেয়ত্ববিবেকার্থং ব্যাসঙ্গান্তরনিবারণেন মনঃ স্থিরীকুরু হে ভরতর্ষভেতি যোগ্যতা দর্শিতা। যত্র সমাধিসুখে অভ্যাসাদতিপরিচয়াৎ রমতে পরিতৃপ্তো ভবতি ন তু বিষয়সুখ ইব সদ্য এব যস্মিন্ রমমাণশ্চ দুঃখস্য সর্ব্বস্যাপ্যন্তমবসানং নিতরাং গচ্ছতি ন তু বিষয়সুখ ইবান্তে মহদ্দুঃখং ॥ ৩৬ ॥

নীলকণ্ঠ।—গুণভেদেন ক্রিয়াণাং করণানাঞ্চ ত্রৈবিধ্যমুক্ত্বা তৎফলস্য সুখস্য ত্রৈবিধ্যমাহ সুখমিত্যাদিনা। অভ্যাসাৎ পৌনপুন্যেন সেবনাৎ যত্র সাত্ত্বিকে রাজসে তামসে বা সুখে রমতে রতিং প্রাপ্নোতি যয়া রত্যা দুঃখস্য পুত্রশোকাদেরপ্যন্তমবসানং নিগচ্ছতি নিশ্চয়েন প্রাপ্নোতি তৎসুখং ত্রিবিধং শৃণু যদাত্ত্বয়মপ্যর্থঃ সাত্ত্বিক সুখস্যৈব লক্ষণার্থ তদা যত্র সমাধিসুখে অভ্যাসাৎ রমতে নতু বিষয়সুখ ইব রাগাদ্দুঃখান্তং মোক্ষঞ্চ নিগচ্ছতীত্যর্থঃ ॥ ৩৬ ॥

বিশ্বনাথ।—সাত্ত্বিকং সুখমাহ সার্দ্ধেন। অভ্যাসাৎ পুনঃ পুনরনুশীলনাদেব রমতে বিষয়েষ্বিব উৎপত্ত্যৈব রমতে ইত্যর্থঃ। দুঃখান্তং নিগচ্ছতি যস্মিন্ রমমাণঃ সংসারদুঃখং তরতীত্যর্থঃ ॥ ৩৬ ॥

তাৎপর্য্য।—সাত্ত্বিকাদি গুণভেদে কারক সমূহের এবং ক্রিয়ার ত্রিবিধ ভেদ পূর্ব্বে প্রদর্শিত হইয়াছে। মনুষ্য সংসারে যে সকল সুখ সতত সম্ভোগ করিয়া থাকে, তাহাও গুণভেদে তিন ভাগে বিভক্ত হইবার যোগ্য। সুখ মাত্রই আপাততঃ অতিশয় আকর্ষণকারী এবং হৃদয় মনের তৃপ্তিপ্রদ হইলেও বস্তুতঃ তাহার সকলই উপাদেয় বা পরম ফলপ্রদ নহে।

এই তত্ত্ব পরিব্যক্ত করিবার অভিপ্রায়ে শ্রীভগবান্ এক্ষণে সুখের প্রসঙ্গ অবতারিত করিতেছেন।

শ্রীভগবান্ বলিতেছেন, হে ভরতর্ষভ। অর্থাৎ পুণ্যপ্রদীপ্ত ভরতবংশাবতংস অর্জ্জুন! তুমি এই তত্ত্ব শ্রবণ ও প্রণিধান সমর্থ। অতএব অধুনা আমার নিকট হইতে সুখের গুণানুসারে ভেদবিষয়ক তত্ত্ব কথা অবহিত চিত্তে এবং বিষয়ান্তর চিন্তা পরিহার করিয়া শ্রবণ কর। এইরূপ সুখের প্রসঙ্গ অবতারণা করিয়া শ্রীভগবান্ প্রথমে সমালোচ্য শ্লোকের অর্দ্ধাংশে সাত্ত্বিক সুখেরই বিবরণ করিতে প্রবৃত্ত হইয়াছেন। বৈষয়িক সর্ব্বপ্রকার সুখ আশু ফলপ্রদ অর্থাৎ তত্তাবতের উপভোগ বা অনুষ্ঠানাদিজনিত যে সুখোদয় হইয়া থাকে, তাহা তৎক্ষণাৎ প্রাপ্য এবং সঙ্গে সঙ্গে ভোগার্হ। কিন্তু সাত্ত্বিক সুখ অভ্যাস সাপেক্ষ অর্থাৎ ধর্ম্মানুষ্ঠান, চিত্তসমাধান, বাসনা নিবৃত্তি প্রভৃতি সাত্ত্বিক অভ্যাস দ্বারা যে সুখ উপজাত হয়, তাহাই সাত্ত্বিক সুখ এবং তাহার ফল সঙ্গে সঙ্গে প্রাপ্ত না হইলেও কাল সহকারে নিশ্চয়ই প্রাপ্ত হওয়া যায়। সে সুখ তুলনা রহিত। অভ্যাস বলে সাত্ত্বিক সুখ সম্ভোগে অধিকারী হইলেও ভাগ্যবান মানব সেই সুখে নিরন্তর রমমাণ থাকেন, অর্থাৎ তিনি তন্মধ্যে মগ্ন থাকিয়া নিরন্তর অপার্থিব, অতুলনীয় পূর্ণানন্দ উপভোগ করেন। অপিচ তাঁহার কল্পিত ও বাস্তব সর্ব্বপ্রকার দুঃখরাশি নিঃশেষে অপগত হইয়া থাকে। তিনি দুঃখের অবসানরূপ পরম স্পৃহনীয় অবস্থা অবশ্যই প্রাপ্ত হইয়া থাকেন। ইহার ভাবার্থ এই যে, যিনি নিরন্তর পরমানন্দে ভাসমান, দুঃখ তাঁহার নিকট আর কখনই উপস্থিত হইতে পারে না।

এ স্থলে আপত্তি হইতে পারে যে, সুখ সাত্ত্বিক বা রাজসিকাদি যেরূপই কেন হউক না, তাহা যে দুঃখের বিরোধী সে বিষয়ে কোন সংশয় নাই। দুঃখের অভাবই সুখ। তবে কেবল সাত্ত্বিক সুখের সম্বন্ধে দুঃখাবসানের কথা অবতারিত হইল কেন? ইহার উত্তরে এই মাত্র বক্তব্য যে, অন্য নিকৃষ্ট সুখে ভাসমান থাকিলেও মানব তৎকালে আনন্দ উপভোগ করে সত্য, কিন্তু তাহার সে রমণের মধ্যে নানাপ্রকার পূর্ণ পরিতৃপ্তির ব্যাঘাতজনক উপসর্গ উপস্থিত থাকে অথবা তাহার পরিণামে সেই সুখের স্থলে বিষাক্ত দুঃখেরই আবির্ভাব হয়। সাত্ত্বিক সুখের সহিত অন্যান্য সুখের

এইরূপ প্রভেদ আছে। একটা দৃষ্টান্ত আলোচনা করিলে এই কথা বিশদ হইবে। অতি নিকৃষ্ট প্রবৃত্তির বশবর্ত্তী হইয়া ইতর ভোগসুখরত মানব হয়তো ছলে বলে বা কৌশলে কোন সতী নারীর ধর্ম্মনাশ করিতে প্রবৃত্ত হইতে পারে। আশার পরিতৃপ্তি কালে সুদীর্ঘ কামনা ও আয়োজনের সফলতার সময়েও সেই নারীর অশ্রু বা কাতরতা পাষণ্ড পুরুষের পাষাণ তুল্য কঠিন হৃদয়েও আঘাত করে। সুতরাং তাহার আবিলতাপূর্ণ নিকৃষ্ট সুখও সম্পূর্ণ প্রসন্নচিত্তে উপভোগ করিবার সুযোগ হয় না। পরিণামে সেই ব্যাপার হয়তো তাহার লোকনিন্দা, সামাজিক গঞ্জনা এবং সম্ভবতঃ রাজ-দ্বারে দুঃসহ দণ্ড প্রাপ্তির পথ উদ্ঘাটন করিয়া দেয়। সুতরাং পাপের পঙ্কিল পথে বা বিষয় ভোগের নিন্দিত মার্গে যাহারা সুখের অন্বেষণ করে, তাহাদের সুখ কখনই চিরস্থায়ী হয় না। নিদারুণ দুঃখ সেই সুখের নিত্য সহচর।

মনুষ্য সততই সুখের কামনা করিতে করিতে জীবন যাপন করে, আপাতমনোহর আশু তৃপ্তিপ্রদ ইতর সুখে মত্ত হইয়া তাহারা চির শান্তিপ্রদ পরম সুখের অভিমুখে গমন করিতে বিরত হয়। এই জন্যই সংসারে পুণ্যের অপেক্ষা পাপের লীলা অধিক এবং এই জন্যই ধরণী নিরন্তর পাপভারে প্রপীড়িতা ॥ ৩৬ ॥

—(:০:)—

যত্তদগ্রে বিষমিব পরিণামেঽমৃতোপমং।
তৎসুখং সাত্ত্বিকং প্রোক্তমাত্মবুদ্ধিপ্রসাদজং ॥ ৩৭ ॥

অন্বয়।—যৎ তৎ অগ্রে (ভোগারম্ভকালে) বিষং (অতিদুঃখকরং) ইব, পরিণামে (পরিপাকাবস্থায়াং) অমৃতোপমং (পীযূষতুল্যং) আত্মবুদ্ধিপ্রসাদজং (আত্মবিষয়বুদ্ধিনৈর্ম্মল্যাৎ জাতং) তৎ সুখং সাত্ত্বিকং প্রোক্তং কথিতং) ॥ ৩৭ ॥

প্রতিশব্দ।—যাহা প্রথমে বিষের ন্যায়, পরিশেষে অমৃত-তুল্য আত্মবিষয়িণী-বুদ্ধির-প্রসন্নতা-হইতে-সঞ্জাত সেই সুখ সাত্ত্বিক কথিত-হইয়াছে ॥ ৩৭ ॥

ব্যাখ্যা।—যাহা প্রথম ভোগকালে বিষতুল্য অতি দুঃখকর, কিন্তু পরিণামে অর্থাৎ জ্ঞানের পরিপাক অবস্থায় অমৃততুল্য, আত্ম-তত্ত্ববিষয়িণী বুদ্ধির প্রসন্নতা হইতে সম্ভূত সেই প্রার্থিত সুখই সাত্ত্বিক সুখ নামে অভিহিত হইয়া থাকে ॥ ৩৭ ॥

শঙ্করাচার্য্য।—যদিতি। যৎ সুখমগ্রে পূর্ব্বং প্রথমসন্নিপাতে জ্ঞানবৈরাগ্যধ্যান-সমাধ্যারম্ভেঽত্যন্তায়াসপূর্ব্বকত্বাদ্বিষমিব দুঃখাত্মকং ভবতি, পরিণামে জ্ঞানবৈরাগ্যাদিপরিপাকজং সুখমমৃতোপমন্তৎ সুখং প্রোক্তং বিদ্বদ্ভিরাত্মনোবুদ্ধিরাত্মবুদ্ধেঃ প্রসাদোনৈর্ম্মল্যং সলিলবৎ স্বচ্ছতা ততোজাতমাত্মবুদ্ধিপ্রসাদজমাত্মবিষয়া আত্মাবলম্বনা বুদ্ধিরাত্মবুদ্ধিস্তৎপ্রসাদে প্রকর্ষাদ্বা জাতমিত্যেতস্মাৎ সাত্ত্বিকং তন্মতং ॥ ৩৭ ॥

আনন্দগিরি।—তত্র সাত্ত্বিকং সুখমাদেয়ত্বেন দর্শয়তি যত্তদিতি। প্রথমসন্নিপাতং বিভজতে জ্ঞানেতি। কুতস্তস্য দুঃখাত্মকত্বং তত্রাহ অত্যন্তেতি। দুঃখাত্মকত্বে দৃষ্টান্তমাহ বিষমিবেতি। জ্ঞানাদিপরিপাকাবস্থা পরিণামস্তস্মিন্ সতি ততোজাতমিতি যোজনা। তত্রৈব হেত্বন্তরমাহ আত্মনইতি। আত্মবুদ্ধিশব্দার্থান্তরমাহ আত্মবিষয়েতি। অন্তঃকরণনৈর্ম্মল্যাদ্বা সম্যক্জ্ঞানপ্রকর্ষাদ্বা জাতত্বাদিতি তচ্ছব্দার্থঃ ॥ ৩৭ ॥

রামানুজ।—তদেব বিশিনষ্টি যদিতি। যত্তৎসুখং অগ্রে ভোগোপক্রমবেলায়াং বহ্বা-য়াস সাধ্যত্বাদ্বিবিক্তরূপস্যানমুভূতত্বাচ্চ বিষমিব দুঃখমিব ভবতি পরিণামেঽমৃতোপমং পরিণামে বিপাকে অভ্যাসবলেন বিবিক্তস্বরূপাবির্ভাবে অমৃতোপমং ভবতি। তচ্চাত্মবুদ্ধিপ্রসাদজং। আত্মবিষয়া বুদ্ধিরাত্মবুদ্ধিস্তস্য নিবৃত্তসকলেতরবিষয়ত্বং প্রসাদঃ। নিবৃত্তসকলেতরবিষয় বুদ্ধ্যাবিবিক্তস্বভাবাত্মানুভবজনিতং সুখং অমৃতোপমং ভবতি তৎসুখং সাত্ত্বিকং প্রোক্তং ॥ ৩৭ ॥

হনুমান।—যত্তৎ সুখমগ্রে প্রথমমুক্তর কালে মনূলোপমপ্রাপ্ত (?) বুদ্ধিপ্রসাদজং স্ববুদ্ধি প্রসাদান্তঃকরণপ্রসাদাৎ জ্ঞানং জাতং তৎ সাত্ত্বিকং ॥ ৩৭ ॥

শ্রীধর।—কীদৃশং যত্তৎ কিমপি অগ্রে প্রথমং বিষমিব মনঃসংযমাধীনত্বাদ্দুঃখাবহমিব ভবতি পরিণামে অমৃতসদৃশং আত্মবিষয়া বুদ্ধিরাত্মবুদ্ধিস্তস্যাঃ প্রসাদোরজস্তমোমলত্যাগেন স্বচ্ছতয়াবস্থানং ততোজাতং যৎ সুখং তৎ সাত্ত্বিকং প্রোক্তং যোগিভিঃ ॥ ৩৭ ॥

বলদেব।—যচ্চাগ্রে প্রথমং বিষমিব মনঃসংযমক্লেশসত্ত্বাদ্বিবিক্তাত্মপ্রকাশাচ্চাতিদুঃখা-বহমিব ভবতি। পরিণামে সমাধিপরিপাকে সত্যমৃতোপমং বিবিক্তাত্মপ্রকাশাৎ পীযূষপ্রবাহ-নিপাতবদ্ভবতি। যচ্চাত্মসম্বন্ধিন্যা বুদ্ধেঃ প্রসাদাজ্জায়তে তৎ সাত্ত্বিকং সুখং। তৎপ্রসাদশ্চ বিষয়সম্বন্ধমালিন্যবিনিবৃত্তিঃ ॥ ৩৭ ॥

মধুসূদন।—তমেব বিবৃণোতি যদিতি। যৎ অগ্রে জ্ঞানবৈরাগ্যধ্যানসমাধ্যারম্ভেঽ-ত্যন্তায়াসনির্ব্বাহ্যত্বাদ্বিষমিব দ্বেষবিশেষাবহং ভবতি, পরিণামে জ্ঞানবৈরাগ্যাদিপরিপাকে অমৃতো-

পমং প্রীত্যতিশয়াস্পদং ভবতি, আত্মবিষয়া বুদ্ধিরাত্মবুদ্ধিস্তস্যাঃ প্রসাদোনিদ্রালস্যাদিরাহিত্যেন স্বচ্ছতয়াঽবস্থানং ততোজাতমাত্মবুদ্ধিপ্রসাদজং ন তু রাজসমিব .বিষয়েন্দ্রিয়সংযোগজং ন ·বা তামসমিব নিদ্রালস্যাদিজং, ঈদৃশং যদনাত্মবুদ্ধিনিবৃত্ত্যাত্মবুদ্ধিপ্রসাদজং সমাধিসুখং তৎ সাত্ত্বিকং প্রোক্তং যোগিভিঃ। অপর আহ অভ্যাসাদাবৃত্তের্যত্র রমতে প্রীয়তে যত্র চ দুঃখাবসানং প্রাপ্নোতি তৎসুখং তচ্চ ত্রিবিধং গুণভেদেন শৃণ্বিতি তৎপদাধ্যাহারেণ পূর্বস্থ শ্লোকস্যান্বয়ঃ যত্তদগ্রে ইত্যাদিশ্লোকে, ন তু সাত্ত্বিকসুখলক্ষণমিতি ভাষ্যকারাভিপ্রায়োঽপ্যেবং ॥ ৩৭ ॥

নীলকণ্ঠ।—যদিতি। যৎ তৎপ্রসিদ্ধং সর্ব্বপ্রাণিপ্রেমাস্পদং অগ্রে সমারম্ভকালে মনঃ-প্রাণেন্দ্রিয় স্পন্দনিরোধেন যন্ত্রে সংজ্ঞপ্যমানস্য পশোরিব জায়মানং বিষমিবাতিতীব্রবেদনাকরং পরিণামে সাত্ত্বিক্যা ধৃত্যা নিরুদ্ধাসু মন আদিক্রিয়াসু অমৃতোপমমত্যাহ্লাদকরং আত্মনঃ স্বস্যৈব বুদ্ধেঃ প্রসাদো নৈর্ম্মল্যং রজস্তমোমলরাহিত্যং তস্মাদ্ভবমুত্থং নতু বিষয়সঙ্গজং নিদ্রালস্যাদিজং বা তৎসুখং সাত্ত্বিকং প্রোক্তম্ ॥ ৩৭ ॥

বিশ্বনাথ।—বিষমিবেতি ইন্দ্রিয়মনোনিরোধোহি প্রথমং দুঃখদ এব ভবতি ইতি ভাবঃ ॥ ৩৭ ॥

তাৎপর্য্য।—অতঃপর. সাত্ত্বিক সুখের লক্ষণ বিশদরূপে বিবৃত হইতেছে। যে সুখ অগ্রে বিষের ন্যায় ভয়ানক, কিন্তু পরিণামে অমৃতবৎ তৃপ্তিপ্রদ, সেই আত্মজ্ঞানরূপ প্রসন্নতাজনিত সুখকেই যোগিগণ সাত্ত্বিক সুখ বলিয়া থাকেন। কেন সাত্ত্বিক সুখ অগ্রে বিষতুল্য তাহা অনায়াসেই হৃদয়ঙ্গম করিতে পারা যায়। সাত্ত্বিক সুখে যে স্থায়ী আনন্দ আনয়ন করে, তাহা সম্পূর্ণরূপ নির্ম্মল, পবিত্র এবং পরম প্রার্থনীয়। কিন্তু তাহা প্রাপ্তির উপায় অনেক কঠোর সাধনা ও অভ্যাস সাপেক্ষ। প্রথমতঃ আত্ম বিষয়ে চিত্তের অনুরাগ উৎপাদন করিতে হয়; তাহার পর চিত্তকে সকল বিষয় ব্যাপার হইতে নিবৃত্ত করিয়া স্থির ও নিশ্চল করিতে হয়। ধ্যান ধারণা নিদিধ্যাসনাদি উপায় সহকারে চিত্তস্থৈর্য্যে পরিপাক হইলে ব্রহ্মানন্দ অনুভূত হইতে থাকে। তখন সাধক সমাধিস্থ হইয়া পূর্ণানন্দের অধিকারী হন। সুতরাং সহজেই বুঝা যাইতেছে, এইরূপ পূর্ণানন্দ অর্থাৎ সাত্ত্বিক সুখ প্রাপ্তির নিমিত্ত যে যে অনুষ্ঠান করিতে হয়, তাহা নিরতিশয় কঠোর এবং ভয়াবহ। সেই দুষ্কর সাধনা অতিক্রম করিতে পারিলে যথার্থ সাত্ত্বিক সুখ লাভ করা যায়। রাজস বা তামস সুখের সহিত সাত্ত্বিক সুখের ইহাই বিভিন্নতা যে, প্রথমোক্ত সুখদ্বয়ে মানবের ভোগাভোগ সঙ্গে সঙ্গেই সঞ্জাত হয়; কিন্তু শেষোক্ত সাত্ত্বিক সুখের প্রথমে কষ্ট, পরে

অনন্ত সুখ। আরও বিভিন্নতা এই যে, রাজস বা তামস সুখে আপাতত আনন্দ হইলেও পরিণাম অতি ক্লেশজনক। কিন্তু সাত্ত্বিক সুখের প্রথমে ক্লেশ, পরে অপরিমেয় সুখ। আরও বিভিন্নতা এই যে, রাজস ও তামস সুখ ক্ষণবিধ্বংসী এবং নাশশীল, কিন্তু সাত্ত্বিক সুখ স্থায়ী ও নাশরহিত। এই সকল কারণে ক্ষুদ্রচেতাঃ মানবগণ আপাত মনোহর সুখের সুমধুর আকর্ষণে মোহিত হইয়া রাজস ও তামস সুখের অন্বেষণেই অধিকতর ব্যাপৃত হয়। তাহারা সাত্ত্বিক সুখের পথে প্রথমেই কণ্টকীলতা এবং বিঘ্নসঙ্কুল আবরণ দেখিয়া ভয়ে পশ্চাৎপদ হয়, আর ঘৃণিত পাশব সুখে প্রমত্ত হইয়া নিশ্চিত ভাবে কালপাত করে। সামান্য আয়াস স্বীকার করিয়া অগ্রসর হইতে প্রবৃত্ত হইলে, কিঞ্চিৎ অধ্যবসায় সহকারে ভয়ানক বাধাসমূহ উপেক্ষা করিয়া কর্ত্তব্য পথ নির্ণয় করিতে পারিলে, অত্যল্প সাহসিকতার সহিত হৃদয়কে বলীয়ান করিয়া পুরোভাগে গমন করিতে পারিলেই সম্মুখে যে অনির্ব্বচনীয় জ্ঞানালোক প্রদীপ্ত পরমানন্দপূর্ণ রম্য কাননে উপস্থিত হইয়া অতুল সুখের অধিকারী হইতে পারে, তাহা ভ্রম ও মোহাবেশে একবারও তাহাদের মনে হয় না।

সাত্ত্বিক সুখ "আত্মবুদ্ধিপ্রসাদজং" বলিয়া মূলে উল্লিখিত হইয়াছে। আত্মবিষয়ক বুদ্ধি অর্থাৎ জ্ঞান মনুষ্যের মনকে স্বচ্ছ সলিলের ন্যায় নির্ম্মল করিয়া দেয়। সরলতা প্রভৃতি যাবতীয় সদ্‌গুণ তাদৃশ আত্মবুদ্ধি সম্পন্ন মনুষ্যকে আশ্রয় করে। সেইরূপ মনুষ্যের চিত্তে কোনরূপ অসুখের আবিলতা উপস্থিত হইতে পারে না। ভূমানন্দ জনিত প্রসন্নতা সেই পুরুষের নিত্য সহচর।

মূলে "প্রোক্তং" এই ক্রিয়াপদ আছে, কিন্তু ইহার কোন কর্ত্তা প্রযুক্ত হয় নাই। শঙ্করাচার্য্য প্রভৃতি মহোদয়গণ "যোগিভিঃ" অর্থাৎ যোগিগণ কর্ত্তৃক এইরূপ কর্ত্তৃপদ উহ্যরূপে গ্রহণ করিয়াছেন। বাস্তবিক জ্ঞানার্ণব-সদৃশ যোগিগণ ব্যতীত সাত্ত্বিক সুখ সম্বন্ধে অবিসংবাদিত অভিপ্রায় করিতে আর কেহই অধিকারী নহেন। যাঁহারা জ্ঞানান্বেষণে প্রবৃত্ত হইয়া সকল বিঘ্ন বাধা অতিক্রম করিতে করিতে শনৈঃ শনৈঃ পূর্ণানন্দ আয়ত্ত করিয়াছেন, সেই মহাজনগণ এরূপ বিষয়ে মতামত প্রকাশ করিতে সমর্থ এবং তাঁহাদিগের মতই শিরোধার্য্যরূপে সকলের গ্রহণীয়।

পূর্ব্ব শ্লোকে "অভ্যাসাদ্রমতে যত্র দুঃখান্তঞ্চ নিগচ্ছতি।" এই অংশ সাত্ত্বিক সুখেরই বিবরণ বলিয়া কোন কোন মহানুভব ব্যাখ্যাকর্ত্তা গ্রহণ করিয়াছেন। এ কথা পূর্ব্বেই কথিত হইয়াছে। কিন্তু পূজ্যপাদ শঙ্করাচার্য্য প্রভৃতি অনেক মহাত্মা এই অংশের ব্যাখ্যা উপলক্ষে অভিপ্রায় প্রকাশ করিয়াছেন যে, ইহা সাধারণতঃ সুখের লক্ষণ। সুখ যেরূপই কেন হউক না, অভ্যাসে অর্থাৎ বারংবার আবৃত্তি হেতু তাহাই পরম তৃপ্তিপ্রদ হইয়া থাকে, এবং তাহাতেই লোকে আনন্দ অনুভব করে। সেই সুখের দ্বারা তাহাদের দুঃখ অবসিত হয়। সুতরাং ইহা সাধারণতঃ সুখেরই লক্ষণ। সেই সুখ গুণভেদে ত্রিবিধ, হে অর্জ্জুন! তুমি তাহা শ্রবণ কর। পূজ্যপাদ মধুসূদন এই শেষোক্ত অর্থেরও উল্লেখ করিয়াছেন ॥ ৩৭ ॥

——:০:——

বিষয়েন্দ্রিয়সংযোগাদ্‌যত্তদগ্রেঽমৃতোপমং।
পরিণামে বিষমিব তৎসুখং রাজসং স্মৃতং ॥ ৩৮ ॥

অন্বয়।—বিষয়েন্দ্রিয়সংযোগাৎ (বিষয়াণাং ইন্দ্রিয়াণাং চ যোগাৎ) যৎ তৎ (সুখং) অগ্রে (ভোগকালে) অমৃতোপমং (অমৃততুল্যং) পরিণামে (পরিপাকাবস্থায়াং) বিষং ইব তৎ সুখং রাজসং স্মৃতং (কথিতং) ॥ ৩৮ ॥

প্রতিশব্দ।—বিষয়-এবং-ইন্দ্রিয়ের-সংযোগ-হেতু যে সেই সুখ ভোগ-কালে অমৃত-তুল্য, পরিণামে বিষের ন্যায়, সেই সুখ রাজস কথিত-হয় ॥ ৩৮ ॥

ব্যাখ্যা।—বিষয়সমূহ এবং ইন্দ্রিয়বর্গের সংযোগ হেতু যে সুখ ভোগকালে অমৃততুল্য প্রতীয়মান হয়, কিন্তু পরিশেষে বিষতুল্য কার্য্য করে, অর্থাৎ ঐহিক পারত্রিক বিবিধ দুঃখ আনয়ন করে, সেই সুখ রাজস নামে কথিত হয় ॥ ৩৮ ॥

শঙ্করাচার্য্য।—বিষয়েতি। বিষয়েন্দ্রিয়সংযোগাদ্যৎসুখং জায়তে প্রথমং প্রথমক্ষণে-

মৃতোপমমমৃতসমং পরিণামে বিষমিব বলবীর্য্যরূপপ্রজ্ঞামেধাধনোৎসাহহানিহেতুত্বাদধর্ম্মতজ্জনিত-নরকাদিহেতুত্বাচ্চ পরিণামে তদুপভোগবিপরিণামান্তে বিষমিব তৎসুখং রাজসং স্মৃতং ॥ ৩৮ ॥

আনন্দগিরি।—রাজসং সুখং হেয়ত্বায় কথয়তি বিষয়েতি। বলং সত্ত্বাত্মসামর্থ্যং বীর্য্যং পরাক্রমকৃতং যশোরূপং শরীরসৌন্দর্য্যং প্রজ্ঞা শ্রুতার্থগ্রহণসামর্থ্যং মেধা গৃহীতার্থস্যাবিস্মরণেন ধারণশক্তিঃ ধনং গোহিরণ্যাদি উৎসাহস্তু কার্য্যং প্রত্যুপক্রমাদিঃ, এতেষাং নাশকত্বাদ্বৈষয়িকং সুখং বিষসমমিত্যর্থঃ। তত্রৈব হেত্বন্তরমাহ অধর্ম্মেতি ॥ ৩৮ ॥

রামানুজ।—বিষয়েতি। অগ্রেহনুভববেলায়াং বিষয়েন্দ্রিয়সংযোগাদ্যত্তদমৃতমিব ভবতি। পরিণামে বিপাকে বিষয়াণাং সুখনিমিত্তক্ষুধাদৌ নিবৃত্তে তস্য চ সুখস্য নিরয়াদিনিমিত্তত্বাদ্বিষমিব পীতং ভবতি তৎসুখং রাজসং স্মৃতং ॥ ৩৮ ॥

হনুমান্।—বিষয়েন্দ্রিয়সংযোগাৎ শ্রোত্রাদীনাং শব্দাদিভিঃ সংযোগাৎ যৎ সুখমগ্রে অমৃতোপমং পরিণামে কল্লান্তরে বিষমিব তদ্রাজসং ॥ ৩৮ ॥

শ্রীধর।—রাজসং সুখমাহ বিষয়েতি। বিষয়াণামিন্দ্রিয়াণাঞ্চ সংযোগাৎ যত্তৎ প্রসিদ্ধং স্ত্রীসংসর্গাদিসুখং অমৃতমুপমা যস্য তাদৃশং ভবতি অগ্রে প্রথমং পরিণামে চ বিষতুল্যং ইহামুত্র চ দুঃখহেতুত্বাৎ তৎসুখং রাজসং স্মৃতং ॥ ৩৮ ॥

বলদেব।—বিষয়ৈর্যুবতিরূপস্পর্শাদিভিঃ সহেন্দ্রিয়াণাং চক্ষুস্ত্বগাদীনাং সংযোগাৎ সম্বন্ধাৎ যদগ্রে পূর্ব্বমমৃতোপমমতিস্বাদু পরিণামেহবসানে তু নিরয়হেতুত্বাদ্বিষোপমমতিদুঃখাবহং ভবতি তদ্রাজসং সুখং ॥ ৩৮ ॥

মধুসূদন।—বিষয়াণামিন্দ্রিয়াণাঞ্চ সংযোগাজ্জাতং ন ত্বাত্মবুদ্ধিপ্রসাদাৎ যত্তৎ যদতিপ্রসিদ্ধং স্রক্চন্দনবনিতাসঙ্গাদিসুখং অগ্রে প্রথমারম্ভে মনঃসংযমাদিক্লেশাভাবাদমৃতোপমং পরিণামে ঐহিকপারত্রিকদুঃখাবহত্বাদ্বিষমিব তৎসুখং রাজসং স্মৃতং ॥ ৩৮ ॥

নীলকণ্ঠ।—রাজসং সুখমাহ বিষয়েতি। অগ্রে ভোগকালে, পরিণামে বিষমিব বিয়োগকালে ইহামুত্র চ দুঃখপ্রদত্বাৎ ॥ ৩৮ ॥

বিশ্বনাথ।—যদমৃতোপমং পরস্ত্রী সংভোগাদিকং ॥ ৩৮ । ৩৯ ॥

তাৎপর্য্য।—অতঃপর রাজস সুখের লক্ষণ বিবৃত হইতেছে। বিষয়ের সহিত ইন্দ্রিয়ের সংযোগ হেতু যে সুখের উদ্ভব হয়, তাহা আপাতত অতি মনোহর হইলেও পরিণামে দুঃখপ্রদ। সেই সুখকেই রাজস সুখ বলা যায়। স্রক্ চন্দন অনুলেপনাদি দ্বারা বিভূষিত-কলেবর হইয়া প্রার্থিত নারীগণের সঙ্গ সুখ উপভোগ করা অথবা বাহুবলে বা ধনবলে অপরের রাজ্য বা সম্পদ গ্রহণ করিয়া ভোগ করা কিম্বা যাহা স্বকীয় চিত্তের প্রসন্নতা সাধনে সক্ষম, তাহা বিবিধ উপায়ে আত্মসাৎ করা আপাতত সাতিশয় সুখসংবিধায়ক। কারণ তজ্জন্য সংযমের প্রয়োজন নাই, চিত্ত স্থিরীকর-

ণের আবশ্যকতা নাই, অথবা হৃদয়কে বিষয় হইতে বিনিবৃত্ত করিবার প্রয়োজন নাই। অতি সহজে সঙ্গে সঙ্গে এইরূপ আশু আনন্দবর্দ্ধক সুখের সমাগম হয় বটে, কিন্তু পরিণামে বিষতুল্য ভয়ানক ফল উৎপন্ন হইয়া থাকে। কারণ ভোগ প্রবৃত্তির নিবৃত্তি হওয়ার কোনই সম্ভাবনা নাই। ভোগবাসনানল প্রজ্বলিত থাকিয়া নিরন্তর অভিনব ইন্ধন অন্বেষণ করিতে থাকে। কিছুকাল সেই প্রবল বাসনানলে নবাহুতি প্রদান করিতে না পারিলে তাহা তখন সেই ভোক্তাকে দগ্ধ করিতে আরম্ভ করে। দুরন্ত তৃষ্ণায় মানব হাহাকার করে। অপিচ মানবসমাজে নানারূপ লজ্জা পাইতে হয় এবং নিন্দা ও তিরস্কার হৃদয়কে ব্যথিত করে। আর সর্কো পরি দুষ্কৃতি জনিত নিদারুণ অনুতাপ, অন্যায় আচরণে পরস্বাপহরণ ব পরদারাভিগমন রূপ ঘোরতর পাপ সমূহ সবলে হৃদয়ে ছুরিকাঘাত করিতে থাকে। সুতরাং ইহকালেই তাহার বিজাতীয় দুঃখের সূচন আরম্ভ হয়। পরকালেও তাদৃশ সুখাসক্ত ব্যক্তির ক্লেশের সীমা থাকে না তাহাকে পাপোচিত শাস্তি ভোগ করিতে হয়। নরক যন্ত্রণা তাহাকে অশেষ প্রকারে নিপীড়িত করে। সেই কর্ম্মোচিত যন্ত্রণাভোগের প পুনরায় তাহাকে সংসাররূপ কর্ম্মক্ষেত্রে প্রবেশ করিতে হয়। সুতরা সহজেই অনুভব করা যায় যে, রাজসসুখ প্রথমে সাতিশয় অনায়াস লব্ধ অতএব অমৃতোপম বলিয়া মনে হইলেও পরিণামে ইহা বিষতুল্য।

কোন কোন পূজ্যপাদ ভাষ্যকার, মূলস্থিত "পরিণাম" শব্দের, বিষ ভোগের অবসানে বা নিবৃত্তির পর এইরূপ অর্থ করিয়াছেন। অবসান নিবৃত্তি নানাকারণে হইতে পারে। স্বাস্থ্যভঙ্গ, জরা, মৃত্যু প্রভৃতি যা ভোগের নিবৃত্তি হয়। যেরূপে যখনই কেন নিবৃত্তি হউক না, তখন হই তেই দুঃখের আরম্ভ হইয়া থাকে॥ ৩৮॥

——•:):•:(:•——

যদগ্রে চানুবন্ধে চ সুখং মোহনমাত্মনঃ।
নিদ্রালস্যপ্রমাদোত্থং তত্তামসমুদাহৃতং॥ ৩৯॥

অন্বয়।—যৎ সুখং অগ্রে (আরম্ভে) অনুবন্ধে (অবসানে) আত্মনঃ মোহনং (মোহকরং) নিদ্রালস্যপ্রমাদোত্থং (নিদ্রালস্য প্রমাদজাতং) তৎ (সুখং) তামসং উদাহৃতং (উক্তং)॥ ৩৯॥

প্রতিশব্দ।—যে সুখ প্রথমে এবং শেষে আত্মার মোহকর, নিদ্রা-আলস্য-প্রমাদ-হইতে-সঞ্জাত সেই-সুখ তামস উক্ত-হয় ॥ ৩৯ ॥

ব্যাখ্যা।—যে সুখ আরম্ভ এবং অবসান উভয় কালেই আত্মার মোহ আনয়ন করে, এবং যাহা নিদ্রা আলস্য ও প্রমাদ হইতে উদ্ভূত, তাহাই তামস সুখ নামে অভিহিত হইয়া থাকে ॥ ৩৯ ॥

শঙ্করাচার্য্য।—যদগ্রে চেতি। যদগ্রে চানুবন্ধে চাবসানোত্তরকালে চ সুখং মোহকরমাত্মনোনিদ্রালস্যপ্রমাদোত্থং নিদ্রা চালস্যঞ্চ প্রমাদশ্চ তেভ্যঃ সমুত্তিষ্ঠতীতি নিদ্রালস্যপ্রমাদোত্থস্তত্তামসমুদাহৃতং ॥ ৩৯ ॥

আনন্দগিরি।—তামসং সুখং ত্যাগার্থমেবোদাহরতি যদগ্রে চেতি। অনুবন্ধশব্দার্থমাহ অবসানেতি। মোহনং মোহকরন্তদুৎপত্তিহেতুমাহ নিদ্রেতি ॥ ৩৯ ॥

রামানুজ।—যদিতি। যৎসুখমগ্রে চানুবন্ধে চানুভববেলায়াং বিপাকে চাত্মনো মোহনং ভবতি। মোহোঽত্র যথাবস্থিত বস্তুপ্রকাশোঽভিপ্রেতঃ নিদ্রালস্য প্রমাদোত্থং নিদ্রালস্যপ্রমাদজনিতং। নিদ্রায়োহ্যনুভববেলায়ামপি মোহহেতবঃ নিদ্রায়া মোহহেতুত্বং স্পষ্টং আলস্যমিন্দ্রিয়ব্যাপারমান্দ্যং ইন্দ্রিয়ব্যাপারমান্দ্যে চ জ্ঞানমান্দ্যং ভবত্যেব। প্রমাদঃ কৃত্যানবধানরূপ ইতি তত্রাপি জ্ঞানমান্দ্যং ভবতি। ততশ্চ তয়োরপি মোহহেতুত্বং তৎসুখং তামসমুদাহৃতং অতো মুমুক্ষুণা রজস্তমসী অভিভূয় সত্ত্বমেবোপাদেয়মিত্যুক্তং ভবতি ॥ ৩৯ ॥

হনুমান্।—যদগ্রে অবসানে চ মোহনকরং নিদ্রালস্য প্রমাদোত্থং তত্তামসং সুখং ॥ ৩৯ ॥

শ্রীধর।—তামসং সুখমাহ যদিতি। অগ্রে চ প্রথমক্ষণে অনুবন্ধে চ পশ্চাদপি যৎ সুখমাত্মনো মোহকরং তদেবাহ নিদ্রা চ আলস্যঞ্চ প্রমাদশ্চ কর্তব্যাবধানরাহিত্যেন মনোগ্রাহ্যমেতেভ্য উত্তিষ্ঠতি যৎ সুখং তত্তামসমুদাহৃতং ॥ ৩৮ ॥

বলদেব।—যদগ্রেঽনুভবকালে অনুবন্ধে পশ্চাদ্বিপাককালে চাত্মনো মোহনং বস্তু যাথাত্ম্যাবরকং। যচ্চ নিদ্রাদিভ্য উত্তিষ্ঠতি জায়তে তত্তামসসুখং। আলস্যমিন্দ্রিয়ব্যাপারমান্দ্যং। প্রমাদঃ কার্য্যাকার্য্যাবধানাভাবঃ ॥ ৩৯ ॥

মধুসূদন।—অগ্রে প্রথমারম্ভে চ যৎসুখমাত্মনো মোহকরং নিদ্রালস্যে প্রসিদ্ধে প্রমাদঃ কর্তব্যার্থাবধানমন্তরেণ মনোরাজ্যমাত্রং তেভ্য এবোত্তিষ্ঠতি ন তু সাত্ত্বিকমিব বুদ্ধিপ্রসাদজং ন বা বিষয়েন্দ্রিয়সংযোগজং তন্নিদ্রালস্যপ্রমাদোত্থং তামসং সুখমুদাহৃতং ॥ ৩৯ ॥

নীলকণ্ঠ।—যদগ্রে ইতি। অগ্রে আরম্ভে অনুবন্ধে পরিণামে মোহনং মোহকরং আত্মনো বুদ্ধেঃ যতো নিদ্রাদিজম্ ॥ ৩৯ ॥

তাৎপর্য্য।—এক্ষণে তামস সুখের বিবরণ বিবৃত হইতেছে। এই

নিকৃষ্ট সুখ অগ্রে অর্থাৎ প্রারম্ভকালে এবং অনুবন্ধ অর্থাৎ অবসান কালে আনন্দ বিধায়ক হইলেও বস্তুতঃ ইহা আপনার মোহকর অর্থাৎ অধঃপতনের হেতুভূত। পূর্ব্বে সাত্ত্বিক সুখের যে বিবরণ করা হইয়াছে, তথায় নির্দ্দিষ্ট হইয়াছে যে, তাহা অগ্রে দুঃখময়, পরিণামে অমৃতবৎ। তদনন্তর রাজস সুখের বিবরণে প্রদর্শিত হইয়াছে যে, তাহা অগ্রে অর্থাৎ ভোগকালে আনন্দ জনক, কিন্তু পরিণামে বিষবৎ। আর উপসংহারে এই তামসিক সুখের প্রসঙ্গে ইহাই প্রদর্শিত হইতেছে যে, ইহার আদ্যন্ত সকলই আত্মার মোহন অর্থাৎ মোহ উৎপাদক। কেন তামস সুখ আত্মার এতাদৃশ অনিষ্ট জনক, তাহা সহজেই অনুমিত হইতে পারে। এই সুখ নিদ্রা, আলস্য এবং ভ্রম হইতে উৎপন্ন হয়; সুতরাং কোন ভাবী মঙ্গলের সূচনা না করিয়া ইহা নানা প্রকার অনিষ্টাপাতই সঙ্ঘটন করে। হৃদয়ে যে অন্তর্নিহিত শক্তি আছে, যে চিচ্ছক্তি পরম পুরুষের সহিত মানবের অবিচ্ছিন্ন সম্বন্ধ স্থাপন করিয়া রাখিয়াছে এবং যে জ্ঞানের উন্মেষ হইলে ক্রমশঃ ব্রহ্মানন্দ উপভোগ করা যাইতে পারে তাহা নিদ্রা ও আলস্যে নিয়ত আচ্ছন্ন ও অভিভূত হইয়া থাকে। নিদ্রা কালে মনুষ্যের মানসিক ক্রিয়া রুদ্ধ হয় অথবা নিস্তেজ অকর্ম্মণ্য জড়বৎ হইয়া থাকে। সুতরাং সে অবস্থায় আত্মহিতকর কোন কর্ম্মই সংসাধিত হইতে পারে না। এইরূপ আলস্যেও দৈহিক ক্রিয়া এবং মানসিক ক্রিয়া নিতান্ত রুদ্ধপ্রায় ও অবসন্ন হইয়া থাকে। সুতরাং আলস্য পরতন্ত্র ব্যক্তির পক্ষে কোন আত্মহিত সম্ভবে না। যাহারা আলস্যাধীন হইয়া সুখ শয্যায় উপাধানাশ্রয়ে কালপাত করাই পরম সৌভাগ্য বলিয়া জ্ঞান করে, তাহাদিগের ন্যায় হতভাগ্য এ সংসারে আর কেহ নাই। কর্ম্মময় উন্নতি সাধনক্ষম মহোচ্চ কর্ত্তব্যযুক্ত মানবজীবন লাভ করিয়া কেবল নিদ্রালস্যের সুখানুভব করা নিতান্ত অপকৃষ্ট জীবের পক্ষেও কষ্টকর আর সর্ব্বোপরি প্রমাদ বড়ই সর্ব্বনাশের নিদান স্বরূপ। এই প্রমাদের জন্য অকর্ত্তব্যকে মনুষ্য কর্ত্তব্য বলিয়া মনে করে, কুকার্য্যকে সৎকার্য্য বলিয়া গ্রহণ করে, বিহিত শাস্ত্রোপদেশ উপেক্ষা করিয়া কুৎসিৎ আলাপে ও নিন্দিত বিষয়ের অনুধ্যানে কালপাত করে। এইরূপ নিদ্রা আলস্য ও প্রমাদ জনিত যে সুখ, তাহাই তামস নামে অভিহিত হইয়া থাকে।

পূজ্যপাদ শ্রীমদ্রামানুজাচার্য্য তথা শ্রীমদ্বলদেব মূলস্থিত "অগ্রে" ও "অনুবন্ধে" এই পদদ্বয়ের "অনুভব বেলায়" এবং "বিপাক কালে" এইরূপ অর্থাবধারণ করিয়াছেন।

এতাবতা ইহাই প্রতিপন্ন হইতেছে যে, মুমুক্ষুগণের সাত্ত্বিক সুখের পথ অন্বেষণ করাই আবশ্যক, রজঃ এবং তমঃ তাঁহাদের পরিবর্জ্জনীয় ॥ ৩৯॥

—(:০:)—

ন তদস্তি পৃথিব্যাং বা দিবি দেবেষু বা পুনঃ।
সত্ত্বং প্রকৃতিজৈর্মুক্তং যদেভিঃ স্যাত্ত্রিভির্গুণৈঃ ॥৪০॥

অন্বয়।—পৃথিব্যাং দিবি (স্বর্গে) বা দেবেষু বা পুনঃ তৎ সত্ত্বং (প্রাণিজাতং) ন অস্তি (বিদ্যতে) যৎ প্রকৃতিজৈঃ (প্রকৃতিসম্ভবৈঃ) এভিঃ ত্রিভিঃ গুণৈঃ (সত্ত্বরজস্তমোভিঃ) মুক্তং (হীনং) স্যাৎ ॥ ৪০ ॥

প্রতিশব্দ।—পৃথিবীতে স্বর্গে বা দেবতা-মধ্যে পুনঃ সেই সত্ত্ব বিদ্যমান-নাই, যাহা প্রকৃতি-জাত এই তিন গুণের-দ্বারা হীন হয় ॥ ৪০ ॥

ব্যাখ্যা।—কি পৃথিবীতে কি স্বর্গে অথবা কি দেবতাগণ মধ্যেও এমন কোনও প্রাণী নাই, যে প্রকৃতিসম্ভূত সত্ত্বরজঃতম এই গুণত্রয় হইতে মুক্ত ॥ ৪০ ॥

শঙ্করাচার্য্য।—অথেদানীং প্রকরণোপসংহারার্থঃ শ্লোক আরভ্যতে নেতি। ন তদস্তি তন্নাস্তি পৃথিব্যাং বা মনুষ্যাদি সত্ত্বং প্রাণিজাতমন্যদ্বাহপ্রাণিজাতং দিবি দেবেষু বা পুনঃ সত্ত্বং প্রকৃতিজৈঃ প্রকৃতিতো জাতৈরেভিস্ত্রিভির্গুণৈঃ সত্ত্বাদিভির্ম্মুক্তং পরিত্যক্তং যৎ স্যান্ত্রবেৎ তদস্তীতি পূর্ব্বেণ সম্বন্ধঃ। সর্ব্বঃ সংসারঃ ক্রিয়াকারকফললক্ষণঃ সত্ত্বরজস্তমোগুণাত্মকোঽবিদ্যা-পরিকল্পিতঃ সমূলোঽনর্থঃ উক্তঃ বৃক্ষরূপকপরিকল্পনয়া চোর্দ্ধমূলমিত্যাদিনা, তঞ্চা"সঙ্গশস্ত্রেণ দৃঢ়েন ছিত্বা ততঃ পদন্তৎ পরিমার্গিতব্য"মিতি চোক্তং। তত্র চ সর্ব্বস্য ত্রিগুণাত্মকত্বাৎ সংসার-কারণনিবৃত্ত্যনুপপত্তৌ প্রাপ্তায়াং যথা তন্নিবৃত্তিঃ স্যাত্তথা বক্তব্যং সর্ব্বশ্চ গীতাশাস্ত্রার্থ উপসং-হর্ত্তব্য এতাবানেব চ সর্ব্বোবেদঃ স্মৃত্যর্থশ্চ ॥ ৪০ ॥

আনন্দগিরি।—ক্রিয়াকারকফলাত্মনঃ সংসারস্য প্রত্যেকং সাত্ত্বিকাদিভেদেন ত্রৈবিধ্য-মুক্ত্বা সংসারান্তর্ভূতমেব কিঞ্চিৎ গুণত্রয়াস্পৃষ্টমপি কচিদ্ভবিষ্যতীত্যাশঙ্ক্যাহ অথেতি। সংসারস্য সর্ব্বস্যৈব গুণত্রয়সংস্পৃষ্টত্বং প্রকরণং অন্যদ্বাহপ্রাণীত্যত্রাপ্রাণিশব্দেন প্রসিদ্ধা স্থাবরাদি গৃহ্যন্তে

প্রকরণার্থমুপসংহৃতমনুবদতি সর্ব্বইতি। তত্রানেকাত্মকত্বেন হেয়ত্বং সূচয়িতুং ক্রিয়েতি। নির্গুণাদাত্মনো বৈলক্ষণ্যাচ্চ তস্য হেয়তেত্যাহ সত্ত্বেতি। অনর্থত্বাচ্চ তস্য ত্যাজ্যত্বমনর্থত্বঞ্চাবিদ্যাকল্পিতত্বেনাবস্তুত্বাদিত্যাহ অবিদ্যেতি। ন কেবলমধ্যায়ে সংসারো দর্শিতঃ, কিন্তু পঞ্চদশেহপীত্যাহ বৃক্ষেতি। চকারাৎ সর্ব্বঃ সংসারঃ ইত্যনুকৃষ্যতে। সংসারধ্বংসিসাধনং সম্যক্‌জ্ঞানঞ্চ তত্রৈবোক্তমিত্যাহ অসঙ্গেতি। বৃত্তমনূদ্যানন্তরসন্দর্ভতাৎপর্য্যমাহ তথ চেতি। উক্তোবিনিবর্ত্তয়িষিতঃ সংসারঃ সর্ব্ব সপুনঃ পরামৃশ্যতে, সর্ব্বোহি সংসারো গুণত্রয়াত্মকো ন চ গুণানাং প্রকৃত্যাত্মকানাং সংসার[illegible] প্রকৃতেন্ন [illegible]ত্মাদিত্যাশঙ্ক্যাহ অনর্থানুষ্ঠানাদজ্ঞানোৎপত্ত্যা গুণানামজ্ঞানাত্মকানাং নিবৃত্তির্যথা ভবতি তথা স্বধর্ম্মজাতং [illegible] প্রবৃত্তিরিত্যর্থঃ। তত্ত্বদর্শপ্রবৃত্তধর্ম্মকা তমুপদেশে চোপসংহার প্রকরণপ্রকোপঃ স্যাদিত্যাহ সর্ব্বশ্চেতি। উপসংহৃতে গীতাশাস্ত্রার্থে যদ্যপি সর্ব্বো বেদার্থঃ স্মৃত্যর্থশ্চ সর্ব্ব উপসংহৃতস্তথাপি মুমুক্ষুভিরনুষ্ঠেয়মস্তি বক্তব্যমবশিষ্টমিত্যাশঙ্ক্যাহ এতাবানিতি। অনুষ্ঠেয়পরিমাণনির্দ্ধারণবহুক্লেশশঙ্কানিবর্ত্তনং শাস্ত্রার্থোপসংহারশ্চেত্যেতদুভয়ঞ্চকারার্থঃ॥ ৪০॥

রামানুজ।—নতদস্তীতি। পৃথিব্যাং মনুষ্যাদিষু দিবি দেবেষু বা প্রকৃতিসংসৃষ্টেষু ব্রহ্মাদিস্থাবরান্তেষু প্রকৃতিজৈরেভিস্ত্রিভির্গুণৈর্মুক্তং যৎসত্ত্বং প্রাণিজাতং ন তদস্তি॥ ৪০॥

হনুমান্।—নতদস্তি পৃথিব্যাং দিবি অন্তরীক্ষে দেবেষু দেবৈর্ব্বিরিঞ্চ্যাদিভিরুপলক্ষিতসর্গে বা সত্ত্বং স্থিতিঃ এভিঃ প্রকৃতিজৈর্গুণৈঃ সত্ত্বরজস্তমোভিঃ। বিনা যৎস্যাৎ সর্ব্বং সত্ত্বজাতং সত্ত্বরজস্তমো গুণময়মেবেত্যর্থঃ॥ ৪০॥

শ্রীধর।—অনুক্তমপি সংগৃহ্নন্ প্রকরণার্থমুপসংহরতি ন তদিতি ত্রিভিঃ। এভিঃ প্রকৃতিসংভবৈঃ সত্ত্বাদিভির্গুণৈর্মুক্তং হীনং সত্ত্বং প্রাণিজাতং অন্যদ্বা যৎ স্যাত্তৎ পৃথিব্যাং মনুষ্যাদিষু দিবি দেবেষু চ ক্বাপি নাস্তীত্যর্থঃ॥ ৪০॥

বলদেব।—প্রকরণার্থমুপসংহরন্ অনুক্তমপি সংগৃহ্নাতি ন তদিতি। পৃথিব্যাং মনুষ্যাদিষু দিবি স্বর্গাদৌ দেবেষু চ প্রকৃতিং সংসৃষ্টেষু ব্রহ্মাদিস্থাবরান্তেষিত্যর্থঃ। তৎ সত্ত্বং প্রাণিজাতং অন্যচ্চ বস্তু নাস্তি। যদেভিঃ প্রকৃতিজৈস্ত্রিভির্গুণৈর্মুক্তং বিরহিতং স্যাৎ তথা চ ত্রিগুণাত্মকেষু বস্তুষু সাত্ত্বিকস্তৈবোপযোগিত্বাত্তদেব গ্রাহ্যমন্যত্তু ত্যাজ্যমিতি প্রকরণার্থঃ॥ ৪০॥

মধুসূদন।—ইদানীমনুক্তমপি সংগৃহ্নন্ প্রকরণার্থমুপসংহরতি ভগবান্ নতদিতি। সত্ত্বরজস্তমসাং সাম্যাবস্থা প্রকৃতিস্ততো জাতৈঃ বৈষম্যাবস্থাং প্রাপ্তৈঃ প্রকৃতিজৈর্ন তু সাক্ষাদ্‌গুণানাং প্রকৃতিজত্বমস্তি তদ্রূপত্বাৎ তস্মাদ্‌বৈষম্যাবস্থৈব তদুৎপত্তিরুপচারাৎ, অথবা প্রকৃতির্মায়া তৎপ্রভবৈস্তৎকার্য্যৈঃ প্রকৃতিজৈরেভি গুণৈর্বন্ধহেতুভিঃ সত্ত্বাদিভির্মুক্তং হীনং সত্ত্বং প্রাণিজাতমপ্রাণি বা যৎ স্যাৎ তৎপুনঃ পৃথিব্যাং মনুষ্যাদিষু দিবি দেবেষু বা নাস্তি ক্বাপি গুণত্রয়রহিতমনাত্মবস্তু নাস্তীত্যর্থঃ॥ ৪০॥

নীলকণ্ঠ।—প্রকরণার্থমুপসংহরন্নুক্তমপি সংগৃহ্নাতি ন তদস্তীতি। সত্ত্বং প্রাণিজাতং

হৃদমপ্যলক্ষণং জড়স্যাপি সর্ব্বস্য ত্রিগুণবিকারত্বাৎ প্রকৃতিজৈর্জন্মান্তরীয় ধর্ম্মাধর্ম্মসংস্কারজৈ-র্মায়াপ্রভবৈঃ বা শেষং স্পষ্টম্ ॥ ৪০ ॥

বিশ্বনাথ।—অনুক্তমপি সংগৃহ্নন্ প্রকরণার্থমুপসংহরতি নেতি। তৎসত্ত্বং প্রাণিজাত-মন্যচ্চ বস্তুমাত্রং কাপিনাস্তি তদেভিঃ প্রকৃতিজৈস্ত্রিভির্গুণৈর্মুক্তং রহিতং স্যাদতঃ সর্ব্বমেব বস্তুজাতং ত্রিগুণাত্মকং তত্র সাত্ত্বিকমেবোপাদেয়ং রাজসতামসেতু নোপাদেয়ে ইতি প্রকরণ-তাৎপর্য্যং ॥ ৪০ ॥

তাৎপর্য্য।—এক্ষণে পূর্ব্ব কথিত অভিপ্রায় সমূহের উপসংহার স্বরূপে শ্রীভগবান্ গুণাদির বিবরণ নির্দ্দেশ করিতে প্রবৃত্ত হইতেছেন। এই পৃথিবীতে যত প্রাণী বিচরণ করে, অথবা যত অপ্রাণী এই পৃথিবীবক্ষে প্রতিষ্ঠিত আছে, তত্তাবতের কিছুই সত্ত্বাদি গুণময়ী প্রকৃতির বহির্ভূত নহে। অর্থাৎ সত্ত্বাদি গুণের সাম্যাবস্থা প্রকৃতি নামে অভিহিত। তাহার বৈষম্য হইতেই গুণময়ী সৃষ্টির উদ্ভব হয়। অতএব ভূমণ্ডলের চেতনাচেতন সকল পদার্থই সেই গুণসম্বলিত। কোন পদার্থে সত্ত্বগুণের প্রাচুর্য্য, কোথাও বা রজোগুণের আধিক্য এবং কোথাও বা তমোগুণের বাহুল্য দৃষ্ট হয়। অনেক পদার্থ কেবল শেষোক্ত গুণ ধর্ম্মাক্রান্ত। কেবল যে পার্থিব পদার্থ সমূহ এবংবিধ গুণধর্ম্মাক্রান্ত, এরূপ নহে। দিবি অর্থাৎ দিব্যলোকনিবাসী দেবপুরুষেরাও উল্লিখিতরূপ সত্ত্বাদি গুণবিশিষ্ট। তাঁহাদিগের দিব্য কলেবরে ন্যূনাধিক পরিমাণে উল্লিখিতরূপ গুণসমূহ আশ্রয় করিয়া থাকে। তবে প্রভেদ এই যে, তাঁহাদের নিকৃষ্ট গুণের অপেক্ষা উৎকৃষ্ট গুণেরই প্রাচুর্য্য যথেষ্ট। সেখানেও প্রকৃতিজ সত্ত্বাদি-গুণমুক্ত কিছুই নাই।

এই শ্লোকোপলক্ষে পূজ্যপাদ শঙ্করাচার্য্য লিখিয়াছেন যে, সর্ব্ব সংসার-ব্যাপার, ক্রিয়া কারক এবং ফল লক্ষণ; অর্থাৎ কার্য্য, কার্য্যের করণ কর্ত্তা প্রভৃতি ক্রিয়ার হেতু এবং ক্রিয়াজনিত ফল মাত্র। এই সংসার সত্ত্ব, রজঃ এবং তমো গুণাত্মক; এবং ইহা অবিদ্যা দ্বারা পরিকল্পিত। ইহার মূল হইতে শাখা পর্য্যন্ত সমস্তই অনর্থময়। এ সকল ব্যাপারই "ঊর্দ্ধ-মূলমধঃশাখং" (১৫শ অধ্যায় ১ শ্লোক) এই স্থলে কীর্ত্তিত হইয়াছে। তথায় আরও কথিত হইয়াছে যে, "অসঙ্গশস্ত্রেণ দৃঢ়েন ছিত্ত্বা। ততঃ পদং তৎ পরিমার্গিতব্যং" (১৫শ অধ্যায় ৩। ৪ শ্লোক)। সেই স্থানে ইহাই

প্রদর্শিত হইয়াছে যে, সকলই ত্রিগুণাত্মক, সুতরাং সংসারপ্রাপ্তি নিবারণের প্রতিকূল। যে উপায়ে সেই প্রতিকূলতা অতিক্রম করিতে পারা যায়, তাহাই এক্ষণে কথিত হইতেছে। এইরূপে সেই তত্ত্ব কথা দ্বারা সমগ্র গীতা শাস্ত্রের উপসংহার করিতে শ্রীভগবান্ উদ্যত হইয়াছেন। এ স্থলে যাহা ব্যক্ত হইতেছে, তাহাই সকল বেদ ও স্মৃতি শাস্ত্রের মর্ম্মার্থ স্বরূপ।

এতদুপলক্ষে পূজ্যপাদ শ্রীমদ্বলদেব বলিয়াছেন যে, প্রকরণের উপসংহারে ইহাই প্রতিপন্ন হইতেছে যে, সাত্ত্বিকেরই উপযোগিতা যথেষ্ট, অতএব তাহাই গ্রাহ্য, তদ্ব্যতীত আর সকলই অগ্রাহ্য।

শ্রীমন্মধুসূদন সরস্বতী উপসংহারে লিখিয়াছেন, পৃথিবীতে অর্থাৎ মনুষ্য লোকে এবং দেবগণ মধ্যে বা দেবলোকে এমন কোন অনাত্ম বস্তুই নাই, যাহা সত্ত্বাদি গুণাতীত। এই গুণত্রয় প্রকৃতি হইতে জাত অথবা মায়ার দ্বারা সৃষ্ট। সাক্ষাৎ সম্বন্ধে গুণসমূহের প্রকৃতিত্ব নাই॥ ৪০॥

——•:;:•:(:•——

ব্রাহ্মণক্ষত্রিয়বিশাং শূদ্রাণাঞ্চ পরন্তপ!।
কর্ম্মাণি প্রবিভক্তানি স্বভাবপ্রভবৈর্গুণৈঃ॥ ৪১॥

অন্বয়।—হে পরন্তপ! ব্রাহ্মণক্ষত্রিয়বিশাং শূদ্রাণাং চ কর্ম্মাণি (শমাদীনি) স্বভাবপ্রভবৈঃ (প্রকৃতিসম্ভূতৈঃ) গুণৈঃ (সত্ত্বাদিভিঃ) প্রবিভক্তানি (বিভাগেন বিহিতানি)॥ ৪১॥

প্রতিশব্দ।—হে শত্রু-তাপন! ব্রাহ্মণ-ক্ষত্রিয়-বৈশ্যগণের এবং শূদ্রগণের কর্ম্ম-সমূহ প্রকৃতি-জাত গুণ-দ্বারা বিভক্ত-হইয়াছে॥ ৪১॥

ব্যাখ্যা।—হে শত্রুতাপন! ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য এবং শূদ্রগণের শমাদি কর্ম্ম সমূহ স্বভাবজাত গুণানুসারে বিভক্ত হইয়াছে॥৪১॥

শঙ্করাচার্য্য।—পুরুষার্থমিচ্ছদ্ভিরমুষ্ঠেয় ইত্যেবমর্থং ব্রাহ্মণক্ষত্রিয়বিশামিত্যাদিরারভ্যতে ব্রাহ্মণেতি। ব্রাহ্মণাশ্চ ক্ষত্রিয়াশ্চ বিশশ্চ ব্রাহ্মণক্ষত্রিয়বিশস্তেষাং ব্রাহ্মণক্ষত্রিয়বিশাং শূদ্রাণাঞ্চ শূদ্রাণামসমাসকরণমেকজাতিত্বে সতি বেদেহনধিকারাৎ হে পরন্তপ! কর্ম্মাণি প্রবিভক্তানীতরেতর

বিভাগেন ব্যবস্থাপিতানি, কেন স্বভাবপ্রভবৈর্গুণৈঃ স্বভাব ঈশ্বরস্য প্রকৃতিঃ ত্রিগুণাত্মিকা মায়া সা প্রভবো যেষাং গুণানাং তে স্বভাবপ্রভবাস্তৈঃ শমাদীনি কর্ম্মাণি প্রবিভক্তানি ব্রাহ্মণাদীনামথ বা ব্রাহ্মণস্বভাবস্য সত্ত্বগুণঃ প্রভবঃ কারণং, তথা ক্ষত্রিয়স্বভাবস্য সত্ত্বোপসর্জ্জনং রজঃ প্রভবঃ, বৈশ্যস্বভাবস্য তমউপসর্জ্জনং রজঃপ্রভবঃ শূদ্রস্বভাবস্য রজউপসর্জ্জনং তমঃপ্রভবঃ প্রশান্ত্যৈশ্বর্য্যেহামূঢ়স্বভাবদর্শনাচ্চতুর্ণাং। অথবা জন্মান্তরকৃতসংস্কারঃ প্রাণিনাং বর্ত্তমানজন্মনি স্বকার্য্যাভিমুখত্বেনাভিব্যক্তঃ স্বভাবঃ, স প্রভবো যেষাং গুণানাস্তে স্বভাবপ্রভবা গুণাঃ গুণপ্রাদুর্ভাবস্য নিষ্কারণত্বানুপপত্তেঃ, স্বভাবঃ কারণমিতি কারণবিশেষোপাদানং, এবং স্বভাবপ্রভবৈঃ প্রকৃতিপ্রভবৈঃ সত্ত্বরজস্তমোভির্গুণৈঃ স্বকার্য্যানুরূপেণ শমাদীনি কর্ম্মাণি প্রবিভক্তানি, নমু শাস্ত্রপ্রবিভক্তানি, শাস্ত্রেণ বিহিতানি ব্রাহ্মণাদীনাং শমাদীনি কর্ম্মাণি কথমুচ্যতে সত্ত্বাদিগুণপ্রবিভক্তানীতি, নৈষ দোষঃ শাস্ত্রেণাপি ব্রাহ্মণাদীনাং সত্ত্বাদিগুণবিশেষাপেক্ষয়ৈব শমাদীনি কর্ম্মাণি প্রবিভক্তানি ন গুণানপেক্ষয়েতি শাস্ত্রপ্রবিভক্তান্যপি কর্ম্মাণি গুণপ্রবিভক্তানীত্যুচ্যতে ॥ ৪১ ॥

আনন্দগিরি।—সম্প্রতি বর্ণচতুষ্টয়স্য অনুষ্ঠেয়ং ধর্ম্মজাতং সংকীর্ণমিতি সূত্রমুপন্যস্যতি ব্রাহ্মণেতি। উপনয়নসংস্কারবত্ত্বে সতি বেদাধিকারিত্বং সমানমিতি ত্রয়াণাং সমাসকরণমিতরেষামসমাসে হেতুমাহ শূদ্রাণামিতি। একজাতিত্বমুপনয়নবর্জ্জিতত্বং কর্ম্মণামসংকীর্ণত্বেন ব্যবস্থাপকং। প্রশ্নপূর্ব্বকং প্রকটয়তি কেনেত্যাদিনা। স্বভাবপ্রভবৈর্গুণৈরিত্যস্যার্থান্তরমাহ অথবেতি। উক্তব্যবস্থায়াং কার্য্যদর্শনং প্রমাণয়তি প্রশান্তীতি। স্বভাবশব্দস্যার্থান্তরমাহ অথবেতি। কিনিত্তি গুণাভিব্যক্তেরুক্তবাসনাধীনত্বমিত্যাহ গুণেতি। নমু নাস্তি গুণপ্রাদুর্ভাবস্য নিষ্কারণত্বং প্রকৃতিস্থৈর্গুণৈরিতি প্রকৃতের্গুণকারণত্বাভিধানাদতআহ স্বভাবইতি। বাসনাকারণমিতি গুণানাং নিমিত্তকারণত্বং বিবক্ষিতং প্রকৃতিস্তু উপাদানমিতি ভাবঃ। উক্তমুপসংহরতি এবমিতি। স্বভাবপ্রভবৈঃ সত্ত্বাদিগুণৈঃ ব্রাহ্মণাদীনাং কর্ম্মাণি প্রবিভক্তানীত্যুক্তমাক্ষিপতি নম্বিতি। শাস্ত্রস্য ধর্ম্মবিভাগহেতোঃ সত্ত্বাদিবিশেষাপেক্ষয়ৈব বিভাগজ্ঞাপকত্বাদুভয়ত্র বিভাগহেতুত্বোক্তিরবিরুদ্ধেতি পরিহরতি নৈষদোষইতি ॥ ৪১ ॥

রামানুজ।—"ত্যাগেনৈকে অমৃতত্বমানশু"রিত্যাদিষু মোক্ষসাধনতয়া নির্দ্দিষ্টস্ত্যাগ সংন্যাসশব্দার্থাদনন্যঃ স চ ক্রিয়মাণেম্বেব কর্ম্মসু কর্ত্তৃত্বত্যাগমূলঃ ফলকর্ম্মণোস্ত্যাগঃ। কর্ত্তৃত্বত্যাগশ্চ পরমপুরুষে কর্ত্তৃত্বানুসন্ধানেনেত্যুক্তং এতৎসর্ব্বং সত্ত্বগুণবৃদ্ধিকার্য্যমিতি সত্ত্বোপাদেয়তাজ্ঞাপনায় সত্ত্বরজস্তমসাং কার্য্যভেদঃ প্রপঞ্চিতঃ ইদানীমেবংভূতস্য মোক্ষসাধনতয়া ক্রিয়মাণস্য কর্ম্মণঃ পরমপুরুষারাধনোপদেশতাং তথানুষ্ঠিতস্য চ কর্ম্মণস্তৎপ্রাপ্তিলক্ষণফলং প্রতিপাদয়িতুং ব্রাহ্মণাদ্যধিকারিণাং স্বভাবানুবন্ধি সত্ত্বাদিগুণভেদভিন্নং বৃত্ত্যাসহ কর্ত্তব্যকর্ম্মস্বরূপমাহ ব্রাহ্মণেতি। ব্রাহ্মণক্ষত্রিয়বিশাং স্বকীয়ো ভাবঃ স্বভাবঃ ব্রাহ্মণাদিজন্মহেতুভূতং প্রাচীনং কর্ম্মেত্যর্থঃ তৎপ্রভবাঃ সত্ত্বাদয়ো গুণাঃ ব্রাহ্মণস্য স্বভাবপ্রভবস্য রজস্তমোঽভিভবেনোদ্রিক্তঃ সত্ত্বঃ ক্ষত্রিয়স্য স্বভাবপ্রভবস্য সত্ত্বতমসোরভিভবেনোদ্রিক্তো রজোগুণঃ। বৈশ্যস্য স্বভাবপ্রভবস্য

াত্বরজোঽভিভবেনাদ্রোিক্তস্তমোগুণঃ। শূদ্রস্য স্বভাবপ্রভবস্ত রজঃসত্ত্বাভিভবেনাদ্ভুাদ্রিক্ত মোগুণঃ। এভিঃ স্বভাবপ্রভবৈর্গুণৈঃ সহ প্রবিভক্তানি কর্ম্মাণি শাস্ত্রৈঃ প্রতিপাদিতানি। াহ্মণাদয়ঃ এবং গুণকাস্তেষাং চৈতানি কর্ম্মাণি বৃত্তয়শ্চৈতা ইতি হি তদ্বিভজ্য প্রতিপাদয়ন্তি াস্ত্রাণি ॥ ৪১ ॥

হনুমান্।—ব্রাহ্মণশ্চ ক্ষত্রিয়শ্চ বিট্‌চ ব্রাহ্মণক্ষত্রিয়বিশাং শূদ্রানাং কর্ত্তব্যানীতি প্রবিভক্তানি স্বভাবকর্ত্তব্যং প্রকৃতিস্তদুত্থৈঃ সত্ত্বরজস্তমোগুণৈঃ ॥ ৪১ ॥

শ্রীধর।—ননু যদ্যেবং সর্ব্বমপি ক্রিয়াকারকফলাদিকং প্রাণিজাতঞ্চ ত্রিগুণাত্মকমেব, তর্হি কথমস্ত মোক্ষ ইত্যপেক্ষায়াং স্বস্বাধিকারেণ বিহিতৈঃ কর্ম্মভিঃ পরমেশ্বরারাধনাত্তৎ প্রসাদলব্ধজ্ঞানেনেত্যেবং সর্ব্বগীতার্থসারং সংগৃহ্য দর্শয়িতুং প্রকারান্তরমারভতে ব্রাহ্মণেত্যাদি যাবদধ্যায়সমাপ্তি। হে পরন্তপ! হে শত্রুতাপন! ব্রাহ্মণানাং ক্ষত্রিয়ানাং বৈশ্যানাং শূদ্রাণাঞ্চ কর্ম্মাণি প্রবিভক্তানি প্রকর্ষেণ বিভাগতোবিহিতানি, শূদ্রাণাং সমাসাৎ পৃথক্‌করণং দ্বিজত্বা ভাবেন বৈলক্ষণ্যাৎ। বিভাগোপলক্ষণমাহ স্বভাবঃ সাত্ত্বিকরাজসাদিঃ প্রভবতি প্রাদুর্ভবতি যেভ্যস্তৈ গুণৈরুপলক্ষণভূতৈঃ। যদ্বা, স্বভাবপ্রভবৈঃ পূর্ব্বজন্মসংস্কারপ্রাদুর্ভূতৈরিত্যর্থঃ। তত্র সত্ত্বপ্রধানা ব্রাহ্মণাঃ, সত্ত্বোপসর্জ্জনরজঃপ্রধানাঃ ক্ষত্রিয়াঃ, তমউপসর্জ্জনরজঃপ্রধানা বৈশ্যাঃ রজউপসর্জ্জনতমঃপ্রধানাঃ শূদ্রাঃ ॥ ৪১ ॥

বলদেব।—যদ্যপি সর্ব্বাণি বস্তূনি ত্রিগুণাত্মকানি তথাপি ব্রাহ্মণাদয়শ্চেৎ স্ববিহিতানি কর্ম্মাণি ভগবদারাধনভাবেনানুতিষ্ঠেয়ুস্তদা তানি জ্ঞাননিষ্ঠামুৎপাদ্য মোচকানি ভবন্তীতি বক্তু প্রকরণমারভতে ব্রাহ্মণেতি ষট্‌কেন। শূদ্রাণাং সমাসাৎ পৃথক্‌করণং দ্বিজত্বাভাবাৎ। ব্রাহ্মণ দীনাং চতুর্ণাং কর্ম্মাণি স্বভাবপ্রভবৈর্গুণৈঃ সহ শাস্ত্রেণ প্রবিভক্তানি। স্বভাবঃ প্রাক্তনসংস্কা তস্মাৎ প্রভবন্তি যে গুণাঃ সত্ত্বাদ্যাস্তৈঃ সহ শাস্ত্রেণ তেষাং কর্ম্মাণি বিভজ্যোক্তানি। এ গুণকব্রাহ্মণাদয়স্তেষাং এতানি কর্ম্মাণীতি। তত্র সত্ত্বপ্রধানো ব্রাহ্মণঃ প্রশান্তত্বাৎ। সত্ত্বো সর্জ্জনরজঃপ্রধানঃ ক্ষত্রিয় ঈশ্বরস্বভাবত্বাৎ। তমউপসর্জ্জনরজঃপ্রধানো বিট্ ঈহাপ্রধানত্বাৎ রজউপসর্জ্জনতমঃপ্রধানঃ শূদ্রঃ মূঢ়স্বভাবত্বাৎ। কর্ম্মাণি অগ্রে বাচ্যানি ॥ ৪১ ॥

মধুসূদন।—তদেবং সত্ত্বরজস্তমোগুণাত্মকঃ ক্রিয়াকারকফললক্ষণঃ সর্ব্বঃ সংসারো মিথ্যাজ্ঞানকল্পিতোঽনর্থশ্চতুর্দ্দশাধ্যায়োক্ত উপসংহৃতঃ, পঞ্চদশে চ বৃক্ষরূপককল্পনয়া তমুক্ত "অশ্বত্থমেনং সুবিরূঢ়মূলমসঙ্গশস্ত্রেণ দৃঢ়েন ছিত্বা, ততঃ পদং তৎপরিমার্গিতব্যং যস্মিন্ গতা নিবর্ত্তন্তি ভূয়ঃ ॥" ইত্যসঙ্গশস্ত্রেণ বিষয়বৈরাগ্যেণ তস্য ছেদনং কৃত্বা পরমাত্মান্বেষ্টব্য ইত্যুক্ত তত্র সর্ব্বস্য ত্রিগুণাত্মকত্বে ত্রিগুণাত্মকস্য সংসারবৃক্ষস্য কথং ছেদোঽসঙ্গশস্ত্রস্যৈবানুপপত্তেরিত্য শঙ্কায়াং স্বস্বাধিকারবিহিতৈর্বর্ণাশ্রমধর্ম্মৈঃ পরিতোষ্যমাণাৎ পরমেশ্বরাদসঙ্গশস্ত্রলাভ ইতি বদি মেতাবানেব সর্ব্ববেদার্থঃ পরমপুরুষার্থমিচ্ছদ্ভিরনুষ্ঠেয় ইতি চ গীতাশাস্ত্রার্থ উপসংহর্ত্তব্য ইত্যো মর্থমুত্তরপ্রকরণমারভ্যতে। তত্রেদং সূত্রং। ত্রয়াণাং সমাসকরণং দ্বিজত্বেন বেদাধ্যয়নাদি তুল্যধর্ম্মত্বকথনার্থং শূদ্রাণামিতি পৃথক্‌করণমেকজাতিত্বেন বেদানধিকারিত্বজ্ঞাপনার্থং।

চ বশিষ্ঠঃ,—"চত্বারোবর্ণা ব্রাহ্মণক্ষত্রিয়বৈশ্যশূদ্রাস্তেষাং ত্রয়োবর্ণা দ্বিজাতয়োব্রাহ্মণক্ষত্রিয়বৈশ্যা-স্তেষাং মাতুরগ্রেঽধিজননং দ্বিতীয়ং মৌঞ্জীবন্ধনে অত্রাস্য মাতা সাবিত্রী পিতা ত্বাচার্য্য উচ্যত" ইতি। তথা প্রতিবিশিষ্টং চাতুর্ব্বর্ণ্যং স্থানবিশেষাচ্চ। —"ব্রাহ্মণোঽস্য মুখমাসীদ্বাহূ রাজন্যঃ কৃতঃ। ঊরূ তদস্য যদ্বৈশ্যঃ পদ্ভ্যাং শূদ্রোঽজায়ত" ইত্যপি নিগমোভবতি। "গায়ত্র্যা ব্রাহ্মণমসৃজত ত্রিষ্টুভা রাজন্যং জগত্যা বৈশ্যং ন কেনচিচ্ছন্দসা শূদ্রমিত্যসংস্কারোবিজ্ঞায়ত ইতি শূদ্রশ্চতুর্থোবর্ণ এক-জাতি"রিতি চ গৌতমঃ। হেপরন্তপ! শত্রুতাপন! তেষাং চতুর্ণামপি বর্ণানাং কর্ম্মাণি প্রকর্ষেণ বিভক্তানি ইতরেতরবিভাগেন ব্যবস্থিতানি কৈঃ স্বভাবপ্রভবৈর্গুণৈঃ ব্রাহ্মণ্যাদিস্বভাবস্য প্রভবৈ-র্হেতুভূতৈর্গুণৈঃ সত্ত্বাদিভিঃ, তথাহি ব্রাহ্মণস্বভাবস্য সত্ত্বগুণ এব প্রভবঃ প্রশান্তত্বাৎ, ক্ষত্রিয়স্বভা-বস্য সত্ত্বোপসর্জ্জনং রজঃ ঈশ্বরভাবাৎ। বৈশ্যস্বভাবস্য তমউপসর্জ্জনং রজঃ ঈহাস্বভাবত্বাৎ, শূদ্রস্বভাবস্য রজউপসর্জ্জনং তমঃ মূঢ়স্বভাবত্বাৎ। অথবা মায়াখ্যা প্রকৃতিঃ স্বভাবঃ ততঃ উপা-দানাৎ প্রভবোযেষাং তৈঃ প্রাগ্ভবীয়ঃ সংস্কারোবর্ত্তমানে ভবে স্বফলাভিমুখত্বেনাভিব্যক্তঃ স্বভাবঃ স নিমিত্তত্বেন প্রভবোযেষামিতি বা শাস্ত্রস্যাপি প্রকৃতস্বভাবসাপেক্ষত্রাহ্মণাদেঃ প্রবিভক্তান্যপি গুণৈঃ প্রবিভক্তানীত্যুচ্যন্তে "আ[illegible] সংকারিণীতি" ন্যায়াৎ। তথা হি গৌতমঃ—"দ্বিজাতীনামধ্যয়নমিজ্যা দানং ব্রাহ্মণস্যাধিকাঃ প্রবচনযাজনপ্রতিগ্রহাঃ পূর্ব্বেষু নিয়মস্তু রাজ্ঞোঽধিকং রক্ষণং সর্ব্বভূতানাং ন্যায়দণ্ডত্বং বৈশ্যস্যাধিকং কৃষিবণিক্‌পাশুপাল্যং কুসীদঞ্চ শূদ্রশ্চতুর্থোবর্ণ একজাতিস্তস্যাপি সত্যং কামঃ ক্রোধঃ শৌচমাচমনার্থে পাণিপাদ-প্রক্ষালনমেবৈকে শ্রাদ্ধকর্ম্ম ভৃত্যভরণং স্বদারবৃত্তিঃ পরিচর্য্যোত্তরেষামিতি" অত্র সাধারণা অসাধা-রণাশ্চ ধর্ম্মা উক্তাঃ পূর্ব্বেষু অধ্যয়নেজ্যাদানেষু নিয়মঃ অবশ্যকর্ত্তব্যত্বং নতু প্রবচনযাজনপ্রতি-গ্রহেষু বৃত্ত্যর্থত্বাদিত্যর্থঃ। বণিক্ বাণিজ্যং কুসীদং বৃদ্ধ্যৈ ধনপ্রয়োগঃ উত্তরেষামিতি শ্রেষ্ঠানাং দ্বিজাতীনামিত্যর্থঃ। বশিষ্ঠোঽপি "ষট্‌কর্ম্মাণি ব্রাহ্মণস্যাধ্যয়নমধ্যাপনং যজ্ঞোযাজনং দানং প্রতি-গ্রহশ্চেতি ত্রীণি রাজন্যস্যাধ্যয়নং যজ্ঞোদানঞ্চ শস্ত্রেণ চ প্রজাপালনং স্বধর্ম্মস্তেন জীবেৎ এতান্যেব ত্রীণি বৈশ্যস্য কৃষির্বণিক্‌পাশুপাল্যং কুসীদঞ্চ তেষাং পরিচর্য্যা শূদ্রস্যেতি"। আপস্তম্বোঽপি"চত্বারো বর্ণা ব্রাহ্মণক্ষত্রিয়বৈশ্যশূদ্রাস্তেষাং পূর্ব্বঃ পূর্ব্বোজন্মতঃ শ্রেয়ান্ স্বকর্ম্ম ব্রাহ্মণস্যাধ্যয়নমধ্যাপনং যজ্ঞোযাজনং দানং প্রতিগ্রহণং দায়াদ্যং শিলোঞ্ছাদ্যন্যচ্চাপরিগৃহীতমেতান্যেব ক্ষত্রিয়স্যাধ্যাপন-যাজনপ্রতিগ্রহণানীতি পরিহার্য যুদ্ধদণ্ডাদিকানি ক্ষত্রিয়বৈশ্যস্য দণ্ডযুদ্ধবর্জ্জং কৃষিগোরক্ষবাণিজ্যাধিকং পরিচর্য্যা শূদ্রস্যেতরেষাং বর্ণানামিতি"। মনুরপি,—"অধ্যয়নমধ্যাপনং যজনং যাজনং তথা। দানং প্রতিগ্রহং চৈব ব্রাহ্মণানামকল্পয়ৎ॥ প্রজানাং রক্ষণং দানমিজ্যাধ্যয়নমেব চ। বিষয়েষ্বপ্রসক্তিঞ্চ ক্ষত্রিয়স্য সমাদিশৎ॥ পশূনাং রক্ষণং দানমিজ্যাধ্যয়নমেব চ। বণিক্‌পথং কুসীদঞ্চ বৈশ্যস্য কৃষিমেব চ। একমেব তু শূদ্রস্য প্রভুঃ কর্ম্ম সমাদিশৎ। এতেষামেব বর্ণানাং শুশ্রূষামনসূয়য়া॥" ইতি। এবং চতুর্ণামপি বর্ণানাং গুণভেদেন কর্ম্মাণি প্রবিভক্তানি॥ ৪১॥

নীলকণ্ঠ।—এবং পঞ্চদশে সংসারাশ্বত্থমসঙ্গশস্ত্রেণ ছিত্ত্বা পরং পদং মার্গিতব্যমিত্যুক্তং তত্রাত্মনোঽসঙ্গত্বোপপাদনায় ক্রিয়াকারকফললক্ষণস্য কৃৎস্নস্য সংসারস্য ত্রিগুণাত্মকত্বমুক্তং ন

হ্যাত্মনো গুণাতীতগুণাত্মকয়োঃ সঙ্গঃ সম্ভবতি নহ্যাকাশান্তর্বর্ত্তি পৃথিব্যাদিগুণেন গন্ধাদিনা আকাশঃ সংস্পৃশ্যতে তদ্বদিত্যুক্তং, সমাপ্তঃ শাস্ত্রার্থঃ। অথেদানীং সর্ব্বগীতাশাস্ত্রার্থমুপসংহর্ত্তুং সকল শাস্ত্রাপ্ত্যুপায়ঞ্চ প্রদর্শয়িতুং প্রকরণান্তরমারভ্যতে ব্রাহ্মণেত্যাদিনা। শূদ্রাণামসমাসকরণং বেদানধিকারাৎ। প্রবিভক্তান্যসংকীর্ণানি। তত্র হেতুমাহ স্বভাবপ্রভবৈর্গুণৈরিতি স্বভাব ঈশ্বরস্য প্রকৃতিস্ত্রিগুণাত্মিকা সৈব প্রভবো হেতুর্যেষাং গুণানাং তে স্বভাবপ্রভবাস্তৈঃ, যথা ব্রাহ্মণ স্বভাবস্য সত্ত্বগুণ এব প্রভবঃ শান্তত্বাৎ, ক্ষত্রিয়স্বভাবস্য সত্ত্বোপসর্জ্জনং রজঃ ঈশ্বরস্বভাবত্বাৎ বৈশ্যস্বভাবস্য তমউপসর্জ্জনং রজঃ কৃষ্যাদিস্বভাবত্বাৎ শূদ্রস্বভাবস্য রজউপসর্জ্জনং তমঃ মূঢ়ত্ব স্বভাবত্বাৎ। অথবা স্বভাবঃ প্রাগ্ভবীয়ঃ সংস্কারস্তৎপ্রভবৈ ন তু জাতিমাত্রপ্রভবৈঃ পক্ষিণ মাকাশগমনবৎ। অতএব জাত্যন্তরব্যাবৃত্তানাং ধর্ম্মাণাং শমাদিষু পাঠো ন দৃশ্যতে, যথা শূদ্রাত্ব্যাবৃত্তং ত্রৈবর্ণিকানামধ্যয়নাদিকং বা ইতরদ্বয়াব্যাবৃত্তং ব্রাহ্মণানামধ্যাপনাদিকং বেদপাঠাৎ কিন্তু সর্ব্বে সর্ব্বজাতীয়ানাং সাধারণা ধর্ম্মাঃ শমাদয়ো দৃশ্যন্তে, যথাহি দ্রোণাদিষু ব্রাহ্মণেষু শৌর্য্যাদিকং ভরতাদিষু ক্ষত্রিয়েষ্বপি শমাদিকং দৃষ্টং এবমিতরত্র তস্মাদ্যস্মিন্ কস্মিংশ্চিদ্বা শমাদয়ো দৃশ্যন্তে স শূদ্রোঽপ্যেতৈর্লক্ষণৈ ব্রাহ্মণ এব জ্ঞাতব্যঃ, যত্র চ ব্রাহ্মণেঽপি শূদ্রধর্ম্মা দৃশ্যতে স শূদ্র এব, তথাচারণ্যকে সর্পভূতং নহুষং প্রতি যুধিষ্ঠিরবাক্যং "সত্যং দানং ক্ষমাশীলমানৃশংস্যং তপো ঘৃণা। দৃশ্যন্তে যত্র নাগেন্দ্র স ব্রাহ্মণ ইতি স্মৃতঃ।" তথা "যত্রৈতল্লক্ষ্যতে সর্প বৃত্তং ব্রাহ্মণঃ স্মৃতঃ। যত্রৈতন্ন ভবেৎ সর্প তং শূদ্রমিতি নির্দ্দিশেৎ" ইতি। জাতিধর্ম্মাস্তু মনুনা দর্শিতাঃ "অধ্যাপনঞ্চাধ্যয়নং যজনং যাজনং তথা। দানং প্রতিগ্রহঞ্চৈব ব্রাহ্মণানামকল্পয়ৎ। প্রজানাং রক্ষণং দানমিজ্যাধ্যয়নমেব চ। বিষয়েষ্বপ্রসক্তিঞ্চ ক্ষত্রিয়স্য সমাদিশৎ। পশূনাং রক্ষণং দানমিজ্যাধ্যয়নমেব চ। বণিক্পথং কুসীদঞ্চ বৈশ্যস্য কৃষিমেব চ। একমেব তু শূদ্রস্য প্রভুঃ কর্ম্ম সমাদিশৎ। এতেষামেব বর্ণানাং শুশ্রূষামনসূয়য়া।" ইতি। তস্মাৎ শমাদয়ো যত্রাব্রাহ্মণে ব্রাহ্মণে বা দৃশ্যন্তে স এব ব্রাহ্মণ ইত্যত্র বিবক্ষিতং। "স্বে স্বে কর্ম্মণ্যভিরতঃ সংসিদ্ধিং লভতে নরঃ" ইত্যত্র তু মনূক্তান্যধ্যাপনাদীন্যেব স্বকর্ম্মাণি গ্রাহ্যাণি ন তু শমদমাদীনি, নহি জ্ঞানবিজ্ঞানবতোঽন্যা সংসিদ্ধি র্লক্ষ্যাস্তি তস্মাচ্ছমদমাদয়ো ব্রহ্মনিষ্ঠস্যৈব ব্রাহ্মণস্য লক্ষণমিতি দিক্ ॥ ৪১ ॥

বিশ্বনাথ।—কিঞ্চ ত্রিগুণাত্মকমপি প্রাণিজাতং স্বাধিকারপ্রাপ্তেন বিহিতকর্ম্মণা মামারাধ্য কৃতার্থীভবতীত্যাহ ব্রাহ্মণেতি ষড়্ভিঃ। স্বভাবেনোৎপত্ত্যৈব প্রভবন্তি প্রাদুর্ভবন্তি যেভ্যঃ সত্ত্বাদিভ্যস্তৈঃ প্রকর্ষেণ বিভক্তানি পৃথক্কৃতানি কর্ম্মাণি ব্রাহ্মণাদীনাং বিহিতানি সন্তীত্যর্থঃ ॥ ৪১ ॥

তাৎপর্য্য।—এক্ষণে ইহাই প্রদর্শিত হইতেছে যে, সংসারে সকল প্রাণীই যদি সত্ত্ব রজঃ ও তমোগুণের অধীন হইল, তবে তাহাদিগের মোক্ষ কিরূপে হইবে? এইরূপ প্রশ্নের উত্তর স্বরূপে শ্রীভগবান্ কীর্ত্তন করিতে

ছেন যে, ব্রাহ্মণাদি বর্ণ চতুষ্টয় (২ ৪১ পৃষ্ঠার টিপ্পনী দ্রষ্টব্য) যদি স্ব স্ব বর্ণ-ধর্ম্মানুগত কর্ম্মানুষ্ঠানে নিরত থাকে, তাহা হইলে ভগবদনুগ্রহ-লব্ধ জ্ঞান দ্বারা তাহাদিগের গুণবন্ধন ছিন্ন হইবে এবং তদুপায়ে তাহারা মোক্ষ পদ লাভ করিতে পারিবে। এই স্থান হইতে অধ্যায় সমাপ্তি অর্থাৎ গ্রন্থের শেষ পর্য্যন্ত এই পরম তত্ত্ব কথা বিবৃত হইবে।

হে পরন্তপ! অর্থাৎ শত্রুতাপন অর্জ্জুন! এ সংসার ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য ও শূদ্র এই চতুর্ব্বর্ণের নিবাসভূমি! তত্তাবতের স্বভাবসিদ্ধ ধর্ম্ম অনাদিকাল হইতে বিহিত আছে। তদনুসারে তাহাদিগের কর্ম্মসমূহও নির্দ্ধারিতরূপে বিভক্ত রহিয়াছে। সেই ধর্ম্মানুগত কর্ম্মের অনুসরণ করিলে সকলেই সদ্গতি প্রাপ্ত হইতে পারে।

মূলে "ব্রাহ্মণক্ষত্রিয়বিশাং" অর্থাৎ ব্রাহ্মণ (২৬১৫ পৃষ্ঠার টিপ্পনী দ্রষ্টব্য) ক্ষত্রিয় এবং বৈশ্য এক সমাসে নিবদ্ধ রহিয়াছে, এবং শূদ্র স্বতন্ত্র ভাবে উল্লিখিত হইয়াছে। ইহার কারণ এই যে, ব্রাহ্মণ, ক্ষত্রিয় (২৪৬৭ পৃষ্ঠার টিপ্পনী দ্রষ্টব্য) ও বৈশ্য এই বর্ণত্রয় বেদাধিকারী এবং দ্বিজ নামে অভি-হিত, আর শূদ্রগণ বেদে অনধিকারী ও দ্বিজপদবাচ্য নহে।

পূজ্যপাদ শ্রীমচ্ছঙ্করাচার্য্য তথা শ্রীমদানন্দগিরির অভিপ্রায়। ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য এবং শূদ্র এই জাতি সমূহের কর্ম্ম সমূহ বিভক্ত হইয়াছে, অর্থাৎ ইতরেতর বিভাগ ক্রমে নির্দ্দিষ্ট রহিয়াছে। যদি জিজ্ঞাসা করা যায়, এরূপ বিভাগ কাহার দ্বারা সাধিত হইল? তদুত্তরে কথিত হইতেছে যে, স্বভাবপ্রভব গুণ দ্বারাই উল্লিখিত কর্ম্মবিভাগ সংঘটিত হইয়াছে। এই স্বভাব ঈশ্বরের প্রকৃতি; ইনি ত্রিগুণাত্মিকা এবং মায়া নামেও অভিহিতা। গুণ সমূহ সেই স্বভাব হইতেই উৎপন্ন হইয়াছে। এই গুণসমূহ দ্বারা শমাদি কর্ম্ম সমূহ ব্রাহ্মণাদির মধ্যে প্রবর্ত্তিত হইয়াছে। অথবা ব্রাহ্মণ স্বভাবের সত্ত্ব গুণই কারণ অর্থাৎ সত্ত্বগুণের প্রাচুর্য্য হেতু ব্রাহ্মণস্বভাব ঘটিয়া থাকে। সত্ত্বের অপ্রাধান্য এবং রজোগুণের প্রাধান্য ক্ষত্রিয় স্বভাবের কারণ। আর তমোগুণকে অপ্রধানরূপে গ্রহণ করিয়া কেবল রজোগুণের প্রাচুর্য্য বৈশ্যস্বভাবের কারণ। এস্থলে মনে হইতে পারে যে, ক্ষত্রিয় এবং বৈশ্য উভয়েরই স্বভাবে রজোগুণের প্রাধান্য নির্দ্দিষ্ট হইয়াছে; কিন্তু পর্য্যবেক্ষণ করিলেই বুঝিতে পারা যাইবে যে, ক্ষত্রিয় স্বভাবে অপ্রধান ভাবেও সত্ত্ব-

গুণের সম্বন্ধ আছে, কিন্তু বৈশ্য স্বভাবে তাহা নাই। ক্ষত্রিয়ে প্রধান ভাবে রজোগুণের সংশ্লেষ আছে, কিন্তু বৈশ্য স্বভাবে তমোগুণের প্রধান সম্বন্ধ আছে। শূদ্র স্বভাবে রজঃ অপ্রধান এবং তমঃ প্রধান। প্রশান্ত, ঐশ্বর্য্য, ঈহা অর্থাৎ চেষ্টা এবং মূঢ়স্বভাব, এই চতুর্ব্বিধভাব ক্রমান্বয়ে উল্লিখিত বর্ণ চতুষ্টয়ের ধর্ম্ম। অথবা জন্মান্তরীণ সংস্কার প্রাণিগণকে তদভিমুখী করিয়া তদনুরূপ স্বভাব প্রাপ্তির হেতু স্বরূপ হইয়া থাকে। জন্মান্তরীণ সংস্কার হইতে যে সকল গুণের উদ্ভব হয়, তাহাই স্বভাবপ্রভব গুণ। এতাবতা ইহাই সিদ্ধ হইতেছে যে, গুণপ্রাদুর্ভাব নিষ্কারণ নহে। অর্থাৎ কারণ ব্যতীত গুণের উদ্ভব সম্ভব নহে; স্বভাবই তাহার কারণরূপে নির্দ্দিষ্ট হইয়া থাকে। এবংবিধ স্বভাব বা প্রকৃতিজাত সত্ত্ব, রজঃ, তমোগুণ দ্বারা বর্ণ চতুষ্টয় মধ্যে স্ব স্ব কার্য্যানুরূপ শমাদি বিভক্ত হইয়াছে। যদি বলা যায়, ব্রাহ্মণাদি বর্ণের শমাদি কর্ম্ম বিভাগ শাস্ত্রেই বিহিত হইয়াছে, তবে তত্তাবত প্রকৃতিজ গুণ দ্বারা বিভক্ত বলিয়া কেন নির্দ্দেশ করা হইতেছে? এইরূপ সম্ভাবিত প্রশ্নের উত্তরে কথিত হইতেছে যে, ইহাতে কোন দোষ হয় নাই। কারণ শাস্ত্রেও সত্ত্বাদি গুণ উপলক্ষ্য করিয়াই ব্রাহ্মণাদি বর্ণের শমাদি কর্ম্ম নির্দ্দিষ্ট হইয়াছে। সত্ত্বাদি গুণের অপেক্ষা না করিয়া শাস্ত্রাদিতে কোন কর্ম্মবিভাগ বিহিত হয় নাই। অতএব ইহাই বুঝিতে হইবে যে, শাস্ত্রনির্দ্দিষ্ট কর্ম্ম বিভাগও গুণসঙ্গত বিভাগ ব্যতীত আর কিছুই নহে।

পূজ্যপাদ শ্রীমদ্রামানুজাচার্য্যের অভিপ্রায়। শাস্ত্র বলিয়াছেন যে, "ত্যাগেনৈকে অমৃতত্বমানশুঃ" অর্থাৎ ত্যাগ দ্বারাই অমৃতত্ব প্রাপ্ত হওয়া যায়। এই শাস্ত্রসিদ্ধ ত্যাগ শব্দ দ্বারা সন্ন্যাসই প্রতিপন্ন হইতেছে, অর্থাৎ ত্যাগ ও সন্ন্যাস উভয়ই সমার্থবাচী। সে ত্যাগ কি, তাহাই বুঝাইবার জন্য কথিত হইতেছে যে, অনুষ্ঠীয়মান কর্ম্মের ফলত্যাগ এবং তদ্বিষয়ে স্বকীয় কর্তৃত্বাভিমান ত্যাগ, অপিচ পরম পুরুষকে সকল বিষয়ে কর্ত্তা জানিয়া তাঁহাকেই কর্তৃরূপে অনুসন্ধান দ্বারা ত্যাগ পরিস্ফুট হয়। এসমস্তই সত্ত্বগুণাধিক্যের কার্য্য, অর্থাৎ সত্ত্বগুণের আধিক্য হইলে এইরূপে ফলাভিসন্ধি পরিহার পূর্ব্বক অভিমান বিরহিত ভাবে পরম পুরুষে সর্ব্ব কর্তৃত্ব আরোপ করিয়া কর্ম্ম সাধনে প্রবৃত্তি জন্মে। এইরূপে সত্ত্বগুণের উপাদেয়ত্ব জ্ঞাপন করিবার নিমিত্ত সত্ত্ব, রজঃ এবং তমোগুণের কার্য্যভেদ প্রপঞ্চিত হইয়াছে।

অধুনা ব্রাহ্মণাদি বর্ণের উল্লিখিতরূপ পরম পুরুষসেবন রূপ এবং তৎ-প্রাপ্তির উপায় স্বরূপ গুণভেদানুগত কর্ম্ম সমূহের ব্যাখ্যান স্বরূপে এই শ্লোক প্রবর্ত্তিত হইতেছে। ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য ও শূদ্রের নিজ নিজ ভাবই তাহাদিগের স্বভাব। ইহার অর্থ এই যে, তাহাদিগের প্রাচীন ভাবই ব্রাহ্মণাদিরূপ জন্ম প্রাপ্তির হেতু। অর্থাৎ জন্মান্তরীণ ভাব ও কর্ম্ম ব্রাহ্মণাদি জন্ম প্রাপ্তির কারণ। রজঃ এবং তমোগুণের পরাভব ক্রমে সত্ত্বের প্রাধান্য ব্রাহ্মণের স্বভাব; সত্ত্ব ও তমোগুণের অভিভব ক্রমে রজোগুণের প্রাধান্য ক্ষত্রিয়ের স্বভাব; সত্ত্ব এবং রজোগুণ অভিভূত করিয়া অল্পোদ্রিক্ত তমোগুণ বৈশ্যের স্বভাব, এবং সত্ত্ব ও রজোগুণকে পরাভূত করিয়া কেবল তমোগুণের প্রাধান্যই শূদ্রের স্বভাব। এই সমস্ত স্বভাবপ্রভব গুণ শাস্ত্রানুসারে ব্রাহ্মণাদির মধ্যে বিভক্ত হইয়াছে। অর্থাৎ ব্রাহ্মণাদি এইরূপ গুণধর্ম্মান্বিত এবং তাঁহাদিগের পক্ষে এই কর্ম্ম বিহিত, এইরূপ ব্যবস্থাই শাস্ত্র দ্বারা বিহিত হইয়াছে।

পূজ্যপাদ শ্রীমদ্বলদেব বলিয়াছেন, পূর্ব্ব শ্লোকে কথিত হইয়াছে যে, সকল বস্তুই সত্ত্ব, রজঃ, তমঃ এই ত্রিগুণাত্মক। তবে বর্ণাশ্রম ধর্ম্মাবলম্বী মনুষ্যগণের মুক্তির উপায় কিরূপে সিদ্ধ হইতে পারে; তাহাই বুঝাইবার নিমিত্ত শ্রীভগবান্ বলিয়াছেন যে, ব্রাহ্মণাদি বর্ণগণ ভগবদারাধনা স্ব স্ব বর্ণোচিত বিহিত কর্ম্মানুষ্ঠানে রত থাকিলে সেই অনু[illegible] জ্ঞাননিষ্ঠা দ্বারা মোচনের উপায় স্বরূপ হইয়া থাকে। ইহ[illegible]ক করিবার জন্য অধুনা শ্লোকষট্‌ক প্রযুক্ত হইতেছে। স্বভাব অর্থাৎ প্রাক্তন সংস্কার।

পূজ্যপাদ শ্রীমন্মধুসূদন সরস্বতীর অভিপ্রায়। চতুর্দ্দশাধ্যায়ে কথিত হইয়াছে যে, সত্ত্ব, রজঃ, তমোগুণান্বিত, ক্রিয়াকারক লক্ষণ সর্ব্ব সংসার মিথ্যা জ্ঞানের দ্বারা কল্পিত এবং অনর্থ। পঞ্চদশ অধ্যায়ে এই সংসারকে বৃক্ষরূপে কল্পনা করিয়া উল্লিখিত অভিপ্রায় পরিব্যক্ত করা হইয়াছে। অপিচ, "অশ্বত্থমেনং সুবিরূঢ়মূলমসঙ্গশস্ত্রেণ দৃঢ়েন ছিত্ত্বা।" (১৫শ অধ্যায় ৩ শ্লোক) "ততঃ পদং তৎপরিমার্গিতব্যং যস্মিন্ গতা ন নিবর্ত্তন্তি ভূয়ঃ।" (১৫শ অধ্যায় ৪ শ্লোক) এই সকল বাক্যে অসঙ্গ ও বিবৃদ্ধ বৈরাগ্যরূপ তীক্ষ্ণাস্ত্র দ্বারা সংসারবন্ধন ছিন্ন করিয়া পরমাত্মার অন্বেষণ

করা আবশ্যক, এ তথ্যও তথায় বিবৃত হইয়াছে। এক্ষণে জিজ্ঞাস্য যে, সকল বস্তুই যদি ত্রিগুণাত্মক তাহা হইলে ত্রিগুণাত্মক সংসার-বৃক্ষের ছেদন কিরূপে সম্ভব হয়? যখন সকলই ত্রিগুণাত্মক, তখন অসঙ্গ-শস্ত্র কিরূপে সম্ভবপর হইবে? এই আশঙ্কার উত্তর স্বরূপে কথিত হইতেছে, সকলের বর্ণাশ্রমোচিত বিহিত কর্ম্মানুষ্ঠান দ্বারা ভগবান্ পরিতুষ্ট হইয়া থাকেন এবং তদুপায়েই অসঙ্গশস্ত্রলাভ ঘটিতে পারে। এই তত্ত্ব ব্যক্ত করিবার নিমিত্ত এবং সর্ব্ববেদার্থ সারস্বরূপ পরমার্থ তত্ত্বপ্রাপ্তিকাম ব্যক্তিগণের পক্ষে ইহাই অনুষ্ঠেয়, অপিচ এইরূপ অভিপ্রায় দ্বারা গীতা শাস্ত্রের উপসংহার করিবার বাসনায় শ্রীভগবান্ প্রকরণ আরম্ভ করিয়াছেন। বেদালোচনাদি বিষয়ে সমধর্ম্মিত্ব হেতু ব্রাহ্মণ, ক্ষত্রিয় ও বৈশ্য এক সমাসনিবদ্ধ হইয়াছে; শূদ্র তদ্বিষয়ে অনধিকারিত্ব হেতু পৃথক্‌ভূত হইয়াছে। এ সম্বন্ধে বশিষ্ঠ বলিয়াছেন; যথা,—"চত্বারো বর্ণা ব্রাহ্মণক্ষত্রিয়বৈশ্যশূদ্রাস্তেষাং ত্রয়োবর্ণা দ্বিজাতয়ো ব্রাহ্মণক্ষত্রিয়বৈশ্যাস্তেষাং মাতুরগ্রেঽধিজননং দ্বিতীয়ং মৌঞ্জীবন্ধনে * অত্রাস্য মাতা সাবিত্রী পিতা ত্বাচার্য্য উচ্যতে।" ইহার ভাবার্থ এই যে, 'বর্ণ চারি প্রকার—ব্রাহ্মণ, ক্ষত্রিয় বৈশ্য, শূদ্র। তন্মধ্যে ব্রাহ্মণ, ক্ষত্রিয় ও বৈশ্য এই তিনবর্ণ দ্বিজাতি। তাহাদিগের অগ্রে জননী জঠর হইতে জন্ম হয়, তদনন্তর উপনয়ন দ্বারা দ্বিতীয় জন্ম হয়, এই স্থলে সাবিত্রী (১৯১২ পৃষ্ঠার গায়ত্রী

---

* মৌঞ্জীবন্ধন।—"কার্ষ্ণরৌরববাস্তানি চর্ম্মাণি ব্রহ্মচারিণঃ। বসীরন্নানুপূর্ব্বেণ শাণক্ষৌমাবিকানি চ। মৌঞ্জী ত্রিবৃৎ সমা শ্লক্ষ্ণা কার্য্যা বিপ্রস্য মেখলা। ক্ষত্রিয়স্য তু মৌর্ব্বী জ্যা বৈশ্যস্য শণতান্তবী। মুঞ্জালাভে তু কর্ত্তব্যা কুশাশ্মান্তকবল্বজৈঃ। ত্রিবৃতা গ্রন্থিনৈকেন ত্রিভিঃ পঞ্চভিরেব বা। কার্পাসমুপবীতং স্যাদ্বিপ্রস্যোর্দ্ধবৃতং ত্রিবৃৎ। শণসূত্রময়ং রাজ্ঞো বৈশ্যস্যাবিকসৌত্রিকং।" (মনুসংহিতা ২য় অধ্যায় ৪১—৪৪ শ্লোক) অর্থাৎ ব্রাহ্মণ জাতীয় ব্রহ্মচারী কৃষ্ণসার চর্ম্মের উত্তরীয়, ক্ষত্রিয় ব্রহ্মচারী রুরু মৃগচর্ম্মের উত্তরীয় এবং বৈশ্য জাতীয় ব্রহ্মচারী ছাগ চর্ম্মের উত্তরীয় ধারণ করিবে। বিপ্র ব্রহ্মচারী শণ নির্ম্মিত বস্ত্র, ক্ষত্রিয় ব্রহ্মচারী ক্ষৌম অর্থাৎ পট্ট বস্ত্র এবং বৈশ্য ব্রহ্মচারী মেষলোম নির্ম্মিত বস্ত্র পরিধান করিবে। বিপ্রগণের মুঞ্জ (শরতৃণ) নির্ম্মিত ত্রিগুণীকৃত মেখলা, ক্ষত্রিয়গণের ধনুকের ছিলার ন্যায় ত্রিগুণিত মৌর্ব্বী মেখলা এবং বৈশ্যগণের শণসূত্র নির্ম্মিত ত্রিগুণিত মেখলা ধারণ বিধি। মুঞ্জাদির অভাবে ব্রাহ্মণ কুশের মেখলা, ক্ষত্রিয় অশ্মান্তক তৃণের [illegible] এবং বৈশ্যগণ বল্বজ তৃণের (উলুখড়ের) মেখলা ধারণ করিবে। ত্রিগুণীকৃত মেখলা বংশরীত্যনুসারে [illegible] তিন অথবা পঞ্চ গ্রন্থি দ্বারা বদ্ধ করিবে। বিপ্রগণ কার্পাস নির্ম্মিত যজ্ঞোপবীত, ক্ষত্রিয়গণ শণসূত্রের [illegible] এবং বৈশ্যগণ মেষ লোমের উপবীত ধারণ করিবে। উপনয়ন কালে দ্বিজাতির মৌঞ্জী বন্ধনের বিধি [illegible] (বিস্তারিত বিবরণ উপনয়ন প্রকরণে দ্রষ্টব্য)।

শব্দের টিপ্পনী দ্রষ্টব্য) তাহার মাতা এবং আচার্য্য তাহার পিতা হইয়া থাকেন।' এই বর্ণ চতুষ্টয় স্থান বিশেষ হইতে উদ্ভূত হওয়ায় বিশেষত্ব প্রাপ্ত হইয়াছেন। শ্রুতি বলিয়াছেন, "ব্রাহ্মণোঽস্য মুখমাসীদ্বাহু রাজন্যঃ কৃতঃ। উরূ তদস্য যদ্বৈশ্যঃ পদ্ভ্যাং শূদ্রোঽজায়ত।" (১৮১৪ পৃষ্ঠার তাৎপর্য্য দ্রষ্টব্য) গৌতম বলিয়াছেন, "গায়ত্র্যা ব্রাহ্মণমসৃজত ত্রিষ্টুভা রাজন্যং জগত্যা বৈশ্যং ন কেনচিচ্ছন্দসা শূদ্রমিত্যসংস্কারো বিজ্ঞায়ত ইতি শূদ্রশ্চতুর্থো বর্ণ এক জাতিঃ।" ইহার ভাবার্থ যথা, গায়ত্রী দ্বারা ব্রাহ্মণকে সৃষ্টি করা হইয়াছে, ত্রিষ্টুভছন্দের * দ্বারা ক্ষত্রিয়, জগতী ছন্দের দ্বারা বৈশ্য সৃষ্ট হইয়াছিল; কিন্তু শূদ্র কোন ছন্দ দ্বারা সৃষ্ট হয় নাই। সুতরাং অসংস্কার জাত শূদ্র স্বতন্ত্র এক চতুর্থ জাতিরূপে পরিগণিত। (শ্লোকার্থ শঙ্করাচার্য্যের অভিপ্রায়ানুরূপ) শাস্ত্রের পুরুষস্বভাব সাপেক্ষত্ব আছে, অতএব শাস্ত্র দ্বারা প্রবিভক্ত হইলেও গুণ দ্বারা প্রবিভক্ত বলিয়া কথিত হইয়াছে। ন্যায় শাস্ত্রে কথিত আছে যে, "আখ্যাগুদিগের অর্থবোধ বিষয়ে অধিকারিদিগের বুদ্ধি সহকারিণী হইয়া থাকে।" গৌতমও বলিয়াছেন, "দ্বিজাতীনাং অধ্যয়নমিজ্যা দানং ব্রাহ্মণস্যাধিকাঃ প্রবচনযাজনপ্রতিগ্রহাঃ পূর্ব্বেষু নিয়মস্তু রাজ্ঞোঽধিকং রক্ষণং সর্ব্বভূতানাং ন্যায়দণ্ডত্বং বৈশ্যস্যাধিকং কৃষিবণিক্ পাশুপাল্যং কুসীদঞ্চ শূদ্রশ্চতুর্থো বর্ণ একজাতিস্তস্যাপি সত্যং অক্রোধঃ শৌচমাচমনার্থে পাণিপাদপ্রক্ষালনমেবৈকে শ্রাদ্ধকর্ম্ম ভৃত্যভরণং স্বদারবৃত্তিঃ পরিচর্য্যোত্তরেষাং।" ইহার ভাবার্থ যথা; 'দ্বিজাতিগণের অর্থাৎ ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য এই বর্ণত্রয়ের অধ্যয়ন, যজ্ঞানুষ্ঠান ও দান বিহিত। ইহার উপর ব্রাহ্মণের প্রবচন, যাজন ও প্রতিগ্রহ এই কয়টী বৃত্তি অধিক; উল্লিখিত বর্ণত্রয়ের সাধারণ বিধান অপেক্ষা রাজা অর্থাৎ ক্ষত্রিয়গণের পক্ষে সকল

* ত্রিষ্টুপ্।—বৈদিক মন্ত্রসমূহের ঋষি ও দেবতার ন্যায় এক একটী ছন্দ আছে। সেই ছন্দসমূহের নাম যথা;—উষ্ণিক্, গায়ত্রী, ত্রিষ্টুপ্, অনুষ্টুপ্, জগতী, পঙ্‌ক্তি এবং বৃহতী। শ্রীমদ্ভাগবতে ইহাদের উৎপত্তির বিবরণ কথিত হইয়াছে। যথা; "ত্বগ্যোষ্ণিগাসীল্লোমভ্যো গায়ত্রী চ ত্বচো বিভোঃ। ত্রিষ্টুপ্ মাংসাৎ স্নুতোঽনুষ্টুপ্ জগত্যস্থ্নঃ প্রজাপতেঃ। মজ্জায়াঃ পঙ্‌ক্তিরুৎপন্না বৃহতী প্রাণতোঽভবৎ।" অর্থাৎ প্রজাপতি ব্রহ্মার লোম হইতে উষ্ণিক্ ছন্দ, ত্বক্ হইতে গায়ত্রী, মাংস হইতে ত্রিষ্টুপ্, স্নায়ু হইতে অনুষ্টুপ্, অস্থি হইতে জগতী, মজ্জা হইতে পঙ্‌ক্তি এবং প্রাণ হইতে বৃহতী ছন্দ উৎপন্ন হইয়াছে

ভূতের রক্ষণ এবং ন্যায় দণ্ড বিধান অধিক; আর বৈশ্যের উক্ত সাধারণ ধর্ম অপেক্ষা কৃষি, বাণিজ্য, পশুপালন এবং কুসীদ (ঋণ দান) বৃত্তি অধিক। শূদ্র চতুর্থ বর্ণ একজাতি; তাহাদের পক্ষে সত্য, কাম, ক্রোধ, শৌচ, আচমনের নিমিত্ত হস্তপদ প্রক্ষালন বিহিত। অপিচ, শ্রাদ্ধকর্ম ভৃত্যপালন, স্বদাররবৃত্তি এবং উত্তর অর্থাৎ ব্রাহ্মণ ক্ষত্রিয়াদির পরিচর্য্যা শূদ্রগণের বিহিত কর্ম।' এ সম্বন্ধে বশিষ্ঠও বলিয়াছেন, "ষট্‌কর্ম্মাণি ব্রাহ্মণস্যাধ্যয়নমধ্যাপনং যজ্ঞো যাজনং দানং প্রতিগ্রহশ্চেতি ত্রীণি রাজন্যস্যাধ্যয়নং যজ্ঞোদানঞ্চ শাস্ত্রেণ চ প্রজাপালনং স্বধর্ম্মস্তেন জীবেৎ এতান্যেব ত্রীণি বৈশ্যস্য কৃষিবণিক্‌ পাশুপাল্যং কুসীদঞ্চ তেষাং পরিচর্য্যা শূদ্রস্য।" ইহার ভাবার্থ এই যে, অধ্যয়ন অধ্যাপন, যজ্ঞ, যাজন, দান এবং প্রতিগ্রহ, এই ষট্‌ কর্ম্ম ব্রাহ্মণের বিহিত; অধ্যয়ন, যজ্ঞ, দান, এই তিন কর্ম্ম ক্ষত্রিয়ের বিহিত, এবং শাস্ত্র দ্বারা প্রজাপালন তাঁহাদিগের জীবিকার নিমিত্ত কর্ত্তব্য কর্ম্ম; অধ্যয়ন, যজ্ঞ,দান এই তিন কর্ম্ম, অধিক কৃষি, বাণিজ্য, পশুপালন, কুসীদ বৃত্তি বৈশ্যের বিহিত। উল্লিখিত বর্ণ ত্রয়ের পরিচর্য্যা শূদ্রের বিহিত।' আপস্তম্বও বলিয়াছেন, "চত্বারো বর্ণা ব্রাহ্মণক্ষত্রিয়বৈশ্যশূদ্রাস্তেষাং পূর্ব্বঃ পূর্ব্বো জন্মতঃ শ্রেয়ান্‌ স্বকর্ম ব্রাহ্মণস্যাধ্যয়নমধ্যাপনং যজ্ঞো যাজনং দানং প্রতিগ্রহণং দায়াদ্যং শিলোঞ্ছাদ্যন্যচ্চাপরিগৃহীতমেতান্যেব ক্ষত্রিয়স্যাধ্যাপনযাজনপ্রতিগ্রহণানীতি পরিহায় যুদ্ধদণ্ডাদিকানি ক্ষত্রিয় বৈশ্যস্য দণ্ডযুদ্ধবর্জ্জং কৃষিগোরক্ষ্য বাণিজ্যাধিকং পরিচর্য্যা শূদ্রস্যেতরেষাং বর্ণানাং।" অর্থাৎ ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য, শূদ্র এই চারি বর্ণ, তন্মধ্যে পূর্ব্ব পূর্ব্ব জাতি ক্রমশঃ শ্রেষ্ঠ। অধ্যয়ন অধ্যাপন, যজ্ঞ, যাজন, দান, প্রতিগ্রহ, দায়াদ্য, এবং শিলোঞ্ছাদি বৃত্তি (৭৬৩ পৃষ্ঠার টিপ্পনী দ্রষ্টব্য) ব্রাহ্মণের স্বকর্ম; অধ্যাপন যাজন এবং প্রতিগ্রহ ব্যতীত অবশিষ্ট কর্ম্মগুলি অধিকন্তু যুদ্ধ, দণ্ড প্রদানাদি ক্ষত্রিয়ের স্বকর্ম্ম; আর দণ্ড যুদ্ধাদি পরিবর্জ্জন পূর্ব্বক কৃষি. গোরক্ষা, বাণিজ্য বৈশ্যের স্বকর্ম। উল্লিখিত বর্ণ সমূহের পরিচর্য্যা শূদ্রের স্বকর্ম্ম। মনুও বলিয়াছেন, "অধ্যয়নমধ্যাপনং যজনং যাজনং তথা। দানং প্রতিগ্রহঞ্চৈব ব্রাহ্মণানামকল্পয়ৎ। প্রজানাং রক্ষণং দানমিজ্যাধ্যয়নমেব চ। বিষয়েষ্বপ্রসক্তিঞ্চ ক্ষত্রিয়স্য সমাদিশৎ। পশূনাং রক্ষণং দানমিজ্যাধ্যয়নমেব চ

বণিক্‌পথং কুসীদঞ্চ বৈশ্যস্য কৃষিমেব চ। একমেবতু শূদ্রস্য প্রভুঃকর্ম্ম সমাদিশৎ। এতেষামেব বর্ণানাং শুশ্রূষামনসূয়য়া।" (মনু সংহিতা ১ম অঃ ৮৮—৯১) ইহার ভাবার্থ এই যে, অধ্যয়ন, অধ্যাপন, যজন, যাজন, দান এবং প্রতিগ্রহ ব্রাহ্মণের স্বধর্ম্ম; প্রজারক্ষণ, দান, যজ্ঞ, অধ্যয়ন, বিষয়ে অনাসক্তি ক্ষত্রিয়ের ধর্ম্ম; পশুপালন, দান, যজ্ঞ, অধ্যয়ন, বাণিজ্য, বৃদ্ধি (সুদ) নিমিত্ত ধন দান, এবং কৃষি কার্য্য বৈশ্যের ধর্ম্ম; অসূয়াবিরহিত হইয়া দ্বিজাতিগণের সেবাই শূদ্রের ধর্ম্ম।

পূজ্যপাদ শ্রীমন্নীলকণ্ঠসরস্বতীর অভিপ্রায়। পঞ্চদশাধ্যায়ে কথিত হই-য়াছে যে, "অসঙ্গশস্ত্রেণ দৃঢ়েন ছিত্ত্বা পরংপদং তৎ পরিমার্গিতব্যং।" অপিচ আত্মার সঙ্গরাহিত্য বিবৃত করিয়া ক্রিয়া কারক ফললক্ষণ সংসারের ত্রিগুণাত্মকত্ব কীর্ত্তিত হইয়াছে। গুণাতীত আত্মার পক্ষে গুণাত্মকত্ব সম্ভব নহে। পৃথিব্যাদির সহিত সংসৃষ্ট বলিয়া পৃথিব্যাদির গুণ গন্ধরসাদির (৯০৯।১৩।১১ পৃষ্ঠার টিপ্পনী দ্রষ্টব্য) সহিত আকাশের সংশ্রব সম্ভব হয় না। এ স্থলেও গুণরহিত আত্মার সহিত গুণের সম্বন্ধ তদ্রূপ অসম্ভব বুঝিতে হইবে। শাস্ত্রার্থ এই স্থলেই পর্য্যবসিত হইয়াছে। এক্ষণে সমস্ত গীতা শাস্ত্রের উপসংহার করিবার অভিপ্রায়ে অসঙ্গ শস্ত্র প্রাপ্তির উপায় প্রদর্শন করিবার নিমিত্ত অন্য প্রকরণ আরব্ধ হইতেছে। বেদে অনধিকার হেতু শূদ্র সমাস মধ্যে স্থান পায় নাই। ইত্যাকার বর্ণ বিভাগ কেন হইয়াছে তাহার হেতু স্বরূপে কথিত হইয়াছে যে, স্বভাবপ্রভব গুণ দ্বারাই এইরূপ বিভাগ ঘটিয়া থাকে। ঈশ্বরের ত্রিগুণাত্মিকা প্রকৃতিই স্বভাব। সেই প্রকৃতিই যে সমস্ত গুণের প্রভব অর্থাৎ হেতু তত্তাবতই স্বভাবপ্রভব গুণ। শান্তত্ব হেতু ব্রাহ্মণগণ সত্ত্বগুণপ্রভব; ঈশ্বর স্বভাবত্ব হেতু সত্ত্ব পরিহার পূর্ব্বক ক্ষত্রিয়গণ রজোগুণ প্রভব, কৃষ্যাদি স্বভাবত্ব হেতু তমঃ পরিহার করিয়া বৈশ্য রজঃপ্রভব; শুশ্রূষা স্বভাবত্ব হেতু রজঃ উপসর্জ্জন করিয়া শূদ্র তমঃ প্রভব। স্বভাব শব্দে প্রাগ্‌ভবীয় সংস্কার অর্থও গ্রহণ করা যাইতে পারে। জন্মান্তরীণ সংস্কার দ্বারা বিভক্ত, কেবল জাতি দ্বারা বিভক্ত নহে এরূপ অর্থও হইতে পারে। জাতিগত পৃথক্ পৃথক্ ধর্ম্ম বিহিত থাকিলেও শমাদি কতকগুলি ধর্ম্ম সর্ব্ব বর্ণেরই সাধারণ। চতুর্ব্বর্ণের মধ্যে শূদ্র ব্যতীত অন্যান্য সকলের অধ্যয়ন এবং উক্ত বর্ণত্রয়ের মধ্যে ব্রাহ্মণের

অধ্যাপনা সাধারণ ধর্ম্মরূপে এস্থলে পরিগণিত নহে। অর্থাৎ অধ্যয়ন, অধ্যাপনা, শুশ্রূষা প্রভৃতি ধর্ম্ম এক এক জাতিতে সীমাবদ্ধ হইলেও শম-দমাদি কতকগুলি ধর্ম্ম সকলের পক্ষেই সাধারণ বলিয়া বুঝিতে হইবে। ভরদ্বাজনন্দন দ্রোণ (৫৯ পৃষ্ঠার টিপ্পনী দ্রষ্টব্য) ব্রাহ্মণ হইলেও শৌর্য্যাদি গুণসম্পন্ন ছিলেন এবং ভরতাদি (১৪৭২ পৃঃ টিঃ দ্রঃ) ক্ষত্রিয় হইলেও শমাদি-গুণ বিশিষ্ট ছিলেন। অন্যান্য অনেক স্থলেও এরূপ দৃষ্টান্ত আছে। অতএব বুঝা যাইতেছে, যে কোন বর্ণে শমাদি গুণ আশ্রয় করিতে পারে। তাদৃশ গুণ সম্পন্ন শূদ্রকেও ব্রাহ্মণের ন্যায় জানিতে হইবে। আর যদি ব্রাহ্মণ নিকৃষ্ট গুণ সম্পন্ন হয়, তাহা হইলে তাহাকেও শূদ্র বলিয়া বুঝিতে হইবে। সর্পাকারপ্রাপ্ত নহুষ ধর্ম্মরাজ যুধিষ্ঠিরকে জিজ্ঞাসা করিয়াছিলেন যে, ব্রাহ্মণ কে? তদুত্তরে যুধিষ্ঠির বলিয়াছেন যে, "সত্যং দানং ক্ষমা শীলমা-নৃশংস্যং তপো ঘৃণা। দৃশ্যন্তে যত্র নাগেন্দ্র স ব্রাহ্মণ ইতি স্মৃতঃ।" (মহাভারত বনপর্ব্ব ১৮০ অধ্যায়) ইহার ভাবার্থ এই যে, যাঁহাতে সত্য, দান, ক্ষমা, শীল, আনৃশংস্য অর্থাৎ দয়া, তপ এবং ঘৃণা পরিদৃষ্ট হয়, তিনিই ব্রাহ্মণ।' তদনন্তর নহুষের * প্রশ্নান্তরের উত্তর স্বরূপে যুধিষ্ঠির

* নহুষ।—আয়ুর পুত্র মহারাজ নহুষ শতাশ্বমেধ সম্পন্ন করিয়া ইন্দ্রত্ব লাভ করিয়াছিলেন স্বর্গধামে ইন্দ্রপদে প্রতিষ্ঠিত হইয়া নহুষের মনে স্বকীয় শ্রেষ্ঠতা সম্বন্ধে অহঙ্কারের উদ্ভব হইয়াছিল; তিনি ঋষিগণকে যানবাহকরূপে নিযুক্ত করিয়া তাঁহাদিগের স্কন্ধে আরোহণ পূর্ব্বক পর্য্যটন করিতেন। একদা অগস্ত্য ঋষি উল্লিখিতরূপ যানবাহক হইয়াছিলেন। তাঁহার ক্ষিপ্রকারিতা অভাবে বিরক্ত হইয়া নহুষ তাঁহাকে পদাঘাত করিয়াছিলেন। ইহাতে ক্রুদ্ধ ঋষি নহুষকে "অজগর দশা প্রাপ্ত হও" বলিয়া অভিসম্পাৎ করিয়াছিলেন। ক্রমে ক্রমে নহুষ সর্পাকারে পরিণত হইয়া ভূপতিত হইলেন। অজগরত্ব প্রাপ্তির সময়ে তিনি বিবিধ বিনয়নম্রবাক্যে ঋষি ও বিপ্রগণের ক্ষমা প্রার্থনা করিয়াছিলেন এবং শাপ মুক্তির নিমিত্ত অনেক কাতরতা প্রকাশ করিয়াছিলেন। তাঁহার করুণবচনে প্রসন্ন হইয়া ঋষি ব্যবস্থা করিয়াছিলেন যে, যখন মহাপুরুষ যুধিষ্ঠির নহুষকৃত প্রশ্নের সদুত্তর প্রদান করিবেন, তখনই তাঁহার দ্বারা রাজার অজগরত্ব দূর হইয়া পূর্ব্ব কলেবর প্রাপ্তি হইবে। সর্পকলেবর প্রাপ্ত হইলেও নহুষের পূর্ব্ব স্মৃতি বা জ্ঞান বিনষ্ট হইল না।

পাণ্ডবগণ বনবাসকালে যখন দ্বৈত বনে অবস্থান করিতেছিলেন, তখন একদা ভীমসেন মৃগয়া ব্যপদেশে ঘনারণ্যে প্রবেশ করিয়া বিশাল কলেবর অজগর নহুষের সন্নিধানে উপস্থিত হন। সর্প তৎক্ষণাৎ বৃকোদরকে আক্রমণ করিয়া নিশ্চেষ্ট করিয়া ফেলে। ভীম এই অদ্ভুত সর্পের অত্যাশ্চর্য্য পরাক্রম দেখিয়া সবিস্ময়ে অজগরের অতীত পরিচয় জানিতে ইচ্ছা করেন। উত্তরে নহুষ আত্ম পরিচয় প্রদান করিয়া অজগরত্ব প্রাপ্তির বিবরণ প্রকাশ করেন। এদিকে চিন্তাকুল যুধিষ্ঠির অনুজের প্রত্যাগমনে বিলম্ব দেখিয়া ক্রমশঃ সর্পাধিকৃত স্থানে উপস্থিত হন এবং ভীমের দুর্দ্দশা অবলোকন করিয়া সর্পকে প্রসন্ন করিবার চেষ্টা করেন। সর্পরূপী নহুষ

বলিয়াছিলেন, "যত্রৈতল্লক্ষ্যতে সর্প বৃত্তং স ব্রাহ্মণঃ স্মৃতঃ। যত্রৈতন্ন ভবেৎ সর্প তং শূদ্রমিতি নির্দ্দিশেৎ॥" (মহাভারত বনপর্ব্ব ১৮০ অধ্যায়) ইহার ভাবার্থ যথা, 'যে ব্যক্তিতে পূর্ব্বোক্ত ব্যবহার সমূহ লক্ষিত হয়, তিনি শূদ্র হইলেও ব্রাহ্মণ এবং যাহাতে এই সকল গুণের অভাব, সে ব্রাহ্মণ হইলেও শূদ্র মধ্যে পরিগণিত।' জাতিধর্ম্ম ভগবান্ মনু কর্ত্তৃক প্রদর্শিত হইয়াছে। (শ্রীমন্মধুসূদনের অভিপ্রায়ের উপসংহারে তাহা উদ্ধৃত ও ব্যাখ্যাত হইয়াছে শমাদি ধর্ম্ম যদি অব্রাহ্মণে দৃষ্ট হয়, তাহা হইলে তাঁহাকেও ব্রাহ্মণ বলিয়া বুঝিতে হইবে। "স্বে স্বে কর্ম্মণ্যভিরতঃ সংসিদ্ধিং লভতে পরাং।" (গীতা ১৮। ৪৫) অর্থাৎ স্ব স্ব কর্ম্ম সেবন দ্বারা পরা সংসিদ্ধি লাভ করে। ইত্যাদি স্থলেও যে কর্ম্ম শব্দ উল্লিখিত হইয়াছে, তাহা অধ্যাপনাদি বর্ণানুগত বিশেষ বিশেষ কর্ম্ম; শমাদি সাধারণ কর্ম্ম তদ্দ্বারা লক্ষিত নহে। জ্ঞান বিজ্ঞানবিদ্‌গণের পক্ষে অন্য কোনরূপ লক্ষ্য নাই। অতএব শমদমাদি সাধারণ ব্রাহ্মণেরই লক্ষণ॥ ৪১॥

—•:;::(:•—

শমো দমস্তপঃ শৌচং ক্ষান্তিরার্জ্জবমেব চ।
জ্ঞানং বিজ্ঞানমাস্তিক্যং ব্রহ্মকর্ম্ম স্বভাবজং॥ ৪২॥

অন্বয়।—শমঃ দমঃ তপঃ শৌচং ক্ষান্তিঃ (ক্ষমা) আর্জ্জবং (অকৌটিল্যং) জ্ঞানং বিজ্ঞানং আস্তিক্যং (সাত্ত্বিকী শ্রদ্ধা) এব চ স্বভাবজং (স্বভাবাৎ জাতং) ব্রহ্মকর্ম্ম (ব্রাহ্মণস্য কর্ম্ম)॥ ৪২॥

প্রতিশব্দ।—শম দম তপ শৌচ ক্ষমা ঋজুতা জ্ঞান বিজ্ঞান এবং আস্তিক্য স্বভাব-জাত ব্রাহ্মণের-কর্ম্ম॥ ৪২॥

আয়ত্তাগত ভক্ষ্য পরিত্যাগ করিতে স্বীকৃত হইলেন না। তখন যুধিষ্ঠিরের সহিত সর্পের অনেক প্রশ্নোত্তর আরম্ভ হইল। সর্পকৃত প্রশ্নের সদুত্তর দানে যুধিষ্ঠির তাঁহাকে সন্তুষ্ট করিলেন। সর্পও নানাবিধ তত্ত্বোপদেশ প্রদান করিয়া যুধিষ্ঠিরকে প্রীত করিলেন। মহর্ষি অগস্ত্যের নির্দ্দেশানুসারে সঙ্গে সঙ্গে নহুষের অজগরত্ব অপগত হইল। তখন তিনি দিব্য-কলেবর ধারণ করিয়া দিব্যধামে প্রস্থান করিলেন। (মহাভারত বন-পর্ব্ব ১৮০ অধ্যায় দ্রষ্টব্য)।

মহারাজ নহুষের যাতি, যযাতি, সংযাতি, আযাতি, বিযতি ও কৃতি এই ছয় পুত্র। (যযাতির বিশেষ বিবরণ ২৪৯ পৃষ্ঠার টিপ্পনী দ্রষ্টব্য)

ব্যাখ্যা।—শম, দম, তপস্যা, শৌচ, ক্ষমা, সরলতা, জ্ঞান, বিজ্ঞান এবং সাত্ত্বিকী শ্রদ্ধা ব্রাহ্মণের স্বভাবজাত কর্ম্ম ॥ ৪২ ॥

শঙ্করাচার্য্য।—কানি পুনস্তানি কর্ম্মাণীত্যুচ্যতে শম ইতি। শমোদমশ্চ যথা ব্যাখ্যাতার্থৌ তপো যথোক্তং শারীরাদি, শৌচং ব্যাখ্যাতং, ক্ষান্তি ক্ষমা, আর্জবং ঋজুতৈব চ জ্ঞানং বিজ্ঞানং আস্তিক্যং অস্তিভাবঃ শ্রদ্দধানতা পরমার্থেষু আগমার্থেষু ব্রহ্মকর্ম্ম ব্রাহ্মণজাতেঃ কর্ম্ম ব্রহ্মকর্ম্ম স্বভাবজং যদুক্তং স্বভাবপ্রভবৈগুণৈঃ প্রবিভক্তানীতি তদেবোক্তং স্বভাবজমিতি ॥ ৪২ ॥

আনন্দগিরি।—প্রবিভক্তানি কর্ম্মাণ্যেব প্রশ্নদ্বারা বিবিচ্য দর্শয়তি কানীত্যাদিনা। অন্তঃকরণোপশমঃ শমো দমো বাহ্যকরণোপরতিরিত্যুক্তং স্মারয়তি যথেতি। ত্রিবিধস্তপঃ সপ্তদশে দর্শিতমিত্যাহ তপইতি। শৌচমপি বাহ্যান্তরভেদেন প্রাগেবোক্তমিত্যাহ শৌচমিতি ক্ষমা নামাক্রুষ্টস্য তাড়িতস্য বা মনসি বিকাররাহিত্যং জ্ঞানং শাস্ত্রীয়ং পদার্থজ্ঞানং বিজ্ঞানং শাস্ত্রার্থস্য স্বানুভবপর্য্যন্ততাপাদনং ত্রিধা ব্যাখ্যাতং। স্বভাবশব্দার্থমুপেত্যাহ যদুক্তমিতি ॥ ৪২ ॥

রামানুজ।—শম ইতি। শমো বাহ্যেন্দ্রিয়নিয়মনং দমোঽন্তঃকরণনিয়মনং তপো ভোগনিয়মনরূপঃ শাস্ত্রসিদ্ধঃ কায়ক্লেশঃ। শৌচং শাস্ত্রীয়কর্ম্মযোগ্যতা ক্ষান্তিঃ পরৈঃ পীড্যমানস্যাপ্যবিকৃতচিত্ততা। আর্জবং পরেষু মনোঽনুরূপং বাহ্যচেষ্টাপ্রকাশনং। জ্ঞানং পরাবরতত্ত্বযাথাত্ম্যজ্ঞানং বিজ্ঞানং পরতত্ত্বগতাসাধারণবিশেষবিষয়ং জ্ঞানং। আস্তিক্যং বৈদিকার্থস্য কৃৎস্নস্য সত্যতানিশ্চয়ঃ প্রকৃষ্টঃ কেনাপি হেতুনা চালয়িতুমশক্য ইত্যর্থঃ। ভগবান্ পুরুষোত্তমো বাসুদেবঃ পরব্রহ্মশব্দাভিধেয়ো নিরস্তনিখিলদোষগন্ধঃ স্বাভাবিকানবধিকাতিশয় জ্ঞানশক্ত্যাদ্যসংখ্যেয় কল্যাণগুণগণঃ নিখিলবেদবেদান্তবেদ্যঃ স এব নিখিলজগদেককারণং নিখিলজগদাধারভূতো নিখিলস্য সএব প্রবর্ত্তয়িতা তদারাধনভূতং চ কৃৎস্নং বৈদিকং কর্ম্ম তৈস্তৈরারাধিতো ধর্ম্মার্থকামমোক্ষাখ্যং ফলং প্রযচ্ছতীত্যস্যার্থস্য সত্যতানিশ্চয়ঃ। আস্তিক্যং "বেদৈশ্চ সর্ব্বৈরহমেব বেদ্যঃ, অহং সর্ব্বস্য প্রভবো, ময়ি সর্ব্বমিদং প্রোতং, ভোক্তারং যজ্ঞতপসাং জ্ঞাত্বা মাং শান্তিমৃচ্ছতি, মত্তঃ পরতরং নান্যৎ কিঞ্চিদস্তি ধনঞ্জয়, যতঃ প্রবৃত্তির্ভূতানাং যেন সর্ব্বমিদং ততং। স্বকর্ম্মণা তমভ্যর্চ্চ্য সিদ্ধিং বিন্দতি মানবঃ। যোমামজমনাদিঞ্চ বেত্তি লোক মহেশ্বর" মিত্যুচ্যতে। তদেতৎ ব্রাহ্মণস্য স্বভাবজং কর্ম্ম ॥ ৪২ ॥

হনুমান্।—তপঃসার্ব্বত্র প্রবৃত্তিঃ শৌচং শুদ্ধভাবোক্ষান্তিঃ ক্ষমা আর্জ্জবমৃজুভাবঃ জ্ঞানমাত্মবিবেকঃ বিজ্ঞানং মমত্বাদি পদার্থেষু আস্তবুদ্ধিঃ ব্রাহ্মণং ব্রহ্মণঃ তচ্চেদং স্বভাবজং প্রকৃতিভাবং ॥ ৪২ ॥

শ্রীধর।—তত্র ব্রাহ্মণস্য স্বাভাবিকানি কর্ম্মাণ্যাহ শম ইতি। শমশ্চিত্তোপরম দমোবাহ্যেন্দ্রিয়োপরমঃ তপঃ পূর্ব্বোক্তং শারীরাদি শৌচং বাহ্যাভ্যন্তরং ক্ষান্তিঃ ক্ষমা আর্জবমবক্রতা জ্ঞানং শাস্ত্রীয়ং বিজ্ঞানমনুভবঃ আস্তিক্যমাস্তি পরলোক ইতি নিশ্চয়ঃ এতচ্ছমাদি ব্রাহ্মণস্য স্বভাবজাতং কর্ম্ম ॥ ৪২ ॥

অবিচ্ছিন্ন বিশ্বাস। এই শমাদি নয় প্রকার কর্ম্ম ব্রাহ্মণ জাতির স্বভাবজ অর্থাৎ সত্ত্ব গুণের প্রাবল্য হেতু স্বভাবতঃ ব্রাহ্মণগণকে উল্লিখিত কর্ম্ম চতুষ্টয় আশ্রয় করিয়া থাকে।

পূজ্যপাদ শ্রীমদ্রামানুজাচার্য্য এতৎশ্লোকোক্ত "আস্তিক্য" শব্দোপলক্ষ্যে বলিয়াছেন, সমস্ত বৈদিকার্থের সত্যতা সম্বন্ধে নিশ্চয় জ্ঞানই আস্তিক্য; সেই জ্ঞান এরূপ বদ্ধমূল ও প্রকৃষ্ট যে, কোন হেতু দ্বারাই তাহা বিচ্যুত হইবার নহে। ভগবান্ পুরুষোত্তম বাসুদেব সর্ব্বপ্রকার দোষসংশ্লেপবিরহিত, পরম ব্রহ্মনামাভিধেয়; তিনি স্বভাবতঃ অসীম নিরতিশয় জ্ঞান, শক্তি প্রভৃতি সংখ্যাতীত কল্যাণগুণ সমষ্টি স্বরূপ; অপিচ তিনি নিখিল বেদবেদান্তের জ্ঞাতব্য; তিনিই নিখিল জগতের একমাত্র কারণ স্বরূপ, নিখিল জগতের আধার স্বরূপ, সমস্ত ব্যাপারের প্রবর্ত্তক; সমস্ত বৈদিক কর্ম্মই তাঁহার আরাধনাতে পর্য্যবসিত; শাস্ত্রীয় সেই সকল কর্ম্ম দ্বারা আরাধিত হইয়া তিনি ধর্ম্মার্থ কামমোক্ষ ফল প্রদান করিয়া থাকেন; এই মীমাংসার সত্যতা সম্বন্ধে নিশ্চয় জ্ঞানই আস্তিক্য। শ্রীভগবান্ পূর্ব্বে নানা স্থানে বলিয়াছেন, "বেদৈশ্চ সর্ব্বৈরহমেব বেদ্যঃ" (১৫। ১৫) "অহং সর্ব্বস্য প্রভবঃ" (১০। ৮) "ময়ি সর্ব্বমিদং প্রোতং" (৭। ৭) "ভোক্তারং যজ্ঞতপসাং" (৫। ২৯) "জ্ঞাত্বা মাং শান্তিমৃচ্ছতি" (৫। ২৯) "মত্তঃ পরতরং নান্যৎকিঞ্চিদস্তি ধনঞ্জয়" (৭। ৭) "যতঃ প্রবৃত্তির্ভূতানাং যেন সর্ব্বমিদং ততং" (১৫। ৪) "স্বকর্ম্মণা তমভ্যর্চ্চ্য সিদ্ধিং বিন্দতি মানবঃ" (১৮। ৪৬) "যো মামজমনাদিং চ বেত্তি লোকমহেশ্বরং।" (১০। ৩) এতদ্বিষয়ে নিশ্চল বিশ্বাসই আস্তিক্য।

এতদুপলক্ষ্যে পূজ্যপাদ শ্রীমন্মধুসূদন সরস্বতী মহোদয় নিম্ন লিখিত রূপ আলোচনা অবতারিত করিয়াছেন। যদিও উল্লিখিত কয় প্রকার কর্ম্ম চাতুর্ব্বর্ণ্য অর্থাৎ ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য ও শূদ্রকে আশ্রয় করিলেও করিতে পারে, তথাপি বাহুল্যরূপে ব্রাহ্মণগণেরই এই সকল কর্ম্ম পরায়ণতা পরিদৃষ্ট হয়। এজন্য তত্তাবতকে ব্রাহ্মণেরই স্বভাবজ বলিয়া উল্লেখ করা হইয়াছে। কারণ তাঁহারা স্বভাবতঃ সত্ত্ব প্রধান; সত্ত্ব গুণের উদ্রেকবশতঃ অন্যান্য বর্ণে কদাচিৎ এই সকল কর্ম্ম পরায়ণতা দেখিতে পাওয়া যায়; এই জন্যই শাস্ত্রান্তরে এতৎ সমস্ত সাধারণ ধর্ম্ম রূপে উল্লিখিত

হইয়াছে। বিষ্ণু * বলিয়াছেন, "ক্ষমা সত্যং দমঃ শৌচং দানমিন্দ্রিয়-সংযমঃ। অহিংসা গুরুশুশ্রূষা তীর্থানুসরণং দয়া। আর্জ্জবং লোভশূন্যত্বং দেব-ব্রাহ্মণপূজনং। অনভ্যসূয়া চ তথা ধর্ম্মঃ সামান্য উচ্যতে।" ইহার ভাবার্থ এই যে, ক্ষমা, সত্য, দম, শৌচ, দান, ইন্দ্রিয়সংযম, অহিংসা, গুরু শুশ্রূষা, তীর্থসেবা, দয়া, সরলতা, লোভহীনতা, দেবতা এবং ব্রাহ্মণে ভক্তি, ঈর্ষাশূন্যত্ব, এই সকল ধর্ম্ম সামান্য বলিয়া কথিত হয়, অর্থাৎ ইহা সর্ব্ব বর্ণেরই ধর্ম্ম এবং প্রায় চতুর্ব্বিধ আশ্রমেরও (১৫ পৃষ্ঠার টিপ্পনী দ্রষ্টব্য) এইরূপ ধর্ম্ম বুঝিতে হইবে। বৃহস্পতিও (৮৫৯ পৃষ্ঠার টিপ্পনী দ্রষ্টব্য) বলিয়াছেন, "দয়া ক্ষমাঽনসূয়া চ শৌচানায়াসমঙ্গলং। অকার্পণ্য-মস্পৃহত্বং সর্ব্ব সাধারণানি চ। পরে বা বন্ধুবর্গে বা মিত্রে দ্বেষ্টরি বা সদা। আপন্নে রক্ষিতব্যং তু দয়ৈষা পরিকীর্ত্তিতা। বাহ্যে চাধ্যাত্মিকে চৈব দুঃখে চোৎপাদিতে ক্বচিৎ। ন কুপ্যতি নবা হন্তি সা ক্ষমা পরিকীর্ত্তিতা। ন গুণান্ গুণিনো হন্তি স্তৌতি মন্দগুণানপি। নান্যদোষেষু রমতে সাঽনসূয়া প্রকীর্ত্তিতা। অভক্ষ্যপরিহারশ্চ সংসর্গশ্চাপ্যনিন্দিতৈঃ স্বধর্ম্মে চ ব্যবস্থানং শৌচমেতৎ প্রকীর্ত্তিতং। শরীরং পীড্যতে যেন সুশুভেনাপি কর্ম্মণা। অত্যন্তং তন্ন কর্ত্তব্যমনায়াসঃ স উচ্যতে। প্রশস্তা-চরণং নিত্যমপ্রশস্তবিসর্জ্জনং। এতদ্ধি মঙ্গলং প্রোক্তং মুনিভিস্তত্ত্ব-দর্শিভিঃ। স্তোকাদপি প্রদাতব্যমদীনেনান্তরাত্মনা। অহন্যহনি যৎ কিঞ্চিদকার্পণ্যং হি তৎ স্মৃতং। যথোৎপন্নেন সন্তোষঃ কর্ত্তব্যোহ্যর্থ-বস্তুনা। পরস্যাচিন্তয়িত্বার্থং সাঽস্পৃহা পরিকীর্ত্তিতা॥" ইহার ভাবার্থ এই যে, দয়া, ক্ষমা, অনসূয়া, শৌচ, অনায়াস, মঙ্গল, অকার্পণ্য এবং অস্পৃহা এই সমস্ত সাধারণ ধর্ম্ম। পর এবং বন্ধু বর্গ, হিতৈষী এবং দ্বেষ-কারী, অপিচ বিপন্নজনকে সর্ব্বদা রক্ষা করার প্রবৃত্তি দয়া নামে পরি-কীর্ত্তিতা। বাহ্য বা আধ্যাত্মিক ব্যাপারে কেহ দুঃখ প্রদান করিলে তাহার প্রতি কুপিত না হওয়া বা তন্নাশে উদ্যত না হওয়াই ক্ষমা। গুণবিশিষ্ট ব্যক্তির গুণের নাশ না করা, নিন্দিত গুণ সম্পন্ন ব্যক্তিকেও

* বিষ্ণু।—ধর্ম্মশাস্ত্রপ্রণেতা মুনিবিশেষ। "মন্বত্রিবিষ্ণুহারীতযাজ্ঞবল্ক্যোশনোঽঙ্গিরাঃ যমাপস্তম্বসম্বর্ত্তাঃ কাত্যায়নবৃহস্পতী। পরাশরব্যাসশঙ্খলিখিতা দক্ষগৌতমৌ। শাতাতপো বশিষ্ঠশ্চ ধর্ম্মশাস্ত্রপ্রয়োজকাঃ।" (যাজ্ঞবল্ক্যসংহিতা)

প্রশংসা করা, অপিচ অপরের দোষ দর্শনে হর্ষ প্রকাশ না করাই অনসূয়া। অভক্ষ্য পরিহার, গুণীর সহিত সংসর্গ এবং স্বধর্ম্মে অবস্থান, এই সকল শৌচ নামে প্রকীর্ত্তিত। যে সকল উত্তম কর্ম্ম দ্বারা শরীর অতিশয় পীড়িত হয়, তাহা না করিয়া যাহা সহজসাধ্য, তাহা করার নামই অনায়াস। নিত্য প্রশস্ত কর্ম্মের আচরণ এবং অপ্রশস্ত কর্ম্মের ত্যাগ করাই তত্ত্বদর্শী যোগিগণ কর্ত্তৃক মঙ্গল নামে অভিহিত হইয়া থাকে। প্রতিদিন আন্তরিক প্রসন্নতা সহকারে অল্পে অল্পে যে দান, তাহাই অকার্পণ্য নামে অভিহিত হয়। পরের অর্থ সম্বন্ধে কোনরূপ চিন্তা না করিয়া যথালব্ধ অর্থ লাভে সন্তোষ প্রকাশ, অস্পৃহা নামে পরিকীর্ত্তিত হয়। এই আট প্রকার ধর্ম্ম মহাত্মা গোতম * আত্মগুণ রূপে উল্লেখ করিয়াছেন। যথা ;—"অথাষ্টাবাত্মগুণা দয়া সর্ব্বভূতেষু ক্ষান্তিরনসূয়া শৌচমনায়াসো মঙ্গলমকার্পণ্যমস্পৃহেতি।" মহাভারতেও কথিত হইয়াছে যে, "সত্যং দমস্তপঃ শৌচং সন্তোষো হ্রীঃ ক্ষমার্জ্জবং। জ্ঞানং শমো দয়া ধ্যানমেষ ধর্ম্মঃ সনাতনঃ। সত্যং ভূতহিতং প্রোক্তং মনসো দমনং দমঃ। তপঃ স্বধর্ম্মবর্ত্তিত্বং শৌচং সঙ্করবর্জ্জনং। সন্তোষো বিষয়ত্যাগো হ্রীরকার্য্যনিবর্ত্তনং। ক্ষমা দ্বন্দ্বসহিষ্ণুত্বমার্জ্জবং সমচিত্ততা। জ্ঞানং তত্ত্বার্থসংবোধঃ শমশ্চিত্তপ্রশান্ততা। দয়া ভূতহিতৈষিত্বং ধ্যানং নির্ব্বিষয়ং মনঃ।" ইহার ভাবার্থ এই যে, সত্য, দম, শৌচ, সন্তোষ, হ্রী, ক্ষমা, অকৌটিল্য, জ্ঞান, শম, দয়া, ধ্যান এই সকল সনাতন ধর্ম্ম। ভূতহিতের নামই সত্য ; মনের দমনের নাম দম ; স্বধর্ম্মবর্ত্তিতার নাম তপ ; সঙ্কর বর্জ্জনের নাম শৌচ ; বিষয় ত্যাগের নাম সন্তোষ ; অকার্য্য হইতে নিবৃত্তির নাম হ্রী ; সুখদুঃখাদি দ্বন্দ্ব সহিষ্ণুতার নাম ক্ষমা ; সমচিত্ততার নাম আর্জ্জব ; তত্ত্বার্থ বোধের নাম জ্ঞান ; চিত্ত প্রসন্নতার নাম শম ; ভূতহিতেচ্ছার

---

* গোতম।—ইনি অন্যতম ধর্ম্মশাস্ত্র প্রয়োজক। অপিচ 'গোতমসূত্র' প্রভৃতি ন্যায়শাস্ত্র ইহারই প্রণীত বলিয়া সকলের বিশ্বাস। ইহার পত্নীর নাম অহল্যা। সত্যযুগে একদা দেবরাজ ইন্দ্র ছদ্মবেশে গোতমরূপ ধারণ করিয়া অহল্যার সতীত্ব নাশ করিয়াছিলেন। গোতম শাপে অহল্যা পাষাণী হইয়া ভূতলে পতিতা ছিলেন। ত্রেতাযুগে রামচন্দ্রের চরণস্পর্শে তাঁহার শাপমুক্তি হইয়াছিল। (বিশেষ বিবরণ রামায়ণে দ্রষ্টব্য)

নাম দয়া ; মনের বিষয়বিহীনতার নাম ধ্যান। দেবলও * বলিয়াছেন, "শৌচ, দান, তপঃ, শ্রদ্ধা, গুরুসেবা, ক্ষমা, দয়া, বিজ্ঞান, বিনয় এবং সত্য এই গুলিই ধর্ম্মসমুচ্চয়।" আরও বলিয়াছেন, "ব্রতোপবাসনিয়মৈঃ শরীরোত্তাপনং তপঃ। প্রত্যয়ো ধর্মকার্য্যেষু তথা শ্রদ্ধেত্যুদাহৃতা। নাস্তি হ্যশ্রদ্দধানস্য ধর্মকৃত্যে প্রয়োজনং। যৎপুনর্বৈদিকীনাং চ লৌকিকীনাং চ সর্ব্বশঃ। ধারণং সর্ব্ববিদ্যানাং বিজ্ঞানমিতি কীর্ত্ত্যতে। বিনয়ং দ্বিবিধং প্রাহুঃ শশ্বদ্দমশমৌ ইতি।" অর্থাৎ ব্রত, উপবাসাদির নিয়মের দ্বারা শরীরের উত্তাপনই তপ ; ধর্ম কার্য্য সমূহে দৃঢ় প্রত্যয় শ্রদ্ধা নামে অভিহিত হইয়া থাকে। অশ্রদ্ধাবান্ লোকের ধর্ম্মানুষ্ঠানের প্রয়োজন নাই। লৌকিক এবং বৈদিক সর্ব্বপ্রকার বিদ্যার ধারণ অর্থাৎ অববোধকে বিজ্ঞান বলা হয়। বিনয় দুই প্রকার ; সর্ব্ব প্রকার দম এবং শম। মহর্ষি যাজ্ঞবল্ক্য † বলিয়াছেন, "ইজ্যাচারদমাহিংসাদানস্বাধ্যায়কর্ম্মণাং। অয়ন্তু পরমো ধর্ম্মো যদ্‌যোগেনাত্মদর্শনং।" অর্থাৎ যজ্ঞ, আচার, দম, অহিংসা দান এবং স্বাধ্যায় এই সকল কর্ম্মের মধ্যে যোগ দ্বারা আত্মদর্শনই পরম ধর্ম্ম। এ সমস্তই দৈবীসম্পদ্, একথা পূর্ব্বে (১৬শ অধ্যায় ১—৩ শ্লোক) ব্যাখ্যাত হইয়াছে। উল্লিখিত ধর্ম্ম সমূহ ব্রাহ্মণের স্বাভাবিক, এবং ব্রাহ্মণেতর বর্ণ সমূহের নৈমিত্তিক, সুতরাং এস্থলে বিরোধের কোনই আশঙ্কা নাই॥ ৪২॥

---

* দেবল।—অসিত মুনির পুত্র মহাত্মা দেবল একজন প্রসিদ্ধ ধর্ম্মশাস্ত্রবক্তা। ইনি দেবসভার সুন্দরী শিরোমণি রম্ভা কর্তৃক অভিশপ্ত হইয়া অষ্টাবক্ররূপে ভূতলে অবতীর্ণ হইয়াছিলেন এবং যোগশাস্ত্রের অষ্টাবক্রসংহিতা নামক সুপ্রসিদ্ধ গ্রন্থ প্রণয়ন করিয়া অক্ষয় কীর্ত্তি সংস্থাপন করিয়াছিলেন। বক্রেশ্বর নামক পুণ্যতীর্থে এই মুনির প্রতিষ্ঠিত শিবলিঙ্গ অদ্যাপি পূজিত হইতেছেন। অষ্টাবক্র একাধিক ছিলেন কি না, তদ্বিষয়ে কাহারও কাহারও মতভেদ আছে।

† যাজ্ঞবল্ক্য।—অন্যতম ধর্ম্মশাস্ত্র প্রযোজক। ইনি যোগে এরূপ পরাকাষ্ঠা লাভ করিয়াছিলেন যে, যোগীশ্বর যাজ্ঞবল্ক্যযোগেশ নামে বিখ্যাত। ইনি সাধারণ্যে যোগী যাজ্ঞবল্ক্য নামে পরিচিত। ব্রহ্মরাত্রি ইঁহার নামান্তর।

শৌর্য্যং তেজো ধৃতির্দাক্ষ্যং যুদ্ধে চাপ্যপলায়নং।
দানমীশ্বরভাবশ্চ ক্ষত্রকর্ম্ম স্বভাবজং ॥ ৪৩ ॥

অন্বয়।—শৌর্য্যং (পরাক্রমঃ) তেজঃ (প্রাগল্‌ভ্যং) ধৃতিঃ (ধৈর্য্যং) দাক্ষ্যং (কার্য্যকৌশলং) যুদ্ধে চ অপি অপলায়নং (অপরাঙ্মুখতা) দানং ঈশ্বরভাবঃ (নিয়মনসামর্থ্যং) চ স্বভাবজং (স্বভাবাৎ জাতং) ক্ষত্রকর্ম্ম (ক্ষত্রিয়স্য কর্ম্ম) ॥ ৪৩ ॥

প্রতিশব্দ।—শৌর্য্য, তেজ, ধৈর্য্য, কার্য্যদক্ষতা, যুদ্ধেও পলায়ন-না-করা, দান এবং নিয়মন-শক্তি স্বভাব-হইতে-জাত ক্ষত্রিয়ের-কর্ম্ম ॥ ৪৩ ॥

ব্যাখ্যা।—পরাক্রম, প্রগল্‌ভতা, ধৈর্য্য, কার্য্যকুশলতা, যুদ্ধে অপরাঙ্মুখত্ব, মুক্তহস্ততা এবং প্রভুশক্তি বিস্তার ক্ষত্রিয়ের স্বভাবজাত কর্ম্ম ॥ ৪৩ ॥

শঙ্করাচার্য্য।—শৌর্য্যমিতি। শৌর্য্যং শূরস্য ভাবস্তেজঃ প্রাগল্‌ভ্যং ধৃতির্দ্ধারণং সর্ব্বাবস্থাস্বনবসাদো ভবতি যয়া ধৃত্যোত্তম্ভিতস্য দাক্ষ্যং দক্ষস্য ভাবঃ সহসা প্রত্যুৎপন্নেষু কার্য্যেষ্বব্যামোহেন প্রবৃত্তির্যুদ্ধে চাপ্যপলায়নমপরাঙ্মুখীভাবঃ শত্রুভ্যঃ দানং দেয়েষু মুক্তহস্ততা ঈশ্বরভাবঃ ঈশ্বরস্য ভাবঃ প্রভুশক্তিপ্রকটীকরণমীষিতব্যান্ প্রতি ক্ষাত্রং কর্ম্ম ক্ষত্রিয়জাতের্বিহিতং কর্ম্ম ক্ষাত্রং কর্ম্ম স্বভাবজং ॥ ৪৩ ॥

আনন্দগিরি।—শূরস্য ভাবো বিক্রমো বলবত্তরানপি প্রহর্ত্তুং প্রবৃত্তিঃ প্রাগল্‌ভ্যং পরৈরধর্ষণীয়ত্বং মহত্যামপি বিপদি দেহেন্দ্রিয়োত্তম্ভনী চিত্তবৃত্তির্ধৃতিরিতি ব্যাচষ্টে সর্ব্বাবস্থাস্বিতি। দক্ষস্য ভাবমেব বিভজতে সহসেতি ॥ ৪৩॥

রামানুজ।—শৌর্য্যমিতি। শৌর্য্যং যুদ্ধে নির্ভয় প্রবেশসামর্থ্যং। তেজো পরৈরনভিভবনীয়তা ধৃতিঃ আরব্ধে কর্ম্মণি বিঘ্নোপনিপাতেঽপি তৎসমাপনসামর্থ্যং দাক্ষং সর্ব্বক্রিয়ানিবৃত্তিসামর্থ্যং যুদ্ধে চাপ্যপলায়নং যুদ্ধে চ আত্মমরণনিশ্চয়েঽপ্যনিবর্ত্তনং দানমাত্মীয়দ্রব্যস্য পরস্বত্বাপাদনপর্য্যন্তস্ত্যাগঃ ঈশ্বরভাবঃ স্বব্যতিরিক্ত সকলজননিয়মনসামর্থ্যং এতৎ ক্ষত্রিয়স্য স্বভাবজং কর্ম্ম ॥ ৪৩ ॥

হনুমান্।—শৌর্য্যং রণনির্ভয়ত্বং তেজঃ প্রতাপঃ স্থিতিঃ স্থৈর্য্যং দাক্ষ্যং নিপুণতা অপলায়নং শত্রূণামভি স্ববস্থানং দানং হিরণ্যাদেঃ পাত্রে সমর্পণং ক্ষত্রিয়স্যেদং ক্ষাত্রং স্বভাবজং প্রকৃতিঃ ভাবং ॥ ৪৩ ॥

শ্রীধর।—ক্ষত্রস্য স্বাভাবিকং কর্ম্মাহ শৌর্য্যমিতি। শৌর্য্যং পরাক্রমঃ তেজঃ প্রাগল্‌ভ্যং ধৃতির্ধৈর্য্যং, দাক্ষ্যং কৌশলং যুদ্ধে চাপ্যপলায়নং অপরাঙ্মুখতা দানমৌদার্য্যং ঈশ্বরভাবো নিয়মনশক্তিঃ এতৎ ক্ষত্রস্য স্বাভাবিকং কর্ম্ম ॥ ৪৩ ॥

বলদেব।—ক্ষত্রস্যাহ শৌর্য্যমিতি। শৌর্য্যং যুদ্ধে নির্ভয়া প্রবৃত্তিঃ। তেজঃ পরৈর্ধৃষ্যত্বং। ধৃতির্মহত্যপি সংকটে দেহেন্দ্রিয়ানবসাদঃ। দাক্ষ্যং ক্রিয়াসিদ্ধিকৌশলং। যুদ্ধে প্রাণনাশেঽপ্যপলায়নং অপরাঙ্মুখত্বং। দানং অসঙ্কোচেন স্ববিত্তত্যাগঃ। ঈশ্বরভাবঃ প্রজাপালনার্থং শাসনীয়েষু প্রভুত্বপ্রকাশঃ। এতৎ ক্ষত্রিয়স্য স্বাভাবিকং কর্ম্ম ॥ ৪৩ ॥

মধুসূদন।—ক্ষত্রিয়স্য স্বভাবজানি কর্ম্মাণ্যাহ শৌর্য্যমিতি। শৌর্য্যং বিক্রমো বলবত্তরানপি প্রহর্ত্তুং প্রবৃত্তিঃ তেজঃ প্রাগল্‌ভ্যং পরৈরধর্ষণীয়ত্বং ধৃতির্মহত্যামপি বিপদি দেহেন্দ্রিয়সংঘাতস্যানবসাদঃ, দাক্ষ্যং দক্ষভাবঃ সহসা প্রত্যুৎপন্নেষু কার্য্যেষ্বব্যামোহেন প্রবৃত্তিঃ, যুদ্ধে চাপ্যপলায়নমপরাঙ্মুখীভাবঃ দানং অসঙ্কোচেন বিত্তেষু স্বস্বত্বপরিত্যাগেন পরস্বত্বাপাদনং ঈশ্বরভাবঃ প্রজাপালনার্থং ঈশিতব্যেষু প্রভুশক্তিপ্রকটীকরণং চ ক্ষত্রকর্ম্ম ক্ষত্রিয়জাতের্বিহিতং কর্ম্ম স্বভাবজং সত্ত্বোপসর্জ্জনরজোগুণস্বভাবকম্ ॥ ৪৩ ॥

নীলকণ্ঠ।—শৌর্য্যমিতি। শৌর্য্যং পরাক্রমঃ তেজঃ প্রাগল্‌ভ্যং ধৃতির্ধৈর্য্যং দাক্ষ্যং যুদ্ধে কৌশলমুৎসাহো বা, দানমৌদার্য্যং, ঈশ্বরভাবঃ উন্মার্গবর্ত্তিনাং নিয়মনশক্তিঃ এতৎক্ষাত্রং কর্ম্ম স্বভাবজম্ ॥ ৪৩ ॥

বিশ্বনাথ।—সত্ত্বোপসর্জ্জনরজঃপ্রধানানাং ক্ষত্রিয়াণাং কর্ম্মাহ। শৌর্য্যং পরাক্রমঃ তেজঃ প্রাগল্‌ভ্যং ধৃতিঃ ধৈর্য্যং ঈশ্বরভাবো লোকনিয়ন্তৃত্বং ॥ ৪৩ ॥

তাৎপর্য্য।—অতঃপর ক্ষত্রিয় জাতির স্বভাবজ কর্ম্মের বিবরণ লিখিত হইতেছে। শৌর্য্য অর্থাৎ পরাক্রম বা বলবান্ শত্রুকেও নিষ্পেষিত করিবার প্রবৃত্তি; তেজঃ অর্থাৎ প্রাগল্‌ভতা বা অপর কর্ত্তৃক নির্জ্জিত না হওয়া; ধৃতি অর্থাৎ ধৈর্য্য বা মহৎ আপদেও দেহেন্দ্রিয়াদির অনবসন্নতা; দাক্ষ্য অর্থাৎ দক্ষতা বা সহসা সমাগত কার্য্যেও নিঃসঙ্কোচে প্রবৃত্তি; যুদ্ধে অপলায়ন অর্থাৎ প্রাণান্ত হইবার উপক্রমেও পরাঙ্মুখ না হইয়া নির্ভয়ভাবে অস্ত্রচালন; দান অর্থাৎ অনায়াসে অকুণ্ঠিতচিত্তে স্বকীয় বিত্ত অপরকে সমর্পণ; ঈশ্বরভাব অর্থাৎ সমভাবে প্রজাপালন প্রবৃত্তি অথবা শাসিত-গণের উপর স্বকীয় ঐশী শক্তির প্রকটন; এই গুলি স্বভাবজ ক্ষত্রকর্ম্ম। ইহার ভাবার্থ এই যে, ক্ষত্রিয়গণের আজন্ম এই সকল কর্ম্মের প্রতি স্বভাবতঃ অনুরাগ পরিদৃষ্ট হয়। ফলতঃ ইহাই উপপন্ন হইতেছে যে, যুদ্ধ, শত্রুশাসন, উৎসাহ, তেজঃ প্রকাশ, প্রজাপালনানুরক্তি এবং সৎপাত্রে

বিত্তদানাদি কার্য্য ক্ষত্রিয় জাতির স্বাভাবিক ধর্ম্ম। এই সকল ধর্ম্ম স্বভাবতঃ তাঁহাদিগের হৃদয়ে উন্মেষিত হয়, এবং ব্যক্তি বিশেষের সম্বন্ধে ইহার কোন কোনটী বা সকল গুলিই সবিশেষ পরিস্ফুট বা পরিপুষ্ট হইয়া থাকে। সর্ব্বত্র জাতি সম্বন্ধে যে ধর্ম্ম স্বতঃ সঞ্জাত হইতে দেখা যায়, তাহাই সেই জাতির স্বাভাবিক বলিয়া কথিত হইয়া থাকে। রজোগুণ হইতে উদ্ভুত, এই জন্যই তাঁহাদিগকে রজঃপ্রধান বলা হয়। কিন্তু সাধনা বলে বা সজ্জন সঙ্গ হেতু অথবা প্রাক্তন সংস্কার বশে ক্ষত্রিয়গণও যে ব্রাহ্মণের ন্যায় সত্ব প্রধান হইতে পারে না বা সত্বগুণাবলম্বিত জনগণের ন্যায় ক্রিয়া কলাপানুষ্ঠানে সমর্থ হন না, এরূপ নহে ॥ ৪৩ ॥

——•:ঃ০ঃ(ঃ•——

কৃষিগোরক্ষ্যবাণিজ্যং বৈশ্যকর্ম্ম স্বভাবজং।
পরিচর্য্যাত্মকং কর্ম্ম শূদ্রস্যাপি স্বভাবজং ॥ ৪৪ ॥

অন্বয়।—কৃষিগোরক্ষ্যবাণিজ্যং স্বভাবজং (প্রকৃতিজাতং) বৈশ্যকর্ম্ম, শূদ্রস্য অপি পরিচর্য্যাত্মকং (দ্বিজশুশ্রূষারূপং) কর্ম্ম স্বভাবজং (স্বভাবাৎ জাতং) ॥ ৪৪ ॥

প্রতিশব্দ।—কৃষি-গো-পালন-বাণিজ্য স্বভাব-জাত বৈশ্যের-কর্ম্ম, শূদ্রেরও দ্বিজ-শুশ্রূষা-রূপ কর্ম্ম স্বভাব-জাত ॥ ৪৪ ॥

ব্যাখ্যা।—কৃষিকার্য্য, গোপালন, এবং বাণিজ্য, ইহাই বৈশ্যের স্বাভাবিক কর্ম্ম; দ্বিজাতির শুশ্রূষারূপ কার্য্যই শূদ্রের স্বভাবজাত কর্ম্ম বলিয়া জানিবে ॥ ৪৪ ॥

শঙ্করাচার্য্য।—কৃষীতি। কৃষিগোরক্ষ্যবাণিজ্যং কৃষিশ্চ গোরক্ষ্যঞ্চ বাণিজ্যঞ্চ কৃষিগোরক্ষ্যবাণিজ্যং কৃষির্ভূমের্বিলেখনং গাঃ রক্ষতীতি গোরক্ষস্তস্যভাবোগোরক্ষ্যং পাশুপাল্যং বাণিজ্যং বণিক্‌কর্ম্ম ক্রয়বিক্রয়াদিলক্ষণং বৈশ্যকর্ম্ম বৈশ্যজাতেঃ কর্ম্ম বৈশ্যকর্ম্ম স্বভাবজং, পরিচর্য্যাত্মকং শুশ্রূষাস্বভাবং কর্ম্ম শূদ্রস্যাপি স্বভাবজং ॥ ৪৪ ॥

আনন্দগিরি।—বৈশ্যশূদ্রয়োঃ কর্ম্ম বিবক্ষয়ানুবদতি কৃষিগোরক্ষ্যবাণিজ্যমিতি। স্পষ্টোঽর্থঃ ॥ ৪৪ ॥

রামানুজ।—কৃষীতি। কৃষিঃ শস্যোৎপাদনং কর্ষণং গোরক্ষ্যং পাশুপাল্যমিত্যর্থঃ।

বাণিজ্যং ধনসঞ্চয়হেতুভূতং ক্রয়বিক্রয়াত্মকং কর্ম্ম এতৎ বৈশ্যস্য স্বভাবজং কর্ম্ম পূর্ব্ববর্ণত্রয়াণাং পরিচর্য্যারূপং শূদ্রস্য স্বভাবজং কর্ম্ম তদেতচ্চতুর্ণাং বর্ণানাং বৃত্তিভিঃ সহ কর্ত্তব্যানাং শাস্ত্রবিহিতানাং যজ্ঞাদিকর্ম্মণাং প্রদর্শনার্থমুক্তং। যজ্ঞাদয়স্ত্রয়াণাং বর্ণানাং সাধারণাঃ শমদমাদয়োঽপি ত্রয়াণাং বর্ণানাং মুমুক্ষূণাং সাধারণাঃ ব্রাহ্মণস্য তু সত্ত্বোদ্রেকস্য স্বাভাবিকত্বেন শমদমাদয়ঃ সুখোপাদানা ইতি কৃত্বা তস্য শমদমাদয়ঃ স্বভাবজং কর্ম্মেত্যুক্তং। ক্ষত্রিয়বৈশ্যয়োস্তু সত্ত্বোরজস্তমঃপ্রধানত্বেন শমদমাদয়ো দুঃখোপাদানা ইতি কৃত্বা ন তৎকর্ম্মেত্যুক্তং। ব্রাহ্মণস্য বৃত্তির্যাজনাধ্যাপনপ্রতিগ্রহাঃ। ক্ষত্রিয়স্য জনপদপরিপালনং বৈশ্যস্য কৃষ্যাদয়ো যথোক্তাঃ। শূদ্রস্য তু কর্ত্তব্যং বৃত্তিশ্চ পূর্ব্ববর্ণপরিচর্য্যা ইতি ॥ ৪৪ ॥

হনুমান্‌ ।—গবাং রক্ষা রক্ষণং গোরক্ষ্যং বণিক্ ক্রয়বিক্রয়ং তস্য ভাবো বাণিজ্যং এতদ্বৈশ্যস্য স্বভাবজং ॥ ৪৪ ॥

শ্রীধর ।—বৈশ্যশূদ্রয়োঃ কর্ম্মাহ কৃষীতি। কৃষিঃ কর্ষণং গাং রক্ষতীতি গোরক্ষস্তস্য ভাবো গোরক্ষ্যং পাশুপাল্যমিত্যর্থঃ বাণিজ্যং ক্রয়বিক্রয়াদি এতদ্বৈশ্যস্য স্বাভাবিকং কর্ম্ম। ত্রৈবর্ণিকপরিচর্য্যাত্মকং শূদ্রস্যাপি স্বভাবজং কর্ম্ম ॥ ৪৪ ॥

বলদেব ।—বৈশ্যস্যাহ কৃষীতি। অন্নাদ্যুৎপত্তয়ে হলাদিনা ভূমের্বিলেখনং কৃষিঃ। পাশুপাল্যং গোরক্ষম্। বণিক্‌কর্ম্ম বাণিজ্যং ক্রয়বিক্রয়লক্ষণম্। বৃদ্ধ্যৈ ধনপ্রয়োগঃ কুসীদমপ্যত্রাস্তর্গতম্। এতৎ স্বভাবসিদ্ধং বৈশ্যকর্ম্ম। অথ শূদ্রস্যাহ পরীতি। ব্রাহ্মণাদীনাং দ্বিজন্মনাং পরিচর্য্যা শূদ্রস্য স্বাভাবিকং কর্ম্ম। এতানি চাতুরাশ্রম্যকর্ম্মণামুপলক্ষণানি ॥ ৪৪ ॥

মধুসূদন ।—কৃষীতি কৃষিরন্নোৎপত্ত্যর্থং ভূমের্বিলেখনং গোরক্ষস্য ভাবো গোরক্ষ্যং পাশুপাল্যং বাণিজ্যং বণিজঃ কর্ম্ম ক্রয়বিক্রয়াদিলক্ষণং কুসীদমপ্যত্রান্তর্গমনীয়ং বৈশ্যকর্ম্ম বৈশ্যজাতেঃ কর্ম্ম স্বভাবজং তমউপসর্জ্জনরজোগুণপ্রভাবজং, পরিচর্য্যাত্মকং দ্বিজাতিশুশ্রূষাত্মকং কর্ম্ম শূদ্রস্যাপি স্বভাবজং রজউপসর্জ্জনতমোগুণস্বভাবজম্ ॥ ৪৪ ॥

নীলকণ্ঠ ।—বৈশ্যশূদ্রয়োঃ কর্ম্মাণ্যাহ কৃষীতি। স্পষ্টার্থঃ শ্লোকঃ ॥ ৪৪ ॥

বিশ্বনাথ ।—তমউপসর্জ্জনরজঃপ্রধানানাং বৈশ্যানাং কর্ম্মাহ কৃষীতি। গাং রক্ষতীতি গোরক্ষস্তস্য ভাবঃ গোরক্ষ্যং। রজউপসর্জ্জনতমঃপ্রাধানানাং শূদ্রাণাং কর্ম্মাহ। পরিচর্য্যাত্মকং ব্রাহ্মণক্ষত্রিয়বিশাং পরিচর্য্যারূপং ॥ ৪৪ ॥ ৪৫ ॥

তাৎপর্য্য ।—অতঃপর এক শ্লোকে বৈশ্য এবং শূদ্রের স্বভাবজ কর্ম্ম নির্দ্দিষ্ট হইয়াছে। প্রথমতঃ বৈশ্যের বিষয়; কৃষি অর্থাৎ শস্যোৎপাদনের নিমিত্ত ক্ষেত্র কর্ষণাদি, গোপালন অর্থাৎ গো জাতির রক্ষণ বা পশুপালন; এবং বাণিজ্য অর্থাৎ দ্রব্যের ক্রয় বিক্রয়, অপিচ বৃদ্ধির আকাঙ্ক্ষায় ঋণদানাদি কর্ম্ম সমূহ বৈশ্যের স্বভাবজ। এতদ্দ্বারা ইহাই প্রতিপন্ন হইতেছে

যে, অন্নোৎপাদন, মাতৃ স্বরূপা গাভীগণের প্রতিপালন, এক স্থান হইতে স্থানান্তরের দ্রব্যাদি ক্রয় বিক্রয় দ্বারা পরিচালন এবং অভাবগ্রস্ত ব্যক্তিকে পরে অঙ্গীকৃত বৃদ্ধি প্রাপ্তির আশায় অর্থ দান বৈশ্য জাতির স্বভাবজ কর্ম্ম। দ্বিতীয়তঃ শূদ্র জাতি; উল্লিখিত বর্ণত্রয়ের শুশ্রূষা তাঁহাদিগের আজ্ঞাপালন, কার্য্য সাধন, সেবা ও বিনোদন শূদ্র বর্ণের স্বভাবজ কর্ম্ম।

বর্ণ চতুষ্টয়ের স্বভাবজ কর্ম্ম শ্রীভগবান উল্লেখ করিলেন। কিন্তু কর্ম্ম যাহার যাহাই কেন হউক না, উন্নতির পথ সকলের পক্ষেই অবাধ, এই বিষয় শ্রীভগবান্ স্বয়ং নিজ মুখে বিশদরূপে পরিব্যক্ত করিতে উদ্যত হইয়াছেন, সুতরাং এস্থলে তাহার বাহুল্যালোচনা সম্পূর্ণ অনাবশ্যক ॥৪৪॥

—:*:—

স্বে স্বে কর্ম্মণ্যভিরতঃ সংসিদ্ধিং লভতে নরঃ।
স্বকর্ম্মনিরতঃ সিদ্ধিং যথা বিন্দতি তচ্ছৃণু ॥ ৪৫ ॥

অন্বয়।—নরঃ (মানবঃ) স্বে স্বে কর্ম্মণি অভিরতঃ (নিরতঃ) সংসিদ্ধিং (জ্ঞাননিষ্ঠাং) লভতে (প্রাপ্নোতি) স্বকর্ম্মনিরতঃ (স্বকর্ম্ম-তৎপরঃ) [সন্] যথা সিদ্ধিং বিন্দতি (লভতে) তৎ শৃণু ॥ ৪৫ ॥

প্রতিশব্দ।—মানব স্ব স্ব কর্ম্মে-নিরত-হইয়া জ্ঞান-নিষ্ঠাকে লাভ-করে; স্বকর্ম্মে-তৎপর [হইয়া] যে-রূপে সিদ্ধিকে লাভ-করে তাহা শ্রবণ-কর ॥ ৪৫ ॥

ব্যাখ্যা।—মানব স্ব স্ব স্বভাবজাত কর্ম্মে নিরত হইয়া সম্যক্ জ্ঞাননিষ্ঠা লাভে সক্ষম হয়; অতএব স্বধর্ম্মে তৎপর হইলে মানব কিরূপে সিদ্ধি লাভ করে, তাহাই এক্ষণে শ্রবণ কর ॥ ৪৫ ॥

শঙ্করাচার্য্য।—এতেষাং জাতিবিহিতানাং কর্ম্মণাং সম্যগনুষ্ঠিতানাং স্বর্গপ্রাপ্তিঃ ফলং স্বভাবতঃ বর্ণা আশ্রমাদয়শ্চ স্বকর্ম্মনিষ্ঠাঃ প্রেত্য কর্ম্মফলমনুভূয় ততঃ শেষেণ বিশিষ্টদেশজাতি-কুলধর্ম্মায়ুঃশ্রুতবৃত্তসুখমেধসো জন্ম প্রতিপদ্যন্তে ইত্যাদিস্মৃতিভ্যঃ, পুরাণে চ বর্ণানামাশ্রমাণাঞ্চ লোকফলভেদবিশেষস্মরণাৎ, কারণান্তরাত্ত্বিদং বক্ষ্যমাণং ফলং শৃণু স্বে স্বে ইতি। স্বে স্বে যথোক্তলক্ষণভেদে কর্ম্মণ্যভিরতস্তৎপরঃ সংসিদ্ধিং স্বকর্ম্মানুষ্ঠানাদশুদ্ধিক্ষয়ে সতি কায়েন্দ্রিয়াণাং জ্ঞানাধিষ্ঠানযোগ্যতালক্ষণাং সংসিদ্ধিং লভতে প্রাপ্নোতি নরোঽধিকৃতঃ পুরুষঃ কিং স্বকর্ম্মানু-

ষ্ঠানাদেব সাক্ষাৎ সংসিদ্ধিং ন কথং তর্হি স্বকর্ম্মনিরতঃ সিদ্ধিং যথা যেন প্রকারেণ বিন্দতি তচ্ছৃণু ॥ ৪৫ ॥

আনন্দগিরি।—স্বভাবস্থ পূর্ব্বজন্মাদিপরিচর্য্যান্তং কর্ম্মাণি বিভজ্যোক্তানামভ্যুদয়ং ফলমাদাবুপন্যস্যতি এতেষামিতি। স্বভাবতোবিহিতত্বাদেব মোক্ষাপেক্ষামন্তরেণানুষ্ঠানাদিত্যর্থঃ। তত্র প্রমাণমাহ বর্ণাইতি। শেষশব্দেন ভুক্তকর্ম্মণোঽতিরিক্তং কর্ম্মানুশয়শব্দিতমুচ্যতে, প্রত্যেকং দেশাদিভির্বিশিষ্টশব্দঃ সম্বধ্যতে, আদিশব্দেন তদ্যথা "আম্রফলার্থে নির্ম্মিতে ছায়াগন্ধাবনূৎপদ্যেতে এবং ধর্ম্মং চর্য্যমাণমর্থা অনুৎপদ্যন্তে ন ধর্ম্মহানির্ভবতীতি" স্মৃতির্গৃহ্যতে। উক্তশ্লোকানাং কর্ম্মণাং স্বর্গফলত্বং যুক্তমিত্যাহ পুরাণে চেতি। উক্তং হি "যস্তু সম্যক্ করোত্যেবং গৃহস্থঃ পরমং বিধিম্। তদ্বর্ণবন্ধমুক্তোঽসৌ লোকানাপ্নোত্যনুত্তমানি"তি "যস্ত্বেতাং নিয়তশ্চর্য্যাং বানপ্রস্থশ্চরেৎ মুনিঃ। সদহত্যগ্নিবদ্দোষান্ জয়েল্লোকাংশ্চ শাশ্বতান্।" ইতি "মোক্ষাশ্রমশ্চরতে যো যথোক্তং শুচিঃ সুসংকল্পিতবুদ্ধিযুক্তঃ। অনিন্ধনজ্যোতিরিব প্রশান্তং সব্রহ্মলোকং শ্রয়তে দ্বিজাতিঃ।" ইতি চ "সর্ব্ব এতে পুণ্যলোকা ভবন্তী"তি শ্রুতিশ্চকারার্থঃ। যদি পুনর্ম্মোক্ষাপেক্ষয়োক্তানি কর্ম্মাণ্যনুষ্ঠীয়েরংস্তদা মোক্ষফলত্বং তেষাং সেৎস্যতীত্যাহ কারণান্তরাদিতি। তদেব কারণান্তরং যন্মোক্ষাপেক্ষয়া তেষামনুষ্ঠানং মোক্ষোপায়েষু সাত্ত্বিকেষু ব্রাহ্মণধর্ম্মেষু ক্ষত্রিয়াদী-নামনধিকারাৎ ব্রাহ্মণানামেব মোক্ষোন ক্ষত্রিয়াদীনামিত্যাশঙ্ক্যাহ স্বে স্বে ইতি। যথা স্বে কর্ম্মণ্যভিরতস্য বুদ্ধিশুদ্ধিদ্বারা জ্ঞাননিষ্ঠাযোগ্যতাপ্রাপ্ত্যা প্রাপ্তজ্ঞানস্য মোক্ষোপপত্তেব্রাহ্মণাতিরিক্ত-স্যাপি জ্ঞানবতোমুক্তিরিতি মত্বা পূর্ব্বার্দ্ধং ব্যাচষ্টে স্বে স্বে ইত্যাদিনা। সংসিদ্ধিশব্দস্য মোক্ষার্থত্বং গৃহীত্বা স্বধর্ম্মনিষ্ঠামাত্রেণ তল্লাভে তাদর্থ্যেন সন্ন্যাসাদিবিধানানর্থক্যমিতি মন্বানঃ শঙ্কতে কিমিতি। ন তাবন্মাত্রেণ সাক্ষান্মোক্ষোজ্ঞাননিষ্ঠাযোগ্যতা চেতি পরিহরতি নেতি। তর্হি কথং স্বধর্ম্মনিষ্ঠস্য সংসিদ্ধিরিতি পৃচ্ছতি কথং তর্হীতি। উত্তরার্দ্ধেনোত্তরমাহ স্বকর্ম্মেতি। তচ্ছৃণু তং প্রকারমেকাগ্রচেতোভূত্বা শ্রুত্বাবধারয় ইত্যর্থঃ ॥ ৪৫ ॥

রামানুজ।—স্বেস্বইতি। স্বে স্বে যথোদিতে কর্ম্মণ্যভিরতো নরঃ সংসিদ্ধিং পরমপদ-প্রাপ্তিম্ লভতে। স্বকর্ম্মনিরতো যথা সিদ্ধিম্ বিন্দতি পরমম্ পদম্ প্রাপ্নোতি তথা শৃণু ॥ ৪৫ ॥

হনুমান্।—স্বকীয়ে কর্ম্মণি অভিরতঃ সিদ্ধিং যথা বিদন্তি তৎ শৃণু ॥ ৪৫ ॥

শ্রীধর।—এবংভূতস্যাপি ব্রাহ্মণাদিকর্ম্মণোজ্ঞানহেতুত্বমাহ স্বে স্বে ইতি। স্বস্বা-ধিকারবিহিতে কর্ম্মণ্যভিরতঃ পরিনিষ্ঠিতো নরঃ সংসিদ্ধিং জ্ঞানযোগ্যতাং লভতে ॥ ৪৫ ॥

বলদেব।—উক্তানাম্ কর্ম্মণাম্ জ্ঞানহেতুতামাহ স্বে স্বে ইতি। স্বস্ববর্ণাশ্রমবিহিতে কর্ম্মণ্যভিরতস্তদনুষ্ঠাতা নরঃ সংসিদ্ধিম্ বিশতস্তবৎ কর্ম্মান্তর্গতাম্ জ্ঞাননিষ্ঠাং লভতে। ননু বন্ধকেন কর্ম্মণা বিমোচিকা জ্ঞাননিষ্ঠা কথমিতি চেদ্বুদ্ধিবিশেষাদিত্যাহ স্বকর্ম্মেতি ॥ ৪৫ ॥

মধুসূদন।—তদেবং বর্ণানাং স্বভাবজা গৌণাখ্যা ধর্ম্মা অভিহিতাঃ অন্যেঽপি ধর্ম্মাঃ শাস্ত্রেষাম্নাতাঃ। তদুক্তং ভবিষ্যপুরাণে—"ধর্ম্মঃ শ্রেয়ঃ সমুদ্দিষ্টং শ্রেয়োঽভ্যুদয়লক্ষণং। স তু পঞ্চবিধঃ প্রোক্তো বেদমূলঃ সনাতনঃ। বর্ণধর্ম্মঃ স্মৃতস্ত্বেক আশ্রমাণামতঃপরং। বর্ণাশ্রমস্তৃতী-

অসম্ভব ইহাই প্রতিপাদন করিয়া এক্ষণে তৃতীয় পক্ষ অর্থাৎ বৈশেষিক দর্শনের মত উত্থাপন করিতেছেন। যখন কার্য্য করে, তখন বস্তু সক্রিয় আর যখন কার্য্য না করে, তখন বস্তু নিষ্ক্রিয়। এরূপ স্বীকার করিলে অশেষতঃ কর্ম্মত্যাগ সাধ্যায়ত্ত বলিয়া উপপন্ন হয়। কিন্তু তৃতীয় পক্ষের এই বৈশেষিক মতের বিশেষত্ব এই যে, নিত্য প্রচলিত বস্তু এস্থলে লক্ষিত নহে। তবে কি ব্যবস্থিত বস্তুতে অবিদ্যমান ক্রিয়ার উৎপত্তি এবং বিদ্যমান ক্রিয়ার বিনাশ হইয়া থাকে? ক্রিয়ামাত্রই আগমাপায়ী অর্থাৎ একবার তাহার আগম হয় এবং পরে তাহার নাশ হয়। তাদৃশ ক্রিয়া যে বস্তুকে আশ্রয় করিয়া থাকে, তাহার স্থায়িত্ব কিরূপে সিদ্ধ হইতে পারে?

ও বৈভাষিক। তন্মধ্যে মাধ্যমিক মত বিশেষ সমাদৃত এবং নানাস্থানে নানাভাবে আলোচিত হইয়া থাকে। এই মতে সংসারে পরিদৃশ্যমান কোন বস্তুরই বিদ্যমানতা নাই; এ সংসার কেবলই শূন্যময়। ইহার কারণ স্বরূপে বৌদ্ধগণ যুক্তি প্রদর্শন করিয়া থাকেন যে, যে বস্তু জাগ্রদবস্থায় পরিদৃষ্ট হয়, স্বপ্নাবস্থায় তাহার কিছুই দেখিতে পাওয়া যায় না; আবার স্বপ্নে যাহা দেখা যায়, জাগ্রদবস্থায় তাহা পরিদৃষ্ট হয় না। অপিচ সুষুপ্তি অবস্থায় কোন বস্তুই থাকে না। অতএব সকলই মিথ্যা। যোগাচার মতাবলম্বিগণ বলিয়া থাকেন যে, সংসারে পরিদৃশ্যমান বাহ্য ব্যাপার সমূহ অসত্য, কেবল ক্ষণিক বিজ্ঞানস্বরূপ আত্মাই সত্য পদার্থ। কেন না আত্মাকে আশ্রয় করিয়াই সকলের সত্তা উপলব্ধ হয়, অতএব আত্মা ব্যতীত সমস্তই মিথ্যা। প্রবৃত্তি বিজ্ঞান ও আলয় বিজ্ঞান ভেদে বিজ্ঞান দ্বিবিধ। জাগ্রৎ ও স্বপ্নাবস্থায় বাহ্য বিষয় ঘটিত যে জ্ঞান জন্মে, তাহাই প্রবৃত্তি বিজ্ঞান, এবং সুষুপ্ত্যবস্থায় যে জ্ঞানের উদ্ভব হয়, তাহাই আলয় বিজ্ঞান। আত্মাকে অবলম্বন করিয়া এই উভয় প্রকার জ্ঞানের উদ্ভব হইয়া থাকে। এই জন্য আত্মাই সত্য, আর সকলই অসত্য। সৌত্রান্তিক মতানুসারে পরিদৃশ্যমান বাহ্য ব্যাপার সমূহ অনুমানসিদ্ধ ও সত্য। বৈভাষিকগণ বাহ্য ব্যাপার সমূহ প্রত্যক্ষ সিদ্ধ বলিয়া বিশ্বাস করেন। বৌদ্ধগণ চারি তত্ত্বের স্বীকার করেন। যথা; দুঃখ তত্ত্ব, আয়তন তত্ত্ব, সমুদয় তত্ত্ব এবং মার্গ তত্ত্ব। বেদনাস্কন্ধ, বিজ্ঞান স্কন্ধ, সংজ্ঞা স্কন্ধ, রূপ স্কন্ধ, সংস্কার স্কন্ধ এই স্কন্ধপঞ্চক দুঃখতত্ত্ব নামে অভিহিত হইয়া থাকে। পঞ্চ ইন্দ্রিয়, রূপ, রস, গন্ধ, স্পর্শ, শব্দ এই পঞ্চ তন্মাত্র, মন ও ধর্ম্মায়তন বুদ্ধি এই দ্বাদশটী আয়তন তত্ত্ব নামে অভিহিত হইয়া থাকে। রাগদ্বেষাদি মানবমনের স্বাভাবিক ধর্ম্ম সমূহ সমুদয় তত্ত্ব নামে অভিহিত। সংস্কার মাত্রই কেবল ক্ষণস্থায়ী, এইরূপ অবিচলিত বাসনা, মার্গ তত্ত্ব নামে অভিহিত হয়। মোক্ষপ্রাপ্তি বৌদ্ধগণের পরম লক্ষ্য। যতক্ষণ সম্যক্‌রূপে নির্ব্বাণ না হয়, ততক্ষণ সংসার ক্ষয়ের সম্ভাবনা নাই। মার্গ তত্ত্ব পর্য্যন্ত সুদৃঢ়রূপে হৃদ্বোধ হইলে মোক্ষ লব্ধ হইয়া থাকে।

পরম্পরাগত শিষ্যমণ্ডলী সম্প্রদায়ভেদে মূল বুদ্ধদেব-প্রতিষ্ঠিত ধর্ম্মের নানা প্রকার অবান্তর মত সংগঠিত করিয়াছেন এবং বিবিধ সূক্ষ্ম সূক্ষ্ম তত্ত্ব ও জটিল ব্যাখ্যাসহকারে সকল অভিপ্রায় নিতান্ত দুর্ব্বোধ করিয়া তুলিয়াছেন। এই সকল কারণেই সাধারণতঃ বৌদ্ধধর্ম্মের দার্শনিক বিচার সম্বন্ধে বর্ত্তমান কালে মনুষ্যগণ প্রায়শঃ অজ্ঞ। এই জন্যই এখন প্রকৃত ধর্ম্মানুষ্ঠান অপেক্ষা বাহ্য নিদর্শনাদি আধুনিক বৌদ্ধগণের প্রধান পরিচায়ক হইয়াছে। তথাপি এখনও

বৈশেষিক দর্শন প্রবর্ত্তক (২৫৯ পৃষ্ঠার টিপ্পনী দ্রষ্টব্য) মহাত্মা কণাদের * মতাবলম্বিগণ বলিয়াছেন, “শুদ্ধং দ্রব্যং শক্তিমদবতিষ্ঠতে” ইহার ভাবার্থ এই যে, ক্রিয়া অস্থায়ী হইলেও কেবল দ্রব্য স্বশক্তি দ্বারা অবস্থিত থাকে। এই মত দ্বারা পূর্ব্বোল্লিখিত আশঙ্কার খণ্ডন হইতেছে। এক্ষণে আরও আশঙ্কা হইতে পারে যে, ক্রিয়াহীন হইলে বস্তুর কারকত্ব কিরূপে সিদ্ধ হইবে? কারণ ক্রিয়া সম্পাদন করাই কারকত্ব। সুতরাং ক্রিয়া না থাকিলে কারকত্ব স্বীকার অসম্ভব। তদুত্তরে ইহাই বক্তব্য যে, এরূপ হইলেও কারকত্ব সম্বন্ধে কোন দোষ ঘটে না। কারণ ক্রিয়া সম্পাদন করিবার শক্তি থাকাই কারকত্ব. সুতরাং ক্রিয়া ও কারক উভয়ই পরস্পর-সাপেক্ষ। অর্থাৎ ক্রিয়া ব্যতীত যেমন কারকত্বের পরিচয় হয় না, তেমন কারক ব্যতীত ক্রিয়াও সম্পন্ন হয় না। বৈশেষিক মতে এ সম্বন্ধে কোন দোষ নাই। এই মত সকলের পক্ষেই স্বীকার্য্য হইতে পারিত, যদি ইহা ভাগবত-সম্মত হইত। উল্লিখিত মত ভগবানের অনুমোদিত বা সম্মত নহে, সুতরাং দোষাবহ। শ্রীভগবান্ স্বয়ং বলিয়াছেন, “নাসতো বিদ্যতে ভাবো নাভাবো বিদ্যতে সতঃ।” (২। ১৬) কাণাদাদির ভাবের অসত্ত্বা এবং অভাবের সত্ত্বা অর্থাৎ ভাবের অবিদ্যমানতা এবং অভাবের বিদ্যমানতা এই মত কেবল ভগবানের মতবিরোধী হইলেও নৈয়ায়িক-দিগের মতে দোষযুক্ত না হইতে পারে? তদুত্তরে বক্তব্য যে, ইহা সর্ব্ব-

---

কোন কোন স্থানে প্রগাঢ় বৌদ্ধ শাস্ত্রজ্ঞ পণ্ডিতের অসদ্ভাব নাই। নেপাল এবং তিব্বতে বৌদ্ধ দর্শন সংক্রান্ত হস্তলিখিত বিস্তর পুঁথি এখনও সুরক্ষিত আছে। সেই সমস্ত গ্রন্থ অধ্যয়ন করিয়াছেন, এরূপ লোক এখন কদাচিৎ দেখিতে পাওয়া যায়। বৌদ্ধ যতিগণ একান্ত নিষ্ঠা-পরায়ণ এবং ধর্ম্মব্রত। কিন্তু অনেকেই কেবল বাহ্য-লক্ষণধারী, আভ্যন্তরিক তত্ত্বে সম্পূর্ণ অনভিজ্ঞ না হইলেও প্রায়ই লব্ধপ্রবেশ নহেন। মস্তক মুণ্ডন, চর্ম্মাসন, কমণ্ডলু ধারণ এবং রক্তবস্ত্র পরিধান ইহাই ইহাদিগের বাহ্যলক্ষণ। ইহারা প্রায়ই দলবদ্ধ হইয়া অবস্থিতি করেন। নিশাভোজন সর্ব্বত্রই অবিহিত, এমন কি, অপরাহ্ণ কালেও ভোজনের ব্যবস্থা নাই।

বৌদ্ধদিগের মতানুসারে এই শরীরের নাম দ্বাদশায়তন। কারণ শরীর, বাক্, পাণি প্রভৃতি পঞ্চ কর্ম্মেন্দ্রিয় আর চক্ষুঃ শ্রোত্র প্রভৃতি পঞ্চ জ্ঞানেন্দ্রিয়, এবং বুদ্ধি ও মন, এই দ্বাদশটী ইন্দ্রিয়ের আয়তন। এই দ্বাদশায়তন স্বরূপ শরীরের বিহিতরূপ শুশ্রূষা করা ইহাদিগের মতে প্রধান কর্ম্ম। এই শুশ্রূষা ধন ব্যতীত হইবার নহে, এই জন্ম ধনোপার্জ্জনও বিধেয়।

* কাণাদ দর্শন।—বৈশেষিক দর্শনের নামান্তর। (২৬০ পৃষ্ঠার টিপ্পনী দ্রষ্টব্য) মহর্ষি কণাদ উলূক নামেও পরিচিত ছিলেন, এই জন্ম তাঁহার প্রবর্ত্তিত দর্শন ঔলূক্য দর্শন নামেও অভিহিত হইয়া থাকে। ইহা ষড় দর্শনের অন্যতম।

মোণ বিরুদ্ধ সুতরাং ইহা অবশ্যই দোষযুক্ত। বিবেচনা করিয়া দেখিলে ঝা যায় যে, ঘ্যণুকাদি * পদার্থ পুঞ্জ উৎপত্তির পর কিঞ্চিৎ কাল মাত্র বস্থান করিয়া পুনরায় অত্যন্ত অসদবস্থা প্রাপ্ত হইয়া থাকে। শশবিষাদি অসৎ বস্তু কোনরূপ কারণকে অবলম্বন করিয়া জন্মিতে পারে, এরূপ থা কাহারও স্বীকার্য্য হইতে পারে না। ঘটাদি অসদ্বস্তু হইলেও স্তাবত কারণান্তর অবলম্বন করিয়া জন্মিতে পারে, এবং জন্মের পর কিঞ্চিৎ কালমাত্র স্ব স্বরূপে বিদ্যমান থাকিয়া পুনরায় অভাবাবস্থা প্রাপ্ত ইয়া থাকে। এতাবতা সদ্বস্তুর কখনও অভাব এবং অসদ্বস্তুর কখনও াব সিদ্ধ হইতে পারে না। কোনরূপ প্রমাণ বা যুক্তি কোনরূপে অসদ্বস্তুর াব সমর্থন করিতে সক্ষম নহে। শশবিষাণাদি কল্পিত অসদ্বস্তু কখনই াবির্ভূত হয় না; ঘটাদির আবির্ভাব হইলেও তাহা অসৎই থাকে, সৎ লিয়া কোন ক্রমেই স্বীকৃত হইতে পারে না। ঘ্যণুকাদি উৎপত্তির পূর্ব্বে সৎ ছিল; পরে সমবায় কারণ সূত্রে কিয়ৎকাল সদ্রূপে অবস্থিতি করে। স্থলে জিজ্ঞাস্য যে, এরূপ অসৎ পদার্থের সত্তের সহিত সম্মিলন কিরূপে ম্ভব হয়? কোন কারণেই বন্ধ্যার পুত্র কেহই কল্পনা করিতে পারে না। সই বন্ধ্যাপুত্র যেরূপ অসম্ভব ব্যাপার, অসদ্বস্তুর সদ্রূপে অবস্থান বা কোন ারণে সত্তের সহিত সম্মিলনও তদ্রূপ অসম্ভব। বৈশেষিকগণ এরূপ াবে অসত্তের সত্ত্বা উপলব্ধি করেন না। তাঁহারা কারণান্তর সংযোগে অসদ্বস্তুর আবির্ভাব স্বীকার করেন। কুলাল চক্র এবং দণ্ড প্রভৃতি ক্রিয়া ও কারক অবলম্বনে ঘটের উদ্ভব হইয়া থাকে, তৎপূর্ব্বে ঘটের বিদ্যমানতা স্বীকার করেন না; এবং ইহাও প্রতিপাদিত হয় না যে, যে মৃত্তিকা দ্বারা ঘট গঠিত হইয়াছে, সেই মৃত্তিকা স্বয়ং ঘটরূপে পরিণত হইবার ইচ্ছা ব্যক্ত করে। এইরূপে ভাব ও অভাব বিষয়ক বিস্তর আলোচনা করিয়া পূজ্যপাদ আচার্য্য মহাশয় প্রদর্শন করিয়াছেন যে, অশেষত কর্ম্মত্যাগ কখনও সিদ্ধ হইতে পারে না। (এই বিচার স্থূলতঃ ২য় অধ্যায়ে ১৩ ও ১৬ শ্লোকে বিস্তারিত রূপে আলোচিত হইয়াছে,

* ঘ্যণুক।—অন্ধকার কক্ষ মধ্যে সামান্য রন্ধ্রপথে সূর্য্যরশ্মি প্রবেশ করিলে সেই আলোকপাত স্থলে এসরেণুর ন্যায় ভাসমান অগণ্য পরমাণু দৃষ্ট হইয়া থাকে। সেই এসরেণুর প্রত্যেককে তিন ভাগে বিভক্ত করিলে যে অতি ক্ষুদ্র অংশ হয় তাহারই এক এক অংশের নাম ঘ্যণুক।

সুতরাং পুনরালোচনা অনাবশ্যক) যে ব্যক্তি অবিদ্বান্ অর্থাৎ জ্ঞান বিরহিত, অশেষতঃ কর্ম্ম ত্যাগ তাহার পক্ষে কখনই সম্ভবপর নহে। বিদ্বান্ অর্থাৎ জ্ঞানী ব্যক্তি তত্ত্ব জ্ঞান দ্বারা অবিদ্যা তিরোহিত করিয়া অশেষতঃ কর্ম্ম ত্যাগ করিতে পারে। কারণ অবিদ্যা দ্বারা অধ্যারোপিত পদার্থের শেষ থাকে না। অবিদ্যা প্রভাবে রজ্জুতে সর্প ভ্রম হয়; কিন্তু প্রকৃত জ্ঞানের দ্বারা অবিদ্যা দূর হইলে আর ভ্রম থাকে না। তৈমিরিক নামক চক্ষু রোগ জন্মিলে দ্বিচন্দ্র দর্শন ঘটিয়া থাকে, কিন্তু সেই রোগ অপগত হইলে আর সেরূপ হয় না। এতাবতা ইহাই সিদ্ধ হইতেছে যে, "সর্ব্ব কর্ম্মাণি মনসা" (৫।১৩) "স্বে স্বে কর্ম্মণ্যভিরতঃ" "স্বকর্ম্মণা তমভ্যর্চ্চ্য" (১৮।৪৫।৪৬ অর্থাৎ মানব স্ব স্ব বর্ণাশ্রমোচিত কর্ম্মানুষ্ঠান দ্বারা সিদ্ধি লাভ করিয়া থাকে।

পূজ্যপাদ শ্রীমদ্রামানুজাচার্য্যের অভিপ্রায়। তৃতীয় অধ্যায়ে প্রতিপাদন করা হইয়াছে যে, কর্ম্ম নিষ্ঠাই শ্রেষ্ঠ সাধন। এক্ষণে সেই কথা স্মরণ করাইবার নিমিত্ত সমালোচ্য শ্লোক অবতারিত হইতেছে। যে কর্ম্ম সহজ অর্থাৎ স্বভাবজাত, তাহাই সুকর অর্থাৎ অনায়াস সাধ্য এবং প্রমাদ অর্থাৎ ভ্রান্তি সম্ভাবনা পরিশূন্য। এতাদৃশ সহজ কর্ম্ম দোষযুক্ত হইলেও পরিত্যাগ করিবে না। তুমি যদি জ্ঞানযোগের যোগ্য হও অর্থাৎ জ্ঞানার্জ্জনের উপযোগী ক্ষমতাশালী হইয়া থাক, তথাপি তুমি কর্ম্মযোগেরই অনুবর্ত্তন করিবে। সর্ব্বারম্ভ অর্থাৎ কর্ম্মারম্ভ এবং জ্ঞানারম্ভ উভয়ই, অগ্নি যেরূপ ধূম দ্বারা আবৃত থাকে, তদ্রূপ দুঃখরূপ দোষের দ্বারা আবৃত। কর্ম্মযোগ ও জ্ঞানযোগ, এতদুভয়ের বৈলক্ষণ্য আলোচনা করিলে ইহাই উপলব্ধ হয় যে, কর্ম্মযোগ সহজসাধ্য এবং প্রমাদ শূন্য; কিন্তু জ্ঞানযোগ দুষ্কর এবং তাহার অনুষ্ঠানে নানারূপ কুপথে পরিচালিত হইয়া ভ্রমকূপে নিমগ্ন হওয়া সম্ভব।

পূজ্যপাদ শ্রীমৎ শ্রীধরস্বামীর অভিপ্রায়। শ্রীভগবান্ বলিতেছেন, হে অর্জ্জুন! যদি সাংখ্য মতাবলম্বী হইয়া স্বধর্ম্মে হিংসাবাহুল্যাদি দোষ দর্শনে বিরক্তচিত্ত হও এবং ব্রাহ্মণের অবলম্বিত বৈরাগ্যাদি রূপ ধর্ম্ম অবলম্বন করিতে ইচ্ছা করিয়া থাক, তাহা হইলে তোমার বুঝিয়া দেখা উচিত যে, পরধর্ম্মও তুল্যরূপ সদোষ অর্থাৎ তোমার ধর্ম্মও যেমন দোষযুক্ত, পরধর্ম্মও

তেমনই দোষাশ্রিত বলিয়া বুঝিতে পারিবে। অতএব সহজ অর্থাৎ স্বভাবজাত কর্ম্ম সদোষ হইলেও পরিত্যাগ করিও না। কারণ দৃষ্ট বা অদৃষ্ট সকল কর্ম্মই কোন না কোন দোষ দ্বারা আবৃত। ধূম অগ্নির সহজাত হইয়া অগ্নিকে যেরূপ আচ্ছন্ন করিয়া থাকে, সেইরূপ দোষসমূহও কর্ম্মকে আচ্ছন্ন করিয়া রহিয়াছে। অতএব যেমন অগ্নির ধূমরূপ দোষ পরিহার করিয়া অন্ধকার নাশ করিবার নিমিত্ত বা শীতাদি দূর করিবার অভিপ্রায়ে অগ্নির প্রতাপ সেবন বা ব্যবহার করিতে হয়, সেইরূপ কর্ম্মের কেবল দোষাংশ পরিত্যাগ করিয়া শুদ্ধির নিমিত্ত তাহার গুণাংশ সেবন করা আবশ্যক।

পূজ্যপাদ শ্রীমদ্বলদেবের অভিপ্রায়। কেবল যে যুদ্ধাদি ক্রিয়াপূর্ণ ক্ষত্রিয় ধর্ম্ম দোষযুক্ত এইরূপ নহে, ব্রাহ্মণের ধর্ম্মও দোষস্পৃষ্ট। সহজ অর্থাৎ স্বভাব প্রাপ্ত কর্ম্ম দোষযুক্ত হইলেও পরিত্যাগ করা বিধেয় নহে। বরং অবশ্য বিহিত নির্দ্দোষ কর্ম্ম জ্ঞানে তাহার অনুষ্ঠান করাই আবশ্যক। যে হেতু ব্রাহ্মণাদি সকল বর্ণের কর্ম্মসমূহই ত্রিগুণাত্মক এবং দ্রব্যসাপেক্ষ, সুতরাং সামান্যতঃ কোন না কোন দোষযুক্ত। ধূম যেমন অগ্নিকে আচ্ছন্ন করিয়া রাখে, তদ্রূপ কর্ম্মসমূহও দোষাচ্ছন্ন। যেরূপ শীতাদি নিবৃত্তির নিমিত্ত ধূমাংশ পরিত্যাগ করিয়া অগ্নি সেবন করিতে হয়, সেইরূপ ভগবদর্পণ বুদ্ধি সহকারে কর্ম্মসমূহের দোষরাশি নিষ্কাশিত করিয়া আত্ম দর্শনের অভিপ্রায়ে কর্ম্মের জ্ঞানজনক অংশ সেবন করিবে ॥ ৪৮ ॥

—:•:—

অসক্তবুদ্ধিঃ সর্ব্বত্র জিতাত্মা বিগতস্পৃহঃ।
নৈষ্কর্ম্যসিদ্ধিং পরমাং সন্ন্যাসেনাধিগচ্ছতি ॥ ৪৯ ॥

অন্বয়।—সর্ব্বত্র (পুত্রদারাদিষু) অসক্তবুদ্ধিঃ (সঙ্গশূন্যবুদ্ধিঃ) জিতাত্মা (নিরহঙ্কারঃ) বিগতস্পৃহঃ (তৃষ্ণাশূন্যঃ) [জ্ঞানী] সন্ন্যাসেন (সর্ব্বকর্ম্মপরিত্যাগরূপেণ) পরমাং (প্রকৃষ্টাং) নৈষ্কর্ম্যসিদ্ধিং (আত্মজ্ঞানলাভরূপাং সিদ্ধিং) অধিগচ্ছতি (প্রাপ্নোতি) ॥ ৪৯ ॥

প্রতিশব্দ।—সর্ব্বত্র সঙ্গ-শূন্য-বুদ্ধি জিত-চিত্ত স্পৃহা-রহিত [জ্ঞানী] সর্ব্ব-কর্ম্ম-ত্যাগ-দ্বারা পরমা আত্ম-জ্ঞান-লাভ-রূপ-সিদ্ধি প্রাপ্ত হন ॥৪৯॥

ব্যাখ্যা।—পুত্রদারাদি সকল বিষয়েই মমত্ব বুদ্ধিরহিত নিরহঙ্কার বিষয়তৃষ্ণা শূন্য জ্ঞানী ব্যক্তি সর্ব্বকর্ম্ম-পরিহাররূপ সন্ন্যাস দ্বারা প্রকৃষ্ট আত্মজ্ঞানসিদ্ধি লাভ করিয়া থাকেন ॥ ৪৯ ॥

শঙ্করাচার্য্য।—যা চ কর্ম্মজা সিদ্ধিরুক্তা জ্ঞাননিষ্ঠাযোগ্যতালক্ষণা তস্যাঃ ফলভূতা নৈষ্কর্ম্ম্যসিদ্ধিজ্ঞাননিষ্ঠালক্ষণা বক্তব্যেতি শ্লোক আরভ্যতে। অসক্তবুদ্ধিরসক্তা সঙ্গরহিতা বুদ্ধিরন্তঃকরণং যস্য সোঽসক্তবুদ্ধিঃ সর্ব্বত্র পুত্রদারাদিষু আসক্তিনিমিত্তেষু, জিতাত্মা জিতো বশীকৃত আত্মা অন্তঃকরণং যস্য স জিতাত্মা, বিগতা স্পৃহা তৃষ্ণা দেহজীবিতভোগেষু যস্মাৎ স বিগতস্পৃহো য এবম্ভূত আত্মজ্ঞঃ স নৈষ্কর্ম্ম্যসিদ্ধিং নির্গতানি কর্ম্মাণি যস্মান্নিষ্ক্রিয়ব্রহ্মাত্মসম্বোধাৎ স নিষ্কর্ম্মা তস্য ভাবোনৈষ্কর্ম্ম্যং, নৈষ্কর্ম্ম্যঞ্চ তৎ সিদ্ধিশ্চ সা নৈষ্কর্ম্ম্যসিদ্ধিঃ, নৈষ্কর্ম্মস্য বা সিদ্ধিঃ, নিষ্ক্রিয়াত্মস্বরূপাবস্থানলক্ষণস্য সিদ্ধির্নিষ্পত্তিস্তাং নৈষ্কর্ম্ম্যসিদ্ধিং, পরমাং প্রকৃষ্টাং কর্ম্মজ-সিদ্ধিবিলক্ষণাং সদ্যোমুক্ত্যবস্থানরূপাং সন্ন্যাসেন সম্যগ্‌দর্শনেন তৎপূর্ব্বকেণ বা সর্ব্বকর্ম্ম-সন্ন্যাসেনাধিগচ্ছতি প্রাপ্নোতি ॥ ৪৯ ॥

আনন্দগিরি।—বিদুষঃ সর্ব্বকর্ম্মত্যাগো নাবিদুষস্তথেত্যুক্তং ইদানীমুক্তমনূদ্যানন্তর-শ্লোকতাৎপর্য্যমাহ যাচ কর্ম্মজেতি। চোঽবধারণার্থো ভিন্নক্রমোবক্তব্য ইত্যত্রঃসম্বধ্যতে। সাধ-নান্যুপদিশন্নৈষ্কর্ম্ম্যসিদ্ধিং ব্যপদিশতি অসক্তেতি। পুত্রাদিবিষয়ে চেতসঃ সঙ্গাভাবেঽপি তস্যা-স্বাধীনত্বমাশঙ্ক্যাহ জিতাত্মেতি। অসক্তিমুক্ত্বা স্পৃহাভাবং বদন্নপুনরুক্তিরিষ্টেত্যাশঙ্ক্যাহ দেহেতি। উক্তমনূদ্য তৎফলং লম্ভয়তি য এবমিতি। কর্ম্মণাং নির্গতৌ হেতুমাহ নিষ্ক্রিয়েতি। সম্যগ্‌জ্ঞানার্থ-ত্বেন নৈষ্কর্ম্ম্যসিদ্ধিশব্দং ব্যাখ্যায়র্থান্তরমাহ নৈষ্কর্ম্ম্যস্যেতি। প্রকর্ষমেব প্রকটয়তি কর্ম্মজেতি। সন্ন্যাসস্য শ্রুতিস্মৃত্যোঃ সম্যগ্‌দর্শনসাধনত্বপ্রসিদ্ধেরযুক্তস্তাদাত্ম্যমিত্যাশঙ্ক্য পক্ষান্তরমাহ তৎপূর্ব্ব-কেণেতি ॥ ৪৯ ॥

রামানুজ।—অসক্তবুদ্ধিরিতি। সর্ব্বত্র ফলাদিষ্বসক্তচিত্তঃ জিতাত্মা জিতমনাঃ পরমপুরুষ-কর্ত্তৃত্বানুসন্ধানেনাত্মকর্ত্তৃত্বে বিগতস্পৃহঃ। এবং ত্যাগাদনন্তরোক্তেন নির্ণীতেন সন্ন্যাসেন যুক্তঃ কর্ম্ম কুর্ব্বন্নপি পরমাং নৈষ্কর্ম্ম্যসিদ্ধিং অধিগচ্ছতীতি পরমাং ধ্যাননিষ্ঠাং জ্ঞানযোগস্যাপি ফলভূতা-মধিগচ্ছতীত্যর্থঃ। বক্ষ্যমাণধ্যানযোগাবাপ্তিং সর্ব্বেন্দ্রিয়কর্ম্মোপরতিরূপামধিগচ্ছতি ॥ ৪৯ ॥

হনুমান্।—ইদং নষ্টমেতদিষ্টমহমিতি সক্তা বিষয়াবুদ্ধি র্যস্য নাস্তি সোঽসক্তবুদ্ধিঃ সর্ব্বত্র কর্ম্মসু তৎফলেষু পুত্রমিত্রকলত্রাদিষু চ অসক্তবুদ্ধিঃ নির্গতানি কর্ম্মাণি যস্মাৎ মরীচ্যুদক-গন্ধর্ব্বনগরদ্বিচন্দ্রদিঙ্মোহাদিষু বদ্ধবুদ্ধিঃ মুক্তস্বভাব পরমাত্মস্বরূপলাভাৎ স নিষ্কর্ম্মা তস্য ভাবো নৈষ্কর্ম্ম্যং তস্য নিষ্ক্রিয়াত্মস্বরূপাবস্থানলক্ষণস্য সিদ্ধিং নিবৃত্তিং পরমাং প্রকৃষ্টাং পুত্রমিত্রকলত্রাদি-

বিষয়েভ্য তথাচ শ্রুতিঃ। "আত্মানঞ্চেদ্বিজানীয়াদয়মস্মীতি পুরুষঃ। কিমিচ্ছন্ কস্য কামায় শরীরমনুসংজ্বরেৎ।" "আত্মলাভান্নপরং বিদ্যতে" ইতি স্মৃতিশ্চ তস্মাৎ সিদ্ধিং সংন্যাসেনাধিগচ্ছতি ॥ ৪৯॥

শ্রীধর।—নমু কর্ম্মণি ক্রিয়মাণে কথং দোষাংশপ্রহাণেন গুণাংশ এব সংপদ্যত ইত্যপেক্ষায়ামাহ অসক্তবুদ্ধিরিতি। অসক্তা সঙ্গশূন্যা বুদ্ধির্যস্য জিতাত্মা নিরহঙ্কারঃ বিগতা স্পৃহা ফলবিষয়া যস্মাৎ স এবংভূতঃ,"সঙ্গং ত্যক্ত্বা ফলঞ্চৈব স ত্যাগঃ সাত্বিকোমত"ইত্যেবং পূর্ব্বোক্তেন কর্ম্মাসক্তিফলযোস্ত্যাগলক্ষণেন সংন্যাসেন নৈষ্কর্ম্ম্যসিদ্ধিং সর্ব্বকর্ম্মনিবৃত্তিলক্ষণাং সত্বশুদ্ধিমধিগচ্ছতি। যদ্যপি সঙ্গফলয়োস্ত্যাগেন কর্ম্মানুষ্ঠানমপি নৈষ্কর্ম্ম্যমেব কর্ত্তৃত্বাভিনিবেশাভাবাৎ। তদুক্তং "নৈব কিঞ্চিৎ করোমীতি যুক্তোমন্যেত তত্ত্ববি"দিত্যাদিশ্লোকচতুষ্টয়েন, তথাপ্যনেনোক্তলক্ষণেন সন্ন্যাসেন পরমাং নৈষ্কর্ম্ম্যসিদ্ধিং "সর্ব্বকর্ম্মাণি মনসা সংন্যস্যাস্তে সুখং বশী"ত্যেবংলক্ষণাং পারমহংসচর্য্যামাপ্নোতি ॥ ৪৯ ॥

বলদেব।—এবমাকাঙ্ক্ষঃ সনিষ্ঠো জ্ঞানগর্ভয়া কর্ম্মনিষ্ঠয়ানুভূতস্বস্বরূপস্ততঃ কর্ম্মনিষ্ঠাং স্বরূপতস্ত্যজেদিত্যাহ অসক্তেতি। সর্ব্বত্রাত্মাতিরিক্তেষু বস্তুষ্বসক্তবুদ্ধিঃ। যতো জিতাত্মা স্বাত্মানন্দাস্বাদেন বশীকৃতমনাঃ অত এব বিগতস্পৃহঃ আত্মাতিরিক্তবস্তুসাধ্যেষু নানাবিধেষানন্দেষু স্পৃহাশূন্যঃ। স্বাত্মানন্দাস্বাদবিক্ষেপকাণাং কর্ম্মণাং সংন্যাসেন স্বরূপতস্ত্যাগেন পরমাং নৈষ্কর্ম্ম্যলক্ষণাং সিদ্ধিমধিগচ্ছতি যোগারূঢ়ঃ সন্। এবমেবোক্তং তৃতীয়ে যস্ত্বাত্মরতিরেব স্যাদিত্যাদিনা ॥ ৪৯ ॥

মধুসূদন।—কিং পুনঃ সর্ব্বকর্ম্মত্যাগাসমর্থঃ যো নিত্যানিত্যবস্তুবিবেকজেনেহামুত্রার্থভোগবৈরাগ্যেণ শমদমাদিসম্পন্নঃ কর্ম্মজাং সিদ্ধিমশুদ্ধিপরিক্ষয়দ্বারা মুমুক্ষুঃ শুদ্ধব্রহ্মাত্মৈক্যজিজ্ঞাসাং প্রাপ্তঃ সঃ স্বেষ্টমোক্ষহেতুব্রহ্মাত্মৈক্যজ্ঞানসাধনবেদান্তবাক্যশ্রবণাদি কর্ত্তুং সর্ব্ববিক্ষেপনিবৃত্ত্যা তচ্ছেষভূতং সর্ব্বকর্ম্মসংন্যাসং শ্রুতস্মৃতিবিহিতং কুর্য্যাদেব, তথা "তস্মাদেবং-বিচ্ছান্তোদান্ত উপরতস্তিতিক্ষুঃ সমাহিতোভূত্বাত্মন্যেবাত্মানং পশ্যেৎ" ইতি শ্রুতেঃ, "সত্যানৃতে সুখদুঃখে বেদানিমং লোকমমুঞ্চ পরিত্যজ্যাত্মানমন্বিচ্ছেৎ" ইতি স্মৃতেশ্চ। উপরতস্ত্যক্তসর্ব্বকর্ম্মাভূত্বাত্মানং পশ্যেদাত্মদর্শনায় বেদান্তবাক্যানি বিচারয়েদিতি শ্রুত্যর্থঃ। এতাদৃশ এব "ব্রহ্মসংস্থোহমৃতত্বমেতী"তি শ্রুত্যা ধর্ম্মস্কন্ধত্রয়বিলক্ষণত্বেন প্রতিপাদিতঃ পরমহংসপরিব্রাজকঃ পরমহংসপরিব্রাজকং কৃতকৃত্যং গুরুমুপসৃত্য বেদান্তবাক্যবিচারসমর্থোহমুদ্দিশ্য "অথাতোব্রহ্মজিজ্ঞাসে"ত্যাদিচতুর্লক্ষণমীমাংসা ভগবতা বাদরায়ণেন সমারব্ধা, কীদৃশোহসাবিত্যাহ সর্ব্বত্র পুত্রদারাদিষু সক্তিনিমিত্তেষ্বপি অসক্তবুদ্ধিঃ অহমেষাং মমৈত ইত্যভিষঙ্গরহিতা বুদ্ধির্যস্য সঃ যতোজিতাত্মা বিষয়েভ্যঃ প্রত্যাহৃত্য বশীকৃতান্তঃকরণঃ বিষয়রাগে সতি কথং প্রত্যাহরণং তত্রাহ বিগতস্পৃহঃ দেহজীবিতভোগেষ্বপি বাঞ্ছারহিতঃ সর্ব্বদৃশ্যেষু দোষদর্শনেন নিত্যবোধপরমানন্দরূপমোক্ষগুণদর্শনেন চ সর্ব্বতোবিরক্ত ইত্যর্থঃ য এবং শুদ্ধান্তঃকরণঃ "স্বকর্ম্মণা তমভ্যর্চ্চ্য সিদ্ধিং বিন্দতি মানব"ইতি বচনপ্রতিপাদিতাং কর্ম্মজামপরমাং সিদ্ধিং জ্ঞানসাধনবেদান্তবাক্যবিচারাধিকারলক্ষণাং জ্ঞাননিষ্ঠাযোগ্যতাং প্রাপ্তঃ সঃ সন্ন্যাসেন শিখাযজ্ঞোপবীতাদিসহিতসর্ব্বকর্ম্মত্যাগেন হেতুনা তৎপূর্ব্বকেণ

বিচারেণেত্যর্থঃ নৈষ্কর্ম্যসিদ্ধিং নিষ্কর্ম ব্রহ্ম তদ্বিষয়ং বিচারপরিনিষ্পন্নং জ্ঞানং নৈষ্কর্ম্যম্ তদ্রূপাম্ সিদ্ধিং পরমাং কর্ম্মজায়া অপরমসিদ্ধেঃ ফলভূতাং অধিগচ্ছতি সাধনপরিপাকেন প্রাপ্নোতি অথবা সন্ন্যাসেনেতীত্থম্ভূতলক্ষণে তৃতীয়া সর্ব্বকর্ম্মসন্ন্যাসরূপাং নৈষ্কর্ম্যসিদ্ধিং ব্রহ্মসাক্ষাৎকারযোগ্যতাং নৈর্গুণ্যলক্ষণাং সিদ্ধিং পরমাং পূর্ব্বস্যাঃ সিদ্ধেঃ সাত্ত্বিক্যাঃ ফলভূতামধিগচ্ছতীত্যর্থঃ ॥ ৪৯ ॥

নীলকণ্ঠ।—স্বকর্ম্মণামীশ্বরে সমর্পণং কর্ত্তব্যমিত্যুক্ত্বা অনন্তরশ্লোকদ্বয়েন স্বকর্ম্মণামাবশ্যকত্বমুক্ত্বা তেষাং পরমেশ্বরেঽর্পণেন কিং ফলং স্যাদিত্যত আহ অসক্তেতি। সংন্যাসেন "কার্য্যমিত্যেব যৎ কর্ম্ম নিয়তং ক্রিয়তেঽর্জ্জুন। সঙ্গং ত্যক্ত্বা ফলঞ্চৈব স ত্যাগো সাত্ত্বিকোমতঃ।" ইতি পূর্ব্বোক্তেন মুখ্যসাত্ত্বিকত্যাগেন, অসক্তবুদ্ধিঃ পুত্রদারাদিষু সক্তিপদেষ্বাসক্তিবর্জ্জিতা বুদ্ধির্যস্য সোঽসক্তবুদ্ধির্ব্বিরক্ত ইত্যর্থঃ অতএব জিতাত্মা শান্তচিত্তঃ বিগতস্পৃহঃ বিশেষেণ গতা স্পৃহা তৃষ্ণা যস্য তাদৃশো ভূত্বা নৈষ্কর্ম্যসিদ্ধিং কার্ৎস্ন্যেন স্বরূপতঃ কর্ম্মত্যাগলক্ষণাং পরিব্রাজকসিদ্ধিং পরমাং পূর্ব্বোক্তামুখ্যত্যাগাপেক্ষয়াতিশ্রেষ্ঠাং ন দ্বেষ্ট্যকুশলং কর্ম্মেতি শ্লোকে ব্যাখ্যাতাং অধিগচ্ছতি প্রাপ্নোতি ॥ ৪৯ ॥

বিশ্বনাথ।—এবং সতি কর্ম্মণি দোষাংশান্ কর্ত্তৃত্বাভিনিবেশফলাভিসন্ধিলক্ষণান্ ত্যক্তবতঃ প্রথমসন্ন্যাসিনস্তস্য কালেন সাধনপরিপাকতো যোগারূঢ়দশায়াং কর্ম্মণাং স্বরূপেণাপি ত্যাগরূপং দ্বিতীয়ং সন্ন্যাসমাহ অসক্তেতি। অসক্তবুদ্ধিঃ সর্ব্বত্রাপি প্রাকৃতবস্তুষু ন সক্তা আসক্তিশূন্যা বুদ্ধির্যস্য সঃ অতোজিতাত্মা বশীকৃতচিত্তঃ বিগতা ব্রহ্মলোকপর্য্যন্তেষ্বপি সুখেষু স্পৃহা যস্য সঃ ততশ্চ সন্ন্যাসেন কর্ম্মণাং স্বরূপেণাপি ত্যাগেন নৈষ্কর্ম্যস্য পরমাং শ্রেষ্ঠাং সিদ্ধিং অধিগচ্ছতি প্রাপ্নোতি যোগারূঢ়দশায়াং তস্য নৈষ্কর্ম্যং অতিশয়েন সিদ্ধির্ভবতীত্যর্থঃ ॥ ৪৯ ॥

তাৎপর্য্য।—পূর্ব্ব শ্লোকে যে ভাব প্রকটিত হইয়াছে, তাহার দ্বারা ইহাই উপলব্ধ হয় যে, দোষযুক্ত হইলেও স্বভাবজাত কর্ম্মানুষ্ঠান করিতে থাকিলে মানব সিদ্ধি লাভ করিতে পারে। সুতরাং সহজেই মনে হইতে পারে যে, দোষসংস্কৃত কর্ম্মানুষ্ঠান করিলেও সিদ্ধি লাভ ঘটিবে, ইহা অসঙ্গত ব্যবস্থা। এইরূপ আশঙ্কা নিবারণের নিমিত্ত সমালোচ্য শ্লোক অবতারিত হইয়াছে। এই শ্লোকে শ্রীভগবান্ দেখাইতেছেন যে, সর্ব্ব ব্যাপারে সাংসারিক ভোগসুখ-বিধায়ক যাবতীয় বাহ্য বিষয়ে আসক্তি রহিত হইয়া, আপনার অনুষ্ঠান সমূহকে সংযত ও সীমাবদ্ধ করিয়া এবং যাবতীয় বাসনা পরিহার করিয়া কর্ম্মানুষ্ঠান করিতে পারিলে সিদ্ধি লাভ করা যায়। এইরূপ সন্ন্যাস অর্থাৎ কর্ম্মত্যাগ দ্বারা ক্রিয়ারাহিত্যরূপ পরম অবস্থা প্রাপ্ত হওয়া যায়।

পূজ্যপাদ শ্রীমদ্রামানুজাচার্য্যের অভিপ্রায়। যিনি শুভাশুভ সমস্ত

কর্ম্মফলেই অসক্তচিত্ত, যিনি জিতাত্মা অর্থাৎ জিতমনাঃ, এবং যিনি সর্ব্বত্র পরম পুরুষের কর্তৃত্বানুসন্ধান করিয়া আত্মকর্তৃত্বে স্পৃহা রহিত, সেই পরম জ্ঞানী সাধক এইরূপ কর্তৃত্ব ও অহঙ্কারাদির ত্যাগ হেতু অনন্যরূপে নির্ণীত সন্ন্যাস দ্বারা যুক্ত হইয়া কর্ম্মানুষ্ঠান করিলেও পরমা নৈষ্কর্ম্ম্যসিদ্ধি প্রাপ্ত হইয়া থাকেন। অর্থাৎ তিনি জ্ঞানযোগের ফলভূত পরম ধ্যাননিষ্ঠা লাভ করেন। অপিচ তিনি বক্ষ্যমাণ সর্ব্বেন্দ্রিয়ের উপরমরূপ ধ্যানযোগ লাভ করিয়া কৃতকৃত্য হইয়া থাকেন।

পূজ্যপাদ শ্রীমদ্ধনুমানের অভিপ্রায়। এই বস্তু নষ্ট হইলে আমি নষ্ট হইব, এইরূপ সক্ত অর্থাৎ বস্তুনিষয় বুদ্ধি যাঁহার নাই, তিনিই অসক্তবুদ্ধি, সর্ব্বত্র অর্থাৎ কর্ম্ম, কর্ম্মফল এবং পুত্র মিত্র কলত্রাদিতে অসক্তবুদ্ধি; যাঁহার চিত্ত হইতে কর্ম্ম নির্গত হইয়াছে, অর্থাৎ পরমাত্মস্বরূপ লাভ হেতু মরীচিকায় উদক ভ্রম, আকাশে গন্ধর্ব্বনগর দর্শন, দ্বিচন্দ্র অবলোকন, এবং দিঙ্মোহ প্রভৃতি ভ্রম হইতে মুক্তবুদ্ধির ন্যায় কর্ম্মজাল হইতে বুদ্ধি নির্ম্মুক্ত হইয়াছে, তিনিই নিষ্কর্ম্মা। নিষ্কর্ম্মা ভাবই নৈষ্কর্ম্ম্য। এতাদৃশ নিষ্ক্রিয়াত্ম স্বরূপে অবস্থিত পুরুষের পুত্রমিত্র কলত্রাদিরূপ বিষয় হইতে নিবৃত্তিলক্ষণা প্রকৃষ্টা সিদ্ধি লাভ হইয়া থাকে। শ্রুতিও বলিয়াছেন, "আত্মানঞ্চেদ্ বিজানীয়াদয়মস্মীতি পুরুষঃ। কিমিচ্ছন্ কস্য কামায় শরীরমনুসংজ্বরেৎ॥" (পঞ্চদশী, তৃপ্তিদীপ ১ম শ্লোক) অর্থাৎ পুরুষ যদি জানিতে পারেন যে, আমিই সেই পরমাত্মস্বরূপ, তাহা হইলে তিনি আর কি ইচ্ছা করিয়া বা কোন কামনায় শরীরের সুখদুঃখাদি আপনার বলিয়া গ্রহণ করিবেন? স্মৃতিও বলিয়াছেন, "আত্মলাভান্ন পরং বিদ্যাৎ।" অর্থাৎ আত্মলাভ হইতে আর কোন জ্ঞাতব্য বিষয় নাই।

পূজ্যপাদ শ্রীমন্মধুসূদন সরস্বতীর অভিপ্রায়। যে ব্যক্তি সর্ব্ব কর্ম্মত্যাগে অসমর্থ, এবং নিত্যানিত্য বস্তু বিবেকজনিত ইহকালের ও পরকালের ফলভোগে স্পৃহারাহিত্য হেতু শমদমাদি গুণসম্পন্ন, অপিচ কর্ম্মানুষ্ঠানজনিত অশুদ্ধি ক্ষয়ের পরিণাম স্বরূপে ব্রহ্মাত্মজ্ঞানজনিত মুমুক্ষু অবস্থা প্রাপ্ত হইয়াছেন, তাদৃশ সাধক মোক্ষসাধন স্বরূপ ব্রহ্মাত্মৈক্য জ্ঞানসম্পন্ন হইয়া বেদান্ত বাক্য পরিজ্ঞানজনিত শ্রবণ মননাদি করিবার অভিপ্রায়ে চিত্তের সর্ব্বপ্রকার বিক্ষেপ নিবারণ পূর্ব্বক সাধনের শেষ স্বরূপ শ্রুতি স্মৃতি বিহিত

সর্ব্ব কর্ম্মসন্ন্যাস অবলম্বন করিয়া থাকেন। ইহার সংক্ষিপ্ত ভাবার্থ এই যে, নিত্যানিত্য বস্তু বিবেকজনিত এবং কর্ম্মানুষ্ঠানের পরিণাম স্বরূপ চিত্ত-শুদ্ধিজাত জ্ঞানের পরিপাক হইলে শ্রুতি স্মৃতিবিহিত সর্ব্বকর্ম্মসন্ন্যাস আবশ্যক। শ্রুতি বলিয়াছেন, "এবং বিচ্ছান্তো দান্ত উপরতস্তিতিক্ষুঃ সমাহিতো ভূত্বাত্মন্যেবাত্মানং পশ্যেৎ" (৬ষ্ঠ অধ্যায় ৩৭ শ্লোকের তাৎপর্য্য দ্রষ্টব্য), স্মৃতিও বলিয়াছেন, "সত্যানৃতে সুখদুঃখে বেদানিমং লোক-মমুঞ্চ পরিত্যজ্যাত্মানমন্বিচ্ছেৎ॥" ইহার ভাবার্থ যথা; সত্য মিথ্যা, সুখদুঃখ, বেদ, ইহলোক, পরলোক সমস্ত পরিত্যাগ করিয়া আত্মলাভের ইচ্ছা করিবে। শ্রুতি আরও বলিয়াছেন, "ব্রহ্মসংস্থোঽমৃতত্বমেতি" (ছান্দোগ্য উপনিষৎ ২৩শ খণ্ড ২য় প্রপাঠক ১ম শ্রুতি) ইহার ভাবার্থ এই যে, ব্রহ্মজ্ঞানসম্পন্ন ব্যক্তি অমৃতত্ব অর্থাৎ মুক্তি প্রাপ্ত হইয়া থাকেন। এইরূপ শ্রুতিসম্মতিক্রমে ধর্ম্মস্কন্ধত্রয় অতিবাহিত করিয়া পরমহংস অবস্থায় (১.২১ পৃষ্ঠার টিপ্পনী দ্রষ্টব্য) উপনীত হইবার পর কৃতকৃত্য অর্থাৎ সিদ্ধিপ্রাপ্ত গুরুসমীপে উপস্থিত হইয়া বেদান্তবাক্য বিচার সামর্থ্য বুঝিয়া ব্রহ্মজিজ্ঞাসায় প্রবৃত্ত হইবেন এবং ভগবান্ বাদরায়ণি বেদব্যাস (১৩৩৩।১৮১১ পৃষ্ঠার টিপ্পনী দ্রষ্টব্য) কর্ত্তৃক প্রতিষ্ঠিত "অথাতো ব্রহ্মজিজ্ঞাসা" (বেদান্তসূত্র ১ম অধ্যায় ১ম পাদ ১ম শ্রুতি) ইত্যাদি চতুর্লক্ষণ মীমাংসার আলোচনায় প্রবর্ত্ত হইবেন। উল্লিখিতরূপ সাধন-নিরত মহাত্মা কিরূপ, তাহাই ব্যক্ত করিবার জন্য এই শ্লোক অবতারিত হইয়াছে। তিনি সর্ব্বত্র আসক্তি শূন্য, অর্থাৎ পুত্রদারাদি যে সকল বিষয়ে মনুষ্যের স্বভাবতঃ আসক্তি হইয়া থাকে, তদ্বিষয়েও আসক্তি রহিত 'আমি ইহাদিগের' অথবা 'ইহারা আমার' ইত্যাকার সঙ্গজড়িত বুদ্ধি রহিত। কেন তাঁহার এ ভাব হয়, এতদুত্তরে বক্তব্য যে, তিনি জিতাত্মা, অর্থাৎ বিষয় ব্যাপার হইতে প্রত্যাহৃত অন্তঃকরণকে তিনি সম্পূর্ণরূপে বশীভূত করিতে সমর্থ। যদি জিজ্ঞাসা করা যায় যে, বিষয়ের প্রতি অনুরাগ থাকিলে আত্মার প্রত্যাহার কিরূপে সম্ভব হইতে পারে? তদুত্তরে কথিত হইতেছে যে, তিনি বিগতস্পৃহ, অর্থাৎ দেহ, জীবন এবং ভোগ্য বিষয় সমূহে বাঞ্ছাবিহীন; তিনি সকল বিষয় ব্যাপারে দোষদর্শন হেতু এবং নিত্য পরমানন্দরূপ মোক্ষের মাহাত্ম্য দর্শনে সকল বিষয় ব্যাপারে

বিরক্ত। যিনি এইরূপ শুদ্ধান্তঃকরণ, "স্বকর্ম্মণা তমভ্যর্চ্চ্য সিদ্ধিং বিন্দতি মানবঃ" (১৮। ৪৬) শ্রীভগবানের এই বচনানুরূপ কর্ম্মজনিত অপরমা সিদ্ধি লাভ করিয়াছেন, এবং জ্ঞান সাধন স্বরূপ বেদান্তবাক্য বিচারাদির অধিকাররূপ জ্ঞাননিষ্ঠা-যোগ্যতা প্রাপ্ত হইয়াছেন, তিনি সন্ন্যাস দ্বারা অর্থাৎ শিখা, * যজ্ঞোপবীত প্রভৃতির সহিত সর্ব্বকর্ম্ম পরিত্যাগ পূর্ব্বক নৈষ্কর্ম্ম্য সিদ্ধি প্রাপ্ত হইয়া থাকেন। নিষ্কর্ম্ম অর্থাৎ ব্রহ্ম, তদ্বিষয়ক বিচার দ্বারা পরিনিষ্পন্ন জ্ঞানই নৈষ্কর্ম্ম্য। সেই ব্রহ্মজ্ঞান প্রাপ্তিরূপ পরমা সিদ্ধি লাভ করিয়া সেই সর্ব্বত্যাগী স্পৃহারহিত ব্রহ্মনিষ্ঠ মহাত্মা ধন্য হইয়া থাকেন। শেষাংশের অন্যরূপ অর্থও সম্ভব। তদ্ যথা, "সন্ন্যাসেন" এই পদে 'ইত্থম্ভূত লক্ষণে' তৃতীয়া প্রযুক্ত হইয়াছে, এরূপ মনে করিলে অর্থান্তর অবধারণ করা যাইতে পারে। সর্ব্বকর্ম্ম সন্ন্যাসরূপ নৈষ্কর্ম্ম্যসিদ্ধি অর্থাৎ ব্রহ্মসাক্ষাৎকার যোগ্যতারূপ পরমাসিদ্ধি প্রাপ্ত হইয়া থাকেন। পূর্ব্বে যে সিদ্ধির তিনি অধিকারী হইয়াছিলেন, তাহার অপেক্ষাও এই সিদ্ধি শ্রেষ্ঠা।

এই শ্লোকের পূজ্যপাদ ভাষ্য ও টীকাকৃদ্গণের অভিপ্রায় আলোচনা করিয়া ইহাই উপলব্ধ হয় যে, যিনি সর্ব্বত্র মমতা রহিত, যাঁহার চিত্ত সর্ব্বথা বশীভূত এবং যিনি সর্ব্ববিষয়ে বাসনাবিহীন, তিনি জ্ঞাননিষ্ঠা প্রভাবে সর্ব্বকর্ম্ম পরিত্যাগ করিয়া যোগারূঢ় বা ধ্যানপরায়ণ হইয়া থাকেন এবং পরমাসিদ্ধি লাভ করেন ॥ ৪৯ ॥

* শিখা।—উত্তমাঙ্গের মধ্যস্থলে যে কেশগুচ্ছ ধর্ম্ম সাধনের উদ্দেশ্যে এবং লাক্ষণিক অনুষ্ঠানরূপে আর্য্যগণকে রক্ষা করিতে হয়, তাহারই নাম শিখা। শিখা সনাতন ধর্ম্মবাদিদিগের চিহ্নবিশেষ ও নিদর্শনস্বরূপ। ইহা ব্যতীত কোন ধর্ম্মানুষ্ঠান সুসম্পন্ন হয় না। শিখা সর্ব্বদা বিধানানুসারে বন্ধন করিয়া রাখা আবশ্যক। মুক্তশিখ ব্যক্তির আচমনাদিতে অধিকার নাই। যথা;—"শিরঃ প্রাবৃত্য কণ্ঠং বা মুক্তকচ্ছশিখোঽপিবা। অকৃত্বা পাদয়োঃ শৌচং আচান্তোঽপ্য-শুচির্ভবেৎ॥" (আহ্নিকতত্ত্ব) অর্থাৎ মস্তক বা কণ্ঠ আবৃত করিয়া কিম্বা মুক্তকচ্ছ বা মুক্ত শিখ হইয়া অথবা পাদধৌত না করিয়া আচমন করিলেও শুচি হওয়া যায় না। কেবল যে ব্রাহ্মণেরাই শিখা ধারণে বাধ্য তাহা নহে, অন্যান্য সকল বর্ণেরই শিখা ধারণ অত্যাবশ্যক। চূড়া, কেশপাশী, জুটিকা, কেশী, শিখণ্ডিকা এই সকল শিখার নামান্তর।

সিদ্ধিং প্রাপ্তো যথা ব্রহ্ম তথাপ্নোতি নিবোধ মে।
সমাসেনৈব কৌন্তেয়! নিষ্ঠা জ্ঞানস্য যা পরা ॥ ৫০ ॥

অন্বয়।—হে কৌন্তেয়! (কুন্তীতনয়!) সিদ্ধিং প্রাপ্তঃ [সন্] যথা (যেন রূপে ণ) ব্রহ্ম আপ্নোতি (লভতে) তথা (তং প্রকারং) সমাসেন (সংক্ষেপেণ) মে (মম সকাশাৎ) নিবোধ (জানীহি) জ্ঞানস্য যা পরা (শ্রেষ্ঠা) নিষ্ঠা (সমাপ্তিঃ) [তামপি শৃণু] ॥ ৫০ ॥

প্রতিশব্দ।—হে কৌন্তেয়! সিদ্ধিকে প্রাপ্ত [হইয়া] যে-রূপে ব্রহ্ম-লাভ-করে, সেই-প্রকার সংক্ষেপে আমার-নিকট অবগত হও, জ্ঞানের যে শ্রেষ্ঠ নিষ্ঠা [তাহাও শুন] ॥ ৫০ ॥

ব্যাখ্যা।—হে কৌন্তেয়! নৈষ্কর্ম্ম্য সিদ্ধি প্রাপ্ত হইলে যেরূপে ব্রহ্মলাভ করে, তাহা সংক্ষেপে আমার নিকট হইতে অববোধ কর; অপিচ শ্রেষ্ঠ জ্ঞাননিষ্ঠাও শ্রবণ কর ॥ ৫০ ॥

শঙ্করাচার্য্য।—তথাচোক্তং সর্ব্বকর্ম্মাণি মনসা সন্ন্যস্য নৈবকুর্ব্বন্নকারয়ন্নাস্তে ইতি পূর্ব্বোক্তেন স্বকর্ম্মানুষ্ঠানেন ঈশ্বরাভ্যর্চ্চনস্বরূপেণ জনিতাং প্রাগুক্তলক্ষণাং সিদ্ধিং প্রাপ্তস্যোৎপন্নাত্মবিবেকজ্ঞানস্য কেবলাত্মজ্ঞাননিষ্ঠারূপা নৈষ্কর্ম্ম্যলক্ষণা সিদ্ধির্যেন ক্রমেণ ভবতি তদ্বক্তব্যমিত্যাহ সিদ্ধিমিতি। সিদ্ধিং প্রাপ্তঃ স্বকর্ম্মণেশ্বরং সমভ্যর্চ্চ্য তৎপ্রসাদজাং কায়েন্দ্রিয়াণাং জ্ঞাননিষ্ঠাযোগ্যতালক্ষণাং সিদ্ধিং প্রাপ্ত ইতি তদনুবাদ উত্তরার্থঃ, কিন্তদুত্তরং যদর্থোঽনুবাদ ইত্যুচ্যতে যথা যেন প্রকারেণ জ্ঞাননিষ্ঠারূপেণ ব্রহ্ম পরমাত্মানমাপ্নোতি তথা তং প্রকারঃ জ্ঞাননিষ্ঠাপ্রাপ্তিক্রমং মে মম বচনান্নিবোধ ত্বং নিশ্চয়েনাবধারয়েত্যেতৎ। কিং বিস্তরেণ নেত্যাহ সমাসেনৈব সংক্ষেপেণৈব হে কৌন্তেয়! যথা ব্রহ্ম প্রাপ্নোতি তথা নিবোধেতি অনেন প্রকারেণ যা প্রতিজ্ঞাতা ব্রহ্মপ্রাপ্তিস্তামিদন্তয়া দর্শয়িতুমাহ নিষ্ঠা জ্ঞানস্য যা পরেতি নিষ্ঠা পর্য্যবসানং পরিসমাপ্তিরিত্যেতৎ কস্য ব্রহ্মজ্ঞানস্য যা পরা পরিসমাপ্তিঃ কীদৃশী সা যাদৃশমাত্মজ্ঞানং কীদৃক্ তৎ যাদৃশ আত্মা কীদৃশোঽসৌ যাদৃশোভগবতোক্ত উপনিষদ্বাক্যৈশ্চ ন্যায়তশ্চ। নন্থ বিষয়াকারং জ্ঞানং ন বিষয়োনাপ্যাকারবানাত্মেষ্যতে কচিৎ। নন্বাদিত্যবর্ণো ভারূপঃ স্বয়ং জ্যোতিরিত্যাকারবত্ত্বমাত্মনঃ শ্রূয়তে ন তমোরূপত্বপ্রতিষেধার্থত্বাত্তেষাং বাক্যানাং দ্রব্যগুণাদ্যাকারপ্রতিষেধে আত্মনস্তমোরূপত্বে প্রাপ্তে তৎপ্রতিষেধার্থান্যাদিত্যাদিবাক্যানি অরূপমিতি চ বিশেষতোরূপপ্রতিষেধাদবিষয়ত্বাচ্চ "ন সংদৃশে তিষ্ঠতি রূপমস্য ন চক্ষুষা পশ্যতি কশ্চ নৈনং। অশব্দমস্পর্শ"মিত্যাদ্যৈস্তস্মাদাত্মাকারং জ্ঞানমিত্যনুপপন্নং কথং তর্হ্যাত্মনোজ্ঞানং সর্ব্বং হি যদ্বিষয়ং জ্ঞানং তত্তদাকারং ভবতি

নিরাকারশ্চ আত্মেত্যুক্তং জ্ঞানাত্মনোশ্চোভয়োর্নিরাকারত্বে কথং তদ্ভাবনানিষ্ঠেতি নাত্যন্ত-নির্ম্মলত্বস্বচ্ছত্বসূক্ষ্মত্বোপপত্তেরাত্মনো বুদ্ধেশ্চাত্মসমনৈর্ম্মল্যাদ্যুপপত্তেরাত্মচৈতন্যাকারাভাসত্বোপপত্তিঃ বুদ্ধ্যোভাসং মনস্তদাভাসানীন্দ্রিয়াণি ইন্দ্রিয়াভাসশ্চ দেহোঽতোলৌকিকৈর্দেহমাত্রএবাত্মদৃষ্টিঃ ক্রিয়তে দেহচৈতন্যবাদিনশ্চ লোকায়তিকাশ্চৈতন্যবিশিষ্টঃ কায়ঃ পুরুষ ইত্যাহুঃ, তথান্যে ইন্দ্রিয়চৈতন্যবাদিনোঽন্যে মনশ্চৈতন্যবাদিনোঽন্যে বুদ্ধিচৈতন্যবাদিনস্ততোঽপ্যন্তরমব্যক্তমব্যাকৃতাখ্যমবিদ্যাবস্থমাত্মত্বেন প্রতিপন্নাঃ কেচিৎ প্রকৃতিচৈতন্যবাদিনঃ, সর্ব্বত্র হি বুদ্ধ্যাদিদেহান্তে আত্মচৈতন্যাভাসতাত্মভ্রান্তিঃ কারণমিত্যতশ্চাত্মবিষয়ং জ্ঞানং ন বিধাতব্যং কিং তর্হি নামরূপাদ্যনাত্মাধ্যারোপেণ নিবৃত্তিরেব কার্য্যা, নাত্মচৈতন্যবিজ্ঞানং সর্ব্বৈরভ্যুপগম্যত্বে অবিদ্যাধ্যারোপিত-সর্ব্বপদার্থাকারৈরেব বিশিষ্টতয়া গৃহ্যমানত্বাৎ, অতএব বিজ্ঞানবাদিনো বৌদ্ধাঃ বিজ্ঞানব্যতিরেকেণ বস্ত্বেব নাস্তীতি প্রতিপন্নাঃ প্রমাণান্তরনিরপেক্ষতাঞ্চ স্বসম্বিদিতত্বাভ্যুপগমেন তস্মাদবিদ্যাধ্যারোপণ-নিরাকরণমাত্রং ব্রহ্মণি কর্ত্তব্যং ন তু ব্রহ্মবিজ্ঞানে যত্নোঽত্যন্তপ্রসিদ্ধত্বাদবিদ্যাকল্পিতনামরূপ-বিশেষাকারপ্রকৃতবুদ্ধিত্বাদত্যন্তপ্রসিদ্ধং সুবিজ্ঞেয়মাসন্নতরমাত্মভূতমপ্যপ্রসিদ্ধং দুর্ব্বিজ্ঞেয়মতি-দূরং অন্যদিব চ প্রতিভাতি অবিবেকিনাং বাহ্যাকারনিবৃত্তবুদ্ধীনান্তু লব্ধগুর্ব্বাত্মপ্রসাদানাং নাতঃ পরং সুখং সুপ্রসিদ্ধং সুবিজ্ঞেয়মাসন্নমস্তি তথাচোক্তং প্রত্যক্ষাবগমং ধর্ম্ম্যমিত্যাদি। কেচিত্তু পণ্ডিতং-মন্যা নিরাকারত্বাদাত্মবস্তু নোপৈতি বুদ্ধিরতোঽতঃসাধ্যা সম্যগ্‌জ্ঞাননিষ্ঠেত্যাহুঃ সত্যমেবং গুরুসম্প্র-দায়রহিতানামশ্রুতবেদান্তানামত্যন্তবহির্ব্বিষয়াসক্তবুদ্ধীনাং সম্যক্‌প্রমাণেষ্বকৃতশ্রমাণাং তদ্বিপরীতা-নান্তু লৌকিকগ্রাহ্যগ্রাহকদ্বৈতবস্তুনি সদ্বুদ্ধির্নিতরাং দুঃসম্পাদ্যা আত্মচৈতন্যব্যতিরেকেণ বস্ত্বন্তরা-নুপলব্ধেঃ যথা চৈতদেবমেব নান্যথেত্যবোচাম। উক্তঞ্চ ভগবতা "যস্যাং জাগ্রতি ভূতানি সা নিশা পশ্যতো মুনে"রিতি। তস্মাদ্বাহ্যাকারভেদবুদ্ধিনিবৃত্তিরেবাত্মস্বরূপালম্বনে কারণং ন হ্যাত্মা নাম কস্যচিৎ কদাচিদপ্রসিদ্ধঃ প্রাপ্যো হেয় উপাদেয়ো বা অপ্রসিদ্ধে হি তস্মিন্নাত্মনি স্বার্থাঃ সর্ব্বাঃ প্রবৃত্তয়ঃ ব্যর্থাঃ প্রসজ্যেরন্। ন চ দেহাদ্যচেতনার্থত্বং শক্যম্ কল্পয়িতুম্ ন চ সুখার্থং সুখং দুঃখার্থং বা দুঃখমাত্মাবগত্যবসানার্থত্বাচ্চ সর্ব্বব্যবহারস্য তস্মাদ্যথা স্বদেহস্য পরিচ্ছেদায় ন প্রমাণান্তরাপেক্ষা ততোঽপ্যাত্মনোঽন্তরতমত্বাত্তদবগতিং প্রতি ন প্রমাণান্তরাপেক্ষেত্যাত্মজ্ঞাননিষ্ঠাং বিবেকিনাং সুপ্রসিদ্ধেতি সিদ্ধং যেষামপি নিরাকারং জ্ঞানমপ্রত্যক্ষং তেষামপি জ্ঞানবশেনৈব জ্ঞেয়াবগতিরিতি জ্ঞানমত্যন্তং প্রসিদ্ধং সুখাদিবদেবেত্যভ্যুপগন্তব্যং, জিজ্ঞাসানুপপত্তেশ্চাপ্রসিদ্ধঞ্চেৎ জ্ঞানং জ্ঞেয়বজ্জিজ্ঞাস্যেত যথা জ্ঞেয়ং ঘটাদিলক্ষণং জ্ঞানেন জ্ঞাতা ব্যাপ্তুমিচ্ছতি তথা জ্ঞানমপি জ্ঞানান্তরেণ জ্ঞাতা ব্যাপ্তুমিচ্ছেৎ নচৈতদস্তি অতোঽত্যন্তপ্রসিদ্ধং জ্ঞানং জ্ঞাতাপ্যত এব প্রসিদ্ধ ইতি তস্মাৎ জ্ঞানে যত্নো ন কর্ত্তব্যঃ কিন্ত্বনাত্মবুদ্ধিনিবৃত্তাবেব তস্মাৎ জ্ঞাননিষ্ঠা সুসম্পাদ্যা ॥ ৫০ ॥

আনন্দগিরি।—সন্ন্যাসান্নৈষ্কর্ম্ম্যপ্রাপ্তিরিত্যত্র বাক্যোপক্রমানুকূল্যমাহ তথাচেতি। জ্ঞানস্য প্রাপ্তিযোগ্যতাবস্তো ভাবসমাধিস্তৎফলপ্রাপ্তৌ মুক্তাবুক্তায়াং বক্তব্যশেষো নাস্তীত্যা-শঙ্ক্যাহ পূর্ব্বোক্তেনেতি। ক্রমাখ্যং বস্তু তদিত্যুচ্যতে। সিদ্ধিপ্রাপ্ত ইত্যুক্তমেব কথাদনূদ্যতে তত্রাহ তদনুবাদ ইতি। উত্তরমেব প্রশ্নপূর্ব্বকং স্ফোরয়তি কিং তদিত্যাদিনা। জ্ঞাননিষ্ঠ

প্রাপ্তিক্রমস্য বিস্তরেণোক্তৌ দুর্ব্বোধত্বমাশংক্য পরিহরতি কিমিতি। চতুর্থপাদস্য পূর্ব্বেণাসঙ্গতি-মাশংক্যাহ যথেতি। নিষ্ঠায়াঃ সাপেক্ষত্বাৎ প্রতিসম্বন্ধি নির্দ্দেষ্টব্যমিত্যাহ কস্যেতি। য ব্রহ্মজ্ঞানস্য পরা নিষ্ঠা সা প্রকৃতস্য জ্ঞানস্য নিষ্ঠেত্যাহ ব্রহ্মেতি। তস্য পরা নিষ্ঠা ন প্রসিদ্ধেতি কৃত্বা সাধনানুষ্ঠানাধীনতয়া সাধ্যেতি মত্বা পৃচ্ছতি কীদৃশীতি। প্রসিদ্ধমাত্মজ্ঞানমনুরুধ্য ব্রহ্মজ্ঞান-নিষ্ঠা সুজ্ঞাতেত্যাহ যাদৃশমিতি। তত্রাপি প্রসিদ্ধিরসিদ্ধেতি শংকতে কীদৃগিতি। অর্থেনৈব বিশেষোহীতি ন্যায়েনোত্তরমাহঃযাদৃশইতি। তস্মিন্নপি বিপ্রতিপত্তেরপ্রসিদ্ধিমভিসন্ধায় পৃচ্ছতি কীদৃশইতি। ভগবদ্বাক্যান্যুপনিষদ্বাক্যানি সাশ্রিত্য পরিহরতি যাদৃশইতি। নজায়তে ম্রিয়তে বেত্যাদীনি বাক্যানি কূটস্থত্বমসঙ্গমিত্যাদিন্যায়ঃ। জ্ঞানস্য বিষয়াকারত্বাদাত্মনশ্চাবিষয়ত্বাদনা-কারত্বাচ্চ তদাকারকজ্ঞানাযোগাদাত্মপ্রসিদ্ধাবপি নাত্মজ্ঞানপ্রসিদ্ধিরিতিশঙ্কতে নন্বিতি। আকার-বত্ত্বমাত্মনঃ শ্রুতিসিদ্ধমিতি সিদ্ধান্তী শংকতে নন্বাদিত্যেতি। উক্তবাক্যানামন্যার্থত্বদর্শনেন পূর্ব্ববাদী পরিহরতি নেত্যাদিনা। সংগ্রহবাক্যং প্রপঞ্চয়তি দ্রব্যেতি। ইতশ্চাকারবত্ত্বমাত্মনো নাস্তীত্যাহ অরূপমিতি। যদাত্মনোবিষয়ত্বাভাবাত্তদ্বিষয়ং জ্ঞানং ন সম্ভবতীত্যুক্তং তদুপপা-দয়তি অবিষয়ত্বাচ্চেতি। আত্মনোবিষয়ত্বে শ্রুতিমুদাহরতি নেত্যাদিনা সংদৃশে সম্যগ্দর্শন-বিষয়ত্বায় যস্যাত্মনোরূপং ন তিষ্ঠতীত্যর্থঃ। তদেব করণাগোচরত্বেনোপপাদয়তি নেতি। শব্দাদিশূন্যত্বাচ্চাত্মা বিষয়োন ভবতীত্যাহ অশব্দইতি। আত্মনোবিষয়ত্বাকারবত্ত্বয়োরভাবে ফলিতমাহ তস্মাদিতি। জ্ঞানস্যাত্মাকারত্বাভাবে সত্যাত্মজ্ঞানমিতি ব্যপদেশাসিদ্ধিরিত্যেকদেশী শংকতে কথং তর্হি ইতি। কাত্রানুপপত্তিরিত্যাশংক্যাহ সর্ব্বংহীতি। আত্মনোঽপি তর্হি বিষয়ত্বেন জ্ঞানস্য তদাকারত্বং স্যাদিত্যাশংক্যাহ নিরাকারশ্চেতি। আত্মনোবিষয়রাহিত্যং চকারার্থঃ : আত্মবত্তৎজ্ঞানস্যাপি তর্হি নিরাকারত্বমবিষয়ত্বাপীত্যাহ জ্ঞানেতি। তচ্ছব্দেনাত্মজ্ঞানং গৃহ্যতে, তস্য ভাবনা পৌনঃপুন্যেনানুসন্ধানং, তস্য নিষ্ঠা সমাপ্তিরাত্মনি সাক্ষাৎকারদার্ঢ্যং ন বৈ তৎ সর্ব্বমাত্মনোজ্ঞানস্য বা নিরাকারত্বে সিধ্যতীত্যর্থঃ। জ্ঞানাত্মনোঃ সাম্যোপন্যাসেন সিদ্ধান্তী সমাধত্তে নেত্যাদিনা যথোক্তসাম্যানুসারাদাত্মচৈতন্যাভাসব্যাপ্তাজ্ঞানপরিণামবতী বুদ্ধিঃ সাভাসবুদ্ধিঃ ব্যাপ্তং মনঃ সাভাসমনোব্যাপ্তানীন্দ্রিয়াণি সাভাসেন্দ্রিয়ব্যাপ্তঃ স্থূলদেহস্তত্র লৌকিকভ্রান্তিং প্রমাণয়তি অতইতি। আত্মদৃষ্টে দেহমাত্রে দৃষ্টত্বাত্তত্র চৈতন্যাভাসব্যাপ্তি-রিন্দ্রিয়দ্বারা কল্প্যতে ইন্দ্রিয়েষু চ তদ্দৃষ্টিদর্শনাচ্চৈতন্যাভাসবত্ত্বং মনোদ্বারা সিধ্যতি মনসি চাত্ম-দৃষ্টেশ্চৈতন্যাভাসবত্ত্বং বুদ্ধিদ্বারা লভ্যতে বুদ্ধৌ চাত্মদৃষ্টেরজ্ঞানদ্বারা চৈতন্যাভাসসিদ্ধিরিত্যর্থঃ। দেহে লৌকিকমাত্মত্বদর্শনং ন্যায়াভাবাদুপেক্ষ্যমিত্যাশঙ্ক্যাহ দেহেতি। তথাপি কথমিন্দ্রিয়াণাং ন্যায়হীনমাত্মত্বমিত্যাশঙ্ক্যাহ তথেতি। তথাপি মনসোযদাত্মত্বং তৎন্যায়শূন্যমিত্যাশঙ্ক্যাহ অন্যইতি। বুদ্ধেরাত্মত্বমিতি ন্যায়োপেতমিতি সূচয়তি অন্য বুদ্ধীতি। দেহাদৌ বুধ্যন্তে পরমাত্মত্ব বুদ্ধির্নান্যত্রেতি নিয়মধারয়তি ততোঽপীতি তত্র হি সাভাসেহস্মর্যামিণি করণোপাসকানামাত্মধীরস্তীত্যর্থঃ। বুদ্ধ্যাদৌ দেহান্তে লৌকিকপরীক্ষকাণামাত্মত্বভ্রান্তৌ সাধারণকারণমাহ সর্ব্বত্রেতি। আত্মজ্ঞানস্য লৌকিকপরীক্ষকপ্রসিদ্ধত্বাদেব বিধিবিষয়ত্বমপি পরেষ্টং পরাস্তমিত্যাহ ইত্যতইতি জ্ঞানস্য বিধেয়ত্বা-

ভাবে কিং কর্ত্তব্যং দ্রষ্টব্যাদিবাক্যৈরিত্যাশঙ্ক্যাহ কিং তর্হীতি। আত্মজ্ঞানস্যাবিধেয়ত্বে প্রাগুক্তমতঃ শঙ্কিতং হেতুং বিবৃণোতি অবিদ্যেতি। দেহেন্দ্রিয়মনোবুদ্ধ্যাব্যক্তৈরুপলভ্যমানৈঃ সহোপলভ্যমানে চৈতন্যং নান্যথা তেষামুপলম্ভো জড়ত্বাদিত্যত্র বিজ্ঞানবাদী ভ্রান্তিং প্রমাণয়তি অতএবেতি। সর্ব্বং জ্ঞেয়ং জ্ঞানব্যাপ্তমেব জ্ঞায়তে তেন জ্ঞানাতিরিক্তং নাস্ত্যেব বস্তু সংমতং হি স্বপ্নদৃষ্টং বস্তু জ্ঞানাতিরিক্তং নাস্তীতি তে ভ্রামাস্তীত্যর্থঃ। জ্ঞানস্যাপি জ্ঞেয়ত্বাৎ জ্ঞাতৃবস্তস্তরমেষ্টব্যমিত্যাশঙ্ক্যাহ প্রমাণান্তরেতি। জ্ঞানস্য স্বেনৈব জ্ঞেয়ত্বোপগমনেনাতিরিক্তপ্রমাণনিরপেক্ষতাঙ্ক প্রতিপন্না ইতি সম্বন্ধঃ। ব্রহ্মাত্মবিজ্ঞানস্য সিদ্ধত্বেনাবিধেয়ত্বে ফলিতমাহ তস্মাদিতি। যত আত্মভাবং ন ব্রহ্মণস্তৎ জ্ঞানস্য চাত্যন্ত প্রসিদ্ধত্বে কথং ব্রহ্মণান্যথা প্রথা লৌকিকানামিত্যত্রাহ অবিদ্যেতি। যথা প্রতিমাস্থ চৰ্ম্মজ্ঞেয়ত্বাদিরূপমেব ব্রহ্ম কিং ন স্যাত্তত্রাহ বাহ্যেতি। গুরুপ্রসাদং গুশ্রূষয়া তোষিতবুদ্ধেরাচার্য্যস্য করুণাতিরেকাত্তত্বং বুধ্যতামিতি নিরবগ্রহোঽনুগ্রহঃ আত্মপ্রসাদস্তদিগন্তপদশক্তিতাং ব্যাখ্যাকাস্ত শ্রৌতযুক্ত্যনুসন্ধানাদাত্মনোমনসোবিষয়ব্যাপৃতস্য প্রত্যগেকাগ্রতয়া তৎ শ্রাবণ্যমিতি বিবেকঃ। আত্মজ্ঞানস্যাত্মদারা প্রসিদ্ধত্বে বাক্যোপক্রমং প্রমাণয়তি তথাচেতি। আত্মনোনিরাকারত্বাত্তস্মিন্ বুদ্ধেরপ্রবৃত্তেঃ সম্যক্‌জ্ঞাননিষ্ঠা ন সম্ভাব্যেতি মতমুত্থাপয়তি কেচিদ্বিতি। নিৰ্গুণানামস্বর্ণ্যত্বাৎ বা ব্রহ্মণি সম্যগ্‌জ্ঞাননিষ্ঠা দুঃসাধ্যেতি বিকল্প্যাদ্যং অঙ্গীকরোতি সত্যমিতি। গুণবিশেষণমনুত্তরোত্তরবিশেষণে হেতুত্বেন যোজনীয়ং। দ্বিতীয়ং দূষয়তি তাদৃশানামিতি। অন্তর্নিষ্ঠানাং দ্বৈতবিষয়ে সম্যগ্‌বুদ্ধের্বাভিশয়েন দুঃসম্পাদ্যত্বে হেতুমাহ আত্মেতি। তদ্ব্যতিরেকেণ বস্তুন্তরস্যাসত্ত্বং কথমিত্যাশঙ্ক্যাহ যথাচেতি। অদ্বৈতমেব বস্তু দ্বৈতং ত্ববিদ্যকং নান্যথা তাদৃক্‌কল্পিতোতদেব যথা স্যাত্তথোক্তবন্তো বয়ং তত্র তত্রাধ্যায়েষ্বিতি যোজনা। অন্তর্নিষ্ঠানামদ্বৈতদর্শিনাং দ্বৈতে নাস্তি সদ্বুদ্ধিরিত্যত্র ভগবতোঽপি সম্মতিমাহ উক্তঞ্চেতি। পরমতম্ নিরাকৃত্য প্রকৃতমুপসংহরন্নাত্মনোনিরাকারত্বে জ্ঞানস্য তদালম্বনত্বে কিং কারণমিত্যাশঙ্ক্যাহ তস্মাদিতি। নহ্যাত্মা কথঞ্চিৎ জ্ঞানক্রিয়াসাধ্যশ্চেত্তস্য হেয়োপাদেয়ান্যতরকোটিনিবেশাৎ প্রাপ্তং স্বর্গাদিবৎ ক্রিয়াসাধ্যত্বেনাসিদ্ধত্বং নেত্যাহ নহীতি। আত্মত্বাদেব প্রসিদ্ধত্বেন প্রাপ্যত্বাদনাত্মনস্তস্য হেয়োপাদেয়ত্বয়োরযোগান্ন ক্রিয়া সাধ্যত্বম্‌ঃ আত্মনশ্চেদ্যতে ক্রিয়াসিদ্ধত্বং তদা সর্ব্বপ্রবৃত্তীনামভাবনিঃশ্রেয়সার্থানাং আত্মার্থত্বানোগাদর্থিনোঽর্থত্বমপ্রামাণিকং স্যাদিত্যাহ অপ্রসিদ্ধে চেতি। ন প্রবৃত্তীনাং স্বার্থত্বং দেহাদীনাং অন্যতরস্যার্থিত্বেন তাদর্থ্যাদিত্যাশঙ্ক্য ঘটাদিবদচেতনস্যার্থিত্বাযোগান্মৈবমিত্যাহ নচেতি। নম্ব প্রবৃত্তীনাং ফলাবসায়িতয়া সুখদুঃখয়োরন্যতরান্তভার্থত্বান্ন স্বার্থত্বমত্রাহ নচেতি। প্রবৃত্তীনাং সুখদুঃখার্থত্বেঽপি তয়োঃ স্বার্থত্বাসিদ্ধেরর্থিত্বেনাত্মা সিধ্যতীত্যর্থঃ। কিঞ্চ সর্ব্বাপেক্ষাস্যায়মাত্মাবগত্যবসানঃ সর্ব্বোব্যবহারঃ নচাত্মস্যপ্রসিদ্ধৌ যক্ত্যাদিব্যবহারস্য তৎ জ্ঞানার্থত্বেনাত্মপ্রসিদ্ধিরেষ্টব্যেত্যাহ আত্মেতি। নন্বাত্মা প্রসিদ্ধোঽপি প্রমাণদ্বারা প্রসিধ্যতি তৎ প্রমাণাদেবেতি ভ্রান্তত্রাহ তস্মাদিতি। মানমেয়াদিসর্ব্বব্যবহারস্যাত্মাবগত্যন্তত্বোপগমাৎ প্রাগেব প্রমাণপ্রবৃত্তেরাত্মপ্রসিদ্ধেরেষ্টব্যত্বাদিত্যর্থঃ। আত্মানগতেরেবং স্বাভাবিকত্বে বিবেকতোমারোপনিবৃত্ত্যা জ্ঞাননিষ্ঠা সুপ্রসিদ্ধেত্যুপসংহরতি ইত্যাদ্যেতি। নবনাকারামেবাত্মমিমীমহে

বুদ্ধিমিতি বদতাত্মনাকারমপ্রত্যক্ষমিচ্ছতাং প্রাগর্থাবগতের প্রসিদ্ধমেব জ্ঞানং নেত্যাহ যেষামিতি। সুখাদিবন্নিত্যানুভবগম্যং জ্ঞানং নানুমেয়ং বিষয়াবগত্যা তদনুমিতাবিতরেতরাশ্রয়াদিতি ভাবঃ। ইতশ্চ জ্ঞানং প্রসিদ্ধমন্যথা তত্র জিজ্ঞাসাপ্রসঙ্গান্ন চ জ্ঞানে জিজ্ঞাসাপ্রসিদ্ধা প্রসিদ্ধে চ তদযোগাদিত্যাহ জিজ্ঞাসেতি। তদেব প্রপঞ্চয়তি অপ্রসিদ্ধঞ্চেদিতি। দৃষ্টান্তমেব ব্যাচষ্টে যথেতি। দার্ষ্টান্তিকং বিবৃণোতি তথেতি। ইষ্টাপত্তিং নিরাচষ্টে নচেতি। জ্ঞানস্য জ্ঞানান্তরেণ জ্ঞেয়ত্বমেতচ্ছব্দার্থঃ অনবস্থাপত্তেরিত্যর্থঃ। জ্ঞানে জিজ্ঞাসানুপপত্তৌ ফলিতমাহ অতইতি। প্রসিদ্ধেঽপি জ্ঞানে জ্ঞাতর্য্যাত্মনি কিমায়াতন্তদাহ জ্ঞাতাপীতি। জ্ঞানস্য বিনা শ্রোতারমপর্য্যবসানাদিত্যর্থঃ। জ্ঞানস্য প্রসিদ্ধত্বে তত্র ভাবনাপর্য্যায়োবিধির্নাস্তীত্যাহ তস্মাদিতি। কুত্র তর্হি প্রযত্নাধীনা ভাবনেত্যাশঙ্ক্যাহ কিংত্বিতি। অবিষয়ে নিরাকারে চাত্মনি জ্ঞাননিষ্ঠায়াঃ দুঃসম্পাদ্যত্বস্বভাবে ফলিতং নিগময়তি তস্মাদিতি ॥ ৫০ ॥

রামানুজ।—সিদ্ধিমিতি। সিদ্ধিং প্রাপ্তঃ আপ্রয়াণাদহরহরনুষ্ঠীয়মান কর্ম্মযোগনিষ্পাদ্যধ্যানসিদ্ধিং প্রাপ্তো যথা যেন প্রকারেণ বর্ত্তমানো ব্রহ্ম প্রাপ্নোতি তথা সমাসেন নিবোধ। তদেব ব্রহ্ম বিশিষ্যতে নিষ্ঠা জ্ঞানস্য যাপরেতি। জ্ঞানস্য ধ্যানাত্মকস্য যা পরানিষ্ঠা পরং প্রাপ্যমিত্যর্থঃ ॥ ৫০ ॥

হনুমান্।—যথা সিদ্ধিং প্রাপ্ত ব্রহ্ম নৈষ্কর্ম্ম্যমাপ্নোতি তথা নিবোধ অবগচ্ছ মে ঈশ্বরস্য মতং সমাসেনৈব সংক্ষেপেণৈব তদাস্থিতস্য যা পরা প্রকৃষ্টা নিষ্ঠা তাং নিবোধ ওঁ নমঃ শিবায় বোধেনেত্যর্থঃ ॥ ৫০ ॥

শ্রীধর।—এবম্ভূতস্য পারমহংস্যজ্ঞাননিষ্ঠয়া ব্রহ্মভাবপ্রকারমাহ সিদ্ধিং প্রাপ্ত ইতি ষড়্‌ভিঃ। নৈষ্কর্ম্ম্যসিদ্ধিং প্রাপ্তঃ সন্ যথা যেন প্রকারেণ ব্রহ্ম প্রাপ্নোতি তথা তং প্রকারং সংক্ষেপেণৈব মে বচনান্নিবোধ, প্রতিষ্ঠিতা যা ব্রহ্মপ্রাপ্তিস্তামিমাং, তথা দর্শয়িতুমাহ নিষ্ঠা জ্ঞানস্য যা পরেতি। নিষ্ঠা পর্য্যবসানং পরিসমাপ্তিরিত্যর্থঃ ॥ ৫০ ॥

বলদেব।—সিদ্ধিমিতি। বিহিতেন কর্ম্মণা হরিমারাধ্য তৎপ্রসাদজাং সর্ব্বকর্ম্মত্যাগাস্তাং মাত্মধ্যাননিষ্ঠাং প্রাপ্তো যথা যেন প্রকারেণ স্থিতো ব্রহ্ম প্রাপ্নোতি আবির্ভাবিতগুণাষ্টকম্ স্বরূপমনুভবতি তথা তং প্রকারং সমাসেন গদতো মে মত্তো নিবোধ। জ্ঞানস্য যা পরা নিষ্ঠা পরেশবিষয়া জ্ঞাননিষ্ঠা তাং প্রতি ময়োচ্যতে তাঞ্চ শৃণু ॥ ৫০ ॥

মধুসূদন।—প্রাগুক্তসাধনসম্পন্নস্য সর্ব্বকর্ম্মসন্ন্যাসিনো ব্রহ্মজ্ঞানোৎপত্তৌ সাধনক্রমমাহ সিদ্ধিমিতি। স্বকর্ম্মণেশ্বরমারাধ্য তৎপ্রসাদজাং সর্ব্বকর্ম্মত্যাগপর্য্যন্তাং জ্ঞানোৎপত্তিযোগ্যতারূপাং সিদ্ধিমন্তঃকরণশুদ্ধিং প্রাপ্তোযথা ব্রহ্ম প্রাপ্নোতি যেন প্রকারেণ শুদ্ধমাত্মানং সাক্ষাৎকরোতি তথা তং প্রকারং নিবোধ মে মদ্বচনাদবধারয়ানুষ্ঠাতুং কিমতিবিস্তরেণ নেত্যাহ সমাসেন সংক্ষেপেণৈব ন তু বিস্তরেণ হে কৌন্তেয়! তদবধারণে কিং স্যাদিতি আহ নিষ্ঠা জ্ঞানস্য যা পরা জ্ঞানস্য বিচারপরিনিষ্পন্নস্য নিষ্ঠা পরিসমাপ্তিঃ যদনন্তরং সাধনান্তরং নাপেক্ষ্যমতি পরা

শ্রেষ্ঠা সর্ব্বাত্মা বা সাক্ষান্মোক্ষহেতুত্বাৎ তাং সিদ্ধিং প্রাপ্তস্য ব্রহ্মপ্রাপ্তিরূপাং জ্ঞাননিষ্ঠাং পরাং সঙ্ক্ষেপেণ নিবোধেত্যর্থঃ ॥ ৫০ ॥

নীলকণ্ঠ।—"স্বকর্ম্মনিরতঃ সিদ্ধিং যথা বিন্দতি" ইত্যোতৎ প্রতিজ্ঞাতমুপপাদিতং ইদানীং নৈষ্কর্ম্ম্যসিদ্ধিং প্রাপ্তোঽপি পরিবাড় বশীকারসংজ্ঞক বৈরাগ্যবান্ যথা ব্রহ্ম প্রাপ্নোতি তথা বক্তুং প্রতিজানীতে সিদ্ধিমিতি। সিদ্ধিং নৈষ্কর্ম্ম্যসিদ্ধিং নিবোধ বুধ্যস্ব মে মদ্বচনাৎ সমাসেন সংক্ষেপেণৈব, হে কৌন্তেয়! যা যৎ প্রাপ্যং ব্রহ্ম (বিধেয়াপেক্ষং স্ত্রীত্বং) জ্ঞানস্য পরানিষ্ঠা যদপেক্ষয়া অন্যজ্জ্ঞেয়স্যান্তরতরং নাস্তীত্যর্থঃ ॥ ৫০ ॥

বিশ্বনাথ।—ততশ্চ যথা যেন প্রকারেণ ব্রহ্ম প্রাপ্নোতি ব্রহ্মানুভবতি ইত্যর্থঃ সৈব জ্ঞানস্য নিষ্ঠা পরা পরমোঽস্ত ইত্যর্থঃ "নিষ্ঠা নিষ্পত্তি নাশান্তাঃ" ইত্যমরঃ। অনিশ্চয়ামুপরত প্রায়ায়াং বস্থায়া অপ্যুপরমান্তে যেন প্রকারেণ জ্ঞানসন্ন্যাসং কৃত্বা ব্রহ্মানুভবেত্তং বুধ্যস্ব ইত্যর্থঃ ॥ ৫০ ॥

তাৎপর্য্য।—অতঃপর শ্রীভগবান্ সিদ্ধি প্রাপ্তির পর যেরূপ ব্রহ্মলাভ ঘটে, সংক্ষেপে তাহা বিবৃত করিতেছেন।

পূজ্যপাদ শ্রীমচ্ছঙ্করাচার্য্য তথা শ্রীমদানন্দগিরির অভিপ্রায়। শ্রীভগবান্ পূর্ব্বে বলিয়াছেন, "সর্ব্বকর্ম্মাণি মনসা" (৫।১৩) অপিচ "স্বকর্ম্মণা তমভ্যর্চ্চ্য," ইত্যাদি শ্লোকাংশে যে ভাব ব্যক্ত করিয়াছেন, তত্তাবৎ দ্বারা ইহাই প্রতিপন্ন হইতেছে যে, স্বকর্ম্মানুষ্ঠানরূপ ঈশ্বরার্চ্চনা সিদ্ধিপ্রাপ্ত এবং উৎপন্নাত্মবিবেক মানবের কেবল আত্মজ্ঞানরূপা নৈষ্কর্ম্ম্যসিদ্ধি যেরূপে সংঘটিত হয়, তাহাই এই শ্লোকে আলোচিত হইতেছে। স্বকর্ম্ম অর্থাৎ স্বভাবজ বিহিত কর্ম্ম দ্বারা ঈশ্বরার্চ্চনা করিয়া ঈশ্বর প্রসাদে শরী-রেন্দ্রিয়াদির জ্ঞাননিষ্ঠা যোগ্যতারূপ সিদ্ধি যিনি পাইয়াছেন, তিনি যেরূপে সেই জ্ঞাননিষ্ঠা প্রভাবে ব্রহ্ম প্রাপ্ত হইয়া থাকেন, তাহার ক্রম বা প্রকার আমার বচন শ্রবণ করিয়া তুমি নিশ্চয়রূপে অবধারণ কর। বাহুল্যরূপে তাহা কীর্ত্তিত হইতেছে না, সংক্ষেপে সেই তত্ত্ব আমি পরি-ব্যক্ত করিতেছি। যে ব্রহ্মপ্রাপ্তির উপায় প্রদর্শন করিতে উদ্যত হইয়াছি, সেই নিষ্ঠাই পরা অর্থাৎ ব্রহ্মজ্ঞানই তাহার পরিসমাপ্তি। সেই পরানিষ্ঠা কি প্রকার? যে প্রকার আত্মজ্ঞান, সেই আত্মজ্ঞান কি প্রকার? যেরূপ আত্মা; সেই আত্মা কিরূপ? তাহার উত্তরে বক্তব্য যে, শ্রীভগবান্ কর্ত্তৃক কথিত সর্ব্বোপনিষদ ও ন্যায়াদি শাস্ত্র দ্বারা প্রতি-পাদিত যে বস্তু তাহাই আত্মা। উপনিষদে "ন জায়তে ম্রিয়তে বা" (কঠোপনিষৎ ১।২।১৮) ইত্যাদি বহু বাক্যে আত্মস্বরূপ কীর্ত্তিত

হইয়াছে, এবং ন্যায়েও "কূটস্থং অসঙ্গং" ইত্যাদি বাক্যে তাহার স্বরূপ ঘোষিত হইয়াছে।

যদি এস্থলে প্রশ্ন উত্থাপিত হয় যে, বিষয়াকার জ্ঞান কিরূপে বিষয় বহির্ভূত আত্মাকে দর্শন বা ধারণ করিবে? অপিচ ইহাও আশঙ্কা হইতে পারে যে, আত্মা আদিত্যবর্ণ জ্যোতিঃস্বরূপ অতএব তিনি আকারবান্। শ্রুতিও বলিয়াছেন, "আদিত্যবর্ণং তমসঃ পরস্তাৎ" (শ্বেতাশ্বতরোপনিষৎ ৩। ৮) উল্লিখিত শ্রৌত প্রমাণাদি অবলম্বন করিয়া আত্মার আকার বিশিষ্টতা সিদ্ধ হইতে পারে না। কেন না, আদিত্যবর্ণ প্রভৃতি বাক্য আত্মার তমোরূপ প্রতিষেধার্থ প্রযুক্ত হইয়াছে, অর্থাৎ আত্মা যে তমোরূপ নহেন বা কোনরূপ অন্ধকার সংশ্লিষ্ট নহেন, তাহাই প্রতিপাদন করিবার নিমিত্ত তাঁহাকে সূর্য্য-সদৃশ বা জ্যোতির্ম্ময় বলিয়া উল্লেখ করা হইয়াছে। এইরূপ উক্তির দ্বারা তিনি বিষয়রূপ বা আকার-বান্ ইহা কোনরূপেই সমর্থিত হয় না। শ্রুতি স্পষ্টতঃ এইরূপ আত্মতত্ত্ব প্রতিপাদন করিয়া বুঝাইয়াছেন যে, আত্মা বিষয়বান্ বা আকারবান্ নহেন। যথা, "ন সংদৃশে তিষ্ঠতি রূপমস্য ন চক্ষুষা পশ্যতি কশ্চ নৈনং।" (শ্বেতাশ্বতরোপনিষৎ ৪র্থ অধ্যায় ২০ শ্রুতি) ইহার ভাবার্থ এই যে, তাঁহার (আত্মার) রূপ সম্যক্‌দর্শনের বিষয়ীভূত নহে, কেহই তাঁহাকে চক্ষুর দ্বারা দেখিতে পায় না। "অশব্দমস্পর্শং" (কঠোপনিষৎ ৩য় বল্লী ১৫ শ্রুতি) অর্থাৎ তিনি শব্দ রহিত, স্পর্শ রহিত। অতএব সিদ্ধ হইতেছে যে আত্মার আকার নাই এবং তিনি কোন বিষয়রূপ নহেন। সুতরাং এ স্থলে আশঙ্কা হইতে পারে যে, যখন আত্মা আকারবান্ বা বিষয়রূপ নহেন, তখন আত্মজ্ঞান অর্থাৎ তদ্বিষয়ক জ্ঞান কিরূপে সম্ভব হইতে পারে? কারণ দেখা যায় যে, যে যে বিষয়ের জ্ঞান লব্ধ হয় তত্তদ্‌বিষয়ক আকারেই তাহা পরিণত; অর্থাৎ জ্ঞানের কোন স্বতন্ত্র আকার নাই, জ্ঞানের বিষয়ই তাহার আকার রূপে পরিব্যক্ত হয়। যদি আত্মা নিরাকার প্রতিপন্ন হইলেন এবং জ্ঞানও বিষয়াকার স্বরূপ, তখন উভয়েই নিরাকার; এ স্থলে নিরাকারের দ্বারা নিরাকারের ভাবনা কিরূপে সিদ্ধ হইবে? এরূপ বলাও চলে না যে, আত্মা অত্যন্ত নির্ম্মল, স্বচ্ছ এবং সূক্ষ্ম, বুদ্ধিও এইরূপ সমধর্ম্ম বিশিষ্ট, সুতরাং আত্মার চৈতন্যাকারে আভাসত্ব উপপন্ন হইতেছে; আর মন

বুদ্ধির আভাস, ইন্দ্রিয় সমূহ মনের আভাস, দেহ ইন্দ্রিয় সমূহের আভাস। অতএব সাধারণ মানবগণ দেহকেই আত্মরূপে দর্শন করে। দেহ-চৈতন্য মাত্র বিশ্বাসী লোকায়তগণ (২৯৬ পৃষ্ঠার টিপ্পনী দ্রষ্টব্য) চৈতন্য বিশিষ্ট দেহকেই আত্মা বলিয়া উল্লেখ করিয়া থাকেন। অপর ইন্দ্রিয়-চৈতন্যবাদী সম্প্রদায়, মনকেই চৈতন্যবাদিরা এবং বুদ্ধি চৈতন্যবাদিগণ ক্রমান্বয়ে ইন্দ্রিয়, মন ও বুদ্ধিকেই আত্মা বলিয়া স্বীকার করেন। এ সকল সম্প্রদায় হইতে স্বতন্ত্র প্রকৃতি-চৈতন্যবাদী সম্প্রদায় এই সকল হইতেও অব্যক্ত অবিদ্যাবস্থ অব্যাকৃত নামধেয় বস্তুকেই আত্মা বলিয়া স্বীকার করেন। এই বুদ্ধি হইতে দেহ পর্য্যন্ত সর্ব্বত্র যে আত্মচৈতন্যের আভাস দর্শন, ইহা আত্মভ্রান্তির ফলমাত্র। অতএব যখন সর্ব্বত্রই এইরূপ ভ্রান্তি সম্ভাবনা রহিয়াছে, তখন মনে হইতে পারে যে, আত্মবিষয়ক জ্ঞান বিধাতব্য নহে। তবে কি নামরূপাদি অনাত্ম ধর্ম্মের আরোপ করিয়া নিবৃত্ত হওয়াই কার্য্য। কারণ আত্মচৈতন্যবিজ্ঞান সকলের হৃদগত হইতে পারে না। যেহেতু অবিদ্যা কর্ত্তৃক অধ্যারোপিত হইয়া সর্ব্ববিষয়াকার বিশিষ্ট ভাবেই তিনি গ্রহণীয়। এইরূপ হেতু বশতই বিজ্ঞানবাদী বৌদ্ধগণ (২৬৩।৩১২২ পৃষ্ঠার টিপ্পনী দ্রষ্টব্য) বিজ্ঞান ব্যতীত অন্য কোন বস্তু আছে বলিয়া স্বীকার করেন না। অতএব ব্রহ্মবিষয়ে কেবল অবিদ্যাধ্যারোপ দূর করিবার যত্ন করা আবশ্যক। কারণ এইরূপ বিশ্বাসই অতি প্রসিদ্ধ, অর্থাৎ অবিদ্যা কর্ত্তৃক ব্রহ্মের কল্পিত নামরূপ বিষয়জ্ঞানই সর্ব্বত্র সর্ব্ব-সাধারণের মধ্যে অতি প্রসিদ্ধ। যাহা সুবিজ্ঞেয় এবং যাহা অতি আসন্ন, সন্নিকৃষ্ট ও প্রত্যক্ষ বোধগম্য তাহাই সুবিজ্ঞেয়, আর যাহা অত্যন্ত দূরবৎ তাহাই দুর্ব্বিজ্ঞেয়। সুতরাং অবিবেকিগণের পক্ষে তাহা স্বতন্ত্র তত্ত্বরূপেই প্রতিভাত হয়, কিন্তু যাঁহাদিগের অবিদ্যা নিবৃত্ত হইয়াছে, যাঁহারা গুরুর কৃপায় আত্মতত্ত্ব বোধে সমর্থ হইয়াছেন, তাঁহাদিগের পক্ষে এতদপেক্ষা প্রিয়তর সুখ, সুপ্রসিদ্ধ সুবিজ্ঞেয় এবং আসন্নতর জ্ঞাতব্য কিছুই নাই। শাস্ত্রেও কথিত হইয়াছে যে, "প্রত্যক্ষাবগমং ধর্ম্ম্যং" অর্থাৎ প্রত্যক্ষাবগতি ধর্ম্মসঙ্গত। কোন কোন পাণ্ডিত্যাভিমানী ব্যক্তি নিরাকারত্ব হেতু আত্মতত্ত্ব দুর্ব্বোধ্য, এইরূপ বিশ্বাসের বশবর্ত্তী হইয়া বলিয়া থাকেন যে, সম্যক্ জ্ঞাননিষ্ঠা দুঃসাধ্য; অর্থাৎ আত্মতত্ত্বজ্ঞানরূপ

নিষ্ঠা নিতান্ত কঠিন। একথা সত্য। যাঁহারা গুরু সম্প্রদায় বিরহিত, যাঁহারা বেদান্ত বাক্যসমূহ কখনও শ্রবণ করেন নাই, অর্থাৎ বিহিতরূপে বেদান্তের মর্ম্মগ্রহণ করিবার সুযোগ পান নাই, যাঁহাদের চিত্ত অত্যন্ত বহির্ব্বিষয়াসক্ত অর্থাৎ যাঁহারা বাহ্যবিষয় মাত্রকেই সার এবং জ্ঞাতব্য বলিয়া বুঝিয়াছেন, এবং যাঁহারা সম্যক্ প্রমাণ ব্যাপারে অকৃতশ্রম অর্থাৎ বিহিতবিধানে যথোপযুক্ত আয়াস সহকারে প্রমাণাদি গ্রহণ পূর্ব্বক সার ও অসার নির্ণয়ে যাঁহারা অক্ষম, তাঁহাদিগের পক্ষে উল্লিখিতরূপ সহজ বিশ্বাস সম্ভব হইতে পারে। কিন্তু যাঁহারা তদ্বিপরীত অর্থাৎ উল্লিখিতরূপ অজ্ঞতা বিরহিত, তাঁহারা সদ্ব্যতীত অন্য কোন বস্তুর অনুপপত্তি হৃদ্গত করিয়া কেবল সদ্বুদ্ধি সহকারে লৌকিক গ্রাহ্য গ্রাহক দ্বৈতবস্তুতে সংবুদ্ধির অসদ্ভাব জ্ঞানে প্রকৃত বস্তুর অনুসরণ করিয়া থাকেন। অদ্বৈত বস্তু ব্যতীত আর কোন বস্তুর সত্ত্বা নাই, এইরূপ অবধারণ করিয়া তাঁহারা বলিয়া থাকেন যে, এই বস্তু, এই বস্তু ব্যতীত আর কিছুই নহে, অর্থাৎ সর্ব্বত্র সকল বস্তুতে অদ্বৈতের স্বরূপ জানিতে পারিয়া তাঁহারা তত্তাবতে কেবল অদ্বৈত দর্শন করিয়া থাকেন। শ্রীভগবানও বলিয়াছেন, "যস্যাং জাগ্রতি ভূতানি সা নিশা পশ্যতো মুনেঃ।" (২য় অধ্যায় ৬৯ শ্লোক) অতএব বাহ্যাকার দর্শনে ভেদবুদ্ধি নিবারণ করাই আত্মতত্ত্ব প্রণিধানের কারণ স্বরূপ, অর্থাৎ বাহ্যতঃ আমরা নানা-রূপাদি বিশিষ্ট যত পদার্থ দর্শন করি, তত্তাবৎ ভিন্ন ভিন্ন নহে, সকলই সেই অদ্বৈত তত্ত্বের স্বরূপ, এইরূপ অবধারণ করিতে পারাই আত্মতত্ত্বোপ-লব্ধির হেতুভূত। যে হেতু আত্মা নামাভিধেয় কোন স্বতন্ত্র অপ্রসিদ্ধ হেয় অথবা উপাদেয় বস্তু নাই। যদি আত্মার ক্রিয়াসাধ্যতা স্বীকার করা না যায়, তাহা হইলে মানবের অভ্যুদয়, নিঃশ্রেয়স প্রভৃতি স্বার্থ লাভের নিমিত্ত যে প্রবৃত্তি তাহা আত্মার্থের অযোগ হেতু ব্যর্থ অর্থাৎ প্রমাণ-বিরুদ্ধ হইয়া পড়ে। আত্মাবগম সম্ভাবনা বিরহিত হইলে দেহাদি অচেতন পদার্থের নিমিত্ত সমস্ত চেষ্টাই পর্য্যবসিত, অর্থাৎ কেবল সুখের নিমিত্ত সুখ, দুঃখের নিমিত্ত দুঃখ, এইরূপ স্বীকার করিতে হয়। কিন্তু ইহা কোন মতেই স্বীকার্য্য হইতে পারে না। যেহেতু অচেতনের নিমিত্ত অচেতনের প্রযত্ন বা সুখদুঃখ সম্ভব নহে। যেমন স্বদেহের স্বতন্ত্ররূপ

অভিব্যক্তি সম্বন্ধে প্রমাণান্তরের অপেক্ষা করিতে হয় না, অনায়াসে সকলেই তাহা বুঝিতে পারে, তদ্রূপ অন্তরতম আত্মপদার্থের পরিজ্ঞান সম্বন্ধে কোনই সন্দেহ হইতে পারে না, অথবা কোন প্রমাণান্তরের আবশ্যক হয় না। অতএব ইহাই সিদ্ধ হইতেছে যে, বিবেকিদিগের পক্ষে আত্মজ্ঞাননিষ্ঠা প্রসিদ্ধ। যাঁহাদিগের পক্ষে নিরাকারের জ্ঞান অপ্রত্যক্ষ, তাঁহাদিগেরও জ্ঞান বশে জ্ঞেয় পদার্থের অবগতি হয়। সুতরাং সুখাদির ন্যায় জ্ঞানও অতি প্রসিদ্ধ। জ্ঞানে জিজ্ঞাসার আবশ্যক নাই। কারণ সুখাদি বিষয় স্বতঃই অনুভূত হয় তাহার অনুভাব বিষয়ে কাহাকেও জিজ্ঞাসা করিতে হয় না। সুতরাং জ্ঞান অত্যন্ত প্রসিদ্ধ। যদি জ্ঞানকে অপ্রসিদ্ধ বলিয়া মনে করা যায়, তাহা হইলে বুঝিয়া দেখা আবশ্যক যে, জ্ঞান জ্ঞেয়বৎ জিজ্ঞাস্য নহে। ঘটাদি বিষয়ের জ্ঞান দ্বারা যেরূপ জ্ঞেয় বস্তুর উপলব্ধি হয় তদ্রূপ জ্ঞানান্তর দ্বারা জ্ঞানের উৎপত্তি অসম্ভব। সুতরাং জ্ঞান স্বতঃ প্রসিদ্ধ, জ্ঞাতাও প্রসিদ্ধ। অতএব জ্ঞানের জন্য যত্ন করিবার প্রয়োজন নাই, কেবল অনাত্ম বুদ্ধির নিবারণের নিমিত্ত যত্ন করাই আবশ্যক। তদ্দ্বারাই জ্ঞাননিষ্ঠা সহজে নিষ্পন্না হয়। অর্থাৎ অনাত্মবুদ্ধি পরিহার করিতে পারিলেই জ্ঞাননিষ্ঠা স্বতঃ সঞ্জাত হইয়া থাকে, জ্ঞানের জন্য স্বতন্ত্র যত্নের প্রয়োজন নাই।

পূজ্যপাদ শ্রীমদ্বলদেবের অভিপ্রায়। স্ব স্ব বর্ণাশ্রম বিহিত কর্ম্ম দ্বারা শ্রীহরির আরাধনা করিলে মানব ভগবৎ প্রসাদে সর্ব্বকর্ম্ম ত্যাগাত্মক আত্মধ্যান নিষ্ঠা প্রাপ্ত হইয়া থাকে। এতাদৃশ আত্মধ্যাননিষ্ঠা দ্বারা যেরূপে ব্রহ্ম প্রাপ্তি হয়, অর্থাৎ যে অবস্থা প্রাপ্ত হইলে অণিমা লঘিমাদি গুণাষ্টক (২৪।১২৯১ পৃষ্ঠার টিপ্পনী দ্রষ্টব্য) আবির্ভূত হয় এবং স্ব স্বরূপ অনুভূত হইয়া থাকে, তদবস্থা প্রাপ্তির বিষয় আমি সংক্ষেপে তোমার নিকট ব্যক্ত করিতেছি, তুমি তাহা আমার নিকট শ্রবণ করিয়া তদ্বিষয় অববোধ কর। অপিচ জ্ঞানের পরানিষ্ঠা অর্থাৎ পরমেশ্বর বিষয়ক জ্ঞাননিষ্ঠা আমি তোমাকে বলিতেছি, তুমি তাহাও অবহিত চিত্তে শ্রবণ কর।

পূজ্যপাদ শ্রীমন্মধুসূদন সরস্বতীর অভিপ্রায়। পূর্ব্বোক্ত সাধন সম্পন্ন সর্ব্বকর্ম্ম সন্ন্যাসীর অর্থাৎ সর্ব্বকর্ম্ম পরিত্যাগীর ব্রহ্মজ্ঞানোৎপত্তি বিষয়ে সাধনক্রম বর্ত্তমান শ্লোকে পরিব্যক্ত হইতেছে। স্ব স্ব কর্ম্ম দ্বারা ঈশ্বরা-

রাধনা করিলে ভগবৎ প্রসাদজাত সর্ব্বকর্ম্মত্যাগ পর্য্যন্ত জ্ঞানোৎপত্তি-যোগ্যতারূপ সিদ্ধি অর্থাৎ অন্তঃকরণ শুদ্ধি প্রাপ্ত হওয়া যায়। এইরূপ সিদ্ধিলাভ করিলে যেরূপে ব্রহ্মকে প্রাপ্ত হওয়া যায়, তাহা শ্রবণ কর। তৎসমস্ত আমার নিকট অবগত হইয়া অনুষ্ঠানের নিমিত্ত প্রস্তুত হও। হে কৌন্তেয়! তাহা আমি বিস্তারিত রূপে না বলিয়া অতি সংক্ষেপে ব্যক্ত করিব। ভগবদুক্ত এই বাক্যাবধারণের ফল কি, অতঃপর তাহাই কথিত হইতেছে। বেদান্তাদি বাক্য বিচার দ্বারা পরিনিষ্পন্ন জ্ঞানের যে নিষ্ঠা অর্থাৎ পরিসমাপ্তি, যাহার পর আর অন্য সাধন বা অনুষ্ঠেয় কিছুই থাকে না, সেই শ্রেষ্ঠ অথবা সাক্ষাৎ মোক্ষপ্রদ হেতু সর্ব্বশেষভূত সিদ্ধিপ্রাপ্ত ব্যক্তির ব্রহ্মপ্রাপ্তিরূপ পরম জ্ঞাননিষ্ঠা সংক্ষেপে শ্রবণ কর ॥ ৫০ ॥

—:০:—

বুদ্ধ্যা বিশুদ্ধয়া যুক্তো ধৃত্যাত্মানং নিয়ম্য চ।
শব্দাদীন্ বিষয়াংস্ত্যক্ত্বা রাগদ্বেষৌ ব্যুদস্য চ ॥ ৫১ ॥
বিবিক্তসেবী লঘ্বাশী যতবাক্কায়মানসঃ।
ধ্যানযোগপরো নিত্যং বৈরাগ্যং সমুপাশ্রিতঃ ॥ ৫২ ॥
অহঙ্কারং বলং দর্পং কামং ক্রোধং পরিগ্রহং।
বিমুচ্য নির্ম্মমঃ শান্তো ব্রহ্মভূয়ায় কল্পতে ॥ ৫৩ ॥

অন্বয়।—বিশুদ্ধয়া (সংশয়রহিতয়া) বুদ্ধ্যা যুক্তঃ (অন্বিতঃ) ধৃত্যা (ধৈর্য্যেণ) আত্মানং (শরীরেন্দ্রিয়সঙ্ঘাতং) নিয়ম্য (নিয়মনং কৃত্বা) চ শব্দাদীন্ (শব্দস্পর্শরূপরসগন্ধান্) বিষয়ান্ ত্যক্ত্বা রাগদ্বেষৌ চ ব্যুদস্য (পরিত্যজ্য) বিবিক্তসেবী (বিজনদেশাবস্থায়ী) লঘ্বাশী (মিতভোজী) যতবাক্কায়মানসঃ (সংযতবাক্যদেহচিত্তঃ) নিত্যং (সর্ব্বদা) ধ্যানযোগপরঃ (ধ্যানযোগনিষ্ঠঃ) বৈরাগ্যং (বিষয়বৈতৃষ্ণ্যং) সমুপাশ্রিতঃ (সম্যক্ আশ্রিতঃ) [সন্] অহঙ্কারং (মম ইত্যাত্মভি-

মানং) বলং (অসদাগ্রহং) দর্পং (হর্ষজং মদং) কামং ক্রোধং পরিগ্রহং বিমুচ্য (পরিত্যজ্য) নির্ম্মমঃ (মমতাশূন্যঃ) শান্তঃ (চিত্তবিক্ষেপরহিতঃ) [জ্ঞাননিষ্ঠঃ] ব্রহ্মভূয়ায় (ব্রহ্মভবনায়) কল্পতে (সমর্থো ভবতি) ॥ ৫১ । ৫২ । ৫৩ ॥

প্রতিশব্দ ।—বিশুদ্ধ বুদ্ধি-দ্বারা যুক্ত, ধৈর্য্য-দ্বারা শরীরাদিকে নিয়মন-করিয়া, শব্দ-স্পর্শ-রূপ-রস-গন্ধ বিষয়-সমূহকে ত্যাগ-করিয়া রাগ-দ্বেষকে বর্জ্জন-করিয়া বিজন দেশ-বাসী মিত-ভোজী সংযত-বাক্য-দেহ-মন, সর্ব্বদা ধ্যান-যোগ-নিষ্ঠ বৈরাগ্যকে সম্যক্-রূপে-আশ্রয়কারী [হইয়া] অহঙ্কার, বল, দর্প, কাম, ক্রোধ, পরিগ্রহকে ত্যাগ-করিয়া মমতা-রহিত শান্ত [জ্ঞানী ব্যক্তি] ব্রহ্ম-সাক্ষাৎকার-নিমিত্ত সমর্থ-হয় ॥ ৫১ । ৫২ । ৫৩ ॥

ব্যাখ্যা ।—যে সাধকপ্রবর সংশয় বিপর্য্যয় রহিত বুদ্ধিসম্পন্ন, যিনি সাত্ত্বিকী ধৃতিদ্বারা শরীর ও ইন্দ্রিয়সমূহের নিয়মনে সমর্থ, যিনি শব্দাদি বিষয় এবং রাগদ্বেষ পরিহার করিয়াছেন, যিনি মনুষ্যসমাগম বর্জ্জিত পবিত্রপ্রদেশে বাস করেন, যিনি মিতাহারী এবং বাক্য, দেহ ও মনকে সংযত করিয়াছেন, যিনি সর্ব্বদা আত্মধ্যানপরায়ণ এবং বিষয়বিতৃষ্ণা-রূপ বৈরাগ্যাবলম্বী, যিনি অহঙ্কার, দুরাগ্রহ, হর্ষজনিত মদ, কাম, ক্রোধ এবং পরিগ্রহ পরিহার পূর্ব্বক মমতাশূন্য হইয়া শান্তভাবে অবস্থিত, সেই জ্ঞাননিষ্ঠ মহাত্মাই ব্রহ্ম সাক্ষাৎকার করিতে সমর্থ হইয়া থাকেন ॥ ৫১ । ৫২ । ৫৩ ॥

শঙ্করাচার্য্য ।—সেয়ং জ্ঞানস্য পরা নিষ্ঠোচ্যতে কথং কার্য্যেতি বুদ্ধ্যাধ্যবসায়াত্মিকয়া বিশুদ্ধয়া মায়ারহিতয়া যুক্তঃ সম্পন্নো ধৃত্যা ধৈর্য্যেণ আত্মানং কার্য্যকরণসঙ্ঘাতং নিয়ম্য চ নিয়মনং কৃত্বা বশীকৃত্য শব্দাদীন্ শব্দ আদির্যেষাং তে শব্দাদয়স্তান্ বিষয়াংস্ত্যক্ত্বা সামর্থ্যাৎ শরীরস্থিতিমাত্রান্ কেবলান্ মুক্ত্বা ততোঽধিকান্ সুখার্থান্ ত্যক্ত্বেত্যর্থঃ শরীরস্থিত্যর্থত্বেন প্রাপ্তেষু চ রাগদ্বেষৌ ব্যুদস্য চ পরিত্যজ্য। ততঃ বিবিক্তসেবী অরণ্যনদীপুলিনগিরিগুহাদীন্ দেশান্ সেবিতুং শীলমস্যেতি বিবিক্তসেবী লঘ্বাশী লঘ্বশনশীলো বিবিক্তসেবালঘ্বশনয়োর্নিদ্রাদি দোষনিবর্ত্তকত্বেন চিত্তপ্রসাদহেতুত্বাৎ গ্রহণং যতবাক্কায়মানসো বাক্ চ কায়শ্চ মানসঞ্চ যতানি

নিয়তানি সংযতানি যস্য জ্ঞাননিষ্ঠস্য স জ্ঞাননিষ্ঠো যতিঃ যতবাক্‌কায়মানসঃ এবমুপরতকরণঃ সন্‌ ধ্যানযোগপরোধ্যানমাত্মস্বরূপ চিন্তনং যোগ আত্মস্বরূপবিষয় এবৈকাগ্রীকরণন্তৌ ধ্যানযোগপরত্বেন কর্ত্তব্যৌ যস্য স ধ্যানযোগপরো নিত্যং নিত্যগ্রহণং মন্ত্রজপাদ্যন্যকর্ত্তব্যাভাবদর্শনার্থং। বৈরাগ্যং বিরাগভাবোদৃষ্টাদৃষ্টেষু বিষয়েষু বৈতৃষ্ণ্যং সমুপাশ্রিতোনিত্যমেবেত্যর্থঃ। কিঞ্চ অহঙ্করণমহঙ্কারোদেহেন্দ্রিয়াদিষু তং বলং সামর্থ্যং কামরাগাদিযুক্তং নেতরচ্ছরীরাদিসামর্থ্যং স্বাভাবিকত্বেন ত্যাগস্যাশক্যত্বাৎ দর্পোনাম হর্ষানন্তরভাবী ধর্ম্মাতিক্রমহেতুঃ "হৃষ্টঃ দৃপ্যতি দৃপ্তোধর্ম্মমতিক্রামতী"তি স্মরণাৎ তঞ্চ কামমিচ্ছাং ক্রোধং দ্বেষঞ্চ পরিগ্রহমিন্দ্রিয়মনোগতদোষপরিত্যাগে শরীরধারণপ্রসঙ্গেন ধর্ম্মানুষ্ঠাননিমিত্তেন বা বাহ্যঃ পরিগ্রহঃ প্রাপ্তস্তং চ বিমুচ্য পরিত্যজ্য পরমহংসপরিব্রাজকোভূত্বা দেহজীবনমাত্রেঽপি নির্গতমমভাবোনির্ম্মমোঽতএব শান্ত উপরতঃ যঃ সংহৃতায়াসোযতিজ্ঞাননিষ্ঠোব্রহ্মভূয়ায় ব্রহ্মভবনায় কল্পতে সমর্থো ভবতি ॥ ৫১। ৫২। ৫৩ ॥

আনন্দগিরি।—ব্রহ্মজ্ঞানস্য পরাং নিষ্ঠাং প্রতিষ্ঠাপিতামনূদ্য শ্লোকান্তরমবতারয়িতুং পৃচ্ছতি সেয়মিতি। সেয়ং ব্রহ্মজ্ঞানস্য পরা নিষ্ঠা সমারোপিতা তদ্ধর্ম্মনবৃত্তিদ্বারা ব্রহ্মণি পরিসমাপ্তিজ্ঞানসন্তানরূপোচ্যতে সা কার্য্যা সুসম্পাদ্যেতি যদুক্তং তৎকথং কেনোপায়েনেতি প্রশ্নার্থঃ। পৃষ্টমুপায়ভেদমুদাহরতি বুদ্ধ্যেতি অধ্যবসায়োব্রহ্মাত্মনিশ্চয়ঃ মায়ারহিতত্বং সংশয়বিপর্য্যয়শূন্যত্বং। শব্দাদিসমস্তবিষয়ত্যাগে দেহস্থিতিরপি দুঃস্থা স্যাদিত্যাশঙ্ক্যাহ সামর্থ্যাদিতি। বিষয়মাত্রত্যাগে দেহস্থিত্যনুপপত্তের্জ্ঞাননিষ্ঠাসিদ্ধিপ্রসঙ্গাদিত্যর্থস্তেনানুজ্ঞাতেষ্বর্থেষু প্রাপ্তরাগাদিজ্ঞাননিষ্ঠাপ্রতিবন্ধকং ব্যুদস্যেতি শরীরেতি। পরিত্যজ্য বিবিক্তসেবী স্যাদিতি সম্বন্ধঃ। বুদ্ধের্বৈশারদ্যং যত্নেন কার্য্যং করণনিয়মনং দেহস্থিতিহেত্বতিরিক্তবিষয়ত্যাগঃ দেহস্থিত্যর্থেষ্বপি তেষু রাগদ্বেষবর্জনমিত্যুপায়ভেদে সিদ্ধে সত্যুপায়ান্তরাণ্যপি যত্নসাধ্যানীত্যাহ তত্তইতি। চিত্তৈকাগ্র্যপ্রসাদার্থং বিবিক্তসেবিত্বং ব্যাকরোতি অরণ্যেতি। নিদ্রাদিদোষনিবৃত্ত্যর্থং লঘ্বাশিত্বং বিশদয়তি লঘ্বিতি। লঘু পরিমিতং হিতং মেধ্যং বাশিতুং শীলমস্যেতি তথোচ্যতে। বিশেষণয়োস্তাৎপর্য্যং বিবৃণোতি বিবিক্তেতি। নিদ্রাদীত্যাদিশব্দাদালস্যপ্রমাদাদয়ো বুদ্ধিবিক্ষেপকা বিবক্ষিতাঃ। বক্ষ্যমাণধ্যানযোগয়োরুপায়ত্বেন বিশেষণান্তরং বিভজতে বাক্চেতি। বাগাদিসংযমস্যাবশ্যকত্বদ্যোতনার্থং স্যাদিত্যুক্তং। সংযতবাগাদিকরণগ্রামস্তানায়াসেন কর্ত্তব্যমুপদিশতি এবমিতি। মন্ত্রজপাদীত্যাদিপদেন প্রদক্ষিণপ্রণামাদয়োধ্যানযোগপ্রতিবন্ধকাঃ গৃহীতাঃ। উক্তয়োরেব ধ্যানযোগয়োরুপায়ত্বেনোক্তং বিরাগভাবং বিভজতে দৃষ্টেতি। সম্যক্ত্বমেব ব্যনক্তি নিত্যমিতি। জ্ঞাননিষ্ঠস্য যতের্বিশেষণান্তরং সমুচ্চিনোতি কিঞ্চেতি। নিত্যং ধ্যানযোগপরত্বে সমুচ্চিতং কারণান্তরং বিবৃণোতি অহঙ্করণমিতি। সামর্থ্যমাত্রে বলশব্দাদুপলভ্যমানে কিমিতি বিশেষবচনমিত্যাহ হৃষ্টইতি। বৈরাগ্যশব্দেন লব্ধস্যাপি কামত্যাগস্য পুনর্ব্বচনং প্রকৃষ্টত্বখ্যাপনার্থমহঙ্কারাদিত্যাগে পরিগ্রহপ্রাপ্ত্যভাবাত্তত্ত্যাগোক্তিরযুক্তেত্যাশঙ্ক্যাহ ইন্দ্রিয়েতি। পরিগ্রহাভাবে মমত্ববিষয়াভাবান্নির্ম্মমত্বং কথমিত্যাশঙ্ক্যাহ দেহেতি। অহং

কারমমকারয়োরভাবেন প্রাপ্তামন্তঃকরণোপরতিমনুবদতি অতএবেতি। উক্তমনূদ্য জীব-মেবাসৌ ব্রহ্মীভবতীতি ফলিতমাহ যঃ সংন্যস্তেতি। জ্ঞাননিষ্ঠপদাদুক্তং সন্ন্যাসোহত্র দ্রষ্টব্যঃ, ব্রহ্মণো ভবনমনুসন্ধানপরিপাকপর্য্যন্তং সাক্ষাৎকরণং তদর্থমিতি যাবৎ ॥ ৫১ । ৫২ । ৫৩ ॥

রামানুজ।—বুদ্ধ্যেতি বিবিক্তেতি অহমিতি। বুদ্ধ্যা বিশুদ্ধয়া যথাবস্থিতাত্মতত্ত্ববিষয়য়া যুক্তঃ ধৃত্যাত্মানং নিয়ম্য চ বিষয়বিমুখীকরণেন যোগযোগ্যং মনঃ কৃত্বা শব্দাদীন্ বিষয়ান্ বিমুচ্য অসন্নিহিতান্ কৃত্বা তন্নিমিত্তৌ চ রাগদ্বেষৌ ব্যুদস্য বিবিক্তসেবী সর্ব্বৈর্ধ্যানবিরোধিভির্ব্বিবিক্তে দেশে বর্ত্তমানো লঘ্বাশী অত্যশনানশনরহিতঃ যতবাক্কায়মানসঃ ধ্যানাভিমুখীকৃতকায়বাঙ্মনোবৃত্তির্ধ্যানযোগপরো নিত্যং এবম্ভূতঃ সন্ আপ্রয়াণাদহরহর্ধ্যানযোগপরঃ বৈরাগ্যং সমুপাশ্রিতঃ। ধ্যেয়তত্ত্বব্যতিরিক্তবিষয়দোষাবমর্ষেণ তত্র তত্র বিরাগতো বর্দ্ধমানং অহঙ্কারমনাত্মন্যাত্মাভিমানং বলং তদ্বিবৃদ্ধিহেতুভূতং বাসনাবলং তন্নিমিত্তং দর্পং কামং ক্রোধং পরিগ্রহং বিমুচ্য নির্ম্মমঃ সর্ব্বেষ্বনাত্মীয়েষ্বাত্মীয়বুদ্ধিরহিতঃ শান্তঃ আত্মানুভবৈকসুখঃ এবম্ভূতো ধ্যানযোগং কুর্ব্বন্ ব্রহ্মভূয়ায় কল্পতে ব্রহ্মভাবায় কল্পতে সর্ব্ববন্ধবিনির্ম্মুক্তো যথাবস্থিতমাত্মানমনুভবতীত্যর্থঃ ॥ ৫১ । ৫২ । ৫৩ ॥

হনুমান্।—বুদ্ধ্যা অধ্যবসায়াত্মিকয়া বিশুদ্ধয়া সাত্ত্বিক্যা যুক্তো ধৃত্যা ধৈর্য্যেণ তয়াচ বিশুদ্ধয়া আত্মানং কার্য্যকরণসঙ্ঘাতং নিয়ম্য শব্দাদিবিষয়াংস্ত্যক্ত্বা রাগদ্বেষৌ ব্যুদস্য চ অপনীয়। বিবিক্তং যোগবিরোধিবস্তুনা রহিতং স্থানং তৎ সেবিতুং শীলং যস্য স বিবিক্তসেবী লঘু হিতং মিতং পথ্যং অশিতুং শীলং যস্য সঃ লঘ্বাশী ধ্যানযোগপরো নিত্যং ধ্যানং চিত্তস্যৈকাগ্রতা যোগ স্বস্যাত্মনি স্থাপনং ধ্যানঞ্চ যোগঞ্চ ধ্যানযোগৌ পরা নিষ্ঠা যস্য স ধ্যানযোগপরঃ নিত্যং সর্ব্বকালং বৈরাগ্যং বিগতো রাগো যস্মাদসৌ বিরাগঃ তস্যভাবো বৈরাগ্যং সমুপাশ্রিতঃ রাগদ্বেষবিমুক্ত ইত্যর্থঃ। দেহাদিষ্বাত্মবুদ্ধিরহঙ্কারঃ বলং কামরাগসংযুক্তং নেতরচ্ছরীরাদিসামর্থ্যং তস্য স্বাভাবিকত্বেন ত্যক্তুমশক্যত্বাত্ততঃ কেবলং শক্যমুক্তত্যাগনাদি বলশব্দেনোচ্যতে, দর্পোহর্ষঃ কামং রাগঃ ক্রোধঃ দ্বেষঃ পরিগ্রহো মমেদমিত্যন্যেষাং বশীকরণং এতদহঙ্কারাদি বিমুচ্য শরীরস্থিতি-সাধনেহপি বস্তুনি মমবুদ্ধিরহিতঃ অতএব শান্তঃ উপরতান্তঃকরণঃ ব্রহ্মভূয়ায় কল্পতে ইত্যুক্তং ॥ ৫১ । ৫২ । ৫৩ ॥

শ্রীধর।—তদেবাহ বুদ্ধ্যেতি। উক্তেন প্রকারেণ বিশুদ্ধয়া পূর্ব্বোক্তয়া সাত্ত্বিকয়া বুদ্ধ্যা যুক্তো ধৃত্যা সাত্ত্বিক্যা আত্মানং তামেব বুদ্ধিং নিয়ম্য নিশ্চলাং কৃত্বা শব্দাদীন্ বিষয়াংস্ত্যক্ত্বা তদ্বিষয়ৌ রাগদ্বেষৌ ব্যুদস্য। বুদ্ধ্যা বিশুদ্ধয়া যুক্ত ইত্যাদীনাং ব্রহ্মভূয়ায় কল্পত ইতি তৃতীয়েনান্বয়ঃ। কিঞ্চ বিবিক্তেতি। বিবিক্তসেবী শুচিদেশাবস্থায়ী লঘ্বাশী মিতভোক্তা এতৈরুপায়ৈর্যতবাক্কায়মানসঃ সংযতবাগ্দেহচিত্তো ভূত্বা নিত্যং সর্ব্বদা ধ্যানেন যো যোগো ব্রহ্মসংস্পর্শস্তৎপরঃ সন্ ধ্যানাবিচ্ছেদার্থং পুনঃপুনর্দৃঢ়ং বৈরাগ্যং সমাগাশ্রিতো ভূত্বা। ততশ্চ অহঙ্কারমিতি। বিরক্তোহহমিত্যাদ্যহঙ্কারং বলং দুরাগ্রহং দর্পঃ যোগবলাদুন্মার্গপ্রবৃত্তিলক্ষণং প্রারব্ধবশাৎ অপ্রাপ্ত-মার্গেষ্বপি বিষয়েষু কামং ক্রোধং পরিগ্রহঞ্চ বিমুচ্য বিশেষেণ ত্যক্ত্বা দেহাদাবপ্যেষু নির্ম্মমঃ সন্

শান্তঃ পরমামুপশান্তিং প্রাপ্তো ব্রহ্মভূয়ায় ব্রহ্মাহমিতি নৈশ্চল্যেনাবস্থানায় কল্পতে যোগ্যো ভবতি ॥ ৫১। ৫২। ৫৩ ॥

বলদেব।—তৎ প্রকারমাহ বুদ্ধ্যেতি। বিশুদ্ধয়া সাত্ত্বিক্যাবুদ্ধ্যা যুক্তস্তাদৃশ্যা ধৃত্যা চাত্মানং মনো নিয়ম্য সমাধিযোগ্যং কৃত্বা। শব্দাদীন্ বিষয়াংস্ত্যক্ত্বা তান্ সন্নিহিতান্ বিধায় রাগদ্বেষৌ চ তদ্ধেতুকৌ ব্যুদস্য দূরতঃ পরিহৃত্য। বিবিক্তসেবী নির্জনস্থঃ। লঘ্বাশী মিতভুক্। যতানি ধ্যেয়াভিমুখীকৃতানি বাগাদীনি যেন সঃ। নিত্যং ধ্যানযোগপরো হরিচিন্তননিরতঃ। বৈরাগ্যমাত্মেতরবস্তুমাত্রবিষয়কম্। অহমিতি। অহঙ্কারো দেহাত্মাভিমানঃ। বলং তদ্বর্দ্ধকং বাসনারূপং। দর্পস্তদ্ধেতুকঃ। প্রারব্ধশেষবশাদুপাগতেষু ভোগেষু কামোঽভিলাষঃ। তৈস্তৈরপহৃতেষু ক্রোধঃ। পরিগ্রহশ্চ তৎকর্ম্মকঃ। তানেতানহঙ্কারাদীন্ বিমুচ্য নির্ম্মমঃ সন্ ব্রহ্মভূয়ায় গুণাষ্টকবিশিষ্টস্বাত্মরূপতায় কল্পতে তদনু ভবতি। শান্তো নিস্তরঙ্গসিন্ধুরিব স্থিতঃ ॥৫১।৫২।৫৩ ॥

মধুসূদন।—সেয়ং জ্ঞাননিষ্ঠা সপ্রকারোচ্যতে বুদ্ধ্যেতি বিশুদ্ধয়া সর্ব্বসংশয়বিপর্য্যয়শূন্যয়া বুদ্ধ্যাহহং ব্রহ্মাস্মীতি বেদান্তবাক্যজন্যয়া বুদ্ধিবৃত্ত্যা যুক্তঃ সদা তদন্বিতঃ ধৃত্যা ধৈর্য্যেণাত্মানং শরীরেন্দ্রিয়সঙ্ঘাতং নিয়ম্য উন্মার্গপ্রবৃত্তের্নিবার্য্যাত্মপ্রবণং কৃত্বা চশব্দেন যোগশাস্ত্রোক্তং সাধনান্তরং সমুচ্চীয়তে। শব্দাদীন্ শব্দস্পর্শরূপরসগন্ধান্ বিষয়ান্ ভোগেন বন্ধহেতূন্ সামর্থ্যাৎ জ্ঞাননিষ্ঠার্থশরীরস্থিতিমাত্র প্রয়োজনানুপযুক্তাননিষিদ্ধানপি ত্যক্ত্বা শরীরস্থিতিমাত্রার্থেষু চ তেষু রাগদ্বেষৌ ব্যুদস্য পরিত্যজ্য চকারাদন্যদপি জ্ঞানবিক্ষেপকং পরিত্যজ্য। বিবিক্তসেবীত্যত্র স্যাদিত্যধ্যাহৃতেন ব্রহ্মভূয়ায় কল্পত ইত্যন্তেনান্বয়ঃ। বিবিক্তং জনসম্মর্দ্দরহিতং পবিত্রং চ অরণ্যগিরিগুহাদি তৎ সেবিতুং শীলং যস্য স চিত্তৈকাগ্র্যসম্পত্ত্যর্থং তদ্বিক্ষেপকারিরহিত ইত্যর্থঃ, লঘ্বাশী লঘু পরিমিতং হিতং মেধ্যং চাশিতুং শীলং যস্য স নিদ্রালস্যাদিচিত্তলয়কারিরহিত ইত্যর্থঃ, যতানি সংযতানি বাক্কায়মানসানি যেন সঃ যমনিয়মাসনাদিসাধনসম্পন্ন ইত্যর্থঃ, ধ্যানযোগপরোনিত্যং চিত্তস্যাত্মাকার প্রত্যয়াবৃত্তির্ধ্যানং আত্মাকারপ্রত্যয়েন নির্বৃত্তিকতাপাদনং যোগঃ নিত্যং সদৈব তৎপরস্তযোরনুষ্ঠানপরোন তু মন্ত্রজপতীর্থযাত্রাদিপরঃ কদাচিদিত্যর্থঃ, বৈরাগ্যং দৃষ্টাদৃষ্টবিষয়েষু স্পৃহাবিরোধি চিত্তপরিণামং সমুপাশ্রিতঃ সম্যঙ্‌নিশ্চলত্বেন নিত্যমাশ্রিতঃ। অহঙ্কারং মহাকুলপ্রসূতোঽহং মহতাং শিষ্যোঽতিবিরক্তোঽস্মি নাস্তি দ্বিতীয়োমৎসম ইত্যভিমানং বলমসদাগ্রহং ন শারীরং যস্য স্বাভাবিকত্বেন ত্যক্তুমশক্যত্বাৎ দর্পং হর্ষজন্যং মদং ধর্ম্মাতিক্রমকরণং,"হৃষ্টোদৃপ্যতি দৃপ্তোধর্ম্মমতিক্রামতি" ইতি স্মৃতেঃ, কামং বিষয়াভিলাষং বৈরাগ্যং সমুপাশ্রিত ইত্যনেনোক্তস্যাপি কামত্যাগস্য পুনর্ব্বচনং যত্নাধিক্যার্থং। ক্রোধং দ্বেষং পরিগ্রহং শরীরধারণার্থক্রমস্পৃহত্বেঽপি পরোপনীতং বাহ্যোপকরণং বিমুচ্য ত্যক্ত্বা শিখাযজ্ঞোপবীতাদিকমপি দণ্ডমেকং কমণ্ডলুং কৌপীনাচ্ছাদনং চ শাস্ত্রাভ্যনুজ্ঞাতং স্বশরীরযাত্রার্থমাদায় পরমহংসপরিব্রাজকোভূত্বা নির্ম্মমোদেহজীবনমাত্রেঽপি মমকাররহিতঃ অতএবাহঙ্কারাভাবাদপগতহর্ষবিষাদত্বাৎ শান্তশ্চিত্তবিক্ষেপরহিতো যতির্জ্ঞানসাধনপরিপাকক্রমেণ ব্রহ্মভূয়ায় ব্রহ্মসাক্ষাৎকারায় কল্পতে সমর্থোভবতি ॥ ৫১। ৫২। ৫৩ ॥

নীলকণ্ঠ ।—তমেব ব্রহ্মপ্রাপ্তিপ্রকারমাহ ত্রিভির্বুদ্ধ্যেতি। বুদ্ধ্যা বেদান্তশ্রবণমননপরিপাকোত্থয়া অহং ব্রহ্মাস্মীতি পরোক্ষনিশ্চয়রূপয়া বিশুদ্ধয়া সর্ব্বভূতেষু মৈত্র্যাদিভাবনয়া ন্যখিলশোধিতয়া ধৃত্যা ধৈর্য্যেণ যোগক্ষেমাদি নিমিত্ত বৈয়গ্র্যরাহিত্যেন আত্মানং দেহেন্দ্রিয়সংঘাতং নিয়ম্য দৃঢ়াসনোভূত্বেত্যর্থঃ চকারাৎ প্রাণঞ্চ নিয়ম্য শব্দাদীন্ বিষয়াংস্ত্যক্ত্বা তত্তদিন্দ্রিয়াণি প্রত্যাহৃত্যেত্যর্থঃ প্রত্যাহৃতকরণোঽপি অন্তর্মনসৈব বিষয়ান্ স্মরতি তৎপরিত্যাগমাহ রাগদ্বেষৌ ব্যুদস্য চেতি। সংকল্পং ত্যক্ত্বেত্যর্থঃ যাহ বিষয়ং পরিকল্প্য তত্র রাগং জনয়তীতি প্রসিদ্ধং। যথা চাক্ষপাদাচার্য্যসূত্রং। "দোষনিমিত্তং রূপাদয়ো বিষয়াঃ সঙ্কল্পকৃতা" ইতি দ্বেষোরাগাদিঃ, চকারাদয়মহমস্মীত্যেতমপি ভাবং ব্যুদস্যেতি জ্ঞেয়ং ততো ব্রহ্মভূয়ায় ব্রহ্মভাবায় স্থিতিং প্রাপ্তুং কল্পতে যোগ্যোভবতীতি তৃতীয়েন সম্বন্ধঃ। কেন সাধনজাতেনৈবংভূতো ভবতীত্যত আহ বিবিক্তেতি। যতচ্ছব্দাধ্যাহারেণ যোজ্যং। নিত্যমিতি সর্ব্বত্র সম্বন্ধনীয়ং যো নিত্যং বিবিক্তসেবী একান্তশীলো লঘ্বাশী মিতাশনশীলশ্চ, তথা নিত্যং বৈরাগ্যং রাগাভাবং সমুপাশ্রিতশ্চ, তথা নিত্যং ধ্যানযোগঃ ষষ্ঠাধ্যায়োক্ত স্তৎপরশ্চ যো নিত্যং ভবতি স যতবাক্কায়মানসো ভবতি, যতকায় আসনদার্ঢ্যেন, যতবাগ্ বিষয়েভ্য ইন্দ্রিয়াণাং প্রত্যাহারেণ, যতমানসঃ সর্ব্ব সঙ্কল্পত্যাগেন. অত্র চতুর্ভিঃসাধনৈ র্যতবাক্কায়মানসত্বং সাধ্যং। নিত্যং বিবিক্তসেব্যাদিশীলঃ সন্ যতবাক্কায়মানসো ভূত্বা ব্রহ্মভূয়ায় কল্পতে ইত্যুত্তরেণান্বয়ঃ। এবং যতবাক্কায়মানসস্য যোগিনো যোগজাঃ সিদ্ধয়ঃ উপতিষ্ঠন্তি তাশ্চ শ্রুতৌ দর্শিতাঃ "পৃথিব্যপ্তেজোঽনিলখে সমুত্থিতে পঞ্চাত্মকে যোগগুণে প্রবৃত্তে। ন তত্র রোগো ন জরা ন মৃত্যুঃ প্রাপ্তস্য যোগাগ্নিময়ং শরীরম্" ইতি। তথা "যংযং লোকং মনসা সংবিভাতি বিশুদ্ধসত্ত্বঃ কাময়তে যাংশ্চ কামান্। তংতং লোকং জয়তে তাংশ্চ কামান্ তস্মাদাত্মজ্ঞং হ্যর্চ্চয়েদ্ভূতিকামঃ" ইতি চ সংবিভাতি সংকল্পয়তি লোকং লোচনীয়মতীতানাগতমর্থজাতং কামান্ কাম্যমানবিষয়ান জয়তে উপলভতে ইতি শ্রুতিপদানামর্থঃ তথা "নাবিরতো দুশ্চরিতাৎ নাশান্তো নাসমাহিতঃ। নাশান্তমানসো বাপি প্রজ্ঞানেনৈনমাপ্নুয়া"দিতি প্রজ্ঞানেন শাস্ত্রাচার্য্যোপদেশজেন জ্ঞানেন দুশ্চরিতাদিসেবনাদ্বিরক্তঃ শান্তো জিতচিত্তঃ সমাহিতো নিরুদ্ধচিত্তবৃত্তিরপ্যশান্তমানসো যোগৈশ্বর্য্যাসক্তচিত্তঃ এনমাত্মানং ন প্রাপ্নুয়াদিতি শ্রুত্যর্থঃ, তদিদমাহ অহঙ্কারমিতি যদা তু যোগী যতমানসোঽহস্মিতামাত্র প্রত্যয়োভবতি তদা সৈবাস্মিতাবস্থিতির্বিষয়াভিমুখাহঙ্কার ইত্যুচ্যতে বিষয়বিমুখা ত্বস্মিতেতি তমেতমহঙ্কারং নিগৃহ্ণীয়াৎ তদনিগ্রহে যোগী বলং সত্যসঙ্কল্পত্বাদি সামর্থ্যমাত্মনঃ পশ্যন্ দর্পং করোতি ন মত্তুল্যোঽন্যোঽস্তীতি মন্যতে ততশ্চ "দৃপ্তো ধর্মমতিক্রামতী"ত্যাপস্তম্ববচনাদ্দিব্যান্ কামানিচ্ছতি তত্র কেনচিন্নিমিত্তেন কামপ্রতিবন্ধে সতি ক্রোধবান্ ভবতি ততঃ পরোৎসাদনায় ভূয়াংসং শিষ্যাদি পরিগ্রহং সম্পাদয়তি ততো নশ্যতীতি তস্মাৎ সর্ব্বানর্থমূলভূতমহংকারমেব বিমুচ্য তত ইতরান্ সর্ব্বান্ বিমুঞ্চতি অহঙ্কারবিমোক্ষেঽপি নির্ম্মমত্বং তৎ প্রদর্শিতেষু বিষয়েষু মমতাশূন্যত্বে সত্যহঙ্কারঃ শিথিলীভূতো বিষয়বৈমুখ্যং প্রাপ্য স্বকারণেঽস্মিতায়াঃ অপি প্রবিলয়ান্নিরিন্ধনাগ্নিবদুপরতো যোগী ব্রহ্মভূয়ায় কল্পতে ॥ ৫১ । ৫২ । ৫৩ ॥

বিশ্বনাথ।—বুদ্ধ্যা বিশুদ্ধয়া সাত্ত্বিক্যা ধৃত্যাপি সাত্ত্বিক্যা আত্মানং মনো নিয়ম্য। ধ্যানেন ভগবচ্চিন্তনেনৈব যঃ পরোযোগঃ তৎপরায়ণঃ। বলং কামরাগযুক্তং নতুসামর্থ্যং অহঙ্কারাদীন্ বিমুচ্য ইতি অবিদ্যোপরমঃ শান্তঃ সত্ত্বগুণস্যাপ্যুপশান্তিমান ইতি কৃতজ্ঞান-সন্ন্যাস ইত্যর্থঃ। "জ্ঞানঞ্চ ময়ি সংন্যসে"দিত্যেকাদশোক্তেঃ। অজ্ঞানজ্ঞানয়োরুপরমং বিনা ব্রহ্মানুভবানুপপত্তিরিতিভাবঃ। ব্রহ্মভূয়ায় ব্রহ্মানুভবায় কল্পতে সমর্থো ভবতি ॥ ৫১ । ৫২ । ৫৩ ॥

তাৎপর্য্য।—পূর্ব্বশ্লোকে শ্রীভগবান্ যে জ্ঞাননিষ্ঠার প্রসঙ্গ বিবৃত করিতে উদ্যত হইয়াছেন, অধুনা শ্লোকত্রয়ে সেই জ্ঞানের পরানিষ্ঠা অর্থাৎ শ্রেষ্ঠভাব পরিকীর্ত্তন করিতেছেন। জ্ঞানের পূর্ণ বিকাশ হইলে অর্থাৎ সম্পূর্ণরূপে জ্ঞানযোগ সম্পন্ন হইলে মানব ব্রহ্মত্ব প্রাপ্ত হইয়া থাকে। ক্ষুদ্র ও নশ্বর সুখসমূহ অতি সামান্য লঘুচেতা মানবেরই লক্ষ্য, কিন্তু যাঁহারা জ্ঞানবলসম্পন্ন, তাঁহারা পরম ফলের অধিকারী। কিরূপ হইলে এই জ্ঞাননিষ্ঠা সম্পূর্ণ বলিয়া বুঝিতে পারা যায় এবং তাহার পরিণামে কি আশ্চর্য্য ফল প্রাপ্ত হওয়া যায়, তাহাই অধুনা প্রতিপাদ্য।

প্রথমতঃ জ্ঞাননিষ্ঠার উন্মেষ বিশুদ্ধ বুদ্ধি দ্বারাই সম্ভব। এই জন্যই সর্ব্বাগ্রে বিশুদ্ধ বুদ্ধির প্রসঙ্গ অবতারিত হইয়াছে। যাঁহারা জ্ঞাননিষ্ঠা সম্পন্ন, তাঁহারা বিশুদ্ধ বুদ্ধিযুক্ত, অর্থাৎ অধ্যবসায়াত্মিকা এবং মায়াদি প্রতিকূল আকর্ষণ বিরহিত নির্ম্মল বুদ্ধিসম্পন্ন হইয়া থাকেন। তাঁহারা ধৃতি অর্থাৎ ধৈর্য্য দ্বারা শরীরেন্দ্রিয়সঙ্ঘাত ও আপনার উন্মার্গ প্রবৃত্তিসমূহ নিয়মিত ও বশীভূত করিয়া আত্মপ্রবণ করিয়া থাকেন। তাঁহারা শব্দাদি সমূহ পরিত্যাগ করিয়া থাকেন, অর্থাৎ শব্দ, স্পর্শ, রূপ, রস, গন্ধ এই সকল বিষয় ব্যাপার সন্নিকৃষ্ট হইয়াও তাঁহাদিগকে বিচলিত করিতে সমর্থ হয় না। কেবল শরীরসংস্থিতির নিমিত্ত যাহা প্রয়োজন, তদ্ব্যতীত অধিক-তর বিষয়সুখ তাঁহারা পরিহার করিয়া থাকেন, ইহাই এ স্থলের অভি-প্রায়। শরীর সংস্থিতির নিমিত্ত যে যে বিষয়ের প্রয়োজন, তৎসম্বন্ধেও তাঁহারা রাগদ্বেষ বিরহিত; অর্থাৎ বিষয় বিশেষ জন্য আকাঙ্ক্ষা বা বিষয়ান্তরের নিমিত্ত ঘৃণা তাঁহারা সম্পূর্ণরূপে পরিহার করিয়া যথাগত বা যথাপ্রাপ্ত দেহ ধারণোপযোগী দ্রব্য মাত্র লাভেই পরিতুষ্ট। উল্লিখিতরূপ জ্ঞাননিষ্ঠা সম্পন্ন মহাত্মারা বিবিক্ত অর্থাৎ জনসমাগম রহিত ও পবিত্র প্রদেশসেবী; নদীপুলিন, ঘনারণ্য বা গিরিগুহা প্রভৃতি শুদ্ধ প্রদেশে

নির্জ্জনে তাঁহারা স্বকীয় জ্ঞান সাধনে নিরত। যেহেতু জনতাপূর্ণ বা বিরক্তিকর অপবিত্র দেশ তাঁহাদিগের চিত্তবিক্ষেপকর সুতরাং সাধনার প্রতিকূল। এইরূপ মহাত্মারা লঘুভোজী, অর্থাৎ মেধ্য ও হিত ভোজন-পরায়ণ। অতিভোজন, নিদ্রা আলস্যাদি চিত্তবিক্ষেপকারী, সুতরাং জ্ঞাননিষ্ঠারত সাধকের পক্ষে তাহা পরিবর্জ্জনীয়। বিবিক্তসেবা ও লঘু ভোজন উভয়ই নিদ্রাদি দোষনিবর্ত্তক এবং চিত্তপ্রসাদক। এইরূপ জ্ঞাননিষ্ঠ যতিগণের বাক্, কায় এবং মানস সংযত হইয়া থাকে। অর্থাৎ তাঁহারা অনর্থক বাক্য ব্যবহারে বা অপ্রিয় ভাষা প্রয়োগে বিরত; তাঁহা-দিগের শরীর সতত বিষয় ব্যাপার বিমুখ হইয়া স্বকীয় জ্ঞানোন্নতির চেষ্টায় বিনিযুক্ত এবং তাঁহাদিগের মানস কুক্রিয়া বা কুপ্রসঙ্গের অনুধ্যানে সর্ব্বদা স্পৃহা রহিত। অথবা তাঁহারা যোগশাস্ত্রোক্ত যম, নিয়মাসনাদি সম্পন্ন (৪৪ পৃষ্ঠার টিপ্পনী দ্রষ্টব্য)। এইরূপে ইন্দ্রিয়াদিকে বিষয় ব্যাপার হইতে উপরত করিয়া তাঁহারা ধ্যানযোগ পরায়ণ হইয়া থাকেন। আত্মস্বরূপ চিন্তার নামই ধ্যান, আর আত্মস্বরূপ বিষয়ে চিত্তাদির একাগ্রতা সাধনই যোগ; এই ধ্যানযোগই একমাত্র কর্ত্তব্য বোধে যাঁহারা অবলম্বন করিয়াছেন, তাঁহারা ধ্যানযোগপরায়ণ। এইরূপ সাধনাই মন্ত্র-জপ প্রভৃতি অন্যান্য অনুষ্ঠানের অপেক্ষা শ্রেষ্ঠ, সুতরাং সতত অনুসরণীয়। এইরূপ বোধের বশবর্ত্তী হইয়া তাঁহারা ধ্যানযোগই অনুবর্ত্তন করিয়া থাকেন। এস্থলে ইহাই অভিপ্রেত যে, মন্ত্রজপ বা তীর্থযাত্রাদি ধর্ম্মশাস্ত্রসঙ্গত অনুষ্ঠান সমূহ বিশেষ ফলপ্রদ হইলেও তাহা চিত্তের আত্মাকার প্রবৃত্তিরূপ ধ্যান এবং সেই আত্মাকার প্রবৃত্তি দ্বারা কালে চিত্তেরও নিরোধরূপ যোগ এতদুভয়ের কখনই সমতুল্য নহে। অতএব উল্লিখিতরূপ ধ্যানযোগই জ্ঞাননিষ্ঠগণের পক্ষে নিত্যাবলম্বনীয়। এইরূপ জ্ঞাননিষ্ঠ মহাত্মারা বৈরাগ্যাশ্রিত হইয়া থাকেন। দৃষ্টাদৃষ্ট বিষয়সমূহে তৃষ্ণারাহিত্যই বিরাগ। উল্লিখিত মহাত্মারা এবম্প্রকার তৃষ্ণারহিত ভাবাশ্রিত হইয়া থাকেন। মানব মাত্রেই দেহেন্দ্রিয়াদি বিষয়ে অহঙ্কারবুদ্ধির বশবর্ত্তী হইয়া থাকে। 'আমি করিতেছি' 'আমি দিতেছি' ইত্যাকার অহঙ্কার জ্ঞাননিষ্ঠগণকে কখনই অভিভূত করিতে পারে না। তাঁহাদিগের চিত্তে 'আমি মহাকুল প্রসূত মহাত্মা' বা 'আমি অতিবিরক্ত সাধু' বা 'আমার ন্যায় জ্ঞানী আর

দ্বিতীয় ব্যক্তি নাই' ইত্যাদিরূপ অহঙ্কারের কখনই সমাবেশ হয় না। অপিচ তাঁহারা বলবিহীন; কামরাগাদি যুক্ত হইয়া অসদাগ্রহজনিত মনুষ্য বলশালী বা দর্পিত হইয়া থাকে। এ স্থলে দৈহিক স্বাভাবিক বল লক্ষিত নহে, কারণ তাহা দেহস্থিতির অবিচ্ছিন্ন সহচর অতএব ত্যাগের অযোগ্য। উল্লিখিতরূপ অসদ্বল অধোগতির প্রাপক। জ্ঞাননিষ্ঠগণ তাহা হইতে সতত বিমুক্ত। হর্ষজন্য ধর্ম্মাতিক্রমসাধক যে মদের আবির্ভাব হয়, তাহাই দর্প। স্বকীয় যোগশক্তি বা তথাবিধ ক্ষমতা বলে অনেক অত্যদ্ভুত সাধনাদির অবস্থা স্বতঃ অনায়াসেই প্রাপ্ত হওয়া যাইতে পারে। এইরূপ ঘটিলে অসঙ্গত হর্ষ প্রাবল্যে মনুষ্য প্রকৃত পথ পরিভ্রষ্ট হইয়া উন্মার্গগামী হইতে পারে। কেবল হর্ষজনিত দর্পই এবংবিধ দুর্দ্দশা বিধায়ক। যাঁহারা জ্ঞাননিষ্ঠ, তাঁহারা এতাদৃশ মদ বা দর্প বিবর্জ্জিত। কাম অর্থাৎ বিষয়াভিলাষ জ্ঞাননিষ্ঠের হৃদয়ে কখনই স্থান পায় না। প্রারব্ধ কর্ম্মবশে যিনি যতটুকু বিষয় প্রাপ্ত হইয়াছেন, তদতিরিক্ত অপ্রাপ্য বিষয়ের প্রাপ্তির বাসনাই কাম। যাঁহারা বিষয়বিরাগী জ্ঞাননিষ্ঠ, তাঁহারা এরূপ কামনার আক্রমণ হইতে বিমুক্ত। অপিচ তাঁহারা ক্রোধবিরহিত। যাঁহার আসক্তি বা কামনা নাই, অহঙ্কার ও দর্প নাই, তাঁহার ন্যায় উন্নতচেতাঃ জ্ঞাননিষ্ঠের হৃদয়ে ক্রোধের স্থান থাকিতে পারে না। অপিচ তাঁহারা পরিগ্রহ পরিত্যাগী তাঁহারা সর্ব্ববিষয়ে স্পৃহারহিত হইলেও অপর কোন ব্যক্তি কর্ত্তৃক সম্মুখানীত বস্তুমাত্র কেবল দেহযাত্রা নির্ব্বাহ করিবার উদ্দেশে গ্রহণ করিয়া থাকেন। কোনরূপ ইন্দ্রিয়ভোগ বা তজ্জনিত সুখের আশায় কদাপি কোন বস্তু গ্রহণের প্রবৃত্তি তাঁহাদিগকে উত্তেজিত করিতে পারে না। যাঁহারা জ্ঞাননিষ্ঠার পরিপাকে পূর্ণতা প্রাপ্ত হইয়াছেন, তাঁহারা এতাদৃশ সর্ব্বপ্রকার পরিগ্রহ হইতে বিমুক্ত। এইরূপ জ্ঞাননিষ্ঠা সম্পন্ন মহাত্মারা পরমহংস পরিব্রাজক (২৪২৯।২৯৩৯ পৃষ্ঠার টিপ্পনী দ্রষ্টব্য) হইয়া থাকেন। তাঁহারা তদবস্থায় সর্ব্বপ্রকার বাহ্যোপকরণ পরিহার পূর্ব্বক কেবলমাত্র সচেতন দেহ সহকারে জ্ঞানমার্গের অনুসরণ করেন। এমন কি, তাঁহারা শিখা উপবীত প্রভৃতি দ্বিজগণের অবশ্য রক্ষণীয় লক্ষণ সমূহও পরিবর্জ্জন করিয়া কেবল মাত্র দণ্ড, কমণ্ডলু ও কৌপীনাচ্ছাদন এবং শাস্ত্রানুগত

স্বশরীরযাত্রার্থ বস্তু মাত্র গ্রহণ করিয়া সর্ব্বব্যাপারে নির্ম্মম হইয়া থাকেন। কোন বিষয়েই এমন কি শরীরের প্রতিও তাঁহাদিগের মমত্ববুদ্ধি এইরূপ অবস্থায় থাকিতে পারে না। যাঁহার দেহজীবন বিষয়েও এইরূপ মমতা-বিহীনতা ঘটিয়াছে, তিনিই সুতরাং শান্ত অর্থাৎ অহঙ্কার মমতা প্রভৃতি রাহিত্য হেতু হর্ষবিষাদ বিহীনতা নিবন্ধন সর্ব্বতোভাবে চিত্তবিক্ষেপ-পরিশূন্য। এতাদৃশ সংযতচিত্ত মহাত্মা জ্ঞাননিষ্ঠার পরিপাকে ব্রহ্মসাক্ষাৎ-কারের যোগ্যতা লাভ করিয়া থাকেন। অথবা তিনি জ্ঞান বলে "ব্রহ্মাহং" অর্থাৎ আমিই ব্রহ্ম, এইরূপ নিশ্চলা বুদ্ধির অধিকারী হইয়া থাকেন, এবং সেই নিশ্চল অবস্থায় অবিচলিত ভাবে অবস্থিত থাকেন।

এতাবতা ইহাই সিদ্ধ হইতেছে যে, জ্ঞানের ক্রমোন্নতি সহকারে প্রথমতঃ স্পৃহারাহিত্য হইতে সর্ব্বত্যাগরূপ দশায় উপনীত হইলে মনুষ্যের চিত্ত ব্রহ্ম প্রণিধানে সম্পূর্ণরূপে সক্ষম হয় এবং তখন চিত্ত, তদনন্তর সকলই ব্রহ্ম বলিয়া বোধ হইয়া থাকে। ইহাই জ্ঞাননিষ্ঠার পূর্ণপরিপাক এবং জ্ঞাননিষ্ঠার পরম পরাকাষ্ঠা।

পূজ্যপাদ শ্রীমদ্বলদেব বিদ্যাভূষণ "ধ্যানযোগপরঃ" এই বাক্যের 'হরিচিন্তাপরায়ণ' এইরূপ অর্থ লিখিয়াছেন। শ্রীমন্মধুসূদন সরস্বতী মহোদয় বলেন, "নিয়ম্য চ" এই মূলস্থিত চকার যোগশাস্ত্রোক্ত সাধনান্তরের সমুচ্চয় করিতেছে এবং "ব্যুদস্য চ" এ স্থানের চকার অন্যান্য জ্ঞান-বিক্ষেপক বিষয় সমূহকে সূচিত করিয়াছে।

পূজ্যপাদ শ্রীমন্নীলকণ্ঠের অভিপ্রায়। অধুনা শ্লোকত্রয়ে ব্রহ্মপ্রাপ্তির উপায় বিবৃত হইতেছে। বেদান্ত শ্রবণ মনন পরিপাকোত্থিতা, "অহং ব্রহ্মাস্মি" রূপা পরোক্ষ নিশ্চয়াত্মিকা এবং সর্ব্বভূতে মৈত্র্যাদি ভাবনা যোগে সম্যক বিশুদ্ধিপ্রাপ্তা বুদ্ধি দ্বারা অপিচ অন্যান্য অনেক বৃত্তির উৎকর্ষ সাধন দ্বারা "ব্রহ্মভূয়ায় কল্পতে" অর্থাৎ ব্রহ্মত্ব লব্ধ হইয়া থাকে। এস্থলে বুদ্ধি সম্বন্ধে ইহাই দ্রষ্টব্য যে, বেদান্ত অর্থাৎ ব্রহ্মজ্ঞান বিষয়ক যে যে শাস্ত্র, তদালোচনাজনিত শ্রবণ, মনন, নিদিধ্যাসন প্রভৃতির পরিপাকে প্রকৃষ্ট বুদ্ধি সমুৎপন্ন হইয়া থাকে। বুদ্ধি সম্যক রূপে উপজাত হইলেও তাহা বিশুদ্ধ হইতে পারে অথবা অবিশুদ্ধও থাকিতে পারে। এইজন্য বুদ্ধির সঙ্গে সঙ্গে বিশুদ্ধ বিশেষণ প্রযুক্ত হইয়াছে। বিশুদ্ধ বুদ্ধি কিরূপে

হয়, এতদুত্তরে বক্তব্য যে, সর্ব্বভূতে মৈত্রাদি ভাবনা সিদ্ধ হইলেই বুদ্ধি বিশুদ্ধা হইয়া থাকে। মৈত্রী, করুণা, মুদিতা ও উপেক্ষা এই চারিভাবে (১০৮৩ পৃষ্ঠার তাৎপর্য্য দ্রষ্টব্য, তথায় 'পরের দুঃখ দর্শনে' স্থলে 'সুখ দর্শনে' হইবে ইহাও দ্রষ্টব্য) সর্ব্বভূতের সকল ব্যাপার দর্শন করিতে পারিলে চিত্ত বিশুদ্ধ হয়। তাহার পর ধৃতির কথা; যোগ এবং ক্ষেম হেতু সাধক অধীর হইয়া থাকেন। অপ্রাপ্ত বস্তুর প্রাপ্তি যোগ এবং প্রাপ্ত বস্তুর পরিরক্ষণ ক্ষেম, এই উভয়ের নিমিত্ত ব্যাকুলতা ঘটিয়া থাকে। যে ধৈর্য্য প্রভাবে তদুভয়রহিত হওয়া যায় তাহাই প্রকৃষ্টা ধৃতি। দেহেন্দ্রিয় সংঘাতসম্পন্ন আত্মাকে নিয়মিত করা আবশ্যক অর্থাৎ যোগশাস্ত্রোক্ত দৃঢ়াসন (৪৪। ১১৩৭ পৃষ্ঠার টিপ্পনী দ্রষ্টব্য) হওয়া বিধেয়। মূলস্থিত চকার দ্বারা প্রাণকেও নিয়মিত করিতে হইবে, এইরূপ বুঝিতে হইবে। শব্দাদি বিষয় হইতে ইন্দ্রিয় সমূহকে প্রত্যাহার করা আবশ্যক। প্রত্যাহার করিলেও অর্থাৎ ইন্দ্রিয় সমূহ বিষয় গ্রহণে বিরত হইলেও মনের দ্বারা বিষয়ের সঙ্কল্প অপগত না হইবার সম্ভাবনা থাকিতে পারে। কিন্তু তাহাও প্রতিকূল। এজন্য কথিত হইতেছে যে, রাগ দ্বেষ পরিত্যাগ করা আবশ্যক; বিষয়ের সঙ্কল্প থাকিলে রাগদ্বেষের উদ্ভব হইতে পারে; অতএব সঙ্কল্প পর্য্যন্ত ত্যাগ করিতে পারিলে রাগদ্বেষবিযুক্ত হওয়া যায়। অক্ষপাদ সূত্রে নিবদ্ধ আছে যে, "দোষনিমিত্তং রূপাদয়ো বিষয়াঃ সংকল্পকৃতাঃ।" অর্থাৎ রূপাদি বিষয় সম্বন্ধে যে সঙ্কল্প থাকে তাহা দোষ নিমিত্ত। এ স্থলে দোষ শব্দে রাগাদি লক্ষিত। মূলস্থিত চকার দ্বারা ইহাই সূচিত হইতেছে. "অয়মহমস্মি" এরূপ ভাবও পরিহর্ত্তব্য। এইরূপ হইলে অনন্তর ব্রহ্মভাব প্রাপ্ত হওয়া যায়। শ্লোকত্রয়ের তৃতীয় শ্লোকের শেষাংশের সহিত অন্বয় বুঝিতে হইবে। কিরূপ সাধনা দ্বারা এইরূপ অবস্থা প্রাপ্ত হওয়া যায়, তাহাই প্রতিপন্ন করা হইতেছে। মূলস্থিত "নিত্য" পদ সর্ব্বত্র সম্বন্ধযুক্ত। যে ব্যক্তি নিত্য একান্তশীল অর্থাৎ নির্জ্জন স্থানবাসী, নিত্য মিতভোজন পরায়ণ, নিত্য রাগাভাব সংযুক্ত, নিত্য এই গ্রন্থের ষষ্ঠাধ্যায়-বিবৃত ধ্যানযোগানুশীলন পরায়ণ, সেই ব্যক্তি সংযত বাক্, কায়, ও মানস হইয়া থাকেন। দৃঢ়াসনত্ব হেতু তিনি যতকায়, বিষয়াদি হইতে ইন্দ্রিয়ের প্রত্যাহরণ নিবন্ধন

তিনি যতবাক্, সর্ব্ব সঙ্কল্প ত্যাগ হেতু তিনি যতমানস। উল্লিখিত বিবিক্ত সেবা, লঘ্বশন, বৈরাগ্য এবং ধ্যানযোগ এই চতুর্ব্বিধ সাধনা দ্বারা যতবাক্কায়মানস অবস্থা লব্ধ হইয়া থাকে। এবংভূত যতবাক্কায়মানস যোগীর যোগজ সিদ্ধি ঘটিয়া থাকে, তদ্বিষয় শ্রুতিতে প্রদর্শিত হইয়াছে। যথা, "পৃথিব্যপ্তেজোঽনিলখে সমুত্থিতে পঞ্চাত্মকে যোগগুণে প্রবৃত্তে। ন তস্য রোগো ন জরা ন মৃত্যুঃ প্রাপ্তস্য যোগাগ্নিময়ং শরীরং॥" (শ্বেতাশ্বতরোপনিষৎ ২য় অধ্যায় ১২ শ্রুতি) ইহার ভাবার্থ এই যে, ক্ষিতি, অপ্, তেজ, মরুৎ, ব্যোম হইতে উত্থিত পঞ্চাত্মক যোগগুণ প্রকাশিত হইলে যোগাগ্নিময় দেহপ্রাপ্ত যোগীর রোগ, জরা এবং মৃত্যু থাকে না। ('ন জরা ন মৃত্যুঃ' স্থলে 'ন জরা ন দুঃখং' পাঠও আছে) অপিচ "যং যং লোকং মনসা সংবিভাতি বিশুদ্ধসত্ত্বঃ কাময়তে যাংশ্চ কামান্। তং তং লোকং জয়তে তাংশ্চ কামান্ তস্মাদাত্মজ্ঞং হ্যর্চ্চয়েদ্ ভূতিকামঃ॥" (মুণ্ডকোপনিষৎ ৩। ১। ১০) ইহার ভাবার্থ এই যে, অতীতানাগত যে যে বিষয় মনের দ্বারা সংকল্প করা যায়, বিশুদ্ধপ্রাণ ব্যক্তি যে কাম্যবিষয় সমূহের কামনা করেন, সেই লোক ও সেই সেই কাম্য বস্তু তিনি লাভ করিয়া থাকেন। "নাবিরতো দুশ্চরিতান্নাশান্তো নাসমাহিতঃ। নাশান্তমানসো বাপি প্রজ্ঞানেনৈনমাপ্নুয়াৎ॥" (কঠোপনিষৎ ২। ২৪) অর্থাৎ প্রজ্ঞান অর্থাৎ শাস্ত্রাচার্য্যোপদেশ লব্ধ জ্ঞানের দ্বারা দুশ্চরিতাদি কদর্য্যানুষ্ঠান হইতে বিরত, জিতচিত্ত, নিরুদ্ধ চিত্তবৃত্তি হইয়াও অশান্তমানস অর্থাৎ যোগৈশ্বর্য্যে আসক্তচিত্ত হইলে ব্রহ্মজ্ঞান লাভ করিতে পারে না। এস্থলেও কথিত হইতেছে, যতমানস যোগী যে সময়ে অস্মিতামাত্র প্রত্যয় যুক্ত হন, অর্থাৎ যখন তাঁহার অন্তঃকরণ ও আত্মা একভাবে উপলব্ধ হইতে থাকে, (৫ম অধ্যায় ২২ শ্লোকের তাৎপর্য্য দ্রষ্টব্য) তখন তাঁহার মন বিষয়াভিমুখী হইলে আমি কর্ত্তা, আমি ভোক্তা ইত্যাদিরূপ অহঙ্কারজনিত ক্লেশ উদ্ভূত হইতে পারে। এই জন্য সেই অস্মিতাবস্থায় সম্পূর্ণরূপে বিষয়বিমুখ হইয়া উল্লিখিত অহঙ্কারকে নিগ্রহ করা আবশ্যক। সমুচিত সময়ে সেই অহঙ্কারকে নিগৃহীত করিতে না পারিলে যোগী আপনার সত্যসংকল্পাদি গুণসামর্থ্যজনিত দর্প করিয়া থাকেন। তখন তিনি মনে করেন যে,

আমার তুল্য আর কেহই নাই। আপস্তম্ব বলিয়াছেন, "দৃপ্তো ধর্ম্মমতিক্রামতি।" অর্থাৎ দর্পান্বিত ব্যক্তি ধর্ম্মভ্রষ্ট হইয়া থাকে। তিনি তখন অবলম্বিত ব্রতবিরোধী দিব্য কাম্যবস্তু সমূহের কামনা করেন। এরূপ কামনাপরায়ণ সাধক কোন কারণে কামনাসিদ্ধির ব্যাঘাত উপস্থিত হইলে ক্রোধযুক্ত হইয়া পড়েন। অতঃপর কামক্রোধের বশবর্ত্তী হইয়া কামনাসিদ্ধির প্রতিকূলাচারীকে উচ্ছিন্ন করিবার বাসনায় বলসংগ্রহের নিমিত্ত শিষ্যাদি সংগ্রহ করিতে থাকেন। তদনন্তর সেই ধর্ম্মমার্গ-পরিভ্রষ্ট ব্যক্তি নষ্ট হইয়া থাকেন। অতএব সকল অনর্থের মূলস্বরূপ অহঙ্কারকে পরিহার পূর্ব্বক অন্যান্য দোষসমূহ হইতে বিমুক্ত হইবে। অহঙ্কার বিমুক্ত হইলেই নির্ম্মমত্ব উপস্থিত হয়। অহঙ্কার প্রদর্শিত বিষয়সমূহে মমত্ব বুদ্ধি তিরোহিত হইলে শিথিলীভূত অহঙ্কার স্বকারণ স্বরূপ অস্মিতায় বিলীন হইয়া যায়। তদনন্তর শান্ত অর্থাৎ অস্মিতারও লয় হওয়ায় যোগী কাষ্ঠ বা দাহ্য পদার্থবিহীন অগ্নির ন্যায় উপরত হইয়া ব্রহ্মস্বরূপ প্রাপ্ত হইয়া থাকেন ॥ ৫১ । ৫২ । ৫৩ ॥

——•:):•:(:•——

ব্রহ্মভূতঃ প্রসন্নাত্মা ন শোচতি ন কাঙ্ক্ষতি।
সমঃ সর্ব্বেষু ভূতেষু মদ্ভক্তিং লভতে পরাম্ ॥ ৫৪ ॥

অন্বয়।—ব্রহ্মভূতঃ (ব্রহ্মপ্রাপ্তঃ) প্রসন্নাত্মা (প্রসন্নচিত্তঃ) ন শোচতি (সন্তপ্যতে) ন কাঙ্ক্ষতি (কাময়তে) সর্ব্বেষু ভূতেষু সমঃ (সমদর্শনঃ) [সন্] পরাং (উৎকৃষ্টাং) মদ্ভক্তিং লভতে (প্রাপ্নোতি) ॥ ৫৪ ॥

প্রতিশব্দ।—ব্রহ্ম-প্রাপ্ত প্রসন্ন-চিত্ত শোক-করেন না কামনা-করেন না; সর্ব্ব-ভূতে সম-দৃষ্টি [হইয়া] শ্রেষ্ঠা ভগবদ্ভক্তি লাভ-করেন ॥৫৪॥

ব্যাখ্যা।—ব্রহ্মপ্রাপ্ত প্রসন্নচিত্ত সাধক কোন কারণে সন্তপ্ত হন না বা কিছুই কামনা করেন না, তিনি সর্ব্বভূতে সমদৃষ্টি সম্পন্ন হইয়া পরমা ভগবদ্ভক্তি লাভ করিয়া থাকেন ॥ ৫৪ ॥

পাঠান্তর।—ন হৃষ্যতি ন কাঙ্ক্ষতি।

শঙ্করাচার্য্য।—অনেন ক্রমেণ ব্রহ্মভূতো ব্রহ্মপ্রাপ্তঃ প্রসন্নাত্মা লব্ধাধ্যাত্মপ্রসাদস্বভাবো ন শোচতি কিঞ্চিদর্থবৈকল্যং আত্মনোবা বৈগুণ্যকোদ্দিশ্য ন শোচতি ন সন্তপ্যতে ন কাঙ্ক্ষতি ন হ্যপ্রাপ্তবিষয়াকাঙ্ক্ষা ব্রহ্মবিদ উপপদ্যতে, অতোব্রহ্মভূতস্যায়ং স্বভাবোঽনূদ্যতে ন শোচতি ন কাঙ্ক্ষতীতি ন হৃষ্যতীতি বা পাঠঃ, সমঃ সর্ব্বেষু আত্মৌপম্যেন সর্ব্বেষু ভূতেষু সুখং দুঃখং বা সমমেব পশ্যতীত্যর্থো নাত্মসমদর্শনমিহ তস্য বক্ষ্যমাণত্বাৎ, ভক্ত্যা মামভিজানাতীতি চ এবম্ভূতোজ্ঞাননিষ্ঠোমদ্ভক্তিং ময়ি পরমেশ্বরে ভক্তিং ভজনং পরমামুত্তমাং জ্ঞানলক্ষণাং চতুর্থীং লভতে চতুর্ব্বিধা ভজন্তে মামিত্যুক্তং ॥ ৫৪ ॥

আনন্দগিরি।—অপেক্ষিতং পূরয়ন্নুত্তরশ্লোকমবতারয়তি অনেনেতি। বুদ্ধ্যা বিশুদ্ধয়েত্যাদিরত্র ক্রমঃ, ব্রহ্মপ্রাপ্তোজীবন্নেব নিবৃত্তাশেষানর্থোনিরতিশয়ানন্দব্রহ্মাত্মত্বেন ভবন্নিত্যর্থঃ। অধ্যাত্মং প্রত্যগাত্মা তস্মিন্ প্রসাদঃ সর্ব্বানর্থনিবৃত্ত্যা পরমানন্দাবির্ভাবঃ। স লব্ধো যেন জীবন্মুক্তেন স তথা। ন শোচতীত্যাদৌ তাৎপর্য্যমাহ নহীতি। প্রাপ্তব্যপরিহার্য্যাভাবনিশ্চয়াদিত্যর্থঃ। স্বভাবানুবাদমুপপাদয়তি ব্রহ্মভূতস্যেতি। তস্য প্রাপ্তবিষয়াভাবাদপি পরিহার্য্যা পরিহারপ্রযুক্তঃ শোকঃ পরিহার্য্যস্যৈবাভাবাদিত্যর্থঃ। পাঠান্তরে তু রমণীয়ং প্রাপ্য প্রমোদতে তদভাবাদিত্যর্থঃ। বিবক্ষিতং সমদর্শনং বিশদয়তি আত্মেতি। নমু সর্ব্বেষু ভূতেষ্বাত্মনঃ সমস্য নির্ব্বিশেষস্য দর্শনমত্রাভিপ্রেতং কিং নেষ্যতে তত্রাহ নাত্মেতি। উক্তবিশেষণবতোজীবন্মুক্তস্য জ্ঞাননিষ্ঠা প্রাগুক্তক্রমেণ প্রাপ্তা সুপ্রতিষ্ঠিতা ভবতীত্যাহ এবম্ভূতইতি। শ্রবণমনননিদিধ্যাসনাভ্যাসবতঃ শমাদিযুক্তস্যাভ্যস্তে শ্রবণাদিভিঃ ব্রহ্মাত্মত্বপরোক্ষং মোক্ষফলং জ্ঞানং সিধ্যতীত্যর্থঃ। আর্ত্তাদিভক্তিত্রয়াপেক্ষয়া জ্ঞানলক্ষণাং ভক্তিং চতুর্থীমিত্যুক্তাং। তত্র সপ্তমস্থবাক্যমনুকূলয়তি চতুর্ব্বিধাইতি ॥ ৫৪ ॥

রামানুজ।—ব্রহ্মভূত ইতি। ব্রহ্মভূতঃ আবির্ভূতাপরিচ্ছিন্নজ্ঞানৈকাকারমচ্ছেষৈতৈকস্বভাবাত্মস্বরূপঃ। "ইতস্ত্বন্যাং প্রকৃতিং বিদ্ধি মে পরা"মিতি শেষতোক্তা। প্রসন্নাত্মা ক্লেশকর্ম্মাদিভিরকলুষস্বরূপো মদ্ব্যতিরিক্তং ন কঞ্চন ভূতবিশেষং প্রতি শোচতি ন কাঙ্ক্ষতি। মদ্ব্যতিরিক্তেষু সর্ব্বভূতেষনাদরণীয়তায়াং সমো নিখিলং বস্তুজাতং তৃণবন্মন্যমানো মদ্ভক্তিং লভতে পরাং ময়ি সর্ব্বেশ্বরে নিখিলজগদুদ্ভবস্থিতিপ্রলয়লীলে নিরস্তসমস্তহেয়গন্ধে অনবধিকাতিশয়াসংখ্যেয়কল্যাণগুণৈকতানে লাবণ্যামৃতসাগরে শ্রীমৎপুণ্ডরীকনয়নে স্বস্বামিন্যত্যর্থপ্রিয়ানুভবরূপাং পরাং ভক্তিং লভতে ॥ ৫৪ ॥

হনুমান্।—ইদানীং ব্রহ্মভূতস্থলক্ষণমুচ্যতে। ন শোচতি ন কাঙ্ক্ষতি সমঃ সর্ব্বেষু প্রাণিষু এক এব পরমাত্মত্বেনাবস্থিতং পশ্যতি স এবংভূতো মদ্ভক্তিমীশ্বরভক্তিং ভজনতাদাত্ম্যং পরামুৎকৃষ্টাং লভত ইত্যর্থঃ ॥ ৫৪ ॥

শ্রীধর।—ব্রহ্মাহমিতিনৈশ্চল্যেনাবস্থানস্য ফলমাহ ব্রহ্মেতি। ব্রহ্মভূতো ব্রহ্মণ্যবস্থিতঃ প্রসন্নচিত্তঃ নষ্টং ন শোচতি ন চাপ্রাপ্তং কাঙ্ক্ষতি দেহাদ্যভিমানাভাবাৎ। অতএব সর্ব্বেষপি

ভূতেষু সমঃ সন্ রাগদ্বেষাদিকৃতবিক্ষেপাভাবাৎ সর্ব্বভূতেষু মদ্ভাবনালক্ষণাং পরাং মদ্ভক্তিং লভতে ॥ ৫৪ ॥

বলদেব।—তস্য ব্রহ্মভূয়োত্তরভাবিনং লাভমাহ ব্রহ্মেতি। ব্রহ্মভূতঃ সাক্ষাৎকৃতাষ্ট-গুণকস্বস্বরূপঃ। প্রসন্নাত্মা ক্লেশকর্ম্মবিপাকাশয়ানাং বিগমাদতিস্বচ্ছঃ। নদ্যঃ প্রসন্নসলিলা ইত্যাদাবতিবৈমল্যং প্রসন্নশব্দার্থঃ। স এবংভূতো মদন্যান্ কাংশ্চিৎ প্রতি ন শোচতি ন চ তান্ কাঙ্ক্ষতি। সর্ব্বেষু মদন্যেষূচ্চাবচেষু ভূতেষু সমঃ। হেয়ত্বাবিশেষাল্লোষ্ট্রকাষ্ঠবত্তানি মন্যমানঃ। ঈদৃশঃ সন্ পরাং মদ্ভক্তিং লভতে। নিষ্ঠা জ্ঞানস্য যা পরেত্যুক্তাং মদনুভবলক্ষণাং মদ্বীক্ষণসমানাকারাং সাধ্যাং ভক্তিং বিন্দতীত্যর্থঃ ॥ ৫৪ ॥

মধুসূদন।—কেন ক্রমেণ ব্রহ্মভূয়ায় কল্পত ইতি তদাহ। ব্রহ্মেতি ব্রহ্মভূতঃ অহং ব্রহ্মাস্মীতি দৃঢ়নিশ্চয়বান্ শ্রবণমননাভ্যাসাৎ প্রসন্নাত্মা শুদ্ধচিত্তঃ শমদমাদ্যভ্যাসাৎ, অতএব ন শোচতি নষ্টং, ন কাঙ্ক্ষত্যপ্রাপ্তং, অতএব নিগ্রহানুগ্রহয়োরনারম্ভাৎ সমঃ সর্ব্বেষু ভূতেষু আত্মৌপম্যেন সর্ব্বত্র সুখং দুঃখঞ্চ পশ্যতীত্যর্থঃ এবংভূতো জ্ঞাননিষ্ঠোঽতিদৃঢ়ভক্তিং ময়ি ভগবতি শুদ্ধে পরমাত্মনি ভক্তিমুপাসনাং মদাকারচিত্তবৃত্ত্যা বৃত্তিরূপাং পরিপাকনিদিধ্যাসনাখ্যাং শ্রবণমননাভ্যাসফলভূতাং পরাং শ্রেষ্ঠামব্যবধানেন সাক্ষাৎকারফলং চতুর্ব্বিধা ভজন্তে মামিত্যত্রোক্তস্য ভক্তিচতুষ্টয়স্যান্ত্যাং জ্ঞানলক্ষণামিতি বা ॥ ৫৪ ॥

নীলকণ্ঠ।—অস্যৈবং শান্তস্য কেবলস্য যোগিনো ব্যুত্থানাবস্থামাহ ব্রহ্মভূত ইতি। যোহি সুপ্তো লয়ে বা নিপতিতো যোগী ব্যুত্থানে জড়দেহস্তমোগ্রস্ত চিত্ত ইব তন্দ্রালুস্তিষ্ঠতি ব্রহ্মভূতস্তু প্রসন্নাত্মা প্রসন্নচেতাঃ লঘুশরীরঃ অমৃতেনেব সমাধিসুখেন তৃপ্তস্তদেকপ্রবণো ন শোচতি নষ্টং নাপ্যপ্রাপ্তং কাঙ্ক্ষতি দারাদিকং সর্ব্বেষু ভূতেষু চতুর্ব্বিধেষু সমঃ ব্রহ্মৈবেদং সর্ব্বমিতি বুদ্ধ্যা বৈষম্যবর্জ্জিতঃ সন্ পরাং মদ্ভক্তিং দ্বৈতদৃষ্টিবিবর্জ্জিতাং ভাবনাং লভতে। পাতঞ্জলযোগী তু ন ব্যুত্থানে পরাং দৃষ্টিং লভতে ভেদদর্শিত্বাৎ। অয়ঞ্চভক্তঃ শ্রীভাগবতে দর্শিতঃ। "সর্ব্বভূতেষু যেনৈকং ভগবদ্ভাবমীক্ষতে। ভূতানি ভগবত্যাত্মন্যেষ ভাগবতোত্তমঃ" ইতি। সোঽয়ং চতুর্থো। ভক্তো "জ্ঞানী ত্বাত্মৈব মে মতমিতি" ভগবতাপি দর্শিতঃ ॥ ৫৪ ॥

বিশ্বনাথ।—ততশ্চোপাধ্যপগমে সতি ব্রহ্মভূতঃ অনাবৃতচৈতন্যত্বেন ব্রহ্মরূপ ইত্যর্থঃ গুণমালিন্যাপগমাৎ। প্রসন্নশ্চাসাবাত্মাচেতি সঃ ততশ্চ পূর্ব্ববদশাস্বামিব নষ্টং ন শোচতি নচাপ্রাপ্তং কাঙ্ক্ষতি দেহাদ্যভিমানাভাবাদিতি ভাবঃ। সর্ব্বেষু ভূতেষু ভদ্রাভদ্রেষু বালক ইব সমঃ বাহ্যানুসন্ধানাভাবাদিতি ভাবঃ। ততশ্চ নিরিন্ধনাগ্নাবিব জ্ঞানে শান্তেঽপ্যনশ্বরাং জ্ঞানান্তর্ভূতাং মদ্ভক্তিং শ্রবণকীর্ত্তনাদিরূপাং লভতে তস্যা মৎস্বরূপশক্তিবৃত্তিত্বেন মায়াশক্তিভিন্নত্বাৎ অবিদ্যাবিদ্যয়োরপগমেঽপি অনপগমাৎ। অতএব পরাং জ্ঞানাদন্যাং শ্রেষ্ঠাং নিষ্কামকর্ম্মজ্ঞানাদ্যর্ব্বরিতত্বেন কেবলামিত্যর্থঃ। লভতে ইতি পূর্ব্বং জ্ঞানবৈরাগ্যাদিষু মোক্ষসিদ্ধ্যর্থং কলয়া বর্ত্তমানায়া অপি সর্ব্বভূতেষু অন্তর্য্যামিন ইব তস্যাঃ স্পষ্টোপলব্ধির্নাসীদিতি ভাবঃ। অতএব কুরুক্ষ ইত্যাদ্যুক্ত্যা লভতে ইতি প্রযুক্তং। মাষমুদ্গাদিষু মিলিতাঃ তেষু নষ্টেষ্বপি অনশ্বরাং

কাঞ্চনমণিকামিব তেভ্যঃ পৃথক্কৃতয়া কেবলাং লভতে ইতিবৎ। সংপূর্ণায়াঃ প্রেমভক্তেস্ত প্রায়স্তনানীং লাভসম্ভবোঽস্তি নাপি তস্যা ফলং সাযুজ্যং ইত্যতঃ পরাশব্দেন প্রেমলক্ষণেতি ব্যাখ্যেয়ং ॥ ৫৪ ॥

তাৎপর্য্য।—ব্রহ্মভাবপ্রাপ্ত সাধকের কিরূপ পরিণাম হইয়া থাকে, তাহাই এক্ষণে প্রদর্শিত হইতেছে। যিনি সুদৃঢ় যোগ প্রভাবে আত্মজ্ঞান লাভ করিয়াছেন এবং 'অহং ব্রহ্মাস্মি' এইরূপ সুনিশ্চিত ধারণা জন্মিয়াছে, তিনিই ব্রহ্মপ্রাপ্ত নামে অভিহিত হইয়া থাকেন। তাদৃশ পুরুষ সতত প্রসন্নচিত্ত। কারণ তিনি সুখে দুঃখে সমজ্ঞান এবং প্রাপ্তি ও অপ্রাপ্তি উভয়েই তুল্যবোধ সম্পন্ন। এইরূপ জ্ঞানসম্পন্ন পুরুষ কোন কারণেই শোকসন্তপ্ত হন না। কারণ লাভ বা অলাভ, অনুগ্রহ বা নিগ্রহ কিছুতেই যাঁহার লক্ষ্য নাই এবং যিনি জন্ম মরণাদির রহস্যবিদ্, তাঁহার পক্ষে শোকের কোন কারণই থাকিতে পারে না। অপিচ তিনি আকাঙ্ক্ষা-রহিত; যিনি কোন কামনার অধীন নহেন, যিনি অন্তরজাত ব্রহ্মজ্ঞানরূপ পরমানন্দে সদা মগ্ন, লৌকিক কোন বিষয়ের নিমিত্ত আকাঙ্ক্ষা তাঁহার থাকিতে পারে না। এইরূপ মহাত্মা সর্ব্বভূতে সমদৃষ্টিসম্পন্ন, অর্থাৎ কোন জীব তাঁহার বুদ্ধিতে নিকৃষ্ট কেহ বা উৎকৃষ্ট নহে, কেহ বা হেয় কেহ বা উপাদেয় নহে। এইরূপ মহাপুরুষ শ্রীভগবানের প্রতি পরাভক্তি (৫৮৮ পৃষ্ঠার টিপ্পনী দ্রষ্টব্য) লাভ করিয়া ধন্য হইয়া থাকেন।

এই শ্লোকোপলক্ষ্যে পূজ্যপাদ শঙ্করাচার্য্য "সমঃ সর্ব্বেষু ভূতেষু" ইহার অর্থ স্বরূপে লিখিয়াছেন, সর্ব্বভূতে সুখদুঃখ সম্বন্ধে সমবোধযুক্ত; আত্মবিষয়ে সর্ব্বভূতে সমদৃষ্টিযুক্ত এরূপ নহে। পর শ্লোকে ইহা ব্যাখ্যাত হইবে। আর পরাভক্তি সম্বন্ধে লিখিয়াছেন যে, শ্রীভগবানের প্রতি চারি প্রকার যে জ্ঞানলক্ষণা ভক্তির বিষয় "চতুর্ব্বিধা ভজন্তে মাং" (৭।১৬) এই শ্লোকে বিবৃত হইয়াছে, তন্মধ্যে চতুর্থ অর্থাৎ জ্ঞানলক্ষণা ভক্তি প্রাপ্ত হইয়া থাকেন। এ সম্বন্ধে পূজ্যপাদ শ্রীমন্মধুসূদন সরস্বতী বলিয়াছেন যে, শ্রবণ মননাদির পরিপাকে ভগবদাকারচিত্তবৃত্তিরূপা পরমা ভক্তি লাভ করিয়া থাকেন।

পূজ্যপাদ শ্রীমদ্রামানুজাচার্য্যের অভিপ্রায়। জ্ঞানপ্রভাবে যাঁহার চিত্তে ব্রহ্মস্বরূপ সম্পূর্ণরূপে আবির্ভূত হইয়াছে, যিনি ক্লেশ-কর্ম্মাদিজনিত কলুষ-

স্বভাব নহেন, তিনি ব্রহ্ম ব্যতীত অন্য কোন ভূত বিশেষের সম্বন্ধে শোক-যুক্ত হন না, এবং কোন ভূত বিশেষের আকাঙ্ক্ষাও করেন না। অপিচ তিনি ব্রহ্ম ব্যতীত তাবদ্বস্তু অনাদরণীয় বোধে নিখিল বস্তুজাতকে তৃণবৎ অসার জ্ঞানে উপেক্ষাপরায়ণ। তিনি পরা ভগবদ্ভক্তি লাভ করিয়া থাকেন। তিনি সর্ব্বেশ্বর, নিখিল জগতের উদ্ভবস্থিতিপ্রলয়রূপ লীলা-নিষ্ঠ, সমস্ত হেয়গন্ধ পরিশূন্য, অবধিরহিত অসংখ্য কল্যাণগুণের আধার স্বরূপ, লাবণ্যরূপ অমৃতসাগর, শ্রীমৎ পদ্মপলাশলোচন, স্বকীয় স্বামীরূপ শ্রীভগবানে অতিমাত্র প্রিয়বোধরূপ পরাভক্তি লাভ করেন; অর্থাৎ দোষসংস্পর্শ রহিত সর্ব্বসদ্‌গুণাশ্রয় ভগবানের প্রতি পরম প্রিয় জ্ঞানরূপ অত্যাসক্তিই পরাভক্তি।

পূজ্যপাদ শ্রীমন্নীলকণ্ঠের অভিপ্রায়। পূর্ব্বশ্লোকে যে শান্তযোগীর প্রসঙ্গ কীর্ত্তিত হইয়াছে, তাঁহারই ব্যুত্থান কালের (১৮৯ পৃষ্ঠার টিপ্পনী দ্রষ্টব্য) অর্থাৎ সমাধির অন্তর্ব্বর্ত্তী উত্থান কালের অবস্থা বিবৃত হইতেছে। কোন কোন যোগী সমাধিকালে সুপ্ত বা লয়গ্রস্ত হইয়া থাকেন। ব্যুত্থান কালে তাঁহারা তন্দ্রালু, জড়দেহ এবং তমোগ্রস্ত চিত্ত হইয়া উত্থিত হইয়া থাকেন। কিন্তু যাঁহারা ব্রহ্মভূত, তাঁহারা প্রসন্নচিত্ত, লঘুশরীর; অমৃতে যেমন পরিতৃপ্তি সম্ভব, তাঁহারা সমাধিসুখে সেইরূপ পরিতৃপ্ত; তাঁহারা সদা পরমাত্মমুখী; তাঁহারা নষ্ট পদার্থের নিমিত্ত শোক করেন না, এবং অপ্রাপ্ত দারাদি কোন বিষয়েরই আকাঙ্ক্ষা করেন না। জরায়ুজ, অণ্ডজ, স্বেদজ এবং উদ্ভিজ্জ (২৪৪২ পৃষ্ঠার টিপ্পনী দ্রষ্টব্য) এই চতুর্ব্বিধ ভূতে তাঁহারা সমদৃষ্টিসম্পন্ন। এ সকলই ব্রহ্ম, এই বোধে তাঁহারা বৈষম্য জ্ঞান-বিরহিত। এইরূপ হইলেই যোগী পরা ভগবদ্ভক্তি অর্থাৎ দ্বৈতদৃষ্টিবিহীনতা রূপ ভগবদ্ভাবনা লাভ করিয়া থাকেন। পাতঞ্জল মতাবলম্বী যোগিগণ ভেদদর্শন হেতু ব্যুত্থানকালে পরাভক্তি লাভ করিতে পারে না। এস্থলে যে ভক্তের বিষয় কীর্ত্তিত হইতেছে, তাঁহাদের বিবরণ শ্রীমদ্ভাগবতে নিম্নোদ্ধৃত শ্লোকে পরিকীর্ত্তিত হইয়াছে। যথা; "সর্ব্বভূতেষু যেনৈকং ভগবদ্ভাবমীক্ষতে। ভূতানি ভগবত্যাত্মন্যেষ ভাগবতোত্তমঃ।" ইহার ভাবার্থ এই যে, যিনি সর্ব্বভূতে ভগবদ্ভাব এবং ভগবানে সর্ব্বভূত দর্শন করিয়া থাকেন, তিনিই ভগবৎ-পরায়ণগণের শ্রেষ্ঠ। শ্রীভগবানও "জ্ঞানী

ত্মাত্মৈব মে মতং" (৭ম অধ্যায় ১৮ শ্লোক) ইত্যাদি বাক্যে স্বয়ং ব্যক্ত করিয়াছেন যে, চতুর্ব্বিধ ভক্তের মধ্যে জ্ঞানীই আত্মস্বরূপ ইহাই আমার অভিপ্রায় ।

পূজ্যপাদ শ্রীমদ্বিশ্বনাথের অভিপ্রায় । পূর্ব্বশ্লোকে বিবৃত প্রণালীক্রমে উপাধি অপগত হইলে সাধকের চৈতন্য গনাবৃত হইয়া পড়ে ; তখন তিনি ব্রহ্মরূপ প্রাপ্ত হইয়া থাকেন । গুণত্রয়ের সংযোগরূপ মালিন্য অপগত হওয়ায় তাঁহার আত্মা প্রসন্ন হয় । তখন তিনি পূর্ব্ব দশায় অর্থাৎ এরূপ পরিপাকের পূর্ব্বে নষ্ট বস্তুর নিমিত্ত যেরূপ শোক-বিকল বা অপ্রাপ্ত প্রাপ্তির নিমিত্ত যেরূপ আকাঙ্ক্ষিত থাকিতেন এই অবস্থায় তাহা আর হন না । কারণ এ সময়ে তাঁহার দেহাদি কোন বিষয়েরই অভিমান আর থাকে না । শুভাশুভ সকল বিষয়ে শিশু যেমন সমজ্ঞান, সাধকও এই অবস্থায় সেইরূপ হইয়া থাকেন । কারণ তখন তিনি বাহ্যব্যাপারের অনুসন্ধান-বিরহিত । এইরূপ অবস্থায় ইন্ধনবিহীন অগ্নির ন্যায় তাঁহার জ্ঞান শান্ত হইলে অবিনশ্বরা জ্ঞানান্তর্ভূতা শ্রবণ কীর্ত্তনাদিরূপা ভগবদ্ভক্তি লাভ হইয়া থাকে । অবিদ্যা বিদ্যা সকল তিরোহিত হইলেও মায়াশক্তির ভিন্নত্ব হেতু ভগবদ্ভক্তির তিরোধান হয় না । এই জন্যই ইহা পরা অর্থাৎ জ্ঞান হইতে স্বতন্ত্রা ও শ্রেষ্ঠা ; নিষ্কাম কর্ম্ম ও জ্ঞানাদির দ্বারা উর্ব্বরিতত্ব অর্থাৎ সঞ্জাত হেতু কেবলা । মূলে "লভতে" পদ প্রযুক্ত হইয়াছে । সাধকের পূর্ব্বাবস্থায় জ্ঞান বৈরাগ্যাদির মধ্যেও এই ভক্তি সূক্ষ্মভাবে নিহিত ছিল, কিন্তু তখন স্পষ্ট উপলব্ধি হইত না । উল্লিখিত উপায়ে এই শ্রেষ্ঠা সদ্ভক্তি সম্পূর্ণরূপে বিকাশ প্রাপ্ত হয় । এত জন্যই এস্থলে "কুরুতে" অর্থাৎ করে, না বলিয়া "লভতে" অর্থাৎ লাভ করে, বলা হইয়াছে । যেমন মাষ মুক্তাদির সহিত মণিকাঞ্চনাদি বিমিশ্রিত থাকিলে, মাষমুক্তাদির নাশের পরও অনশ্বর মণিকাঞ্চনাদি বিরাজমান থাকে, সেইরূপ জ্ঞানবৈরাগ্যাদি হইতে পৃথক্‌রূপে মণিকাঞ্চনাদির ন্যায় কেবলা ভক্তি গ্রহণীয়া । সম্প্রতি প্রেমভক্তি প্রায় তদানীং লাভ করা সম্ভব ।* প্রেমভক্তির ফল সাযুজ্য (৬৮৮ । ১২৯৭ পৃষ্ঠার টিপ্পনী দ্রষ্টব্য) নহে । অতএব পরা শব্দে প্রেমলক্ষণা ভক্তিই লক্ষিত, এইরূপ ব্যাখ্যা করাই বিশেষ ॥৫৪॥

———

ভক্ত্যা মামভিজানাতি যাবান্ যশ্চাস্মি তত্ত্বতঃ।
ততো মাং তত্ত্বতো জ্ঞাত্বা বিশতে তদনন্তরম্ ॥ ৫৫ ॥

অন্বয়।—[অহং] যাবান্ (যাদৃশসর্ব্বব্যাপকঃ) যঃ (সচ্চিদানন্দ-পুরুষঃ) চ অস্মি, [তৎ] ভক্ত্যা তত্ত্বতঃ (স্বরূপতঃ) মাং অভি-জানাতি, ততঃ (জ্ঞানানন্তরং) মাং তত্ত্বতঃ জ্ঞাত্বা (বুদ্ধ্বা) তদনন্তরং বিশতে (লভতে) ৫৫ ॥

প্রতিশব্দ।—[আমি] যেরূপ ও যে-পুরুষ হই, [তাহা] ভক্তি-দ্বারা স্বরূপতঃ আমাকে জানিতে-পারে, অনন্তর আমাকে স্বরূপতঃ জানিয়া তৎপরে লাভ করে ॥ ৫৫ ॥

ব্যাখ্যা।—আমি যেরূপ সর্ব্বব্যাপী ও সচ্চিদানন্দ পুরুষ, তাহা একমাত্র ভক্তির দ্বারাই স্বরূপতঃ অভিজ্ঞাত হওয়া যায়; সেই স্বরূপ জ্ঞানের পর সাধক আমাকে সম্পূর্ণরূপে অবগত হইয়া জ্ঞানোপরতির অনন্তর আমার স্বরূপ লাভ করিয়া থাকেন ॥ ৫৫ ॥

শঙ্করাচার্য্য।—ততো জ্ঞানলক্ষণয়া ভক্ত্যা মামভিজানাতি যাবানহমুপাধিকৃতবিস্তরভেদঃ যশ্চাহং বিধ্বস্তসর্ব্বোপাধিভেদোহভিমত উত্তমপুরুষ আকাশকল্পস্তং মামদ্বৈতং চৈতন্যমাত্রৈকরসমজমজরমমরমভয়মনিধনস্তত্ত্বতোহভিজানাতি ততোমামেবন্তত্ত্বতোজ্ঞাত্বা বিশতে তদনন্তরং মামেব নাত্র জ্ঞানানন্তরপ্রবেশক্রিয়ে ভিন্নে বিবক্ষিতে জ্ঞাত্বা বিশতে তদনন্তরমিতি কিং তর্হি ফলান্তরাভাবাৎ জ্ঞানমাত্রমেব ক্ষেত্রজ্ঞঞ্চাপি মাং বিদ্ধীত্যুক্তত্বাৎ। নন্বু বিরুদ্ধমিদমুক্তং জ্ঞানস্য যা পরা নিষ্ঠা তয়া মামভিজানাতীতি। কথং বিরুদ্ধমিতি চেদুচ্যতে, যদৈবং যস্মিন বিষয়ে জ্ঞানমুৎপদ্যতে জ্ঞাতুস্তদৈব তং বিষয়মভিজানাতি জ্ঞাতেতি ন জ্ঞাননিষ্ঠাং জ্ঞানাবৃত্তিলক্ষণামপেক্ষত ইতি, ততশ্চ জ্ঞানেন নাভিজানাতি জ্ঞানাবৃত্ত্যা তু জ্ঞাননিষ্ঠয়াভিজানাতীতি নৈষ দোষো জ্ঞানস্য স্বাত্মোৎপত্তিপরিপাকহেতুযুক্তস্য প্রতিপক্ষবিহীনস্য যদাত্মানুভবনিশ্চয়াবসানত্বস্তস্য, নিষ্ঠাশব্দাভিলাপাৎ শাস্ত্রাচার্য্যোপদেশেন জ্ঞানোৎপত্তিপরিপাকহেতুসহকারিকারণবুদ্ধিবিশুদ্ধ্যাদ্যমানিত্বাদিগুণং চাপেক্ষ্য জনিতস্য ক্ষেত্রজ্ঞপরমাত্মৈকত্বজ্ঞানস্য কর্ত্রাদিকারকভেদবুদ্ধিনিবন্ধনসর্ব্বকর্ম্মসন্ন্যাসসহিতস্য স্বাত্মানুভবনিশ্চয়রূপেণ যদবস্থানং, সা পরা জ্ঞাননিষ্ঠেত্যুচ্যতে সেয়ং জ্ঞাননিষ্ঠা আর্ত্তাদিভক্তিত্রয়াপেক্ষয়া পরা চতুর্থী ভক্তিরিত্যুক্তা। তয়া পরয়া ভক্ত্যা ভগবন্তং তত্ত্বতোহভিজানাতি যদনন্তরমেবেশ্বরক্ষেত্রজ্ঞভেদবুদ্ধিরশেষতো নিবর্ত্ততে, অতোজ্ঞাননিষ্ঠালক্ষণয়া ভক্ত্যা মামভিজানাতীতি বচনং ন বিরুধ্যতে। অত্র চ সর্ব্বং নিবৃত্তিবিধায়ি শাস্ত্র

বেদান্তেতিহাসপুরাণস্মৃতিলক্ষণং প্রসিদ্ধমর্থবদ্ভবতি বিদিত্বা ব্যুত্থায়াথ ভিক্ষাচর্য্যং চরন্তি, তস্মাৎ জ্ঞানমেবাস্তপ্যাহিরিক্রমাহুর্ন্যাস এবাত্যরেচয়দিতি সন্ন্যাসঃ কর্ম্মণাং ন্যাসোবেদানিমঞ্চ লোকমমুঞ্চ পরিত্যজ্য ত্যজ ধর্ম্মমধর্ম্মং চেত্যাদি ইহ চ দর্শিতানি বাক্যানি, ন চ তেষাং বাক্যানাং আনর্থক্যং যুক্তং ন চার্থবাদত্বং স্বপ্রকরণস্থত্বাৎ প্রত্যগাত্মাবিক্রিয়স্বরূপনিষ্ঠত্বাচ্চ মোক্ষস্য. ন হি পূর্ব্বসমুদ্রং জিগমিষোঃ প্রাতিলোম্যেন প্রত্যক্সমুদ্রজিগমিষুণা সমানমার্গত্বং সম্ভবতি। প্রত্যগাত্মবিষয়প্রত্যয়সন্তানকরণাভিনিবেশশ্চ জ্ঞাননিষ্ঠা, সা চ প্রত্যক্সমুদ্রগমনবৎ কর্ম্মণা সর্ব্বকর্ম্মসন্ন্যাসেনৈব জ্ঞাননিষ্ঠা কার্য্যেতি সিদ্ধং ॥ ৫৫ ॥

আনন্দগিরি।—নন্ন সমাধিসাধ্যেন পরমভক্ত্যাত্মকেন জ্ঞানেন কিং অপূর্ব্বমবাপ্যতে তত্রাহ ততইতি। ভক্ত্যা সমাধিজন্যয়া মাং ব্রহ্মাভিমুখ্যেন পত্যক্তয়া জানাতি ব্যাপ্নোতীত্যর্থঃ। তদেব জ্ঞানং ভক্তিপরাধীনং বিবৃণোতি যাবানিতি। আকাশবদ্বয়মনবাধিস্বয়মসঙ্গমদ্বয়ং। চৈতন্যস্য বিষয়সাপেক্ষত্বং প্রতিক্ষিপতি অদ্বৈতমিতি। যে তু জগদ্বোধাত্মত্বমাত্মনোমন্যন্তে তান্ প্রত্যুক্তং চৈতন্যমাত্রেতি। আত্মনি তন্মাত্রেঽপি ধর্ম্মান্তরমুপেত্য ধর্ম্মধর্ম্মিত্বং প্রত্যাহ একরসমিতি। সর্ব্ববিক্রিয়ারাহিত্যোক্ত্যা কৌটস্থ্যমাত্মনো ব্যবস্থাপয়তি অজরমিতি। উক্তবিক্রিয়াভাবে তদেতজ্জ্ঞানাসম্বন্ধং হেতুমাহ অভয়মিতি। তত্ত্বজ্ঞানমনুদ্য তৎফলং বিদেহকৈবল্যং লক্ষয়তি ততইতি। তত্ত্বজ্ঞানস্য তদনন্তরপ্রবেশক্রিয়ায়াশ্চ ভিন্নত্বং প্রাপ্তং প্রত্যাহ নানেতি। ভিন্নত্বাভাবে কা গতির্ভেদোক্তেরিত্যাশঙ্কৌপচারিকত্বমাহ কিং তর্হীতি। প্রবেশাভিপ্রেতঃ। ব্রহ্মপ্রাপ্তিরেব ফলান্তরমিত্যাশঙ্ক্য ব্রহ্মাত্মনোর্ভেদাভাবান্ন জ্ঞানাতিরিক্তা তৎপ্রাপ্তিরিত্যাহ ক্ষেত্রজ্ঞঞ্চেতি। জ্ঞাননিষ্ঠয়া পরয়া ভক্ত্যা মামভিজানাতীত্যুক্তমাক্ষিপতি নন্বিতি। বিরুদ্ধত্বং স্ফোরয়িতুং পৃচ্ছতি কথমিতি। বিরোধস্ফুটীকরণং প্রতিজানীতে উচ্যতইতি। তত্র জ্ঞানস্যোৎপত্তিরেব বিষয়াভিব্যক্তিরিত্যাহ যদেতি। এবকারাদিবসাং দর্শয়তি ন জ্ঞানেতি। ইতরাবয়োঃ সিদ্ধমিতিশেষঃ। জ্ঞানস্যোৎপত্তেরেব বিষয়াভিব্যক্তত্বেঽপি কথং প্রকৃতে বিরোধ ইত্যাশঙ্ক্যাহ ততশ্চেতি। বিরুদ্ধমিতি শেষঃ। শঙ্কিতং বিরোধং নিরস্যতি নৈষদোষইতি। উক্তমেব হেতুং প্রপঞ্চয়তি শাস্ত্রেতি। যোহি শাস্ত্রানুসার্য্যাচার্য্যোপদেশজেন জ্ঞানোৎপাদঃ "আচার্য্যবান্ পুরুষোবেদে"তি শ্রুতেঃ তস্যাশ্চ পরিপাকঃ সংশয়াদিপ্রতিবন্ধধ্বংসদ্বারা হেতুত্বঞ্চোপদেশস্যৈব সহকারিকারণং যদ্বুদ্ধিশুদ্ধ্যাদি তদপেক্ষ্য তস্মাদেবোপদেশাজ্জনিতং যদৈকাত্মজ্ঞানং তস্য কারকভেদবুদ্ধিনিবন্ধনানি যানি সর্ব্বাণি কর্ম্মাণি তেষাং সন্ন্যাসেন সহিতস্য ফলরূপেণ স্বাত্মন্যেব সর্ব্বপ্রকল্পনারহিতে যদবস্থানং সা জ্ঞানস্য পরা নিষ্ঠেতি ব্যবহ্রিয়তে প্রামাণিকৈরিত্যর্থঃ। যদি যথোক্তা পরা জ্ঞাননিষ্ঠা কথং তর্হি সা চতুর্থী ভক্তিরিত্যুক্তেতি তত্রাহ সেয়মিতি। যথোক্তয়া ভক্ত্যা ভগবত্তত্ত্বজ্ঞানং সিধ্যতীত্যাহ যয়েতি। তত্ত্বজ্ঞানস্য ফলমাহ যদনন্তরমিতি। জ্ঞাননিষ্ঠারূপায়াভগবদ্ভক্তেস্তত্ত্বজ্ঞানাতিরেকাভাবং ফলস্য চাজ্ঞাননিবৃত্তেশ্চাত্মত্বাৎ ভেদোক্তেশ্চৌপচারিকত্বাৎ প্রকৃতং বাক্যমবিরুদ্ধমুপসংহরতি অতইতি। উপদেশৈকজ্ঞানস্য সর্ব্বকর্ম্মসন্ন্যাসসহিতস্য স্বরূপাবস্থানাত্মকস্য পরমপুরুষার্থো পযিকত্বমিত্যস্মিন্নর্থে মানমাহ অতশ্চেতি।

তদেব শাস্ত্রমুদাহরতি বিদিত্বেত্যাদিনা। দর্শিতানি বাক্যানি সর্ব্বকর্ম্মাণি মনসেত্যাদীনি। নন্বেষাং বাক্যানামবিবক্ষিতার্থত্বান্নাস্তি সার্থে প্রামাণ্যমিত্যাশঙ্ক্যাধ্যয়নবিধ্যুপাত্তত্বাৎ বেদবাক্যানাস্তদনুরোধিত্বাচ্চেতরেষাং নৈবমিত্যাহ নচেতি। তথাপি সোঽরোদীদিত্যাদিবন্ন স্বার্থে মানতেত্যাশঙ্ক্যাহ ন চার্থবাদত্বমিতি। ইতশ্চ মুমুক্ষোরপেক্ষিতমোক্ষোপয়িকজ্ঞাননিষ্ঠস্য সন্ন্যাসেঽধিকারো ন কর্ম্মনিষ্ঠায়ামিত্যাহ প্রত্যগিতি। জ্ঞাননিষ্ঠস্য কর্ম্মনিষ্ঠাবিরুদ্ধেত্যত্র দৃষ্টান্তমাহ ন হীতি জ্ঞাননিষ্ঠাস্বরূপানুবাদপূর্ব্বকং কর্ম্মনিষ্ঠয়া তস্যাঃ সহভাবিত্বং বিরুদ্ধমিতি দার্ষ্টান্তিকমাহ প্রত্যগাত্মেতি। কথং জ্ঞানকর্ম্মণোর্ব্বিরোধধীরিত্যাশঙ্ক্য কর্ম্মণাং জ্ঞাননিবর্ত্যত্বস্য শ্রুতিস্মৃতসিদ্ধত্বাদিত্যাহ পর্ব্বতেতি। অন্তরবানুভয়োরেকধর্ম্মিনিষ্ঠত্বেন সাংকর্য্যাভাবসম্পাদকভেদবানিত্যর্থঃ। জ্ঞানকর্ম্মণোরসমুচ্চয়ে ফলিতমুপসংহরতি তস্মাদিতি ॥ ৫৫ ॥

রামানুজ।—তৎফলমাহ ভক্ত্যেতি। স্বরূপতঃ স্বভাবতশ্চ যোঽহং গুণতো বিভূতিতো যাবাংশ্চাহন্তং মাং এবংরূপয়া ভক্ত্যা তত্ত্বতো বিজানাতি মাং তত্ত্বতো জ্ঞাত্বা তদনন্তরং তত্ত্বজ্ঞানানন্তরং ততো ভক্তিতো মাং বিশতে প্রবিশতি তত্ত্বতঃ স্বরূপস্বভাবগুণবিভূতিদর্শনোত্তরকালভাবিন্যানবধিকাতিশয়ভক্ত্যা মাং প্রাপ্নোতীত্যর্থঃ। অত্র তত ইতি প্রাপ্তিহেতুতয়া নির্দ্দিষ্টা ভক্তিরেবাভিধীয়তে "ভক্ত্যাত্বনন্যয়া শক্য" ইতি তস্যা এব তত্ত্বতঃ প্রবেশহেতুতাভিধানাৎ ॥ ৫৫ ॥

হনুমান্।—ইদানীং ব্রহ্মস্বরূপাবগতৌ প্রত্যাসন্নকারণমাহ ভক্ত্যেতি। ভক্ত্যা ভজন[illegible] মাং সর্ব্বেশ্বরমভিজানাতি অবগচ্ছতি যাবান্ অহমুপাধিকৃতভিন্নঃ প্রপঞ্চস্বরূপেণ যশ্চাস্মি[illegible]তি। অবাপ্তসমস্তোপাধিস্বরূপেণ নেতি নেতি চ তত্ত্বতঃ পরমার্থতঃ এবং ততো জ্ঞাত্বা তদেবি[illegible] মাং তদনন্তরং বিশতে প্রবিশতি ব্রহ্মৈব সর্ব্বং প্রতিপদ্যতে ইত্যর্থঃ চতুর্থাধ্যায়ে "উদারাঃ সর্ব্ব এবৈতে জ্ঞানী ত্বাত্মৈব মে মত" মিত্যুক্তত্বাৎ ॥ ৫৫ ॥

শ্রীধর।—ততশ্চ ভক্ত্যেতি। তযা চ পরয়া ভক্ত্যা তত্ত্বতো মামভিজানাতি, কীদৃশং[illegible] যাবান্ সর্ব্বব্যাপী যশ্চাস্মি সচ্চিদানন্দঘনস্তথাভূতং, ততশ্চ মামেবং তত্ত্বতো জ্ঞাত্বা তদনন্তরং তস্য জ্ঞানস্যোপরমে সতি মাং বিশতে পরমানন্দরূপো ভবতীত্যর্থঃ ॥ ৫৫ ॥

বলদেব।—তত কিং তদাহ ভক্ত্যেতি। স্বরূপতো গুণতশ্চ যোঽহং বিভূতিতশ্চ যাবানহমস্মি তং মাং পরয়া মদ্ভক্ত্যা তত্ত্বতোঽভিজানাত্যনুভবতি। ততো মৎপরভক্তিতো হেতোরুক্তলক্ষণং মাং তত্ত্বতো যাথাত্ম্যেন জ্ঞাত্বানুভূয় তদনন্তরং তত এব হেতোর্মাং বিশতে ময়া সহ যুজ্যতে পুরং প্রবিশতীত্যত্র পুরসংযোগ এব প্রতীয়তে নতু পুরাত্মকত্বং। অত্র তত্ত্বতোঽভিজ্ঞানে প্রবেশে চ ভক্তিরেব হেতুরুক্তো বোধ্যঃ। ভক্ত্যা ত্বনন্যয়া শক্য ইত্যাদি পূর্ব্বোক্তেঃ তদনন্তরমিতি মৎস্বরূপগুণবিভূতিতাত্ত্বিকানুভবাদুত্তরস্মিন্ কালে ইত্যর্থঃ। যদ্বা পরয়া ভক্ত্যা মাং তত্ত্বতো জ্ঞাত্বা ততস্তাং ভক্তিমাদায়ৈব মাং বিশতে। (ল্যব্লোপে কর্ম্মণি পঞ্চমী)। মোক্ষেঽপি ভক্তিরস্তীত্যাহ সূত্রকৃৎ। "অপ্রায়ণাত্তত্রাপি হি দৃষ্টমিতি।" আপ্রায়ণাদামোক্ষাত্তত্রাপি মোক্ষে চ ভক্তিরনুবর্ত্তত ইতি শ্রুতৌ দৃষ্টমিতি সূত্রার্থঃ। ভক্ত্যা বিনষ্টাবিদ্যানাং ভক্ত্যা স্বাদ্যে

বিবর্দ্ধতে। সিতয়া নষ্টপিত্তানাং সিতাস্বাদবদিতি রহস্যবিদঃ। ইত্থঞ্চ সন্নিষ্ঠানাং সাধনসাধ্য-পর্ব্বভক্তা ॥ ৫৫ ॥

মধুসূদন।—ভক্ত্যেতি। ততশ্চ ভক্ত্যা নিদিধ্যাসনাত্মিকয়া জ্ঞাননিষ্ঠয়া মামদ্বিতীয়মাত্মা-নমভিজানাতি সাক্ষাৎকরোতি যাবান্ বিভূতিতশ্চ যশ্চ পরিপূর্ণসত্যজ্ঞানানন্দঘনঃ সদা বিধ্বস্ত-সর্ব্বোপাধিরখণ্ডৈকরস একস্তাবন্তমভিজানাতি ততো মামেবং তত্ত্বতো জ্ঞাত্বা অহমস্ম্যখণ্ডানন্দা-দ্বিতীয়ং ব্রহ্মেতি সাক্ষাৎকৃত্য বিশতে তদজ্ঞানতৎকার্য্যনিবৃত্তৌ সর্ব্বোপাধিশূন্যতয়া মদ্রূপ এব ভবতি। তদনন্তরং বলবৎপ্রারব্ধকর্ম্মভোগেন দেহত্যাগানন্তরং ন তু জ্ঞানানন্তরমেব, ক্ত্বাপ্রত্যয়েনৈব তল্লাভে তদনন্তরমিত্যস্য ব্যর্থ্যাপাতাৎ তস্য "তস্য তাবদেব চিরং যাবন্ন বিমোক্ষ্যেঽথ সম্পৎস্যে" ইতি শ্রুত্যর্থ এবাত্র দর্শিতো ভগবতা। যদ্যপি জ্ঞানেনাজ্ঞানং নিবর্ত্তিতমেব, দীপেনেব তমস্তস্য তদ্বিরোধিস্বভাবত্বাৎ, তথাপি তদুপাদেয়মহঙ্কারদেহাদি নিরুপাদানমেব যাবৎ প্রারব্ধকর্ম্মভোগ-মনুবর্ত্ততে দৃষ্টত্বাদেব, ন হি দৃষ্টেঽনুপপন্নং নাম তার্কিকৈরপি হি সমবায়িকারণনাশাদ্দ্রব্যনাশ-মঙ্গীকুর্ব্বদ্ভির্নিরুপাদানং দ্রব্যং ক্ষণমাত্রং তিষ্ঠতীত্যঙ্গীকৃতং নিত্যপরমাণুসমবেতদ্ব্যণুকনাশে ত্বসম-বায়িকারণনাশাদেব দ্রব্যনাশঃ সমবায়নিরূপিতকারণনাশত্বমুভয়োরনুগতমিতি নানুগমঃ, যে ত্বসমবায়িকারণনাশমেব সর্ব্বত্র কার্য্যদ্রব্যনাশকমিচ্ছন্তি তেষামাশ্রয়নাশস্থলে ক্ষণদ্বয়মনুপাদানং কার্য্যং তিষ্ঠতি, এবং চ তদৈব প্রতিবন্ধসম্পাতে বহুকালাবস্থিতিঃ কেন বার্য্যেত প্রারব্ধকর্ম্ম-ণশ্চ প্রতিবন্ধকত্বং শ্রুতিসিদ্ধং অন্তঃকরণদেহাদ্যবস্থিত্যন্যথানুপপত্তি চ সিদ্ধং এবং নিদিধ্যাসনকা-লাদৃষ্টমপি তৎপ্রতিবন্ধকং তদভাবমপেক্ষ্য চ পূর্ব্বসিদ্ধ এবাজ্ঞাননাশস্তৎকার্য্যমন্তঃকরণাদিকং নাশয়তীতি, ন পুনর্জ্ঞানাপেক্ষা। তদুক্তং—"তীর্থে শ্বপচগেহে বা নষ্টস্মৃতিরপি পরিত্যজন্দেহং জ্ঞানসমকালমুক্তঃ কৈবল্যং যাতি হতশোক" ইতি। ন জানামীত্যাদিপ্রত্যয়স্য তত্র নিবৃত্তাজ্ঞান-স্যাপ্যজ্ঞাননাশজনিতাদনুপাদানাৎ সাক্ষাদাত্মাশ্রয়াদেবাজ্ঞানসংস্কারাত্তত্ত্বজ্ঞানসংস্কারানপর্য্যাদন্তঃ-করণস্থিত্যবধেরিতি বিবরণকৃতঃ অহং ব্রহ্মাস্মীতি চরমসাক্ষাৎকারানন্তরমহং পশ্য ন ভবামি ন জানামীত্যাদি প্রত্যয়োনাস্ত্যেব যদি পরং ঘটং ন জানামীত্যাদিপ্রত্যয়ঃ স্যাত্তদুপপাদনায় চেয়ং সংস্কারকল্পনেতি নানুপপন্নং, অজ্ঞানলেশপদেনাপ্যয়মেব সংস্কারোবিবক্ষিতঃ ন হি সাবয়বমজ্ঞানং যেন কিয়ন্নশ্যতি কিয়ত্তিষ্ঠতীতি বাচ্যং অনির্ব্বচনীয়ত্বাদেকদেশাভ্যুপগমে তু তন্নিবৃত্ত্যর্থং পুনশ্চরমং জ্ঞানমপেক্ষিতমেব তচ্চ ন তৎকালে উৎপত্তিমৎ তত্ত্বজ্ঞানসংস্কারনাশ্যতা তস্যাঙ্গীকার্য্যা ততশ্চ সংস্কারপক্ষান্ন কোঽপি বিশেষ ইতি। পুমর্থাটৈব কল্পনা শ্রেয়সী ঈদৃশীত্যনুভবাপেক্ষয়া প্রাগ্‌ভগবতোক্ত"মুপদেক্ষ্যন্তি তে জ্ঞানং জ্ঞানিনস্তত্ত্বদর্শিন" ইতি স্থিতপ্রজ্ঞলক্ষণানি চ ব্যাখ্যা-তানি, তস্মাৎ সাধূক্তং বিশতে তদনন্তরমিতি ॥ ৫৫ ॥

নীলকণ্ঠ।—অস্যা অদ্বৈতাত্মতত্ত্বজ্ঞানলক্ষণায়া ভক্তেঃ ফলমাহ ভক্ত্যেতি। মাং উক্তবিধয়া ভক্ত্যা জ্ঞানী অভিতঃ সাকল্যেন জানাতি। সাকল্যমেবাহ যাবানিতি। কিমহ-মণুপরিমাণো বা দেহসংমিতো বা তার্কিকাণামিবাকাশবৎ সকলমূর্ত্তদ্রব্যসংযোগিত্বলক্ষণবিভুত্বা-শ্রয়ো বা, সপ্রপঞ্চাদ্বৈতবাদিনামিব স্বগতভেদবান্ বা অখণ্ডৈকরসো বেতি পরিমাণতস্তত্ত্বতো মাং

তৎপদার্থং জানাতি তথা যশ্চাস্মীতি। দেহেন্দ্রিয়প্রাণমনসামন্যতমঃ কিয়ৎকালস্থায়ী বা ক্ষণিকবিজ্ঞানরূপো বা শূন্যং বা কর্ত্তা ভোক্তা বা জড়ো বা জড়াজড়রূপো বা চিদ্রূপো ভোক্তা বা কর্ত্তৃত্বভোক্তৃত্ববর্জিতআনন্দঘনোবেতি তত্ত্বতঃ সর্ব্বসংশয়রাহিত্যেন মামজরমমরম-ভয়মশোকং জানাতি। তথাচ শ্রুতিঃ "ভিদ্যতে হৃদয়গ্রন্থি শ্ছিদ্যন্তে সর্ব্বসংশয়াঃ। ক্ষীয়ন্তে চাস্য কর্ম্মাণি তস্মিন্ দৃষ্টে পরাবরে ইতি।" আত্মদর্শনে সতি সর্ব্বসংশয়োচ্ছেদং দর্শয়তি এবং "ক্ষেত্রজ্ঞঞ্চাপি মাং বিদ্ধি সর্ব্বক্ষেত্রেষু ভারতে"ত্যুক্তেঃ সর্ব্বক্ষেত্রেষ্বেকং মাং বিভুং সচ্চিদানন্দঘনং তত্ত্বতো জ্ঞাত্বা সর্ব্বোপাধিবিনির্ম্মুক্তং যাথাত্ম্যেন জ্ঞাত্বা সাক্ষাৎকৃত্য ততোব্যাপ্তো ব্রহ্মভাবং গতো ভবতীত্যর্থঃ "ব্রহ্মবেদব্রহ্মৈব ভবতীতি"শ্রুতেঃ। যদ্বা তত ইতি কারণব্রহ্মভাবাপত্তিঃ সার্ব্বাত্ম্যরূপা প্রথমমুক্তা "যএবং বেদাহং ব্রহ্মাস্মীতি স ইদং সর্ব্বং ভবতি স এতমেব পুরুষং ব্রহ্মততমপশ্য"দিত্যাদি শ্রুতিভ্যো মুক্তানাং সার্ব্বাত্ম্যাবগমাৎ ততম্ ততমং একস্তকারশ্ছান্দস্যাং প্রক্রিয়ায়াং লুপ্তোদ্রষ্টব্য ইতি শ্রুতিভাষ্যং অনন্তরং কারণভাবাপত্তে রনুপদমেব তদ্ব্রহ্ম তচ্ছব্দাভি-ধেয়ং তদিতি বা "এতস্য মহতো ভূতস্য নাম ভবতীতি"শ্রুতেঃ শুদ্ধং ব্রহ্ম বিশতে দর্পণাপায়ে প্রতিবিম্বো বিম্বমিব প্রবিশতি কার্য্যোপাধীনাং জীবানাং কারণোপাধীশ্বরপ্রাপ্তিদ্বারৈব নিষ্কল-ব্রহ্মপ্রাপ্তিরিত্যাবেদিতং প্রাগেব। যদ্বা মাং জ্ঞাত্বা তদ্বিশতে ইত্যেতাবতৈব জ্ঞানপ্রবেশয়োঃ পৌর্ব্বাপর্য্যে সিদ্ধে তদনন্তরমিতিপদেন তচ্ছব্দেন বুদ্ধিস্থং দেহং পরামৃশ্য তৎপাতানন্তরমিতি ব্যাখ্যেয়ং যতো জাতেঽপি তত্ত্বজ্ঞানে যাবদ্দেহপাতং প্রারব্ধকর্ম্মণাং প্রতিবন্ধাদ্বিদেহকৈবল্যং ন প্রাপ্যতে অন্যথা জ্ঞানসমকালমেব দেহপাতাপত্তিঃ স্যাৎ "বিমুক্তশ্চবিমুচ্যতে, ভূয়শ্চান্তে বিশ্বমায়া নিবৃত্তি"রিতি মুক্তস্য মুক্তিং নিবৃত্তায়াশ্চ মায়ায়াঃ পুনর্নিবৃত্তিং বদজ্জীবন্মুক্তিশাস্ত্রং বাধিতংস্যাৎ, যথা তার্কিকাণাং নষ্টেঽপি সমবায়িকারণে পটাদিকং ক্ষণমাত্রমবতিষ্ঠতে এবমস্মাকমপ্যনাদি-কালায়া দেহাদ্যুপাদানভূতায়া অবিদ্যায়া বিনাশেঽপি কিঞ্চিৎকালং দেহাদিপ্রতিভানং যুজ্যতে ঈদৃশমেব জীবন্মুক্তমপেক্ষ্য ভগবতা উক্তং। "উপদেক্ষ্যন্তি তে জ্ঞানং জ্ঞানিনস্তত্ত্বদর্শিনঃ" ইতি। স্থিতপ্রজ্ঞলক্ষণস্মৃতিরপি তল্লক্ষণাভিধায়ৈব প্রবৃত্তে ইতি দিক্ ॥ ৫৫ ॥

বিশ্বনাথ।—তন্নু তয়া লব্ধয়া ভক্ত্যা তদানীং তস্য কিম্ স্যাদিত্যতোঽর্থান্তরন্যাসেনাহ ভক্ত্যেতি। অহং যাবান্ যশ্চাস্মি তং মাং তৎপদার্থম্ জ্ঞানী বা নানাবিধো ভক্তো বা ভক্তৈব তত্ত্বতোঽভিজানাতি, "ভক্ত্যাহমেকয়া গ্রাহ্য" ইতি মদুক্তেঃ। যস্মাদেবং তস্মাৎ প্রস্তুতঃ স জ্ঞানী ততস্তয়া ভক্ত্যৈব তদনন্তরম্ বিদ্যোপরমাদুত্তরকাল এব মাং জ্ঞাত্বা মাং বিশতে মৎসাযুজ্যসুখ-মনুভবতি। মম মায়াতীতত্বাৎ অবিদ্যায়াশ্চ মায়াত্বাৎ বিদ্যয়াপ্যহমবগম্য ইতি ভাবঃ। যত্তু "সাংখ্যযোগৌ চ বৈরাগ্যং তপো ভক্তিশ্চ কেশবে। পঞ্চপর্ব্বৈব বিদ্যেতি" নারদপঞ্চরাত্রে বিদ্যাবৃত্তিত্বেন ভক্তিঃ শ্রূয়তে তৎ খলু হ্লাদিনী শক্তিবৃত্তের্ভক্তেরেব কলা কাচিৎ বিদ্যাসাফল্যার্থম্ বিদ্যায়াম্ প্রবিষ্টা কর্ম্মসাফল্যার্থম্ কর্ম্মযোগেঽপি প্রবিশতি, তয়া বিনা কর্ম্মজ্ঞানযোগাদীনাং শ্রমমাত্রত্বোক্তেঃ। যতো নির্গুণা ভক্তিঃ সত্ত্বগুণময্যা বিদ্যায়াবৃত্তির্বস্তুতো ন ভবতি অতোঽহং-জ্ঞান নিবর্ত্তকত্বেনৈব বিদ্যায়াঃ কারণত্বম্ তৎপদার্থজ্ঞানেতু ভক্তেরেব। কিঞ্চ সত্ত্বাৎ সংজায়তে

জ্ঞানং ইতি স্মৃতেঃ সত্ত্বজং জ্ঞানং সত্ত্বমেব তচ্চ সত্ত্বম্ বিদ্যাশব্দেনোচ্যতে যথা তথা তদূর্ধম্ জ্ঞানম্ ভক্তিরেব সৈব ক্বচিৎ ভক্তিশব্দেন ক্বচিৎ জ্ঞানশব্দেন চোচ্যতে। ইতি জ্ঞানমপি দ্বিবিধম্ দ্রষ্টব্যম্। তত্র প্রথমং জ্ঞানম্ সংন্যস্য দ্বিতীয়েন জ্ঞানেন ব্রহ্ম সাযুজ্যমাপ্নুয়াদিত্যেকাদশ স্কন্ধ পঞ্চবিংশত্যধ্যায়দৃষ্ট্যাপি জ্ঞেয়ং। অন্যেকেচিৎ ভক্ত্যাবিনৈব কেবলেনৈব জ্ঞানেন সাযুজ্যার্থিনস্তে জ্ঞানিমানিনঃ ক্লেশমাত্রফলা অতি বিগীতা এব। অন্যেতু ভক্ত্যা বিনা কেবলেন জ্ঞানেন ন মুক্তিঃ ইতি জ্ঞাত্বা ভক্তিমিশ্রমেব জ্ঞানমভ্যস্যন্তো ভগবাংস্তু মায়োপাধিরেব ইতি ভগবদ্বপুর্গুণ-ময়ং মন্যমানা যোগারূঢ়ত্বদশামপি প্রাপ্তাস্তেঽপি জ্ঞানিনো বিমুক্তমানিনো বিগীতা এব যদুক্তং। "মুখবাহূরুপাদেভ্যঃ পুরুষস্যাশ্রমৈঃ সহ। চত্বারো জজ্ঞিরে বর্ণা গুণৈর্বিপ্রাদয়ঃ পৃথক্। য এবম্ পুরুষং সাক্ষাৎ আত্মপ্রভবমীশ্বরম্। নভজন্ত্যবজানন্তি স্থানাদ্ভ্রষ্টাঃ পতন্ত্যধঃ।" ইতি অস্যার্থঃ যে ন ভজন্তি যেচ ভজন্তোঽপ্যবজানন্তি তে সন্ন্যাসিনোঽপি বিনষ্টাবস্থা অধঃ পতন্তি তথাহ্যুক্তম্। "যেঽন্যেঽরবিন্দাক্ষ বিমুক্তমানিনস্ত্বয্যস্তভাবাদবিশুদ্ধবুদ্ধয়ঃ। আরুহ্য কৃচ্ছ্রেণ পরং পদং ততঃ পতন্ত্যধোঽনাদৃতযুষ্মদঙ্ঘ্রয়ঃ।" ইতি অত্র অঙ্ঘ্রিপদং ভক্ত্যৈব গম্যম্ বিবক্ষিতং তু অনাদৃত-যুষ্মত্তনব ইতি। তনো গুণময়ত্ববুদ্ধিরেব তনোরনাদরঃ যদুক্তম্। "অবজানন্তি মাং মূঢ়া মানুষীং তনুমাশ্রিতং" ইতি। বস্তুতস্তু মানুষী সা তনুঃ সচ্চিদানন্দময্যেব তস্যাঃ দৃশ্যত্বন্তু তদীয়-কৃপাশক্তিপ্রভাবাদেব। যদুক্তম্ নারায়ণাধ্যাত্মবচনম্ "নিত্যাব্যক্তোঽপি ভগবানীক্ষ্যতে নিজ-শক্তিতঃ। তামৃতে পরমানন্দং কঃ পশ্যেত্তমিমং প্রভুং।" ইতি। এবঞ্চ ভগবত্তনোঃ সচ্চিদানন্দ-ময়ত্বে "কৃষ্ণং সচ্চিদানন্দবিগ্রহম্ শ্রীবৃন্দাবনসুরভূরুহতলাসীন" মিতি। "শব্দম্ ব্রহ্ম বপুর্দ্দধ-দি"ত্যাদি শ্রুতিস্মৃতি পরসহস্রবচনেষু প্রমাণেষু সৎস্বপি "মায়াং তু প্রকৃতিং বিদ্যান্মায়িনন্তু মহেশ্বরং" ইতি শ্রুতিদৃষ্ট্যৈব ভগবানপি মায়োপাধিরিতি মন্যন্তে কিন্তু স্বরূপভূতয়া নিত্যশক্ত্যা মায়াখ্যয়া যুতঃ "অতোমায়াময়ং বিষ্ণুং প্রবদন্তি সনাতনম্" ইতি মাধ্বভাষ্যপ্রমাণিত শ্রুতেঃ। মায়াস্তু ইত্যত্র মায়াশব্দেন স্বরূপভূতা চিচ্ছক্তিরেবাভিধীয়তে। নতু অস্বরূপভূতা ত্রিগুণময্যেব শক্তিরিতি তস্যাঃ শ্রুতেরর্থং নমন্যন্তে। যদ্বা প্রকৃতিং দুর্গাং মায়িনন্তু মহেশ্বরং শম্ভুং বিদ্যা-দিত্যর্থমপি নৈব মন্যন্তে। অতোভগবদপরাধেন জীবন্মুক্তদশাং প্রাপ্তাঅপি তেঽধঃ পতন্তি। যদুক্তং বাসনাভাষ্যধৃতং পরিশিষ্ট বচনং। "জীবন্মুক্তা অপি পুনর্যান্তি সংসারবাসনাং। যদ্য-চিন্ত্য মহাশক্তৌ ভগবত্যপরাধিনঃ।" ইতি যেচ ফলপ্রাপ্তৌ সত্যাম্ নাস্তি সাধনোপযোগ ইতি মত্বা জ্ঞানসন্ন্যাসকালে জ্ঞানম্ তত্র গুণীভূতাম্ ভক্তিমপি সংত্যজ্য নির্দোষাপরোক্ষ ব্রহ্মানুভবং স্বস্য মন্যন্তে। শ্রীবিগ্রহাপরাধেন ভক্ত্যাপি জ্ঞানেন সার্দ্ধং অন্তর্দ্ধানাদ্ভক্তিং তে পুনর্নৈব লভন্তে ভক্ত্যা বিনাচ তৎপদার্থানুভবাভাবা সমাধয়ো জীবন্মুক্তমানিন এব তে জ্ঞেয়াঃ। যদুক্তং। "যেঽন্যেঽরবিন্দাক্ষ বিমুক্তমানিন" ইতি যেতু ভক্তিমিশ্রম্ জ্ঞানমভ্যস্যন্তো ভগবন্মূর্ত্তিং সচ্চিদানন্দময়ীমেব মন্যমানাঃ ক্রমেণাবিদ্যাবিদ্যোপরমে পরাং ভক্তিং লভন্তে তে জীবন্মুক্তা দ্বিবিধাঃ একে সাযুজ্যার্থং ভক্তিং কুর্বন্তস্তয়ৈব তৎপদার্থমপরোক্ষীকৃত্য তস্মিন্ সাযুজ্যং লভন্তে তে সংগীতা এব। অপরে ভূরিভাগা যাদৃচ্ছিক শান্ত মহাভাগবতসঙ্গ-

প্রভাবেন ত্যক্তমুমুক্ষাঃ শুকাদিবদ্ভক্তিরসমাধুর্য্যাস্বাদে এব নিমজ্জন্তি তেতু পরমসংগীতা এব যদুক্তং। "আত্মারামাশ্চ মুনয়ো নির্গ্রন্থা অপ্যুরুক্রমে। কুর্ব্বন্ত্যহৈতুকীং ভক্তিমিত্থং-ভূতগুণো হরিঃ" ইতি। তদেবং চতুর্বিধা জ্ঞানিনঃ দ্বয়ে বিগীতাঃ পতন্তি দ্বয়ে সংগীতাস্তরন্তি সংসারমিতি ॥ ৫৫ ॥

তাৎপর্য্য।—পূর্ব্বশ্লোকে জ্ঞানের পরিপাকে ভক্তির প্রসঙ্গ কীর্ত্তিত হইয়াছে। এক্ষণে কিরূপে সেই ভক্তির উদ্ভব হয় এবং সেই ভক্তি কিরূপ আনন্দময় তাহাই বিবৃত হইতেছে।

পূজ্যপাদ শ্রীমচ্ছঙ্করাচার্য্য তথা শ্রীমদানন্দগিরির অভিপ্রায়। সমাধি-সাধ্য পরম ভক্ত্যাত্মক জ্ঞানের দ্বারা অপূর্ব্ব ফল লব্ধ হইয়া থাকে অর্থাৎ তৎপ্রভাবে শ্রীভগবানকে জানিতে পারা যায়। সমাধিজন্যা এইরূপ ভক্তিসহকারে ব্রহ্মাভিমুখ প্রত্যগাত্মা দ্বারা পরমাত্মাকে বিস্তৃত ভাবে গ্রহণ করা যায়। ভক্তি-পরাধীন সেই জ্ঞানের তত্ত্ব এক্ষণে বিবৃত হই-তেছে। আমি উপাধিকৃত বিস্তর ভেদপ্রযুক্ত যে বস্তুরূপে পরিণত হইয়াছি, এবং সমস্ত উপাধি বিধ্বস্ত হইলে আমি যে আকাশকল্প উত্তম বস্তুতে পরিণত হইয়া থাকি, সেই পরমাত্মস্বরূপ অদ্বৈত চৈতন্যমাত্রৈক-রস অজ জরারহিত অমর অভয় নিধনরহিত আমাকে অর্থাৎ শ্রীভগবানকে তত্ত্বজ্ঞান সহকারে পরিজ্ঞাত হইয়া থাকে। পরমাত্মা সম্বন্ধে যে কয়টী বিশেষণ প্রযুক্ত হইল, তাহার সার্থকতা এইরূপ। যথা ;—আকাশকল্প শব্দ দ্বারা তাঁহার অনবচ্ছিন্নত্ব ও অসঙ্গত্ব সূচিত হইয়াছে। অদ্বৈত বিশেষণ দ্বারা চৈতন্যের বিষয়সাপেক্ষত্ব নিবারিত হইতেছে। যাঁহারা আত্মার দ্রব্যবোধত্ব মনে করেন অর্থাৎ যাঁহারা আত্মাকে দ্রব্যবিশেষরূপে বোধ্য বলিয়া বিশ্বাস করেন, তাঁহাদিগের অববোধের নিমিত্ত চৈতন্যমাত্র বিশেষণ প্রযুক্ত হইয়াছে। আত্মা ধর্ম্মধর্ম্মিত্ব রহিত ইহাই প্রতিপাদন করিবার জন্য একরস শব্দ প্রযুক্ত হইয়াছে। অজর শব্দ দ্বারা আত্মার সর্ব্ববিক্রিয়া-রাহিত্য ও কৌটস্থ্য ভাব বিজ্ঞাপিত হইতেছে। উক্তরূপ বিক্রিয়ারাহিত্যের অজ্ঞানভাব হেতু প্রদর্শনার্থ বিক্রিয়া শব্দ প্রযুক্ত হই-য়াছে। এইরূপে তত্ত্ব সহকারে ভগবত্তত্ত্ব পরিজ্ঞাত হইয়া ভক্ত তাঁহাতেই প্রবেশ করিয়া থাকে। এরূপ পরিজ্ঞানের পর প্রবেশ ক্রিয়ার অন্য কোনরূপ স্থান থাকিতে পারে না। যে চারি প্রকার ভক্তির কথা পূর্ব্বে

(৭।১৬) কথিত হইয়াছে, তন্মধ্যে এইরূপ জ্ঞাননিষ্ঠাই শ্রেষ্ঠা এবং ইহা চতুর্থী ভক্তি নামে অভিহিতা।

পূজ্যপাদ শ্রীমদ্বলদেব বিদ্যাভূষণের অভিপ্রায়। স্বরূপতঃ গুণানুসারে আমি যাহা এবং বিভূতি অনুসারে আমি যাহা, পরাভক্তির দ্বারা তাহাই অনুভব করিয়া থাকে। তদনন্তর একান্ত মদ্ভক্তি বশতঃ যাথাত্ম্য ভাবে আমাকে পরিজ্ঞাত হইয়া তদনন্তর আমাতে প্রবেশ করে অর্থাৎ আমার সহিত যুক্ত হয়। "পুরং প্রবিশতি" অর্থাৎ পুরে প্রবেশ করিতেছে, এ কথা বলিলে ভবনের সহিত সংযোগই বুঝায়, ভবনধর্ম্মত্ব প্রাপ্তি বুঝায় না। এ স্থলে ভগবত্তত্ত্বাভিজ্ঞানে এবং প্রবেশ বিষয়ে ভক্তিই হেতু বলিয়া বুঝিতে হইবে। "ভক্ত্যা ত্বনন্যয়া শক্যঃ" (১১।৫৪) ইত্যাদি শ্রীভগবানের পূর্ব্বোক্তিও ইহার সমর্থন করিতেছে। মূলস্থিত "তদনন্তর" বাক্যের অর্থ এই যে, শ্রীভগবানের স্বরূপ, গুণ ও বিভূতি তাত্ত্বিকরূপে অনুভব করার উত্তর কালে। অথবা পরাভক্তির দ্বারা ভগবত্তত্ত্ব যথাযথরূপে পরিজ্ঞাত হইয়া সেই ভক্তি লইয়াই শ্রীভগবানে যুক্ত হইয়া থাকে। বেদান্তসূত্রে কথিত হইয়াছে যে, মোক্ষের পরও ভক্তি বিদ্যমান থাকে। যথা ; "আপ্রায়ণাত্তত্রাপি হি দৃষ্টং।" (বেদান্তসূত্র ৪র্থ অধ্যায় ১ম পাদ ১২ সূত্র) এস্থলে আপ্রায়ণ শব্দের অর্থ মোক্ষ পর্য্যন্ত, মোক্ষ হইলেও ভক্তি অনুবর্ত্তন করে, এইরূপ অভিপ্রায় শ্রুতি দ্বারা প্রতিপন্ন হইয়াছে। ভক্তি দ্বারা যাঁহাদিগের অবিদ্যা বিনষ্ট হইয়াছে, তাঁহাদিগের ভক্তির আস্বাদ ক্রমেই বৃদ্ধি প্রাপ্ত হইয়া থাকে। সিতা * অর্থাৎ শর্করা দ্বারা যাহাদিগের পিত্ত নষ্ট হইয়া যায়, তাহাদিগের রসনায় শর্করার মিষ্টত্ব বর্দ্ধিত হইয়া থাকে।

পূজ্যপাদ শ্রীমন্মধুসূদন সরস্বতীর অভিপ্রায়। এইরূপে আমাকে তাত্ত্বিকরূপে জানিয়া অর্থাৎ আমি অখণ্ডানন্দ অদ্বিতীয় ব্রহ্ম, এইরূপে সাক্ষাৎ করার পর আমাতে প্রবেশ করে, অর্থাৎ অজ্ঞান ও তৎকার্য্যসমূহ নিবৃত্তি হেতু সর্ব্বপ্রকার উপাধি বিরহিত হওয়ায় মদ্রূপতা প্রাপ্ত হইয়া থাকে। 'তদনন্তর' শব্দ দ্বারা অতি বলবান প্রারব্ধ ভোগান্তে দেহ ত্যাগের পর বুঝিতে হইবে, জ্ঞান লাভের পর, এরূপ অর্থ এস্থলে লক্ষিত নহে।

* সিতা।—শর্করা। ইহার গুণ রাজনির্ঘণ্ট গ্রন্থে লিখিত হইয়াছে। যথা ;—"খণ্ডস্ত সিকতা রূপং হ্যেতং শর্করা সিতা। সিতা সুমধুরা রুচ্যা বাতপিত্তাস্রদাহহৃৎ। মূর্চ্ছাচ্ছর্দ্দিজ্বরান্ হন্তি সুশীতা শুক্রকারিণী॥"

শ্লোকে "জ্ঞাত্বা" এই পদে ক্ত্বা প্রত্যয় আছে, ইহার দ্বারা 'জানিয়া' অর্থাৎ 'জ্ঞানানন্তর' এইরূপ অর্থ সিদ্ধ হয়। এরূপ অর্থের পর আবার তদনন্তর পদের প্রয়োগ ব্যর্থ বলিয়া মনে হইতে পারে। কিন্তু পূর্ব্বোক্ত অর্থ গ্রহণ করিলেই এই পদদ্বয়ের সার্থকতা হইয়া থাকে। "তস্য তাবদেব চিরং" ইত্যাদি শ্রুতিতে যেরূপ অভিপ্রায় লক্ষিত হইয়াছে, শ্রীভগবানও এস্থলে সেই ভাবই প্রদর্শন করিলেন।

পূজ্যপাদ শ্রীমন্নীলকণ্ঠের অভিপ্রায়। এক্ষণে পূর্ব্বোল্লিখিতরূপা অদ্বৈতলক্ষণা ভক্তির কিপ্রকার ফল হয়, তাহাই বিবৃত হইতেছে। আমাকে উক্তবিধ ভক্তির দ্বারা 'অভিজ্ঞ' অর্থাৎ সাকল্যরূপে জানিয়া থাকেন। সাকল্য বুঝাইবার নিমিত্ত যাবান্ শব্দ ব্যবহৃত হইয়াছে। আমি অণুসম্মিত কিম্বা দেহপরিমিত অথবা তার্কিকগণের মতানুযায়ী আমি কি আকাশের ন্যায় যাবতীয় মূর্ত্তিবিশিষ্ট পদার্থের সহিত সংযোগ-লক্ষণ বিভুত্বের আশ্রয়, আমি কি স্বগত ভেদবান্ অর্থাৎ বৃক্ষের মধ্যে পত্র পুষ্প ফল প্রভৃতির যেরূপ ভেদ আছে, আমিও কি তাদৃশ ভেদযুক্ত অথবা আমি অখণ্ডৈকরস অর্থাৎ অবিচ্ছিন্ন একমাত্র সৎ, ইহাই প্রকৃষ্টরূপে বুঝিয়া আমাকে তৎপদার্থরূপে জানিয়া থাকেন। অপিচ মূলে এইস্থলে "যশ্চ" পদ প্রযুক্ত হইয়াছে। ইহার অর্থ—যাহা আমি হই। আমি কি দেহেন্দ্রিয় প্রাণ মনের অন্যতম কিয়ৎকালস্থায়ী পদার্থ কিম্বা বৌদ্ধদিগের ক্ষণিকবাদ-প্রতিষ্ঠিত ক্ষণিক অথবা আমি কি শূন্য বা কর্ত্তা ও ভোক্তা অথবা আমি জড় বা জড়াজড়রূপ কিম্বা আমি কি চিৎস্বরূপ ভোক্তা অথবা আমি কি কর্ত্তৃত্ব ভোক্তৃত্ব বর্জ্জিত আনন্দঘনস্বরূপ, এই সকল ব্যাপার সর্ব্বসংশয় পরিশূন্য ভাবে বুঝিয়া আমাকে অজর অমর অভয় অশোক বলিয়া জানেন। শ্রুতিও ইহার সমর্থন করিয়াছেন। আত্মদর্শন হইলে সকল সংশয়ই ছিন্ন হইয়া থাকে ইহাই প্রদর্শিত হইতেছে। শ্রীভগবান্ পূর্ব্বে বলিয়াছেন, "ক্ষেত্রজ্ঞঞ্চাপি মাং বিদ্ধি সর্ব্বক্ষেত্রেষু ভারত।" (১৩শ অধ্যায় ২ শ্লোক) তদনুসারে সর্ব্বক্ষেত্রে আমাকে এক বিভু এবং সচ্চিদানন্দঘনরূপে জানিয়া সর্ব্বোপাধিবিনির্ম্মুক্ত হইয়া যাথাত্ম্যভাবে পরিজ্ঞান অর্থাৎ সাক্ষাৎকার পূর্ব্বক তদনন্তর ব্রহ্মভাবগত হইয়া থাকে। শ্রুতিও বলিয়াছেন, "ব্রহ্ম বেদ ব্রহ্মৈব ভবতি।" এইরূপ হওয়ার পর ভক্ত

শুদ্ধ ব্রহ্মে প্রবিষ্ট হইয়া থাকেন। দর্পণ নাশে তৎপ্রতিফলিত প্রতিবিম্ব যেরূপ বিম্বে প্রবেশ করে, জ্ঞানীও তদ্রূপ ব্রহ্মে প্রবেশ করিয়া থাকেন।

পূজ্যপাদ শ্রীমদ্বিশ্বনাথের অভিপ্রায়। অতঃপর সেই লব্ধ ভক্তি দ্বারা কি ফল প্রাপ্ত হওয়া যায়, তাহাই এক্ষণে অর্থান্তর ন্যাস দ্বারা প্রদর্শিত হইতেছে। আমি যাহা এবং যৎস্বরূপ, আমার তাদৃশ স্বরূপ তত্ত্বজ্ঞানী এবং নানাপ্রকার ভক্ত কেবল ভক্তি দ্বারাই সম্পূর্ণরূপে জানিয়া থাকে। আমি পূর্ব্বেই বলিয়াছি, "ভক্ত্যাহমেকয়া গ্রাহ্যঃ" যখন সদুক্তির দ্বারা এইরূপ সপ্রমাণ হইতেছে, তখন তৎফল লাভার্থ প্রস্তুত জ্ঞানী সেই ভক্তির দ্বারাই বিদ্যার উপরম হইলে আমাকে জানিয়া আমাতে প্রবিষ্ট হয় অর্থাৎ আমার সাযুজ্যসুখ অনুভব করে। কারণ তাদৃশ ভক্তগণ আমার মায়াতীত; সেই মায়া অবিদ্যারই স্বরূপ এবং আমি বিদ্যা দ্বারাই জ্ঞাতব্য। নারদপঞ্চরাত্রে কথিত হইয়াছে যে, "সাংখ্যযোগৌ চ বৈরাগ্যং তপোভক্তিশ্চ কেশবে। পঞ্চ পর্ব্বৈব বিদ্যা" অর্থাৎ জ্ঞান, যোগ, বৈরাগ্য, তপঃ এবং কেশবে ভক্তি এই পঞ্চ পর্ব্বই বিদ্যা। এতাবতা ভক্তি বিদ্যারই বৃত্তিবিশেষ স্বীকৃত হইলেও বুঝিতে হইবে যে, ইহা হ্লাদিনী শক্তি। ভক্তি কখনও বিদ্যা বিষয়ে সাফল্যের নিমিত্ত অংশক্রমে তন্মধ্যে, কখনও বা কর্ম্মযোগ সাফল্যের নিমিত্ত তন্মধ্যে প্রবেশ করে। সেই ভক্তি ব্যতীত কর্ম্মযোগ ও জ্ঞানাদি কেবল শ্রমমাত্রেই পর্য্যবসিত হইয়া থাকে। নির্গুণা ভক্তি সত্ত্বগুণময়ী বিদ্যার বৃত্তি বিশেষ হইতে পারে না; অজ্ঞানের নিবারণই বিদ্যার কার্য্য এবং তৎপদার্থরূপ ভগবন্নিরূপণ ভক্তির কার্য্য। এই গীতাশাস্ত্রে উক্ত হইয়াছে যে, "সত্ত্বাৎ সংজায়তে জ্ঞানং" (১৪শ অধ্যায় ১৭ শ্লোক) এতদনুসারে মীমাংসা হইতেছে যে, সত্ত্ব হইতে যে জ্ঞান জন্মে তাহা সত্ত্ব; সেই সত্ত্বই বিদ্যা শব্দে অভিহিতা। ইহা যেরূপে প্রতিপন্ন হইতেছে, সেই প্রণালীতেই বুঝিতে হইবে যে, ভক্তি হইতে উত্থিত যে জ্ঞান তাহা ভক্তি ভিন্ন আর কিছুই নহে। সেই ভক্তি কোন কোন স্থলে ভক্তি শব্দে কোথাও বা জ্ঞান নামে অভিহিত হইয়া থাকে। এইরূপে জ্ঞানকে দুই প্রকার বলিয়া জানা আবশ্যক। এস্থলে প্রথম অর্থাৎ সত্ত্বজনিত জ্ঞানকে নষ্ট করিয়া দ্বিতীয় অর্থাৎ ভক্তিরূপ জ্ঞান দ্বারা ব্রহ্মসাযুজ্য প্রাপ্ত হওয়া যায়। শ্রীমদ্ভাগবতের

একাদশস্কন্ধান্তর্গত পঞ্চবিংশাধ্যায়ে এই তত্ত্ব পরিস্ফুট হইয়াছে। কেহ ভক্তিবিহীন কেবল জ্ঞানমাত্র অবলম্বন করিয়া সাযুজ্য প্রার্থী হন। সেই জ্ঞানাভিমানিগণের কেবল ক্লেশই সার হয় এবং তাঁহারা অবজ্ঞাত হইয়া থাকেন। অন্য কেহ ভক্তি বিনা কেবল জ্ঞানের দ্বারা মুক্তি লভ্য নহে জানিয়া ভক্তিমিশ্র জ্ঞান অভ্যাস করিতে করিতে শ্রীভগবান্ মায়োপাধি এবং ভগবদ্বপুঃ গুণময় বলিয়া বিশ্বাস করেন; সেই বিমুক্তমানী জ্ঞানিগণ যোগারূঢ় অবস্থা প্রাপ্ত হইলেও নিন্দিত হইয়া থাকেন। শাস্ত্রেও কথিত হইয়াছে, "মুখবাহূরুপাদেভ্যঃ পুরুষস্যাশ্রমৈঃ সহ। চত্বারো জজ্ঞিরে বর্ণা গুণৈর্বিপ্রাদয়ঃ পৃথক্। য এবং পুরুষং সাক্ষাৎ আত্মপ্রভবমীশ্বরং ন ভজন্ত্যবজানন্তি স্থানাদ্‌ভ্রষ্টাঃ পতন্ত্যধঃ।" ইহার ভাবার্থ যথা; বিরাট পুরুষের মুখ, বাহু, উরু এবং চরণ হইতে আশ্রমের সহিত বিপ্রাদি বর্ণ-চতুষ্টয় উপজাত হইয়াছে, তন্মধ্যে গুণানুসারে বিপ্র ক্ষত্রিয়াদি পৃথক্‌রূপে পরিণত হইয়াছে। যে সকল ব্যক্তি এরূপ সর্ব্বাত্মপ্রভব ঈশ্বররূপ পুরুষকে ভজনা না করে অথবা ভজনা করিয়াও অবজ্ঞা করে, তাহারা সন্ন্যাসী অথবা অবিদ্যাবিজয়ী হইলেও স্বস্থান হইতে ভ্রষ্ট হইয়া অধঃপতিত হয়। আরও কথিত হইয়াছে যে, "যেঽন্যেঽরবিন্দাক্ষ বিমুক্তমানিনস্ত্বয্যস্তভাবা-দবিশুদ্ধবুদ্ধয়ঃ। আরুহ্য কৃচ্ছ্রেণ পরং পদং ততঃ পতন্ত্যধোঽনাদৃতযুস্ম-দঙ্ঘ্রয়ঃ।" অর্থাৎ হে পদ্মপলাশলোচন! যে সকল অভিমানী এবং তোমার স্বরূপ জ্ঞানে অসমর্থতা হেতু অবিশুদ্ধবুদ্ধি ব্যক্তি অতি কষ্টে জ্ঞানমার্গের উচ্চ পদে আরোহণ করে, তাহারাও তোমার চরণে ভক্তি বিহীনতা হেতু বা তোমার তনুতে অনাদর প্রযুক্ত অধঃপতিত হইয়া থাকে। ভগবদ্দেহকে গুণময় বলিয়া জ্ঞান করাই অনাদর। পূর্ব্বেও কথিত হইয়াছে, "অব জানন্তি মাং মূঢ়া মানুষীং তনুমাশ্রিতং।" (৯ম অধ্যায় ১১শ শ্লোক; বস্তুতঃ ভগবানের দেহ মনুষ্যাকার হইলেও তাহা যে সচ্চিদানন্দময়, তাহাতে কোনই সন্দেহ নাই। সাধারণ মানবের দেহ যেমন মাংসাস্থি-ক্লেদপূর্ণ, শ্রীভগবানের শরীর কখনই সেরূপ হইতে পারে না; তাহা নিত্য নির্ম্মল জ্ঞানানন্দে পরিপূরিত। বহু জন্মার্জ্জিত পুণ্যের ফলে তাঁহার দুর্লভ কৃপা লাভ করিতে পারিলে সেই ভগবৎ-করুণা প্রভাবে তাঁহার নিত্যানন্দময় দেহের স্বরূপ দৃষ্ট হয়। নারায়ণাধ্যাত্ম বচন যথা;

"নিত্যাব্যক্তোঽপি ভগবানীক্ষ্যতে নিজশক্তিতঃ। তামৃতে পরমানন্দং কঃ পশ্যেত্তমিমং প্রভুং॥" অর্থাৎ শ্রীভগবান্ নিত্য অব্যক্তস্বরূপ হইলেও কেবল তাঁহারই কৃপাশক্তি প্রভাবে তিনি লক্ষিত হন; সেই শক্তি ব্যতীত এই পরমানন্দস্বরূপ প্রভুকে দর্শন করিতে কে সমর্থ হয়? এইরূপে পূর্ব্বোক্ত বাক্যসমূহ দ্বারা ভগবচ্ছরীরের সচ্চিদানন্দময়ত্ব সিদ্ধ হইলেও এবং "ক্লীঁ৬ং সচ্চিদানন্দবিগ্রহং শ্রীবৃন্দাবনসুর ভূরুহতলাসীনং" অর্থাৎ 'শ্রীবৃন্দাবনস্থ দেব-পাদপতলাসীন সচ্চিদানন্দবিগ্রহ।' তথা "শাব্দং ব্রহ্ম বপুর্দ্দধৎ" অর্থাৎ 'ব্রহ্ম শব্দময় দেহধারী' ইত্যাদি শ্রুতি স্মৃতি নির্দ্দিষ্ট সহস্র প্রমাণ সত্ত্বেও কেবল "মায়াস্তু প্রকৃতিং বিদ্যান্মায়িনন্তু মহেশ্বরং।" (২২৯৯।৩০১৯ পৃঃ ভাঃ দ্রঃ) অর্থাৎ 'মায়া প্রকৃতি এবং মায়ী পরমেশ্বর', এই শ্রুতি দর্শন করিয়াই তাঁহারা ভগবানকেও মায়োপাধি বলিয়া মনে করেন। কিন্তু "অতো মায়াময়ং বিষ্ণুং প্রবদন্তি সনাতনং" অর্থাৎ 'এই জন্যই সনাতন বিষ্ণুকে মায়াময় বলা যায়' এই মাধ্বভাষ্য প্রমাণিত শ্রুত্যনুসারে তাঁহাকে তৎ-স্বরূপভূতা মায়াখ্যা নিত্যশক্তি দ্বারা সংযুক্ত বলিয়া মনে করেন না। অথবা 'মায়ান্তু' এস্থলে মায়া শব্দে ভগবৎস্বরূপভূতা চিচ্ছক্তিই অভিহিত, কিন্তু তাঁহার অস্বরূপা ত্রিগুণময়ী শক্তি এস্থলে লক্ষিত নহে, এরূপও হইতে পারে। তাঁহাদিগের অবলম্বিত শ্রুতির অনুরূপ অর্থও হইতে পারে। যথা; 'মায়াকে প্রকৃতি অর্থাৎ দুর্গা এবং মায়ীকে মহেশ্বর অর্থাৎ শম্ভু বলিয়া জানিবে।' কিন্তু যাঁহারা ভগবদ্দেহকে গুণময় বলিয়া জ্ঞান করেন, তাঁহারা এ সকল অর্থ স্বীকার করেন না। এই জন্যই ভগবানের নিকট অপরাধী হইয়া তাঁহারা জীবন্মুক্ত দশা প্রাপ্ত হইলেও অধঃপতিত হইয়া থাকেন। এজন্য জীবন্মুক্ত সাধকেরও অধঃপতন অসম্ভাবিত নহে। বাসনা-ভাষ্যগ্রন্থধৃত পরিশিষ্ট বচনে কথিত হইয়াছে যে, "জীবন্মুক্তা অপি পুনর্যান্তি সংসারবাসনাং। যদ্যচিন্ত্য মহাশক্তৌ ভগবত্যপরাধিনঃ॥" ইহার ভাবার্থ এই যে, 'জীবন্মুক্ত ব্যক্তিগণও যদি কোনরূপে অচিন্তনীয় মহাশক্তিশালী ভগবানের নিকট অপরাধী হন, তাহা হইলে তাঁহাদিগকে পুনর্ব্বার বাসনাযুক্ত হইয়া সংসারে প্রবেশ করিতে হয়।' এই সকল জীবন্মুক্ত ব্যক্তির অধঃপতনের কারণ এই যে, তাঁহারা মনে করেন, ফল প্রাপ্তি হইলে আর সাধনার প্রয়োজন নাই; এইরূপ জ্ঞানের বশে তাঁহারা

জ্ঞানসন্ন্যাস কালে জ্ঞানের সহিত তাহার গুণভূতা ভক্তিকেও পরিত্যাগ করেন এবং পরে আপনার মিথ্যা অপরোক্ষ ব্রহ্মানুভূতি বোধ করিয়া থাকেন। অপিচ শ্রীবিগ্রহদেহে গুণময় জ্ঞান হেতু তাঁহার নিকট অপরাধী হন, এই জন্য জ্ঞানের সহিত ভক্তিও অন্তর্হিতা হইয়া থাকে। এই ভক্তিকে তাঁহারা আর লাভ করিতে সক্ষম হন না, ভক্তি ব্যতীত তৎপদার্থরূপ পরমাত্মানুভবও সম্পূর্ণ হয় না। তখন তাঁহাদের সমাধি বৃথা এবং তাঁহারা মিথ্যা জীবন্মুক্তাভিমানী হইয়া থাকেন। পূর্ব্বেই এ সম্বন্ধে কথিত হইয়াছে, "যেঽন্যেঽরবিন্দাক্ষবিমুক্তমানিনঃ" ইত্যাদি। যাঁহারা ভক্তিমিশ্রিত জ্ঞান অভ্যাস করিতে করিতে ভগবানেরমূর্ত্তিকে সচ্চিদানন্দময়ী জ্ঞান করিয়া থাকেন, তাঁহারা অবিদ্যা ও বিদ্যার উপরম হইলে পরা ভক্তিকে লাভ করেন। এরূপ জীবন্মুক্ত দ্বিবিধ। তাঁহাদের কেহ কেহ ভগবৎসাযুজ্যলাভের নিমিত্ত ভক্তি করিয়া থাকেন এবং সেই ভক্তির দ্বারা তৎপদার্থকে অপরোক্ষভাবে অনুভব করিয়া সাযুজ্যলাভ করেন। ইহাঁরা সম্মাননীয়। অপর কতকগুলি সাধক যদৃচ্ছারূপে শান্ত মহাভাগবতগণের সঙ্গ প্রভাবে মুক্তি ইচ্ছা পরিত্যাগ করিয়া শুকাদির ন্যায় ভক্তিরসের মাধুর্য্যাস্বাদেই নিমগ্ন থাকেন। তাঁহারা পরম আদরণীয়। যথা ; "আত্মারামাশ্চ মুনয়ো নির্গ্রন্থা অপ্যরুক্রমে। কুর্ব্বন্ত্যহৈতুকীং ভক্তি মিত্থম্ভূতগুণো হরিঃ॥" (ভাগবত ১ম স্কন্ধ ৭ম অধ্যায় ১০ শ্লোক) ইহার ভাবার্থ যথা ; আত্মারাম বাসনা-গ্রন্থিবিহীন মুনিগণও উরুবিক্রম ভগবানে অহৈতুকী ভক্তি করিয়া থাকেন। ভগবান্ শ্রীহরি এবম্ভূত গুণশালী যে, এই সকল জীবন্মুক্তগণও তাঁহাতে অহৈতুকী ভক্তি করেন।' এক্ষণে উপসংহারে ইহাই বক্তব্য যে, চতুর্ব্বিধ জ্ঞানীর মধ্যে ভগবদ্দেহে গুণময় বুদ্ধিশালী জ্ঞানিদ্বয় অবজ্ঞাত এবং তাঁহারা পুনর্ব্বার অধঃপতিত হইয়া থাকেন; অপর শ্রীভগবানের মূর্ত্তিতে সচ্চিদানন্দরূপদর্শী জ্ঞানিদ্বয় পরম আদরণীয় এবং তাঁহারা সংসার-সমুদ্র উত্তীর্ণ হইতে সক্ষম হন॥ ৫৫॥

——•:):*•:(:•——

সর্ব্বকর্ম্মাণ্যপি সদা কুর্ব্বাণো মদ্ব্যপাশ্রয়ঃ।
মৎ প্রসাদাদবাপ্নোতি শাশ্বতং পদমব্যয়ম্ ॥ ৫৬ ॥

অন্বয়।—সদা (সর্ব্বদা) সর্ব্বকর্ম্মাণি (নিত্যনৈমিত্তিকাদীনি) কুর্ব্বাণঃ (অনুতিষ্ঠন্) অপি মদ্ব্যপাশ্রয়ঃ (মদেকশরণঃ) [সন্] মৎপ্রসাদাৎ (মদনুগ্রহাৎ) শাশ্বতং (নিত্যং) অব্যয়ং (ক্ষয়রহিতং) পদং (বৈষ্ণবং ধাম) অবাপ্নোতি (লভতে) ॥ ৫৬ ॥

প্রতিশব্দ।—সর্ব্বদা সমস্ত-কর্ম্ম করিয়াও মদেক-শরণ (হইলে) আমার-প্রসাদে নিত্য ক্ষয়-রহিত পদ লাভ করে ॥ ৫৬ ॥

ব্যাখ্যা।—নিত্যনৈমিত্তিকাদি কর্ম্মসমূহকে সর্ব্বদা অনুষ্ঠান করিয়াও যিনি আমাকেই একমাত্র আশ্রয়রূপে গ্রহণ করেন অর্থাৎ আমাতেই সমস্ত অর্পণ করেন, তিনি আমার প্রসাদে নিত্য অব্যয় বৈষ্ণব পদ লাভ করিয়া থাকেন ॥ ৫৬ ॥

শঙ্করাচার্য্য।—স্বকর্ম্মণা ভগবতোঽর্চ্চনভক্তিযোগস্য সিদ্ধিপ্রাপ্তিঃ ফলং জ্ঞাননিষ্ঠাযোগ্যতা, যন্নিমিত্তা জ্ঞাননিষ্ঠা মোক্ষফলাবসানা স ভগবদ্ভক্তিযোগোঽধুনা স্তূয়তে শাস্ত্রার্থোপসংহারপ্রকরণে শাস্ত্রার্থনিশ্চয়দার্ঢ্যায়। সর্ব্বকর্ম্মাণি প্রতিষিদ্ধান্যপি সদা কুর্ব্বাণোঽনুতিষ্ঠন্ মদ্ব্যপাশ্রয়োঽহং বাসুদেব ঈশ্বরো ব্যপাশ্রয়োযস্য স মদ্ব্যপাশ্রয়ো মষ্যর্পিতসর্ব্বাত্মভাব ইত্যর্থঃ, সোঽপি মৎপ্রসাদান্মমেশ্বরস্য প্রসাদাদবাপ্নোতি শাশ্বতং নিত্যং বৈষ্ণবং পদমব্যয়ং ॥ ৫৬ ॥

আনন্দগিরি।—তর্হি জ্ঞাননিষ্ঠৈব মোক্ষসম্ভবান্ন কর্ম্মানুষ্ঠানসিদ্ধিরিত্যাশঙ্ক্যাহ স্বকর্ম্মণেতি। তামেব সিদ্ধিপ্রাপ্তিং বিশিনষ্টি জ্ঞানেতি। জ্ঞাননিষ্ঠাযোগ্যতায়ৈ স্বকর্ম্মানুষ্ঠানং ভগবদর্চ্চনরূপে কর্ত্তব্যমিত্যর্থঃ। জ্ঞাননিষ্ঠাযোগ্যতাপি কিমর্থেত্যাশঙ্ক্য জ্ঞাননিষ্ঠাসিদ্ধ্যর্থেত্যাহ যন্নিমিত্তেতি। জ্ঞাননিষ্ঠাপি কুত্রোপযুক্তেত্যাহ মোক্ষেতি। স্বকর্ম্মণা ভগবদর্চ্চনাত্মনো ভক্তিযোগস্য পরংপরয়া মোক্ষফলস্য কার্য্যত্বেন বিশেষত্বে বিধানে কৃতে স্তূয়মানত্বমিতি স ভগবদিতি। জ্ঞাননিষ্ঠা কর্ম্মনিষ্ঠেত্যুভয়ং প্রতিজ্ঞায় তত্র তত্র বিভাগেন প্রতিপাদিতং কিমিতীদানীং কর্ম্মনিষ্ঠা পুনঃস্তুত্যা কর্ত্তব্যতয়োচ্যতে তত্রাহ শাস্ত্রার্থেতি। তত্র তত্রোক্তস্যৈব কর্ম্মানুষ্ঠানস্য প্রকরণবশাদিহোপসংহারঃ সর্ব্বশাস্ত্রার্থনিশ্চয়স্য দৃঢ়তাং দ্যোতয়তীত্যর্থঃ। যদ্যপি কস্যচিৎ কর্ম্মানুষ্ঠায়িনোবুদ্ধিশুদ্ধিদ্বারা কৈবল্যং সিধ্যতি তথাপি পাপবাহুল্যাদকর্ম্মানুষ্ঠায়িনোঽপি কস্যচিদ্বুদ্ধিশুদ্ধ্যভাবে কৈবল্যাসিদ্ধিরিত্যত্রাহ সর্ব্বকর্ম্মাণীতি। সর্ব্বশব্দানুরোধাদীশ্বরারাধনস্তুতিপরত্বেন শ্লোকং ব্যাচষ্টে প্রতিষিদ্ধান্যপীতি। নিত্যনৈমিত্তিকবদিত্যপেরর্থঃ। নিষিদ্ধাচরণস্য প্রামাণিকত্বং

ব্যাবর্ত্তয়তি সদেতি। অনুতিষ্ঠন্ বৈষ্ণবং পদমাপ্নোতীতি সম্বন্ধঃ। পাপকর্ম্মকারিণো যথোক্তপদপ্রাপ্তৌ পাপস্যাপি মোক্ষফলত্বমুপগতং স্যাদিত্যত্রাহ মদ্ব্যপাশ্রয় ইতি। তস্যৈব তাৎপর্য্যমাহ মদীতি তর্হি জ্ঞানস্য মোক্ষহেতুত্বমুপেক্ষিতং স্যাদিত্যত্রাহ সোঽপীতি ॥ ৫৬ ॥

রামানুজ।—এবং বর্ণাশ্রমোচিতনিত্যনৈমিত্তিককর্ম্মণাং পরিত্যক্তফলাদিকানাং পরমপুরুষারাধনরূপেণানুষ্ঠিতানাং বিপাক উক্তঃ। ইদানীং কাম্যানামপি কর্ম্মণামুক্তেনৈব প্রকারেণানুষ্ঠীয়মানানাং সএব বিপাক ইত্যাহ সর্ব্বেতি। ন কেবলং নিত্যনৈমিত্তিকানি কর্ম্মাণ্যপি তু কাম্যান্যপি সর্ব্বাণি কর্ম্মাণি। মদ্ব্যপাশ্রয়ঃ ময়ি সংন্যস্তকর্তৃত্বাদিকঃ কুর্ব্বাণো মৎপ্রসাদাচ্ছাশ্বতং পদমব্যয়ং অবিকলং প্রাপ্নোতি পদ্যতে গম্যতেইতি পদং মাং প্রাপ্নোতীত্যর্থঃ ॥ ৫৬ ॥

হনুমান্।—সর্ব্বকর্ম্মাণি সর্ব্বাণি কর্ম্মাণি প্রতিষিদ্ধান্যপি সদা কুর্ব্বাণো মদাত্মা ব্যপশ্রয়ো যস্য স মদ্ব্যপাশ্রয়ঃ ঈশ্বরমেবাহং শরণপ্রপন্নঃ সএব মম যোগক্ষেমনির্ব্বাহক ইত্যভিনিবেশবানিত্যর্থঃ। মৎপ্রসাদাদবাপ্নোতি শাশ্বতং পরমনাদিমব্যয়মনন্তং বিষ্ণোঃ প্রাপ্নোতীত্যর্থঃ ॥ ৫৬ ॥

শ্রীধর।—স্বকর্ম্মভিঃ পরমেশ্বরারাধনাদুক্তং মোক্ষপ্রকারমুপসংহরতি সর্ব্বকর্ম্মাণীতি। সর্ব্বাণি নিত্যানি নৈমিত্তিকানি চ কর্ম্মাণি পূর্ব্বোক্তক্রমেণ সর্ব্বদা কুর্ব্বাণঃ মদ্ব্যপাশ্রয়ঃ অহমেব ব্যপাশ্রয়ঃ আশ্রয়ণীয়ো ন তু স্বর্গাদিফলং যস্য স মৎপ্রসাদাৎ শাশ্বতমনাদি অব্যয়ং নিত্যং সর্ব্বোৎকৃষ্টম্ পদম্ প্রাপ্নোতি ॥ ৫৬ ॥

বলদেব।—অথ পরিনিষ্ঠিতানামাহ সর্ব্বেতি সার্দ্ধদ্বয়াভ্যাম্। মদ্ব্যপাশ্রয়ো মদেকান্তী সর্ব্বাণি স্ববিহিতানি কর্ম্মাণি যথাযোগং কুর্ব্বাণঃ। অপিশব্দাদ্গৌণকালে, মদেকান্তিনস্তস্য মুখ্যকালাভাবাৎ এবমাহ সূত্রকারঃ। "সর্ব্বথাপি তএবোভয়লিঙ্গাদিতি।" ঈদৃশঃ স মৎপ্রসাদাম্মদত্যনুগ্রহাৎ শাশ্বতম্ নিত্যমব্যয়মপরিণামিজ্ঞানানন্দাত্মকং পদং পরমব্যোমাখ্যমবাপ্নোতি লভতে ॥ ৫৬ ॥

মধুসূদন।—নন্বু যোঽনাত্মজ্ঞোঽশুদ্ধান্তঃকরণঃ সোঽন্তঃকরণশুদ্ধিপর্য্যন্তং সহজং কর্ম্ম ন ত্যজেৎ। যস্তু শুদ্ধান্তঃকরণঃ স নৈষ্কর্ম্ম্যসিদ্ধিম্ সন্ন্যাসেনাধিগচ্ছতীত্যুক্তং, সন্ন্যাসশ্চ ব্রাহ্মণেনৈব কর্ত্তব্যোন ক্ষত্রিয়বৈশ্যাভ্যামিতি প্রাগুক্তম্ ভগবতা "কর্ম্মণৈব হি সংসিদ্ধিমাস্থিতা জনকাদয়" ইত্যত্র। তত্র শুদ্ধান্তঃকরণেন ক্ষত্রিয়াদিনা কিম্ কর্ম্মাণ্যনুষ্ঠেয়ানি, কিম্ সর্ব্বকর্ম্মসংন্যাসঃ কর্ত্তব্য, নাদ্যঃ "আরুরুক্ষোর্ম্মুনের্যোগম্ কর্ম্ম কারণমুচ্যতে। যোগারূঢ়স্য তস্যৈব শমঃ কারণমুচ্যতে" ইত্যাদিনা, যোগমন্তঃকরণশুদ্ধিমারূঢ়স্য কর্ম্মানুষ্ঠাননিষেধাৎ। ন দ্বিতীয়ঃ "স্বধর্ম্মে নিধনম্ শ্রেয়ঃ পরধর্ম্মোভয়াবহ" ইত্যাদিনা, ব্রাহ্মধর্ম্মস্য সর্ব্বকর্ম্মসংন্যাসস্য ক্ষত্রিয়াদিকম্ প্রতি নিষেধাৎ, ন চ কর্ম্মানুষ্ঠানকর্ম্মত্যাগয়োরন্যতরমন্তরেণ তৃতীয়ঃ প্রকারোঽস্তি, তস্মাদুভয়োরপি প্রতিষিদ্ধত্বে গত্যন্তরাভাবেন চাবশ্যকর্ত্তব্যে প্রতিষেধাতিক্রমে কর্ম্মত্যাগ এব শ্রেয়ান্ বহুহেতুপরিত্যাগেন মোক্ষসাধনপৌষ্কল্যাৎ ন তু কর্ম্মাণ্যনুষ্ঠেয়ানি চিত্তবিক্ষেপহেতুত্বেন মোক্ষসাধন-

জ্ঞানপ্রতিবন্ধকত্বাদিত্যভিপ্রায়মর্জ্জুনস্যালক্ষ্যাহ ভগবান্ যঃ পূর্ব্বোক্তৈঃ কর্ম্মভিঃ শুদ্ধান্তঃকরণঃ, সোঽনন্তরম্ ভগবদেকশরণঃ ভগবদেকশরণতাৎপর্য্যত্বাৎ অন্তঃকরণশুদ্ধেঃ এতাদৃশশ্চেৎ ব্রাহ্মণঃ সংন্যাসপরিবন্ধরহিতঃ সর্ব্বকর্ম্মাণি সংন্যস্য তু নাম সংসারবিমোক্ষস্তু তস্য ভগবদেকশরণস্য ভগবৎপ্রসাদাদেব, এতাদৃশশ্চেৎ ক্ষত্রিয়াদিঃ সংন্যাসানধিকারী সোঽকরোৎ নাম কর্ম্মাণি কিন্তু মদ্ব্যপাশ্রয়ঃ অহং ভগবান্ বাসুদেব এব ব্যপাশ্রয়ঃ শরণম্ যস্য স মদেকশরণো ময্যর্পিতসর্ব্বাত্মভাবঃ সংন্যাসানধিকারাৎ সর্ব্বকর্ম্মাণি সর্ব্বাণি কর্ম্মাণি বর্ণাশ্রমধর্ম্মরূপাণি লৌকিকানি প্রতিষিদ্ধানি বা। সদা কুর্ব্বাণোমৎপ্রসাদান্মমেশ্বরস্যানুগ্রহাৎ অবাপ্নোতি হিরণ্যগর্ভবদ্বিজ্ঞানোৎপত্ত্যা শাশ্বতং নিত্যং পদং বৈষ্ণবমব্যয়মপরিণামি এতাদৃশোভগবদেকশরণঃ করোত্যেব ন প্রতিষিদ্ধানি কর্ম্মাণি, যদি কুর্য্যাত্তথাপি মৎপ্রসাদাৎপ্রত্যবায়ানুৎপত্ত্যা মদ্বিজ্ঞানেন মোক্ষভাগ্ভবতীতি ভগবদেকশরণতাস্তুত্যর্থং সর্ব্বকর্ম্মাণি সর্ব্বদা কুর্ব্বাণোঽপীত্যনূদ্যতে ॥ ৫৬ ॥

নীলকণ্ঠ।—নন্ তত্ত্বৈষীকী তৃণমগ্নৌ প্রোতম্ প্রদূয়েতৈবমিহাস্য সর্ব্বে পাপ্মানঃ প্রদূয়ন্তে ইতি পূর্ব্বকর্ম্মণাং জ্ঞানেন প্রায়শ্চিত্তেনেব যদ্যপি নাশশ্রবণে জ্ঞানোত্তরকালীনানাং কর্ম্মণাং নাশাভাবাৎ জ্ঞানোত্তরমপি দেহধারণে স্বাভাবিকানাং কর্ম্মণাং বর্জনস্যাসম্ভবাদবশ্যং জ্ঞানিনোঽপি বন্ধঃ স্যাদিত্যাশঙ্ক্যাহ সর্ব্বকর্ম্মাণীতি। মদ্ব্যপাশ্রয়োঽহমেব প্রজ্ঞানঘনঃ প্রত্যগাত্মা ব্যপাশ্রয় আশ্রয়ো যস্য স মদ্ব্যপাশ্রয়োজ্ঞানী সর্ব্বকর্ম্মাণি বিহিতানি নিষিদ্ধানি বা সদাঽহরহঃ কুর্ব্বাণোঽপি মৎপ্রসাদাৎ মদনুগ্রহাচ্ছাশ্বতং নিত্যং অব্যয়ং মম পরমোৎকৃষ্টং পদং পদনীয়ং মোক্ষমবাপ্নোতি ন তু জ্ঞানোত্তরমপি ক্রিয়মাণৈঃ কর্ম্মভির্বধ্যতে তস্য পুত্রা দায়মুপযন্তি সুহৃদঃ সাধুকৃত্যাং দ্বিষন্তঃ পাপকৃত্যামিতি "মহতা এবং বিদি কিঞ্চ ন রজ আশ্লিষ্যতে তং বিদিত্বা ন লিপ্যতে কর্ম্মণা পাপকেন" ইত্যাদি শাস্ত্রেণ তত্ত্বজ্ঞানিনঃ কর্ম্মালেপ শ্রবণাৎ ॥ ৫৬ ॥

বিশ্বনাথ।—তদেবম্ জ্ঞানী যথাক্রমেণৈব কর্ম্মফলসন্ন্যাসিকর্ম্মসন্ন্যাসজ্ঞানসন্ন্যাসৈর্মৎসাযুজ্যম্ প্রাপ্নোতীত্যুক্তম্। মদ্ভক্তস্তু মাং যথা প্রাপ্নোতি তদপি শৃণ্বিত্যাহ সর্ব্বেতি। মদ্ব্যপাশ্রয়ঃ মাং বিশেষেণাঽকর্ম্মেণ সকামতয়াপি য আশ্রয়তে সোঽপি কিংপুন নিষ্কাম ভক্ত ইত্যর্থঃ। সর্ব্বকর্ম্মাণ্যপি নিত্যনৈমিত্তিককাম্যানি পুত্রকলত্রাদিপোষণলক্ষণানি ব্যবহারিকাণ্যপি সর্ব্বাণি কুর্ব্বাণঃ কিম্ পুনস্ত্যক্তকর্ম্মযোগজ্ঞানদেবতান্তরোপাসনাত্তকামানন্যভক্ত ইত্যর্থঃ। অত্রাশ্রয়তে সম্যক্ সেব্যত ইতি আঙ্পসর্গেণ সেবায়াঃ প্রধানীভূতত্বম্। কর্ম্মাণ্যপীত্যপি শব্দেনাপকর্ষবোধকেন কর্ম্মণাং গুণীভূতত্বম্ অতোঽয়ম্ কর্ম্মমিশ্রভক্তিমান্ নতু ভক্তিমিশ্র কর্ম্মবান্ ইতি প্রথমষট্কোক্তেঃ কর্ম্মণি নাতিব্যাপ্তিঃ। শাশ্বতম্ মৎপদম্ মদ্ধাম বৈকুণ্ঠমথুরাদ্বারকাঽযোধ্যাদিকম্ অবাপ্নোতি নমু মহাপ্রলয়ে তদ্ধাম কথম্ স্যাদিতি তত্রাহ অব্যয়ং মহাপ্রলয়ে মদ্ধামঃ কিমপি ন ব্যেতি মদতর্ক্যপ্রভাবাদিতি ভাবঃ। ননু জ্ঞানী খলু অনেকৈর্জন্মভিরনেকতপআদি ক্লেশৈঃ সর্ব্ববিষয়েন্দ্রিয়োপরমেণৈব নৈষ্কর্ম্ম্যে সত্যেব বং সাযুজ্যম্ প্রাপ্নোতি তস্য তে নিত্যংধাম সকর্ম্মকত্বে সকামকত্বেঽপি ত্বদাশ্রয়ণমাত্রেণৈব কথম্ প্রাপ্নোতি তত্রাহ মৎপ্রসাদাদিতি মৎপ্রসাদস্যাতর্ক্যং এব প্রভাবত্বম্ জানীহি ইতি ভাবঃ ॥ ৫৬ ॥

তাৎপর্য্য।—অধুনা গ্রন্থের উপসংহার কালে উপদেশের পরিসমাপ্তি উপলক্ষ্যে শ্রীভগবান্ ভগবন্নিষ্ঠাজনিত ভগবদনুগ্রহ লাভের বৃত্তান্ত কীর্ত্তন করিতেছেন। এই প্রসঙ্গ পূর্ব্বে বহুভাবে আলোচিত হইয়াছে। সম্প্রতি তত্তাবতের সহিত সামঞ্জস্য রক্ষা করিয়া শেষ অভিপ্রায় পরিব্যক্ত করিতেছেন।

পূজ্যপাদ শ্রীমচ্ছঙ্করাচার্য্য ও শ্রীমদানন্দগিরির অভিপ্রায়। ভগবদ্ভক্তি ও অর্চ্চনা সহকৃত কর্ম্ম দ্বারা ক্রমশঃ জ্ঞাননিষ্ঠার উদ্ভব হইয়া থাকে। সেই জ্ঞাননিষ্ঠা লাভ করিবার নিমিত্ত যেরূপ ভগবদ্ভক্তির প্রয়োজন, তাহারই প্রশংসা এক্ষণে কীর্ত্তিত হইতেছে; জ্ঞাননিষ্ঠা ব্যতীত মুক্তি সম্ভাবিত নহে এবং বিহিত ভগবদর্চ্চনা ও ভক্তি ব্যতীত সেই জ্ঞাননিষ্ঠাও লভ্য নহে। সুতরাং যেরূপ ভক্তি দ্বারা সেই জ্ঞাননিষ্ঠা লভ্যা তাহাই শাস্ত্রের উপসংহার কালে এবং শাস্ত্রার্থ দৃঢ়ীকরণাভিপ্রায়ে পরিকীর্ত্তিত হইতেছে। যিনি সংসারে সর্ব্বপ্রকার কর্ম্মানুষ্ঠানকালে, এমন কি প্রতিষিদ্ধ কর্ম্ম সম্পাদন করিতে করিতেও, শ্রীভগবানকে বাসুদেব সর্ব্বেশ্বর জানিয়া তাঁহাতেই সর্ব্বতোভাবে আত্মসমর্পণ করিয়া থাকেন, অর্থাৎ হিতাহিত, শুভাশুভ চিন্তা পরিহার পূর্ব্বক কর্ম্মানুষ্ঠান কালেও শ্রীভগবানেই সংন্যস্তচিত্ত হন, তিনিই মূলে "মদ্ব্যপাশ্রয়ঃ" নামে অভিহিত হইয়াছেন। এইরূপ ভক্তও পরমেশ্বর ভগবানের প্রসন্নতা লাভ করিয়া থাকেন অর্থাৎ চিত্তশুদ্ধির নিমিত্ত নিষ্কাম কর্ম্মানুষ্ঠান, নিষ্কাম কর্ম্মানুষ্ঠান জন্য ভগবৎ প্রেম এবং জ্ঞানের বিকাশ প্রভৃতি যে সকল প্রণালী পূর্ব্বে ভূয়শঃ বিবৃত হইয়াছে, তাহা ধারাবাহিকরূপে সম্পাদন করিতে না পারিলেও কেবল ভগবদ্ব্যপাশ্রয়ত্ব হেতু সেই ব্যক্তি ভগবানের প্রসাদ লাভ করিয়া থাকেন এবং সেই প্রসন্নতার ফলে শাশ্বত পদ প্রাপ্ত হইয়া থাকেন। শ্রীবিষ্ণুর নিত্য এবং অব্যয় পদ তিনি প্রাপ্ত হন।

পূজ্যপাদ শ্রীমদ্রামানুজাচার্য্যের অভিপ্রায়। বর্ণাশ্রমোচিত নিত্য নৈমিত্তিক কর্ম্মসমূহ ফলাসক্তি বিরহিত ভাবে অনুষ্ঠিত হইলে কিরূপ পরিণাম সংঘটিত হয়, তাহা পূর্ব্বে বিবৃত হইয়াছে। অধুনা ইহাই কথিত হইতেছে যে, কাম্য কর্ম্ম সমূহও উল্লিখিতভাবে অনুষ্ঠিত হইলে উল্লিখিতরূপ পরিণামই লব্ধ হইয়া থাকে। কেবল নিত্য নৈমিত্তিক কর্ম্ম কেন,

কাম্য কর্ম্ম সমূহও আমাতে সমর্পণ করিয়া এবং আমাতে সম্পূর্ণরূপে তত্তৎ কর্ম্মের কর্তৃত্ব ন্যস্ত করিয়া অনুষ্ঠান করিলে আমারই প্রসাদে শাশ্বত অবিকল পদ প্রাপ্ত হওয়া যায়। যাহাতে গমন করা যায় তাহাই পদ। ভাবার্থ এই যে, আমাকেই প্রাপ্ত হওয়া যায়।

পূজ্যপাদ শ্রীমন্মধুসূদন সরস্বতীর অভিপ্রায়। যে ব্যক্তি অনাত্মজ্ঞ এবং অশুদ্ধচিত্ত, তাহার পক্ষে শেষ পর্য্যন্ত সহজ কর্ম্মানুষ্ঠান পরিত্যাজ্য নহে। কিন্তু যে ব্যক্তি শুদ্ধান্তঃকরণ, তিনি সন্ন্যাস দ্বারা নৈষ্কর্ম্ম্যসিদ্ধি লাভ করিয়া থাকেন, ইহা পূর্ব্বে কথিত হইয়াছে। সন্ন্যাস কেবল ব্রাহ্মণেরই অবলম্বনীয়, ক্ষত্রিয়াদি বর্ণের তাহা অনুসরণীয় নহে, একথা শ্রীভগবান্ "কর্ম্মণৈব হি সংসিদ্ধিমাস্থিতা" (৩য় অধ্যায় ২০ শ্লোক) ইত্যাদি বাক্যে ব্যক্ত করিয়াছেন। এক্ষণে জিজ্ঞাস্য যে, শুদ্ধান্তঃকরণ ক্ষত্রিয়াদির পক্ষে কর্ম্ম কি অনুষ্ঠেয় অথবা সর্ব্বকর্ম্ম পরিত্যাগই কি উপযোগী? উত্তরে বক্তব্য যে, কর্ম্মানুষ্ঠান বিধেয় নহে। "আরুরুক্ষো মুনের্যোগং কর্ম্ম কারণমুচ্যতে। যোগারূঢ়স্য তস্যৈব শমঃ কারণমুচ্যতে॥" (৬ষ্ঠ অধ্যায় ৩ শ্লোক) ইত্যাদি বাক্য দ্বারা যোগ অর্থাৎ অন্তঃকরণ শুদ্ধি অবস্থা প্রাপ্ত ব্যক্তির পক্ষে কর্ম্মানুষ্ঠান নিষেধ, এই অভিপ্রায় পরিব্যক্ত হইয়াছে। অপিচ, দ্বিতীয় অর্থাৎ কর্ম্মত্যাগও তাঁহাদিগের পক্ষে বিধেয় নহে। "স্বধর্ম্মে নিধনং শ্রেয়ঃ পরধর্ম্মো ভয়াবহ॥" (২।৩৫) ইত্যাদি বাক্য দ্বারা ব্রাহ্মণের অবলম্বনীয় সন্ন্যাস ক্ষত্রিয়াদির কখনই গ্রহণযোগ্য নহে, ইহাই সমর্থিত হইয়াছে। কর্ম্মানুষ্ঠান ও কর্ম্মত্যাগ এই দুই ভিন্ন তৃতীয় কোন পন্থা নাই। অথচ উভয় পন্থাই যদি প্রতিষিদ্ধ বলিয়া নির্ণীত হইল, তাহা হইলে শুদ্ধান্তঃকরণ ক্ষত্রিয়াদির পক্ষে কি কর্ত্তব্য ইহা অবশ্য বিচার্য্য। কর্ম্মত্যাগ এবং কর্ম্মানুষ্ঠান উভয়ই যখন এইরূপ শুদ্ধান্তঃকরণ ব্যক্তির পক্ষে প্রতিষিদ্ধ হইল, তখন তাঁহার আর গত্যন্তর না থাকায় বুঝিতে হইবে যে, এতদুভয়ের মধ্যে তাহার পক্ষে কর্ম্মত্যাগই শ্রেয়স্কর। কারণ একটী প্রতিষেধ অতিক্রম না করিলে তাঁহার উপায়ান্তর হইতে পারে না। বন্ধনের হেতুভূত কর্ম্মানুষ্ঠান অপেক্ষা মোক্ষবিধায়ক কর্ম্মহীনতাই শ্রেষ্ঠ কল্প। কর্ম্ম তাঁহাদিগের পক্ষে অনুষ্ঠেয় নহে; কারণ তাহা বিক্ষেপক এবং মোক্ষসাধন ও জ্ঞানের প্রতিবন্ধক। অর্জ্জুনের ইত্যাকার অভিপ্রায়

অনুধাবন করিয়া শ্রীভগবান্ এই শ্লোকের অবতারণা করিয়াছেন। যে ব্যক্তি পূর্ব্বোক্তরূপ কর্ম্মানুষ্ঠান দ্বারা শুদ্ধান্তঃকরণ হইয়াছেন তিনি অবশ্যই নিরবচ্ছিন্ন ভগবানের শরণাগত। যদি ব্রাহ্মণ এইরূপ শুদ্ধান্তঃকরণ এবং ভগবচ্ছরণাগত হন,তাহা হইলে সন্ন্যাস-প্রতিবন্ধরহিত তিনি সর্ব্বকর্ম্ম ত্যাগ করিয়া ভগবৎপ্রসাদে সংসার বিমুক্ত হইয়া থাকেন। ক্ষত্রিয়াদি সন্ন্যাসের অনধিকারী ব্যক্তি এইরূপ শুদ্ধচিত্ত হইয়া কর্ম্মানুষ্ঠান করিতে করিতে যদি নিরবচ্ছিন্নভাবে ভগবদাশ্রিত হন, তাহা হইলে তিনি ভগবৎ প্রসাদেই চরিতার্থ হইয়া থাকেন। তিনি লৌকিক যাবতীয় কর্ম্ম এমন কি প্রতিষিদ্ধ অনুষ্ঠান করিতে থাকিলেও কেবল ভগবৎ আশ্রয়ত্ব হেতু ভগবদনুগ্রহে শাশ্বতপদ লাভ করিয়া থাকেন। ভগবদ্বিজ্ঞান উৎপত্তি দ্বারা তিনি হিরণ্য-গর্ভবৎ ভগবানের বৈষ্ণব অপরিণামী স্থান পাইয়া থাকেন। এরূপ ভগবন্নিষ্ঠ ব্যক্তি প্রতিষিদ্ধ কর্ম্মানুষ্ঠান কখনই করিতে পারেন না। যদিই তাদৃশ ব্যক্তি কোন প্রতিষিদ্ধ কর্ম্ম করেন, তাহা হইলেও ভগবৎপ্রসাদে তজ্জন্য প্রত্যবায় ভাগী না হইয়া ভগবদ্বিজ্ঞানজনিত মোক্ষপদের অধিকারী হইয়া থাকেন।

পূজ্যপাদ শ্রীমদ্বিশ্বনাথের অভিপ্রায়। পূর্ব্বে কথিত হইয়াছে যে, জ্ঞানিগণ যথাক্রমে কর্ম্মফলসন্ন্যাস, কর্ম্মসন্ন্যাস এবং জ্ঞানসন্ন্যাস দ্বারা আমার সাযুজ্য প্রাপ্ত হইয়া থাকেন। এ সকলই জ্ঞানীর কথা; কিন্তু মদ্ভক্ত যে ফল প্রাপ্ত হয়, তাহা অতঃপর বিশদভাবে বর্ণনা করিতেছি শ্রবণ কর। যে ব্যক্তি বিশেষরূপে এমন কি সকামভাবেও আমাকে আশ্রয় করে, সে ব্যক্তিও পরম ফল প্রাপ্ত হইয়া থাকে। যখন কামিগণেরই এইরূপ ফলপ্রাপ্তি হয়, তখন নিষ্কাম ভক্তগণের কথা উল্লেখ করাই অনাবশ্যক। যাঁহারা পুত্রকলত্রাদি পরিপোষণলক্ষণ নানাবিধ লৌকিক ও ব্যবহারিক নিত্য, নৈমিত্তিক,কাম্য-কর্ম্মানুরক্ত তাহারাই যখন মদাশ্রিত হইলে পরম ফল প্রাপ্ত হইয়া থাকেন, তখন যাঁহারা সর্ব্বকর্ম্ম পরিত্যাগ পূর্ব্বক এবং জ্ঞান সাধনা অথবা দেবতান্তরের পূজাদি পরিহার পুরঃসর কেবল আমারই শরণাগত হইয়া থাকেন। সেই সকল অনন্য ভক্ত যে পরম ফললাভ করিবেন, ইহা বলাই বাহুল্য। এস্থলে "মদ্ব্যপাশ্রয়" মধ্যস্থ আশ্রয় পদের অর্থ সম্যক্‌রূপে সেবা করা। আঙ্ উপসর্গ যোগ দ্বারা

সেবারই প্রাধান্য সমর্থিত হইয়াছে। "কর্ম্মাণ্যপি" এতৎসহ যে অপি পদের প্রয়োগ আছে, তদ্দ্বারা কর্ম্মের অপকর্ষ সূচিত হইতেছে এবং কর্ম্মমিশ্র ভক্তিমান্ লক্ষিত হইতেছে। এই অপকর্ষতা হেতু সহজেই অনুভব করা যাইতেছে যে, ভক্তিমিশ্র কর্ম্ম এস্থলে লক্ষিত নহে। এইরূপ ভক্তিনিষ্ঠগণ শাশ্বত মৎপদ প্রাপ্ত হইয়া থাকেন, অর্থাৎ বৈকুণ্ঠ, মথুরা, * দ্বারকা, † অযোধ্যাদি ‡ আমার ধাম প্রাপ্ত হন। যদি কেহ সন্দেহ করেন যে, মহাপ্রলয়ে যখন সকলই ধ্বংসদশায় উপনীত হইবে, তখন ঐ সকল পুণ্যধামই বা কিরূপে থাকিবে? তদুত্তর স্বরূপে "অব্যয়" এই বিশেষণ পদ প্রযুক্ত হইয়াছে। ইহার ভাবার্থ এই যে, মহাপ্রলয়েও আমার অতর্কিত প্রভাবে উল্লিখিত ধাম সমূহের কোনই অপচয় সংঘটিত হইতে পারে না। এক্ষণে আবার জিজ্ঞাস্য করিতে পার যে, জ্ঞানিগণ বহু জন্মে অনেক তপ আদি ক্লেশসহকারে সর্ব্ববিষয় হইতে ইন্দ্রিয়গণকে প্রত্যাহার করিয়া এবং কর্ম্মসন্ন্যাস অবলম্বন করিয়া যে সাযুজ্য লাভ করিয়া থাকেন, তোমার সেই পরমপদরূপ ধাম ভক্তগণ কর্ম্মানুষ্ঠান-পরায়ণ এবং কামনাযুক্ত হইয়াও কেবল মাত্র ত্বদাশ্রিত হইয়াই কিরূপে লাভ করিয়া থাকেন? মৎপ্রসাদই ইহার উত্তর। আমার প্রসন্নতার প্রভাব অতর্ক্য বলিয়াই জানিবে।

এতৎ শ্লোকোপলক্ষ্যে পূজ্যপাদ বলদেব নিম্নলিখিত বেদান্তসূত্র উদ্ধৃত করিয়াছেন। যথা; "সর্ব্বথাপি তএবোভয়লিঙ্গাৎ।" ইহার

---

* মথুরা।—স্বনামখ্যাত পুণ্যতীর্থ, এই স্থানে কংসকারাগারে শ্রীকৃষ্ণের জন্ম হয় (১৬৬৯ পৃষ্ঠার টিপ্পনী দ্রষ্টব্য)। বৃন্দাবনে বাল্যলীলা সমাপ্তির পর শ্রীকৃষ্ণ মথুরাগত হইয়া মাতুল কংসকে সংহার করেন। কথিত আছে, এই তীর্থ শ্রীকৃষ্ণের সুদর্শনে পরিস্থাপিত এবং পৃথিবী হইতে স্বতন্ত্র। পুরাণাদিতে বিশেষতঃ বিষ্ণুপুরাণের ষষ্ঠাংশে এই তীর্থের মাহাত্ম্য কীর্ত্তিত হইয়াছে।

† দ্বারকা।—সমুদ্রমধ্যে অবস্থিত শ্রীকৃষ্ণের রাজধানীর নাম দ্বারকা। দ্বারকা বা দ্বারাবতী নগরীর যে সকল শোভা ও সমৃদ্ধির বর্ণনা শাস্ত্রাদিতে পরিদৃষ্ট হয়, তাহা অতুলনীয়। এই নগরীর প্রভূত মাহাত্ম্য ব্রহ্মবৈবর্ত্ত পুরাণাদিতে বর্ণিত আছে।

‡ অযোধ্যা।—ত্রেতাযুগে ভগবান্ বিষ্ণু রামাদি অংশ চতুষ্টয়ে দশরথ নৃপতির গৃহে অবতীর্ণ হইয়াছিলেন। সেই নৃপতিকুলের রাজধানীর নাম অযোধ্যা। এই পুণ্যতীর্থ শ্রীরামচন্দ্রের জন্মভূমি, ইহার মাহাত্ম্য অপরিসীম। কথিত আছে, ইহা রামচন্দ্রের ধনুঃশরে অবস্থিত, সুতরাং পৃথিবী হইতে স্বতন্ত্র।

ভাবার্থ এই যে, জ্ঞানের জন্য অথবা আশ্রমীর কর্ত্তব্য বলিয়াই হউক অগ্নিহোত্রাদি কর্ম্ম অনুষ্ঠেয়। উক্ত উভয়বিধ অধিকারীর সম্বন্ধানুসারে অগ্নিহোত্রাদি কর্ম্ম সর্ব্বথা অনুষ্ঠেয়, ইহা শ্রুতি ও স্মৃতিতে বিজ্ঞাপিত হইয়াছে ॥ ৫৬ ॥

—০:):(:০—

চেতসা সর্ব্বকর্ম্মাণি ময়ি সংন্যস্য মৎপরঃ।
বুদ্ধিযোগমুপাশ্রিত্য মচ্চিত্তঃ সততং ভব ॥ ৫৭ ॥

অন্বয়।—চেতসা (বিবেকবুদ্ধ্যা) সর্ব্বকর্ম্মাণি ময়ি (পরমেশ্বরে) সংন্যস্য (সমর্প্য) মৎপরঃ (মচ্ছরণঃ) [সন্] বুদ্ধিযোগং (সমাহিত-বুদ্ধিরূপং যোগং) উপাশ্রিত্য (আশ্রয়তয়া স্বীকৃত্য) সততং (সর্ব্বদা) মচ্চিত্তঃ (ময়ি সমাহিতচিত্তঃ) ভব ॥ ৫৭ ॥

প্রতিশব্দ।—বিবেক-বুদ্ধি-দ্বারা সমস্ত কর্ম্ম আমাতে সমর্পণ-করিয়া, মৎ-পর [হইয়া] বুদ্ধি-যোগ আশ্রয়-করিয়া সর্ব্বদা আমাতে স্থির-চিত্ত হও ॥ ৫৭ ॥

ব্যাখ্যা।—তুমি বিবেক বুদ্ধি সহকারে দৃষ্টাদৃষ্ট যাবতীয় কর্ম্ম আমাতে সমর্পণ পূর্ব্বক আমাকেই একমাত্র প্রিয়তমজ্ঞানে মৎপর হইয়া সর্ব্বত্র সমবুদ্ধিরূপ যোগাবলম্বনে সর্ব্বদা মচ্চিত্ত অর্থাৎ আমাতে স্থিরচিত্ত হও ॥ ৫৭ ॥

শঙ্করাচার্য্য।—যস্মাদেবন্তস্মাৎ চেতসা বিবেকবুদ্ধ্যা সর্ব্বকর্ম্মাণি দৃষ্টাদৃষ্টার্থানি ময়ীশ্বরে সন্ন্যস্য যৎ করোষি যদশ্নাসীত্যুক্তন্যায়েন মৎপরোঽহম্ বাসুদেবঃ পরোযস্য তব স ত্বং মৎপরঃ সন্ ময্যর্পিতসর্ব্বাত্মভাবঃ বুদ্ধিযোগমপি সমাহিতবুদ্ধিত্বম্ বুদ্ধিযোগস্তম্ বুদ্ধিযোগমুপাশ্রিত্য আশ্রয়োঽনন্যশরণত্বম্ মচ্চিত্তঃ ময্যেব চিত্তম্ যস্য স মচ্চিত্তঃ সততম্ সর্ব্বদা ভব ॥ ৫৭ ॥

আনন্দগিরি।—প্রসাদোঽনুগ্রহঃ সম্যক্ জ্ঞানোদয়ঃ পদম্ পদনীয়ম্ উপনিষত্তাৎপর্য্য-গম্যমব্যয়মপক্ষয়রহিতম্ পরমেশ্বরপ্রসাদস্যৈবম্ মাহাত্ম্যম্ যতঃ সিদ্ধস্তস্মাত্তৎপ্রসাদার্থম্ ভবতা প্রযতিতব্যমিত্যাহ যস্মাদিতি। ভগবৎপ্রসাদাসাদিতসম্যকজ্ঞানাদেব মুক্তির্ন কর্ম্মমাত্রাদিতি জ্ঞানম্ বিবেকবুদ্ধিঃ। আশ্রয়শব্দার্থমাহ অনন্যেতি। কিমতোভবতি তদাহ মচ্চিত্তইতি ॥ ৫৭ ॥

রামানুজ।—চেতসেতি। যস্মাদেবম্ তস্মাৎ চেতসা আত্মনো মদীয়ত্বমিয়াম্যত্ব-বুদ্ধ্যা উক্তম্ হি "ময়ি সর্ব্বাণি কর্ম্মাণি সংন্যস্যাধ্যাত্মচেতসেতি।" সর্ব্বকর্ম্মাণি সকর্ত্তৃকানি সারাধ্যানি ময়ি সংন্যস্য মৎপরঃ অহমেব ফলতয়া প্রাপ্য ইত্যনুসন্দধানঃ কর্ম্মাণি কুর্ব্বন্নেব বুদ্ধিযোগমুপাশ্রিত্য সততম্ ময়ি যুক্তচিত্তো ভব॥ ৫৭॥

হনুমান্।—সর্ব্বলোকাধ্যক্ষ সকলকর্ম্মফলভোক্তা বাসুদেবো মে শরণমিত্যনেন সর্ব্ব-কর্ম্মাণি মমেশ্বরস্যারাধনমিতি ময়ি সংন্যস্য সমর্প্য মৎপরোঽহম্ বাসুদেবঃ প্রধানঃ যস্যাসৌ মৎপরঃ বুদ্ধিযোগমুপাশ্রিত্য উক্তয়া বুদ্ধ্যা যোগমাশ্রিত্য প্রাপ্য ময়ীশ্বরে চিত্তম্ যস্য স মচ্চিত্তঃ সততং সর্ব্বকালস্তব জায়স্ব॥ ৫৭॥

শ্রীধর।—যস্মাদেবম্ তস্মাৎ চেতসেতি। সর্ব্বাণি কর্ম্মাণি চেতসা ময়ি সংন্যস্য সমর্প্য মৎপরঃ অহমেব পরঃ প্রাপ্য পুরুষার্থো যস্য স ব্যবসায়াত্মিকয়া বুদ্ধ্যা যোগমুপাশ্রিত্য সততম্ কর্ম্মানুষ্ঠানকালেঽপি ব্রহ্মার্পণম্ ব্রহ্মহবিরিতি ন্যায়েন ময্যেব চিত্তম্ যস্য তথাভূতো ভব॥ ৫৭॥

বলদেব।—তাদৃশস্মাদেব ত্বং সর্ব্বাণি স্ববিহিতানি কর্ম্মাণি কর্ত্তৃত্বাভিমানাদিশূন্যেন চেতসা স্বামিনি ময়ি সংন্যস্যার্পয়িত্বা মৎপরো মদেকপুরুষার্থো মামেব বুদ্ধিযোগমুপাশ্রিত্য সততং কর্ম্মানুষ্ঠানকালে মচ্চিত্তো ভব। এতচ্চ ত্বাং প্রতি প্রাগপ্যুক্তং যৎ করোষীত্যাদিনা অর্পয়িত্বৈব কর্ম্মাণি কুরু ন তু কৃত্বার্পয়েতি॥ ৫৭॥

মধুসূদন।—যস্মাম্মদেকশরণতামাত্রং মোক্ষসাধনং ন কর্ম্মানুষ্ঠানং কর্ম্মসংন্যাসো বা তস্মাৎ ক্ষত্রিয়ত্বং চেতসা বিবেকবুদ্ধ্যা সর্ব্বকর্ম্মাণি দৃষ্টাদৃষ্টার্থানি ময়ীশ্বরে সংন্যস্য যৎকরোষি যদশ্নাসীত্যুক্তন্যায়েন সমর্প্য মৎপরঃ অহং ভগবান্ বাসুদেব এব পরঃ প্রিয়তমো যস্য স মৎপরঃ সন্ বুদ্ধিযোগং পূর্ব্বোক্তসমত্ববুদ্ধিলক্ষণং যোগং বন্ধহেতোরপি কর্ম্মণো মোক্ষহেতুত্বসম্পাদকং ব্যপাশ্রিত্য অনন্যশরণতয়া স্বীকৃত্য মচ্চিত্তঃ ময়ি ভগবতি বাসুদেব এব চিত্তম্ যস্য ন রাজনি কামিন্যাদৌ বা স মচ্চিত্তঃ সততং ভব॥ ৫৭॥

নীলকণ্ঠ।—এবং বর্ণাশ্রমাদিধর্ম্মপুরস্কারেণ সসাধনা সফলা ব্রহ্মবিদ্যা নিরূপিতা অস্যাঃ প্রাপ্তয়ে পুনঃ সাধনান্তরং ভক্তিমেব বিধত্তে চেতসেতি। চেতসা বিবেকবুদ্ধ্যা সর্ব্বাণি কর্ম্মাণি নিত্যনৈমিত্তিকানি ময়ি ভগবতি বাসুদেবে সংন্যস্য যৎ করোষি যদশ্নাসীত্যুক্তরীত্যা সমর্প্য মৎপরঃ অহমেব পরঃ প্রাপ্যো যস্য নতু মদ্ভক্তা অর্বাচীন্ প্রার্থয়ন্তি বুদ্ধিযোগং পূর্ব্বোক্তং সিদ্ধ্যসিদ্ধ্যোঃ সমত্বলক্ষণং বন্ধহেতোরপি কর্ম্মণো মোক্ষহেতুত্ব সম্পাদকং অপাশ্রিত্য আশ্রিত্য মচ্চিত্তঃ মদেকশরণঃ সততং সর্ব্বদা ভব॥ ৫৭॥

বিশ্বনাথ।— নন্ ভক্তিং মাং প্রতি ত্বং নিশ্চয়েন কিমাজ্ঞাপয়সি কিমহমনন্যভক্তো ভবামি কিম্বা অনন্তরোক্তলক্ষণঃ সকাম ভক্ত এব তত্র সর্ব্বোৎকৃষ্টোঽনন্যভক্তো ভবিতুং ত্বং ন প্রভবিষ্যসি নাপি সর্ব্বভক্তেষ্বপকৃষ্টঃ সকামভক্তোঽভব কিন্তু ত্বং মধ্যমভক্তোঽভব ইত্যাহ চেতসা ইতি। সর্ব্ব-কর্ম্মাণি স্বাশ্রমধর্ম্মান্ ব্যবহারিককর্ম্মাণি চ ময়ি সংন্যস্য সমর্প্য মৎপরঃ অহমেব পরঃ প্রাপ্য পুরুষার্থো যস্য সঃ নিষ্কাম ইত্যর্থঃ। যদুক্তং পূর্ব্বমেব। "যৎকরোষি যদশ্নাসি যজ্জুহোষি দদাসি যৎ। যত্তপ-

ভ্যসি কৌন্তেয় তৎ কুরুষ্ব মদর্পণং” ইতি। বুদ্ধিযোগং ব্যবসায়াত্মিকয়া বুদ্ধ্যা যোগং সততং মচ্চি কর্ম্মানুষ্ঠানকালেঽপ্যদপিমাং স্মরন্ ভব ॥ ৫৭ ॥

তাৎপর্য্য।—পূর্ব্বশ্লোকে শ্রীভগবান্ ভগবদ্ব্যপাশ্রয়ত্বের প্রশং করিয়াছেন। এক্ষণে সেই ভগবচ্ছরণাবলম্বনের প্রকার এবং উপা বাহুল্যরূপে বিবৃত করিতেছেন।

পূর্ব্বে কথিত হইয়াছে যে, সর্ব্বপ্রকার নিত্যনৈমিত্তিক কাম্যা লৌকিক ও ব্যবহারিক কর্ম্ম বিহিত বা অবিহিত হইলেও ভগবৎপ্রসা নিরবচ্ছিন্ন ভগবদাশ্রয়ী ভাবে অনুষ্ঠান করিলে মোক্ষ লব্ধ হয়। এক্ষ সেই কর্ম্মসমূহ কিরূপ ভাবে অনুষ্ঠান করা আবশ্যক, তাহাই প্রদর্শি হইতেছে। অনুষ্ঠীয়মান যাবতীয় কর্ম্ম আমাতে অর্থাৎ পরমেশ্বরে সমর্প করিতে হইবে। ইহার ভাবার্থ এই যে, কর্ম্মের কর্ত্তৃত্ব এবং তজ্জনিত ফলা ফলের সহিত অনুষ্ঠানকর্ত্তা কোনরূপ আসক্তি না রাখিয়া যদি ভগবানকে তত্তাবতের একমাত্র কর্ত্তা এবং একমাত্র ফলভোক্তা বলিয়া বিশ্বাস করেন তাহা হইলেই ভগবানে কর্ম্মসন্ন্যাস হইয়াছে বুঝিতে হইবে। এই গ্রন্থের পূর্ব্বভাগে শ্রীভগবান্ বলিয়াছেন, “যৎ করোষি যদশ্নাসি” (৯ম অধ্যায় ২৭ শ্লোক) অপিচ, “ব্রহ্মার্পণং ব্রহ্মহবিঃ” (৪র্থ অধ্যায় ২৪ শ্লোক) কিরূপে ভগবানে কর্ম্ম সমর্পণ করা যায় এবং কি ভাবে কর্ম্ম সমর্পণ করিলে প্রকৃত প্রস্তাবে ব্রহ্মে সমর্পিত হয়, তাহা ঐ সকল স্থানে প্রদর্শিত হইয়াছে, সেই ন্যায়ানুসারেই কর্ম্ম সমর্পণ করিতে হয়। এইরূপ কর্ম্ম সমর্পণ করিয়া একান্তভাবে ভগবৎপরায়ণ হইতে হইবে। শ্রীভগবানই যাঁহার পরম প্রীতির আধার, যিনি কামিনী বা প্রিয় ব্যক্তি বিশেষের প্রতি প্রীতি পরিহার পূর্ব্বক হৃদয়ের সম্পূর্ণ আসক্তি শ্রীভগবানের প্রতি সংযুক্ত করিয়াছেন, তিনিই ভগবৎপর। এতাদৃশ ভগবন্নিষ্ঠ ব্যক্তি বুদ্ধিযোগ অবলম্বন করিয়া সতত সর্ব্বতোভাবে ভগবচ্চিত্ত হইয়া থাকেন। পূর্ব্বে দ্বিতীয়াধ্যায়ে ব্যবসায়াত্মিকা বুদ্ধির প্রসঙ্গ আলোচিত হইয়াছে। সেইরূপ বুদ্ধিই প্রকৃষ্টা, অথবা যে বুদ্ধি প্রভাবে সর্ব্বত্র সমত্বদর্শন জন্মে, কিংবা যে বুদ্ধি নিশ্চল ও সমাহিত হইয়া জ্ঞানমার্গে ধাবিত হইয়াছে, সেইরূপ বুদ্ধিই অবলম্বনীয়া। তাদৃশী বুদ্ধিসহকারে চিত্তকে তৈলধারার ন্যায় ভগবৎপরায়ণ করিতে হইবে। এইরূপ ভাবে কর্ম্মত্যাগ, ভগবৎপরায়ণতা, বুদ্ধিযোগাশ্রয় এবং

ভগবন্ময়তা ঘটিলে সাধকের মহৎফল প্রাপ্তি অবশ্যম্ভাবী। এরূপ অবস্থায় কার্য্যাকার্য্যের বিচার থাকে না এবং পাপপুণ্যজনিত ফলাফলভাগী হইতে হয় না। হে অর্জ্জুন! তুমি এইরূপ ভাবে আপনাকে গঠিত কর।

পূজ্যপাদ রামানুজ "ময়ি সর্ব্বাণি কর্ম্মাণি সংন্যস্যাধ্যাত্মচেতসা" (৩য় অধ্যায় ৩০ শ্লোক) ইত্যাদি শ্লোকের উল্লেখ করিয়া ভগবানে কর্ম্ম-সমর্পণ প্রণালী অবলম্বন করা বিধেয় বলিয়াছেন। পূজ্যপাদ শ্রীমদ্বলদেব বলিয়াছেন, কর্ম্ম অনুষ্ঠিত হইবার পূর্ব্বেই ভগবানে সমর্পিত হওয়া উচিত, অনুষ্ঠান করার পর ভগবদর্পণ নিষ্ফল।

পূজ্যপাদ শ্রীমদ্বিশ্বনাথের অভিপ্রায়। ভগবদুপদেশের মর্ম্ম সুস্পষ্টরূপে প্রণিধান করিতে না পারিয়া অর্জ্জুন আকুলভাবে জিজ্ঞাসা করিতেছেন, হে নারায়ণ! তুমি আমার প্রতি কিরূপ আজ্ঞা প্রদান করিতেছ? হে ভগবন্! আমি কি অনন্য ভক্ত হইব? অথবা সকাম ভক্তরূপে তোমাতে রত হইব? এইরূপ আশঙ্কিত প্রশ্নের উত্তর স্বরূপে শ্রীভগবান্ বলিতেছেন, হে অর্জ্জুন! অনন্য ভক্ত সর্ব্বশ্রেষ্ঠ হইলেও তুমি তাহা হইতে পারিবে না। অথচ সর্ব্বভক্তের অপকৃষ্ট সকাম ভক্তও হইওনা। এতদুভয়ের মধ্যস্থান অবলম্বন করিয়া মধ্যম ভক্ত রূপে পরিগণিত হওয়াই তোমার পক্ষে শ্রেয়স্কর। এইরূপ অভিপ্রায় পরিস্ফুট করিবার অভিপ্রায়েই এই শ্লোক প্রদর্শিত হইতেছে ॥ ৫৭ ॥

———:•:———

মচ্চিত্তঃ সর্ব্বদুর্গাণি মৎ প্রসাদাত্তরিষ্যসি।
অথ চেত্ত্বমহঙ্কারান্ন শ্রোষ্যসি বিনঙ্ক্ষ্যসি ॥ ৫৮ ॥

অন্বয়।—ত্বং মচ্চিত্তঃ (ময়ি নিহিতচিত্তঃ) [সন্] মৎপ্রসাদাৎ (মদনুগ্রহাৎ) সর্ব্বদুর্গাণি (সর্ব্বাণি সাংসারিকদুঃখানি) তরিষ্যসি (অতিক্রমিষ্যসি), অথ চেৎ (যদি) অহঙ্কারাৎ (জ্ঞানগর্ব্বাৎ) ন শ্রোষ্যসি [তর্হি] বিনঙ্ক্ষ্যসি (বিনাশং প্রাপ্স্যসি) ॥ ৫৮ ॥

প্রতিশব্দ।—তুমি মচ্চিত্ত [হইয়া] আমার অনুগ্রহে সকল-

সংসার-দুঃখকে অতিক্রম-করিবে, অনন্তর যদি অহঙ্কার-হেতু না শ্রবণ-কর, [তাহা-হইলে] বিনষ্ট-হইবে ॥ ৫৮ ॥

ব্যাখ্যা।—তুমি সতত মচ্চিত্ত হইলে আমার প্রসাদে যাবতীয় সংসার-দুঃখকে অতিক্রম করিতে পারিবে; কিন্তু যদি তুমি আপনার পাণ্ডিত্য গর্ব্বে গর্ব্বিত হইয়া আমার বাক্য শ্রবণ না কর, তাহা হইলে তুমি নিশ্চয়ই বিনষ্ট অর্থাৎ সর্ব্বপুরুষার্থ-ভ্রষ্ট হইবে ॥ ৫৮ ॥

শঙ্করাচার্য্য।—মচ্চিত্তঃ সর্ব্বদুর্গাণি সর্ব্বাণি দুস্তরাণি সংসারহেতুজাতানি মৎপ্রসাদাত্তরিষ্যসি অতিক্রমিষ্যসি। অথ চেৎ যদি ত্বং মদুক্তমহঙ্কারাৎ পণ্ডিতোঽহমিতি ন শ্রোষ্যসি ন গ্রহীষ্যসি, ততস্ত্বং বিনংক্ষ্যসি বিনাশঙ্গমিষ্যসি ॥ ৫৮ ॥

আনন্দগিরি।—ভীত্যাপি প্রবর্ত্তেতেতি মন্বানোবিপর্য্যয়ে দোষমাহ অথ চেদিতি ॥৫৮॥

রামানুজ।—মচ্চিত্ত ইতি। এবং মচ্চিত্তঃ সর্ব্বকর্ম্মাণি কুর্ব্বন্ সর্ব্বাণি সাংসারিকানি দুর্গাণি মৎপ্রসাদাদেব তরিষ্যসি। অথ ত্বমহংকারাদহমেব কৃত্যাকৃত্যবিষয়ং সর্ব্বং জানামীতিভাবাৎ ত্বং মদুক্তং ন শ্রোষ্যসি চেদ্বিনঙ্ক্ষ্যসি নষ্টো ভবিষ্যসি নহি কশ্চিন্মদ্ব্যতিরিক্তঃ কৃৎস্নস্য প্রাণিজাতস্য কৃত্যাকৃত্যয়োর্জ্ঞাতা শাসিতা চাস্তে ॥ ৫৮ ॥

হনুমান্।—সর্ব্বদুর্গাণি সর্ব্বাণি দুঃখানি মমপ্রসাদাৎ তরিষ্যসি অথ ত্বমহং করোম্যহমেব সর্ব্বশাস্ত্রবিদিতি বুদ্ধ্যা ন শ্রোষ্যসি বেত্ত্যাকর্ণয়সি চেদ্বিনংক্ষ্যসি বিনাশং গমিষ্যসি ॥ ৫৮ ॥

শ্রীধর।—ততোযদ্ভবিষ্যতি তচ্ছৃণু মচ্চিত্ত ইতি। মচ্চিত্তঃ সন্ মৎপ্রসাদাৎ সর্ব্বাণ্যপি দুর্গাণি দুস্তরাণি সাংসারিকদুঃখানি তরিষ্যসি। বিপক্ষে দোষমাহ, অথ চেৎ যদি পুনস্ত্বমহঙ্কারাৎ জ্ঞাতৃত্বাভিমানাৎ মদুক্তমেবং ন শ্রোষ্যসি, তর্হি বিনঙ্ক্ষ্যসি পুরুষার্থাদ্ভ্রষ্টো ভবিষ্যসি ॥ ৫৮ ॥

বলদেব।—এবং মচ্চিত্তস্ত্বং মৎপ্রসাদাদেব সর্ব্বাণি দুর্গাণি দুস্তরাণি সংসারদুঃখানি তরিষ্যসি। তত্র তে ন চিন্তা। তান্যহং ভক্তবন্ধুরপনেষ্যামি দাস্যামি চাত্মানমিতি পরিনিষ্ঠিতানাং সাধনসাধ্যপদ্ধতিরুক্তা। অথ চেদহঙ্কারাৎ কৃত্যাকৃত্যবিষয়কজ্ঞানাভিমানাত্ত্বং মদুক্তং ন শ্রোষ্যসি তর্হি বিনঙ্ক্ষ্যসি স্বার্থাৎ বিভ্রষ্টো ভবিষ্যসি। ন হি কশ্চিৎ প্রাণিনাং কৃত্যাকৃত্যয়োর্বিজ্ঞাতা প্রশাস্তা বা মত্তোঽন্যো বর্ত্ততে ॥ ৫৮ ॥

মধুসূদন।—ততঃ কিং স্যাদিতি তত্রাহ মচ্চিত্তস্ত্বং সর্ব্বদুর্গাণি দুস্তরাণি কামক্রোধাদীনি সংসারদুঃখসাধনানি মৎপ্রসাদাৎ স্বব্যাপারমন্তরেণৈব তরিষ্যসি অনায়াসেনৈবাতিক্রমিষ্যসি, অথ চেৎ যদি তু ত্বং মদুক্তে বিশ্বাসমকৃত্বাঽহঙ্কারাৎ পণ্ডিতোঽহমিতি গর্ব্বাৎ শ্রোষ্যসি মদ্বচনার্থং ন করিষ্যসি, ততোবিনঙ্ক্ষ্যসি পুরুষার্থাদ্ভ্রষ্টোভবিষ্যসি কামকারেণ সংজ্ঞাসাঙ্ক্ষাচরন্ ॥ ৫৮ ॥

নীলকণ্ঠ।—এতস্য ভক্তিযোগস্য করণে গুণমকরণে দোষঞ্চাহ মচ্চিত্ত ইতি। দুর্গাণি

আধ্যাত্মিকাধিলৌকিকাদীনি সঙ্কটানি অহঙ্কারাৎ স্বপাণ্ডিত্যাভিমানাৎ ন শ্রোষ্যসি মদ্বাক্যং তর্হি বিনঙ্ক্যসি পুরুষার্থশূন্যো ভবিষ্যসি ॥ ৫৮ ॥

বিশ্বনাথ।—ততঃ কিমত আহ মচ্চিত্ত ইতি ॥ ৫৮ ॥

তাৎপর্য্য।—পূর্ব্বে যে উপদেশ প্রদত্ত হইল, তাহার পরিণাম কিরূপ শুভাবহ এবং তাহার অপরিপালন কিরূপ ভয়াবহ, তাহাই এক্ষণে কীর্ত্তিত হইতেছে।

হে অর্জ্জুন! বিবৃত প্রণালীক্রমে মচ্চিত্ত হইলে অর্থাৎ সর্ব্বতোভাবে মদ্ভক্ত হইলে তুমি আমার প্রসাদ লাভ করিবে এবং সেই অনুগ্রহবলে সাংসারিক সর্ব্বপ্রকার দুঃখদুর্দ্দশা অনায়াসে অতিক্রম করিতে পারিবে। এ সংসার কেবল দুঃখের আলয়স্বরূপ, পদে পদে মনুষ্যকে নানাপ্রকারে দুর্গতিভারে প্রপীড়িত হইতে হয়। এই দুঃখরাশি দূর করিবার নিমিত্ত, এই দুরবস্থারূপ অপার সমুদ্র অতিক্রম করিবার অভিপ্রায়ে মানব ভ্রমের বশবর্ত্তী হইয়া নিরন্তর বিবিধ উপায় অন্বেষণ করিতে করিতে জীবনপাত করে। কিন্তু সকলই নিষ্ফল হয়। কারণ, সার ও সত্য উপায় তাহারা সহজে অবধারণ করিতে পারে না। শ্রীভগবানের প্রসন্নতাই একমাত্র অমোঘ উপায়। তাহারই প্রভাবে হেলায় দুঃখনাশ হইয়া থাকে। সেই প্রসন্নতা লাভ দুষ্কর নহে, ইহা মনুষ্য দেখিয়াও দেখে না। কেবল ভগবচ্চিত্ত হইতে পারিলেই অর্থাৎ চিত্তকে নিরবচ্ছিন্ন ভাবে শ্রীভগবানে লগ্ন করিতে পারিলেই অনায়াসে তাঁহার প্রসন্নতা লাভ করা যায়। হে অর্জ্জুন! যদি তুমি অহঙ্কার-প্রমত্ত হইয়া আপনাকে জ্ঞানী বা পণ্ডিত বলিয়া মনে কর এবং যদি সেই অহঙ্কার হেতু আমার প্রদত্ত এই সারোপদেশ অনুসরণে যত্নবান্ না হও, তাহা হইলে তোমাকে বিনষ্ট হইতে হইবে, অর্থাৎ তোমার আত্মা মুক্তিরূপ পরম পথে আরোহণ না করিয়া সংসার-বন্ধনে বদ্ধ থাকিবে এবং চিরদিন অনন্ততাপে দগ্ধ হইবে। তুমি অজ্ঞানের প্রাবল্যে ক্ষত্রিয় হইয়াও ব্রাহ্মণোচিত সন্ন্যাসাবলম্বনে কৃতসংকল্প হইয়াছিলে; তুমি সীমাবদ্ধ বুদ্ধিবৃত্তিসম্পন্ন হইয়াও সর্ব্বদর্শী পরম পণ্ডিতের ন্যায় কার্য্যাকার্য্য বিচার করিয়াছিলে। এ সকলই অনর্থক এবং অধোগতির হেতুভূত। অতি সহজ এবং অবশ্য ফলপ্রদ উপায় না দেখিয়া তুমি গত্যন্তর অন্বেষণ করিতে কেন ব্যাপৃত হইতেছ? তাহাতে দুর্দ্দশার ভার

বুদ্ধি হইবে। ইহা তুমি স্থির জানিবে যে, আমি ভিন্ন অন্য কোন জ্ঞাতা বা শান্তিপ্রদাতা এ বিশ্বে আর কেহ নাই। অতএব আমার কথায় নির্ভর করিয়া নিশ্চিন্ত মনে কার্য্য করাই আবশ্যক ॥ ৫৮ ॥

——০:):*:(:০——

যদহঙ্কারমাশ্রিত্য ন যোৎস্য ইতি মন্যসে।
মিথ্যৈষ ব্যবসায়স্তে প্রকৃতিস্ত্বাং নিযোক্ষ্যতি ॥৫৯॥

অন্বয়।—অহঙ্কারং আশ্রিত্য ন যোৎস্যে (যুদ্ধং ন করিষ্যামি) ইতি যৎ মন্যসে (চিন্তয়সি) তে (তব) ব্যবসায়ঃ (নিশ্চয়ঃ) মিথ্যা এব [যস্মাৎ] প্রকৃতিঃ (ক্ষাত্রস্বভাবঃ) ত্বাং নিযোক্ষ্যতি (যুদ্ধে-প্রবর্ত্তয়িষ্যতি) ॥ ৫৯ ॥

প্রতিশব্দ।—অহঙ্কারকে আশ্রয়-করিয়া যুদ্ধ-করিব না, ইহা যাহা মনে-করিতেছ, তোমার ব্যবসায় মিথ্যাই, [কারণ] স্বভাব তোমাকে নিয়োগ-করিবে ॥ ৫৯ ॥

ব্যাখ্যা।—তুমি অহঙ্কারকে আশ্রয় করিয়া যুদ্ধ করিব না, এইরূপ যাহা মনে করিতেছ, তাহা তোমার মিথ্যা ব্যবসায়; কারণ প্রকৃতি অর্থাৎ ক্ষাত্রস্বভাব তোমাকে এই যুদ্ধ ব্যাপারে নিয়োগ করিবে ॥৫৯ ॥

শঙ্করাচার্য্য।—ইদঞ্চ ত্বয়া ন মন্তব্যং স্বতন্ত্রোঽহং কিমর্থং পরোক্তং করিষ্যামীতি যদি চেত্ত্বমহঙ্কারমাশ্রিত্য ন যোৎস্য ইতি ন যুদ্ধং করিষ্যামীতি মন্যসে চিন্তয়সি নিশ্চয়ং করোষি মিথ্যৈষ ব্যবসায়োনিশ্চয়স্তে তব, যস্মাৎ প্রকৃতিঃ ক্ষাত্রস্বভাবস্ত্বাং নিযোক্ষ্যতি ॥ ৫৯ ॥

আনন্দগিরি।—স্বাতন্ত্র্যে সতি প্রতীতেরবকাশো নাস্তীত্যাশঙ্ক্যাহ ইদঞ্চেতি। ইতশ্চ ত্বয়া যুদ্ধাৎ-বৈমুখ্যং কর্ত্তুমুচিতমিত্যাহ মিথ্যেতি ॥ ৫৯ ॥

রামানুজ।—যদিতি। যদহংকারমাত্মনি হিতাহিতজ্ঞানে স্বাতন্ত্র্যাভিমানমাশ্রিত্য মন্নিয়োগমনাদৃত্য নযোৎস্য ইতি মন্যসে এষস্তে স্বাতন্ত্র্যব্যবসায়ো মিথ্যা ভবিষ্যতি। যতঃ প্রকৃতিস্ত্বাং যুদ্ধে নিযোক্ষ্যতি মৎস্বাতন্ত্র্যোদ্বিগ্নমনসং ত্বাং অজ্ঞং প্রকৃতির্নিয়োক্ষ্যতি ॥ ৫৯ ॥

পাঠান্তর।—মিথ্যৈষ ব্যবসায়স্তে।

হনুমান্।—যদ্যহঙ্কারমাশ্রিত্য মদ্বচনং অবিজ্ঞায় অহমেব সর্ব্বশাস্ত্রবিদিতি মত্বা নযোৎস্য ইতি মন্যসে মিথ্যৈব ব্যবসায়স্তে প্রকৃতিস্ত্বাং নিযোক্ষ্যতি-নচৈব নিশ্চয়োমিথ্যা বিতথীভূতঃ যতঃ প্রকৃতি স্বভাবস্ত্বাং নিযোক্ষ্যতি ॥ ৫৯ ॥

শ্রীধর।—কামং বিনঙ্ক্ষ্যামি নতু বন্ধুভির্যুদ্ধং করিষ্যামীতি চেত্তত্রাহ যদহঙ্কারমিতি। মদুক্তমনাদৃত্য কেবলমহঙ্কারমবলম্ব্য যুদ্ধং ন করিষ্যামীতি যন্মন্যসে স্বমধ্যবস্যসি এষ তব ব্যবসায়োমিথ্যৈবাস্বতন্ত্রত্বাত্তব, তদেবাহ প্রকৃতিস্ত্বাং রজোগুণরূপেণ পরিণতা সতী নিযোক্ষ্যতি যুদ্ধে প্রবর্ত্তয়িষ্যত্যেব ॥ ৫৯ ॥

বলদেব।—যদ্যপি ক্ষত্রিয়স্য যুদ্ধং এব ধর্ম্মস্তথাপি গুরুবিপ্রাদিবধহেতুকাৎ পাপাদ্ভীতস্য মে ন তত্র প্রবৃত্তিরিতি কৃত্যাকৃত্যবিজ্ঞাতৃত্বাভিমানমহঙ্কারমাশ্রিত্য নাহং যোৎস্য ইতি যদি ত্বং মন্যসে তর্হি তবৈব ব্যবসায়ো নিশ্চয়ো মিথ্যা নিষ্ফলো ভাবী। প্রকৃতির্ম্মায়া রজোগুণাত্মনা পরিণতা মদ্বাক্যাবহেলিনং ত্বাং গুর্ব্বাদিবধে নিমিত্তে যুদ্ধে নিযোক্ষ্যতি প্রবর্ত্তয়িষ্যত্যেব ॥ ৫৯ ॥

মধুসূদন।—যস্ত্বমহঙ্কারং ধার্ম্মিকোঽহং ক্রূরং কর্ম্ম ন করিষ্যামীতি মিথ্যাভিমান-মাশ্রিত্য ন যোৎস্যে যুদ্ধং ন করিষ্যামীতি মন্যসে যৎ মিথ্যা নিষ্ফল এষ ব্যবসায়োনিশ্চয়স্তে তব, যস্মাৎ প্রকৃতিঃ ক্ষত্রজাত্যারম্ভকোরজোগুণস্বভাবস্ত্বাং নিযোক্ষ্যতি যুদ্ধে ॥ ৫৯ ॥

নীলকণ্ঠ।—স্বতন্ত্রোঽহং অহ্নকং ন করিষ্যামি ইত্যাশঙ্ক্যাহ যদিতি। যৎ যদি অহঙ্কারং গর্ব্বমাশ্রিত্য ন যোৎস্যে যুদ্ধং ন করিষ্যে ইতি মন্যসে এষ তে তব ব্যবসায়ো নিশ্চয়োমিথ্যা যতঃ প্রকৃতিঃ ক্ষাত্রস্বভাবঃ ত্বাং নিযোক্ষ্যতি। "প্রকৃতিং যান্তি ভূতানি নিগ্রহঃ কিং করিষ্যতী"তি চোক্তং ॥ ৫৯ ॥

বিশ্বনাথ।—নহু ক্ষত্রিয়স্য মম যুদ্ধমেব পরোধর্ম্মঃ তত্র বন্ধুবধপাপাদ্ভীত এব প্রবর্ত্তিতুং নেচ্ছামীতি তত্র সতর্জ্জনমাহ যদহমিতি। প্রকৃতিঃ স্বভাবঃ। অধুনা ত্বং মদ্বচনং ন মানয়সি যদাতু মহাবীরস্য তব স্বাভাবিকো যুদ্ধোৎসাহো দুর্ব্বার এব উদ্ভবিষ্যতি তদা যুধ্যমানঃ স্বয়মেব ভীষ্মাদীন্ গুরূন্ হনিষ্যন্ময়া হনিষ্যসে ইতি ভাবঃ ॥ ৫৯ ॥

তাৎপর্য্য।—পূর্ব্বশ্লোকে কেবল ভগবচ্চিন্ততা হেতু অনায়াসে মোক্ষ লব্ধ হইতে পারে, এই তত্ত্ব প্রদর্শিত হইল। তথাপি আশঙ্কা হইতে পারে যে, অর্জ্জুন যদি মনে করেন আমি আত্মীয় ও জ্ঞাতিবধরূপ দুষ্কর্ম্ম সাধন করিয়া পরম ফলও প্রার্থনা করি না, তাহারই উত্তর স্বরূপে এই শ্লোক অবতারিত হইতেছে।

হে অর্জ্জুন। তুমি অহঙ্কারে বিকলচিত্ত হইয়া ব্রাহ্মণের ন্যায় কর্ম্মসন্ন্যাস অবলম্বন করিতে পার, আপনাকে তত্ত্বদর্শী ও জ্ঞানী মনে করিয়া স্বাধীনতন্ত্রভাবে স্বকীয় কর্ত্তব্য অবধারণ করিতে পার, এবং যুদ্ধাদি কর্ম্ম হিংসা-

প্রধান বুঝিয়া তত্তাবৎ পরিহার করিতে পার। কিন্তু হে ভ্রান্ত! তোমার বিবেচনা করা উচিত যে, এ সংসারে তোমার স্বাধীনতা বা স্বতন্ত্রতা কিছুই নাই। তুমি রজোগুণপ্রধান ক্ষত্রিয়কুলে জন্মগ্রহণ করিয়াছ, সেই প্রকৃতিজ গুণ তোমাকে স্বতঃ যুদ্ধাদি কর্ম্মে নিয়োজিত করিবে। প্রকৃতির বন্ধন ছিন্ন করা, তাহার শাসন অতিক্রম করা কখনই সম্ভব নহে। অতএব তোমার যে অহঙ্কারমূলা বুদ্ধি, তাহা সম্পূর্ণ মিথ্যা এবং তোমার সঙ্কল্পিত ব্যবসায়ও তোমার পক্ষে অযোজ্য। তোমাকে ক্ষত্রিয় ধর্ম্ম পালন করিতেই হইবে। ব্রাহ্মণোচিত ব্যবসায় কখনই তোমার অবলম্বনীয় নহে। অতএব আমার বাক্যে অবহেলা না করিয়া নিঃশঙ্কচিত্তে আমার প্রদর্শিত পথের অনুসরণ কর ॥ ৫৯ ॥

—•:⊙:•—

স্বভাবজেন কৌন্তেয়! নিবদ্ধঃ স্বেন কর্ম্মণা।
কর্ত্তুং নেচ্ছসি যন্মোহাৎ করিষ্যস্যবশোঽপি তৎ ॥৬০॥

অন্বয়।—হে কৌন্তেয়! স্বভাবজেন (পূর্ব্বসংস্কারজেন) স্বেন (স্বকীয়েন) কর্ম্মণা নিবদ্ধঃ (নিয়ন্ত্রিতঃ) [ত্বং] মোহাৎ (অবিবেকাৎ) যৎ (যুদ্ধং) কর্ত্তুং ন ইচ্ছসি (প্রবর্ত্তয়সি) অবশঃ (পরবশঃ) অপি (এব) তৎ করিষ্যসি ॥ ৬০ ॥

প্রতিশব্দ।—হে কৌন্তেয়! স্বভাব-জাত স্বীয় কর্ম্ম-দ্বারা চালিত [তুমি] মোহ-হেতু যাহা করিবার-নিমিত্ত ইচ্ছা-করিতেছ না, পরবশ [হইয়া]ই তাহা করিবে ॥ ৬০ ॥

ব্যাখ্যা।—হে কুন্তীনন্দন! ক্ষত্রিয়-স্বভাবজ শৌর্য্যাদি স্বীয় কর্ম্ম দ্বারা পরিচালিত হইয়া তুমি এক্ষণে যে যুদ্ধকার্য্যে প্রবৃত্ত হইতে ইচ্ছা করিতেছ না, শেষে স্বভাবের বশবর্ত্তী হইয়াই তোমাকে সেই কর্ম্মের অনুষ্ঠান করিতে হইবে ॥ ৬০ ॥

শঙ্করাচার্য্য।—যস্মাচ্চ স্বভাবজেন শৌর্য্যাদিনা কৌন্তেয়! যথোক্তেন নিবদ্ধো নিশ্চয়েন বদ্ধঃ স্বেনাত্মীয়েন কর্ম্মণা কর্ত্তুং নেচ্ছসি যৎ কর্ম্ম মোহাদবিবেকতঃ করিষ্যস্যবশোঽপি পরবশ এব তৎ কর্ম্ম যস্মাৎ॥ ৬০॥

আনন্দগিরি।—যস্মাচ্চেতি। স্বভাবজেন কর্ম্মণা নিবদ্ধত্বমিতি সম্বন্ধঃ। ইতোঽপি ত্বয়া যুদ্ধং কর্ত্তব্যমেবেত্যাহ যস্মাদিতি॥ ৬০॥

রামানুজ।—তদুপপাদয়তি স্বভাবজেনেতি। স্বভাবজং হি ক্ষত্রিয়স্য কর্ম্ম শৌর্য্যং স্বভাবজেন শৌর্য্যাখ্যেন স্বেন কর্ম্মণা নিবদ্ধঃ তত এবাবশঃ পরৈর্দ্ধর্ষণমসহমানঃ ত্বমেব তদ্যুদ্ধং করিষ্যসি যদিদানীং মোহাদজ্ঞানাৎ কর্ত্তুং নেচ্ছসি॥ ৬০॥

হনুমান্।—স্বভাবজেন স্বভাবসিদ্ধেন নিবদ্ধঃ নিয়োগতঃ বদ্ধঃ সন্ স্বেনাত্মীয়েন কর্ম্মণা ক্রিয়াং কর্ত্তুং নিবর্ত্তয়িতুং স্বভাবসিদ্ধং কর্ম্ম॥ ৬০॥

শ্রীধর।—কিঞ্চ স্বভাবজেনেতি। স্বভাবঃ ক্ষত্রিয়ত্বহেতুঃ পূর্ব্বকর্ম্মসংস্কারস্তস্মাজ্জাতেন স্বীয়েন কর্ম্মণা শৌর্য্যাদিনা পূর্ব্বোক্তেন নিবদ্ধো যন্ত্রিতস্ত্বং মোহাৎ যৎ কর্ম্ম যুদ্ধলক্ষণং কর্ত্তুং নেচ্ছসি অবশঃ সংস্তৎ কর্ম্ম করিষ্যস্যেব॥ ৬০॥

বলদেব।—উক্তমুপপাদয়তি স্বভাবেতি। যদি ত্বং মোহাদজ্ঞানান্মদুক্তমপি যুদ্ধং কর্ত্তুং নেচ্ছসি তদা স্বভাবজেন স্বেন কর্ম্মণা শৌর্য্যেণ মন্মায়োল্লাসিতেন নিবদ্ধোঽবশস্তৎ করিষ্যসি॥ ৬০॥

মধুসূদন।—প্রকৃতিং বিবৃণোতি স্বভাবজেনেতি। স্বভাবজেন পূর্ব্বোক্তক্ষত্রিয়-স্বভাবজেন শৌর্য্যাদিনা স্বেনানাগন্তুকেন কর্ম্মণা নিবদ্ধো বশীকৃতস্ত্বং হে কৌন্তেয়! যদ্বন্ধুবধাদি-নিমিত্তং যুদ্ধং মোহাৎ স্বতন্ত্রোঽহং যথেচ্ছামি তথা সম্পাদয়িষ্যামীতি ভ্রমাৎ কর্ত্তুং নেচ্ছসি তদবশোঽপি অনিচ্ছন্নপি স্বাভাবিককর্ম্মপরতন্ত্রঃ পরমেশ্বরপরতন্ত্রশ্চ করিষ্যস্যেব॥ ৬০॥

নীলকণ্ঠ।—প্রকৃতিস্ত্বাং নিযোক্ষ্যতীত্যেতদেব ব্যাচষ্টে স্বভাবজেনেতি। স্বভাবজেন পূর্ব্বোক্তেন শৌর্য্যাদিনা অবশোঽপি পরবশ এব তৎ করিষ্যসি॥ ৬০॥

বিশ্বনাথ।—উক্তমেবার্থং বিবৃণোতি স্বভাবেতি। স্বভাবঃ ক্ষত্রিয়ত্বে হেতুঃ পূর্ব্বসংস্কারঃ তস্মাৎ জাতেন স্বীয়েন কর্ম্মণা শৌর্য্যাদিনা নিবদ্ধো যন্ত্রিতঃ॥ ৬০॥

তাৎপর্য্য।—পূর্ব্বে শ্রীভগবান্ ইহাই প্রদর্শন করিয়াছেন যে, কর্ম্ম ত্যাগ না করিয়াও কেবল ভগবদাশ্রয় গ্রহণ করিলে মনুষ্য মুক্ত হইতে পারে। অপিচ কর্ম্মত্যাগ বিষয়ে ব্রাহ্মণেতর বর্ণ অধিকারী নহে। বর্ত্তমান শ্লোকে তিনি সেই ভাব পরিস্ফুট করিতে প্রবৃত্ত হইতেছেন।

শ্রীভগবান্ বলিতেছেন, হে অর্জ্জুন! তুমি কর্ম্ম করিব না বলিয়া কর্ম্মত্যাগ করিতে পারিবে না। কেন না তুমি যদ্যপি কর্ম্মসূত্রে প্রারব্ধ

কর্ম্মবশে তুমি আবদ্ধ হইয়া আছ। এই কর্ম্মবন্ধন তোমার স্বভাবজ; অর্থাৎ জন্মকাল হইতেই এই কর্ম্মাধীনতা তোমাকে অধিকার করিয়াছে এবং চিরদিনই অধিকার করিয়া থাকিবে। স্বকীয় জন্মান্তরীণ কর্ম্মানুসারে তোমার উপযুক্ত বর্ণে জন্ম হইয়াছে। সেই বর্ণোচিত কর্ম্মসাধনে তুমি বাধ্য। যদি তুমি মোহ-পরবশ হইয়া অথবা অহঙ্কার-বিমূঢ় হইয়া আপনাকে ব্যবস্থাপক বলিয়া মনে কর এবং এই স্বভাবজ নিয়মের ব্যভিচার করিয়া বর্ণোচিত কর্ম্মসাধনে বিরত হও, তাহা হইলে হে ভ্রান্ত! তুমি কখনই আপনার সঙ্কল্পে কৃতকার্য্য হইবে না; তোমাকে অবশ্যই হতাশ ও ভগ্ন-মনোরথ হইয়া কর্ম্মসূত্রের অনুবর্ত্তন করিতে হইবে। কারণ অবশ হইয়া অর্থাৎ স্বাধীনতা বা স্বতন্ত্রতা পরিশূন্য হইয়া তোমাকে নিশ্চয়ই কর্ম্মস্রোতে ভাসমান হইতে হইবে এবং বর্ণোচিত কর্ম্মনিষ্ঠার অনুসরণ করিতে হইবে। অতএব ক্ষত্রিয়কুলে জন্মগ্রহণ করিয়াও তুমি যদি মোহপরবশ হইয়া শত্রু সংহারাদি কার্য্যে বিমুখ হও, তাহা হইলেও অবশভাবে আমার মায়া ও ব্যবস্থাপ্রভাবে অবশ্যই ক্ষত্রিয়োচিত কার্য্যসাধনে তোমাকে বিনিযুক্ত হইতেই হইবে।

পূর্ব্বে বর্ণোচিত সহজ কর্ম্মের বিবরণ বিন্যস্ত হইয়াছে। এতৎ সহ তাহা দ্রষ্টব্য ॥ ৬০ ॥

——(:০:)——

ঈশ্বরঃ সর্ব্বভূতানাং হৃদ্দেশেঽর্জ্জুন! তিষ্ঠতি।
ভ্রাময়ন্ সর্ব্বভূতানি যন্ত্রারূঢ়ানি মায়য়া ॥ ৬১ ॥

অন্বয়।—হে অর্জ্জুন! ঈশ্বরঃ (অন্তর্যামী) মায়য়া (স্বশক্ত্যা) যন্ত্রারূঢ়ানি (দেহযন্ত্রস্থাপিতানি) সর্ব্বভূতানি ভ্রাময়ন্ (পরিচালয়ন্) সর্ব্বভূতানাং হৃদ্দেশে (হৃদয়প্রদেশে) তিষ্ঠতি ॥ ৬১ ॥

প্রতিশব্দ।—হে অর্জ্জুন! ঈশ্বর মায়া-দ্বারা দেহ-রূপ-যন্ত্র-স্থাপিত সকল-জীবকে চালিত-করিতে-করিতে সকল-জীবের হৃদয়-প্রদেশে অবস্থান-করিতেছেন ॥ ৬১ ॥

ব্যাখ্যা।—হে অর্জ্জুন! অন্তর্যামী ঈশ্বর স্বীয় মায়া দ্বারা এই দেহ-যন্ত্রস্থিত ভূতবর্গকে যন্ত্রচালিত পুত্তলিকার ন্যায় পরিচালিত করিয়া জীবগণের হৃদয়মধ্যে অবস্থিত আছেন ॥ ৬১ ॥

শঙ্করাচার্য্য।—ঈশ্বরঃ ঈশনশীলো নারায়ণঃ সর্ব্বভূতানাং সর্ব্বপ্রাণিনাং হৃদ্দেশে হৃদয়দেশেঽর্জ্জুন! শুক্লান্তরাত্মস্বভাবো বিশুদ্ধান্তঃকরণ ইতি "অহশ্চ কৃষ্ণমহরর্জ্জুনঞ্চে"তি দর্শনাৎ তিষ্ঠতি স্থিতিং লভতে, স কথস্তিষ্ঠতীত্যাহ ভ্রাময়ন্ ভ্রমণং কারয়ন্ সর্ব্বভূতানি যন্ত্রারূঢ়ানীব যন্ত্রাণ্যারূঢ়ান্যধিষ্ঠিতানীবেতি ইবশব্দোঽত্র দ্রষ্টব্যো যথা দারুকৃতপুরুষাদীনি যন্ত্রারূঢ়ানি মায়য়া ছদ্মনা ভ্রাময়ন্ তিষ্ঠতীতি সম্বন্ধঃ ॥ ৬১ ॥

আনন্দগিরি।—অর্জ্জুনশব্দস্যোক্তার্থত্বে শ্রুতিমুদাহরতি অহশ্চেতি। "অহশ্চ কৃষ্ণমহ-রর্জ্জুনঞ্চ বিবর্ত্তেতে রজসী বেদ্যাভিঃ" ইত্যত্র কিঞ্চিদহস্তাবৎ কৃষ্ণমস্বচ্ছকলুষিতমিব লক্ষ্যতে কিঞ্চিৎ পুনরহরর্জ্জুনমতিস্বচ্ছং শুদ্ধভাবমুপলভ্যতে এবমর্জ্জুনশব্দস্য শুক্লশব্দপর্য্যায়তয়া প্রয়োগদর্শনা-দুক্তার্থত্বমুচিতমিত্যর্থঃ। যন্ত্রারূঢ়ানীবেতি কথমুচ্যতে তত্রাহ ইবশব্দইতি। তদেব প্রপঞ্চয়তি যথেতি। দারুময়ানি যন্ত্রাণি যথা লৌকিকো মায়াবী মায়য়া ভ্রাময়ন্বর্ত্ততে তথেশ্বরোঽপি সর্ব্বাণি ভূতানি ভ্রাময়ন্নেব হৃদয়ে তিষ্ঠতীত্যর্থঃ ॥ ৬১ ॥

রামানুজ।—সর্ব্বং হি ভূতজাতং সর্ব্বেশ্বরেণ ময়া পূর্ব্বকর্ম্মানুগুণ্যেন প্রকৃত্যনুবর্ত্তনে নিয়মিতং তৎ শৃণু ঈশ্বর ইতি। ঈশ্বরঃ সর্ব্বনিয়মনশীলো বাসুদেবঃ সর্ব্বভূতানাং হৃদ্দেশে সকলপ্রবৃত্তিনিবৃত্তিমূলজ্ঞানোদয়দেশে তিষ্ঠতি। কথং কিং কুর্ব্বংস্তিষ্ঠতি যন্ত্রারূঢ়ানি সর্ব্বভূতানি মায়য়া ভ্রাময়ন্ স্বেনৈব নির্ম্মিতং দেহেন্দ্রিয়াবস্থং প্রকৃত্যাখ্যং যন্ত্রমারূঢ়ানি সর্ব্বভূতানি স্বকীয়য়া সত্ত্বাদিগুণময্যা মায়য়া গুণানুগুণম্ প্রবর্ত্তয়ংস্তিষ্ঠতীত্যর্থঃ। পূর্ব্বমপ্যেতদুক্তং। "সর্ব্বস্য চাহং হৃদি সন্নিবিষ্টো। মত্তঃ স্মৃতির্জ্ঞানমপোহনং চ। মত্তঃ সর্ব্বং প্রবর্ত্তত" ইতি চ। শ্রুতিশ্চ। "য আত্মনি তিষ্ঠন্নি"ত্যাদিকা ॥ ৬১ ॥

হনুমান্।—ঈশ্বরো বাসুদেবঃ সর্ব্বভূতানাং সর্ব্বপ্রাণিনাং হৃদ্দেশে হৃদয়পুণ্ডরীকে অর্জ্জুনঃ শুক্লং নির্ম্মলমন্তঃকরণং যস্য সোঽপি তৎ সম্বন্ধাদর্জ্জুন হে অর্জ্জুন তিষ্ঠতি সন্নিধত্তে যথা কশ্চিৎ কুলালো দারুচক্রযন্ত্রারূঢ়ান্ ভ্রাময়তি এবং সর্ব্বপ্রাণিনঃ অহং শয়ানোঽহমাসীনোঽহং স্থিতোঽহং জাতোঽহং ক্ষীণো ইত্যেবং প্রত্যয়ৈঃ শারীরাখ্যং যন্ত্রমারূঢ়ানি ভ্রাময়ংস্তিষ্ঠতীতি প্রকৃষ্টোঽন্বয়ঃ ॥ ৬১ ॥

শ্রীধর।—তদেবং শ্লোকদ্বয়েন সাংখ্যাদিমতেন প্রকৃতিপারতন্ত্র্যং স্বভাবপারতন্ত্র্যং চোক্তং ইদানীং স্বমতমাহ ঈশ্বর ইতি দ্বাভ্যাং। সর্ব্বভূতানাং হৃন্মধ্যে ঈশ্বরোঽন্তর্যামী তিষ্ঠতি, কিম্ কুর্ব্বন্, সর্ব্বাণি ভূতানি মায়য়া নিজশক্ত্যা ভ্রাময়ংস্তত্তৎকর্ম্মসু প্রবর্ত্তয়ন্, যথা দারুযন্ত্রমারূঢ়ানি কৃত্রিমাণি ভূতানি সূত্রধারো লোকে ভ্রাময়তি তদ্বদিত্যর্থঃ, যদ্বা, যন্ত্রাণি শরীরাণি আরূঢ়ানি

ভূতানি দেহাভিমানিনোজীবান্ ভ্রাময়ন্নিত্যর্থঃ, তথাচ শ্বেতাশ্বতরাণাং মন্ত্র, "একোদেবঃ সব ভূতেষু গূঢ়ঃ সর্ব্বব্যাপী সর্ব্বভূতান্তরাত্মা। কর্ম্মাধ্যক্ষঃ সর্ব্বভূতাধিবাসঃ সাক্ষী চেতাঃ কেবলে নির্গুণশ্চে"তি। অন্তর্যামিব্রাহ্মণঞ্চ, "য আত্মনি তিষ্ঠন্নাত্মানমন্তরোযময়তি যঃ আত্মা ন বে যস্যাত্মা শরীরং এষ তে অন্তর্যাম্যমৃত" ইত্যাদি ॥ ৬১ ॥

বলদেব।—বিজ্ঞাতৃত্বাভিমানিনমিবালক্ষ্যার্জ্জুনমত্যাজ্যত্বাদ্বিধান্তরেণোপদিশতীশ্বর ইতি দ্বাভ্যাং। হে অর্জ্জুন ত্বং চেৎ স্বং বিজ্ঞং মন্যসে তর্হ্যন্তর্যামিব্রাহ্মণাত্ত্বয়া জ্ঞাতো য ঈশ্বরঃ সর্ব্বভূতানাং ব্রহ্মাদিস্থাবরান্তানাং হৃদ্দেশে তিষ্ঠতি মায়য়া স্বশক্ত্যা তানি ভ্রাময়ন্ সন্ সর্ব্বভূতানি বিশিনষ্টি যন্ত্রেতি। যৎ কর্ম্মানুগুণং মায়ানির্ম্মিতং দেহেন্দ্রিয়প্রাণলক্ষণং যন্ত্রং তদারূঢ়ানি রূপকেণোপমাত্র ব্যজ্যতে। যথা সূত্রধারো দারুযন্ত্রারূঢ়ানি কৃত্রিমাণি ভূতানি ভ্রাময়তি তদ্বৎ ॥ ৬১ ॥

মধুসূদন।—স্বভাবাধীনতামুক্ত্বেশ্বরাধীনতাং বিবৃণোতি ঈশ্বর ইতি। ঈশ্বর ঈশনশীলোনারায়ণঃ সর্ব্বান্তর্যামী "যঃ পৃথিব্যাং তিষ্ঠন্ পৃথিব্যা অন্তরোঽয়ং পৃথিবী ন বেদ যস্য পৃথিবী শরীরং যঃ পৃথিবীমন্তরোযময়তি যচ্চ কিঞ্চিজ্জগৎসর্ব্বং দৃশ্যতে শ্রূয়তেঽপি বা। অন্তর্ব্বহিশ্চ তৎসর্ব্বং ব্যাপ্য নারায়ণঃ স্থিত।" ইত্যাদি শ্রুতিসিদ্ধঃ। সর্ব্বভূতানাং সর্ব্বেষাং প্রাণিনাং হৃদ্দেশেঽন্তঃকরণে তিষ্ঠতি সর্ব্বব্যাপকোঽপি তত্রাভিব্যজ্যতে সপ্তদ্বীপাধিপতিরিব রাম উত্তরকোসলেষু হে অর্জ্জুন! হে শুক্ল! শুদ্ধান্তঃকরণ! এতাদৃশমীশ্বরং ত্বং জ্ঞাতুং যোগ্যোঽসীতি দ্যোত্যতে কিং কুর্ব্বংস্তিষ্ঠতি ভ্রাময়ন্ ইতস্ততশ্চালয়ন্ সর্ব্বভূতানি পরতন্ত্রাণি মায়য়া ছদ্মনা যন্ত্রারূঢ়ানীব সূত্রসঞ্চারাদিযন্ত্রমারূঢ়ানি দারুনির্ম্মিতপুরুষাদীন্যত্যন্তপরতন্ত্রাণি যথা মায়াবী ভ্রাময়তি তদ্বদিত্যর্থশেষঃ ॥ ৬১ ॥

নীলকণ্ঠ।—কোঽসৌ পরো যদ্বশেঽহমস্মীত্যত আহ ঈশ্বর ইতি। ঈশ্বর ঈশনশীলোঽন্তর্য্যামী পৃথিব্যাদীনামস্মাকঞ্চ সর্ব্বভূতানাং সর্ব্বপ্রাণিনাং হৃদ্দেশে বুদ্ধিগুহায়াং সর্ব্বপ্রাণিপ্রবর্ত্তকস্তিষ্ঠতি, কীদৃশঃ সর্ব্বভূতানি ভ্রাময়ন্ ঊর্দ্ধাধোমার্গেষু সঞ্চারয়ন্ কাষ্ঠপুত্রিকাইব সূত্রধারঃ যন্ত্রারূঢ়ানি যন্ত্রমিব যন্ত্রং উৎক্রমণাদিসাধনং সর্ব্বপ্রাণাত্মাত্মকং লিঙ্গং তদারূঢ়ানি মায়য়া স্বশক্ত্যা ভ্রাময়ন্নিতি সম্বন্ধঃ, হে অর্জ্জুন শুক্ল! বিশুদ্ধান্তঃকরণ! নেশ্বরোঽসীতিভাবঃ। অত্রাহঙ্কারপূর্ব্বকং যঃ কর্ম্ম করোতি যশ্চ ঈশ্বরপরবশোঽহঙ্করোমীতি বুদ্ধ্যা করোতি তয়োরত্যন্তবৈলক্ষণ্যপ্রদর্শনার্থো মন্ত্রো ভাষ্যে উদাহৃতঃ, "অহশ্চকৃষ্ণমহরর্জ্জুনঞ্চ বিবর্ত্তেতে রজসী বেদ্যাভি"রিতিভারদ্বাজার্ষং অহশ্চ কৃষ্ণমহরর্জ্জুনঞ্চেত্যাগ্নিমারুতস্য প্রতিপদিতি ব্রাহ্মণেন আগ্নিমারুতে শস্ত্রে বিনিযুক্তা প্রথমে যমৃক্ যস্মিন্ দিবসে সোমঃ সূয়তে যাগার্থং তদেব জন্মসাফল্যদিনং মুখ্যমহঃশব্দবাচ্যং অন্যত্তু দিনমদিনমেব নিষ্ফলত্বাৎ। তথাচ স্মৃতিঃ "দশভির্জ্জন্মভির্ব্বেদা আধানং শতজন্মভিঃ। সহস্রৈর্জ্জন্মভিঃ সোমং ব্রাহ্মণং পাতুমর্হতী"তি সোমযাগস্য দৌর্লভ্যং দর্শয়তি। তদয়মহঃশব্দঃ কালবচনোঽপি সৌম্যে কর্ম্মণি বর্ত্ততে যথা দর্শপৌর্ণমাসশব্দৌ। তত্রৈবং সতি অহঃযাগঃ কৃষ্ণং অবিদ্যয়া কৃতমপ্রকাশমিব ভবতি তথাঽহরর্জ্জুনং স্বচ্ছং তদেব বিদ্যয়াকৃতং প্রকাশরূপমিব ভবতি

তে এতে উভে অপি বিদ্বদবিদ্বৎকৃতে অহনী রজনী প্রবৃত্তিরূপত্বাৎ রজোগুণকার্য্যে অপি বেত্তাভির্বিদ্বাভিঃ কর্ম্মাঙ্গাববদ্ধোপাসনারূপা বা পরমেশ্বরে সর্ব্বকর্ম্মার্পণরূপাশ্চ অহঙ্করোমীত্যভিমানরূপা বা বিদ্বাবিজ্ঞানানি তাভির্বিবদ্ভেতে বৈপরীত্যেন বর্ত্তেতে সোপাসনং কর্ম্ম শ্বেতং পরমাত্মতত্ত্বপ্রকাশকং বন্ধবিচ্ছেদহেতুঃ, মূঢ়কৃতং কর্ম্ম কৃষ্ণং স্বরূপাবরকং বন্ধহেতুরিত্যর্থঃ। তদেবং ভগবান্ পার্থং অর্জ্জুনেতি সম্বোধয়ন্ এতস্য স্বচ্ছান্তঃকরণত্বদ্যোতনেন শুক্লে ধর্ম্মেঽধিকারং দর্শয়তি ॥ ৬১ ॥

বিশ্বনাথ।— শ্লোকদ্বয়েন স্বভাববাদিনাং মতমুক্ত্বা স্বমতমিত্যাহ। ঈশ্বরোনারায়ণঃ সর্ব্বান্তর্যামী "যঃ পৃথিব্যাংতিষ্ঠন্ পৃথিব্যা অন্তরো যং নবেদঃ যস্য পৃথিবী শরীরং যঃ পৃথিবীমন্তরোযময়তি।" "যচ্চ কিঞ্চিৎ জগৎসর্ব্বং দৃশ্যতে শ্রূয়তেঽপিবা। অন্তর্ব্বহিশ্চ তৎ সর্ব্বংব্যাপ্য নারায়ণঃ স্থিতঃ" ইত্যাদি শ্রুতিপ্রতিপাদিত ঈশ্বরোঽন্তর্যামী হৃদি তিষ্ঠতি কিংকুর্ব্বন্ সর্ব্বাণি ভূতানি-মায়য়া নিজশক্ত্যা ভ্রাময়ন্ তত্তৎকর্ম্মণি প্রবর্ত্তয়ন্ যথাসূত্রসঞ্চারাদিযন্ত্রমারূঢ়ানি কৃত্রিমানি পাঞ্চালিকারূপাণি সর্ব্বভূতানি মায়াবী ভ্রাময়তি তদ্বদিত্যর্থঃ। যন্ত্র যন্ত্রারূঢ়ানি শরীরারূঢ়ান্ সর্ব্বজীবানিত্যর্থঃ ॥ ৬১ ॥

তাৎপর্য্য।—পূর্ব্ব শ্লোকদ্বয়ে কর্ম্ম সম্বন্ধে সন্ন্যাস সাংখ্যমতানুযায়ী প্রকৃতি-পরতন্ত্রতা এবং স্বভাব-পরতন্ত্রতা পরিব্যক্ত করিয়া অধুনা শ্রীভগবান্ ইহাই ব্যক্ত করিতেছেন যে, সর্ব্বশক্তিমান্ পরম নিয়ামক ঈশ্বরের ক্ষমতাই অসাধারণ এবং তাঁহারই ব্যবস্থা অপ্রতিহত।

শ্রীভগবান্ বলিতেছেন, হে অর্জ্জুন! যিনি সাংসারিক সকল ব্যাপারের কর্ত্তা, যাঁহার ব্যবস্থায় এই জগতের সমস্ত ব্যাপার নির্ব্বাহিত হয়, সেই সর্ব্বশক্তিমানই ঈশ্বর। তিনি ভূত সমূহের হৃদয়-গুহায় নিয়ত অবস্থিত। ভ্রান্ত জীবগণ অতি সন্নিকৃষ্ট আপনার দেহমধ্যস্থিত সেই পরম পুরুষকে দেখিতে পায় না। যাঁহাদিগের অন্তরাত্মা শুক্ল অর্থাৎ নির্ম্মল, কেবল সেই ভাগ্যবানেরাই আপনার হৃদ্দেশাবস্থিত পরমেশ্বরকে দেখিতে পান। হে অর্জ্জুন! (৮৯ পৃষ্ঠার টিপ্পনী দ্রষ্টব্য) তুমি সতত নির্ম্মল কর্ম্মকারী; অতএব তুমি সেই ঈশ্বরদর্শনের অধিকারী। জিজ্ঞাস্য হইতে পারে যে, ঈশ্বর সর্ব্বভূতের হৃদ্দেশে কেন অবস্থিত থাকেন? তদুত্তরে বক্তব্য যে, তিনি মায়াদ্বারা জীবগণকে পরিচালিত করিবার অভিপ্রায়ে অথবা সকলকে স্বস্ব পথে ভ্রমণ করাইবার নিমিত্ত সকলেরই হৃদ্দেশে অধিরূঢ় থাকেন। যন্ত্রে যেমন কাষ্ঠনির্ম্মিত পুত্তলিকাবিশেষ পরিস্থাপিত থাকিয়া এবং মায়াবি-রচিত সূত্রাদি দ্বারা পরিচালিত হইয়া যন্ত্র বিঘূর্ণন করে, ঈশ্বরও

তদ্রূপে হৃদয়প্রদেশে অধিষ্ঠিত থাকিয়া স্বকীয় মায়া দ্বারা জীবগণকে পরিচালিত করেন। এতাবতা ইহাই সিদ্ধ হইতেছে যে, জীবগণের কর্ম্ম সম্বন্ধে কোনরূপ স্বতন্ত্রতা বা স্বাধীনতা নাই, সর্ব্বনিয়ন্তা পরমেশ্বরই কর্ম্ম বিষয়ে প্রয়োজক। জীব অবশ ভাবে সেই কর্ম্ম সাধনে বাধ্য।

পূজ্যপাদ শঙ্করাচার্য্য এই শ্লোকস্থিত উপমা অববোধের নিমিত্ত একটী ইব শব্দ গ্রহণ করিতে বলিয়াছেন।

এতদুপলক্ষ্যে পূজ্যপাদ ভাষ্য ও টীকাকৃদ্‌গণ নিম্নলিখিত শ্রুতি সমূহ উদ্ধৃত করিয়াছেন। "একো দেবঃ সর্ব্বভূতেষু গূঢ়ঃ" (২৯৭২ পৃষ্ঠার তাৎপর্য্য দ্রষ্টব্য) "য আত্মনি তিষ্ঠন্নাত্মানমন্তরো যময়তি" (২৩২২ পৃষ্ঠার তাৎপর্য্য দ্রষ্টব্য) "যঃ পৃথিব্যাং তিষ্ঠন্" (২৬০০ পৃষ্ঠার তাৎপর্য্য দ্রষ্টব্য) "অন্তর্ব্বহিশ্চ তৎসর্ব্বং" (২৩৩৯ পৃষ্ঠার তাৎপর্য্য দ্রষ্টব্য) ॥ ৬১ ॥

——০:):*:(:০——

তমেব শরণং গচ্ছ
সর্ব্বভাবেন ভারত!
তৎপ্রসাদাৎ পরাং শান্তিং
স্থানং প্রাপ্স্যসি শাশ্বতম্ ॥ ৬২ ॥

অন্বয়।—হে ভারত! তং (ঈশ্বরং) এব সর্ব্বভাবেন (সর্ব্বাত্মনা) শরণং গচ্ছ (আশ্রয়) তৎপ্রসাদাৎ (ঈশ্বরানুগ্রহাৎ) পরাং (উত্তমাং) শান্তিং শাশ্বতং (নিত্যং) স্থানং (পদং) [চ] প্রাপ্স্যসি (লপ্স্যসি) ॥ ৬২ ॥

প্রতিশব্দ।—হে ভারত! সেই-ঈশ্বরকেই সর্ব্বতোভাবে শরণ গ্রহণ-কর, তাঁহার-প্রসাদ-হেতু পরমা শান্তি [ও] নিত্য পদ প্রাপ্ত-হইবে ॥ ৬২ ॥

ব্যাখ্যা।—হে ভরতকুলপ্রদীপ! তুমি সর্ব্বতোভাবে সেই ঈশ্বরকে আপনার আশ্রয়রূপে গ্রহণ কর, তাহা হইলে তাঁহার অনুগ্রহে পরমা শান্তি এবং শাশ্বত বৈষ্ণব পদ প্রাপ্ত হইবে ॥ ৬২ ॥

শঙ্করাচার্য্য।—তমেবেশ্বরং শরণমাশ্রয়ং সংসারার্ত্তিহরণার্থং গচ্ছ আশ্রয় সর্ব্বভাবেন সর্ব্বাত্মনা হে ভারত! ততস্তৎপ্রসাদাদীশ্বরানুগ্রহাৎ পরাং প্রকৃষ্টাং শান্তিং পরামুপরতিং স্থানঞ্চ মম বিষ্ণোঃ পরমং পদমবাপ্স্যসি শাশ্বতং নিত্যং॥ ৬২॥

আনন্দগিরি।—ঈশ্বরঃ সর্ব্বাণি ভূতানি প্রেরয়তি চেৎ প্রাপ্তং কৈবল্যার্থত্বাপি পুরুষকারস্যানর্থক্যমিত্যাশঙ্ক্যাহ তমেবেতি। সর্ব্বাত্মনা মনোবৃত্ত্যা বাচা কর্ম্মণা চেত্যর্থঃ, ঈশ্বরস্যানুগ্রহাত্তত্ত্বজ্ঞানোৎপত্তিপর্য্যন্তাদিতিশেষঃ, মুক্তাস্তিষ্ঠন্ত্যস্মিন্নিতি স্থানং॥ ৬২॥

রামানুজ।—এতন্মায়ানিবৃত্তিহেতুমাহ তমেবেতি। যস্মাদেবং তস্মাত্তমেব সর্ব্বস্য প্রশাসিতারমাশ্রিতবাৎসল্যেন ত্বৎসারথ্যেঽবস্থিতমিত্থং কুর্ব্বিতি প্রশাসিতারং মাং সর্ব্বভাবেন সর্ব্বাত্মনা শরণং গচ্ছানুবর্ত্তস্ব। অন্যথা তন্মায়য়া প্রেরিতেনাজ্ঞানেনৈব ত্বয়া যুদ্ধাদিকরণমবর্জ্জনীয়ং তথা সতি নষ্টো ভবিষ্যসি অতো মদুক্তপ্রকারেণ যুদ্ধাদিকং কুর্ব্বিত্যর্থঃ। এবং কুর্ব্বাণো মৎপ্রসাদাৎ পরাং শান্তিং সর্ব্বকর্ম্মবন্ধোপশমনং শাশ্বতং চ স্থানং প্রাপ্স্যসি যদভিধীয়তে শ্রুতিশতৈ"স্তদ্বিষ্ণোঃ পরমং পদং সদা পশ্যন্তি সূরয়ঃ। তে হ নাকং মহিমানঃ সচন্ত যত্র পূর্ব্বে সাধ্যাঃ সন্তি দেবা" ইত্যাদিভিঃ॥ ৬২॥

হনুমান্।—তমেব শরণং সকলদুঃখনিবারণং আশ্রয়ং গচ্ছ ভজস্ব সর্ব্বভাবেন সর্ব্বৈঃ সংকল্পৈরয়ং মমচাস্তি স্বামী অয়ং মম শাসক অয়মেবাচার্য্য ইত্যেবমাদিভিস্তৎপ্রসাদাৎ তস্য শরণাগতবৎসলস্যানুগ্রহাৎ পরাং প্রকৃষ্টাং শান্তিমুপরতিং অধিগমস্থানং বৈষ্ণবং প্রাপ্স্যসি গমিষ্যসি শাশ্বতং নিত্যং॥ ৬২॥

শ্রীধর।—তমিতি। যস্মাদেবং সর্ব্বে জীবাঃ পরমেশ্বরপরতন্ত্রাস্তস্মাদহংকারং পরিত্যজ্য সর্ব্বভাবেন সর্ব্বাত্মনা তমীশ্বরমেব শরণং গচ্ছ, ততশ্চ তস্যৈব প্রসাদাৎ পরামুত্তমাং শান্তিং স্থানঞ্চ পারমেশ্বরং শাশ্বতং নিত্যং প্রাপ্স্যসি॥ ৬২॥

বলদেব।—তর্হি তমেবেশ্বরং সর্ব্বভাবেন কায়াদিব্যাপারেণ শরণং গচ্ছ। ততঃ কিমিতি চেত্তত্রাহ তদিতি। পরাং শান্তিং নিখিলক্লেশবিশ্লেষলক্ষণাং। শাশ্বতং নিত্যং স্থানং চ। "তদ্বিষ্ণোঃ পরমং পদং" ইত্যাদি শ্রুতিগীতং তদ্ধাম প্রাপ্স্যসি। স চেশ্বরোঽহমেব ত্বৎসখঃ "সর্ব্বস্য চাহং হৃদি সন্নিবিষ্ট" ইত্যাদি মৎপূর্ব্বোক্তেঃ দেবর্ষ্যাদিসম্মতিগ্রাহিণা ত্বয়াপি পরং ব্রহ্ম পরং ধামেত্যাদিনা স্বীকৃতত্বাচ্চ বিশ্বরূপদর্শনে প্রত্যক্ষিতত্বাচ্চ। তস্মান্মদুপদেশে তিষ্ঠেতি॥ ৬২॥

মধুসূদন।—ঈশ্বরঃ সর্ব্বভূতানি পরতন্ত্রাণি প্রেরয়তি চেৎ প্রাপ্তং বিধিপ্রতিষেধশাস্ত্রস্য সর্ব্বস্য পুরুষকারস্য চানর্থক্যমিত্যত্রাহ তমেবেতি। তমেবেশ্বরং শরণমাশ্রয়ং সংসারসমুদ্রোত্তরণার্থং গচ্ছ আশ্রয় সর্ব্বভাবেন সর্ব্বাত্মনা মনসা বাচা কর্ম্মণা চ হে ভারত! তৎপ্রসাদাত্তস্যৈবেশ্বরস্যানু-গ্রহাত্তত্ত্বজ্ঞানোৎপত্তিপর্য্যন্তাৎ পরাং শান্তিং সকার্য্যাবিদ্যানিবৃত্তিং স্থানং অদ্বিতীয়স্বপ্রকাশপরমা-নন্দরূপেণাবস্থানং শাশ্বতং নিত্যং প্রাপ্স্যসি॥ ৬২॥

নীলকণ্ঠ।—তমেবেতি। তমেবেশ্বরং সর্ব্বভাবেন সর্ব্বাত্মনা শরণমাশ্রয়ং গচ্ছ প্রপদ্য

তৎপ্রসাদাৎ তদনুগ্রহাৎ পরাং শান্তিং উপরতিং সমাধিমিতি যাবৎ। তথাচ সূত্রং "সমাধি-রীশ্বরপ্রণিধানাৎ" ইতি। স্থানঞ্চ পরং বিষ্ণোঃ পদং মোক্ষং শাশ্বতং নিত্যং প্রাপ্স্যসি ॥ ৬২ ॥

বিশ্বনাথ।—এতজ্জ্ঞাপনপ্রয়োজনমাহ তমেবেতি। পরাং অবিদ্যাবিদ্যয়োর্নিবৃত্তিং। ততশ্চ শাশ্বতং স্থানং বৈকুণ্ঠং। ইয়মন্তর্যামিশরণাপত্তিরন্তর্যাম্যুপাসকানামেব ভগবদুপাসকানান্তু ভগবচ্ছরণাপত্তিরগ্রে বক্ষ্যতে এবেতি কেচিদাহুঃ। অন্যস্তু যো মদিষ্টদেবঃ শ্রীকৃষ্ণঃ স এব মদ্‌গুরুর্মাং ভক্তিযোগং তদনুকূলং হিতঞ্চোপদেশমুপদিশতি চ তমহং শরণম্ প্রপদ্যে। তথা কৃষ্ণ এব মদন্তর্যামী সোঽপি মাং তত্র তত্র প্রবর্ত্তয়তু তঞ্চাহং শরণং প্রপদ্যে ইত্যনিশং ভাবয়তি। যদুক্তং উদ্ধবেন। "নৈবোপযান্ত্যপচিতিং কবয়স্তবেশ ব্রহ্মাদয়োঽপি কৃতমৃদ্ধমুদঃ স্মরন্তঃ। যোঽন্তর্ব্বহিস্তনুভৃতামশুভং বিধুন্বন্নাচার্য্যচৈত্যবপুষা স্বগতিং ব্যনক্তী"তি ॥ ৬২ ॥

তাৎপর্য্য।—পূর্ব্বশ্লোকে ঈশ্বরতত্ত্ব পরিব্যক্ত করিয়া এক্ষণে সেই পরমেশ্বরের শরণ গ্রহণ করিতে উপদেশ প্রদান করা হইতেছে। সঙ্গে সঙ্গে ইহাও বলা হইতেছে যে, ঈশ্বরের অনুকম্পায় পরম ফল লব্ধ হইবে।

পূজ্যপাদ শঙ্করাচার্য্য, শ্রীমদানন্দগিরি, শ্রীধরস্বামী তথা শ্রীমন্মধুসূদনের অভিপ্রায়। শ্রীভগবান্ বলিতেছেন, হে ভারত! অর্থাৎ ভরতকুলাবতংস অর্জ্জুন! সর্ব্বভূতের হৃদ্দেশাধিরূঢ় যে ঈশ্বরতত্ত্ব তোমার নিকট পরিব্যক্ত করিলাম, তুমি তাঁহারই শরণাগত হও। তাঁহাকেই একমাত্র শরণ্য, নিয়ামক, কর্ত্তা ও শাসকজ্ঞানে তুমি কায়, মন ও বাক্য সকলই তাঁহারই উদ্দেশে নিয়োজিত করিয়া সর্ব্বতোভাবে তাঁহার আশ্রয় গ্রহণ কর। এইরূপ হইলে অনায়াসেই তাঁহার প্রসন্নতা লাভ করিতে সক্ষম হইবে, এবং সেই প্রসন্নতাবলে তুমি পরাশান্তি অর্থাৎ বিষয়োপরতি লাভ করিয়া অনন্ত আনন্দের অধিকারী হইবে, অপিচ শ্রীবিষ্ণুর পরম ধামরূপ পরমপদ তুমি প্রাপ্ত হইবে।

পূজ্যপাদ শ্রীমদ্রামানুজাচার্য্যের অভিপ্রায়। যে মায়ার কথা পূর্ব্বে আলোচিত হইয়াছে, তাহার নিবারণের উপায় এক্ষণে কথিত হইতেছে। এইরূপ মায়ার শাসন অতিক্রম করিবার নিমিত্ত তুমি সকলের শাসয়িতা, আশ্রিতবাৎসল্য হেতু তোমার সারথিরূপে অবস্থিত, 'এইরূপ কর' ইত্যাদি রূপে উপদেষ্টা আমাকে সর্ব্বভাবে অনুবর্ত্তন কর। এইরূপ না করিলে সেই মদীয় মায়া-প্রেরিত অজ্ঞানপ্রভাবে যুদ্ধাদি কার্য্য পরিবর্জ্জন করিতে পারিবে না। এরূপ অনুষ্ঠানে তুমি নষ্ট হইবে। অতএব আমি যেরূপ প্রণালী বলিয়াছি, তদনুসারে যুদ্ধাদি কর। এইরূপ করিলে ভগ-

বানের প্রসাদে তোমার সর্ব্বকর্ম্মবন্ধন উপশম হইবে, এবং তুমি শাশ্বত স্থান প্রাপ্ত হইবে। বহু শ্রুতি সেই স্থানের মাহাত্ম্য কীর্ত্তন করিয়াছেন। "তদ্বিষ্ণোঃ পরমং পদং সদা পশ্যন্তি সূরয়ঃ।" (১৫৫০ পৃষ্ঠার তাৎপর্য্য দ্রষ্টব্য) তে হ নাকং মহিমানঃ সচন্ত যত্র পূর্ব্বে সাধ্যাঃ সন্তি দেবাঃ।" (১৮১৪ পৃষ্ঠার পুরুষ সূক্তের ব্যাখ্যা দ্রষ্টব্য) ইত্যাদি।

এতদুপলক্ষ্যে পূজ্যপাদ নীলকণ্ঠ "পরা শান্তি" শব্দের "সমাধি" এই অর্থ নির্দ্দেশ করিয়াছেন এবং নিম্নলিখিত বেদান্ত সূত্র উদ্ধৃত করিয়াছেন। "সমাধিরীশ্বরপ্রণিধানাৎ।" (পাতঞ্জলদর্শন সাধনপাদ ৪৫ সূত্র) ইহার ভাবার্থ যথা ; ঈশ্বরপ্রণিধান ঘটিলে অর্থাৎ সম্যক্ রূপে ব্রহ্মবিষয়ক জ্ঞান জন্মিলে কেবল ঈশ্বরানুগ্রহ বলেই সাধনান্তর ব্যতীতও সমাধি অর্থাৎ ঈশ্বরে চিত্তনিবেশরূপ যোগের পরিণতাবস্থা প্রাপ্ত হওয়া যাইতে পারে।

পূজ্যপাদ শ্রীমদ্বিশ্বনাথের অভিপ্রায়। অবিদ্যা ও বিদ্যার নিবৃত্তি-জনিত যে শান্তি লাভ করা যায়, তাহাই পরা। এইরূপ পরা শান্তি লাভের পর বৈকুণ্ঠ (১৪১৫ পৃষ্ঠার টিপ্পনী দ্রষ্টব্য) প্রাপ্তি ঘটে। কেহ কেহ বলিয়া থাকেন, যাহারা অন্তর্যামীর শরণাগত তাহাদেরই এই ফল হয়, আর যাঁহারা ভগবচ্ছরণাগত, তাঁহাদের পরিণাম পরে বিবৃত হইতেছে। অন্যেরা বলিয়া থাকেন, যিনি মদিষ্টদেব শ্রীকৃষ্ণ, তিনিই আমার গুরু *

* গুরু।—গুরু শব্দার্থ যথা ; "গকারঃ সিদ্ধিদঃ প্রোক্তো রেফো পাপস্য দাহকঃ। উকারঃ শম্ভুরিত্যুক্তস্ত্রিতয়াত্মা গুরুঃ পরঃ॥" অর্থাৎ গকার সিদ্ধিদায়ক, রেফ পাপনাশক এবং উকার শম্ভু ; এই ত্রিতয়াত্মক গুরুশব্দার্থ। "গকারাজ্ জ্ঞানসম্পত্তী রেফঃ পাপস্য দাহকঃ। উকারাচ্ছিবতাদাত্ম্যং দদ্যাদিতি গুরুঃ স্মৃতঃ॥" অর্থাৎ গকার হইতে জ্ঞানসম্পত্তি বৰ্দ্ধিত হয়, রেফ পাপের দহন করে এবং উকার হইতে শিবতাদাত্ম্য লব্ধ হয়। "গুশব্দস্ত্বন্ধকারঃ স্যাদ্ রুশব্দস্তন্নিরোধকঃ। অন্ধকারনিরোধিত্বাৎ গুরুরিত্যভিধীয়তে॥" অর্থাৎ গুশব্দে অন্ধকার এবং রুশব্দ অন্ধকার-নিরোধক ; যিনি অজ্ঞানরূপ অন্ধকার নাশ করেন, তিনিই গুরু। (তন্ত্রার্ণব) "শান্তো দান্তঃ কুলীনশ্চ বিনীতঃ শুদ্ধবেশবান্। শুদ্ধাচারঃ সুপ্রতিষ্ঠঃ শুচির্দক্ষঃ সুবুদ্ধিমান্। আশ্রমী ধ্যান-নিষ্ঠশ্চ মন্ত্রতন্ত্রবিশারদঃ। নিগ্রহানুগ্রহে শক্তো গুরুরিত্যভিধীয়তে॥" অর্থাৎ যিনি শমদমাদি গুণসম্পন্ন, কুলীন অর্থাৎ কৌলাচার সম্পন্ন, বিনয়ী, শুদ্ধবেশধারী, শুদ্ধাচারনিষ্ঠ, যশস্বী, শুচি, ক্রিয়াদক্ষ, সুবুদ্ধিশালী, গৃহস্থাদি আশ্রমস্থিত, ধ্যানপরায়ণ, মন্ত্রতন্ত্রপারদর্শী এবং নিগ্রহ ও অনুগ্রহে সমর্থ, তিনিই প্রকৃত গুরু নামে অভিহিত। ইহাই গুরুর লক্ষণ। অপিচ, "দেবতো-পাসকঃ শান্তো বিষয়েষ্বপি নিস্পৃহঃ। তত্ত্বজ্ঞো মন্ত্রমন্ত্রাণাং মর্ম্মবেত্তা রহস্যবিৎ। পুরশ্চরণকৃদ্ধোম-মন্ত্রসিদ্ধি প্রয়োগবিৎ। তপস্বী সত্যবাদী চ গৃহস্থো গুরুরুচ্যতে।" (অগস্ত্যসংহিতা) অর্থাৎ যিনি দেবতোপাসক, শান্ত, বিষয়ভোগে নিস্পৃহ, তত্ত্বজ্ঞানী, মন্ত্রমন্ত্রের রহস্যজ্ঞ, পুরশ্চরণসম্পন্ন,

তিনিই আমাকে ভক্তিযোগ এবং তদনুকুল হিতকর উপদেশ সমূহ প্রদান করিয়া থাকেন। আমি তাঁহারই শরণাগত। তাঁহারা নিরন্তর এইরূপ

হোমমন্ত্র দ্বারা সিদ্ধিলাভ করিয়াছেন, যিনি তপোনিষ্ঠ, সত্যবাদী এবং গৃহস্থ, তিনিই গুরু নামে অভিহিত। "পরিচর্য্যা যশোলাভলিপ্সুঃ শিষ্যাদ্গুরুর্নহি। কৃপাসিন্ধুঃ সুসংপূর্ণঃ সর্ব্বসত্ত্বোপকারকঃ। নিস্পৃহঃ সর্ব্বতঃ সিদ্ধঃ সর্ব্ববিদ্যাবিশারদঃ। সর্ব্বসংশয়সংছেত্তানলসোগুরুরাহৃতঃ।" (বিষ্ণুস্মৃতি) অর্থাৎ যিনি শিষ্যের নিকট হইতে পরিচর্য্যা যশ এবং অর্থাদি লাভে ইচ্ছুক নহেন, যিনি কৃপালু, সর্ব্বজীবের উপকারী, সকল বিষয়েই স্পৃহাশূন্য, মন্ত্রসিদ্ধ, সর্ব্ববিদ্যাবিশারদ, সর্ব্বসংশয়ের ছেদনকারী এবং আলস্যরহিত, তিনিই গুরুপদবাচ্য। যিনি যেরূপ আশ্রমে অবস্থিত এবং যে মন্ত্রে দীক্ষিত, তিনি তদনুযায়ী গুরু করিবেন। যথা; "উদাসীনোহ্যদাসিনাং বনস্থো বনবাসিনঃ। যতীনাঞ্চ যতিঃপ্রোক্তো গৃহাস্থানাং গুরুর্গৃহী। বৈষ্ণবে বৈষ্ণবো গ্রাহ্যঃ শৈবে শৈবস্তথা পুনঃ। শাক্তিকে ত্রিতয়ং বিদ্যাদ্দীক্ষাস্বামী ন সংশয়ঃ। পিতা মাতা তথা ভ্রাতা পিতৃব্যো মাতুলস্তথা। যেনোপদিষ্টস্তন্ত্রেঽস্মিন্ তং গুরুং সমুপাসয়েৎ। নচ বালো ন বৃদ্ধশ্চ ন খঞ্জো ন কৃশস্তথা॥" (কুলচুড়ামণি) অর্থাৎ উদাসীন উদাসীনকে, বনবাসী বনবাসীকে, যতি যতিকে, গৃহী গৃহস্থকে গুরু করিবেন। বিষ্ণুমন্ত্রে দীক্ষিত ব্যক্তি বৈষ্ণব, শিব মন্ত্রে দীক্ষিত ব্যক্তি শৈব এবং শক্তিমন্ত্রোপাশক শাক্ত গুরু নির্দ্ধারণ করিবেন। পিতা, মাতা, ভ্রাতা, পিতৃব্য অথবা মাতুল ইহাঁদের মধ্যে যিনি তন্ত্রোপদেশ করেন তাঁহাকেই গুরুবোধে উপাসনা করিবে। কিন্তু বালক, বৃদ্ধ, খঞ্জ এবং কৃশ ব্যক্তিকে গুরু করিবে না। সর্ব্বপ্রকার গুরুর মধ্যে গৃহস্থ গুরুই প্রশস্ত। শাস্ত্রে কথিত আছে, "কলত্রপুত্রবান্ বিপ্রো দয়ালুঃ সর্ব্বসম্মতঃ। দৈবে পৈত্রেঽহরিমিত্রে চ গৃহস্থো দেশিকো ভবেৎ।" অর্থাৎ পুত্রকলত্রসম্পন্ন, দয়াশীল, গৃহাশ্রমী ব্রাহ্মণই প্রশস্ত গুরু। গুরুকে মনুষ্য বুদ্ধি করা অনুচিত। জ্ঞানার্ণব তন্ত্রে কথিত হইয়াছে যে, গুরৌ মানুষবুদ্ধিস্তু মন্ত্রে চাক্ষরবুদ্ধিতাং। প্রতিমাসু শিলাবুদ্ধিং কুর্ব্বাণো নরকং ব্রজেৎ।" অর্থাৎ গুরুতে মনুষ্যবুদ্ধিঃ, মন্ত্রে অক্ষর বুদ্ধি, এবং প্রতিমাকে শিলাজ্ঞান করিলে মানব নরকে গমন করে; "গুরৌ সন্নিহিতে যস্তু পূজয়েদন্যদেবতাং। স যাতি নরকং ঘোরং সা পূজা নিষ্ফলা ভবেৎ।" অর্থাৎ সম্মুখে গুরু থাকিতে যে অজ্ঞ ব্যক্তি অন্য দেবতার পূজা করে সে নরকগামী হয় এবং তৎকৃত পূজাও নিষ্ফল হইয়া থাকে। "শ্বিত্রী চৈব গলৎকুষ্ঠী নেত্ররোগী চ বামনঃ। কুনখঃ শ্যাবদন্তশ্চ স্ত্রীজিতোঽধিকাঙ্গকঃ। এতৈর্দ্দোষৈর্ব্বিমুক্তো যঃ স গুরুঃ শিষ্যসম্মতঃ।" (ক্রিয়াসারসমুচ্চয়) অর্থাৎ যিনি শ্বিত্রীরোগবিশিষ্ট, গলিতকুষ্ঠ রোগী, নেত্রপীড়াযুক্ত, খর্ব্বকায়, যিনি কুনখী, শ্যাবদন্ত (দন্তদ্বয়ের মধ্যস্থিত ক্ষুদ্র দন্তকে শ্যাবদন্ত বলে), স্ত্রীসঙ্গপরায়ণ, অধিকাঙ্গবিশিষ্ট বা হীনাঙ্গ, যিনি কপটাচারী, রুগ্ন, বহুভাষী এবং বাচাল, তিনি গুরু হইবার উপযুক্ত নহেন। যিনি এই সমস্ত দোষশূন্য তাঁহাকেই গুরুপদে বরণ করা কর্ত্তব্য। "গুরোর্ব্বাক্যাসনং যানং পাদুকোপানহৌ তথা। বস্ত্রং ছায়াং তথা শিষ্যো লঙ্ঘয়েন্ন কদাচন।" অর্থাৎ শিষ্য, গুরুর বাক্য, আসন, যান, পাদুকা, বস্ত্র, ছায়া কখনও উল্লঙ্ঘন করিবে না। "ঋণদানং তথাদানং বস্তূনাং ক্রয়বিক্রয়ং। ন কুর্য্যাদ্ গুরুণা সার্দ্ধং শিষ্যো ভূত্বা কদাচন।" (রুদ্রযামল) অর্থাৎ শিষ্য হইয়া কখনও গুরুর সহিত ঋণদান বা ঋণগ্রহণ এবং ক্রয় বিক্রয় করিবে না। আপনার অপেক্ষা বয়োকনিষ্ঠকে গুরু করা নিষেধ। গুরুমাহাত্ম্য বিস্তাররূপে এস্থলে বর্ণনা করা অনাবশ্যক। নিম্নলিখিত মন্ত্রত্রয় হইতেই তন্মাহাত্ম্য পরিব্যক্ত হইবে। "অখণ্ডমণ্ডলাকারং ব্যাপ্তং যেন চরাচরং। তৎপদং দর্শিতং যেন তস্মৈ শ্রীগুরবে নমঃ।" অপিচ, "অজ্ঞানতিমিরান্ধস্য

চিন্তা করিয়া থাকেন, কৃষ্ণই আমার অন্তর্যামী, তিনিই আমাকে তত্তদ্‌বিষয়ে প্রবর্ত্তিত করেন, আমি তাঁহারই শরণাগত। ভক্তোত্তম উদ্ধবও বলিয়াছেন, "নৈবোপযান্ত্যপচিতিং কবয়স্তবেশ ব্রহ্মায়ুষাপি কৃতমৃদ্ধমুদং স্মরন্তঃ। যোঽন্তর্বহিস্তনুভৃতামশুভং বিধুন্বন্নাচার্য্যচৈত্ত্যবপুষা স্বগতিং ব্যনক্তি॥" (ভাগবত ১১ স্কন্ধ ২৯ অধ্যায় ৬ শ্লোক) ইহার ভাবার্থ এই যে, পরমানন্দ প্রাপ্ত ব্রহ্মজ্ঞ কবিগণ ভগবানের কৃত উপকার সমূহ স্মরণ করিয়া তৎপদে আত্মনিবেদন ভিন্ন আর কোনরূপেই আপনাকে অঋণী বলিয়া মনে করেন না, কারণ ভগবান্ বাহিরে আচার্য্যরূপে উপদেশ দান করিয়া এবং অন্তরে অন্তর্যামীরূপে প্রেরণা করিয়া জীবগণের বিষয়-বাসনারূপ অশুভ নাশ করতঃ স্বীয়গতি প্রদান করেন॥ ৬২॥

——০:):০:(:০——

ইতি তে জ্ঞানমাখ্যাতং গুহ্যাদ্গুহ্যতরং ময়া।
বিমৃশ্যৈতদশেষেণ যথেচ্ছসি তথা কুরু॥ ৬৩॥

অন্বয়।—ইতি (ইত্থং) তে (তুভ্যং) গুহ্যাৎ (গোপ্যাৎ) গুহ্যতরং (অতি গোপনীয়ং) জ্ঞানং ময়া আখ্যাতং (উপদিষ্টং) এতৎ অশেষেণ বিমৃশ্য (আলোচ্য) যথা ইচ্ছসি, তথা কুরু॥ ৬৩॥

প্রতিশব্দ।—এই-রূপ তোমাকে গুহ্য-হইতে গুহ্যতর জ্ঞান আমার-কর্ত্তৃক উপদিষ্ট-হইল, ইহা সম্যক্ আলোচনা-করিয়া যেরূপ ইচ্ছা-হয় সেইরূপ কর॥ ৬৩॥

ব্যাখ্যা।—আমি এইরূপ গুহ্য হইতে গুহ্যতর জ্ঞান তোমার নিকট ব্যক্ত করিলাম, এই সমস্ত আলোচনা করিয়া যেরূপ ইচ্ছা হয় তুমি সেইরূপ কার্য্য কর॥ ৬৩॥

জ্ঞানাঞ্জনশলাকয়া। চক্ষুরুন্মীলিতং যেন তস্মৈ শ্রীগুরবে নমঃ॥" অপিচ, "গুরুর্ব্রহ্মা গুরুর্বিষ্ণুর্গুরুর্দেবো মহেশ্বরঃ। গুরুরেব পরং ব্রহ্ম তস্মৈ শ্রীগুরবে নমঃ॥" উদ্ধৃত মন্ত্রদ্বয়ের ভাবার্থ এই যে, যাঁহার প্রসাদে অখণ্ড ব্রহ্মাণ্ডব্যাপী পরমাত্মা পরিদৃষ্ট হন, সেই শ্রীগুরুর পদে নমস্কার। জ্ঞানরূপ অঞ্জনশলাকা দ্বারা যিনি অজ্ঞানতিমিরে অন্ধপ্রায় জীবের নবচক্ষু উন্মীলিত করিয়া দেন সেই শ্রীগুরুর পদে নমস্কার। গুরুই ব্রহ্মা, গুরুই বিষ্ণু, গুরুই মহেশ্বর এবং গুরুই পরমব্রহ্ম; এ তাদৃশ শ্রীগুরুর পদে নমস্কার। (গুরুধ্যান ও পূজাদি গুরুগীতায় দ্রষ্টব্য

শঙ্করাচার্য্য।—ইত্যেতত্তে তুভ্যং জ্ঞানমাখ্যাতং কথিতং গুহ্যাৎ গোপ্যাৎ গুহ্যতরং অতিশয়েন গুহ্যং রহস্যমিত্যর্থঃ, ময়া সর্ব্বজ্ঞেনেশ্বরেণ বিমৃশ্য বিমর্শনমালোচনং কৃত্বৈতদ্যথোক্তং শাস্ত্রমশেষেণ সমস্তং যথোক্তং চার্থজাতং যথেচ্ছসি তথা কুরু॥ ৬৩॥

আনন্দগিরি।—শাস্ত্রমুপসংহর্ত্তুমিচ্ছন্নাহ ইতি তে জ্ঞানমিতি। জ্ঞানং করণব্যুৎপত্ত্যা গীতাশাস্ত্রং, যথেচ্ছসি তথা কুরু, জ্ঞানং কর্ম্মাপ্যুপদিষ্টং তদনুতিষ্ঠেত্যর্থঃ॥ ৬৩॥

রামানুজ।—ইতি তে জ্ঞানমিতি। ইত্যেবং তে মুমুক্ষুভিরধিগন্তব্যং জ্ঞানং সর্ব্বস্মাদ্‌গুহ্যাদ্‌গুহ্যতরং কর্ম্মযোগবিষয়ং জ্ঞানযোগবিষয়ং ভক্তিযোগবিষয়ঞ্চ সর্ব্বমাখ্যাতং। এতদশেষেণ বিমৃশ্য স্বাধিকারানুরূপং যথেচ্ছসি তথা কুরু। কর্ম্মযোগং জ্ঞানযোগং ভক্তিযোগঞ্চ যথেষ্টমাতিষ্ঠেত্যর্থঃ॥ ৬৩॥

হনুমান্।—ইতি ইত্থং তে তব জ্ঞানং ব্রহ্মসম্বোধলক্ষণাখ্যানং কথিতং গুহ্যতররহস্যতরং বিমৃশ্য বিচার্য্য এতদশেষেণ সাকল্যেন যথেচ্ছসি তথা কুরু॥ ৬৩॥

শ্রীধর।—সর্ব্বগীতার্থমুপসংহরন্নাহ ইতীতি। ইত্যনেন প্রকারেণ তে তুভ্যং সর্ব্বজ্ঞেন পরমকারুণিকেন ময়া জ্ঞানমাখ্যাতমুপদিষ্টং, কথংভূতং, গুহ্যাৎ গোপ্যাৎ রহস্যমন্ত্রযোগাদিজ্ঞানাদপি গুহ্যতরং এতন্ময়োপদিষ্টং গীতাশাস্ত্রমশেষতো বিমৃশ্য পর্য্যালোচ্য পশ্চাদ্‌যথেচ্ছসি তথা কুরু। এতস্মিন্ পর্য্যালোচিতে সতি তব মোহোনিবর্ত্তিষ্যত ইতি ভাবঃ॥ ৬৩॥

বলদেব।—শাস্ত্রমুপসংহরন্নাহ ইতীতি। ইতি পূর্ব্বোক্তপ্রকারকং জ্ঞানং গীতাশাস্ত্রং জ্ঞায়ন্তে কর্ম্মভক্তিজ্ঞানান্যনেনেতি নিরুক্তেঃ। তন্ময়া তে তুভ্যমাখ্যাতং সংপ্রোক্তং। গুহ্যাদ্রহস্যমন্ত্রাদিশাস্ত্রাদ্‌গুহ্যতরমতি গোপ্যং। এতচ্ছাস্ত্রমশেষেণ সামস্ত্যেন বিমৃশ্য পশ্চাদ্‌যথেচ্ছসি তথা কুরু। এতস্মিন্ পর্য্যালোচিতে তব মোহবিনাশো মদ্বচসি স্থিতিশ্চ ভবিষ্যতীতি॥ ৬৩॥

মধুসূদন।—সর্ব্বগীতার্থমুপসংহরন্নাহইতীতি। ইতি অনেন প্রকারেণ তে তুভ্যমত্যন্তপ্রিয়ায় জ্ঞানমাত্মমাত্রবিষয়ং মোক্ষসাধনং গুহ্যাদ্‌গুহ্যতরং পরমরহস্যাদপি সংন্যাসাত্তাৎ কর্ম্মযোগাদ্রহস্যতরং তৎফলভূতত্বাৎ আখ্যাতং সমস্তাৎ কথিতং ময়া সর্ব্বজ্ঞেন পরমাপ্তেন অতোবিমৃশ্য পর্য্যালোচ্য এতন্ময়োপদিষ্টং গীতাশাস্ত্রমশেষেণ সামস্ত্যেন সর্ব্বৈকবাক্যতয়া জ্ঞাত্বা স্বাধিকারানুরূপেণ যথেচ্ছসি তথা কুরু, ন ত্বেতদবিমৃশ্যৈব কামকারেণ যৎকিঞ্চিদিত্যর্থঃ। অত্র চৈবমবধেয়ং অশুদ্ধান্তঃকরণস্য মুমুক্ষোর্ম্মোক্ষসাধনজ্ঞানোৎপত্তিযোগ্যতাপ্রতিবন্ধকপাপক্ষয়ার্থং ফলাভিসন্ধিপরিত্যাগেন ভগবদর্পণবুদ্ধ্যা বর্ণাশ্রমধর্ম্মানুষ্ঠানং ততঃ শুদ্ধান্তঃকরণস্য বিবিদিষোৎপত্তৌ গুরুমুপসৃত্য জ্ঞানসাধনবেদান্তবাক্যবিচারায় ব্রাহ্মণস্য সর্ব্বকর্ম্মসংন্যাসঃ ততোভগবদেকশরণতয়া বিবিক্তসেবাদিজ্ঞানসাধনাভ্যাসাচ্ছ্রবণমননিদিধ্যাসনৈরাত্মসাক্ষাৎকারোৎপত্ত্যা মোক্ষ ইতি। ক্ষত্রিয়াদেস্তু সংন্যাসানধিকারিণো মুমুক্ষোরন্তঃকরণশুদ্ধানন্তরমপি ভগবদাজ্ঞাপালনায় লোকসংগ্রহায় চ যথা কথঞ্চিৎকর্ম্মাণি কুর্ব্বতোঽপি ভগবদেকশরণতয়া পূর্ব্বজন্মকৃতসংন্যাসাদিপরিপাকাদ্বা হিরণ্যগর্ভন্যায়েন তদপেক্ষণাদ্বা ভগবদনুগ্রহমাত্রেণৈব তত্ত্বজ্ঞানোৎপত্ত্যাঽগ্রিমজন্মনি ব্রাহ্মণজন্মলাভেন

সংন্যাসাদিপূর্ব্বকজ্ঞানোৎপত্ত্যা বা মোক্ষ ইতি। এবং বিচারিতে চ নাস্তি মোহাবকাশ ইতি ভাবঃ॥ ৬৩॥

নীলকণ্ঠ।—সর্ব্বগীতার্থমুপসংহরতি ইতীতি। ইতি এবংপ্রকারং তে তুভ্যং ময়া সর্ব্বজ্ঞেন পরমকারুণিকেন জ্ঞানং আখ্যাতং গুহ্যাৎ মন্ত্রতন্ত্র রসায়নরূপাদ্‌গুহ্যতরং অতিশয়িতং রহস্যং এতদ্যথোক্তং শাস্ত্রার্থজাতং বিমৃশ্য সম্যগালোচ্য যথেচ্ছসি তথা কুরু॥ ৬৩॥

বিশ্বনাথ।—সর্ব্বগীতার্থমুপসংহরতি ইতীতি। কর্ম্মযোগস্তাষ্টাঙ্গযোগস্ত জ্ঞানযোগস্ত চ জ্ঞানং জ্ঞায়তেঽনেন ইতি জ্ঞানং জ্ঞানশাস্ত্রং গুহ্যাদ্‌গুহ্যতরং ইতি অতিরহস্যত্বাৎ কৈরপি বশিষ্ঠ-বাদরায়ণনারদাদ্যৈরপি স্ব স্ব কৃতশাস্ত্রেণাপ্রকাশিতং। যথা তেষাং সার্ব্বজ্ঞ্যমাপেক্ষিকম্‌ মম ত্বাত্যন্তিকমিত্যতস্তে তু এতদর্থাতগুহ্যতরজ্ঞানস্তি ময়াপ্যাতি গুহ্যত্বাদেব তে সর্ব্বথৈব নৈতদুপদিষ্টা ইতি ভাবঃ। এতদশেষেণ নিঃশেষত এব বিমৃশ্য যথা যেন প্রকারেণ স্বাভিরুচিতং তৎকর্তুমিচ্ছসি তথা তৎকুরু ইত্যস্তং জ্ঞানষট্‌কং সম্পূর্ণং। ষট্‌কত্রিকমিদং সর্ব্ববিদ্যাশিরোরত্নং শ্রীগীতাশাস্ত্রং মহানর্ঘ্যরহস্যতম ভক্তিসম্পুটং ভবতি প্রথমং কর্ম্মষট্‌কং যস্যাধারপিধানং কানকং ভবতি অন্ত্যং জ্ঞানষট্‌কং যস্যোত্তরপিধানং মণিজটিতম্‌ কানকম্‌ ভবতি তয়োর্ম্মধ্যবর্ত্তিষট্‌কগতা ভক্তিস্ত্রিজগদনর্ঘ্যা শ্রীকৃষ্ণবশীকারিণী মহামণিমতাল্লিকা বিরাজতে। যস্যাঃ পরিচারিকা হ্যুত্তরপিধানাদ্ধি ভবেত্যাদি পঞ্চদ্বয়ী চতুঃষষ্ঠ্যক্ষরা শুদ্ধা ভবতীতি বুধ্যতে॥ ৬৩॥

তাৎপর্য্য।—এক্ষণে এই পরম শাস্ত্রের উপসংহার ব্যপদেশে শ্রীভগবান্‌ সারার্থ সংকলন করিয়া বলিতেছেন, হে অর্জ্জুন! তুমি আমার অতি প্রিয় এবং তত্ত্বোপদেশ গ্রহণের যোগ্যপাত্র, এইজন্য আমি সর্ব্বার্থবিৎ ভগবান্‌ তোমার নিকট রহস্যগত সমস্ত তত্ত্বকথা বিবৃত করিলাম। ইহা নিরতিশয় গুহ্য অর্থাৎ সকলের নিকট এই সকল তত্ত্ব পরিব্যক্ত হইতে পারে না। কারণ, সকলে এই সকল উপদেশ প্রণিধান করিতে সক্ষম নহে এবং প্রণিধান করিলেও, এতদনুযায়ী আচার-ব্যবহারের অনুষ্ঠান করিতে আগ্রহযুক্ত নহে। অপিচ, বিষয়ভোগাসক্ত মানব এই সকল তত্ত্ব কথা শ্রবণ বা আলোচনার অধিকারী নহে; সুতরাং এই প্রসঙ্গ সমূহ যাবতীয় গুহ্য ব্যাপারের অপেক্ষাও গুহ্যতর বলিয়া জানিবে। বারিবিহীন মরুভূমিতে যেমন জলাকাঙ্ক্ষা করা বিড়ম্বনা, শুষ্ক প্রস্তর হইতে রসের আকর্ষণ করিতে চেষ্টা করা যেরূপ হাস্যজনক, তদ্রূপ অপাত্রে উপদেশ প্রদান অনাবশ্যক। তুমি নানারূপ কার্য্যদ্বারা আপনার যোগ্যতার পরিচয় প্রদান করিয়া ধন্য হইয়াছ, এই জন্যই আমি তোমাকে উপদেশের যোগ্যপাত্র মনে করিয়া এই সকল তত্ত্বকথা তোমার নিকট পরিব্যক্ত

করিয়াছি। আমার জ্ঞানোপদেশ সমস্ত প্রকৃষ্টরূপে আলোচনা করিয়া তুমি যাহা ইচ্ছা করিতে পার ; অর্থাৎ আমি যে জ্ঞানবিষয়ক পরমোপদেশ প্রদান করিয়াছি, তাহার আমূল সর্ব্বাঙ্গীন আলোচনা করিলে আর কোন ভ্রান্তির অবসর থাকিবে না, আর কোন অমূলক মোহ বা অসার সন্দেহ তোমাকে চলচ্চিত্ত করিবে না। প্রকৃষ্ট ভাবে নিঃশেষে আমার প্রদত্ত উপদেশ হৃদয়ঙ্গম করার পর, তুমি যথেচ্ছাচরণ করিতে পার। ইহার ভাবার্থ এই যে, সম্যগ্‌রূপে ভগবৎপ্রদত্ত এই মহদুপদেশের মর্ম্মাববোধ হইলে অর্জ্জুন কেন, কোন মানবেরই মন জ্ঞানসাধনার পথ পরিত্যাগ করিয়া বিপথগামী হইতে পারে না। অতএব যাহা ইচ্ছা কর বলায় ইহাই প্রতিপন্ন হইতেছে যে, অতঃপর জ্ঞানিগণের অবলম্বনীয় কল্যাণকর মার্গের অনুবর্ত্তন ভিন্ন তোমার আর উপায় নাই।

পূজ্যপাদ শ্রীমধুসূদন সরস্বতী উপসংহারে লিখিয়াছেন যে, এস্থলে এই অভিপ্রায় পরিব্যক্ত হইতেছে যে, যাঁহারা অশুদ্ধান্তঃকরণ মোক্ষাভিলাষী, তাঁহাদিগের পক্ষে জ্ঞানোৎপত্তির প্রতিবন্ধস্বরূপ পাপক্ষয় উদ্দেশে বর্ণাশ্রমানুমোদিত কর্ম্মসমূহ ফলাভিসন্ধি রহিত ভাবে অনুষ্ঠান করা বিধেয়। তদনন্তর অন্তঃকরণ শুদ্ধিজনিত জ্ঞানেচ্ছা উৎপন্ন হইলে গুরুসমীপে উপস্থিত হইয়া জ্ঞানসাধনস্বরূপ বেদান্তবাক্যের (৩৯০ পৃষ্ঠার টিপ্পনী দ্রষ্টব্য) বিচার পূর্ব্বক ব্রাহ্মণের সর্ব্ব কর্ম্মসন্ন্যাস বিধেয়। তদনন্তর সর্ব্বতোভাবে ভগবদাশ্রয়ত্ব হেতু নির্জ্জন-নিবাসাদি জ্ঞানসাধনাভ্যাসের পর শ্রবণ মনন নিদিধ্যাসন জনিত আত্মসাক্ষাৎকার ও মোক্ষ লব্ধ হয়। ইহাই ব্রাহ্মণের পক্ষে ব্যবস্থা। ক্ষত্রিয়াদি সন্ন্যাসের অনধিকারী মোক্ষাভিলাষিগণের পক্ষে অন্যরূপ ব্যবস্থা। তাঁহারা শুদ্ধান্তঃকরণ হইলেও ভগবদাজ্ঞা পালনের নিমিত্ত এবং লোকসংগ্রহের অভিপ্রায়ে যথাকিঞ্চিৎ কর্ম্মানুষ্ঠানে রত থাকিতে পারেন ; সর্ব্বতোভাবে ভগবচ্ছরণাগত হওয়ায় অথবা পূর্ব্বজন্মার্জ্জিত সন্ন্যাসাদির পরিপাকে ভগবদনুগ্রহে তাঁহারা এই জন্মেই তত্ত্বজ্ঞান প্রাপ্ত হইয়া থাকেন ; পরে অগ্রিম জন্মে ব্রাহ্মণকুলে জন্মলাভ করিয়া উল্লিখিত রূপ সন্ন্যাসাদি জনিত জ্ঞান লাভের পর মোক্ষলাভ করিয়া থাকেন। এইরূপ ভাবে বিচার করিলে মোহের আর অবকাশ থাকে না।

পূজ্যপাদ শ্রীমদ্বিশ্বনাথের অভিপ্রায়। কর্ম্মযোগ, অষ্টাঙ্গ যোগ

(২২০৭ পৃষ্ঠার টিপ্পনী দ্রষ্টব্য), এবং জ্ঞানযোগ বিষয়ক জ্ঞান অর্থাৎ জ্ঞানশাস্ত্র গুহ্য হইতেও গুহ্যতর। ইহা অতি রহস্য যুক্ত, এজন্য বশিষ্ঠ, বাদরায়ণি বেদব্যাস এবং নারদ (২১৫।১৮১ পৃষ্ঠার টিপ্পনী দ্রষ্টব্য) আদি কেহই এই জ্ঞানতত্ত্ব স্ব স্ব প্রণীত শাস্ত্রে পরিব্যক্ত করেন নাই। তাঁহারা সর্ব্বজ্ঞ হইয়াও এই তত্ত্ব ব্যক্ত করিতে পারেন্ নাই। কারণ, তাঁহাদের সর্ব্বজ্ঞত্ব আপেক্ষিক, কিন্তু আমার সর্ব্বজ্ঞত্ব আত্যন্তিক। সুতরাং তাঁহারা অতি গুহ্যত্ব হেতু এই তত্ত্ব সম্যগ্‌রূপে জানেন না; আমিও অতি গুহ্যত্ব হেতু এই রহস্যপূর্ণ তত্ত্ব সম্যগ্‌রূপে উপদেশ প্রদান করি না। এই জ্ঞানোপদেশ নিঃশেষরূপে বিচার করিয়া, স্বকীয় অভিরুচি অনুসারে যে প্রকারে তাহার অনুষ্ঠান করিতে ইচ্ছা হয় তাহাই কর। এই শ্লোক দ্বারা জ্ঞানষট্‌ক সম্পূর্ণ হইল, অর্থাৎ এই শ্লোকই জ্ঞানষট্‌কের শেষ শ্লোক বুঝিতে হইবে। সর্ব্ববিদ্যার শিরোরত্নস্বরূপ ষট্‌কত্রয়সংযুক্ত এই গীতা-শাস্ত্র মহামূল্য রত্নশ্রেষ্ঠ ভক্তির সম্পুট অর্থাৎ পেটিকাস্বরূপ। এই গীতার প্রথমে কর্ম্মষট্‌ক, অর্থাৎ ইহার প্রথম ছয় অধ্যায় কর্ম্মোপদেশপূর্ণ। সমস্ত গীতারূপ পেটিকার তাহাই একদিকের আবরণ; সেই আধারপিধান যেন কনকনির্ম্মিত অর্থাৎ স্বর্ণময়। ইহার তৃতীয় ষট্‌ক অর্থাৎ ত্রয়োদশ হইতে অষ্টাদশ পর্য্যন্ত শেষ ছয় অধ্যায় গীতারূপ পেটিকার ঊর্দ্ধ পিধান স্বরূপ; তাহা মণিবিজড়িত কনকময়। এতদুভয়ের মধ্যবর্ত্তী ষট্‌কগতা ভক্তি ত্রিজগতের অমূল্য সম্পত্তি, তাহা শ্রীকৃষ্ণকে বশীভূত করিতে সমর্থা, তাহা পেটিকার মধ্যস্থলে মহামূল্য অতিশ্রেষ্ঠ মণির ন্যায় বিরাজ করিতেছে ॥ ৬৩ ॥

— -(•)·—

সর্ব্বগুহ্যতমং ভূয়ঃ শৃণু মে পরমং বচঃ।
ইষ্টোঽসি মে দৃঢ়মিতি ততো বক্ষ্যামি তে হিতম্ ॥৬৪॥

অন্বয়।—মে (মম) সর্ব্বগুহ্যতমং (অতি রহস্যতমং) পরমং

পাঠান্তর।—দৃঢ়মতিঃ।

প্রকৃষ্টং) বচঃ (বাক্যং) ভূয়ঃ (পুনঃ) শৃণু [ত্বং] মে (মম) দৃঢ়ং অত্যন্তং) ইষ্টঃ (প্রিয়ঃ) অসি (ভবসি) ইতি (ইতি মত্বা) ততঃ তস্মাৎ) তে (তব) হিতং (শ্রেয়ঃ) বক্ষ্যামি (বিজ্ঞাপয়িষ্যামি ॥ ৬৪॥

প্রতিশব্দ।—আমার নিকট অতি-গোপনীয় পরম বাক্য পুনর্ব্বার শ্রবণ-কর, [তুমি] আমার অতিশয় প্রিয় হও এই-বোধে তজ্জন্য তোমার মঙ্গল বলিব ॥ ৬৪ ॥

ব্যাখ্যা :—এক্ষণে তুমি আমার নিকট সর্ব্বাপেক্ষা গুহ্যতম প্রকৃষ্ট বাক্য শ্রবণ কর ; আমি তোমাকে আমার অতিশয় প্রিয় বলিয়া মনে করি, এই জন্যই এক্ষণে তোমার হিতকর উপদেশ সমূহ আমি ব্যক্ত করিব ॥ ৬৪ ॥

শঙ্করাচার্য্য।—তথা ভূয়োঽপি ময়োচ্যমানং শৃণু। সর্ব্বগুহ্যতমং সর্ব্বগুহ্যেভ্যোঽত্যন্ত-গুহ্যতমং রহস্যম্ উক্তমপ্যসকৃদ্যুঃ পুনঃ শৃণু মে মম পরমং প্রকৃষ্টং বচো বাক্যং, ন ভয়াৎ নাপ্যর্থ-কারণাদ্বা বক্ষ্যামি, তর্হি ইষ্টঃ প্রিয়োঽসি মে মম দৃঢ়মব্যভিচারেণেতি কৃত্বা ততস্তেন কারণেন বক্ষ্যামি কথয়িষ্যামি তে তব হিতং পরং জ্ঞানপ্রাপ্তিসাধনং ॥ ৬৪ ॥

আনন্দগিরি।—গীতাশাস্ত্রস্য পৌর্ব্বাপর্য্যেণ বিমর্শনদ্বারা তাৎপর্য্যার্থং প্রতিপত্তুম-সমর্থং প্রত্যাহ ভূয়োঽপীতি। কিমর্থমিচ্ছন্ পুনঃ পুনরভিধাস্যসীত্যাশঙ্ক্যাহ ন ভয়াদিতি ॥ ৬৪॥

রামানুজ।—সর্ব্বগুহ্যতমমিতি। সর্ব্বেষ্বেতেষু গুহ্যেষু ভক্তিযোগস্য শ্রেষ্ঠত্বাদ্গুহ্যতম-মিতি পূর্ব্বমেবোক্তং। "ইদন্তু তে গুহ্যতমং প্রবক্ষ্যাম্যনসূয়বে" ইত্যাদৌ। ভূয়োঽপি তদ্বিষয়ং পরমং মে বচঃ শৃণু। ইষ্টোঽসি মে দৃঢ়মিতিঃ ততস্তে হিতং বক্ষ্যামি ॥ ৬৪ ॥

হনুমান্।—সর্ব্বগুহ্যতমং সর্ব্বরহস্যতমং ভূয়ঃ পুনরপি শৃণু মে পরং বচস্ততস্তস্মাৎ হিতং কুশলং ॥ ৬৪ ॥

শ্রীধর।—অতিগম্ভীরং গীতাশাস্ত্রমশেষতঃ পর্য্যালোচিতুমশক্নুবতঃ কৃপয়া স্বয়মেব তস্য সারং সংগৃহ্য কথয়তি সর্ব্বগুহ্যতমমিতি ত্রিভিঃ। সর্ব্বেভ্যোঽপি গুহ্যেভ্যো গুহ্যতমং মে বচস্তত্র তত্রোক্তমপি ভূয়ঃ পুনরপি বক্ষ্যমাণং শৃণু, পুনঃ পুনঃ কথনে হেতুমাহ। দৃঢ়মত্যন্তমিষ্টঃ প্রিয়োঽসীতি মত্বা অতএব হেতোস্তে হিতং বক্ষ্যামি, যথা, মম ত্বমিষ্টোঽসি ময়া বক্ষ্যমাণং দৃঢ়ং সর্ব্বপ্রমাণোপেতমিতি নিশ্চিত্য ততস্তে বক্ষ্যামীত্যর্থঃ। দৃঢ়মতিরিতি ক্বচিৎ পাঠঃ ॥ ৬৪ ॥

বলদেব।—অথ নিরপেক্ষাণাং সাধনসাধ্যপদ্ধতিমুপদেক্ষ্যন্নাদৌ তাং স্তৌতি সর্ব্বেতি। সর্ব্বেষু গুহ্যেষু মধ্যেঽতিশয়িতং গুহ্যমিতি সর্ব্বগুহ্যতমং। ভূয় ইতি। রাজবিদ্যাধ্যায়ে মন্মনা ভবেত্যাদিনা পূর্ব্বমপি মমাতিপ্রিয়ত্বাদস্তে পুনরুচ্যমানং শৃণু পরমং সর্ব্বসারস্যাপি গীতাশাস্ত্রস্য

আমি তোমাকে বিহিত পথ পরিগ্রহ করিবার উপদেশ দিয়াছিলাম। কিন্তু তাহাও হয়তো তোমার পক্ষে দুষ্কর হইতে পারে; এই জন্যই আমি কৃপাপরবশ হইয়া স্বয়ং সারোদ্ধার পূর্ব্বক সেই তত্ত্ব কথা তোমার নিকট পুনরায় বিবৃত করিতেছি। বারংবার নানাভাবে এই সকল রহস্য পরিব্যক্ত হইয়াছে সত্য, তথাপি অতি প্রয়োজনীয় প্রসঙ্গ পুনঃ পুনঃ শ্রবণে তাহা হৃদগত হইবে বিবেচনায়, আমি আবারও সেই পরম মঙ্গলময় বক্তব্যের পুনরালোচনায় প্রবৃত্ত হইতেছি। কেন তোমাকে এই অতি প্রয়োজনীয় গুহ্যতম রহস্য জানাইবার নিমিত্ত আমি এত আগ্রহযুক্ত হইয়াছি, তাহাও বলিতেছি শুন। তুমি আমার সাতিশয় প্রেমপাত্র, অভিন্নহৃদয় বান্ধব এবং চিরপরিচিত সুহৃদ্; এইজন্য তোমার মঙ্গলামঙ্গলের সহিত আমার ঘনিষ্ঠ সম্বন্ধ। সুতরাং তোমার হিতার্থে, তোমা কর্ত্তৃক জিজ্ঞাসিত না হইয়াও, আমি স্বতঃ প্রবৃত্ত হইয়া এই পরম তত্ত্ব আবারও ব্যক্ত করিতে উদ্যত হইয়াছি। এই সদুপদেশের অনুসরণ করিলে তুমি যে পরমা সদ্গতি প্রাপ্ত হইবে তদ্বিষয়ে কোনই সন্দেহ নাই।

জ্ঞানবাদিগণের অভিপ্রায় পূর্ব্বে বিবৃত হইল। ভক্তিবাদী মহাত্মারা এস্থলে ভগবদ্ভক্তিকেই গুহ্যতম পরম তত্ত্ব বলিয়া নির্দ্দেশ করিয়াছেন। পূর্ব্বে রাজবিদ্যাযোগাধ্যায়ে "মন্মনা ভব মদ্ভক্ত" (৯।৩৪) "ইদন্তু তে গুহ্যতমং" (৯।১) স্থলে এই তত্ত্ব বিশদ ভাবে পরিকীর্ত্তিত হইয়াছে। তথাপি ভক্তির মাহাত্ম্য সম্পূর্ণরূপে ভক্তের হৃদয়গত করাইবার অভিপ্রায়ে, ভক্তবৎসল ভগবান্ পুনরায় তাহার আলোচনা করিতেছেন। অতঃপর শ্লোকাষ্টকে শ্রীভগবান্ এই পরম তত্ত্ব পরিব্যক্ত করিয়া ভক্তিরই প্রাধান্য ব্যক্ত করিবেন ॥ ৬৪ ॥

মন্মনা ভব মদ্ভক্তো মদ্‌যাজী মাং নমস্কুরু।
মামেবৈষ্যসি সত্যং তে প্রতিজানে প্রিয়োঽসি মে ॥৬৫॥

অন্বয়।—[ত্বং] মন্মনাঃ (মচ্চিত্তঃ) মদ্ভক্তঃ (মদ্ভজনশীলঃ) মদ্‌যাজী (মৎপূজাপরায়ণঃ) ভব, মাং নমস্কুরু, মাং এব এষ্যসি (প্রাপ্স্যসি) [ইতি] তে (তুভ্যং) সত্যং প্রতিজানে (প্রতিজ্ঞাং করোমি) [ত্বং] মে (মম) প্রিয়ঃ অসি (ভবসি) ॥ ৬৫ ॥

প্রতিশব্দ।—[তুমি] মচ্চিত্ত মদ্ভক্ত মৎপূজা-পর হও, আমাকে নমস্কার-কর, আমাকে প্রাপ্ত-হইবে [ইহা] তোমার-নিকট সত্য প্রতিজ্ঞা-করিতেছি, তুমি আমার প্রিয় হও ॥ ৬৫ ॥

ব্যাখ্যা।—তুমি সর্ব্বদা মদগতচিত্ত হও, মদ্ভক্ত হও, এবং আমার পূজাপরায়ণ হও, আমাকে সর্ব্বদা নমস্কার কর ; এরূপ করিলে তুমি শেষে আমাকেই লাভ করিবে, ইহা আমি তোমার নিকট প্রতিজ্ঞা করিতেছি ; কারণ তুমি আমার অতিশয় প্রিয়পাত্র ॥ ৬৫ ॥

শঙ্করাচার্য্য।—তদ্ধি সর্ব্বহিতানাং হিততমমিত্যাহ মন্মনা ইতি। মন্মনা ভব মচ্চিত্তোভব মদ্ভক্তোভব মদ্ভজনোভব মদ্‌যাজী ময়ি যজনশীলোভব মাং নমস্কুরু নমস্কারং ময়ি মমৈব কুরু তত্রৈবং বর্ত্তমানোবাসুদেবে এব সর্ব্বসমর্পিতসাধ্যসাধনপ্রয়োজনো মামেবৈষ্যসি আগমিষ্যসি সত্যন্তে তব প্রতিজানে, সত্যাং প্রতিজ্ঞাং করোম্যেতস্মিন্নমনীত্যর্থোযতঃ প্রিয়োঽসি মে এবং ভগবতঃ সত্যপ্রতিজ্ঞত্বং বুদ্ধা ভগবদ্ভক্তেরবশ্যম্ভাবিমোক্ষফলমবধার্য্য ভগবচ্ছরণৈকপরায়ণোভবে-দিতি বাক্যার্থঃ ॥ ৬৫ ॥

আনন্দগিরি।—হিতমিতি সাধারণনির্দ্দেশে কথং পরমিত্যাদিবিশেষণমিত্যাশঙ্ক্যাহ তদ্ধীতি। তদেব প্রশ্নদ্বারা বিবৃণোতি কিং তদিত্যাদিনা। উত্তরার্দ্ধং ব্যাচষ্টে তত্রেতি। এবমুক্তয়া রীত্যা বর্ত্তমানস্তং তস্মিন্নেব বাসুদেবে ভগবতি অর্পিতসর্ব্বভাবো মামেবাগমিষ্যসীতি সম্বন্ধঃ। সত্যপ্রতিজ্ঞাকরণে হেতুমাহ যত ইতি। ইদানীং বাক্যার্থং শ্রেয়োঽর্থিনাং প্রবৃত্ত্যুপ-যোগিত্বেন সংগৃহ্নাতি এবমিতি ॥ ৬৫ ॥

রামানুজ।—মন্মনা ইতি। বেদান্তেষু "বেদাহমেতং পুরুষং মহান্তং। আদিত্যবর্ণং তমসঃ পরস্তাৎ। তমেবং বিদ্বানমৃত ইহ ভবতি নান্যঃ পন্থা বিদ্যতেঽয়নায়"ইত্যাদিষু বিহিতং বেদনোপাসনধ্যানাদিশব্দবাচ্যং দর্শনসমানাকারং স্মৃতিসন্তানমত্যর্থপ্রিয়ং ইহ মন্মনা ভবেতি

বিধীয়তে। মদ্ভক্তঃ অত্যর্থ মৎপ্রিয়ঃ অত্যর্থমৎপ্রিয়ত্বেন চ নিরতিশয়প্রিয়াং স্মৃতিসন্ততিং কুরুষ্বেত্যর্থঃ। মদ্‌যাজী তত্রাপি মদ্ভক্ত ইত্যনুষজ্যতে যজনং পূজনং অত্যর্থপ্রিয়মদারাধনপরো ভব আরাধনং হি পরিপূর্ণশেষবৃত্তিঃ। মাং নমস্কুরু নমোনমনং ময্যতিমাত্র প্রহ্বীভাবমত্যর্থপ্রিয়ং কুর্ব্বিত্যর্থঃ এবং বর্ত্তমানো মামেবৈষ্যসীত্যেতৎ সত্যন্তে প্রতিজানে তব প্রতিজ্ঞাং করোমি নোপচ্ছন্দমাত্রং যতঃ ত্বং প্রিয়োঽসি মে "প্রিয়ো হি জ্ঞানিনোঽত্যর্থমহং স চ মমপ্রিয়" ইতি পূর্ব্বোক্তং যস্য ময্যতিমাত্র প্রীতির্ব্বর্ত্ততে মমাপি তস্মিন্নতিমাত্র প্রীতির্ভবতি তদ্বিয়োগাসহমানোঽহন্তং মাং প্রাপয়ামি। অতঃ সত্যমেব প্রতিজ্ঞাতং মামেবৈষ্যসীতি ॥ ৬৫ ॥

হনুমান্।—মন্মনা মদ্‌গতমনা মদ্‌যাজী মৎপূজকঃ মামীশ্বরং সকলগুরুন্নমস্কুরু তৎফলমাহ মামেব বসুদেবাখ্যং পরমেশ্বরমেষ্যসি প্রতিজানে উপদিশামি ॥ ৬৫ ॥

শ্রীধর।—তদেবাহ মন্মনা ইতি। মন্মনা মচ্চিত্তোভব মদ্ভক্তোমদ্ভজনশীলোভব মদ্‌যাজী মদ্‌যজনশীলোভব মামেব নমস্কুরু এবং বর্ত্তমানস্ত্বং মৎপ্রসাদলব্ধজ্ঞানেন মামেবৈষ্যসি প্রাপ্স্যসি অত্র চ সংশয়ং মাকার্ষীঃ ত্বং হি মে প্রিয়োঽসি, অতঃ সত্যং যথা ভবত্যেবং তুভ্যমহং প্রতিজানে প্রতিজ্ঞাং করোমি ॥ ৬৫ ॥

বলদেব।—এতদ্বচঃ প্রাহ মন্মনা ভবেতি। ব্যাখ্যাতং প্রাক্ মন্মনস্ত্বাদিবিশিষ্টো মামেব নীলোৎপলশ্যামলত্বাদিগুণকং ত্বদতিপ্রিয়ং দেবকীনন্দনং কৃষ্ণমেব মনুষ্যসংনিবেশিনমেষ্যসি। ন তু মম রূপান্তরং সহস্রশীর্ষত্বাদিলক্ষণমঙ্গুষ্ঠমাত্রমন্তর্যামিণং বা নৃসিংহবরাহাদিলক্ষণং বেত্যর্থঃ। তুভ্যমহমাত্মানমেব ত্বংসখঃ দাস্যামীতি তে তব সত্যং শপথঃ। "সত্যং শপথতথ্যয়ো"রিতি নানার্থবর্গঃ। অত্র ন সংশয়ীষ্ঠা ইতি ভাবঃ। ননু মাথুরস্তাত্তব শপথকরণাদপি মে ন সংশয়বিনাশস্তত্রাহ। প্রতিজানে প্রতিজ্ঞাং কৃত্বাহমব্রুবং। যত্ত্বং মে প্রিয়োঽসি স্নিগ্ধমনসা হি মাথুরাঃ প্রিয়ং ন প্রতারয়ন্তি কিং পুনঃ প্রেষ্ঠমিতি ভাবঃ। যস্য ময্যতিপ্রীতিস্তস্মিন্ মমাপি তথা। তদ্বিয়োগং সোঢ়ুমহং ন শক্নোমীতি পূর্ব্বমেব ময়োক্তং প্রিয়ো হীত্যাদিনা। তস্মাম্মদ্বাচি বিশ্বসিহি মামেব প্রাপ্স্যসি ॥ ৬৫ ॥

মধুসূদন।—তদেবাহ মন্মনা ইতি। ময়ি ভগবতি বাসুদেবে মনোযস্য স মন্মনাঃ ভব মাং সদা চিন্তয় দ্বেষেণ কংসশিশুপালাদিরপি তথাঽত আহ, মদ্ভক্তঃ প্রেম্ণা ময্যনুরক্তঃ মদ্বিষয়েণানুরাগেণ সদা মদ্বিষয়ং মনঃ কুর্ব্বিতি বিধীয়তে ত্বদ্বিষয়োঽনুরাগ এব কেন স্যাদিত্যত আহ মদ্‌যাজী মাং যষ্টুং পূজয়িতুং শীলং যস্য স সদা মৎপূজাপরোভব পূজোপকরণাভাবে তু মাং নমস্কুরু কায়েন বাচা মনসা চ প্রহ্বীভবনেনারাধয় ইদঞ্চার্চ্চনবন্দনাদ্যন্যেষামপি ভাগবতধর্ম্মাণামুপলক্ষণং। তথা চোক্তং শ্রীভাগবতে—"শ্রবণং কীর্ত্তনং বিষ্ণোঃ স্মরণং পাদসেবনং। অর্চ্চনং বন্দনং দাস্যং সখ্যমাত্মনিবেদনং ॥ ইতি পুংসার্পিতা বিষ্ণৌ ভক্তিশ্চেন্নবলক্ষণা। ক্রিয়েত ভগবত্যদ্ধা তন্মন্যেঽধীতমুত্তমমিতি ॥"। এতচ্চ ভক্তিরসায়নে ব্যাখ্যাতং বিস্তরেণ। এবং সদা ভাগবতধর্ম্মানুষ্ঠানেন ময্যনুরাগোৎপত্ত্যা মন্মনাঃ সন্ মাং ভগবন্তং বাসুদেবমেব এষ্যসি প্রাপ্স্যসি বেদান্তবাক্যজনিতেন মদ্বোধেন ত্বঞ্চাত্র সংশয়ং মাকার্ষীঃ, সত্যং যথার্থং তে তুভ্যং প্রতিজানে

সত্যমেব প্রতিজ্ঞাং করোম্যস্মিন্নর্থে, যতঃ প্রিয়োঽসি মে প্রিয়স্য প্রতারণা নোচিতৈবেতি ভাবঃ। সত্যং তে প্রারব্ধকর্ম্মণামন্তে সতি মামেষ্যসীতি বা অনুবাদাপেক্ষয়া বিশ্বাসদার্ঢ্যং প্রয়োজনং প্রথমং ব্যাখ্যাতমেব শ্রেয়ঃ অনেন যৎপূর্ব্বমুক্তং,—"যতঃ প্রবৃত্তির্ভূতানাং যেন সর্ব্বমিদং ততং। স্বকর্ম্মণা তমভ্যর্চ্য সিদ্ধিং বিন্দতি মানবঃ॥" ইতি। তদ্ব্যাখ্যাতং মচ্ছব্দেনেশ্বরত্ব-প্রকটনাৎ॥ ৬৫॥

আনন্দগিরি।—আচার্য্যেণ শিষ্যস্য যাবদজ্ঞানসংশয়বিপর্য্যাসস্তাবদনেকধোপদেষ্টব্য-মিতি দর্শয়িতুং ভগবানর্জ্জুনং প্রতি পৃষ্টবানিত্যাহ শিষ্যস্যেতি। প্রষ্টুরভিপ্রায়ং প্রকটয়তি তদগ্রহণইতি। শিষ্যশ্চেদুক্তং গ্রহীতুং নেষ্টে তর্হি তং প্রত্যৌদাসীন্যমাচার্য্যস্যোচিতং তস্য মন্দবুদ্ধিত্বাদিত্যাশঙ্ক্যাহ যত্নান্তরমিতি। কচ্চিদিতি কোমলপ্রশ্নে। তমেব ব্যাচষ্টে কিমেত-দিতি। দ্বিতীয়ং কিংপদং পূর্ব্বস্য ব্যাখ্যানতয়া সম্বধ্যতে কচ্চিদিতি। দ্বিতীয়ং প্রশ্নং বিভজতে কিং প্রনষ্টইতি। মোহপ্রণাশস্য প্রসঙ্গং দর্শয়তি যদর্থ ইতি ॥ ৭২ ॥

রামানুজ।—কচ্চিদিতি। ময়া কথিতমেতত্ত্বয়াবহিতেন চেতসা কচ্চিৎ শ্রুতং তবাজ্ঞানসংমোহঃ প্রনষ্টঃ কচ্চিৎ যেন অজ্ঞানেন মূঢ়ো ন যোৎস্যামীত্যুক্তবান্ ॥ ৭২ ॥

হনুমান্।—কচ্চিদিতি প্রশ্নে যথোক্তং শ্রুতমিতি সম্বন্ধঃ অজ্ঞানমনিশ্চয়স্তন্নিমিত্তঃ সংশয়ঃ সংমোহঃ স কচ্চিৎ প্রনষ্টঃ এবং পৃষ্টো ভগবতা ॥ ৭২ ॥

শ্রীধর।—সম্যগ্বোধানুপপত্তৌ পুনরুপদেক্ষ্যামীত্যাশয়েনাহ কচ্চিদিতি। কচ্চিদিতি প্রশ্নার্থে অজ্ঞানসম্মোহস্তত্ত্বাজ্ঞানকৃতো বিপর্য্যয়ঃ, স্পষ্টমন্যৎ ॥ ৭২ ॥

বলদেব।—এবং শাস্ত্রং তদ্বাচনাদিমাহাত্ম্যঞ্চোক্তং। অথ শাস্ত্রার্থাবধানং তদনুভবো পৃচ্ছতি। কচ্চিদিতি প্রশ্নার্থেঽব্যয়ম্। সম্যগনুভবাদুদয়ে পুনরপ্যেতদুপদেক্ষ্যামীতি ভাবঃ ॥ ৭২ ॥

মধুসূদন।—শিষ্যস্য জ্ঞানোৎপত্তিপর্য্যন্তং গুরুণা কারুণিকেন প্রয়াসঃ কার্য্য ইতি গুরোর্ধর্ম্মং শিক্ষয়িতুং সর্ব্বজ্ঞোঽপি পুনরুপদেশাপেক্ষা নাস্তীতি জ্ঞাপনায় পৃচ্ছতি কচ্চিদিতি। কচ্চিদিতি প্রশ্নে এতন্ময়োক্তং গীতাশাস্ত্রং একাগ্রেণ ব্যাসঙ্গরহিতেন চেতসা হে পার্থ! ত্বয়া কিং শ্রুতং অর্থতোঽবধারিতং কচ্চিৎ কিং অজ্ঞানসংমোহঃ অজ্ঞাননিমিত্তঃ সংমোহো বিপর্য্যয়ঃ অজ্ঞাননাশাৎ প্রনষ্টঃ প্রকর্ষেণ পুনরুৎপত্তিবিরোধিত্বেন নষ্টস্তে তব? হে ধনঞ্জয়! যদি ন স্যাৎ পুনরুপদেশং করিষ্যামীত্যভিপ্রায়ঃ ॥ ৭২ ॥

নীলকণ্ঠ।—সর্ব্বান্তর্য্যামী সর্ব্বজ্ঞোঽপি ভগবান্ লোকশিক্ষার্থং শিষ্যস্য জ্ঞানং জাতং

নচেতি পৃচ্ছতি অন্তথা পুনঃপুনঃ স্বয়মেত্য উপদেশং কৃতবতা প্রভুণা নিদাঘইব ময়ায়ং শতং- কৃত্বোঽপ্যুপদেশেন কৃতার্থঃ কর্ত্তব্যইত্যাশয়েনাহ কচ্চিদিতি। কচ্চিদিতি কামপ্রবেদনে, হে পার্থ! এতৎ ত্বয়া একাগ্রেণ চেতসা শ্রোতব্যং শব্দতোঽর্থতশ্চ বোদ্ধব্যমিতি মম কামোঽস্তি অতস্ত্বাং পৃচ্ছামি কিমিদংত্বয়া শ্রুতমিতি শ্রুতবতোঽপি তব অজ্ঞানকৃতসংমোহো বিপর্য্যয়ঃ অনাত্মন্যাত্মধীরূপঃ স্বধর্ম্মে যুদ্ধে চাধর্ম্মধীরূপ ইতি সদ্বিবেকোঽপি নষ্টঃ কচ্চিৎ মচ্ছ্রমসাফল্যমিচ্ছুস্ত্বামহং পৃচ্ছামীত্যর্থঃ ॥ ৭২ ॥

বিশ্বনাথ।—সম্যগ্বোধানুপপত্তৌ পুনরুপদেক্ষ্যামীত্যাশয়েনাহ কচ্চিদিতি ॥ ৭২ ॥

তাৎপর্য্য।—যে পরম কারুণিক ভগবান্ কুন্তীনন্দনের সারথ্য গ্রহণ করিয়া অতি বিষম স্থলে সর্ব্বশাস্ত্রের সারস্বরূপ এই পরম ধর্ম্মের অবতারণা করিয়া শিষ্যোত্তম অর্জ্জুনের সঙ্গে সঙ্গে পাপতাপক্লিষ্ট মানবকুলের অজ্ঞানান্ধকার নাশের সুব্যবস্থা করিয়াছেন, সমালোচ্য শ্লোকেই তাহার প্রকৃত পরিসমাপ্তি। শ্রীভগবানের মুখারবিন্দ হইতে যে গীতারূপ মকরন্দ নিরন্তর ক্ষরিত হইতেছিল, এই শ্লোকেই তাহার অবসান। আলোচ্য বিষয়ের পরিসমাপ্তি কালে করুণাসিন্ধু নারায়ণ কৃপাপরবশ হইয়া সমগ্র শাস্ত্র শ্রবণের পর শিষ্যের কি জ্ঞান লব্ধ হইল, তাহাই জানিবার জন্য আগ্রহান্বিত হইয়াছেন। সদ্‌গুরুর ইহাই ধর্ম্ম। শিষ্য শাস্ত্রার্থ সম্যক্ রূপে গ্রহণ করিতে সক্ষম হইতেছে কি না, ইহা জানিতে চেষ্টা করা গুরুর ধর্ম্ম। যদি শিষ্য সম্যক্‌রূপে মর্ম্ম গ্রহণে সমর্থ না হয় তাহা হইলে উপায়ান্তর অবলম্বনে তাহাকে মর্ম্মজ্ঞ করাই গুরুর আবশ্যক। যেরূপে হউক শিষ্যকে কৃতার্থ করাই সদ্‌গুরুর বিধেয়; ইহাই আচার্য্যধর্ম্ম বলিয়া চিরপ্রসিদ্ধ। এই ধর্ম্মানুসারেই পরম কারুণিক ভগবান্ উপসংহার কালে শিষ্যকে লক্ষ্য করিয়া দুইটী প্রশ্ন উত্থাপন করিতেছেন।

ভগবান্ জিজ্ঞাসিতেছেন, হে পার্থ! তুমি আমার পিতৃস্বসা পৃথার কুমার, সুতরাং আমার পরম প্রেমাস্পদ; অপিচ, তুমি আমার শিষ্য। এই উভয় কারণে তোমার হিতাহিতের অনুসন্ধান করা আমার প্রধান কর্ত্তব্য। এই জন্য জিজ্ঞাসা করিতেছি, তুমি কি আমার কথিত গীতারূপ তত্ত্ব কথা আমূল একাগ্রচিত্তে শ্রবণ করিয়াছ? অর্থাৎ মৎকথিত এই বিবরণ প্রথম হইতে শেষ পর্য্যন্ত তুমি কি অনন্য মনে শ্রবণ করিয়া মর্ম্মাবধারণ করিতে সক্ষম হইয়াছ? একাগ্রচিত্তে শ্রবণ না করিলে, শ্রবণ কালে কদা-

চিৎ চিত্ত বিক্ষিপ্ত হইলে সম্যক্ ফলপ্রাপ্তি সম্ভবপর নহে। কারণ, তাহাতে প্রমাদিত হইতে হয়। সেরূপ ঘটনা এস্থলে ঘটিবার সম্ভাবনা না থাকিলেও কর্ত্তব্যানুরোধে অপিচ অর্জ্জুনের নিজমুখ হইতে তাহা শ্রবণ করিবার অভিপ্রায়ে এই প্রশ্ন উত্থাপন করা হইল। অতঃপর ভগবান্ আরও জিজ্ঞাসা করিতেছেন, হে ধনঞ্জয়! অনন্য-সাধারণ কর্ম্ম দ্বারা বিপুল কীর্ত্তি অর্জ্জন করিয়াছ, এ জন্য তোমার অজ্ঞান সম্ভাবনা নাই। তথাপি জিজ্ঞাসা করা হইতেছে যে, আমার বাক্যসমূহ শ্রবণ করিতে করিতে কোন স্থলে তোমার কি অজ্ঞানজনিত সম্মোহ অর্থাৎ বৈচিত্ত ভাব বা অবিবেকতা উপস্থিত হইয়াছিল? অবিবেকতা হেতু সম্মোহ স্বাভাবিক। সেরূপ ঘটিলে তোমার এই শাস্ত্র-শ্রবণপ্রযত্ন ব্যর্থ হওয়া সম্ভব এবং আমারও উপদেষ্টৃরূপে তত্ত্ব কথা বিবরণরূপ আয়াস অনর্থক রূপে পর্য্যবসিত হইয়া যায়। অতএব তোমাকে জিজ্ঞাসা করিতেছি, হে ধনঞ্জয়! তাদৃশ কোন সম্মোহ তোমার বা আমার আয়াস ব্যর্থ করিয়া দেয় নাই তো?

এই প্রশ্নদ্বয়ের উদ্দেশ্য এই যে, যদি এখনও অর্জ্জুনের কোন বিষয়ে অণুমাত্র সন্দেহ থাকে, তাহা হইলে পরম কারুণিক গুরু এবং অভিন্নহৃদয় সখা কৃষ্ণ সে সন্দেহ ভঞ্জন করিতে প্রস্তুত আছেন ॥ ৭২ ॥

——•:):•:(:•——

অর্জ্জুন উবাচ।

নষ্টো মোহঃ স্মৃতির্লব্ধা ত্বৎপ্রসাদান্ময়াচ্যুত।
স্থিতোঽস্মি গতসন্দেহঃ করিষ্যে বচনং তব ॥ ৭৩ ॥

অন্বয়।—অর্জ্জুনঃ উবাচ (কথয়ামাস) হে অচ্যুত! মোহঃ নষ্টঃ (অপগতঃ) ত্বৎপ্রসাদাৎ (ত্বদনুগ্রহাৎ) ময়া স্মৃতিঃ (আত্মতত্ত্বজ্ঞানং) লব্ধা, [অহং] স্থিতঃ অস্মি গতসন্দেহঃ (মুক্তসংশয়ঃ) [ননু] তব বচনং (আজ্ঞাং) করিষ্যে (পালয়িষ্যামি) ॥ ৭৩ ॥

প্রতিশব্দ।—অর্জ্জুন বলিলেন, হে অচ্যুত! মোহ নষ্ট-হইয়াছে, তোমার-প্রসাদ-হইতে আমার-কর্ত্তৃক স্মৃতি লব্ধ-হইয়াছে, [আমি]

যথাবস্থিত আছি, সংশয়-মুক্ত [হইয়া] তোমার আজ্ঞা পালন্‌-করিব ॥ ৭৩ ॥

ব্যাখ্যা।—অর্জ্জুন বলিলেন, হে অচ্যুত! আমার অজ্ঞানজনিত মোহ অপগত হইয়াছে, তোমার প্রসাদে আমি আত্মজ্ঞানবিষয়া স্মৃতি লাভ করিয়া যথাবস্থিত হইয়াছি, এক্ষণে আমি সর্ব্বসংশয় রহিত হইয়া তোমার আদেশ পালন করিব ॥ ৭৩ ॥

শঙ্করাচার্য্য।—অর্জ্জুন উবাচ নষ্টোমোহোঽজ্ঞানজং তমঃ সমস্তসংসারানর্থহেতুঃ সাগর ইব দুস্তরঃ স্মৃতিশ্চাত্মতত্ত্ববিষয়া লব্ধা যস্যা লাভাৎ সর্ব্বগ্রন্থীনাং বিপ্রমোক্ষঃ ত্বৎপ্রসাদাদ্বব প্রসাদাত্ময়া ত্বৎপ্রসাদমাশ্রিতেনাচ্যুত। অনেন মোহনাশপ্রশ্নপ্রতিবচনেন সর্ব্বশাস্ত্রার্থজ্ঞান-ফলমেতাবদেবেতি নিশ্চিতং দর্শিতং ভবতীতি যতুক্তাজ্ঞানসম্মোহনাশ আত্মস্মৃতিঃ লাভশ্চেতি তথা চ শ্রুতাবনাত্মবিৎ শোচামীতি উপন্যস্যাত্মজ্ঞানে সর্ব্বগ্রন্থিবিপ্রমোক্ষঃ"ভিদ্যতে হৃদয়গ্রন্থিস্তত্র কোমোহঃ কঃ শোক একত্বমনুপশ্যত" ইতি চ মন্ত্রবর্ণঃ। অথেদানীং ত্বচ্ছাসনে স্থিতোঽস্মি গত-সন্দেহোমুক্তসংশয়ঃ করিষ্যে বচনন্তবাহং ত্বৎপ্রসাদাৎ কৃতার্থোন মে কর্ত্তব্যমস্তীত্যভিপ্রায়ঃ ॥ ৭৩ ॥

আনন্দগিরি।—প্রেমোপদিষ্টাত্মজ্ঞানস্য অজ্ঞানসন্দেহবিপর্য্যাসরহিতস্যেষ্টস্য ভগবদনু-গ্রহপ্রাপ্তিকথনেন ভগবন্তং পরিতোষয়িষ্যন্নর্জ্জুনোবিজ্ঞাপিতবানিত্যাহ অর্জ্জুনইতি। অজ্ঞানোত্থস্যা-বিবেকস্য নষ্টত্বমেব স্পষ্টয়তি সমস্তইতি। স্বয়ং জ্যোতিষি প্রতীচি ব্রহ্মণ্যবিদ্যাভ্রমং বিঘাতয়তি নাবিদিতং প্রকাশয়তীতি মত্বাহ স্মৃতিশ্চেতি। স্মৃতিলাভে কিং স্যাদিতিচেত্তদাহ যস্যইতি। মোহনাশে স্মৃতিপ্রতিলম্ভে বাহ্যসাধারণকারণমাহ ত্বৎপ্রসাদাদিতি। প্রকৃতেন প্রশ্নপ্রতিবচনেন লব্ধমর্থং কথয়তি অনেনেতি। যদুক্তং স্মৃতিপ্রতিলম্ভাদশেষতোহৃদয়গ্রন্থীনাং বিপ্রমোক্ষঃ স্যাদিতি তত্র প্রমাণমাহ তথাচেতি। জ্ঞানাদজ্ঞানতৎকার্য্যনিবৃত্তৌ শ্রুত্যন্তরমপি সংবাদয়তি ভিদ্যতইতি। ভগবদনুগ্রহাদজ্ঞানকৃতমোহহানন্তদনন্তরমাত্মজ্ঞানে প্রতিলব্ধে ত্বদাজ্ঞাপ্রতীক্ষোঽহ-মিত্যুত্তরার্দ্ধং ব্যাকরোতি অথেতি। তব বচনং করিষ্যেঽহমিত্যত্র তাৎপর্য্যমাহ অহমিতি ॥ ৭৩ ॥

রামানুজ।—শ্রীঅর্জ্জুন উবাচ। নষ্টইতি। মোহো বিপরীতজ্ঞানং ত্বৎপ্রসাদান্মম তদ্বিনষ্টং স্মৃতির্যথাবস্থিততত্ত্বজ্ঞানং ত্বৎপ্রসাদাদেব তচ্চ লব্ধং। অনাত্মনি প্রকৃতাবাত্মাভিমানরূপো মোহঃ পরমপুরুষশরীরতয়া তদাত্মকস্য কৃৎস্নস্য চিদচিদ্বস্তুনঃ অতদাত্মাভিমানরূপশ্চ নিত্য-নৈমিত্তিকরূপস্য কর্ম্মণঃ পরমপুরুষারাধনরূপতয়া তৎপ্রাপ্ত্যুপায়ভূতস্য বন্ধকত্ববুদ্ধিরূপশ্চ সর্ব্বো বিনষ্টঃ। আত্মনঃ প্রকৃতিবিলক্ষণত্বতৎস্বভাবরহিতজ্ঞাতৃত্বৈকস্বভাবতাপরমপুরুষশেষতাতন্নিয়া-ম্যত্বৈকস্বরূপতাজ্ঞানং ভগবতো নিখিলজগদুৎপত্তিস্থিতিপ্রলয়লীলাশেষদোষপ্রত্যনীককল্যাণৈক-স্বরূপ স্বাভাবিকানবধিকাতিশয়জ্ঞানবলৈশ্বর্য্যবীর্য্যশক্তিতেজঃপ্রভৃতিসমস্তকল্যাণগুণমহার্ণব পরব্রহ্ম-শব্দাভিধেয়পরমপুরুষযাথাত্ম্যবিজ্ঞানকৈবং রূপং পরাবরতত্ত্বযাথাত্ম্যবিজ্ঞানতদভ্যাসপূর্ব্বকাহরহ-রূপচীয়মানপরমপুরুষপ্রীত্যেকফলনিত্যনৈমিত্তিককর্ম্মনিষিদ্ধপরিহার শমদমাদ্যাত্মগুণনির্ব্বর্ত্ত্যভক্তি-

রূপত্তয়োপপন্নপরমপুরুষোপাসনৈকলভ্যো বেদান্তবেদ্যঃ পরমপুরুষো বাসুদেবএবেতি জ্ঞানং লব্ধং ততশ্চ বন্ধুস্নেহকারুণ্যপ্রবৃদ্ধবিপরীতজ্ঞানমূলাৎ সর্ব্বস্মাদবসাদাদ্বিমুক্তো গতসন্দেহঃ স্বস্থঃ স্থিতোঽস্মি। ইদানীমেব যুদ্ধাদিকর্ত্তব্যতাবিষয়ং তব বচনং করিষ্যে যথোক্তং যুদ্ধাদিকং করিষ্যে ইত্যর্থঃ॥ ১৩॥

হনুমান্।—নষ্টোমোহঃ নষ্টসংশয়ঃ পূর্ব্বমাসীৎ গুরুপুত্রমিত্রাদয়ঃ হন্তব্যাঃ আহোস্বিন্ন হন্তব্যা ইতি স্মৃতিশ্চ স্মৃতিঃ সম্যগ্জ্ঞানং সাচ প্রাপ্তা তব প্রসাদঃ ত্বৎপ্রসাদস্ত্বৎপ্রসাদমাশ্রিত্য তেন ময়াচ্যুতস্বরূপাৎ কথমপি ন চ্যবতে তদমুক্তং স্থিতোঽপি উদ্যতোঽস্মি করিষ্যে বচনমাজ্ঞাং॥ ১৩॥

শ্রীধর।—কৃতার্থঃ সন্নর্জ্জুন উবাচ নষ্টোমোহ ইতি। আত্মবিষয়োমোহোনষ্টঃ যতোঽহমস্মীতি স্বরূপানুসন্ধানরূপা স্মৃতিস্তৎপ্রসাদাম্ময়া লব্ধা অতঃ স্থিতোঽস্মি গতোধর্ম্মবিষয়ঃ সন্দেহোযস্ত সোঽহং তবাজ্ঞাং করিষ্যামীতি॥ ১৩॥

বলদেব।—এবং পৃষ্টঃ পার্থঃ শাস্ত্রানুভবং ফলদ্বারেণাহ নষ্ট ইতি। মোহো বিপরীতজ্ঞানলক্ষণঃ মম নষ্টস্ত্বৎপ্রসাদাদেব স্মৃতিশ্চ যথাবস্থিতবস্তুনিষ্ঠয়া ময়া লব্ধা। অহং গতসন্দেহশ্ছিন্নসংশয়ঃ স্থিতোঽধুনাস্মি। তব বচনং করিষ্যে এতদুক্তং ভবতি। দেবমানবাদয়ো নিখিলাঃ প্রাণিনঃ সর্ব্বে স্বস্বকর্ম্মসু স্বতন্ত্রা দেহাভিমানিনো মানবৈরর্চ্চিতা দেবাস্তেভ্যোঽভীষ্টপ্রদাঃ। যস্তীশ্বরঃ কোঽপ্যস্তি স হি নির্গুণো নিরাকৃতিরুদাসীনস্তৎসংনিধানাৎ প্রকৃতির্জগদ্ধেতুরিত্যেবং বিপরীতজ্ঞানলক্ষণো যো মোহঃ পূর্ব্বং মমাভূৎ স ত্বদুপলব্ধাদুপদেশাদ্বিনষ্টঃ। পরাখ্যস্বরূপশক্তিমান্ বিজ্ঞানানন্দমূর্ত্তিঃ সার্ব্বজ্ঞ্যসার্ব্বৈশ্বর্য্যসত্যসংকল্পাদিগুণরত্নাকরো ভক্তসুহৃৎ সর্ব্বেশ্বরঃ প্রকৃতিজীবকালাখ্যশক্তিভিঃ সংকল্পমাত্রেণ জীবকর্ম্মানুগুণো বিচিত্রসর্গকৃৎ স্বভক্তেভ্যঃ স্বপর্য্যন্তসর্ব্বপ্রদোঽকিঞ্চনভক্তবিত্তঃ। স চ ত্বমেব মৎসখো বসুদেবসূনুরিতি তাত্ত্বিকং জ্ঞানং মমাভূৎ। অতঃপরং ত্বামহং প্রপন্নঃ স্থিতোঽস্মি। ত্বং মাং কদাচিদপি ন ত্যক্ষ্যসীতি সন্দেহশ্চ মে ছিন্নঃ। অথ ভূভারহরণং স্বপ্রয়োজনং চেৎ প্রপন্নেন ময়া চিকীর্ষিতং তর্হি তদ্বচনং তব করিষ্যামি ইতি অর্জ্জুনো ধনুঃপাণিরুদতিষ্ঠদিতি॥ ১৩॥

মধুসূদন।—এবংপৃষ্টঃ কৃতার্থত্বেন পুনরুপদেশানপেক্ষতামাত্মনঃ অর্জ্জুন উবাচ নষ্ট উৎখিতঃ মোহঃ অজ্ঞানকৃতোবিপর্য্যয়ঃ তন্নাশকমাহ স্মৃতির্লব্ধা ত্বৎপ্রসাদাম্ময়া যস্মাত্তদুপদেশাদাত্মজ্ঞানং লব্ধং সর্ব্বসংশয়ানাক্রান্ততয়া প্রাপ্তং অতঃ সর্ব্বপ্রতিবন্ধশূন্যেনাত্মজ্ঞানেন মোহোনষ্ট ইত্যর্থঃ। হে অচ্যুত! আত্মনৈব নিশ্চিতবাদী যোগ্যাযোগ্যস্মৃতিলম্ভনে সর্ব্বপ্রাণিনাং বিপ্রমোক্ষ ইতি কৃতার্থমনুভবন্নাহ স্থিতোঽস্মি গতসন্দেহোনিবৃত্তসর্ব্বসন্দেহঃ স্থিতোঽস্মি যুদ্ধকর্ত্তব্যতারূপে স্বচ্ছাসনে বাধজীবং চ করিষ্যে বচনং তব ভগবতঃ পরমগুরোরাজ্ঞাং পালয়িষ্যামীতি প্রয়াসসাফল্যকথনেন ভগবন্তং অর্জ্জুনঃ পরিতোষয়ামাস। অনেন গীতাশাস্ত্রাধ্যায়িনো ভগবৎপ্রসাদাদবশ্যং মোক্ষফলপর্য্যন্তং জ্ঞানং ভবতীতি শাস্ত্রফলমুপসংহৃতং তচ্চাস্ত বিজ্ঞাবিতিবৎ॥ ১৩॥

নীলকণ্ঠ।—এবং পৃষ্টঃ স্বস্য কৃতকৃত্যতাং জ্ঞাপয়ন্ অর্জ্জুন উবাচ নষ্টোমোহইতি।

মোহঃ পূর্ব্বোক্তো দ্বিবিধোঽপি নষ্টঃ স্মৃতিরয়মহমস্মি পরং ব্রহ্ম ইত্যাত্মানুসন্ধানরূপা আত্মতত্ত্ব-বিষয়া লব্ধা যস্যা লাভেন সর্ব্বহৃদয়গ্রন্থীনাং "যাবান্ যশ্চাস্মি তত্ত্বত" ইত্যত্রোদাহৃতানাং চিজ্জ-ড়ৈক্যভ্রমপ্রভবানাং বিমোক্ষো ভবতি। তথাচ শ্রূয়তে। "স্মৃতিলম্ভে সর্ব্বগ্রন্থীনাং বিমোক্ষ" ইতি। ত্বৎপ্রসাদান্ময়াচ্যুত স্মৃতির্লব্ধেতি সম্বন্ধঃ, স্থিতোঽস্মি ত্বচ্ছাসনে ইতি শেষঃ গতসন্দেহো নষ্টসন্দেহ ইত্যনেনানাত্মন্যাত্মধীরূপো মোহো নষ্ট ইতি দর্শিতং। করিষ্যে বচনং তবেত্যনেন স্বধর্ম্মে যুদ্ধে চাধর্ম্মধীরূপোঽপি মোহো নষ্ট ইতি দর্শিতং ॥ ৭৩ ॥

বিশ্বনাথ।—কিমতঃপরং পৃচ্ছামি অতস্ত্ব সর্ব্বধর্ম্মান্ পরিত্যজ্য ত্বাং শরণং গতঃ নিশ্চিন্ত এব ত্বয়ি বিশ্রন্তবানস্মীত্যাহ নষ্ট ইতি। করিষ্যে ইতি অতঃপরং শরণ্যস্য তবাজ্ঞায়াং স্থিতিরেব শরণাপন্নস্য মমধর্ম্মো নতুস্বাশ্রমধর্ম্মো নাপি জ্ঞানযোগাদয়ঃ তেতু অস্মাভিঃ ত্যক্তাএব ততশ্চ ত্বো প্রিয়সখ অর্জ্জুন ! মম ভূভারহরণে কিঞ্চিদবশিষ্টং কৃত্যমস্তি তত্তু ত্বয়ৈব চিকীর্ষামীতি ভগবতোক্তে সতি গাণ্ডীবপাণিরর্জ্জুনঃ যোদ্ধুমুদতিষ্ঠৎ ইতি ॥ ৭৩ ॥

তাৎপর্য্য।—অতঃপর অর্জ্জুনোক্তি। যে হিংসাশঙ্কাকুল পরজন-পীড়নকাতর অর্জ্জুনের অবসন্ন হৃদয়কে স্ববিহিত কর্ম্মে উদ্বুদ্ধ করিবার অভিপ্রায়ে এবং স্বকীয় বর্ণোচিত সমরোদ্যমে ব্যাপৃত করিবার বাসনায় শ্রীভগবান্ এই গীতারূপ পরম শাস্ত্রের অবতারণা করিয়াছিলেন, তাহার প্রকৃত উপসংহার পূর্ব্বশ্লোকে হইয়াছে। সর্ব্বজ্ঞানের উৎসস্বরূপ ভগ-বানের বাক্যাবলী শ্রবণ করিতে করিতে যে যে স্থানে সন্দেহ বা তথ্য জিজ্ঞাসার প্রয়োজন ঘটিয়াছে, অর্জ্জুন তত্তৎস্থলে স্বকীয় বাসনা শ্রীভগবা-নের চরণারবিন্দে বিজ্ঞাপিত করিয়াছেন। এজন্য গ্রন্থের নানা স্থানেই কুন্তীনন্দনের বিবিধ প্রশ্নাত্মক বাক্য সমাবিষ্ট হইয়াছে। সমালোচ্য শ্লোকেই অর্জ্জুনবাক্যের পরিসমাপ্তি। ইহাতে অর্জ্জুনের কোন প্রশ্ন নাই, শ্রীভগবানকৃত প্রশ্নের অর্জ্জুনপ্রদত্ত উত্তর এই শ্লোকে নিবদ্ধ হইয়াছে।

পূজ্যপাদ শঙ্করাচার্য্য ও শ্রীমদানন্দগিরির অভিপ্রায়। শ্রীভগবানের সমস্ত উপদেশ বাক্য শ্রবণ ও প্রণিধান করিয়া অর্জ্জুন কৃতার্থ হইয়াছেন। এই জন্য তিনি আনন্দ সহকারে উত্তর প্রদান করিতেছেন, হে অচ্যুত ! অর্থাৎ হে অব্যয় অবিনাশী অনন্ত নির্ব্বিকার পুরুষ ! তোমার প্রসাদে আমার অজ্ঞানজতমঃ বিশেষে নষ্ট হইয়াছে। এইরূপ অজ্ঞানজনিত মোহই সংসাররূপ সমস্ত অনর্থের হেতুভূত ; সুতরাং ইহা অপার সাগরের ন্যায় দুস্তর। অপিচ, আমি আত্মতত্ত্ববিষয়া স্মৃতিও লাভ করিয়াছি। এই স্মৃতিলাভ হেতু সর্ব্বগ্রন্থির বিপ্রমোক্ষ ঘটিয়া থাকে। হে ভগবন্ ! তোমার

প্রসাদ ভিন্ন এরূপ অসুলভ সৌভাগ্য কাহারও ঘটিতে পারে না। আমি তোমার আশ্রিত, সুতরাং অনুগ্রহভাজন। হে ভগবন্! আমি এক্ষণে মুক্ত-সংশয় হইয়া সম্পূর্ণরূপে ভবদীয় শাসনাধীনে আপনাকে স্থাপন করিতেছি। অতঃপর তোমার বচন অর্থাৎ আজ্ঞা অবিচলিতচিত্তে আমি পালন করিব। কারণ তোমার প্রসাদে আমি কৃতার্থ হইয়াছি, সুতরাং তোমার আদেশপালন ব্যতীত আমার আর কোনই কর্ত্তব্য থাকিতে পারে না।

পূজ্যপাদ ভগবান্ শঙ্করাচার্য্য এতদুপলক্ষে "অনাত্মবিৎ শোচামি" অপিচ, "ভিদ্যতে হৃদয়গ্রন্থিঃ" "তত্র কো মোহঃ কঃ শোকঃ একত্বমনু-পশ্যতঃ।" (২৯২৩। ২২০৬ পৃষ্ঠার তাৎপর্য্য দ্রষ্টব্য) এই কয়েকটী শ্লোক প্রমাণ উদ্ধৃত করিয়াছেন।

পূজ্যপাদ শ্রীমৎ শ্রীধরস্বামী আত্মবিষয়ক অজ্ঞানকে মোহ এবং 'অহ-মস্মি' রূপ স্বরূপানুসন্ধানকেই স্মৃতি বলিয়া নির্দ্দেশ করিয়াছেন। গত-সন্দেহ অর্থাৎ অধর্ম্মবিষয়ক সমস্ত সংশয়বিহীন।

পূজ্যপাদ শ্রীমদ্রামানুজাচার্য্য তথা শ্রীমদ্বলদেবের অভিপ্রায়। আমার বিপরীত জ্ঞানলক্ষণ মোহ নষ্ট হইয়াছে এবং যথাবস্থিত তত্ত্বনিষ্ঠারূপা স্মৃতিও তোমার কৃপায় লব্ধ হইয়াছে। এক্ষণে আমি ছিন্নসংশয় অর্থাৎ স্বস্থ হইয়াছি। অধুনা তোমার বাক্যানুসারে যুদ্ধাদি কার্য্যে প্রবৃত্ত হইব। পূর্ব্বে তোমাকে বসুদেব-নন্দন মদীয় সখামাত্র বলিয়া আমার জ্ঞান ছিল। তুমি যে বিজ্ঞানানন্দমূর্ত্তি সর্ব্বজ্ঞ সর্ব্বৈশ্বর্য্য সত্যসংকল্প গুণরত্নাকর, ইত্যাদি কোন কথাই তত্ত্বতঃ আমি জানিতাম না। অতঃপর আমি তোমার প্রসাদে লব্ধজ্ঞান হইয়া তোমাকে চিনিতে পারিয়াছি। এক্ষণে আমি তোমার নিকট প্রপন্নরূপে স্থিত এবং আমার সন্দেহও ছিন্ন হইয়াছে। কারণ, আমি বুঝিয়াছি, তুমি কখনই আমাকে পরিত্যাগ করিবে না। এক্ষণে যদি ভূভারহরণরূপ স্বপ্রয়োজনানুরোধে আমাকে তুমি যুদ্ধাদি কার্য্যে প্রবৃত্ত কর, তথাপি তদ্বিষয়ে আমি কদাপি দ্বিমত করিব না।

পূজ্যপাদ শ্রীমন্মধুসূদন সরস্বতী পূর্ব্বোল্লিখিতরূপ ব্যাখ্যা নিবদ্ধ করিয়া উপসংহার কালে লিখিয়াছেন যে, যাবজ্জীবন পরম গুরুস্বরূপ তোমার আজ্ঞা পরিপালন করিব। এইরূপ উক্তি দ্বারা ভগবানের প্রয়াস-সাফল্য ব্যক্ত করিয়া অর্জ্জুন তাঁহাকে পরিতুষ্ট করিয়াছেন। এক্ষণে শাস্ত্র-

ফলের উপসংহার কালে ইহাই প্রতিপন্ন হইতেছে যে, এই গীতাশাস্ত্র-অধ্যয়নকারিদিগের ভগবৎপ্রসাদে অবশ্যই মোক্ষ পর্য্যন্ত জ্ঞান লব্ধ হইয়া থাকে।

পূজ্যপাদ শ্রীমন্নীলকণ্ঠের অভিপ্রায়। স্বকীয় কৃতকৃত্যতা জ্ঞাপন করিতে করিতে অর্জ্জুন বলিলেন, পূর্ব্বে যে দুই প্রকার মোহের কথা কথিত হইয়াছে অর্থাৎ অনাত্মবস্তুতে আত্মবুদ্ধিরূপ এবং স্বধর্ম্মরূপ যুদ্ধে অধর্ম্মরূপ মোহ, তদুভয়রূপ মোহই নষ্ট হইয়াছে। 'আমি পরব্রহ্ম' ইত্যাকার আত্মানুসন্ধানরূপা আত্মাকার স্মৃতি আমি লাভ করিয়াছি। এই স্মৃতিলাভ হেতু "যাবান্ যশ্চাস্মি তত্ত্বতঃ" (১৮।৫৫) স্থলে চিৎ ও জড়ের ঐক্যরূপ ভ্রম-প্রভূত হৃদয় গ্রন্থি বিমুক্ত হইয়াছে। শ্রুতিও বলিয়াছেন যে, "স্মৃতিলম্ভে সর্ব্বগ্রন্থীনাং বিমোক্ষঃ।" এইরূপে নষ্টসন্দেহ হইয়া আমি তোমার শাসনাধীনে স্থিত হইয়াছি। এক্ষণে আমি স্বধর্ম্মসঙ্গত যুদ্ধে অধর্ম্মরূপ মোহের আর অধীন হইব না॥ ৭৩॥

——•:):•:(:•——

সঞ্জয় উবাচ।

ইত্যহং বাসুদেবস্য পার্থস্য চ মহাত্মনঃ।
সংবাদমিমমশ্রৌষমদ্ভুতং লোমহর্ষণং॥ ৭৪॥

অন্বয়।—সঞ্জয় উবাচ (কথয়ামাস) অহং ইতি (ইত্থং) বাসুদেবস্য (শ্রীকৃষ্ণস্য) মহাত্মনঃ পার্থস্য চ ইমং (যথোক্তং) লোমহর্ষণং (রোমাঞ্চকরং) অদ্ভুতং (বিস্ময়করং) সংবাদং অশ্রৌষং (শ্রুতবান্)॥ ৭৪॥

প্রতিশব্দ।—সঞ্জয় বলিলেন, আমি এই-রূপ বাসুদেবের এবং মহাত্মা পার্থের এই রোমাঞ্চ-কর বিস্ময়-জনক সংবাদ শ্রবণ-করিয়াছি॥ ৭৪॥

ব্যাখ্যা।—সঞ্জয় বলিলেন, হে রাজন! আমি ভগবান্ বাসুদেব এবং মহাত্মা পার্থের এইরূপ রোমাঞ্চকর বিস্ময়জনক সংবাদ শ্রবণ করিয়াছি॥ ৭৪॥

পাঠান্তর।—রোমহর্ষণং।

শঙ্করাচার্য্য।—পরিসমাপ্তঃ সকলাম্নায়শাস্ত্রার্থোঽশেষাণাং কথাসম্বন্ধপ্রদর্শনার্থং সঞ্জয় উবাচ ইত্যেবমহং বাসুদেবস্য পার্থস্য চ মহাত্মনঃ সংবাদমিমং যথোক্তমশ্রৌষং শ্রুতবানস্মি অদ্ভুতমত্যন্তবিস্ময়করং লোমহর্ষণং রোমাঞ্চকরং॥ ৭৪ ॥

আনন্দগিরি।—শাস্ত্রার্থে সমাপ্তে সত্যামবস্থায়াং সঞ্জয়বচনং কুত্রোপযুক্তমিতি তত্রাহ পরিসমাপ্তইতি। বাসুদেবস্য সর্ব্বজ্ঞস্য সর্ব্বেশ্বরস্য কৃতার্থস্য পার্থস্য পৃথাসুতস্যার্জ্জুনস্য মহাত্মনোঽক্ষুদ্রবুদ্ধেঃ সর্ব্বাধিকারিগুণসম্পন্নস্য সম্যগ্‌বাদং সম্বাদং গুরুশিষ্যভাবেন প্রশ্নপ্রতিবচনাভিধানমিমমনুক্রান্তমদ্ভুতং বিস্ময়করং রোমাণি হর্ষয়তি পুলকাভবস্থানেনেতি রোমহর্ষণমাহ্লাদকরং যথোক্তং শ্রুতবানস্মীত্যাহ ইত্যেবমিতি॥ ৭৪ ॥

রামানুজ।—ধার্ত্তরাষ্ট্রা স্বস্থপুত্রাঃ পাণ্ডবাশ্চ যুদ্ধে কিমকুর্ব্বতেতি পৃচ্ছতে সঞ্জয় উবাচ। ইতীতি। ইত্যেবং বাসুদেবস্য বসুদেবসূনোঃ পার্থস্য চ তৎপিতৃস্বসুঃ পুত্রস্য চ মহাত্মনো মহাবুদ্ধেঃ তৎপদদ্বন্দ্বমাশ্রিতস্য ইমং রোমহর্ষণমদ্ভুতং সংবাদমহং যথোক্তমশ্রৌষং শ্রুতবানহং॥ ৭৪ ॥

হনুমান্।—সঞ্জয়উবাচ। ব্যাসো ভগবান্ কৃষ্ণদ্বৈপায়নঃ পরং প্রকৃষ্টং পরমাত্মবিষয়ং যোগং সম্যগ্‌গীতং যোগেশ্বরাৎ যোগিনস্তেষামীশ্বরাৎ সাক্ষাৎ প্রত্যক্ষমহং কথয়তঃ স্বয়ং স্বমুখেন॥ ৭৪। ৭৫॥

শ্রীধর।—তদেবং ধৃতরাষ্ট্রং প্রতি শ্রীকৃষ্ণার্জ্জুনসংবাদং কথয়িত্বা প্রস্তুতাং কথামনুসন্ধানঃ সঞ্জয় উবাচ ইত্যহমিতি। লোমহর্ষণং লোমাঞ্চকরং সংবাদমশ্রৌষং শ্রুতবানহং স্পষ্টমন্যৎ॥ ৭৪॥

বলদেব।—সমাপ্তঃ শাস্ত্রার্থঃ। অথ কথাসম্বন্ধমনুসন্দধানঃ সঞ্জয়ো ধৃতরাষ্ট্রমুবাচ ইত্যহমিতি। অদ্ভুতং চেতসো বিস্ময়করং লোকেষ্বসংভাব্যমানত্বাৎ। রোমহর্ষণম্ দেহে পুলকজনকং॥ ৭৪॥

মধুসূদন।—সমাপ্তঃ শাস্ত্রার্থঃ কথাসম্বন্ধমিদানীমনুসন্দধানঃ অদ্ভুতং চেতসোবিস্ময়াখ্যবিকারকরং লোকেষ্বসংভাব্যমানত্বাৎ লোমহর্ষণং শরীরস্য রোমাঞ্চাখ্যবিকারকরং তেনাতিপরিপুষ্টত্বং বিস্ময়স্য দর্শিতং, স্পষ্টমন্যৎ॥ ৭৪॥

নীলকণ্ঠ।—সমাপ্তঃ শাস্ত্রার্থঃ, ইদানীং কথাপ্রবন্ধমেবানুবর্ত্তয়ন্ সঞ্জয় উবাচ ইতীতি। অদ্ভুতং চেতসো বিস্ময়করং রোমহর্ষণম্ রোমাঞ্চোদ্ভেদজনকং শেষং স্পষ্টং॥ ৭৪॥

বিশ্বনাথ।—অতঃপরং পঞ্চশ্লোকব্যাখ্যা। সর্ব্বগীতার্থতাৎপর্য্যনিষ্কর্ষেঽন্তিমশ্লোকাঃ যত্রবর্ত্তন্তে তাং পত্রবর্ত্তীং দিনায়কঃ স্বাগতেনাপুনা অপহৃতবানিত্যতঃ পুনর্ম্মালিণং। তাং তস্মাদ্বাধাং স প্রসীদতু তস্মৈনমঃ। ইতি শ্রীভগবদ্গীতা টীকা সারার্থবর্ষিণী সমাপ্তীকৃতা সতাং শ্রীতরেহস্তাদিতি। সারার্থবর্ষিণী বিশ্বজনীনা ভক্তচাতকান্। মাধুরীধিনুতাদস্যা মাধুরী ভাতু মে হৃদি॥ ৭৪। ৭৫। ৭৬। ৭৭। ৭৮॥

ইতি সারার্থ বর্ষিণ্যাং হর্ষিণ্যাং ভক্ত চেতসাং। গীতাষষ্টাদশোধ্যায়ঃ সঙ্গতঃ সঙ্গতঃ সতাং।

তাৎপর্য্য।—অতঃপর সঞ্জয় বাক্যে গ্রন্থের পরিসমাপ্তি হইতেছে। সঞ্জয় (৫১ পৃষ্ঠার টিপ্পনী দ্রষ্টব্য) এই গ্রন্থের সূত্রপাত করিয়াছিলেন। কিরূপে তিনি এই গ্রন্থের বিবরণ করিতে অধিকারী হইয়াছিলেন, তাহার বিবরণ পূর্ব্বে বিবৃত হইয়াছে। এই সুপবিত্র গ্রন্থের প্রকৃত লক্ষ্য পরিব্যক্ত হইয়াছে; তথাপি প্রাসঙ্গিক কথাসম্বন্ধ প্রদর্শনের নিমিত্তই এক্ষণে সঞ্জয় বাক্যে গ্রন্থোপসংহার আবশ্যক।

অন্ধরাজ ধৃতরাষ্ট্রকে লক্ষ্য করিয়া সঞ্জয় বলিতেছেন, সর্ব্বযজ্ঞের সর্ব্বেশ্বর বাসুদেবের এবং সর্ব্বাধিকারী গুণসম্পন্ন পৃথানন্দন অর্জ্জুনের গুরুশিষ্য ভাবে প্রশ্নপ্রতিবচনরূপ বিস্ময়কর এবং লোমাঞ্চকর সমস্ত বিবরণ আমি শ্রবণ করিয়াছি। সেই বিবরণ অদ্ভুত; কেন না সেরূপ বিস্ময়কর ব্যাপার পূর্ব্বে কুত্রাপি আর শুনি নাই। অপিচ, তাহা লোমহর্ষণ; তচ্ছ্রবণে অত্যাহ্লাদজনিত পুলক উদ্গত হইয়া থাকে। আমি বাসুদেব এবং পার্থঘটিত এই অদ্ভুত বৃত্তান্ত যেরূপ শুনিয়াছিলাম, তাহাই যথোক্তরূপে পরিব্যক্ত করিয়াছি, ইহাই এস্থলে সূচিত হইল ॥ ৭৪ ॥

—(•)—

ব্যাসপ্রসাদাচ্ছ্রুতবানিমং গুহ্যমহং পরং।
যোগং যোগেশ্বরাৎ কৃষ্ণাৎ সাক্ষাৎ কথয়তঃ স্বয়ং ॥৭৫॥

অন্বয়।—অহং ব্যাসপ্রসাদাৎ (ব্যাসানুগ্রহাৎ) ইমং পরং (পরমং) গুহ্যং (গোপনীয়ং) যোগং সাক্ষাৎ কথয়তঃ (বদতঃ) স্বয়ং যোগেশ্বরাৎ (যোগানাং ঈশ্বরাৎ) কৃষ্ণাৎ শ্রুতবান্ (শুশ্রাব) ॥ ৭৫ ॥

প্রতিশব্দ।—আমি ব্যাসের-অনুগ্রহে এই পরম গুহ্য যোগ সাক্ষাৎ ব্যক্তকারী স্বয়ং যোগেশ্বর কৃষ্ণ-হইতে শ্রবণ-করিয়াছি ॥ ৭৫ ॥

ব্যাখ্যা।—আমি ব্যাসের প্রসাদে দিব্যচক্ষু লাভ করিয়া এই পরম গুহ্য যোগ-উপদেশকারী স্বয়ং যোগেশ্বর শ্রীকৃষ্ণের মুখ হইতে এই সমস্ত শ্রবণ করিয়াছি ॥ ৭৫ ॥

পাঠান্তর।— শ্রুতবানেতৎ। শ্রুতবানিদং।

শঙ্করাচার্য্য।—তক্ষেমং শ্রীকৃষ্ণার্জ্জুনসংবাদং ব্যাসপ্রসাদাত্ততোদিব্যচক্ষুর্লাভাৎ শ্রুত-বান্ জ্ঞাতবানেতং সম্বাদং গুহ্যমহম্ পরম্ যোগম্ যোগার্থত্বাৎ গ্রন্থোঽপি যোগস্তম্ সম্বাদমিমং যোগেশ্বরাৎ কৃষ্ণাৎ সাক্ষাৎ কথয়তঃ স্বয়ং ন পরম্পরাতঃ ॥ ৭৫ ॥

আনন্দগিরি।—প্রশ্নস্থং সম্বাদং কথমশ্রৌষীরিতি চেত্তত্রাহ তক্ষেতি। এতৎপদং সম্বাদপরত্বাওল্লিঙ্গত্বেন নেতব্যমিত্যাহ এতমিতি। পরমপুরুষার্থৌপয়িকত্বাৎ পরত্বং পরং গুহ্যমতিশয়েন গুহ্যং রহস্যমিতি বা যোগো জ্ঞানং কর্ম্ম চ তদর্থত্বাদয়ং সম্বাদো যোগ উক্তঃ অথবা চিত্তবৃত্তিনিরোধস্য যোগস্যাঙ্গত্বাদয়ং সম্বাদোযোগস্তমাহ সম্বাদমিতি। যোগানামীশ্বরোযোগেশ্বর-স্তদনুগ্রহত্বাদ্যোগস্তৎফলয়োঃ ততঃ সাক্ষাদব্যবধানেন শ্রুতবান্ ন পরংপরয়েত্যাহ যোগেশ্বরাদিতি। স্বয়ং স্বেন পরমেশ্বরেণাতিরস্কৃতজ্ঞানৈশ্বর্য্যরূপেণ কথয়তো ব্যাচক্ষাণাদিত্যর্থঃ ॥ ৭৫ ॥

রামানুজ।—ব্যাসেতি। ব্যাসপ্রসাদাৎ ব্যাসানুগ্রহেণ দিব্যচক্ষুঃশ্রোত্রলাভাদেতৎ পরং যোগাখ্যং গুহ্যং যোগেশ্বরাৎ জ্ঞানবলৈশ্বর্য্যবীর্য্যশক্তিতেজসাং নিধের্ভগবতঃ কৃষ্ণাৎ স্বয়মেব কথয়তঃ সাক্ষাৎশ্রুতবানহম্ ॥ ৭৫ ॥

শ্রীধর।—আত্মনস্তস্য শ্রবণে সম্ভাবনামাহ ব্যাসপ্রসাদাদিতি। ভগবতা ব্যাসেন দিব্যং চক্ষুঃশ্রোত্রাদি মহ্যং দত্তং ততোব্যাসস্য প্রসাদাদেতৎ শ্রুতবানস্মি, কিং তদিত্যপেক্ষায়ামাহ পরং যোগং, পরত্বমাবিষ্করোতি যোগেশ্বরাৎ শ্রীকৃষ্ণাৎ স্বয়মেব সাক্ষাৎ কথয়তঃ শ্রুতবা-নিতি ॥ ৭৫ ॥

বলদেব।—ব্যবহিততৎসংবাদশ্রবণে স্বযোগ্যতামাহ ব্যাসেতি। ব্যাসপ্রসাদাত্তদ্দত্ত-দিব্যচক্ষুঃশ্রোত্রাদিলাভরূপাদেতৎ গুহ্যং শ্রুতবান্। কিমেতদিত্যাহ পরং যোগমিতি। কর্ম্মযোগং জ্ঞানযোগং ভক্তিযোগং চেত্যর্থঃ। পরত্বং সম্পাদয়তি যোগেশ্বরাদিতি। দেবমানবাদিনিখিল-প্রাণিনাং স্বভাবসম্বন্ধো যোগঃ তেষামীশ্বরান্নিয়ন্তুঃ স্বয়ংরূপাৎ কৃষ্ণাৎ স্বমুখেনৈব ন তু পরম্পরয়া কথয়তঃ। শ্রুতবানস্মীতি স্বভাগ্যং শ্লাঘ্যতে ॥ ৭৫ ॥

মধুসূদন।—ব্যবহিতস্যাপি ভগবদর্জ্জুনসংবাদস্য শ্রবণযোগ্যতামাত্মন আহ ব্যাসেতি। ব্যাসদত্তদিব্যচক্ষুঃশ্রোত্রাদিলাভরূপাৎ ব্যাসপ্রসাদাৎ ইমং পরং গুহ্যং যোগং যোগাব্যভিচারিহেতুং সংবাদং যোগেশ্বরাৎ কৃষ্ণাৎ স্বয়ং স্বেন পারমেশ্বরেণ রূপেণ কথয়তঃ সাক্ষাদেবাহং শ্রুতবানস্মি ন পরম্পরয়েতি স্বভাগ্যমভিনন্দতি। অত্রেমমিতি পুল্লিঙ্গপাঠোভাষ্যকারৈর্ব্যাখ্যাতঃ এতদিতি নপুংসকলিঙ্গপাঠস্তৈব যোগসামানাধিকরণ্যেন ব্যাখ্যানমিদমিতি তদ্ব্যাখ্যাতারঃ ॥ ৭৫ ॥

নীলকণ্ঠ।—কথমযং ত্বয়া দূরস্থয়োরপি বাসুদেবার্জ্জুনয়োঃ সংবাদঃ শ্রুত ইত্যত আহ ব্যাসপ্রসাদাদিতি। ভগবতা ব্যাসেন দিব্যং চক্ষুঃশ্রোত্রাদিকং মহ্যং দত্তং যেনাহং ব্যবহিতং বিপ্রকৃষ্টং বা সর্ব্বং করতলামলকবদ্বিজানামি অতোব্যাসপ্রসাদাদেতজ্জাতং পরং গুহ্যং গোপ্যং মহং শ্রুতবান্, যোগঞ্চ "পশ্যমে যোগমৈশ্বর"মিতি প্রতিজ্ঞাপূর্ব্বকং প্রদর্শিতং বৈশ্বরূপ্যং দৃষ্টবানিতি শেষঃ, স্বয়ং কথয়ত ইত্যুক্তে "অন্তঃহৃতো ভূতস্য নিঃশ্বসিতমেতদ্যদৃগ্বেদ" ইতি শ্রুতেঃ, স্বানিঃশ্বসিতং বেদং শিষ্যাচার্য্যপরম্পরয়া কথয়ত ইত্যায়াতি তদর্থং সাক্ষাৎ কথয়ত ইতি,

সৃষ্ট্যাদৌ ব্রহ্মাণং প্রতি চেদানীমর্জ্জুনং প্রতি সাক্ষাৎ কথয়তঃ শ্রুতবানহমিত্যর্থঃ, তেন ভগবদনুগ্রহপাত্রতয়া ব্রহ্মণা সমত্বং স্বস্য দ্যোত্যতে অত্র এতদ্‌যোগমিত্যভেদেনান্বয়ে তু গুহ্যপদাপেক্ষয়া এতদ্যোগমিতি পুংনপুংসকলিঙ্গয়োরপি সামানাধিকরণ্যং শক্যঞ্চ যৎকিঞ্চিদন্নতাপি ক্ষুদুপহন্ত-মিত্যাদাবিব পূর্ব্বপ্রবৃত্তিলিঙ্গসংস্কারপ্রাবল্যাদুত্তরত্র ভিন্নলিঙ্গবিশেষ্যলাভেঽপি পূর্ব্বসংস্কারো ন নিবর্ত্তত ইতি সামানাধিকরণ্যং বিলিঙ্গয়োরপি বক্তুং শক্যমিতি জ্ঞেয়ম্॥ ৭৫ ॥

তাৎপর্য্য।—অতঃপর সঞ্জয় কিরূপে এই অদ্ভুত সংবাদ পরিজ্ঞাত হইয়াছেন তাহাই বিবৃত করিতেছেন। তিনি প্রথমেই বলিতেছেন যে, ভগবান্ কৃষ্ণদ্বৈপায়নের অনুগ্রহে দিব্য চক্ষু লাভ করিয়া এই শ্রীকৃষ্ণার্জ্জুন-সংবাদরূপ পরম কথা তিনি জ্ঞাত হইয়াছেন। এই শাস্ত্র পরম গুহ্য, কেন না সকলে ইহার শ্রবণ বা বোধাধিকারী নহে। শ্রীভগবান্ এই শাস্ত্রকে গুহ্যাতিগুহ্য নির্দ্দেশ করিয়াছেন। অপিচ, এই শাস্ত্র যোগস্বরূপ। কারণ যোগার্থ প্রতিপাদকত্ব হেতু গ্রন্থও যোগরূপে পরিগণিত। যিনি যোগসমূহের ঈশ্বর, সেই পরম স্বরূপ কৃষ্ণ এই সকল তত্ত্ব কথা নিজমুখে ব্যক্ত করিতেছিলেন, আমি প্রত্যক্ষতঃ সেই ভগবন্মুখনিঃসৃত বাক্য সমূহ অপরিসীম ভাগ্যবলে স্বকর্ণে শ্রবণ করিয়াছি।

কোন কোন টীকাকারের মতে, যে ভগবানের নিঃশ্বাসরূপে বেদসমস্ত নিঃসৃত হইয়াছিল, তাঁহারই মুখ হইতে এই পরম যোগতত্ত্ব শ্রবণ করা অপরিসীম ভাগ্যের কথা, এই অভিপ্রায় মূলস্থিত "সাক্ষাৎ" শব্দ দ্বারা সূচিত হইতেছে॥ ৭৫ ॥

——•:):•:(:•——

রাজন্! সংস্মৃত্য সংস্মৃত্য সংবাদমিমমদ্ভুতং।
কেশবার্জ্জুনয়োঃ পুণ্যং হৃষ্যামি চ মুহুর্মুহুঃ॥ ৭৬॥

অন্বয়।—হে রাজন্! কেশবার্জ্জুনয়োঃ ইমং পুণ্যং (পুণ্যজনকং) অদ্ভুতং সংবাদং সংস্মৃত্য সংস্মৃত্য (বারংবারং স্মৃত্বা) মুহুর্মুহুঃ হৃষ্যামি (রোমাঞ্চিতো ভবামি) চ॥ ৭৬॥

প্রতিশব্দ।—হে রাজন্! কেশব-ও-অর্জ্জুনের এই পুণ্য অদ্ভুত সংবাদ স্মরণ-করিয়া স্মরণ-করিয়া বার-বার হৃষ্ট-হইতেছি॥ ৭৬॥

ব্যাখ্যা।—হে রাজন্ ধৃতরাষ্ট্র! আমি কেশব ও অর্জ্জুনের এই

বিস্ময়কর সুপবিত্র সংবাদ স্মরণ করিতে করিতে বারংবার রোমাঞ্চিত-কলেবর হইতেছি,আনন্দে আমার সর্ব্বশরীর কণ্টকিত হইতেছে ।।৭৬।।

শঙ্করাচার্য্য।—হে রাজন্! ধৃতরাষ্ট্র! সংস্মৃত্য সংস্মৃত্য সংবাদমিমমদ্ভুতং কেশবার্জ্জুনয়োঃ পুণ্যং শ্রবণাদপি পাপহরং শ্রুত্বা হৃষ্যামি চ মুহুর্ম্মুহুঃ প্রতিক্ষণং ॥ ৭৬ ॥

আনন্দগিরি।—যথোক্তং সংবাদং ভগবতঃ শ্রুত্বা কিমুপেক্ষ্যসে নেত্যাহ রাজন্নিতি। পুণ্যত্বং সাধয়তি শ্রবণাদপীতি ॥ ৭৬ ॥

রামানুজ।—রাজন্নিতি। কেশবার্জ্জুনয়োরিমং পুণ্যমদ্ভুতং সংবাদং সাক্ষাৎ শ্রুতং স্মৃত্বা মুহুর্মুহুঃ হৃষ্যামি ॥ ৭৬ ॥

হনুমান্।—সংস্মৃত্য পুণ্যং পাপহরং হৃষ্যামি চ তুষ্যামি চ মুহুর্মুহুঃ ভূয়োভূয়ঃ ॥ ৭৬ ॥

শ্রীধর।—কিঞ্চ রাজন্নিতি। হৃষ্যামি রোমাঞ্চিতোভবামি হর্ষং প্রাপ্নোমীতি বা। স্পষ্টমন্যৎ ॥ ৭৬ ॥

বলদেব।—রাজন্ ধৃতরাষ্ট্র! পুণ্যং শ্রোতুরবিদ্যাপর্য্যন্তসর্ব্বদোষহরং। মুহুর্মুহুঃ প্রতিক্ষণং হৃষ্যামি রোমাঞ্চিতোঽস্মি ॥ ৭৬ ॥

মধুসূদন।—রাজন্ সংস্মৃত্যেতি। পুণ্যং শ্রবণেনাপি সর্ব্বপাপহরং কেশবার্জ্জুনয়োরিমং সংবাদমদ্ভুতং কেবলং শ্রুতবানস্মি কিন্তু সংস্মৃত্য সম্ভ্রমে দ্বিরুক্তিঃ মুহুর্মুহুর্ব্বারম্বারং হৃষ্যামি চ হর্ষং প্রাপ্নোমি চ প্রতিক্ষণং রোমাঞ্চিতোভবামীতি বা ॥ ৭৬ ॥

নীলকণ্ঠ।—কেশবার্জ্জুনসংবাদশ্রবণজং বিশ্বরূপাখ্যযোগদর্শনজঞ্চাহ্লাদং ক্রমেণ শ্লোকদ্বয়েনাহ রাজন্নিতি। হে রাজন্! হে ধৃতরাষ্ট্র! পুণ্যং পুণ্যকরং পাপহরঞ্চ ইত্যর্থাৎ সংস্মৃত্য সংস্মৃত্যেতি সংভ্রমে দ্বিরুক্তিঃ শেষং স্পষ্টার্থং ॥ ৭৬ ॥

তাৎপর্য্য।—অতঃপর এই অত্যদ্ভুত রোমহর্ষণ সংবাদ শ্রবণে সঞ্জয়ের কি অবস্থা ঘটিয়াছে, তাহাই এক্ষণে তিনি ব্যক্ত করিতেছেন। তিনি বলিতেছেন, হে রাজন্ ধৃতরাষ্ট্র! কেশব এবং অর্জ্জুনঘটিত এই পাপনাশক সুতরাং পবিত্র অতি বিস্ময়কর সংবাদ বারংবার স্মরণ করিয়া আমি প্রতিক্ষণে হৃষ্ট অর্থাৎ পুলকিত হইতেছি।

হৃদয়ের সম্ভ্রম জ্ঞাপনার্থ "সংস্মৃত্য" পদের দ্বিরুক্তি হইয়াছে। শ্রবণেও শ্রোতার সর্ব্বপাপ নষ্ট হয় এই অর্থে পুণ্য শব্দ প্রযুক্ত হইয়াছে ॥ ৭৬ ॥

তচ্চ সংস্মৃত্য সংস্মৃত্য রূপমত্যদ্ভুতং হরেঃ।
বিস্ময়ো মে মহান্ রাজন্! হৃষ্যামি চ পুনঃপুনঃ ॥ ৭৭ ॥

অন্বয়।—হে রাজন! হরেঃ (শ্রীকৃষ্ণস্য) তৎ অদ্ভুতং রূপং (বিশ্বরূপং) সংস্মৃত্য সংস্মৃত্য চ মে (মম) মহান্ বিস্ময়ঃ পুনঃ পুনঃ হৃষ্যামি (হৃষ্টো ভবামি) চ ॥ ৭৭ ॥

প্রতিশব্দ।—হে রাজন! হরির সেই অদ্ভুত রূপকে স্মরণ-করিয়া স্মরণ-করিয়াও আমার অতিশয় বিস্ময়, এবং পুনঃ পুনঃ হৃষ্ট হইতেছি ॥ ৭৭ ॥

ব্যাখ্যা।—হে অন্ধরাজ! আমি শ্রীহরির সেই অত্যদ্ভুত বিরাট্-রূপ স্মরণ করিতে করিতে বিস্ময়ে অভিভূত এবং আনন্দে মগ্ন হইতেছি ॥ ৭৭ ॥

শঙ্করাচার্য্য।—তচ্চ সংস্মৃত্য রূপমত্যদ্ভুতং হরের্ব্বিশ্বরূপং বিস্ময়োমে মহান্. হে রাজন্! হৃষ্যামি চ পুনঃ পুনঃ ॥ ৭৭ ॥

আনন্দগিরি।—যত্তু বিশ্বরূপাখ্যম্ রূপং সগুণমর্জ্জুনায় ভগবান দর্শিতবান্ ধ্যানার্থং তদিদানীং স্তৌতি তচ্চেতি ॥ ৭৭ ॥

রামানুজ।—তদিতি। তচ্চ অর্জ্জুনায় প্রকাশিতমৈশ্বরং হরেরত্যদ্ভুতং রূপং ময়া সাক্ষাৎ-কৃতং সংস্মৃত্য সংস্মৃত্য হৃষ্যতো মে মহান্ বিস্ময়ো জায়তে পুনঃ পুনশ্চ হৃষ্যামি ॥ ৭৭ ॥

হনুমান্।—তচ্চরূপং পরিগ্রহমত্যদ্ভুতং হরের্নারায়ণাৎ সবিস্ময়ঃ কুতূহলং ॥ ৭৭ ॥

শ্রীধর।—কিঞ্চ তচ্চেতি। বিশ্বরূপং নির্দ্দিশতি। স্পষ্টমন্যৎ ॥ ৭৭ ॥

বলদেব।—তচ্চ বিশ্বরূপং যদর্জ্জুনায়োপদর্শিতং ॥ ৭৭ ॥

মধুসূদন।—যদ্বিশ্বরূপাখ্যং সগুণং রূপমর্জ্জুনায় ধ্যানার্থং ভগবান্ দর্শয়ামাস তদিদানীমনুসন্ধান আহ তচ্চেতি। তদিতি বিশ্বরূপং হে রাজন্! মম মহান্ বিস্ময়োঽতএব হৃষ্যামি চাহং, স্পষ্টমন্যৎ ॥ ৭৭ ॥

নীলকণ্ঠ।—তচ্চেতি। রূপং বিশ্বরূপং এতদ্দর্শনে হি ব্রহ্মাণমীশমিতি দেশতো বিপ্রকৃষ্টং "বক্ত্রাণি তে ত্বরমাণা বিশন্তী"তি কালতোব্যবহিতং ভীষ্মাদিক্ষয়ঞ্চ করতলামলকবদ্দৃষ্ট-বান্ তচ্চ জগতো মিথ্যাত্বমন্তরেণ ন সম্ভবতীতি প্রতিপাদিতং বেদান্তকতকে। "অতীতানা-গতং বস্তু বীক্ষ্যতে করস্থিবৎ।. যোগী সঙ্কল্পমাত্রোত্থমিতি শাস্ত্রেষু ডিণ্ডিমঃ ॥ ১ ॥ মায়ায়াঃ সর্ব্বদা সর্ব্বং সর্ব্বাবস্থমিদং জগৎ। "অস্তীতি তদুপাধিশ্চিৎ সার্ব্বাত্ম্যাৎ সর্ব্বমীক্ষ্যতে ॥ ২ ॥

আরম্ভপরিণামাভ্যাং স্বেন রূপেণ যদ্গতং। অতীতানাগতং বস্তু যোগী তদীক্ষতাং কথম্ ॥ ৩ ॥
সঙ্কল্পমাত্রং ভাতং বস্তুগতাগতি ন বিদ্যতে। নষ্ট স্মীর্ণনাভং তং জ্ঞানেনাপি জ্ঞানমগ্রমা ॥ ৪ ॥
যোগিসঙ্কল্পমাত্রেণ তত্তৎসংপ্রবীয্যতে। ঈশসঙ্কল্পমাত্রেণ সর্ব্বোৎপত্তিস্তদেবাতাং ॥ ৫ ॥
আরম্ভে পরিণামেবা দেশকালাস্থিতিক্রমঃ। নৈবদৃষ্টঃ ক চং সোহয়ং স্বপ্নমায়াদিষু স্ফুটঃ ॥ ৬ ॥
যুগপদ্গৃহ্যতে কুম্ভোনানাদেশস্থযোগিভিঃ। অনস্থ্যাংশতাস্মাৎ তেনাসৌ কল্পিতঃ স্ফুটম্ ॥ ৭ ॥
যোগিভির্গৃহ্যমাণত্বাৎ ঘটঃ সত্যঃ স সর্ব্বদা। সঙ্কল্পাত্ত্বা চ [illegible] কালাং কল্পান্তবিধং ভবেৎ ॥ ৮ ॥
ব্যাবৃত্তং ঠাষ্যতে কালাং যুগপত্তুল্য নশ্যতু। [illegible] স্বপ্নমানাস্তিকঃ ॥ ৯ ॥
তস্মাদ্গুর্ব্বাদয়া[illegible] সর্ব্বাণং। [illegible] জ্ঞানবৎ ॥ ১০ ॥
সত্যং নকৃশাবিষ্কালঃ [illegible] পরাণাং। [illegible] তদ্বয়ম্ ॥ ১১ ॥"
ইতি স্পষ্টার্থোমূলশ্লোকঃ ॥ ১১ ॥

তাৎপর্য্য।—কেবল যে শ্রীকৃষ্ণার্জ্জুন সম্বন্ধীয় অত্যাশ্চর্য্য সংবাদ শ্রবণ করিয়া এবং সেই সংবাদ পুনঃ পুনঃ স্মরণ করিতে করিতে সঞ্জয় রোমাঞ্চিত-কায় হইতেছেন এরূপ নহে। তাঁহার এবংবিধ লোমহর্ষণের আরও গুরুতর কারণ আছে। তাহাই এক্ষণে বিবৃত করিতেছেন। সঞ্জয় বলিতেছেন, হে রাজন্ ধৃতরাষ্ট্র! আপনার নিকট পূর্ব্বে আমি শ্রীহরির বিশ্বরূপের বর্ণনা করিয়াছি। সেই বিশ্বেশ্বরের বিশ্বব্যাপী বিরাড়্রূপ যে অতি বিস্ময়কর, তাহার আর সন্দেহ নাই। সেই কল্পনাতীত ভয়াবহ বিশ্বরূপ বারংবার স্মরণ করিতে করিতে আমার নিরতিশয় বিস্ময় জন্মিতেছে, অর্থাৎ আমার প্রাণ আনন্দে বিহ্বল হইতেছে। এজন্যও আমি প্রতিক্ষণে হৃষ্টরোম হইতেছি, শ্রীভগবান্ কৃপাপরবশ হইয়া সগুণ অর্জ্জুনকে ধ্যানের নিমিত্ত স্বকীয় বিশ্বরূপ প্রদর্শন করিয়াছিলেন। সঞ্জয় সেইরূপ মাহাত্ম্য এস্থলে কথঞ্চিৎ পরিব্যক্ত করিলেন। মূলে "তচ্চ" এই শব্দ মধ্যস্থ চ পদ ইহাই সূচিত করিতেছে, কেবল যে সংবাদ শ্রবণই সঞ্জয়ের রোমহর্ষণের কারণ এমন নহে; শ্রীহরির বিশ্বরূপ স্মরণও তাঁহার ভাবান্তরের প্রধান কারণ ॥ ১১ ॥

——(:০:)——

যত্র যোগেশ্বরঃ কৃষ্ণো যত্র পার্থো ধনুর্দ্ধরঃ।
তত্র শ্রীর্বিজয়ো ভূতির্ধ্রুবা নীতির্মতির্মম ॥ ৭৮ ॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং
ভীষ্মপর্ব্বণি শ্রীভগবদ্গীতাসূপনিষৎসু ব্রহ্মবিদ্যায়াং
যোগশাস্ত্রে শ্রীকৃষ্ণার্জ্জুন-সংবাদে মোক্ষ-
যোগো নামঅষ্টাদশোঽধ্যায়ঃ।

—০:০:০—

অন্বয়।—যত্র (যস্মিন্ পক্ষে) যোগেশ্বরঃ কৃষ্ণঃ যত্র (পক্ষে) ধনুর্দ্ধরঃ (গাণ্ডীবধারী) পার্থঃ তত্র (তস্মিন্‌পক্ষে) শ্রীঃ (রাজ্যলক্ষ্মীঃ) বিজয়ঃ ভূতিঃ (ঐশ্বর্য্যবিবৃদ্ধিঃ) ধ্রুবা (অব্যভিচারিণী) নীতিঃ (নয়ঃ) [বর্ত্ততে] [ইতি] মম মতিঃ (নিশ্চয়ঃ) ॥ ৭৮ ॥

প্রতিশব্দ।—যে-পক্ষে যোগেশ্বর কৃষ্ণ, যে-পক্ষে ধনুর্দ্ধারী পার্থ, সেই-পক্ষেই শ্রী, বিজয়, ঐশ্বর্য্যোন্নতি, অব্যভিচারিণী নীতি [বিদ্যমান] [ইহা] আমার নিশ্চয় ॥ ৭৮ ॥

ব্যাখ্যা।—হে কুরুরাজ! যে পক্ষে স্বয়ং যোগেশ্বর কৃষ্ণ বর্ত্তমান, যেখানে গাণ্ডীবধারী পার্থ আছেন, আমি নিশ্চয় বলিতেছি, সেই খানেই রাজ্যলক্ষ্মী, বিজয়শ্রী, উন্নতি এবং ধ্রুবা নীতি থাকিবে; এতদ্বিষয়ে আর কোনই সন্দেহ নাই ॥ ৭৮ ॥

শঙ্করাচার্য্য।—কিং বহুনা, যত্র যস্মিন্ পক্ষে যোগেশ্বরঃ সর্ব্বযোগানামীশ্বরস্তৎপ্রভবত্বাৎ সর্ব্বযোগবীজস্চ কৃষ্ণোযত্র পার্থোযস্মিন্ পক্ষে ধনুর্দ্ধরোগাণ্ডীবধন্বা, শ্রীস্তস্মিন্ পাণ্ডবানাং পক্ষে বিজয়স্তত্রৈব ভূতিঃ শ্রিয়োবিশেষবিস্তারোভূতির্ধ্রুবাঽব্যভিচারিণী নীতির্নয় ইত্যেবং মতির্ম্মমেতি ॥ ৭৮ ॥

ইতি শ্রীগোবিন্দভগবৎপূজ্যপাদশিষ্যপরমহংসপরিব্রাজকাচার্য্য শ্রীমচ্ছঙ্করভাগবত-
কৃতৌ গীতাভাষ্যেঽষ্টাদশোঽধ্যায়ঃ।

আনন্দগিরি।—দ্বয়োরপি কৃষ্ণার্জ্জুনয়োঃ নরনারায়ণয়োঃ সংবাদস্য প্রামাণ্যার্থং পরমুৎকর্ষং দর্শয়তি কিং বহুনেতি। কথং সর্ব্বেষাং যোগানামীশ্বরোভগবানিতি তত্রাহ তৎপ্রভবত্বাদিতি। সর্ব্বযোগো জ্ঞানং কর্ম্ম চ তস্য বীজং শাস্ত্রীয়ং জ্ঞানবৈরাগ্যাদি তদ্ধি ভগবদধীনং তদনুগ্রহবিহীনস্য তদযোগাদতো যোগস্তৎফলয়োর্ভগবদনুগ্রহায়ত্তত্বাদ্ভগবতোযোগেশ্বরত্বমিত্যর্থঃ। শ্রীর্লক্ষীর্বিজয়ঃ পরমউৎকর্ষঃ রাজ্ঞোধৃতরাষ্ট্রস্য স্বপুত্রেষু বিজয়াশাং শিথিলীকৃত্য পাণ্ডবেষু জয়প্রাপ্তিমৈকান্তিকীমুপসংহরতিইত্যেবমিতি। উপায়োপেয়ভাবেন নিষ্ঠাদ্বয়স্য প্রতিষ্ঠাপিতত্বাৎ কর্ম্মনিষ্ঠাপরংপরয়া জ্ঞাননিষ্ঠাহেতুঃ জ্ঞাননিষ্ঠা তু সাক্ষাদেব মোক্ষহেতুরিতি শাস্ত্রার্থমুপসংহর্ত্তুমিতীত্যুক্তং। কাণ্ডত্রয়াত্মকং শাস্ত্রং পদবাক্যার্থগোচরং। আদিমধ্যান্তষট্কেষু ব্যাখ্যয়া গোচরীকৃতং। সংক্ষেপবিস্তরাভ্যাং যোলক্ষণৈকপপাদিতঃ। সোর্থোঽস্মিন্নেন সংক্ষিপ্য লক্ষণেন বিবক্ষিতঃ। গীতাশাস্ত্রমহার্ণবোত্থমমৃতং বৈকুণ্ঠকণ্ঠোদ্ভবং শ্রীকণ্ঠাপরনামবদ্ধমিকৃতং নিষ্ঠাদ্বয়স্তোতিতং। নিষ্ঠা যত্র মতিপ্রসাদজননী সাক্ষাৎকৃতং কুর্ব্বতী মোক্ষে পর্য্যবসায়িতি প্রতিদিনং সেবধ্বমেতদ্বুধাঃ। প্রাচামাচার্য্যপাদানাং পদবীমনুগচ্ছতা। গীতাভাষ্যে কৃতা টীকা টীকাং তাং পুরুষোত্তমং ॥ ৭৮ ॥

ইতি শ্রীমৎপরমহংসপরিব্রাজকাচার্য্যশুদ্ধানন্দপূজ্যপাদশিষ্যভগবদানন্দগিরিবিরচিতে শ্রীগীতাভাষ্যবিবেচনেঽষ্টাদশোঽধ্যায়ঃ।

রামানুজ।—কিমত্র বহুনোক্তেন যত্র যোগেশ্বরঃ কৃৎস্নস্য উচ্চাবচরূপেণাবস্থিতস্য চেতনস্যাচেতনস্য চ বস্তুনো যো যো স্বভাবযোগস্তেষাং যোগানামীশ্বরঃ স্বসংকল্পায়ত্তস্বেতরসমস্তবস্তুস্বরূপস্থিতিপ্রবৃত্তিভেদঃ কৃষ্ণো বসুদেবসূনুর্যত্র চ পার্থোধনুর্দ্ধরঃ তৎপিতৃস্বস্রুঃ পুত্রঃ তৎপদদ্বন্দ্বৈকাশ্রয়ঃ তত্র শ্রীর্বিজয়োভূতিঃ নীতিশ্চ ধ্রুবা নিশ্চলা ইতি মতির্মমেতি ॥ ৭৮ ॥

ইতি শ্রীমদ্রামানুজাচার্য্যবিরচিতে গীতাভাষ্যে অষ্টাদশোঽধ্যায়ঃ।

হনুমান্।—কিং বহুনা যত্র যস্মিন্ পক্ষে যোগেশ্বরঃ কৃষ্ণঃ স্থিতঃ যত্র পার্থ ধনুর্দ্ধরঃ উদ্ধৃতগাণ্ডীবঃ তত্র তস্মিন্ পক্ষে শ্রীর্দেবতা বিজয়ার্থং বিজয়ঃ শত্রূণাং ধর্ষণং ভূতিঃ নীতির্নয়ঃ প্রজ্ঞা জয়সাধিকা ইতীত্থং মতির্নিশ্চয়ঃ ইতিকরণং গীতাশাস্ত্র পরিসমাপ্ত্যর্থং ॥ ৭৮ ॥

ইতি শ্রীমদ্ধনুমদীয়ে পৈশাচভাষ্যে অষ্টাদশোঽধ্যায়ঃ।

শ্রীধর।—অতঃপরং পুত্রাণাং রাজ্যাদিশঙ্কাং পরিত্যজেত্যাশয়েনাহ যত্রেতি। যত্র যস্মিন্ পক্ষে যোগানামীশ্বরঃ শ্রীকৃষ্ণোবর্ত্ততে, যত্র চ পার্থোগাণ্ডীবধনুর্দ্ধরস্তত্রৈব চ শ্রীরাজ্যলক্ষীস্তত্রৈব

চ বিজয়স্তত্রৈব চ ভূতিরুত্তরোত্তরাভিবৃদ্ধিঃ নীতির্ন্যায়োঽপি তত্রৈব ধ্রুবা নীতিঃ, মম মতির্নিশ্চয়ঃ। অত ইদানীমপি তাবৎ সপুত্রস্ত্বং শ্রীকৃষ্ণং শরণমুপেত্য পাণ্ডবান্ প্রসাদ্য সর্ব্বস্বং তেভ্যো নিবেদ্য পুত্রপ্রাণরক্ষাং কুর্ব্বিতি ভাবঃ। ভগবদ্ভক্তিযুক্তস্য তৎপ্রসাদাত্মবোধতঃ। সুখং বন্ধবিমুক্তিঃ স্যাদিতি গীতার্থসংগ্রহঃ॥ তথাহি, "পুরুষঃ স পরঃ পার্থ! ভক্ত্যা লভ্যস্ত্বনন্যয়া। ভক্ত্যা ত্বনন্যয়া শক্যস্ত্বহমেবংবিধোঽর্জ্জুনঃ॥" ইত্যাদৌ ভগবদ্ভক্তের্মোক্ষং প্রতি সাধকত্বশ্রবণাত্তদেকান্ত-ভক্তিরেব মৎপ্রসাদোত্থজ্ঞানাবান্তরব্যাপারযুক্তা মোক্ষহেতুরিতি স্ফুটং প্রতীয়তে জ্ঞানস্য চ ভক্ত্যবান্তরব্যাপারত্বমেব, "তেষাং সততযুক্তানাং ভজতাং প্রীতিপূর্ব্বকং। দদামি বুদ্ধিযোগং তং যেন মামুপযান্তি তে। মদ্ভক্ত এতদ্বিজ্ঞায় মদ্ভাবায়োপপদ্যতে।" ইত্যাদিবচনাৎ। ন চ জ্ঞানমেব ভক্তিরিতিযুক্তং, "সমঃ সর্ব্বেষু ভূতেষু মদ্ভক্তিং লভতে পরাং। ভক্ত্যা মামভিজানাতি যাবান্ যশ্চাস্মি তত্ত্বতঃ॥" ইত্যাদৌ ভেদদর্শনাৎ। নচৈবং সতি "তমেব বিদিত্বাঽতিমৃত্যুমেতি নান্যঃ পন্থা বিদ্যতেঽয়নায়ে"তি শ্রুতিবিরোধঃ শঙ্কনীয়ঃ ভক্ত্যবান্তরব্যাপারত্বাৎ জ্ঞানস্য, ন হি কাষ্ঠৈঃ পচতীত্যুক্তে জ্বলনানামসাধনত্বমুক্তং ভবতি। কিঞ্চ, "যস্য দেবে পরা ভক্তির্যথা দেবে তথা গুরৌ। তস্যৈতে কথিতা হ্যর্থাঃ প্রকাশন্তে মহাত্মনঃ।" "দেহান্তে দেবঃ পরং ব্রহ্ম তারকং ব্যাচষ্টে। যমেবৈষ বৃণুতে তেন লভ্য" ইত্যাদিশ্রুতিস্মৃতিপুরাণবচনান্যেবং সতি সমঞ্জসানি ভবন্তি, তস্মাদ্ভগবদ্ভক্তিরেব মোক্ষহেতুরিতি সিদ্ধং। তেনৈব দত্তয়া মত্যা তদ্গীতাবিবৃতিঃ কৃতা। স এব পরমানন্দস্তয়া প্রীণাতু মাধবঃ। পরমানন্দশ্রীপাদরজঃশ্রীধারিণাধুনা। শ্রীধরস্বামিযতিনা কৃতা গীতাসুবোধিনী॥ স্বপ্রাগল্ভ্যবলাদ্বিলোড্য ভগবদ্গীতাং তদন্তর্গতং তত্ত্বং প্রেপ্সুরুপৈতি কিং গুরুকৃপাপীযূষদৃষ্টিং বিনা। অম্বু স্বাঞ্জলিনা নিরস্য জলধেরাদিৎসুরন্তর্মণীনাবর্ত্তেষু ন কিং নিমজ্জতি জনঃ সৎকর্ণধারং বিনা॥ ৭৮॥

ইতি শ্রীশ্রীধরস্বামিযতিকৃতায়াং শ্রীভগবদ্গীতাটীকায়াং সুবোধিন্যাং
পরমার্থনির্ণয়োনামাষ্টাদশোঽধ্যায়ঃ।

———

বলদেব।—এবঞ্চ সতি স্বপুত্রবিজয়াদিস্পৃহাং পরিত্যজেত্যাহ যত্রেতি। যত্র যোগেশ্বরঃ পূর্ব্বং ব্যাখ্যাতঃ স্বসংকল্পায়ত্তস্বেতরসর্ব্বপ্রাণিস্বরূপস্থিতিপ্রবৃত্তিকঃ কৃষ্ণো বসুদেবসূনুঃ সারথ্য-পর্য্যন্তসাহায্যকারিতয়া বর্ত্ততে। যত্র পার্থস্তৎপিতৃস্বসৃপুত্রো নরাবতারঃ কৃষ্ণৈকান্তী ধনুর্দ্ধরোঽচ্ছেদ্যগাণ্ডীবপাণিঃ বর্ত্ততে। তত্রৈব শ্রীকৃষ্ণার্জ্জুনাধিষ্ঠিতে যুধিষ্ঠিরপক্ষে শ্রী রাজলক্ষ্মীঃ বিজয়ঃ শত্রুপরিভবহেতুকঃ পরমোৎকর্ষঃ ভূতিরুত্তরোত্তরা রাজ্যলক্ষ্মীবিবৃদ্ধিঃ নীতির্ন্যায়প্রবৃত্তিঃ ধ্রুবা স্থিরেতি সর্ব্বত্র সম্বধ্যতে। যত্তু যুদ্ধপরমেতচ্ছাস্ত্রমিতি শক্যতে তন্ন। "মন্মনা ভব মদ্ভক্ত" ইত্যাদেঃ সর্ব্বধর্ম্মান্ পরিত্যজ্যেত্যাদেশ্চোপদেশত্বাচ্চতুর্ণাং বর্ণানামাশ্রমাণাঞ্চ ধর্ম্মা ভক্তিহেতুতয়া লোকসংগ্রহার্থতয়া চেহ নিরূপিতা ইত্যেব স্থিতং॥ ৭৮॥

উপায়া বহবস্তেষু প্রপত্তির্দাস্যপূর্ব্বিকা। ক্ষিপ্রং প্রসাদনী বিষ্ণোরিত্যষ্টাদশতো মতম্ ॥
গীতং যেন যশোদাস্তন্তং নীতং পার্থসারথ্যম্। স্ফীতং সদ্গুণবৃন্দৈস্তবত্র গীতং পরং তত্ত্বম্ ॥১॥
যদিচ্ছাতরিং প্রাপ্য গীতাপয়োধৌ ক্রমজ্জং গৃহীতাতিচিত্রার্থরত্নম্।
ন চোত্থাতুমস্মি প্রভুর্হর্ষযোগাৎ স মে কৌতুকী নন্দসূনুঃ প্রিয়ত্বাৎ॥ ২ ॥
শ্রীমদ্গীতাভূষণং নাম ভাষ্যং যন্নাবিদ্যাভূষণেনোপচীর্ণম্।
শ্রীগোবিন্দপ্রেমমাধুর্য্যলুব্ধাঃ কারুণ্যার্দ্রাঃ সাধবঃ শোধয়ধ্বম্ ॥ ৩ ॥
ইতি শ্রীমদ্বলদেবকৃতে শ্রীমদ্ভগবদ্গীতোপনিষদ্ভাষ্যে অষ্টাদশোঽধ্যায়ঃ।

মধুসূদন।—এবং চ সতি স্বপুত্রে বিজয়াদিসম্ভাবনাং পরিত্যজেত্যাহ যত্রেতি। যত্র যস্মিন্ যুধিষ্ঠিরপক্ষে যোগেশ্বরঃ সর্ব্বযোগসিদ্ধীনামীশ্বরঃ সর্ব্বজ্ঞঃ সর্ব্বশক্তির্ভগবান্ কৃষ্ণোত্তক্ষুঃখকর্ষণ-স্তিষ্ঠতি নারায়ণঃ যত্র পার্থো ধনুর্দ্ধরঃ যত্র গাণ্ডীবধন্বা তিষ্ঠত্যর্জ্জুনোনরঃ, তত্র নরনারায়ণাধিষ্ঠিতে তস্মিন্ যুধিষ্ঠিরপক্ষে শ্রীঃ রাজ্যলক্ষ্মীঃ বিজয়ঃ শত্রুপরাজয়নিমিত্ত উৎকর্ষঃ ভূতিরুত্তরোত্তরং রাজ্য-লক্ষ্ম্যা বিবৃদ্ধির্ধ্রুবাঽবশ্যম্ভাবিনীতি সর্ব্বত্রাম্বয়ঃ, নীতির্নয় এবং মম মতির্নিশ্চয়ঃ। তস্মাদ্বৃথা পুত্রবিজয়াশাং ত্যক্ত্বা ভগবদনুগৃহীতৈস্তৈর্শ্রীবিজয়াদিভাগ্ভিঃ পাণ্ডবৈঃ সহ সন্ধিরেব বিধীয়তামিত্যভিপ্রায়ঃ। বংশীবিভূষিতকরান্নবনীরদাভাৎ পীতাম্বরাদরুণবিম্বফলাধরোষ্ঠাৎ। পূর্ণেন্দুসুন্দর-মুখাদরবিন্দনেত্রাৎ কৃষ্ণাৎ পরং কিমপি তত্ত্বমহং ন জানে॥ কাণ্ডত্রয়াত্মকং শাস্ত্রং গীতাখ্যং যেন নির্ম্মিতং। আদিমধ্যান্তষট্কেষু তস্মৈ ভগবতে নমঃ॥ শ্রীগোবিন্দমুখারবিন্দমধুনামিষ্টং মহাভারতে গীতাখ্যং পরমং রহস্যমৃষিণা ব্যাসেন বিখ্যাপিতম্। ব্যাখ্যাতং ভগবৎপদৈঃ প্রতি-পদং শ্রীশঙ্করাখ্যৈঃ পুনর্ব্বিস্পষ্টং মধুসূদনেন মুনিনা স্বজ্ঞানশুদ্ধ্যৈ কৃতম্ ॥ ইহ যোঽস্তি বিমোহয়ন্ মনঃ পরমানন্দঘনঃ সনাতনঃ। গুণদোষদৃশেষ এব নস্তৃণতুল্যোযদয়ং স্বয়ং জনঃ॥ শ্রীরাম-বিশ্বেশ্বরমাধবানাং প্রসাদমাসাদ্য ময়া গুরূণাম্। ব্যাখ্যানমেতদ্বিহিতং সুবোধং সমর্পিতং তচ্চরণাম্বুজেষু॥ ৭৮ ॥

ইতি শ্রীমৎপরমহংসপরিব্রাজকাচার্য্যশ্রীবিশ্বেশ্বরসরস্বতীপূজ্যপাদশিষ্যশ্রীমধুসূদনসরস্বতীবিরচিতায়াং শ্রীভগবদ্গীতাগূঢ়ার্থদীপিকায়ামষ্টাদশোঽধ্যায়ঃ।

নীলকণ্ঠ।—যস্মাদনন্তৈশ্বর্য্যো ভগবাংস্তদনুগৃহীতোঽর্জ্জুনশ্চ যুধিষ্ঠিরপক্ষে অস্তি অতস্তয়া জয়াশা ন কার্য্যেত্যাহ যত্রেতি। যত্র পক্ষে, ধ্রুবেতি সর্ব্বত্র সংবধ্যতে, শ্রীর্দিব্যাসত্তাদিশোভা, বিজয়ঃ প্রসিদ্ধঃ, ভূতির্বৈশ্বর্য্যং, সর্ব্বানিবস্তুত্বং, নীতির্নয়শ্চ এতৎ সর্ব্বং তত্র তস্মিন্ পক্ষে ধ্রুবমিতি মম মতিঃ অতঃ পাণ্ডবৈঃ সহ সন্ধিরেব কর্ত্তব্য ইতি ভাবঃ॥ ৭৮ ॥

ইতি শ্রীমৎপদবাক্যপ্রমাণজ্ঞমর্য্যাদাধুরন্ধর চতুর্দ্ধর-বংশাবতংস শ্রীগোবিন্দসূরিসূনোঃ
শ্রীনীলকণ্ঠস্য কৃতৌ ভারতভাবদীপে ভীষ্মপর্ব্বণি গীতার্থপ্রকাশে
অষ্টাদশোঽধ্যায়ঃ।

তাৎপর্য্য।—এইরূপে শ্রীকৃষ্ণার্জ্জুন সংবাদের অতি বিস্ময়করত্ব উল্লেখ করিয়া এবং শ্রীভগবদ্দৃত বিশ্বরূপের অত্যদ্ভুতত্ব ও মহত্ব প্রতিপাদন করিয়া সঞ্জয়ের মনে স্বতঃ যে মীমাংসা উপস্থিত হইয়াছে, তাহাই তিনি এস্থলে কীর্ত্তন করিতে প্রবৃত্ত হইতেছেন। সঞ্জয় বলিতেছেন, হে রাজন! প্রসঙ্গ অতি পল্লবিত করিয়া বহুল বিবরণ অনাবশ্যক। সংক্ষেপে আমি ইহাই বলিতেছি যে, যে পক্ষে যাবতীয় যোগসমূহের ঈশ্বর স্বয়ং যোগবীজ স্বরূপ শ্রীকৃষ্ণ বিরাজমান, যে পক্ষে গাণ্ডীবধন্বা স্বর্গমর্ত্ত্যপরিচিত বীর পার্থ বিরাজমান, সেই পাণ্ডবগণের পক্ষেই যে শ্রী অর্থাৎ রাজ্যলক্ষ্মী, বিজয় অর্থাৎ শত্রুপরাভব নিবন্ধন শ্রেষ্ঠতা, ভূতি অর্থাৎ উত্তরোত্তরাভিবৃদ্ধি এবং অব্যভিচারিণী নীতি অর্থাৎ ন্যায় যে নিয়ত বিদ্যমান থাকিবে, ইহাই আমার নিশ্চিত বিশ্বাস। ইহার ভাবার্থ এই যে, যে পক্ষে স্বয়ং ভগবান্ মূর্ত্তি পরিগ্রহ করিয়া সারথিরূপে দণ্ডায়মান, এবং যে পক্ষে দেবাদিদেববিজয়ী নরদেব স্বর্গবিহারী ভূলোকত্রাস বীরোত্তম অর্জ্জুন অধিষ্ঠিত, সেই ধর্ম্মানুগত পাণ্ডবগণের পক্ষই যে পরিণামে বিজয়শ্রীতে বিভূষিত হইবে এবং উত্তরোত্তর বৃদ্ধি প্রাপ্ত হইয়া অব্যভিচারিণী ন্যায়ের মর্য্যাদা প্রতিষ্ঠিত করিবেন, তদ্বিষয়ে আমার কোনই সংশয় নাই।

সঞ্জয়ের এই সকল বাক্য আলোচনা করিয়া ইহাই উপলব্ধ হইতেছে যে, যে স্থানে উল্লিখিতরূপ অভাবনীয় সংযোগ সংঘটিত হইয়াছে, সে ক্ষেত্রে হে রাজন্ ধৃতরাষ্ট্র! তোমার পুত্রদিগের জয়ের কোনই আশা নাই। আমি তোমার বাসনা-পরতন্ত্র হইয়া এবং দিব্যশ্রোত্রাদি লাভ করিয়া জানিতে পারিয়াছি, তাহা যথাযথরূপে তোমার নিকট বিজ্ঞাপিত করিলাম। এখনও কি হে অন্ধরাজ! আপনার জ্ঞানচক্ষু উন্মীলিত হয় নাই? আপনি এখনও কি আপনার অবশ্যম্ভাবী অশুভ পরিণাম দর্শন করিতে পারিতেছেন না? অতঃপর আপনার পরম কারুণিক শ্রীকৃষ্ণের শরণাগত হইয়া বিহিত বিধানে পাণ্ডবগণকে প্রসন্ন করিয়া এবং যথাসর্ব্বস্ব তাঁহাদিগকে নিবেদন করিয়া স্বকীয় নন্দনগণের প্রাণরক্ষা করুন। ইহা ভিন্ন এক্ষণে আপনার পক্ষে আর কোনই কর্ত্তব্য থাকিতে পারে না। এই হিতৈষণামূলক সদ্বাক্যে সঞ্জয় গ্রন্থোপসংহার করিলেন।

এই শ্লোকোপলক্ষে পূজ্যপাদ শ্রীমৎশ্রীধরস্বামী মহোদয় লিখিয়াছেন

যে, যিনি ভগবদ্ভক্তিযুক্ত, তিনি সেই ভগবানের প্রসাদে আত্মবোধ লাভ করিয়া বন্ধবিমুক্তি সুখভোগ করিয়া থাকেন ; ইহাই গীতার্থ সংগ্রহ। এই পুণ্য গ্রন্থমধ্যে ভগবান্ বলিয়াছেন, "পুরুষঃ সঃ পরঃ পার্থ ভক্ত্যা লভ্যস্ত্বনন্যয়া। ভক্ত্যাত্বনন্যয়া শক্য অহমেবম্বিধোঽর্জ্জুন!" (৮।২২,১১।৫৪) একান্ত ভগবদ্ভক্তিই মোক্ষের হেতুস্বরূপ। শ্রীভগবানের প্রসাদোত্থ জ্ঞান একান্ত ভক্তির সহিত যুক্ত হইলেই মোক্ষের হেতু হইয়া থাকে। জ্ঞান যে ভক্তিরই অন্তর্ব্যাপার স্বরূপ, তাহা ভগবান্ স্বয়ংই বলিয়াছেন ; "তেষাং সততযুক্তানাং ভজতাং প্রীতিপূর্ব্বকং। দদামি বুদ্ধিযোগং তং যেন মামুপযান্তি তে।" (১০।১০) "মদ্ভক্ত এতদ্বিজ্ঞায় মদ্ভাবায়োপপদ্যতে।" (১৩।১৮) ইত্যাদি। জ্ঞানই ভক্তি, এরূপ মীমাংসা যুক্তিযুক্ত নহে। "সমঃ সর্ব্বেষু ভূতেষু মদ্ভক্তিং লভতে পরাং।" (১৩।২৭) "ভক্ত্যা মামভিজানাতি" (১৮।৫৫) ইত্যাদি স্থলে যে ভেদদর্শন রহিয়াছে, জ্ঞানই ভক্তি হইলে তাহা থাকিত না। "তমেব বিদিত্বাতিমৃত্যুমেতি নান্যঃ পন্থা বিদ্যতেঽয়নায়।" (১২৯৭ পৃষ্ঠার তাৎপর্য্য দ্রষ্টব্য) এই শ্রুতি বাক্যের সহিত কোন বিরোধও শঙ্কনীয় নহে। যেমন কাষ্ঠ পাক করিতেছে বলিলে অগ্নি এবং কাষ্ঠ উভয়েরই সাধনত্ব বিজ্ঞাপিত হয়, তদ্রূপ জ্ঞান ভক্তির অন্তর ব্যাপারত্ব হেতু ভক্তিরই প্রাধান্য কীর্ত্তিত হইল। অপিচ, "যস্য দেবে পরাভক্তিঃ" (১৬৬৭।২৩৫১ পৃষ্ঠার তাৎপর্য্য দ্রষ্টব্য) "দেহান্তে দেবঃ পরং ব্রহ্ম তারকং ব্যাচষ্টে" (২,৭২ পৃষ্ঠার তাৎপর্য্য দ্রষ্টব্য) "যমেবৈষ বৃণুতে তেন লভ্যঃ" (১৫১৬ পৃষ্ঠার তাৎপর্য্য দ্রষ্টব্য) ইত্যাদি শ্রুতি স্মৃতি পুরাণ বচনের সহিত সামঞ্জস্য লক্ষিত হইতেছে। অতএব ইহাই প্রতিপন্ন হইল যে, ভক্তিই মোক্ষের হেতু ॥ ৭৮ ॥

পূজ্যপাদ শ্রীমৎশ্রীধরস্বামীর উপসংহার বাক্য। ভগবৎপ্রদত্ত বুদ্ধি অনুসারে আমি তাঁহারই প্রণীত গীতাশাস্ত্রের বিবৃতি করিলাম, ইহাতে সেই পরমানন্দস্বরূপ শ্রীমাধব প্রীত হউন। সচ্চিদানন্দস্বরূপ শ্রীভগবানের শ্রীচরণরেণুধারী যতি শ্রীধরস্বামী কর্ত্তৃক এই গীতার্থবোধিনী রচিত হইল, শ্রীগুরুর কৃপামৃত দৃষ্টি ব্যতীত কেবল স্বীয় প্রগল্‌ভতা দ্বারা গীতাশাস্ত্রকে আলোড়িত করিয়া কি তদন্তর্গত তত্ত্ব লাভ করা যায় ? সৎকর্ণধার ব্যতীত মানব কেবল নিজের অঞ্জলিদ্বারা জলধির জলরাশি সেচন

করিয়া তন্মধ্যস্থিত মণি আহরণে অভিলাষী হইলে সে কি সেই আবর্ত্ত মধ্যে নিমগ্ন হয় না ?

পূজ্যপাদ শ্রীমদ্বলদেব বিদ্যাভূষণের উপসংহার বাক্য। বহু উপায় থাকিলেও দাস্যপূর্ব্বিকা প্রপত্তি অর্থাৎ ভগবানের শরণ গ্রহণ তাঁহার ক্ষিপ্র প্রসন্নতা অর্জ্জনে সমর্থ, ইহাই অষ্টাদশাধ্যায়ে ব্যাখ্যাত হইল। যিনি সারথ্য গ্রহণ করিয়াছেন, এবং যিনি অনন্ত সদ্‌গুণ দ্বারা বেষ্টিত, তিনিই পরম তত্ত্ব, ইহাই এই গীতা শাস্ত্রে বিবৃত হইয়াছে। যাঁহার ইচ্ছারূপ তরণী অবলম্বন করিয়া এই অপার গীতাসমুদ্রে অবতরণ করিয়াছি এবং অধুনা তন্মধ্যস্থিত বিবিধ বিচিত্র রত্নসমূহ প্রাপ্ত হইয়া নিরতিশয় আনন্দে বিহ্বল হওয়ায় উঠিতে সমর্থ হইতেছি না, সেই লীলাময় নন্দনন্দন আমার চিরপ্রিয় হউন। বিদ্যাভূষণোপাধিধারী আমার কর্ত্তৃক বহু যত্নে শ্রীমদ্গীতা-ভূষণ নামক এই ভাষ্য বিরচিত হইল, শ্রীগোবিন্দের প্রেমমাধুর্য্যাস্বাদ-লুব্ধ সাধুগণ করুণা পূর্ব্বক ইহার শোধন বিধান করুন।

পূজ্যপাদ শ্রীমন্মধুসূদন সরস্বতীর উপসংহার বাক্য। বংশীধারী নব জলধরকায় পীতাম্বরধারী পক্কবিম্বফলতুল্য ওষ্ঠাধরশালী পূর্ণচন্দ্রসদৃশ সুন্দর বদনশোভিত পদ্মপলাশলোচন শ্রীকৃষ্ণ ব্যতীত আর কোন তত্ত্বই আমি জানি না। যিনি কাণ্ডত্রয়াত্মক অর্থাৎ ত্রিষট্‌কবিশিষ্ট এই গীতা শাস্ত্র প্রণয়ন করিয়াছেন, গ্রন্থের আদি, মধ্য এবং অন্তষট্‌কে সেই ভগবানকে নমস্কার করি। মহাভারতে শ্রীগোবিন্দের মুখপদ্মের মধুধারা সুস্বাদু এই গীতাশাস্ত্র মহাত্মা ব্যাস কর্ত্তৃক বিরচিত হইয়াছে, এবং তাঁহা ভগবান্ শঙ্করাচার্য্য কর্ত্তৃক ব্যাখ্যাত হইয়াছে; মধুসূদন নামা মুনি এক্ষণে স্বীয় জ্ঞানশুদ্ধির নিমিত্ত পুনরায় সুস্পষ্টভাবে তাহাকে ব্যাখ্যাত করিয়াছে। ইহাতে মনোবিমোহনকারী যে আনন্দঘন সনাতন বিদ্যমান, তিনিই ইহার গুণ এবং দোষের বিধায়ক; কারণ এই ব্যক্তি অর্থাৎ আমি তৃণতুল্য, আমার কোনই ক্ষমতা নাই। শ্রীরাম, বিশ্বেশ্বর এবং মাধব, এই গুরুগণের প্রসাদে আমি এই সহজবোধ্য ব্যাখ্যা করিতে সমর্থ হইয়াছি; এক্ষণে তাঁহাদেরই চরণকমলে আমি ইহা সমর্পণ করিলাম।

অষ্টাদশ অধ্যায়ের তাৎপর্য্য সমাপ্ত।

যামুন মুনি।—ঈশ্বরে কর্ত্তৃতাবুদ্ধিঃ সত্ত্বোপাদেয়তান্তিমে। স্বকর্ম্মপরিণামশ্চ শাস্ত্রসারার্থ উচ্যতে॥ কর্ম্মযোগস্তপস্তীর্থদানযজ্ঞাদি সেবনং। জ্ঞানযোগো জিতস্বান্তৈঃ পরিশুদ্ধাত্মনি স্থিতিঃ॥ ভক্তিযোগঃ পরৈকান্ত্যপ্রীত্যাধ্যানাদিষু স্থিতিঃ। ত্রয়াণামপি যোগানাং ত্রিভিরন্যোন্যসঙ্গমঃ॥ নিত্যনৈমিত্তিকানাং চ পরারাধনরূপিণাং। আত্মদৃষ্টেস্ত্রয়োঽপ্যেতে যোগদ্বারেণ সাধকাঃ॥ নিরস্তনিখিলাজ্ঞানো দৃষ্ট্বাত্মানং পরানুগং। প্রতিলভ্য পরাং ভক্তিং তয়ৈবাপ্নোতি তৎপদং॥ ভক্তিযোগস্তদর্থী চেৎ সমগ্রৈশ্বর্য্যসাধনং। আত্মার্থী চেত্ত্রয়োঽপ্যেতে তৎকৈবল্যস্য সাধকাঃ॥ ঐকান্ত্যং ভগবত্যেষাং সমানমধিকারিণাং। যাবৎপ্রাপ্তিপরার্থী চেৎ তদেবাত্যন্তমশ্নুতে॥ জ্ঞানী তু পরমৈকান্তী তদায়ত্তাত্মজীবনঃ। তৎসংশ্লেষবিয়োগৈকসুখদুঃখস্তদেকধীঃ॥ ভগবদ্ধ্যানযোগোক্তিবন্দনস্তুতিকীর্ত্তনৈঃ। লব্ধাত্মা তদগতপ্রাণমনোবুদ্ধীন্দ্রিয়ক্রিয়ঃ॥ নিজকর্ম্মাদি ভক্ত্যন্তং কুর্য্যাৎ প্রীত্যৈব কারিতঃ। উপায়তাং পরিত্যজ্য ন্যসেদ্দেবে তু তামতীঃ॥ ঐকান্ত্যাত্যন্তদাস্যৈকরতিস্তৎপদমাপ্নুয়াৎ। তৎপ্রধানমিদংশাস্ত্রমিতিগীতার্থসংগ্রহঃ॥

ইতি শ্রীভগবদ্যামুনমুনিপ্রণীতঃ শ্রীমদ্গীতার্থসংগ্রহঃ সম্পূর্ণঃ।

তাৎপর্য্য।—অন্তিমে অর্থাৎ অষ্টাদশাধ্যায়ে, ঈশ্বরে কর্ত্তৃত্ব অর্পণস্বরূপ বুদ্ধি, সত্ত্বগুণের শ্রেষ্ঠতা বিষয়ক জ্ঞান এবং হিতাহিত সকলই স্বকীয় কর্ম্মের পরিণাম স্বরূপ, ইহাই সমগ্র গীতাশাস্ত্রের সারার্থরূপে নির্দ্দিষ্ট হইতেছে। তপশ্চর্য্যা, তীর্থাটন, দান, এবং যজ্ঞাদির অনুষ্ঠানই কর্ম্মযোগ। স্বকীয় অন্তঃকরণ দ্বারা আয়ত্তীকৃত, পরিশুদ্ধ আত্মায় অবস্থানই জ্ঞানযোগ। সকলের প্রতি একান্ত প্রীতিযুক্ত হইয়া ধ্যানাদিতে নিরত থাকাই ভক্তিযোগ। উল্লিখিত কর্ম্মযোগ, জ্ঞানযোগ ও ভক্তিযোগ এই তিনের সমবায়ে, অপিচ পরব্রহ্মের আরাধনরূপ নিত্যনৈমিত্তিকাদি কর্ম্মের পরিপাকে সাধকগণ যোগরূপ দ্বার দ্বারা আত্মদৃষ্টি সম্পন্ন হইয়া থাকেন। তখন পরমাত্মার অনুগত অর্থাৎ পরমাত্মবিষয়ক বোধসম্পন্ন আত্মজ্ঞান লাভ করিয়া তাঁহাদিগের নিখিল অজ্ঞান বিনষ্ট হইয়া থাকে। তদনন্তর পরাভক্তি লাভ করিয়া পরমেশ্বরের অনুগ্রহে সাধুগণ পরমপদ প্রাপ্ত হইয়া থাকেন। সাধক যদি কেবল তদর্থী অর্থাৎ তৎপদ প্রাপ্তির অভিলাষী হন, তাহা হইলে ভক্তিযোগ সমগ্র ঐশ্বর্য্য প্রাপ্তির সাধনরূপ হইবে। আর যদি তিনি আত্মার্থী অর্থাৎ আত্মাববোধের কামনাযুক্ত হন, তাহা হইলে কর্ম্মযোগ, ভক্তিযোগ এবং জ্ঞানযোগ এই তিনই তাঁহার কৈবল্য সাধনের সহায় হইবে। উল্লিখিতরূপ অধিকারিদিগের পক্ষে প্রাপ্তিকাল পর্য্যন্ত ভগবানে সমান নিষ্ঠার প্রয়োজন। যদি সাধক পরার্থী হন, তাহা হইলে তাঁহার অত্যন্ত ভক্তিষ্ঠ হওয়া আবশ্যক। কিন্তু জ্ঞানিগণ পরম ঐকান্তী; কারণ তাঁহাদিগের জীবন তদায়ত্ত। তাঁহার সংশ্লেষ এবং বিয়োগ দ্বারা জ্ঞানিগণ সুখদুঃখ বিষয়ে সমানবুদ্ধি সম্পন্ন। শ্রীভগবানের ধ্যানযোগ, বন্দন, স্তুতি এবং কীর্ত্তন দ্বারা তাঁহারা আত্মজ্ঞান লাভ করিয়া থাকেন, এবং তাঁহাদিগের প্রাণ, মন, বুদ্ধি ও ইন্দ্রিয়ের ক্রিয়াসমূহ তদগত হইয়া থাকে। যাঁহারা ভগবৎ প্রীতিকামনা করিবেন, তাঁহারা নিজকর্ম্মাদি অত্যন্ত ভক্তি সহকারে অনুষ্ঠান

করিবেন। কোনদিকে দৃষ্টিপাত না করিয়া অবিকৃতচিত্তে তাঁহারই শরণাগত হওয়া আবশ্যক। শ্রীভগবানের একান্ত এবং অত্যন্তদাসত্বে রতি হইলেই তৎপদ প্রাপ্তি হইয়া থাকে। সেই ভক্তির তত্ত্ব প্রধানতঃ এই গীতাশাস্ত্রে আলোচিত হইয়াছে। ইহাই গীতার্থ সংগ্রহ।

☞ এই অধ্যায়ের 'পরমার্থনির্ণয়' নামও দৃষ্ট হয়।

—০:(:০:):০—

ইতি শ্রীমদ্ভরদ্বাজর্ষি-গোত্র-সম্ভূত. কোবিদকুল-দিবাকর-মুনিসত্তম-শ্রীমৎ-শ্রীহর্ষদেব-বংশোদ্ভব, জ্ঞান-পাণ্ডিত্য-বিভূষিত-অবধূত-গণ-পরিবৃত, ব্রহ্মাত্মৈক্য-দর্শন-নিষ্ঠ-সাধকশ্রেষ্ঠ-বিদ্যা-বিজ্ঞানোজ্জ্বল-কলেবর-মহাপুরুষ-শিষ্য, ভগবদ্ভক্ত-চরণ-লোলুপ শ্রীমদ্দামোদরদেব-শর্ম্মকৃত "গীতাবোধ-বিবর্দ্ধিনী" সংস্কৃতব্যাখ্যা, ভাষাশব্দান্তর, ভাষাব্যাখ্যা, "গীতার্থসারদীপিকা" ভাষা তাৎপর্য্য ও বহুবিধ টিপ্পনী-সমেত তৎ-সম্পাদিত বহুলভাষ্য-টীকা সমন্বিত শ্রীশ্রীমদ্ভগবদ্গীতার তৃতীয় ষট্‌ক সমাপ্ত।

—(:০:)—

সমাপ্তোঽয়ংগ্রন্থঃ।

———

গীতাপাঠক্রমঃ।

———:০:———

ঋষি।—ওঁ অস্য শ্রীভগবদ্গীতামালামন্ত্রস্য ভগবান্ বেদব্যাস ঋষিঃ।

ছন্দ।—অনুষ্টুপ ছন্দঃ।

দেবতা।—শ্রীকৃষ্ণঃ পরমাত্মা দেবতা।

বীজ।—"অশোচ্যানন্বশোচস্ত্বং প্রজ্ঞাবাদাংশ্চ ভাষসে" ইতি বীজম্।

শক্তি।—"সর্ব্বধর্ম্মান্ পরিত্যজ্য মামেকং শরণং ব্রজ" ইতি শক্তিঃ।

কীলক।—"অহং ত্বাং সর্ব্বপাপেভ্যো মোক্ষয়িষ্যামি মা শুচ" ইতি
[illegible]কম্।

করন্যাস।—"নৈনং ছিন্দন্তি শস্ত্রাণি নৈনং দহতি পাবকঃ" ইত্যঙ্গুষ্ঠাভ্যাং
[illegible]ঃ। "ন চৈনং ক্লেদয়ন্ত্যাপো ন শোষয়তি মারুত" ইতি তর্জ্জনীভ্যাং
[illegible]ঃ। "অচ্ছেদ্যোঽয়মদাহ্যোঽয়মক্লেদ্যোঽশোষ্য এব চ" ইতি মধ্যমাভ্যাং
[illegible]ঃ। "নিত্যঃ সর্ব্বগতঃ স্থাণুরচলোঽয়ং সনাতন" ইত্যনামিকাভ্যাং নমঃ।
[illegible]শ্য মে পার্থ রূপাণি শতশোঽথ সহস্রশ" ইতি কনিষ্ঠিকাভ্যাং নমঃ।
[illegible]নাবিধানি দিব্যানি নানাবর্ণাকৃতীনি চ" ইতি করতলপৃষ্ঠাভ্যাং নমঃ।

হৃদয়াদিন্যাসঃ।—"নৈনং ছিন্দন্তি শস্ত্রাণি নৈনং দহতি পাবক" ইতি
[illegible]য়ায় নমঃ। "ন চৈনং ক্লেদয়ন্ত্যাপো ন শোষয়ন্তি মারুত" ইতি শিরসে
[illegible]।—"অচ্ছেদ্যোঽয়মদাহ্যোঽয়মক্লেদ্যোঽশোষ্য এব চ" ইতি শিখায়ৈ
[illegible]ট্। "নিত্যঃ সর্ব্বগতঃ স্থাণুরচলোঽয়ং সনাতন" ইতি কবচায় হুম্।
[illegible]শ্য মে পার্থ। রূপাণি শতশোঽথ সহস্রশ" ইতি নেত্রত্রয়ায় বৌষট্।
[illegible]নাবিধানি দিব্যানি নানাবর্ণাকৃতীনি চ" ইতি অস্ত্রায় ফট্। শ্রীকৃষ্ণ-
[illegible]ত্যর্থে পাঠে বিনিয়োগঃ।

ধ্যানম্।

ওঁ পার্থায় প্রতিবোধিতাং ভগবতা নারায়ণেন স্বয়ং
ব্যাসেন গ্রথিতাং পুরাণমুনিনা মধ্যে মহাভারতে।
অদ্বৈতামৃতবর্ষিণীং ভগবতীমষ্টাদশাধ্যায়িনী-
ম্ব! ত্বামনুসন্দধামি ভগবদ্গীতে! ভবদ্বেষিণীম্ ॥ ১ ॥

নমোঽস্তু তে ব্যাস! বিশালবুদ্ধে ফুল্লারবিন্দায়তপত্রনেত্র!।
যেন ত্বয়া ভারততৈলপূর্ণঃ প্রজ্বালিতো জ্ঞানময়ঃ প্রদীপঃ॥ ২॥
প্রপন্নপারিজাতায় তোত্রবেত্রৈকপাণয়ে।
জ্ঞানমুদ্রায় কৃষ্ণায় গীতামৃতদুহে নমঃ॥ ৩॥
সর্বোপনিষদো গাবো দোগ্ধা গোপালনন্দনঃ।
পার্থোবৎসঃ সুধীর্ভোক্তা দুগ্ধং গীতামৃতং মহৎ॥ ৪॥
বসুদেবসুতং দেবং কংসচাণুরমর্দ্দনম্।
দেবকীপরমানন্দং কৃষ্ণং বন্দে জগদ্গুরুম্॥ ৫॥
ভীষ্মদ্রোণতটা জয়দ্রথজলা গান্ধারনীলোৎপলা
শল্যগ্রাহবতী কৃপেণ বহনী কর্ণেন বেলাকুলা।
অশ্বত্থামবিকর্ণঘোরমকরা দুর্য্যোধনাবর্ত্তিনী.
সোত্তীর্ণা খলু পাণ্ডবৈ রণনদী কৈবর্ত্তকঃ কেশবঃ॥ ৬॥
পারাশর্য্যবচঃসরোজমমলং গীতার্থগন্ধোৎকটম্
নানাখ্যানককেসরং হরিকথাসম্বোধনাবোধিতম্।
লোকে সজ্জনষট্পদৈরহরহঃ পেপীয়মানং মুদা
ভূয়াদ্ভারতপঙ্কজং কলিমলপ্রধ্বংসিনঃ শ্রেয়সে॥ ৭॥
মূকং করোতি বাচালং পঙ্গুং লঙ্ঘয়তে গিরিম্।
যৎকৃপা তমহং বন্দে পরমানন্দমাধবম্॥ ৮॥
যং ব্রহ্মা বরুণেন্দ্ররুদ্রমরুতঃ স্তুন্বন্তি দিব্যৈঃ স্তবৈ-
র্বেদৈঃ সাঙ্গপদক্রমোপনিষদৈর্গায়ন্তি যং সামগাঃ।
ধ্যানাবস্থিততদ্গতেন মনসা পশ্যন্তি যং যোগিনো
যস্যান্তং ন বিদুঃ সুরাসুরগণা দেবায় তস্মৈ নমঃ॥ ৯॥

গীতামাহাত্ম্য।

ওঁ নমো ভগবতে বাসুদেবায়।

[গীতা পাঠের সঙ্গে সঙ্গেই গীতামাহাত্ম্য পাঠ করা আবশ্যক। এইজন্য গীতামাহাত্ম্য মূল গ্রন্থের অঙ্গবিশেষরূপে পরিগণিত। এই গীতামাহাত্ম্য বৈষ্ণবীয় তন্ত্রশাস্ত্রের অন্তর্গত শৌনকাদি ঋষিগণের প্রার্থনা ক্রমে মহামতি সূত এই মাহাত্ম্য কীর্ত্তন করিয়াছিলেন। এ মাহাত্ম্যের পূর্ব্বে ভগবান্ বাদরায়ণি বেদব্যাস অন্যরূপে গীতা মাহাত্ম্য পরিব্যক্ত করিয়াছিলেন কিন্তু ঋষিগণ তাহা পুনরায় স্মৃতিপথে আনয়ন করিতে না পারিয়া অথবা সকলে যথাকা তাহা শ্রবণ করিবার সুযোগ না পাইয়া পুনরায় তদ্বৃত্তান্ত শ্রবণ করিবার অভিলাষে শাস্ত্র ব্যাখ্যাতা সূতকে অনুরোধ করিলেন। তাঁহাদিগের অনুরোধ-পরতন্ত্র সূত সমালোচ্য গী মাহাত্ম্য পরিব্যক্ত করিয়া জগতের পরম হিতসাধন করিয়াছেন।]

গীতায়াশ্চৈব মাহাত্ম্যং যথাবৎ সূত ! মে বদ।
পুরা নারায়ণক্ষেত্রে ব্যাসেন মুনিনোদিতং ॥ ১ ॥
ভদ্রং ভগবতা পৃষ্টং যদ্ধি গুপ্ততমং পরং।
শক্যতে কেন তদ্বক্তুং গীতামাহাত্ম্যমুত্তমং ॥ ২ ॥
কৃষ্ণো জানাতি বৈ সম্যক্ কিঞ্চিৎ কুন্তীসুতঃ ফলং।
ব্যাসো বা ব্যাসপুত্রো বা যাজ্ঞবল্ক্যোঽথ মৈথিলঃ ॥ ৩ ॥

শৌনকাদি ঋষিগণ কহিলেন, হে সূত! পুরাকালে নারায়ণ-ক্ষেত্রে ভগবান্ বেদব্যাস কর্ত্তৃক যেরূপ গীতা মাহাত্ম্য পরিব্যক্ত হইয়াছিল, আপনি এক্ষণে তাহা যথাবথরূপে [illegible] করুন ॥ ১ ॥

সূত কহিলেন, হে ভগবন্! আপনারা উত্তম প্রশ্ন উত্থাপন করিয়াছেন। ইহা পরম [illegible] এ কারণ সেই উত্তম গীতা মাহাত্ম্য পরিব্যক্ত করিতে কাহার সাধ্য আছে? ॥ ২ ॥

কেবল ভগবান্ কৃষ্ণই গীতা মাহাত্ম্য সম্যগ্‌রূপে জ্ঞাত আছেন। কুন্তীনন্দন [illegible] অপিচ ব্যাস বা ব্যাসপুত্র শুকদেব, যাজ্ঞবল্ক্য এবং রাজর্ষি মৈথিল জনক ইহার কিঞ্চিৎ [illegible] অবগত আছেন ॥ ৩ ॥

অন্যে শ্রবণতঃ শ্রুত্বা লেশং সংকীর্ত্তয়ন্তি চ।
তস্মাৎ কিঞ্চিদ্বদাম্যত্র ব্যাসস্যাস্যান্ময়া শ্রুতং ॥ ৪ ॥
সর্ব্বোপনিষদো গাবো দোগ্ধা গোপালনন্দনঃ।
পার্থোবৎসঃ সুধীর্ভোক্তা দুগ্ধং গীতামৃতং মহৎ ॥ ৫ ॥
সারথ্যমর্জ্জুনস্যাদৌ কুর্ব্বন্ গীতামৃতং দদৌ।
লোকত্রয়োপকারায় তস্মৈ কৃষ্ণাত্মনে নমঃ ॥ ৬ ॥
সংসারসাগরং ঘোরং তর্ত্তুমিচ্ছতি যোনরঃ।
গীতা-নাবং সমাসাদ্য পারং যাতি সুখেন সঃ ॥ ৭ ॥
গীতাজ্ঞানং শ্রুতং নৈব সদৈবাভ্যাসযোগতঃ।
মোক্ষমিচ্ছতি মূঢ়াত্মা যাতি বালকহাস্যতাং ॥ ৮ ॥
যে শৃণ্বন্তি পঠন্ত্যেব গীতাশাস্ত্রমহর্নিশং।
ন তে বৈ মানুষা জ্ঞেয়া দেবরূপা ন সংশয়ঃ ॥ ৯ ॥

অন্যান্য অনেকে কেবল অপরের নিকট শ্রবণ করিয়া এই গীতা মাহাত্ম্যের কিঞ্চিৎ অংশ মাত্র কীর্ত্তন করিয়া থাকেন। অতএব আমিও ভগবান্ বেদব্যাসের মুখ হইতে গীতা মাহাত্ম্য যেরূপ শ্রবণ করিয়াছি, তাহারই কিঞ্চিন্মাত্র এস্থলে ব্যাখ্যা করিতেছি ॥ ৪ ॥

সর্ব্ব প্রকার উপনিষদ্ গাভীস্বরূপ, গোপালনন্দন নন্দগোপাত্মজ ভগবান্ শ্রীকৃষ্ণ সেই গাভীর দোহনকর্ত্তা, তৃতীয় পাণ্ডব পার্থ সেই গাভীর বৎস, গীতামৃত দুগ্ধ স্বরূপ, নির্ম্মলবুদ্ধি সুধীগণ সেই দুগ্ধের ভোক্তা ॥ ৫ ॥

যে পরম করুণাময় ভগবান্ প্রথমে অর্জ্জুনের সারথ্য গ্রহণ করিয়া লোকত্রয়ের উপকারের নিমিত্ত গীতারূপ অমৃত দান করিয়াছেন, সেই পরমাত্মা শ্রীকৃষ্ণকে নমস্কার ॥ ৬ ॥

যে মানব এই ঘোর অর্থাৎ বিবিধ বিপদ্-সঙ্কুল সংসার-সাগর হইতে উদ্ধার পাইতে ইচ্ছা করেন, তিনি গীতারূপ নৌকায় আশ্রয় গ্রহণ করিলে সুখে পার হইয়া যাইবেন। ইহার ভাবার্থ এই যে, এই গীতারূপ পরম শাস্ত্রের শরণাগত হইলে অনায়াসেই জ্ঞাননেত্র উন্মীলিত হইয়া থাকে, সুতরাং সংসারবন্ধন অতি সহজেই ছিন্ন হইয়া যায় ॥ ৭ ॥

যে ব্যক্তি সর্ব্বদা অভ্যাসযোগ সহকারে গীতার জ্ঞানতত্ত্ব শ্রবণ করে নাই, সেই মূঢ় মানব মুক্তি লাভের আকাঙ্ক্ষা করিলে বালকের নিকটেও উপহাসাস্পদ হইয়া থাকে। ইহার তাৎপর্য এই যে, নিরন্তর অভ্যাস সহকারে গীতার আলোচনা ব্যতীত সম্যক্ তত্ত্বজ্ঞানের আশা নাই ॥ ৮ ॥

যাঁহারা অহর্নিশ গীতাশাস্ত্র শ্রবণ ও পাঠ করিয়া থাকেন, তাঁহাদিগকে মনুষ্যরূপে মনে করা উচিত নহে; তাঁহারা দেবস্বরূপ, ইহাতে সন্দেহ নাই ॥ ৯ ॥

গীতাজ্ঞানেন সম্বোধং কৃষ্ণঃ প্রাহার্জ্জুনায় বৈ।
ভক্তিতত্ত্বং পরং তত্র সগুণং চাথনির্গুণং ॥ ১০ ॥
সোপানাষ্টাদশৈরেবং ভক্তিমুক্তিসমুচ্ছ্রিতৈঃ।
ক্রমশশ্চিত্তশুদ্ধিঃ স্যাৎ প্রেমভক্ত্যাদিকর্ম্মসু ॥ ১১ ॥
সাধোর্গীতাম্ভসি স্নানং সংসারমলনাশনং।
শ্রদ্ধাহীনস্য তৎ কার্য্যং হস্তিস্নানং বৃথৈব তৎ ॥ ১২ ॥
গীতায়াশ্চ ন জানাতি পঠনং নৈব পাঠনং।
স এব মানুষে লোকে মোঘকর্ম্মকরো ভবেৎ ॥ ১৩ ॥
যস্মাদ্গীতাং ন জানাতি নাধমস্তৎপরো জনঃ।
ধিক্ তস্য মানুষং দেহং বিজ্ঞানং কুলশীলতাং ॥ ১৪ ॥

যে গীতারূপ জ্ঞানদ্বারা ভগবান্ শ্রীকৃষ্ণ মোহাচ্ছন্ন অর্জ্জুনকে প্রবোধ বাক্য প্রয়োগ করিয়াছিলেন, তাহাতে সগুণ অথবা নির্গুণ পরম ভক্তিতত্ত্ব বিন্যস্ত আছে। ইহার তাৎপর্য্য এই যে, অর্জ্জুনকে উপলক্ষ্য করিয়া শ্রীভগবান্ গীতারূপ যে তত্ত্ব কথার অবতারণা করিয়াছেন, তাহা অধিকারী ভেদে সগুণ বা নির্গুণ ভাবে গ্রহণীয় ॥ ১০ ॥

এই গীতারূপ পরম সৌধের ভক্তিমুক্তি-সমলঙ্কৃত অষ্টাদশ অধ্যায় অষ্টাদশ সোপানস্বরূপ। সেই সোপান পরম্পরা দ্বারা প্রেম ভক্ত্যাদি কর্ম্মানুষ্ঠান সহকারে ক্রমে ক্রমে চিত্তশুদ্ধি হইয়া থাকে। অর্থাৎ গীতার অধ্যায়নিচয়ে যেরূপ প্রেম ভক্তি প্রভৃতি কর্ম্মের ব্যবস্থা নিবদ্ধ হইয়াছে তাহার অনুসরণ করিলে সাধক ধীরে ধীরে চিত্তশুদ্ধিরূপ পরম ফল প্রাপ্ত হইয়া থাকেন ॥ ১১ ॥

গীতারূপ জলাশয়ে সজ্জনগণ স্নান করিলে সংসার-বন্ধনরূপ মলনির্ম্মুক্ত হইয়া থাকেন। কিন্তু শ্রদ্ধা বিহীন ব্যক্তির তাদৃশ কার্য্য হস্তিস্নানের ন্যায় বৃথা হইয়া থাকে। ইহার তাৎপর্য্য এই যে, হস্তী সরোবরে স্নান করিয়া নির্ম্মলদেহ হইয়াও সঙ্গে সঙ্গে বিবিধ ধূলি কর্দ্দমাদি দ্বারা নিজ-দেহ আচ্ছন্ন করিয়া থাকে। যে ব্যক্তির হৃদয় শ্রদ্ধা বিরহিত, সে গীতা সরোবরে অবগাহন করিলেও অবিলম্বে কাম ক্রোধাদি মলিনতায় আবৃত হইয়া পড়ে। কিন্তু যিনি প্রকৃত সাধু অর্থাৎ যাঁহার হৃদয় তত্ত্বাববোধের উপযোগী হইয়াছে, তিনি গীতারূপ সুপবিত্র সলিলে অবগাহন করিলে সঙ্গে সঙ্গে সর্ব্বপ্রকার মলিনতা বিহীন হইয়া থাকেন ॥ ১২ ॥

যে ব্যক্তি গীতা পাঠ করিতে জানে না অথবা গীতা পাঠ করাইতে জানে না, এই মনুষ্য-লোকে সেই ব্যক্তি বৃথা কর্ম্মের অনুসরণ করে, অর্থাৎ তাহার সমস্তই পণ্ড হয় এবং তাহার সমস্ত কামনাই ব্যর্থ হইয়া থাকে। ১৩ ॥

অতএব যে ব্যক্তি গীতা অর্থাৎ গীতার তত্ত্ব জানে না, তাহার অপেক্ষা অধম মনুষ্য আর

গীতার্থং ন বিজানাতি নাধমস্তৎপরোজনঃ।
ধিক্ শরীরং শুভং শীলং বিভবস্তদ্‌গৃহাশ্রমং ॥ ১৫ ॥
গীতাশাস্ত্রং ন জানাতি নাধমস্তৎপরোজনঃ।
ধিক্ প্রারব্ধং প্রতিষ্ঠাঞ্চ পূজাং মানং মহত্তমং ॥ ১৬ ॥
গীতাশাস্ত্রে মতির্নাস্তি সর্ব্বং তন্নিষ্ফলং জগুঃ।
ধিক্ তস্য জ্ঞানদাতারং ব্রতং নিষ্ঠাং তপোযশঃ ॥ ১৭ ॥
গীতার্থপঠনং নাস্তি নাধমস্তৎপরোজনঃ।
গীতাগীতং ন যজ্‌জ্ঞানং তদ্বিদ্যাসুরসম্মতং ॥ ১৮ ॥
তন্মোঘং ধর্ম্মরহিতং বেদবেদান্তগর্হিতং।
তস্মাদ্ধর্ম্মময়ী গীতা সর্ব্বজ্ঞানপ্রযোজিকা।
সর্ব্বশাস্ত্রসারভূতা বিশুদ্ধা সা বিশিষ্যতে ॥ ১৯ ॥

কেহই হইতে পারে না। তাহার মনুষ্য দেহকেই ধিক্ এবং তাহার বিজ্ঞান, কুল, শীল সকলকেই ধিক! ॥ ১৪ ॥

যে ব্যক্তি মনুষ্যদেহ ধারণ করিয়া গীতার অর্থ পরিজ্ঞাত হয় নাই তাহার অপেক্ষা অধম আর কেহই হইতে পারে না; তাহার শরীর, কল্যাণ, সদাচার, ধনসম্পত্তি ও গৃহাশ্রমকে ধিক্! ॥ ১৫ ॥

যে ব্যক্তি গীতাশাস্ত্র অবগত নহে তাহার অপেক্ষা অধম আর কেহই হইতে পারে না। তাহার প্রারব্ধ, প্রতিষ্ঠা, মান, সম্ভ্রম ও মহত্বকে ধিক্! ॥ ১৬ ॥

যাহার গীতাশাস্ত্রে মতি অর্থাৎ অনুরাগ নাই, তাহার সমস্ত অনুষ্ঠানই নিষ্ফল হইয়া থাকে। তাহার জ্ঞানদাতাকে ধিক্, তাহার ব্রত, নিষ্ঠা, তপস্যা ও যশকেও ধিক্। এতাবতা ইহাই প্রতিপন্ন হইতেছে যে, মনুষ্য দেহ ধারণ করিয়া যে ব্যক্তি গীতার তত্ত্ব অবগত হয় না, গীতার তাৎপর্য্য প্রণিধান করে না এবং গীতাশাস্ত্রের প্রতি অনুরক্ত হয় না, তাহার জীবন কেবল বিড়ম্বনাময়; তাহার সকল অনুষ্ঠান এবং সর্ব্বপ্রকার সুখৈশ্বর্য্য মনুষ্যসমাজে ধিক্কৃত হইয়া থাকে ॥ ১৭ ॥

যে ব্যক্তি গীতার্থ পাঠ করে নাই তাহার অপেক্ষা অধম আর কেহ হইতে পারে না। যে জ্ঞানতত্ত্ব গীতামধ্যে গীত অর্থাৎ পরিব্যক্ত হয় নাই, সেই বিদ্যা অসুরসম্মত অর্থাৎ ধর্ম্মদ্রোহী কদাচার অসুরগণের অনুমোদিত, সুতরাং সৎপথাবলম্বিগণের কখনই গ্রহণীয় নহে ॥ ১৮ ॥

যোঽধীতে বিষ্ণুপর্ব্বাহে গীতাং শ্রীহরিবাসরে।
স্বপন্ জাগ্রন্ চলংস্তিষ্ঠন্ শত্রুভির্ন স হীয়তে ॥ ২০ ॥
শালগ্রামে শিলায়াং বা দেবাগারে শিবালয়ে।
তীর্থে নদ্যাং পঠেদ্গীতাং সৌভাগ্যং লভতে ধ্রুবম্ ॥ ২১ ॥
দেবকীনন্দনঃ কৃষ্ণো গীতাপাঠেন তুষ্যতি।
যথা ন বেদৈর্দানেন যজ্ঞতীর্থব্রতাদিভিঃ ॥ ২২ ॥
গীতাধীতা চ যেনাপি ভক্তিভাবেন চেতসা।
বেদশাস্ত্রপুরাণানি তেনাধীতানি সর্ব্বশঃ ॥ ২৩ ॥

সেই আসুরী বিদ্যা নিষ্ফল, ধর্ম্ম বিগর্হিত এবং বেদ-বেদান্ত-শাস্ত্র বিরুদ্ধ। অতএব ইহাই অবধারণ করিতে হইবে যে, ধর্ম্মময়ী গীতা যাবতীয় জ্ঞানের প্রযোজিকা, অর্থাৎ সকল প্রকার জ্ঞান ইহা হইতে উদ্ভূত হইতেছে। এই গীতা সর্ব্বশাস্ত্রের সারভূতা, বিশুদ্ধা এবং প্রধানা ॥ ১৯ ॥

যে ব্যক্তি শ্রীবিষ্ণুর বিশেষ বিশেষ পর্ব্বদিবসে এবং শ্রীহরিবাসরে অর্থাৎ একাদশীতে গীতা পাঠ করেন, তিনি স্বপ্নকালে অর্থাৎ নিদ্রাবস্থায় বা জাগরণ কালে, গমন কালে বা স্থিরাবস্থান-কালে কোন অবস্থাতেই শত্রু কর্ত্তৃক পীড়িত বা ভয়-প্রাপ্ত হন না। ইহার ভাবার্থ এই যে, শ্রীহরির বিশেষ বিশেষ পর্ব্বদিনে সজ্জনের চিত্ত স্বভাবতঃ ভগবদ্মুখী হইয়া থাকে। তত্তৎকালে শ্রীভগবানের মুখারবিন্দ-নিঃসৃত এই পরম তত্ত্বের আলোচনা করিলে সকল বিঘ্ন-বিনাশন ভবভয়হারী ভগবানে সহজেই চিত্তসন্নিবেশ সংঘটিত হয়। সেরূপ অবস্থায় তুচ্ছ সাংসারিক ভয় তিরোহিত হইবে ইহাতে বিচিত্রতা কি? ॥ ২০ ॥

যে ব্যক্তি শালগ্রাম শিলা সমীপে বা অন্য কোন দেবালয়ে বা শিবমন্দিরে, তীর্থস্থানে অথবা নদীতটে গীতা পাঠ করিয়া থাকেন, তিনি নিশ্চয়ই সৌভাগ্য লাভ করেন। ইহার ভাবার্থ এই যে, পবিত্র স্থানমাহাত্ম্যে চিত্ত স্বতঃ ধর্ম্মোন্মুখ হইয়া থাকে, সুতরাং পবিত্র স্থানে গীতাপাঠ দ্বারা সকল সৌভাগ্যের সারস্বরূপ জ্ঞানরূপ অতুলনীয় সৌভাগ্য যে সমুদিত হইবে তাহাতে সন্দেহ কি? ॥ ২১ ॥

গীতা পাঠ দ্বারা দেবকীনন্দন শ্রীকৃষ্ণকে যেরূপ পরিতুষ্ট করা যায়, বেদপাঠ, দান, যজ্ঞ, তীর্থভ্রমণ ও ব্রতানুষ্ঠানাদি দ্বারা সেরূপ করিতে পারা যায় না। অর্থাৎ উল্লিখিত সৎকর্ম্মসমূহ অপেক্ষাও ভগবৎপ্রসন্নতা লাভের পক্ষে গীতাপাঠই প্রশস্ত উপায় ॥ ২২ ॥

যে ব্যক্তি ভাবসমাবিষ্ট চিত্ত সহকারে গীতাশাস্ত্র পাঠ করিয়া থাকেন, তিনি বেদশাস্ত্রসমূহ পুরাণসমূহ সকলই পাঠ করিয়াছেন, অর্থাৎ সর্ব্বশাস্ত্র-অধ্যয়নজনিত ফল কেবল একমাত্র গীতা পাঠ দ্বারাই লব্ধ হইয়া থাকে ॥ ২৩ ॥

যোগস্থানে সিদ্ধপীঠে শিলাগ্রে সৎসভাসু চ।
যজ্ঞে চ বিষ্ণুভক্তাগ্রে পঠন্ সিদ্ধিং পরাং লভেৎ॥ ২৪॥
গীতাপাঠঞ্চ শ্রবণং যঃ করোতি দিনে দিনে।
ক্রতবো বাজিমেধাদ্যাঃ কৃতাস্তেন সদক্ষিণাঃ॥ ২৫॥
যঃ শৃণোতি চ গীতার্থং কীর্ত্তয়ত্যেব যঃ পরম্।
শ্রাবয়েচ্চ পরার্থং বৈ স প্রযাতি পরং পদম্॥ ২৬॥
গীতায়াঃ পুস্তকং শুদ্ধং যোঽর্পয়ত্যেব সাদরাৎ।
বিধিনা ভক্তিভাবেন তস্য ভার্য্যা প্রিয়া ভবেৎ॥ ২৭॥
যশঃ সৌভাগ্যমারোগ্যং লভতে নাত্র সংশয়ঃ।
দয়িতানাং প্রিয়ো ভূত্বা পরমং সুখমশ্নুতে॥ ২৮॥
অভিচারোদ্ভবং দুঃখং বরশাপাগতঞ্চ যৎ।
নোপসর্পতি তত্রৈব যত্র গীতার্চ্চনং গৃহে॥ ২৯॥

যোগস্থানে অর্থাৎ যোগের অনুকূল প্রদেশে অথবা বহু যোগীর সাধনা দ্বারা পবিত্রীকৃত স্থানে, সিদ্ধপীঠে, শালগ্রাম শিলার সম্মুখে, অথবা সাধুজনের সভা মধ্যে, যজ্ঞস্থলে কিংবা বিষ্ণুভক্তের সম্মুখে গীতা পাঠ করিলে পরম সিদ্ধি লব্ধ হইয়া থাকে॥ ২৪॥

যে ব্যক্তি প্রতিদিন গীতাপাঠ এবং শ্রবণ করিয়া থাকেন, তিনি দক্ষিণাসহকৃত অশ্বমেধাদি যজ্ঞানুষ্ঠান করিয়াছেন। ইহার ভাবার্থ এই যে, এতাদৃশ গীতাধ্যায়ী পরম ফলপ্রদ অশ্বমেধাদি যজ্ঞের ফলও প্রাপ্ত হইয়া থাকেন॥ ২৫॥

যে ব্যক্তি গীতার্থ শ্রবণ করেন এবং এই পরম শাস্ত্র কীর্ত্তন করেন, অপিচ অপরের হিতার্থ অন্যকে শ্রবণ করাইয়া থাকেন, তিনি পরম পদ প্রাপ্ত হন॥ ২৬॥

যে ব্যক্তি বিহিত সমাদর-সহকারে যথাবিধানে ভক্তিভাবযুক্ত হইয়া পরিশুদ্ধ গীতা পুস্তক অর্পণ অর্থাৎ দান করেন, তাঁহার প্রিয়া ভার্য্যা লাভ হইয়া থাকে॥ ২৭॥

এইরূপ গীতাদানকারী ব্যক্তি যশ, সৌভাগ্য ও আরোগ্য লাভ করিয়া থাকেন, ইহাতে কোন সংশয় নাই। অপিচ, তিনি পত্নীগণের প্রিয় হইয়া পরম সুখ উপভোগ করেন॥ ২৮॥

যে গৃহে গীতার অর্চ্চনা হইয়া থাকে, তথায় আভিচারিক ক্রিয়াজনিত বা বর কিংবা অভিসম্পাতজনিত দুঃখের কখনই উদ্ভব হয় না। ইহার ভাবার্থ এই যে, যে গৃহের অধিবাসিগণ পরম দেবতাজ্ঞানে গীতার অর্চ্চনা করিয়া থাকেন, লৌকিক ক্ষুদ্র কোন দুঃখই তাঁহাদিগকে অভিভূত করিতে পারে না, সুতরাং তাঁহাদিগের নিকটস্থ হয় না॥ ২৯॥

তাপত্রয়োদ্ভবা পীড়া নৈব ব্যাধির্ভবেৎ কচিৎ।
ন শাপো নৈব পাপঞ্চ দুর্গতির্নরকং নচ ॥ ৩০ ॥
বিস্ফোটকাদয়ো দেহে ন বাধন্তে কদাচন।
লভেৎ কৃষ্ণপদে দাস্যং ভক্তিঞ্চাব্যভিচারিণীম্ ॥ ৩১ ॥
জায়তে সততং সখ্যং সর্ব্বজীবগণৈঃ সহ।
প্রারব্ধং ভুঞ্জতো বাপি গীতাভ্যাসরতস্য চ।
স মুক্তঃ স সুখী লোকে কর্ম্মণা নোপলিপ্যতে ॥ ৩২ ॥
মহাপাপাতিপাপানি গীতাধ্যায়ী করোতি চেৎ।
ন কিঞ্চিৎ স্পৃশ্যতে তস্য নলিনীদলমম্ভসা ॥ ৩৩ ॥

অপিচ, সেই গৃহে তাপত্রয়জনিত পীড়া অথবা কোন ব্যাধি কখনই হয় না, এবং কোনরূপ অভিসম্পাৎ বা পাপজনিত দুর্গতি অথবা নরকও হয় না ॥ ৩০ ॥

সেই গৃহে অর্থাৎ গৃহবাসিদিগের দেহে বিস্ফোটকাদি কখনই কোন বাধা উৎপাদন করে না। তাদৃশ গৃহবাসিগণ ভগবান্ শ্রীকৃষ্ণের পদে দাস্য এবং তাঁহার প্রতি অব্যভিচারিণী অর্থাৎ অচলা ভক্তি লাভ করিয়া থাকেন। ইহার ভাবার্থ এই যে, নিরন্তর গীতার্চ্চনা হেতু সেই গৃহবাসিগণ লাবণ্যোজ্জ্বল কলেবর ধারণ পূর্ব্বক সম্পূর্ণরূপে কৃষ্ণভক্ত ভগবদ্দাসরূপে পরিণত হইয়া থাকেন ॥ ৩১ ॥

যে ব্যক্তি গীতাভ্যাস পরায়ণ, তিনি প্রারব্ধ-ভোগনিরত থাকিলেও, সতত সমস্ত জীবগণের সহিত সখ্যভাব প্রাপ্ত হইয়া থাকেন। ইহার ভাবার্থ এই যে, যদিও প্রারব্ধবশে মানব নির্দ্দিষ্টরূপ কর্ম্ম ভোগ করিতে বাধ্য এবং আপনার কর্ম্মানুরূপ আত্মীয় মণ্ডল মধ্যে পরিভ্রমণ করিতে নিয়োজিত, তথাপি তিনি গীতার আলোচনায় রত হইলে তাঁহার আত্মীয়তার সীমা ক্রমশঃ অতি বিস্তৃত হইয়া বসুন্ধরা ব্যাপ্ত হয় এবং সকল জীবকেই সর্ব্বদা সখা বলিয়া বোধ জন্মে। তাদৃশ গীতাভ্যাসরত ব্যক্তি মনুষ্য মধ্যে মুক্তপুরুষ এবং সুখীরূপে পরিগণিত হইয়া থাকেন। তিনি প্রারব্ধ-বশবর্ত্তিতায় কর্ম্মপরায়ণ হইলেও, কর্ম্ম দ্বারা লিপ্ত হন না, অর্থাৎ কর্ম্মের বশবর্ত্তিতা তাঁহাকে বাধ্য থাকিতে হয় না ॥ ৩২ ॥

যদি গীতাধ্যয়নপরায়ণ কোন ব্যক্তি মহাপাপ বা অতিপাপ অনুষ্ঠান করেন, তাহা হইলেও তজ্জন্য তাঁহাকে কলাকল স্পর্শ করিতে পারে না। নলিনীদলগত জল যেমন প্রলিপ্ত হয় না, তদ্রূপ গীতাধ্যায়ীও পাপপ্রলেপ-বিরহিত হইয়া থাকেন। ইহার ভাবার্থ এই যে, যে ব্যক্তি নিরন্তর একান্তচিত্তে গীতাধ্যয়ন করেন, তাঁহার চিত্ত স্বতঃ আসক্তিশূন্য হইয়া থাকে। [illegible] কামনাবিরহিত ব্যক্তির কৃত পাপ বা পুণ্য উভয়ই সমান ॥ ৩৩ ॥

অনাচারোদ্ভবং পাপমবাচ্যাদিকৃতঞ্চ যৎ ।
অভক্ষ্যভক্ষজং দোষমস্পর্শস্পর্শজং তথা ॥ ৩৪ ॥
জ্ঞানাজ্ঞানকৃতং নিত্যমিন্দ্রিয়ৈর্জ্জনিতঞ্চ যৎ ।
তৎসর্ব্বং নাশমায়াতি গীতাপাঠেন তৎক্ষণাৎ ॥ ৩৫ ॥
সর্ব্বত্র প্রতিভোক্তা চ প্রতিগৃহ্য চ সর্ব্বশঃ ।
গীতাপাঠং প্রকুর্ব্বাণো ন লিপ্যতে কদাচন ॥ ৩৬ ॥
রত্নপূর্ণাং মহীং সর্ব্বাং প্রতিগৃহ্যাবিধানতঃ ।
গীতাপাঠেন চৈকেন শুদ্ধস্ফটিকবৎ সদা ॥ ৩৭ ॥

অনাচার অর্থাৎ বিধিবহির্ভূত কদাচারজনিত পাপ, অপিচ, অবাচ্য অর্থাৎ যে বাক্য প্রয়ো[illegible] করা বিধেয় নহে, তাদৃশ অসঙ্গত ভাষণজনিত যে পাপ, অভক্ষ্য অর্থাৎ নিষিদ্ধ খাদ্য উদর[illegible] করণজনিত দোষ এবং অস্পৃশ্য অর্থাৎ যাহা স্পর্শ করা বিধিবিরুদ্ধ, তাদৃশ পদার্থের সংস্পর্শজনি[illegible] দোষ, গীতাপাঠ মাত্রই সঙ্গে সঙ্গে বিনষ্ট হইয়া থাকে। অপিচ জ্ঞান বা অজ্ঞানকৃত অপরা[illegible] এবং ইন্দ্রিয় সমূহের ভোগাসক্তিজনিত দোষ সমস্তই গীতাপাঠের দ্বারা তৎক্ষণাৎ সঙ্গে সঙ্গে না[illegible] প্রাপ্ত হইয়া থাকে। ইহার ভাবার্থ এই যে, [illegible] দ্বারা খণ্ডি[illegible] [illegible]ত্তেও তত্তাবৎ নষ্ট হইয়া থাকে। উল্লিখিত কো[illegible] হয়, কেবল গীতাপাঠ [illegible] বিষম হইলেও, কেবল গীতাপাঠ দ্বারা তত্তাবৎ হইতে উদ্ধার লা[illegible] [illegible] পা[illegible] সুতরাং গীতাপাঠ অনেক প্রায়শ্চিত্ত অপেক্ষাও শ্রেষ্ঠ ॥ ৩৪ । ৩৫ ॥

সর্ব্বত্র ভোজন করিয়া এবং সকল প্রকার দান গ্রহণ করিয়াও গীতাপাঠনিরত ব্যক্তি কখনই পাপ-লিপ্ত হন না, অর্থাৎ নিষিদ্ধ স্থানে নিষিদ্ধ অন্ন ভোজন করিলে গুরুতর পাপ ঘটিয়া থাকে এবং স্বর্ণ প্রভৃতি অনেক পদার্থের দানগ্রহণ করিলে পতিত হইতে হয়; কিন্তু যিনি গীতাপাঠ-পরায়ণ, তিনি তাদৃশ অন্ন ভোজন বা দানগ্রহণজন্য পতিত হন না। কারণ গীতাপাঠজনিত নির্ম্মলচিত্ত ব্যক্তির ভোগকামনা থাকিতে পারে না; ভোগবাসনা বিরহিত ভাবে কোনরূপ ভোজন বা গ্রহণে পাতিত্য ঘটিবার সম্ভাবনা নাই ॥ ৩৬ ॥

অবিধানতঃ অর্থাৎ অন্যায় আচরণ দ্বারা সর্ব্বপ্রকার রত্নপূর্ণা বসুন্ধরা প্রতিগ্রহ অর্থাৎ হস্তগত করিলেও একবার মাত্র গীতাপাঠ দ্বারা সেই প্রতিগ্রহকারী বিশুদ্ধ স্ফটিকের ন্যায় নির্ম্মল হইয়া থাকেন। অন্যায়োপার্জ্জিত ভূমিহরণজনিত পাপ সংস্পর্শ হওয়া দূরে থাকুক, কেবল এক-মাত্র গীতাপাঠ দ্বারা পুণ্যপরায়ণগণের ন্যায় জ্যোতির্ম্ময় হইয়া থাকেন। ইহার ভাবার্থ এই যে, যিনি গীতার অলৌকিক মাহাত্ম্য অবগত আছেন, তিনিই গীতাপাঠে অনুরক্ত হইয়া থাকেন। তাদৃশ ব্যক্তি জ্ঞানতঃ কোন অন্যায় আচরণ করিতে অশক্ত। যদি বা কোনরূপ বিড়ম্বনায়

যস্যান্তঃকরণং নিত্যং গীতায়াং রমতে সদা।
স সাগ্নিকঃ সদা জাপী ক্রিয়াবান্ স চ পণ্ডিতঃ ॥ ৩৮ ॥
দর্শনীয়ঃ স ধনবান্ স যোগী জ্ঞানবানপি।
স এব যাজ্ঞিকো যাজী সর্ব্ববেদার্থদর্শকঃ ॥ ৩৯ ॥
গীতায়াঃ পুস্তকং যত্র নিত্যপাঠশ্চ বর্ত্ততে।
তত্র সর্ব্বাণি তীর্থানি প্রয়াগাদীনি ভূতলে ॥ ৪০ ॥
নিবসন্তি সদা দেহে দেহশেষেঽপি সর্ব্বদা।
সর্ব্বে দেবাশ্চ ঋষয়ো যোগিনো দেহরক্ষকাঃ ॥ ৪১ ॥

অবিধিক্রমে ভূমি গ্রহণরূপ পাপ তাঁহার দ্বারা সংঘটিত হয়, তাহা হইলেও কেবল মাত্র গীতাপাঠ করিলেই তাঁহার চিত্তের আবিলতা ও পাপজনিত মলিনতা দূর হইয়া যাইবে সন্দেহ নাই ॥ ৩৭ ॥

যাঁহার অন্তঃকরণ নিরন্তর গীতার পাঠাদি কার্য্যে আনন্দ অনুভব করে অর্থাৎ যিনি নিত্য গীতাপাঠ ও আলোচনায় রত থাকেন, তিনিই সাগ্নিক অর্থাৎ অগ্নিহোত্রী, তিনিই জাপক অর্থাৎ বিহিত বিধানে জপানুষ্ঠানরত, তিনিই ক্রিয়াবান্ অর্থাৎ যোগ ও ধর্ম্মকর্ম্মপরায়ণ এবং তিনিই পণ্ডিত অর্থাৎ শাস্ত্রার্থদর্শী। ইহার ভাবার্থ এই যে, সাগ্নিক, ক্রিয়ানিষ্ঠ এবং পণ্ডিতগণ যে যে ফল প্রাপ্ত হইয়া থাকেন, যে ব্যক্তির অন্তঃকরণ গীতানন্দে নিমগ্ন তিনি তত্তাবৎ ফলেরই অধিকারী ॥ ৩৮ ॥

তাদৃশ ব্যক্তি দর্শনীয় অর্থাৎ দেবতাদের ন্যায় দ্রষ্টব্য ; তিনিই ধনবান, তিনিই যোগী, তিনিই জ্ঞানবান্, তিনিই যাজ্ঞিক, তিনিই যাজী এবং তিনি বেদসমূহের মর্ম্মজ্ঞরূপে পরিগণিত। ইহার ভাবার্থ এই যে, যিনি গীতানন্দে মগ্ন তিনি পূর্ণজ্ঞানসম্পন্ন মহাপুরুষরূপে আদৃত হইবার উপযুক্ত। বসুন্ধরার নশ্বর ধনরত্ন পরিহার করিয়া পরমধনে তিনি ধনী, কর্ম্ম ভক্তি ও জ্ঞানযোগে তিনি অধিকারী, সকল জ্ঞানের যাহা সার তাহাই তাঁহার আয়ত্ত, সকল যজ্ঞ এবং যাজন দ্বারা যে ফল লব্ধ হইয়া থাকে, তাহা তাঁহার হস্তগত এবং শাখাসংযুক্ত বেদসমূহের আলোচনা দ্বারা যে ফল প্রাপ্ত হওয়া যায় তাহারও তিনি অধিকারী। ইহার ভাবার্থ এই যে, একমাত্র গীতাশাস্ত্রে নিমগ্ন হইলে মনুষ্য পরম ফল প্রাপ্ত হইতে পারেন ॥ ৩৯ ॥

যে স্থানে সতত গীতা পুস্তকের পাঠ হইয়া থাকে তথায় ভূতলস্থিত প্রয়াগ প্রভৃতি যাবতীয় পুণ্য তীর্থ বিদ্যমান থাকেন, অর্থাৎ যে স্থানে প্রত্যহ গীতার আলোচনা হয়, সে স্থান পুণ্যময় হইয়া থাকে এবং ভূমণ্ডলের তীর্থ সমূহে পর্য্যটন করিলে যেরূপ পুণ্য লব্ধ হয়, গীতার আলোচনা স্থলেও সেই সকল পুণ্য সমাবিষ্ট হয়। তীর্থ সমূহে মনুষ্যের পাপ ক্ষয় হইয়া থাকে ; গীতা পুস্তকের নিত্যালোচনা স্থানেও পাপসংস্পর্শ ঘটিতে পারে না ॥ ৪০ ॥

অপিচ, তাদৃশ স্থলে মনুষ্যের দেহে, এমন কি দেহশেষ পর্য্যন্তও সর্ব্বদা সকল দেবতা,

গোপালো বালকৃষ্ণোঽপি নারদধ্রুবপার্ষদৈঃ।
সহায়ো জায়তে শীঘ্রং যত্র গীতা প্রবর্ত্ততে ॥ ৪২ ॥
যত্র গীতাবিচারশ্চ পঠনং পাঠনং তথা।
মোদতে তত্র শ্রীকৃষ্ণো ভগবান্ রাধিকাসহ ॥ ৪৩ ॥
শ্রীভগবানুবাচ।—গীতা মে হৃদয়ং পার্থ! গীতা মে সারমুত্তমম্।
গীতা মে জ্ঞানমত্যুগ্রং গীতা মে জ্ঞানমব্যয়ম্ ॥ ৪৪ ॥
গীতা মে চোত্তমং স্থানং গীতা মে পরমং পদম্।
গীতা মে পরমং গুহ্যং গীতা মে পরমো গুরুঃ ॥ ৪৫ ॥

সকল ঋষি, সকল যোগী দেহ-রক্ষকরূপে অধিষ্ঠিত থাকেন। অর্থাৎ যিনি নিরন্তর গীতানন্দে মগ্ন অথবা নিত্য গীতাপুস্তক পাঠ নিরত, তাঁহার দেহে মৃত্যু পর্য্যন্ত দেবতা, ঋষি এবং যোগিগণের সর্ব্বদা সমাবেশ হইয়া থাকে। সুতরাং তাদৃশ ব্যক্তিকে মরণের পর নিরয়গমন প্রভৃতি দুর্গতি ভোগ করিতে হয় না একথা বলাই বাহুল্য। কারণ দেবতা প্রভৃতি যাঁহার দেহরক্ষক পাপ তাঁহার সমীপাগত হইতে অক্ষম ॥ ৪১ ॥

অপিচ, যে স্থানে গীতাপাঠ প্রবর্ত্তিত থাকে, তথায় গোপনন্দন বালকৃষ্ণ, হরিগুণ গাননিষ্ঠ নারদ, ভক্তোত্তম ধ্রুব পারিষদসহ অবিলম্বে সেই পাঠকের সহায় হইয়া থাকেন, অর্থাৎ যিনি গীতা-আলোচনানিষ্ঠ, গীতারূপ মকরন্দ যাঁহার মুখপদ্ম হইতে নিঃসৃত হইয়াছে, সেই নন্দনন্দন শ্রীকৃষ্ণ, তাঁহার একান্ত ভক্ত নারদ, ধ্রুব প্রভৃতি মহাত্মগণকে পারিষদরূপে গ্রহণ করিয়া সেই স্থানে সেই পাঠকের সহায় রূপে অবিলম্বে উপস্থিত হন ॥ ৪২ ॥

যে স্থানে গীতাশাস্ত্রের বিচার, অধ্যয়ন এবং অধ্যাপনা হইয়া থাকে, তথায় ভগবান্ শ্রীকৃষ্ণ রাসেশ্বরী রাধিকা সহ প্রমোদ সহকারে বিরাজমান থাকেন। ইহার ভাবার্থ এই যে, পূর্ণানন্দরূপা রাধিকার সহিত যুগলরূপে লীলা প্রকাশ করিয়া জগৎকে শ্রীভগবান্ পবিত্র করিয়াছেন। সেই বৃন্দাবনেশ্বরীর সহিত একত্র বিরাজমান হইলেই তাঁহার পূর্ণানন্দ প্রকটিত হয়। যে স্থানে গীতার অধ্যয়ন অধ্যাপনা এবং বিচারালোচনা প্রবর্ত্তিত, তথায় করুণাময় নারায়ণ পূর্ণানন্দে অধিষ্ঠিত হন ॥ ৪৩ ॥

অতঃপর গীতামাহাত্ম্য সম্বন্ধে ভগবান্ শ্রীকৃষ্ণ নিজমুখে যেরূপ অভিপ্রায় ব্যক্ত করিয়াছিলেন, মহামতি সূত তাহাই বিবৃত করিতেছেন। এই সকল বাক্য যিনি পার্থসারথিরূপে অশ্বরশ্মি ধারণ করিয়া অভিন্নহৃদয় অর্জ্জুনকে গীতারূপ পরম রত্ন প্রদান করিয়াছিলেন, তাঁহারই শ্রীমুখবিনিঃসৃত, অতএব এতদপেক্ষা সারবত্তর বাক্য কল্পনা করাও অসম্ভব। ভগবান্ শ্রীকৃষ্ণ বলিতেছেন ;—

হে পার্থ! গীতা আমার হৃদয় স্বরূপ, গীতা আমার সর্ব্বোৎকৃষ্ট সার স্বরূপ, গীতা আমার

অত্যুগ্র জ্ঞান স্বরূপ, গীতা আমার অব্যয় জ্ঞান স্বরূপ। গীতা আমার উত্তম স্থান, গীতা আমার পরমপদ, গীতা আমার পরমগুহ্য এবং গীতা আমার পরম গুরু। যে পরমোপদেশাংলোক ভগবানের বদনাকাশ হইতে উত্থিত হইয়া জীবের অজ্ঞানান্ধকার নাশ করিয়াছে, তাহাকে তিনি আপনার হৃদয়রূপে উল্লেখ করিয়া স্বকীয় অসাধারণ কারুণ্যেরই পরিচয় দিয়াছেন। কারণ জীবগণ তাঁহারই আশ্রিত; আশ্রিতের উপকার সাধন আশ্রিত বৎসল বাসুদেবেরই কার্য্য। তিনি গীতাকে সর্ব্বোৎকৃষ্ট সাররূপে নির্দ্দেশ করিয়াছেন। কারণ যে তত্ত্বজ্ঞান-সিন্ধুস্বরূপ গীতার দ্বারা জীবের ভবযন্ত্রণা প্রশমিত হইবে, ভক্তাধীন ভগবানের পক্ষে তাহার অপেক্ষা সার সর্ব্বস্ব আর কি আছে? গীতাকে তিনি দুই বার জ্ঞানরূপে নির্দ্দেশ করিয়া অত্যুগ্র অব্যয় "এই বিশেষণের প্রয়োগ করিয়াছেন। গীতা যে সেই পরম কারুণিকের পরম জ্ঞান তদ্বিষয়ে কোনই সন্দেহ নাই। তাহা অত্যুগ্র, কেননা সেই জ্ঞান অতি তেজস্বী এবং সঙ্গে সঙ্গে ফলপ্রদ; অপিচ তাহা অব্যয় অর্থাৎ ক্ষয়রহিত। যে অবস্থায় যে ভাবেই কেন হউক না, সেই পরম জ্ঞানের শরণাগত হইলে জীব অক্ষয় ফল প্রাপ্ত হইবে। গীতা ভগবানের উত্তম স্থান অর্থাৎ গীতায় তিনি জ্ঞানরূপে সাররূপে এবং হৃদয়রূপে স্বয়ং বর্ত্তমান; তিনিই ইহার বক্তা, তিনিই ইহার ব্যাখ্যাতা; সুতরাং গীতা শাস্ত্রই শ্রীভগবানের প্রকৃষ্ট স্থান। গীতা ভগবানের পরমপদ; যে পরম পদ প্রাপ্তির নিমিত্ত জীবগণ ব্যাকুল, যে পরম পদকে লক্ষ্য করিয়া সাধকগণ কর্ম্মনিষ্ঠ এবং জ্ঞানিগণ সমাধিস্থ, সেই পরম পদ প্রাপ্তির পরম সদুপায় গীতাগ্রন্থে নিহিত আছে। যিনি জ্ঞাননিষ্ঠ, ভক্তিপরায়ণ, তিনি এই গীতা মধ্যেই শ্রীবিষ্ণুর সেই পরম পদ দর্শন করিয়া থাকেন। গীতা ভগবানের পরম গুহ্য ধন; একথা গ্রন্থ মধ্যেই তিনি নিজমুখে ব্যক্ত করিয়াছেন। এই গুহ্য পদার্থ তিনি লোক সম্মুখে বিবৃত করিয়া রাখিয়াছেন; কিন্তু যে অধিকারী নহে, যাহার সাধন বলে চিত্তশুদ্ধি ঘটে নাই, সে সেই পরম ধন দেখিয়াও দেখিতে পায় না। অসাধু জনেরা এই পরম বস্তুর মর্ম্ম গ্রহণে অশক্ত, সুতরাং সর্ব্বব্যাপী হইলেও এই ধন সকলের গ্রহণীয় নহে। কেবল সৌভাগ্যবান্ জ্ঞানীরাই ইহার মাহাত্ম্য প্রণিধানে সক্ষম, তদ্ব্যতীত সকলের নিকটেই ইহা গুহ্য। শ্রীভগবান্ গীতাকে আপনার গুরুরূপে নির্দ্দেশ করিয়াছেন; যিনি বিশ্বের গুরু, যিনি সকল গুরুর গুরু, সকল তত্ত্বান্বেষণের যিনি শেষস্থল, পরম জ্ঞানের যিনি উৎস এবং যিনি বহু সাধনা এবং অশেষ যত্নে অগম্য, গীতা তাঁহার গুরু; অর্থাৎ গুরুমুখ হইতে যেরূপে পুণ্যতোয়া জ্ঞানবারি নিঃসৃত হইয়া শিষ্যকে মগ্ন করে, গীতাও শ্রীভগবানকে সেইরূপে পুলকিত করিয়াছে। যে ব্যক্তি উপদেশ ভোগ করে, তাহার অপেক্ষা যিনি উপদেশ দান করেন তিনিই অধিক আনন্দ প্রাপ্ত হইয়া থাকেন; গৃহীতার অপেক্ষা দাতারই আনন্দ ও মঙ্গলময় ফলপ্রাপ্তি হয়। গীতার মর্ম্ম শ্রীভগবান্ ভিন্ন আর কেহই বুঝিতে পারেন না, গীতার আনন্দ সেই সচ্চিদানন্দ পুরুষই পূর্ণরূপে উপভোগ করিয়া থাকেন। তাঁহার অখণ্ড জ্ঞান, তাঁহার হৃদয়-নিঃসৃত হইয়া, গীতারূপ মূর্ত্তি ধারণ পূর্ব্বক স্বতন্ত্র ভাবে দণ্ডায়মান। এই জন্যই পরমাভক্তি এবং একান্ত আনন্দের সহিত শ্রীভগবান্ গীতাকে আপনার গুরুরূপে নির্দ্দেশ করিয়াছেন ॥ ৪৪। ৪৫ ॥

গীতাশ্রয়েঽহং তিষ্ঠামি গীতা মে পরমং গৃহম্।
গীতাজ্ঞানং সমাশ্রিত্য ত্রিলোকং পালয়াম্যহম্॥ ৪৬॥
গীতা মে পরমা বিদ্যা ব্রহ্মরূপা ন সংশয়ঃ।
অর্দ্ধমাত্রা হরা নিত্যমনির্ব্বাচ্যপদাত্মিকা॥ ৪৭॥
গীতানামানি বক্ষ্যামি গুহ্যানি শৃণু পাণ্ডব!।
কীর্ত্তনাৎ সর্ব্বপাপানি বিলয়ং যান্তি তৎক্ষণাৎ॥ ৪৮॥
গঙ্গা গীতা চ সাবিত্রী সীতা সত্যা পতিব্রতা।
ব্রহ্মাবলির্ব্রহ্মবিদ্যা ত্রিসন্ধ্যা মুক্তিগেহিনী॥ ৪৯॥
অর্দ্ধমাত্রা চিদানন্দা ভবঘ্নী ভ্রান্তিনাশিনী।
বেদত্রয়ী পরানন্দা তত্ত্বার্থজ্ঞানমঞ্জরী॥ ৫০॥

আমি গীতারূপ আশ্রয়েই অবস্থিতি করি। গীতা আমার শ্রেষ্ঠ গৃহস্বরূপ, গীতার জ্ঞানকে অবলম্বন করিয়া আমি ত্রিলোক প্রতিপালন করি। সকলকেই কোন না কোন আশ্রয় অবলম্বন করিয়া অবস্থিতি করিতে হয়। সামান্য কীট হইতে দেবতা পর্য্যন্ত সকলেরই বিশেষ বিশেষ আশ্রয় থাকে। যিনি জ্ঞানানন্দ, পূর্ণপ্রজ্ঞ, পরম পুরুষ, তাঁহার পক্ষে সর্ব্ব জ্ঞানের ভাণ্ডারস্বরূপ গীতাশাস্ত্রই আশ্রয়রূপে পরিগণিত হইবার যোগ্য। অপিচ, গীতা সেই সচ্চিদানন্দ পুরুষের পরম গৃহ। যাহাতে সকলে আচ্ছন্ন বা আবৃতকায় হইয়া অধিষ্ঠান করে, তাহাই তাহাদের গৃহ। সেই গৃহ ভূমণ্ডলের সকল স্থান বা সকল রম্য নিকেতন অপেক্ষা প্রিয়তম। গীতার জ্ঞানে শ্রীভগবান্ সমাচ্ছন্ন এবং গীতাই তাঁহার পরম আনন্দধামস্বরূপ। তিনি গীতাজ্ঞানকে আশ্রয় করিয়া এই স্থাবর-জঙ্গমাত্মক ত্রিলোকের পরিপালন করিয়া থাকেন। যিনি জ্ঞানসিন্ধু, জ্ঞানই যাঁহার ভক্ষ্য, ভোগ্য, এবং প্রেমধাম, সেই জ্ঞানোৎসস্বরূপ গীতাশাস্ত্রের সুশীতল অমৃত বারি সেচনে তিনি জাগতিক জীবগণের পাপ-তাপ-হরণ করিতেছেন এবং তাহাদিগের অন্তরের ক্ষুধা নিবারণ করিয়া পরমা শান্তি প্রদান করিতেছেন॥ ৪৬॥

গীতাই আমার ব্রহ্মরূপা পরমা বিদ্যা, ইহাতে কোনই সংশয় নাই। এই গীতা অর্দ্ধমাত্রা হরা, নিত্য এবং অনির্ব্বচনীয় পদসমন্বিতা॥ ৪৭॥

হে পাণ্ডব! গীতার গোপনীয় নাম সকল আমি বলিতেছি, শ্রবণ কর। সেই নামসমূহ কীর্ত্তন করিবামাত্র তৎক্ষণাৎ সকল পাপ বিনষ্ট হইয়া যায়॥ ৪৮॥

গঙ্গা, গীতা, সাবিত্রী, সীতা, সত্যা, পতিব্রতা, ব্রহ্মাবলী, ব্রহ্মবিদ্যা, ত্রিসন্ধ্যা, মুক্তিগেহিনী॥ ৪৯॥

অর্দ্ধমাত্রা, চিদানন্দা, ভবঘ্নী, ভ্রান্তিনাশিনী, বেদত্রয়ী, পরানন্দা, তত্ত্বার্থজ্ঞানমঞ্জরী॥ ৫০॥

ইত্যেতানি জপেন্নিত্যং নরো নিশ্চলমানসঃ।
জ্ঞানসিদ্ধিং লভেন্নিত্যং তথান্তে পরমং পদম্ ॥ ৫১ ॥
পাঠেঽসমর্থঃ সম্পূর্ণে তদর্দ্ধং পাঠমাচরেৎ।
তদা গোদানজং পুণ্যং লভতে নাত্র সংশয়ঃ ॥ ৫২ ॥
ত্রিভাগং পঠমানস্তু সোমযাগফলং লভেৎ।
ষড়ংশং জপমানস্তু গঙ্গাস্নানফলং লভেৎ ॥ ৫৩ ॥
তথাধ্যায়দ্বয়ং নিত্যং পঠমানো নিরন্তরম্।
ইন্দ্রলোকমবাপ্নোতি কল্পমেকং বসেদ্ধ্রুবম্ ॥ ৫৪ ॥
একমধ্যায়কং নিত্যং পঠতে ভক্তিসংযুতঃ।
রুদ্রলোকমবাপ্নোতি গণো ভূত্বা বসেচ্চিরম্ ॥ ৫৫ ॥
অধ্যায়ার্দ্ধঞ্চ পাদম্বা নিত্যং যঃ পঠতে জনঃ।
প্রাপ্নোতি রবিলোকং স মন্বন্তরসমাঃ শতম্ ॥ ৫৬ ॥

যে মানব এই সকল নাম অবিচলিত চিত্তে প্রতিদিন জপ করিয়া থাকেন, তিনি জ্ঞানসিদ্ধি [লা]ভ করেন এবং অন্তে অর্থাৎ পরিণামে নিত্য পরম পদ প্রাপ্ত হন। ইহার তাৎপর্য এই যে, [গী]তার ভিন্ন ভিন্ন নামসমূহ অচঞ্চল চিত্তে নিত্য জপ করিতে থাকিলে, ক্রমশঃ গীতার মধ্যগত [না]ম সম্বন্ধে মানবের দৃষ্টি স্বতঃ আকৃষ্ট হয় এবং সেই দৃষ্টি অচিরকাল মধ্যে পূর্ণ জ্ঞান ও তজ্জনিত [সি]দ্ধিকে আনয়ন করে। এতাদৃশ জ্ঞানজনিত সিদ্ধি লাভের পর দেহাত্যয় ঘটিলে যে পরম [প]দ অর্থাৎ শ্রীভগবানের স্থানপ্রাপ্তি সংঘটিত হয়, একথা বলাই বাহুল্য ॥ ৫১ ॥

সম্পূর্ণ গীতাপাঠে অসমর্থ ব্যক্তি তাহার অর্দ্ধ পাঠ করিবেন। তাহা হইলেও তিনি গোদান-[জ]নিত পুণ্য লাভ করিবেন, এ বিষয়ে সংশয় নাই ॥ ৫২ ॥

যিনি গীতা গ্রন্থের তিন ভাগের এক ভাগ পাঠ করিয়া থাকেন, তিনি সোমযাগজনিত [ফ]ল লাভ করেন। ছয় ভাগের এক ভাগ পঠনশীল ব্যক্তি গঙ্গাস্নানজনিত ফল লাভ করিয়া [থা]কেন ॥ ৫৩ ॥

যিনি প্রতিদিন দুই অধ্যায় গীতাপাঠ করিয়া থাকেন, তিনি ইন্দ্রলোক প্রাপ্ত হন এবং [ত]থায় নিশ্চয়ই এককল্প পরিমিত কাল বাস করিয়া থাকেন ॥ ৫৪ ॥

যে ব্যক্তি প্রত্যহ ভক্তিসহকারে গীতার এক অধ্যায় পাঠ করিয়া থাকেন, তিনি রুদ্রলোক [প্র]াপ্ত হন, এবং তথায় প্রমথাদি গণরূপে পরিণত হইয়া চিরকাল বাস করেন ॥ ৫৫ ॥

যে ব্যক্তি প্রতিদিন গীতার অর্দ্ধাধ্যায় বা চতুর্থাংশের একাংশ পাঠ করেন, তিনি শত-[ম]ন্বন্তরসম কাল রবিলোক প্রাপ্ত হইয়া থাকেন ॥ ৫৬ ॥

গীতায়াঃ শ্লোকদশকং সপ্ত পঞ্চ চতুষ্টয়ম্।
ত্রিদ্ব্যেকমেকমৰ্দ্ধং বা শ্লোকানাং যঃ পঠেন্নরঃ।
চন্দ্রলোকমবাপ্নোতি বর্ষাণামযুতন্তথা ॥ ৫৭ ॥
গীতার্থমেকপাদঞ্চ শ্লোকমধ্যায়মেব চ।
স্মরংস্ত্যক্ত্বা জনো দেহং প্রয়াতি পরমং পদম্ ॥ ৫৮ ॥
গীতার্থমপি পাঠং বা শৃণুয়াদন্তকালতঃ।
মহাপাতকযুক্তোঽপি মুক্তিভাগী ভবেজ্জনঃ ॥ ৫৯ ॥
গীতাপুস্তকসংযুক্তঃ প্রাণাংস্ত্যক্ত্বা প্রযাতি যঃ।
স বৈকুণ্ঠমবাপ্নোতি বিষ্ণুনা সহ মোদতে ॥ ৬০ ॥

যে মানব প্রতিদিন গীতার দশ, সাত, পাঁচ, চারি, তিন, দুই বা একশ্লোক অথবা শ্লোকে অর্দ্ধেকও পাঠ করেন, তিনি অযুত বর্ষ পরিমিত কাল চন্দ্রলোকে বাস করিয়া থাকেন ॥ ৫৭ ॥

যিনি গীতার অর্থ, অথবা শ্লোক বা অধ্যায় বিশেষের চতুর্থাংশ মাত্র স্মরণ করিয়া দেহ ত্যাগ করেন, তিনি পরমপদ প্রাপ্ত হইয়া থাকেন। তনুত্যাগের সময়ে সাংসারিক আকর্ষণ সমূহ মনুষ্যকে বড়ই বিব্রত করে। সেরূপ সময়ে প্রায়শঃ মায়ামোহাচ্ছন্ন মানব, সংসার ত্যাগ করিতে হইতেছে বলিয়া আকুল হইয়া থাকে। তাদৃশ অসময়ে যদি এই সকল অসার চিন্তা পরিত্যাগ করিয়া মনুষ্য জ্ঞানার্ণব সদৃশ গীতা শাস্ত্রের কিয়দংশ মাত্র অনুধ্যান করিতে করিতে মরণকে স্বচ্ছন্দে আলিঙ্গন করিতে পারে, তাহা হইলে বুঝিতে হইবে যে, সে ব্যক্তি মায়াপাশ বিচ্ছিন্ন করিয়া জ্ঞানপথের আশ্রয় গ্রহণ করিয়াছেন, সুতরাং তাঁহার ন্যায় সাধু ব্যক্তির পরম পদ প্রাপ্তি নিশ্চয়ই সুসঙ্গত ॥ ৫৮ ॥

যিনি অন্তকালে গীতার্থ পাঠ বা শ্রবণ করেন, তিনি মহাপাতকযুক্ত হইলেও, মুক্তিভাগী হইয়া থাকেন। অর্থাৎ যিনি দেহনাশকালে সর্ব্বপ্রকার দুশ্চিন্তা পরিহার পূর্ব্বক গীতাশাস্ত্রের অর্থ শ্রবণ বা পাঠ নিরত থাকিতে পারেন, মহাপাতকযুক্ত হইলেও তাঁহার পাপসমূহ ক্ষয় প্রাপ্ত হয় এবং মুক্তি তাঁহার সঙ্গিনী হইয়া থাকে ॥ ৫৯ ॥

যে ব্যক্তি গীতাপুস্তক সংযুক্ত হইয়া প্রাণ পরিত্যাগ পূর্ব্বক মহাপ্রস্থান করেন, তিনি বৈকুণ্ঠধাম প্রাপ্ত হইয়া ভগবান্ বিষ্ণুর সহিত আনন্দ উপভোগ করিয়া থাকেন। অর্থাৎ গীতাপুস্তক দেহের সহিত সংযুক্ত রাখিয়া যিনি এই নশ্বর কলেবর পরিত্যাগ করেন, তিনি ভগবানের পরম প্রেমাস্পদ হইয়া থাকেন; তিনি বৈকুণ্ঠধামে গমন পূর্ব্বক ভগবানের সহিত বিবিধ আমোদ-প্রমোদ উপভোগ করেন ॥ ৬০ ॥

গীতাধ্যায়সমাযুক্তো মৃতো মানুষতাং ব্রজেৎ।
গীতাভ্যাসং পুনঃ কৃত্বা লভতে মুক্তিমুত্তমাম্ ॥ ৭১ ॥
গীতেত্যুচ্চারসংযুক্তো ম্রিয়মাণো গতিং লভেৎ ॥ ৭২ ॥
যদ্যৎ কর্ম্ম চ সর্ব্বত্র গীতাপাঠপ্রকীর্ত্তিমৎ।
তত্তৎ কর্ম্ম চ নির্দ্দোষং ভূত্বা পূর্ণত্বমাপ্নুয়াৎ ॥ ৭৩ ॥
পিতৃনুদ্দিশ্য যঃ শ্রাদ্ধে গীতাপাঠং করোতি হি।
সন্তুষ্টাঃ পিতরস্তস্য নিরয়াদ্‌যান্তি স্বর্গতিম্ ॥ ৭৪ ॥

গীতার অধ্যায় মাত্র সংযুক্ত হইয়া কাহারও মৃত্যু হইলে তাঁহার মানবজন্ম লব্ধ হয়; পুনরায় গীতাভ্যাস করিয়া তিনি উত্তমা মুক্তি লাভ করিয়া থাকেন। অর্থাৎ দেহান্তর কালে যদি সুপবিত্র গীতাশাস্ত্রের এক অধ্যায় মাত্রের সহিত মুমূর্ষু ব্যক্তির দেহ সংযুক্ত থাকে, তাহা হইলে তাঁহার কোন নীচযোনি প্রাপ্তির আশঙ্কা থাকে না। সেই ব্যক্তি গীতার অধ্যায় বিশেষের সহিত সংযোগ ফলে মরণান্তে যথাকালে মনুষ্য জন্মই লাভ করে। এইরূপে মানবজন্ম লাভ করিয়া তিনি পুনর্ব্বার গীতাভ্যাস-পরায়ণ হন এবং যথাকালে পরম প্রার্থনীয় মুক্তি লাভ করিয়া থাকেন ॥ ৭১ ॥

"গীতা" এই শব্দ উচ্চারণ পূর্ব্বক যিনি প্রাণত্যাগ করেন, তিনি সদ্গতি প্রাপ্ত হইয়া থাকেন। অর্থাৎ যখন দেহের সহিত প্রাণের বিচ্ছেদ কাল উপস্থিত হয়, তখন "গীতা" এই শব্দও যদি সেই মুমূর্ষু ব্যক্তির বদন হইতে বিনির্গত হয়, তাহা হইলেও চরমে সেই ব্যক্তি সদ্গতি প্রাপ্ত হইয়া থাকেন। ইহার ভাবার্থ এই যে, গীতার প্রতি অত্যাসক্তি অথবা গীতা-বিবৃত বিষয় সমূহের প্রতি অত্যধিক অনুরাগ না থাকিলে প্রাণাত্যয়কালে গীতা উচ্চারণ করিতে প্রবৃত্তি হওয়া সম্ভবপর নহে। মরণকালেও গীতার কথা স্মরণ করিতে যাঁহার প্রবৃত্তি হয় তাদৃশ ব্যক্তি যে সদ্গতি প্রাপ্ত হইবেন, এ কথা বলাই বাহুল্য ॥ ৭২ ॥

মনুষ্য যে যে কর্ম্মানুষ্ঠান করিয়া থাকেন, সর্ব্বত্র তৎসহ যদি গীতা পাঠ করা হয়, তাহা হইলে সেই সেই কর্ম্ম নির্দ্দোষ এবং পূর্ণত্ব প্রাপ্ত হইয়া থাকে। অর্থাৎ অনুষ্ঠিত কর্ম্মের সহিত গীতাপাঠ করিলে কর্ম্মের অপূর্ণতা বা অঙ্গহীনতা তিরোহিত হইয়া যায় এবং অনুষ্ঠিত তত্তৎ কর্ম্ম নির্দ্দোষ ও সর্ব্বাঙ্গসম্পন্ন হইয়া থাকে ॥ ৭৩ ॥

যে ব্যক্তি শ্রাদ্ধ সময়ে পিতৃগণের উদ্দেশে গীতাপাঠ করিয়া থাকেন, তাঁহার সন্তুষ্ট পিতৃগণ নরক হইতে স্বর্গে গমন করেন। অর্থাৎ স্বকীয় কর্ম্মফলে পিতৃপুরুষেরা মরণান্তে নরকস্থ হইলেও, শ্রাদ্ধকালে সন্তানকৃত গীতাপাঠের ফলে সেই নিরয়নিবাসী পিতৃপুরুষেরাও পরিত্রাণ লাভ করিয়া স্বর্গ-গতি প্রাপ্ত হইয়া থাকেন ॥ ৭৪ ॥

গীতাপাঠেন সন্তুষ্টাঃ পিতরঃ শ্রাদ্ধতর্পিতাঃ।
পিতৃলোকং প্রয়াস্ত্যেব পুত্রাশীর্ব্বাদতৎপরাঃ॥ ৬৫॥
গীতাপুস্তকদানঞ্চ ধেনুপুচ্ছসমন্বিতম্।
কৃত্বা চ তদ্দিনে সম্যক্ কৃতার্থো জায়তে জনঃ॥ ৬৬॥
পুস্তকং হেমসংযুক্তং গীতায়াঃ প্রকরোতি যঃ।
দত্ত্বা বিপ্রায় বিদুষে জায়তে ন পুনর্ভবম্॥ ৬৭॥
শতপুস্তকদানঞ্চ গীতায়াঃ প্রকরোতি যঃ।
স যাতি ব্রহ্মসদনং পুনরাবৃত্তিদুর্ল্লভং॥ ৬৮॥
গীতাদানপ্রভাবেন সপ্তকল্পা মতাঃ সমাঃ।
বিষ্ণুলোকমবাপ্যান্তে বিষ্ণুনা সহ মোদতে॥ ৬৯॥
সম্যক্ শ্রুত্বা চ গীতার্থং পুস্তকং যঃ প্রদাপয়েৎ।
তস্মৈ প্রীতঃ শ্রীভগবান্ দদাতি মানসেপ্সিতম্॥ ৭০॥

শ্রাদ্ধ-তর্পণাদি দ্বারা পরিতৃপ্ত পিতৃগণ গীতাপাঠ দ্বারা সন্তোষ লাভ করেন; এবং পুত্রকে আশীর্ব্বাদ করিতে করিতে পিতৃলোকে গমন করিয়া থাকেন। ইহার ভাবার্থ এই যে, গীতা-পাঠের দ্বারা পিতৃগণ পরম সন্তোষ লাভ করেন; এইরূপ অবস্থায় শ্রাদ্ধ-তর্পিত হইয়া সুকৃতি-শালী সুসন্তানকে আশীর্ব্বাদ করিতে করিতে তাঁহারা পিতৃলোক নামক প্রার্থনীয় স্থানে গমন করিয়া থাকেন॥ ৬৫॥

ধেনুপুচ্ছ সমন্বিত গীতাপুস্তক দান করিলে সেই দিনেই দাতা ব্যক্তি সম্যগ্রূপে কৃতার্থতা লাভ করিয়া থাকেন॥ ৬৬॥

যে ব্যক্তি গীতাপুস্তক স্বর্ণ সংযুক্ত করিয়া বিদ্বান্ ব্রাহ্মণকে দান করিয়া থাকেন, তাঁহার পুনর্জ্জন্ম হয় না॥ ৬৭॥

যিনি গীতার শত পুস্তক দান করিয়া থাকেন, তিনি ব্রহ্মসদনে গমন করেন; সে স্থান হইতে তাঁহার পুনরাবৃত্তির সম্ভাবনা অতি অল্প॥ ৬৮॥

গীতাদানের প্রভাবে সপ্তকল্প পরিমিত কাল দাতা বিষ্ণুলোক প্রাপ্ত হইয়া বিষ্ণুর সহিত আনন্দ উপভোগ করিয়া থাকেন॥ ৬৯॥

যিনি গীতার অর্থ সম্যগ্রূপে শ্রবণ করিয়া গীতাপুস্তক প্রদান করিয়া থাকেন, শ্রীভগবান্ তাঁহার প্রতি প্রীত হইয়া মনের অভীপ্সিত ফল প্রদান করেন। এই কয় শ্লোকে গীতা দানের বিবিধ প্রকার ফল বিবৃত হইল। বস্তুতঃ, যে শাস্ত্রগ্রন্থ কর্ম্ম, ভক্তি ও জ্ঞান সংক্রান্ত বিবিধ সদুপদেশের পরম ভাণ্ডারস্বরূপ, যাহার আলোচনায় মনুষ্য সংসারের জ্বালা-যন্ত্রণা নির্মুক্তি

দেহং মানুষমাশ্রিত্য চাতুর্ব্বর্ণেষু ভারত !
ন শৃণোতি ন পঠতি গীতামমৃতরূপিণীম্।
হস্তাত্ত্যক্ত্বামৃতং প্রাপ্তং স নরো বিষমশ্নুতে ॥ ৭১ ॥
জনঃ সংসারদুঃখার্ত্তো গীতাজ্ঞানং সমালভেৎ।
পীত্বা গীতামৃতং লোকে লব্ধ্বা ভক্তিং সুখী ভবেৎ ॥ ৭২ ॥
গীতামাশ্রিত্য বহবো ভূভুজো জনকাদয়ঃ।
নির্দ্ধূতকল্মষা লোকে গতাস্তে পরমং পদম্ ॥ ৭৩ ॥

হইয়া পরম পদ প্রাপ্ত হইতে পারে, সেই তত্ত্বকথামৃতপূর্ণ গীতা বিতরণ করিলে যে, পরম ধর্ম্ম প্রচারের সহায়তা করা হয় সুতরাং অশেষ পুণ্য লব্ধ হয়, তাহার কোনই সন্দেহ নাই। এজন্য শ্রীভগবান্ এস্থলে নিজমুখে বিবিধ বিধানে গীতাপুস্তক দানের মাহাত্ম্য পরিকীর্ত্তন করিলেন ॥ ৭০ ॥

হে ভারত ! ব্রাহ্মণ ক্ষত্রিয়, বৈশ্য, শূদ্র এই চাতুর্ব্বর্ণ্য মধ্যে মনুষ্য-দেহ লাভ করিয়া যে ব্যক্তি এই অমৃতরূপিণী গীতা শ্রবণ বা পাঠ না করে, সে ব্যক্তি হস্তস্থিত অমৃত পরিত্যাগ পূর্ব্বক বিষ ভক্ষণ করিয়া থাকে। ইহার ভাবার্থ এই যে, মনুষ্য জন্ম বড়ই দুর্লভ। এই দুর্লভ মানবজন্ম প্রাপ্ত হইয়া মনুষ্য সাধনাসহকারে সংসার-বন্ধন হইতে নির্ম্মুক্ত হইতে পারে। জীবনকাল কেবল তাহারই উপায়ান্বেষণ করা মনুষ্যের প্রধান কর্ত্তব্য; সেই কর্ত্তব্যসিদ্ধির নিমিত্ত যে যে উপায় বিহিত আছে, গীতার অধ্যয়ন ও আলোচনা তন্মধ্যে প্রধান বলিয়া পরিগণিত। এরূপ স্থলে সেই গীতার আলোচনায় উদাসীন থাকিয়া জীবনপাত করিলে কেবল দুর্গতি ঘটিয়া থাকে। গীতারূপ অমৃত সেবন করিলে সকল দুর্গতির নাশ হয়। এই গীতা সকলের পক্ষেই সুলভ। কোন বর্ণেরই গীতার আলোচনা নিষিদ্ধ নহে। সকল বর্ণের স্ত্রী-পুরুষ নির্ব্বিশেষে সকল ব্যক্তিই গীতার আলোচনা করিয়া সংসার-বন্ধনের দায় হইতে নিষ্কৃতি লাভ করিতে পারেন। এরূপ স্থলে যাহারা এই করতলগত পরমামৃত সেবন না করিয়া অনর্থক কালহরণ করে, তাহারা বিষভক্ষণ করিয়া থাকে ॥ ৭১ ॥

যে ব্যক্তি সংসার-দুঃখে প্রপীড়িত, তাহার পক্ষে গীতার জ্ঞানলাভ করা আবশ্যক। গীতারূপ অমৃত পান করিয়া ভক্তি লাভ পূর্ব্বক তিনি এই সংসারে সুখী হইয়া থাকেন। অর্থাৎ এই বিবিধ যন্ত্রণাপূর্ণ সংসারের অনন্ত জালায় যিনি নিয়ত কাতর, গীতোপদিষ্ট জ্ঞান তাঁহার পরম সহায়স্বরূপ। কারণ, সেই জ্ঞানামৃত পান হেতু তাঁহার হৃদয়ে সুখময়ী ভগবদ্ভক্তির আবির্ভাব হইবে; তখন তিনি মনুষ্য মধ্যে সর্ব্বপ্রকার শান্তি ও সুখের অধিকারী হইবেন ॥ ৭২ ॥

জনকাদি বহু সংখ্যক রাজন্যগণ গীতার আশ্রয় গ্রহণ করিয়া মনুষ্যলোকে পাপপরিশূন্য

গীতায়াং ন বিশেষোঽস্তি জনেষুচ্চারকেষু চ।
জ্ঞানেষ্বেব সমগ্রেষু সমা ব্রহ্মস্বরূপিণী ॥ ৭৪ ॥
যোঽভিমানেন গর্ব্বেণ গীতানিন্দাং করোতি চ।
সমেতি নরকং ঘোরং যাবদাভূতসংপ্লবম্ ॥ ৭৫ ॥
অহঙ্কারেণ মূঢ়াত্মা গীতার্থং নৈব মন্যতে।
কুম্ভীপাকেষু পচ্যেত যাবৎ কল্পক্ষয়ো ভবেৎ ॥ ৭৬ ॥

হইয়া পরম পদ প্রাপ্ত হইয়াছিলেন। ইহার ভাবার্থ এই যে, জনকাদির ন্যায় ভূপালগণ, নানাপ্রকার ভোগ বিলাসোপকরণে পরিবৃত থাকিয়াও, কেবল মাত্র গীতার অনুবর্ত্তিতায় ধৌতপাপ হইয়া পরমপদ প্রাপ্ত হইয়াছিলেন। তখন যাঁহাদিগের তাদৃশ বিষয়বন্ধনই নাই, তাঁহারা অনায়াসেই গীতাবলম্বনে মোক্ষের অধিকারী হইতে পারেন। পরবর্ত্তী শ্লোকে ইহাই পরিস্ফুট হইতেছে ॥ ৭৩ ॥

কেহ গীতার শ্লোক উচ্চারণ-পরায়ণ কেহ বা তজ্জনিত জ্ঞাননিষ্ঠ; কিন্তু গীতার কোন ইতর বিশেষ নাই, তিনি সকলের নিকটই ব্রহ্মস্বরূপিণী। ইহার ভাবার্থ এই যে, ভগবান্ যেমন ভক্তের প্রতি চিরকৃপালু, ভক্তের অবস্থা বা উন্নতি দেখিয়া তাঁহার অনুগ্রহের যেরূপ তারতম্য হয় না, গীতাও সেইরূপ। উন্নত সাধক বা অধম সাধক নির্ব্বিশেষে গীতা সর্ব্বত্র ব্রহ্মস্বরূপিণী ॥ ৭৪ ॥

যে ব্যক্তি অভিমান বা গর্ব্বভরে গীতার নিন্দা করে, সে প্রলয়কাল পর্য্যন্ত ঘোর নরকে নিপতিত থাকে। ইহার ভাবার্থ এই যে, গীতায় যে তত্ত্বকথা নিবদ্ধ আছে, তাহা সংসার-বন্ধন-বিমোচক; যে হতভাগ্য সেই তত্ত্বোপদেশের প্রতি আসক্ত না হইয়া বরং তাহার প্রতিকূল, সে ব্যক্তির অধোগতি অপরিহার্য্য ॥ ৭৫ ॥

যে মূঢ়মতি অহঙ্কারের বশীভূত হইয়া গীতালোচিত জ্ঞানোপদেশের অবমাননা করে, সে কল্পান্ত কাল পর্য্যন্ত কুম্ভীপাক নরকে পতিত থাকে। পূর্ব্বশ্লোক এবং এই শ্লোক হইতে ইহাই প্রতিপাদিত হইতেছে যে, গীতাশাস্ত্রের প্রতি ভ্রমেও অনাদর করিলে মনুষ্যকে বিবিধ ক্লেশে আপতিত হইতে হয়। জ্ঞান দ্বারাই মনুষ্যের অধোগতি নিবারিত হইয়া থাকে; যে ব্যক্তি জ্ঞানোর্জ্জনে প্রয়াসবান্ না হইয়া অহঙ্কার বা গর্ব্বভরে জ্ঞানবিধায়ক শাস্ত্রের বিরোধিতা করে, তাহাকে অবশ্যই দেহান্তে তজ্জন্য দুর্গতি ভোগ করিতে হয়। গীতা সাক্ষাৎ ভগবাক্য এবং সদুপদেশের ভাণ্ডারস্বরূপ, এই বোধের বশবর্ত্তী হইয়া এই পরম শাস্ত্রের আলোচনা করা সকলের পক্ষেই শ্রেয়স্কর। অহঙ্কার বা গর্ব্ব পরিহার পূর্ব্বক নিতান্ত বিনীত ভাবে [illegible] শাস্ত্রার্থ পরিজ্ঞানের চেষ্টা না করিলেই বিড়ম্বিত হইতে হয় ॥ ৭৬ ॥

গীতার্থং বাচ্যমানং যো ন শৃণোতি সমীপতঃ ।
স শূকরভবাং যোনিমনেকামধিগচ্ছতি ॥ ৭৭ ॥
চৌর্য্যং কৃত্বা চ গীতায়াঃ পুস্তকং যঃ সমানয়েৎ ।
ন তস্য সফলং কিঞ্চিৎ পঠনঞ্চ বৃথা ভবেৎ ॥ ৭৮ ॥
যঃ শ্রুত্বা নৈব গীতার্থং মোদতে পরমার্থতঃ ।
নৈব তস্য ফলং লোকে প্রমত্তস্য যথা শ্রমঃ ॥ ৭৯ ॥
গীতাং শ্রুত্বা হিরণ্যঞ্চ ভোজ্যং পট্টাম্বরং তথা ।
নিবেদয়েৎ প্রদানার্থং প্রীতয়ে পরমাত্মনঃ ॥ ৮০ ॥
বাচকং পূজয়েদ্ভক্ত্যা দ্রব্যবস্ত্রাদ্যুপস্করৈঃ ।
অনেকৈর্ব্বহুধা প্রীত্যা তুষ্যতাং ভগবান্ হরিঃ ॥ ৮১ ॥

নিকটে গীতার অভিপ্রায় ব্যাখ্যাত হইতেছে দেখিয়াও যে ব্যক্তি তাহা শ্রবণ না করে, সে অনেকবার শূকরযোনিতে জন্মগ্রহণ করে। অর্থাৎ অনায়াসে গীতার তাৎপর্য্যার্থ পরিগ্রহ করিবার সুযোগ উপস্থিত হইলেও যে হতভাগ্য অবজ্ঞাসহকারে তচ্ছ্রবণে উদাসীনতা প্রকাশ করে, তাহার বারংবার ঘৃণিত পশুজন্ম হইয়া থাকে। মনুষ্য কেবল জ্ঞানের নিমিত্তই পশুর অপেক্ষা শ্রেষ্ঠ। যে ব্যক্তি মানব জন্ম লাভ করিয়া সেই জ্ঞানার্জ্জনে বীতস্পৃহ হইয়া থাকে, পরিণামে তাহার অতি অধম পশুজন্মই অবশ্যম্ভাবী ॥ ৭৭ ॥

যে ব্যক্তি চুরি করিয়া গীতা পুস্তক আনিয়া থাকে, তাহার কোন অভীষ্ট সিদ্ধি হয় না; তাহার গীতাপাঠও বিফল হইয়া থাকে। ইহার ভাবার্থ এই যে, চৌর্য্য সকল অবস্থাতেই দোষাবহ। জ্ঞানার্জ্জনার্থী তত্ত্বোপদেশ লাভের নিমিত্তও চৌর্য্যাপরাধ কখনই শ্রেয়স্কররূপে পরিগণিত হইতে পারে না ॥ ৭৮ ॥

যে ব্যক্তি গীতার্থ শ্রবণ করিয়া পরমার্থ বিষয়ে হর্ষযুক্ত হয় না, উন্মত্তের পরিশ্রমের ন্যায় তাহার ইহলোকে কোনই ফল হয় না। প্রমত্ত ব্যক্তি অনির্দ্দিষ্ট পথে অথবা অবিহিত ব্যাপারে পরিশ্রম করিয়া হাস্যাস্পদ হয়, তদ্রূপ যে ব্যক্তি পরমার্থ লাভের প্রয়াসী হইয়া গীতার্থ শ্রবণ না করে, তাহারও সমস্ত পরিশ্রম বিফল হইয়া থাকে ॥ ৭৯ ॥

গীতা শ্রবণ করিয়া শ্রীভগবানের প্রীতির নিমিত্ত সুবর্ণ, ভোজ্য এবং পট্টবস্ত্র দানার্থ নিবেদন করিবেন ॥ ৮০ ॥

বাচক অর্থাৎ গীতা-ব্যাখ্যাতাকে ভক্তিসহকারে বিবিধ সামগ্রী ও বস্ত্রাদি পুরস্কার অর্পণ দান করিয়া পূজা করিলে ভগবান্ হরি প্রসন্ন হইয়া থাকেন। সকল ধর্ম্মকর্ম্মের সহিত বিবিধ

মাহাত্ম্যমেতদ্গীতায়াঃ কৃষ্ণপ্রোক্তং পুরাতনম্।
গীতান্তে পঠতে যস্তু যথোক্তফলভাগ্ভবেৎ ॥ ৮২ ॥
গীতায়াঃ পঠনং কৃত্বা মাহাত্ম্যং নৈব যঃ পঠেৎ।
বৃথাপাঠফলং তস্য শ্রম এব উদাহৃতঃ ॥ ৮৩ ॥
এতন্মাহাত্ম্যসংযুক্তং গীতাপাঠং করোতি যঃ।
শ্রদ্ধয়া যঃ শৃণোত্যেব পরমাং গতিমাপ্নুয়াৎ ॥ ৮৪ ॥
শ্রুত্বা গীতামর্থযুক্তাং মাহাত্ম্যং যঃ শৃণোতি চ।
তস্য পুণ্যফলং লোকে ভবেৎ সর্ব্বসুখাবহম্ ॥ ৮৫ ॥

ইতি শ্রীবৈষ্ণবীয়তন্ত্রসারে শ্রীমদ্ভগবদ্গীতামাহাত্ম্যং সমাপ্তম্ ॥

দান সনাতন ধর্ম্মের অঙ্গস্বরূপ। ধর্ম্মজনিত প্রকৃষ্ট ফল লাভ দান ব্যতীত সর্ব্বাঙ্গসম্পন্ন হয় না এবং শ্রীভগবানের প্রসন্নতাও লাভ করিতে পারা যায় না। এই জন্য গীতাপাঠ বা শ্রবণের সহিত বিবিধ দ্রব্য অর্পণের ব্যবস্থা নিবদ্ধ হইয়াছে ॥ ৮১ ॥

অতঃপর এই গীতামাহাত্ম্য পাঠের ফল পরিব্যক্ত হইতেছে। সূত কহিতেছেন, শ্রীমদ্ভগবদ্গীতার এই পুরাতন মাহাত্ম্য শ্রীকৃষ্ণ কর্ত্তৃক কথিত হইয়াছে। যে ব্যক্তি গীতাপাঠের পর এই মাহাত্ম্য পাঠ করেন, তিনি যথোক্ত ফলভাগী হইয়া থাকেন। গীতাপাঠের বিবিধ ফলের বিষয় শ্রীভগবান্ নিজমুখে কীর্ত্তন করিয়াছেন। গীতাপাঠের সঙ্গে সঙ্গেই মাহাত্ম্য পাঠ করিলে সেই নির্দ্দিষ্ট ফল প্রাপ্ত হওয়া যায় ॥ ৮২ ॥

গীতা পাঠ করিয়া যিনি এই মাহাত্ম্য পাঠ না করেন, তাঁহার পাঠফল বৃথা হইয়া থাকে এবং তাঁহার শ্রম অনর্থকরূপে পর্য্যবসিত হয় ॥ ৮৩ ॥

এই মাহাত্ম্য সংযুক্ত গীতা যিনি পাঠ করেন, অথবা শ্রদ্ধা সহকারে শ্রবণ করেন, তিনি পরমা গতি প্রাপ্ত হইয়া থাকেন ॥ ৮৪ ॥

যিনি অর্থ সহিত গীতা শ্রবণ করিয়া মাহাত্ম্য শ্রবণ করেন, জগতে তাঁহার সর্ব্বসুখবিধায়ক পুণ্যফল লব্ধ হইয়া থাকে ॥ ৮৫ ॥

এতাবতা ইহাই সিদ্ধ হইতেছে যে, গীতার সহিত গীতা মাহাত্ম্য পাঠ করা আবশ্যক। এই জন্যই এই সুপবিত্র মাহাত্ম্য গীতার অংশরূপে পরিগণিত।

ইতি বৈষ্ণবীয় তন্ত্রসারোক্ত গীতা মাহাত্ম্য সমাপ্ত।

গীতার শ্লোক সূচী।

(প্রত্যেক শ্লোকের প্রথমার্দ্ধ ও দ্বিতীয়ার্দ্ধের আদ্যবাক্য এই সূচীতে ধৃত হইয়াছে)

অ।

গীতার শ্লোক সূচী।

গীতার শ্লোক সূচী।

আ।

ই।

গ।

চ।

ছ।

জ।

ধ।

প।

* এই শ্লোকের "স্বস্তি" পাঠ সঙ্গত। "বীক্ষন্তে" পাঠও কোন কোন পুস্তকে আছে। তাৎপর্য্যাদি সর্ব্বত্র স্বস্তি পদেরই ভাব অবলম্বিত হইয়াছে।

ভ।

ম।

য।

র।

ল।

শ্লোক।	অধ্যায়।	শ্লোক সংখ্যা।	পৃষ্ঠা।

শ|

স।